Barcode - 4990010123276
Title - Bengal Legislative Assembly Proceedings (1981) vol.74, no. 3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1241
Publication Year - 1981
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 123276

Vol. 74 No—III

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

(February to April, 1981)

(The 13th, 14th, 16th, 17th, 18th, 19th 21st, 23rd 24th, 25th March, 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 238/-

Vol. 74 No—III

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

(February to April, 1981)

(The 13th, 14th, 16th, 17th, 18th, 19th, 21st, 23rd 24th, 25th March, 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Deparment.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

**SECRETARIAT**

**Secretary : Shri P.K. Ghosh**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Midnapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hoogly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barman, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripdad (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biren (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattaraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chanditala - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aprajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Midnapore)
120. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani· (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128. Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129. Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangadab - Murshidabad)
133. M. Ansar-uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (2327 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138. Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai South - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidabad]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Mallik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore]
159. Mandal, Shri Prbhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C.) - 24 Parganas]
161. Mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C.) - Birbhum]
162. Mandal,. Shri Sudhangshu [99 - Hingalganj (S.C.) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S.C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar [264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayeed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, Shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S.C.) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Sasanka Sekher (291 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Daduria - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S.C.) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Nadia)
189. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)
196. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197. Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199. Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201. Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202. Murmu, Shri Nathaniel [36 - Tapan (S.T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gajol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shri Moha Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121- Magrahat (S.C.) -24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghat (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245. Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C.) - Hooghly]
251. Saha, Shri Lakshi Nrayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252. Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254. Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255. Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259. Sarkar, Shri Sailen (46 - Enlglishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261. Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.) - West Dinajpur]
262. Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263. Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)
264. Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta. Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedila (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaigui
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281. Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S.T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289. Tudu, Shri Bikram [253 -Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24 Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 13th March, 1981 at 1.00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 15 Ministers, 5 Ministers of State and 112 Members.

[1-00 — 1-10 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাত্র ৩টি কোয়েশ্চেন দেখছি, কি ব্যাপার?

**মিঃ স্পিকার ঃ** আজকে যে কোয়েশ্চেনগুলি রেডি আছে, সেগুলি দেওয়া হয়েছে। তাছাড়া যতীনবাবুর বাড়িতে এই রকম একটা ব্যাপার চলছে সেটাতো আপনারা একটু বুঝবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এখানে একটা ডিপার্টমেন্টের প্রশ্ন দেখছি। আরও তো ডিপার্টমেন্ট ছিল, সেগুলির কি হল?

**মিঃ স্পিকার ঃ** চিফ মিনিস্টার কালকে দিয়েছেন। সেই অনুযায়ী লিস্টেড করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কালকে চিফ মিনিস্টার উত্তর দিয়েছেন, আমরা জানতে পারলাম না?

**মিঃ স্পিকার ঃ** কোয়েশ্চেন না হলেও আপনারা তো রিটেন অ্যানসার পেয়ে যাবেন।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোয়েশ্চেন নেই, মন্ত্রী নেই, অ্যাসেম্বলির এই কি অবস্থা হল। এই ভাবে চলতে পারে না।

**মিঃ স্পিকার ঃ** আমি খবর পাঠাচ্ছি যাতে একজন আসেন। এই বিতর্কের প্রয়োজন নেই।

.....(গোলমাল).....

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউস বন্ধ করে দিন। মন্ত্রী নেই, প্রশ্ন নেই, এই ভাবে হাউস চলতে পারে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কোনও মন্ত্রী নেই, মন্ত্রীর কারচুপি হয়েছে। কাজেই হাউস বন্ধ করে দিন।

**মিঃ স্পিকার ঃ** একজন মন্ত্রী থাকলেও হতে পারে। এই ব্যাপারে কোনও নিয়ম নেই, কোনও বাধা নেই। তবে আপনারা বলছেন, আমি সে জন্য চিফ হুইপকে আর একজনকে আনার জন্য বলছি।

**শ্রী অশোক বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিশ্চয়ই আপনার নির্দেশ মতো খবর পাঠাচ্ছি আর একজন মন্ত্রীর জন্য। কিন্তু ওনারা যে কথা বলছেন যে কোনও মন্ত্রী নেই, এটা আদৌ ঠিক নয়। একজন মন্ত্রী আছেন। আপনি যদি বলেন, আমি নিশ্চয়ই আর একজন মন্ত্রীকে ডেকে আনব। আপনার নির্দেশ এখানে চূড়ান্ত। আমি খবর পাঠাচ্ছি।

**(এই সময়ে অনেক সদস্য এক সঙ্গে উঠে বলতে লাগলেন)**

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এটা হাউসের পক্ষে অবমাননাকর। এতে হাউসের মর্যাদা নষ্ট করা হচ্ছে।

**শ্রী প্রবোধকুমার সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব জিনিস কিন্তু লেখা থাকে না। কতকগুলি বিষয় কনভেনশন এবং প্র্যাকটিসের উপর নির্ভর করে চলে। হাউসে ক্যাবিনেট মন্ত্রী নেই। তাঁর থাকাটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এটাকে লঘু করে দেখানো হচ্ছে সেই বিষয়ে কোনও সন্দেহ নেই।

**মিঃ স্পিকার ঃ** আমি একজন মন্ত্রীকে খবর দিতে বলেছি।

**শ্রী অশোককুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা অহেতুক বিতর্ক করছেন, এখন প্রশ্নোত্তরের সময়, আজকে যার উত্তর দেবার কথা, তিনি এখানে উপস্থিত আছেন। তবুও আমি আপনার নির্দেশ অনুযায়ী মন্ত্রী মহাশয়দের ডাকতে যাচ্ছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** যার প্রশ্ন, তিনি আছেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী উপস্থিত থাকা সত্ত্বেও ওরা হৈ-চৈ করছেন। এখানে কোনও কনভেনশনের প্রশ্ন নেই।

**অধ্যক্ষ মহোদয় ঃ** যে পয়েন্টটি তোলা হয়েছে সেই পয়েন্ট অনুযায়ী আমি মন্ত্রীদের ডাকতে বলেছি। তবে একজন রাষ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত আছেন, সুতরাং আইন মতো সভার কাজ চলতে পারে।

## Held Over Starred Questions
## (to which oral answers were given)

### Science and Technology Development Centres

**80.** (Admitted question No. 266.) **Shri A. K. M Hassan Uzzaman:** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to state—

(a) whether there is any proposal of the Government to set up Science and Technology Development Centres in the districts; and

(b) if so,

(i) the names of the districts where such centres are likely to be set up during 1981-82 ;

(ii) the type of technology proposed to be developed in these centres ;

(iii) the financial assistance likely to be received by the State Government from the Government of India for such centres ?

**Shri Kanti Chandra Biswas :** Mr. Speaker, Sir, I have a submission before you. This question was originally raised by another member to the Minister-in-charge of Development and Planning Department. But it has been communicated to me by the Development and Planning Department that they have got no such Science and Technology Centre. But in my Department there is one Science Centre. So, If the honourable member is interested to know about this Centre, and if you permit me, I can lay the answer before the House.

**মিঃ স্পিকার ঃ** হ্যাঁ, আপনি বলুন।

**Shri Kanti Chandra Biswas :**

(a) The District Science Centre, Purulia, is being set up by the Government of India through the Birla Industrial & Technological Museum, Calcutta, at a cost of Rs. 20 lakhs of which Rs. 5 lakhs will be borne by the Youth Services Department, Government of West Bengal and a plot of land of 5 bighas has been donated with the consent of the State Government, by the Purulia Municipality, free of cost.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পুরুলিয়াতে যে ডিস্ট্রিক্ট সায়েন্স সেন্টার হতে চলেছে তার সাইট কে সিলেকশন করেছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** এটা ঠিক করেছেন, National Council of Science Museum, Ministry of Education and Culture, Government of India. তারাই এটা ঠিক করেছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্টেট গভর্নমেন্ট ৫ লক্ষ টাকা খরচ করছে, তাহলে ২০ লক্ষ টাকার মধ্যে বাকি ১৫ লক্ষ টাকা কি সেন্ট্রাল গভর্নমেন্ট খরচ করবেন এবং এটা দেখার ভার কাদের উপর থাকবে?

**Shri Kanti Chandra Biswas :** That will be controlled by the Advisory Committee with the help of the Birla Industrial & Technologi-

cal Museum, Calcutta. The Advisory Committee will supervise the activities of the Centre.

**শ্রী রজনীকান্ত দলুই :** অ্যাডভাইসরি কমিটিতে কারা কারা আছেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** অ্যাডভাইসরি কমিটিতে পুরুলিয়ার ডি. সি. আছেন এবং বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামের—এটি কেন্দ্রীয় সরকারের সংস্থা—নমিনেশন অনুযায়ী বাকি সদস্যরা মনোনীত হবেন।

**Shri Atish Chandra Sinha :** Will the Hon'ble Minister be pleased to state the type of technology proposed to be developed in these Centres, particularly in the Purulia Centre ?

**Shri Kanti Chandra Biswas :** The nature of this Centre is quite different from Centre enquired of by the Hon'ble Member. The purpose of this Centre is different from that of the Centres meant for the development of Science and Technology. So this Centre has got no purpose so far as development of science and technology aptitude is concerned.

[1-10 — 1-20 p.m.]

**Shri Rajani Kanta Doloi :** Will the Minister in charge be pleased to state what is the purpose of the district science culture ?

**Shri Kanti Chandra Biswas :** The purpose of the science culture is to maintain the research in development of new technology of the local industries to help self-employment scheme for the utilisation of local resource and for arranging mobile exhibition, etc.

## Starred Questions
## (to which oral answers were given)

### বেকার যুবকদের স্বনির্ভর হইতে সাহায্য

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৫২।) **শ্রী জন্মেজয় ওঝা :** যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালে যুব কল্যাণ বিভাগ কতজন বেকার যুবককে স্বনির্ভর হইতে সাহায্য করিয়াছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** ৪০৯ জন বেকার যুবককে স্বনির্ভর হইতে সাহায্য করা হইয়াছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, তাদেরকে কিভাবে সাহায্য করা হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** নিয়ম হচ্ছে যারা বেকার যুবক তাদেরকে দিয়ে আমাদের যুব কল্যাণ আধিকারিক বিভিন্ন প্রকল্প তৈরি করান এবং সেই প্রকল্পগুলি ব্যাঙ্কে জমা দেওয়া হয়। ব্যাঙ্ক যদি অনুমোদন করেন তাহলে আমাদের যুব কল্যাণ দপ্তরের পক্ষ থেকে সেই প্রকল্পে নিয়োগের জন্য যে টাকার প্রয়োজন হয় তার ১০ ভাগ টাকা ব্যাঙ্কে জমা দেয় আর বাকি ৯০ ভাগ টাকা ব্যাঙ্ক দিয়ে যারা উদ্যোক্তা তাদের সাহায্য করেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এর জন্য এই বছরে পশ্চিমবঙ্গ সরকার কত টাকা দিয়েছেন আর ব্যাঙ্ক কত টাকা দিয়েছেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আমি এটা বলে দিতে পারি কিন্তু এর পরের প্রশ্নের ঐ একই কথা উল্লেখ করা হয়েছে। সুতরাং একই সঙ্গে এই প্রশ্নের জবাব দিয়ে দেব।

**শ্রী জন্মেঞ্জয় ওঝা ঃ** কি কি স্কিম নেওয়া হয়েছে এবং তা কতখানি কার্যকর হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** এটা যদি বলতে হয় তাহলে লম্বা লিস্ট হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি পারমিশন দেন তাহলে আমি বলে দিতে পারি। ৭০ টার মতোন স্কীম আছে।

**মিঃ স্পিকার ঃ** টেবিল করে দেবেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আপনি বললেন ৪০৯ জনকে সাহায্য করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে তারমধ্যে কতজন দরখাস্ত করেছেন এবং কি কি স্কীমের জন্য দেওয়া হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** ৪০৯ জনের জন্য যে স্কীম নেওয়া হয়েছে সেটা বলতে গেলে বিরাট লিস্ট হবে। বিভিন্ন জেলায় বিভিন্ন ধরনের স্কীম নেওয়া হয়েছে, মাদুর তৈরি করা থেকে আরম্ভ করে, স্মোকলেস কোল—এই রকম বিভিন্ন ধরনের স্কীম আছে। ৪০৯ জনকে কেবল দেওয়া হয়েছে আর বেশি সংখ্যক দরখাস্ত ব্যাঙ্কে জমা আছে সেগুলি এখনও অনুমোদন পায়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আমি জিজ্ঞাসা করছি কত জন দরখাস্ত করেছিলেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** ৪০৯ জনকে দেওয়া হয়েছে আর আমাদের সেখানে ৫০০ মতোন দরখাস্ত জমা আছে। যদি নির্দিষ্ট তারিখ বলতে পারতেন তাহলে সঠিক সংখ্যা বলতে পারতাম।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** ৪০৯ জনকে যে অ্যাসিস্টান্স দিয়েছেন তার মধ্যে কোন জেলায় কত অ্যাসিস্টান্স দিয়েছেন সেটা কি দয়া করে বলবেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আনুষ্ঠানিকভাবে জিজ্ঞাসা করলে পর বলে দিতে পারব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে ৪০৯ জন যাদের আপনারা হেলপ করছেন এদের মধ্যে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস কতজন আছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** ওটা এ প্রশ্নের সঙ্গে সংযুক্ত নয়।

**শ্রী সন্তোষকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই প্রকল্প স্যাংশন হবার পর থেকে ন্যাশনালাইজড ব্যাঙ্কগুলি কি সহযোগিতা করছে না?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** সেটা আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে এই প্রচন্ড বাধার সৃষ্টি হচ্ছে এবং আমরা যে পরিমাণ দরখাস্ত ব্যাঙ্কে জমা দিই সেই পরিমাণ উত্তর পাই না।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে ব্যাঙ্ক দরখাস্তগুলি ঠিকমতো যদি কিছু না হয় তবে আপনারা কি পলিসি নেবেন, আপনারা সেগুলি নিজেরাই স্যাংশন করবেন না ব্যাঙ্কে পাঠাবেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** স্যাংশন করতে কোনও বাধা নেই, কিন্তু মুশকিল হচ্ছে ব্যাঙ্কের কাছে পড়ে থাকে, এই অসুবিধা দূর করার জন্য একাধিকবার আমি ব্যাঙ্কের প্রতিনিধিদের সঙ্গে কলকাতায় আলোচনা করেছি কিন্তু বড়লোকদের ব্যাপারে ব্যাঙ্ক যেমন উৎসাহ দেখান, গরিব বা মধ্যবিত্তদের জন্য তেমন দেখান না, এই সত্য সম্পর্কে মাননীয় সদস্য নিশ্চয় সচেতন আছেন।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** সিলেকশন কমপ্লিট করার ব্যাপারে কোন পদ্ধতি অবলম্বন করা হয়?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** মাননীয় সদস্যকে অনুরোধ করব যে তিনি যেন প্রশ্নটির দিকে একটু দেখেন, এখানে যে পলিশির কথা বলা হয়েছে এই দুটি এক নয়।

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৯৮০ সাল পর্যন্ত আপনারা যুবকদের স্বনির্ভরতার জন্য যে ব্যবস্থা করেছেন তার পূর্বে ১৯৭৭ সালের আগে কোনও ব্যবস্থা ছিল কি, থাকলে কত লোক আপনাদের আওতায় এসেছিলেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** মাননীয় সদস্য নীরদবাবু যে প্রশ্ন করছেন সেটি রজনীবাবুর প্রশ্নের সঙ্গে উত্তর হবে, আগে বললে রজনীবাবুর প্রশ্নের মূল বিষয়টি থাকবে না।

**শ্রী রজনীকান্ত দলুই :** যে ৪০৯ জনকে আপনাদের ডিপার্টমেন্ট থেকে হেলপ করছেন তার সিলেকশনটা কি রকম হবে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** যারাই দরখাস্ত করে তাদের বিষয়টাই আমরা ব্যাঙ্কে জমা দিই।

**শ্রী রজনীকান্ত দলুই :** আপনার কাছে কোনও অভিযোগ আছে কি যে সি. পি. এমের ক্যাডার না হলে এই স্কীমগুলো থেকে সাহায্য পায় না?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** না, তেমন কোনও খবর নেই, এমন কি আপনার মতো মুখর সদস্যের কাছ থেকেও এই রকম অভিযোগ কখন পাইনি।

## বাংলাদেশি নাগরিকের পশ্চিমবঙ্গে প্রবেশ

*৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পাসপোর্ট ও ভিসা লইয়া কতজন বাংলাদেশি নাগরিক পশ্চিমবঙ্গে প্রবেশ করেছেন ; এবং

(খ) তন্মধ্যে কতজন ব্যক্তি ভিসার মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও এই রাজ্য ত্যাগ করেন নাই?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ**

(ক) ১৯৮০ সালে পাসপোর্ট ও ভিসা লইয়া ২,১৯,৩০৫ (দুই লক্ষ উনিশ হাজার তিন শত পাঁচ) জন বাংলাদেশি নাগরিক পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছেন।

(খ) তন্মধ্যে (সীমান্ত চৌকির) হিসাব অনুযায়ী ৫৩,০৪৩ (তিপ্পান্ন হাজার তেতাল্লিশ) জন ব্যক্তি এই রাজ্য ত্যাগ করেন নাই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ভাল করে উত্তর দিয়েছেন। 'খ' প্রশ্নটিতে যা বলা হয়েছে সেই রকম ভিসার মেয়াদ শেষ হওয়ার পরও যারা এখানে আছেন তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

[1-20 — 1-30 p.m.]

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আইন অনুযায়ী তাদের আদালতে সোপর্দ করার কথা। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় বাংলাদেশের নাগরিকগণ আদালত এড়িয়ে বাংলাদেশে ফিরে যান বলে তাদের বিরুদ্ধে করণীয় কিছু থাকে না। সুতরাং এদের বিষয়ে কি ব্যবস্থা নেওয়া যেতে পারে সে বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে অনেকবার পত্র লেখা হয়েছে, কিন্তু কোনও সুস্পষ্ট উত্তর পাইনি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** যতজন যাননি তার মধ্যে কতজন বাংলা ভাষী নন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** এ সম্পর্কে প্রশ্ন করলে জবাব দেব।

**শ্রী বিষ্ণুকান্তি শাস্ত্রী ঃ** যারা ভিসা নিয়ে আসেননি তাদের সংখ্যা কত?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আলাদা প্রশ্ন করলে জবাব দেব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** যারা একেবারে ত্যাগ করেনি তাদের মধ্যে কতজনকে ধরা হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** প্রশ্ন করলে উত্তর দেব।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** যারা ১৯৮০ সালে ভিসা নিয়ে বাংলাদেশ থেকে এসেছেন তাদের মধ্যে কতজন জাল ভিসা নিয়ে এসেছেন তার পরিসংখ্যান আছে কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** ১৯৮০ সালে বাংলাদেশ থেকে বহু নাগরিক জাল ভিসা নিয়ে আমাদের এখানে প্রবেশ করেছেন। এই রকম খবর সরকারের কাছে আছে। এরমধ্যে এই যে সমস্ত জাল ভিসা যার মেয়াদ বৃদ্ধির জন্য আমাদের ভারতীয় অফিসে দরখাস্ত করে সেই সমস্ত কেস যেগুলি আমাদের সন্দেহ হয়েছে সেইগুলিকে আমরা ঢাকায় জানতে পাঠাই যে এই ভিসাগুলি প্রকৃত পক্ষে তারা ইস্যু করেছেন কিনা? এই রকম ১,৩০০ টি ভিসা ভারতীয় হাইকমিশনারের অফিসে পাঠিয়েছিলাম যার মধ্যে ৯৮৩টি ভিসা সম্বন্ধে তারা বলেছেন এইগুলি জাল।

**শ্রী সুমন্তকুমার হীরা :** এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** যখন এই জাল ভিসা ধরা পড়ে তখন প্রচলিত আইন অনুযায়ী এবং বিদেশি আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য পুলিশে খবর দিলে দেখা যায় সেই ঠিকানায় আর কাউকে পাওয়া যায় না। পুলিশের পক্ষে তাদের নাম কালো তালিকায় অন্তর্ভুক্ত করা ছাড়া আর কোনও উপায় থাকে না।

**শ্রী সন্দীপ দাস :** দুই লক্ষর মতো নাগরিক যারা পাসপোর্ট ভিসা নিয়ে এসেছেন তাদের মধ্যে কতজন সংখ্যালঘু ভুক্ত?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** ১৯৮০ সালে যে সমস্ত বাংলাদেশি নাগরিক ভারতে প্রবেশ করেছেন তার মধ্যে ৫৩ হাজার ৪৩ জন ভারত ত্যাগ করেছেন। এরমধ্যে ৩৮,৭৬৯ জন হিন্দু, ১৪,৯০০ জন মুসলমান এবং অন্যান্য ধর্মাবলম্বী ২৬৫।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বাংলাদেশে যারা প্রকৃত নাগরিক তারা আবার বাংলাদেশে ফিরে যেতে চান। কিন্তু বাংলাদেশের কিছু ভুয়া পাসপোর্ট এজেন্সি থাকার জন্য তাদের ভিসা এক্সটেনশন হচ্ছে না এই অবস্থার কথা বাংলাদেশের সরকারকে জানাবেন কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** আপনার উদ্বেগের কারণ বুঝতে পারছি। আমরা সরাসরি বাংলাদেশের সরকারকে কিছু বলতে পারি না। কারণ আমাদের এটা একটা অঙ্গরাজ্য। এই বিষয়ে যখন অটলবিহারী বাজপেয়ী পররাষ্ট্র মন্ত্রী ছিলেন তখন তার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। বর্তমানে যিনি পররাষ্ট্রমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যাতে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করে জাল ভিসার ব্যাপারটা বন্ধ করা যায়। কিন্তু এই বিষয়ে কোনও উত্তর আমরা পাইনি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বর্তমানে যারা দিল্লিতে ক্ষমতাসীন আছেন তাদের কি এই বিষয়ে জানিয়েছেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** দুইখানা চিঠি দিয়েছি কিন্তু দুর্ভাগ্যের বিষয় তারা তার প্রাপ্তি স্বীকার করেননি?

**শ্রী জন্মেজয় ওঝা :** ১৯,০০০ মুসলমানের মধ্যে বিহারী মুসলমান কতজন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** এটা বলা সম্ভব নয়।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ ৩৫,০৪৩ জন যারা থেকে গেল তাদের বিষয় কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছেন কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস** ঃ আমি চিঠি দিয়েও উত্তর পাইনি। সেখানে গিয়ে দেখা করতে চেয়েও দেখা পাইনি। সুতরাং এই বিষয়ে যদি আপনারা সাহায্য করতে পারেন ভাল হয়।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ মিনিস্টার প্রতি সপ্তাহে একবার করে প্রাইম মিনিস্টারের সঙ্গে দেখা করে আসছেন, সেখানে তো তিনি স্টেট গভর্নমেন্টের কি করণীয় আছে তা কি বলেন না?

**মিঃ স্পিকার** ঃ এই রকম প্রশ্ন হয় না।

## Additional Employment Schemes

***353**. (Admitted question No. *697.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Youth Services Department be pleased to state—

(a) the number of additional employment schemes sponsored by the Youth Services Department during—

(i) the period 1972-77 (up to 30th April, 1977), and

(ii) the tenure of the present Government (up to 31st January, 1980) ; and

(b) the amounts sanctioned as margin money and the number of unemployed persons benefited under these schemes during the periods mentioned above (separately) ?

**Shri Kanti Chandra Biswas :**

(a) (i) 845

(ii) 750.

(b) The amount sanctioned as margin money during the period from 1972-77 (utp to 30th April, 1977) i. e., Rs. 13,21,881/- and during the tenure of the present Government (upto 31st January, 1980) is Rs. 26,07,318/-.

The number of unemployed persons benefited during the period from 1972-77 (up 30th April, 1977) is 2,174 and during the tenure of the present Government (upto 31st January, 1980) is 2,059.

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ সাহায্যের সংখ্যা বৃদ্ধি হচ্ছে না কেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আমরা যে পরিমাণ স্কীম জমা দিই সেই পরিমাণ ব্যাঙ্কের কাছ থেকে অনুমোদন পাই না।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি কত টাকা ব্যাঙ্কে ফেরৎ দেওয়া হয়েছে বা এ যাবৎ কত টাকা ফেরত দেওয়া হয়নি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন, যেহেতু ১৯৭২-১৯৭৭ সাল পর্যন্ত এই অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প বাবদ দেওয়া হয়েছিল ঐ সমস্ত বেকার যুবকদের সেই টাকা ইতিমধ্যে দেওয়া হয়েছে কি হয়নি তা অ্যাসেস্‌মেন্ট করে Devolution and Monitoring cell of the development and planning department. একটা ভয়াবহ চিত্র হাজির করেছেন। সেটা হল ১৯৭২-৭৩ সালে যে টাকা দেওয়া হয়েছিল লোন হিসাবে তার মধ্যে ১৯৭৩-৭৪ সালে তার মাত্র ৬.১৩ শতাংশ আদায় হয়েছে, এবং তারা পরের বছরে তার ৭.৪৪ ভাগ টাকা ফেরৎ দিয়েছে। এই ভাবে যে পরিমাণ টাকা ফেরৎ দেওয়ার কথা ছিল তার তুলনায় যে পরিমাণ আদায় হয়েছে তা অত্যন্ত নৈরাশ্যজনক ও উদ্বেগ-জনক।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীম অনুসারে যে টাকা দেওয়া হয়েছিল সেই ঋণের টাকা পরিশোধ করতে না পারার জন্য তাদের সেই টাকা মুকুব করে দেওয়ার জন্য বিবেচনা করছেন কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** এই ব্যাপারে আমি একটি রিপোর্ট চেয়ে পাঠিয়েছি। সেই রিপোর্টে যদি দেখা যায় যে একমাত্র আর্থিক অসঙ্গতির জন্যই তারা ঋণ পরিশোধ করতে পারছেন না তাহলে সরকার নিশ্চয়ই বিবেচনা করবেন। কিন্তু তাদের অস্তিত্ব সম্পর্কে এখন প্রশ্ন দেখা দিয়েছে, বিভিন্ন স্থানে ব্যাঙ্ক ম্যানেজাররা এই ঋণ গ্রহীতাদের কোনও অস্তিত্ব পাচ্ছেন না। ঋণ পরিশোধ করবার জন্য তাদের সদিচ্ছা সম্পর্কে বিভিন্ন জায়গা থেকে পাওয়া রিপোর্টে যদি দেখা যায় যে আর্থিক কারনেই ঋণ পরিশোধ করতে পারছে না, তাহলে সরকার নিশ্চয়ই তা বিবেচনা করবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যাদের ট্রেস করতে পারছেন না তাদের সংখ্যা কত?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যারা কো-অপারেটিভ ও অ্যাডিশনাল স্কীম থেকে ঋণ নিয়েছে তাদের মধ্যে যাদের অস্তিত্ব আছে বলে ধরতে পারছেন, তাদের সম্পর্কে কি মুকুবের চিন্তা করছেন কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** এ সম্পর্কে একটা তথ্য পাওয়ার জন্য রিপোর্ট চেয়েছিলাম। ১৯৭২-৭৩ সালে এবং তার পরেও ৩।।—৪ বছরের মধ্যে ঋণ নিয়ে যারা পরিশোধ দিচ্ছে না তাদের সম্পর্কে আগে রিপোর্ট পাই কি কারণে তারা ঋণ শোধ দিচ্ছে না, তার পর দেখা যাবে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** ১৯৮০ সাল পর্যন্ত আপনাদের আমলে এই অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে কি কোনও বেকার যুবককে টাকা দিয়েছেন?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস :** আগে বলে দিয়েছি।

## Adjournment Motion

**মিঃ স্পিকার :** আমি আজ চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রী রজনীকান্ত দলুই কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও অন্যান্য এর সংস্থার নির্বাচনের জন্য ভোটার তালিকাভুক্তির ফর্ম বিতরণে কারচুপির অভিযোগ করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি কলকাতা বিশ্ববিদ্যালয়ে নির্বাচন সংক্রান্ত। এতে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোনও দায়িত্ব নেই। তাছাড়া বিষয়টি উল্লেখ বা দৃষ্টি আকর্ষণ ইত্যাদি উপায়ে সভায় উত্থাপন করা যেতে পারে। এটি মুলতুবি প্রস্তাবের উপযোগী নয় বলে আমি মনে করি।

দ্বিতীয় ও তৃতীয় নোটিশটি দিয়েছেন যথাক্রমে শ্রী কিরণময় নন্দ ও ডাঃ বিনোদবিহারী মাজি। এই নোটিশগুলির অনুরূপ নোটিশ পূর্বে এই অধিবেশনেই গতকাল ও গত বুধবার দেওয়া হয়েছিল এবং তাতে আমার অসম্মতি জ্ঞাপন করছি। সুতরাং পুনরায় একই নোটিশ বিবেচনা করার কোনও যুক্তি নেই বলে আমি মনে করি।

চতুর্থ নোটিশে শ্রী চৌধুরি আব্দুল করিম পশ্চিম দিনাজপুর জেলার চোপরা থানায় বড়-গাছ গ্রামে কয়েকজন লোকের বাড়ি আক্রমণ ও তাদের সম্পত্তি লুঠের ঘটনার অভিযোগ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। অভিযোগের বিষয়টি আইনশৃঙ্খলা সম্পর্কিত। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার সম্ভব। তাছাড়া স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট ব্যয় বরাদ্দ আলোচনার সময় সদস্য মহোদয় বিষয়টি উত্থাপন করতে পারেন। সুতরাং মুলতুবি প্রস্তাবের পক্ষে এটি অনুপোযোগী।

আমি চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশই নাকচ করছি।

তবে মাননীয় সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত আকারে মুলতুবি প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, irregularities in the distribution of forms for enrolment of graduate voters in Calcutta University election. It is understood that in the coming election to the Senate and academic bodies of Calcutta University to suit the political interest of a particular political party over forty thousand forms have been issued to persons associated with that party whereas a large number of genuine eligible voters have been denied the forms. This has been done by the University authorities

to prevent free and fair election. A thorough enquiry in the matter by some competent, impartial authority is necessary. স্যার, সি. পি. এম. সব ফর্মগুলি আলিমুদ্দিন স্ট্রিটে নিয়ে গিয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আমি কি করব এখানে? যেখানে বলার সেখানে বলুন।

**Shri Abdul Karim Chowdhury :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely, attack on some villagers in Chopra P.S. in West Dinajpur district and looting of their belongings, About 50 to 60 tribals led by a man who is a member of the Zilla Parishad of West Dinajpur District attacked some houses of the people of Rahuganchh under Chopra P. S. and looted away their belongings. Aggrieved persons are frightened and they are feeling helpless. Local administration is silent in the matter.

**শ্রী কিরণময় নন্দ ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

মুগবেড়িয়া গঙ্গাধর মহাবিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন-এ পরাজিত হয়ে একটি ছাত্র সংস্থা কর্তৃক কলেজের ছাত্র-ছাত্রীদের উপর আক্রমণ।

গত ৭.৩.৮১ তারিখে মুগবেড়িয়া গঙ্গাধর মহাবিদ্যালয়ের ছাত্র সংসদের নির্বাচনে একটি ছাত্র সংস্থা ষোলটি আসনের মধ্যে চৌদ্দটি আসনে জয়লাভ করে। অপর একটি সংস্থা মাত্র ২টি আসন পায়। কলেজের নির্বাচনের ফলাফল ঘোষণা হওয়ার পরই অপর সংস্থার বেশ কিছু সমর্থক সশস্ত্র অবস্থায় কলেজে প্রবেশ করে নিরীহ ছাত্র-ছাত্রীদের আক্রমণ করে। পাঁচজন ছাত্র গুরুতর আহত হয়। এই ঘটনাকে কেন্দ্র করে ঐ অঞ্চলে সন্ত্রাস সৃষ্টি হয়েছে।

## Calling Attention to Matters on Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ

১) কলকাতা ট্রাফিক জ্যাম—শ্রী রজনীকান্ত দলুই,

২) কলকাতা ও গ্রামাঞ্চলে মশা বৃদ্ধি ও ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব—শ্রী রজনীকান্ত দলুই ও ডাঃ বিনোদবিহারী মাজি,

৩) হাসপাতালে স্পেশ্যাল অ্যাটেন্ডান্টদের আইন আন্দোলন—শ্রী রজনীকান্ত দলুই,

৪) হেলথ সার্ভিসেস এর ডাক্তারদের গণ পদত্যাগ আন্দোলন—শ্রী রজনীকান্ত দলুই, ডাঃ বিনোদবিহারী মাজি, ও সেখ ইমাজুদ্দিন,

৫) কলকাতা বিশ্ববিদ্যালয়ে সিনেটে নির্বাচনে নাম তালিকাভুক্তিতে দুর্নীতির অভিযোগ—শ্রী রজনীকান্ত দলুই,

৬) ডায়মন্ডহারবার ফকিরচাঁদ কলেজের বি. কম. পার্ট-টু অনার্স পরীক্ষার্থীদের হয়রানি—শ্রী রজনীকান্ত দলুই, ডাঃ বিনোদবিহারী মাজি,

৭) কল্যাণী স্টেশনে বিক্ষোভ ও অগ্নিসংযোগের ঘটনা—শ্রী রজনীকান্ত দলুই, ডাঃ বিনোদবিহারী মাজি ও শ্রী মাধবেন্দু মোহান্ত,

৮) বাঁকুড়া জেলার জয়পুর ব্লকে পাইপগান দিয়ে ডাকাতির ঘটনা—ডাঃ বিনোদবিহারী মাজি,

৯) শম্ভুনাথ পন্ডিত স্ট্রিটের একটি থেকে বাড়ি দুইটি মৃতদেহ উদ্ধারের সংবাদ—শ্রী কাজী হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমদ এবং শ্রী সেখ ইমাজুদ্দিন,

১০) কালনা থানা এলাকায় ঘুমন্ত অবস্থায় এক ব্যক্তির খুন হওয়ার সংবাদ—শ্রী সামসুদ্দিন আহমদ ও শ্রী কাজী হাফিজুর রহমান,

১১) লিলুয়া থানা এলাকায় চামরাইলে একটি পুকুরের মধ্যে জনৈক ব্যক্তির গলিত মৃতদেহ উদ্ধারের সংবাদ—শ্রী কাজী হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী সেখ ইমাজুদ্দিন,

১২) বলরামপুর স্টেশন পাড়ার প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করার ঘটনা—শ্রী শান্তিরাম মাহাতো,

13) Shortage of coal at Santaldih Power Project—Shri Rajani Kanta Doloi,

14) Alleged committing Suicide of a father after killing his daughter at Bhowanipur—Shri Rajani Kanta Doloi,

15) Insect Menace in Tea Garden areas of Darjeeling—Shri Rajani Kanta Doloi,

16) Alleged attrocities on villagers of Rohuganchh, West Dinajpur—Shri Chowdhury Abdul Karim.

আমি কলকাতায় ট্রাফিক জ্যাম এই বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন, অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** ২৩শে মার্চ, ১৯৮১।

## Mention Cases

[1-40 — 1-50 p.m.]

**শ্রী নিরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইদানিংকালের একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনকেন্দ্রের মধ্যে মছলন্দপুর বলে একটি বড় গঞ্জ আছে, বড় ব্যবসার কেন্দ্র এটি, এখানে গত ৯. ৩. ৮১ তারিখে কংগ্রেসেরই দু দলের মধ্যে তীব্র সংঘর্ষ ঘটে। স্যার, বিকেল থেকে আরম্ভ করে সারা রাত ধরে তারা নিজেদের মধ্যে সংঘর্ষ, করে। এখানে বয়েজ ক্লাব বলে একটি ক্লাব আছে, সেই ক্লাবটি কোন দল দখল করবে এই নিয়ে তাদের মধ্যে সংঘর্ষ হয়। সেই সংঘর্ষে বোমা, সোডার বোতল, রড, ল্যাজা ইত্যাদি ব্যবহার করা হয়। এইসব দিয়ে মানুষকে আহত করা হয়। পথচারিরাও রেহাই পায়নি। এই হাঙ্গামার ফলে বাজার বন্ধ হয়ে গেছে, মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে। এদের বোমার আঘাতে ৩ জন আহত হয়ে হাবরা হাসপাতালে মৃত্যুর জন্য দিন গুনছে। ওই এলাকার মানুষ সন্ত্রস্ত হয়ে আমার কাছে এসেছিল একটা উপায় করবার জন্য। আমি তাদের থানায় পাঠিয়েছিলাম এবং থানা বলল কংগ্রেসের দুই দলের ঝগড়া কাজেই এক দলকে ধরলে অপরপক্ষ এসে চাপ দেবে। এই দুই দলে যারা রয়েছে তার মধ্যে একজন হচ্ছে, উদয় ঘোষ, সম্পাদক মছলন্দপুর আঞ্চলিক কংগ্রেস কমিটি, আর একজন হচ্ছে তিনু মুখার্জি, সহ সম্পাদক, তিনি ওই এলাকারই লোক এবং আর একজন হচ্ছে রঘুনাথ সাহা, সভাপতি, মছলন্দপুর মন্ডল কংগ্রেস। এরা সকলেই ওই গন্ডগোলের সঙ্গে যুক্ত। ওই এলাকায় স্কুল কলেজ সব বন্ধ হয়ে গেছে। এরা সমাজবিরোধীদের সঙ্গে যুক্ত আছে, যে সমস্ত ব্লাক মার্কেটিয়ার্স বাংলাদেশের সঙ্গে কাজ কারবার করে তাদের সঙ্গেও এরা যুক্ত আছে। ওই এলাকায় একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। ওখানকার সাধারণ মানুষ স্কুল কলেজ খুলতে চায়, শান্তিতে বসবাস করতে চায়, কিন্তু পারছে না। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি ওই সমস্ত দুষ্কৃতকারিদের গ্রেপ্তার করে ওই এলাকায় শান্তি প্রতিষ্ঠা করুন।

**শ্রী গুরুপ্রসাদ সিংহরায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং জেলায় রঙ্গিনা থানায় লামহাটা নামে একটা বিরাট বস্তি আছে। এখানকার অধিবাসীরা উপজাতি শ্রেণীর এবং দরিদ্র শ্রেণীর মানুষ। ওই বিস্তীর্ণ এলাকার মানুষদের চিকিৎসার কোনও সুযোগ নেই, ওই বস্তিতে শুধু একটা সাব সেন্টার রয়েছে। কিন্তু সেখানে গিয়ে দেখলাম ডাক্তার নেই, একজন নার্স রয়েছেন এবং তার কাছে কিছু সালফার ড্রাগ, এন্ট্রোকুইনল জাতীয় ঔষধ শুধু রয়েছে। সেখানে প্রসব হওয়ার জন্য বহু মায়েরা আসেন কিন্তু দুঃখের বিষয় কোনওরকম অ্যান্টি বায়োটিক ঔষধ নেই। ওখানে ডাকঘর রয়েছে, স্কুল রয়েছে, ওটা একটা বড় বস্তি। কাজেই ওখানে একটা সাবসিডিয়ারি হেলথ সেন্টার করা দরকার। ওখানকার আর একটা বড় সমস্যা হচ্ছে, ওই সাব সেন্টার থেকে রোগীদের নিয়ে বড় রাস্তায় যেতে হলে বর্তমানে ১১ কিলোমিটার রাস্তা ঘুরে যেতে হয়। কিন্তু রাস্তার একটু সুব্যবস্থা করলে মাত্র ২ মাইলের মধ্যে বড় রাস্তা পাওয়া যায়। কাজেই অনুরোধ করছি ওই এলাকার মানুষদের রাজনৈতিক, সামাজিক এবং

মানসিকতার কথা ভেবে ওই সাব সেন্টারের বদলে ওখানে একটা সাবসিডিয়ারি হেলথ সেন্টার করা হোক এবং নূতন একটা রাস্তা করে ওই ঘুর পথ এড়াবার ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নৈহাটির কাছে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের বসতবাটি ভেঙ্গে পড়ছে। আপনি জানেন বঙ্কিমচন্দ্রের বসতবাটি প্রায় ভেঙ্গে পড়ার অবস্থায় ছিল, কিন্তু বর্তমানে তার অবস্থা আরও শোচনীয় হয়েছে। যে অবস্থায় ওই বসতবাটি এসেছে তাতে এখনই মেরামত না করলে আগামী বর্ষায় ওটা নিশ্চিহ্ন হয়ে যাবে। সরকারের তরফ থেকে একটা কমিটি গঠন করা হয়েছে এবং তাদের কিছু টাকাও দেওয়া হয়েছে। কিন্তু সেই কমিটি কোনও কাজ করেনি। এই ব্যাপারে নৈহাটির সংলগ্ন অধিবাসীদের সঙ্গে পশ্চিমবাংলার সমস্ত মানুষ উদ্বেগ প্রকাশ করছে। সাহিত্য সম্রাটের বসতবাটি একটি জাতীয় স্মৃতি সৌধ হিসেবে বলে এখানে সরকারের একটা দায়িত্ব রয়েছে। কাজেই আমি অনুরোধ করছি তার এই বসতবাটি মেরামত করে একে জাতীয় স্মৃতি সৌধ হিসেবে গড়ে তোলা হোক।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিম দিনাজপুরের ঘটনা নিয়ে ইতিপূর্বে অনেক আলোচনা হয়ে গেছে, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে একটি স্টেটমেন্টও করেছেন। তথাপি আমরা দেখছি কারা ও পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় পশ্চিম দিনাজপুর থেকে ঘুরে এসে একটা স্টেটমেন্টে বলেছেন যে, পুলিশ ওখানে কোনও কাজ করেনি এবং পুলিশের যোগসাজসেই বন্দুক লুঠ হয়েছে। এর ফলে মুখ্যমন্ত্রী তার উপর ক্ষুব্ধ হয়েছেন এবং বলছেন যে, কেন তাকে না জানিয়ে মন্ত্রী এসব বললেন এবং আর. এস. পি. থেকেও তাকে কোনও খবর দেওয়া হল না কেন? স্যার, আমরা জানি এ বিষয়ে অনেক দুঃখজনক ব্যাপার ঘটে গেছে। আমরা চাইছি পশ্চিম দিনাজপুরের ঘটনার একটা বিস্তারিত বিবরণ মুখ্যমন্ত্রী এখানে রাখুন। কারণ আমরা দেখছি আই. জি. সেখান থেকে ঘুরে এসে এক রকম বলছেন, একজন মন্ত্রী ঘুরে এসে আবার আর এক রকম বলছেন। এক মন্ত্রী এক কথা বলছেন, অন্য মন্ত্রী অন্য কথা বলছেন। সেই জন্যই আমরা কারেক্ট পিকচারটা জানতে চাইছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন ইতিপূর্বে বেশ কয়েকবার হাওড়া জেলার সাঁকরাইল থেকে একব্বরপুর পর্যন্ত যে বাস সার্ভিস আছে সে বিষয়ে উল্লেখ করা হয়েছে এবং আপনি তাতে অনেক সময়ে বিরক্তও হয়েছেন, কিন্তু আমরা নাচার। তাই আমি আবার বিষয়টি উল্লেখ করছি এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া থেকে সাঁকরাইল এবং সাঁকরাইল থেকে একব্বরপুর পর্যন্ত ৬৯ প্রভৃতি কতগুলি রুটের বাস দীর্ঘ দিন ধরে বন্ধ হয়ে আছে। কিন্তু এই দীর্ঘ ১৫ মাইল রাস্তার মধ্যে লক্ষ লক্ষ মানুষের বাস। তাদের যে দুর্ভোগ হচ্ছে সেই দুর্ভোগ লাঘব করবার জন্য আমরা বার বার আর. টি. এ-র সঙ্গে যোগাযোগ করেছি, তারা আমাদের অনেক বার আশ্বাস দিয়েছেন, কিন্তু তাদের কথা বাস মালিকরা শুনছে না। আমরা আর. টি. এ.-কে বলেছিলাম যে, সাঁকরাইল থেকে একব্বরপুর পর্যন্ত যদি সাটেল বাস সার্ভিস চালু করা যায় তাহলেও মানুষের দুর্ভোগ কিছুটা লাঘব হতে পারে এবং এটা যদি অন্তত সকাল-বেলা এবং বিকাল-

বেলা দেওয়া যায় তাহলেও কিছুটা দুর্ভোগ লাঘব হতে পারে। এরকম আরও অনেক কথা বলা হয়েছে, কিন্তু তাদের কোনও কথাই নাকি ঐ সমস্ত বাস-মালিকরা শুনছে না। আমরা এ ব্যাপারে মন্ত্রী মহাশয়ের কাছে গণ-দরখাস্ত পর্যন্ত দিয়েছি এবং তাতে পিক আওয়ারস-এ মিনি বাস চালু করার দাবিও জানিয়েছি। আমাদের দাবি যাতে কার্যকর হয় তার জন্য আমি আপনার মাধ্যমে আবার পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় গত-কাল এখানে উল্লেখ করতে চেয়েছিলাম, কিন্তু আপনি সময় অভাবের জন্য আমাকে অনুমতি দেননি। অবশ্য বিষয়টি নিয়ে আগেও অনেক আলোচনা হয়েছে, তথাপি আমি আবার উল্লেখ করছি। কারণ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্যার, এই সরকার দুর্নীতি, কালোবাজারি, চোরাকারবারি বন্ধ করে একটা পরিচ্ছন্ন শাসন ব্যবস্থা চালু করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। তথাপি আজকে সর্বস্তরে দুর্নীতি, কালোবাজারি চলছে। আজকে মধ্য শিক্ষা পর্যদে পর্যন্ত দুর্নীতি চলছে এবং এনিয়ে গত-কাল এখানে উল্লেখ করা হয়েছে। সেখান থেকে একটি জাল-চক্র ভূয়া মার্কশিট বিক্রি করছে এবং সেই নিয়ে ছেলেরা কলেজে কলেজে ভর্তি হচ্ছে এবং অনেকে চাকরির জন্য দরখাস্ত পর্যন্ত করছে। একটি কেন্দ্রীয় সংস্থায় এই রকম কিছু মার্কশিটের দরখাস্ত গিয়েছিল এবং তাদের সে বিষয়ে সন্দেহ হওয়াতে পর্যদ অফিসে তারা জানিয়েছিল এবং পর্যদ থেকে বলা হয়েছিল যে, ওগুলি জাল। আজকে এই রকম চুরি জোচ্চুরি হচ্ছে, অথচ কোনও প্রতিকার হচ্ছে না। তারপরে মধ্য শিক্ষা পর্যদে রেজাল্ট রিভিউ করার একটা ব্যবস্থা আছে। সেখানে রেজাল্ট রিভিউ-এর নাম করে অনেক ফেল করা ছেলেকে পাশ করিয়ে দেওয়া হচ্ছে। আমি একজন শিক্ষক, আমি এরকম ঘটনার কথা জানি, ১০টি বিষয়ের মধ্যে ৮টিতে ফেল করেছে, তাকে রিভিউ করে পাশ তো করিয়ে দেওয়া হলই, এমন কি সেকেন্ড ডিভিসনে পাশ করিয়ে দেওয়া হল। এইভাবে বোর্ডে টাকা দিয়ে সেকেন্ড ডিভিসন এবং ফার্স্ট ডিভিসনে পাশ করে চলে যাচ্ছে। টাকা দিয়ে মার্কশিট এবং সার্টিফিকেট পাওয়া যাচ্ছে। কাজেই সরকার যাতে এটাকে বন্ধ করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আনন্দবাজার পত্রিকায় কেন্দ্রীয় সংস্থায় ধর্মঘট, দুর্গাপুরে গোলমাল এবং আসানসোলে সংঘর্ষ ও মৃত্যু—এটা বেরিয়েছে। আমি এই দিকে দৃষ্টি আকর্ষণ করছি। ১১ই মার্চ সিটুর কেন্দ্রীয় সংস্থা যে ধর্মঘটের ডাক দিয়েছিলেন তাতে যেখানে যেখানে তারা বিফল হয়েছে সেখানে পাইপগান, বন্দুক চলেছে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যেটা সেটা হচ্ছে যেদিন এই ঘটনাটি ঘটে সেদিন শ্রী কল্লোল মুখার্জির—আমাদের ফরওয়ার্ড ব্লকের মন্ত্রী শ্রী ভক্তিভূষণ মন্ডল মহাশয়ের সাথে ইন্টারভিউ ছিল এবং দেখা করেছে। সেখানে ডেপুটি সেক্রেটারি ছিলেন। আমি কালকে ভক্তিবাবুকে জিজ্ঞাসা করেছিলাম, আপনি ছেলেটিকে চেনেন। তিনি বললেন, হ্যাঁ, আমি চিনি, আমি বললাম, কল্লোল মুখার্জি কি কালকে আপনার সঙ্গে দেখা করেছে। তিনি বললেন হ্যাঁ, কাল ৮-৩০ মিনিট নাগাদ দেখা করেছেন। কিন্তু দুর্ভাগ্যজনক ব্যাপার হল, ঐ ৮-৩০ মিনিটের ঘটনায় মিথ্যা কেসে কল্লোল মুখার্জিকে ১ নম্বর আসামী করে এই হাঙ্গামার সঙ্গে জড়িয়ে দেওয়া হয়েছে। এই রকমভাবে পুলিশ ভুল করে নয় ইচ্ছাকৃতভাবে একজন কংগ্রেস কর্মীকে সার্চ করেছে এবং বহু নিরপরাধ কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করেছে। এখানে জুডিসিয়াল মিনিস্টার

উপস্থিত আছেন—নিশ্চয়ই দোষ করলে শাস্তি হোক কিন্তু নিরাপরাধ লোকদের মিথ্যা কেস দিয়ে ধরা...(গোলমাল)...আপনারা চিৎকার করছেন ইউ উইল বি পেইড ব্যাক ইন ইওর ওন কয়েন।...(গোলমাল) আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অডার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি মেনশন করতে উঠে সাব-জ্যুডিস কেসের কথা বলছেন বলুন কিন্তু মেনশন করতে উঠে আমাদের সকলকে শাসানোর অধিকার আছে কি? মেনশন করতে উঠে যদি মেম্বারদের এইভাবে শাসায় তাহলে আমরা মেনে নেব কি করে? তাহলে আমরাও তো উঠে এইভাবে শাসাব এবং পরস্পরের মধ্যে শাসানি চলতে থাকবে।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** উনি যেটা বলতে চাইছে—উনি ভুল বুঝেছেন। শাসানির কোনও প্রশ্ন নেই। এইভাবে যদি আপনারা পুলিশকে প্রশ্রয় দেন তাহলে একদিন আপনাদের উপর অবিচার হবে। সুতরাং সকলে সমানভাবে দেখা উচিত।

(গোলমাল)

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মিঃ স্পিকার স্যার, আমার একটা কথা বলার আছে। মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয় এখানে একটি ব্যাপারের উল্লেখ করলেন। সাবজুডিস কেস। রিলেটিং টু দি ফ্যাক্ট অফ এ কেস—একটা মামলা চলছে, সেটা সাবজুডিস কেস। আমাদের এখানে বলা যায় না এই ব্যাপারে কোর্টে আছে মাননীয় সদস্য হাউসে বলেছেন কালকে পত্রিকায় ছাপা হবে এবং ছাপার পরে কেসের ক্ষতি হতে পারে। ব্যাপারটা যখন সাবজুডিস তখন তিনি আসামীর ব্যাপারে যে সব কথা বললেন প্রোসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক। কারণ পত্রিকায় ছাপা হয়ে গেলে কেসের ক্ষতি হওয়ার সম্ভবনা আছে।

**শ্রী সত্যরঞ্জান বাপুলি ঃ** আমার ধারণা ছিল জুডিসিয়াল মিনিস্টারের আইন সম্পর্কে কিছু ধ্যান ধারণা আছে। হাউস চলাকালীন কোনও ঘটনা যদি হয় তাহলে তখন সেই বিষয়ের প্রতি চিফ মিনিস্টার বিবৃতি দেন—হয়ত সেটা সাবজুডিসও থাকতে পারে। তাহলে কি আমরা ধরে নেব মুখ্যমন্ত্রীর সমস্ত বিবৃতি কি বেআইনি? এটা তার জানা উচিত।

**শ্রী শিবনাথ দাস ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর এবং ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি পানিহাটি মিউনিসিপ্যালিটির অন্তর্গত রামচন্দ্রপুর গ্রামে ১৯৬১ সালের অনেক আগে থাকতেই পূর্ব্ব পাকিস্থান থেকে আগত তিন চার হাজার উদ্বাস্তু রেল লাইনের ধারে বসবাস করছিল। পরে একটা খালি জায়গা পেয়ে তারা বসবাস করছে। কিন্তু পুলিশ তাদের উপর নিষ্ঠুরভাবে অত্যাচার চালায়, এবং ছেলেদের মারধোর করে এবং মেয়েদের উপর অত্যাচার করছে এবং ৬০ বছরের একজন বৃদ্ধের হাত-পা এমনভাবে ভেঙ্গে দিয়েছে যে তাকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এর নাম মন্টু চ্যাটার্জি এবং পুলিশ অফিসারের নাম কালিপদ ঘোষ। দিনের পর দিন এইরকম যে ঘটনা ঘটছে তা বন্ধ করার জন্য আবেদন জানাচ্ছি।

[13th March, 1981]

**শ্রী সন্দীপ দাস ঃ** স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে কলকাতা শহরে বিশেষ করে চৌরঙ্গী এলাকায় চুরি, ডাকাতি, ছিনতাইয়ের ঘটনা বেড়ে গেছে। এম. এল. এ. হোস্টেলে যারা থাকেন তারা জানেন যে কীড স্টীটের উপর অনেকগুলি এই রকম ঘটনা ঘটেছে। ৭নং কীড স্ট্রীটে একটি মস্তানদের আড্ডাখানা হয়েছে— এর নেতার নাম তারিবাবা। এখানে প্রায়ই বোমবাজি হচ্ছে। এখানে যে নার্সিংহোম আছে তার অপারেশনে খুব ক্ষতি হচ্ছে। হেস্টিংস এলাকার ময়দানে ছিনতাইয়ের ঘটনা ঘটছে! লিওনারড রোডে এইরকম ঘটনা প্রায়ই ঘটছে। কলকাতার জনসাধারণরা চাঁদা করে পাহারাদার মেন্টেন করে, কারণ পুলিশের উপর তাদের কোনও আস্থা নেই। সেইজন্য পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি উচ্চ পদস্থ কর্মচারিদের নিয়ে এই বিষয়ে একটা স্থায়ি সমাধান করার চেষ্টা করুন।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী বামাপদ মুখার্জি ঃ** স্যার কিছুক্ষণ আগে সত্যবাবু কল্লোল মুখার্জির কথা বললেন বলে আমি কিছু বলতে চাই। তিনি কংগ্রেস (আই)-এর একজন কুখ্যাত নরহত্যাকারি গুণ্ডা। ১৯৭৩ সালে চিনাকুড়িতে যে কলিয়ারি আছে সেখানে ৪টি শ্রমিককে সে খুন করেছিল। এবং পরবর্তীকালে অনেক ব্যাংকে ডাকাতির সঙ্গে সে লিপ্ত হয়েছিল। শীতলপুর কোলিয়ারিতে তার নেতৃত্বে আলতাফকে হত্যা করা হয়েছিল। আজকে তার কেসকে প্রেজুডিস করার জন্য মোটিভ ডেটেড এটা তিনি তুলেছেন বলে আমি এর প্রতিবাদ করছি।

**শ্রী সুনীল মজুমদার ঃ** স্যার, দিয়াড়ার কাছে বজবজ রোড-এর উপর সরকার পুলের উপর যে মেন্টাল হসপিটাল আছে সেখানে এখন একজনকে প্রশাসক নিয়োগ করা হয়েছে। কিন্তু সেখানে কোনও ঔষধ নেই, বেড নেই। এই নিয়ে তারা কয়েকবার আপনার কাছে এবং আমাকে তারা বলেছে। তাদের বক্তব্য হচ্ছে এই হাসপাতালটি সরকার অধিগ্রহণ করে সেখানে ঔষধ এবং বেডের ব্যবস্থা যেন অবিলম্বে স্বাস্থমন্ত্রী করেন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারতের স্বাধীনতা সংগ্রামের বীর যোদ্ধা চিরউন্নত শির দেশপ্রাণ বীরেন্দ্র নাথ শাসমলের জন্মশতবার্ষিকী গত ১৯৮০ সালের ২৬শে অক্টোবর হতে আরম্ভ হয়েছে। এই মহান দেশ প্রেমিকের স্বীকৃতিরূপে তার নামে যাতে কেন্দ্রীয় সরকার এই জয়ন্তী বৎসরে একটি ডাক টিকিট প্রকাশ করেন তার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই। বিধানসভার গত অধিবেশনে বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রাক্তন প্রভাবশালী সদস্য দেশপ্রাণ বীরেন্দ্রনাথের একটি পূর্ণবয়ব প্রতিমূর্তি বিধানসভার সন্নিকটে প্রতিষ্ঠিত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়কে অনুরোধ করেছিলাম। এই কাজটি ত্বরান্বিত করতে পুনরায় অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ফকির মহম্মদ ঃ** স্যার কংগ্রেস (আই)-এর গ্রাম প্রধানের দুর্নীতির উল্লেখ করে আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় হরনগর গ্রাম পঞ্চায়েতের গ্রাম প্রধান উজিরআল্লি দীর্ঘদিন ধরে পঞ্চায়েতের টাকা, গম, চাল, সিমেন্ট আত্মসাৎ করেছেন। এই ঘটনার প্রতি ঐ এলাকার বহু মানুষ স্থানীয় বি. ডি. ও.-র দৃষ্টি আকর্ষণ করায় নাকাশি

পাড়ার বি. ডি. ও তদন্ত করে এসে আমার কাছে রিপোর্ট দিয়েছেন যে তিনি ১৭০০০ টাকা নগদ আত্মসাৎ করেছেন। ৪৫ বস্তা সিমেন্ট যা স্কুলের জন্য দেওয়া তা আত্মসাত করেছেন এবং ১০০ কেজি চাল ও গম পাচার করার চেষ্টা করে পারেননি বলে সেইসব জিনিস পচে গেছে এবং এমন অখাদ্য হয়ে গেছে যে পশু খেলেও মারা যাবে। সুতরাং এই পিশাচের শাস্তি দাবি করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪ পরগনা জেলার স্কুল বোর্ডের অধীন যে সমস্ত প্রাইমারি শিক্ষক আছেন তারা আজ পর্যন্ত ফেব্রুয়ারি মাসের বেতন পাননি। এই দুর্মূল্যের বাজারে প্রাইমারি শিক্ষকরা সামান্য বেতন পেয়ে থাকেন, এই বেতনও যদি সময় মত না পান তাহলে তাঁদের দুর্গতির শেষ থাকে না, অথচ সরকার থেকেই তাঁদের বেতন দেওয়া হয়ে থাকে। সরকার থেকে যাতে অবিলম্বে একটি নির্দেশ জারি করা হয় যেন প্রতি মাসের একটি নির্দিষ্ট তারিখের মধ্যে এই সমস্ত প্রাইমারি স্কুলের শিক্ষক-শিক্ষিকারা বেতন পেতে পারেন, সে ব্যাপারে আগে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। আমি আরও বলতে চাই যে, মাসের একটি নির্দিষ্ট তারিখে বেতন দেওয়ার একটি সরকারি নীতি আছে, কিন্তু সেটি বাঞ্চাল করবার জন্য একটি কূটনৈতিক চক্রান্ত এর পেছনে আছে। এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, তিনি যেন সামগ্রিক বিষয়টি যুথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে এই সমস্ত শিক্ষকরা যাতে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে বেতন পান তা নিশ্চিত করুন।

**শ্রী সরল দেব ঃ** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আজকের বিজনেস্ স্ট্যাণ্ডার্ড কাগজে একটা খুব আশংকাজনক সংবাদ বেরিয়েছে, সেটি হচ্ছে আমাদের পশ্চিমবাংলায় প্রতি মাসে ৪ হাজার মেট্রিক টন রেপসিড্ ক্রাসিং আসে। সম্প্রতি আমাদের বাজেটে এই রেপসিডের উপর সেল ট্যাক্স উঠিয়ে দেবার ফলে বড়বাজারে বে-আইনিভাবে তেল আমদানি ও বিক্রি হচ্ছে। এর ফলে সরকারের অনেক টাকা লোকসান হয়ে যাচ্ছে। তাছাড়া আমাদের পশ্চিমবাংলায় বনস্পতিগণ আছে, কেন্দ্রীয় সরকার সেগুলিকে কোনও প্রকার তেল ইত্যাদি সরবরাহ না দেওয়ার জন্য বন্ধ হয়ে যাচ্ছে। বহু শ্রমিক বেকার হয়ে যাবেন বলে আশংকা করা হচ্ছে। সেজন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে এই ব্যাপারে লক্ষ্য দেওয়ার জন্য অনুরোধ জানাই যে, তিনি যেন কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করেন যাতে করে আমাদের পশ্চিমবাংলার ঐ সমস্ত মিলগুলির ক্রাসিং-এর যত পরিমাণ ক্যাপাসিটি আছে সেই পরিমাণ—৪ হাজার মেট্রিক টন করে ক্রাসিংয়ের জন্য পেতে পারেন তার জন্য সচেষ্ট হন। আমি এই কারণেই বলছি যে, এ ব্যবস্থা না করা গেলে বহু শ্রমিক বেকার হয়ে পড়বেন, সুতরাং এ ব্যাপারে যত তাড়াতাড়ি সম্ভব হয় তা খাদ্যমন্ত্রীকে অবলম্বন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী হাজারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার মাধ্যমে শিয়ালদহ ডিভিসনের রেল কর্তৃপক্ষের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ওখানে লালগোলা টু শিয়ালদহ ফার্স্ট প্যাসেঞ্জার কাশেমবাজার স্টেশন পর্যন্ত চালু ছিল। সেটি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে। বিগত জনতা সরকারের আমলে সেই ট্রেনটি এক্সপ্রেস হয়ে যায়। কাশেমবাজার স্টেশনে যে স্টপেজ ছিল সেটিও এখন আর নেই। ঐ আমলে ট্রেনের ভাড়াও বৃদ্ধি করা হয়েছিল। ঐ

এক্সপ্রেসটি বর্তমানে কাশেমবাজার স্টেশনের পরে ফার্স্ট প্যাসেঞ্জার হয়ে যাতায়াত করছে। কাশেমবাজারে কোনও স্টপেজ না দেওয়ার ফলে ওখানকার জনসাধারণ খুব কষ্ট ভোগ করছেন। শিয়ালদহ ডিভিসনের কর্তৃপক্ষের কাছে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে যাতে একটু সুরাহার ব্যবস্থা করা যায় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি এবং তাতে আমরা অনেক উপকৃত হতে পারব।

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বর্তমানে বেকারত্ব দিন দিন বেড়ে চলেছে এবং এর জ্বালায় আত্মহত্যা পর্যন্ত ঘটছে। এই ঘটনা বাঁকুড়াতে ঘটেছে। বাঁকুড়ার সদর মহকুমার বিকনি দু-নম্বর ব্লকে ২৬ বৎসর বয়স্ক রামদাস গোস্বামী নামে এক যুবক উচ্চ-মাধ্যমিক পাশ করে চাকুরির জন্য হন্যে হয়ে ঘুরে কোনও চাকরি না পাওয়ার ফলে গত ২৬।২।৮৯ তারিখে বেলা ২।। টার সময়ে বি. ডি. আর. রেল লাইনের কাছে মাথা দিয়ে আত্মহত্যা করেছে। এবং তার আত্মহত্যার পূর্বে একমাত্র জীবিকা ছিল কয়েকটি বাড়িতে পূজা করা। এইভাবে সে প্রায় ৭ জন পোষ্যকে প্রতিপালন করত। চাকুবি না পেয়ে রামদাস গোস্বামীর মতো আত্মহত্যার ঘটনা আজকে বহু ঘটছে, অনেকেই রেলে মাথা দিচ্ছে। সবচেয়ে দুঃখের কথা হল, ঐ যুবক চাকুরি না পাওয়ার ফলে মৃত্যুর ৩।৪ মাস আগে সে পাগলের মতো হয়ে গিয়েছিল। আজকে এই বামফ্রন্ট সরকারের দুর্নীতির জন্যই বেকারত্ব দিনের পর দিন বেড়ে চলেছে। আমি সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর কাছে অনুরোধ জানাই, তিনি যেন এই বিষয়ের প্রতি দৃষ্টি দেন এবং এই সমস্ত যুবকদের রক্ষা করবার চেষ্টা করেন।

## RULLING FROM CHAIR

[2-20 — 2-30 p.m.]

**মিঃ স্পিকার ঃ** আমাদের এখানে ''উল্লেখ''-এর ব্যাপারটাকে বর্তমান সেসনে এমন জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে যার জন্য আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন এই ''উল্লেখ''-এর ব্যাপারটা আগে ছিল না। মাননীয় সদস্যরা যাতে তাদের নিজ নিজ এলাকার সমস্যার কথা, তাঁদের নিজেদের অভিজ্ঞতা বিভিন্ন বিষয়ে এখানে তুলে ধরতে পারেন তারজন্যই এই ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এখন দেখছি খবরের কাগজে কি বেরিয়েছে সেটা নিয়েই ''উল্লেখ'' করতে শুরু করেন বা হয়ত এমন ঘটনা উল্লেখ করেন যার সম্বন্ধে মাননীয় সদস্যর কিছু জানা নেই। সদস্যদের নিজেদের এলাকার সমস্যা, তার নিজের অভিজ্ঞতা—এগুলিই ''উল্লেখ''-এর মধ্যে থাকা উচিত। এই ''উল্লেখ''-গুলি পরীক্ষা করবারও উপায় নেই, ''উল্লেখ'' বলে লিখে দিলেই হয়ে গেল। খবরের কাগজে কি বেরিয়েছে সেটা নিয়ে যদি আপনারা ''উল্লেখ''-এর মাধ্যমে বলতে থাকেন তাহলে মুশকিল হয়ে পড়ে। আমি আশা করি মাননীয় সদস্যরা আমার কথাটা চিন্তা করবেন।

## MENTION CASES

**শ্রী সামসুদ্দিন আমেদ ঃ** মাননীয় সদস্য মহাশয়, আমাদের মালদহ তথা কালিয়াচক

থানায় ১৯৭৯ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত অনেকগুলো ডাকাতি হয়ে গেল। মালদহের অধিবাসীরা একেই ডাকাতির জ্বালায় অস্থির, তার উপরে এখন আবার দেখছি নকশালদের উপদ্রুব শুরু হয়েছে। বিভিন্ন লোকের নামে নামে চিঠি আসতে শুরু করেছে এবং তাতে বলা হচ্ছে বন্দুক নিয়ে নেওয়া হবে, অমুক হবে, তমুক হবে ইত্যাদি, ইত্যাদি। আমি তাদের নামগুলো দিচ্ছি না কারণ নিরাপত্তার দিক থেকে অসুবিধা আছে। প্রথমে আমাদের কালিয়াচক থানার ৩নং ব্লকে এই ঘটনা ঘটেছিল কিন্তু এখন দেখছি গোটা জেলায় এটা ছড়িয়ে পড়েছে। এই ব্যাপারে মানুষ যতই আতঙ্কিত হচ্ছে পুলিশের তৎপরতা ততই দেখছি কমছে। পুলিশ বলছে আমাদের পুলিশ ফোর্স নেই কাজেই আমরা নিরাপত্তার ব্যবস্থা নিতে পারব না। বর্তমানে এগুলি বেড়ে চলেছে এবং পশ্চিম দিনাজপুর, হবিববুর, গাজল, বামনগোলা পর্যন্ত গেছে। দুঃখের বিষয় পুলিশ নিরাপত্তার ব্যবস্থা করতে পারছে না। কাজেই আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি যেন এই জিনিস তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করেন। ওখানকার মানুষগুলো ভীত সন্ত্রস্ত হয়ে এই যে বিনিদ্র রজনী যাপন করছে এটা যেন দূর হয়।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতা শহরে বিভিন্ন দেশের কনস্যুলেট অফিস রয়েছে এবং সেই সমস্ত কনস্যুলেট অফিসে বহু পশ্চিমবঙ্গবাসী বা ভারতীয় কাজ করেন। বিশেষ করে ব্রিটিশ ডেপুটি হাই কমিশনারের অফিস, আমেরিকান কনস্যুলেট, পশ্চিম জার্মানি কনস্যুলেট বহু ভারতীয় বা পশ্চিমবঙ্গবাসী কাজ করেন। কিন্তু স্যার, সমাজতান্ত্রিক দেশগুলির যে সমস্ত কনস্যুলেট অফিস কলকাতায় রয়েছে বিশেষ করে সোভিয়েত রাশিয়া প্রভৃতি দেশের সেখানে বা সেই সমস্ত অফিসে ভারতীয় বা পশ্চিমবঙ্গবাসী কর্মচারিদের সংখ্যা খুবই কম। স্যার, সমাজতান্ত্রিক দেশগুলির কনস্যুলেট অফিসগুলিতে পশ্চিমবঙ্গবাসী বা ভারতীয়রা যাতে বেশি করে কাজ পান তারজন্য আমাদের কেন্দ্রীয় পররাষ্ট্র দপ্তরকে অনুরোধ করার জন্য মন্ত্রিসভার নিকট আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বলরামপুর স্টেশনপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে একটা সামান্য কেসে জড়িয়ে বলা হয়েছে যে তুমি একটা ক্রিমিন্যাল কেসে জড়িয়ে পড়েছ এবং এই কথা বলে তাকে আজ ৩ বছর ধরে সাসপেণ্ড করে রাখা হয়েছে। স্যার, তার বিরুদ্ধে কোনও ওয়ারেন্ট নেই, পুলিশ কোনও তদন্ত করছে না, পুলিশ তাকে কোনওদিন কোনও জিজ্ঞাসাবাদও করেন নি অথচ এইভাবে তাকে ৩ বছর ধরে সাসপেণ্ড করে রাখা হয়েছে। অপর দিকে, স্যার আমরা দেখতে পাচ্ছি নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির পুরুলিয়া জেলার সভাপতি, তিনি সি. পি. এম. পার্টির জেলা পরিষদের সদস্যও, তিনি ডাকাতি এবং হত্যার কেসে জড়িত, ৩০২ ধারার আসামী, প্রায় ২১ দিন হাজত বাস করেছেন কিন্তু তা সত্ত্বেও তিনি প্রতিদিন স্কুলে যাচ্ছেন, তার বিরুদ্ধে কোনও সাসপেনশন অর্ডার যায়নি। আমি এই ঘটনার প্রতি স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি উল্লেখ করতে চাই সেটার সঙ্গে আপনিও প্রত্যক্ষভাবে জড়িত। স্যার, পশ্চিমদিনাজপুর জেলার খাঁপুরে ১৯৪৭ সালের ২২শে ফেব্রুয়ারি তেভাগা আন্দোলনে ব্রিটিশের গুলিতে ২২ জন কৃষক মারা যায়। গত ১৯৭৯ সালের জুন মাসে আমাদের সরকারের পক্ষ থেকে এখানে বর্গা অপারেশন নিয়ে একটা সেমিনার হয় এবং ঐ খাঁপুরে যেখানে কৃষকরা শহীদ হয় সেখানে একটা বড় মিটিং হয়। স্যার, গ্রামবাসীরা সেখানে একটি শহীদ স্মৃতিসৌধ স্থাপন করেন। সেটা এখন ভেঙ্গে পড়েছে, স্থানীয়ভাবে সেটাকে রক্ষণাবেক্ষণ করা সম্ভব হচ্ছে না। স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, সেই সমস্ত অমর শহীদদের স্মৃতি রক্ষার্থে সেখানে একটি স্মৃতিসৌধ নির্মাণ করুন।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার দাসপুর এক নং ব্লকের অধীন কংসাবতী নদীর উপর তেমোহনী ঘাটে একটি সেতু নির্মাণের জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ৯.৩.৭৯ তারিখে এবং ৩০.৮.৭৯ তারিখে ওখানকার জনসাধারণ এ সম্পর্কে দরখাস্ত করেন এবং তা মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর নিকট পাঠানো হয়। স্যার, ঐ এলাকাটি চারিদিক দিয়ে খালবিল, নদী-নালা, বয়ে গিয়েছে, এলাকাটি মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন। এই এলাকাটির সঙ্গে যোগাযোগ রাখা যাচ্ছে না। সেখানে দুটি উপস্বাস্থ্য কেন্দ্র রয়েছে। সেখানে যে সমস্ত শাকসব্জী হয় সেগুলি দাসপুরে নিয়ে আসা যাচ্ছে না। এ সম্পর্কে চিফ একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ২৪.১০.৭৯ তারিখে এবং এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার ২৪.১১.৮০ তারিখে ডি. এমকে জানিয়েছেন সিলেকশন কমিটি থেকে মতামত দেবার জন্য কিন্তু এখনও পর্যন্ত ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটি এ বিষয়ে কোনও কিছু আলোচনা করছেন না। সেখানকার জনপ্রতিনিধিদের সঙ্গে সেখানকার ডি. এম. এ ব্যাপারে আলোচনা সম্পর্কে নির্বিকার। বারবার আবেদন নিবেদন করা সত্ত্বেও তদন্ত করা বা তার অধীনস্থ লোকদের পূর্ত বিভাগের সঙ্গে সহযোগিতা করে সেটার প্রয়োজনীয়তা আছে কি না তা উপলব্ধি করার তিনি চেষ্টা করছেন না। জনসাধারণের স্বার্থের প্রতি নজর রেখে এই ব্রিজটি যাতে দ্রুত করা হয় সেজন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার তেহট্ট এলাকায় কিছুদিন ধরে দেখা যাচ্ছে যে আর. এস. এস.-এর সংগঠন করার জন্য সেই এলাকার বাইরে থেকে বহিরাগত কিছু মানুষ এসেছে। তারা ঐ এলাকার হিন্দু-মুসলমানদের মধ্যে যে সম্প্রীতি, সেটা ক্ষুণ্ণ করার চেষ্টা করছে এবং সাম্প্রদায়িক প্রচার চালাচ্ছে এবং ঐ এলাকার কোমলমতি যে সমস্ত কিশোর এবং যুবক রয়েছে তাদের মনকে বিষাক্ত করে তুলছে এবং একটা বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করার জন্য তৎপর হয়ে উঠেছে। ফলে ঐ এলাকার মানুষের মধ্যে একটা অসন্তোষ দেখা দিয়েছে বিশেষ করে সংখ্যালঘুদের মধ্যে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ এলাকায় ঐ ধরনের বিদ্বেষমূলক, বিভেদমূলক

কোনও কর্মতৎপরতা না হতে পারে। কারণ ঐ এলাকাটি চাপড়ার সন্নিকটে। চাপড়ায় ভয়াবহ দাঙ্গা হয়ে গেছে। ঐ অঞ্চলটা অত্যন্ত সেনসেটিভ। এখন অবস্থা ভাল। সেজন্য এইদিকে বিশেষ নজর রাখা প্রয়োজন বলে মনে করি।

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা আগুন লাগার উপক্রম হয়েছে—বিক্ষোভের আগুন। কোলাঘাট থার্মাল পাওয়ার প্রোজেক্ট দুই বছর যাবৎ সরকারের কাছে আবেদন-নিবেদন করেও ওখানকার ক্ষতিগ্রস্ত মানুষরা, উদ্বাস্তুরা কোনও চাকুরি পাচ্ছে না এবং তার কোনও ব্যবস্থা হচ্ছে না। এটা গেল একদিক। আর একদিকে হচ্ছে, বর্তমানে যে স্পেশ্যাল অফিসারকে ঐ প্রকল্পে আনা হয়েছে, সেই ভদ্রলোক প্রতিদিন ঐ সমস্ত নিরীহ গ্রামবাসীদের ভীতি প্রদর্শন করছেন, পুলিশের ভয় দেখাচ্ছেন। কোনও কোনও দিন তিনি এই কথাও বলছেন যে, এই সমস্ত কাজে বাধা দিয়ে, বিক্ষোভ দেখালে রক্তের গঙ্গা বইয়ে দেব—এই হচ্ছে তার বক্তব্য। এই অবস্থা যদি সৃষ্টি হয় তাহলে ওখানে যে কোনও সময় আগুন লাগার সম্ভাবনা রয়েছে অর্থাৎ বিক্ষোভের আগুন। কাজেই অবিলম্বে ঐ অফিসারকে ওখান থেকে সরিয়ে দিয়ে একজন সৎ সংযত অফিসারকে পাঠানো দরকার। তা যদি হয় তাহলে ঐ থার্মাল পাওয়ারের অগ্রগতি হবে এবং সেখানকার যে বিক্ষোভ সেটাও প্রশমিত হবে। 'চাকুরি চাই' বলে তারা একটা গণ দরখাস্ত মাননীয় মুখ্যমন্ত্রীকে দেবার জন্য আমার কাছে দিয়েছে, আমি আপনাকে সেটা দিয়ে দিচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী যদি অবিলম্বে এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করেন তাহলে থার্ম্যাল পাওয়ারের কাজ এগিয়ে যাবে, অন্যথায় নয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এই অপদার্থ বামফ্রন্ট সরকারের অপদার্থতা দিনের পর দিন বেড়ে চলেছে। এই মার্চ মাসের প্রথম তারিখ থেকে শুরু করে আজ পর্যন্ত পশ্চিমদিনাজপুর জেলায় যে অপরাধমূলক কাজগুলি হয়ে এসেছে, তার উদাহরণ আমি দিতে পারি। কিন্তু সময় সংক্ষেপের জন্য দিতে পারছি না। যে সমস্ত এলাকায় বন্দুক ছিনতাই হচ্ছে, খুন হচ্ছে, সেই সমস্ত এলাকার অবস্থাটা একটু শুনুন। সেই এলাকায় ছোট ছোট পুলিশ ক্যাম্প করা হয়েছে, কিন্তু তার পার্শ্ববর্তী এলাকার—কুশমণ্ডী, কালীয়াঞ্জ, ইটাহার এবং বংশীহারি থানার পার্শ্ববর্তী এলাকার অবস্থা খুবই খারাপ। আমি আজকে বাড়ি থেকে ঘুরে এসেছি। আমি দেখেছি সেখানে ব্যাপকহারে চুরি-ডাকাতি হচ্ছে, পাইকারি হারে চুরি-ডাকাতি হচ্ছে। আজকে ঐ সমস্ত গ্রামের মানুষের কোনও নিরাপত্তা নেই। তাদের বিষয়-সম্পত্তিও দিনের পর দিন চুরি হয়ে যাচ্ছে। এর কি কোনও প্রতিকার হবে না? পুলিশ গিয়ে এক জায়গায় বসে থাকবে, আর তার পাশের এলাকা বিপন্ন হবে, এটা চলতে পারে না। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে এই সব চুরি-ডাকাতি বন্ধ করা হোক।

**শ্রী মনীন্দ্রনাথ জানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় রাজবলহাট গ্রাম পঞ্চায়েতের

অধীন ২৬,০০০ অধিবাসী দীর্ঘদিন ধরে ওখানে উপস্বাস্থ্য কেন্দ্র করার জন্য আবেদন-নিবেদন করে আসছিল। তারা দীর্ঘদিন পরে ১৯৭৭ সালে প্রায় দেড় লক্ষ টাকা চাঁদা সংগ্রহ করে পশ্চিমবঙ্গ সরকারের কাছে দিয়েছিল এবং ১৮ বিঘা জমিও দান করেছিল। সেই সময়ে সরকারের তরফ থেকে সেখানে একটি উপ-স্বাস্থ্য কেন্দ্রের অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল দেওয়া হয়েছিল। কিন্তু দীর্ঘ প্রায় চার বছর হয়ে গেল, সেই উপস্বাস্থ্য কেন্দ্রটি কি অবস্থায় আছে সেটা জানতে পারা যাচ্ছে না। আমি নিজে সেই এলাকার জনসাধারণের কাছ থেকে জানতে পারি যে, তারা সরকারের বিভিন্ন বিভাগে বার বার গিয়ে কিছু জানতে পারছে না। আমি নিজেও চেষ্টা করেছিলাম, কিন্তু কোনও কিছুই জানতে পারা যাচ্ছে না যে, ঐ উপস্বাস্থ্য কেন্দ্রটি আদৌ হবে কিনা। জনসাধারণের কাছ থেকে এত টাকা এবং এত জমি পাওয়ার পরও সেখানে উপস্বাস্থ্য কেন্দ্রটি স্থাপিত হচ্ছে না। সেই জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিসভাকে বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করার জন্য বিনীতভাবে অনুরোধ করছি। বিষয়টি হচ্ছে আমাদের বাউড়িয়াতে একটি টেলিফোন এক্সচেঞ্জ হবার কথাবার্তা হয়েছিল এবং সে বিষয়ে ডিপার্টমেন্ট থেকে বাড়ি নেওয়া হয়েছিল কেবল লে' করা হয়েছিল, সমস্ত যন্ত্রপাতি বসানো হয়েছিল, কিন্তু তারপর হঠাৎ জানতে পারলাম যে, সেখান থেকে সমস্ত কিছু তুলে নিয়ে অন্যত্র চলে যাচ্ছে। অথচ আমরা জানতে পারলাম না যে, কেন সেখান থেকে সমস্ত শিফট্ করা হচ্ছে? ডিপার্টমেন্টে লেখালিখি করেও খবর পাওয়া যাচ্ছে না। অথচ ঐ এলাকায় টেলিফোন এক্সচেঞ্জ-এর বিশেষ প্রয়োজন। এখানে চারটি ফ্যাক্টরি আছে, একটি কেবল, একটি কটন এবং দুটি জুট। দুটি ব্যাঙ্ক-এর ব্রাঞ্চ অফিস আছে, একটি ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক এবং একটি স্টেট ব্যাঙ্ক। এ ছাড়াও ওখানে বহু কল-কারখানা আছে। এখানে যদি অ্যাম্বুলেন্স এবং ফায়ার ব্রিগেড-কে ডাকবার প্রয়োজন হয় তাহলেও তাড়াতাড়ি ডাকবার কোনও ব্যবস্থা নেই। তাই আমি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে আমাদের সরকারকে যোগাযোগ করতে অনুরোধ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রী মহাশয় আমাদের ওখানে গিয়েছিলেন এবং আমাদের ভগবানপুর থানাটা ভাল করে দেখে এসেছেন। আমাদের হাসপাতালের অবস্থানটাও তিনি জানেন। আমাদের প্রাইমারি হেলথ সেন্টারটা উনি দেখেছেন। আমাদের ভগবাপুরের চারিদিকে নদী আছে একদিকে কেলেঘাই রিভার, আর একদিকে হলদী রিভার, আর এক পাশে রসুলপুর রিভার, মাঝখানে ভগবানপুর। ঐ এলাকার রোগীরা বড় হাসপাতালে যেতে পারে না, কাঁথির হাসপাতালে যেতে পারে না, মেদিনীপুরেও যেতে পারে না। ঐ হাসপাতালকে উনি রুর‍্যাল হাসপাতাল করার জন্য আশ্বাস দিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত তার আশ্বাস মতো কোনও কাজ হয়নি। আজকে স্বাস্থ্য সম্পর্কে বাজেট

আরম্ভ হচ্ছে, আমি তাকে অনুরোধ করব তিনি যেন এখানে বলেন যে ভগবানপুর প্রাইমারি হেলথ সেন্টার মে বি কনভার্টেড ইনটু এ রুর‍্যাল হসপিটাল—এই কথাটি যেন তিনি দয়া করে বলেন। আর একটি বিষয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের ওখানে ওয়াটার সাপ্লাই স্কীম এই বামফ্রন্ট সরকার ১৯৭৯ সালের ২৯শে জানুয়ারি স্যাংশন করেছেন, তার জন্য পাইপ পর্যন্ত সেখানে পৌঁছে গেছে। কিন্তু দুঃখের বিষয় সেখানে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে, ল্যান্ড ডিপার্টমেন্ট এবং হেলথ ডিপার্টমেন্টের মধ্যে গোলমালের ফলে কোনও কাজই সেখানে হচ্ছে না। ২১/২২টা গ্রাম এর জন্য সাফার করছে। মন্ত্রী মহাশয়কে ব্যাপারটা জানানো হয়, মন্ত্রী মহাশয় বললেন যে ডি. এম.-কে তিনি বলেছেন। কিন্তু এখন পর্যন্ত এক ইঞ্চিও কাজ এগোয়নি। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আশ্বাস চাইছি, তিনি যেন এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আনন্দমোহন কলেজ, যেটা আগে সিটি কলেজ ছিল, সেটা তিন ভাগ হয়ে যায় ১৯৫৮ সালে। সন্ধ্যা বেলায় যে কলেজটি হয় সেটার নাম আনন্দমোহন কলেজ। তার প্রাক্তন উপাধ্যক্ষ হেমেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় ১৯৬৫ সালে ঐ কলেজ থেকে অবসর গ্রহণ করেন। তিনি ১৯৭৮ সালের মে মাস পর্যন্ত পেনশন এবং অবসরকালীন সমস্ত সুযোগ সুবিধা পেয়ে আসছিলেন। ১৯৭৮ সালের মার্চ মাসে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সমস্ত বেসরকারি কলেজগুলো নিয়ন্ত্রণে নিয়ে আসেন। দুঃখের বিষয় সরকারি নিয়ন্ত্রণে আসার পর কাজের উন্নতি না হয়ে অবনতি ঘটল। ঐ ভদ্রলোক, হেমেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, তার যে সমস্ত অবসরকালীন পেনশন এবং সুযোগ সুবিধা পাচ্ছিলেন, তা বন্ধ হয়ে গেল। আমি উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, ঐ ভদ্রলোক যেন তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না হন, সেটা যাতে সত্ত্বর পান তার ব্যবস্থা তিনি যেন করেন। আমি এই সংক্রান্ত কাগজপত্র আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করছি, যাতে যথাযথভাবে ব্যবস্থা করা হয়।

**শ্রী বলাই ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হরিপাল, তারকেশ্বর, জাঙ্গিপাড়া, ধনিয়াখালি এই চারটি থানা এলাকায় ৬ লক্ষ লোক বাস করে। এই চারটি থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে ঠিক কিন্তু অধিকাংশ সময় ডাক্তার থাকে না। কোনও রকম প্যাথলজিক্যাল এক্সরে মেশিনের ব্যবস্থা নেই। এ সব এলাকা থেকে সদরের দুরত্ব ২০/২৫ মাইল, কোনও কোনও জায়গা থেকে প্রায় ৪০ মাইল। ঐ এলাকার লোকেরা প্রাথমিক চিকিৎসার কোনও সুযোগ সুবিধা পান না। মন্ত্রী মহাশয়কে একবার অনুরোধ করেছিলাম, তিনি একটি রুর‍্যাল হাসপাতাল করার কথা বলেছিলেন, সরকারের কাছে এই ব্যাপারে বিভিন্ন সময়ে প্রপোজাল এসেছে, মন্ত্রী মহাশয় এই হাউসেও বলেছিলেন যে ঐ চারটি থানার মিডিল এলাকা হরিপালে যাতে রুর‍্যাল হেলথ সেন্টার করা হয় তার জন্য সরকার ভাবছে। এটা মন্ত্রী মহাশয় বলেছিলেন দু বছর আগে। কিন্তু আজ পর্যন্ত সেই ভাবনা চিন্তার শেষ হচ্ছে না। কয়েকদিন আগে মন্ত্রী মহাশয়ের সঙ্গে যোগাযোগ করেছিলাম, তিনি কিছু বলতে পারলেন না। আমি তার কাছে

অনুরোধ করছি, তিনি এই ব্যাপারে বর্তমানে কিছু না করতে পারলেও, সেখানে যাতে এক্সরে মেশিন যায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**মিঃ স্পিকার ঃ** এখন একটি ঘোষণা। মাননীয় সদস্য শ্রী কৃপাসিন্ধু সাহা মহাশয় একটি বিষয় ঘোষণা করবেন বলে আমাকে বলেছেন। আমি দেখলাম, এই হাউসই হচ্ছে বেস্ট জায়গা কারণ তার ঘোষণা অনেকেই নিতে পারেন এবং অনেকেই উদ্বুদ্ধ হতে পারেন। তাই আমি বলছি শ্রী কৃপাসিন্ধু সাহা মহাশয়কে তার বক্তব্য রাখতে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৮১ সাল আন্তর্জাতিক প্রতিবন্ধী বৎসর রূপে চিহ্নিত হয়েছে। সারা বিশ্ব আজ অনুতপ্ত, সারা বিশ্ব আজ উন্মুখ—"ওদের জন্য কিছু করতে হবে"।

আমিও সেই সমাজের একজন। আমিও চাই কিছু করতে—সেই প্রেরণায় তাড়িত হয়ে যে চোখে বেশ কিছুকাল দেখেছি হয়ত আরও কিছু কাল দেখব এই পৃথিবীকে—প্রত্যক্ষ করব মেহনতি মানুষের করুণ অবস্থা, প্রত্যক্ষ করব খেটে খাওয়া মানুষের সঙ্ঘবদ্ধ হওয়ার মিছিল—সেই চোখ আমি দিয়ে যেতে চাই আমার কোনও এক দৃষ্টিহীন বন্ধুকে যে আমার এই চোখ দিয়েই দেখবে পৃথিবীর আলো, উপভোগ করবে পৃথিবীর বাতাস।

সভায় সমস্ত সদস্য বন্ধুকে আহ্বান জানিয়ে আমি আমার চোখ দুটি আই ব্যাঙ্কে দান করার ঘোষণা করলাম এবং আপনাকে অনুরোধ করছি এই ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রীর যদি কিছু করণীয় থাকে তাহলে সেটা আমাকে জানাবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমরা আনন্দের সঙ্গে এই প্রস্তাবকে গ্রহণ করছি এবং আমরা সকলে খুশি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই রকম ধরনের দৃষ্টান্তে আশা করছি সকলেই উদ্বুদ্ধ হবেন এবং ভবিষ্যতে চোখ দেবার জন্য আমিও চেষ্টা করব।

**মিঃ স্পিকার ঃ** এখন মাননীয় মন্ত্রী মহাশয় তার ৩৬, ৩৭ এবং ৩৮ নং দাবি পেশ করবেন।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 36, 37 & 38

### Demand No. 36

### Major Heads : 280—Medical and 480—Capital Outlay on Medical.

**Shri Nani Bhattacharya :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 99,20,12,000 be granted for expenditrue under Demand No. 36, Major Heads : "280—Medical and 480—Capital Outlay on Medical".

**Demand No. 37**

**Major Heads : 281—Family Welfare, and 481—Capital Outlay on Family Welfare.**

**Shri Nani Bhattacharya :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,66,33,000 be granted for expenditrue under Demand No. 37, Major Heads : "281—Family Welfare, and 481—Capital Outlay on Family Welfare".

**Demand No. 38**

**Major Heads : 282—Public Health, Sanitation and Water Supply and 682—Loans for public Health, Sanitation and Water Supply.**

**Shri Nani Bhattacharya :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,70,15,000 be granted for expenditrue under Demand No. 38, Major Heads : "282—Public Health, Sanitation and Water Supply and 682—Loans for Public Health, Sanitation and Water Supply.".

মহাশয়, প্রসঙ্গত আমি জানাচ্ছি যে, উল্লিখিত খাতে ব্যয়বরাদ্দের দাবি ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে "৪৮০—চিকিৎসা (গৃহাদি) সম্পর্কে মূলধন বিনিয়োগ", "২৮০—চিকিৎসা (গৃহাদি)", "৪৮১—পরিবার কল্যাণ (গৃহাদি সহ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" এবং "৪৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ (গৃহাদি সহ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" প্রভৃতি খাতেও অর্থ বরাদ্দ করা হয়েছে। এইসব খাতের বরাদ্দ একত্র করে স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে মোট বরাদ্দ ১৯৮০-৮১ সালের ১৪৯ কোটি ৫০ লক্ষ ৯০ হাজার টাকার জায়গায় ১৯৮১-৮২ সালে ১৬৬ কোটি ৪৫ লক্ষ ৮৫ হাজার টাকা ধরা হয়েছে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্য ও চিকিৎসা ইত্যাদি উদ্দেশ্যে ১৯৮০-৮১ সালে যে টাকা বরাদ্দ করা হয়েছিল, ১৯৮১-৮২ সালে তা ১৬ কোটি ৯৪ লক্ষ ৯৫ হাজার টাকা বাড়ানো হয়েছে। অবশ্য, এই বর্ধিত অর্থের মধ্যে শ্রম বিভাগ পরিচালিত কর্মচারী রাজ্য বিমা (চিকিৎসা সুবিধা) কর্মপ্রকল্প বাবদ ১৬ কোটি ৫০ লক্ষ ৬১ হাজার টাকাও ধরা হয়েছে।

মহাশয়, আপনারা অবগত আছেন যে, গ্রামাঞ্চলের বিপুলসংখ্যক মানুষ যেসব কর্মসূচির আওতায় আসবে, জনস্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে সেইসব কর্মসূচির উপর গুরুত্ব আরোপণের বিষয়টি আমাদের সরকার বিশেষভাবে বিবেচনা করে দেখছেন। এই উদ্দেশ্যের কথা মনে রেখে, পরিকল্পনার লক্ষ্যকে শহর থেকে গ্রামমুখী করে তোলার উপর গুরুত্ব দিয়ে আমরা স্বাস্থ্যরক্ষা ও চিকিৎসা ব্যবস্থাকে পুনর্বিন্যস্ত করেছি। তাই, জনস্বাস্থ্য রক্ষার ব্যাপারে রোগ-প্রতিরোধাত্মক দিকগুলির উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। যে লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দিয়ে এই কর্মসূচি রূপায়িত করা হচ্ছে সেগুলি হল ঃ

(ক) প্রতি ৩০০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং গ্রামপিছু অন্তত একটি করে উৎসের ব্যবস্থা রেখে প্রত্যেক গ্রামে বিশুদ্ধ পানীয় জলের সংস্থান করা ;

(খ) শিশু এবং মায়েদের স্বাস্থ্যরক্ষার কর্মসূচির উপর বিশেষ জোর দিয়ে রোগ-প্রতিরোধ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিবিধান ;

(গ) গ্রামীণ স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার সম্প্রসারণ ;

(ঘ) হাসপাতালগুলির বহির্বিভাগে চিকিৎসা-ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিসাধন এবং যেসব আধা-শহর ও শহর গড়ে উঠছে অথচ যেখানে চিকিৎসার সুযোগ-সুবিধা এখনও পৌছাননি সেখানে ডিসপেনসারি ও হাসপাতাল খোলা ;

(ঙ) ছোট পরিবার গড়ে তোলার যৌক্তিকতা ও তার সুবিধা সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তোলা এবং প্রসূতি ও শিশু কল্যাণ ব্যবস্থাকে সম্প্রসারিত করা ; এবং

(চ) রোগ-প্রতিরোধাত্মক দিকগুলির উপর জোর দিয়ে এবং গ্রামাঞ্চলের মানুষদের স্বাস্থ্য ও চিকিৎসা-সংক্রান্ত প্রয়োজন মেটাতে পারবে এমন ক্যাডার তৈরি করে তোলার উদ্দেশ্যে ৩ বছরের একটি স্বল্প-মেয়াদি চিকিৎসা শিক্ষাক্রম চালু করা।

**পয়ঃপ্রণালী এবং জল সরবরাহ**

বর্তমান সরকার রাজ্যে, বিশেষ করে গ্রামাঞ্চলে, পানীয় জল সরবরাহের বিষয়টিকে বিশেষ অগ্রাধিকার দিয়ে আসছেন। গ্রামীণ জল সরবরাহ কর্মপ্রকল্প (জলের উৎস ও নলবাহিত জল সরবরাহর) ন্যূনতম প্রয়োজন কর্মসূচি এবং কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মসূচির অধীনে রূপায়িত হচ্ছে।

**জলের উৎস**

এবছর ২,৭৪৭টি নলকূপ বসানোর/নূতন করে বসানোর কাজ এবং ৫৯৯টি কূপ নির্মাণের কাজ অনুমোদন করা হয়েছে।

প্রতি ৩০০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং গ্রামপিছু অন্তত একটি করে জলের উৎসের ব্যবস্থা রাখার জন্য আমাদের যে নীতি রয়েছে তদনুসারে গ্রামাঞ্চলে জলের নূতন উৎস নির্মাণের উদ্দেশ্যে ১৯৮১-৮২ সালের বাজেটে ৩ কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মসূচির অধীনে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর ও বর্ধমান জেলার পাথুরে জমিতে 'রিগ' খনন করে নলকূপ বসানোর কাজ হাতে নেওয়া হয়েছে। ভারত সরকার এপর্যন্ত এধরনের ৫,২০৮টি নলকূপ বসানোর ব্যাপারে তাদের 'টেকনিক্যাল ক্লিয়ারেন্সে'র কথা জানিয়েছেন। এর ফলে ২,৩৭২টি গ্রাম উপকৃত হবে এবং এজন্য আনুমানিক হিসাবমতো খরচ হবে ৩৩১ লক্ষ ৮৬ হাজার টাকা। ১৯৭৭ সাল থেকে এপর্যন্ত এরকম ৪,৯০০টি নলকূপ বসানো হয়েছে এবং এতে ১,৩৮১টি গ্রাম উপকৃত হয়েছে। ১৯৮১-৮২ সালে আমরা ৪,০০০টি নলকূপ বসানোর কাজ হাতে নেব বলে স্থির করেছি।

**এম. এন. পি.-র অধীনে গ্রামীণ নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প**

চলতি বছরে ৮৫টি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এ বছরের মধ্যেই এরূপ ৩০টি কর্মপ্রকল্পের কাজ শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। আর এর ফলে, ৯৬টি গ্রাম পূর্ণমাত্রায় এবং ১৪টি আংশিকভাবে উপকৃত হবে। এই গ্রামগুলির জনসংখ্যা হল ২ লক্ষ ৩৬ হাজার (১৯৭১ সালের আদমসুমারি অনুযায়ী)। এ বছর এরূপ ৩৮টি কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এর জন্য আনুমানিক হিসাবমতো ব্যয় হবে ৭৮১ লক্ষ ৮৬ হাজার টাকা এবং এতে ১৪০টি গ্রামের ৪ লক্ষ মানুষ উপকৃত হবেন। এই উদ্দেশ্যে, ১৯৮১-৮২ সালের জন্য ৪ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। হুগলি জেলার তারকেশ্বরে ৮ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে এবং ২৪-পরগনা জেলার বাগদায় ১৮ লক্ষ ২৩ হাজার টাকা ব্যয়ে দুটি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্পের কাজ শুরু করা হয়েছে।

**কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প**

ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্মসূচির (অনুদান হিসাবে ১০০% কেন্দ্রীয় সহায়তাপুষ্ট) অধীনে, আনুমানিক হিসাবমতো ১,৫৫৩ লক্ষ ৩২ হাজার টাকা ব্যয়ে ৯৮টি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এ ধরনের কর্মপ্রকল্পের কাজ এ বছরের মধ্যেই শেষ হয়ে যেতে পারে এবং এর ফলে. ১৫৫টি গ্রাম পূর্ণমাত্রায় ও ১০টি গ্রাম আংশিকভাবে উপকৃত হবে। এ সমস্ত গ্রামের জনসংখ্যা প্রায় এক লক্ষ (১৯৭১ সালের আদমসুমারি অনুযায়ী)। ৭১৮টি গ্রামের ১২ লক্ষ ৩৬ হাজার ১২৯ জন মানুষকে পানীয় জল সরবরাহের জন্য ১৬৮টি কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এর জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে মোট ১,৯৮১ লক্ষ ২৬ হাজার টাকা। এখন পর্যন্ত, এরূপ ৪০টি কর্মপ্রকল্প রূপায়িত করা হয়েছে। এ সব উদ্দেশ্যে ভারত সরকার এ যাবৎ মোট ১,৮৮৩ লক্ষ ৫০ হাজার টাকা দিয়েছেন।

**শহরাঞ্চলে জল সরবরাহ**

আনুমানিক ৭৭১ লক্ষ ৬২ হাজার টাকা ব্যয়ে বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে ২৫টি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এর জন্য বাজেটে ১৬০ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে। ১৯৮০-৮১ সালের মধ্যে এরকম ২টি কর্মপ্রকল্পের কাজ শেষ হয়ে যাবে বলে আশা করা যায়। চলতি আর্থিক বছরে আরও ৬টি কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এর জন্য আনুমানিক হিসাবমতো ব্যয় হয়ে মোট ৫৪৭ লক্ষ ৭৫ হাজার টাকা। ১৯৮১-৮২ সালের জন্য ২ কোটি ৩০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

রাজ্য সরকার জীবন-বিমা কর্পোরেশনের কাছ থেকে ঋণ-সহায়তা নিয়ে শহরাঞ্চলে জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়ণের প্রস্তাব গ্রহণ করেছেন। জীবন-বিমা কর্পোরেশনের ঋণ নিয়ে (১) গোবরডাঙ্গা, (২) ঘাটাল, (৩) জিয়াগঞ্জ-আজিমগঞ্জ, (৪) বিষ্ণুপুর ও (৫) রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল, দ্বিতীয়াংশে ৫টি কর্মপ্রকল্প রূপায়ণের জন্য ইতিমধ্যেই প্রস্তাব নেওয়া হয়েছে। আসানসোল মিউনিসিপ্যাল জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়ণের জন্য জীবন-বিমা

কর্পোরেশনের কাছ থেকে ৫৫ লক্ষ টাকা ঋণ পাওয়া গিয়েছে এবং আনুমানিক হিসাবমতো ৩৮৮ লক্ষ ৮৫ হাজার টাকা ব্যয়ের এই ব্যাপক কর্মপ্রকল্পটির কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে।

জীবন-বিমা কর্পোরেশনের কাছ থেকে ঋণ নিয়ে (১) হলদিয়া, (২) মেদিনীপুর, (৩) অশোকনগর-হাবড়া, (৪) জঙ্গিপুর, (৫) শিলিগুড়ি ইত্যাদি স্থানে আরও কর্মপ্রকল্পের কাজ হাতে নেওয়া সম্পর্কেও একটি প্রস্তাব রয়েছে।

**হলদিয়া জল সরবরাহ কর্মপ্রকল্প**

আনুমানিক ১৫ কোটি টাকা ব্যয়ে হলদিয়া শিল্প-তালুকের জন্য একটি জল সরবরাহ কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এর জন্য এ বছরের বাজেটে ১৫৫ লক্ষ টাকা বরাদ্দ আছে। নলকূপ এবং 'মিক্‌সি প্ল্যান্টে'র জন্য জায়গা পাওয়া গিয়েছে। নল এবং 'স্পেশ্যাল' সংগ্রহের কাজও চলছে। নলকূপ বসানোর কাজ এবং নলকূপ থেকে 'রাইজিং মেন লেয়িং'-এর কাজ এগিয়ে চলেছে।

এই উদ্দেশ্যে, ১৯৮১-৮২ সালের বাজেটে ৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

**রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ কর্মপ্রকল্প**

চলতি বছরে রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ কর্মপ্রকল্পের দ্বিতীয় পর্বটি অনুমোদিত হয়েছে। এ-বাবদ সংশোধিত হিসাবমতো ব্যয় হবে আনুমানিক ১,১৯২ লক্ষ টাকা। এই কর্মপ্রকল্পের জন্য প্রয়োজনীয় মালমসলা সংগ্রহ করা হচ্ছে। জলাধার, সীমানা প্রাচীর ইত্যাদি নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে। এই কর্মপ্রকল্পটির রূপায়ণ সম্পূর্ণ হলে ১,২০৪টি গ্রামের ৩ লক্ষ ২৮ হাজার ১৯১ জন মানুষকে জল সরবরাহ করা যাবে। এই কর্মপ্রকল্পের মাধ্যমে ১৪৩টি কয়লাখনিও উপকৃত হবে।

রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ কর্মপ্রকল্পের তৃতীয় পর্বের একটি অংশের কাজ শেষ হয়ে আসছে। আনুমানিক হিসাবমতো এর জন্য ব্যয় হবে ৫০ লক্ষ ৬৮ হাজার টাকা। এ সম্পর্কে ১৯৮১-৮২ সালের বাজেটে ১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

**অনাময় ব্যবস্থা**

মিরিক পর্যটন প্রকল্পের উন্নয়নের জন্য, আনুমানিক হিসাবমতো ৭ লক্ষ ৯৭ হাজার ২৬০ টাকা ব্যয়ের একটি প্রয়ঃপ্রণালী ও জলনিষ্কাশন কর্মপ্রকল্প রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছিল। ঐ কাজ এখনও চলছে। রানাঘাট মিউনিসিপ্যালিটিতে খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করার একটি কর্মপ্রকল্পের কাজও এগিয়ে চলেছে। চলতি বছরে, আনুমানিক হিসাবমতো ১ লক্ষ ৩৫ হাজার ৩১৫ টাকা ব্যয়ে বর্ধমান জেলার অন্ডালে একটি জলনিষ্কাশন কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এ-উদ্দেশ্যে ১৯৮১-৮২ সালের বাজেটে ১৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**জনস্বাস্থ্য : সংক্রামক রোগ নিয়ন্ত্রণ :**

**ম্যালেরিয়া**

ম্যালেরিয়া নির্মূলীকরণের জন্য ভারত সরকারের নির্দেশে এই রাজ্যে ১৯৭৭-৭৮ সালে একটি সংপরিবর্তিত পরিকল্পনার কাজ চালু করা হয়েছিল। যেসব অঞ্চলে ম্যালেরিয়ার প্রকোপ বেশি সেইসব অঞ্চলে মশা মারার তেল ছড়ানোর ব্যবস্থা করে এবং যথোপযুক্ত চিকিৎসার জন্য বাড়ি বাড়ি গিয়ে ম্যালেরিয়া রোগীদের খুঁজে বের করে ও হাসপাতাল পরিদর্শন করে ম্যালেরিয়া রোগকে যথার্থই নিয়ন্ত্রণে আনা এবং ঐ রোগজনিত মৃত্যুকে প্রতিহত করাই ঐ সংপরিবর্তিত নির্মূলীকরণ পরিকল্পনার লক্ষ্য। ম্যালেরিয়া রোগীর সংখ্যা যেখানে ১৯৭৯ সালে ছিল ১১,৯০৯, এই সংপরিবর্তিত নির্মূলীকরণ পরিকল্পনা গ্রহণ করার ফলে ১৯৮০ সালে তা কমে গিয়ে দাঁড়ায় আনুমানিক, ১০,৩২০-তে। কেন্দ্র-প্রবর্তিত কর্মপ্রকল্পে অর্থ সংস্থানে বর্তমানে নীতি ১৯৭৯-৮০ সাল থেকে ভারত সরকার সংশোধন করেছেন। সংশোধিত নীতি অনুসারে, জনস্বাস্থ্য ও অনাময় সম্পর্কিত কেন্দ্র-প্রবর্তিত যাবতীয় কর্মপ্রকল্পের দরুন যে ব্যয় হবে তা কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার আধাআধিভাবে বহন করবেন। ম্যালেরিয়া নির্মূলীকরণ কর্মসূচির জন্য রাজ্য যোজনায় ১০৬ লক্ষ ৩৬ হাজার টাকা এবং কেন্দ্র-প্রবর্তিত কর্মবিভাগে ঐ একই পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে।

ম্যালেরিয়া রোগে ভোগা ও ঐ রোগে মৃতুকে প্রতিরোধ করার জন্য পঞ্চায়েত ও স্বেচ্ছাসেবী সংস্থায় সহায়তায় বিভিন্ন ভূখন্ডে ও দুর্গম এলাকাগুলিতে যাতে আরও ওষুধ সরবরাহ কেন্দ্র স্থাপন করা যায় সেজন্যও প্রয়াস চালানো হবে।

**ম্যালেরিয়া সম্পর্কে গবেষণা**

ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ার জীবাণু নিয়ে বীক্ষণাগারে বৈজ্ঞানিক পরীক্ষা করার জন্য স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন মৌল গবেষণামূলক কাজকর্ম শুরু করে দিয়েছেন। শেষ পর্যন্ত এর লক্ষ্য হল ম্যালেরিয়া-প্রতিষেধক টিকা বের করা নিয়ে গবেষণা করা।

রাজ্যের কয়েকটি বিশেষ বিশেষ জায়গায় ম্যালেরিয়া রোগের প্রকোপ ক্রমাগত ছড়িয়ে পড়ায় স্বাস্থ্য অধিকারের ম্যালেরিয়া শাখা পুরুলিয়া জেলায় একটি সমীক্ষা চালিয়েছিলেন। এই সমীক্ষার উদ্দেশ্য ছিল বিশেষ ক'রে ঐ ধরনের ম্যলেরিয়া রোগে যে 'ক্লোরোকুইন' ওষুধ ব্যবহার করা হচ্ছে তা ম্যালিগ্ন্যান্ট ম্যালেরিয়ার জীবাণু প্রতিরোধের উপযোগী কি না দেখা। প্রাথমিক সমীক্ষায় দেখা যাচ্ছে যে এই 'ক্লোরোকুইন' ওষুধটি এই ধরনের জীবাণুর ক্ষেত্রে খুব একটা কাজ করছে না। নূতন দিল্লির এন. এম. ই. পি.-র অধিকর্তাকে এই সমীক্ষার ফলাফল স্বীকার করে নেওয়ার জন্য একটি বিশেষ টিম পাঠাবার জন্য অনুরোধ করা হয়েছে।

**আন্তর্জাতিক ম্যালেরিয়া-প্রতিরোধ সমন্বয় সম্মেলন**

ব্রহ্ম-ভারত বাংলাদেশ ম্যালেরিয়া-প্রতিরোধ সমন্বয় সম্মেলন ১৯৮০ খ্রীষ্টাব্দে কলকাতায় অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের আলোচ্য বিষয় ছিল ম্যালেরিয়া-প্রতিরোধ অভিযানে কোন

কোন দেশকে কি কি ধরনের সমস্যার মোকাবিলা করতে হয়েছে সেই অভিজ্ঞতা সম্পর্কে আলোচনা। পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের ভিতর দিয়ে এই অভিযানের একটি পরস্পরসম্মত পরিকল্পনা তৈরি করা হয়। এই পরিকল্পনা করা হয়েছিল এই কারণে যে আন্তর্জাতিক সীমানার যে-কোনও দিক থেকে ম্যালেরিয়া-প্রতিরোধ অভিযানের ক্ষেত্রে এইসব দেশগুলির মধ্যে যেন একটা সঙ্গতি বজায় থাকে।

**জনস্বাস্থ্য সম্পর্কে আন্তর্জাতিক কংগ্রেস**

ওয়ার্ল্ড ফেডারেশন অফ পাবলিক হেলথ অ্যাসোসিয়েশনের তৃতীয় আন্তর্জাতিক কংগ্রেস ১৯৮১ সালের ফেব্রুয়ারি মাসের ২৩ থেকে ২৬ তারিখ পর্যন্ত কলকাতায় অনুষ্ঠিত হয়। রাজ্য সরকার এই কংগ্রেসকে সমর্থন করেছেন এবং পর্যাপ্ত সহায়তাদানে পুষ্ট করেছেন। ৪০টির বেশি দেশ থেকে এবং ভারতের বিভিন্ন রাজ্য থেকে প্রতিনিধি এসে এই সম্মেলনে যোগ দেন এবং আলোচনায় অংশগ্রহণ করেন। গ্রামাঞ্চলে প্রাথমিক স্বাস্থ্য রক্ষা কর্মসূচির রূপায়ণ সম্পর্কে এই সম্মেলনে বিশদ আলোচনা হয়। এই আলোচনা মধ্য দিয়ে বিভিন্ন দেশ ঐ কর্মসূচি সম্পর্কে সম্যক জ্ঞান ও অভিজ্ঞতা লাভ করতে পারেন এবং আমাদের রাজ্যও এর থেকে বেশ উপকৃত হয়।

**ফাইলেরিয়া**

আমাদের রাজ্যে শহরাঞ্চলে ফাইলেরিয়া রোগ নিয়ন্ত্রণের জন্য রাজ্য সদরদপ্তরে ৯টি নিয়ন্ত্রণ ইউনিট এবং একটি কেন্দ্রীয় সংস্থা (ব্যুরো) কাজ চালিয়ে যাচ্ছেন। এ ছাড়াও ৪টি সার্ভে ইউনিট এবং একটি ক্লিনিক ফাইলেরিয়া রোগ নির্মূল করার উদ্দেশ্যে কাজ শুরু করেছেন। এই কর্মপ্রকল্পে সরকারি অর্থসাহায্যে চলতে থাকবে, কিন্তু এর ব্যয়ভারের ৫০ শতাংশ বহন করবেন কেন্দ্রীয় সরকার এবং বাকি ৫০ শতাংশ বহন করবেন রাজ্য সরকার।

আগামী বছরে আরও দুটি ফাইলেরিয়া ক্লিনিক খোলার কর্মসূচি রয়েছে।

৫,৪৭২ জন রোগীকে ক্লিনিকে পরীক্ষা করে ফাইলেরিয়া রোগ পাওয়া গিয়েছে। ৮,২০৯টি ক্ষেত্রে ব্লাড-স্মী[illegible] করে দেখা গিয়েছে ১৪৪টি এম. এফ. পজিটিভ।

**গুটিবসন্ত**

১৯৭৭ সালের এপ্রিল মাস থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই রাজ্যকে গুটিবসন্ত-মুক্ত হিসাবে ঘোষণা করেছেন। প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থাদি অব্যাহত রাখার জন্য সাধারণ বাজেটে অর্থ বরাদ্দ করা হয়েছে।

**রোগপ্রতিরোধশক্তি-সঞ্চারি কর্মসূচির সম্প্রসারণ**

ডিপ্‌থিরিয়া, পোলিওমেলিটিস, হুপিং কাশি, যক্ষ্মা, ধনুস্টংকার, হাম ও টাইফয়েড রোগের প্রকোপ কমিয়ে আনার জন্য এবং জেলাসমূহের নির্দিষ্ট সংস্থাগুলিতে সেন্টিনেল ইউনিট স্থাপন করে এই সমস্ত রোগের উপর সজাগ দৃষ্টি রাখার জন্য কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী রোগপ্রতিরোধশক্তি-সঞ্চারি কর্মসূচিকে সম্প্রসারিত করা হয়েছে।

ভ্যাকসিন-কে কোল্ড চেনের মাধ্যমে ভান্ডারজাত করে রাখা ও সংরক্ষণ করার ব্যবস্থাকে উন্নত করা হচ্ছে।

| | | |
|---|---|---|
| ট্রিপল অ্যান্টিজেন দেওয়া হয়েছে এমন শিশুর সংখ্যা | ... | ৪,৫১,৯৪০ |
| (২ বছর বয়স পর্যন্ত শিশুদের রোগ-বিমুক্তিকরণ) ডিপথিরিয়া ধনুস্টংকার | ... | ৪,৮৯,৩৭৩ |
| (৩ থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের রোগ-বিমুক্তিকরণ) ডিপথিরিয়া ধনুস্টংকার | ... | ৭৯,৯৬৮ |
| (৬ থেকে ১১ বছর বয়স পর্যন্ত শিশুদের রোগ-বিমুক্তিকরণ) 'টিটেনাস টক্সাইড' | ... | ৪,৭১,৮৭৪ |

জেলা স্বাস্থ্য-আধিকারিকগণকে ভারত সরকার পরিচালিত ই. পি. আই.-এর পরিচালনা ও পরিকল্পনা-সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

**কুষ্ঠ**

আমাদের রাজ্যে কুষ্ঠ রোগের নিয়ন্ত্রণের জন্য ১৯৮০-৮১ সালে যে ইউনিটগুলি খোলা হয়েছে তার একটি তালিকা রাখছি ঃ

| | | |
|---|---|---|
| কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট | ... | ৪৩ |
| এস. ই. টি. সেন্টার | ... | ৭০০ |
| কুষ্ঠ ক্লিনিক | ... | ১৬ |
| শহরাঞ্চলের কুষ্ঠ-চিকিৎসা কেন্দ্র | ... | ৫০ |
| কুষ্ঠ অনুসন্ধান কেন্দ্র (বাঁকুড়া) | ... | ১ |
| কুষ্ঠ সমীক্ষা ও কিচিৎসা কেন্দ্র | ... | ১ |
| কুষ্ঠ প্রশিক্ষণ কেন্দ্র | ... | ৩ |
| কুষ্ঠ হাসপাতাল (গৌরীপুর) | ... | (৫৫০ শয্যাবিশিষ্ট) |
| কুষ্ঠ হাসপাতাল (কালিম্পং) | .... | (১৩৫ শয্যাবিশিষ্ট) |
| টেম্পোরারি হসপিটালাইজেনশন ওয়ার্ড | ... | ৩০ |
| রিকনস্ট্রাকটিভ সার্জারি ইউনিট | ... | ৪ |

চলতি বছরের কর্মসূচিতে ভারত সরকার এই রাজ্যের জন্য যে যে ইউনিট/কেন্দ্রগুলি স্থাপন করার উদ্যোগ নিয়েছেন সেগুলি হল ঃ

| | | |
|---|---|---|
| আঞ্চলিক কুষ্ঠ ইউনিট | ... | ১ |
| শহরাঞ্চলে কুষ্ঠ কেন্দ্র | ... | ১ |
| গ্রামীণ কেন্দ্রগুলির মানোন্নয়ন | ... | ১ |

| | | |
|---|---|---|
| প্রশিক্ষণ কেন্দ্রের মানোন্নয়ন | ... | ১ |
| আঞ্চলিক কুষ্ঠ ইউনিটের মানোন্নয়ন | ... | ১ |
| ভলান্টারি বেডগুলির রক্ষণাবেক্ষণ | ... | ৪০০ |
| নন-মেডিক্যাল সুপারভাইজার পদ সৃষ্টি | ... | ১০ |
| পুরানো গাড়ি বদল | ... | ১ |
| পুরানো অণুবীক্ষণ যন্ত্র বদল | .... | ১ |
| কুষ্ঠ প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ | ... | ১ |
| টেম্পোরারি হসপিটালাইজেসন ওয়ার্ডের নির্মাণ | ... | ১ |

যে সমস্ত ইউনিট/সেন্টার এই বছর খোলার কথা এখানে বললাম সেগুলি খুব শীঘ্রই কাজ শুরু করবে বলে আশা করা যায়। আগামী বছরের কর্মসূচির জন্য ভারত সরকারের অর্থবরাদ্দের অপেক্ষা করছি।

**পশ্চিমবঙ্গে আঞ্চলিক কুষ্ঠ প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র**

ভারত সরকার যাতে তাদের নিজস্ব খরচে বাঁকুড়ার গৌরীপুর আঞ্চলিক কুষ্ঠ প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র স্থাপন করতে পারেন সেই উদ্দেশ্যে রাজ্য সরকার বাঁকুড়ার গৌরীপুরের কুষ্ঠ সম্পর্কিত অনুসন্ধান কেন্দ্র এবং সমীক্ষা ও চিকিৎসা কর্মিবৃন্দ এবং কেন্দ্রসমূহের সম্পত্তিসহ ভারত সরকারের কাছে হস্তান্তর করতে সম্মত হয়েছেন।

**কালাজ্বর**

মালদহ জেলা থেকে কালাজ্বর রোগের খবর পাওয়া গিয়েছে। বিশেষ করে হরিশচন্দ্রপুর ১নং ব্লক ও ২নং ব্লক এলাকার সীমান্তবর্তী অঞ্চলগুলিতে এই কালাজ্বর আঞ্চলিক সংক্রামক ব্যাধি হয়ে দাঁড়িয়েছে। মহামারি বিষয়ক অনুসন্ধানের ফলে জানা গিয়েছে যে, এই সমস্ত রোগ বিহার থেকে এসেছে। রিপোর্ট পাওয়া গিয়েছে, বিহার সীমান্তের কাছাকাছি মালদহ জেলার ৩৮টি গ্রামে এই কালাজ্বর ছড়িয়ে পড়েছে। মালদহ জনস্বাস্থ্য কেন্দ্রগুলিতে কালাজ্বরাক্রান্ত রোগীদের ঘরে ঘরে গিয়ে চিকিৎসার বন্দোবস্ত করা হয়েছে। কিছু রোগী মুর্শিদাবাদের সীমান্তেও এসে গিয়েছেন। এ পর্যন্ত যা খবর পাওয়া গিয়েছে তাতে জানা যায় যে ২২৭ জন রোগী কালাজ্বরে ভুগছেন এবং তার মধ্যে ৪ জন মারা গিয়েছেন। এখানকার ২৪,৭৪০ জন মানুষ যে-কোনও সময় এই রোগের কবলে পড়তে পারেন। গোটা হরিশচন্দ্রপুর এলাকায় জীবাণুনাশক ওষুধ ছড়ানো হয়েছে। স্কুল অফ্ ট্রপিক্যাল মেডিসিন থেকে একটি দল ঐ জায়গাটিতে দুবার গিয়েছেন এবং এলাকাটির উপর সজাগ দৃষ্টি রাখা হয়েছে।

**এনকেফেলাইটিস**

জাপানি এনকেফেলাইটিস বলে সন্দেহ করা হচ্ছে, বর্ধমান জেলা থেকে এমন রোগের আক্রমণের সংবাদ পাওয়া যায়। ২১.১০.৮০ তারিখে প্রথম এই রোগাক্রমণের খবর পাওয়া

যায় এবং শেষ খবর আসে ১৭.১২.৮০ তারিখে। ৬২ জন আক্রান্ত হন এবং ২৭ জন মারা যান। সমস্ত রোগীকে হাসপাতালে রাখা হয়। কয়েকটি নির্দিষ্ট দুর্বল এলাকায় ফগিং-যন্ত্রের সাহায্যে খোলা জায়গায় ম্যালাথিয়ান দিয়ে স্প্রে করার এবং বি. এইচ. সি. দিয়ে বাড়ির মধ্যে স্প্রে করার কাজ হাতে নেওয়া হয়েছিল।

| | |
|---|---|
| স্প্রে করা হয়েছে এমন বাড়ির সংখ্যা | ৪,১২৭ |
| স্প্রে করা হয়েছে এমন গবাদি পশুর আবাসস্থল | ৭৩১ |
| স্প্রে করা হয়েছে এমন শূয়োরের খোঁয়াড় | ৭৪ |

স্কুল অফ্ ট্রপিক্যাল মেডিসিন থেকে একটি দল, জাপানি এনকেফেলাটিস রোগাক্রান্ত বলে সন্দেহ হচ্ছে এ রকম রোগীদের পরীক্ষা করে দেখার জন্য বর্ধমানে গিয়েছিলেন।

ভাইরোলজিক্যাল অনুসন্ধানের সময় কয়েকটি জটিল ক্ষেত্রে জাপানি এনকেফেলাইটিস রোগ সংক্রমণের সিরোলজিক্যাল প্রমাণ খুঁজে পাওয়া গিয়েছে। বিশেষজ্ঞদের নিয়ে একটি সমীক্ষক দল গঠন করা হয়েছে। এই দলের কাজ হবে ঐ রোগ সম্পর্কে আরও গবেষণা করা।

**কলেরা**

কলেরা প্রতিরোধ ব্যবস্থার ফলস্বরূপ এই রাজ্যে কলেরা রোগের প্রকোপ কমে আসছে। এখানে রোগ কমে আসার একটি তুলনামূলক চিত্র তুলে ধরছি ঃ

| বৎসর | আক্রান্ত রোগীর সংখ্যা | মৃত্যু |
|---|---|---|
| ১৯৭৭ | ১,৭৩২ | ২৭ |
| ১৯৭৮ | ৩৭২ | ১২ |
| ১৯৭৯ | ২৮৮ | ৬ |
| ১৯৮০ | ২৬১ | ৬ |
| | মোট ২,৬৫৩ | ৫১ |

কলেরা-প্রতিরোধ ব্যবস্থাগুলি চালিয়ে যাওয়ার জন্য স্বাভাবিক বাজেটে ব্যবস্থা রাখা হয়েছে।

**যৌনাচারঘটিত রোগ**

যৌনাচারঘটিত রোগীদের রোগনির্ণয় ও চিকিৎসার জন্য ৫৩টি যৌনাচারঘটিত রোগ চিকিৎসা কেন্দ্র এবং একটি সিরোলজিক্যাল ল্যাবরেটরি রয়েছে। ১৯৭৯ সালে নূতন ও পুরানো রোগী মিলিয়ে মোট ২,১৪,৭৮৩ জন রোগীকে পরীক্ষা ও চিকিৎসা করা হয়েছে। ১৯৮১-৮২ সালে আরও দুটি যৌনাচারঘটিত রোগ-চিকিৎসা কেন্দ্র খোলার ব্যবস্থা করা হয়েছে—একটি হবে শিলিগুড়িতে এবং অন্যটি ডায়মন্ডহারবার মহকুমা হাসপাতালে।

**পোলিওমাইলিটিস**

১৯৮০ সালে রাজ্যে ২৮টি পোলিও রোগ প্রতিরোধশক্তি-সঞ্চারি কেন্দ্র ছিল। ঐ বছরে ৫৪,২৫৬টি শিশুকে নিবারণমূলক প্রতিষেধক দেওয়া হয়।

**খাদ্যে ভেজাল**

খাদ্যে ভেজাল প্রতিরোধ করার জন্য ও জনস্বাস্থ্য (খাদ্য) ল্যাবরেটরিগুলিতে সাজসরঞ্জামের ব্যবস্থা করার জন্য যে দুটি আঞ্চলিক 'স্কোয়াড' অনুমোদিত হওয়ার সম্ভাবনা রয়েছে সেগুলির রক্ষণাবেক্ষণের জন্য ১৯৮১-৮২ সালের বাজেটে অর্থসংস্থান করা হয়েছে।

**বায়ু এবং জল দূষণ**

পশ্চিমবঙ্গ জল দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ পর্ষদকে অনুদান হিসাবে প্রদানের জন্য এবং ১৯০৫ খ্রীষ্টাব্দে পশ্চিমবঙ্গ ধূমোৎপাত আইনের বিধানাবলী সমগ্র পশ্চিমবঙ্গে প্রসারিত করার ব্যয়নির্বাহের জন্য ১৯৮১-৮২ সালের বাজেটে ১৮ লক্ষ টাকা বরাদ্দ করে রাখা হয়েছে। এই আইনের বিধান সার্থকভাবে রূপায়িত করার জন্য ৫ লক্ষ ২২ হাজার টাকা ব্যয়ে যে দুটি যন্ত্র কেনার ও আমদানির অনুমোদন দেওয়া হয়েছে সেগুলি হল ধূমোৎপাত অধিকারের ল্যাবরেটরির জন্য একটি গ্যাস ক্রোমাটোগ্রাফ (সিগ্‌মা) ও একটি কমপিউটিং গ্যাস অ্যানালাইজার। এটি বসানোর পর বিভিন্ন স্থান থেকে কিভাবে বায়ু দূষিত হচ্ছে তা সুস্পষ্টভাবে স্থিরীকৃত হবে এবং ধরা পড়বে। অতিরিক্ত পরিদর্শক দল ও অন্যান্য কর্মিবাহিনী অনুমোদন করে ধূমোৎপাদ অধিকারের ইনফ্রাস্ট্রাকচারকেও শক্তিশালী করা হচ্ছে।

**সিরাম ও ভ্যাকসিন প্রস্তুতকরণ ঃ**
**ভ্যাকসিন উৎপাদন**

ভ্যাকসিন ল্যাবরেটরিটির সংস্কার সাধন করা হয়েছে আর এই ল্যাবরেটরিতে এ বছরে ২০ লক্ষ সি সি কলেরা-প্রতিষেধক ভ্যাকসিন প্রস্তুত হয়েছে। ৩.২ লক্ষ সি সি ভ্যাকসিন বিক্রি করে ২২,৫০০ টাকা আয় হয়েছিল। কারখানায় উৎপাদন বাড়ানোর জন্য বিবিধ সাজ-সরঞ্জাম আনা হয়েছে এবং ১৯৮১-৮২ সালে উৎপাদন বেড়ে ৩৫ লক্ষ সি সি হবে বলে আশা করা যায়। শীঘ্রই টিএ ভ্যাকসিন উৎপাদন শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

**জনস্বাস্থ্য ল্যাবরেটরিসমূহ**

গ্রামীণ অঞ্চল, মিউনিসিপ্যালিটি, সেনা ব্যারাক, প্রজ্ঞাপিত এলাকা ও অন্যান্য ইউনিট থেকে খাদ্য-নমুনা নিয়ে বিশ্লেষণ করা হয়েছিল। ৯৮৬টি নমুনা বিশ্লেষণ করা হয়েছিল, তার মধ্যে ২৬৭টিতে ভেজাল দেখা গিয়েছিল, অর্থাৎ ভেজালের ভাগ ২৭ শতাংশ। মোট ৭৪১ ধরনের জলের নমুনা রাসায়নিক বিশ্লেষণের জন্য পরীক্ষা করা হয়েছিল। খাদ্যসামগ্রীতে বীজাণু-নাশক চালু করার কথা সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। যে ৪০২ ধরনের জলের নমুনার উপর ব্যাকটেরিয়লজিক্যাল পরীক্ষা চালানো হয়েছে তার মধ্যে ১৫৭টি ক্ষেত্রে দেখা গেল (৩৭%) তা অসন্তোষজনক।

কলকাতায় কলেরা রোগের আক্রমণ প্রতিরোধ করার জন্য ১০০টি ওয়ার্ডের সব জায়গা থেকে জলের উৎসের নিয়মিত পরীক্ষা করা হয়েছিল। সবশুদ্ধ ৩,০৭৪ ধরনের নমুনার উপর পরীক্ষা চালানো হয়েছিল।

**পাস্তুর ইনস্টিটিউট**

১৯৮০ সালে জলাতঙ্ক রোগ নিবারণমূলক ভ্যাকসিনের উৎপাদন হয়েছিল, ৩২,৪১,৯০৮ এম. এল.। যে-সব রোগী বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে হাজির হয়েছিল তাদের চিকিৎসার জন্য উৎপাদনের শতকরা একটা বড় অংশ বিনামূল্যে সরবরাহ করা হয়েছিল। নগদ অর্থ প্রদান করে অন্যান্য রাজ্য, এজেন্সি, বেসরকারি চিকিৎসক এবং পশু-শল্যচিকিৎসকদেরও এসব সরবরাহ করা হয়েছিল। জলাতঙ্ক রোগ নিবারণমূলক ভ্যাকসিন বিক্রি করে আয়ের পরিমাণ হল ১ লক্ষ ৬শ' ৩২ টাকা।

**পশ্চিমবঙ্গে প্রসূতি ও শিশুস্বাস্থ্য কর্মসূচি**

জনসংখ্যার শতকরা ৬৩ জনই হল মা ও তাদের শিশু, যারা সমাজের সবচেয়ে বেশি অবহেলিত অংশ। তাই মায়েদের ও শিশুদের স্বাস্থ্যরক্ষামূলক সুযোগ-সুবিধাদি দেওয়ার প্রয়োজন হয়েছে। বিধ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে মা ও শিশুদের জন্য এইসব সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে। ধনুস্টংকারে আক্রান্ত প্রসূতি ও নবজাতকের মৃত্যু-সম্ভাবনা রোধ করার জন্য 'টিটেনাস টক্সয়েডে'র সাহায্যে গর্ভবতী প্রসূতিদের বিমুক্তিকরণ ব্যবস্থা নেওয়া হয়েছে। অন্তঃসত্বা মায়েদের অপুষ্টিজনিত রক্তাল্পতা নিবারণ করার জন্য আয়রণ ও ফলিক অ্যাসিড দিয়ে তৈরি ফলিকার ট্যাবলেট দেওয়া হচ্ছে। প্রতি বছর ডিপথিরিয়া, হুপিং কাশি ও ধনুস্টংকারে বহু শিশুর মৃত্যু হয়। এইসব ব্যাধি থেকে ও মৃত্যুর ঘটনা হ্রাস করার জন্য ডি. পি. টি./ডি. টি. অনাক্রম্যতাসাধক কর্মসূচির ব্যবস্থা করা হয়েছে। বিশেষ করে, শিশুদের মধ্যে মৃত্যুর হার কমানোর জন্য এই রাজ্যে নয়টি সুসংহত শিশু-বিকাশ কৃত্যককেন্দ্র কাজ চালিয়ে যাচ্ছে। এদের উদ্দেশ্য হল, ছয় বৎসর বয়স পর্যন্ত শিশু ও ১৫ থেকে ৪৪ বৎসর বয়ঃসীমার মধ্যে অন্তঃসত্বা, পালনকারি মায়েদের ও মহিলাদের জন্য সেবামূলক এক বিশেষ কর্মসূচি (যেমন, পরিপোষক পুষ্টি, বিমুক্তিকরণ ব্যবস্থা, স্বাস্থ্য পরীক্ষা ইত্যাদি) সুসংহতভাবে প্রবর্তন করা।

**ভেষজ নিয়ন্ত্রণ**

বাজারে যে-সব ওযুধ ও প্রসাধন দ্রব্য চলে সেগুলি যে নিরাপদ ও কার্যকর সেই ভরসা দিয়ে জনসাধারণের স্বার্থরক্ষা করাই হল ভেষজ নিয়ন্ত্রণ অধিকারের প্রাথমিক কাজ। এছাড়া সম্প্রতি ভেষজ নিয়ন্ত্রণ অধিকার ভেষজশিল্পের উন্নয়নসাধনে এক সক্রিয় ভূমিকা নিয়েছে। সিদ্ধা সমেত আয়ুর্বেদীয় ও ইউনানি চিকিৎসা-পদ্ধতিও রাজ্যের 'ঔষধ ও প্রসাধনী' আইনের আওতায় আনা হয়েছে। ভেজাল ওযুধের ব্যবসা দমন করার জন্য নিবারণমূলক ব্যবস্থা নিয়ে ক্রেতাসাধারণের স্বার্থরক্ষা ও সেই সঙ্গে ভেষজশিল্পের প্রসার ও উন্নয়ন যাতে গোটা পশ্চিমবঙ্গে ছড়িয়ে দেওয়া যায় সেজন্য শিলিগুড়ি বহরমপুর, বর্ধমান এবং বাঁকুড়ায় ইতিমধ্যেই চারটি আঞ্চলিক ডিভিসন অফিস খোলা হয়েছে। মহকুমা স্তর অবধি পরিদর্শক-

বাহিনীর কর্মকান্ড প্রসারিত করে এই অধিকারকে আরও শক্তিশালী করার জন্য যে কর্মপ্রকল্পটি নেওয়া হয়েছে সেটি শীঘ্রই রূপায়িত হতে চলেছে।

বাজারে যেসব ওষুধ পাওয়া যাচ্ছে তার উৎকর্ষ সম্বন্ধে সুনিশ্চিত হওয়া দরকার বলে রাজ্য সরকার মনে করেন। তা হলেই জনসাধারণ আস্থাভরে খোলা বাজার থেকে ওষুধ কিনবেন। ওষুধের গুণমান সম্পর্কে জনসাধারণকে ভরসা দেওয়া ও গুণাগুণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে আরও ভাল ও সুষ্ঠুভাবে চালানোর জন্য যে তিনটি খাদ্য ও পানীয়, ব্যাকটেরিওলজি ও ঔষধের ল্যাবরেটরিকে 'সেন্ট্রাল পাবলিক হেলথ অ্যান্ড ড্রাগস ল্যাবরেটরি' নাম দিয়ে রাজ্য সরকার একত্রিত করেছেন সেগুলি এতদিন পৃথকভাবে কাজ করছিল। আর ঔষধের নিয়ন্ত্রণ ব্যবস্থাকে সরলীকৃত করার জন্য উক্ত ল্যাবরেটরির ঔষধ বিভাগের প্রশাসন, পশ্চিমবঙ্গের ভেষজ নিয়ন্ত্রণ অধিকারের উপর ন্যস্ত করা হয়েছে। এই ল্যাবরেটরিটিকে সম্প্রসারিত করা হয়েছে। বাজারে চলতি ওষুধের উপর কড়া নজর রাখা, ঘন ঘন নমুনা পরীক্ষা ও অভিযান চালানো—এ সব রাজ্যে ভেষজের মানোন্নয়নের ইঙ্গিত দিয়েছে।

**নানার্থসাধক কর্মী ও সমাজব্যবস্থা স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ**

উচ্চ মহলে স্থিরীকৃত হওয়ার পর বেশির ভাগ জনস্বাস্থ্য ও পরিবারকল্যাণমূলক কর্মসূচিই কাজের সমন্বয় ও সংহতি ছাড়া রূপায়িত হচ্ছে। এর ফলে, একই কাজ দু'বার ধরে বা বহুবার ধরে হয় এবং তাতে কোনও উপকারই হয় না। আরও ব্যয় সংকোচক ও আবশ্যকীয় বলে যেটির কথা ভাবা হয়েছিল তা হল স্বাস্থ্য, পরিবারকল্যাণ এবং পরিপুষ্টি কৃত্যকগুলির মধ্যে যথাযথ সংহতিসাধন। সমাজের সর্বক্ষেত্রের মানুষের জন্য দক্ষ সেবার ব্যবস্থা করার জন্য বর্তমান একার্থসাধক কর্মিকূল ও অবেক্ষকগণ যাতে নানার্থসাধক এক প্রকল্পের আওতায় এসে সুষ্ঠুভাবে কাজ করতে সমর্থ হন সেজন্য তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়ার কথা আবশ্যক বলে মনে করা হয়েছিল। প্রশিক্ষণের শেষে এইসব কর্মী—যাদের উপর সুসংহত কাজের ভার ন্যস্ত হল তারা গ্রামের মানুষের সঙ্গে আরও নিবিড়ভাবে মিলিত হবেন। ১৯৮১-৮২ সালে রাজ্য যোজনায় নানার্থসাধক কর্মিকুল ও সমাজস্বাস্থ্য স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণের জন্য মোট ১৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে আর কেন্দ্র-প্রবর্তিত কর্মবিভাগেও একই বরাদ্দ রাখা হয়েছে।

রাজ্যের ১৫টি জেলার মধ্যে নদীয়া, হাওড়া, বীরভূম, মুর্শিদাবাদ, হুগলি, বর্ধমান, মালদহ ও পশ্চিম দিনাজপুর—এই আটটি জেলাকে ইতিমধ্যেই নানার্থসাধক জেলা বলে ঘোষণা করা হয়েছে। বাকি সাতটি জেলাকে শীঘ্রই এর আওতায় নিয়ে আসা হবে।

প্রাথমিক স্তরের কর্মী ও তার সঙ্গে সি. এইচ. ভি. প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশিক্ষণ ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়ার কাজ এগিয়ে চলেছে। নানার্থসাধক স্বাস্থ্যকর্মী কর্মসূচির অধীনে এ পর্যন্ত ৩৯৭ জন চিকিৎসা আধিকারিক (চিকিৎসক), ৩৮৯ জন সমাজকল্যাণ আধিকারিক, ১,৭৪৩ জন স্বাস্থ্য-পরিদর্শক এবং ৮,৫৯৫ জন স্বাস্থ্যকর্মীর প্রশিক্ষণের কাজ সম্পূর্ণ হয়েছে।

নানার্থসাধক স্বাস্থ্যকর্মীদের (নারী) প্রশিক্ষণ দেওয়ার জন্য ১৯টি বর্তমান প্রশিক্ষণকেন্দ্রের (২টি বেসরকারি কেন্দ্র সমেত) সঙ্গে আরও ৭টি নূতন কেন্দ্র খোলা হয়েছে। এই কেন্দ্রগুলিতে

১,২০০-র কাছাকাছি যেসব মহিলা শিক্ষার্থীদের বর্তমানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তারা ১৯৮১ সালের মে মাসে শিক্ষান্তে বেরিয়ে আসবেন। এ ছাড়া, স্থিরীকৃত মাপকাঠি অনুসারে ভাগ ভাগ করে ১৫টি জেলার ৭৪টি নির্বাচিত পি. এইচ. সি.-তে এবং কল্যাণীর গ্রামীণ প্রশিক্ষণ কেন্দ্রে প্রাথমিক স্তরের কর্মীদের প্রশিক্ষণ ছাড়াও জলপাইগুড়ি, কল্যাণী, কলকাতার বৌবাজারে অবস্থিত ৩টি স্বাস্থ্য ও এফ. ডব্লিউ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীদের আবক্ষামূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

গ্রামের মানুষকে সুষ্ঠুভাবে প্রাথমিক স্বাস্থ্যরক্ষার সুবিধাদি দেওয়ার জন্য জনসাধারণের অংশগ্রহণ এবং সরাসরি যোগাযোগ আবশ্যক বলে গণ্য করা হয়েছিল, আর তা মনে রেখেই ১৯৭৭ সালের অক্টোবর মাসে এ রাজ্যে শুরুতে প্রতি জেলায় ১টি করে ১৫টি নির্বাচিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খুলে সমাজস্বাস্থ্য স্বেচ্ছাসেবক কর্মপ্রকল্পটির সূচনা করা হয়েছিল। রাজ্যের ৩৩৫টি ব্লকের সব ক'টিতেই বর্তমানে এই কর্মপ্রকল্পটি সম্প্রসারিত করা হয়েছে।

এ পর্যন্ত প্রায় ১২,০০০ সি. এইচ. ডি.-কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং এই ক্ষেত্রে তারা কাজ করে যাচ্ছেন। আরও ৩,০০০-এর মতো প্রশিক্ষণার্থী ১৯৮১ সালের মার্চ মাসের মধ্যেই বেরিয়ে আসবেন।

মুর্শিদাবাদ, নদীয়া ও বীরভূম জেলার প্রায় প্রতিটি গ্রামকেই এই কর্মপ্রকল্পের আওতায় নিয়ে আসা হয়েছে।

**নিরাময়মূলক ব্যবস্থা**

চিকিৎসা কর্মপ্রকল্পসমূহের জন্য রাজ্যের ষষ্ঠ বার্ষিক যোজনার পরিমাণ এখনও নির্ধারিত হয়নি। এই অবস্থার মধ্যেই স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগ ১৯৮১-৮২ সালের জন্য চিকিৎসা সম্পর্কিত কর্মপ্রকল্প রচনা করতে প্রয়াসী হয়েছেন।

**স্বাস্থ্যকেন্দ্র ও গ্রামীণ হাসপাতাল**

গ্রামীণ স্বাস্থ্যপ্রকল্পসমূহ সম্প্রসারণের কর্মসূচি মিনিমাম নিডস প্রোগ্রামের অন্তর্ভুক্ত।

চলতি আর্থিক বছরে ১৫টি গ্রামীণ হাসপাতাল, ২০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৫০টি সহায়ক আগামী বছরের কর্মসূচিতে ২৫টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৪৫টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র ১,০০০টি উপ-কেন্দ্র ও ৩০টি গ্রামীণ হাসপাতাল খোলার ব্যবস্থা আছে। এ পর্যন্ত ৩২৮টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৮২৮টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ১,৫০২টি উপ-কেন্দ্র (পরিবার কল্যাণ উপ-কেন্দ্র সহ) ও ১৩টি গ্রামীণ হাসপাতাল স্থাপন করা সম্ভব হয়েছে। ৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ২৪টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র ও ১৫টি গ্রামীণ হাসপাতাল নির্মাণের কাজ এগিয়ে চলেছে। এ ছাড়া বাড়িভাড়া করে সেখানে উপ-কেন্দ্র খোলার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। যেসব হাসপাতাল সমাজের দরিদ্রতর শ্রেণীর অধিকাংশ পীড়িত মানুষের চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন মেটায় সরকার সেইসব হাসপাতালের বহির্বিভাগকে আরও বেশি জোরদার করার সিদ্ধান্ত নিয়েছেন। ঐ সব হাসপাতালে রোগনির্ণয় সম্পর্কিত সুযোগ-সুবিধা আরও বৃদ্ধি করা হবে। এই সিদ্ধান্ত অনুসারে এস. এস. কে. এম. হাসপাতালে বহির্বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসা-ব্যবস্থা বিকেল

৪টা পর্যন্ত করা হয়েছে। নীলরতন সরকার হাসপাতালে ও টালিগঞ্জের এম আর বাঙ্গুর হাসপাতালে বহির্বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসা-ব্যবস্থা বিকেল ৩টা থেকে ৬টা অবধি চালু করা হয়েছে। কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের বহির্বিভাগ বিকেল ২টা থেকে ৪-৩০ মিঃ পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা মঞ্জুর হয়েছে। জনসাধারণ যাতে সকাল থেকেই চিকিৎসার সুযোগ পেতে পারেন সেই জন্য কিছু কিছু হাসপাতালে বহির্বিভাগীয় কাজের সময় বাড়িয়ে দেওয়া হচ্ছে। প্রতিটি জিলা হাসপাতালে সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত একটানা খুলে রেখে বহির্বিভাগীয় চিকিৎসার জন্য অর্থ বরাদ্দ পূর্বেই করা হয়েছে আগামী বছরে মহকুমা হাসপাতাল ও বাকি শিক্ষণ-হাসপাতালগুলিকে এর আওতায় এনে এই ব্যবস্থা কার্যকর করা হবে।

শহরাঞ্চলে চিকিৎসার সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য বহির্বিভাগীয় ক্লিনিক এবং গ্রামাঞ্চলে ভ্রাম্যমান চিকিৎসা ইউনিট গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বছরে পুরুলিয়া ও পশ্চিম দিনাজপুর জেলায় গ্রামাঞ্চলের জন্য দুটি ভ্রাম্যমান চিকিৎসা ইউনিট মঞ্জুর করা হয়েছে। আগামী বছরে এ রকম আরও দুটি ইউনিট গড়ে তোলা হবে।

সি. এম. ডি. এ.-র সঙ্গে পরামর্শক্রমে সরকার একটি সুসংহত সমাজ স্বাস্থ্যরক্ষা কর্মপ্রকল্প মঞ্জুর করেছেন। এই কর্মপ্রকল্প প্রণয়নের উদ্দেশ্য হল কলকাতা কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডের বস্তিবাসীদের জন্য সুসংহত একটি স্বাস্থ্য কর্মসূচি রূপায়ণ করা। ঐ কর্মসূচি অনুসারে, শহর সমাজ স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করে রোগ-প্রতিরোধ, রোগ-নিরাময়, প্রসূতি ও শিশু স্বাস্থ্যরক্ষা এবং পরিবার-কল্যাণমূলক কাজকর্ম চালিয়ে যাওয়া হবে। তাছাড়া রোগনির্ণয় এবং হাসপাতালে ভর্তির জন্য রোগীদের শহর সমাজ স্বাস্থ্যকেন্দ্র থেকে বর্তমান হাসাপাতালগুলিতে পাঠানোর ব্যবস্থাও এই কর্মসূচির মধ্যে রয়েছে।

এই কর্মপ্রকল্প অনুসরণক্রমে প্রথম পর্যায়ে, কলকাতা কর্পোরেশনের সাতটি ওয়ার্ডে তিনটি আঞ্চলিক শহর স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হচ্ছে। এগুলির সঙ্গে তিনটি শহর সমাজ স্বাস্থ্যকেন্দ্র যুক্ত থাকবে। এছাড়া ঐ সাতটি ওয়ার্ডে আরও ১১টি শহর সমাজ স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হচ্ছে।

এ বছর কুচবিহার ও পুরুলিয়া জেলা হাসপাতালে মনোরোগের চিকিৎসার জন্য দুটি ক্লিনিক স্থাপন করা হয়েছে। আগামী বছর এ রকম আরও দুটি ক্লিনিক গড়ে তোলা হবে।

**হাসপাতালের শয্যা :** ১৯৭৯-৮০ সালের শেষে এই রাজ্যে অনুমোদিত শয্যার সংখ্যা ছিল ৫৩,০০০ (শহরাঞ্চলে ৩৭,০০০ এবং গ্রামাঞ্চলে ১৫,৭০০)। অর্থাৎ জনসংখ্যার হিসাবের ভিত্তিতে প্রতি ১,০০০ জনের জন্য শয্যা ছিল একটি। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, ঐ বছরের শেষে মোট জনসংখ্যা গিয়ে দাঁড়িয়েছিল ৫ কোটি ১৫ লক্ষ। ১৯৮৪-৮৫ সালের শেষে জনসংখ্যা ৫ কোটি ৭৪ লক্ষে গিয়ে দাঁড়াবে। ঐ হার বজায় রাখার উদ্দেশ্যে এবং শহরাঞ্চল ও গ্রামাঞ্চলের স্বাস্থ্যসম্পর্কিত ব্যবস্থার মধ্যে এই তারতম্য হ্রাস করতে ১৯৮০-৮৫ এই পঞ্চবার্ষিক যোজনাকালের মধ্যে রাজ্যসরকার গ্রামাঞ্চলে অন্তত সাড়ে সাত হাজার নূতন শয্যা এবং শহরাঞ্চলে সাড়ে চার হাজার নূতন শয্যার ব্যবস্থা করার প্রস্তাব রেখেছেন। চলতি আর্থিক বছরের শেষে যে ক্ষেত্রে ১,৪০০ শয্যা (শহরাঞ্চলে ৬৫০ ও গ্রামাঞ্চলে ৭৫০)

খোলার জন্য অনুমোদন করা হবে বলে মনে করা হচ্ছে, সে জায়গায় আগামী বছরে ১,৮৫০টি নূতন শয্যা (শহরাঞ্চলে ৯০০ ও গ্রামাঞ্চলে ৯৫০) খোলা যাবে বলে আশা করা যায়। এই বছরের শেষে এই রাজ্যে শয্যার মোট সংখ্যা গিয়ে দাঁড়াবে প্রায় ৫৬,০০০ (শহরাঞ্চলে ৩৭,৭০০ এবং গ্রামাঞ্চলে ১৮,৩০০)।

**নূতন হাসপাতাল ঃ** এ বছর চিকিৎসার সুযোগ-সুবিধা প্রসারিত করার জন্য মেদিনীপুর জেলার খড়গপুরে ২৫০টি শয্যাবিশিষ্ট একটি নূতন জেনারেল হাসপাতাল স্থাপন করা হয়েছে। পুরুলিয়া জেলার রঘুনাথপুরে ৬৮টি শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণের কাজ শেষ হওয়ার মুখে। আশা করা যাচ্ছে এই হাসপাতালটি এ বছরই খোলা যাবে।

এ ছাড়া ৬০টি শয্যাবিশিষ্ট হাবড়া গ্রামীণ হাসপাতালটিকে একটি ১৩১টি শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে পরিণত করার আদেশ মঞ্জুর করা হয়েছে।

নৈহাটিতে ১৩১টি শয্যাবিশিষ্ট জেনারেল হাসাপাতাল এবং দক্ষিণ হাওড়ায় ১৩১টি শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল নির্মাণের কাজ এগিয়ে চলেছে। এই হাসপাতাল দুটি সামনের বছর খোলার ব্যবস্থা করা হচ্ছে। আশা করা যায় যে এই সব প্রান্তিক হাসপাতাল খোলা হয়ে গেলে কলকাতার হাসপাতালগুলির উপর চাপ অনেকটা কমে যাবে যার ফলে কলকাতার হাসপাতালগুলিতে রোগীরা চিকিৎসার আরও ভালও সুযোগ পাবেন।

মনোরোগগ্রস্ত রোগীদের হাসপাতালে ভর্তি হওয়ার এবং চিকিৎসার সুযোগ যাতে আরও বাড়ানো যায় সেইজন্য বহরমপুরে ৩৫০টি শয্যাবিশিষ্ট একটি মানসিক হাসপাতাল খোলার জন্য অনুমোদিত হয়েছে। বর্তমানে এটি ১০০টি শয্যা নিয়ে হতে চলেছে। আশা করা যাচ্ছে আগামী বছরে এখানে আরও ১০০টি শয্যা খোলা যাবে।

ঝাড়গ্রামে আরও একটি মনোরোগগ্রস্ত রোগীদের হাসপাতাল খোলার কর্মসূচি নেওয়া হয়েছে।

যক্ষ্মারোগীদের হাসপাতালে ভর্তি হওয়া এবং তাদের চিকিৎসার সুযোগ সম্প্রসারিত করার জন্য এ বছর দার্জিলিং যক্ষ্মা হাসপাতালে অতিরিক্ত ২০টি শয্যা খোলা হয়েছে। জেলা হাসপাতালগুলিতে আরও ১০০টি শয্যা খোলার কর্মসূচি নেওয়া হয়েছে।

এ ছাড়া যক্ষ্মারোগীদের চিকিৎসার জন্য এ বছর বারুইপুর এবং ক্যানিং-এ বহির্বিভাগীয় ক্লিনিক খোলা হয়েছে। আগামী বছরে এ রকম আরও কয়েকটি ক্লিনিক খোলা হবে। তুফানগঞ্জে ও মাথাভাঙ্গায় একটি করে মহকুমা-হাসপাতাল নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। মেখলিগঞ্জে একটি মহকুমা-হাসপাতাল নির্মাণের জন্য এ বছর এই বিভাগের হাতে জমি এসেছে। মানিকতলাতে ১০০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল, ২৪-পরগনা জেলার হাবড়াতে ৬০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল, সল্টলেকে ২৫০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল এবং রিজেন্ট পার্কে ১০০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

এ বছর বীরভূম জেলার বোলপুরে ১২৫টি শয্যাবিশিষ্ট হাসপাতাল, জলপাইগুড়ি জেলার বীরপাড়াতে ১০০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল এবং নদীয়া জেলার চাকদহে ১৩১টি শয্যাবিশিষ্ট

হাসপাতাল নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। আশা করা যায় যে আগামী বছর ভাটিবাড়ি, আমতলাহাট, বেলুড়, হায়দারপাড়া, দমদম, সুভাষনগর, গার্ডেনরিচ, গড়িয়া এবং মাদারিহাটে নতুন হাসপাতাল নির্মাণের প্রশাসনিক অনুমোদন দেওয়া হবে। নতুন ব্লক নির্মাণ করে দার্জিলিং, জলপাইগুড়ি, মালদা, তমলুক, ঝাড়গ্রাম, কৃষ্ণনগর (শক্তিনগর), বাঁকুড়া, বর্ধমান, জঙ্গিপুর প্রভৃতি স্থানের হাসপাতালগুলিকে সম্প্রসারিত করা হচ্ছে।

এ বছর কল্যাণীর গান্ধী মেমোরিয়াল হাসপাতালে ৬টি শয্যাবিশিষ্ট ইনটেনসিভ করোনারি কেয়ার ইউনিট খোলা হয়েছে।

অনতিবিলম্বে মেদিনীপুর, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, নদীয়া, পুরুলিয়া ও বালুরঘাটের জেলা হাসপাতালগুলিতে সুসংহত শুশ্রূষ ইউনিট (ইনটেনসিভ কেয়ার ইউনিট) খোলার ব্যবস্থা করা হচ্ছে। ঘন ঘন বিদ্যুত-সরবরাহ বন্ধ থাকার ফলে উদ্ভূত পরিস্থিতির মোকাবিলা করার জন্য প্রায় সমস্ত বড় বড় হাসাপাতালগুলিতে পর্যায়ক্রমে জেনারেটার বসানোর কর্মসূচি চালিয়ে যাওয়া হচ্ছে।

**সরকারি কর্মচারিদের চিকিৎসার জন্য হাসপাতাল**

কেবলমাত্র সরকারি কর্মচারিদের চিকিৎসার জন্য কলকাতায় একটি হাসপাতাল স্থাপনের বিষয়টি এই বিভাগের বিবেনচাধীন আছে।

**উত্তরবঙ্গে ক্যানসার গবেষণা কেন্দ্র ঃ** উত্তরবঙ্গের জেলাগুলিতে ক্যানসার রোগনির্ণয় ও ক্যানসার চিকিৎসার কোনও রকম সুযোগ-সুবিধা নেই। সরকার তাই শুশ্রুতনগরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালের চত্বরে একটি ক্যানসার গবেষণা কেন্দ্র স্থাপনের বিষয়টি মঞ্জুর করেছেন। এই গবেষণা কেন্দ্রের স্থান সংকুলানের জন্য প্রয়োজনীয় ভবনটির নির্মাণকার্য চলেছে।

**ব্লাড ব্যাঙ্ক**

এ রাজ্যে রক্তদান ব্যবস্থা আরও সম্প্রসারিত করা হচ্ছে। সমস্ত জেলা হাসপাতালে এবং কিছু কিছু মহকুমা হাসপাতালে ইতিমধ্যেই ব্লাড ব্যাঙ্ক স্থাপিত হয়েছে। এ বছর ব্যারাকপুর, ঝাড়গ্রাম, আরামবাগ এবং বারাসতের মহকুমা হাসপাতালগুলিতে এবং টালিগঞ্জের এম. আর. বাঙ্গুর হাসপাতালে পাঁচটি নতুন ব্লাড ব্যাঙ্ক মঞ্জুর করা হয়েছে।

দুর্গাপুর, কাটোয়া, উলুবেড়িয়া এবং ঘাটালে আরও চারটি ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা হবে। এ ছাড়াও, কাজের আরও উন্নতির জন্য জেলা হাসপাতালগুলিতেও ব্লাড ব্যাঙ্কের উন্নয়নের চেষ্টা করা হচ্ছে।

**চক্ষুরোগ নিবারণ এবং দৃষ্টিহীনতা নিয়ন্ত্রণ**

চক্ষুরোগ নিবারণ এবং দৃষ্টিহীনতা নিয়ন্ত্রণের জন্য ভারত সরকার যে জাতীয় কর্মসূচি গ্রহণ করেছেন তার মূল উদ্দেশ্য হল জনসাধারণের মধ্যে চক্ষুরোগের চিকিৎসা, চক্ষুরোগ নিরাময় ও নিবারণ এবং দৃষ্টিহীনতা অপনয়ন করা এবং দৃষ্টিহীন ব্যক্তিদের দৃষ্টিশক্তি ফিরিয়ে আনা। এই কর্মসূচির অধীনে রাজ্য সরকার কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে

২৫০টি শয্যাবিশিষ্ট একটি আঞ্চলিক চক্ষুরোগ চিকিৎসাকেন্দ্র স্থাপন করেছেন। একই সঙ্গে নির্বাচিত ২০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ২৮টি চক্ষুরোগ-চিকিৎসা সহায়কের পদ মঞ্জুর করেছেন ও এই কর্মসূচির অধীনে নির্বাচিত আটটি জেলা হাসপাতালের মানোন্নয়নের বিষয়টিও মঞ্জুর করেছেন। তাছাড়া তিনটি ভ্রাম্যমান ইউনিট স্থাপনের প্রস্তাবও মঞ্জুর করা হয়েছে। তার একটি আঞ্চলিক চক্ষুরোগ-চিকিৎসাকেন্দ্রের সঙ্গে যুক্ত, একটি বাঁকুড়া সম্মিলনি মেডিক্যাল কলেজ এবং একটি উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত। এই ইউনিটগুলি গ্রামাঞ্চলের সুদূর প্রান্ত পর্যন্ত চক্ষুরোগ শুশ্রূষার কাজে নিয়োজিত থাকবে। এই বছরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসাপাতালের চক্ষুরোগ-চিকিৎসা বিভাগটিকে উন্নত করে চক্ষুরোগীদের জন্য অতিরিক্ত ৪৫টি শয্যা উদ্বোধনের একটি কর্মসূচি মঞ্জুর করা হয়েছে। এ ছাড়া বাঁকুড়া সম্মিলনি মেডিক্যাল কলেজের চক্ষুরোগচিকিৎসা বিভাগটিকেও উন্নত করে চক্ষুরোগীদের জন্য অতিরিক্ত ৪৫টি শয্যা উদ্বোধনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী বছরে আরও একটি মেডিক্যাল কলেজকে, এই কর্মসূচির অধীনে আনা যাবে বলে আশা করা যাচ্ছে।

**শিক্ষা ও প্রশিক্ষণ**

এম. বি. বি. এস. কোর্সের জন্য কলকাতার চারটি সরকারি মেডিক্যাল কলেজ এবং বাঁকুড়া সম্মিলনি মেডিক্যাল কলেজ মিলিয়ে মেটা ৬৫৫টি আসন আছে। বর্ধমান মেডিক্যাল কলেজ আগে বিশ্ববিদ্যালয়ের পরিচালনাধীন ছিল কিন্তু রাষ্ট্রয়ত্ত হবার পর এটি একটি সরকারি মেডিক্যাল কলেজ হিসাবে চলছে। শুশ্রুতনগরে অবস্থিত উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিক্যাল কলেজও সরকার অধিগ্রহণ করেছেন এবং এটিও বর্তমানে সরকারি মেডিক্যাল কলেজ হিসাবে চলছে। বর্তমানে এ রাজ্যে এম. বি. বি. এস. কোর্সের জন্য মোট ৭৫৫টি আসন আছে।

মেডিক্যাল কলেজগুলিকে সমাজ-স্বাস্থ্য কর্মসূচির আওতায় নিয়ে এসে মেডিক্যাল শিক্ষা ব্যবস্থাকে নূতন করে ঢেলে সাজানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কর্মপ্রকল্পটি চালু করা হচ্ছে। প্রত্যেকটি মেডিক্যাল কলেজের সঙ্গে ৩টি করে সমষ্টি উন্নয়ন ব্লক যুক্ত থাকবে এবং সেই ব্লকগুলিতে জনস্বাস্থ্য রক্ষার সম্পূর্ণ বিষয়টি যাতে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের ফ্যাকাল্টির দায়িত্ব হয় তা সুনিশ্চিত করবার জন্য প্রশাসনিক বন্দোবস্ত করা হবে। জনস্বাস্থ্য ও অন্যান্য কর্মী ঐ বিষয়ে ফ্যাকাল্টিকে সাহায্য করবেন। এই কর্মসূচির অধীনে আবাসিক ছাত্রছাত্রীদের জন্য বড় শয়নকক্ষ বিশিষ্ট একটি ছাত্রাবাস, সেমিনার কক্ষ, পরমার্শদানের জন্য কক্ষ রান্নাঘর, খাবার জায়গা, উচ্চ শ্রেণীর কর্মী ও চতুর্থ শ্রেণীর কর্মীদের জন্য আবাসন ইত্যাদির জন্য মোট ৯৮.০০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এ ছাড়া, এই কর্মপ্রকল্পের আওতায় যে ২১টি ব্লককে আনা হয়েছে, তার প্রত্যেকটির সঙ্গে একটি করে যুক্ত করে মোট ২১টি ভ্রাম্যমান ক্লিনিকের অনুমোদন দেওয়া হয়েছে। মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ার প্র-নিয়মাবলী অনুযায়ী মেডিক্যাল কলেজগুলির পরিচালন ব্যবস্থার উন্নতির এবং সেখানকার কর্মীসংখ্যা বাড়ানোর ব্যবস্থা করা হয়েছে।

বর্তমান শিক্ষাবর্ষ (১৯৮০-৮১) থেকে যে সমস্ত ছাত্র (যারা পশ্চিমবঙ্গ হেলথ সার্ভিসভুক্ত এবং যারা ঐ সার্ভিসভুক্ত নয়) এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, ফরেনসিক এবং স্টেট মেডিসিন, প্রিভেন্টিভ এবং সোশ্যাল মেডিসিন, মাইক্রো বায়োলজি, প্যাথলজি এবং

ব্যাকটেরিওলজি, বায়োকেমিস্ট্রি এবং অ্যানেসথেকিওলজি বিষয় নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি হয়েছেন, তাদের প্রত্যেককে ৫০০.০০ টাকা করে বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আর সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, যে সমস্ত ছাত্র মেডিসিন, সার্জারি অবস্টেট্রিক্স এবং গায়নোকোলজি বিষয়ে উক্ত কোর্সে ভর্তি হয়েছেন, তাদের প্রত্যেককে বর্তমান বর্ষ থেকে ৪০০.০০ টাকা করে বৃত্তি দেওয়া হবে।

**কমিউনিস্টি মেডিক্যাল সার্ভিস কোর্স**

মহাশয়, স্বাধীনতার তেত্রিশ বছর পরেও সমাজের সর্বস্তরে বিশেষত গ্রামের জনসাধারণের জন্য স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার সুযোগ প্রদান করা সম্ভব হয়নি। পরিসংখ্যান অনুযায়ী বর্তমানে এ রাজ্যে ১,৭০০ লোকপিছু একজন করে শিক্ষিত চিকিৎসক রয়েছেন। কিন্তু এই সমস্ত চিকিৎসকদের বেশির ভাগই রয়েছেন শহরাঞ্চলে। অথচ গ্রামাঞ্চলে, এমনকি প্রতি ১০,০০০ লোকপিছুও একজন করে শিক্ষিত ডাক্তার নেই।

যথাসাধ্য চেষ্টা সত্ত্বেও প্রান্তিক চিকিৎসাগুলিতে চিকিৎসকের চিরন্তন অভাব দূর করা যায়নি। ১৯৭৯ এবং ১৯৮০ সালে পাব্লিক সার্ভিস কমিশন চাকরির জন্য যে ১,১৩৬ জন চিকিৎসকের নাম সুপারিশ করেছিলেন, তাদের প্রত্যেককেই নিয়োগপত্র দেওয়া হয়েছিল। কিন্তু, কেবলমাত্র ৩৭৩ জন চাকুরিতে যোগ দিয়েছিলেন এবং ১২৬ জন চিকিৎসকের অ্যাড-হক নিয়োগ নিয়মিত করা হয়েছিল। আমার দপ্তরের অনুরোধে পাব্লিক সার্ভিস কমিশন পুনরায় ৬০৫টি পদে চিকিৎসক নিয়োগ এবং উপযুক্ত প্রার্থীদের নিয়ে একটি প্যানেল তৈরির জন্য বিজ্ঞাপন দিয়েছেন। চরম ঘাটতি মেটানোর জন্য ৬৩০ জন চিকিসককে অ্যাড-হক নিয়োগপত্র দেওয়া হয়েছে এবং এর মধ্যে মাত্র ২১৭ জন চিকিৎসক কাজে যোগদান করেছেন।

এ ব্যাপারে উল্লেখ্য যে, এই সমস্ত নির্বাচিত প্রার্থীদের অধিকাংশেরই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চিকিৎসক হিসাবে যোগাদান করার কথা ছিল। কিন্তু গ্রামাঞ্চলে চাকুরি করার ব্যাপারে এই সমস্ত চিকিৎসকের অনীহা থাক বা না থাক এদের সেখানে কাজে যোগ না দেওয়ার ফলে গ্রামাঞ্চলের জনসাধারণের চিকিৎসার যেটুকু সুযোগ পাওয়ার কথা, সেটা তারা পাচ্ছে না। স্বভাবতই সরকারকে গ্রামীণ জনসাধারণের প্রয়োজনভিত্তিক চিকিৎসকের কথা ভাবতে হচ্ছে। এদেরকে এমনভাবে প্রশিক্ষণ দেওয়া হবে যাতে তারা প্রধানত জনসাধারণের সার্বিক স্বাস্থ্য উন্নয়নে ব্রতী হবেন, রোগ-প্রতিরোধ ব্যবস্থা জোরদার করবেন, সংক্রামক ব্যাধি প্রতিরোধে সাহায্য করবেন আর পারবেন সাধারণ ও মামুলি রোগের চিকিৎসা করতে। এই উদ্দেশ্যেই সরকার তিন বছরের শিক্ষাক্রমের একটি 'কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স' বা জনস্বাস্থ্য চিকিৎসা পাঠ্যক্রম চালু করেছেন। এই সমস্ত গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র এবং ডিসপেনসারিতে উপযুক্ত চিকিৎসক নেই সেই সমস্ত জায়গায়, এই সকল ডিপ্লোমালব্ধ চিকিৎসককে নিয়োগ করা হবে এবং তারা প্রাথমিক স্বাস্থকেন্দ্রে নিযুক্ত চিকিৎসকদের সহায়ক বা পরিপূরক হবেন। এই উদ্দেশ্যে দার্জিলিং, বালুরঘাট, জলপাইগুড়ি, পুরুলিয়া, মেদিনীপুর ও বহরমপুরে ছয়টি কেন্দ্র চালু করার ব্যবস্থা করা হয়েছে। কমিউনিটি মেডিক্যাল সার্ভিসের এই ডিপ্লোমা কোর্সের পাঠ্যক্রম স্টে মেডিক্যাল ফ্যাকাল্টি তৈরি করেছেন চিকিৎসাক্ষেত্রে কজন প্রখ্যাত বিশেষজ্ঞ এবং শিক্ষকের পরামর্শ নিয়ে। এই সমস্ত জনস্বাস্থ্য চিকৎসকগণ ত্রি-স্তর বিশিষ্ট একটি প্রাথমিক

স্বাস্থ্যব্যবস্থার নেতৃত্ব দেবেন যার প্রাথমিক স্তরে থাকবেন গ্রামীণ জনস্বাস্থ্য স্বেচ্ছাসেবকেরা এবং মধ্যস্তরে থাকবেন বহুমুখী স্বাস্থ্যকর্মী এবং নার্সরা।

**পল্লী অঞ্চলে দন্তচিকিৎসা-শিক্ষা ব্যবস্থার উন্নতি ঃ** পল্লী অঞ্চলে দন্ত চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণের উদ্দেশ্যে এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে দন্ত চিকিৎসাকেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে।

**পরিষেবা প্রশিক্ষণ**

পরিষেবার কাজকে সম্প্রসারিত করা এবং ধাত্রীবিদ্যা শিক্ষা ব্যবস্থাকে জোরদার করার প্রয়াস ও এ বছর চালিয়ে যাওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ পরিষেবা কৃত্যকের অধীনে ৩১শে ডিসেম্বর, ১৯৮০ তারিখে নার্সের মোট সংখ্যা ছিল ১৫,৯২৪। এর মধ্যে প্রশিক্ষণপ্রাপ্ত নন এরকম নার্স সহ সমস্ত শ্রেণীর নার্সকে ধরা হয়েছে। চলতি বছরে সাধারণ পরিষেবার কাজ করছেন এমন ২৪৯ জন যোগ্যতাসম্পন্ন ধাত্রীকে ২য় বর্গীয় কর্মী হিসাবে, ৪৭৮ জন যোগ্যতাসম্পন্ন সহায়ক নার্স-তথা-ধাত্রীকে ৩য় বর্গীয় সহায়ক-তথা-ধাত্রী হিসাবে এবং ৫ জন স্নাতককে ১ম বর্গীয় (২য়) ধাত্রী হিসাবে নিযুক্ত করা হয়েছে। প্রশিক্ষণ নিচ্ছেন এরকম মোট ছাত্রী সংখ্যা হল ঃ

| | | |
|---|---|---|
| সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা | ... | ১,৫২০ জন |
| সহায়ক পরিষেবা ও ধাত্রীবিদ্যা | ... | ২০০ জন (পুরাতন) |
| মহিলা নানার্থসাধক স্বাস্থ্যকর্মী | ... | ১,২৭০ জন |
| পরিবার-কল্যাণ বিষয়ে মহিলা প্রত্যক্ষ কর্মী/মূল্যায়ন কর্মী | ... | ৫৮৬ |

এ বছর সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা প্রশিক্ষণের জন্য ৩৪৩ জন ও মহিলা নানার্থসাধক কল্যাণ বিষয়ক মহিলা প্রত্যক্ষ/মূল্যায়ন কর্মীকে সহায়ক পরিষেবা ও ধাত্রীবিদ্যা শিক্ষাক্রমে ১১/২ বছর প্রশিক্ষণ নেওয়ার জন্য প্রেরণ করা হয়েছে।

১৯৭৯-৮০ থেকে চালু ৭টি নূতন সহায়ক পরিষেবা ও ধাত্রীবিদ্যা শিক্ষণকেন্দ্রে এবং ১৫৮৫টি সিটযুক্ত মোট ২৬টি ঐরূপ কেন্দ্রে প্রতি ৫ হাজার জনসংখ্যা পিছু একজন নার্সের প্রয়োজন মেটাতে মহিলা নানার্থসাধক কর্মী-শিক্ষণ প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। ২০০ জন নার্সকে পরবর্তী উচ্চপদে সিনিয়রিটির ভিত্তিতে উন্নীত করা হয়েছে। মহিলা নানার্থসাধক কর্মী প্রশিক্ষণের জন্য ছাত্রী নির্বাচন ব্লকভিত্তিক এবং সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা শিক্ষণের জন্য ছাত্রী নির্বাচন আঞ্চলিক ভিত্তিতে করা হয়েছে। তাছাড়া, শিশুকল্যাণের 'রিপ্রেসার কোর্স' চালু করা হয়েছে।

নূতন পাঁচটি নার্স-প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থা, বর্তমানে চালু পাঁচটি ঐরূপ কেন্দ্রের সম্প্রসারণ, কলেজ অফ নার্সিং-এ শিক্ষণ/প্রশাসন বিষয়ে পোস্ট-সার্টিফিকেট কোর্স প্রবর্তন, সংক্ষিপ্ত বি. এস. সি. (নার্সিং) কোর্স চালু, ২৪-পরগনা জেলার হাবড়াতে ও হুগলি জেলার

রাধানগর ও সিঙ্গুর-এ হাতে-কলমে কাজ করার ব্যবস্থা এবং সম্প্রসারিত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালন ইত্যাদির জন্য পরিষেবা অধিকারকে শক্তিশালী করার ব্যবস্থা রাখা হয়েছে। কলেজ অফ নার্সিং-এর উন্নতি সাধনও করা হচ্ছে।

**স্বাস্থ্য ও প্যারা-মেডিক্যাল কর্মীদের প্রশিক্ষণ**

"রুর‍্যাল রি-ওরিয়েন্টেশন" প্রকল্পাধীনে আমরা স্টাইপেন্ডেয়ারি জুনিয়ার হাউস স্টাফদের ৩ মাসের শিক্ষণের জন্য জেলা, মহকুমা এবং কলকাতার বাইরে অবস্থিত হাসপাতালে দলগতভাবে পাঠাবার চিন্তা করছি। এই ব্যবস্থায় এক একটি দলে মোট সংখ্যার এক চতুর্থাংশের বেশি শিক্ষার্থী থাকবে না।

স্বাস্থ্যরক্ষার সুযোগ-সুবিধার জন্য যে সব ব্যবস্থা করা হয়েছে তা যথাস্থানে পৌঁছে দেওয়া অনেকখানি নির্ভর করছে প্যারা-মেডিক্যাল স্বাস্থ্যকর্মীদের উপর, কেননা এই রকম কর্মীর সংখ্যাই বেশি। প্যারা-মেডিক্যাল কর্মীর শূন্যপদ পূরণ করার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সঙ্গে সঙ্গে তারা যে কাজে নিযুক্ত হবেন সেই কাজ সম্পর্কে ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। রাজ্যের পাঁচটি মেডিক্যাল কলেজে রেডিওগ্রাফি ও মেডিক্যাল লেবরেটরি টেকনোলজি-তে ডিপ্লোমা কোর্স চালু করা হয়েছে। অন্য দুটি মেডিক্যাল কলেজেও একই ধরনের শিক্ষাক্রম চালু করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে। প্যারা-মেডিক্যাল কলেজেও একই ধরনের শিক্ষাক্রম চালু করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে। প্যারা-মেডিক্যাল কর্মীদের প্রশিক্ষণের সুযোগ-সুবিধাগুলির উন্নতির জন্য একটি ব্যাপক কর্ম-প্রকল্প পরীক্ষাধীন রয়েছে।

**কেন্দ্রীয় ঔষধ ভান্ডার ও আঞ্চলিক ভান্ডার**

কেন্দ্রীয় ঔষধ ভান্ডারের কাজ প্রধানত ঔষধ ও চিকিৎসার সরঞ্জাম সংগ্রহ করা ও তাদের পশ্চিমবঙ্গ রাজ্যের বিভিন্ন হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র প্রভৃতি ইউনিটগুলিতে বিতরণ করা নতুন নতুন হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, দন্ত চিকিৎসা কেন্দ্র খোলা, তৎসহ চালু হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলির শয্যাসংখ্যা বৃদ্ধি এবং কেন্দ্রীয় সরকার প্রবর্তিত প্রকল্পে ও কোনও কোনও সময়ে বিকেন্দ্রীভূত ইউনিটে ঔষধ ও সরঞ্জাম সরবরাহের দরুন কেন্দ্রীয় ঔষধ ভান্ডারের কাজ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। ১১০টি ইন্ডেন্টিং ইউনিট ও অন্যান্যদের চাহিদা মেটানোর অত্যন্ত কঠিন দায়িত্বের কথা ভেবে এবং সরবরাহ হ্রাসের সমস্যাকে এড়াতে এস. এস. কে. এম. হাসপাতাল, আই. পি. জি. এম. ই. অ্যান্ড আর., বাঁকুড়া সম্মিলনি মেডিক্যাল কলেজ হাসপাতাল, আই. ডি. হাসপাতাল, বেলিয়াঘাটা সাধারণ হাসপাতাল, এম. আর. বাঙ্গুর হাসপাতাল, হাওড়া জেনারেল হাসপাতাল, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতাল প্রভৃতি বৃহত্তর ইউনিটগুলোকে অধুনা বিকেন্দ্রীভূত করা হয়েছে।

কেন্দ্রীয় ঔষধ ভান্ডারের জনবল ও সীমিত সঙ্গতি থাকা সত্ত্বেও দূরবর্তী ইউনিটগুলিতে সম্ভবমতো নিয়মিত ঔষধ ও সরঞ্জাম সরবরাহ করা হয়, যদিও তাদের শতকরা ১০০ ভাগ চাহিদা মেটানো সম্ভব নয়। এই ভান্ডারের অন্যতম সমস্যা স্থানাভাব। যাই হোক, কেন্দ্রীয় ঔষধ ভান্ডারকে আরও তিনতল যুক্তকরণ, নতুন অফিস-ঘর নির্মাণ কোল্ড স্টোরেজ প্ল্যান্ট

নির্মাণ বাগবাজারের গুদামটিকে নতুন করে সজ্জিতকরণ—ইত্যাদি প্রস্তাবগুলি আমরা বিবেচনা করে দেখছি। এর জন্য যথেষ্ট বরাদ্দ আগামী বছরের বাজেটে রাখা হয়েছে।

পশ্চিমবঙ্গে ১৫টি ডি. আর. এস. এবং ৪টি এস. ডি. আর. এস. আছে। চালু হবার পর এই ডি. আর. এস. এবং এস. ডি. আর. এস.-গুলি গোড়ায় যে অবস্থায় ছিল এখনও ঠিক সেই অবস্থাতেই আছে। গুদামগুলির যা অবস্থা এবং সেগুলির মধ্যে যে স্থান সঙ্কুলান হয় তা গুদামের চাহিদা ও যোগানের প্রচন্ড চাপের তুলনায় নিতান্তই অপ্রতুল। তাই এই ডি. আর. এস. এবং এস. ডি. আর. এস.-সমূহকে আধুনিক ও বিজ্ঞানসম্মত উপায়ে নতুনভাবে সজ্জিত করা দরকার। গত বছর বর্ধমান, বহরমপুর ও কোচবিহারের ডি. আর. এস.-গুলিকে নতুনভাবে সজ্জিত কররার নির্দেশ দেওয়া হয়েছিল। ১৯৮১-৮২ সালের বার্ষিক যোজনায় আরও পাঁচটি ডি. আর. এস.-কে নবকলেবরে সজ্জিত করার ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়া, শিলিগুড়িতে মেডিক্যাল উপ-ভান্ডার নির্মাণের কাজ শেষ করার ও আঞ্চলিক গুদাম নির্মাণের বরাদ্দও আছে।

### হাসপাতালের রোগীদের জন্য ঔষধ ও পথ্য

মহাশয়, এই সভাকে আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, গত বছর পথ্যের ঊর্ধ্বমুখী সংশোধনের যে আশ্বাস দিয়েছিলাম তা রাখতে পেরেছি। সংশোধিত পথ্যের হার বর্তমানে সাধারণ রোগী পিছু প্রতিদিন ৪ টাকা এবং যক্ষ্মা রোগী পিছু প্রতিদিন ৪ $^{১}/_{২}$ টাকা। অবশ্য, আর্থিক অসুবিধার দরুন রোগীদের জন্য ঔষধ সরবরাহের আর্থিক বরাদ্দ বিষয়ে সন্তোষজনক অগ্রগতি হয়নি। বিষয়টি এখন অর্থবিভাগের উপদেশমতো একটি বিশেষজ্ঞ কমিটির বিবেচনাধীন। আশা করি, এ বিষয়ে সরকারি সিদ্ধান্ত আগামী বছরের প্রারম্ভে চূড়ান্ত হবে।

### হাসপাতাল চৌহদ্দিতে সমাজবিরোধী কার্যকলাপ

হাসপাতালের অভ্যন্তরে সমাজবিরোধীদের দ্বারা সৃষ্ট বিশৃঙ্খলা হাসপাতালের প্রশাসনের ও রোগীদের সেবার কাজে এবং সেখানে যথাযথ পরিবেশ রক্ষার ব্যাপারে সমস্যার সৃষ্টি করছে। লক্ষ্য করা যাচ্ছে যে, হাসপাতালের চিকিৎসক, নার্স ও অন্যান্য প্যারা-মেডিক্যাল কর্মীদের সাথে দুর্ব্যবহারের এমন কি যে তাদের ওপর বলপ্রয়োগের ঘটনাও ঘটছে। এর ফলে হাসপাতালের কাজকর্ম বন্ধ অথবা ব্যাহত হচ্ছে এবং কর্মীরাও ধর্মঘটের ডাক দিচ্ছেন। এই ধরনের ঘটনা বন্ধ করতে সর্বপ্রকার ব্যবস্থা নেওয়া হচ্ছে। হাসপাতালের চৌহদ্দির মধ্যে আইন-শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা বজায় রাখতে পুলিশের সাহায্য নেওয়া হচ্ছে। হাসপাতাল কর্মীদের, পুলিশ কর্তৃপক্ষের ও জনসাধারণের বিরামহীন প্রচেষ্টায় লক্ষ্যণীয় ফল পাওয়া যাচ্ছে। এটি আনন্দের সাথে উল্লেখ্য যে, এ বছর পূজা উৎসবের সময়ে হাসপাতালের অভ্যন্তরে বোমা ছোঁড়া বা লাউড্ স্পিকার বাজাবার মতো কোনও ঘটনার খবর নেই।

এই সব হাসপাতালগুলিতে ক্রমাগত গন্ডগোলের উৎস ভেতরের কতকগুলি বে-আইনি ঘর-বাড়ির মধ্যে, যেখানে অযাচিত কিছু ব্যক্তি হাসপাতাল কর্তৃপক্ষের অগোচরে আসেন বা থাকেন। পুলিশের সাহায্যে কলকাতা আর. জি. কর হাসপাতালের এবং কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের অভ্যন্তর থেকে এদের সরান হয়েছে। এস. এস. কে. এম. হাসপাতালে,

হাওড়া জেনারেল হাসপাতালে ও বেলেঘাটা আই. ডি. হাসপাতালেও এরূপ ব্যবস্থা নেবার চিন্তা করা হচ্ছে।

**আয়ুর্বেদ**

এই রাজ্যে তিনটি সরকারি আয়ুর্বেদ প্রতিষ্ঠান রয়েছে, যথা—(ক) জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদীয় মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, (খ) শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ এবং (গ) বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়।

জে. বি. রায় সরকারি আয়ুর্বেদ কলেজে বি-এ-এম-এস ডিগ্রি কোর্সে আয়ুর্বেদ শেখানো হয়। এই কোর্সটি নূতন দিল্লিস্থ সি. সি. আই. এম. প্রবর্তিত এবং কলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত। শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে স্নাতকোত্তর (এম. ডি) কোর্সে আয়ুর্বেদ শেখানো হয় এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে গবেষণা চালানো হয়। শেষোক্ত প্রতিষ্ঠানটিতে আয়ুর্বেদীয় ফার্মাসির সার্টিফিকেট কোর্স চালু হয়েছে।

জে. বি. রায় রাজ্য আয়ুর্বেদীয় মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কেন্দ্রীয় ভারত ভেষজ পরিষদের নির্দেশমতো প্রয়োজনীয়সংখ্যক কর্মচারী নিয়োগের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। ঐ কলেজে জুনিয়র হাউসম্যানশিপ পদের সংখ্যা বৃদ্ধি করে ৬০ থেকে ৮২ করবার ব্যবস্থা করা হয়েছে। শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে আয়ুর্বেদশাস্ত্রে বি-এম-এস ডিগ্রি কোর্স চালু করবারও অনুমোদন দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় ঐ শিক্ষা প্রতিষ্ঠান হতে চারজন স্নাতকোত্তর এক শ্রেণীর কৃতি ছাত্র সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছে। জে. বি. রায় রাজ্য মেডিক্যাল কলেজ ও হাসপাতালে একটি বহুতলবিশিষ্ট বাড়ির নির্মাণকার্য সমাপ্তপ্রায়। এর ফলে অন্যান্য সুবিধাসহ ঐ কলেজে অতিরিক্ত ১৫০টি শয্যা সংযোজন এবং বহির্বিভাগীয় চিকিৎসাকেন্দ্রের সম্প্রসারণ সম্ভব হবে। আগামী বছরে এই অতিরিক্ত শয্যাগুলি চালু হবে। চলতি বছরে ১৫টি সরকারি আয়ুর্বেদীয় ঔষধালয় মঞ্জুর করা হয়েছে। শীঘ্রই গ্রামীণ এলাকায় অনুরূপ আরও ১২০টি ঔষধালয় মঞ্জুর করা হবে। এছাড়া কল্যাণীতে সংযুক্ত আয়ুর্বেদীয় ও হোমিওপ্যাথি ফার্মেসি, গবেষণা কেন্দ্র, মাননিয়ন্ত্রণ কেন্দ্রর ও ঔষধিকেন্দ্র স্থাপনের প্রস্তাব মঞ্জুর করা হয়েছে। আলিপুরদুয়ারে অনুরূপ আরেকটি ঔষধিকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। আগামী বছরের বাজেটে উত্তরবঙ্গে একটি রাজ্য আয়ুর্বেদ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল স্থাপনের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়া ঐ বাজেটে আয়ুর্বেদ অধিকারের উন্নয়নের ব্যবস্থা রাখা হয়েছে।

**হোমিওপ্যাথি**

পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ১৮৪টি হোমিওপ্যাথি ঔষধালয় স্থাপিত হয়েছে। এর মধ্যে ৩৪টি রাজ্য হোমিওপ্যাথি ঔষধালয়। এছাড়া ১৫০টি হোমিওপ্যাথি ঔষধালয় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র প্রভৃতির সঙ্গে যুক্ত রয়েছে। অধিকন্তু ১৯৮০-৮১ সালে আরও ১২টি রাজ্য হোমিওপ্যাথি ঔষধালয় মঞ্জুর করা হয়েছে। ১৯৮১-৮২ সালে অতিরিক্ত ১৫০টি রাজ্য হোমিওপ্যাথি ঔষধালয় স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেনচাধীন রয়েছে। একটি কেন্দ্রীয় ঔষধ ভান্ডার ও পাঁচটি আঞ্চলিক ভান্ডার স্থাপনের অনুমোদন ইতিমধ্যেই দেওয়া হয়েছে। এ

ফলে রাজ্য হোমিওপ্যাথি ঔষধালয় এবং প্রাথমিক, সহায়ক প্রভৃতি স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে যুক্ত কেন্দ্রগুলিতে নিয়মিত ঔষধ সরবরাহ সুনিশ্চিত হবে। হোমিওপ্যাথি শিক্ষার প্রয়োজনীয় মৌল কাঠামো গড়ে তোলার জন্যে এবং আঞ্চলিক অসাম্য দূর করবার জন্যে রাজ্য সরকার আগামী বছর সল্ট লেক ও কোচবিহারে রাজ্য হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ভবন নির্মাণের জন্যে ৫ কোটি ৬ লক্ষ ৫৩ হাজার টাকা মঞ্জুর করেছেন। এছাড়া মেদিনীপুরের হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল উন্নয়ন ও প্রসারের জন্যে প্রয়োজনীয় অতিরিক্ত আবাসের ব্যবস্থা করার জন্যে মেদিনীপুর জুনিয়র টেকনিক্যাল স্কুলটি (১০০ শয্যাবিশিষ্ট ছাত্রাবাস সহ) রাজ্য শিক্ষা দপ্তরের কাছ থেকে অধিগ্রহণ করা হয়েছে। সর্বসময় কর্মিদ্বারা চালিত ৩০৫টি হোমিওপ্যাথি ঔষধালয় ছাড়াও এ রাজ্যে আরও ১৯০টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথি ঔষধালয় আছে। আংশিক সময়ের কর্মীদ্বারা পরিচালিত অতিরিক্ত ৩৫০টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথি ঔষধালয় চালু করার প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

৪টি বি. এম. এস. ও ২টি ডি. এম. এস. কলেজের শিক্ষক/অশিক্ষক কর্মচারিদের বেতন বাবদ ও বিভিন্ন হোমিওপ্যাথি হাসপাতালে ২৫৭টি শয্যার রক্ষণাবেক্ষণের জন্যে এবং ১৯০টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথি ও অন্যান্য বেসরকারি সংস্থা কর্তৃক পরিচালিত ঔষধালয়ের জন্যে ১৯৭৯-৮০ সালে মোট ৩৬ লক্ষ ৩৭ হাজার ৮৬৩ টাকা ৭০ পয়সা অনুদান হিসাবে ব্যয় করা হয়েছে। ১৯৮০-৮১ সালের ৩১. ১২. ৮০ পর্যন্ত উপরোক্ত সংস্থাগুলির জন্য এই বাবদ ৩৮ লক্ষ ২৯ হাজার ৫০০ টাকা অনুদান হিসাবে ব্যয় করা হয়েছে।

সংক্ষিপ্ত ডিগ্রি কোর্স, ফার্মাসি, ও নার্সিং শিক্ষাক্রম চালু করার জন্যে এবং হোমিওপ্যাথি গবেষণার জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। হোমিওপ্যাথি অধিকার অধিকতর শক্তিশালী করার এবং জেলায়জেলায় প্রশাসনিক মৌল কাঠামো গড়ে তোলার বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। সরকার-অনুমোদিত হোমিওপ্যাথি শিক্ষণকেন্দ্রগুলিতে হাউসম্যানশিপ শিক্ষণ সুযোগ প্রবর্তনের বিষয়টি সরকার পরীক্ষা করে দেখছেন।

**ইউনানি ও অন্যবিধ চিকিৎসা পদ্ধতি**

ইউনানি ঔষধালয় স্থাপনের জন্যে এবং অনুদান মঞ্জুরির জন্যে এই বাজেটে ব্যবস্থা রাখা হয়েছে।

**পরিবার কল্যাণ কর্মসূচি**

পরিবার কল্যাণ প্রকল্প একটি কেন্দ্রীয় উদ্যোগ। শুরু থেকে এটি রূপায়ণের দায়িত্ব নিয়েছেন রাজ্য সরকার। এই প্রকল্পের জনসংখ্যা নিয়ন্ত্রণ লক্ষ্য হচ্ছে বর্তমান জন্মহার প্রতি হাজারে ৩৩ থেকে কমিয়ে ১৯৮২-৮৩ সালে প্রতি হাজারে ৩০-এ নামিয়ে আনা। এই উদ্দেশ্য বিবাহিত দম্পতিদের ছোট পরিবার আদর্শে উদ্বুদ্ধ করবার জন্যে বিভিন্ন গণমাধ্যম ও বহির্বিভাগীয় কর্মচারিদের ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রচার চালানো হচ্ছে। একই সঙ্গে গ্রহণেচ্ছু দম্পতিদের কাছে গ্রাম ও শহরের বিভিন্ন পরিবার কল্যাণকেন্দ্রের মাধ্যমে নানা ধরনের সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। এই প্রকল্পটি মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ প্রকল্পের

সঙ্গে যুক্ত করা হয়েছে। জনগণের কল্যাণে যে সব স্বাস্থ্যসংক্রান্ত সুযোগ-সুবিধা চালু রয়েছে এটি তার অন্যতম। রাজ্যে পরিবার কল্যাণ প্রকল্পের কাজকর্মের উন্নতিবিধানে ১৯৮০-৮১ সালে সরকার নিম্নলিখিত কিছু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

(১) বিভিন্ন পরিচিত গণামাধ্যমগুলি, যেমন—চলচ্চিত্র প্রদর্শনী, বেতার, দূরদর্শন, সংবাদপত্র এবং যাত্রা, লোকসঙ্গীত ইত্যাদি পরিবার কল্যাণের বাণী প্রচারের জন্যে কার্যকরভাবে ব্যবহৃত হচ্ছে।

(২) এই প্রকল্পের সরকারি প্রয়াসের পরিপূরক হিসাবে নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সদস্যদেরও এই প্রকল্পের অংশীদার করা হয়েছে।

মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী সর্বস্তরের গ্রাম পঞ্চায়েত প্রতিনিধিদের কাছে জনসাধারণকে এ ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্যে ব্যক্তিগত আবেদন জানিয়েছেন।

(৩) স্থায়ী জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণেচ্ছু ব্যক্তিদের প্রদেয় অর্থ এবং সংযোগকারি ব্যক্তিদের পারিশ্রমিক এবং চিকিৎসক ও অ-চিকিৎসক কর্মচারিদের উৎসাহ বাবদ দেয় অর্থ বাড়ানোর জন্যে রাজ্য বাজেটে অতিরিক অর্থের সংস্থান রাখা হয়েছে।

(৪) গ্রামীণ এলাকায় জনমত গঠনকারী নেতৃস্থানীয় ব্যক্তিদের প্রশিক্ষণের জন্যে শিক্ষা শিবির এবং রাজ্যের সর্বত্র এই প্রকল্পে সুযোগ-সুবিধা প্রসারিত করার জন্যে সংক্ষিপ্ত সেবা শিবির গঠন করা হয়েছে।

(৫) জনগণকে এই প্রকল্পে উদ্বুদ্ধ করার কাজে গ্রামীণ স্বাস্থ্য স্বেচ্ছাসেবক ও বহুমুখী স্বাস্থ্য সেবকদের কাজে লাগানোর জন্যে ব্যবস্থা নেওয়া হয়েছে।

(৬) মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ ব্যবস্থা আরও প্রসারিত করার জন্যে ব্যবস্থা নেওয়া হয়েছে। এই প্রকল্পে সন্তানসম্ভবা মায়েদের প্রাক-প্রসব ও প্রসবোত্তর সেবা এবং মা ও শিশুদের সংক্রামক রোগ প্রতিষেধক টিকা, অপুষ্টিজনিত রক্তাল্পতার বিরুদ্ধে রোগ প্রতিষেধক ঔষধ এবং শিশুদের দৃষ্টিহীনতা নিবারণকারি ঔষধের ব্যবস্থা করা হয়েছে।

(৭) গ্রামীণ দাইদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে যাতে ১,০০০ জনবিশিষ্ট প্রতি গ্রামে অথবা জনগোষ্ঠীতে অন্ততপক্ষে একজন দাই নিজ নিজ বাড়িতে প্রসূতিদের প্রসবের কাজে সাহায্য করতে পারেন।

(৮) পরিবার কল্যাণ ও মাতৃমঙ্গল শিশুকল্যাণ কর্মসূচি প্রসারিত করার জন্যে শহরাঞ্চলে কিছু নূতন কেন্দ্র স্থাপনের প্রস্তাব করা হয়েছে।

এই সকল প্রচেষ্টার ফলে গত বছরের তুলনায় ১৯৮০-৮১ সালে পরিবার কল্যাণ কর্মসূচির যথেষ্ট উন্নতি সাধিত হয়েছে। ১৯৮০ সালে এপ্রিল থেকে ডিসেম্বর মাসের মধ্যে ১ লক্ষ ৩২ হাজার নরনারী স্থায়ী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছেন এবং রাজ্যে ১৭ হাজার মহিলা আই-ইউ-ডি পদ্ধতি গ্রহণ করেছেন। গত বছর এ সময়ে এই সংখ্যা ছিল যথাক্রমে

৯১,৫৯৮ এবং ৮,৮৪৩। আশা করা যাচ্ছে যে, ১৯৮০-৮১ সালে এই রাজ্য ভারত সরকার কর্তৃক নির্দিষ্ট নির্বীজকরণের সংখ্যায় পৌঁছুতে পারবে।

চলতি বছরে মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কর্মসূচির পরিধিও বাড়ানো হয়েছে। আশা করা যায় যে এ বছরের শেষে ১০ লক্ষ শিশু ও ২ লক্ষ ৫০ হাজার জননী রোগ প্রতিষেধক টিকার সুবিধাদি লাভ করবেন। পক্ষান্তরে ২০ লক্ষ জননী ও ২০ লক্ষ শিশু অপুষ্টিজনিত রক্তাল্পতার বিরুদ্ধে রোগ প্রতিষেধক ঔষধের সুযোগ-সুবিধা পাবেন। চলতি বছরে আশা করা যাচ্ছে যে প্রায় ১২ লক্ষ শিশুকে দৃষ্টিহীনতার বিরুদ্ধে রোগ নিরোধক ঔষধ সরবরাহ করা যাবে।

১৯৮০-৮১ সালে আরও পাঁচ হাজার গ্রামীণ দাই-কে প্রশিক্ষণ দেওয়া যাবে আশা করা যায়।

সংযুক্ত শিশু উন্নয়ন সেবা প্রকল্প (ICDS) নয়টি এলাকায় চালু করা হয়েছে। ঐ এলাকাগুলিতে নিবিড় মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ প্রকল্প এবং অন্যান্য সমাজসেবা প্রকল্পের সঙ্গে সংযুক্ত পুষ্টি প্রকল্প ইতিমধ্যেই চালু আছে। আরও দশটি এলাকায় সংযুক্ত শিশু উন্নয়ন সেবা প্রকল্প সম্প্রসারিত করা হচ্ছে।

১৯৭৮ সালে বিধ্বংসী বন্যা কবলিত রাজ্যের ৩০টি ব্লকে ইউনিসেফের (UNICEF) সহযোগিতায় একটি বিশেষ মা ও শিশু সেবা প্রকল্প চালু করা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার ভবিষ্যতে পরিবার কল্যাণ ও মাতৃমঙ্গল কর্মসূচি আন্তরিকতার সঙ্গে চালু করতে বদ্ধপরিকর।

**স্বাস্থ্য সম্পর্কিত অর্থের হিসাব**

১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে স্বাস্থ্যখাতে মাথাপিছু ব্যয়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩১ টাকা এবং ৩৩ টাকা ৭০ পয়সা। এ বছর এই ব্যয়ের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৩৭ টাকা ৪০ পয়সা (জনসংখ্যার হিসাব ১৯৭১ সালের আদমসুমারি অনুযায়ী) অর্থাৎ ৩ টাকা ৭০ পয়সা বৃদ্ধি।

**উপসংহার**

মহাশয়, আমার আশঙ্কা, এ পর্যন্ত আমার সংখ্যাতত্ত্বসমন্বিত বিবৃতিটি শুনে মাননীয় সদস্যদের মনে হতে পারে যে আমি দাবি করছি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ জনসাধারণের কাছে তার সমস্ত দায়দায়িত্ব পুরোপুরি পূরণ করেছে। মোটেই তা নয়। তার বদলে আমি বহু জোর দিয়ে বলতে চাই যে, আমি জনসাধারণকে সঙ্গে নিয়ে চলাব বামফ্রন্টের নীতির আস্থাভাজন এবং আমি সামগ্রিকভাবে এই দপ্তরের সাফল্য ও ব্যর্থতার একটি যথাযথ চিত্র তুলে ধরেছি। আমি মনে করি মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন যে এই দপ্তরের কাজের মধ্যে রয়েছে স্বাস্থ্যোন্নয়ন, রোগপ্রতিরোধ, রোগের চিকিৎসা এবং চিকিৎসক ও প্যারা-মেডিক্যাল কর্মচারিদের শিক্ষণের ব্যবস্থা করা। বর্তমান সরকার তার পূর্বসূরিদের কাছ থেকে যে বিরাটসংখ্যক

সমস্যা ও দায় উত্তরাধিকার সূত্রে গ্রহণ করেছেন মাননীয় সদস্যরা সে সম্পর্কেও নিশ্চয়ই অবহিত। এই সব প্রতিকূলতার মুখে জনসাধারণের প্রকৃত প্রয়োজন অনুসারে অগ্রাধিকারের ভিত্তিতে আমাদের কাজ করতে হচ্ছে।

মহাশয়, আমি মাননীয় সদস্যদের আস্থার সঙ্গে বলতে পারি যে এই দপ্তর প্রতি ৩০০ লোকের জন্যে একটি পানীয় জলের উৎস ব্যবস্থা করার যে লক্ষ্য নির্ধারিত করেছেন তা অনেকাংশে পূরণ করেছেন। আমি কিন্তু বলতে চাই না এই হারে আমরা সবাইকে পানীয় জল সরবরাহ করতে পেরেছি। কিন্তু প্রায় প্রতি ব্লকের অধিকাংশ গ্রামে, আধা-শহর, শহর খরাকবলিত এবং জলবিহীন এলাকায় নলবাহিত জল সরবরাহ প্রকল্প, কূপ এবং বর্তমান পানীয় জল-উৎসগুলির সদ্ব্যবহার করে জলের ব্যবস্থা করতে পেরেছি। জনস্বাস্থ্য বিভাগীয় কর্মীরা স্থানীয় সমীক্ষায় দেখেছেন যে জনসাধারণের পানীয় জলের ব্যবস্থা করার ফলে জলবাহিত রোগের সংখ্যা হ্রাস পাচ্ছে।

এ ব্যাপারে আত্মতুষ্টির কারণ থাকলেও আমি জানি যে গ্রামীণ এলাকায় অপুষ্টিজনিত রোগ নিয়ন্ত্রণ করা এখনও সুদূর পরাহত। বিশেষত দরিদ্র কৃষক ও ভূমিহীনদের পরিবারে মা ও শিশুরা অপুষ্টির শিকার। দারিদ্র ও অপুষ্টি বেড়ে চলেছে এবং এই দপ্তর সর্বতোভাবে মাতৃমঙ্গল ও শিশুসেবা প্রকল্পের জন্যে কাজ করে যাচ্ছে কিন্তু সমস্যার সম্পূর্ণ সমাধান এখনও সম্ভব হয়নি। কেন্দ্রীয় সরকার রাজ্য বাজেটের পরিমাণ যে ছাঁটাই করেছেন তাতে মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ প্রকল্পসহ স্বাস্থ্য বিভাগে অনেক কাজকর্ম ক্ষতিগ্রস্ত হবে। প্রসঙ্গত আমি আরেকটি গুরুত্বপূর্ণ কথা বলতে চাই যে গত তিন বছর যাবত আমি গ্রামীণ স্বাস্থ্য সেবা প্রকল্পের উন্নতি বিধানে আপ্রাণ চেষ্টা করে আসছি। মাননীয় সদস্যরা শুনে নিশ্চয়ই সুখি হবেন যে সরকার আরও রাজ্য ও গ্রামীণ হাসপাতাল, নূতন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সহায়ক স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের অনুমোদন দিয়েছেন। যে সব অঞ্চলে চিকিৎসার সুবিধা বিশেষ নেই সেই সব অঞ্চলে এই অনুমোদন দেওয়া হয়েছে। আমি অধিকতর চিকিৎসাকেন্দ্র স্থাপনের যৌক্তিকতা অস্বীকার করছি না কিন্তু আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে নূতন নূতন চিকিৎসাকেন্দ্র স্থাপনের এই ক্রমবর্ধমান দাবি আমাদের এক অন্ধকারময় দিকে নিয়ে যাচ্ছে কেননা হাসপাতাল ভবন ও কর্মী-আবাস নির্মাণের পর খুব সামান্য পরিমাণ অর্থই থাকে যা দিয়ে রোগীর ঔষধ ও পথ্য সরবরাহ করা যাবে। আমরা যেন না মনে করি যে, কেবল কোনও ব্যক্তি অসুস্থ হলেই তার চিকিৎসা দরকার, বরঞ্চ আমাদের সীমিত ক্ষমতায় রোগ প্রতিরোধ করার ব্যবস্থা করতে পারি—যার মধ্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ এবং রোগপ্রতিষেধক টিকা ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা অন্তর্গত। গত বছর পর্যন্ত গ্রামীণ জনগণের জন্যে প্রায় ১৫,৭০০ শয্যার ব্যবস্থা ছিল। ষষ্ঠ পরিকল্পনায় (১৯৮০-৮৫) আমরা ঐ সংখ্যা বাড়িয়ে ২৩,০০০ করার চেষ্টা করছি। কিন্তু আমি স্বীকার করছি এ ব্যবস্থা আমাদের প্রয়োজনের তুলনায় খুবই নগণ্য। গ্রামীণ জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে শয্যার চাহিদাও বাড়ছে। তাছাড়া নূতন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বা সহায়ক স্বাস্থ্যকেন্দ্র তৈরি করলেও আমরা নিশ্চয়তা দিতে পারি না যে সেখানে একজন শিক্ষিত ডাক্তার কর্মভার নেবেন, ঔষধ এবং যন্ত্রপাতির স্বল্পতার কথা না হয় বাদ দিলাম। এই পরিস্থিতিতে আমরা গ্রামীণ চিকিৎসকের কথা ভেবেছি। গ্রামীণ অবহেলিত জনগণের দুর্দশার ব্যাপারে আমি মাননীয়

সদস্যদের সঙ্গে একমত। এ ব্যাপারে আমি তাদের আশ্বাস দিচ্ছি যে ঐ চিকিৎসকেরা গ্রামীণ স্বাস্থ্য প্রকল্পে অংশ নিলে রোগ প্রতিরোধক ব্যবস্থাসমূহ এবং প্রাথমিক স্বাস্থ্য-সেবা প্রকল্প গ্রাম-বাংলার ঘরে ঘরে ভাই-বোনেদের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে।

আমার দপ্তর অবশ্যই শহরাঞ্চলের অধিবাসীদের ক্রমবর্ধমান স্বাস্থ্য সেবার ব্যাপারে নির্লিপ্ত নয়। কলকাতা ও বৃহত্তর কলকাতায় গ্রামবাসীদের শহরমুখীনতা এবং অন্য রাজ্যের অধিবাসীদের আগমনের ফলে চাপ বেড়েছে। আমি নূতন মহকুমা হাসপাতাল, রাজ্য সাধারণ হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ অথবা বর্তমান জেলা ও রাজ্য হাসপাতালগুলির শয্যাসংখ্যা বৃদ্ধির পরিসংখ্যান তুলে ধরছি না। বরং আমি মাননীয় সদস্যদের কাছে বলতে চাই যে বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক কারণে কলকাতার বড় হাসাপাতালগুলির ওপর চাপ কমবে না। এমন কি স্থানীয় চাহিদা মেটাবার জন্যে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করলেও ঔষধ, যন্ত্রপাতি ও রোগীর পথ্যের মূল্য বৃদ্ধি এবং নানা স্তরের স্বাস্থ্যকর্মীদের কাজের মান উন্নয়নের জন্য যা ব্যয় হয় তার ফলে শহরাঞ্চলের হাসপাতালগুলির ওপর চাপ কমাতে শহর-গ্রামীণ স্বাস্থ্য-সেবা প্রকল্প কলকাতা কর্পোরেশন-এর বিভিন্ন ওয়ার্ডের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চালু করার ব্যবস্থা করা হয়েছে। এই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রাথমিক স্তরে রোগীর নির্ণয় করা হবে। পরে প্রয়োজনানুসারে রোগীদের মেডিক্যাল কলেজ ও অন্যান্য রাজ্য হাসাপাতলে ভর্তির সুপারিশ করা হবে। এর ফলে বড় হাসপাতালগুলির বহির্বিভাগে চাপ কমবে।

মাননীয় সদস্যগণ উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছেন যে স্বাস্থ্য দপ্তরের চিকিৎসকেরা একদিনের গণছুটি (ক্যাজুয়াল লিভ) নিয়েছিলেন। এর দ্বারা তাদের কিছু দাবি-দাওয়া পুরণের জন্যে তারা সরকারের ওপর চাপ সৃষ্টির চেষ্টা করেছেন। এই সরকার চিকিৎসকদের প্রতি মোটেই প্রতিহিংসাপরায়ণ নয়। বরং আমরা মনে করি চিকিৎসকরাই স্বাস্থ্য-সেবা প্রকল্পের মূল ভিত্তি। এবং তাদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়াগুলির প্রতি আমরা মোটেই পরাঙ্মুখ নই। প্রকৃতপক্ষে এই গণছুটি জনগণের দুর্দশা বাড়িয়েছে। সরকার সব সময় পারস্পরিক আলাপ-আলোচনার পক্ষপাতি এবং সংবাদপত্রের মাধ্যমে সরকার তাদের কিছু কিছু দাবি-দাওয়া মেনে নেওয়ার কথা জানিয়েছিলেন। সরকার গ্রামীণ এলাকার কর্মরত চিকিৎসকদের চিকিৎসা কেন্দ্রের দূরত্ব ও যানবাহনের সুযোগ-সুবিধা বিবেচনায় ২০০ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করবার কথা বিবেচনা করছেন। স্বাস্থ্য বিভাগের চিকিৎসক-শিক্ষকদের (নন-প্রাকটিসিং) জন্যে একটি পৃথক ক্যাডার সেল তৈরি করে তাদের উপযুক্ত বেতন-স্কেল ও ভাতাদি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা শীঘ্রই চালু হবে। রাজ্য হেলথ সার্ভিস অ্যাশোসিয়েশন এবং ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশনের সঙ্গে আলোচনার পর একটি যুক্তিসম্মত নিয়োগ ও বদলির নীতি রচনা করা হয়েছে এবং শীঘ্রই এই নীতি ঘোষণা করা হবে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই যুক্তফ্রন্টের গ্রামীণ চিকিৎসা সেবা কোর্স-এর কথা শুনেছেন। অন্য দাবিগুলি বর্তমান শাসনতান্ত্রিক, অর্থনৈতিক ও সাংবিধানিক কাঠামোর মধ্যে মেটানো এখুনি সম্ভব নয়। কিন্তু সরকার ঐগুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন।

মহাশয়, এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে স্বাস্থ্য দপ্তর গত চার বছরে মেডিক্যাল শিক্ষার উন্নতি এবং চিকিৎসক-শিক্ষকদের কাজের উন্নতির জন্যে যথাসাধ্য

চেষ্টা করেছে। পূর্ববর্তী সরকারের আমলে চিকিৎসকদের পদোন্নতির যে ব্যবস্থা দীর্ঘকাল বন্ধ ছিল আমরা তা চালু করেছি। ১৯৭৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত রাজ্য স্বাস্থ্য দপ্তরের ১,১৯৪ জন মেডিক্যাল অফিসারের উন্নততর গ্রেডে পদোন্নতি ঘটেছে ; দপ্তরের অন্যান্য অফিসার যাদের পদোন্নতি পাওনা হয়েছে তাদের বিষয় বিবেচনা করা হচ্ছে। দপ্তরের ৫৫২ জন শিক্ষক-চিকিৎসককে উন্নততর শিক্ষক পদমর্যাদা দেওয়া হয়েছে এবং ৩৫৭ জন মেডিক্যাল অফিসারকে শিক্ষক তালিকার অন্তর্ভুক্ত করা হয়েছে। ১.১.৮০ থেকে হাউস স্টাফ এবং ইন্টার্নদের ভাতার পরিমাণ বাড়ানো হয়েছে। ঐ সময় থেকে সিনিয়র হাউস স্টাফ, জুনিয়র হাউস স্টাফ ও ইনটার্নরা যথাক্রমে মাসিক ৫৫০ টাকা, ৫০০ টাকা ও ৪০০ টাকা পাচ্ছেন, মেডিক্যাল অফিসারদের স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নের জন্যে যেসব শাখায় চিকিৎসকের অভাব আছে সেখানে এবং মেধার ভিত্তিতে অন্যান্য শাখায় উদারভাবে স্টাইপেন্ড দেওয়া হচ্ছে। ৫টি মেডিক্যাল কলেজে পূর্ণ সময়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ মঞ্জুর করা হয়েছে এবং অতিরিক্ত ৪৫২টি শিক্ষক পদ সৃষ্টি করা হয়েছে। এর থেকে প্রতীয়মান হবে যে সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে এই সরকার মেডিক্যাল শিক্ষার উপযুক্ত পরিবেশের প্রয়োজনীয়তা সম্বন্ধে সচেতন আছেন।

মহাশয়, এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে স্বাস্থ্য দপ্তর ইউনিভার্সিটি কলেজ অব মেডিসিন এবং ইনস্টিটিউট অব পোস্ট গ্রাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ—এই দুটি সংস্থার প্রস্তাবিত সংযুক্তিকরণের বিষয়টিকে চূড়ান্ত রূপ দিতে পেরেছেন। এর ফলে চন্ডীগড়ের পি. জি. মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট অথবা নূতন দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স-এর মতো একটি স্বয়ংশাসিত সংস্থা গঠিত হবে।

মাননীয় সদস্যরা নার্স, ফার্মাসিস্ট ইত্যাদির অপ্রতুলতার বিষয়ে অভিযোগ করতে পারেন। বহুমুখী স্বাস্থ্য-সেবা প্রকল্পে আরও নার্স-এর প্রয়োজন রয়েছে। স্বাস্থ্য দপ্তর এই বিষয় সম্বন্ধে অবহিত আছেন এবং মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেওয়া যেতে পারে যে কেন্দ্রীয় সরকার নার্স এবং নানার্থসাধক জনস্বাস্থ্য কর্মীদের শিক্ষণের ব্যয় বাবদ অনুদানের নীতি পরিবর্তন করেছেন যার ফলে রাজ্যগুলিকে শতকরা ৫০ ভাগ খরচ বহন করতে হবে। এ সত্ত্বেও আমরা জরুরি ভিত্তিতে ফার্মাসিস্ট এবং বিভিন্ন টেকনিশিয়ানদের প্রশিক্ষণগত সুবিধা সম্প্রসারণের বিষয় চিন্তা করছি।

প্যারা-মেডিক্যাল কর্মীর অপ্রতুলতার সঙ্গে সঙ্গে আমি সাধারণ এবং জীবনদায়ী ঔষধের সরবরাহের স্বল্পতার কথা উল্লেখ করতে চাই। এই স্বল্পতার পিছনে অনেক কারণ কাজ করছে। কেন্দ্রীয় সরকার মাঝে মাঝে অত্যাবশ্যক ও জীবনদায়ী ঔষধগুলির মূল্য বৃদ্ধির অনুমতি দিয়েছেন। ঔষধ প্রস্তুতকারী রাষ্ট্রীয় প্রকল্পগুলি তাদের কার্যক্ষমতা পূর্ণমাত্রায় কাজে লাগাতে পারছে না। এছাড়া রয়েছে এই রাজ্যের ভেষজশিল্পে কাঁচামালের অভাব। ঔষধ ক্রয়ের ব্যাপারে আমরা যে কম খরচ করছি তা নয় কিন্তু উপরিউক্ত কারণগুলি এই রাজ্যের ভেষজ শিল্পকে এতখানি পঙ্গু করে ফেলেছে যে সরবরাহের স্বল্পতার সমস্যাটি একটি গুরুতর আকার ধারণ করেছে। তালিকাভুক্ত প্রতিষ্ঠানগুলি প্রায়শই ঔষধ সরবরাহে ব্যর্থ হয় এবং হাসপাতাল ও স্টোরগুলিতে ঔষধ চুরি ও অপব্যবহারের ঘটনাও কম নয়। ঔষধের মান

এবং সরবরাহের ব্যাপারে প্রশাসনিক ব্যবস্থা জোরদার করার উদ্দেশ্যে আমরা ভেষজ নিয়ন্ত্রণ অধিকার ও সংযুক্ত ভেষজ ল্যাবরেটরি একত্রীকরণ করার সিদ্ধান্ত নিয়েছি।

মহাশয় সাধারণ মানুষের স্বাস্থ্য ও চিকিৎসা ব্যবস্থার উন্নতির বিষয়ে স্বাস্থ্য দপ্তরের আন্তরিক চেষ্টার অভাব ঘটবে না। কিন্তু প্রসঙ্গত আমি একটা সাবধানী বাণী উচ্চারণ করতে চাই। পুঁজিবাদি ব্যবস্থার ফলস্বরূপ যে অর্থনৈতিক সংকট ঘনীভূত হয়ে উঠেছে তার প্রভাব জীবনের সর্বস্তরে অনুভূত হচ্ছে। এটা এখন সকলের কাছে স্পষ্ট যে একচেটিয়া এবং বৃহৎ ব্যবসায়গোষ্ঠী কেন্দ্রের অর্থনৈতিক এবং প্রশাসনিক নীতি নির্ধারণ করে থাকে। সাধারণ খেটে-খাওয়া মানুষের জীবনের মান উন্নয়নের জন্য গৃহীত প্রকল্পগুলির অর্থ বরাদ্দ ছাঁটাই করা হচ্ছে এবং একই সাথে সমাজের সমৃদ্ধ অংশকে বিভিন্নরকম সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে। এই কারণে আমাদের লক্ষ্যমাত্রাগুলির পূরণ এবং বিভিন্ন প্রস্তাবের সার্থক রূপায়ণ সম্বন্ধে আমাদের বাস্তবসম্মত আশা পোষণ করতে হবে। আমরা অনেক কিছুই করতে পারিনি একথা স্বীকার করেও বলব যে প্রশাসনিক এবং আর্থিক বিভিন্ন অসুবিধার মধ্যেও আমরা যা করতে পেরেছি তার পরিমাণ খুব অল্প নয়।

মহাশয়, এই কথা বলে আমি ৩৬ নং দাবির অধীন, মুখ্যখাত "২৮০—চিকিৎসা" এবং "৪৮০—চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ", ৩৭ নং দাবির অধীন মুখ্যখাত "২৮১—পরিবার কল্যাণ" এবং ৪৮১—পরিবার কল্যাণ সম্পর্কে মূলধন বিনিয়োগ" ও ৩৮ নং দাবির অধীন মুখ্যখাত "২৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ" এবং "৬৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহের জন্য ঋণ" প্রভৃতি খাতে ব্যয়-বরাদ্দ-সংক্রান্ত এই প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

মহাশয়, প্রসঙ্গত আমি জানাচ্ছি যে, উল্লিখিত খাতে ব্যয়-বরাদ্দের দাবি ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে "৪৮০—চিকিৎসা (গৃহাদি) সম্পর্কে মূলধন বিনিয়োগ", "২৮০—চিকিৎসা (গৃহাদি)", "৪৮১—পরিবার কল্যাণ (গৃহাদি সহ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" এবং "৪৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ (গৃহাদি সহ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" প্রভৃতি খাতেও অর্থ বরাদ্দ করা হয়েছে। এইসব খাতের বরাদ্দ একত্র করে স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে মোট বরাদ্দ ১৯৮০-৮১ সালের ১৪৯ কোটি ৫০ লক্ষ ৯০ হাজার টাকার জায়গায় ১৯৮১-৮২ সালে ১৬৬ কোটি ৪৫ লক্ষ ৮৫ হাজার টাকা ধরা হয়েছে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্য ও চিকিৎসা ইত্যাদি উদ্দেশ্যে ১৯৮০-৮১ সালে যে টাকা বরাদ্দ করা হয়েছিল, ১৯৮১-৮২ সালে তা ১৬ কোটি ৯৪ লক্ষ ৯৫ হাজার টাকা বাড়ানো হয়েছে। অবশ্য, এই বর্ধিত অর্থের মধ্যে শ্রম বিভাগ পরিচালিত কর্মচারী রাজ্যবিমা (চিকিৎসা-সুবিধা) কর্মপ্রকল্প বাবদ ১৬ কোটি ৫০ লক্ষ ৬১ হাজার টাকাও ধরা হয়েছে।

মহাশয়, আপনারা অবগত আছেন যে, গ্রামাঞ্চলের বিপুলসংখ্যক মানুষ যেসব কর্মসূচির আওতায় আসবে, জনস্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে সেইসব কর্মসূচির উপর গুরুত্ব আরোপণের বিষয়টি আমাদের সরকার বিশেষভাবে বিবেচনা করে দেখছেন। এই উদ্দেশ্যের কথা মনে রেখে, পরিকল্পনার লক্ষ্যকে শহর থেকে গ্রামমুখী করে তোলার উপর গুরুত্ব দিয়ে আমরা স্বাস্থ্যরক্ষা ও চিকিৎসা ব্যবস্থাকে পুনর্বিন্যস্ত করেছি। তাই, জনস্বাস্থ্য রক্ষার ব্যাপারে রোগ-প্রতিরোধাত্মক

দিকগুলির উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। যে লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দিয়ে এই কর্মসূচি রূপায়িত করা হচ্ছে সেগুলি হল ঃ

(ক) প্রতি ৩০০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং গ্রামপিছু অন্তত একটি করে উৎসের ব্যবস্থা রেখে প্রত্যেক গ্রামে বিশুদ্ধ পানীয় জলের সংস্থান করা ;

(খ) শিশু এবং মায়েদের স্বাস্থ্যরক্ষার কর্মসূচির উপর বিশেষ জোর দিয়ে রোগ-প্রতিরোধ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিবিধান ;

(গ) গ্রামীণ স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার সংরক্ষণ ;

(ঘ) হাসপাতালগুলির বহির্বিভাগে চিকিৎসা-ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিসাধন এবং যেসব আধা-শহর ও শহর গড়ে উঠেছে অথচ যেখানে চিকিৎসার সুযোগ-সুবিধা এখনও পৌঁছায়নি সেখানে ডিসপেনসারি ও হাসপাতাল খোলা ;

(ঙ) ছোট পরিবার গড়ে তোলার যৌক্তিকতা ও তার সুবিধা সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তোলা এবং প্রসূতি ও শিশু কল্যাণ ব্যবস্থাকে সম্প্রসারিত করা ; এবং

(চ) রোগ-প্রতিরোধাত্মক দিকগুলির উপর জোর দিয়ে এবং গ্রামাঞ্চলের মানুষদের স্বাস্থ্য ও চিকিৎসা-সংক্রান্ত প্রয়োজন মেটাতে পারবে এমন ক্যাডার তৈরি করে তোলার উদ্দেশ্যে ৩ বছরের একটি সর্বাঙ্গীণ-নিরোদি চিকিৎসা শিক্ষাক্রম চালু করা।

[2-50 — 3-00 p.m.]

স্যার, আমি এখানে এতক্ষণ যে বিবৃতি দিয়েছি ইংরাজিতে এবং বাংলায়, মাননীয় সদস্যদের অনুরোধ করব ইংরেজিটাকেই প্রামাণ্য হিসেবে তাঁরা ধরে নেবেন। মাননীয় সদস্যদের কাছে বিলি করা হয়েছে, ওটাকে একটু সংশোধন করে দিতে হবে। এর সঙ্গে আরও কয়েকগুলি পেপার সার্কুলেট করে দিচ্ছি। সেলিয়েন্ট পয়েন্টস, বাজেট স্পিচ আছে এবং সেই সঙ্গে কমিউনিটি হেলথ, কমিউনিটি মেডিক্যাল সার্ভিস সংক্রান্ত ব্যাপারের যে কোর্স সেই [illegible] সংক্রান্ত [illegible]-এর মধ্যে দেওয়া হয়েছে। আমি প্রসঙ্গত আপনার মাধ্যমে অনুরোধ করব যে এই লিখিত বিবৃতিটা পড়া হল বলে ধরে নেওয়া হোক। এই প্রসঙ্গে দু-একটা কথা মাননীয় সদস্যদের কাছে তুলে ধরছি। বাজেট প্রস্তাব করতে গিয়ে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। অনেক মৌলিক সীমাবদ্ধতা, বাধা ও অসুবিধার মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার এবং স্বাস্থ্য দপ্তর ঐ গতানুগতিক পদ্ধতির বাইরে গিয়ে স্বাস্থ্য ব্যবস্থাকে জনমুখী বিশেষ করে গ্রামমুখী করবার চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গকে ৬টি জোনে ভাগ করে ৬টি ডিপ্লোমা [illegible], কমিউনিটি মেডিক্যাল সার্ভিসের প্রবর্তন করা হয়েছে। পশ্চিমবঙ্গের জনগণের এবং মাননীয় সদস্যগণের কাছে যে প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম দেরিতে হলেও তা পালন করা হল। এই কোর্সের উদ্দেশ্যে গ্রামীণ জনস্বাস্থ্য ত্রিস্তর গড়েছেন। এর মাথার উপরের স্তর কাজ করবেন, এমন কি এই ধরনের আজকের দিনে যা হওয়া উচিত তেমনি ধরনের প্রকৃত চিকিৎসা সৃষ্টি করার জন্য জন-চিকিৎসা বিভাগ সৃষ্টি করেছেন। ২নং অবস্থা মাতৃসেবা চিকিৎসা ও শিক্ষা এবং রিসার্চের ক্ষেত্রে পুরণো ব্যবস্থার বিলোপ ঘটিয়ে একটা

স্বয়ং শাসিত শিক্ষায়তন গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া। এটা গড়তে অটোনমাস ইনস্টিটিউট এটাকে করা হচ্ছে এবং প্রায় সম্পূর্ণ করে ফেলা হয়েছে। ৩নং মেডিক্যাল শিক্ষা ও চিকিৎসা গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যাণ্ড রিসার্চদের ক্ষেত্রে প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করে এবং নার্সিংহোম প্র্যাকটিস বন্ধ করে দিয়ে নন প্র্যাকটিসিং টিচিং স্কিম করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৪নং বিশেষ করে কতকগুলি ক্ষেত্রে শিক্ষকের ঐ রিসার্চ ওয়ার্কারের অভাবের পূরণের উদ্দেশ্যে, মেধাবী ছাত্রদের উৎসাহ দেওয়ার জন্য স্নাতকোত্তর ছাত্রদের মাসিক বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিপূর্বে ইন্টারনি হাউস স্টাফদের মাসিক ভাতা বাড়ানো হয়েছে। নার্সিং, মাল্টিপারপাস প্যারামেডিকেল-এর অভাব পূরণের জন্য শিক্ষাব্যবস্থা করা হয়েছে। হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ চিকিৎসা শিক্ষার পর গুরুত্ব আরোপ করা হয়েছে। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৩৬ নং দাবির অধীন মুখ্যখাত ২৮০-চিকিৎসা এবং ৪৮০ চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ এবং ৩৭ নং দাবির অধীন মুখ্যখাত ২৮১—পরিবার কল্যাণ এবং ৪৮১ পরিবার কল্যাণ সম্পর্কে মূলধন বিনিয়োগ ও ৩৮ নং দাবির অধীন মুখ্যখাত ২৮২ জনস্বাস্থ্য, অনাময় ও জল সরবরাহ এবং ৬৮২—জনস্বাস্থ্য অনাময় ও জল সরবরাহের জন্য ঋণ প্রভৃতি খাতে ব্যয়-বরাদ্দ সংক্রান্ত আমার এই প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

## Demand No. 36

**Shri Janmejoy Ojha :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Kiranmoy Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

## Demand No. 38

**Shri Kiranmoy Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী রাসবিহারী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপন করেছেন সেই বাজেট সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এই বিষয়ে আলোচনা করতে গিয়ে প্রথমে আমাদের দেখতে হবে আমাদের দেশে সমস্ত জনসাধারণের যে সব জিনিস আবশ্যাক সেইসব জিনিস এই ৪ বছরের মধ্যে সরকার তার কতটুকু ব্যবস্থা করতে পেরেছেন। ১৯৭৭ সালে প্রথম বাজেট বর্ক্তৃতায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করবেন। ওই সময়ে কেন্দ্রীয় প্রধানমন্ত্রী শ্রী মোরারজী দেশাই ছিলেন এবং তিনি বলেছিলেন চেষ্টা করবেন। এই পানীয় জল সরবরাহের ব্যবস্থা কি হয়ে গেছে বলে ধরে নেওয়া হবে? এই ৪ বছরের মধ্যে এই ব্যাপারে কতদূর অগ্রসর হয়েছে? এই ব্যাপারে টাকার সংস্থান হয়েছিল এবং হচ্ছে। তিনি তাঁর প্রথম ভাষণে বলেছিলেন যে পানীয় জলের ব্যবস্থা এমনভাবে করবেন যাতে মাননীয় সদস্যদের আর বলার কিছু না থাকে। কিন্তু এই সময়ের মধ্যে কি যে তার হল আমি তা বুঝতে পারছি না। যেসব রিপোর্ট দিয়েছেন সেইসব রিপোর্ট আলোচনা করলে দেখা যাবে যে এটা একটা অসম্ভব কথা বলেছেন।

১৯৭৭-৭৮ সালে জুন মাসে যে রিপোর্ট দিয়েছিলেন অর্থাৎ ৩০.৬.৭৭ তারিখে যে রিপো দিয়েছেন তাতে দেখা যাচ্ছে টোটাল নম্বর অব ভিলেজেস, ৫৪,৯২০, ডিজেলের হ্যাভি রিপোর্ট অ্যাডমিসেবল নম্বর অব ওয়াটার ২০,৪৫১, ১৫,৪৬২, villages without an source villages having admissible number of source, number of existin tubewells. ৯১,১২৭ তার মধ্যে ডেরিলিট ৩২,৫৭৫ এই অবস্থা দীর্ঘকাল ধরে চলছে তা কোনও সুরাহা হয়নি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই ৪ বছরের মধ্যে যদি সুরাহা করে থাকে তাহলে আনন্দের কথা কিন্তু ফ্যাক্টস দেখতে পাচ্ছি যেসব জায়গায় টিউবওয়েল আছে, পাইপ ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা আছে সেইসব অঞ্চলের কাজ কতটুকু হয়েছে তার রিপোর্ট দেখে বলতে পারি।

[3-00 — 3-10 p.m.]

Since 1977 about 5,000 tubewells have been sunk benefiting 1381 villages. ৫ হাজার টিউবওয়েল দিয়েছিল এবং ৩ হাজার ডেরিলিক্ট ছিল তাহলে তার মধ্যে সব কটি কভার করেনি। তারপরে আমরা দেখতে পাচ্ছি যে পাইপ ওয়াটার স্কিম সম্বন্ধে কতগুলি হয়েছিল তার এক বছরের রিপোর্ট ধরলে দেখা যাবে 30 pipe water supply schemes are expected to be completed against 85 schemes. তাহলে আরো ৫৫ স্কিম একজিকিউশনে আছে। এবং তাতে নিশ্চয় কয়েক লক্ষ লোকের উপকার হবে। accelerated rural water supply scheme মধ্যে ১৫টি প্রজেক্ট সম্ভব হবে এর মধ্যে কমপ্লিটেড স্কিমের কথা বলতে গেলে কতটুকু অগ্রসর হয়েছে? ১৯৭৭ সাল থেকে কাঁথি ১নং এবং ৩নং ব্লকে ৩টি পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম এর ব্যাপারে এখনো কিছু হয়নি টাকা আছে কিন্তু তবু কাজ কিছু এগোয়নি। ইলেক্ট্রিফিকেশনের ব্যাপারেও অনেক আলোচনা হচ্ছে কিন্তু এই ব্যাপারে কিছুই হয়নি। রুরাল ওয়াটার সাপ্লাই স্কিম-এর কাজ ও কার্যকর হচ্ছে না। এইকথা দৃঢ়ভাবে বলতে পারি। আমরা দেখতে পাচ্ছি যে হেলথ অন মেডিসিন যে বই আছে তাতে দেখছি যে সারা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে ৩০.৬.৭৭ তারিখে ৩২ হাজার টিউবওয়েল ছিল এখন সেটা বেড়ে ৯৯,৭২৮ মত হয়েছে। এতে প্রায় ২৮ হাজার মতো বেড়েছে। কিন্তু তারমধ্যে ৩২ হাজার ডেরিলিস্ট হয়ে গেছে। এই যে কর্মপ্রকল্প হয়েছে এটা যথেষ্ট নয়। জল সরবরাহ ব্যবস্থা ত্বরাণিত করার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে অথচ সেই টাকা কোনও কাজে লাগছে না। এখানে যে বিভাগ আছে সেই বিভাগের কাজকর্ম কিভাবে চলছে তা পাবলিক অ্যাকাউন্টস রিপোর্ট দেখলে বলা যেতে পারে। ১৯৭৭-৭৮ সালে অডিটর জেনারেলের রিপোর্ট এখানে আছে। রিজার্ভ স্টক রেজিস্টারে ফিসক্যাল ভেরিফিকেশন যে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ওই যে রিজার্ভ স্টক আছে তাতে যে মাল থাকে সেই মাল লিমিট থাকে তাতে The Stock held on 31st March, 1978 exceeded reserve stock limit by 1 crore 86 lakhs. The excess was in respect of reserve division which has been exceeding a limit of Rs. 75 lakhs since 1973-74 public health engineering at the closing of stock Registers. In Resources Division the Registers have not been closed for 5 years. Physical verification not been done since 1971-72 value of the closing stock on 31.3.1978 was 2.61 crores. এইভাবে যে বিভাগে স্টক থাকে.

সেই বিভাগের কাজকর্ম কি হয়েছে তা এই রিপোর্ট থেকে বোঝা যেতে পারে। এবং এইগুলি না থাকলে তার কি প্রতিক্রিয়া হতে পারে তা সহজেই অনুমেয়। জনস্বাস্থ্য দপ্তরের নিয়ন্ত্রণে আছে ম্যালেরিয়া। এ দেশে বর্তমানে সেই ম্যালেরিয়া দূর হয়ে গেছে। কিন্তু যেভাবে ম্যালেরিয়া প্রতিকারের চেষ্টা করা হয়েছে তাতে আমরা দেখতে পাই যে, সর্বত্র পুনরায় মশার প্রকোপ ভয়ানক বেড়ে চলেছে এবং এর ফলে ম্যালেরিয়া, ফাইলেরিয়ার প্রকোপ বৃদ্ধি হতে বাধ্য এবং বর্তমানে এই প্রতিকারের ব্যবস্থা যথেষ্ট পরিমাণে গ্রহণ করা হচ্ছে না, সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার স্বাস্থ্যকেন্দ্রে গ্রামীণ হাসপাতাল খুব বৃদ্ধি পেয়েছে বলে বলা হচ্ছে এবং সর্বত্র প্রচার দেখতে পাচ্ছেন। আমরা দেখতে পাচ্ছি যে, Number of Hospital, Dispensary and Clinic ১৯৬৮ সালে ছিল ২,২০১টি এবং বেডের সংখ্যা ছিল ৩ লক্ষ ৭৩ হাজার ৪৮টি। আর ১৯৮০ সালে এই সমস্ত ইনস্টিটিশন, হাসপাতাল ক্লিনিক ইত্যাদি সমস্ত জায়গায় বিশেষ করে গ্রামাঞ্চলে হয়েছে ১৮,৩০৪টি। আর অন্যদিকে শহরাঞ্চলে হয়েছে ৩৭ হাজার, অর্থাৎ বেডের সংখ্যা মোট হচ্ছে ৫৬ হাজার।

[3-10 — 3-45 p.m.] (Including Adjournment)

১৯৬৮ সালে ৩৭ হাজার ২৯৯টি বেড ছিল। এই বছরের বেড কিছু বেড়েছে ঠিকই, কিন্তু গত ৩/৪ বছরের সঙ্গে যদি তুলনা করি তাহলে খুব বেশি বেড়েছে একথা বলা যায় না। শয্যা সংখ্যা বৃদ্ধি হয়েছে অধিকাংশ মফস্বলের স্বাস্থ্যকেন্দ্রে। কিন্তু সেই শয্যাগুলি কিভাবে পরিচালিত হচ্ছে সেটা আমি বলব। স্বাস্থ্যকেন্দ্রে যে শয্যাগুলি রয়েছে তার অনেকগুলোতে রোগিরা থাকতে পারে না। সেখানে খাদ্যের ব্যবস্থা নেই, মেডিক্যাল অফিসার নেই, স্বাস্থ্য কর্মী নেই, ঔষধ নেই, নার্স নেই। এই অবস্থা চললে কি করে সেখানে রোগিরা থাকবে? এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে রোগিরা থাকতে পারে না বলে আজকে দেখছি শহরাঞ্চলে বেশি ভিড় হচ্ছে। আমরা দেখেছি সদর হাসপাতাল এবং মহকুমা হাসপাতালে শয্যা সংখ্যা দ্বিগুণ থাকা সত্ত্বেও নানারকম অসুবিধার জন্য সেখানে রোগীরা থাকতে পারেনা। এবারে আমি কাঁথি মহকুমা হাসপাতালের কথা বলব। সেখানে যত বেড রয়েছে তার দ্বিগুণেরও বেশি রোগী থাকে। সেখানে পূর্বে কোনও রেডিওলজিস্ট ছিল না, সম্প্রতি একজন গেছেন। প্যাথোলজিস্ট—এর পোস্টিং হয়নি এবং নতুন গৃহ তৈরির ব্যবস্থা হচ্ছে বটে, কিন্তু তা এখনও কমপ্লিট হয়নি। এই সমস্ত নানা কারণে মফঃস্বলের রোগীরা কলকাতায় এসে ভিড় করে। মফস্বলের শহরে এবং কলকাতার হাসপাতালে ভালভাবে কাজকর্ম না হবার কারণ আমরা জানি এবং সেকথা মন্ত্রী মহাশয়ও বলেছেন যে, হাসপাতালের চৌহদ্দিতে সমাজবিরোধীদের কার্যকলাপ ভয়ানকভাবে বেড়ে গেছে। আজকে আমরা দেখছি হাসপাতালে রোগীরা ভালভাবে সেবা পায় না এবং এই অবস্থার পরিবর্তন করার জন্য কোনও ব্যবস্থাও নেই। স্থানীয় জনসাধারণের প্রতিনিধিদের নিয়ে হাসপাতাল কমিটি গঠন করবার যে প্রস্তাব ছিল আমি যতদূর জানি অধিকাংশ জায়গাতে সেটা কার্যকর হয় না। ১৯৭৭ সালে আমি মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, কেন হাসপাতালে অ্যাডভাইসারি কমিটি গঠন করা হলনা? তারপর এই চার বছরের মধ্যে দেখলাম সেই জিনিস হল না। আমি অনুরোধ করছি অবিলম্বে যে এই কমিটি গঠন করা হয় এবং আমাদের কাছে নিয়মাবলি পাঠানো হয়। এবারে আমি আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি চিকিৎসা সম্বন্ধে দু-একটা কথা বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্বাধীনতা লাভের পূর্বে

আমাদের এখান থেকে বড়বড় আয়ুর্বেদ চিকিৎসকরা সারা ভারতবর্ষে যেতেন। কিন্তু আজকে দেখছি আয়ুর্বেদ চিকিৎসার ভাল ব্যবস্থা পশ্চিমবাংলার পরিবর্তে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে হচ্ছে। আমাদের এখানে মফস্বলে দু-একটা শিক্ষা প্রতিষ্ঠান ছিল, যেমন কাঁথি এবং নদীয়া শ্রী রঘুনাথ মাইতি মহাশয় যে প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন মন্ত্রী মহাশয় সেখানে গেছেন। আমি অনুরোধ করব সেই প্রতিষ্ঠানকে যেন পুনরায় চালু করার ব্যবস্থা করা হয়। এই সরকারের গত ৪ বছরের যে বাজেট আমি দেখেছি সেই বাজেটের দ্বারা আমাদের স্বাস্থ্য সম্পর্কিত এবং পরিবার পরিকল্পনা সম্পর্কিত কাজ ভালভাবে হয়নি, কাজেই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি যে ডেকরেটারের শ্রমিকরা তাদের দাবি-দাওয়া নিয়ে মিছিল করে এসপ্লানেড ইস্টে অপেক্ষা করছে। আমি শ্রম মন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন তাদের ওখানে গিয়ে তাদের কথা শোনেন।

## STATEMENT UNDER RULE—346

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনারা আমার ঘরে আসেন আমি ওনাদের সঙ্গে দেখা করব।

আমি একটা ছোট খবর এখানে উপস্থিত করছি। মুখ্যমন্ত্রী নেই, মুখ্যমন্ত্রী থাকলে তিনি এই কথাটা বলে দিতে পারতেন। গত ১২ই মার্চ বিকাল বেলা এবং ১৩ই মার্চ সকালবেলা পশ্চিম দিনাজপুর জেলায় পুলিশের উদ্যোগে বংশীহারি, উথালি এবং বাঘাবাড়ি অঞ্চল থেকে ৬টি বন্দুক এবং ইটাহার থানার বিনয় অঞ্চল থেকে পাঁচটি বন্দুক মাটির নিচে থেকে উদ্ধার করা হয়েছে। বাকি বন্দুক উদ্ধার করার প্রচেষ্টা চলছে।

(At this stage the House was adjourned till 3.45 p.m.)

(After Adjournment)

[3-45 — 3-55 p.m.]

## POINT OF INFORMATION

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব ইনফরমেনশন, স্যার, পশ্চিমদিনাজপুর জেলায় বন্দুক লুঠ এবং খুনের ব্যাপারে অনুসন্ধানের জন্য কংগ্রেস (ই) পরিষদীয় দলের তরফ থেকে শ্রী ভোলানাথ সেনের নেতৃত্বে শ্রী ভোলানাথ সেন, শ্রী অতীশচন্দ্র সিনহা, শ্রী সামসুদ্দিন আমেদ, শ্রী বীরেন্দ্রনাথ সরকার আজকে সেখানে যাচ্ছেন। স্যার, বিধানসভার তরফ থেকে একটি সর্বদলীয় টিম গেলেই ভাল হত কিন্তু তা যখন হল না তখন আমাদের দলের তরফ থেকেই এঁরা যাচ্ছেন। স্যার, এরা যে রিপোর্ট দেবেন সেটা আপনাকে দেব মুখ্যমন্ত্রী মহাশয়কে দেবার জন্য।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমদিনাজপুর সম্বন্ধে বিভিন্ন সময় আমরা সব বিভিন্ন রকমের বিভ্রান্তিকর উক্তি শুনছি। আপনার নেতৃত্বে যদি সেখানে একটি সর্বদলীয় টিম যায় তাহলেই ভাল হয়। কেউ বলছেন এটা নকশালদের ব্যাপার, কেউ বলছেন পুলিশের ব্যাপার, কেউ বলছেন সমাজবিরোধিদের ব্যাপার—এইরকম নানা রকমের খবর আমরা শুনছি। স্যার, আপনাকে আমি আবার অনুরোধ করব, একটি সর্বদলীয় টিম আপনি সেখানে পাঠান সমস্ত বিষয়টি পরিষ্কার করার জন্য।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ১৯৮১/৮২ সালের স্বাস্থ্য খাতের ব্যয়-বরাদ্দ পেশ করতে গিয়ে বাংলায় ২২ পাতার এবং ইংরাজিতে ২১ পাতার একটি বিবৃতি রেখেছেন। ইংরাজিটাকেই তিনি প্রাধান্য বলে ধরে নিতে বলেছেন তাই সেটাকেই ধরে আমি বলছি, তাঁর ভাষণ পড়ে আমরা নতুন কিছুই পেলাম না। ১৯৭৭ সালেও যেমন প্রতিশ্রুতি ছিল ১৯৮১ সালেও তেমনি কি করা হবে বা আণ্ডার কনসিডারেশন কি কি আছে সেই কথাই বেশি আছে, কি করা হয়েছে তার হিসাব খুবই কম। এবারে ওঁর কনক্রিট অ্যাচিভমেন্ট দুটি—উনি বিহার থেকে আমদানি করেছেন কালাজ্বর আর জাপান থেকে এনকেফেলাইটিস। স্যার, আজ থেকে প্রায় ২।। হাজার বছর আগে গৌতম বুদ্ধ জরা, ব্যাধি, মৃত্যুর দৃশ্য দেখে ভয়ঙ্করভাবে আতঙ্কিত হয়ে পড়েছিলেন এবং গভীর রাতে গৃহত্যাগ করে সন্ন্যাস গ্রহণ করেছিলেন। চিরকালই মুনি-ঋষিরা জরা, ব্যাধি, মৃত্যুর হাত থেকে মানুষকে রক্ষা করার জন্য চিরজীবন সাধনা করে গিয়েছেন কিন্তু জরার হাত থেকে মুক্তি দেবার উপায় এখনও পাওয়া যায়নি, মৃত্যুর হাত থেকেও মানুষকে ছিনিয়ে এনে অমর করার হদিশ এখনও মেলেনি। কিন্তু স্যার, আধুনিক বিজ্ঞান রোগ, ব্যাধি থেকে মানুষকে মুক্তি দেবার ক্ষেত্রে অনেকটা এগিয়ে গিয়েছেন, অনেকটা সফলও হয়েছেন।

যদি আধুনিক বিজ্ঞানকে কাজে লাগাতে হয় তাহলে নিশ্চয়ই অর্থের প্রয়োজন আছে এবং সে ক্ষেত্রে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, সেদিক দিয়ে এটা ঠিক। স্বাস্থ্য সম্পর্কে একটা কথা আছে। সুস্থ, সবল, নিরোগ নাগরিক যে কোনও দেশের গর্ব, যে কোনও দেশের অ্যাসেট এবং অভিপ্রায়। রোগা, দুর্বল, পঙ্গু নাগরিক দেশের পক্ষে বোঝা। কাজেই সেদিক থেকে আমাদের দেশের স্বাস্থ্য আশানুরূপ নয়। এর সঙ্গে সোসিও ইকনোমিক ফ্যাক্টরগুলি জড়িত রয়েছে। যতদিন আমাদের দেশের মানুষ ভুগবে, যতদিন কনজেস্টেড এরিয়াতে মানুষ বাস করবে, ততদিন তাদের স্বাস্থ্য ভাল হতে পারে না, ততদিন উন্নত মানুষের সঙ্গে আমরা তুলনা করতে পারবো না। যতদিন রোগ আসবে, রুগীরা ডাক্তারদের কাছে আসবে। কিন্তু তাই বলে চুপ করে বসে থাকা যাবে না। সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসতে হবে এবং সমস্যার সমাধান করতে গেলে অর্থের প্রয়োজন হবে। সেদিক থেকেও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এনেছেন, সেটা ঠিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য দপ্তর যে অস্বাস্থ্যকর পরিবেশ তার ফলে তারা নিজেরাই অসুস্থ এবং রোগাক্রান্ত হয়ে পড়েছেন। এই অর্থগুলি ঠিক ঠিকভাবে জনস্বাস্থ্যে ব্যয়িত হবে কিনা সেই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। আজকে আমাদের যিনি স্বাস্থ্যমন্ত্রী, তাঁর সম্পর্কে এই কথা বলতে চাই যে, মানুষ হিসাবে তিনি ভাল, তাঁর স্বদিচ্ছা আছে। কিন্তু পার্টির নেতাদের চাপে তিনি কাজ করতে পারছেন না। পার্টির নেতাদের চাপে, আলিমুদ্দিন স্ট্রিটের চাপে, এবং কো-অর্ডিনেশন

কমিটির আব্দার ইত্যাদি মিলিয়ে তিনি স্যান্ডউইচ হয়ে যাচ্ছেন। তিনি কোনও ভাল ব করতে পারছেন না। কাজেই এই অবস্থায় তাঁকে সহানুভূতি এবং সমবেদনা ছাড়া আর কি জানাতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্য খাতে দুটো দিক আছে। এক হচ্ছে প্রিভেনটিভ সাইড, আর একটা হচ্ছে কিউরেটিভ সাইড। কথায় বলে যে প্রিভেন ইজ বেটার দ্যান কিউর। কিন্তু এই বামফ্রন্ট সরকারের আমলে স্বাস্থ্য দপ্তরের প্রিভেনশনে দিকে নজর খুব কম। গবেষণা ইত্যাদি ব্যাপারে তাদের কোনও সুব্যবস্থা নেই। অনেক রো যেগুলির ঔষধ নিলে, ইনজেকশন নিলে, টিকা নিলে প্রতিরোধ করা যায়, কিন্তু সেদি তাদের নজর নেই। যে সমস্ত ওয়াটার বর্ন ডিজিস আছে, সেই ব্যাপারে যদি বিশুদ্ধ পানি জল সরবরাহ করা যায় তাহলে সেই সমস্ত রোগ থেকে রক্ষা পাওয়া যায়। সে দিকে সরকারের নজর নেই। আমি টিউবওয়েল সম্পর্কে কয়েকটি সেলিয়েন্টেড পয়েন্ট বল আপনি জানেন যে গ্রামের মধ্যে যে কয়টা টিউবওয়েল সচল আছে, সি. পি. এম. পঞ্চায়ে সেগুলির দফারফা করে দিচ্ছে। আজকে রুর‍্যাল পাইপ ওয়াটার সাপ্লাই করার কথা ব হয়েছে। এই রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই আমাদের আমলে বিগত সরকার মঞ্জুর করেছিলে সেগুলির কিছুই করা হচ্ছে না, সেগুলি সেই অবস্থায় আছে। এই ব্যাপারে বলা হচ্ছে হবে, হচ্ছে, ইত্যাদি। কিন্তু সঠিক করে কিছু বলতে পারছেন না। আমাদের সাব-ডিভি কয়টা আছে, একটাও এ পর্যন্ত চালু হয়নি। ওয়াটার বর্ন ডিজিস কমিয়ে দেওয়ার কথা ব হয়েছে এবং সেখানেও হিসাবের কারচুপি দেখা যাচ্ছে। তিনি বলেছেন যে ১৯৭৭ সা কলেরা, টাইফয়েড, গ্যাসট্রো-এনটেরোটাইটিস ইত্যাদি রোগজনিত ২৭ জন লোকের মৃত্যু হয়ে এবং ১৯৮১ সালে মরেছে ৬ জন। ১৯৮১ সালের কয় মাস হল— কাজেই ৬ জন য দুই মাসে মারা যায় তাহলে ৩৬ জন মরা উচিত। সুতরাং এখানে হিসাবে কারচুপি ক হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঔষধে ভেজাল, খাদ্যে ভেজাল ধরার জন্য যে সমস্ত ফু ইন্সপেক্টর আছে, যে সমস্ত স্যানিটারি ইন্সপেক্টর আছে, তারা কিছু কাজ করতে পারছে ন অসাধু ব্যবসায়িরা নাকি সি. পি. এম-এর ফাণ্ডে টাকা দিচ্ছে, সে জন্য তাদের গায়ে হাত দি পারছে না।

[3-55 — 4-05 p.m.]

আজকে ঔষুধে ভেজাল ধরতে পারা যাচ্ছে না, কারণ এর মধ্যে অনেক ব্যাপার আছে। সি. পি. এম. ফাণ্ডে ওষুধ ব্যবসায়িরা টাকা দিচ্ছে, সুতরাং তাদের গায়ে হাত দেওয়ার মন্ত্রী মহাশয়ের ক্ষমতা নেই। আজকে সরকার প্রত্যক্ষভাবে রেপসিড অয়েল-এর মতো বিষ খাইয়ে মানুষের ক্ষতি করছে।

এবার আমি কিউরেটিভ সাইড সম্বন্ধে দু-একটি কথা বলি। আমাদের দেশের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করে এবং তাদের মধ্যে বেশিরভাগ মানুষই দারিদ্র-সীমার নিচে বাস করে। আর শতকরা ২০ ভাগ মানুষ শহরে বাস করে। কিন্তু স্বাস্থ্য দপ্তর থেকে মোট যে টাকা খরচ করা হয় তার মধ্যে শতকরা ৮০ ভাগ শহরাঞ্চলে ব্যয় করা হয়, আর ২০ ভাগ গ্রামাঞ্চলে খরচ করা হয়। শহরের লোকের অভিযোগ, আন্দোলনের ভয়ে তাদের দিকেই নজর দেওয়া হয়, শহরে ব্যয় করতে হয়। যদি কারো মুখে রক্ত সঞ্চারিত হয়, দেহে

অন্যান্য জায়গায় ঠিকমতো না হয়, তাহলে তাকে সুস্বাস্থ্যের অধিকারি বলব না। মন্ত্রী মহাশয় ডাক্তার নন, কিন্তু তার অনেক ডাক্তার বন্ধু আছেন, তিনি তাদের কাছ থেকে এটা জেনে-নিতে পারেন। তাই আমি বলব গ্রামের দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুদালিয়ার কমিটির সুপারিশ ছিল, ১,০০০ পপুলশেনের জন্য একটা করে শয্যাব্যবস্থা করতে হবে। কিন্তু আজকে কোথায় তা হয়েছে? শহরাঞ্চলে হয়ত হয়েছে কিন্তু পপুলেশন বেড়ে যাচ্ছে, সেভাবে শয্যা সংখ্যা আজকে বাড়ছে না। আর গ্রামাঞ্চলের অবস্থা অত্যন্ত খারাপ মুদালিয়ার কমিশনের সুপারিশের কাছাকাছি-ও যায় না। বিগত সরকারের আমলে বহু হেলথ সেন্টার করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছিল, কিন্তু বামফ্রন্ট আসার পর সেগুলিও বন্ধ হয়ে গেছে। বামফ্রন্ট সরকার-ও ঘোষণা করেছিলেন যে, ৮/১০ হাজার নতুন উপ-স্বাস্থ্য কেন্দ্র খোলা হবে, কিন্তু আজ পর্যন্ত সেগুলি খুলতে পারেননি। তার পরে কতগুলি গ্রামভিত্তিক একটি করে হাসপাতাল করার কথা ছিল এবং সেখানে আধুনিক চিকিৎসার ব্যবস্থা থাকবে, বিশেষজ্ঞ চিকিৎসক থাকবে, কিন্তু আজকে সেটাও হচ্ছে না। তারপর বামফ্রন্ট সরকার বলেছিল মহকুমা হাসপাতালে ২৫০-টি করে শয্যা রাখা হবে বা শয্যা সংখ্যা হবে। সেটা কি তারা করতে পেরেছেন? না, সেটাও তারা করতে পারেননি। ১৯৮০-৮১ সালের ইকোনমিক রিভিউতে বামফ্রন্ট সরকার যে হিসাব প্রকাশ করেছেন সেই হিসাব থেকে দেখা যাবে যে, আজকে সেই ভাবে হাসপাতাল গড়ে উঠছে কিনা বা যে ভাবে বিগত দিনে বেড বাড়ছিল আজকে সেই ভাবে বাড়ছে কিনা। সেই হিসাব এখানে পাওয়া যাচ্ছে। আমাদের সময়ে ১৯৭২ সালে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা ছিল ২৯৮টি, ১৯৭৭ সালে সেই সংখ্যা বেড়ে হয়েছিল ৩৪২টি। অর্থাৎ বছরে গড়ে ৯টি করে বেড়েছে। তারপর ১৯৭৯ সালে সেই সংখ্যা বেড়ে কত হয়েছে? না, ৩৫০টি। অর্থাৎ এই সরকারের সময়ে বছরে গড়ে ৪ টি করে বেড়েছে। তারপরে হেলথ সেন্টারের সংখ্যা '৭২ থেকে '৭৭ পর্যন্ত প্রতি বছর ৩৪-টি করে বেড়েছিল। আর বামফ্রন্ট সরকারের আমলের গত দু' বছরে প্রতি বছর ১০-টি করে বেড়েছে। শয্যা সংখ্যা বিগত সরকারের সময়ে বছরে ২,২০০ করে বেড়েছিল এবং গ্রামাঞ্চলে হেলথ সেন্টারে ৬২১টি করে শয্যা বেড়েছিল। আর বামফ্রন্ট সরকারের আমলে বছরে গড়ে ৮০০-টি করে বেড়েছে এবং গ্রামাঞ্চলের হেলথ সেন্টারে ৩১-টি করে বেড়েছে। কোথায় ৬১২টি, আর কোথায় ৩১-টি। মোট ২২০০ করে যে জায়গায় বেড়েছিল, আজ সে জায়গায় কত বাড়ছে, না ৮০০ করে। বিগত সরকারের আমলে গ্রামাঞ্চলে বছরে গড়ে ৬২১টি করে শয্যা বেড়েছিল, আর ফ্রন্টের আমলে বছরে গড়ে ৩১টি করে বাড়ছে। এই চিত্র তথা-কথিত সর্বহারার নেতাদের কাছে নিঃসন্দেহে কলঙ্কজনক, লজ্জাজনক। তারপরে অনেক হাসপাতালে বাউন্ডারি ওয়াল নেই, যার ফলে অবাধে বেড়াল কুকুর চলাফেরা করছে। বহু হাসপাতালে ইলেস্ট্রিফিকেশন হয়নি, সেখানে অন্ধকারে চিকিৎসা হচ্ছে। হেলথ সেন্টারগুলিতে শয্যা সংখ্যা বাড়ালেও চিকিৎসা হয় না, কারণ সেখানে ডাক্তার নেই, নার্স নেই, প্যারা-মেডিক্যাল স্টাফ নেই, ওষুধ নেই, পথ্য নেই। এ সবগুলো চাই এবং সেই সঙ্গে ইনফ্রাস্ট্রাকচার হিসাবে হাসপাতাল বাড়াতে হবে, বেড বাড়াতে হবে, না হলে আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় আমি দেখেছি বিছানা না পেয়ে একই বিছানায় দু'জন রুগী রয়েছে এবং মাটিতে রুগী পড়ে আছে। আমি এমন জিনিসও দেখেছি হেড ইনজুরির পেসেন্ট অজ্ঞান হয়ে মাটিতে শুয়েআছে, পা ফ্রাকচার হয়েছে, ট্রাকশন দেওয়া দরকার, কিন্তু দেওয়া হচ্ছে না মাটিতে রুগী শুয়ে আছে।

আজকে প্রতিটি হাসপাতালে ইলেক্ট্রিফিকেশনের প্রয়োজন, কিন্তু এখানে বিদ্যুতের যা অবস্থা তাতে আমি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীকে বলছি যে, যে হাসপাতালগুলিতে অপারেশন হয় সে হাসপাতালগুলিতে অন্তত একটি করে জেনারেটর দেওয়ার ব্যবস্থা করুন।

স্যানিটেশন বলতে সেখানে কিছু নেই, সেখানে ঢোকা যাবে না, দুর্গন্ধময়, ওয়ার্ডে ঢুকতে গেলে দুর্গন্ধ। বিছানার চাদরও ভীষণ নোংরা। বাথরুমের কথা নাই বা বললাম, সেখানে যাওয়া যায় না। ওষুধের কথা আমি কি বলব? গ্রামাঞ্চলে কোনও ওষুধ পাওয়া যায় না হেলথ সেন্টারে স্যালফা-গুয়াডিন, অ্যাসপিরিন পর্যন্ত পাওয়া যায় না। অ্যালকালি উইথদাউট সোডিবাইকার্ব-লাল রঙের জল সরবরাহ করা হয় সাব-ডিভিসনাল হাসপাতালে এবং হেলথ সেন্টারে। সাব-স্টান্ডার্ড ওষুধ পাঠানো হয়। যেখানে ক্লোরোমাইসিন ইনডেন্ট করা হয় সেখানে কম দামের ওষুধ পাঠানো হয়। অ্যামপিসিলিনের জায়গা পেনিসিলিন যায়। যেখানে ডেকোয়াডিন ইনডেন্ট করা হয় সেখানে অ্যারোমাইসিন যায় কিন্তু বিল হয় সেই বেশি দামের ওষুধগুলির উপর। এইভাবে জনসাধারণের অর্থকে অপচয় করা হচ্ছে। এই অপচয় বন্ধ করার ব্যাপারে কোনও প্রচেষ্টা এই সরকারের নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পথ্যের কথা বলছি। পথ্য সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে পথ্যের জন্য উনি টাকা বাড়িয়ে দিয়েছেন। আমার প্রশ্ন, টাকা বাড়ালেই কি সব সমস্যার সমাধান হয়ে যাবে? একটা অ্যাডমিনিস্ট্রেশন এবং একটা অর্গানাইজেশন চালাতে গেলে কো-অর্ডিনেশন দরকার। তার প্ল্যানিং এবং একজিকিউশন দেখার মতন তার ক্ষমতা নেই। শুধু টাকা বাড়ালেই সব কাজ শেষ হয়ে গেল না। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, হাসপাতালে দেওয়া হয়, কাকড়ের চাল, বাসি সব্জি এবং সেখানে মাচের পিস যেভাবে কাটা হয়, হাতের মাজিক না জানলে বোধ হয় হাত কেটে যাবে—সেই রকম মাছের পিস দেওয়া হয়। ডাল বলে যে বস্তুটি দেওয়া হয় গরম জলে হলুদ ফেলে বিতরণ করা হয়। এটা আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি এবং আমাদের অন্যান্য বন্ধুরাও এইসব জানেন। দুধ বলে যে বস্তুটি দেওয়া হয় হাসপাতালে সেখানে জল মেশানো দুধ নয়, দুধ মেশানো জল। তার কারণ, কিছুদিন আগে সাব-ডিভিসনাল হাসপাতালে আমি মেপে দেখেছি ল্যাকটোমিটার দিয়ে, সেখানে দুধ হয়েছে ১,০১২ স্পেসিফিক গ্রাভিটি। যারা ডাক্তার এবং এই ব্যাপারে যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছেন তাদেরকে জিজ্ঞাসা করে দেখতে পারেন যে সেখানে স্পেসিফিক গ্রাভিটি কত হওয়া উচিত। আর যারা এইসব সাপ্লাই করছেন তারা নাকি টেন্ডার নেবার জন্য, কন্ট্রাক্ট নেবার জন্য পার্টি ফান্ডে টাকা দিয়েছেন। সুতরাং এইভাবে আপনারা নাকি মুমূর্ষু রোগীকে সুস্থ করে তুলবেন। গ্রামাঞ্চলে অ্যাম্বুলেন্স নেই। যদিও অ্যাম্বুলেন্স থাকে কিন্তু ফুয়েল অ্যালটমেন্ট নেই। আবার ফুয়েল অ্যালটমেন্ট যদি থাকে তাহলেও সেটা ঠিকমতো যায় না। বর্ধমানে ডিস্ট্রিক্ট লেভেলে কো-অর্ডিনেশন কমিটির মিটিং হয়। সেখানে মাননীয় মন্ত্রী ভক্তিবাবু যান, বিনয়বাবু যান। তাদের জিজ্ঞাসা করুন জানতে পারবেন—ওখানকার লোকেরা বলছে আমরা অ্যাম্বুলেন্স চালাতে পারছি না, আমাদের অ্যালটমেন্ট নেই। যদিও অ্যালটমেন্ট থাকল কিন্তু সময়মতো আসছে না আপনারা দয়া করে কোনও একটি ব্যবস্থা করুন। অথচ আমাদের এখানে ফ্যামিলি ওয়েলফেয়ার ওয়ারকারদের গাড়ি আছে কিন্তু তারও ব্রেক-ডাউন। তাসত্ত্বেও কিন্তু তাদের নামে পেট্রোল ইস্যু হচ্ছে। আপনারা এগুলি বন্ধ করতে পারছেন না। মফস্বল হাসপাতালে এক্স-রে মেশিন

থাকলেও রেডিওলজিস্ট নেই। আবার রেডিওলজিস্ট থাকলেও প্লেট নেই। প্যাথোলজি ডিপার্টমেন্টে প্যাথোলজিস্ট নেই, টেকনিসিয়ান্স নেই। রামপুরহাট হাসপাতালে একটা ই. সি. জি. মেশিন গেছে কিন্তু টেকনিসিয়ানের অভাবে দরুণ অচল হয়ে পড়ে আছে। এবার আমি ডাক্তারদের প্রশ্নে আসি। ডাক্তার সম্বন্ধে আপনাদের অজুহাত হচ্ছে গ্রামাঞ্চলের জন্য কোনও ডাক্তার পাওয়া যায় না। কিন্তু আমার অভিজ্ঞতা থেকে বলছি, গ্রামাঞ্চলে ডাক্তাররা কেন যাচ্ছে না সেটা আপনাদের দোষ। ডাক্তাররা যেতে চায় কিন্তু আপনাদের ব্যর্থতার জন্য, আপনাদের অপদার্থতার জন্য আজ গ্রামাঞ্চলের হাসপাতালগুলি, হেলথ সেন্টারগুলি খালি পড়ে আছে। ১৯৭৮ সালে ১,৮০০ ডাক্তার আপনাদের কাছে চাকুরির জন্য আবেদন করেছিল। কিন্তু আপনারা ২ বছর চুপচাপ থেকে গেলেন। তারপর ১৯৮০ সালে বললেন ৭০০ জন অযোগ্য। ডাক্তাররা এম. বি. বি. এস. পাশ করেছে। তার মধ্যে এম. ডি. আছে, এম. এস. আছে কিন্তু আপনাদের অযোগ্যতার জন্য তাদেরকে চাকুরি দিলেন না। তারপর আপনারা আবার তাদেরকে ডাকলেন। তারমধ্যে—আপনার ভাষণে আছে—কিছু টার্ন-আপ করে কিন্তু বেশির ভাগ আসেনি। আপনারা কি আশা করেন যে এতদিন ডাক্তারি পড়ার পর বছরের পর বছর আপনারা লাল ফিতার বাঁধনকে এখন লাল শালু করেছেন কিনা সেটা আপনারা জানেন—যাইহোক তারা পাশ করার পর বছরের পর বছর বসে থাকবে আর বাবার হোটেলে খাবে? এরমধ্যে কেউ হয়ত বাধ্য হয়েছে বাপের জমি বিক্রি করে নিজে একটা চেম্বার খুলে প্র্যাকটিস করতে আরম্ভ করেছে। এটা হচ্ছে অ্যাকিউট শর্টেজ-ম্যান-মেড-শর্টেজ, আপনাদের গাফিলতিতে এবং আপনাদের ব্যর্থতার জন্য এইসব হয়েছে, ডাক্তার শর্টেজ নাই। তারা যাবে কোথায়? তারা ডাক্তারি পাশ করেছে, তাদের সমস্ত দ্বার বন্ধ, তারা যাবে কোথায়? ডাক্তাররা আজকে ইংল্যান্ড যেতে পারছে না, আমেরিকা যেতে পারছে না, মিডল ইস্ট যেতে পারছে না। এই আজকে সন অফ দি সয়েলের প্রশ্ন উঠেছে। ডাক্তাররা আজকে অন্য প্রদেশেও যেতে পারছে না। বিহারে এবং উড়িষ্যায় যেতে পারছে না। সুতরাং পশ্চিমবাংলা ছেড়ে যাবে কোথায়? কিন্তু আপনাদের অপদার্থতার জন্য এবং আপনাদের ব্যর্থতার জন্য ডাক্তাররা গ্রামাঞ্চলে যাচ্ছে না।

[4-05 — 4-15 p.m.]

ডাক্তাররা গ্রামাঞ্চলে গেলে তারা যাতে ভদ্রলোকের মতো বাস করতে পারে তার জন্য তাদের মিনিমাম রিকয়ারমেন্টস যেটা, সেটা দিতে হবে। তাদের রুর‍্যাল অ্যালাওয়েন্স সেই ভাবে দিতে হবে, তাহলে ডাক্তাররা সেখানে নিশ্চয় যাবে। তারা যে আধুনিক চিকিৎসা পদ্ধতিতে শিক্ষালাভ করছে তাদের সেই অপারচুনিটি দিতে হবে, যাতে তারা আধুনিক চিকিৎসা করতে পারে, তা না হলে কেউ যাবে না। তাদের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে, তাহলে তারা নিশ্চয় যাবে। তারা যেতে চাইছে না ম্যান মেড এই অপবাদ তাদের ঘাড়ে আপনাদের গাফিলতির দোষ না চাপিয়ে নিজেদের সংশোধন করুন, তাহলে দেখবেন ডাক্তারের অভাব হবে না। তারপর, নিরাপত্তার কথা আগেই বলেছি, ডাক্তারদের কোয়াটারস হাসপাতালের মধ্যে নয়, অনেক ডাক্তারের কোয়ার্টাস নেই, হাসপাতাল থেকে শহরের মধ্যে যাতায়াত করার সময় তাদের নিরাপত্তার প্রশ্ন আসে, আপনাদের গুন্ডাদের সুবিধা না দিলে তারা রাস্তায় হৈ-চৈ, মারধোর ইত্যাদি করে ডাক্তারদের, এই রকম ঘটনা অনেক ঘটছে, আপনারাও খবরের

কাগজে দেখেছেন, আপনারা সবই জানেন। আপনাদের পোস্টিং, ট্রান্সফার পদ্ধতি একটা ইউনিফর্ম পদ্ধতিতে করুন, এবং এর জন্য হেলথ সার্ভিসের, আই. এম. এর ডাক্তারদের নিয়ে একটা আলোচনা করুন কিভাবে, কোথায় তাদের পোস্টিং করবেন, কিভাবে ট্রান্সফার করবেন। ইউনিফর্ম পলিসিতে করলে কেউ গ্রাজ করবে না। আপনাদের ট্রান্সফার অর্ডারের বিরুদ্ধে শত শত মামলা হাইকোর্টে যাবে না, আর মহামান্য হাইকোর্টের কাছে আপনাদের অনেক সময় কনটেম্পট অফ কোর্টে দাঁড়াতে হচ্ছে—আপনারা যদি ঠিকভাবে চলেন তাহলে আর দাঁড়াতে হবে না। ফেভারিটিজম, পারসিয়ালিটি যদি না করেন তাহলে কেউ গ্রাজ করবে না, এবং জনসাধারণের অর্থেরও সাশ্রয় হবে। আপনারা মামলায় যে রকম খরচ করছেন একটা ইউনিফর্ম ট্রান্সফার পলিসি করুন, তাহলে কিছুই করতে হবে না। টিচিং ইনস্টিটিউশনসের কথা বলেছেন এবং সার্ভিস বেনিফিটের চেষ্টা করছেন, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, টিচিং ইনস্টিটিউশনসের দুরকমের মাস্টার থাকেন—নন ক্লিনিক্যাল টিচার একজন, ক্লিনিক্যাল টিচার একজন থাকেন। নন-ক্লিনিক্যাল টিচার যারা তাদেরও অবদান কম নয়, ডাক্তার তৈরির ক্ষেত্রে তাদেরও রোল, বেসিক অবদান যথেষ্ট আছে, কিন্তু যেহেতু তারা নন-ক্লিনিক্যাল তাদের প্রাইভেট প্র্যাকটিস হয় না, তারা গাড়ি, বাড়ি করতে পারেন না। কিন্তু ডাক্তার তৈরির ক্ষেত্রে তাদের অবদান অমূল্য, তাদের দিকে একটু নজর দেবেন। ক্লিনিক্যাল টিচার যারা আছেন, তাদের সবাইকে নন-প্র্যাকটিসিং করতে চাই না, নন-প্র্যাকটিসিং করুন আমাদের আপত্তি নেই কিন্তু মনে রাখবেন যে ডাক্তারবা হচ্ছে ইনটেলিজেন্সের দিক দিয়ে যাদের ক্রিম অফ দি সোসাইটি বলে ডাক্তাররা সেই গ্রুপে পড়ে। তারা যাতে সম্মানজনকভাবে বাঁচতে পারে, বাস করতে পারে সেরকমভাবে তাদের বেতন কাঠামো ঠিক করতে হবে, নন-প্র্যাকটিসিং অ্যালাওয়েন্স দিতে হবে। তাহলেই দেখবেন ডাক্তারদের কোনও আপত্তি থাকবে না।

দ্বিতীয় সাজেশন হচ্ছে যে হাসপাতাল, ইনস্টিটিউশনে যারা আছেন প্রফেসররা তাদের সপ্তাহে একদিন, দুদিন আউট ডোর আছে, আর বাকি যেদিন আউটডোর থাকবে না যদি আপনারা তাদের নন-প্র্যাকটিসিং করতে চান—আপনি তাদেরকে কাজ দিতে পারেন না, আবার তাদের ৫, ৬ বা ৭ দিন এক সপ্তাহ কাজ দিতে পারেন না। শয্যাসংখ্যা সীমিত, আউটডোর পেসেন্টদের ভর্তি করবার ক্ষমতা নেই, সম্ভব নয়, আউটডোর পেসেন্টদের ভর্তি করতে হবে, পেসেন্ট ভর্তি করবেন এত বেড নেই, ও. টি. নেই সম্ভব নয়, সেজন্য সেদিক থেকে ওয়ার্ক লোড দিতে পারেন না, ডাক্তাররা কাজ করতে চায়, কিন্তু সুযোগ পায় না, কাজেই যাদের নন-প্র্যাকটিসিং করেছেন তাদের বাকি দিনে যদি আউট ডোরে দেন যাতে তাদের রিসার্চ ফেসিলিটি থাকে সেদিকে একটু নজর দেন, যাতে তারা রিসার্চ করতে পারে, তাদের বাস্তব অভিজ্ঞতা তাদের উদ্ভাবনী শক্তি, তাদের প্রতিভা যাতে বিকশিত হতে পারে সেদিকে একটু নজর দেবেন। তাদের জন্য স্যাটিসফ্যাকশন তারা যাতে পায় এবং এর সঙ্গে তাদের গবেষণা লব্ধ ফল যদি তারা পায় তাহলে সেখান থেকে মানুষ উপকার পাবে এবং পশ্চিমবঙ্গে স্বাস্থ্যের অনেক উন্নতি হবে বলে আমি মনে করি।

তৃতীয়ত, আমার আর একটা সাজেশন হচ্ছে পলি ক্লিনিক, পে-ক্লিনিক এগুলি আরও বাড়িয়ে দিন। এই অভিজ্ঞ ডাক্তার যারা আছেন রোটেশনে তারা যদি দেখেন তাহলে সাধারণ মানুষ সেখানে অল্প পয়সায় অভিজ্ঞতা লব্ধ ডাক্তার পাবে, এবং যাদের প্র্যাকটিস ভাল তাদের

এবং মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে দিন রাত একটা কথা মনে রাখতে হবে যে গুডউইল রেপুটেশন বিল্ডাপ যারা করছে তারা নিশ্চয় ভাল ডাক্তার। কাজেই ভাল ডাক্তারের সার্ভিস যাতে ডিপ্রাইভ না হয় সেদিকে চিন্তা করতে হবে। পে-ক্লিনিক এর মাধ্যমে নাম মাত্র পয়সা দিয়ে যাতে চিকিৎসা করতে পারে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি সেদিকে লক্ষ্য রাখতে অনুরোধ করছি। এবার মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা বলছি আমাদের মেডিক্যাল শাস্ত্রে একটা কথা আছে রক্তের বদলে রক্ত। সি. পি. এমের বন্ধুরা যে অর্থে বলেন আমি সে অর্থে বলছি না। ব্লাড ফর ব্লাড—যেখানে অ্যাকিউট ব্লাড লস হয় অ্যাকিউট ব্লাড লস হলে কিংবা অপারেশনে লস হলে রক্তের ট্রান্সফিউশন হয়।

যেখানে আর কোনও ওষুধ কাজ দেবে না সেখানে স্যালাইন বা প্লাজমা দেয় এবং সেখানে রক্তেরও প্রয়োজন হয়। সেখানে রক্ত যাতে প্রচুর পাওয়া যায় তার ব্যবস্থা করা প্রয়োজন। সরকারি ব্লাড ব্যাঙ্ক আছে ৪৭টি তার মধ্যে ১২টি ফাংশন করছে। বাকি ৩৫টি জায়গায় কোনও কাজ হয় না। বছরের দেড় লক্ষ বোতল টোটাল রিকয়ারমেন্ট। কিন্তু সরকারি ব্লাড ব্যাঙ্কগুলি থেকে মাত্র ৪৯ হাজার বোতল সংগ্রহ করে থাকে। এর মধ্যে ভলান্টিয়ারি ব্লাড ডোনার ১০ হাজারের মতো এবং বাকিটা প্রফেশনাল ব্লাড ডোনারের কাছ থেকে আদায় করেন। ভলান্টিয়ারি ব্লাড ডোনারের অভাব নেই। মুমুর্ষ মানুষকে সাহায্য করতে মানুষ এগিয়ে আসে। এ বিষয়ে একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭৯ সালে ভলান্টিয়ারি ব্লাড ডোনারের সংখ্যা ছিল ২ হাজার ৪৯৩, ১৯৮০ সালে তা হয়েছে ৯ হাজার ২০০। যে কোনও লোক ১৮ থেকে ৫৫ বছরের বয়স হলে এবং সাড়ে ৪৭ কেজি ওজন হলে ব্লাড ডোনেট করতে পারে। প্রতি বছর ৬ লক্ষ মানুষের ১০ বছর পূর্ণ হচ্ছে। সেখানে ব্লাডের অভাব হবার কথা নয়। কিন্তু যেটা হচ্ছে সেটা আপনাদের অব্যবস্থার জন্য হচ্ছে। মেডিক্যাল কলেজের সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক আছে তারা ক্যাম্প করে ভলান্টিয়ারি ব্লাড কালেক্ট করে না, কারণ তারা বলে যে তাদের প্রতি সরকারের এরকম নির্দেশ নেই তবে আমরা এই কাজে যেতে পারি। কিন্তু আমাদের গাড়ি নেই। এর ফলে যারা ব্লাড দিতে চায় তারা তা নিতে পারছে না। এদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে এবং তাহলে অ্যাকিউট শর্টেজ অব ব্লাড হবে না। সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক একটা প্লাজমা সেকিং মেশিন আছে। যা দীর্ঘ দিন ধরে অচল হয়ে আছে। সেটা সারান হচ্ছে না। সেদিন একজন আমার ডাক্তার বন্ধু বললেন যে অনেক সফিস্টিকেটেড মেশিন আমাদের দরকার যার ফলে আমরা পারছি না। সেদিন আর একজন বললেন কম্প্যুটারাইজড অ্যাকসিয়াল টমোগ্রাফি ইত্যাদি মেশিন সম্বন্ধে বলে কোনও লাভ নেই। স্বাস্থ্যমন্ত্রীও এসব কথা চিন্তা করতে পারবেন না। কারণ তিনি মিনিমাম নিড পৌঁছে দিতে পারছেন না। এগুলি আপনি কিভাবে করবেন জানি না। এ বছর বিশ্ব প্রতিবন্ধী বছর। ফরোয়ার্ড ব্লকের একজন সদস্য এখানে তার আই ডোনেটের কথা ঘোষণা করলেন। পশ্চিমবাংলায় প্রায় ৮ লক্ষ মানুষ অন্ধ আছে তাকে যদি কর্নিয়াল গ্রাফটিং করা যায় তাহলে ৩ লক্ষ মানুষ দৃষ্টি শক্তি ফিরে পেতে পারে। গত অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী এরকম একটা আইন প্রণয়ন করেছিলেন যাতে কর্নিয়া পাওয়া যায়। শুধু আইন করলে হবে না প্ল্যানিং করলে হবে না তাকে এক্সিকিউশন করা দরকার। কিন্তু সেসব কিছু করা হচ্ছে না। আজ যেসব মাননীয় একজন সদস্য ঘোষণা করলেন সেই রকম আপনারা ঘোষণা করতে পারেন কিনা দেখুন যে

আপনাদের মন্ত্রিসভায় সমস্ত সদস্যরা এবং আপনাদের দেখুন যে আপনাদের পক্ষের সমস্ত সদস্যরা যাদের বয়স ৫০ হয়েছে তারা সকলেই এই অধিবেশনের শেষে চোখ দিতে অঙ্গীকার করবেন এবং সেই সঙ্গে সঙ্গে বিরোধী দলের কাছে আবেদন করলে নিশ্চয় সাড়া দেবেন অর্থাৎ আমরা সকলেই আই-ডোনেশন প্রেজ গ্রহণ করে একটা দৃষ্টান্ত স্থাপন করেন যাতে সাধারণ মানুষ আমাদের সাধুবাদ জানাতে পারে।

[4-15 — 4-25 p.m.]

ফ্যামিলি ওয়েলফেয়ারের কথা বলেছেন যেটা আপনারা এতদিন বুঝতে পেরেছেন তাহলে বলব বেটার লেট দ্যান নেভার। আপনারা এতদিনে বুঝতে পেরেছেন যদি ফ্যামিলি প্ল্যানিং না করা যায় তাহলে খাদ্য সমস্যা, বেকার সমস্যা, হাসপাতাল সমস্যার সমাধান হবে না। এ বিষয়ে আপনাদের শুভবুদ্ধি হয়েছে বলে ধন্যবাদ জানাই। এবার আমি কমিউনিটি মেডিক্যাল সার্ভিসেসের কথা বলব। আগে এল. এম. এফ. কোর্স ৪ বছরের ছিল। কিন্তু বিশেষজ্ঞরা দেখালেন যে এতে মেডিক্যাল কোর্স সম্পূর্ণ হচ্ছে না। বেসিক কোয়ালিফিকেশন, মিনিমাম কোয়ালিফিকেশন হচ্ছে না বলে এল. এম. এফ. তারা উঠিয়ে দিলেন। অর্থাৎ যেখানে ৪ বছর বলছেন অসম্পূর্ণ, সেখানে কেন ৩ বছর চালু করছেন? এদের দিয়ে যে চিকিৎসা করাবেন তাতে গ্রামের মানুষগুলি কি দ্বিতীয় শ্রেণীর মানুষ হবে? ব্রাহ্মণ শূদ্রের ভেদাভেদ দূর করার জন্য গান্ধীজি একদিন চেষ্টা করেছিলেন। আপনারা সেই ব্রাহ্মণ, শূদ্র তৈরি করছেন। ননীবাবু, মাখনবাবু, প্রমোদবাবুর মতোন বাবুরা কোয়ালিফায়েড মানুষ দিয়ে চিকিৎসা করাবেন। আর গ্রামের মানুষের জন্য ব্যবস্থা করছেন হাতুড়ে হাফ ডাক্তার সেদিন ডাক্তাররা যখন গণছুটি নিয়েছিলেন আপনি ওদের বিরুদ্ধে অনেক কথা বলেছেন। আপনি রাতারাতি স্বপ্ন দেখলেন যে এটা যখন চালু হয়ে গেছে তখন আর চিন্তা নেই। আপনি আগে থেকে আই. এম. এ., হেলথ সার্ভিস অ্যাসোসিয়েশনের সঙ্গে কেন কথা বললেন না। এইভাবে আপনি তাদের সঙ্গে কনফ্রন্টেশনে নামলেন। এবং বললেন যে যারা ছুটি নেবেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবেন। ডাক্তারদের সঙ্গে কনফ্রন্টেশনে যাবেন না। প্যারালাইজ হয়ে যাবেন। বুদ্ধিজীবিরা আপনাদের বিরুদ্ধে যাচ্ছেন। বিচার করা বলছেন অবিচারের বিরুদ্ধে বিচার চাই। সেজন্য বলছি ডাক্তারদের সঙ্গে কনফ্রন্টেশনে যা গিয়ে আই. এম. এ. হেলথ সার্ভিসেস অ্যাসোসিয়েশনের সঙ্গে পরামর্শ করুন। আপনাদের শুভবুদ্ধি হোক এই কথা বলে আপনাদের সমালোচনা করে এই বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**ডাঃ হরমোহন সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের বিরোধিতা করে কংগ্রেস (আই) এবং জনতা পার্টির দুজন বক্তৃতা করলেন। বিরোধিতা করার জন্য যারা বিরোধিতা করেন তাদের বুঝিয়ে লাভ নেই। মোতাহার হোসেনের কয়েকটি কথার মধ্যে ২টি কথা সমর্থন যোগ্য। তিনি রক্তের ব্যাপারে যে কথা বলেছেন তাতে রক্তাদন কর্মসূচির গুরুত্ব আছে এবং সেখানে তিনি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ সঠিকভাবেই করেছেন। হাসপাতালগুলির অবস্থা সম্পর্কে তিনি অনেক কথা বলেছেন।

কিন্তু মোতাহার হোসেন একটু ভুল বলেছেন, আমি তার কাছ থেকে শুধুমাত্র বিরোধিতা আশা করিনি। কারণ তিনি শুধুমাত্র একজন বিধানসভার সদস্য নন, তিনি একজন চিকিৎসকও

বটে—তার গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলি সম্পর্কে কি হওয়া উচিত ছিল এবং এখন কি করা হয়েছে সে সম্পর্কে তার চিন্তা করা উচিত ছিল। সেইজন্য অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, তাদের সময়ে ঐ সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য তারা কিছু করতে পারেননি, এবং তা সত্ত্বেও তিনি আমাদের বিরোধিতা করছেন। অর্থাৎ তিনি শুধু বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করেছেন। Community medical practitioners course সম্পর্কে তিনি বলতে চেয়েছেন। কিন্তু আজকে বুঝতে হবে শতকরা ৭০ ভাগ মানুষ হচ্ছে গ্রামের এবং তাদের সময়ে চিকিৎসার জন্য কি ব্যবস্থা তারা নিতে পেরেছিলেন। অথচ এই ৭০ ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বাস করেন—তাদের জন্য কোনও পরিকল্পনা তারা নিতে পারেননি। তারা তখন গ্রামাঞ্চলে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল তৈরি করেছিলেন সেই সমস্ত এলাকায় যে এলাকায় ভেস্টেড ইন্টারেস্টেড মানুষ বাস করেন এবং তাদের কথাতেই হাসাপাতালগুলি তৈরি হয়েছিল, সেগুলি ভাগাড়ে হল না কোথায় হল তার দিকে দৃষ্টি আপনারা দেননি। আর সরকারি প্রশাসন এর মধ্যে যারা ছিলেন তারাই তখন প্লান করে এস্টিমেট করে ঠিক করেছিলেন আমার কনস্টিটিউয়েন্সিতে একটা হবে, ওখানে একটা হবে বলে হাসপাতালগুলো তৈরি করেছিলেন। কারণ তা না করলে আগামী দিনে ভোট পাওয়া যাবে না—সেটা ভাগাড়ে হল না মানুষের প্রয়োজনের জন্য তৈরি হল, সেকথা আপনারা চিন্তা করেননি। সেজন্য বলছি, তারা আগে কি বলেছেন আর আজকে কি বলছেন। মাননীয় মোতাহার সাহেবকে ধন্যবাদ দিতে পারতাম, কিন্তু তা না দিতে পারার জন্য আমি খুব দুঃখিত। এবং সেই সঙ্গে তাকে বলতে চাই যে, আজকে যে ব্যয়বরাদ্দ বাজেট এখানে রাখা হয়েছে এ ব্যাপারে বিরোধিতা করার কি আছ? আপনি যদি বলেন যে চিন্তা না করেই বলেছি, বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করেছি তাহলে কিছু বলার নেই। আমরা স্বীকার করছি যে, ৪ বছরের মধ্যে আমরা অনেক কিছু করতে পারিনি—এটা আমরা স্বাভাবিক ভাবে স্বীকার করি। সাধারণ মানুষের জন্য রুর‍্যাল ড্রিংকিং ওয়াটারের ব্যবস্থা করা হয়েছে, সে ব্যাপারে আপনাদের কি বলার আছে? এটা কি অস্বীকার করতে পারেন? ১৯৭৭-৭৮ সাল থেকে যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে ক্রমাগত এই পানীয় জলের ব্যাপারে ব্যবস্থা বেড়ে চলেছে। এর মধ্যে সবচেয়ে বেশি হয়েছে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলাগুলিতে। এখানে রিগ বোর টিউবওয়েল ?,২০৮টি সম্পূর্ণ করা হয়েছে এবং ৪,৫৩৭টির স্যাংশন করা হয়েছে—এ ব্যাপারে আপনাদের কাছে কি অস্বীকৃতি পাব? এইভাবে অনেক কিছুই অলরেডি কমপ্লিট করতে পেরেছি—এটা তো খবরের কাগজের কথায় নয়, এখানে পুরুলিয়ার বন্ধু যারা রয়েছেন তারা সবাই জানেন যে তাদের এলাকাতেই এসব করা হয়েছে।

[4-25 — 4-35 p.m.]

চোখে যেটা দেখা যায় সেটা অস্বীকার করলে অন্ধ নিবারণী সমিতিতে যোগদান করুন। আমরা বারে বারে বলেছি এই পিরিয়ডে ১০৯ এম. এন. পি. এবং ১৮৩টি টিউবওয়েল দেওয়া হয়েছে। গ্রামের জনসাধারণের কাছে যখন জলকষ্ট দেখা দেয় তখন এরা কি বলেন? আমরা দেখেছি পঞ্চায়েত হবার পূর্বে যেখানে সেভেনটিফাইভ পারসেন্ট টিউবওয়েল আউট অব অর্ডার হয়ে থাকত আজকে সেখানে ম্যাক্সিমাম টেন টু ফিফটিন পারসেন্ট টিউবওয়েল অকেজো হয়ে থাকছে। আজকে যদি কোনও টিউবওয়েল অকেজ হয়ে যায় তাহলে সঙ্গে

সঙ্গে পঞ্চায়েতে সেখানে ব্যবস্থা অবলম্বন করেন। এই সমস্ত টিউবওয়েল মেন্টেন করবার জন্য পঞ্চায়েতকে ৮ হাজার টাকা দেওয়া হয়েছে। অবশ্য স্বীকার করা প্রয়োজনের তুলনায় এটা অনেক কম। আজকে এখানে প্রিভেন্টিভের কথা বলা হয়েছে। ওয়াটার বোর্ন ডিজিজকে যদি রুখতে হয় তাহলে আমাদের জলের ব্যবস্থা যেভাবে হওয়া উচিত ঠিক সেইভাবে হয়নি এটা ঠিক। ওয়াটার সাপ্লাই মাত্র ১৫.৩ পারসেন্ট এলাকায় হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং ইউনিসেফ থেকে বলা হয়েছে কয়েক কোটি টাকা খরচ করে ভারতবর্ষে নূতন ব্যবস্থা করা হবে। অতীতে এত টাকা খরচ করা হয়নি, কাজেই আশা করছি এবারে আমাদের ওয়াটার সাপ্লাই আরও বেশি করে গুরুত্ব পাবে। ইউনিসেফ থেকে যারা এসেছিলেন তাদের চিন্তা ধারা হচ্ছে শুধু শহরে চিকিৎসা করলে হবে না, গ্রামের মানুষ, বস্তির মানুষদেরও চিকিৎসা করতে হবে। তবে আমরা কিন্তু এখনও পর্যন্ত আমাদের দেশে চিকিৎসা বলতে বুঝি মুস্টিমেয় কতগুলি লোকের চিকিৎসা ব্যবস্থা। চিকিৎসা আজকে পার্চেজেবেল কমোডিটি। যাদের পয়সা আছে তারা আজকে চিকিৎসা কিনতে পারেন, যাদের পয়সা নেই তারা চিকিৎসা কিনতে পারে না। যাদের অর্থ আছে তাদের কথাবার্তায় দেখবেন রোগ কতটা নিরাময় হল সেটা তাদের কাছে বড় কথা নয়। আমি অমুককে দেখিয়েছি এত টাকা ফি দিয়েছি, তমুককে দেখিয়েছি এত টাকা ফি দিয়েছি, এই দেখুন আমার প্রেসক্রিপশন—এটাই তাদের কাছে বড় কথা।

কিন্তু যাদের টাকা দিয়ে ডাক্তার দেখাবার ক্ষমতা নেই তাদের হাসপাতালে আশ্রয় নেওয়া ছাড়া আর কোনও উপায় নেই, স্বাস্থ্যকেন্দ্রে আশ্রয় নেওয়া ছাড়া আর কোনও উপায় নেই। আমি একটা কথা জিজ্ঞাসা করি, যে সমস্ত চিকিৎসালয় বিনা চিকিৎসায় পরিণত হয় তখন আমাদের ডাক্তারবাবুদের কি কোনও দায়িত্ব নেই। এতদিন আমরা চিকিৎসার ক্ষেত্রে গর্ব অনুভব করতাম, কিন্তু এখন আমরা হেয় হচ্ছি। আমরা যদি সেবার মনোভাব নিয়ে না যাই তাহলে কোনও ফল লাভ হবে না। আমরা দেখেছি গ্রামের মানুষ ডাক্তার না পেয়ে বিনা চিকিৎসায় মারা যায় এবং এমনও দেখেছি ১০ মাইল রেডিয়াসের মধ্যে কোনও ডাক্তার থাকে না। ডাক্তাররা হাসপাতালে চাকুরি করবেন কিনা সেটা বড় কথা নয়। আজকে প্রশ্ন হচ্ছে ডাক্তাররা সেবার মনোভাব নিয়ে গ্রামে যান কি? সেই মনোভাবের ক্ষেত্রে অত্যন্ত অপ্রতুলতা দেখা যায়। এই সব কারণে বামফ্রন্ট সরকার অত্যন্ত দৃঢ় পদক্ষেপ নিয়েছেন এবং বলেছেন নূতনভাবে সমাজ গঠনের চিন্তা আমাদের রয়েছে। আজকে এটা খুব দুঃখের বিষয়, যারা চিকিৎসা কিনতে পারে না তাদের আমরা এখনও চিকিৎসার ব্যবস্থা করে দিতে পারছি না। কলকাতার বাইরে যে সমস্ত মেডিক্যাল কলেজে চিকিৎসকদের শিক্ষক হিসেবে পাঠানো হয়েছে তারা ডেইলি প্যাসেঞ্জারি করে সেখানে শিক্ষকতা করছেন। আমি তো বুঝতে পারছি না এইভাবে চললে তারা কিভাবে শিক্ষা দেবেন? আজকে চিকিৎসক সমাজকে অত্যন্ত দায়িত্বশীল, কর্তব্য পরায়ণ হতে হবে, সাধারণ মানুষের প্রতি দায়িত্ববোধ, মমত্ববোধ যা তারা হারিয়ে ফেলেছেন সেটা তাদের ফিরিয়ে আনতে হবে। যদি আমরা পারি তাহলে আজকে গ্রামের মানুষ, শহরের মানুষ, সাধারণ মানুষ, তারা আমাদের বিচার করে নেবে। কিন্তু আমরা লক্ষ্য করেছি, সেদিকে আমরা যাচ্ছি না। আমাদের কাছে এমন একটা সমাজ ব্যবস্থা, সেই সমাজ ব্যবস্থায় চিকিৎসা করা হচ্ছেন একটা প্রিভিলেজড ক্লাস, একটা বিশেষ সুবিধা ভোগী শ্রেণী। সেই সুবিধা ভোগী শ্রেণীর সুবিধাগুলোকে সম্পূর্ণ না করতে পারলে, তারা বিরোধিতা করবার

চেষ্টা করবে। আমি জানি তারা ২১ তারিখে মাস ক্যাজুয়াল লিভ নিয়েছেন সরকারকে একটু জানাবার জন্য। কিন্তু আমি বলি, আসুন না, আমরা একটু বসি। ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিস অ্যাশোসিয়েশন, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশন, আমরা আলোচনা করিনি এই কথা ঠিক না। আমরা বারবার বলেছি, আলোচনা করেছি, যদি আলোচনা বললে এই কথা বোঝা যায়, উনারা যে কথাটা বলছেন, সেই কথাটা ধরে নিয়ে তবে আলোচনায় বসতে হবে, তাহলে এটা একটু অন্য রকম রূপ নেয়। আসুন আলোচনা আমরা এক সঙ্গে করি। সরকার একলা স্বাস্থ্য ব্যবস্থা চালাতে পারে না, যদি না এটা ইন ফাংশনিং হয়, যদি না এটা সামগ্রিকভাবে সহযোগিতার মধ্যে দিয়ে আসে, চিকিৎসকরা সাহায্য করবেন, নার্সরা সাহায্য করবেন, ক্লাস ফোর স্টাফ সাহায্য করবেন, সমস্ত কিছু মিলিয়ে—তার সঙ্গে থাকবে জনসাধারণের মধ্যে থেকে হেলথ এডুকেশন শিক্ষা, স্বাস্থ্যমূলক শিক্ষা, তা যদি না হয় তাহলে আমরা কোনওদিন স্বাস্থ্য ব্যবস্থাকে গড়ে তুলতে পারব না। আমরা তাতে করে কিছু কিছু চিকিৎসা ব্যবস্থা করতে পারি, হাসপাতালে কিছু শয্যা বাড়িয়ে দিলে, হাসপাতালে কিছু বাড়িয়ে দিলে, দেশের মধ্যে একটা সুষ্ঠু স্বাস্থ্য ব্যবস্থা হয়ে যাবে, এই কথা আমরা মনে করি না। ত্রুটি আছে, আমরা বলি না যে আমাদের ত্রুটি নেই, আমরা বলি না যে সম্পূর্ণ ভাবে জনগণের মধ্যে আমরা স্বাস্থ্য ব্যবস্থাকে পৌঁছে দিতে পেরেছি। এই কথা আমরা মনে করি না। তাই আমরা কি ভাবে হতে পারে, তার চেষ্টা করছি। আমরা দেখেছি, যেখানে গ্রামে ডাক্তাররা যান না, আমাদের অপেক্ষা করতে হচ্ছে, তখন তাড়াতাড়ি করে ওখানে দু রকম চিকিৎসা দেবার জন্য ব্যবস্থা করছি। আমরা বলছি সর্ব নিম্ন একটা অ্যানেশন একেবারে রোগীর কাছে অন্তত একজন চিকিৎসক হিসাবে মাথার পাশে দাঁড়ানোর মতো লোক যদি না পায় তাহলে তারা কোথায় যাবে? এখনও আমাদের এই দেশ জড়ি বুটিতে চলছে। এখনও এই দেশে সোসিও ইকনমিক ফ্যাক্টার এমন ভাবে কাজ করছে, যেখানে সাধারণ মানুষ ওষুধের পয়সা জোগাতে পারছে না। চিকিৎসকের ফি জোগাতে পারছে না। সেখানে বাধ্য হয়ে এলাকায় যদি অল্প পয়সায় চিকিৎসার সাহায্য না পায় তাহলে তাদের জড়ি বুটির আশ্রয় নিতে হচ্ছে। এদিক থেকে আমি নিশ্চয়ই আমি বলব, এটা একটা উন্নত ধরনের ব্যবস্থা, এই তিন বছরের কোর্স। গ্রামে যে সমস্ত রোগগুলো হয়, সেই সমস্ত রোগ এমন কিছু বিরাট হয় না। একজন আমাশয় রোগী কিংবা সামান্য জ্বর, সেই সামান্য জ্বর বা সামান্য আমাশয় রোগ কিংবা মাথার যন্ত্রণা, এই সব সাধারণ ধরনের যে রোগ ভোগগুলো হয়, সেইগুলো থেকে মুক্ত করবার জন্য এখান থেকে এফ. আর. সি. এস. পাঠানোর দরকার নেই। আমরা জানি এই এফ. আর. সি. এস. কোর্সের পাশাপাশি ক্ষেত্রে যারা বিশেষজ্ঞ হয়েছে, তাদের চিকিৎসা ব্যবস্থাকে আমরা আরও ভাল ভাবে ব্যবহার করতে পারি। তাহলে এই যে কোর্স তৈরি করা হয়েছে কমিউনিটি মেডিক্যাল প্রফেশনার্স কোর্স, সেই কোর্স পড়ে যারা চিকিৎসক হিসাবে বা সমাজের যারা স্বাস্থ্য রক্ষক হিসাবে বেরিয়ে আসবেন, তারা প্রতিদ্বন্দ্বী নন, তারা সেই সমস্ত বিশেষজ্ঞদের প্রতিদ্বন্দ্বী না হয়ে, তারা বিশেষজ্ঞদের সাহায্য করবেন। আমি জানি ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের একটা প্রোফর্মা আছে, একজন চিকিৎসককে যদি পুরোপুরি কাজ করাতে হয় তাহলে ২৩ জন তার ইনফ্রাস্ট্রাকচারের প্রয়োজন হয়। ২৩ জন লোক যদি তাকে সাহায্যে করে তবেই পুরোপুরি সার্ভিসটা আমরা পেতে পারি। তাহলে আজকে তার সেই সার্ভিসকে যদি আমাদের পেতে হয় তাহলে আমরা বলব, এই সমস্ত ধরনের প্যারা মেডিক্যাল কোর্স থাকা প্রয়োজন। আপনারা

জানেন যে নার্সের সংখ্যা কম, আপনারা জানেন কমম্পাউন্ডারের সংখ্যা কম। আজকে দেশের মধ্যে কম্পাউন্ডারকে বাড়াতে হবে, নার্স বাড়াতে হবে।

[4-35 — 4-45 p.m.]

নার্সদের যখন বলা হচ্ছে অন্য এলাকায় পাঠাবার সময় যে এখনই কোয়ার্টার করে দেওয়া যাবে না, এখন সাময়িকভাবে যদি আচ্ছাদন করে দেওয়া যায় আপনারা যাবেন কিনা তখন অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে অনেকে যেতে অনীহা প্রকাশ করছেন। আমাদের চিন্তাধারাটা এখান থেকে মুক্ত করে নিয়ে যেতে হবে। আজকে গ্রামের মানুষের জন্য এই চিকিৎসা ব্যবস্থাকে কি ভাবে সম্প্রসাবিত করতে পারা যায় তারজন্য চিন্তা করতে হবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই চিকিৎসা ব্যবস্থাকে সম্প্রসারিত করার জন্য কি ভাবে স্বল্পমূল্যে বাড়িঘর তৈরি করা যায় তারজন্য চিন্তা করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, কি ভাবে অল্প খরচে বাড়িঘর করা যায় তারজন্য আপনি চিন্তা করুন। বড় বড় বাড়ি করার ক্ষেত্রে আমরা দেখেছি সেই সমস্ত বাড়ি কমপ্লিট হতে হতে ৫/১০ বছর লেগে যায় এবং তারজন্য যদি এক কোটি টাকা খরচ ধরা হয় তাহলে দেখা যায় সেই বাড়ি কমপ্লিট করতে তিন কোটি টাকা লেগে যায় এবং এইভাবে দিনের পর দিন খরচের অঙ্ক বেড়ে যায়। তাই আমি বলব, আমাদের মতোন গরিব দেশে মানুষের চিকিৎসা ব্যবস্থা করার কাজটা বড় করে দেখে তাদের জন্য চিকিৎসা ব্যবস্থা সম্প্রসারিত করাব জন্য চিন্তা করুন। এই প্রসঙ্গে আমার সাজেশন হচ্ছে, বড় বড় ব্যারাক করে চিকিৎসা ব্যবস্থা করা হোক যুদ্ধের সময় আমরা দেখেছি লেকের ধারে হাসপাতাল ছিল টালির চাল দেওয়া বড় বড় ব্যারাকের মধ্যে। অনেক বড় বড় রোগের চিকিৎসা তার মধ্যে হয়েছে। এমন কি সেখানে লেক মেডিক্যাল কলেজ করে কন্ডেন্সড এম. বি. বি. এস. কোর্স চালু করা হয়েছিল। ১৮ বছর সেই বিল্ডিং ছিল। সেই স্বল্প মূল্যের বিল্ডিং যদি ১৮ বছর থাকে তাহলে আমরা এখন কি সেই ভাবে পরিকল্পনা করতে পারি না? মাল্টি—স্টোরেড বিল্ডিং না করে এইভাবে পরিকল্পনা করার ব্যাপারটা মাননীয় মন্ত্রী মহাশয়ের চিন্তার মধ্যে রাখার জন্য আমি তাকে অনুরোধ করছি। আমরা জানি শ্রী অজিত পাজা মহাশয় যখন এখানে স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন গ্রামে পরিকল্পনা করে একটি হাসপাতাল করবার জন্য একটি বাড়ি করেছিলেন, কয়েক লক্ষ টাকা ব্যয় করে কিন্তু স্যার, সেই হাসাপাতালকে পরিপূর্ণভাবে আজকে যদি কাজ শুরু করতে হয় তাহলে সেই কাজ শুরু করতে এখনও অনেক দেরি আছে। এখনও পর্যন্ত সেখানে ইলেক্ট্রিক কানেকশনে ব্যবস্থা করা যাচ্ছে না, জলের ব্যবস্থা করা যাচ্ছে না এবং না করতে পারার জন্য সেই হাসপাতালের বাড়ি হস্তান্তরিত হতে পারছে না। একটা সাবসিডিয়ারি হেলথ সেন্টার করতে হলে এখন বোধ হয় ১৮ লক্ষ টাকা খরচ হয়। এই টাকাটা একটা অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ না রেখে প্রতি গ্রাম পঞ্চায়েত অনুযায়ী ১।। লক্ষ টাকা করে সমস্ত টাকাটা যদি ভাগ করে দেওয়া যায় তাহলে আমার মনে হয় গ্রামে চিকিৎসা ব্যবস্থা খানিকটা সম্প্রসারিত করা যাবে। এই ব্যবস্থা হলে গ্রামের মানুষকে আর বিনা চিকিৎসায় মরতে হবে না, মায়ের কোলে শিশুকে আর বিনা চিকিৎসায় মরতে হবে না, তাদের জন্য কিছু চিকিৎসা ব্যবস্থা করা যাবে। এই রকম সুষ্ঠ পরিকল্পনা মন্ত্রী মহাশয় আশা করি করবেন। কলকাতা থেকে যারা বিশেষজ্ঞ ডাক্তার হচ্ছেন আমরা দেখছি গ্রামে তারা যাচ্ছেন না। তারা যাচ্ছেন না বলেই আমরা দেখছি

সরকারকে কিছু ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে এবং সেখানে কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স করতে হয়েছে। বছরে ১৬০ জন চিকিৎসা শিক্ষা নিয়ে বেরুবেন। এখন ৬টি জেলাতে করা হয়েছে, এর সংখ্যা দ্রুততার সঙ্গে বাড়ালে আরও ছেলে সেখান থেকে শিক্ষা নিয়ে বেরুতে পারবেন। এই প্রসঙ্গে বলি, মেডিক্যাল অ্যাশোসিয়েশনের বন্ধুরা, যারা এর বিরোধিতা করছেন তাদের বলব, বসুন, আলোচনা করুন। যদি অভিজ্ঞতায় দেখা যায় এটা ভুল তাহলে নিশ্চয় বাতিল হবে। আমি তাদের বলব, অভিজ্ঞতাকে বাদ দিয়ে সাবজেক্টিভলি উপর থেকে কোনও কথা না বলাই ভাল।

সেজন্য আমি তাদের কাছে অনুরোধ করব যে কি করে স্বাস্থ্য ব্যবস্থাকে আমরা নূতন করে ঢেলে সাজাতে পারি সেই কথা বলুন। কিন্তু আমরা ক্রমাগত একটা বিরোধিতা দেখেছি। এই বিরোধিতা করে আমরা কি পাচ্ছি? আমরা কি দেশের স্বাস্থ্য ব্যবস্থাকে নতুন করে তৈরি করার কথা চিন্তা করতে পারি না? আজকে যদি এই ভাবে চিন্তা করা যায় যে গ্রামের মানুষ, যারা সেখানে থাকে, সেই গ্রাম থেকে যদি চিকিৎসক তৈরি করতে পারি, গ্রাম থেকে যদি নার্স তৈরি করতে পারি, সেই গ্রাম থেকে যদি আমরা প্রিমেডিক্যাল স্টাফ তৈরি করতে পারি, সেই গ্রাম থেকে যদি কম্পাউন্ডার তৈরি করতে পারি তাহলে এটা কি অন্য হবে? এই ভাবে আমরা যদি ব্যবস্থা করি তাহলে আমার মনে হয় সত্যিকারের একটা সুস্বাস্থ্য ব্যবস্থা হতে পারে। কিন্তু বাজেটে যে সমস্ত ব্যবস্থা রেখেছেন, এই ব্যবস্থা থাকার জন্য তারা কেন বিরোধিতা করছেন আমি বুঝতে পারি না। আমি তাদের কাছে অনুরোধ করব, আমি দুটো জিনিসের কথা এখানে বলে দিচ্ছি। ডঃ ডেভিস, এক্সজিকিউটিভ ডাইরেক্টর, ইউনিসেফ, তিনি বলেছেন, The fundamental mistake we made in dealing with health is that we still adhere to this concept of work from the hospital within the city. Schemes instead should be built up from the slums and village level. এখানে যদি না করি তাহলে সেটা হবে না। ঠিক তেমনি করে আমাদের চাইল্ড ওয়েলফেয়ারের কথাও ভাবতে হবে। আপনি দেখবেন যে আমাদের দেশে এমনই ফ্যাশন হয়ে গেছে, আগে মায়েদের ব্রেস্ট মিল্ক দিয়ে বাচ্চাদের মানুষ করা হত। কিন্তু আজকে সেখানে আমরা বারবার লক্ষ্য করছি যে খবরের কাগজ থেকে শুরু করে ক্রমাগত অ্যাডভার্টাইজ হচ্ছে এবং টিন বেবি ফুড যেগুলি রয়েছে, সেগুলি বেবি ফুড হিসাবে দেওয়া হচ্ছে। এগুলির পিছনে আমাদের কোনও বিচার বিশ্লেষণ নেই। আজকে মাতৃস্তন থেকে শিশুরা আরও বলিষ্ঠ হবে, সেই সব ব্যবস্থা নিচ্ছি না, অন্য দেশের এগুলিকে নিয়ে আবার গবেষণা হচ্ছে এবং তারজন্য চেষ্টা করা হচ্ছে। খুব সম্ভবত ইউনিসেফ থেকে এটার বিরোধিতা করে যে এই রকম অ্যাডভার্টাইজমেন্ট পেপারে চলতে পারে না। এই রকম ব্যবস্থা করা হচ্ছে। সত্যিকারের সুস্থ্য ব্যবস্থা করতে গেলে, আগের দিনে আমাদের গ্রামে যে সমস্ত দাইমায়েরা ছিলেন, তারা গ্রামে গ্রামে গিয়ে সন্তান প্রসব করাতেন, তাদের একটু শিক্ষিত করে দিন। তাদের একটু শিক্ষিত করে আরও ব্যাপক ভাবে যদি এই ব্যবস্থা চালু করা যায় তাহলে অন্যায় হবে না। আজকে আমাদের একটা জিনিস বুঝতে হবে যে শুধু বিরোধিতার জন্য বিরোধিতা করব না। যদি কোনও সহযোগিতামূলক বা সমালোচনামূলক বক্তব্য থাকে নিশ্চয়ই বলবেন। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি চিন্তা-ভাবনা করে, সংগঠিত করে রাইটার্স বিল্ডিংস থেকে যে ব্যবস্থা চলে সেই ব্যবস্থাকে আরও তরান্বিত করুন। হাসপাতালগুলির যে অব্যবস্থা

এবং অবনতি ঘটছে সেদিকে আপনি নজর দিন এবং তার জন্য কি ব্যবস্থা নেওয়া যায়, সেট আপনি ভেবে দেখবেন এবং সেই ব্যবস্থা আপনাকে করতে হবে। আজকে গ্রামের আশেপাশে যারা বাস করনে, বয়স হলেও যারা কাজ করতে সক্ষম এবং যারা সাইকেলে করে প্র্যাকটিস করেন, তাদের কেন ঐ সমস্ত এলাকায় নিয়োগ করা হবে না? আজকে ৫৫ বছর বয়স সরকারি খাতায় লেখা আছে। কিন্তু ৫৫ বছর, ৫৮ বছর, ৬০ বছর বয়স হলেও যদি তার সাইকেলে করে গ্রামে গ্রামে প্র্যাকটিস করতে পারেন, রুগীদের চিকিৎসা করেন তাহলে কেন তাদের অ্যাড হক হিসাবে নিয়োগ করা যাবে না? কাজেই সমস্ত জায়গায় যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায় সে জন্য নজর দিতে হবে। ওয়াটার সাপ্লাই সম্পর্কে আমি দু' একটা কথা বলব। আসানসোলে ওয়াটার সাপ্লাইয়ের যে স্কীম সেই স্কীম এখন পর্যন্ত চালু হয়নি। আপনি নিরাময় সম্পর্কে যে ব্যবস্থা নিয়েছেন সে জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তার সঙ্গে সঙ্গে এই কথা বলব যে ১৯৫১ সালের যে ব্যবস্থা ছিল তাতে ধোপারা ৬০ টাকার বিনিময়ে কাপড় কাচত। এই ব্যবস্থা বর্তমানে চলে না, এটার পরিবর্তন দরকার। ১৯৫১ সাল আর ১৯৮০ সালের মধ্যে অনেক পার্থক্য। এই পার্থক্য কি রাইটার্স বুঝতে পারে না? আজকে তাদের এটা বোঝাবার জন্য চেষ্টা করতে হবে এবং এই ব্যবস্থার পরিবর্তন সম্পর্কে আপনি চিন্তা করবেন। এই কথা বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এবং তার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করার আগে আর একটি কথা আমি বলতে চাই। সেটা হচ্ছে, তুষার কান্তি দাস, যিনি বর্ধমানের জেলা শাসক, তিনি একটা কাগজে অত্যন্ত সাহসের সঙ্গে three year degree course সম্পর্কে লিখেছেন এবং সেটা স্টেটসম্যান-এর ২১শে ফেব্রুয়ারি তারিখে বেরিয়েছে। আমি আপনাদের সেটা পড়ে দেখার জন্য বলছি।

[4-45 — 4-55 p.m.]

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি। সময় অল্প তাই আমি একটা বিষয়ের ওপর আমার বক্তব্যকে উপস্থাপিত করব। কংগ্রেস (ই)-র তরফ থেকে ডাক্তারবাবু যে কথা বলেছেন প্রিভেনশন ইজ বেটার দ্যান কিয়োর সে কথা দিয়েই আমি আমার বক্তব্য শুরু করছি। ধনবাদী সমাজে এই কথা চলে না, এখানে কিউরেটিভ মেথড-এর ওপর জোর দেওয়া হয়। কারণ রোগ যদি না হয় তাহলে ওষুধ ব্যবসায়িদের ওষুধ বিক্রি হবে কি করে? রোগ যদি প্রিভেন্টেড হয়ে যায় তাহলে বড় বড় ব্যবসায়িদের এবং বড় বড় ডাক্তারবাবুদের ব্যবসা শেষ হয়ে যাবে। সেইজন্য সমস্ত ধনবাদী দেশে, বা ধনবাদী ব্যবস্থার মধ্যে কিউরেটিভ জিনিস বেশি রাখা হয়। প্রিভেন্টিভ জিনিসকে যতটা পারা যায় কম করে রাখার চেষ্টা করা হয়। কিন্তু আজকে বামফ্রন্ট সরকারের বা বামফ্রন্টের নীতি হচ্ছে প্রিভেনশনের দিকে জোর দেওয়া। অসুখ যাতে বেশি না হতে পারে তার জন্য সে ব্যবস্থার দিকেই আমরা বেশি জোর দেব এবং কিউরেটিভ-এর দিকে যতটুকু জোর দেওয়া দরকার ততটুকু দেব। সুতরাং আমাদের প্রিভেনশনের দিকেই বেশি জোর দিতে হবে। কিন্তু এই যে কন্ট্রাডিকশন, এটা সামাজিক কন্ট্রাডিকশন। কারণ কেন্দ্রে যারা বসে আছে তারা ধনবাদের সমর্থক, কেন্দ্রে যারা বসে আছে তারা বড় বড় ওষুধ ব্যবসায়িদের সমর্থক, সুতরাং তারা—প্রিভেন্টিভ মেথডের যে পদ্ধতি সেটা সামাজিক পদ্ধতি, যে পদ্ধতি চালু করতে বামফ্রন্ট সরকার চাইছে—তাকে পদে পদে বাধা দিতে চেষ্টা

করছে। আমরা এর প্রথম ধাপ হিসাবে যেটা নিয়েছি, সেটার সম্বন্ধে ওরা বললেন, হুপ করে আপনারা জানতেন। ১ম বছর আমাদের স্বাস্থ্য মন্ত্রী ঘোষণা করেছিলেন এই বিধানসভায় যে, একটা সর্ট কোর্সের কথা ভাবছি। তারপরের বছর বলেছিলেন, শর্ট কোর্স করতে যাচ্ছি। তার পরের বছর বলেছিলেন আমরা শর্ট কোর্স এই বছরের মধ্যে করতে চেষ্টা করব। তাহলে এটা কি আজকে হঠাৎ হয়ে গেল? চার বছর ধরে তারা বাজেট বক্তৃতা শোনেন নি? ডাক্তার-বাবুদের সঙ্গে এ বিষয়ে আলাপ-আলোচনা হয়েছে, আই. এম. এ.-র সঙ্গে আলাপ-আলোচনা হয়েছে, হেলথ সার্ভিসের সঙ্গে আলাপ-আলোচনা হয়েছে। কিন্তু আলাপ-আলোচনার পরেও মতে যদি না মেলে তাহলে গ্রামের মানুষের প্রতি আমাদের যে কর্তব্য সেই কর্তব্য থেকে কি আমরা দূরে সরে যাব? এটাই হচ্ছে মূল প্রশ্ন। তারপরে একটা কথা এখানে শুনলাম যে, কমিউনিটি মেডিক্যাল কোর্সের সম্পর্কে বলা হচ্ছে যে, এর দ্বারা আধা-ডাক্তার তৈরি করা হবে, এরা পুরো ডাক্তার হবে না। এম. বি. বি. এস. পুরো ডাক্তার, এম. ডি. পুরো ডাক্তার, এফ. আর. সি. এস. পুরো ডাক্তার, এম. এস. পুরো ডাক্তার, এম. আর. সি. পি. পুরো ডাক্তার। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে পুরো ডাক্তার কারা? আর আধা ডাক্তার কারা? আমি ডাক্তার নই, কিন্তু আমি একজন সাধারণ সমাজের লোক হিসাবে মোটামুটি ডাক্তারি বিজ্ঞান সম্পর্কে যতটুকু বুঝি তাতে, ডাক্তারি বিজ্ঞান চারটি বস্তুর উপর দাঁড়িয়ে আছে, অ্যানাটোমি, ফিজিওলজি, প্যাথোলজি এবং ফারমাকোলজি। এর ওপর সমস্ত শিক্ষা বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান দাঁড়িয়ে আছে এবং এখানে এই যে কমিউনিটি মেডিক্যাল কোর্স চালু করতে যাওয়া হচ্ছে বা কমিউনিটি মেডিক্যাল প্র্যাকটিস এই চারটি বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে। এই চারটি বিষয়ের উপর ভিত্তি করে সমস্ত কোর্সটা তৈরি হয়েছে। সুতরাং তারা আধা ডাক্তার হবে না,তারা পুরো ডাক্তারই হবে। তাদের আজকে যারা আধা ডাক্তার বলে অবহেলা করতে চাইছেন তাদের আমি বলি যে, তারা আধা ডাক্তার হবে না, পুরো ডাক্তারই হবে। আধা ডাক্তার এই সরকার তৈরি করতে চান না। দু' নম্বর কথা হচ্ছে, এর বেস কি থাকবে, কিউরেটিভ বেস, না প্রিভেনটিভ বেস? এর প্রিভেনটিভ বেস থাকবে। অর্থাৎ রোগ যাতে বেশি না হতে পারে প্রতিষেধক বেস থাকবে। আজকে নতুন দিনে এম. বি. বি. এস. কোর্স পরিবর্তন করতে বলবার সাহস কার আছে? পুরনো পদ্ধতিতে কোর্স চলছে। ইংরাজ আমলের একটা কোর্স চলছে। বড় ব্যবসায়িদের স্বার্থে কোর্স চালু হয়েছিল, সেই কোর্সকে সামাজিক প্রয়োজনে, মানুষের প্রয়োজনে পরিবর্তন করতে সবাই ভয় পেয়েছেন। কেউ বলেননি এর পরিবর্তন করতে হবে।

তাদের কথা তো বলছেন না, তাদের কথা তো ভাবছেন না। চাষীরা ৯০ দিন ধরে মাঠে চাষ করে বৃষ্টিতে ভিজে, রোদে পুড়ে আপনাদের সবার মুখে খাদ্য যোগাড় করে দিচ্ছে আর তারা যে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে, কই তাদের কথা তো বলছেন না? তাদের জন্য চিকিৎসা ব্যবস্থা কি করে পৌঁছে দেওয়া যায় সেকথা তো ভাবছেন না? আমাদের বামফ্রন্ট সরকার সেই কথা ভাবছে এবং সেইখানেই বামফ্রন্ট সরকারের সাথে দ্বন্দ্ব কেন্দ্রীয় সরকারের, ধনবাদকে যারা সমর্থন করেন তাদের সাথে দ্বন্দ্ব। সুতরাং এই কন্ট্রাডিকশন আছে এবং এই কন্ট্রাডিকশন আমলাতন্ত্রের মধ্যে আছে, এই কন্ট্রাডিকশন বড় চিকিৎসকদের মধ্যে আছে। প্রতি বছরে ৭৭৫ জন এম. বি. বি. এসে ভর্তি হয় আর তার মধ্যে পাশ করে ৬০০ জন। আর

পোস্ট গ্রাজুয়েট কতজন পড়তে পারে—১৫ জন, আর একটি মাত্র কলেজে। পোস্ট গ্রাজুয়েট কোর্সকে বাড়িয়ে দেওয়ার জন্য সংঘাত হচ্ছে। এই কারণে ডাক্তারদের যারা নেতৃত্ব দিচ্ছেন তারা হচ্ছেন এম. ডি., এম. এস., এম. আর. সি. পি., এবং এফ. আর. সি. এস.। তারা চান শিক্ষার সংকোচন হয়ে যাক, শিক্ষা যত কমে যায় ততই তাদের ভাল। আপনারা ঠান্ডা মাথায় এইসব ভাবুন। সুতরাং কেন ২ পারসেন্ট পোস্ট গ্রাজুয়েট পড়ার সুযোগ পাবে, কেন মাত্র একটি কলেজ থাকবে? এম. ডি., এম. এস., এম. আর. সি. পি., এফ. আর. সি. এস. এখন কমে যাচ্ছে। সুতরাং এম. ডি., এম. এস. কটা বাড়ছে? তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি যে তিনি পোস্ট গ্রাজুয়েট এডুকেশনকে এক্সটেন্ড করার জন্য চেষ্টা করছেন এবং নতুন ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে বেশি করে পোস্ট গ্রাজুয়েট হতে পারে, শিক্ষার সম্প্রসারণের ব্যবস্থা করেছেন। ওনারা বলছেন, বেকারত্ব নাকি বেড়ে যাবে ওরা পাশ করলে। কিন্তু আমার কথা হচ্ছে, ২ লক্ষ ছাত্র-ছাত্রী প্রতি বছর স্কুল ফাইনাল পাশ করছে কিন্তু কতজন চাকুরি পাচ্ছেন? তাহলে কি যতজন চাকুরি পাবে ততজনকে শিক্ষা দিতে হবে? আর বাকি ছাত্রদের অশিক্ষিত করে রাখতে হবে? তাহলে শিক্ষাকে বন্ধ করে দিতে হবে। লক্ষ লক্ষ বেকার আছে, গ্রাজুয়েট বেকার আছে, এম. এ. পাশ বেকার আছে, ইঞ্জিনিয়ার বেকার আছে। শিক্ষা পদ্ধতিকে তাহলে বন্ধ করে দিতে হবে? অশিক্ষিত হয়ে থাকুক কারা চাইছেন যারা ধনবাদী প্রশাসন যন্ত্র চালাচ্ছেন। আমরা চাই শিক্ষার সম্প্রসারণ, যতদূর পারি ছড়িয়ে দিতে চাই এবং এই উদ্দেশ্য নিয়ে যদি চলি তাহলে আগামী দিনে সমাজতন্ত্র আসবে। দরিদ্র সাধারণ মানুষেরা যাতে চিকিৎসা পায়, তাদের চিকিৎসা যাতে বন্ধ হয়ে না যায় সেইজন্য যে প্রচেষ্টা আমরা নিয়েছি সেই দিকে এগিয়ে চলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও কথা উঠেছে। কথাটা কি? যারা ডাক্তার হবেন তারা কি করবেন? এই যে কমিউনিটি মেডিক্যাল কোর্স হয়েছে এটা হচ্ছে অরিয়েন্টেড কোর্স, প্রিভেনশন কোর্স, নতুন জিনিস চালু করেছেন। আমরা অনেক চিন্তা-ভাবনা করে এটাকে চাল করেছি। কোর্সের হয়ত কিছু পরিবর্তন হতে পারে, পরীক্ষা-নিরীক্ষা হতে পারে। কিন্তু ওনারা তা মানতে চাইছেন না। এই কোর্স চালু করার জন্য আমি বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি। এই সরকার এক বছরে ৬টি কলেজ খুলেছেন। আমি আশা করব, আগামী বছরে আরও ৬টি কলেজ খুলবেন। কলেজের ছাত্র-সংখ্যা ১৫৫ রেখেছেন। আমি আশা করব আরও বাড়িয়ে দেবেন, চিকিৎসার সুযোগ গ্রামের মানুষের কাছে পৌঁছে দেবেন। এই কথা সংবিধানে নেই কেন? মোতাহার হোসেন মহাশয় বলে গেলেন গ্রামের লোকেরা চিকিৎসার সুযোগ পায় না। কিন্তু আমরা প্রশ্ন, কেন্দ্র তো বসে আছেন—সংবিধান পরিবর্তন করেননি কেন? রাইট টু হেলথ সংবিধানে সংযোজন করলেন না কেন? মেডিক্যাল সার্ভিস ন্যাশনালাইজ করে দিচ্ছেন না কেন? রাইট টু ওয়ার্ক আমাদের নেই, রাইট টু লিভ আমাদের নেই, রাইট টু হেলথ কেয়ার আমাদের নেই। এই হচ্ছে ধনবাদী সমাজের সেই সংবিধান যে সংবিধান চালাচ্ছেন ইন্দিরা গান্ধী এবং তারই পক্ষের লোক গ্রামের লোকদের চিকিৎসার জন্য চোখের জল ফেলছেন। তাই গ্রামের লোকেদের চিকিৎসার যে ব্যবস্থা করা দরকার সেই ব্যবস্থা বামফ্রন্ট সরকার নিয়েছেন, সাহসের সাথে নিয়েছেন এবং তারজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি শুনছি, ডাক্তাররা মাস ক্যাসুয়াল লিভ নিচ্ছেন।

[4-55 — 5-05 p.m.]

তারা চাকরি ছেড়ে দেবার ভয় দেখিয়েছে। আমি খালি আবেদন করব, শিক্ষা দুটো জিনিস মানুষকে দেয়, একটা হচ্ছে শিক্ষা বড়লোকের কাছে মাথা বিক্রি করে বড় লোকের গোলামি করে, আর একটা হচ্ছে শিক্ষা সমাজ বিজ্ঞান যাতে ঠিক ভাবে অগ্রগতি হতে পারে সেই পথে সমাজকে পরিচালিত করে। ডাক্তার বাবু যারা শিক্ষিত মানুষ সমাজের মাথায় বসে আছেন তারা ধনবাদের কাছে তাদের মাথা বিক্রি করে দেবেন? তাদের বিবেকের কাছে আমি আবেদন করব যে টাকাটাই কি সব? মানুষ কি কেউ নয়, ধনবাদের কাছে মাথা বিক্রি করে লাখ লাখ, কোটি কোটি টাকা আয় করে চলে গেলে নাম থাকবে না। বামপন্থী সরকার নূতন দিকে পদক্ষেপ নিয়েছেন সেই পদক্ষেপ নিয়ে আপনারাও এগিয়ে আসুন। ভুল, ত্রুটি দেখান, এই কারিকুলামের ত্রুটি কোথাও যদি থাকে তা সংশোধন করুন। আমরা আলাপ আলোচনা করতে রাজি আছি। তারা আরও কিছু শর্ত দিয়েছেন, বার বার স্বাস্থ্য মন্ত্রী, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে আমরা বসতে রাজি আছি। কিন্তু সেই দাবিগুলি তাদের গৌণ দাবি, মুখ্য দাবি হচ্ছে যেটা বড় হয়ে দেখা দিয়েছে সেটা ঐ কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স এটাকে অচল করে দিতে হবে। বন্ধ করে দিতে হবে। অর্থাৎ গ্রামের মানুষ যাতে চিকিৎসা না পায়—আমি অত্যন্ত দৃঢ় কণ্ঠে বিধানসভায় ঘোষণা করছি যে বামপন্থী সরকারের পিছনে লাখ লাখ, কোটি কোটি গ্রামের মানুষ আছে। কেন্দ্রীয় সরকারের বড় বড় জ্ঞানী, গুণী লোক যাদের মাথা বিক্রি হয়ে আছে তারা জেনে রাখুন যে বামফ্রন্ট সরকার দৃঢ় পদক্ষেপে গ্রামের মানুষের কাছে চিকিৎসা পৌঁছে দেবে।

আমাদের বাজেট সীমিত, বাজেটের টাকা সীমিত, কারণটা কি, কেন্দ্রের হাতে টাকা কেন্দ্রীভূত, সমস্ত ট্যাক্স কেন্দ্রের হাতে চলে যায়, কিন্তু যে পরিমাণ টাকা দেয় তাও ঠিকভাবে ব্যয় করবার সুযোগ অনেক সময় হয় না। আমাদের বেদনা অনেক। ব্যথা আমাদের অনেক। শিক্ষা পদ্ধতি যেভাবে চালু করা দরকার সেভাবে পারছি না, স্বাস্থ্য পদ্ধতি, রাস্তাঘাট যেভাবে করা দরকার পারছি না, মানুষকে যে ভাবে চাকরি দেওয়া দরকার—আমরা তা পারছি না, গ্রামের মানুষকে যেভাবে জিনিস দেওয়া দরকার আমরা তা পারছি না। কাজেই বেদনা আমাদের অনেক। পাঁচ হাত কাপড়ে ঘোমটা দেওয়া যায় না, সারা শরীর বেড় দেওয়া যায় না। আমাদের ক্ষমতা খুবই সীমিত। কিন্তু সেই সীমিত ক্ষমতা নিয়েই আমরা চেষ্টা করছি বলেই আজ ঐদিক থেকে চিৎকার উঠেছে, বার বার চিৎকার উঠেছে যে কিছুই হচ্ছে না। হাসপাতালে বেড বেড়েছে, ডায়েটের টাকা বেড়েছে, জল সরবরাহের ব্যবস্থা হয়েছে গ্রামের হাসপাতালে ডাক্তারের সংখ্যা বেড়েছে, প্রয়োজনের তুলনায় অনেক নগণ্য, তবু বেড়েছে। সামন্ততান্ত্রিক চিন্তাধারা, ধনবাদী চিন্তাধারা কেন্দ্রীয় সরকারের চিন্তাধারা তার সঙ্গে বামপন্থী সরকারের চিন্তা ধারার দ্বন্দ্ব চলছে। এই দ্বন্দ্বের ভিতর দিয়ে দৃঢ় পদক্ষেপে আমাদের এগোতে হচ্ছে। হাসপাতালে বিনা চিকিৎসায় রোগী মারা গেলে ডাঃ মোতাহার হোসেন—ওরা যে চোখের জল পেলেন তা সত্য নয়, আমাদের চোখের জলটাই সত্য। হাসপাতালে আমরা দেখি যে শিশুদের গ্রামে চিকিৎসার ব্যবস্থা নেই, হাজার হাজার শিশুর মৃত্যু সংখ্যা সরকারি হাসপাতালের হিসাব যদি দেখি তাহলে প্রতি হাজারে প্রায় ১০০টি শিশুর মৃত্যু হয় বিনা চিকিৎসার জন্য।

গ্রামের মানুষ আমাদের বাঁচিয়ে রেখেছে, অথচ তাদের ১০০টি শিশু জন্ম গ্রহণের সঙ্গে সঙ্গে মারা যায় এবং প্রসূতি মারা যায় জন্ম দেবার সঙ্গে সঙ্গে ৪০-৫০ জন। বিনা চিকিৎসা গ্রামঞ্চলে মানুষ যে কত মারা যায় তার হিসাব নেই। সেই জন্য সরকার প্রিভেনটিভ এর উপর জোর দিয়েছে এবং গ্রামের মানুষ কে কতটুকু চিকিৎসা দিতে পারা যায় তার চেষ্টা করা হচ্ছে। ত্রুটি কোথায় আছে তা দেখিয়ে দিন আমরা তা স্বীকার করব। হাফ ডাক্তারের কথা অনেকেই বলেছেন। গ্রামে ডাঃ যাবেন কিনা সেই তর্কের মধ্যে আমি যেতে চাই না। বর্তমানে এম. বি. এস.-এর যে শিক্ষা ব্যবস্থা আছে তাতে তারা আরবান মাইন্ডেড হয়ে যায়। সেইজন্য তারা ন্যাংটা গ্রামের মানুষকে দেখতে পারেন না। অতএব আমরা যে কমিউনিটি মেডিক্যাল কোর্সের যে শিক্ষা ব্যবস্থা করেছি তার মধ্যে তাদের যেমন ট্রেনিং এর ব্যবস্থা আছে তেমনি তাদের গ্রামের মানুষের সঙ্গে মেশবারও একটা ব্যবস্থা করা হয়েছে যাতে তাদের মানসিকতা সেইভাবে তৈরি হয়। কিন্তু একটা ধনবাজি ব্যবস্থার মধ্যে আছেন বলে তারা এটা গ্রহণ করতে পাচ্ছেন না এবং সেই হিসাবেই গ্রামের মানুষকে তারা বলছেন যে আধা ডাক্তার দিয়ে তোমাদের চিকিৎসা ব্যবস্থা করা হচ্ছে। অসুখ যাতে না হতে পারে সেই চেষ্টাই আমরা করছি। প্রশাসনে যারা আছেন তাদের কাছে আমি একটা আবেদন করব। গত এক বছর ধরে পশ্চিমবাংলায় একটা আবহাওয়া চালু হয়ে গেছে এবং একটা খবরের কাগজের রিপোর্ট থেকে আরম্ভ করে কেন্দ্রীয় সরকার বলছেন যে বামফ্রন্ট সরকার ভেঙ্গে গেল। অতএব প্রশাসনে যারা আছেন তারাও চিন্তা করছেন ননীবাবু এবং জ্যোতিবাবু কতদিন থাকবে? সমস্ত প্রশাসনে বিশৃঙ্খলা আনবার জন্য যদি কারও দায়িত্ব থাকে তাহলে তা হল কেন্দ্রীয় সরকারের এবং খবরের কাগজওয়ালাদের। কিন্তু এই সরকারে আমরা থাকব এবং এই সরকারকে যদি জোর করে ফেলে দেওয়া হয় তাহলে আরও বেশি করে আমরা আসব কারণ মানুষ আমাদের সঙ্গে আছেন। সুতরাং শুভবুদ্ধি সম্পন্ন মানুষ যারা আছেন তাদের বলব যে বড়লোকের কাছে মাথা বিক্রি করবেন না এবং বর্তমানে যে স্বাস্থ্যনীতি স্বাস্থ্যমন্ত্রী ঘোষণা করেছেন। হোমিওপ্যাথি এবং অ্যালোপ্যাথিক আমরা অগ্রাধিকার দিয়েছি এবং তাদের রিসার্চের জন্য ব্যবস্থা করেছি এবং এদের জন্য আলাদা ডাইরেক্টরেট করেছি। এই সব দৃঢ় পদক্ষেপের জন্য বাজেটকে সমর্থন করছি।

[5-05 — 5-15 p.m.]

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা নিখিলবাবুর মতো আমিও একজন অচিকিৎসক। তবে তিনি চিকিৎসা সম্বন্ধে কিছু জ্ঞানের পরিচয় দিয়েছেন আমার তেমন জ্ঞান নেই। আমি সাধারণ মানুষের একজন হয়ে মাঝে মাঝে অসুস্থ হয়ে চিকিৎসকদের দ্বারস্থ হই। এবং প্রেসক্রিপশন নিয়ে ওযুধ কিনতে যাই এবং মাঝে মাঝে কাউকে দেখাতে হাসপাতালে যাই। মাঝে মাঝে আমি যখন গ্রামাঞ্চল পরিভ্রমণ করি তখন সেখানকার স্বাস্থ্যের কথা অবলোকন করার চেষ্টা করি। আমি আগের হাসপাতালগুলি যেমন দেখতাম তার চেয়ে কোনও পরিবর্তন এখন দেখিনি বলে তাকে আন্তরিকভাবে সমর্থন জানাতে আমি দ্বিধা বোধ করছি। কিন্তু প্রয়োজনের তুলনায় হাসপাতাল কম, শয্যার তুলনায় রোগী ভর্তি করা হয় বেশি যার ফলে দিনের পর দিন মাটিতে তাদের থাকতে হয় এবং ডাক্তার নেই নার্স নেই, ঔযুধ নেই, সাজসরঞ্জাম নেই। এই অবস্থা প্রতিদিন যখন দেখি তখন

নতান্ত্রিক সমাজব্যবস্থার প্রতি অঙ্গুলি নির্দেশ করে এই সরকারের শাসন ব্যবস্থাকে ধন্যবাদ দিতে পারি না। দৃষ্টান্ত স্বরূপ বলব বাঙ্গুর হাসপাতালে একজন মানুষ পুলিশের গুলিবিদ্ধ য়ে হাসপাতালে ভর্তি হয় তাকে দেখতে গিয়ে দেখি তার পায়ে ব্যান্ডেজ বাঁধা এবং াক্তারকে জিজ্ঞাসা করলাম যে তার কি এক্স-রে হয়েছে? গুলি কি তার ভেতরে আছে? তনি বললেন আমরা কিভাবে বলল এক্স-রে প্লেট নেই এবং রেডিওলজিস্ট সপ্তাহে ২ দিনের বেশি আসেন না। রেডিওলজিস্ট নেই এক্স-রে প্লেট নেই তাহলেও কি বলতে হবে নীবাবুর দক্ষতার তুলনা নেই। হাসপাতালের সংখ্যা কত বেড়েছে সে পরিসংখ্যান তিনি দিয়েছেন। ৪ বছরে আপনাদের আমলে অনেক হাসপাতাল, গ্রামে গ্রামে অনেক স্বাস্থ্য কেন্দ্র, পস্বাস্থ্যকেন্দ্র হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই কিন্তু তথাপি তার মধ্যে দিয়ে গ্রামবাংলার প্রতি ষ্টি প্রসারিত গ্রামের মানুষের জন্য, এতটুকু দরদ আছে তার কোনও প্রমাণ তারা রাখেনি। াসপাতাল স্বাস্থ্যকেন্দ্রগুলি কেবলমাত্র অট্টালিকা নয় কিছু কিছু শয্যা সমাবেশ নয়, কারণ সখানে ডাক্তার নেই, নার্স নেই, প্যারামেডিক্যাল স্টাফ নেই, এমনকি অ্যাম্বুলেন্স কার নেই। ইসব জায়গায় নেই। এই অবস্থা দিনের পর দিন চলছে। কিন্তু তা সত্ত্বেও যদি বলেন াপনারা অনেক করেছেন তাহলে আপনারা তারমধ্যে দিয়ে আত্মপ্রসাদ লাভ করতে পারেন। াজকে ওই সংক্ষিপ্ত মেডিক্যাল কোর্স বা আধা ডাক্তারি সম্বন্ধে অনেকেই বলেছেন। স্বাস্থ্যমন্ত্রী বপর তিন বছর ধরে এই সম্বন্ধে আমাদের কাছে বক্তব্য রেখেছেন। সেখানে তিনি বারবার াধ করি এই কথা বলতে চেয়েছেন যে এই সংক্ষিপ্ত মেডিক্যাল কোর্স করে আপাতত যারা ম বি. বি. এস. তাদের বিরুদ্ধে তার কোনও অভিযোগ নেই। অর্থাৎ গ্রামের কথা বিশেষ রে প্রিভেন্টিভের দিকে দৃষ্টিপাত করি এই ব্যবস্থার কথা তিনি ভাবছেন। যারা এম. বি. বি. স তারা নাকি গ্রামে যেতে চায় না একথা তিনি বারবার বলেছেন। সেজন্য যারা গ্রামে যাবে াদের জন্য এই সংক্ষিপ্ত কোর্সের ব্যবস্থা করছেন। ডাক্তার সম্বন্ধে আমি কোনও ওকালতি রতে চাই না কিন্তু আমি অনেক চিকিৎসা কেন্দ্রে দেখেছি যে অনেক এম. বি. বি. এস. াক্তার কাজ করছেন। কাজেই সকলের সম্বন্ধে এইরকম মন্তব্য করা উচিত নয়। আমি জানি ম. বি. বি. এস. তারা পাশ করেছেন তাদের সঙ্গে একটা চুক্তি আছে যে, যে পাশ করার র তারা গ্রামে যেতে বদ্ধ পরিকর। সুতরাং সেইদিক থেকে তারা যে কেন যাচ্ছেন না জন্য আপনার কোথাও ত্রুটি আছে। এই কারণে আমি বলছি সংক্ষিপ্ত মেডিক্যাল কোর্সে রা পাশ করবেন তারাও যে গ্রামে যাবে এমন কোনও বাধ্যবাধকতা আছে কি?

ডাক্তারা যখন স্ট্রাইক করেন, কর্মবিরতি ঘোষণা করে রাস্তায় এসে দাঁড়ান এবং বক্তব্য াখেন, তখন নিশ্চয়ই তাদের সম্বন্ধে চিন্তা করার দরকার আছে। ডাক্তারদের নিঃসন্দেহে অন্য াদর্শ আছে, ব্রত আছে। অতএব এই সমস্ত ব্রতধারি মানুষদের মধ্যে যখনই বিক্ষোভ দেখা য়, কর্মবিরতির হুমকি যখন তারা দেন, তখন নিশ্চয় দুঃখ হয়, প্রকাশ করবার কারণ াছে। কিন্তু সঙ্গে সঙ্গে আমি প্রশ্ন করি, সাধারণ মানুষ হিসাবে নার্সদের যদি এই অধিকার কে, ক্লাস ফোর স্টাফের মেডিক্যাল কলেজে কলেজে যদি এই অধিকার থাকে তাহলে াক্তারদের ব্যাপারে আপনারা অবাম নীতি ও মনোভাব গ্রহণ করে তাদের স্ট্রাইক করবার ধিকার থেকে বঞ্চিত করছেন কোন যুক্তিতে? কোনও হাসপাতাল শুধু ডাক্তাররা চালাবেন , হাসপাতাল চালাবার জন্য নার্সদের আবশ্যকতা আছে, হাসপাতাল চালাবার জন্য ক্লাস

ফোর স্টাফের আবশ্যকতা আছে। তারা স্ট্রাইক করবেন, অচল করবেন হাসপাতাল, দরব হলে প্রহার করবেন ডাক্তারদের। কিন্তু ডাক্তারদের নিরাপত্তার কোনও ব্যবস্থা আপনারা গ্র করেন না। আপনাদের সহানুভূতির অভাব আমি এক্ষেত্রে দেখতে পাই। আসল কথা বি তা নয়। তাদেরও কিছু দাবি-দাওয়া আছে, অভাব অভিযোগ আছে। কিন্তু কৈ, মানন স্বাস্থ্যমন্ত্রী সে ব্যাপারে সহানুভূতি সহযোগিতার কথা বলেন না। বরং অনেক স দেখেছি—যেমন, বাঁকুড়া মেডিক্যাল কলেজে তিনি ঘেরাও হয়েছিলেন—একটা দুর্ভাগ্যজন ঘটনা, কিন্তু সেই ঘেরাও হবার সময় তিনি নিশ্চয়ই উপলব্ধি করেছিলেন যে, যে প্রতিশ্রু তিনি ডাক্তার ও নার্সদের কাছে দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি চার বৎসরের মধ্যে পালন করার জন্যই তিনি সেদিন ঘেরাও হয়েছিলেন। তার মতো সৎ মানুষের ঘোরাও হওয় বিষয়টা আমরা দুর্ভাগ্যজনক ঘটনা বলে মনে করি, কিন্তু ঘটেছিল। তাদের দাবি-দাওয়ার প্র নিঃসন্দেহে সহানুভূতিপূর্ণ দৃষ্টিপাত করেননি, উপেক্ষা করে গেছেন। তাই আপনাকে এ দুর্ভোগের সম্মুখীন হতে হয়েছিল বলে আমি বলব। আমি সংক্ষিপ্ত মেডিক্যাল কোর্সের বিরু কোনও বক্তব্য রাখতে আসিনি। আমি ডাক্তার নই, আগেই বলেছি, মেডিক্যাল বিষয়ে তেম জ্ঞান আমার নেই যে, কেমন ভাবে এরা যোগ্য হবেন বা কেন হবেন না, তা আমি বল পারি না। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, হাসপাতালে হাসপাতালে দুর্নীতি, অরাজকতা চলছে, যে নৈরাজ্য চলছে, তার প্রতিকার করবার জন্য কি ব্যবস্থা আপ অবলম্বন করেছেন? ডাক্তারদের অভিযোগ আমি শুনেছি। বাইরে থেকে মানুষ আসেন, কোন রোগীর মৃত্যু হলে সেই মৃত্যুকে কেন্দ্র করে বিক্ষোভ প্রকাশ করেন হাসপাতালে, ডাক্তারদে প্রহার করেন, হাসপাতাল তছনছ করেন। কিন্তু কোনও নিরাপত্তার ব্যবস্থা সরকার কর পারেন না—এই অবস্থা আমি দেখছি। দুর্নীতি চলছে দিনের পর দিন, সেই দুর্নীতির কো প্রতিকার করতে পারেন না আপনি। পি. জি. হাসপাতালকে কেন্দ্র করে মাননীয় স্বাস্থ্যম একটা কমিশন বসিয়েছিলেন। সে কমিশনের সভাপতি রূপে একজন অবসরপ্রাপ্ত বিচারপতি—শ্রী তারাপদ মুখোপাধ্যায়কে নিযুক্ত করেছিলেন। পি. জি. হাসপাতালের দুর্নীতি সংক্রা তদন্তের রিপোর্ট এক বৎসরের উর্দ্ধে হয়ে গেছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দপ্তরে তা পড়ে আ বলে আমি শুনেছি। তার কিছু কিছু আমরা দেখেছি দর্পণ কাগজে, যুগান্তর পত্রিকায়। কি আমরা অবাক হয়ে ভাবছি, বিধানসভার সদস্য হয়েও সেই তদন্তের কোনও রিপোর্ট আম জানতে পেলাম না। অথচ তদন্তের কথা বিধানসভায় বসে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ঘোষণা করলে যে রিপোর্ট আমরা কাগজে জানতে পারলাম, বিধানসভাতে রিপোর্টে জানতে পারলাম ন সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে, তদন্তের রিপোর্ট এক বছরের উপরে চলে গেছে, কি কোনওদিন মাননীয় স্বাস্থ্যমন্ত্রী পি. জি. হাসপাতালে দুর্নীতি দূর করবার জন্য যে পদক্ষেপ গ্র করেছেন, তার সম্বন্ধে কিছু বলেননি।

[5-15 — 5-25 p.m.]

তদন্ত করবার জন্য কমিটি গঠন করবেন, তার রিপোর্ট আসবে, রিপোর্ট ধামাচাপা প থাকবে, রিপোর্ট সম্বন্ধে কোনও পদক্ষেপ নেবার প্রয়োজনীয়তা মন্ত্রী মহাশয় অনুভব কর না এই প্রহসন আমরা আর কতদিন দেখব? মাননীয় সদস্য নিখিলবাবু আবেগের স বললেন গ্রামের সাধারণ মানুষের কথা, উপেক্ষিত মানুষের কথা। তিনি আরও বলে

তাদের জন্য নাকি বামফ্রন্ট সরকারের সমস্ত দপ্তরের মতো এই স্বাস্থ্য দপ্তর সদা জাগ্রত, সদা সচেতন। কিন্তু স্বাস্থ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায় রয়েছে সরকারি কর্মচারিদের জন্য একটা স্বতন্ত্র হাসপাতাল তৈরি করবার কথা তিনি ভাবছেন। ভাল কথা। সরকারি কর্মচারী বন্ধুরা চিকিৎসার সুযোগ পাবেন না একথা আমি নিশ্চয়ই বলব না। কিন্তু গ্রাম বাংলার উপেক্ষিত মানুষ, চাষী, মজুরের জন্য এত আন্তরিক চোখের জল ফেলা সরকার শুধু সরকারি কর্মচারিদের জন্য স্বতন্ত্র হাসপাতাল করার কথা চিন্তা করছেন কেন? তারা ওখানে কো-অর্ডিনেশন কমিটি করেছেন বলে বা তারা সরকারের একটা সংঘবদ্ধ শক্তি বলে সরকার কি তাদের তোয়াজ করবার জন্য এই ব্যবস্থা করেছেন? কাজেই তার এই কথায় আমার নিঃসন্দেহে আপত্তি রয়েছে এবং আমি আশা করি মন্ত্রী—মহাশয় এটা নিয়ে চিন্তা করবেন। তারপর, মন্ত্রী মহাশয়, গরিব মানুষের জন্য হোমিওপ্যাথি চিকিৎসার উপযোগিতার কথা ভেবেছেন সেই জন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু এই হোমিপ্যাথি কলেজগুলো কিভাবে চলছে, ছাত্র ভর্তি থেকে শুরু করে পাশ করিয়ে দেওয়া পর্যন্ত কি দুর্নীতি চলছে তার অনুসন্ধান আপনি করেছেন কি? আমাদের বলেছিলেন প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একটি করে হোমিওপ্যাথি ডিসপেন্সরি করবেন। গতবারের বাজেট বক্তৃতায়ও একথা আমরা শুনেছিলাম। কিন্তু তারপর এই যে ১ বছর অতিক্রান্ত হল তাতে কয়টি গ্রাম পঞ্চায়েতে এই হোমিওপ্যাথি ডিসপেন্সারি আপনারা খুলেছেন সেটা বলবেন কি? তবে যেগুলো খুলেছেন সেখানে ডাক্তার আছে কিনা, ঔষধ আছে কিনা, ঔষধ দেবার লোক আছে কিনা সেটা সাধারণ মানুষের হয়ে আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি। আপনার কাছে আর একটা কথা জিজ্ঞাসা করছি, আপনি স্বাস্থ্য দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার মধ্যে আপনি কি অন্যান্য আনুসঙ্গিক ব্যয়ের কথা ভেবেছেন? আমার একথা বলার উদ্দেশ্য হচ্ছে, আমাদের পূর্তমন্ত্রী বলেছেন অনেকগুলো হাসপাতাল ভবন, স্বাস্থ্য সংক্রান্ত ভবন তিনি ইতিমধ্যে নির্মাণ করেছেন, কতগুলির কাজ চলছে, কতগুলি নির্মাণ করবার জন্য তিনি মনঃস্থির করেছেন। এই পরিপ্রেক্ষিতে জানতে চাই ওই হাসপাতালগুলি স্বাস্থ্য সংক্রান্ত ভবনগুলি যা হয়েছে, যা হবে, যা হতে চলেছে সেগুলি কি শুধু অট্টালিকা হবে, না সেখানে চিকিৎসার ব্যবস্থা থাকবে, সাজ সরঞ্জাম থাকবে? তবে তারজন্য নিশ্চয়ই আপনার এই বাজেট বরাদ্দের মধ্যে টাকা নেই, থাকলে তা আপনি উল্লেখ করতেন। তারপর, আপনার কিভাবে অনেক চিকিৎসকের পদ খালি রয়েছে, চিকিৎসা পরিচালনা করবার জন্য অনেক অফিসারের পদ খালি রয়েছে, তাদের গ্রহণ করে, তাদের প্রয়োজনীয়তা অনুভব করে আপনি কি আপনার এই বাজেটকে স্বয়ং সম্পূর্ণ মনে করেন? না, খালি পদ খালি থাক, শূন্য পদ শূন্যই থাক, এটাপূর্ণ হবে না—এটা মনে করছেন? মন্ত্রী মহাশয় তার বক্তৃতার মাধ্যমে পানীয় জল সম্বন্ধে বলেছেন। কিন্তু আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্য দিয়ে বলতে পারি এখনও বহু গ্রাম আছে যেখানে পানীয় জল নেই, বহু গ্রামে প্রতিষেধক ব্যবস্থা বিন্দুমাত্র আত্মপ্রকাশ করেনি। আর আমরা শহরাবাসীরাও প্রতিষেধক ব্যবস্থা কিছু প্রত্যক্ষ করিনি। আপনারা কিউরেটিভ করতে চান, না প্রিভেন্টিভ করতে চান? আমরা তো প্রিভেন্সনের ব্যবস্থা কোথাও দেখছি না। ডাক্তারবাবুরা যে প্রেসক্রিপশন দেন সেই ঔষধ বাজারে পাওয়া যায় না সেই খবর রাখেন কি? অত্যন্ত প্রচলিত, প্রায় ব্যবহৃত হয় এরকম ঔষধের কারখানা বন্ধ হয়ে গেছে। এরা ধনতান্ত্রিক সমাজের বিরুদ্ধে আওয়াজ তোলেন, যারা কারখানার মালিক তাদের প্রতি বিষোদগার করেন।

কিন্তু ওষুধ যদি না পাওয়া যায় কারখানায় কারখানা যদি আপনাদের দলীয় মানুষর স্ট্রাইক করে, দিনের পর দিন ওষুধের উৎপাদন বন্ধ করে রাখেন এবং সাধারণ মানুষ যদি ওষুধের জন্য দ্বারে দ্বারে ঘুরে ওষুধ না পায়,—আপনি জনস্বার্থ রক্ষা করছেন? জনকল্যাণ করতে চাইছেন? আপনি ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার দিকে অঙ্গুলিপাত করেছেন আমার সে সম্বন্ধে বক্তব্য কিছু নেই, কিন্তু আমার বক্তব্য একটি ধনতান্ত্রিক দেশ বলে যারা পরিচিত তাদের সমস্ত দেখা যায় জাতীয় আয়ের শতকরা কারও পাঁচ ভাগ, কারও সাত ভাগ, কারোর আট ভাগ ব্যয়িত হয় জনস্বাস্থ্যের জন্য। আর আপনার এখানে ব্যয় হয় শতকরা মাত্র ১৫ পয়সা, আপনার বাজেট পরিসংখ্যানে অর্থনীতিবিদরা এই কথা বলেছেন। আপনি চান জনগণের স্বাস্থ্য রক্ষা করতে, কিন্তু আপনি যা ব্যবস্থা করেছেন তার মধ্যে দিয়ে ৩৩ বছর পরেও—আপনাদের ফ্রন্টের চার বছর শাসন কালে মাত্র শতকরা ২০ জন বঙ্গবাসী, পাঁচ কোটি মানুষের মধ্যে মাত্র ২০ জন আপনার এই সরকারি স্বাস্থ্য বিভাগের কৃপালাভ করতে পারে। এইটুকু করেছেন, এতেই আত্মপ্রসাদে স্ফিত হয়ে আপনারা অনেক কথা বলছেন। কাজ করেছেন যা, তারজন্য ধন্যবাদ কিন্তু অনেক কিছু করেননি তারজন্য আমার প্রতিবাদ। অনেক কিছু করেননি তাই আপনি সৎমানুষ হয়ে, শ্রদ্ধেয় মানুষ হয়েও আপনার আনীত ব্যয়বরাদ্দ প্রস্তাবকে বিরোধিতা করাই আমি আমার কর্তব্য বলে মনে করছি।

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী স্বাস্থ্য বিষয়ক যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন সেই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমার পূর্বে ইন্দিরা কংগ্রেসের পক্ষ থেকে মোতাহার হোসেন এবং জনতা পার্টির তরফ থেকে অধ্যাপক হরিপদ ভারতী এবং শাশ্বতি বাগ এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে যে বক্তব্য রেখেছেন, আমি মনে করি, তাদের এই বক্তব্যের মধ্যে দিয়ে একটা কথা পরিষ্কার হয়ে ফুঠে উঠেছে যে তারা জনস্বাস্থ্যমূলক ভাবে বামফ্রন্ট সরকার বিগত চার বছর ধরে এই স্বাস্থ্য বিভাগের উন্নতি এবং অগ্রসর হওয়ার যে ভূমিকা পালন করে গেছেন, সেটাকে বিরোধিতা করবার জন্যই শুধু তারা বক্তব্য রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দপ্তর মূলত যে চিকিৎসা দপ্তর নয়, এই দপ্তরের যে অনেক কাজ আছে, দায়িত্ব আছে, সেই দায়িত্বগুলো পালন করতে গিয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তার ভাষণের মধ্যে তিনি ৬ দফা লক্ষ্যকে সামনে রেখে তার বক্তব্য রেখেছেন। তিনি মূলত যে ৬টি প্রধান বিষয় উল্লেখ করেছেন, সেইগুলো হল গ্রামে প্রতি ৩০০ মানুষ পিছু জলের উৎস এবং নলকূপ বসানোর পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন। দ্বিতীয় দফায় শিশু এবং মায়েদের স্বাস্থ্যের দিকে লক্ষ্য রেখে, তাদের রোগ নিরাময়ের দিকে লক্ষ্য রেখে তিনি পরিকল্পনা করেছেন। তৃতীয় লক্ষ্য রেখেছেন, গ্রামে মানুষের স্বাস্থ্যরক্ষা ব্যবস্থাকে সম্প্রসারণ করা। এবং আধা শহর এবং শহরের বহির্বিভাগে চিকিৎসা ব্যবস্থাকে প্রতিষ্ঠা করবার জন্য, উন্নতি করবার জন্য, বাড়াবার জন্য তিনি পরিকল্পনা গ্রহণ করেছেন। এবং ছোট পরিবার গড়ে তোলবার জন্য, তার সম্বন্ধে জনসাধারণকে সচেতন করবার জন্য তিনি কতকগুলি পরিকল্পনার কথা তার ভাষণের মধ্যে দিয়ে বলেছেন।

[5-25 — 5-35 p.m.]

এবং সর্বশেষ হচ্ছে গ্রামাঞ্চলের সাধারণ গরিব মানুষদের স্বাস্থ্য এবং চিকিৎসার দিকে লক্ষ্য রেখে ক্যাডার তৈরি করার জন্য তিনি পরিকল্পনা গ্রহণ করেছেন। তিন বছরের মেয়াদে

কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স খোলবার জন্য তিনি ব্যবস্থা নিয়েছেন। এই মোট ৬টি লক্ষ্যকে সামনে রেখে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তার স্বাস্থ্য দপ্তরের ১৯৮১/৮২ সালের বাজেট বরাদ্দ পেশ করেছেন। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে এবং বাজেট পেশ করতে গিয়ে তিনি যে বক্তব্য রেখেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলব। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় চিকিৎসা বাবদ ৯৯ কোটি ২০ লক্ষ, পরিবার কল্যাণের জন্য ৭ কোটি ৬৬ লক্ষ এবং জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহ খাতে ৫০ কোটি ৭০ লক্ষ—এইভাবে সর্বসাকুল্যে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমার বিশ্বাস ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত মাঝের দুটো যুক্ত ফ্রন্টের সময় বাদ দিলে কংগ্রেস সরকার কোনওদিন এত টাকা বরাদ্দ পেশ করতে পারেননি। স্যার, বামফ্রন্ট সরকার তার ৩৬ দফা কর্মসূচিকে রূপ দেবার জন্য বিগত ৪ বছর ধরে যে ভাবে অগ্রসর হয়েছেন তাতে আমরা দেখেছি আমাদের সরকার এই স্বাস্থ্য এবং শিক্ষা এই দুটি বিষয়ের উপর বিশেষ ভাবে লক্ষ্য রেখে চলেছেন এবং তারই জন্য দেখছি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তার বাজেটে এত টাকার ব্যয়বরাদ্দ চেয়েছেন। জল সরবরাহ ব্যবস্থা উন্নত করার জন্য, পশ্চিমবাংলায় চিকিৎসা ব্যবস্থা আরও উন্নত ও সম্প্রসারিত করার জন্য এই বরাদ্দ তিনি চেয়েছেন। হেলথ সেন্টার যেগুলি সম্পূর্ণ হয়েছে এবং যেগুলি হতে চলেছে তার যে সংখ্যা সেই সংখ্যা দেখে একথা বলতে পারি যে বিগত কংগ্রেস সরকার ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত যা কাজ করেছিলেন তার সঙ্গে আমাদের যথেষ্ট তফাৎ রয়েছে। গ্রামবাংলার মানুষের চিকিৎসা ব্যবস্থাকে আরও জোরদার করার জন্য, আরও সুরক্ষিত করার জন্য, সম্প্রসারিত করার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তারমধ্যে অন্যতম হচ্ছে কমিউনিটি মেডিক্যাল সার্ভিস। জনতা পার্টির হরিপদবাবু বা কংগ্রেসের মোতাহার হোসেন সাহেব বলতে পারেন এই কমিউনিটি মেডিক্যাল সার্ভিসের মাধ্যমে গ্রামের সাধারণ মানুষের চিকিৎসা ব্যবস্থার উন্নতি হবে না কিন্তু আমরা বলব, এর দ্বারা গ্রামের মানুষের উপকার হবে। গ্রামের মানুষদের চিকিৎসার ব্যাপার নিয়ে দীর্ঘ ৩০ বছর ধরে যে লুকোচুরি খেলা হয়েছে, জালিয়াতি করা হয়েছে, অন্যায় করা হয়েছে তার বিরুদ্ধে একটা বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছেন এবং তাদের স্বাস্থ্যের উন্নতির জন্য নানান কর্মসূচি গ্রহণ করছেন। আমরা জানি যে সাধারণ মানুষের উন্নতির জন্য, মঙ্গলের জন্য যখনই কোনও পরিকল্পা নেওয়া হয় তখনই এক শ্রেণীর লোক তাতে বাধা দেবার চেষ্টা করে। তাদের স্বার্থে ঘা লাগে বলেই তারা বাধা দেবার চেষ্টা করে। তারা পুরানো ব্যবস্থাটাকেই জিইয়ে রাখতে বা টিকিয়ে রাখতে চেষ্টা করে। যারা এরকম করে তাদের সাথে আমাদের সংঘাত হওয়া অনিবার্য।

আজকে যারা খবরের কাগজের মধ্যে দিয়ে বা বিধানসভার অধিবেশনের বা ভাষণের মধ্যে দিয়ে বলবার চেষ্টা করেন যে এম. বি. এস. আর কমিউনিটি মেডিক্যাল সার্ভিস-এর শিক্ষকদের মধ্যে আস্মান—জমিন ফারাক এবং তাদের সমাজের মধ্যে প্রতিষ্ঠা লাভ করার পক্ষে প্রশ্ন তুলবার চেষ্টা করছেন এবং তাদের জীবনে প্রতিষ্ঠা করবার জন্য বামফ্রন্ট সরকার যে কর্মসূচি নিয়ে এগিয়ে চলেছেন, তাকে শিশু অবস্থাতেই মৃত্যু ঘটাবার চেষ্টা করছেন। তারা যেভাবে ষড়যন্ত্র করছেন, আমার বিশ্বাস এই ষড়যন্ত্রে আমাদের বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দপ্তরের যে কর্মসূচি তাকে ব্যাহত করতে পারবে না। আজকে গ্রামের চিকিৎসা সম্পর্কে

আমাদের যে অভিজ্ঞতা তাতে আমরা দেখেছি যে গ্রামের ডাক্তারি ব্যবস্থা বা ঔষধপত্রাদি ব্যবস্থা যে ভাবে আছে, সেটা মোটেই পর্যাপ্ত নয়, অত্যন্ত নগণ্য। সেই জায়গায় আজকে য এই পরিকল্পনার মধ্যে দিয়ে আমরা একটা ব্যবস্থা প্রচলন করতে পারি, সেই ব্যবস্থার মধে দিয়ে আমরা প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তুলতে পারি এবং সাধারণ নাগরিকদের মধ্যে ( সমস্ত রোগ ব্যাপক ভাবে দেখা দেয়, যে সমস্ত সংক্রামক রোগ দেখা দেয় সেগুলিকে আম প্রতিরোধ করতে পারি এবং এই প্রতিরোধ করার মধ্যে দিয়ে আগামী বংশধরদের আম একটা সুস্থ্য স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে বাড়বার ব্যবস্থা করে দিতে পারি তাহলে আমার বিশ্বাস এ কমিউনিটি মেডিক্যাল সার্ভিস, তাদের শিক্ষা পদ্ধতি দিয়ে গ্রাম বাংলার সমাজ জীবনের পা দাঁড়াতে পারবে এবং গ্রামকে অত্যন্ত উন্নত করতে পারবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পানীয় জল সরবরাহ সম্পর্কে যে কথা বলবার চেষ্ট করা হয়েছে, আমি শুধু এই কথা বলতে চাই, পানীয় জল সরবরাহ করবার জন্য এই দপ্ত থেকে বিগত ৪ বছরে যে পরিকল্পনা নেওয়া হয়েছে, আমি বিধানসভায় ঘোষণা করতে পা যে এই ধরনের পরিকল্পনা আজ পর্যন্ত এই সরকার ছাড়া আর কোনও সরকার বিগত দি এই পশ্চিমবাংলায় নিতে পারেননি। আজকে রানীগঞ্জে জলের পরিকল্পনা, আসানসোলে জলে পরিকল্পনা, বিভিন্ন শহরে জলের পরিকল্পনা নেওয়া হয়েছে, গ্রামে গঞ্জে পানীয় জল সরবরা করার জন্য যে পরিকল্পনা এই স্বাস্থ্য দপ্তর থেকে গ্রহণ করা হয়েছে এবং তার ফল আমর ইতিমধ্যে পেতে আরম্ভ করেছি। আমি বর্ধমান জেলার কথা অত্যন্ত গর্বের সঙ্গে বলতে পারি আজকে রানীগঞ্জ কয়লা খনি বেল্টে, আসানসোলের বিস্তীর্ণ শিল্পাঞ্চল এলাকায় পানীয় জলে সরবরাহ বাড়াবার জন্য এই বামফ্রন্ট সরকার যে পরিকল্পনা নিয়েছে তার প্রথম পর্যায়ে কাজ তারা সম্পূর্ণ করতে পেরেছেন এবং দ্বিতীয় পর্যায়ের কাজ তারা শুরু করেছেন। আমি মনে করি এই কাজ অন্য যে কোনও সরকারের পক্ষে গ্রহণ করা এবং এগিয়ে নিয়ে যাওয় সম্ভব হত কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তা ভাষণের মধ্যে দেখেছি যে অন্যান্য গ্রামে যেখানে কংগ্রেস আমলে যে সমস্ত জায়গায় জল সরবরাহের পরিকল্পনা নেওয়া হয়েছিল পাইপ লাইনের মধ্যে দিয়ে, আমি এই কথা বলতে চাই যে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে এই সম্পর্কে বলতে পারবেন ইতিমধ্যে গ্রামবাংলায় অনেক পরিকল্পনা আমরা কার্যকর করতে পেরেছি। মেমারি, গলসি ইত্যাদি বিভিন্ন জায়গায় আমরা দেখেছি এবং বর্ধমানেও অনেক পরিকল্পনার কাজ সম্পন্ন হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, যার মধ্যে দিয়ে গ্রামের উন্নতি করার জন্য, তাদের স্বাস্থ্যের সমৃদ্ধি করার জন্য, প্রতিরোধমূলক চিকিৎসা ব্যবস্থা করার জন্য যে সমস্ত ব্যবস্থা নিয়েছেন, সেগুলিকে আমি সমর্থন জানিয়ে এবং তার ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-35 — 5-45 p.m.]

**শ্রী রেণুপদ হালদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী স্বাস্থ্য দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, সেই ব্যয় বরাদ্দের পরিমাণ পূর্বের তুলনায় অনেক বেড়েছে, কিন্তু সেই তুলনায় চিকিৎসার অগ্রগতি হয়নি। বিভিন্ন জায়গা ঘুরে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে

তাতে আমরা দেখছি যে, আগে চিকিৎসা ক্ষেত্রে যে অবস্থা ছিল সেই অবস্থার পরিবর্তন হয়েছে। আজ হাসপাতালগুলিতে দেখছি এক একটি বেডে ২/৩ জন করে রুগী রয়েছে এবং সে বেডের বিছানা অত্যন্ত নোংরা। আজকে হাসপাতালগুলি বিছানার অভাবে, ওষুধের অভাবে এক একটি নরককুন্ডে পরিণত হয়েছে। স্বাস্থ্য কেন্দ্রগুলির যে হাল হয়েছে তাতে চিকিৎসার কোনও উন্নতি হয়েছে বলে মনে হয় না। হাসপাতালগুলিতে যে সমস্ত ফ্রি বেড আছে সে সমস্ত সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে বিশেষভাবে কিছু উল্লেখ করা নেই। সেগুলি সম্বন্ধে পৃথকভাবে ভাবা উচিত ছিল। আজকে এমন অবস্থা হয়েছে যে, যে সমস্ত গরিব মানুষরা ফ্রি বেডে ভর্তি হন তাদের সমস্তকিছু কিনে দিতে হয় এবং সেগুলির বিনিময়ে তাদের চিকিৎসার ব্যবস্থা করা হয়। ওষুধ-পত্র পর্যন্ত কিনে দিতে হয়। এই অবস্থায় দেশের গরিব রুগিদের যে কি অবস্থা হচ্ছে তা পরিষ্কার বোঝা যাচ্ছে। তারপর এখানে পানীয় জলের কথা বলা হয়েছে। এ ব্যাপারে পাইপ ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা করার জন্য ইতিমধ্যে যে টাকা খরচ করা হয়েছে তার বেশির ভাগটাই অপচয় হয়েছে। অনেক জায়গায় সে সমস্ত টাকা আত্মসাৎ হয়েছে, এ নজির-ও আছে। জয়নগরে পি. এইচ. ই. ওয়াটার সাপ্লাই স্কীমে একবার পলিথিন পাইপ বসাবার পর—সমস্ত টাকা খরচ হয়ে যাবার পর—আবার ঠিক হল যে সেগুলি তুলে মেটাল পাইপ বসাতে হবে। তাই করা হল এবং ৪ লক্ষ টাকার অপচয় হয়ে গেল। এমন অনেক জায়গা আছে যেখানে পাইপ লাইন বসাবার আগেই বোর করে ডিপ-টিউবওয়েল বসানো হয়েছে এবং সেই ডিপ-টিউবওয়েল বসাবার পর দেখা গেল পাইপ লাইন দিয়ে জল উঠছে না, সেটা চোকড হয়ে গেছে বা সিল্ড হয়ে গেছে। সুতরাং আজকে এইভাবে যে পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে তাতে যে পরিমাণ অর্থ ব্যয় হচ্ছে সেই পরিমাণ সুযোগ-সুবিধা জনসাধারণ পাচ্ছে না, তারা বঞ্চিত হচ্ছে। তারপরে বর্তমানে যে টিউবওয়েলগুলি বসানো হচ্ছে সেগুলির পাইপের কোয়ালিটি আগের তুলনায় এতই খারাপ যে সমস্ত পাইপ ২/১ বছরের মধ্যেই খারাপ হয়ে যাচ্ছে। একটা টিউবওয়েল যে-সময় চলে সে সময়ের মধ্যে তিনটি টিউবওয়েল খারাপ হয়ে যাচ্ছে। আমি ২/৩টি গ্রামের কথা জানি যেখানে ১ বছরের মধ্যে টিউবওয়েল খারাপ হয়ে গেছে। সব চেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে এগুলি মেরামত করবারও কোনও ব্যবস্থা নেই। কোনও মিস্ত্রি নেই। এই প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি যে, গ্রামের যে টিউবওয়েলগুলি খারাপ হয়ে গেছে সেগুলি অবিলম্বে মেরামত করা হোক এবং পানীয়জল সরবরাহের সুব্যবস্থা করা হোক। এরপর আমি ড্রাগ কন্ট্রোল-এর সম্বন্ধে ২/১টি কথা বলব। আজকে হাসপাতালগুলিতে কোনও ওষুধই পাওয়া যায় না। হাসপাতালগুলিতে আজ পর্যন্ত যে ব্যবস্থা আছে তাতে কিছু এজেন্ট এবং এজেন্সির মাধ্যমে ওষুধ কেনা হয়। তারা অত্যন্ত নিম্ন মানের ওষুধ হাসপাতালগুলিতে সরবরাহ করে। যে ওষুধে যতটা উপাদান থাকা দরকার সে ওষুধের তার ২০% থাকে, কিন্তু সেই ওষুধ সাপ্লাই করেই তারা পুরো টাকা ড্র করছে। এই দুর্নীতি দূর করার জন্য কোনও ব্যবস্থাই গ্রহণ করা হচ্ছে না। ড্রাগ কন্ট্রোলের পক্ষ থেকে টেস্ট করবার যে ব্যবস্থা রয়েছে—টেস্ট করার সেই লেবেরোটরিতে যখন ওষুধগুলি আসে তখন সেখানে টেস্ট করে দেখা যায় যে, সেগুলি ভেজাল ওষুধ বা খারাপ ওষুধ, সেগুলিতে ওষুধের উপাদানের অভাব রয়েছে। কিন্তু মুশকিল হচ্ছে পরীক্ষা যখন হতে এল তখন থেকে ১ বছর, ২ বছর বাদে তার রেজাল্ট বেরচ্ছে। ইতিমধ্যে ঐ সমস্ত ব্যবসায়ীরা ওষুধ বিক্রি করে লাভবান হয়ে যাচ্ছে। বেশির ভাগ

ক্ষেত্রেই দেখা যাচ্ছে ইনস্পেক্টররা রিপোর্টই দেন না। তারপরে এই বিভাগে কর্মচারিদের ট্রান্সফারের ব্যাপারে দেখছি যে, যেমন অনেক মানুষ আছেন যাদের কোনও দিন বদলি করা হয় না, এমন কি প্রমোশন দিয়ে একই জায়গায় বসিয়ে রাখা হয়েছে। হেড অফিসের একজনকে প্রমোশন দিয়ে মেদিনীপুরে বদলি করা হয়েছিল, কিন্তু পরবর্তীকালে দেখা গেল মন্ত্রী মহাশয় তার ট্রান্সফার বাতিল করে দিয়েছেন। এই সমস্ত যে অবস্থাগুলি রয়েছে এগুলি দূর না হলে চিকিৎসার কোনও সুব্যবস্থা হবে না। তাই আমি বিশেষ করে এগুলি দূর করার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অম্বরীশ মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি স্বাস্থ্য-মন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, যুগান্তের কান্না, গ্রাম-বাংলার মানুষের কান্না তিনি শুনতে পেয়েছেন। সমস্ত শরীরটা রোগা আর পেটটা যদি ধীরে ধীরে মোটা হতে থাকে—আমাদের বড়বাজারের লবি আমাকে ক্ষমা করবেন—তবে তাকে স্বাস্থ্য বলে না। চিকিৎসা জগতে আমরা এত দিন সেই অবস্থা দেখেছি। উনি একটু পরিবর্তন আনবার চেষ্টা করেছেন। দারিদ্র-সীমার নিচে যারা বাস করে, যাদের পোষাক, খাদ্য জোটে না তাদের কথা একটু চিন্তা করেছেন। পুষ্টিকর খাদ্য যাদের জোটে না, বাসস্থান যাদের নেই, কঠোর সংগ্রাম, শোষণ এবং বঞ্চনার যুগান্তের যাতাকলে যারা নিষ্পেশিত ও নিপীড়িত, আমরা দেখছি তাদের জন্য ব্যবস্থা করতে গেলে যে গতানুগতিক ভাবে চিকিৎসার পদ্ধতি আছে তার পরিবর্তন করা দরকার। কারণ আমাদের যা চিকিৎসার ফর্ম আছে তা মুষ্টিমেয়, উপরের যারা আছেন, সমস্ত সুখ সম্ভোগ করেছেন আগে তাদের জন্যই চিকিৎসা ব্যবস্থা ছিল, কিন্তু এটা করতে গিয়ে আমরা দেখলাম যে আমাদের স্বাস্থ্য মন্ত্রী মহাশয় মৌমাছির চাকে ঢিল মেরেছেন। সেখানে মক্ষীরাণী বসে আছেন, পুরুষ মৌমাছিরা চরিদিকে ঘরে আছেন, তারা হাজার বাগিচায় আমাদের অঙ্গনে আমরা যে সব ফুল ফুটিয়েছি তার থেকে মধু আহরণ করে সঞ্চয় করে রেখেছেন। আপনি সেখানে ঢিল মেরেছেন আপনাকে দংশন সহ্য করতে হবে, আপনাকে জ্বালা সহ্য করতে হবে। আপনি জানেন যে এই মৌচাকে ঢিল মারার জন্য—আমি যুগান্তর পত্রিকায় লক্ষ্য করে দেখলাম ডাক্তাররা আজকে ইস্তফা দিতে পারেন—এই সমস্যার মুখোমুখি আপনাকে হতে হয়েছে। তা কি আর করা যাবে। আমরা যে নিচু স্তরের মানুষের জন্য কিছু করতে চাই, উপরে যারা আছেন দীর্ঘদিন ধরে সমস্ত সুযোগ সুবিধা ভোগ করে এসেছেন, কাজেই এখন জ্বালা হবে, এই ব্যাপারে যে শ্রেণী ব্যবস্থা ছিল আমরা সেই শ্রেণীর সম্পদকে পরিবর্তন করতে চাই এবং পরিবর্তন করতে গেলে সুবিধাবাদী শ্রেণীর গায়ে হাত লাগবে, তারা চিৎকার করবেন, আর্তনাদ করবেন আক্রমণ করবেন, দংশন আমাদের সহ্য করতেই হবে। আমরা মনে যে হেলথ একটা ফান্ডামেন্টাল রাইট, কাজেই এ লড়াই আমরা করবই এ কথা জলন্ধরে মহাকংগ্রেসের অধিবেশনে আমরা বলেছিলাম। আমার আইনের বন্ধুরা সেটা পড়েছেন, আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু যতক্ষণ পর্যন্ত না সমস্ত পুরানো কাঠামো না ভাঙ্গতে পারি ততক্ষণ পর্যন্ত আমরা পিছিয়ে যাব না—unless we can change the whole socioeconomic system lock stock and barrel. আপনি জানেন ভড় কমিটিতে অনেক আগে লেখা হয়েছিল এনভায়রর্নমেন্টাল হেলথ এডুকেশন চাই, ভাল নিউট্রিশনের ব্যবস্থা করতে হবে, হৈলথ এডুকেশন করতে হবে এবং তা করতে গিয়ে পার ক্যাপিটা কো-

অপারেশন অফ দি পিপল এসব যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। আমি ডাঃ অ্যাকরড, ডাইরেক্টর অফ নিউট্রিশনাল রিসার্চ ল্যাবরেটরি কুনূর—তার একটা কথা আমি বলছি—Insufficient and ill-balanced diet is typical of the food consumed by us. আমরা এখানে রয়েছি, আমরা দেখছি যে খাদ্যের দাম বেড়ে গেছে ২০ পারসেন্ট, এবং শুধু ২০ পারসেন্ট নয়, যদি নমিনাল টার্মস বেড়ে যায় তাহলে বলতে হবে যে ৩৪ পারসেন্ট খাদ্যের দাম বেড়েছে। শতকরা, ৫০ জন, এখানে আমরা দেখছি যে শতকরা ৫১ জন কৃষকের হাতে জমি নেই, মাথা পিছু রোজগার মাত্র ২০ টাকা। যদি ভেবে দেখেন মিঃ স্পিকার স্যার, আমরা কি করে সুস্বাস্থ্যের অধিকারি হতে পারি— দুয়ে দুয়ে আমাদের সব কেড়ে নিয়ে খাওয়া হয়েছে। আমি এই প্রসঙ্গে একটা রিপোর্ট বলতে চাই, জানেন নিশ্চয়, তবুও বলা দরকার মনে করি। আমরা দেখছি যে সমস্ত জায়গায় যেখানে অ্যাভারেজ ন্যাশনাল ইনকাম ৩ থেকে ৫ পারসেন্ট বেড়েছে তার মধ্যে ভারতবর্ষে অ্যাভারেজে বেড়েছে ১.৩ পারসেন্ট এবং আমাদের স্থান হচ্ছে ১৬৫তম স্থানে, আমরা বসে আছি। ১৮১ কান্ট্রিজ এর মধ্যে আমাদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে এবং আমাদের জাতীয় আয় যেমন বেড়েছে কিন্তু কোথাও কোথাও রিয়েল ইনকাম আমাদের কমে এসেছে। প্রথম দশকে ছিল ১.৮, দ্বিতীয় দশকে ১.২ এবং এখন .৯ দাঁড়িয়েছে। এর মধ্যেই আমাদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে, আমাদের সীমিত ক্ষমতার মধ্যে আমরা অর্থ সংগ্রহের চেষ্টা করছি, তার উপরেও ওরা থাবা লাগিয়েছেন।

[5-45 — 5-55 p.m.]

সম্প্রতি কেন্দ্রীয় বাজেটটা আপনি লক্ষ্য করে দেখবেন আমাদের যেখানে অর্থ সংস্থানের সুযোগ ছিল সেখানে কেমন করে সেই সুযোগগুলি কেড়ে নেওয়া হয়েছে। ফুড ফর ওয়ার্কে আমরা ব্যবস্থা করেছিলাম যে অন্তত দুটি যদি গ্রামের মানুষ খেতে পায় তবে আমরা তাদের অন্তত সুস্বাস্থ্যের ব্যবস্থা করতে পারব কিন্তু তাও কেন্দ্রীয় সরকার কেড়ে নিয়েছে। সত্যযুগ কাগজে পড়ছিলাম প্রায় ৪০ লক্ষ লোককে তাদের ইনকাম ট্যাক্স ক্যাটেগরিতে রেমিশন দিয়ে ১৪৬ কোটি টাকা কনসেশন দেওয়া হয়েছে অথচ আমরা সেখান থেকে ৮৫ পয়সা করে পেতাম। কিন্তু আমার কথা হচ্ছে যেখানে আমাদের শতকরা ৯০ জন মানুষ আছে তাদের জন্য মাত্র ব্যবস্থা করা হয়েছে ১০৮ কোটি টাকা। আমি এই প্রসঙ্গে একটি কথা বলি, আমাদের দেশে যে সমাজ ব্যবস্থা আছে, যে ব্যবস্থাগুলি ওরা তৈরি করেছে যেমন ধরুন, কোলিয়ারির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এখান থেকে কোটি কোটি টাকা পাচ্ছেন। এবারে ওরা ৬০ কোটি টাকা বেশি নিয়ে যাবেন কয়লার দাম বাড়িয়ে। কিন্তু সেখানে মাইনসগুলির জন্য যে ব্যবস্থাগুলি করার কথা বলা আছে সেগুলি কেন্দ্রীয় সরকার করেনি। ২ লিটার করে পানীয় জলের ব্যবস্থা করা—তাও ওরা করেনি। আপনি জানে, এখানে লিমোকোলাইসিসে অনেক মানুষ অথর্ব হয়ে পড়েছেন। এদের মধ্যে শতকরা ৮ জন টিউবারকুলাসিসে ভুগছেন। কিন্তু স্যার মজার কথা হচ্ছে এরা যে কম্পেনসেশন পাবে তার পেমেন্টস সুড বি মেড বাই দি স্টেট গর্ভনমেন্ট। এই হচ্ছে ওদের ব্যবস্থা। সত্যযুগ কাগজে পড়ছিলাম বাতাসে বিষ বাড়ছে, মানুষের রোগ-ভোগ বাড়ছে। রোগের মধ্যে ১০ শতাংশ হৃদরোগ, হাপানি, শ্বাসকষ্ট, চোখ-জ্বালা, দৃষ্টিহীনতা এবং এর জন্য খরচ হচ্ছে পৌনে ৭ কোটি টাকা। এইসব য়োর-

*পলিউশন হচ্ছে, বাতাসে ডাস্ট বাড়ছে, গঙ্গার জল দুষিত হয়ে যাচ্ছে। আমি একদিন একট গান শুনছিলাম, "গঙ্গা তুমি বইছ কেন"*। এই জন্য বোধ হয় বলছে গঙ্গার জল দুষিত হয়ে যাচ্ছে বলে বলা হচ্ছে আর বহা ঠিক নয়। এই কারণে বুঝি গানটা গাইছে। চিকিৎসা ব্যবস্থার ক্ষেত্রে ওরা যে চিকিৎসা ব্যবস্থা করার কথা ভেবেছেন সেটা হচ্ছে, বাবুদের/জুতো পেটাতে যদি চামড়া ফেটে যায় তাহলে টিনচার আইডিনের ব্যবস্থা করা। কিন্তু আমরা তা বলি না। আমরা বলি আপনারা যদি সু-স্বাস্থ্যের অধিকারী হতে চান তাহলে পড়শি যারা আছেন তাদের সু-স্বাস্থ্যের অধিকারী করতে হবে। If you want good health you must try to improve the health of your neighbour. এই হচ্ছে আমাদের স্লোগান এবং তারজন্য আমরা কাজ করে যাচ্ছি। আপনারা জানেন, ওষুধের ক্ষেত্রে হাতি কমিটি নিজেই বলেছেন যে ওষুধ আছে তার মধ্যে শতকরা ২৫ জন রোগীর ব্যবস্থা হতে পারে এবং আমরা জানি ১০ কোটি টাকা ছিল ১৯৪৭ সালে সেটা ১ হাজার কোটি টাকায় প্রডাকশন হয়েছে। কিন্তু এটা যদি প্রতি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ডবল করে নিয়ে যাই তাহলে আলমাটা যে কথা বলেছেন সেটা হচ্ছে ২ হাজার সালে ৫০ শতাংশেরও বেশি লোকের ব্যবস্থা করা যাবে না। এই যদি ওষুধের ব্যবস্থা হয় তাহলে আমরা কি করতে পারি? অন্য দিকে আপনারা লক্ষ্য করেছেন কেমন করে বড় বড় ম্যাল্টি ন্যাশনালগুলো মৃত্যুর ব্যবসায় নেমেছেন। তারা মৃত্যুর ব্যবসা করছেন জীবনের ব্যবসা করছেন না। যেমন ধরুন, লোমোটিল, আমরা দেখেছিলাম সুদানে লেখা আছে, লোমোটিল আপনারা ব্যবহার করুন কিন্তু একটু বেশি খেলেই মুশকিল। অন্য দিকে আমরা দেখছি যেমন ধরুন, ডেপ্রোপ্রোডেক—এটা বার্থ কন্ট্রোলে ব্যবহার হয়—এগুলি ওদের দেশে ব্যবহার হয় না। এ ছাড়া আপনারা লক্ষ্য করেছেন কেন্দ্রীয় সরকার কেমন করে মাল্টি-ন্যাশনালগুলিকে বাহবা দিচ্ছেন। অ্যানালজিন আপনারা জানেন আই. ডি. পি. এল তৈরি করে। এটা কিনল হেক্সট এবং ৫ পারসেন্ট বেশি দিয়ে আবার সরকারকে বিক্রি করল। এ ছাড়া এমন সব ওষুধের লাইসেন্স ওরা পেয়েছেন—যে পরিমাণ ওষুধ তৈরি করবার অধিকারী তার চেয়ে বেশি পরিমাণ ওষুধ ওরা তৈরি করে। এই রকম ভাবে ওরা ব্যবসা করতে শুরু করেছে। অন্য দিকে আমাদের ইন্ডাস্ট্রিগুলি যে ইন্ডাস্ট্রিগুলি আমাদের দেশে ওষুধ তৈরি করতে পারে সেইসব ইন্ডাস্ট্রিগুলিকে ওষুধ তৈরি করতে দেওয়া হচ্ছে না যেটা তারা করতে পারতেন। র-মেটিরিয়াল তাদেরকে বাল্ক সাপ্লাই করা হচ্ছে যেটা কিনতে তাদের পয়সায় কুলচ্ছে না। বড় বড় মাল্টি-ন্যাশনালগুলিকে তারা এস্টাবলিশড—তারা এই সমস্ত ব্যবসাগুলি করছে। এমনকি আপনি জানেন, একটা কোম্পানি দু-ভাগ করেছে একটা ড্রাগকে, কোবাডেক্স ফোর্টি আর একটা হচ্ছে ভিভিলেন্ট ফোর্ট,—বেথিলিস্ট ট্যাবলেট আর একটা ডেন্টাকট্রিল, তারপর বেথনেসল নেসাল ড্রপ তার বদলে ইকোয়াড্রিল নেসাল ড্রপ। কারণ লাভজনক যে ব্যবসা যেটা তারা হোল্ড করতে পারে সেটা করছে। আর আমাদের পশ্চিমবঙ্গে চিন্তা করতে হবে আমাদের ব্যবসা কি হবে? আমাদের ইন্ডাস্ট্রিগুলো কি হবে? আমাদের সেই সুযোগ কোথায়? মাল্টি-ন্যাশনালগুলি বড় বড় মনোপলি ফার্মগুলি আমাদে: ইন্ডাস্ট্রিগুলোকে গ্রাস করার জন্য চেষ্টা করছে, ফলে আমাদের পিছিয়ে আসতে হচ্ছে। তবে আমরা অনেক ব্যবস্থা নিয়েছি যাতে করে আমাদের ইন্ডাস্ট্রিগুলো গড়ে উঠতে পারে। আমরা ইনপুট্ স্টার্ট করেছি যাতে করে গড়ে উঠতে পারে। এমন কি ওষুধের ক্ষেত্রে আমরা অনেক এগিয়ে এসেছি। আমি এইটুকু বলছি, ওরা যে জায়গায় নিয়ে গেছে সেখান

থেকে বেরুবার জন্য চেষ্টা করে যাচ্ছি। আমাদের দেশের কোম্পানিগুলো এবং আমাদের পাবলিক সেক্টরগুলো যে ওষুধগুলি ব্যবহার করেন সেগুলি যাতে আমাদের সরকারি প্রচেষ্টায়, সরকারি কেনা-কাটার মধ্য দিয়ে যাতে অ্যাবসর্ব করতে পারি তারজন্য আমাদের চেষ্টা করতে হবে।

ফর ওয়ার্ক বলুন, টিফিন বলুন, পেনশন স্কীম বলুন, গ্রুপ ইন্সিউরেন্স স্কীম বলুন, ইন্টেন্সিভ রিলিফ ওয়ার্ক বলুন, আন-এমপ্লয়মেন্ট প্রোগাম বলুন, পঞ্চায়েতের মাধ্যমে পরিকল্পনা নিয়ে জলনিকাশের ব্যবস্থা করেছি, রাস্তাঘাট করেছি, প্রিভেন্টিভ যেটা হিসাবে নানা ব্যবস্থা গ্রহণ করে তার কাজ কোথাও কোথাও আরম্ভ হয়েছে। এমনকি সুস্থ সংস্কৃতির জন্য সংগ্রাম করেছি। সর্বজনীন গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থার আয়োজন করেছি। এগুলি কি সুস্থ স্বাস্থ্য রক্ষার আরাধনা হয়? চিকিৎসার ব্যাপারেও আমরা এটা ব্রেক থ্রু করেছি। ডাক্তাররা বাইরে যেতে চান না বলে অনেকে বলেছেন যে আমরা না কি তার মতো অবস্থা তৈরি করতে পারিনি। আমি মিঃ জেমস গ্রান্টের একটা উদ্ধৃতি দিচ্ছি—Mr. James Grant, executive director of UNICEF, said in Calcutta on Wednesday that rural communities would have to have their own health care workers and facilities to make the rural health programmes a success.

Addressing a press conference, Mr. Grant said that now where in the world medical graduates or qualified medical practitioners could be motivated or induced to go to the villages to serve in the rural health care programme. Doctors the world over were urban oriented and wanted to make money. সমস্ত দিকে যেমন একটা অপসংস্কৃতির খাতে বইতে দেওয়া হচ্ছে। সেইরকম করে একটা জনবিরোধী মন ডাক্তারদের মধ্যে সম্প্রসারিত হচ্ছে। সেজন্য ওরা গ্রামে যেতে চান না। কারণ এখানে মিথ্যা সার্টিফিকেট লিখে কত হাজার টাকা উপায় করা যায়, এল. আই. সি. করে টাকা আয় করা যায়, বড় বড় কোম্পানি স্যাম্পেল থেকে টাকা উপায় করা যায়। ই. এস. আই. থেকে টাকা হয়। এখানে বারবধূ, লাজ রাখ, সম্রাট সুন্দরী আছে, বার আছে। সুতরাং তারা গ্রামে যাবে কেন? গ্রামে গেলে গরিব মানুষের জন্য খাটতে হবে, সেখানে পয়সা পাওয়া যাবে না। আমি শুধু একটা কথা বলতে চাই যে ডক্টরস উই কেন ম্যাকর্ড—এই বিষয়ে একটা সুন্দর এডিটোরিয়াল স্টেটসম্যান এ লেখা হয়েছিল। কিন্তু বার করতে পারব না বারবধূ নিয়ে যেতে পারব না। গ্রামের ডাক্তাররা স্যাম্পেল পাবে না। অনেক প্রাইমারি হেলথ সেন্টার আছে যেখানে যাবার জন্য হয়ত ট্রেন নেই, বাস নেই, সেখানে কেন তারা যাবে। সেজন্য বলছি গ্রামের মানুষের প্রতি দরদ থাকা দরকার। সংবেদনশীল মনোভাব দরকার। অনেকে বলেছেন নিরাপত্তার অভাব। আমি চিকিৎসক হিসাবে দীর্ঘদিন গ্রামে আছি। আমার তো এই ধরনের প্রয়োজন হয় না। ডাক্তারদের পুলিশ ঘিরে রাখবে এ কথা মনে হলে লজ্জায় মাথা কাটা যায়। এই মানসিকতা নিয়ে কাজ করা যায় না—তেলের, দুধের ব্যবসা করা যায় খাদ্যে ভেজাল দেওয়া যায়। সেইজন্য বলছি গ্রামের চিকিৎসার জন্য যে ডিপ্লোমা কোর্সের ব্যবস্থা করেছি তাকে পরীক্ষা করতে দিন। আমরা রোগী নয়, রোগকে ধরব।

যেমন ধরুন ফাইলেরিয়া চিকিৎসা করতে গেলে রি-ইনফেক্টেড হয়ে যায় এবং পাশের বাড়ির লোককে চিকিৎসা করতে হবে যাতে সে আক্রান্ত না হয়। আবার সেখানে মশা ব্রিদ করে সেখানেও ব্যবস্থা করতে হবে। সুতরাং আমাদের যদি কম্যুনিটি মেডিক্যাল কোর্স সাকসেসফুল হয় তখন বিনোদবাবুরা কি করবেন? সেদিন ওদের চেম্বারে আর ভিড় জমবে না। চিকিৎসা করবে যেখানে হাওয়া দূষিত হয়, যেখানে জল জমে। এই কামিউনিটি মেডিক্যাল কোর্স সম্বন্ধে গ্রামের মানুষ খুব আগ্রহী।

[5-55 — 6-05 p.m.]

তাই স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করব আপনি চিন্তিত হবেন না। আপনি এগিয়ে চলুন এবং মানুষের আর্শীবাদ আপনার সঙ্গে আছে। এর পর আমি পোষ্ট গ্রাজুয়েট এডুকেশন সম্বন্ধে একটু বলব। নিউক্লিয়ার মেডিসিন পি. জি.-র একটা সাবজেক্ট হওয়া উচিত এবং এর জন্য এম. এস. এম. ডি. কোর্স থাকা দরকার। এন্ডোক্রিনোলজি একটা সেপারেট সাবজেক্ট করা দরকার এই সঙ্গে গ্রামের কোয়াকদের কিছু ট্রেনিং দিতে পারেন কিনা সেটা দেখবেন। এছাড়া অন্যদের ফার্মাসিস্ট ট্রেনিং দেওয়া যায়—কিনা সেটাও বিবেচনা করবেন। কতকগুলি বিল্ডিং যা পি ডাব্লু ডি যা হ্যান্ড ওভার করেনি সেগুলি নেবার ব্যবস্থা করুন—যেমন পি. জি.-তে আছে। শহরে যারা স্পেশালিস্ট আছেন তারা সপ্তাহে একদিন করে গ্রামে যেতে পারেন কিনা তার ব্যবস্থা করবেন। কবিরাজি সম্বন্ধে বলব যে সানটাল মেডিসিনের একটা এক্সজেস্টিভ স্টাডি আছে সেটাও দেখবেন। এ নিয়ে রিসার্চ সেন্টার করা যায় কি না সেটা দেখবেন। এ ছাড়া প্রিভেন্ট্রিভ ডিজিস হিসাবে ট্রিপল অ্যান্টিজেন ব্যবহার করে তিনটি রোগ দূর করতে পারা যায় কি না দেখুন। লেপ্রসি সম্বন্ধে আরও দ্রুত গতিতে ব্যবস্থা করতে হবে। শতকরা দশ জন এতে ইনফেকটেটেড কিন্তু এটা যে বিলম্বিত তালে চলেছে তাতে সেই ভাবে চললে আমরা কিছু করতে পারব না। স্পুরিয়াস ড্রাগস ধরার ব্যবস্থা করুন। মার্কেটে যে সমস্ত সাব-স্ট্যান্ডার্ড ড্রাগস বিক্রি হয় তা মানুষের পক্ষে ক্ষতিকর। সর্বশেষে আপনি যে সমস্ত প্রচেষ্টাগুলি নিয়েছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি যেসব কথা বললাম সে সব ওদের কানে যাবে না শুধু এখানে তুলশী দাসের একটি দোয়া দিয়ে শেষ করব।

भैंस के आगे वीन बजाए, भैंस रहे पगुराय।

साँच कहे तो मारा जाय

झुट कहे तो जगपति आय।

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সরকারি পক্ষের সদস্যরা কমিউনিটি মেডিক্যাল স্কীমকে অভিনন্দন জানিয়েছেন এবং ডাঃ অম্বরীশ মুখার্জি এজন্য খুব আনন্দ উপভোগ করেছেন। এরকম একটা কোর্স চালু হলে পল্লীগ্রামের যারা নিপীড়িত মানুষ তাদের একটা নাকি চিকিৎসার সুব্যবস্থা হবে। কিন্তু এরকম একটা কোর্সের দ্বারা তাদের কতটুকু উপকার হবে সেটা যারা ডাক্তার নন তারা তা বুঝতে পারছেন না এবং তারা মনে করছেন একটা বিরাট আলোড়ন সৃষ্টি হবে। এই কমিউনিটি মেডিক্যাল কোর্স চালু করার জন্য

মুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় সভা করেছেন এবং তারা নানা বক্তব্য রেখেছেন যে কেন এই কোর্স হচ্ছে, কিসের জন্য হচ্ছে। ১৯৭৭ সালে আপনারা যে বক্তব্য রেখেছিলেন এল. এম. এফ. কোর্সের ব্যাপারে কিন্তু সে সময়ের সঙ্গে এখনকার বক্তব্যের কোনও মিল নেই। তিনি তখন বলেছিলেন গ্রামের স্বাস্থ্য ও চিকিৎসা ব্যবস্থা সম্প্রসারণের দিকে তাকিয়ে আমরা নূতন ভাবে এল. এম. এফ. চালু করার কথা ভাবছি।

[6-00 — 6-10 p.m.]

গ্রামাঞ্চলে জনস্বাস্থ্য সংক্রান্ত যে কর্মসুচি আছে, তাতে এখানকার মেডিক্যাল গ্র্যাজুয়েটদের নিযুক্ত করা হবে। এর তুলনায় অপেক্ষাকৃত সংক্ষিপ্ত পাঠ্যক্রমের ডাক্তারদের দ্বারাও ঐ কাজগুলি সম্পন্ন হতে পারে। আজকে কিন্তু তিনি বলছেন যে, প্রিভেনটিভ্ মেজার করে গ্রহণ করবেন। আজকে আপনারা ৩ বছরের যে কোর্স চালু করেছেন, তাতে ২।৩ মাস হয়ে গেল কিছু কিছু মাত্র—১২৬ জন ইতিমধ্যে ভর্তি হয়েছেন। মাস্টার পাচ্ছেন আপনারা? আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি, কারা পড়াচ্ছেন সেখানে? যাঁদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, তারা কি পড়াচ্ছেন? অনেক জায়গাতেই পারেননি পড়াবার ব্যবস্থা করতে। পুরুলিয়া, বহরমপুর মহকুমা হাসপাতালে বা জেলা হাসপাতালে যেখানে এই শিক্ষা ব্যবস্থা করা হয়েছে, সেখানে এই কোর্সে পড়াবার জন্য ডাক্তারের ব্যবস্থা কি আছে? নেই, থাকা সম্ভবপরও নয়। মেডিক্যাল কোর্সে যেখানে এল. এম. এফ. কোর্স আছে, সেখানে প্যাথলজি, এনাটমি প্রভৃতি বিভিন্ন ডাক্তারদের প্রয়োজন হয়। একজন ডাক্তার সমস্ত সাবজেক্ট পড়াতে পারেন না। এই রকম বিভিন্ন ডাক্তারদের আপনি নিয়োগ করতে পারেন নি। ফ্যামিলি প্ল্যানিং ঐ যে ডাক্তার আছেন, তাঁরা মেকানাইজড্ লোক, তাঁরা অনেক জায়গাতে পড়াচ্ছেন। এইভাবে যে কোর্স আপনারা চালু করেছেন, এর দ্বারা জনসাধারণের কোনও উপকার হবে বলে মনে হয় না। He is giving licence to some person to kill the patients to kill the patients. হত্যা করবার জন্য কেবলমাত্র লাইসেন্স দেবার ব্যবস্থা করেছেন—আমার তো তাই মনে হয়। আপনারা গ্রামের মানুষদের কোনও উপকার করতে পারেন না। আজকে আপনারা বলছেন, গ্রামের প্রভূত উন্নতি করতে পেরেছেন। প্রাইমারি হেলথ্ সেন্টারে, কারমাইকেল ইত্যাদি বিভিন্ন হাসপাতালে বিভিন্ন শ্রেণীর লোক জমি দখল করে বসে আছে, নানারকমভাবে সে সব জায়গাতে অত্যাচার চলছে। এ সম্বন্ধে বিভিন্ন বক্তৃতাতে আমি বলেছি, এটা অরাজকতা চলছে সর্বত্র। আমি কয়েকদিন আগে বাঁকুড়া মেডিক্যাল কলেজের সি. এম. ও. (এইচ)-এর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। সি. এম. ও. (এইচ) জানালেন, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কয়েকদিন আগে প্রশ্নোত্তরকালে বলেছিলেন যে, প্রায় ৩৩৫টি স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই। তাঁরা সেখানে করছেন কি? তাঁরা সেখানে কোনও কাজ করছেন না। তিনি উদাহরণ দিয়ে জানিয়েছিলেন, একটি প্রাইমারি হেলথ্ সেন্টারে ৪ জন ডাক্তার আছেন, দুজন সব সময় ছুটিতে আছেন, আর বাকি দুজন নানাভাবে নানা কাজে নিযুক্ত আছেন। আর একটি প্রাইমারি হেলথ্ সেন্টার সম্বন্ধে বলতে গিয়ে জানালেন—২ জন ডাক্তার আছেন, একজন ঔষুধ চুরি করে পাচারের কাজে নিযুক্ত আছেন, আর একজন মেডিক্যাল টারমিনেশন অব প্রেগন্যান্সির টাকা নিয়ে হাইড্রোসিল অপারেশনের কাজ করেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানেন যে, প্রাইমারি হেলথ্ সেন্টারে এমপিটি এবং হাইড্রোসিল অপারেশন করবার কোনও ব্যবস্থা নেই। আপনি তদন্ত করে

দেখতে পাবেন যে, যে সমস্ত জায়গায় টাকা নিয়ে এই সমস্ত ডাক্তাররা কি করছেন। এ সমস্ত ডাক্তাররা কি পড়াচ্ছেন তাও একটু তদন্ত করে দেখুন। এই হচ্ছে অবস্থা। আ আগেও বলেছি যে, ১৯৭৭ সালে আপনারা বলেছিলেন যে, এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি একটি সুস্থ পরিবেশ গড়ে তুলবেন, কিন্তু আজও তা সম্ভব হয়নি, যে পরিবেশ আগে ছি বর্তমানে তারচেয়ে আরও জঘন্য পরিবেশ সৃষ্টি হয়েছে। বহু বক্তা বলেছেন হাসপাতা একটি বেডে তিনজন করে রোগী আছেন। প্রাইমারি হেলথ্ সেন্টারে মানুষ আসে চিকিৎস জন্য। কিন্তু সেখানে ডাক্তার নেই। যেখানে ডাক্তার আছেন, সেখানে নার্স নেই বা ঔষুধ নে

[6-05 — 6-15 p.m.]

নিখিলবাবু বললেন কেন্দ্রীয় সরকার নাকি সাহায্য করছেন। কিন্তু আমাদের স্বাস্থ্যম বলছেন একসিলারেটেড রুর‍্যাল অর্ডার সাপ্লাইয়ের জন্য যে টাকা দরকার তা সমস্তই কেন্দ্রী সরকার দেন। এখানে একটা স্ট্যাটিসটিক্স রয়েছে তাতে দেখছি রিপোর্ট অফ দি কম্পট্রোলা অ্যাণ্ড অডিটার জেনারেল অফ ইণ্ডিয়া ফর দি ইয়ার ১৯৭৭-৭৮—পাবলিক হেলথ্ স্যানিটেশ অ্যাণ্ড ওয়াটার সাপ্লাই এই হেডে দু কোটি ৪০ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কিন্তু খরচ হয়ে ৫ লক্ষ ৫৫ হাজার টাকা। টিউবেকটমী কমপেনসেসন বাবদ টাকা দেওয়া হয়েছে ২ কো ৫ লক্ষ ৪৮ হাজার টাকা কিন্তু খরচ হয়েছে মাত্র এক কোটি ৭৫ লক্ষ ১৩ হাজার টাক টিউবওয়েলে যে টাকা দেওয়া হয়েছে সেটা খরচ হয়নি। তাহলে আমরা দেখছি কেন্দ্রী সরকার যে টাকা দিচ্ছেন সেটা খরচ হচ্ছে না এবং সদ্ব্যবহার হচ্ছে না। বিভিন্ন জায়গা গ্রামে নলকূপ করেছেন, কূয়ো করেছেন বললেন। হরমোহন বাবু বললেন নলকূপ খারা হলে পঞ্চায়েতের মাধ্যমে রিপেয়ার করা হয়। কিন্তু আমরা বাস্তবে দেখছি এই পঞ্চায়েতে হাতে টাকা না দেওয়ার ফলে সেগুলো রিপেয়ারই হচ্ছে না। বাঁকুড়া জেলায় আমার এলাক ইনপুর ব্লকে বহু নলকূপ খারাপ হয়ে রয়েছে আমি জানি। আগে পাবলিক হেলথ্ ইঞ্জিনিয়ারি ডিপার্টমেন্টের তরফ থেকে রিপেয়ারের জন্য মেটিরিয়েল সাপ্লাই করা হত। কিন্তু এখন আ সে জিনিস হচ্ছে না এবং এই সমস্ত জিনিস কিনতেও পাওয়া যাচ্ছে না। তারপর দুর্নীতিতে দেখছি সর্বত্র ছেয়ে গেছে। আপনারা একটা পলিসি নিয়েছিলেন এবং সে ব্যাপারে চি মিনিস্টার ১৯৮০ সালের ১৬ই এপ্রিল যে ডি. ও. লেটার দিয়েছিলেন তাতে তিনি বলেছেন ইট ইজ আওয়ার পলিসি নট টু গিভ রি-এমপ্লয়মেন্ট টু রিটায়ার্ড গভর্নমেন্ট সারভেন্টস আপনারা বলেছেন থার্টি ফার্স্ট মার্চ যে লোক রিটায়ার করবে মে মাসের মধ্যে তার একট লিস্ট তৈরি করতে হবে। আমি একটা ঘটনা বলছি—ডাঃ হেম নাথ A.M.O. ই. এস. আই. তিনি ৩১শে মার্চ ১৯৭৯ সালে রিটায়ার করেছেন, কিন্তু তাঁকে ফোর টাইমস রি-অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। অপরপক্ষে দেখছি ডাঃ এম. ডি. ব্যানার্জি পি. এস. সি.-তে সিলেকটেড হল ৬/১০/৮০ তারিখে কিন্তু তাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল না। অর্থাৎ দেখা যাচ্ছে আপনি পার্টির চাপে কো-অর্ডিনেশন কমিটির চাপে কাজ করে চলেছেন। আপনাদের কাছে জনসাধারণ অনেক আশা-আকাঙ্খা করেছিল কিন্তু সেটা তারা পায়নি। সর্বত্র দুর্নীতি, দলবাজিতে ছেয়ে গেছে। কাজেই আমি আপনার এই ব্যয়-বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং এই কথাগুলি বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 p.m.]

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন এতে পশ্চিমবাংলায় স্বাস্থ্যের ক্ষেত্রে তেমন কিছু সুবিধা হবে বলে মনে হয় না। এই টাকায় কি করে তা সম্ভব? আজকে বাঁচতে হলে আমাদের চাই খাদ্য, আমাদের চাই স্বাস্থ্য, শিক্ষা এবং রোগের চিকিৎসা। স্বাস্থ্য যদি রক্ষা না হয় তাহলে খাদ্যেরও প্রয়োজন নেই, শিক্ষারও প্রয়োজন নেই।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ হেলথ্ বাজেটের ডিসকাশনের জন্য যে টাইম ছিল সেটা দেখা যাচ্ছে ৬-১৭ মিনিটে শেষ হয়ে যাবে, কিন্তু আমি এখন দেখতে পাচ্ছি আমরা অনেক লেট রানিং। শিডিউল টাইমে এই ডিস্‌কাশন আমরা শেষ করতে পারব না। সেইজন্য ২৯০ অনুসারে এক ঘণ্টা টাইম আমি চেয়ে নিচ্ছি। আমি আশা করছি আপনারা সেই অনুমতি দেবেন।

(টাইম অ্যান আওয়ার ইজ এক্সটেনডেড)

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের জন্য স্মোক নুইসেন্স, পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং, ক্লিনিক, হস্‌পিটাল, ডিসপেনসারি ইত্যাদি চিকিৎসা এই নিয়ে কাজ করছে এবং চিকিৎসা চলছে। হোমিওপ্যাথি, অ্যালোপ্যাথি এবং আয়ুর্বেদি এই তিনটিই চলছে। এই মন্ত্রীর ফরে যত অফিসার আছেন একটা স্ট্যাটিসটিক্স আমি পেয়েছি ডিস্ট্রিক্ট লেবেল পর্যন্ত, তার সংখ্যা হচ্ছে ৭০ থেকে ৮০ জনের মতো। এদের কাজ স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন আইটেমস দেখার। কিন্তু স্বাস্থ্য দপ্তরের কাজ এত ঢিলেঢালা কেন? ডাক্তারদের কাছ থেকে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে তারা যে সমস্ত কথাবার্তা বলছেন এবং যে সমস্ত আইটেম তারা প্লেস করছে তারা তা পাচ্ছেন না এইরকম অভিযোগ পাওয়া যাচ্ছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই ব্যাপারে একটু নজর দিয়ে সুরাহা করুন। এই রকম কথাবার্তা যাতে শুনতে না হয়। আমি একটা মোস্ট ভাইটাল পয়েন্ট পাবলিক হেলথ্ সম্পর্কে প্রথম তুলছি। সেটা হচ্ছে ১৯৭৮ সালে একটা কনফারেন্স হয়েছিল মেদিনীপুর ডি. এম অফিসে। তাতে একটা ভয়াবহ সংবাদ আমি পেয়েছিলাম। সেই ভয়াবহ সংবাদটা হচ্ছে মেদিনীপুর জেলায় যেভাবে ওয়াটার লেবেল নিচের দিকে নেমে যাচ্ছে তাতে প্রথমত দেখবেন শ্যালো টিউবওয়েল ইত্যাদি চোক্ট হয়ে যাবে এবং ১৫/২০ বছরের মধ্যে ওখানে আর কোনও পানীয় জল পাওয়া যাবে না। ১৫/২০ বছরের মধ্যে গোটা মেদিনীপুর জেলায় আর পানীয় জল পাওয়া যাবে না এই কথাটা এস্টিমেটস্ কমিটির মিটিংয়ে—আমাদের চেয়ারম্যান ছিলেন শ্রী সুনীল বসু রায় তাঁর মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের পাবলিক ইঞ্জিনিয়ারিং বিভাগকে জিজ্ঞাসা করি। তাঁরা বললেন ঠিক অতটা নয়, কিন্তু সী লেবেলে কিংবা রিভার বেল্টে এরকম একটা দশ মাইল বা তার বেশি একটা রেডিয়াস করে এইরকম ঘটনা ঘটতে পারে। আমার প্রথম বক্তব্য এবং আবেদন, আপনি এই খবর পেয়েছেন কি না। যদি খবর সত্য হয় বা [illegible] সত্য হয় তাহলে গোটা জেলা, সেই জেলার জনসাধারণ এই রকম একটা ভয়াবহ অবস্থায় পড়বে, তার প্রতিকারের কি উপায় এখন থেকে যদি চিন্তা-ভাবনা না করা যায় তাহলে একটা ভয়ংকর অবস্থার সৃষ্টি হবে, সেই কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে [illegible]

বার স্মরণ করিয়ে দিতে চাই। কারণ ১৯৭১ সালের সেন্সাস রিপোর্টে পাওয়া গেছে ৫২ লক্ষ লোক মেদিনীপুর জেলায় বাস করে, এখন নিশ্চয় তার চেয়ে অনেক বেড়েছে। প্রায় ৬০ লক্ষ লোকের অবস্থা কি শোচনীয় হবে সেটা আপনি সহজেই অনুমান করতে পারছেন।

[6-15 — 6-25 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় হাসপাতালে শয্যা সংখ্যা সম্বন্ধে বলেছেন যে ১৯৭৯/৮০ সালের শেষে এই রাজ্যে অনুমিত শয্যা সংখ্যা ছিল ৫৩ হাজার—শহরাঞ্চলে ৩৭ হাজার ৩০০ আর গ্রামাঞ্চলে ১৫ হাজার ৭০০। বিরাট গ্রামাঞ্চলের সঙ্গে শহরাঞ্চলের শয্যা সংখ্যার ব্যাপারে এই যে বিরাট ফাঁক রয়েছে এটা কেন হ'ল আমি মন্ত্রী মহাশয়ের কাছে তা জানতে চাই। দ্বিতীয়ত, শয্যা সংখ্যা বাড়ানোর ক্ষেত্রে আপনি বিশেষ এগুতে পারেননি সেটা আমরা দেখতে পাচ্ছি। এই রিপোর্টে ১৯৭৬ সাল পর্যন্ত যা হিসাব দেওয়া আছে তাতে দেখছি districtwise distribution of hospitals, health centres, dispensaries and clinics showing beds in West Bengal. টোট্যাল ডিসপেন্সারিস অ্যাণ্ড হসপিটাল যা আছে সেটা হচ্ছে ২ হাজার ৩৩৪টি, আর শয্যা সংখ্যা হচ্ছে ৫২ হাজার ৬২৪। ১৯৭৭ সালে আপনারা এসেছেন, ১৯৭৭ থেকে ১৯৮০ সাল পর্যন্ত আপনারা শয্যা সংখ্যা বিশেষভাবে বাড়াতে পারেননি। অবশ্য রাঁচিকে ইনক্লুড করে এই শয্যা সংখ্যাটা ছিল রাঁচিতে পশ্চিমবঙ্গের যে কোটা ছিল সেটা হচ্ছে ১ হাজার ১৮টি। তাহলে দেখা যাচ্ছে গ্রামের মানুষরা হাসপাতালে শয্যা লাভ করে চিকিৎসিত হতে পারছে না। গ্রাম-বাংলার জন্যই মূলত এই বামফ্রন্ট সরকার যদি হয়ে থাকে তাহলে বলব, সেই গ্রামের দিকেই এই সরকারের বেশি করে নজর দেওয়া উচিত ছিল। কিন্তু আমরা দেখছি গ্রামাঞ্চলকে বঞ্চিত করে শহরাঞ্চলকেই বেশি প্রাধান্য দেওয়া হয়েছে। স্যার, ১৯৭৯/৮০ সালে পশ্চিমবঙ্গের জনসংখ্যা আনুমানিক ৫ কোটি ১৫ লক্ষ-এর মতন ছিল। যে হারে লোকসংখ্যা বেড়েছে সেই পরিপ্রেক্ষিতে হাসপাতালে যে শয্যা সংখ্যা বেড়েছে, ডিসপেন্সারি হয়েছে, চিকিৎসার ব্যবস্থা হয়েছে সেটা কি মন্ত্রী মহাশয় সাফিসিয়েন্ট বলে মনে করেন? আমি মন্ত্রী মহাশয়কে বলব, আগের যুক্তফ্রন্টের সময় যেভাবে আপনি কাজ করেছিলেন সেইভাবে কাজ করতে এবারে কিন্তু আপনাকে দেখিনি, আমরা আপনাকে আগের মতন দেখতে চাই। এরপর স্যার, আমি চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে কয়েকটি কথা বলব। যৌনাচার ঘটিত রোগের কথা বলব। আমি ডাক্তার নই কিন্তু স্যার, তিন রকমের থ্রমবোসিস আছে—করোনারি, সেরিব্রাল এবং পরনারি। এই শেষের রোগটিকে দূর করতে গেলে চিকিৎসা ব্যবস্থা দিয়ে হবে না। সমস্ত সামাজিক কাঠামোর যদি পরিবর্তন করা না যায়, মানসিকতার যদি পরিবর্তন করা না যায় তাহলে বিশেষ কিছু হবে না। স্যার, দার্জিলিং-এ এস্টিমেটস কমিটির সঙ্গে টুরে গিয়ে যা দেখেছি এবং সে সম্পর্কে যে সাজেশনস রেখেছি সেটা আমি আবার রাখছি। ঋষিকেশে যে অ্যান্টিবায়োটিক রিসার্চ সেন্টার আছে এবং সেখানে যে অ্যান্টিবায়োটিক ঔষুধ তৈরির কারখানা আছে আমাদের পশ্চিমবাংলার ঐ দার্জিলিং অঞ্চলের গাছ-গাছড়া নিয়েও সেই রকমের ঔষধ তৈরির কারখানা করা যায় কিনা সেটা একটু ভেবে দেখবেন। তারপর ড্রাগ কন্ট্রোল দপ্তরের কথায় আসি। বাগড়ি মার্কেটের কথা অম্বরীশবাবু বলেছেন, কথাটা ঠিকই, সেখান থেকে লক্ষ লক্ষ টাকার নকল ঔষধ বাজারে বেরিয়ে যাচ্ছে।

স্যার, এস্টিমেটস কমিটির সঙ্গে বর্ধমান এবং বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে যখন ভিজিট করতে যাই তখন একটা জিনিস আমরা লক্ষ্য করেছি যেটা খুবই হতাশাব্যঞ্জক এবং দুঃখজনক।

[6-20 — 6-30 p.m.]

ডাক্তাররা রোগ সারান। ক্যান্সার রোগ হলে তারা আপ্রাণ চেষ্টা করেন সারাবার জন্য। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, ডাক্তারদের যদি মানসিক ক্যান্সার রোগ হয় তাহলে সেই রোগ কে সারাবে? আপনাকেই সারাতে হবে। কারণ কমিটি যখন সেখানে গিয়েছিল তখন দুই দল ডাক্তার চলে এলেন এবং তাদের মধ্যে পরস্পরের বিরুদ্ধে অভিযোগ। অভিযোগটা মূলত কি সেটা অবশ্য সকলের কাছে স্পষ্ট। তিনি অমুক করেছে, উনি অমুক করেছেন ইত্যাদি এই ধরনের জিনিস দিনের পর দিন চলছে। অতএব আজকে এই টোটাল স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে চিন্তা করতে গেলে, আমি আপনাকে অনুরোধ করবো যে সার্বিকভাবে চিন্তা করে ডাক্তারদের তরফ থেকে যাতে এই মানসিকতার পরিবর্তন ঘটে এবং সেবার মনোবৃত্তি আসে সেইভাবে চিন্তা করুন। আপনাকে এই প্রতিশ্রুতি দিয়ে আমার বক্তব্য শেষ করব যে আপনার দপ্তরের প্রচেষ্টা আছে, মহৎ উক্তি আছে, বলিষ্ঠ উক্তি আছে, যেখানে ব্যার্থতা আছে, সেটাকে স্বীকার করবার এবং স্পষ্টভাবে আপনার পক্ষে বলা সম্ভব হয়েছে। সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই কাজগুলি যদি যথাযথভাবে হয় তাহলে এই বাজেটকে অভিনন্দন জানাব, তা নাহলে নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সময় দিয়েছেন বলে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন সেই সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। এর আগেও আমি বাজেটে বলেছি। আমি জানি না, বাজেটে যে ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে শেষ পর্যন্ত সেটা থাকবে কি না। কেননা, আমি দেখেছি যে ১৯৮০-৮১ সালে যে সমস্ত বরাদ্দের দাবি পেশ করা হয়েছিল, তারপরে মাঝামাঝি সময়ে দেখেছি যে বহু জায়গায় সেই ব্যয়-বরাদ্দের দাবির টাকা কমে গেছে। যেমন—ফ্যামিলি ওয়েলফেয়ারে ২ কোটি ৯০ লক্ষ ৭৮ হাজার টাকা ব্যয়-বরাদ্দের দাবি চাওয়া হয়েছিল। তারপরে আমরা দেখেছি সেটা রিভাইজড্ বাজেটে ২ কোটি ৩৭ লক্ষ ১২ হাজার টাকা হয়েছে। ট্রেনিং রিসার্চের জন্য ৯৬ লক্ষ ১০ হাজার টাকা ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছিল, সেটা পরবর্তীকালে ৪২ লক্ষ টাকা দাঁড়িয়েছে। ওয়াটার সাপ্লাই স্কিমের জন্য ১০ কোটি ৮৫ লক্ষ ৪৭ হাজার টাকা চাওয়া হয়েছিল। পরবর্তীকালে রিভাইজড হয়ে ১০ কোটি ৭৩ লক্ষ ৪৭ হাজার টাকায় দাঁড়িয়েছে। অর্থাৎ বরাদ্দের সময়ে যে টাকা চাওয়া হয় পরবর্তীকালে সেই টাকা কমে যায়। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উত্থাপিত করেছেন তাতে অনেকগুলি পরিকল্পনা এবং কর্মসূচির কথা বলা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সামগ্রিকভাবে যে বাজেট এখানে উত্থাপন করেছেন তাতেও অনেক পরিকল্পনা এবং কাজের কথা বলা আছে। কিন্তু এখানে যে ইকনমিক রিভিউ দেওয়া হয়েছে তাতে দেখছি গতবারে স্বাস্থ্য দপ্তরের জন্য যে টাকা বরাদ্দ ছিল, আনুপাতিক হারে টাকার অংক বাড়লেও পারসেন্টেজের দিক দিয়ে টাকার অংকটা অনেক কমে গেছে। গতবার যে অর্থে যে কাজ হত,

এবারে বাজারের মূল্য যা হয়েছে তাতে সেই অর্থে সেই কাজ হওয়া সম্ভব নয়। সেই কাজ বজায় রাখতে গেলে যে অর্থের দরকার, সেই অর্থের ব্যবস্থা করা হয়নি। আমি এর পরে আরও দু-একটি কাজের কথায় আসছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে স্বাস্থ্য দপ্তর সম্পর্কে সারা পশ্চিমবঙ্গের শহরে, গ্রামেগঞ্জে প্রতিটি জায়গায় এক অভিযোগ। কি সরকারি সদস্য কি বিরোধী দলের সদস্য, বিভিন্ন সময়ে তারা মেনশনে যে বক্তব্য রাখেন, প্রায় প্রতিদিন একটা করে প্রশ্ন থাকে এই স্বাস্থ্য দপ্তর সম্পর্কে, হাসপাতালের অব্যবস্থা সম্পর্কে, দুর্নীতি সম্পর্কে। আমি বলছি না যে অব্যবস্থা আছে, স্বাস্থ্য মন্ত্রীর পক্ষে সম্ভব সেই সমস্ত দুর্নীতি, অব্যবস্থা দূরীকরণ করা। কিন্তু আমি এই কথা বলতে চাই যে আজকে এই অব্যবস্থা কেন? হাসপাতালগুলি কেন নরককুণ্ডে পরিণত হয়েছে? কেন মানুষ আজকে সুবিধা পায় না? কেন দিনের পর দিন এত অভিযোগ পুঞ্জিভূত হচ্ছে? আজকে এই সমস্ত জিনিসগুলি আপনাকে খতিয়ে দেখতে হবে। প্রত্যেকটি হাসপাতালে কো-অর্ডিনেশন কমিটি এবং স্ট্যাণ্ডিং কাউন্সিলের গুঁতোয় প্রাণ ওষ্ঠাগত হয়ে উঠেছে। ডাক্তারদের আমরা দোষ দিই। কিন্তু তার থেকেও আজকে বড় দোষ ফোর্থ ক্লাশ স্টাফদের। তারা কেউ কারোর কথা শোনে না। হাসপাতাগুলি ঝাড়ু দেওয়া হয় না। সেই সমস্ত দিকে কারো লক্ষ্য নেই। হাসপাতালে শুয়োরের চাষ হয়। হাসপাতালগুলিতে শুয়োরের খোঁয়াড়ে পরিণত হয়েছে। আজকে সেখানে কোনও ট্রান্সফর্মার ব্যবস্থা নাই। এই অচল অবস্থা বেশিদিন চলতে পারেনা। ইউনিয়নকে নিশ্চয়ই সাপোর্ট করব, সাধারণ মানুষের পক্ষে থাকব। কিন্তু আজকে যারা কর্মে অবহেলা করছে, হাসপাতালগুলিকে নরককুণ্ডে পরিণত করছে, তাদের সম্পর্কে কেন আপনি দৃষ্টি দেবেন না? তাদের প্রতি আপনারা কোনও ব্যবস্থা করবেন না। কাজেই এইদিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। এদের ট্রান্সফার করা যায় কি না সেদিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। এই ফোর্থ গ্রেডের স্টাফেরা ভাবে যে আমরা যে হাসপাতালে আছি, সেখানে আমরা পার্মানেন্টলি থাকব এবং সেখানে যা খুশি তাই করব, কারোর কিছু করার থাকবে না। সেজন্য এই কথা বলতে চাই যে হাসপাতাল সম্পর্কে যে নানারকম অভিযোগ আসে, সেগুলির দিকে যদি আপনি নজর না দেন তাহলে যতই পরিকল্পনা গ্রহণ করুন না কেন, এই অভিযোগগুলি খণ্ডন করতে পারবেন না। আজকে কমিউনিটি হেলথ্ সার্ভিস নিয়ে বহু হৈচৈ শুরু হয়েছে। ডাক্তাররা ছুটি নিচ্ছেন। আমি বলতে চাই যে ডাক্তারদের মধ্যে গোলমালটা কি আছে? ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কোর্সে দুটো কোর্স চালু আছে। একটা ডিপ্লোমা কোর্স, আর একটা ডিগ্রি কোর্স। ডিপ্লোমা কোর্সে যে সমস্ত ইঞ্জিনিয়ার বেরিয়ে আসছেন, তার মানে এই নয় যে ইঞ্জিনিয়ারদের অশ্রদ্ধা করা হচ্ছে। আজকে ডিগ্রি কোর্সের ইঞ্জিনিয়াররা যথাযথ মর্যাদা নিয়ে কাজ করছেন এবং ডিপ্লোমা কোর্সের ইঞ্জিনিয়াররাও মর্যাদা নিয়ে নিজ নিজ জায়গায় কাজ করছেন। আজকে ডিগ্রি কোর্সের ইঞ্জিনিয়ারদের সঙ্গে ডিপ্লোমা কোর্সের ইঞ্জিনিয়ারদের দ্বন্দ্ব চলছে। যদি শুধু ডিগ্রিধারী ইঞ্জিনিয়ারদের নিয়ে কাজ হত তাহলে পূর্ত দপ্তর, সেচ দপ্তর অচল হয়ে যেত। সেজন্য স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে বলবো যে ডিগ্রিধারি ডাক্তার এবং ডিপ্লোমাধারী ডাক্তার—এই যে দুটো স্তর, এই দুটো স্তরে যদি কাজ করার ব্যবস্থা থাকে তাহলে দ্বন্দ্বটা কোথায়? সে জন্য আমি বলছি যে দ্বন্দ্ব আজকে পশ্চিমবাংলায় ডেকে না এনে, বিভিন্ন জায়গায় গণছুটির দরখাস্ত না করে, দরকার হলে চাকুরি ছেড়ে দেব এই মানসিকতায় না গিয়ে যাতে একটা

সুস্থ ব্যবস্থা হয় সেই চিন্তা-ভাবনা করুন। পশ্চিমবাংলার ৫ কোটি মানুষের চিকিৎসার জন্য শুধু ডিগ্রিধারী ডাক্তারদের হাতে ছেড়ে দেওয়া যেতে পারেনা। কেননা, পশ্চিমবাংলায় মেডিক্যাল কলেজে যে আসন আছে, তার থেকে যে সমস্ত ডাক্তার বের হবে তাতে সারা পশ্চিমবাংলার মানুষের চিকিৎসার ব্যবস্থা করা যাবে না। এটাকে প্রেস্টিজ ইস্যুতে না নিয়ে গিয়ে ডিগ্রিধারি ডাক্তাররা যথাযথ মর্যাদা সহকারে কাজ করুক এবং ডিপ্লোমাধারী যে সমস্ত ডাক্তার, তাদের নিয়ে গ্রামেগঞ্জে বিভিন্ন জায়গায় যাতে কাজ করা যায় সেই অ্যাটমোস্ফিয়ার তৈরি করুন। এই অনুরোধ আমি ডাক্তারদের কাছে করতে চাই। পরিশেষে আমি এই কথা বলব, তিনি যে কমিউনিটি হেলথ্ সার্ভিস শুরু করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এটা কোনও প্রেস্টিজের ব্যাপার নয়। পরিশেষে এই কথা বলবো যে স্বাস্থ্য দপ্তর সম্পর্কে যে অভিযোগগুলি আছে সেগুলি দুর করবার চেষ্টা করুন। আমি যে কাট মোশনগুলি দিয়েছি, সেগুলি আপনি বিবেচনা করে গ্রহণ করুন। আমি যে কাট মোশনগুলি দিয়েছি, সেটা স্বাস্থ্য দপ্তরকে অস্বীকার করার জন্য নয়। আমি যে দুরবস্থাগুলি দেখেছি, আমার নিজের এলাকায় যে দুরবস্থা দেখেছি, সেখানে হাসপাতাল বানানো দরকার। আমি যে কাট মোশন দিয়েছি তাতে আমাদের ব্লক সম্পর্কে উল্লেখ করেছি, যাতে এখানে রুর‍্যাল হসপিটাল হয় সেটা আপনি দেখবেন। আপনি যে ব্লকগুলি নিয়ে করছেন, সেটা যাতে মিডিল অব দি ব্লক হয় সে বিষয়েও বিবেচনা করবেন। এই যে কাট মোশনগুলি দেওয়া হয়েছে, আমি আশা করব যে প্রতিশ্রুতি বিধানসভায় দেওয়া হয়েছে, সেই প্রতিশ্রুতি রক্ষিত হবে। স্বাস্থ্য দপ্তর সম্পর্কে জনসাধারণের মধ্যে যে অভিযোগ, স্বাস্থ্য দপ্তরের ভাবমূর্তি যেটা নষ্ট হয়েছে, সেটাকে আপনি পুনরুদ্ধার করবেন। এই কথা বলে নীতিগতভাবে আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি।

[6-25 — 6-35 p.m.]

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের যারা আজকে স্বাস্থ্য দপ্তরের সমালোচনা করলেন তাঁদের অনেকেই এখন এখানে নেই। আমি যে উত্তরগুলি দেব ভেবেছিলাম সেগুলি তাঁদের একটু শোনা উচিত ছিল, কিন্তু আমি এখন চিন্তায় পড়েছি, কাকে কি উত্তর দেব? যে বিষয়ে বিশেষভাবে আলোচনা হয়েছে—কংগ্রেস(ই) বলুন, হরিপদ-বাবু বলুন, বিরোধীপক্ষের সবাই যে কথাটা বলেছেন—সেটা হচ্ছে এল. এম. এফ. ডাক্তার আর এম. বি. বি. এস. ডাক্তারের আলোচনা। যতই আমরা কমিউনিটি মেডিক্যাল প্র্যাকটিশনার্স বলি না কেন, বাইরে এবং ভেতরে মাননীয় বিরোধি সদস্যারা পর্যন্ত এদের এল. এম. এফ. ডাক্তার ধরে নিচ্ছেন। তা সে যাই হোক আমি গত দু-তিন বছরের আমাদের এই বিধানসভার পুরানো রেকর্ড খুঁজে দেখলাম যে, এ বিষয়ের উপর বিরোধী দলের বহু সদস্যের বক্তৃতা আছে, তাতে জনতা সদস্যদের বক্তৃতা রয়েছে, কংগ্রেসি সদস্যদেরও বক্তৃতা রয়েছে, তাঁরা বলছেন, "আর কতকাল মন্ত্রী মহাশয় এই কোর্স চালু করার কথা ভাববেন, বিবেচনা করবেন"। এই নতুন ধরনের ডাক্তারি কোর্স চালু করার বিষয়ে তখন তারা এই রকম আগ্রহ দেখিয়েছিলেন এবং চালু করা হচ্ছিল না বলে উদ্বেগ প্রকাশ করেছিলেন। আর আজকে যখন এই কোর্স চালু হয়ে গেল তখন ঐসব কথা তোলা হচ্ছে, আধা ডাক্তার তৈরি করা হচ্ছে ইত্যাদি। মুশকিল হচ্ছে, আমি প্রথমেই বলতে চাই যে, গ্র্যাজুয়েট ডাক্তার যদি সবাই স্বাস্থ্য

দপ্তরে যোগ দেন, সবাই যদি প্রাইমারি হেলথ্ সেন্টারে যান, সবাই যদি সাবসিডারি হেলথ্ সেন্টারে যোগ দেন, তাহলেও আমি মনে করি—স্বাস্থ্য দপ্তর মনে করে—পশ্চিমবঙ্গ সরকার মনে করেন যে, ঐ ধরনের কমিউনিটি ওরিয়েন্টেড, প্রিভেনটিভ ওরিয়েন্টেড, প্রমোটিভ ওরিয়েন্টেড একটা গ্রামীণ কর্মসূচির প্রয়োজন আছে এবং সেই প্রয়োজন আজকে আমরা সবাই অনুভব করছি। এখানে অবশ্য কয়েকজন মাননীয় সদস্য ওয়ার্ল্ড হেলথ্ অর্গানাইজেসনের সুপারিশের কথা উল্লেখ করেছেন, মিঃ গ্রান্টের সুপারিশের কথা উল্লেখ করেছেন এবং যাঁরা স্বাস্থ্যকে স্বাস্থ্য হিসাবেই ভাবতে শুরু করেছেন তাঁদের কথা তারা বলবার চেষ্টা করেছেন। যে স্বাস্থ্য দপ্তর শুধু চিকিৎসা দপ্তর নয়, স্বাস্থ্য দপ্তর জনসাধারণের স্বাস্থ্য যাতে ঠিকমতো থাকে সেটা দেখা এবং সেটা দেখার জন্য ডাক্তার তৈরি করা হয়েছে। গ্রামাঞ্চলে দেখার জন্য ডাক্তার তৈরি করা হয়েছে। সেইজন্য এই কথা বলছি, যারা এই শর্ট টার্ম মেডিক্যাল কোর্স মানে ৩ বছরের কোর্স পাশ করে যাবেন তাদের ১০০ ভাগ কাজের মধ্যে ৬০ ভাগ কাজ হচ্ছে পাবলিক হেলথের কাজ দেখা, রোগ নিরাময় দেখা, প্রোমোটিভ কাজগুলি দেখা, হেলথ্ এডুকেশন দেখা, স্মল ফ্যামিলি নর্মের ব্যাপারে যাতে সবাই কনভিন্সড হন সেই ব্যাপারটা দেখা। এখানে যে ত্রিস্তর স্বাস্থ্য ব্যবস্থায় স্বাস্থ্য গঠনের কথা বলা হয়েছে সেই ত্রিস্তরে স্বাস্থ্য সংগঠনের ক্ষেত্রে নেতৃত্ব দেবেন এই প্রত্যাশা নিয়ে এই মেডিক্যাল কোর্স খোলা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোড়াতেই বলে রাখি সেই ত্রিস্তর সংগঠনের গোড়াতে প্রত্যেকটি গ্রামে কমিউনিটি হেলথ ভলেন্টিয়ারস্ সংগ্রহ করার স্কিম গ্রহণ করা হয়েছে। যদি ৫২ হাজার গ্রাম থাকে তাহলে ৫২ হাজার কমিউনিটি হেলথ্ ভলান্টিয়ারস নেবার পরিকল্পনা নিয়েছি, অবশ্য আমরা ৫২ হাজারে পৌঁছুতে পারিনি কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি এবং বাজেট বিবৃতিতেও লেখা আছে, এ পর্যন্ত ১২ হাজার কমিউনিটি হেলথ্ ভলান্টিয়ারস ট্রেনিং দিতে পেরেছি এবং আরও ৪ হাজার ট্রেনিং প্রাপ্ত হচ্ছে। এই ১২ হাজার কমিউনিটি হেলথ ভলান্টিয়ারসরা আজকে ফিল্ডে কাজ করছে এবং ট্রেনিং নিচ্ছেন আরও ৪ হাজার যারা জুন মাসের মধ্যে ট্রেনিং পেয়ে বেরিয়ে আসবেন। প্রিভেনটিভ কাজ, হেলথ্ এডুকেশনের কাজ এই সমস্ত কাজগুলি দেখা তাদের অন্যতম দায়িত্ব। সুতরাং কমিউনিটি হেলথ্ ভলান্টিয়ার্সদের গ্রামীণ জনসাধারণের জনস্বাস্থ্য সংক্রান্ত কাজে যাতে ইনভলভ করানো যায় তারজন্য এটা করা হয়েছে। তারপর এই গ্রাসরুট মানে বটম স্তরের উপরে যে মধ্যবর্তী স্তর সেখানে সরকারি কর্মচারী দিয়ে ঢেলাওভাবে সাজাবার ব্যবস্থা করেছি। মাল্টিপারপাস স্কিমে ৫ হাজার জনসংখ্যার জন্য ১ জন করে সহকারি কর্মী—একজন এ. এস. এম. থাকবে এবং সেইভাবে কাজ হাতে নিয়েছি। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি এ পর্যন্ত ৩৯৭ জন ডাক্তার যারা এম. বি. বি. এস. মেডিক্যাল গ্র্যাজুয়েটস তাদেরকে মাল্টিপারপাস ট্রেনিং দেওয়া হয়েছে এবং ১৭৪৩ জনকে সোশ্যাল ওয়ার্কার হিসাবে সোস্যাল ওয়েলফেয়ার অফিসারের ট্রেনিং দেওয়া হয়েছে। ৮ হাজার ৫৯৫ জন এর মধ্যে হেলথ্ ওয়ার্কারের ট্রেনিং দেওয়া হচ্ছে—মাল্টি পারপাস ওয়ার্কারস হিসাবে ট্রেনিং প্রাপ্ত হয়েছে। ৮টি জেলাতে কাজ নিয়েছে এবং আরোও ৭টি জেলাতে মাল্টিপারপাস স্কিমের আওতায় আনা হচ্ছে।

[6-35 — 6-45 p.m.]

এটা হচ্ছে মিডল্ টায়ার, দ্বিতীয় স্তর। মধ্যবর্তী স্তরে যে কমিউনিটি সার্ভিস, মাল্টিপার্পাস

ওয়ার্কারস এদের নেতৃত্ব দেওয়া। এদের কাজ পাবলিক হেলথের বিভিন্ন দিকে কাজগুলিকে সংগঠিত করা। এদের নেতৃত্ব দিয়ে ঐ প্রোমোটিং মেটারনিটির যে সমস্ত কাজ আছে চাইল্ড ওয়েলফেয়ারের যে সমস্ত কাজ আছে ফুড হ্যাবিটস সংক্রান্ত যে সমস্ত কাজ আছে বা তা বদলানো সম্পর্কে যে সমস্ত কাজ আছে যা টাকা আছে তা বাড়ানোর যে কাজকর্ম এনভায়রনমেন্ট পলিউসন কি করে দূর করা যায়, সীমিত সাধ্যের মধ্যে সে সম্বন্ধে অন্যতম দায়িত্ব দিয়ে, তাদের দিয়ে করানো হচ্ছে। হেলথ্ এডুকেশন দ্বারা এনভায়রনমেন্টাল পলিউসনের দায়িত্ব নিয়ে যারা ঐ কমিউনিটি মেডিক্যাল কোর্সে পাশ করতে পারবেন, সেই সমস্ত ডাক্তারদের বা জনস্বাস্থ্য চিকিৎসকের উপরে সেই দায়িত্ব এসে পড়েছে। তাদেরকে সেইভাবে এবং বিভিন্ন দিকে শিক্ষায় শিক্ষিত করে তোলা হচ্ছে। গ্রামীণ পরিবেশে শিক্ষার ব্যবস্থা করা, তার জন্য কমিউনিটি মেডিক্যাল কোর্স-এর দুটো শিক্ষণ কেন্দ্র একটা জেলা হাসপাতালের সঙ্গে যুক্ত শিক্ষণ কেন্দ্র এইভাবে তাদের গড়ে তোলা হচ্ছে। আর একটা কাজ আছে, মামুলি যে সমস্ত রোগ, সেই রোগগুলির চিকিৎসা করে দেখা, মামুলি যে সমস্ত ইনজুরি, ক্ষত যে সমস্ত সার্জিক্যাল কেস দরকার পড়ে সেগুলি যাতে সারাতে পারে এবং সেই সমস্ত চিকিৎসার ব্যবস্থা যাতে করতে পারেন সেটাও তাদের দায়িত্বের মধ্যে পড়েছে। আমরা একটা গোটা ডাক্তার করতে চাই। সেই গোটা ডাক্তারের কাজের মধ্যে তিনদিকের কাজ পড়ে তার গুরুত্ব পাচ্ছে শতকরা ৬০ থেকে ৮০ ভাগ। এই প্রিভেনটিভ, প্রোমোটিং কাজকর্ম, হেলথ্ এডুকেশনের কাজকর্ম প্রত্যেকের গুরুত্ব পাচ্ছে। রোগ না হয় সেই ধরনের ব্যবস্থা করার যে দায়িত্ব সেই দায়িত্ব তাদের অন্যতম দায়িত্ব হবে সেটা বলছি। তারপর মামুলি রোগের চিকিৎসা হয়, বামফ্রন্ট সরকারে আমরা যারা আছি গ্রামেগঞ্জে আমরা যারা ঘুরি, আমরা জানি অবহেলার জন্য সময়োচিত চিকিৎসা না পাওয়ার জন্য রোগের জটিলতা দেখা দেয় এবং সেই মামুলি রোগের সংখ্যা শতকরা ৫ ভাগ, এটা বিশেষজ্ঞের রিপোর্ট। আমাদের ব্যক্তিগত জীবনের রিপোর্ট অভিজ্ঞতা লব্ধ রিপোর্ট সেটা আমি দেখতে পাই যে এই ধরনের চিকিৎসা করার যে যোগ্যতা সেই যোগ্যতা সেই সমস্ত কমিউনিটি ডক্টরস—চিকিৎসকদের কাছে যাতে দিয়ে দেওয়া হয় সেভাবে কোর্স তৈরি করা হয়েছে। সুতরাং এই কোর্স নতুনভাবে জনস্বাস্থ্য গ্রামীণ চিকিৎসা পুনর্গঠনের জন্য এই কোর্সের প্রবর্তন করা হয়েছে এবং সেইভাবে ডাক্তার তৈরি করার কথা হচ্ছে। মাননীয় সদস্যদের বলতে চাই এই কথাটা যে আজকের দিনে আমাদের সবথেকে যেটা দরকার যে কমিউনিটি ডক্টরস, বেসিক ডক্টরস স্পেশালিস্ট, সে সমস্ত দরকার নেই এমন কি সুপার স্পেশালিস্ট-এর দরকার নেই। আজকে সর্বজনীন অভিমত হচ্ছে এটাই, তার সঙ্গে সঙ্গে সঙ্গতি রেখে আমরা এই ধরনের কোর্স খোলবার ব্যবস্থা নিচ্ছি এবং পারব। আমরা একটা কথা বলতে চাই, যে সমস্ত ডাক্তার বন্ধুরা বললেন, বিশেষ করে হরিপদবাবু তিনি বললেন যে তাদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক বলে ভাবতে পারছেন না, আজকে কোন শ্রেণীর নাগরিক তারা আছেন? গ্রামীণ চিকিৎসা কিরকম ধরনের পাচ্ছে? প্রত্যেক প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্র থেকে আরম্ভ করে সাবসিডিয়ারি হেলথ্ সেন্টারে ৪/৫ মাইল জুড়ে যে সমস্ত লোক বসবাস করে তারা চিকিৎসা পায় না। জনসাধারণকে হাসপাতালের লোকের মর্জির উপর নির্ভর করতে হয়, তাদেরই হাতে জনস্বাস্থ্য চিকিৎসার দায়িত্ব রয়ে গিয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই কোয়াকস, হাতুড়ে চিকিৎসা প্রথা আমরা তুলে দিতে চাই, আর উনি বলছেন কিভাবে তুলবেন? আমরা তার বিকল্প ব্যবস্থা করছি। They will be substitutes of the

quacks. পরিষ্কার কথা। এখন সেই কোয়াকদের সঙ্গে ঝগড়ার ব্যাপারটা আসতে পারে, কিন্তু অদ্ভুত ব্যাপার একটা দেখছি—যারা মেডিক্যাল গ্র্যাজুয়েট তারা এটাকে অন্যভাবে মনে করতে আরম্ভ করেছেন সেভাবে প্রচার চালানো হচ্ছে হাউস স্টাফদের মধ্যে জুনিয়ার ডাক্তারদের মধ্যে এমনকি সাধারণ এম. বি. বি. এস. ছাত্রদের মধ্যে একটা হতাশার সৃষ্টি করা হয়েছে যে আপনাদের ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাচ্ছে প্রতিদ্বন্দ্বী ডাক্তার তৈরি করা হচ্ছে।

বলতে চাই প্রতিদ্বন্দ্বী ডাক্তার তৈরি করছি না। আমরা অকজিলিয়ারি বাহিনী তৈরি করছি অর্থাৎ মেডিক্যাল গ্র্যাজুয়েটদের সহযোগী ডাক্তার যাতে তাদের কাজ বোঝে। তাদের কাছ থেকে নিয়ে নিতে পারি। আমরা জানি গ্রামাঞ্চলে অনেক এম. বি. বি. এস. ডাক্তার নিষ্ঠার সঙ্গে কাজ করছেন এবং তাদের ত্যাগের জন্য এখনো গ্রামের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েনি। সুতরাং তাদের প্রতি আমাদের অ্যাপ্রিশিয়েশন আছে। কিন্তু যারা যাচ্ছে না তাদের অনেকের অভিজ্ঞতা আছে যে সেন্ট্রাল প্রাইমারি হেলথ কেয়ারগুলি যা আছে তাতে যদি হাসপাতাল বলে চিন্তা করি তাহলে সেখানে একটা ভুল থেকে যাবে। কারণ সেখানে আরো যন্ত্রপাতি দরকার এবং বিশেষজ্ঞদের দিয়ে চিকিৎসা করতে গেলে যে ধরনের ব্যবস্থা করা দরকার তা করতে হবে সেই হিসাবে একে যদি হাসপাতাল বলে মনে করি তাহলে ভুল হবে। প্রাইমারি হেলথ সেন্টার কেয়ার হচ্ছে এলিমেন্টারি হেলথ্ কেয়ার সেন্টার। সেই হিসাবে যদি বিচার করি তাহলে প্রাইমারি হেলথ সেন্টার কেয়ার কাজ করে যায়। সেখানে মেডিক্যাল গ্রাজুয়েটরা পেশাগত কাজে সন্তোষ বিধান করতে পারে না। কারণ তারা আধুনিক যন্ত্রপাতি না নিয়ে কাজ করেছেন। প্যাথলজির মধ্যে দিয়ে রোগ নির্ণয় করেছেন বলে তাদের অসুবিধা হচ্ছে। এই অসুবিধা থাকার জন্য অনেকক্ষেত্রে আমরা দেখেছি একজন এম. বি. বি. এস. ডাক্তার হেলথ সেন্টারে গিয়ে অসহায় বোধ করেন। ল্য এন্ড অর্ডারের সমস্যা নয়। সমস্যা হচ্ছে এই ধরনের শিক্ষাগত যোগ্যতা যার আছে তার সেখানে ঠিকমতো ইউটিলাইজ হচ্ছে না। সেজন্য পেশাগত অসন্তোষ হচ্ছে প্রধান কারণ। সেই জন্য আমরা বলেছি গ্রামে গ্রাজুয়েট ডাক্তারদের যেতে অনীহা। যদি তর্কের খাতিরে ধরে নিই যে সেইগুলিকে হাসপাতালে পরিণত করা দরকার তাহলে তারজন্য যে অর্থ সঙ্গতি তা কেন্দ্রীয় সরকারের নেই এবং রাজ্য সরকারের নেই। অতএব এসব চিন্তা করতে হবে। ২য় কথা হচ্ছে গ্রামীণ পরিবেশে লালিত-পালিত হন, লেখাপড়া শেখেন তাদের আমরা অন্তর্ভুক্ত করবার চেষ্টা করব। মেডিক্যাল গ্রাজুয়েটরা যে পরিবেশে পাঠ্যক্রম অনুসরণ করে চলেছে তাতে গ্রামীণ পরিবেশে কাজ করার ক্ষেত্রে তাদের বাধা আছে। কারণ শহরের সুযোগ-সুবিধার অভাব সেখানে আছে। তবে মেডিক্যাল গ্রাজুয়েটরা যদি সেখানে গিয়ে সাময়িকভাবে দুঃখকষ্ট ভোগ করেন তাহলে ভাল কথা। সেজন্য এই বাহিনী সেখানে তাদের সহযোগী শক্তি হবে। যদি সেখানে তারা নাও যান তাহলে তারা এই অভাব পূরন করবেন। আমরা এখন দেখছি এম. বি. বি. এস. ডাক্তারের পরিবর্তে কম্পাউন্ডার বা জি. ডি. এ.-রা প্রেসক্রিপশন করছে। অর্থাৎ তারাই ওখানে সাপ্লিমেন্ট ফোর্স হিসাবে কাজ করছে এবং চিকিৎসার ব্যবস্থা নিয়েছে। সুতরাং এখানে প্রতিদ্বন্দ্বিতার কথা নয় একদিকে তারা হবেন সহযোগী শক্তি অপর দিকে বিকল্প ডাক্তার হিসাবে তারা কাজ করবে। এখন গ্রামে একজন মানুষ কম্পাউন্ডার বা জি. ডি. এ. বা কোয়াক ডাক্তার এর প্রেসক্রিপশনের উপর কাজ করছে। আই. এম. এ. হেলথ সার্ভিস অ্যাশোসিয়েশনের সঙ্গে যুক্ত ডাক্তার যারা আছেন তাদের কাছে আবেদন আপনারা জিনিসটা এদিক থেকে বিচার

করবেন। বেকার সমস্যার কথা বলা হয়েছে কিন্তু সে প্রশ্ন এখানে নেই আমরা যে রাফ এস্টিমেট করেছি সেটাকেও ধরতে হবে। সেই জিনিসটা হচ্ছে ২ হাজার এ. ডি.-র মধ্যে আ্যলমা ডিক্লারেশন করতে আমরা অঙ্গীকার বদ্ধ। সুতরাং তারমধ্যে যদি ডাক্তারের প্রয়োজন হয় তাহলে সেই দিকে লক্ষ্য করে আজকে মেডিক্যাল গ্রাজুয়েট ৭৫৫ যদি সিটের কথা চিন্তা করে তাহলে কত লোক সরকারি চাকুরিতে আসেন সেটা দেখতে হবে। আজকে ১০ থেকে ১২ হাজার ডাক্তার প্রয়োজন আমাদের সরকারের ৭,৮০০ পদ আছে—দেড় হাজারের মতো খালি—মেডিক্যাল কলেজ থেকে হেলথ সেন্টার পর্যন্ত। সুতরাং এই যেখানে অবস্থা সেখানে বিভিন্ন টাইপের অনেক বেশি ডাক্তারের প্রয়োজন, স্বাস্থ্য কর্মীর প্রয়োজন। সুতরাং বেকার সমস্যার কথা তুলে ভুল বোঝাবার প্রশ্ন নেই। এদিক থেকে সকলকেই চিন্তা করবার জন্য অনুরোধ করছি। কমিউনিটি মেডিক্যাল কোর্স ৬টি জায়গায় চালু হয়ে গেছে নানা বিরোধিতা সত্ত্বেও এবং পড়ানোও হচ্ছে। আমরা প্রথম দিকে তিনটি কোর্স চালু করেছি—অ্যানাটমি, ফিজিওলজি এবং তার সঙ্গে জোন দিয়েছি প্রিভেন্টিভ এবং সোশ্যাল মেডিসিনের উপর। কোথাও কোথাও শুনছি অ্যানাটমি ক্ষেত্রে একটু অসুবিধা হচ্ছে। স্টেট মেডিক্যাল ফ্যাকালটি দীর্ঘকাল চিন্তা করে এই কোর্স তৈরি করেছে। এই স্টেট মেডিক্যাল ফ্যাকালটি তৈরি হয়েছে অনেক ভাল ভাল ডাক্তার এবং শিক্ষক বিশেষজ্ঞদের নিয়ে। তারা অনেকেই হয়ত কংগ্রেসকে ভোট দেন। দীর্ঘকাল ধরে ২২ জন বিশেষজ্ঞদের মত নিয়ে এই কোর্স স্টেট মেডিক্যাল ফ্যাকালটি তৈরি করেছে এবং সেই ভাবেই পড়ানো হচ্ছে। এখানে বলা হয়েছে এম. বি. বি. এসদের মধ্যে যারা পড়াতে পারবেন তারাই পড়াবেন—এরজন্য স্পেশ্যালিস্ট হবার কোনও প্রয়োজন নেই। তবে যদি কোনও ক্ষেত্রে স্পেশ্যালিস্ট পাওয়া যায় ভাল কথা। সুতরাং আজকে যেন সেই বৈরতা না থাকে। এই কোর্সের মধ্যে আরও অনেকিছু পড়ানো হবে এবং তখন যদি স্পেশ্যালিস্ট না পাওয়া যায় তাহলে এম. বি. বি. এস ডাক্তাররাই পড়াবেন। সুতরাং সেইদিক থেকে চিন্তার কোনও কারণ নেই। এই কোর্সটাকে একটা চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করতে হবে। গ্রামীণ জনস্বাস্থ্যের জন্য এই যে প্রকল্প, এই প্রকল্পকে সার্থক করার কথা ভাবতে হবে। এই মেডিক্যাল কোর্সের পঠন-পাঠন যাতে ঠিকমতো চলে, সেদিকে ব্যবস্থা করতে হবে। প্রত্যেকটি জেলা থেকে এই ভাবে আবেদন জানিয়ে কয়েক'শ করে দরখাস্ত এসেছে। তারা জানিয়েছেন যে, আমাদের জেলাতে এখনই খোলা হোক। কিন্তু আমরা পারিনি করতে। এতগুলি একসঙ্গে খোলার মতো ক্ষমতা আমাদের নেই। সেজন্য আমরা পারিনি। কিন্তু এর মধ্যে একটা বিষয় প্রমাণিত হচ্ছে যে, জনসাধারণের অকুণ্ঠ সমর্থন, বিশেষ করে পল্লীবাসীর অকুণ্ঠ সমর্থন আমরা পেয়েছি এই কোর্সটি ওপেন করার ক্ষেত্রে। এবং সেজন্য আমরা চাইব সকল সদস্যের সহানুভূতি। সেই সঙ্গে জনসাধারণ থেকে আরম্ভ করে ডাক্তার, নার্স সকলের কাছে এই কোর্সটি চালু করার জন্য সমর্থন আমরা চাইব। আমার লিখিত বিবৃতির মধ্যে দেওয়া উপসংহার যদি কেউ পড়ে থাকেন, তাহলে দেখবেন, এই আবেদন আমি রেখেছি। কিন্তু মাননীয় সদস্যদের মধ্যে কেউ সেটি পড়েছেন বলে মনে হয় না। সেখানে আমি গ্রামের অনুন্নত মানুষ যাতে কিছুটা চিকিৎসার সুবন্দোবস্ত পেতে পারেন সে সম্বন্ধে বলেছি। আমাদের মধ্যে যে জ্বালা আছে—অহংকার করছি না—অনেকের মধ্যে সেই জ্বালা নেই। অনেকে কুম্ভীরাশ্রু বিসর্জনের মতো মনোভাব দেখাচ্ছেন—একথা আজ বলা দরকার। আমরা কোথায় পারছি না, তারজন্য যে যন্ত্রণা, সেই যন্ত্রণা আমরা যত বেশি অনুভব করি, অন্যেরা ততখানি ভোগ করেন না। বিশেষ করে দীর্ঘ ৩০/৩২ বছর ধরে যারা স্বাস্থ্য দপ্তর

চালিয়ে এসেছেন, স্বাস্থ্য দপ্তরের ভার যাদের উপর এতদিন ন্যস্ত ছিল, তারা এখন অকুণ্ঠ প্রশংসা জানাচ্ছেন। কিন্তু এ অধিকার তাদের আছে বলে আমি মনে করি না। তাদের যেসমস্ত সমস্যা ছিল, আমাদের আমলেও সেই একই পরিমাণ সমস্যা ছিল। ৩০/৩২ বছরের কংগ্রেস আমলে যে পাহাড় প্রমাণ সমস্যা ছিল, তা আমাদের উপরে এসে পড়েছে এবং এগুলিকে আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি। তিন বছরের মধ্যে সে সব সমস্যাকে দূর করার কোনও সুযোগ থাকে না। তিন বছরে তবুও অনেক হয়েছে। অস্বীকার করছি না, এটি যথেষ্ট নয়। অবশ্য আপনারা বিচার করে দেখবেন, যথেষ্ট কিনা। আপনারা সব বুঝতে চান না। আমরা ডাক্তারদের কথা বলেছিলাম, তাদের ক্ষেত্রে না হয় কারণ আছে, কিন্তু নার্সের অভাব কেন ঘটেছিল? আসলে তাদের আমলে স্কুলে নার্সদের যথেষ্ট সংখ্যায় শিক্ষা দেওয়া হয়নি। নার্সদের ট্রেনিংকে স্ট্রেনদেন করার কোনও ব্যবস্থা করা হয়নি বিগত ৩০ বছরের মধ্যে। তার ফলে আজকে হাসাপাতালগুলিতে ১,৫০০ থেকে ২,০০০ মতো নার্স ঘাটতি। জি. এন. এম.—যাকে স্টাফ নার্স বলে, তাদের ঘাটতিও একই কারণে। আমরা তিন বছরের মধ্যে যা করেছি, তা হল ট্রেনিং প্রোগ্রামকে খানিকটা স্ট্রেনদেন করতে পেরেছি। অবশ্য আরও হওয়া উচিত ছিল। তিনটে মেডিক্যাল কলেজে আমরা সিনিয়ার নার্স তৈরি করার কেন্দ্র খুলেছি। আমরা সেখানে পড়াবার ব্যবস্থা করেছি। আরও যে করার দরকার আছে, তা কখনও অস্বীকার করি না। এ. এন. এম. ৬,০০০-এর মতো দরকার। এ. এন. এমদের যে দরকার আছে, এ কথাটি আগের মন্ত্রিসভা বুঝতে পারেননি? ৩০/৩২ বছর ধরে তারা এ. এন. এম. যে দরকার আছে, তা বুঝতে পারেননি। কিন্তু আমরা তো হিসাব করে বলে দিতে পারি সমগ্র পাঁচশালা পরিকল্পনায় কত এ. এন. এম দরকার। আমরা সেদিকে চিন্তা করে বলতে পারি যে, আরও ৬,০০০ দরকার আছে। আরও ৫০০-৭০০-এর মতো এ. এন. এম. ট্রেনিং নিতে এসেছিল আমাদের এই বাড়তি শিক্ষা দেওয়ার ব্যবস্থাপনায়। তাদের আমলে বছরে এ. এন. এম. তৈরি হত ৫০০-৭০০-র মতো। এখন ১,০০০ এর উপরে পড়ছে, আরও পড়বে। সেজন্য আরও ট্রেনিং সেন্টার করা দরকার। শুধুমাত্র ৭টি ট্রেনিং সেন্টার ওপেন করা হয়েছে, সেন্টার আরও বাড়ানো দরকার। আজকে কম্পাউন্ডারের বড় অভাব। ২৩০টি হেলথ সেন্টারে কম্পাউন্ডার নেই। রি-এমপ্লয়মেন্টের বিরুদ্ধে আমরা। কিন্তু উপায় নেই দেখে সেই কম্পাউন্ডারদের জন্য ডিপ্লোমা কোর্সে ফার্মাসিস্ট তৈরির ব্যবস্থা করেছি। কিন্তু আরও করার দরকার আছে।

[6-55 — 7-05 p.m.]

আমাদের আগে একটি মাত্র ছিল, পরবর্তীকালে আমরা দুটি খুলেছি ডিপ্লোমা কোর্স। আমি স্বীকার করছি আরও খোলা দরকার। কিন্তু কিছু তো ওদের আমলে খোলা যেত, এই সমস্ত প্যারা মেডিক্যাল স্টাফ-এর ট্রেনিং দেওয়া যেত। আমি শুনছি ই. সি. জি. মেশিন নেই, এক্স-রে মেশিন নেই, রেডিওলজিস্ট নেই, টেকনিসিয়ান্স নেই—অর্থাৎ কেবল নেই, নেই, আর নেই। কিন্তু কারা এরজন্য দায়ী সে কথা আমি ওদের বুকে হাত দিয়ে ভাবতে বলি। কেন এই সমস্ত জিনিস নেই? আমাদের আমলে টেকনিসিয়ান্স ট্রেনিং কোর্স দু বছরের ওপেন করা হয়েছে এবং আরও কিছু কিছু করা যায় কিনা সেটা আমরা ভাবছি। ৬ মাসের জন্য করা যায় কিনা সেটা আমরা ভাবছি। এরা শুধু অপূর্ণ কাজের কথা বলেন এবং সমালোচনা করেন। কিন্তু আমি যদি সেই অপূর্ণ কাজের ইতিহাস আপনাদের কাছে বলি তাহলে কংগ্রেসি

বন্ধুদের গায়ে লাগবে। আমাদের যতটুকু অর্থ রয়েছে তার মাধ্যমে কি করা যায় সেই চেষ্টা আমরা করছি। আমরা ১৯৮১/৮২ সালের প্ল্যানড বাজেটে ৮২ কোটি টাকা ধরেছিলাম। কিন্তু দেখলাম আমাদের কাটতে হবে—তাই ৪০ কোটি টাকা কাটলাম। কিন্তু প্ল্যানিং কমিশন হয়ে যখন সেই বাজেট এল তখন দেখলাম সেই প্ল্যান্ড বাজেটের চেহারা দাঁড়িয়েছে ৩২ কোটি টাকায়। ৪২ কোটি টাকা দিয়ে সংসার চালাব ঠিক করেছিলাম, কিন্তু এখন দেখছি সেখানে ৩২ কোটি টাকা দিয়ে সংসার চালাতে হবে। তবুও বলব আমরা কিছু কিছু কাজ করেছি। তারজন্য আমি অবশ্য আত্মপ্রসাদ লাভ করছি না, কিন্তু ওরা যা করতে পারেনি সেটা আমরা করেছি। হাউস স্টাফদের সমস্যা, ছাত্রদের অ্যাকোমডেশনের সমস্যা সমাধান এখনও আমরা করতে পারিনি। ছাত্রদের অ্যাকোমডেশনের ক্ষেত্রে নানা রকম সমস্যা রয়েছে কাজেই রাতারাতি তাদের অ্যাকোমডেশনের ব্যবস্থা করা কঠিন। আমি আপনাদের বলেছি আমরা কতগুলি জিনিস করেছি যার উপর আপনারা আপনাদের মতামত দিন। কমিউনিটি মেডিক্যাল কোর্স এটা নিয়ে আলোচনা হয়েছে আই. পি. টি. এম. আর. ইউনিভার্সিটি কলেজ অফ মেডিসিন, স্নাতকোত্তর শিক্ষার ক্ষেত্রে যে দ্বৈত ব্যবস্থা চালু রয়েছে তাতে শিক্ষা ক্ষতিগ্রস্ত হয়েছে রিসার্চ ক্ষতিগ্রস্থ হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের অনুদান যা ছিটেফোঁটা আসত সেই আসার পথও বন্ধ হয়ে গেছে। সেজন্য আমরা অটোনমাস ইন্সটিটিউট অফ পোস্ট গ্রাজুয়েট এডুকেশন অ্যান্ড রিসার্চ এই ইনস্টিটিউট আমরা খুলছি। অর্থাৎ সমস্তটা নিয়ে একটা স্বয়ং শাসিত ইনস্টিটিউট খোলার চেষ্টা করছি। ডাক্তার রায়ের আমলে যেটা খোলার চেষ্টা হয়েছিল সেটা আজকে আমরা করার চেষ্টা করছি। আমরা বিরোধী পক্ষের মতামত চাইলাম কিন্তু তারা নীরব। সেইজন্য আই রাইট করার জন্য আমি কতগুলি কথা মুখবন্ধে বলেছিলাম। নাম্বার টু হচ্ছে হেলথ সার্ভিস অ্যাশোসিয়েশনের দাবিগুলো নিয়ে আমরা ভাবছি। প্রশ্ন উঠেছে প্রাইভেট প্র্যাকটিস, নার্সিংহোম প্র্যাকটিস বন্ধ করা হোক। আমরা নন-প্র্যাকটিসিং টিচিং স্ট্রিম করবার ব্যাপারে আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করছি। নন-প্র্যাকটিসিং টিচিং কোর্স করার উদ্দেশ্য হচ্ছে ছাত্ররা যাতে ভালভাবে শিখতে পারে।

রিসার্চের কাজকর্মগুলো যাতে একটু ভালভাবে হয় সেদিকে তাকিয়ে আরও বেশি সময় দিতে পারা যায়—কারণ রিসার্চের দিক থেকে আমরা পিছিয়ে গেছি, একটু যাতে এগিয়ে আসতে পারি সেজন্য একটু সময় বের করা দরকার। সবাই প্রাইভেট প্র্যাকটিসমুখী—আজকে নার্সিংহোমের মধ্যে প্রাইভেট প্র্যাকটিসমুখী অবস্থা চলছে। এবং অনেক সিনিয়ার ডাক্তারদের সম্বন্ধে শুনি দেড় ঘন্টা দু-ঘন্টা বেশি তারা হসপিটালে থাকেন না। সুতরাং সেটাকে উঠিয়ে দিয়ে যাতে ননপ্র্যাকটিসিং টিচিং স্কীম তৈরি করতে পারি তার ব্যবস্থা করছি। সেখানে বিরোধী পক্ষের বন্ধুদের মতামত আমরা জানতে পারলাম না। নতুন জিনিস করার দিকে আমরা যে এগোচ্ছি সেটা আপনাদের কাছে বললাম। আমি আশা করব যে মাননীয় সদস্যদের অভিনন্দন এই সমস্ত ক্ষেত্রে হওয়া উচিত। শিক্ষার স্বার্থে, রিসার্চের স্বার্থে এবং সুচিকিৎসার স্বার্থে এ কথাগুলো বিবেচনা করতে বলছি। এরপর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। কারণ একটা ভুল বোঝাবুঝির ব্যাপার হচ্ছে। মাস ক্যাজুয়েল লিভ—আবার শুনছি মাস গণ ইস্তফা ইত্যাদি সব ব্যাপার হচ্ছে। এই সব মাস ক্যাজুয়েল লিভ নেওয়ার ফলে সরকার যত

আহত হন, মাননীয় সদস্যদের এবং বিশেষ করে ডাক্তার বন্ধুদের বলছি তার থেকে বেশি ক্ষতিগ্রস্ত হয় যারা হাসপাতালে রোগী হিসেবে থাকেন তারা। আমরা যদি একেবারে উল্টোমুখী হতাম—বহু আলাপ আলোচনা আমরা করেছি, আমরা এখনও আলাপ আলোচনা করছি, আলাপ আলোচনা বন্ধ করে দেওয়া হয়নি। কিছু দাবি তাদের আমরা মানছি, কিছু দাবি নীতিগত ভাবে মানলেও সময়ের দরকার। তাদের দিক থেকেও সময়ের দরকার পড়েছে, আমাদের দিক থেকেও সময়ের দরকার। যেমন ধরুন ৪০ ঘন্টা ডিউটি সপ্তাহে সপ্তাহে, কিভাবে করব? একে-ত ডাক্তারের স্বল্পতা, আমি আপনাদের কাছে সময় নিচ্ছি না আমি বলে দিই একটা কথা শুধু মেডিক্যাল কলেজগুলোতে অন্য সব বাদ দিলাম, সেখানে ২৩৫টি পোস্ট খালি। কলকাতার উপর মেডিক্যাল কলেজগুলোতে এই জিনিস হয়ে রয়েছে। কোনও পোস্ট খালি? গাইনাকোলজিস্টের পোস্ট খালি নেই, ফিজিসিয়ানের পোস্ট খালি নেই। সার্জারির পোস্ট খালি, অ্যানাটমির পোস্ট খালি আছে। প্রিভেন্টিভ অ্যান্ড সোশাল মেডিসিনের পোস্ট খালি আছে। স্টেট ফরেনসিক মেডিসিনের পোস্ট খালি আছে, অ্যানাস্থলজিস্টের পোস্ট খালি আছে, প্যাথলজিস্টের পোস্ট খালি আছে, ফিজিওলজিস্টের পোস্ট খালি আছে, এই রকম ননক্লিনিক্যাল, প্যারাক্লিনিক্যাল পোস্ট খালি পড়ে রয়েছে। সেইজন্য মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি হাইলাইট করলাম, এ সম্বন্ধে খানিকটা মতামত নেব বলে, সেটা হচ্ছে এই আমরা আমাদের মতো করে কিছুটা আকৃষ্ট করতে চেয়েছি, ছাত্রদেরকেও, তারা যাতে প্রাইভেট প্র্যাকটিসমুখী না হয়। বরং যাতে ননক্লিনিক্যাল সাবজেক্টের দিকে আসেন তার জন্য আমরা তাদের বৃত্তি দেবার ব্যবস্থা করেছি। যারা ঐ রকম ডার্থ ডিসিপ্লিনের মধ্যে আসবেন, স্নাতকোত্তর শিক্ষার ক্ষেত্রে আসবেন তাদের প্রত্যেককে ৫০০ টাকা বৃত্তি দেবার ব্যবস্থা এই প্রথম পশ্চিমবাংলায় হয়েছে। আর মেধার ভিত্তিতে অন্যান্য ক্ষেত্রেও, গায়নাকোলজি হোক ফিজিসিয়ান হোক, বা সার্জারি হোক সেই ক্ষেত্রে মেধার ভিত্তিতে কিছুকে আমরা ৪০০ টাকা করে বৃত্তি দেবার ব্যবস্থা করেছি। আর যেই আসুক না কেন এই ৫০০ টাকার বৃত্তি দেওয়া হবে যদি তারা ননক্লিনিক্যাল, প্যারা ক্লিনিক্যাল, এই ডার্থ সাবজেক্টগুলোতে পড়তে আসে। এমন কি সার্ভিসের ডাক্তারদেরকেও বলেছি তাদের বেতন পত্র যা পাবার তারা তা পাবেন উপরন্ত ৫০০ টাকা করে পাবেন তারা যদি আসেন। আমরা আমাদের মতো করে ভেবেই এই কাজ করেছি। এই যে অ্যানাটমির টিচার কমে যাচ্ছে, এতদিন নজরে পড়েনি কেন? ফিজিওলজির টিচার কমে যাচ্ছে এতদিন নজরে পড়েনি কেন? পাবলিক হেলথের অফিসার কমে যাচ্ছে পাবলিক হেলথের লোক কমে যাচ্ছে, আগে নজরে পড়েনি কেন গত ৩০/৩২ বছরের মধ্যে? আমাদের নজরে পড়েছে এবং সেই অভাব পূরণের জন্য আমরা আপ্রাণ চেষ্টা করে চলেছি।

[7-05 — 7-15 p.m.]

অনেক দোষত্রুটির কথা আমরা জানি। ম্যাস ক্যাজুয়াল লিভ সম্পর্কে আমরা কথা বলতে চেয়েছি। সেখানে কিছু দাবি আমরা মেনেছি, কিছু দাবি নীতিগতভাবে মেনেছি কিন্তু কিছু দাবি আপনারা জানেন, মানা যায় না তাই মানতে পারিনি। যেমন কমিউনিটি মেডিক্যাল কোর্সের ব্যাপারটা বাতিল করে দেওয়ার দাবি মানতে পারা যায় না। আমরা তাদের বলেছি,

মতের তফাৎ থাকলেও আমরা তাদের সহযোগিতা কামনা করি। কাজেই আমি বলব, মাস ক্যাজুয়াল লিভ রাস্তা নয়। হরিপদবাবু বলেছেন, ক্লাশ থ্রি, ক্লাশ ফোর এমপ্লয়িরা ধর্মঘট করতে পারেন আর ডাক্তাররা ধর্মঘট করতে পারেন না? অধিকার নিশ্চয় আছে কিন্তু সেখানে আমরা সংযম চাইছি। ডাক্তার যদি অ্যাটেন না করেন তাহলে রোগী কঠিন হয়ে পড়তে পারেন এবং সেখানে মারা যাবার সম্ভাবনাও থাকে কিন্তু সেখানে ক্লাশ থ্রি এবং ক্লাশ ফোর এমপ্লয়িরা ধর্মঘট করলে এতটা বিপদজনক জায়গায় যেতে হয় না। আমাদের অসুবিধা আছে, সব কাজ আমাদের তড়িৎ গতিতে হচ্ছে একথা আমি বলি না, এ দাবি আমরা কখনও করিনি, যে অসুবিধাটা এখনই দূর হয়ে যাবার কথা সেটা দূর হতে এক বছর সময় লাগছে আমরা জানি কিন্তু কেন হচ্ছে সেটাও আপনাদের একটু চিন্তা করতে বলি। আমাদের যে প্রশাসন যন্ত্রটা আছে, যেটা আমরা ইংরাজ আমল থেকে উত্তরাধিকার সূত্রে পেয়েছি, যে প্রশাসন যন্ত্র এতদিন ধরে শুধু বড়লোকদের সেবা করে এসেছে, কায়েমি স্বার্থের সেবা করে এসেছে তাকে জনমুখী করা, সে বড় কঠিন কাজ। সেই কঠিন কাজেই আমরা হাত লাগিয়েছি কিন্তু এখনও পর্যন্ত সব কিছু করে উঠতে পারিনি, এরজন্য সময়ের প্রয়োজন। সেইজন্যই বলছি, এটা রাস্তা নয়, আমরা চাই আলাপ আলোচনার ভেতর দিয়ে সব কিছু মীমাংসা হোক। ঐ মাস ক্যাজুয়াল লিভ বা গণ ইস্তফার কথা আমরা ভাবছি না, আমরা ভাবছি তাদের সঙ্গে বসে সব কিছু মীমাংসা করে নিতে। মাননীয় সদস্যরা অনেক প্রশ্নের অবতারণা করেছেন সেগুলি সব একে একে উত্তর দিতে গেলে অনেক সময়ের প্রয়োজন, তাই সে ভাবে উত্তর না দিয়ে আমি মুখ্য বিষয়গুলির উল্লেখ করলাম। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের আমি বলব, আমার লিখিত বিবৃতিটার উপসংহারটা যদি পড়েন তাহলে বুঝতে পারবেন বেসিক লিমিটেশনটা কোথায়। পুঁজিবাদী সমাজব্যবস্থায় যে লিমিটেশন রয়েছে সেই লিমিটেশনটা আপনারা মনে রাখবেন। মাননীয় সদস্য কিরণবাবু একটি ভাল কথা বলেছেন, এই যে এত খরচ করবেন বলছেন, এটা অ্যামবিসাস মনে হচ্ছে, বাজেট কাট হবে। হ্যাঁ, আশঙ্কা আছে, কারণ একটা প্রচন্ড পুঁজিবাদী সংকটের মধ্যে দিয়ে আমরা চলেছি। ১৯৬৪/৬৫ সাল থেকে এই সংকট আরম্ভ হয়েছে এবং সেই সংকট বেড়েই চলেছে লাফিয়ে লাফিয়ে। এই সংকটের মোকাবিলার উপরই নির্ভর করছে কতখানি আমরা এগিয়ে যাব বা কতখানি আমাদের উন্নয়নমূলক কাজকে রূপায়িত করতে পারব। সেই সংকটের মোকাবিলার কাজটা আজকে শ্রমজীবী মানুষের কাছে যেমন, মাননীয় সদস্যদের কাছে যেমন, বামফ্রন্টের বিভিন্ন শরিক দলের কাছে যেমন, বামফ্রন্ট সরকারের কাছেও তেমন এই সংকটের মোকাবিলার কাজটা হচ্ছে অন্যতম কাজ। রাজ্যের হাতে যে সংকুচিত ক্ষমতা আছে তাকে বাড়িয়ে নেবার যে কাজটা তাও করতে গেলেই সেই পথেই যেতে হবে। ক্ষমতার চারিদিকে যে সীমানার দেয়াল আছে সেখানে মাথা কুটে মরতে বলছি না, সেই দিকে তাকিয়ে হাহুতাশ করতে বলছি না, আমরা বলছি শ্রমজীবী মানুষ এবং শ্রমজীবী মানুষের সংগঠনগুলি ক্ষমতার সীমানাটাকে বাড়িয়ে নাও। তাই বলি, আসুন শ্রমজীবী মানুষ, সেই সীমানাটাকে বাড়িয়ে নেওয়ার যে আন্দোলন, সংকটের মোকাবিলা করার যে আন্দোলন সেই আন্দোলনে বামফ্রন্ট সরকারের সঙ্গে সামিল হোন। আসুন, আমাদের উন্নয়নমূলক পরিকল্পনাগুলির কাজের পথকে আরও প্রশস্ত করি এবং সীমাবদ্ধতাগুলি দূর করি।

এই কোট মোশন সম্পর্কে আমি এই কথা বলছি যে আমি এটা বিবেচনা করছি, কিন্তু এটা আমি নিচ্ছি না। যে দিক থেকে আমি অপোজ করছি—cut motions formally oppose.

## Demand No. 36

The motion of Shri Janmejoy Ojha and Shri Kiranmoy Nanda that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 99,20,12,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "280—Medical and 480—Capital Outlay on Medical.", was then put and agreed to.

## Demand No. 37

The motion of Shri Kiranmoy Nanda that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 7,66,33,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads : "281—Family Welfare, and 481—Capital Outlay on Family Welfare.", was then put and agreed to.

## Demand No. 38

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 50,70,15,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "282—Public Health, Sanitation and Water Supply and 682—Loans for Public Health, Sanitation and Water Supply.", was then put and agreed to.

## Demand No. 50

### Major Heads : "298—Co-oceration, 498—Capital Outlay on Co-operation, and 698—Loans for Co-operation

[7-15 — 7-25 p.m.]

**Shri Bhakti Bhusan Mandal :** Sir, on he recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 29,69,41,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "298—Co-oeration, 498—Capital Outlay on Co-operation, and 698—Loans for Co-operation".

আমি সমবায় সম্বন্ধে একটা কথা বলতে চাইছি যে, আমাদের অনেকগুলি সেক্টর আছে। সেই সেক্টরগুলির পুনর্বিন্যাসের চেষ্টা করেছি। এগুলি থেকে ভেস্টেড ইন্টারেস্টদের যে সুবিধা দেওয়া হত সেটাকে খানিকটা ডাইভার্ট করে সাধারণ মানুষকে যাতে খানিকটা সুবিধা দেওয়া হয় তার জন্য চেষ্টা করেছি। সে চেষ্টার জন্য সমস্ত সেক্টরগুলিতে মোটামুটি কাজের পরিধি বেড়েছে এবং সেইজন্যই আমি আপনাদের কাছে এই টাকা ডিমান্ড করছি। এ ব্যাপারে আপনারা আপনাদের বক্তব্য রাখতে পারেন এবং আপনাদের বক্তব্য শোনার পর আমি আবার জবাব দেব। এখন আমি আমার বাজেট বক্তৃতাটি আপনাদের অবগতির জন্য টেবিলে লে করছি।

(The Printed Budget Speech on Demand No. 50 of Shri Bhakti Bhusan Mondal was taken read)

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

১.১ মাননীয় সভ্যগণ অবগত আছেন যে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে যে অস্বাভাবিক মুদ্রাস্ফীতির সৃষ্টি হয়েছে তার চাপে এই রাজ্যের বিপুল সংখ্যক গ্রামাঞ্চলবাসী মানুষ, বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং ক্ষেত মজুর ক্রমবর্ধমান দারিদ্র্যের সম্মুখীন। বিভিন্ন ঋণদান প্রতিষ্ঠান থেকে তারায়ে ঋণ গ্রহণ করেছিলেন, কৃষিকার্যের প্রয়োজনীয় সামগ্রীর ক্রমাগত মূল্যবৃদ্ধির ফলে সেই ঋণ পরিশোধ করার ক্ষমতা তাদের দ্রুত কমে আসছে। এর উপর ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যা ১০টি জেলাতে এবং ১৯৭৯ সালের প্রচন্ড খরা ৬টি জেলাতে এই ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আরও ভীষণভাবে ক্ষতিগ্রস্ত করেছে। কেন্দ্রীয় সরকার অথবা রিজার্ভ ব্যাঙ্কের বর্তমান কর্মপ্রকল্প অনুসারে কেবল চলতি স্বল্প মেয়াদি কৃষি ঋণকে মধ্য মেয়াদি ঋণে পরিণত করার ব্যবস্থা রয়েছে। সুদ বা ঋণ সরাসরি মকুব করে দেওয়ার কোনও ব্যবস্থা নেই। গ্রামীণ মানুষদের দুর্দশা এবং বিভিন্ন সমবায় ব্যাঙ্কে অপরিশোধিত ঋণের পরিমাণ জমে যাওয়া ও গ্রামীণ মানুষদের মধ্যে দরিদ্রতম অংশের ঋণের টাকা পাওয়া যাতে ব্যাহত না হয় সুনিশ্চিতভাবে তার ব্যবস্থা করা যে প্রয়োজন—এই সব চিন্তা করে আমরা পর্যায়ক্রমিক অর্থ সাহায্যের জন্য একটি কর্মপ্রকল্প রচনা করছি। এর ফলে, প্রান্তিক ও ছোট কৃষকদের অপরিশোধিত ঋণ ও সুদের বোঝা লাঘব করতে পারব আর তারাও বিভিন্ন ব্যাঙ্ক থেকে নুতন ঋণ পেতে পারবেন।

কেন্দ্রীয় সরকার ও রিজার্ভ ব্যাঙ্ক কেউই এ বাবদ কোনও সাহায্যে দিচ্ছেন না। তাই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতা নিয়ে রাজ্য সরকারের পক্ষে আরও সুযোগ সুবিধার ব্যবস্থা করে দেওয়া সম্ভব হচ্ছে না। তবে গ্রামীণ দরিদ্র সমাজের এইসব মানুষদের ঋণভার লাঘবের উদ্দেশ্যে যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উপযুক্ত পরিমাণ অর্থ সাহায্য আদায় করা যায় তার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে যাব।

১.২ এই সঙ্গে, এই অধিবেশনে আমরা একটি নতুন আইন প্রণয়ন করার প্রস্তাব পেশ করছি যার ফলে প্রাথমিক স্তরের ঋণদান সমিতির ম্যানেজারদের চাকরি সংক্রান্ত বিষয়াদি

পরিচালনা করার জন্য "কমন ক্যাডার অথরিটি" নামে একটি সংস্থা গঠন করা হবে। এই সংস্থা ম্যানেজারদের বেতন ক্রমের বৈষম্য ইত্যাদি ব্যাপারে তাদের দীর্ঘ দিনের যে ক্ষোভ আছে তা দূর করাই এর উদ্দেশ্য। "কমন ক্যাডার" কর্ম প্রকল্পটি সভার সদস্যদের কাছে পরে বিশদভাবে ব্যাখ্যা করা হবে। "কমন ক্যাডার অথরিটি" গঠিত হলে এবং ম্যানেজারদের চাকুরির শর্তাবলী আরও ভাল করা হলে দেশে সমবায় আন্দোলনের ভিত্তি অর্থাৎ প্রাথমিক স্তরের কৃষি ঋণদান সমিতিগুলির অভ্যন্তরীণ অবস্থা ও পরিচালন ব্যবস্থার উন্নতি ঘটবে।

১.৩ ভিন্ন ভিন্ন হারের সুদে বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্কগুলি যখন ঋণ দিচ্ছে, তখন ভিন্ন ভিন্ন হারের সুদে অর্থাৎ প্রান্তিক ও অন্যান্য দরিদ্রতর ঋণগ্রহীতাদেরকে সাধারণত যে শতকরা ১১ টাকা হারের সুদে ঋণ দেওয়া হয় তার জায়গায় শতকরা ৪ টাকা হারের সুদে ঋণ দেওয়ার কর্মপ্রকল্প প্রবর্তন করতে না পারা সমবায় ব্যাঙ্কগুলির পক্ষে একটি প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। জেলা স্তরের কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি এই কর্মপ্রকল্প গ্রহণ করতে পারছে না কারণ তাদের আর্থিক ক্ষমতা সীমিত। আমরা এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের গোচরে এনেছি এবং তফসিলভুক্ত জাতি ও উপজাতির সদস্যরা যাতে ১৯৮০-৮১ আর্থিক বছর থেকে এই সুবিধে পান তার জন্য বিশেষ কেন্দ্রীয় সাহায্য চাওয়া হয়েছে। অন্যান্য দরিদ্র শ্রেণীর ঋণগ্রহীতারাও যাতে আগামী আর্থিক বছর থেকে এই সুবিধে পেতে পারেন তার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

**স্বল্প ও মধ্য মেয়াদি ঋণ**

২.১ স্বল্প মেয়াদি ঋণ দাদনের ক্ষেত্রে বিগত ১৯৭৯-৮০ সমবায় বছরে, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি মোট ৩৮ কোটি ৭৬ লক্ষ টাকা ঋণ দাদন দিয়েছিল। ঐ বছরে ঋণ আদায় ও দাদনের মোট পরিমাণের বাস্তব অবস্থার বিশ্লেষণের ভিত্তিতে চলতি সমবায় বছর ১৯৮০-৮১-তে স্বল্প মেয়াদি ঋণ দাদনের লক্ষ্যমাত্রা ৫৫ কোটি ৯৭ লক্ষ টাকা স্থির করা হয়েছে। এর মধ্যে রবিশস্যের জন্য লগ্নির পরিমাণ ধরা হয়েছে ১৪ কোটি ৭৪ লক্ষ টাকা। আগামী ১৯৮১-৮২ সমবায় বছরের জন্য স্বল্প মেয়াদি ঋণের লক্ষ্যমাত্রা ৬৫ কোটি ৪৫ লক্ষ টাকা রাখা হবে স্থির হয়েছে।

২.২ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্কের বিভিন্ন শাখাগুলি ১৯৭৯-৮০ সালে মোট ৩৪ কোটি ৭৫ লক্ষ টাকা ঋণ আদায় করেছে। ঋণ আদায়-এর শতকরা পরিমাণ হল বছরের দেয় ঋণের ৪১-৬ শতাংশ। উল্লেখ করা যেতে পারে গত বছরে ঋণ আদায়ের পরিমাণ ছিল শতকরা ৪৮-১ ভাগ। ক্ষুদ্র ও প্রান্তিক চষীদের অনাদায়ী ঋণের পরিমাণ যদি আমরা লাঘব করতে পারি, তবে আমি আশা করি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক কর্মীদের ও সমবায় অধিকারের ফিল্ড অফিসারদের পক্ষে খেলাপকারিদের কাছ থেকে ঋণ আদায়ের প্রচেষ্টাকে জোরদার করা সম্ভব হবে। প্রায়ই দেখা যায় এইসব বড় ঋণ খেলাপকারি সমবায় সমিতি সমূহের কার্যনির্বাহক কমিটির সদস্য বা অনেক জমির মালিক। আমি সভার মাননীয় সদস্যবৃন্দকে বিনীত অনুরোধ জানাই যে তারা যেন সেইসব বড় ঋণ খেলাপকারিদের কাছ থেকে আদায়ের ব্যাপারে সক্রিয়ভাবে সাহায্য করেন।

২.৩ বিগত সমবায় বছরে প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির সদস্য সংখ্যা ছিল ২২ লক্ষ ৬৩ হাজার। তার মধ্যে ১৪ লক্ষ ৭০ হাজার সদস্য ছিল সমাজের দুর্বলতর শ্রেণীর। ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালের সদস্য সংখ্যার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে যথাক্রমে ২৩ লক্ষ ১৩ হাজার ও ২৪ লক্ষ ১৪ হাজার। এই সংখ্যা মোট কৃষি পরিবারের যথাক্রমে ৪৬ শতাংশ ও ৪৮ শতাংশ। ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালের সমাজের দুর্বলতর অংশের সমবায় সমিতিতে সদস্য ভুক্তির লক্ষ্যমাত্রা নির্দিষ্ট হয়েছে যথাক্রমে ১৬ লক্ষ ১৯ হাজার ও ১৬ লক্ষ ৮৯ হাজার।

২.৪ ১৯৭৯-৮০ সমবায় বছরে দুর্বলতর সম্প্রদায়ের সদস্যদের মোট ২৭ কোটি ১৩ লক্ষ টাকা কৃষি ঋণ দেওয়া হয়েছে। আশা করা যায় যে, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সমবায় বছরে দুর্বল সম্প্রদায়ের মধ্যে যথাক্রমে ৩৯ কোটি ১৮ লক্ষ টাকা এবং ৪৫ কোটি ৮১ লক্ষ টাকা ঋণ দেওয়া যাবে।

২.৫ সমাজের দুর্বলতর অংশ তথা ২-৫ একরের বেশি জমির মালিক নয় এমন প্রান্তিক চাষী, ক্ষেতমজুর, বর্গাদার এবং গ্রামীণ শিল্পে নিযুক্ত দরিদ্র ব্যক্তিদের সমবায় সমিতির আওতায় আনার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন উপযুক্তভাবে সংশোধন করে সর্বজনীন সদস্যভুক্তির কর্মপ্রকল্পটি যুক্ত করা হয়েছে। এ কর্ম প্রকল্প অনুযায়ী দুর্বলতর শ্রেণীর প্রত্যেক সদস্য প্রাথমিক কৃষি সমবায় সমিতির একটি শেয়ার ক্রয়ের জন্য ১০ টাকা শেয়ার-অনুদান পেতে পারেন। এর আগে, গত তিন বৎসরে এ বাবদ সরকার মোট ৩৩ লক্ষ ৭০ হাজার টাকা মঞ্জুর করেছেন এবং দুর্ব্বলতর শ্রেণীর ৩ লক্ষ ৩৭ হাজার ব্যক্তিকে নুতন সদস্য করা হয়েছে। এই বছরে ১ লক্ষ ১৪ হাজার নতুন সদস্যকে এই কর্ম প্রকল্পের আওতায় আনার প্রস্তাব রয়েছে।

২.৬ স্থির করা হয়েছিল যে গ্রামীণ আমানত সংগ্রহ করার উদ্দেশ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও রাজ্য সমবায় ব্যাঙ্কের ইউনিটগুলি প্রতি ব্লকে অন্তত একটি করে শাখা খুলবে। ১৯৭৯-৮০ সমবায় বছরের শেষে এরূপ ১৯৪টি শাখা খোলা হয়েছে। ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সমবায় বছরে আরও ২৩টি করে শাখা প্রতি বছর খোলার প্রস্তাব রয়েছে।

২.৭ ১৯৭৯-৮০ সমবায় বছরের শেষে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি এবং পশ্চিমবঙ্গ সমবায় ব্যাঙ্কের ইউনিটগুলি কর্তৃক সংগৃহীত আমানতের পরিমাণ হল ৫৯ কোটি ৬৬ লক্ষ টাকা। আশা করা যায় ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সমবায় বছরের শেষে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি এবং পশ্চিমবঙ্গ সমবায় ব্যাঙ্কের ইউনিটগুলির সঞ্চয়ের মাত্রা যথাক্রমে ৬৮ কোটি ৪০ লক্ষ ও ৭৭ কোটি ৫৫ লক্ষে পৌছবে।

২.৮ অনুমান করা যায় যে ভায়বিলিটি প্রকল্প শেষ হলে পশ্চিমবঙ্গে স্বনির্ভর প্রাথমিক কৃষি সমবায় সমিতির সংখ্যা দাঁড়াবে ৬,৭৪৪। সমিতিগুলি যাতে তাদের এলাকাধীন চাষীদের সেবা করতে সক্ষম হয় সে উদ্দেশ্যে সমিতিগুলিকে প্রথমে ১৫ হাজার টাকা পর্যন্ত শেয়ার হিসাবে দেওয়া হচ্ছে এবং উপযুক্ত ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ হাজার টাকা দেওয়া হচ্ছে।

২.৯ সমিতিগুলি যাতে ভালোভাবে পরিচালিত হয়, প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলি ম্যানেজারদের চাকরি যাতে স্থায়ী হয় এবং যাতে যোগ্য ব্যক্তিদের ঐ ভূমিকায় আকৃষ্ট করা যায় সেজন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে প্রত্যেক প্রাথমিক কৃষি সমবায় সমিতির পরিচালনায় থাকবে সর্বক্ষণের জন্য নিযুক্ত বেতনভোগী একজন উপযুক্ত ম্যানেজার। সরকার ম্যানেজারদের বেতন আংশিকভাবে পরিচালন খয়রাতি হিসেবে মিটিয়ে দিয়ে যাচ্ছেন। এই ম্যানেজারদের দক্ষতা এবং কার্য ক্ষমতা বাড়ানোর জন্য প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির ম্যানেজারদের জন্য একটি 'কমন ক্যাডার কর্ম প্রকল্প' শুরু হতে যাচ্ছে। এই কর্ম প্রকল্প অনুযায়ী প্রাথমিক কৃষি সমবায় সমিতির একজন ম্যানেজার কমপক্ষে ২৫০ টাকা থেকে ৪০০ টাকা মাসিক বেতন হিসেবে পাবেন। ম্যানেজারের বেতন দেওয়া হবে 'কম ক্যাডার ফান্ড' থেকে। এই ফান্ড তৈরি হবে প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলি এবং বিনিয়োগকারী ব্যাঙ্কের দেওয়া অর্থ থেকে যথাক্রমে বিনিয়োগ করা অর্থের ১ শতাংশ ও ০.৫ শতাংশ হিসাবে। যদি দেখা যায় প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির এবং বিনিয়োগকারি ব্যাঙ্কের দেওয়া অর্থের পরিমাণ তেমনি যথেষ্ট নয়, তাহলে বাকিটা রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার ৫০.৫০ অনুপাতে ক্ষতিপূরণ করবেন।

**শস্য বিমা কর্ম প্রকল্প**

২.১০ মাননীয় সদস্যগণ জেনে সুখী হবেন যে কৃষি বিভাগের ১৯৭৯ সালের খারিফ শস্য দিয়ে শুরু করা শস্য বিমা প্রকল্প কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি ব্যাপকভাবে অংশ গ্রহণ করেছে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি ১৯৭৯ সালের আমন শস্যের জন্য শস্য বিমা প্রকল্প বাবদ ৬৪ লক্ষ ৯৬ হাজার টাকার প্রস্তাব রাখেন। পরবর্তীকালে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি আমন ১৯৮০ এবং আলু ১৯৮০-এর জন্যও শস্য বিমা কর্ম প্রকল্প অংশ নিয়েছেন এবং যথাক্রমে ৭৯ লক্ষ ৪০ হাজার টাকা এবং ২৬ লক্ষ ২৬ হাজার টাকার প্রস্তাব পেশ করেছেন। বর্তমানে, এই ব্যাঙ্কগুলি ১৯৮০-৮১ সালের বোরো চাষের জন্য শস্য বিমা প্রকল্প অংশ নিচ্ছেন। এই বিষয়ে রাষ্ট্রীয় ব্যাঙ্ক সমূলের কাজের সঙ্গে তুলনা করলে সমবায় ব্যাঙ্কগুলির ভূমিকা নিঃসন্দেহে উল্লেখযোগ্য। কৃষকগণ এই কর্ম প্রকল্প থেকে যে সুবিধা ভোগ করেন তার পরিমাণ খুবই সিমীত। আমরা আশা করছি কৃষকদের স্বার্থে এই কর্ম প্রকল্পটির আরও উন্নতি বিধানে কৃষি বিভাগ ব্যবস্থা নেবেন।

**বর্গাদার ও ন্যস্ত জমির প্রাপকদিগকে ঋণদান**

২.১১ ভূমি সংস্কারের ফলে যারা বেশি লাভবান হয়েছেন, বর্গাদার এবং ন্যস্ত জমির প্রাপকগণ তাদের মধ্যে প্রধান। মাননীয় সদস্যদের আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ১৯৭৯-৮০ সালে যে স্বল্প মেয়াদি কৃষি ঋণ দেওয়া হয়েছে তার মধ্যে ১ কোটি ৩৯ লক্ষ ২০ হাজার টাকা প্রায় ৩৭,০০০ বর্গাদার ও ন্যস্ত জমির প্রাপকদের দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে প্রায় ৫২,০০০ বর্গাদার ও ন্যস্ত জমির প্রাপকদের মধ্যে ৩৭,০০০ সমবায় সমিতির মাধ্যমে স্বল্প মেয়াদি কৃষিঋণ পেয়েছেন। রাষ্ট্রীয় ব্যাঙ্ক ও গ্রামীণ ব্যাঙ্ক সহ সকল প্রকার ঋণদান প্রতিষ্ঠানের মোট ঋণের ৭০ শতংশ সমবায় সমিতির মাধ্যমে দেওয়া হয়েছে।

## দীর্ঘ মেয়াদি ঋণ

৩.১ কৃষিক্ষেত্রে নিয়োগের উদ্দেশ্য দীর্ঘ-মেয়াদি ঋণ দাদনের ক্ষেত্রে সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। কৃষি পুনর্বিনিয়োগ ও উন্নয়ন সংস্থা (এ. আর. ডি. সি.) থেকে পুনর্বিনিয়োগের সুবিধা গ্রহণ করে এই ব্যাঙ্কগুলি উৎপাদনমুখী এলাকাভিত্তিক কর্ম প্রকল্প দীর্ঘ মেয়াদি ঋণ দিয়ে আসছে। ১৯৭৯-৮০ সালে ৮ কোটি ৩ লক্ষ টাকার দীর্ঘ মেয়াদি কৃষিঋণ দেওয়া হয়েছে। বর্তমান বছরে এই ঋণের লক্ষ্যমাত্রা হল ১৪ কোটি টাকা। ১লা জুলাই, ১৯৮০ থেকে ১৫ই ফেব্রুয়ারি ১৯৮১ পর্যন্ত ৩ কোটি ৩৭ লক্ষ ১৫ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে। আশা করা যায় আগামী ৩০শে জুনের মধ্যে দীর্ঘ মেয়াদি ঋণের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে।

৩.২ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আই. ডি. এ.) সাহায্যে ৩২,১০০ অগভীর নলকূপ স্থাপনের জন্য ঋণ দাদনের যে দায়িত্ব কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্কে দেওয়া হয়েছে তার মধ্যে এই ব্যাঙ্ক ২৫,১৭৭টি অগভীর নলকূপ স্থাপনের জন্য ১২ কোটি ৭০ লক্ষ টাকা ঋণ দিয়েছে। পশ্চিমবঙ্গে যে ৮৬টি ব্লক নলকূপ স্থাপনের অনুপযোগী বিবেচিত হয়েছিল তার মধ্যে ৬২টি ব্লক পরবর্তী কালে এই নলকূপ স্থাপনের উপযোগী বলে বিবেচিত হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গ কৃষি উন্নয়ন প্রকল্পের (Agricultural Development Project) মেয়াদ শেষ হওয়ার আগেই ৩১-৩-৮১-এর আগেই কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা পূর্ণ করতে সক্ষম হবে।

৩.৩ ভূগর্ভস্থ জলের ব্যবহারের উদ্দেশ্যে অগভীর নলকূপ স্থাপনের জন্য ঋণদানের সুযোগ ক্রমশ সংকুচিত হয়ে আসছে। সেই কারণে এই ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি কর্তৃক নানা ধরনের ঋণদান পদ্ধতি প্রবর্তনের ওপর জোর দেওয়া হয়েছে। ৩০ শতাংশ ঋণ মাছের চাষ ডেয়ারি, বলদ/বলদ-গাড়ি ক্রয়, গোবর গ্যাস প্ল্যান্ট, রেশমগুটির চাষ প্রভৃতির জন্য দেওয়া হবে। এই উদ্দেশ্যে এ. আর. ডি. সি. অনুমোদিত সব প্রকল্পে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে বর্তমানে ৫ বছরে পরিবর্তে ৩ বছরের অধিক মেয়াদি ঋণ দেওয়ার অনুমতি দেওয়া হয়েছে। মৎস্য উন্নয়ন পরিকল্পনার যে বিরাট সম্ভাবনা এ রাজ্যে রয়েছে সে কথা বিবেচনা করে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির পরেই মৎস্য চাষ উন্নয়ন কর্ম প্রকল্পের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। উল্লেখ করা যেতে পারে যে এ. আর. ডি. সি. মোট ৬ কোটি ৬০ লক্ষ ১২ হাজার টাকার ২৬টি মৎস্য চাষ উন্নয়ন কর্ম প্রকল্প অনুমোদন করেছে। এ ছাড়া মোট ২ কোটি ১২ লক্ষ ৮ হাজার টাকার এরকম আরও ৩৪টি কর্ম প্রকল্পে বিবেচনাধীন রয়েছে।

৩.৪ এ. আর. ডি. সি. অনুমোদিত কর্মসূচিগুলিতে অধিক মাত্রার ঋণদানের উপর গুরত্ব দেওয়া হয়েছে। ষষ্ঠ পরিকল্পনায় ১০০ কোটি টাকা দীর্ঘ মেয়াদি ঋণের যে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে তার ৭৫ শতাংশ এ. আর. ডি. সি. অনুমোদিত কর্ম প্রকল্প দেওয়া হবে। পশ্চিমবঙ্গের সব কয়টি জেলাতে কৃষি উন্নয়নের সব রকম প্রয়োজন মেটাবার উদ্দেশ্যে এ. আর. ডি. সি. ৩ নং ঋণ প্রকল্প গ্রহণ করেছে। এ. আর. ডি. সি. অনুমোদিত মোট ২৯

কোটি ৩৩ লক্ষ টাকার ১০৫টি কর্ম প্রকল্প রূপায়িত হচ্ছে। এ ছাড়া ১৩ কোটি ২ লক্ষ টাকার ১০৬টি কর্ম প্রকল্প এ. আর. ডি. সি.-র অনুমোদনের অপেক্ষায় আছে।

৩.৫ ৭০ শতাংশ গ্রামীণ মানুষ কৃষি নির্ভর। দীর্ঘ মেয়াদি ঋণ যাতে সহজে এবং উপযুক্ত পরিমাণে দুর্বল শ্রেণীর লোকের কাছে পৌছায় তার উপর গুরুত্ব দেওয়া হচ্ছে। ১৯৭৯-৮০ সালে যে দীর্ঘ মেয়াদি ঋণ দেওয়া হয়েছে তার ৬০ শতাংশ দরিদ্রতম শ্রেণীর কাছে পৌছেছে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণ-এর সুদের জন্য ভরতুকি দেওয়ার যে সিদ্ধান্ত বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন তার ফলে এই শ্রেণীর কৃষকের। আরও অধিক সংখ্যায় এই ঋণ গ্রহণ করতে উৎসাহিত বোধ করবেন।

৩.৬ প্রাকৃতিক দুর্যোগে বা কৃষকদের আয়ত্বের বাইরে কোনও কারণে তাদের যে দুর্দশায় পড়তে হয় সেই দুর্দশা লাঘবের উদ্দেশ্যে কিছু কিছু কর্মপ্রকল্প, যেমন অকেজ কূপের জন্য অনুদান, প্রাকৃতিক দুর্যোগে সুদের দায় লাঘব করার জন্য অনুদান বা ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি বা মেয়াদ-এর পুণর্বিন্যাস প্রভৃতি সরকারের বিবেনচাধীন রয়েছে।

৩.৭ ১৯৮১-৮২ সালে ১৭ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণদানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এর মধ্যে এ. আর. ডি. সি. প্রকল্পে ঋণের পরিমাণ ১২ কোটি টাকা।

**গেহান**

৩.৮ দলিল পত্র রেজিস্ট্রি করতে যে সব নিয়মাবলীর মধ্যে যেতে হয় তা লাঘব করার উদ্দেশ্যে সমবায় আইনে "গেহান" পদ্ধতির ব্যবস্থা করা হয়েছে। এই পদ্ধতি অনুসারে ঋণ গ্রহণকারি সমিতির সভ্যগণকে তাদের স্থাবর অস্থাবর সম্পত্তির বিবরণ দিয়ে একটি অঙ্গীকার পত্র করতে হয়। এই অঙ্গীকার পত্রটিকে ঋণের জামিন স্বরূপ রেজিস্ট্রিকৃত দলিলের মর্যাদা দেওয়া হয়। এই ব্যবস্থার ফলে ভূমি উন্নয়ন ব্যাঙ্ক ঋণ পেতে সময় লাগবে কম আর সেই সঙ্গে আনুষঙ্গিক খরচও কমবে। বর্তমান সমবায় বৎসরেই এই পদ্ধতি কতকগুলি জেলার পরীক্ষা মূলকভাবে কাজে লাগান হবে।

**সমবায় বিপনন**

৪.১ কৃষিজাত দ্রব্যের উপযুক্ত বিপনন এবং পচনশীল কৃষিজাত দ্রব্যের উপযুক্ত ভাবে গুদামে রাখার ব্যবস্থা করার গুরুত্ব সম্বন্ধে কোনও প্রশ্ন ওঠে না। বিগত কয়েক বছর ধরে সমবায় সমিতিগুলি এ ব্যাপারে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রাজ্য সমায় বিপনন সমিতি (বেনফেড) ব্লকস্তরে তার সহযোগী প্রাথমিক বিপনন সমিতির সাহায্যে জুট কর্পোরেশন-এর এজেন্ট হিসাবে মূল্য সহায়ক কর্ম্ম প্রকল্পে পাট সংগ্রহ করছে। ১৯৮০-৮১ সালে এইরূপ ৬৪টি সমিতি ২ লক্ষ ৫২ হাজার কুইন্টাল (১,৪০,০০০ বেল) পাট কৃষকদের কাছ থেকে ক্রয় করেছে। এ ছাড়া, ৫০টি সমিতি বাণিজ্যিক ভিত্তিতে ১ লক্ষ ১০ হাজার কুইন্টাল (৬১,০০০ বেল) পাট ক্রয় করে ক্ষুদ্র কৃষকদের পাটের ন্যায্য মূল্য পেতে সাহায্য করেছে। আগামী বছরে ৬ লক্ষ থেকে ৮ লক্ষ বেল পাট কৃষকদের কাছ থেকে সংগ্রহ করার একটি বিরাট কর্মসূচি রচনা করা হচ্ছে।

৪.২ বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান ও পশ্চিম দিনাজপুর প্রভৃতি জেলায় দরিদ্র কৃষকেরা যাতে অবস্থার চাপে অল্প মূল্যে ধান বিক্রয় করতে বাধ্য না হন সেই উদ্দেশ্যে ৯১টি বিপনন সমিতি, পঞ্চায়েত এবং নিয়ন্ত্রিত বাজার কমিটি এফ. সি. আই.-এর এজেন্ট হিসাবে সহায়ক মূল্যে ধান সংগ্রহ করেছে। ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত ৪,৫০০ মেট্রিক টন ধান এভাবে সংগৃহীত হয়েছে।

৪.৩ রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে বেনফেড বীরভূম, বর্ধমান, হুগলি, মেদিনীপুর, বাঁকুড়া, নদীয়া, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর, মালদহ প্রভৃতি জেলা থেকে ন্যায্য মূল্যে ১৮,০০০ মেঃ টন আলু এবং ২,৫০০ মেঃ টন তৈল বীজ সংগ্রহ করার কর্মসূচি হাতে নিয়েছে। এ ছাড়া বিভিন্ন জেলা থেকে গম, ডাল, মসলা সংগ্রহ করা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৪.৪ সমবায় ক্ষেত্রে এ রাজ্যে ২৪,৪০০ মেঃ টন ধারণ ক্ষমতা বিশিষ্ট ১১টি হিমঘর রয়েছে। ১৬,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা বিশিষ্ট আরও ৪টি হিমঘর এ বছরেই কাজ শুরু করবে। এ ছাড়া ১৩টি হিমঘর তৈরির কাজ চলছে। ৬ষ্ঠ পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় আরও ৪৫টি হিমঘর স্থাপনের প্রস্তাব রয়েছে—এর জন্য বিশ্ব ব্যাঙ্কের সাহায্য পাওয়ার সম্ভাবনা আছে।

৪.৫ সমবায় ক্ষেত্রে ৭০৮টি ক্ষুদ্রকায় এবং ২৪২টি বৃহদাকার গুদাম ঘরে মোট ১,৩১,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা রয়েছে। জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশন ও রাজ্য সরকারের সাহায্যে ৭২,০৫০ মেঃ টন ধারণ ক্ষমতা বিশিষ্ট ৬০৮টি ক্ষুদ্রাকার ও ৪৯টি বৃহদাকার তৈরির কাজ চলছে।

৪.৬ বর্তমান বৎসরে সমবায় প্রসেসিং সমিতিগুলি তাদের কার্য দক্ষতা বাড়াতে সক্ষম হচ্ছে। জাতীয় সমবায় উন্নয়ন সংস্থার সাহায্যে দার্জিলিং ফ্রুট প্রসেসিং সমিতিটি উৎকৃষ্ট শ্রেণীর দ্রব্যাদি পুনরায় উৎপাদন শুরু করছে। সমবায় ক্ষেত্রে চাল কলগুলির অবস্থা সম্পর্কে যে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়েছিল তারা তাদের রিপোর্ট সরকারের কাছে পেশ করেছেন। তাদের সুপারিশের ভিত্তিতে দশটি চালকলকে পুরুজ্জীবিত করার এক প্রস্তাব জাতীয় সমবায় উন্নয়ন সংস্থার কাছে পাঠান হয়েছে। পুনরুজ্জীবিত হবার পর এই চালকলগুলি অন্তত ৩৫,০০০ মেঃ টন ধান নিজেরা কিনে ভানাই করতে সক্ষম হবে। বর্তমানে ৮টি চালকল এফ. সি. আইয়ের ধান বানি মিলিং ভিত্তিতে এবং নিজেরাও ধান কিনে ভানাই করছে। এই সমবায় চালকলগুলিকে বিধিবদ্ধর লেভির আওতা থেকে রেহাই দিলে এদের আর্থিক স্বনির্ভরতা বাড়বে।

৪.৭ চাষীদের জন্য কৃষি সংক্রান্ত প্রয়োজনীয় জিনিসপত্রাদি সরবরাহের ব্যাপারে সমবায় বিপনন সমিতিগুলির ভূমিকা প্রশংসনীয়। বেনফেডের নেতৃত্বে ২৬৬টি প্রাথমিক বিপনন সমিতি মোট ৩৪ হাজার মেট্রিক টন রাসায়নিক সার চাষীদের ন্যায্য মূল্যে সরবরাহ করেছে।

৪.৮ সমবায় সমিতিগুলি হিমাচল প্রদেশ ও পাঞ্জাব থেকে ২,৩০০ মেট্রিক টন উন্নত ধরনের আলুর বীজ আলু চাষীদের মধ্যে বন্টন করেছে। তাছাড়া ৬ লক্ষ টাকার টি. ডি. সি.

ও এন. এস. সি. ধান ও গমের বীজও চাষীদের মধ্যে সমবায় সমিতির মাধ্যমে দেওয়া সম্ভব হয়েছে।

৪.৯ বিগত বছরে জুলাই থেকে সেপ্টেম্বর মাসে যখন আলুর দাম ক্রমবর্ধমান ছিল বেনফেড কলকাতার বিভিন্ন বাজারে ন্যায্য মূল্যে ক্রেতাদের কাছে আলু পৌঁছে দেয় এবং এর ফলে আলুর দাম বাড়া কিছুটা নিয়ন্ত্রিত হয়েছিল। এইভাবে সমবায় সমিতিগুলি শুধুমাত্র চাষীদেরই নয় অন্যান্য ক্রেতাদেরও সাহায্য করতে সক্ষম হয়েছিল।

**ক্রেতা সমবায়**

৫.১ ভোগ্যপণ্যগুলির উৎপাদন ও বন্টন পদ্ধতি বেসরকারি গোষ্ঠী দ্বারা নিয়ন্ত্রিত বলে এই রাজ্যে ক্রেতা সমবায় আন্দোলন দীর্ঘদিন ধরেই প্রচন্ড প্রতিকূলতার সম্মুখীন। আর এই ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থায় তা হবেই। ক্রেতা সমবায়গুলির সুষ্ঠু ভূমিকা পালনের সাহায্য সরকারি প্রচেষ্টা বিশেষ উপযোগী হয়ে উঠতে পারেনি যেহেতু ভোগ্য পণ্য উৎপাদন ও বন্টন ব্যবস্থার ওপর সরকারি নিয়ন্ত্রণ কার্যকর নয়। তা সত্ত্বেও যতটুকু উন্নতি হয়েছে তা সম্ভব হয়েছে কয়েকটি নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্য সামগ্রী বন্টনের জন্য "উৎপাদন-সহ-বন্টন" প্রকল্প এবং জনসাধারণের মধ্যে সুষ্ঠু বিতরণ প্রকল্প রূপায়ণের কর্মসূচিতে সমবায় সমিতিগুলির উত্তরোত্তর অংশ গ্রহণে কেন্দ্রীয় সরকার যতদিন না বিবেকহীন ব্যবসাদার ও উৎপাদনকারির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করেন এবং ক্রেতা সমবায় সমিতির মাধ্যমে ভোগ্যপণ্য সরবরাহের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন ততদিন অবস্থার কোনও উন্নতি ঘটবে না। রাজ্য সরকার, অবশ্য বিগত চার বছরে যতদুর সম্ভব ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে ক্রেতা সমবায় সমিতিগুলির পরিচালন ব্যবস্থা উন্নত হয় এবং এই সমিতিগুলি নিজস্ব এলাকায় অন্তত নিত্য প্রয়োজনীয় কিছু ভোগ্যপণ্যাদি সরবরাহ করতে পারে।

৫.২ মোট ২৮টি পাইকারি ক্রেতা সমিতির মধ্যে ২১টিতে লাভ হয়েছে। কলকাতা পাইকারি ক্রেতা সমবায়সমিতিকে পুনর্বাসনের জন্য একটি কার্যসূচি গ্রহণ করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার থেকে এই ব্যাপারে আর্থিক সাহায্য পাওয়া গিয়েছে। লিন্ডসে স্ট্রিটের "সমবায়িকা" নবীকরণ হয়েছে এবং ক্রেতাদের সুবিধার্থে একটি স্বয়ংসেবা বিভাগ (Self Service Station) খোলা হয়েছে। এছাড়া আরও কতকগুলি দুর্বল পাইকারি ক্রেতা সমিতিকে পুনর্বাসনের একটি প্রকল্প নেওয়া হয়েছে এবং এই প্রকল্প রূপায়িত হতে পারবে যদি কেন্দ্রীয় সরকার থেকে প্রয়োজনীয় সাহায্য পাওয়া যায়।

৫.৩ চলতি বছরে যখন চিনির অত্যন্ত মূল্য বৃদ্ধি ঘটেছিল তখন ক্রেতা সমবায় প্রতিষ্ঠান প্রশংসনীয় ভূমিকা গ্রহণ করেছিল। এই সমিতিগুলি এই ব্যাপারে সক্রিয় অংশ গ্রহণ করেছিল বলে চিনির মূল্যবৃদ্ধি বহুলাংশে নিয়ন্ত্রিত হয়েছিল এবং চিনির দুষ্প্রাপ্যতা কিছুটা কমানো গিয়েছিল। ক্রেতা সমবায় সমিতিগুলি অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি যেমন ; লবণ, খাতা, দিয়াশলাই, কন্ট্রোল কাপড়, জনতা শাড়ি, ইত্যাদিও সরবরাহ করে থাকে। কন্ট্রোলের নয় এরকম কাপড়-চোপড় এবং অন্যান্য সামগ্রী যেমন, চা, কয়লা ইত্যাদি ব্যাপারেও ক্রেতা সমিতির ব্যবসা ক্ষেত্রে প্রসারিত করার একটা প্রচেষ্টা চলছে।

৫.৪ ক্রেতা সমবায় সংগঠনগুলির সুষ্ঠু বিকাশের জন্য গত ৪ বছর ধরে রাজ্য সরকার প্রয়োজনীয় আর্থিক সাহায্য ও অন্যান্য পৃষ্ঠপোষকতা করে আসছেন। গত বছর অর্থাৎ ১৯৭৯-৮০ সালে ক্রেতা সমবায় সমিতিগুলি খুচর বিক্রয়ের পরিমাণ প্রায় ৭৫ কোটি টাকা চলতি বছরে এর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১১৫ কোটি টাকা। ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ কনজিউমার্স ফেডারেশন (কনফেড) বাধানো খাতা বন্টনের একমাত্র প্রতিষ্ঠান। সম্প্রতি রাজ্য সরকার স্থির করেছেন যে বাঁধান খাতা তৈরির সমস্ত কাজ কনফেড করবে এবং এর জন্য সুলভ মূল্যে কাগজও ফেডারেশনকে সরবরাহ করা হবে। কনফেডের ব্যবস্থাপনায় ক্রেতা সমবায় ক্ষেত্রে একটি বনস্পতি ফ্যাক্টরি চালু করার কথা সরকার খুব গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন। যদি কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে প্রয়োজনীয় ''সম্মতিসূচক পত্র'' (লেটার অফ ইনটেন্ট) পাঠান তাহলে আগামী বছরেই এই প্রকল্পের কাজ আরম্ভ হতে পারে।

৫.৫ সমাজের দুর্বলতর ও পিছিয়ে পড়া মানুষদের জন্য ''জনতা বিপনি'' খোলার কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুযায়ী প্রায় ৮০টি বিপনি খোলা হয়েছে। এই প্রকল্পের পরিধি সমাজের মোটামুটি অবস্থাপন্ন মানুষের ক্ষেত্রেও বিস্তৃত করা হবে। স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য ক্রেতা সমবায় সমিতি সংগঠিত হয়েছে কিন্তু তা সত্ত্বেও ছাত্রসমাজ সাধারণভাবে এই আন্দোলনে এগিয়ে আসছে না এবং তার ফলে রাজ্য বাজেটের ও এন. সি. ডি. সি.-র আওতাভুক্ত এই সংক্রান্ত প্রকল্পগুলি সুষ্ঠুভাবে রূপায়িত হচ্ছে না।

৫.৬ 'গ্রামে ভোগ্যপণ্য বন্টন'-এর জাতীয় সমবায় উন্নয়ন সংস্থার প্রকল্পটি বিগত ১৯৭৬-৭৭ সাল থেকে রূপায়িত হচ্ছে এবং এ পর্যন্ত ৯৫টি কার্যসূচি গ্রহণ করা হয়েছে এবং এই রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্যও জাতীয় সমবায় উন্নয়ন সংস্থা থেকে পাওয়া গেছে। ভোগ্যপণ্য বিপনি খোলার জন্য প্রায় ১,০০০টি প্রাথমিক কৃষি ঋণদান সমিতিকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে এবং আগামী ২ বছরের মধ্যে সমস্ত স্ব-নির্ভর কৃষি ঋণদান সমিতিগুলিকে এই প্রকল্পের আওতায় আনা হবে স্থির হয়েছে। আজ দেশে ক্রেতা সমবায় সংগঠন অনেক প্রয়োজন মেটাতে পারে এবং প্রয়োজনীয় অনেক সাহায্য নিয়েই এগিয়ে যেতে পারে। তাই কেন্দ্রীয় সরকারের উচিত আরও বেশি আর্থিক সাহায্য এই সংগঠনগুলিকে দেওয়া এবং দেশের মোট জনসংখ্যার ভিত্তিতে বিধিবদ্ধভাবে বস্ত্র বন্টনের প্রকল্পকে প্রসারিত করা।

**আবাসন সমবায়**

৬.১ মাননীয় সদস্যগণ অবগত আছেন যে দেশের আবাসন সমস্যার তীব্রতা অনুধাবন করে রাজ্য সরকার কি সাধারণ ক্ষেত্রে কি সমবায় ক্ষেত্রে এই সমস্যা সমাধানের জোর প্রচেষ্টা চালাচ্ছেন।

৬.২ নিজেদের জন্য বাসস্থান নির্মাণ করার উদ্দেশ্যে অনেকেই আবাসন সমবায় সমিতি সংগঠিত করেছেন। রাজ্য সরকারও এই সমিতি গঠনের প্রচেষ্টায় সক্রিয় সাহায্য ও সমর্থন দিচ্ছেন। সমবায় সমিতিগুলি যাতে স্ট্যাম্প ডিউটি/রেজিস্ট্রেশন ফি ইত্যাদি থেকে ছাড় পায় রাজ্য সরকার তারও ব্যবস্থা করেছেন। রাজ্য সরকার এ পর্যন্ত হাউসিং ফেডারেশনের ১

কোটি ৪৫ লক্ষ টাকা শেয়ার কিনেছেন। এ ছাড়া, হাউসিং ফেডারেশন যাতে আঞ্চলিক অফিস ও এলাকা অফিস খুলতে পারে তার জন্য সরকার অনুদানও দিয়েছেন।

৬.৩ ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ হাউসিং ফেডারেশন তার সভ্য প্রাথমিক সমবায় আবাসন সমিতিগুলিকে সমবায় আবাসন নির্মাণের জন্য ঋণ মঞ্জুর ও দাদনের মোট পরিমাণ যথেষ্ট বাড়িয়েছে। ৩০. ৪০. ৮০ তারিখের হিসাব অনুযায়ী এই সংস্থা ৮৬৭৯টি আবাসন নির্মাণের জন্য মোট ২৪ কোটি ৪০ লক্ষ টাকা ঋণ মঞ্জুর এবং ১৮ কোটি ৭৩ লক্ষ টাকা ঋণ দান করেছে। ৩০. ৬. ৭৯ তারিখের হিসাব অনুযায়ী ৭০৫৪টি আবাসন নির্মাণের জন্য ওই সংখ্যা দুটি ছিল যথাক্রমে ১৯ কোটি ৮৫ লক্ষ ১৩ হাজার টাকা এবং ১৫ কোটি ৬১ লক্ষ ৯ হাজার টাকা। ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ হাউসিং ফেডারেশন ১৯৮০-৮১ সালে প্রাথমিক সমবায় সমিতিগুলির মাধ্যমে ৩,২২০টি সমবায় আবাসন নির্মাণের জন্য ৬ কোটি ১৬ লক্ষ টাকা লগ্নি করার কর্মসূচি গ্রহণ করেছেন তার মধ্যে ১১৭০টি হবে রাজ্যের গ্রামীণ এলাকায়।

৬.৪ ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ভারতীয় জীবনবিমা কর্পোরেশন প্রাথমিক সমবায় আবাসন সমিতিগুলিকে লগ্নি করার জন্য হাউসিং ফেডারেশনকে সরকারি গ্যারান্টিতে ২৪ কোটি ১০ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করেছে। এর মধ্যে গত ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত হাউসিং ফেডারেশন ২১ কোটি ১০ লক্ষ টাকা পেয়েছে।

৬.৫ আমি আরও উল্লেখ করতে চাই যে সমবায় আবাসন সমিতিগুলির উদ্যোক্তা সভ্য, এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে নানান অভিযোগ সরকারি দপ্তরে পৌঁছেছে। সেগুলি দ্রুতগতিতে তদন্ত করা হচ্ছে এবং ফলাফলের ভিত্তিতে অবস্থা অনুযায়ী বিভিন্ন ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শিল্প সমবায়**

৭.১ রুগ্ন শিল্প সংস্থাগুলি বন্ধ হয়ে যাওয়ার ফলে চাকুরি চ্যুত শিল্প শ্রমিকদের নিয়ে শিল্প সমবায় সমিতি গঠন করা এবং সেগুলির উন্নতির জন্য বামফ্রন্ট যথাযথ গুরুত্ব দিচ্ছেন। ইদানিং এ ধরনের কতকগুলি সমবায় সমিতি গঠন করাও হয়েছে। কারিগরি জ্ঞান, ব্লক ক্যাপিটাল লোন এবং ওয়ার্কিং ক্যাপিটাল লোন দেওয়া ছাড়াও রাজ্য সরকার বসতি অঞ্চলে শিল্প কুটিরের ব্যবস্থা করে সাহায্য করেছেন। এর ফলে সেই সব শিল্প প্রসারের সুযোগ হচ্ছে। তাঁত বস্ত্র উৎপাদন ও বিক্রয়ের সঙ্গে যুক্ত ৬০ শতাংশ তন্তুবায়কে সমবায়ের আওতায় আনার উদ্দেশ্যে সরকার ব্লক স্তরে ১৩০টি তন্তুবায় সমবায় সমিতি গঠন করেছেন। সরকারের সার্ভের মাধ্যমে আগেই ব্লকগুলিকে বেছে নেওয়া হচ্ছে। গ্রামাঞ্চলের কারখানার ভিত্তিতে তাঁতহীন তন্তু বায় সমবায় সমিতি গঠনের একটি প্রকল্প নেওয়া হয়েছে। এই প্রকল্প অনুসারে শেয়ারদান, পরিচালন—খয়রাতি এবং নতুন যন্ত্রপাতি ও সংশ্লিষ্ট সরঞ্জাম কেনার জন্য ঋণ ও অনুদানের আকারে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। মূলত গ্রাম অঞ্চলে এই ধরনের তন্তুবায় সমবায় সমিতি গঠন ও বৃদ্ধির সঙ্গে সঙ্গে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রকল্প অনুসারে কার্যকর মূলধনের জন্য ঋণের দাবি বৃদ্ধি পেয়েছে। এর ফলে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি চলতি বছরে ৩ কোটি ২৭ লক্ষ ৪৮ হাজার টাকার ক্রেডিট লিমিট মঞ্জুরের জন্য আবেদন করেছে, তার মধ্যে ৮৮ লক্ষ ৮৩ হাজার টাকার মঞ্জুরি পাওয়া গেছে।

৭.৯ এই বিরাট আকারের কার্যসূচি শুরুর সাথে সাথে শীর্ষ (অ্যাপেক্স) তন্তুবায় সমবায় সমিতির গুরুত্ব অনেক বেড়েছে। এর আর্থিক বুনিয়াদ সরকার ৩০ লক্ষ টাকার শেয়ার ক্রয় করে আগেই মজবুত করেছেন। এই সংস্থা ইতিমধ্যেই রাজ্যের ভিতরে এবং বাইরে ১০০টি খুচরা কেন্দ্র খুলেছে এবং চলতি বছরে ২ কোটি ১৪ লক্ষ বর্গমিটার 'জনতা শাড়ি' উৎপাদন করেছে।

৭.৩ শ্রীরামপুরের পশ্চিমবঙ্গ সমবায় বয়ন মিলের বয়ন ক্ষমতা (স্পিন্ডলেজ ক্যাপাসিটি) মাসিক ৪,২০০ থেকে বেড়ে ১২,০০০ হয়েছে এবং এটি সমবায়ের আওতার তন্তুবায়দের দীর্ঘদিনের প্রয়োজন মেটাতে তন্তু উৎপাদন পুরোমাত্রায় শুরু করেছে। যদি এই উন্নতি অব্যাহত থাকে আশা করা যায় আগামী আর্থিক বছরের মধ্যে বয়ন মিলের ক্ষমতা বেড়ে ২৫,০০০ হবে। সরকার এই সমবায় বয়ন মিলের ২৫ লক্ষ টাকা মূল্যের শেয়ার ক্রয় করেছে। অসংগঠিত দরিদ্র শ্রমজীবিদের মধ্যে শ্রম সমবায় গঠনের বিষয়ে সরকার উৎসাহ দিচ্ছেন এবং এই সমিতিগুলির শেয়ার মূলধনের বুনিয়াদকে দৃঢ় করার জন্য এবং অফিস-কাম-স্টোর গঠনের জন্য এবং পরিচালনা অনুদান হিসাবে আর্থিক সাহায্য দিচ্ছেন।

৭.৪ কারিগরি ক্ষমতাসম্পন্ন বেকার ব্যক্তিদের মধ্যে গঠিত বেকার ইঞ্জিনিয়ার সমবায় সমিতিগুলির বৃদ্ধি ও উন্নতিকল্পেও সরকার উৎসাহ জোগাচ্ছেন। এই সমস্ত বেকার ইঞ্জিনিয়ার সমবায় সমিতিগুলির একটি ফেডারেশন গঠিত হয়েছে, সরকারি শেয়ার হিসাবে ১ কোটি ৮৫ লক্ষ টাকা এই ফেডারেশনকে দেওয়া হয়েছে। বিভিন্ন বিভাগের দেওয়া কাজ সম্পন্ন করে চলতি বছরে বেকার ইঞ্জিনিয়ার সমবায় সমিতিগুলি ২ কোটি টাকার বেশি মূল্যের কাজ করেছে।

৭.৫ সরকার যাত্রীদের যাতায়াতের দুঃসহ সমস্যা লাঘবের জন্য কলকাতার ভিতরে এবং চারপাশে পরিবহন সমিতি গঠনের ও তাদের উন্নতির বিষয়ে যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন। সরকার একটি পরিবহন সমবায় গঠন করে হাওড়া স্টেশন, বাঁধাঘাট থেকে কলকাত পর্যন্ত ফেরি সার্ভিস-এর ব্যবস্থা করেছেন। এই ধরনের পরিবহন সমিতিগুলিকে সরকারি আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। এই সরকার টেকনিসিয়ান, শিল্পী ও সিনেমা শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে গঠিত সিনেমা সমবায়গুলিকেও আর্থিক সাহায্য দিচ্ছেন।

**দুগ্ধ সমবায়**

৮ গ্রামীণ অর্থনীতিতে দুগ্ধ উৎপাদন ও বন্টনের ব্যবস্থা করে এবং চাকরির সুযোগ সৃষ্টি করে দুগ্ধ সমবায়গুলির একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমানে এই রাজ্যে ৪টি দুগ্ধ ইউনিয়ন তাদের অধীন প্রায় ৬০০টি প্রাথমিক সমবায় সমিতি নিয়ে কাজ করছে। আরও দুটি দুগ্ধ সমবায় ইউনিয়ন উত্তর বাংলায় এবং দুটি দক্ষিণ বাংলায় গঠিত হবে। দুগ্ধ সমবায়গুলির দুগ্ধ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি কল্পে সভ্য সংখ্যা এবং শেয়ারের বুনিয়াদ জোরদারের জন্য কার্যসূচি প্রণয়ন করা হয়েছে। সাধারণভাবে অপারেশন ফ্লাড ২ নামে পরিচিত এই কর্মসূচিতে প্রায় ৫ লক্ষ দুগ্ধ উৎপাদক উপকৃত হবে।

**মৎস্যজীবী সমবায়**

৯ বর্তমানে কলকাতা ছাড়া পশ্চিমবঙ্গের সব কয়টি জেলাতে কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠিত হয়েছে। এদের প্রত্যেকের সঙ্গে বেশ কয়েকটি প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি সংশ্লিষ্ট আছে। দুর্ব্বলতর প্রাথমিক সমিতিগুলির দ্রুত বিলোপ সাধন করা হচ্ছে এবং বাকিগুলিকে এরূপে শক্তিশালী করা হচ্ছে যাতে প্রত্যেকটি সমিতিতে ন্যূনতম ১০০ জন সভ্য থাকে এবং একশত একর বা ততোধিক জলাভূমিতে এরা মাছের চাষ করতে পারেন। এছাড়া অনেকগুলি প্রাথমিক সমিতি মাছের ডিম উৎপন্ন করছে। এ বছর ৫ কোটি মাছের ডিম উৎপন্ন করার কর্মসূচি রয়েছে . . অধিকাংশই হবে সমবায় সমিতিগুলির মাধ্যমে। জলাশয়গুলিতে মাছের চায ও মাছের ডিম উৎপন্ন করার মাধ্যমে এ বছর আমরা উল্লেখযোগ্যভাবে মাছের উৎপাদন বাড়াতে পারব। কাঁথি কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় এলাকায় প্রচুর পরিমাণে সামুদ্রিক মাছ ধরার কাজ করে যাচ্ছে। একাজে তারা জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশনের কাছ থেকে ৪৭ লক্ষ ৮০ হাজার টাকা সাহায্য পেয়েছে।

**অ-কৃষি ঋণদান সমিতি**

১০.১ বড় ও ছোট শহর এলাকায় আরবান ক্রেডিট সোসাইটি ছাড়াও বিভিন্ন ফ্যাক্টরি, স্কুল, কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠানে অনেক অকৃষি ঋণ দান সমিতি সংগঠিত হয়েছে এই সকল সমিতি সাধারণত কারখানার শ্রমিক ছোট ব্যবসায়ী, ছোটখাট কারিগর এবং যন্ত্রবিদদের দ্বারা গঠিত হয়েছে। ৩০. ৬. ৮০ তারিখে এরূপ সমিতির সংখ্যা ছিল ১৯৭৪। এদের মোট সভ্য সংখ্যা ১৪,৩৩,০০০ মোট আদায়ি অংশীধারী মূলধন এবং কার্যকর মূলধনের পরিমাণ যথাক্রমে ১২ কোটি ৯৫ লক্ষ টাকা এবং ১৩১ কোটি ২৫ লক্ষ টাকা। পশ্চিমবঙ্গে সমগ্র সমবায় প্রতিষ্ঠানের আমানতের ৮০ শতাংশ এই অ-কৃষি ঋণদান সমিতিগুলিতে রয়েছে। এটা গর্বের সঙ্গে বলা যায় যে পূর্বাঞ্চলে অ-কৃষি সমবায় ঋণদান আন্দোলনে পশ্চিমবঙ্গের স্থান সবার শীর্ষে।

১০.২ অ-কৃষি ঋণদান সমিতিগুলি ছোট ব্যবসায়ী, স্বনিযুক্ত ব্যক্তি, ছোট কারিগরদের ঋণ দেওয়ার একটি উপযুক্ত সংস্থা। সেজন্য এইসব সমিতিগুলির অর্থ বিনিয়োগ ব্যবস্থা বিস্তৃত করার উপর জোর দেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক এবং রাজ্য সরকার উভয়েই মনে করেন যে সমাজের দুর্ব্বল শ্রেণীর মধ্যে এবং অনগ্রসর এলাকায় এ জাতীয় সমিতি গঠন করা নিতান্ত প্রয়োজন। যষ্ঠ পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় কলকাতা এবং অন্যান্য জেলা ও মহকুমা শহরের যে সকল এলাকায় এখনও এ জাতীয় সমিতি গঠিত হয়নি এবং অন্যান্য অনগ্রসর এলাকায় এরূপ সমিতি গঠন করার কথা বিবেচনা করা হচ্ছে।

১০.৩ কলকাতায় আরবান ক্রেডিট সমবায় সমিতিগুলি একটি ফেডারেশন রয়েছে এর কাজ হল বিভিন্ন আরবান ক্রেডিট সমিতির কাজের মধ্যে সমন্বয় সাধন করা। এই ফেডারেশনকে রাজ্য সরকার অর্থ সাহায্য মঞ্জুর করেছেন। কিছু কিছু অ-কৃষি ঋণদান সমিতিকে শক্তিশালী করা এবং এ জাতীয় সমিতির কর্মচারিদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার কর্মসূচি রয়েছে।

**সমবায় প্রশিক্ষণ**

১১ সমবায়ীদের শিক্ষণের ব্যবস্থার প্রধান উদ্দেশ্য সমবায় আন্দোলনকে উন্নততর করা। এই শিক্ষণের দায়িত্ব পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নের উপর ন্যস্ত রয়েছে।

১১.১ উত্তরপাড়া, বরসুল, ঝাড়গ্রাম এবং কালিম্পং-এ চারটি শিক্ষণ কেন্দ্র স্থাপন বহুদিন থেকেই কাজ করছে। এ ছাড়া আরও দুইটি কেন্দ্র খোলা হয়েছে। একটি জলপাইগুড়িতে এবং অন্যটি হেতমপুরে। এ সকল শিক্ষণ কেন্দ্র বর্তমানে বিভিন্ন রকমের ট্রেনিং কোর্স প্রচলিত আছে। যেমন জুনিয়র বেসিক কোর্স, গৃহনির্মাণ সমবায়, মৎস্য সমবায়, রাজ্য সমবায় ব্যাংক এবং কেন্দ্রীয় সমবায় ব্যাংকের জন্য বিশেষ কোর্স। পরিসংখ্যান সংক্রান্ত বিষয়ের জন্য বিশেষ কোর্স, সমবায় আন্দোলনে প্রয়োজনীয় সাংগঠনিক নেতৃত্বের জন্য কোর্স, শিক্ষণ কেন্দ্র অধ্যক্ষ ও শিক্ষকগণের জন্য বিশেষ কোর্স ইত্যাদি। ১৯৮০ সালের এপ্রিল থেকে ডিসেম্বর, এই কয় মাসে মোট ৮১২ জন শিক্ষার্থী বিভিন্ন কোর্সে শিক্ষালাভ করেছেন।

১১.২ গ্রামাঞ্চলে শিক্ষণের ব্যবস্থা করে বিভিন্ন সমবায় সমিতির সাধারণ সভ্যদের এবং কার্য নির্বাহক কমিটির সভ্যদের প্রশিক্ষণ হয়ে থাকে। কৃষিকর্মে নিযুক্ত সমবায় সমিতির সকল সভ্যগণের পক্ষে শিক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়া সম্ভব হয় না। সেজন্য গ্রামাঞ্চলে শিক্ষণ ক্যাম্প গঠন করা হয়। ১৯৮০ সালে এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত ১৯৮টি ট্রেনিং ক্লাশে ৫৩৩৫ জন সাধারণ সভ্য এবং ১৯৩টি ক্লাশে ১৩৪৩ জন কার্যকরী কমিটির সভ্য যোগ দিয়েছেন।

১১.৩ এছাড়া ২২টি বিতর্ক সভা এবং ১৯টি স্টাডি সার্কেলের ব্যবস্থা করা হয়েছে। ১৭৮ জন সমবায়ি এতে অংশগ্রহণ করেছেন।

**সমবায় সমিতির কর্মচারিদের সুযোগ-সুবিধা**

১২ সমবায় সমিতির কর্মচারিদের বেতন কাঠামো সহ চাকুরির অন্যান্য শর্তাবলীর উন্নতি সাধনের উদ্দেশ্যে সরকার একটি পে-কমিটি গঠন করেছেন। এই কমিটি প্রাথমিক কৃষি ঋণ সমিতি, বিপনন সমিতি, মৎস্যজীবী, পশুপালন, দুগ্ধোৎপাদন, তন্তুবায়, শ্রমিক-ঠিকাদার, ক্রেতা সমবায় প্রভৃতি সমিতি এবং পাইকারি ক্রেতা সমবায় সমিতি সমূহের কর্মচারিদের চাকুরির শর্তাবলী পরীক্ষা করে দেখবেন। আশা করা যায় কমিটি শীঘ্রই তাঁদের রিপোর্ট দাখিল করবেন।

**সমবায় আইনের আমূল সংশোধন**

১৩ পরিবর্তিত সামাজিক অবস্থার বাস্তব পরিপ্রেক্ষিতে সমবায় আইনের সংশোধন প্রয়োজন। হাইকোর্টের একজন বিচারপতির নেতৃত্বে গঠিত একটি কমিটির সুপারিশক্রমে এই আইন সংশোধনের কাজ চলছে। বর্তমান আইনের এই ত্রুটি-বিচ্যুতি দূর করতে এবং সমবায় সমিতিগুলির পরিচালন ব্যবস্থার উন্নতি করতে এই নতুন সংশোধন কার্যকর হবে।

১৪ এই রাজ্যে সমবায় আন্দোলনের বর্তমান অবস্থার প্রধান কয়েকটি বিষয় নিয়ে আমি আলোচনা করছি। সমাজের শোষিত এবং নিপীড়িত জনসাধারণের উন্নতিকল্পে সমবায় আন্দোলন একটি হাতিয়ার এই বিশ্বাস আমাদের আছে। আমি এই সভার মাননীয় সদস্যগণের কাছে

আবেদন করব তাঁরা দলমত নির্বিশেষে এবং কোনও অবকাশ না রেখে এই আন্দোলনে অংশগ্রহণ করুন এবং এই আন্দোলনের অগ্রগতির ত্বরান্বিত করুন।

১৫ সমবায় আন্দোলনের সাফল্য বিভিন্ন জেলায় এবং বিভিন্ন ক্ষেত্রে একইরকম জানি। আরবান ক্রেডিট এবং ক্রেতা সমবায় আন্দোলনের ক্ষেত্রে যেমন আমরা ভারতবর্ষের মধ্যে একটি উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছি তেমনি আবার কৃষিঋণ এবং কৃষি পণ্য বিপনন সমবায়ের ক্ষেত্রে আমরা অনেক পিছিয়ে রয়েছি। সমবায় আন্দোলনের সাফল্য বে-সরকারি নেতৃত্বের উপর এবং কর্মচারিদের পরিচালন যোগ্যতার উপর নির্ভরশীল। সেই কারণে এই সভার সকল মাননীয় সভ্যদের আমি অনুরোধ জানাই তাঁরা এই আন্দোলনের অগ্রগতিকে নেতৃত্ব দিন এবং যে কায়েমী স্বার্থ আন্দোলন-এর অনেক ক্ষেত্রে আধিপত্য বিস্তার করে আছে তাদের দূর করতে সাহায্য করুন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় ২৯ কোটি কয়েক লক্ষ টাকার ব্যয়-বরাদ্দের দাবি করেছেন। নীতিগতভাবে এই দাবিকে আমি সমর্থন করি, কিন্তু এই বিভাগ কর্মক্ষেত্রে দারুন অক্ষমতার পরিচয় দিয়েছেন। কর্মক্ষেত্রে এই বিভাগের যে সকল ক্রুটি-বিচ্যুতি লক্ষ্য করেছি তার প্রতিবাদ না করে থাকতে পারছি না। আমরা দেখতে পাচ্ছি সমবায় আন্দোলনের অগ্রগতির পথে এই দপ্তর একটা প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। আমরা দেখছি সমবায় আন্দোলনের ক্ষেত্রে পশ্চিমবাংলা অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পিছিয়ে আছে। আমরা দেখছি মহারাষ্ট্র, গুজরাট, পাঞ্জাব, মাদ্রাজ, উড়িষ্যা কিভাবে এগিয়ে যাচ্ছে, গুজরাটের "আমুল" কিভাবে সারা পশ্চিমবাংলাকে ছেয়ে ফেলেছে। অথচ পশ্চিমবাংলা দীর্ঘকাল ধরে এগোতে পারছে না, ক্রমশ পিছিয়ে যাচ্ছে। আমরা সমবায় আন্দোলনকে এই কারণে গুরুত্ব দিতে চাই যে, সমবায় আন্দোলন জাগরণের একটা গণতান্ত্রিক আন্দোলন। আমরা মনে করি এই আন্দোলন পুঁজিবাদি ব্যবস্থার বিরুদ্ধে জনগণের শোষণ মুক্তির আন্দোলন এবং জনগণকে সমাজবাদের পথে এগিয়ে নিয়ে যাবার আন্দোলন। সেইজন্য আমরা সমবায়কে গুরুত্ব সহকারে দেখি। দুর্ভাগ্যের বিষয় এই বিভাগে কিন্তু সেরকম গুরুত্ব সহকারে একে দেখছে না। আমি সমস্ত কিছু তথ্য দিয়ে দেখাতে পারতাম, কিন্তু আমার সময় বেশি নেই। তবুও আমি দু-একটি তথ্য দিচ্ছি, বিস্তারিতর মধ্যে যাব না। আমরা দেখতে পাচ্ছি—কতকগুলি কো-অপারেটিভ সোসাইটি হয়েছিল, স্টেট অ্যাণ্ড সেন্ট্রাল ব্যাঙ্ক, ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক, এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটি, নন-এগ্রিকালচারাল সোসাইটি, এইসব মিলে আমরা দেখছি ১৯৭৭-৭৮ সালে ২০৩৬টি সোসাইটি ছিল আর ১৯৭৮-৭৯ সালে দেখলাম সেটা বেড়ে হয়েছে ২৬২৭টি। অর্থাৎ খুব বেশি বাড়েনি। মেম্বারের সংখ্যার দিক থেকে দেখছি, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি বলুন, আর স্টেট অ্যাণ্ড সেন্ট্রাল ব্যাঙ্ক, ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক বলুন এবং এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটি, নন-এগ্রিকালচারাল সোসাইটি বলুন সব জায়গায় মেম্বারের সংখ্যা দেখছি—১৯৭৭-৭৮ সালে ১৪ লক্ষ ১২ হাজার, আর এবারে বেড়ে হয়েছে দেখছি ১৪ লক্ষ ৩২ হাজার। অর্থাৎ অতি সামান্য কিছু বেড়েছে। পশ্চিমবাংলার সাড়ে পাঁচ কোটি মানুষের ১/৫ অংশের এর মধ্যে আনা যায়নি। আপনারা কথায় কথায় কংগ্রেসি আমলের কথা বলেন। তা আপনারা তো তিন বছর ধরে আছেন, এই তিন বছরে কতটুকু কি করতে পেরেছেন, সেটা হিসাব থেকেই বুঝতে পারছি।

[7-20 — 7-30 p.m.]

আপনার বাজেট ভাষণ দেখলাম। পৃষ্ঠার পর পৃষ্ঠায় লিখেছেন। সব পড়তে অনেক সময় গেছে তবুও আমি মন দিয়ে পড়েছি। বাজেটের মধ্যে অনেক পরিকল্পনা আছে, অনেক প্রতিশ্রুতির কথা আছে এবং অনেক রঙীন চিত্র আঁকা হয়েছে যাতে ভবিষ্যতের লোকেরা খুশি হয়। কিন্তু আমি বলি আপনার প্রথম বাজেটে যে টাকার বরাদ্দ ছিল সেই টাকা আপনি কতটা খরচ করতে পেরেছেন বা কতটা এগুতে পেরেছেন তা আমরা কিছুই জানি না। যদি আপনার বিস্তৃত বিবরণ দিতেন যে এই এই করেছি তাহলে বুঝতে পারতাম কিন্তু আপনি তা দিতে পারেননি। এই বাজেটের মধ্যে অনেক পরিকল্পনার কথা বলা হয়েছে, খুব ভালো পরিকল্পনা এতে কোনও সন্দেহ নেই, কিন্তু আমার ধারণা ২৫ ভাগ আপনি কার্যকর করতে পারবেন না কারণ যেভাবে আপনার কাজের অগ্রগতি দেখছি। আমার দৃঢ় বিশ্বাস ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় যদি কৃষি শিল্প, ব্যবসা-বাণিজ্য এবং দরিদ্র শ্রেণীকে রক্ষা করতে হয় তাহলে সমবায় ছাড়া উপায় নেই। সেইজন্য আমি প্রথম গুরুত্ব দেব ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিকে। কিন্তু এই ক্রেডিট কো-অপারেটিভের ব্যাপারে দেখছি কাবুলিওলাদের মতন টাকা ধার দিচ্ছে আর সুদ আদায় করছে। কৃষির নামে যে টাকা ধার দেয় তা কৃষির জন্য কতটা খরচ হয় সেটা দেখা দরকার। এই সোসাইটিগুলি কৃষির নামে টাকা আদান-প্রদান ও সুদ আদায় করা ছাড়া অন্য কোনও গঠনমূলক কাজ নাই। যে টাকা সেখানে দাদন দেওয়া হয় মুষ্টিমেয় ব্যক্তির কুক্ষিগত থাকে। গ্রামে যারা বড় বড় মহাজন এবং ধনী ব্যক্তিরা আছে তারাই এই সোসাইটিকে দখল করে রাখে। এই সমস্ত লোকেরা সোসাইটি থেকে কম সুদে টাকা নিচ্ছে। গরিব লোকেরা সমবায় হতে ঋণ পায় না তারা ঐ সমস্ত লোকেদের কাছ থেকে অধিক সুদে ঋণ নিতে বাধ্য হয়। টাকায় ১০ পয়সা অর্থাৎ ১০০ টাকায় ১০ টাকা করে সুদ দেয়। সুতরাং এইভাবে যদি করতে পারেন যারা ভাগচাষি আছে, যারা প্রান্তিক চাষি আছে যারা বর্গাদার আছে তারা যাতে ব্যক্তিগত জামিনে অথবা সহজে গ্রুপ লোন নিতে পারে তার ব্যবস্থা থাকা আবশ্যক এবং সমস্ত দাদনের অন্তত ৭৫ ভাগ টাকা যাতে গ্রামের দরিদ্র মানুষ পেতে পারে তার বিধান থাকা আবশ্যক। কারণ দরিদ্র শ্রেণীর লোক যারা আছে তারা টাকা নিতে পারে না। যাদের জমি নেই তাদের জন্য কে গ্যারেন্টার হবে। সুতরাং এই ৭৫ ভাগ টাকা যাতে দুর্বল শ্রেণীর লোকেরা পায় এই আইন করুন। তারপর টাকার আদান-প্রদানের ব্যাপারে সীমাবদ্ধ রাখলে চলবে না। শুধু কৃষির নামে টাকা দিলে চলবে না, প্রতি প্রাথমিক সমিতিকে অন্তত পক্ষে ২।৩টি অন্য প্রকল্প রূপায়ণে যাতে লোকেরা উৎসাহিত হয় তার ব্যবস্থা করতে হবে যেমন, দুগ্ধ প্রকল্প, মুরগি চাষ, কাঁচা সার উৎপাদন, মৎস্য চাষ অথবা অন্য কোনও কুটিরশিল্প উৎপাদনের দায়িত্ব গ্রহণ করতে হবে। এই কাজে সমবায় বিভাগের বিশেষ দায়িত্ব আছে। এই সব করলে অনেকখানি গ্রামীণ অর্থনীতিকে সাহায্য করতে পারে কিন্তু সেইরকম কিছুই হচ্ছে না।

[7-25 — 7-35 p.m.]

তাছাড়া সমবায় সমিতিগুলি থেকে আরও কিছু দায়িত্ব দিয়ে দেওয়া যায়। আপনারা বলেছেন—যে সমবায় সমিতি যারা ধানচাল কিনবে, আপনি বলছেন, সমবায় সমিতির উপর

দায়িত্বটা থাকতে পারে। প্রতিটি সমবায় সমিতিকে যদি টাকা দেওয়া যায় তারা যেখানে ডিসট্রেস সেলের কথা বলে এবারে দেখলাম ডিসট্রেস সেল হচ্ছে না। ধানটা বিক্রি হলে, আর সমবায় সমিতির যদি দায়িত্ব থাকে ঠিক সময় যদি টাকা পায়, ধান, আলু, পাট ঠিক সময় ন্যায্য মূল্যে যাতে কিনতে পারে তারজন্য ব্যবস্থা থাকা দরকার এবং সমবায় সমিতিকে যেখানে প্রাধান্য দেওয়া দরকার। প্রত্যেকটি সমবায় সমিতির একটা কাজ হবে, এটা করা দরকার। তারপরে এই সমবায় সমিতির কনজিউমার্স কো-অপারেটিভ করেছেন। সমবায় কো-অপারেটিভ নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি তো বিক্রি করতে পারে। তারজন্য তাদের টাকা দিতে হবে অথবা লোন দিতে হবে। কারণ এ ব্যাপারে তো একটা ব্যবস্থা করেছেন, ম্যানেজারকে স্থায়ী করেছেন, হিসেব নিচ্ছেন এবং তাদের টাকা বাড়িয়েছেন। আগে তাদের বিক্ষোভ ছিল, এখন তাদের অ্যালাওয়েন্স, বেতন বাড়িয়েছেন, তারা অনেক কিছু কাজ করতে পারে। কাজেই এইসব কাজগুলি আপনারা দিতে পারবেন। আমি দেখতে পাচ্ছি মডিফায়েড রেশনে নিত্য প্রয়োজনীয় কিছু জিনিস পাওয়া যায়—সব জিনিস পাওয়া যায় না কিন্তু কো-অপারেটিভ সোসাইটি তার সঙ্গে মডিফায়েড র‍্যাশনিংয়ের যে দোকানগুলি আছে সেই দোকানগুলিতে এক সঙ্গে করে দিয়ে মাল সরবরাহের জন্য ব্যবস্থা করবে। একটা পাইকারি দোকান করে তারাই মাল সরবরাহ করতে পারে। কাজেই সরবরাহের ব্যবস্থা যদি ঠিকভাবে করা যায় তাহলে প্রাথমিক সম্পদগুলি যেখানে কো-অপারেটিভ সোসাইটিগুলি কাজ করতে পারবে কিনা চিন্তা করে দেখবেন। তারপর আপনি বলেছেন যে অনেকগুলি কনজিউমার্স কো-অপারেটিভকে দায়িত্ব দিচ্ছেন। আমি আপনাকে বলছি যে কো-অপারেটিভ সোসাইটি উঠে যাচ্ছে। তার কারণ হচ্ছে এখানে দুর্নীতি হচ্ছে, ভালভাবে দেখাশুনা হয় না। আমি কো-অপারেটিভ সোসাইটিতে ডিরেক্টর ছিলাম, সেখানে কি অবস্থা চলছে আমার জানা আছে। কাজেই সেজন্য কনজিউমার্স সোসাইটির সবচেয়ে বড় দোষ হচ্ছে ভালভাবে দেখাশোনা করা হয়না আর মালপত্র পাওয়া যায় না। যে মালপত্র তারা কেনে যেমন কাপড় বেশি দামের কাপড় নিলে একটা জনতা কাপড় পাওয়া যাবে, আবার সার, সার যদি বিক্রি হয় তো সেই সার বাজারে বেশি দামে বিক্রি হচ্ছে। তত্ত্বাবধান ঠিকভাবে হচ্ছে না এবং বহু কনজিউমার্স সোসাইটির কাজের অভিযোগ আছে সেগুলি পরিদর্শন করা দরকার। পরিচালন ব্যবস্থায় ত্রুটি আছে। লক্ষ্য রাখা দরকার। তারপর আর একটা কথা, হ্যাণ্ডলুম সম্বন্ধে অনেক কথা বললেন, আমরা মনে করি হ্যাণ্ডলুম পশ্চিমবাংলার গ্রামে গ্রামে এখনও নেওয়া হয়, এটা হচ্ছে একটা মস্তবড় গ্রামীণ শিল্প। কিন্তু সেই গ্রামীণ শিল্প সুতা পায় না। কাজেই সেইভাবে যেমন অসুবিধা আছে তেমনি এর সঙ্গে হ্যাণ্ডলুম উইভার্স সোসাইটির যারা প্রধান তাদের বিরুদ্ধে অভিযোগ আছে, এখানে আলোচনা হয়েছিল সেগুলির উল্লেখ আর নাই করলাম—কাজেই কাজ যদি ভালভাবে চালাতে হয় সুতা সরবরাহ করা দরকার, তাদের মার্কেট অর্থাৎ কাঁচামাল যোগাড় না হলে, না সরবরাহ করতে পারলে এবং তার বাজার না পেলে চলতে পারে না। কাজেই যখন গুরুত্ব দিয়েছেন তখন এর সঙ্গে এগুলোকেও ভাবতে হবে। পরিবহণের কথা বলেছেন, আমি বলছি অনেক পরিবহনের পরিচালন ব্যবস্থায় গুরুত্ব দিয়েছেন, আমি বলব একটা কথা, সরকারের উদাসীনতা অবহেলার জন্য একটা বিখ্যাত পরিবহন সংস্থা—কনটাই কো-অপারেটিভ, কাঁথি কো-অপারেটিভ এশিয়ার একটা কো-অপারেটিভ তার নাম হচ্ছে হিজলি কো-অপারেটিভ শুনলে অবাক হয়ে যাবেন এখন পর্যন্ত সেখানে ২১০ জন কাজ করে এটা নষ্ট হতে বসেছে। জিনিসপত্রের দর বৃদ্ধির

জন্য বাস বাড়াতে পারছে না, আপনারা সমবায়কে গুরুত্ব দিয়েছেন, এই সমবায়টিকে রক্ষা করার ব্যবস্থা করুন।

[7-30 — 7-40 p.m.]

২২০ জন কর্মী এখনও এখানে আছেন। মাদুর শিল্প সম্বন্ধে একটা সমবায় হতে পারে। মহাজনের কবলে পড়ে তারা শেষ হয়ে যাচ্ছে। কাজুবাদামের জন্য ৩০ মাইল ব্যাপক জায়গা জুড়ে সমবায়ের মাধ্যমে চাষ হতে পারে। রামনগর থানায় মুকুন্দপুর সমবায় সমিতি অচল অবস্থায় পড়ে আছে। সেখানে ১ লক্ষ টাকার যন্ত্রপাতি সব নষ্ট হয়ে যাচ্ছে। তাজপুর কো-অপারেটিভ সোসাইটি একজিকিউটিভ অফিসারের জন্য আবেদন করেছিল. কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। মাছ চাষের জন্য যদি কো-অপারেটিভ করে রিসার্চ, ট্রেনিং-এর ব্যবস্থা করে কাজ করা হতো তাহলে পশ্চিমবাংলায় যে ৭০ হাজার একর জলাজমি আছে সেখানে মাছচাষ হতে পারতো এবং তার একটা বিরাট সম্ভাবনা আছে। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সমবায় বাজেটের বরাদ্দ অনুমোদনের জন্য যে প্রস্তাব মন্ত্রী মহাশয় এনেছেন তাকে সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। সমবায় ব্যাপারটা খুব জটিল ব্যাপার, কেননা অর্থনৈতিক ব্যবস্থা এবং সাধারণ মানুষ এর সঙ্গে জড়িত। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে এই ব্যবস্থা থেকে কায়েমী স্বার্থবাদিদের সম্পূর্ণ রূপে বের করে আনা সম্ভব হয়নি। জনসাধারণের অর্থ যার সঙ্গে জড়িত তাতে যদি জনসাধারণের অংশগ্রহণ না হয় তাহলে কিছু হবে না। সেজন্য পঞ্চায়েত নির্বাচনে যখন জনসাধারণ অংশগ্রহণ করে তখন একটা দৃঢ় প্রতিজ্ঞা নিয়ে এই কথা তারা বলেছিল যে পঞ্চায়েত থেকে বাস্তু ঘুঘুদের বাসা ভাঙতে হবে। এটা তারা করতে পেরেছে। এতে সর্বজনীন ভোটাধিকারের সুযোগ ছিল বলে বাস্তু ঘুঘুদের বাসা ভেঙে একটা গণতান্ত্রিক ব্যবস্থা তারা কায়েম করেছে। এর ফলে গ্রামের মধ্যে একটা অভূতপূর্ব পরিবর্তন ঘটেছে এবং শক্তির বিকাশ ঘটেছে। সমবায়ের ক্ষেত্রে এই জায়গা আমরা এখনও পর্যন্ত আয়ত্ত করতে পারিনি। কেননা এর শেকড় এতদুর পর্যন্ত বিস্তৃত যে সেখানে যেতে হলে যে ধরনের উদ্যোগ, নিয়মকানুন দরকার তা ছিল না। বলাইবাবু অন্যান্য রাজ্যের কথা বলেছেন, কিন্তু আমাদের রাজ্যের ব্যাপারে বলব এই সরকার হবার পর জনসাধারণের কল্যাণের জন্য যেখানে যেটুকু দরকার তার কোনওদিকেই অবহেলা করা হয়নি এবং এ বিষয়ে তারা কতকগুলি ব্যবস্থা নিয়েছেন। কিন্তু একটার পর একটা মামলা করে কোনও নির্বাচন তাঁরা হতে দেবেন না, সরবেন না। এইভাবে একটা দুষ্টচক্র দীর্ঘদিন ধরে সমবায়ের মধ্যে বাসা বেঁধে আছে এবং তারা এতদুর পর্যন্ত সক্রিয় যে সরকারি দপ্তরও তার বাইরে নয়। এই সব কায়েমী স্বার্থের ঘাঁটি থাকতে পারত না, যদি এই সমস্ত ব্যবস্থাগুলি তাদের সঙ্গে হাত মেলাতো। সুতরাং সমবায় ব্যবস্থা থেকে এই রাহু মুক্ত করতে হবে। সাধারণ মানুষের জীবনে প্রতিটি ক্ষেত্রে সমবায়ের একটা বিশিষ্ট ভূমিকা আছে। শোষণ অবস্থা যেখানে চরম, যেখানে কেন্দ্রীয় সরকার পুঁজিবাদি শোষক শ্রেণী, জোতদার এবং একচেটিয়া পুঁজির নেতৃত্বে পরিচালিত হচ্ছে, জনসাধারণের স্বার্থ যেখানে পদদলিত সেখানে সমবায়ের ভূমিকা গুরুত্বপূর্ণ। সেখানে এত বাধা সত্ত্বেও আমরা অগ্রসর হচ্ছি। আগে সমবায়গুলি ছিল একটা গোষ্ঠীর মধ্যে। কিন্তু অল্প সময়ের মধ্যে

ব্যাপক প্রচেষ্টার ফলে পঞ্চায়েত এবং গ্রামের অন্যান্য গণ-সংগঠনের উদ্যোগে কিছুটা পরিবর্তন হয়েছে যার জন্য আজকে মেম্বারশিপে জনসাধারণের কিছুটা অংশ গ্রহণ হয়েছে। জেনারেল মেম্বারশিপ কিছুটা অংশগ্রহণ হয়েছে। জেনারেল মেম্বারশিপ কিছুটা বেড়েছে—১৪।১৫ লক্ষের জায়গায় ২২।২৪ লক্ষ হয়েছে। এটা আরও বাড়া উচিত ছিল, কেননা একটা বিশেষ ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা কার্যকর করা হল না। কারণ সমবায় প্রতিষ্ঠানগুলি দুর্নীতিপরায়ণ বাস্তু ঘুঘুদের হাতে থাকার জন্য এবং সরকার পক্ষ থেকে ব্যাবক ব্যবস্থা ছিল না বলে সর্বজনীন মেম্বারশিপ হতে পারেনি। যেমন ধরুন বর্গাদার বা পাট্টা হোল্ডারদের এবং বর্গাদার ঋণ দেবার ব্যাপারে তাদের কত ঋণ দেওয়া হচ্ছে তার কোনটা জনকল্যাণের জন্য ঠিক মত দেওয়া হয়েছে সেটা কিভাবে ঠিক হবে? আমূল স্প্রে বিক্রির মধ্য দিয়ে নিশ্চয় নয়। আমাদের এখানে চিনি ৬।৮ টাকা কে.জি., আমেরিকায় সেটা দেড় টাকায় বিক্রি হয়। কিন্তু তাতে আখ চাষির কি হয়? অতএব টাকার হিসেবে কল্যাণ করা যায় না।

[7-40 — 7-50 p.m.]

আমাদের এই রাজ্যের কংগ্রেসের ৩০ বছরের শাসন ছিল। জয়নাল সাহেব বা মাননীয় অতীশবাবু আজকে নেই। তাঁদের আমলে তারা কজন পাট্টা হোল্ডার বর্গাদারের ঋণ দিয়েছিলেন? আমরা তো চেষ্টা করছি। যদিও উল্লেখযোগ্য কিছু করতে পারিনি, কিন্তু আমাদের একটা আলাদা দৃষ্টিভঙ্গি আছে। এই ব্যবস্থা শুধু আমাদের এখানেই নয়, অন্য রাজ্যেও হয়েছে, কিন্তু দৃষ্টিভঙ্গির একটা তফাৎ আছে। ১৯৭৭-৭৮ সালে আমাদের সরকারের পক্ষ থেকে ১২ হাজার পাট্টা হোল্ডারকে লোন দেওয়া হয়েছে। এ ব্যাপারে মূল দায়িত্ব হচ্ছে কমার্শিয়াল ব্যাংকের বা রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলির তাঁদেরই এ ব্যাপারে প্রধান ভূমিকা হওয়া উচিত। আপনারা জানেন যে, অর্থনৈতিক ক্ষেত্রে এই সমস্ত কমার্শিয়াল ব্যাংকগুলির যে শক্তি আছে তার তুলনায় সমবায় ব্যাংকগুলির শক্তি কতটুকু? কিন্তু তারা এতদিন পর্যন্ত কি করেছেন? ১২ হাজারের মধ্যে তারা ক'হাজার কৃষককে লোন দিতে পেরেছেন? গরিব মানুষদের কিছুমাত্র সাহায্য তারা করেননি। কো-অপারেটিভ ঋণ দিয়েছে ৯ হাজারকে। আপনারা কি এটা জানেন? জানলে উল্লেখ করা উচিত ছিল। অন্য রাজ্যের কথা কেন আপনারা বলছেন? একথা আমি কাদের শোনাব, ওঁরা সবাই আজ অনুপস্থিত। ১৯৭৯-৮০ সালে ঐ সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫২ হাজারে, অবশ্য আরও বেশি হওয়া উচিত ছিল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ইতিমধ্যে বহু নিপীড়িত, বঞ্চিত মানুষকে সাহায্য দিয়েছেন। এই সমস্ত মানুষেরা এতকাল যাবৎ মহাজন ও জমিদারের অত্যাচারের ফলে জর্জরিত ছিল। সেই সমস্ত কৃষকদের যারা বঞ্চিত ছিল, তারা আজ অনেক সংগঠিত হতে পেরেছে। যেখানে ভূমিচাষী পাট্টার অধিকারী ছিলেন, তাদের রেকর্ড করা হয়েছে, পাট্টা দেওয়া হয়েছে। আজকে প্রায় ১০ লাখের উপরে এই শ্রেণীর মানুষ আছেন, এখনও তাঁদের সকলকে দেওয়া সম্ভব হয়নি। কিন্তু ১০ লাখ পাট্টা রেকর্ড হয়েছে, বহু পাট্টা এইভাবে বিলি করা হয়েছে। কংগ্রেসের আমলেও কিছু হয়েছিল যা তাদের সংখ্যা ছিল তাদের সংখ্যা যত বেশি হোক না কেন, আমাদের আমলেও সেই কাজ করা হয়েছে। কয়েক লাখ পাট্টা হোল্ডার আছেন, কিন্তু তাদের মধ্যে ৫২ হাজার পাট্টা হোল্ডারকে লোন দিতে পেরেছি। কিন্তু প্রশ্ন হচ্ছে এর মধ্যে কমার্শিয়াল ব্যাংকের অবদান কতটুকু? আজকে দেখা যাবে, কমার্শিয়াল ব্যাংক

৩০ শতাংশ বা ২৫ শতাংশের মতো অংশগ্রহণ করেছে। অথচ তাঁদেরই ৭০-৭৫ শতাংশের মতো করার কথা। কিন্তু তাঁরা করেছেন মাত্র ২০-২৫ শতাংশের মতো। আজকে কো-অপারেটিভ করেছেন ৫২ হাজারের মধ্যে ৩৭ হাজার। অতএব, বাকি কাজ পশ্চিমবাংলাতে উল্লেখযোগ্যভাবে হতে পারেনি তা নয়। ইউনিভার্সাল মেম্বারশিপের কাজ তাদের করা উচিত ছিল। কংগ্রেসের আমলে তারা এই আইনটিকে করেছিলেন, কিন্তু সেটি তাদের আমলে কার্যকর হয়েছিল কি? ভাগচাষের ব্যাপারে আন্দোলন করে ফসলের ২৫ ভাগ মালিক পাবে বলে আইন করে গিয়েছিলেন। কিন্তু তাঁরা প্রয়োগ করেছিলেন জমিদার-জোতদারদের স্বার্থে। কিন্তু আজকে সেই আইনের সুযোগ নিয়ে আমরা আইন তৈরি করতে পারিনি, কিন্তু যতটুকু করতে পেরেছি তা অনেক। কারণ এ ব্যাপারে রাষ্ট্রপতির অনুমোদন লাগে, মন্ত্রিসভার অনুমোদন লাগে—এই সমস্ত এই ব্যাপারে দরকার হয়। সেজন্য আইন থাকা সত্ত্বেও বেশি কিছু করা যায়নি। কিন্তু আমরা ইউনিভার্সাল মেম্বারশিপকে কয়েক লক্ষে নিয়ে যেতে পেরেছি। কিন্তু যেখানে ১০ লক্ষ ভূমিহীন চাষি পাট্টা হোল্ডার আছেন, ক্ষেত মজুরের সংখ্যা যেখানে লাখে লাখে, সেখানে এটি আগে থেকে হওয়া উচিত ছিল। কিন্তু যা হয়েছে, তাও কম নয়। ইউনিভার্সাল মেম্বারশিপের সংখ্যা ১৯৭০-৮০ সালে ৩ লক্ষ ৩৭ হাজারের মতো হবে। এ সম্বন্ধে আরও ব্যাপক প্রচার হওয়া দরকার। গ্রামাঞ্চলের কৃষকদের মধ্যে অনেকেই এ সম্বন্ধে খোঁজ-খবর রাখেন না। যার ফলে সরকারিভাবে উদ্যোগ ভালভাবে নেওয়া সম্ভব হয়নি। তা সত্ত্বেও যা হয়েছে তা কম নয়। এ ক্ষেত্রে শেয়ারের টাকাটা গভর্নমেন্ট দিয়ে দেবেন—এই রকম নিয়ম আছে। কৃষক শুধুমাত্র অ্যাডমিশনের টাকা যা আছে, সেটা দিয়ে দরখাস্ত করবে, তার পর থেকে সে লোন নিতে পারবে।

[7-45 — 7-55 p.m.]

বিগত তিন বছরে ৩ লক্ষ ৩৭ হাজারকে সাধারণ সদস্য হিসাবে গ্রহণ করা হয়েছে এবং তার জন্য সরকারি তহবিল থেকে অনুদান দেওয়া হয়েছে শেয়ার বাবদ ইতিপূর্বে ৩৩ লক্ষ ৭০ হাজার টাকা এবং ১৯৮০-৮১ সালের টার্গেট ছিল ২ লক্ষ ১৮ হাজার এবং তার মধ্যে সাধারণ সদস্য ১ লক্ষ ১৪ হাজার এবং শিডিউলড কাস্ট ১ লক্ষ ১৪ হাজার এই মোট ২ লক্ষ ২৮ হাজার সদস্য হবে। কাজেই কো-অপারেটিভে কিছু হয়নি একথা সত্য নয়। আমি জানি বলাইবাবুর অনেক অভিজ্ঞতা রয়েছে। আমি তাকে জিজ্ঞাসা করছি মেম্বারশিপের ক্ষেত্রে পশ্চিমবাংলায় যা হয়েছে সেরকম দৃষ্টান্ত পশ্চিমবাংলার বাইরে আর কোথাও দেখাতে পারেন? আপনাদের স্বীকার করতেই হবে যে এই সমবায়কে বামফ্রন্ট সরকার অনেক দূরে এগিয়ে নিয়ে গেছে। আমরা জানি চাষি সর্বদিক থেকেই মার খাচ্ছে, সারের দাম বেড়ে গেছে ডিজেল পেট্রোলের দাম বৃদ্ধির ফলে পাম্প মেশিন চালাবার খরচ বেড়েছে অথচ চাষি ফসলের দাম সেইভাবে পাচ্ছে না। এবারে আলুর দাম যা হয়েছে তাতে তো মনে হয় সরকারকে আলু কিনতে হবে। আমরা ক্রপ ইন্সিওরেন্স চালু করেছি। কমার্শিয়াল ব্যাংক বেশি দিতে চায় না। আমরা টানাটানি করে ৬৫ লক্ষ টাকার ক্রপ ইনসিওরেন্স করেছি ৭৮-৭৯ সালে এবং ৭৯-৮০ সালে আমনে ৮০ লক্ষ টাকা এবং আলুতে ২০ লক্ষ টাকার ব্যবস্থা হয়েছে। কাজেই কিছু যে হয়নি এটা সত্য কথা নয়। কৃষির পরই আমাদের স্থান হচ্ছে তাঁত শিল্পীদের। তাদের অবস্থা কি ছিল সেটা তুলনা করার জন্য আমি একটা চিত্র দিচ্ছি। আমাদের

মাননীয় সদস্য অতীশবাবু ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত তাঁত শিল্প সমবায়ের চেয়ারম্যান ছিলেন। তখন স্টেট শেয়ার ছিল ১৬ লক্ষ টাকা এবং ৩১৬ জন মাত্র সদস্য ছিল এবং তারা অধিকাংশই ছিল বোগাস। মহাজনরাই ছিল বেশি, দোকান ছিল ৩৭টি এবং বিক্রি হত ২ কোটি ৪১ লক্ষ টাকা সমস্ত মিলিয়ে। কিন্তু আপনারা দেখুন ৩১/১২/৮০ তারিখ পর্যন্ত সেটা এসে দাঁড়িয়েছে স্টেট শেয়ার ২ কোটি ৬২ লক্ষ টাকা। কাজেই গরিবদের জন্য শুধু কথায় দরদ দেখালেই হবে না, কাজের মাধ্যমে এ দরদ দেখাতে হবে। তবে সুখের বিষয় ঐ দুকোটি ৬২ লক্ষ টাকার পরে আরও ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং সদস্য হয়েছে ৬৬৪ জন। বিক্রয়ের ক্ষেত্রে দেখছি যে, ৬ মাসের মধ্যে ১০ কোটি টাকা হয়েছে এবং আগামি দিনে আশা করা যাচ্ছে ১৫ থেকে ১৮ কোটি টাকা বিক্রি হবে এবং দোকানের সংখ্যা হয়েছে ৪৭টি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের দেশের প্রধান সমস্যা হচ্ছে কায়েমী স্বার্থ এবং দুষ্ট চক্রের হাত থেকে সাধারণ মানুষের স্বার্থ কিভাবে রক্ষা করা যায়। আমরা পঞ্চায়েতের মাধ্যমে অনেক সাফল্য লাভ করেছি। আমাদের অনেক কনভেনসন হয়েছে এবং পঞ্চায়েতের সঙ্গে কিভাবে সমবায়ের যোগ সাধন করা যায় সেটা চিন্তা করা হচ্ছে।

[7-50 — 8-00 p.m.]

গণতান্ত্রিক আবহাওয়া ওর মধ্যে কি করে ঢোকান যায় স্টেট লেভেলে, জেলা লেভেলে, ব্লক লেভেলে, অনেক কিছু হয়েছে। কিন্তু পঞ্চায়েতকে এই সমবায়গুলো যেন দারুণভাবে ভয় পায়, মনে করে যে ওদের হাতে গেলে সব চলে যাবে। ওরা বলেছে সমবায়ের দিকে দৃষ্টি কেন? সমবায় তো আমরা বেশ চালাচ্ছি। এতে এত দৃষ্টি দেবার কি দরকার? অর্থাৎ জনগণের সমবায় তারা পরিণত করতে চায় না। তারা মহাজনের হাতে রাখতে চায়, চোরাকারবারিদের হাতে রাখতে চায়। এই সারের কারবার, কাপড়ের কারবার, ঋণ নিয়ে নিজের মহাজনী করবে, এই সমস্ত জিনিস তারা নিজেদের হাতে রাখতে চায়। এই চক্রকে ভাঙতে হবে। সেইজন্য আমাদের আরও ব্যাপক উদ্যোগ দরকার। আজকে মাননীয় সমবায় মন্ত্রী যে বাজেট রেখেছেন এই ক্ষেত্রে আমি উল্লেখ করতে চাই, আগামী দিনে আমরা যে সঠিকভাবে কাজ করতে পারি—আমাদের জুট পারচেজের ক্ষেত্রে আজকে জে. সি. আই কি করছে? আজকে শুধু আমাদের এইসব কথা আলোচনা করলে হবে না, আমাদের সেটা বাস্তবে প্রয়োগ করতে হবে যে চাষিরা বারে বারে মার খাচ্ছে। আজকে যদি আমাদের তরফ থেকে জুট পারচেজ না করা হত তাহলে যতটুকু হয়েছে এটুকুও হত না। আরও বেশি সাকসেসফুল হতে পারত যদি জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া, ইন্দিরা কংগ্রেসের পরিচালিত কেন্দ্রীয় সরকার তাদের যদি সঠিক ভূমিকা থাকত। সেইজন্য আগামী দিনে এই সমস্ত জিনিসের দিকে আমাদের নজর দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই সমবায় একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, আমি বলেছি আগে এটা। জটিল এবং জনজীবনের ক্ষেত্রে সমবায় শোষণ ব্যবস্থার বিকল্প হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যবস্থা, একে আমাদের জনগণের কব্জার মধ্যে আনতে হবে। তারজন্য আমাদের সংগঠিতভাবে সংগ্রাম করতে হবে, কায়েমী স্বার্থের ঘাঁটি ভাঙবার জন্য যে সমস্ত ব্যবস্থা আছে তাকে সক্রিয় করতে হবে এবং আমাদের সরকারি উদ্যোগ, বে-সরকারি উদ্যোগ এই যৌথ উদ্যোগে পঞ্চায়েতকে সঙ্গে নিয়ে

যাতে আগামী দিনে এটা কার্যকর হয় সেদিকে দৃষ্টি আকর্ষণ করে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে এনেছেন তার উপরে আমি দু-একটি কথা বলতে চাই। আমার পূর্বের মাননীয় পান্নাবাবু যা বললেন কথাগুলো শুনে ভাল লাগল। তিনি বললেন এই পশ্চিমবাংলার নিপীড়িত, শোষিত, সাধারণ মানুষের ক্ষেত্রে এই সমবায় হচ্ছে একটা হাতিয়ার। এই সমবায়কে ভিত্তি করে একটা সমাজ গড়ে তোলা দরকার এবং তিনি বললেন সেটা হয়নি। এই বামফ্রন্টের আমলে সেটা হয়নি তিনি নিজে স্বীকার করেছেন সেইজন্য তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি ইকনমিক রিভিউ থেকে দেখাচ্ছি বামফ্রন্টের আমলে সমবায়ের ক্ষেত্রে এবং অন্যান্য সব ক্ষেত্রে কিরকম পেছনের দিকে হটে গেছে, কোনও অগ্রগতি হয়নি। ইকনমিক রিভিউ ১৯৮০-৮১ তাতে দেখছি নাম্বার অফ সোসাইটি এগ্রিকালচারের ক্ষেত্রে দেখা যাচ্ছে ১৯৬০-৬১ সালে ছিল ১২৭০৮, ১৯৭০-৭১ সালে ১৯৯০৫ কিন্তু ৭৮-৭৯ সালে দেখা যাচ্ছে সমবায়ের ক্ষেত্রে কোনও অগ্রগতি হয়নি এবং এই সরকারের আমলে সমবায় পিছনের দিকে হটে যাচ্ছে। ক্রেডিট সোসাইটির ক্ষেত্রে দেখা যাচ্ছে নাম্বার অফ মেম্বারস ৬০-৬১ সালে ১৫০০০, ১৯৭৮-৭৯ সালে স্টেট এবং সেন্ট্রাল ব্যাংকে নাম্বার অফ মেম্বারস কমিয়ে হল ৪০০০।

[7-55 — 8-05 p.m.]

দেখা যাচ্ছে দিনে দিনে সংখ্যা কমে যাচ্ছে। পশ্চিমবাংলার শোষিত মানুষদের জন্য এই সমবায় আন্দোলনের ভেতর দিয়ে ওঁর কিছু করা উচিত ছিল কিন্তু উনি কিছুই করতে পারেন নি খালি স্বপ্ন দেখে গিয়েছেন। উনি স্বপ্ন দেখেছেন, আমেরিকা থেকে মাছ আসবে, এভারেস্টের চূড়ায় মাছ চাষ করবেন এবং সেই মাছ বাঙালিদের খাওয়াবেন কিন্তু সমবায় দপ্তরের জন্য উনি কোনও চিন্তা ভাবনা করেননি বা করছেন না। সমবায় মন্ত্রী ভক্তিবাবুকে মাঝে মাঝে আলিমুদ্দিন স্ট্রিটে ডেকে পাঠানো হয় এবং তার কাজের ফিরিস্তি চাওয়া হয় সেটা আমরা জানি, কাজেই তিনি শান্তিতে কাজ করতে পারেন না। তিনি শুধু ঐ ফিশারিস ডিপার্টমেন্ট নিয়ে পড়ে আছেন, সমবায় দপ্তরের ক্ষেত্রে তিনি যে এই ৩।। বছরের কার্যকালের ভেতরে কিছুই করতে পারেননি সেটার প্রমাণ তার এই দপ্তরের কাজকর্ম পর্যালোচনা করলেই পাওয়া যাবে। স্যার, এই সমবায় দপ্তরে যে কি রকমের দুর্নীতি চলেছে তার একটা উদাহরণ দিই। বহরমপুরে যে ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে সম্প্রতি আমাদের কাছে খবর এসেছে সেই ব্যাঙ্কের সুপারভাইজাররা গ্রামে গ্রামে গিয়ে গ্রামের সমবায় সমিতির কাছ থেকে ভূয়া রসিদ দিয়ে টাকা নিয়ে এসেছেন। সেই টাকা ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ব্যাঙ্কে জমা পড়েনি ফলে সেক্রেটারিরা বিপদে পড়েছেন। স্যার, অনুসন্ধান করলেই দেখা যাবে এরকমের ঘটনা পশ্চিমবঙ্গের সর্বত্র ঘটছে। স্যার, আপনি জানেন, সংবাদপত্রে বেরিয়েছিল যে এই বামফ্রন্টের কোনও কোনও বিধানসভার সভ্য উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় গিয়ে এই বলে বক্তৃতা দিয়েছেন যে সমবায়ের ঋণের টাকা শোধ করতে হবে না। এই সমস্ত সদস্যরা এবং তাদের ক্যাডাররা একদিকে গ্রামের লোকেদের ঋণের টাকা দিতে নিষেধ করছেন অপরদিকে দেখা যাচ্ছে সমবায়

ব্যাঙ্কের কর্মচারিরা গ্রামে গ্রামে গিয়ে টাকা আদায় করার চেষ্টা করছেন এবং এইভাবে কন্ট্রাডিকশন হচ্ছে। ব্যাঙ্কের কর্মচারিরা সেখানে গিয়ে টাকা আদায়ের জন্য লাল নোটিশ পর্যন্ত দিচ্ছেন। এর ফলে একটা ভীষণ রকমের অসুবিধার সৃষ্টি হয়েছে। নির্মলবাবু এখানে বসে আছেন, উনি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান এবং সেই দৌলতে তিনি বিদেশের অনেক জায়গায় ঘুরেও এসেছেন শুনেছি কাজেই নিশ্চয় তার কৃতজ্ঞতা আছে এই বাজেট পাস হবার ব্যাপারে, তাই দেখছি তিনি ধৈর্য ধরে বসে আছেন। স্যার, এরকম ব্যক্তির সুযোগ সুবিধা থাকতে পারে কিন্তু সামগ্রিকভাবে আমরা দেখেছি এই সমবায় দপ্তরের মাধ্যমে সাধারণ মানুষের কোনও উপকার হয়নি। এখানে পান্নালালবাবু একটু আগে বললেন যে এখনও গ্রামের গরিব মানুষকে টাকায় ১০ পয়সা মাসে সুদ দিয়ে মহাজনদের কাছ থেকে টাকা ধার নিতে হয়। এই যে এতবেশি সুদ দিয়ে মানুষকে টাকা নিতে হয় এই ব্যবস্থা কিন্তু উচ্ছেদ করার কোনও চেষ্টা এই সরকার করেননি। এ ক্ষেত্রে সমবায়ের প্রসার হলে মানুষ তার থেকে ঋণ পেতে পারত এবং এই ব্যবস্থার উচ্ছেদ করা যেত কিন্তু সে ক্ষেত্রে অগ্রসর হওয়া যায়নি। সমবায়ের উপর আজ মানুষের কোনও আস্থা নেই। সমবায়ের ব্যাপারে আপনাদেরও কোনও ইন্টারেস্ট নেই, আপনাদের ইন্টারেস্ট আছে দেখছি পঞ্চায়েতের ব্যাপারে। পঞ্চায়েতের হাতে আপনারা অনেক টাকা দেবার ব্যবস্থা করেছেন। এটা আপনারা করেছেন তার কারণ আপনারা জানেন, পঞ্চায়েতে আপনাদের সমর্থিত লোক. বেশি সদস্য হয়ে এসেছেন, প্রধান হয়েছেন, চেয়ারম্যান হয়েছেন তাই পঞ্চায়েতের হাতে টাকা দিলে সেই টাকা আপনাদের কর্মীদের হাতে যাবে এবং তা গেলে আপনাদের পার্টি ফান্ড বাড়বে সেইজন্যই আপনারা পঞ্চায়েতের হাতে বেশি টাকা দিয়েছেন। আপনারা সমবায়ের মতোন প্রয়োজনীয় ক্ষেত্রে যদি একটু মদত দিতেন, সমবায়কে উৎসাহ দিতেন তাহলে দেশের অগণিত শোষিত, নিপীড়িত দরিদ্র মানুষ তার থেকে উপকৃত হতে পারত কিন্তু আপনারা তা করেননি, এ ব্যাপারে আপনারা সম্পূর্ণভাবে অমনোযোগী থেকে গিয়েছেন। এরপর আমি হাউসিং কো-অপারেটিভের প্রসঙ্গে আসছি। আপনারা গ্রামে গ্রামে কটা বাড়ি করেছেন আমাদের বলবেন। স্যার, আমরা দেখেছি, বাড়ি যা কিছু হয়েছে তা ঐ আরবান এলাকায় এবং মফস্বল শহরে দু/একটা হয়েছে কিন্তু সাধারণ মানুষ যারা বেশি সংখ্যায় গ্রামে থাকেন তাদের জন্য কোনও ব্যবস্থা হয়নি। গ্রামের মানুষদের আবাস্থল করে দেবার কোনও প্রচেষ্টা আপনাদের নেই।

আপনারা মুখে মেহনতি মানুষের দরদের জন্য বড় বড় কথা বলেন। আর মার্কস-এর কথা বলে এতদিন চালিয়ে এসেছেন। কিন্তু মানুষ এখন সজাগ হয়েছে, বেশি দিন এই জিনিস চলে না। আমি একটা ঘটনার কথা আপনাদের বলি। কয়েকদিন আগে আমি যখন বাসে আসছিলাম তখন একজন আপনাদের সি. পি. এম.-এর লোকের সঙ্গে কংগ্রেসের একজন কর্মীর তর্ক হচ্ছিল। সেই কংগ্রেস ভদ্রলোক বললেন, শুনুন, আপনার নকল মিস্টি আজও বিক্রয় হচ্ছে। কিন্তু মানুষ এখন আর অজ্ঞ নেই, নকল মিস্টি আর বিক্রয় করতে পারবেন না, কাজ করতে হবে। কো-অপারেটিভ বোর্ড যেখানে ছিল, সেই জায়গায় সেগুলিকে ভেঙ্গে অ্যাডমিনিস্ট্রের বসিয়েছেন এবং সেই অ্যাডমিনিস্ট্রেটরের মাধ্যমে আপনারা সেই সব জায়গায় নিজেদের দলীয় লোকেদের চাকুরি দিয়েছেন। উনি পোর্ট কমিশনারস কো-অপারেটিভ-এর কথা বললেন। সেই কো-অপারেটিভে আপনাদের নিজেদের লোককে চেয়ারম্যান করেছেন

এবং নিজেদের লোককে চাকুরি দিচ্ছেন। সেই কো-অপারেটিভ ভেঙ্গে যেতে বসেছে সেদিকে দৃষ্টি নেই। আপনার দলের কি করে উন্নতি হবে, দলের লোকেদের কি ভাবে সুবিধা হবে, সেটাই দেখছেন। এই মনোবৃত্তি থাকলে দেশের উন্নতি হবে না এবং পশ্চিমবঙ্গের লোক এটা কোনও দিন সহ্য করবে না। আরও একটা কথা বলি। আপনার বাজেট বক্তৃতার মধ্যে আছে যে সমবায় ভিত্তিতে আপনারা কোন কোন জায়গায় রাসায়নিক সার বিতরণ করেছেন। আমরা মুর্শিদাবাদ জেলায় দেখেছি যে কিছু কিছু আপনাদের প্রিয় সমবায় সমিতি আছে যারা অফিসারদের সঙ্গে যোগসাজস করে চলেছেন, সেই সব জায়গায় রাসায়নিক সার দিচ্ছেন। তারা যে সমস্ত রাসায়নিক সার নিচ্ছে সেগুলি তারা বেশি দামে বিক্রয় করে দিচ্ছে এবং বিক্রয় করার পরে উপরি যে টাকাটা সেটা ব্যাঙ্কের কর্মচারিদের সঙ্গে এবং সমবায় সমিতির সঙ্গে বখরা হচ্ছে। এই জিনিস চলছে, আপনি খোঁজ করে দেখবেন। আমার কাছে কয়েকজন কৃষক সমিতির লোক বলেছে যে মাস্টার মশায়, আমরা সার পাই না। কয়েকটি বিশিষ্ট সমবায় সমিতি আছে তারা মাঝে মাঝে সার পাচ্ছে। এর থেকে আমাদের ধারণা হচ্ছে যে নিশ্চয়ই তাদের সঙ্গে কর্মচারিদের একটা যোগসাজস আছে এবং টাকার লেনদেন-এর ব্যাপার আছে। এই ব্যাপারে আপনি খোঁজ খবর নেবেন। এই জিনিস যদি চলতে থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষ সহ্য করবে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা বিষয়ে আমি ধন্যবাদ দেব। তার বাজেট বক্তৃতা আমি পড়েছি। তিনি অবশ্য স্বীকার করেছেন যে আর্বান অ্যান্ড মার্কেটিং সোসাইটি বেড়েছে। তিনি বলেছেন যে কৃষি এবং কৃষি পণ্যের ক্ষেত্রে সমবায় সমিতিগুলি ব্যাহত হচ্ছে এবং কমছে। তার ভাষায় বলছি যে আর্বান ক্রেডিট সোসাইটির ক্ষেত্রে উন্নতি হয়েছে কিন্তু কৃষি এবং কৃষি পণ্য বিক্রয় সমিতির ক্ষেত্রে উন্নতি পিছিয়ে পড়েছে—এটা তিনি স্বীকার করেছেন। এখন গ্রামের যে অসংখ্য দরিদ্র মানুষ মেহনতি মানুষ, যা গ্রামে বাস করে তাদের জন্য যদি কৃষি এবং কৃষিপণ্যের অগ্রগতি দেখাতে না পারা যায়, সে ক্ষেত্রে যদি পিছিয়ে থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষ কিছুতেই ক্ষমা করবে না। এটা কোনও উন্নতির লক্ষ্যণ নয়। কেননা, দেহের সমস্ত রক্ত যদি মাথায় এসে জমে তাহলে সেটাকে স্বাস্থ্য বলা যায় না। তেমনি শহরে আর্বান ক্রেডিট সোসাইটির উন্নতি করবেন, আর গ্রামের মানুষের উন্নতি করবেন না—এটাও সুস্থ্য লক্ষ্যণ বলা যায় না।

[8-05 — 8-15 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, তিনি হাই কোর্টের একজন বিচারপতিকে দিয়ে সমবায় সমিতির নিয়ম-কানুন পাল্টাবার চেষ্টা করছেন। এটা তার সৎ প্রচেষ্টা তাতে কোনও সন্দেহ নাই, কিন্তু একটা বিষয়ে আমি তাকে সতর্ক করে দিতে চাই—তার যে বড়-দাদারা আছেন, বড় দলেরা আছেন তাদের নির্দেশ অনুযায়ী যদি আইন তৈরি হয় তাহলে সেটা দলীয় আইনে পরিণত হয়ে যাবে—তিনি যেন সে বিষয়ে একটু সজাগ থাকেন। সবশেষে আমি বলতে চাই যে, এই বাজেটের দ্বারা সমবায় ক্ষেত্রের কোনও উন্নতি হওয়া সম্ভব নয়, তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বোস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় সমবায় বিভাগের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কিছু বক্তব্য

রাখছি। শেষ বেলায় সমবায় নিয়ে আলোচনা হচ্ছে, রাতও হয়েছে, সেই জন্য আমি আমার বক্তব্যকে দীর্ঘ করব না। প্রথমেই আমার একটা কথা মনে হয়েছে, এবং সেটা আমি আপনার কাছে নিবেদন করতে চাই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লোকসভায় একটা বিশেষ ব্যবস্থা আছে, যারা যেদিন বক্তৃতা করেন তার পরের দিন তাদের সেই বক্তৃতার সংক্ষিপ্তসার ছাপিয়ে প্রচার করা হয়। আমাদের এখানে যে বক্তৃতা হয় তার কিছু কিছু অংশ খবরের কাগজে বেরয়। খবরের কাগজে জায়গা কম—বিজ্ঞাপন আছে, নিউজ প্রিন্টের অভাব আছে, তারপরে এত রাত পর্যন্ত অধিবেশন চললে খবরের কাগজের বন্ধুরা এখানে সবাই থাকতে পারে না—যার ফলে সবটা বেরয় না। কিন্তু আমরা এখানে যে বক্তৃতা করি তা ছাপিয়ে বের করা দরকার। যারা আমাদের ভোট দিয়ে পাঠান তাদের জানা দরকার যে, আমরা কি রকম জ্ঞানগর্ভ ভাষণ দিই। এই মাত্র কংগ্রেস (আই) দলের শেখ ইমাজুদ্দিন সাহেব বক্তৃতা করলেন, তার বক্তৃতার পুরোটা ছাপিয়ে বিলি করা উচিত। তিনি কি বললেন? তার সমবায় সম্বন্ধে বিন্দু মাত্র কান্ডজ্ঞান নেই। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক আর স্টেট কো-অপারেটিভ সোসাইটির মধ্যেকার পার্থক্যটুকুও তিনি জানেন না। তিনি আমাকে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান বানিয়ে দিলেন। যদিও মাছের সঙ্গে সমবায়ের একটা সম্পর্ক আছে, কিন্তু মৎস্য বিভাগের সঙ্গে সমবায় বিভাগের যে কোনও সম্পর্ক নেই, সেটাও তার জানা নেই। যেহেতু ভক্তিবাবু উভয় বিভাগের মন্ত্রী সেহেতু এই সুযোগে তিনি মাছ দিয়ে গালাগাল দিয়ে গেলেন। আমার মনে হল সমবায় সম্বন্ধে তিনি কিছুই বোঝেননি এবং বোঝেননি বলেই ঐ সব বলে গেলেন। ওদিকে জয়নাল সাহেব আছেন, যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন, তার কাছ থেকে তো কিছু জেনে নিতে পারতেন। তারই দলের লোক অতীশ সিংহ মশাই তো সমবায় বিভাগের মন্ত্রী ছিলেন, তিনিও তো একটু মাস্টারি করলে পারতেন, ইমাজুদ্দিন সাহেবকে একটু শিখিয়ে দিলে পারতেন, একটু ব্রিফ করলে পারতেন। আমাদের সময়ের দাম আছে, যে যা খুশি বলে যাবেন আর আমরা কি তা বসে বসে শুনব?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কের উদ্বোধন করতে গিয়ে আমাদের এই সভার প্রবীণ সদস্য শ্রদ্ধেয় ব্যক্তি শ্রী বলাইলাল দাস মহাপাত্র মহাশয় বলেছেন যে, সমবায় ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে। সত্যি কথা পিছিয়ে আছে, অনেক ক্ষেত্রেই পিছিয়ে আছে, কিন্তু কেন? ১৯০৪ সালে নাকি ভারতে সমবায় আন্দোলন আইন-গত ভাবে শুরু হয়েছে। তা আমি ইংরাজ আমলের কথা ছেড়েই দিলাম, কিন্তু ১৯৪৭ সাল থেকে—ভারত স্বাধীন হওয়ার পর থেকে—১৯৭৭ সাল পর্যন্ত কি হয়েছে? ভারত স্বাধীন হওয়ার পর প্রধান মন্ত্রী জহরলাল নেহেরুর নেতৃত্বে সমবায়কে গুরুত্ব দেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবাংলায় সমবায় কোথায় আছে, কি অবস্থায় আছে? আজকে ইন্দিরা কংগ্রেসকে কি বলতে হচ্ছে? ওরা দুর্নীতির কথা বলছেন। ইমাজুদ্দিন সাহেব বললেন ব্যাঙ্কে দুর্নীতি চলছে, সুপারভাইজার দুর্নীতি করছে। তা নিয়ে আমি তাকে জিজ্ঞাসা করি যে, যে-ব্যাঙ্কের সুপারভাইজার দুর্নীতি করছে উনি বললেন, সেই ব্যাঙ্কের কর্তৃত্বে কারা আছে? কারা তাকে নিয়োগ করেছে? সেই সুপারভাইজারকে কি এই সরকার নিয়োগ করেছেন? তিনি কি এটাও জানেন না? ঐ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটিতে কারা আছে, এটা সবাই জানে এবং ঐ দুর্নীতিগ্রস্ত কর্মচারীকে

কারা নিয়োগ করেছে তাও সবাই জানেন। আমরা জানি দীর্ঘদিন ধরে সমবায় ক্ষেত্রে দুর্নীতি চলছে। তথাপি এরই মধ্যে দিয়ে কিছু কিছু যে অগ্রগতি হয়নি তা নয়। কিন্তু মোটামুটি চেহারাটা কি? আমাদের মাননীয় সদস্য পান্নালাল মাঝি বলেছেন যে, আমাদের লক্ষ্যে আমরা পৌঁছতে পারিনি। তিনি অত্যন্ত সুন্দরভাবে বিষয়টি বুঝিয়ে বলেছেন। কত টাকার ব্যবসা বেড়েছে এটা প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে সমবায়ের উদ্দেশ্য কি? সমবায়ের উদ্দেশ্য দরিদ্র মানুষের উন্নতি করা। কিন্তু আজ পর্যন্ত এখানে দরিদ্র মানুষ সমবায়ে প্রবেশ করতে পারেনি। যাদের একটু অবস্থা ভাল তারা সমবায়কে দখল করে বসে আছে। একেবারে বড়লোকেরা এখানে আসে না। কিন্তু গ্রামের প্রান্তিক চাষী, ভাগচাষী, ক্ষেতমজুর, দরিদ্র জেলে, বস্তিবাসী, দরিদ্র মহিলারা আজও এর মধ্যে নেই।

● অধিকাংশ সমবায় সমিতিতে দুর্নীতি এবং কায়েমি স্বার্থের কর্তৃত্ব। এইভাবে অনেক সমিতি নষ্ট হয়ে গেছে, শেষ হয়ে গেছে। সমবায়টা সরকারের ব্যাপারে নয়, কিন্তু ভারত একটা উন্নয়নশীল দরিদ্র দেশ—এখানে সরকারের একটা ভূমিকা আছে। সেইজন্য বামফ্রন্ট সরকার আসবার পর নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে সমবায়কে সঠিক পথে পরিচালিত করার চেষ্টা করে চলেছে। সবটা হয়েছে এই দাবি মন্ত্রী মহাশয়ও করেন না এবং আমরাও এই দাবি করি না কিন্তু ঠিকপথে চালাবার চেষ্টা হয়েছে। এই ৪ বছরে অন্তত দরিদ্র মানুষগুলি সমবায়ের মধ্যে এগিয়ে এসেছে এবং দুর্নীতি অনেকখানি দূর করবার চেষ্টা হয়েছে। তাতেও উপর মহলে গেল গেল রব—হাইকোর্টে গিয়ে মামলা করবার চেষ্টা হয়েছে। সমবায়কে বন্ধ করবার চেষ্টা করা হয়েছে। আমরা সমবায়কে পঞ্চায়েতের সঙ্গে, কৃষক সংগঠনের সাথে যুক্ত করবার চেষ্টা করেছি এবং এই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা এগিয়ে চলেছি। সবটা হয়ত সম্ভব হবে না। কারণ, এই সমাজ ব্যবস্থা যতদিন থাকবে সমবায়কে দিয়ে আমরা সবটা করতে পারব না কিন্তু কিছু তো পারব। সমবায়কে দিয়ে গ্রামীণ অর্থনীতির কিছুটা উন্নতি করা যাবে, গরিব মানুষদের অবস্থায় কিছুটা উন্নতি করা যাবে। সেই কারণে বামফ্রন্ট সরকার সমবায় নিয়ে অগ্রসর হবার চেষ্টা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পান্নাবাবু তার বক্তৃতার মধ্যে এই ৪ বছরে সমবায় কতটা অগ্রসর হয়েছে তা তার বক্তৃতার মধ্যে রেখেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও তার মুদ্রিত ভাষণে এই সম্পর্কে বলেছেন, আমি আর তার মধ্যে যাব না, আমি বর্তমানে সমবায় আন্দোলনের ক্ষেত্রে যে কটি সমস্যা আছে সংক্ষেপে আলোচনা করে কয়েকটি প্রস্তাব রাখব। প্রথম কথা যে, সমবায় কৃষি ঋণ যেটা দেওয়া হয় ব্যাঙ্কের মাধ্যমে তার পরিস্থিতি যেটা দাঁড়িয়েছে সেটা একটা গুরুতর অবস্থায় উপনীত হয়েছে। তার কারণ অনেক টাকা বাকি পড়ে আছে যেটা গতকাল প্রশ্নোত্তরের সময়ে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এবং তার আজকের বক্তব্যেও আছে। ইমাজুদ্দিন সাহেব আজকে বললেন, উত্তরবঙ্গে মন্ত্রী মহাশয় নাকি বলেছেন সমবায় ঋণ শোধ দেবেন না। আমার জানা আছে, আমি গ্রামে গঞ্জে ঘুরে বেড়াই, আমি জিজ্ঞাসা করি ইমাজুদ্দিন সাহেবকে, মহারাষ্ট্র সরকার কাদের সরকার? মহারাষ্ট্র সরকার আনতুলে সাহেবের সরকার, ইন্দিরা গান্ধীর সরকার—তারা সমবায় ঋণ মকুব করে দিয়েছেন। এই তো তাদের দৃষ্টিভঙ্গি? আজকে একথা ঠিক, এই যে সমবায় ঋণ সেটা ব্যাঙ্কের মাধ্যমে আসে—সেটা স্বল্প মেয়াদি ঋণই হোক আর দীর্ঘ মেয়াদি ঋণই হোক—সেটা সরকারের টাকা নয়—এটা রিজার্ভ ব্যাঙ্ক থেকে আসে এ ইনস্টিটিউট অফ ফিনান্স তার টাকা।

সেই টাকা শোধ দিতে হবে। যদি আমরা শোধ না দিই তাহলে নতুন ঋণ পাওয়া যাবে না। ঋণের ক্ষেত্রে শোধ দেওয়ার প্রবণতাকে যদি তৈরি করতে না পারি তাহলে এইসব প্রতিষ্ঠান চলবে না। কিন্তু পশ্চিমবঙ্গে পর পর কয়েকটি সমস্যা হয়ে গেছে। বন্যা হয়েছে, খরা হয়েছে এবং বিশেষ করে মহারাষ্ট্র, তামিলনাড়ু, কর্ণাটক, এবং অন্ধ্র একটার পর একটা ঋণ মকুব করে দেবার পর কথা এই উঠেছে। আজকে তাই পরিষ্কার করে বলতে চাই, নিচের তলায় যেমন কৃষি ঋণের ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মকুব করেছেন—সরকারের টাকা সরকার মকুব করে দিয়েছেন কিন্তু সমবায়ের ক্ষেত্রে যে ঋণ দেওয়া হয়েছে সরকার সেটা সরাসরি মকুব করতে পারবেন না, সম পরিমাণ টাকা ধরে দিতে হবে ব্যাঙ্কে—আমি প্রস্তাব করছি, নিচের তলায় যারা দরিদ্র মানুষ তাদের ক্ষেত্রে কিছু ঋণ, সুদ মকুব করা হোক। কিন্তু অবস্থাপন্ন যারা তাদের কোনও ঋণ, কোনও সুদ যেন মকুব করা না হয় এবং তাদের কাছ থেকে ঋণ আদায় করতে হবে। এদের পিছনে মদত দিচ্ছে কারা? ঐ ইন্দিরা কংগ্রেসের লোকেরা। তারা এই সব বড়লোকদের পিছনে দাঁড়িয়ে বলছে টাকা শোধ দিও না আর এখানে এসে বক্তৃতা করছেন যে, বামফ্রন্ট সরকার বলছেন টাকা শোধ দিও না। আমার কথা অত্যন্ত পরিষ্কার, যাদের সামর্থ আছে তাদের দিতে হবে। কিন্তু নিচের দিকে গরিব মানুষ যারা তাদেরকে মকুব করতে হবে, তাদের দেওয়ার ক্ষমতা নেই। বামফ্রন্ট সরকার নানা ক্ষেত্রে অনেক সুযোগ-সুবিধা দিয়েছেন—এটার ক্ষেত্রে যেন দেন। কিন্তু এই ঋণ-দান প্রতিষ্ঠানকে বাঁচিয়ে রাখতে হবে, তাকে শক্তিশালী করে তুলতে হবে, এর ত্রুটি-বিচ্যুতি দূর করে যাতে ঠিকমতো দাঁড়াতে পারে সেইদিকে লক্ষ্য রাখতে হবে। কালকে মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছেন এই কক্ষে যে অল্প কয়েকদিনের মধ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং আমি আশা করব অবিলম্বে করা দরকার। তার কারণ, ফসল উঠে গেছে, লোকেদের ঋণ দেবার যে ক্ষমতা সেই ক্ষমতা দিনের পর দিন চলে যাচ্ছে। সুতরাং বেশি দেরি করা উচিৎ নয়।

[8-15 — 8-25 p.m.]

তাহলে পরে আমরা ঠিকমতো ঋণ আদায় করতে পারব না। তাই ঋণদান সমিতির স্বার্থে, ব্যাঙ্কের স্বার্থে অতি দ্রুত এই বিষয়ে সিদ্ধান্ত হওয়া দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানটাতে মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে বলেছেন ক্রেতা সমবায়ের কথা। আজকের দিনে ক্রেতা সমবায়ের গুরুত্ব অনেক বেশি, বিশেষ করে জিনিসপত্রের দাম অনেক বেড়ে চলেছে, পুঁজিবাদী ব্যবস্থার ভিতরে সবটা নিয়ন্ত্রণ করা যাবে না। উৎপাদন এবং বন্টন ব্যবস্থা তাদের হাতে থাকবে, মাঝখানে ক্রেতা সমবায় কিছু করতে পারবে না, কিন্তু এই ক্রেতা সমবায়কে শক্তিশালী করা দরকার তা না হলে নিয়ন্ত্রণ করা যাবে না। আরও যেদিকে নজর দেওয়া দরকার, সেটা হল যারা নিজেরা কিছু উৎপাদন করতে পারে—বিদেশে যেখানে সমবায় আন্দোলন শক্তিশালী হয়েছে নিজেরা উৎপাদন করে, আমরা যদি বিভিন্ন জিনিস ক্রেতা সমবায় সমিতির মাধ্যমে উৎপাদন করতে পারি তাহলে আর ধনী ব্যবসায়িদের উপর নির্ভর করতে হয় না, উৎপাদকদের উপর নির্ভর করতে হয় না। এদিকে আমাদের নজর দেওয়া দরকার। বামফ্রন্ট সরকার আর একটি দিকে খুব উল্লেখযোগ্যভাবে অগ্রসর হয়েছে, সেটা হল যে দীর্ঘকালের অবহেলার ফলে পশ্চিমবঙ্গের—অনগ্রসর শিল্প, যে সব কলকারখানা বন্ধ হয়ে গেছে, সেই সব রুগ্ন এবং বন্ধ কলকারখানার অনেকগুলির শ্রমিকরা সমবায়

সমিতির মাধ্যমে পরিচালনার ব্যবস্থা করেছেন। এটা একটা সঠিক পদক্ষেপ, তাই পশ্চিমবঙ্গের শিল্প প্রসারের ক্ষেত্রে সমবায়কে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। এই বন্ধ কারখানাগুলি পুরনো মালিকদের হাতে ছেড়ে না দিয়ে, সরকার শ্রমিকদের হাতে দিয়ে যাতে নিজে পরিচালনা করতে পারেন সেদিকে আরো লক্ষ্য রাখা উচিত। এই প্রসঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই উত্তরবঙ্গে যে চা বাগান এলাকা রয়েছে সেখানে অনেক উদ্বৃত্ত ভেস্ট করা জমি পড়ে আছে এইসব জমি সেখানকার বেকার ছেলেদের হাতে দিয়ে—চা বাগানের মজুরদের ছেলেদের হাতে দিয়ে সমবায়ের মাধ্যমে চা উৎপাদনের ব্যবস্থা করা উচিত। সমবায় ভিত্তিক চা বাগান যেমন দক্ষিণ ভারতের নীলগিরি পাহাড়ে আছে, আমাদের এখানেও ঐরকম করা উচিত, বা আমাদের এদিকে চেষ্টা করা উচিত। মাছ এবং দুধের কথা অন্য বক্তারা বলেছেন, একথা ঠিক যে অন্য রাজ্যে মাছ যেভাবে সমবায়ের মাধ্যমে অগ্রসর হচ্ছে কংগ্রেসি আমলে এখানে সেরকম অগ্রসর হয়নি, কিন্তু এখন সে চেষ্টা শুরু হয়েছে, জেলায় জেলায় শুরু হয়েছে এবং মৎস্য চাষীদের সমবায়কে আরও বেশি সংগঠিত করার চেষ্টা হচ্ছে। বলাইবাবু জানেন জাতীয় সমবায় দিঘাতে, উন্নয়নের উদ্যোগে সেখানে একটা মৎস্যজীবীদের সমবায় সমিতির জন্য বিশেষ প্রকল্প চালু করা হয়েছে এবং সেই প্রকল্পের ফলে ভাল কাজ হচ্ছে এবং আমি আশা করি ভাল মৎস্য চাষের সমবায় আরও অগ্রসর হবে। দুধ উৎপাদন—আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, হিমুল উৎপাদনের চেষ্টা করছেন, এখন হয়ত আমরা অনেক অগ্রসর হতে পারিনি কিন্তু পরে হয়ত আমরা আমুলের পর্যায়ে পৌছাতে পারব। কিন্তু সেই উত্তরবঙ্গের হিমুল, হিমালয়ান মিল্ক ইউনিয়ন এবং মুর্শিদাবাদের ভাগীরথি মিল্ক ইউনিয়ন, এগুলির যদি আমরা ঠিকভাবে গড়ে তুলতে পারি সেদিকে আমাদের বিশেষ করে লক্ষ্য রাখা দরকার। আমি আগেও বলেছি এবং এখনও বলতে চাই যে যেভাবে সমবায় নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবঙ্গে অগ্রসর হচ্ছে, চাষের ক্ষেত্রে ও সমবায়কে অগ্রাধিকার দেওয়া দরকার। কো-অপারেটিভ ফার্মিং করে যে সমস্ত উদ্বৃত্ত ভেস্ট করা জমি ভূমিহীনদের মধ্যে বন্টন করা হচ্ছে সেখানে প্রাধান্য দেওয়া দরকার। যারা সমবায় ভিত্তিক চাষ করতে রাজি হবে কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি করবে তাদেরকে কেবলমাত্র ভেস্ট করা জমি বন্টন করা হোক। এ প্রস্তাব আমি এখানে করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অন্যান্য কয়েকটি বিষয়ের কথা আমি বলেছি, সমবায়ের কর্মচারিদের সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে একটা কমিটি হয়েছে, আজকে এই দায়িত্ব গ্রহণ করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যে বলেছেন যে কৃষি সমবায় সমিতি প্রাইমারি লোকাল ক্রেডিট সোসাইটি সমবায় কৃষি উন্নয়ন সমিতির ম্যানেজারদের দেওয়া, কমন ক্যাডারের ব্যাপারে নূতন আইন আসছে। কেবলমাত্র কৃষি সমবায় সমিতি নয় অন্যান্য সমবায় সমিতি রয়েছে, তাদের কর্মচারিদের অবস্থা ভাল নয়, এই বিষয়ে সরকারকে দায়িত্ব গ্রহণ করতে হবে এবং যদি কর্মচারিরা ঠিক তাদের বেতন, চাকুরির শর্তাদির ব্যবস্থা এবং অবসরকালীন ভাতার ব্যবস্থার প্রতিশ্রুতি না পান তাহলে তারা ঠিকভাবে কাজ করতে পারেন না এবং আমি মনে করি সমবায় আন্দোলনকে সফল করতে গেলে সরকারের আরও উদ্যোগ গ্রহণ করা দরকার। যে সব নেতৃত্বের উদ্যোগ গ্রহণ করা দরকার সমবায় নেতৃত্বের অংশ নিয়ে সরকারি, বেসরকারি নেতৃত্ব এবং কর্মচারিদের ব্যাপারে সরকারকে দায়িত্ব গ্রহণ করতে হবে। তারা বর্তমানে যে বেতন পায় তাতে তাদের চলে না। সরকার এই নীতি গ্রহণ ও স্বীকার করেছেন, সেজন্য আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি।

এ কথা মন্ত্রী মহাশয় তার বক্তৃতার মধ্যে বলেছেন যে সমবায় আন্দোলনের প্রসারের ক্ষেত্রে শিক্ষণ এবং প্রশিক্ষণের গুরুত্ব খুব বেশি। শিক্ষা সদস্যদের জন্য এবং যারা সদস্য হননি তাদের জন্য দরকার। এর দ্বারা গরিব মানুষের অবস্থার উন্নতি করা যায়। সুতরাং এ সম্পর্কে যথেষ্ট প্রচার দরকার এবং যারা সদস্য হয়ে আসছেন তাদের উপর যাতে কেউ কাঁঠাল ভাঙতে না পারে তার জন্য এই শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে। অর্থাৎ প্রশিক্ষণ ব্যবস্থা যথেষ্ট করা দরকার। ছয়টা প্রশিক্ষণ কেন্দ্র আছে এবং একটি কলেজ আছে, এটা যথেষ্ট নয়। এর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে। তাই ব্যাপক প্রচার, ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার। অবশ্য সমবায় ব্যাপারে সরকার গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে একটা আশা, উৎসাহ সৃষ্টি করতে পেরেছেন গরিব মানুষদের মধ্যে। কিন্তু এই কাজকে আরও সাফল্য মন্ডিত করতে গেলে ক্ষুদ্র শিল্প বিভাগ, পশুপালন বিভাগ, মৎস্য চাষ বিভাগ, ভূমি রাজস্ব বিভাগের মধ্যে সমন্বয় করা দরকার। এই সমন্বয় জেলা ও রাজ্য স্তরে থাকা দরকার। আমার শেষ কথা হচ্ছে গ্রামে ও শহরে সমবায় সমিতিগুলি এখনও কায়েমি স্বার্থের দখলে আছে এগুলিকে আজ ভাঙতে হবে। গরিব মানুষদের মধ্যে সমবায় প্রসার করার যে বাধা আছে তা দূর করতে হবে। এটা একটা গণতান্ত্রিক আন্দোলন এবং সরকারকে বাদ দিয়ে এটা করলে হবে না। সুতরাং জনসাধারণের আন্দোলন হিসেবে একে গড়ে তোলার চেষ্টা করুন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** স্যার, এই সরকারের ক্ষমতা যেমন সীমিত, তেমনি সমবায় দপ্তরের ক্ষমতাও সীমিত এবং এর আলোচনাও সীমিত। এই সীমিত সময়ের মধ্যে সীমিত ক্ষমতা নিয়ে সীমিতভাবে গত ৩০ বছর ধরে সমবায় সমিতিগুলি কায়েমি স্বার্থের কুক্ষিগত ছিল। এক এক জনে ৫০/৬০টা শেয়ার হোল্ডার হয়ে নিজেরাই একে ব্যবহার করেছে। এখন গরিব মানুষদের শেয়ার মানি দিয়ে এবং সুদের টাকা ১১ টাকা থেকে ৪ টাকা কমিয়ে এনে সমবায় আন্দোলনে গরিব মানুষদের উৎসাহিত করার যে প্রচেষ্টা সমবায় মন্ত্রী এবং সমবায় দপ্তর গ্রহণ করেছেন সেটা ভালোই করেছেন এবং আমি তাকে সমর্থন করছি। এই সঙ্গে কয়েকটা দিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সমবায় মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন এবং তার যে বিবৃতি তার ২.৩ ও ২.৪ অনুচ্ছেদে তাতে গরিব মানুষদের সমবায়ের সদস্য হিসাবে যে পরিমাণ টাকা ঋণ দান ব্যাপারে বরাদ্দ সেখানে দেখা যাচ্ছে মাথা পিছু ২০০ টাকার বেশি ঋণ পেতে পারে না। এতে এক একরের বেশি জমি চাষ করা যায় না, অন্যের কাছে ঋণ নিতে যাবে না এটা কি সম্ভব হবে? এই বাজেট বিবৃতির মধ্যে সমাজের প্রায় সব সমবায় শ্রেণী, ক্রেতা সমবায় থেকে আরম্ভ করে শিল্প সমবায়, মৎস্য সমবায় ইত্যাদি সমস্ত কিছু আছে—নেই কেবল সমবায় জল প্রকল্প। কিছুদিন আগেও যারা কায়েমি স্বার্থে প্রতিভূ ছিলেন তারা চাষের ক্ষেত্রে সরকারের সমস্ত অর্থ বিনিয়োগ করার জন্য টাকা পেতেন। শ্যালো বা ডিপ টিউবওয়েল বসানোর যে খরচ তাতে শ্যালো টিউবওয়েল যারা বসাত তাদের অনেকের ঋণ মকুব হয়েছে।

[8-25 — 8-35 p.m.]

আমার এলাকায় দুটো সমবায় সেচ প্রকল্প আছে। কিন্তু এখন সেখানকার চাষীরা মার খাচ্ছে। সমবায় সেচ প্রকল্পে যারা শ্যালো টিউবওয়েল করেছে সমবায় মনোভাব নিয়ে তাদের

আপনি সাবসিডি দিন। প্রতি টিউবওয়েলের জন্য দেড় হাজার টাকা করে ভরতুকি সমবায়ের ক্ষেত্রে আজও সম্প্রসারিত হয়নি। আশা করব এ দিকে মন্ত্রী মহাশয় গুরুত্ব দিয়ে তাদের ভরতুকি দেবার ব্যবস্থা করবেন যাতে সমবায় সেচ প্রকল্পের দিকে সমবায় মনোভাব নিয়ে কৃষকরা এগিয়ে আসতে পারে। এই সঙ্গে সঙ্গে বলব সমবায়ের দিকে যাতে দুর্বলতর শ্রেণী এগিয়ে আসে সেদিকে দৃষ্টি দিতে হবে। ৯১টা সমবায় বিপনন প্রতিষ্ঠানের মধ্যে দিয়ে সহায়ক মূল্যে জিনিস দরিদ্র কৃষকদের কাছে পৌছে দেবার ব্যবস্থা হচ্ছে। বাংলার কৃষক ঋণ নিয়ে জন্মায়, ঋণ নিয়ে বাঁচে, ঋণ নিয়ে মরে—এই যে প্রবাদ বাক্য তা দূর করতে হবে। সেজন্য বলছি যে তাদের উৎসাহিত করার জন্য সহায়ক মূল্যে, সঠিক মূল্যে জিনিস বিক্রি করার এবং কেনার ব্যবস্থা করতে হবে। দুর্বল শ্রেণী ডিস্ট্রেস সেল করার জন্য মহাজনের শিকার না হয় তারজন্য বিপণন সমিতির দিকে গুরুত্ব দিলে, সমবায় সমিতি সম্প্রসারিত করলে তারা বাঁচবে। আর একটা বিষয়ে বলতে চাই তাহল তমলুক মহকুমায় তাম্রলিপ্ত কোপারেটিভ সোসাইটির কথা। তার অবস্থা এমন হয়ে গেছে যে কম অংশীদারের লোকেরা যেখানে শেয়ার হোল্ডার ছিল তারা প্রায় সব উচ্ছেদ হয়ে যাচ্ছে। এদিকে দৃষ্টি দিয়ে সমবায়ের দিকে যদি গরিব মানুষগুলিকে এগিয়ে নিয়ে আসা যায় তাহলে এটা বাঁচতে পারে। সমবায়ের মাধ্যমে জলপথ পরিবহন ব্যবস্থাকে আরও সম্প্রসারিত করতে হবে। হলদিয়া থেকে সবং থানার মোহড়া পর্যন্ত হলদি নদীর উপর একটা জলপথ পরিবহন ব্যবস্থা হিসেবে লঞ্চের ব্যবস্থা করলে মেদিনীপুরের দুর্গম এলাকার সমস্যার সমাধান হয়। এবং দুর্বল শ্রেণীর লোকেদের পরিবহন খরচ কম হয় এবং শিল্প এলাকায় কৃষকরা তাদের জিনিসপত্র পৌছে দিতে পারে। এদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে মানুষকে আটকে রাখার যে ব্যবস্থা আছে তাকে দূরীভূত করার জন্য এই সমস্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনার কাছে আবেদন রেখে আপনার এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগে মাননীয় মন্ত্রী মহাশয় ব্যয় বরাদ্দের এই যে প্রস্তাব এনেছেন আমি সর্বান্তকরণে তা সমর্থন করছি। কিন্তু এই প্রসঙ্গে কতকগুলি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা আমি একান্ত প্রয়োজন বলে মনে করছি। আপনারা জানেন যে, কংগ্রেসি রাজত্বে এই রাজ্য সমবায় আন্দোলনে বাস্তু ঘুঘুদের একটা আড্ডাখানায় পরিণত হয়েছিল, কিন্তু বামফ্রন্ট শাসনকালে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এই বাস্তুঘুঘুদের আড্ডা সম্পূর্ণভাবে ভাঙতে পারেননি। ফলে সাধারণ মানুষের মনে এই সমবায় আন্দোলন নূতন কোনও আশায় সঞ্চার করতে পারেনি। সমবায় ব্যাঙ্কগুলির মাধ্যমে যে পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল তার বেশির ভাগ টাকা কিছু সংখ্যক মতলববাজ লোকের হাতে পড়েছে। এই টাকা দেশের শিল্প বা কৃষি উন্নয়নের খাতে ও জনস্বার্থে কোনও কাজে লাগেনি। সমবায়ের বিভিন্ন স্তরে কিছু পদস্থ কর্মচারী ও মতলববাজ লোকদের নিয়ে যে দুর্নীতিচক্র কংগ্রেসি রাজত্বে গড়ে উঠেছিল সেগুলোও সম্পূর্ণ রূপে ভাঙা হয়নি। সমবায় প্রতিষ্ঠানগুলির পরিদর্শকগণ অনেক জায়গায় নিজেরাই দুর্নীতির বাহক। সমবায় কৃষিঋণ ব্যাঙ্কগুলির মাধ্যমে যে ঋণ সাধারণ কৃষকদের দেওয়া হয়, সেগুলির সুদের হার কাবুলিওয়ালাদের চাইতে অনেক বেশি, এবং কৃষকদের চাষের সময়ে এই ঋণ বিতরণ করা হয় না। সমবায় ব্যাঙ্ক এবং বিভিন্ন প্রতিষ্ঠানগুলিতে কর্মচারিদের বেতন, ভাতা ও চাকুরিগত

অন্যান্য সুযোগ-সুবিধার কোনও সামঞ্জস্য নেই। বিভিন্ন ক্রেতা সমবায় ও এমপ্লয়িজ কো-অপারেটিভ জিনিসপত্র বিক্রির সময়ে অস্বাভাবিক বেশি দাম নিয়ে থাকে। এই ব্যাপারে উদাহরণ দিয়ে বলতে পারি যে, অ্যাসেম্বলিতে যে ক্যান্টিন আছে সেখানে এই অবস্থা আছে। সর্বশেষে আমার এই উল্লেখিত বিষয়গুলির প্রতিকারের দাবি জানাই এবং সমবায় আন্দোলন যাতে সত্যিকারের গরিব মানুষের মধ্যে উৎসাহের সৃষ্টি করতে পারে এবং বড়লোকদের শোষণের বিরুদ্ধে হাতিয়ার হয়ে উঠতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাই।

**শ্রী ভক্তিভূষণ মনল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সকলের চিন্তাধারা মোটামুটি শুনলাম। তারা যদি স্পেসিফিক একজাম্পল আমাকে দিয়ে সাহায্য করতেন, তাহলে আমি আনন্দিত হতাম। কিন্তু কমপ্লিট বা স্পেসিফিক কিছু না বলে ইন জেনারেল ভাবে বলার ফলে আমাকে কিছু সাহায্য তারা করলেন না, এর জন্য আমি দুঃখিত। কনস্ট্রাকটিভ কিছু বলতে পারলে আমরা যারা বামফ্রন্ট সরকারে আছি, তাদের চিন্তা ভাবনা করতে অনেক সহজ হয়। এবং সেদিক অনুসরণ করে কিছু করতেও সহজ হয়। যাই হোক, বলাইবাবু কয়েকটি কথা বলেছেন, তিনিও ইন-জেনারেল বলেছেন। আমরা যদি সেটিকে স্ক্রুটিনি করে দেখি, তাহলে কি বলা হয়নি, তা বলা সহজ হতে পারত। বলাইবাবু অনেক পুরানো লোক, অনেক জনপ্রিয় মানুষ। অন্য রাজ্যের সঙ্গে তুলনা করে কিছু বলতে চাই, ভারতবর্ষের প্রায় সমস্ত রাজ্যেই আমি ঘুরেছি, কিন্তু শুনলে আপনারা আশ্চর্যান্বিত হবেন যে, অনেক জায়গাতে টাকার অঙ্কে অনেক বেশি আছে ঠিকই, কিন্তু সেই টাকাগুলি সব ভেস্টেড ইন্টারেস্ট সম্প্রদায়ের লোকেরা লুটেপুটে খাচ্ছেন—আমি এ রকমই সে সব জায়গাতে দেখেছি। জেনে রাখুন, সেখানে নিচের তলার লোকদের কাছে এই কোটি কোটি টাকা পৌঁছুতে পারে না। যেমন দেখেছি মহারাষ্ট্রে। ৩০০ কোটি টাকা তাদের সেখানে লোন বাবদ দেওয়া হয়েছিল, কিন্তু নিচের তলার মানুষদের কাছে সেই টাকা পৌঁছায়নি। আমার সৌভাগ্য যে, আমি মহানাগ বিদর্ভে গিয়ে সেখানে যে ৯টি জেলা আছে, সেখানকার নিচের স্তরের লোকদের সঙ্গে আলাপ-আলোচনা করে দেখেছি এবং তাতে বুঝেছি, তাদের অবস্থা আমাদের এখানকার চেয়ে অনেক বেশি খারাপ। আমি অনুরোধ করব, এগুলিকে আপনারা একটু দেখন, কেবল ফিগারটা দেখবেন না। গুজরাটে আমুলের কারখানা আছে—এটা কৌটার গায়েতে আমরা দেখি। কিন্তু এটি লিমিটেড কোম্পানি না কো-অপারেটিভ-এর এটি যদি একটু দেখি, তাহলে আসলে এটিকে প্রস্তুত করে থাকেন তা বোঝা সম্ভব হবে। এটি আমি ফুল রেসপন্সিবিলিটি নিয়েই বলছি, সম্পূর্ণ স্টাডি করেই বলছি। সেখানে ডঃ কুরিয়ান অনেক কিছু করেছেন, একথা আমরা স্বীকার করি।

[8-35 — 8-45 p.m.]

কিন্তু ডক্টর কুইনল থাকা সত্ত্বেও সেখানে দুর্বলতর শ্রেণীর জন্য যে কো-অপারেটিভ করার কথা সেটা কিন্তু সেখানে হয়নি। এরকম ভাবে প্রত্যেকটি রাজ্যের কথা আমি বলতে পারি সেখানে টাকার অঙ্ক হয়ত বেশি আছে কিন্তু দুর্বলতর শ্রেণীর জন্য সমবায়কে এগিয়ে নিতে চায় এরকম প্রচেষ্টা সেখানে খুব কমই হয়েছে এবং হয়নি বললেই চলে। আমরা নতুন

দৃষ্টিভঙ্গি নিয়ে এটা করবার কথা ভাবছি। আমরা এখন ভাঙ্গার কাজটাই শেষ করতে পারিনি। দুর্নীতির জাল বলুন আর যা কিছু বলুন সেটা এখন ভাঙ্গার কাজটাই শেষ করতে পারিনি। আমি যদি খারাপগুলো ভেঙ্গে কমাতে পারতাম তাহলে খুশি হতাম। আমাদের যে ১২ হাজার এস. কে. ইউ. এস. আছে তাকে ভেঙ্গে ৬ হাজারে আনার চেষ্টা করছি এবং মনে হচ্ছে আরও ভাঙ্গতে হবে। সমবায়ের মাধ্যমে অন্যায় উদ্দেশ্যে যারা টাকা নিয়েছে সেই ঘুঘুর বাসা ভাঙ্গতে না পারলে আবার ঐ অবস্থা হবে। যে সমস্ত সমবায় সমিতি নেই সেগুলোকে ভাঙ্গার চেষ্টা করছি। এ ব্যাপারে আমার সঙ্গে ডিপার্টমেন্টে মতবিরোধ হয়েছে কিন্তু আমি বলেছি দিস ইজ দি পলিসি অফ দি গভর্নমেন্ট অ্যান্ড উই আর টু ডু ইট। ভাঙ্গতে যে পারছি না তার কারণ আমাদের সরষের মধ্যেই ভুত রয়েছে। অবশ্য এ কথাটা বলতে আমার লজ্জা হচ্ছে কিন্তু তাহলেও বলছি। তাছাড়া হাইকোর্টের ইঞ্জাংশনের জন্য অনেকগুলো ভাঙ্গতে পারিনি। আমি বহুকাল পর স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের সেই মহারথিকে তাড়াতে পেরেছি। আজকে বেরুচ্ছে যে বহু কোটি টাকার ব্যাড ইনভেস্টেমেন্ট করেছে। তবে এখন পর্যন্ত আমি সব কাজ করতে পারিনি। আমি চাই এবং চেষ্টাও করছি যে সমস্ত অ্যাপেক্স কো-অপারেটিভ রয়েছে খারাপ লোকের হাতে বা খারাপ কমিটির হাতে সেগুলোকে নতুনভাবে গড়ে তুলব। অনেকগুলোতে সাক্সেসফুল হয়েছি, তবে দুটি ক্ষেত্রে কিছু অসুবিধা দেখা দিয়েছে তার মধ্যে একটি হচ্ছে অ্যাপেক্স যাকে বেনফেড বলে এবং আর একটি হচ্ছে আবাসন সমবায়। এক্ষেত্রে হাইকোর্টের ইন্টারফিয়ারেন্স রয়েছে কাজেই সম্পূর্ণ ভেঙ্গে চুরমার করে যদি নূতন কিছু না করা যায় তাহলে পশ্চিমবাংলার সমবায় বাঁচবে না। ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক বলুন, হোলসে কনজিউমার্স কো-অপারেটিভ বলুন, মার্কেটিং সোসাইটি বলুন—এগুলোকে ভাঙ্গার চেষ্টা করা হচ্ছে অর্থাৎ যেগুলো খারাপ তাকে ভাঙ্গার চেষ্টা করা হচ্ছে তবে সবগুলো আমরা ভাঙ্গতে পারিনি এবং তার কারণ হচ্ছে ইন্টারফিয়ারেন্স অফ দি হাইকোর্ট।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি দেখছি এই ডিবেটের জন্য যে টাইম শিডিউল ফিক্স ছিল ওটা শেষ হয়ে যাচ্ছে ৮.৪৫ এ। এখন যেহেতু মন্ত্রী মহাশয় উত্তর দিচ্ছেন—আমি টু নাইনটি রুল অনুসারে ১৫ মিনিট টাইম আপনাদের কাছ থেকে চেয়ে নিচ্ছি।

(ফিফটিন মিনিটস টাইম ইজ এক্সটেন্ডেড)

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** তাহলে জিনিসটা আপনারা বুঝুন। আপনারা জেনে রাখুন যেটা আর্বান কো-অপারেটিভ, এই আর্বান কো-অপারেটিভ হচ্ছে ভারতবর্ষের সবচেয়ে শ্রেষ্ঠ। আর্বান কো-অপারেটিভের যে ক্রেডিটগুলো হয় তা ভারতবর্ষের মধ্যে এত ভাল আর কোথাও নেই। আমি আপনাদের কাছে বলছি সেইজন্য রুর‍্যাল কো-অপারেটিভের উপর আমি জোর দিয়েছি। রুর‍্যাল কো-অপারেটিভকে অর্থাৎ এস. কে. ইউ. এস.-গুলোকে যদি ভাল না করতে পারি তাহলে হাজার চেষ্টা করেও গরিব মানুষদের ভাল করা যাবে না। আর গণতন্ত্র গণতন্ত্র বলে যারা চিৎকার করেন, আমি বলি কো-অপারেটিভটা গণতন্ত্র নয়। কেন, সেটা আপনাদের কাছে বলছি। যেখানে ২০,০০০ লোক সেখানে যদি ২০ জন কিংবা ৫০ জনের একটা এস. কে. ইউ. এস. তৈরি করে রাখেন এবং তারা যদি সেটা ছাড়তে না চান তাহলে কি সেটাকে আমি

গণতান্ত্রিক প্রতিষ্ঠান বলব? বামফ্রন্টের চিন্তা ধারার দিক থেকে তা আমি বলতে চাই না। সেজন্য যারা গণতান্ত্রিক আন্দোলনের কথা বলেন—আমি কেবল একটু হাসি, কারণ গণতন্ত্র মানেটা একটু বোঝা দরকার। যখন ঐ ২০,০০০ লোকের মধ্যে অন্তত ৫ হাজার লোককে আমি মেম্বার করতে পারব এস. কে. ইউ. এস.-তে তখন আমি বলতে পারব যে আমি গণতন্ত্র চালু করতে পারব। আর যতক্ষণ ১০০টা লোক আর ২০,০০০ এই গণতন্ত্র আমি অন্তত চালু করতে চাই না এবং সেজন্য আমি ইউনিভার্সাল মেম্বারস, যেটা, সেটা আমি বাধ্যতামূলক ভাবে করেছি। আগে আইনের একটা ফাঁক ছিল, যারা ভেস্টেড ইন্টারেস্টে সোসাইটি করত তারা ঢুকতে দিত না, এখন সেটা বলে দিয়েছি যখনই দরখাস্ত করবে, He will be treated as a member unless he is disqualified by the Registrar of Co-operative Societies. এটা গণতান্ত্রিক আন্দোলন করার জন্য করেছে এবং যাতে আমরা এটা সম্পূর্ণভাবে ইউনিভার্সাল মেম্বারশিপ সম্বন্ধে এগিয়ে যেতে পারি তার জন্য গরিব মানুষরা এক টাকা দিলেই হবে, ১০ টাকা আমি আমাদের এখান থেকে দিচ্ছি। কাজেই নতুন করে করার একটা পথ করছি। আমি যে একেবারে গড়ে তুলেছি এই কথা বলছি না। কিন্তু আমার দৃষ্টিভঙ্গি দিয়ে আমি এটা এইভাবে বিলি করার চেষ্টা করছি। এই তিনটে টায়ারকে যদি ঠিকভাবে করতে পারি এবং তারপর কোম্পানি বলুন, বেনফেড বলুন, যাই বলুন সব ঠিক হয়ে যাবে। এই এস. কে. ইউ. এস. স্কীম আমি কেবল আর লোন দাতা স্কীম করতে চাই না। সেইজন্য একটা করে কমপ্লেক্স তৈরি করছি এবং সেই কমপ্লেক্সের জন্য কমন ক্যাডারদের দরকার হচ্ছে এবং তাদের রীতিমত বেতন দিয়ে হোল টাইম ম্যানেজার হিসেবে রাখার কথা ভাবছি। কারণ সেখানে ঋণ দেওয়া হবে। কনজিউমারদের যেসব জিনিসপত্র আছে সেগুলো দেওয়া হবে। এগ্রিকালচারাল ইনপুটস দেওয়া হবে একটা কমপ্রিহেনসিভ ফর ইন্টিগ্রেটেড—এটা একটা কমপ্লেক্স করা হচ্ছে যেটা এক একটা অঞ্চলে সমস্ত লোককে দিতে পারবে। এ কথা সত্য যে কনফেক অর্থাৎ কনজিউমারদের যে ফেডারেশনগুলো আছে বা কনজিউমারদের যে হোল সেলগুলো আছে, আমাদের ট্রাঞ্জাকশনের টোটাল ভলিয়ুম যা আছে তা ট্রানজাকসনের কাছে কিছুই নয়, আমি স্বীকার করছি যার জন্য প্রাইস লাইনটাকে ফিক্স করে রাখা সেটা এই ট্রানজাকসনের দ্বারা সম্ভব নয়। তবে আপনি যদি বলেন ভলিয়্যুম আপনার কিছুই হচ্ছে কি না, আমি বলব হ্যাঁ হচ্ছে। ৩ কোটি ট্রাঞ্জাকশনের জায়গায় আমি ১৪ কোটি টাকার ট্রাঞ্জাকশনে নিয়ে এসেছি।

[8-45 — 8-56 p.m.]

কিন্তু এটা মোটেই সাফিসিয়েন্ট নয়। তার কারণ হচ্ছে ভ্যালিয়ুম অব ট্রাঞ্জাকশন এত বেশি—টোটাল বিজনেস অব দি পাবলিক অ্যান্ড প্রাইভেট সেক্টার সেখানে আমাদের ভ্যালিয়ুমটা হাজারে এক বলতে পারেন অর্থাৎ জিরো ওয়ান পারসেন্ট। এটাকে স্বীকার করতে হবে। আমি আঙুল ফুলিয়ে কলাগাছ করতে পারি না, বাই প্রসেস আমাকে এগিয়ে যেতে হবে। বেনফেডের মধ্যে কিছু কিছু আমাদের অসুবিধা আছে কারণ আপনাদের বলছি, ঐ গণতন্ত্রের নাম দিয়ে বেনফেডে আজকে এমন অবস্থায় আছে যে সেখানে আমরা এখন বিশেষ কিছু করতে পারছি না। কিন্তু সেখানে ডিটেক্ট করা হয়েছে এই এই জায়গায় চুরি হয়েছে এবং সেখানে আমি ইন্সপেকশন করতে দিয়েছি, কিছু রিপোর্ট আমার কাছে এসেছে, আরও আসছে, সেখানে অনেকগুলি ব্যাপার আছে। যেটা খারাপ হয়ে আছে সেটাকে যদি না ভেঙ্গে ফেলি তাহলে প্রাসাদ গড়া যাবে না। তারপর সুদের কথা বলি—১৪ পারসেন্ট ছিল, কেন্দ্রের সঙ্গে ঝগড়া

করে এবং আমরা কিছু দিয়ে সেটাকে ১১ পারসেন্টে নামিয়েছিলাম। কিছু কিছু ক্ষেত্রে ৪ পারসেন্টও আছে। ৪ পারসেন্টে দিই স্মল অ্যান্ড মার্জিনাল ফারমারদের। বড়দের ব্যাপারে আমার অত মাথা ব্যাথা নেই কিন্তু স্মল অ্যান্ড মার্জিনাল ফারমারদের কতটা আমরা সুবিধা দিতে পারি সেটার কথাই আমরা ভাবছি এবং সেইজন্যই আজকে এই ঝুঁকিটা নেবার চেষ্টা করছি। কতটা পারব আমি জানি না that depends on the decision of the cabinet. সেখানে মার্জিনাল অ্যান্ড স্মল ফারমারদের যে ঋণগুলি আছে সেই ঋণ শোধ করার ব্যাপারে তাদের কি কি ভরতুকি দিতে পারি সেটা দেখছি। সেটা যে শুধু চিন্তা করছি তাই নয় সেটা অনুভবও করছি কিন্তু অনুভব করলেই তো হবে না আমাদের কত টাকা আছে সেটাও দেখতে হবে। উপরের দিকে যারা আছে তাদের দয়ামায়া করার কিছু নেই, সেখানে আদায় হবে, তারা যদি আদায় না দেয় তাহলে ওয়ারেন্ট করতে হবে, ধরে বেঁধে আনতে হবে, যা কিছু দরকার করতে হবে। সেখানে আমার ডিপার্টমেন্টকে ক্লিয়ারলি বলা আছে কি করতে হবে। আরও কতকগুলি জিনিস আমরা করার চেষ্টা করছি। বলাইবাবু বলেছেন, খুব রোজি পিকচার। আমি খুব অপটিমিস্ট লোক নই, আমি বরং চেষ্টা করি পেসিমিস্ট হওয়ার, যেগুলি করার চেষ্টা করছি আমি জানি না এক বছরের মধ্যে করতে পারব কিনা তবে হ্যাঁ, বহু চিন্তা করেই এসব করার চেষ্টা করছি। ল কমিটি করা হয়েছে। ল কমিটিতে আমাদের বামফ্রন্টের জজকে বসিয়ে দিইনি, হাইকোর্টের খুব নাম করা জজকেই দিয়েছি যাতে আইনগুলি ঠিকভাবে গরিবদের জন্য ব্যবহৃত হয়। আরও কিছু লোক তাকে সাহায্য করছেন। তারপর শস্য বিমা এবং অন্যান্য ব্যাপারেও আমরা চেষ্টা করছি। এ ক্ষেত্রে একটা কথা বলে রাখা ভাল যে আমি প্রাইমারি এজন্টে নই, আমি সেকেন্ডারি এজেন্ট। যেমন উনি বললেন প্যাডি, জুট এবং পটাটোর কথা। আমি জানি জুটে আমি ফ্রড করছি। শুনলে আশ্চর্য হবেন আমি বলছি, জি. সি. আই.-এর এজেন্ট হয়ে আমি ফ্রড করছি, মানুষকে ঠকাচ্ছি। কিন্তু কি করব আমি? সেখানে যেটুকু পারছি আমি মানুষকে রিলিফ দেবার চেষ্টা করছি। আমাদের এখানে জুট উৎপাদন হয় ৪৭ লক্ষ বেল। জে. সি. আই.-এর আমি এজেন্ট, সে আমাকে বলল আপনাকে পাট কিনতে হবে, আমি রাজি হয়ে গেলাম এবং সেখানে তিনটি কনডিশন দিলাম। আমি বললাম, আপনাদের টাকা দিতে হবে জুন মাসের আগে, গুদাম দিতে হবে এবং ৭ দিনের মধ্যে জুট লিফট করতে হবে। জি. সি. আই.-এর আমি এজেন্ট, তার বাইরে আমি যেতে পারি না কিন্তু জে. সি. আই. এমন কায়দা করল যে তারা টাকাও দিল না, গুদামও দিল না এবং জুটও লিফট করল না। মনে করুন আমার ১৫ লক্ষ বেল কেনার ক্ষমতা ছিল কিন্তু আমি দু লক্ষ বেল কিনে বন্ধ করে দিলাম। একবার এক হাটে আমাকে একজন বলছিলেন, আপনাদের ইন্সপেক্টারকে তাড়াতে হবে, ও ঠিক পাট কিনছে না। আমি মনে মনে হাসলাম এই ভেবে যে আমি যে ফ্রড করছি সেটা এদের বলি কি করে? কেন? আমরা যদি সব পাট কিনি তাহলে ৪ লক্ষ বেল আমাকে কিনতে হবে। কিন্তু আমি কিনছি ২ লক্ষের মতো বেল। কাজেই লোককে সেই ভাবে প্রোটেকশন নিতে হচ্ছে। আমরা সেন্ট্রাল-এর এই পলিসি শুনতে বাধ্য এবং প্যাডিতেও আমাদের সেই অবস্থা রয়েছে। আলুর ব্যাপারটা জানা দরকার। আলু অবশ্য আমরা নিজেরা করছি। এই বছর নুতন করে করছি, সব করতে পারিনি। তবে পরের বছর আমরা সুষ্ঠুভাবে করতে পারব। এখানে ইন্টারেস্টের কথা বলা হয়েছে। আমরা চেষ্টা করছি যে সমস্ত লোকেরা বঞ্চিত হয়েছে তাদের কি করে কো-

অপারেটিভের বেনিফিট পৌছে দিতে পারি। আমরা শুধু সাবজেক্টিভ চিন্তা করছি না, অবজেক্টিভ কিছুও করার চেষ্টা করছি। যেমন—হাউসিং কো-অপারেটিভ। ইমাজুদ্দিন সাহেব বোধ হয় জানেন না, আগে সমস্ত হাউসিং কো-অপারেটিভের টাকা কলকাতায় খরচ হত। আর একটা জায়গা হচ্ছে শিলিগুড়িতে। আমরা গ্রামের দিকে হাউসিং করার জন্য এটা কনভার্ট করেছি। আপনি জেনে রাখুন, কলকাতার লোককে সব সুবিধা দেব, আর গ্রামের লোককে দেব না—এই জিনিস আমরা হতে দেব না। অ্যাজ এ পলিসি আমরা মনে করি যে কো-অপারেটিভের যা কিছু সুযোগ সুবিধা সেটা গ্রামের দিকে বেশি করে দিতে হবে। সেই হিসাবে আমরা সমস্ত জিনিসগুলি ভাবছি। আমি স্ট্যাটিস্টিক দিয়ে দেখিয়ে দেব, আপনি যাবেন আমার ওখানে, এগুলি ঠিক করছি কিনা সেটা আপনি দেখবেন। আমি আপনাদের কাছে এই কথা বলছি যে আজকে যদি সত্যিকারের কো-অপারেটিভের উন্নতি করতে হয় তাহলে গ্রামের লোকেদের, দুর্বল শ্রেণীর লোকেদের কথা ভাবতে হবে, তাদের দিকে তাকাতে হবে। সে জন্য টাকাটা ডাইভার্ট করার কথা আমরা ভেবেছি। এই রকম ভাবে পলিসিগত ভাবে আমরা এই কথা বলতে চাই যে দুটো জিনিসের আমরা চেষ্টা করছি একটা হচ্ছে কর্পোরেশনের যে প্রকল্পগুলি আছে সেগুলিকে কতটা আমরা ঠিক করতে পারি। আর দ্বিতীয় হচ্ছে, কো-অপারেটিভ সোসাইটিগুলির যা কিছু বেনিফিট, সেটা দুর্বল শ্রেণীর লোকেদের দিতে পারি কিনা। এই দুটো পলিসির উপর দিয়ে আমরা রান করার কথা চিন্তা করছি। এটা আমরা কনক্রিটলি করার চেষ্টা করছি। আপনারা এই জিনিসটা একটু ভেবে দেখবেন। তবে সামান্য দোষত্রুটি থাকবেই, কারণ রাম রাজ্য হয়ে যাইনি, এখনও ধনতান্ত্রিক রাষ্ট্র আছে। এই গভর্নমেন্ট এসেছে, তারা যখন বিপ্লব করে আসে নাই তখন আইনের কথা মতো আমাকে চলতে হয়। কাজেই আমি আজকে সব ঠিক করে দিতে পারবে তা বলা যায় না। এর মধ্যে যতটা পারছি আমরা চেষ্টা করছি। তবে এ কথা বলব যে স্টেট স্ট্রাকচার চেঞ্জ হলে হয়ত আরও এগিয়ে যেতে পারতাম। কিন্তু ধনতান্ত্রিক রাষ্ট্র থাকার জন্য যতটা এগিয়ে যাব বলে ভেবেছিলাম, ততটা পারা যায়নি। তবে দৃষ্টিভঙ্গির যদি কিছু ভুল থাকে, দৃষ্টিভঙ্গির খেলাপ যদি কিছু করে থাকি এবং আপনারা যদি বক্তৃতা করে সেটা আমাকে বলতেন তাহলে আমি খুশি হতাম। এখানে কাট মোশন নেই, কাজেই আমি যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছি, আশা করছি আপনারা এটা পাস করে দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bhakti Bhusan Mandal that a sum of Rs. 29,69,41,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "298—Co-operation, 498—Capital Outlay on Co-operation, and 698—Loans for Co-operation" were then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 8.56 p.m. till 9.00 a.m. on Saturday, the 14th March, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 14th March, 1981 at 9-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 8 Ministers, 4 Ministers of State and 116 Members.

[9-00 — 9-10 a.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাক্ষেত্রে কংগ্রেস-আইয়ের ছাত্ররা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। তারা কালকে কাউন্সিলেব সভায় হামলা চালিয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলের মিটিং চলার সময়ে বোমাবাজি করেছে। ২ জন ছাত্রনেতা সেখানে গুরুতরভাবে আহত হয়েছে......

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের ছেলেরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলের মিটিং-এ বোমাবাজি করেছে

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারাই গুন্ডামি করেছেন, আপনারাই এইসব সৃষ্টি করেছেন

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** সবাই একসঙ্গে বললে কি হবে, আপনারা সবাই বসুন।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মাহশয়, আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলের মেম্বার। কাল ওরা মিটিং-এ হামলা করেছে। কংগ্রেস-আইয়ের ছেলেরা গুন্ডামি করেছে। সেখানে কাউন্সিলের মিটিং করতে দেয়নি, হামলা করেছে, গুন্ডামি করেছে, গুন্ডার দল সব।

### Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ নোটিশ পেয়েছি যথা ঃ—

১. মুখ্যমন্ত্রীর বাড়ির কাছে রাজ্য কর্মী বিক্ষোভ : শ্রী রজনীকান্ত দলুই

২. হাওড়া খড়গপুর শাখায় ট্রেন ডাকাতি : শ্রী রজনীকান্ত দলুই

৩. কলকাতার ভাসমান রেঁস্তোরার জলডুবি : শ্রী রজনীকান্ত দলুই

৪. কলকাতা বিশ্ববিদ্যালয়ে খন্ডযুদ্ধ : শ্রী রজনীকান্ত দলুই

5. Lock-out and Closure Notice at Bengal Enamel Works Ltd. since 9.1.81 : Shri Jamini Bhusan Saha

6. Non-improvement in Santaldih Generation : Shri Rajani Kanta Doloi

আমি Lock-out and Closure notice at Bengal Enamel Work's Ltd. বিষয়ের উপর শ্রী যামিনীভূষণ সাহা কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি। আগামী বৃহস্পতিবার এটির উত্তর হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, টাইমিংস সম্বন্ধে আমার পয়েন্ট—কন্সটিটিউশনের আর্টিকেল ২১৩তে সেখানে বলা আছে যে power of Governor to promulgate Ordinances during recess of Ligislature আমাদেরও তেমনি ডিসঅ্যাপ্রুভ করার অধিকার আছে।

**মিঃ স্পিকার ঃ** আপনার বক্তৃতা ভাল হলে রেজলিউশনে ক্যারেড হয়ে যাবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** রেজলিউশনে ভোটিংয়ের ব্যবস্থা নেই।

**মিঃ স্পিকার ঃ** কেন নেই, নিশ্চয় ব্যবস্থা আছে আপনার বক্তৃতা ভাল না হলে। তখন ডিসঅ্যাপ্রুভ হয়ে যাবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** গভর্নর স্ট্যাম্পিং মেশিনারি হয়ে আছেন।

## 79th Report of the Business Advisory Committee

[9-10 — 9-20 a.m.]

**মিঃ স্পিকার ঃ** কার্য উপদেষ্টা সমিতির ৭৯তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির মিটিং গতকাল ১৩-৩-৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছিল।

| | | |
|---|---|---|
| Monday, 16-3-81 | (i) | Demand No. 7 (299—Land Revenue 504—Capital Outlay on other General Economic Services) 4 hours. |
| | (ii) | (a) The Berhampore Electric Supply Company Ltd. (Undertaking) Acquisition Bill, |

1981 (Introduction)

(b) Discussion on the Statutaory Resolution, notice of which was given by Shri Rajani Kanta Doloi

(c) The Berhampore Electric Supply Company Ltd. (Undertaking) Acquisition Bill, 1981 (Consideration and Passing)-1 hour.

(iii) (a) The Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution, notice of which was given by Shri Rajani Kanta Doloi

(c) The Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981 (Consideration and Passing) -1 hour.

Tuesday, 17-3-81

(i) Demand No. 26 (260—Fire Protection and Control)

(ii) Demand No. 74 [363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)] -2½ hours.

(iii) Demand No. 4 (214—Administration of Justice)

(iv) Demand No. 8 (230—Stamps and Registration) -1½ hours.

(v) (a) The Bengal Money-lenders (Amendment) Bill 1981 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice of Shri Rajani Kanta Doloi

(c) The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 (Consideration and

Passing) $\frac{1}{2}$ hour.

Wednesday, 18-3-81 (i) Demand No. 21 (255—Police) -3$\frac{1}{2}$ hours.

(ii) Demand No. 27 (265—Other Administrative Services) $\frac{1}{2}$ hour

Thursday, 19-3-81 (i) Demand No. 58 (313—Forest, 513—Capital Outlay on Forest) 1 hour.

(ii) Demand No. 63 [321—Village and Small Industries (Excluding Public Undertakings).

521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) 1$\frac{1}{2}$ hours.

721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings).]

(iii) Demand No. 44 [288—Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates).

488—Capital Outaly on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons). 1$\frac{1}{2}$ hours.

688—Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons).]

(iv) Demand No. 47 (289—Relief on account of National Calamities)

(v) (a) The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 (Introduction).

(b) Discussion on Statutory Resolution, notice of which was given by Shri Rajani Kanta Doloi

(c) The Kalyani University (Temporary

Supersession) (Amendment) Bill, 1981 (Consideration and Passing) $\frac{1}{2}$ hour.

Saturday, 21-3-81 (i) (a) The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981.) (Introduction).

(b) Discussion of Statutory Resolution, notice of which was given by Shri Rajani Kanta Doloi. $\frac{1}{2}$ hour.

(c) The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981.) (Consideration and Passing).

(ii) Demand No. 43 [288—Social Security and Welfare (Civil Supplies)

(iii) Demand No. 54 [(309—Food 509—Capital Outlay on Food, 709—Loans for Food). $2\frac{1}{2}$ hours.

(iv) Demand No. 55 [310—Animal Husbandry 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings).]

(v) Demand No. 56 [311—Dairy Development, 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings). $1\frac{1}{2}$ hours.

711—Loans for Dairy Development (Excluding Public Undertakings).]

Monday, 23-3-81 (i) Presentation of Supplementary Estimates of the Government of West Bengal for 1980-81 4 hours.

(ii) Demand No. 67 (334—Power Projects 734—Loans for Power Projects).4 hours.

N.B. (1) There will be no Questions for Oral Answer and Mention Cases on the 16th March, 1981.

(2) There will be no Mention Cases on the 21st March, 1981.

শনিবার ওয়েস্ট বেঙ্গল রিলিফ আন্ডারটেকিং স্পেশ্যাল প্রভিসন অ্যামেন্ডিং বিলে যে আলোচনা হবার কথা ছিল সেটা ওই দিন না হয়ে অন্য আরেকদিন হবে। শনিবার সাধারণত আমরা ৯টায় বসি, কিন্তু আগামী শনিবার ১টার সময় অধিবেশন বসবে।

**শ্রী রজনীকান্ত দলুই :** এটা হতে পারে না, দোল-এর পরের দিন কিভাবে আমরা আসব?

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, গাড়ি করে আসা যায় না। লেফটফ্রন্টের সঙ্গে কেন্দ্রের রুলিং পার্টির একটা আঁতাত আছে, পিরীত আছে। সুতরাং পরের দিনটা অমিট করে দিন।

**মিঃ স্পিকার :** ২৬ তারিখের মধ্যে সমস্ত বাজেট পেশ করতে হবে এবং ২৮ তারিখে অ্যাপ্রোপ্রিয়েশন।

**ডাঃ জয়নাল আবেদিন :** বি এ কমিটির রিপোর্ট মডিফাই হতে পারে।

**মিঃ স্পিকার :** ডিপার্টমেন্ট ওয়াইজ আলোচনা করতে হবে এবং ২৬ তারিখের মধ্যে কনক্লুড করতে হবে। ২৭ তারিখে গিলোটিন হবে, ২৮ তারিখে অ্যাপ্রোপ্রিয়েশন হবে। সুতরাং একদিন ছুটি হলে ভালোই হত কিন্তু খুব অসুবিধা হবে।

**ডাঃ জয়নাল আবেদিন :** আপনি যা ভালো মনে করেন করবেন।

**শ্রী অশোক বসু :** কার্য উপদেষ্টা সমিতির ৭৯তম প্রতিবেদন যা পেশ করা হল তা এই সভায় গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার :** কারুর জখন আপত্তি নেই তখন ধরে নেওয়া হচ্ছে প্রস্তাবটি গৃহীত হল।

## LEGISLATION

### The Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to introduce the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

## Statutory Resolution

[9-20 — 9-30 a.m.]

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that this Assembly disapproves the Burdwan University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980.

স্যার, এই বিল যখন প্রথম ইন্ট্রোডিউস হয়েছিল ১৯৭৮ সালে তখন এই কথা বলা হয়েছিল যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ব্যবস্থাপনায় অনেক গলদ দেখা গেছে। সেজন্য এই গভর্নমেন্ট এসে যাতে এডুকেশনের অটোনমি বজায় থাকে, এডুকেশনের ফ্রিডম থাকে, সেই হিসাবে ১৯৭৮ সালের ৪ঠা মার্চ, এই সভায় এই বিল উত্থাপন করেছিলেন সেই সময়ে বলা হয়েছিল—শিক্ষা বিভাগ, বিশ্ববিদ্যালয় সমুহের বিভিন্ন অঙ্গসংস্থার গঠন প্রনিয়ন্ত্রণ করিবার জন্য পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ১৯৭৫ সালে সংশোধন ক্রমে নতুন আইন বিধিবদ্ধ করিবেন বলিয়া বিবেচনা করিতেছেন। সাময়িকভাবে অধিগ্রহণের সময়ে বলা হয়েছিল যে কোনও রকমেই এটা দু বছরের বেশি সময় নেওয়া হবে না। কিন্তু দেখা গেল ১৯৭৮ সালের পর থেকে তিন বছর হয়ে গেল কিন্তু কোনও ইলেকশন হল না। বরং দেখছি শিক্ষামন্ত্রী আরও এক বছর সময় বাড়াতে চাইছেন। অথচ গত ৮-৩-৭৮ তারিখে এই বিল পাস হয়েছিল। তখন মাননীয় শিক্ষামন্ত্রী বলেছিলেন, দু বছরের বেশি সময় নেওয়া হবে না। নির্মলবাবু এবং শিক্ষামন্ত্রী বলেছেন যে, কোনও ক্রমেই বিশ্ববিদ্যালয়ের অটোনমি ক্ষুণ্ণ হতে দেওয়া হবে না। কিন্তু আমি মনে করি যে, আজ আপনারা যা করতে চাইছেন তাতে বিশ্ববিদ্যালয়ের অটোনমি বা অ্যাকাডেমিক ফ্রিডম বলে কিছু থাকতে পারে না। মাননীয় শিক্ষামন্ত্রী আগে বলেছিলেন যে, সাময়িকভাবে বিশ্ববিদ্যালয় অধিগ্রহণের ফলে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছিল তা দূর হয়ে যাবে এবং দূর করার চেষ্টা আমরা চালিয়ে যাব। অটোনমি বজায় থাকার কথা উনি বার বার করেই বলেছিলেন। কিন্তু আমি ঠিক বুঝতে পারছি না যে, তিন বছর অতিবাহিত হতে যাবার পরেও কেন নির্বাচন হল না? আমি আরও বুঝতে পারছি না যে, মাননীয় শিক্ষামন্ত্রী কেন আবার এক বছরের সময় চাইছেন? এই সময় পেলেই কি ধরে নেওয়া সম্ভব হবে যে, শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য ও হস্তক্ষেপ চলেছে তা দূর হয়ে যাবে? বরং শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে হস্তক্ষেপ চালিয়ে যাচ্ছেন, তাকে আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করে বাংলার বুকে যে একটি প্রতিষ্ঠান মাথা তুলে দাঁড়িয়ে আছে তাকে তাঁরা নষ্ট করে দিতে চাইছেন। এই উদ্দেশ্যেই তারা সময় বাড়াতে চাইছেন। ওরা ভালভাবেই জানেন যে, এক বছরের বেশি ওরা ক্ষমতায় থাকবেন না, এই অবস্থায় এক বছর সময় চাওয়ার অর্থ হল, নির্বাচন করতে হবে না। আসলে নির্বাচনে ওরা ভয় পান, সেই ভয়ের জন্যই ইলেকশন ফেস করতে চাইছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইলেকশন ফেস না করার জন্যই ওরা একবছর সময় চাইছেন—এছাড়া যে আর কোনও উদ্দেশ্য থাকতে পারে না, তা সহজেই বোঝা যায়।

এই ব্যাপারে ঘটনা হল, যখন অ্যাসেম্বলি সেসান ছিল না, তখন একটা অর্ডিনান্স ওরা তৈরি করেছেন। সেই সময়ে একটা কথা তার মধ্যে বলা হয়েছিল যে, গভর্নমেন্টের সম্মতি আগে থেকে নিতে হবে, তারপর মন্ত্রিসভা সেই বিলকে অ্যাপ্রুভ করবেন। কিন্তু বর্তমানে আমরা লক্ষ্য করছি যে, অর্ডিন্যান্সের মধ্যে যে স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস আছে তা মানা হল না এবং Ordinance was promulgated with the approval of Ministers অর্থাৎ গভর্নর সাটিসফায়েড হলেন না কিন্তু বিল পাস হয়ে গেল। অথচ প্রথমে বলা ছিল যে with the satisfaction of the governor পাস করাতে হবে। কিন্তু এখন গভর্নরের সাটিসফ্যাকশন আছে কিনা তা দেখা হল না। সাটিসফ্যাকশন অব গভর্নর এর ক্ষেত্রে আর্টিকেল ২১৩এ পরিষ্কার ভাবে বলা আছে যে, পাওয়ার অব গভর্নর হল, Governor is Satisfied that circumstances exist which render it necessary him to take immediate action.। সেজন্য গভর্নরের স্যাটিফ্যাকশন হচ্ছে এসেনশিয়াল। কিন্তু আমরা দেখছি, গভর্নরের স্যাটিসফ্যাকশন ছাড়াই কাউন্সিল অব মিনিস্টার এটাকে পাস করালেন। যাদবপুর ইউনিভার্সিটির ঘটনা আপনারা সকলেই জানেন। সেখানে দেখা গেল গভর্নর এক দিকে। আর একদিকে আছেন কাউন্সিল অব মিনিস্টার। সেখানে তারা বললেন যে, গভর্নর যাবেন না, এটি হতে পারে না—এটি অবৈধ। কিন্তু শিক্ষামন্ত্রী সেখানে চলে গেলেন। মুখ্যমন্ত্রী বিষয়টিকে প্রায় উপেক্ষা করে ব্যাঙ্গালোর চলে গেলেন। এ ঘটনা আমরা সবাই দেখেছি। আজ পশ্চিমবঙ্গের মানুষ, সারা ভারতবর্ষের মানুষ এ ঘটনা প্রত্যক্ষ করেছেন। সেখানে দেখলাম, গভর্নরের স্যাটিসফ্যাকশন দরকার হল না, মন্ত্রিসভা সেটি অ্যাপ্রুভ করে দিলেন। I have doubt whether governor is satisfied or not. এ ব্যাপারে আমার কাছে যে লিস্ট আছে সেটি আপনার কাছে দিচ্ছি স্যার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই গভর্নমেন্ট ক্ষমতায় আসার পর থেকে শিক্ষাক্ষেত্রে কিভাবে হস্তক্ষেপ হয়েছে বা বামফ্রন্ট সরকার শিক্ষাক্ষেত্রে কিভাবে হস্তক্ষেপ করে চলেছেন সেকথা পার্লামেন্টে প্রাইম মিনিস্টার বার বার করে বলেছেন, লোকসভাতে এ কথা আলোচিত হয়েছে। আজকে এজন্য দেখতে পাচ্ছি, সারা পশ্চিমবাংলাতে একটা নৈরাজ্য চলেছে, শিক্ষাক্ষেত্রে একটা অরাজকতা দেখা দিয়েছে। এই সরকার ক্ষমতায় আসার পর ১১টি ইনস্টিটিউশনকে কিভাবে সুপারসিড করা হল সেটা দেখুন West Bengal Homoeopathy System of Medicine (Amendment), 1978 which empowered the State Government to appoint any Committee in place of the existing Council of Homoeopathic medicine একটাও ordinance হল না। ২ নম্বর ordinance হল The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1978. The Board was superseded on 14-10-77. Additional powers were delegated to the administrator সেখানে বসানো হল ভবেশ মৈত্রকে তার একমাত্র দক্ষতা তিনি এ বি টি এ-র ট্রেনিং কলেজের প্রিন্সিপল ছিলেন, সি পি এমের লোক। অর্ডিনান্স হল ১৯৭৮ সালে। এরা নির্বাচন বিশ্বাস করেন না, অথচ বলেন আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। গণতন্ত্র বেসিস ধরে নিয়েছেন নমিনেশন। কিন্তু আমরা

গণতন্ত্রের বেসিস ধরি ইলেকশন। কিন্তু এই সরকার ধরে নিয়েছেন নমিনেশন এবং সেইভাবে কাজ করছেন। Nomination is the basis of democracy। সেইজন্য দেখলাম The West Bengal Homoeopathy System of Medicine (Amendment), 1978 West Bengal Board of Secondary (Amendment) Ordinance, 1978 অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন। আজ পর্যন্ত নির্বাচন সেখানে হল না, অথচ বার বার অ্যাসেম্বলিতে বলছেন নির্বাচন হবে। Netajinagar College (Taking over of Management) Ordinance, 1978 Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Ordinance, 1978 Burdwan University, North Bengal University, Kalyani University, Calcutta University (Temporary Supersession) Ordinance Rabindra Bharati (Temporary Supersession) Ordinance...Jadavpur University (Temporary Supersession) Ordinace...Management of Bangabasi group of colleges, 1978. ১১টি অর্ডিনান্স করেছেন এবং শুধু অর্ডিন্যান্স করে করে নিজেদের অপদার্থতা, নির্বাচন যে ভীতি সেটাই তারা দেখাচ্ছেন। শিক্ষার ক্ষেত্রে ১১টি অর্ডিন্যান্স করে আমাদের স্ট্যাম্পিং মেশিনারি হিসাবে ইউজ করেছেন—যেহেতু মেজরিটি ওদের আছে। এইরকম ভাবে তারা কাজ করেছেন। এ বছর যে বিল এনেছেন তাতে বলছেন যে স্ট্যাটাসকো মেনটেন করা হবে। কিসের স্ট্যাটাস কো? এইরকমভাবে কত দিন চলবে? বছরের পর বছর এইরকম ভাবে কি চলবে? সেটা আপনি আমাদের ক্ল্যারিফাই করবেন। শিক্ষার ক্ষেত্রে বলতে গিয়ে আমি দেখলাম সমস্ত জায়গায় আপনারা সুপারস্টিশন করেছেন। গভর্নিং বডিকে সুপারস্টিশন করেছেন। কলেজের মালিকে অনেক ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেটর করা হয়েছে। এইরকম ধরনের দলবাজি করে কি পোস্টে আপনাদের লোক বসানো হয়েছে। শ্যামাপ্রসাদ মুখার্জি যখন ভাইস চ্যান্সেলর ছিলেন তখন বলা হয়েছিল আপনি এত গ্র্যাজুয়েট সৃষ্টি করবেন না। আবার ইংরেজ গভর্নমেন্ট আশুতোষ মুখার্জিকে বলেছিলেন যে আপনি এত গ্র্যাজুয়েট সৃষ্টি করবেন না, তখন তিনি বলেছিলেন I shall flood Bengal with graduate কিন্তু ইংরেজরা আমাদের শিক্ষা ব্যবস্থায় কোনও হস্তক্ষেপ করেননি, শিক্ষাকে সংকোচন করেননি। কিন্তু আজকে দেখতে পাচ্ছি আপনারা শিক্ষা ব্যবস্থাকে বানচাল করে দিচ্ছেন।

[9-30 — 9-40 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সেদিন প্রেস কনফারেন্স করে বলেছেন যে ইন্দিরা গান্ধী পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে বলে, শিক্ষাক্ষেত্রে রাজনীতির হস্তক্ষেপ হয়েছে বলে, একটা বাহনা করে আমাদের ফেলবার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা ইন্দিরা গান্ধীকে স্বৈরতন্ত্রী বলেন। কিন্তু একটা দৃষ্টিভঙ্গি দেখাতে পারবেন, এমার্জেন্সি যখন হয়েছিল, কোন শিক্ষা ক্ষেত্রে, কোন শিক্ষা প্রতিষ্ঠানে হস্তক্ষেপ হয়েছিল? কোনও হস্তক্ষেপ হয়নি। এরা বলছেন মুষ্টিমেয় বুদ্ধিজীবী বা পশ্চিমবাংলায় যে ভাষা সঙ্কট দেখা দিয়েছে, গ্রামে-গঞ্জের মানুষরা বিশেষ করে মিডিল ক্লাশ মানুষকে যে ভাবে শিক্ষা

ংকোচন এর আওতায় আনা হচ্ছে, শিক্ষা ক্ষেত্রে যেভাবে নৈরাজ্য সৃষ্টি হচ্ছে, পশ্চিমবাংলার ক্ষাকে যেভাবে বানচাল করা হচ্ছে এবং তার জন্য বুদ্ধিজীবীরা যে আন্দোলন শুরু করেছে, ই আন্দোলনের পরিপ্রেক্ষিতে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে মুষ্টিমেয় দ্ধিজীবীরা এটা করছে। কিন্তু আপনি জানেন যে ডঃ নীহার রঞ্জন রায়, ডঃ সুকুমার সেন, মথনাথ বিশী, প্রতিভা বসু, গৌরী আয়ুর ইত্যাদি এঁরা যেখানে আন্দোলন করছেন, সেখানে রা মুষ্টিমেয় বুদ্ধিজীবী হয়ে গেলেন। আর উৎপল দত্ত—আপনি জানেন ১৯৬৭ সালে ংপল দত্ত মুচলেখা দিয়েছিলেন ইন্দিরা গান্ধীর কাছে যে, আমি নকশাল করব না, সেই ংপল দত্ত আজকে এদের কাছে হলেন সবচেয়ে বড় বিপ্লবী সবচেয়ে বড় শিক্ষাবিদ। আর কজন এদের বিপ্লবী শিক্ষাবিদ আছে। এরা শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য এনেছেন, শিক্ষাক্ষেত্রে যে াবাজি করছেন, এটা তার আর এক প্রমাণ রেখেছেন, এই বিলের মধ্যে অটোনমি রয়েছে। র্মলবাবু বলেছেন, তার বক্তব্যে আছে যে শিক্ষাক্ষেত্রে স্বাধীকার প্রতিষ্ঠা করব। ৮ তারিখের কৃতায় বলেছেন, আমরা অটোনমি ফিরিয়ে দেব, আমরা দুর্নীতি দূর করব, আমরা দলবাজি া করব ইত্যাদি কথা বলা হয়েছে। কিন্তু কিছুই করতে পারেননি। এরা এসে সেটার চুড়ান্ত ালেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা সংস্কৃতকে তুলে দিয়েছেন। সংস্কৃত হচ্ছে ভারতবর্ষের কটা প্রচীন ঐতিহ্য। সেটা এরা তুলে দিয়েছেন। তার ফলে তারা বেদ, বেদান্ত জানবে না, তা জানবে না। ভবিষ্যতে ১০ বছর পর যখন একটা ছেলে জিজ্ঞাসা করা হবে যে মারা গীতা জানো? সে উত্তর দেবে, হ্যাঁ, জানি। গীতা হচ্ছে বিশ্বনাথ মুখার্জির স্ত্রী। এই নিস তারা জানবে। এছাড়া আর কিছু জানবে না। আপনারা সংস্কৃতকে তুলে দিয়ে পূর্ব কে বিচ্ছিন্ন করেছেন। ইংরাজি তুলে দিয়ে পশ্চিম থেকে বিচ্ছিন্ন করে দিলেন। আপনারা ৰ্ব থেকে পশ্চিমকে বিচ্ছিন্ন করে একটা বিচ্ছিন্নতাবাদী প্রচেষ্টাকে আমাদের মধ্যে এনেছেন ং এই বিচ্ছিন্নতাবাদকে প্রশ্রয় দিচ্ছেন। যারা বিচ্ছিন্নতাবাদী, তাদের বিরুদ্ধে অ্যাকশন ওয়া দরকার। পশ্চিমবাংলার মানুষ আপনাদের অভিশাপ দিচ্ছে। আপনারা আমাদের একটা চষ্টাকে নষ্ট করে দিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে বিশ্ববিদ্যালয় মানে ছিল বিশ্ব দ্যার আলয়। সেখানে এখন হয়েছে বিশ্ব বিদ্যাকে নয়। অর্থাৎ আগে যেটা ছিল যে বিশ্ব দ্যার আলয়, সেখানে আজকে বিশ্ব বিদ্যাকে লয় করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জকে যে রেজোলিউশন আমি রেখেছি, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় যে অর্ডিন্যান্স এনেছেন র পরিপ্রেক্ষিতে, মন্ত্রী মহাশয়কে বলব যে এই অর্ডিন্যান্সটা আজকে ডিসঅ্যাপ্রুভ করা হোক ং যাতে ইলেকশন হয় তার জন্য ডিক্লারেশন দিন। পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা যেভাবে ঙ্গে পড়েছে, যেভাবে সংকোচন হচ্ছে, যেভাবে দলবাজি দেখা দিয়েছে তাতে সমস্ত মানুষ ফ্রন্টকে অভিশাপ দিচ্ছে। আপনি দয়া করে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে গণ ভোট নিন। অথবা ক্ষা ক্ষেত্রে গ্রাম থেকে গ্রামান্তরের বিভিন্ন শিক্ষাবিদরা যেভাবে সহযোগিতা করতে চাচ্ছেন ই ভাবে চলুন। আপনাকে অনুরোধ করব যে আপনি শিক্ষাকে কুক্ষিগত করবেন না, ার স্বাধীকারকে হরণ করবেন না এবং গণতন্ত্রকে হত্যা করবেন না। আপনারা দয়া করে পনাদের এই শিক্ষানীতি পরিবর্তন করুন। শিক্ষাবিদরা যেভাবে আপনাদের সঙ্গে কো-

রশন করতে চাইছে সেইভাবে আপনারা চলুন। আমি শিক্ষা মন্ত্রীকে বলব আপনি :কে কুক্ষিগত করবেন না। এইভাবে গণতন্ত্রকে হত্যা করবেন না। শিক্ষা ক্ষেত্রে স্বাধীকার করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার এই রেজোলিউশন মুভ করছি এই বলে যে লেনিন বলেছিলেন Infiltrate into the institution, wreck the institu-n from within স্যার এদের কোনও পলিশি নেই। ওরা রবীন্দ্রনাথকে ভুলে গেছেন কি ওনারা মার্কসিজমকে ভুলে যেতে বসেছেন। স্যার ওরা গণশক্তিকে কেবল ভার্টাইজমেন্টে ভর্তি করে রেখেছেন উপরে লেনিনের ছবি তার নিচে Infiltrate into institution, wreck the institution from within এই কোটেশন দেওয়া আছে। ন লেনিনের কোনও বক্তব্য নেই। সেখানে মার্কসবাদের কোনও কথা নেই। সমস্ত নকে রেক করতে চাচ্ছেন। আমি বলব এ জিনিস করবেন না। শিক্ষার মধ্যে দয়া করে তি ঢোকাবেন না।

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the lwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 aken into consideration.

[9-40 — 9-50 a.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটি উত্থাপন ছন তার নাম হচ্ছে বর্ধমান ইউনিভার্সিটি (টেম্পুরারি সুপারসেসন) অ্যামেন্ডমেন্ট বিল, ১। এই সম্পর্কে প্রথমেই বলতে চাই অধিগ্রহণে কংগ্রেস কম যান না এবং বামফ্রন্ট রও কম যান না। বিগত কংগ্রেস আমলে কংগ্রেস সরকার অধিগ্রহণ করেছিলেন সমস্ত নসিপ্যালিটিগুলিকে আর বামফ্রন্ট সরকার এসে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সুপারসিড ন। আমরা বলি সুপারসেশন একটা অগণতান্ত্রিক পদ্ধতি একে আমরা কোনও দিন ন করি না। ওরাই বলেছিলেন অধিগ্রহণ একেবারে উঠিয়ে দাও। তারাই আবার শিক্ষা গুলিকে অধিগ্রহণ করতে আরম্ভ করলেন। আমরা মনে করি সুপারসেশন হচ্ছে অগণতান্ত্রিক কপ। এই বিলের মধ্যে আছে টেম্পুরারি সাময়িক ভাবে। এই টেম্পুরারি বলে ফাস্ট ন্ডমেন্ট আনলেন। তারপর আবার সেকেন্ড অ্যামেন্ডমেন্ট আনলেন। অর্থাৎ যেটা মুখবন্ধে হয়েছিল টেম্পোরারি, সেটাকে পারপিচুয়েট করার জন্য একেরপর এক অ্যামেন্ডমেন্ট ছন। এই সব করতে করতে, আপনাদের টার্ম তো প্রায় শেষ হতে চলল। অধিগ্রহণ সময় বলেছিলেন যথাশীঘ্র সম্ভব বিল আনবেন, আইন করবেন, তারপর নির্বাচনের া করবেন, কিন্তু দুঃখের বিষয় তিন বছর পার হয়ে গেল এই সময়ের মধ্যে তারা টাকে পাস করতে পারলেন না, এবং নির্বাচনের ব্যবস্থা করতে পারলেন না, নির্বাচিত র হাতে ক্ষমতা অর্পণ করতে পারলেন না। ওদের দক্ষতার কিছু প্রমাণ দেখতে পেলাম অথচ অনেক কিছু ভাল ওরা করতে পারতেন। তাদের টার্ম শেষ হয়ে যাচ্ছে। অর্থাৎ বছরের মধ্যে তারা একটা কাজও করতে পারলেন না। অগণতান্ত্রিক উপায়ে অধিগ্রহণের

দ্বারা চালিয়ে গেলেন। একটার পর একটা সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল আসবে—আমরা এর তীব্র বিরোধিতা করছি। এই যে অগণতান্ত্রিক হস্তক্ষেপ, এটাকে আমরা সমর্থন করতে পারছি না। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, তারা বলেছিলেন হস্তক্ষেপ করার পর, সেখানে অবস্থার উন্নতি ঘটানো হবে, কিন্তু অনেকদিন হয়ে গেল, কোনও অবস্থার উন্নতি হয়নি। বর্ধমান ইউনিভার্সিটি, সেখানে অনেক কারচুপির অভিযোগ পাওয়া যাচ্ছে দুর্নীতির অভিযোগ পাওয়া যাচ্ছে, সেই দুর্নীতি যারা করছে, তাদের ক্ষমতাকে পারপিচুয়েট করবার জন্য তারা কি ব্যবস্থা করেছেন? এই রকম দেখা গেছে ক্যালকাটা ইউনিভার্সিটি, সেখানে সুপারসেশনের সময় তারা বলেছিলেন, সেখানে দক্ষতা ফিরিয়ে আনা হবে, কিন্তু সেখানে দেখা যাচ্ছে দক্ষতার একান্ত অভাব। শিক্ষাক্ষেত্রে একটা নৈরাজ্য নেবে এসেছে। কিছুদিন আগে একজন অধ্যক্ষা মারা গেলেন, তার প্রতিকার কি হল, এখনও পর্যন্ত আমরা জানতে পারিনি। শিক্ষামন্ত্রী মুখ ফুটে কিছু এই ব্যাপারে বলছেন না। সেখানে ঘেরাও করার ফলে একজন অধ্যক্ষার মৃত্যু ঘটল, এই মৃত্যুর জন্য কে দায়ী, তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, এখনও পর্যন্ত কিছু জানতে পারলাম না। আর একটা ক্ষেত্রে দেখা যাচ্ছে, অধিগ্রহণ করার পরে যদি নমিনেটেড বডি ভাল কাজ করতে পারতেন তাহলে ক্যালকাটা ইউনিভার্সিটির সেই বডি দৃঢ় ব্যবস্থা নিতে পারতেন। আমরা দেখেছি মধ্যশিক্ষা পর্ষদে, সেখানে কয়েকদিন আগে এরা অধিগ্রহণ করলেন, দক্ষতা ফিরিয়ে আনার জন্য। কিন্তু সেখানেও দেখা যাচ্ছে দুর্নীতি চলছে, চুরি হচ্ছে এবং চুরি করার ফলে এই বছরের পরীক্ষা বানচাল হতে বসেছিল, এই ব্যাপরে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে তার মধ্যে দুজন মধ্য শিক্ষা পর্ষদের কর্মীও আছেন। যে নৈরাজ্য ওরা বন্ধ করতে চেয়েছিলেন, যে দক্ষতা ফিরিয়ে আনতে চেয়েছিলেন, তা কিন্তু হলনা, ওরা করতে পারলেন না, অধিগৃহীত সংস্থাগুলো একই অবস্থায় রইল। পাঁচ বছর সময় পেলেন, পাঁচ বছরের মধ্যে নির্বাচন করতে পারলেন না। এর দ্বারাই আপনাদের দক্ষতা প্রকাশ পাচ্ছে, মধ্য শিক্ষা পর্ষদ, কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান ইউনিভার্সিটি তার প্রমাণ। আপনারা দক্ষতা বৃদ্ধি করতে গিয়ে রহড়াতে কি কান্ড করলেন?

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে এ সম্পর্কে আমরা শুনতে চেয়েছিলাম কিন্তু এখনও পর্যন্ত সেকথা তিনি বলেননি। সেখানে রহড়ায় রামকৃষ্ণ মিশনের দক্ষ পরিচালনায় একটি কলেজ চলছিল— সেই কলেজের শতকরা ৮০ জন ফার্স্ট ডিভিসনে পাশ করে এবং সেখানকার অভিভাবকরাও সম্পূর্ণভাবে সেই ম্যানেজমেন্টকে সমর্থন করেছিল কিন্তু তার অবস্থা কি হয়েছে সেটা সকলেই জানেন। আপনারা সেখানে যে একটা নৈরাজ্যের সৃষ্টি করেছেন সেটা প্রমাণিত হয়ে গেছে। এমন কি আপনাদের যারা কট্টর সমর্থক তারাও রহড়ায় এইরকম ভাবে আপনাদের হস্তক্ষেপ এবং সেখানে নৈরাজ্য সৃষ্টির ব্যাপারটি সমর্থন করেননি। এইভাবে অধিগ্রহণ করার দ্বারা আপনারা যে অগণতান্ত্রিকভাবে হস্তক্ষেপ করছেন তার স্বাক্ষর রেখেছেন। তাছাড়া আপনারা আপনাদের প্রতিশ্রুতি মতন কাজ করতেও পারেননি। প্রথমে বলেছিলেন এটা সাময়িকভাবে অধিগ্রহণ করা হচ্ছে কিন্তু তারপর দেখলাম ফার্স্ট অ্যামেন্ডমেন্ট

এল, সেকেন্ড অ্যামেন্ডমেন্ট এল এবং এইভাবে যে এটাকে পার্মানেন্ট করে নিচ্ছেন সেটা বোঝা যাচ্ছে। আপনাদের এই কাজের আমি তীব্র বিরোধিতা করছি। আর রজনীবাবু যে প্রস্তাব এনেছেন সেটাকে সমর্থন না করলে এটাকে সমর্থন করতে হয় সুতরাং তার প্রতি আমি নীতিগত সমর্থন জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এই বিলের আলোচনা ১০টা বাজতে ১০ মিনিটে শেষ হওয়ার কথা কিন্তু এখনও বক্তা আছেন এবং মিনিস্টারের রিপ্লাই বাকি আছে কাজেই আমি রুল ২৯০ অনুসারে আরও আধঘণ্টা সময় বাড়িয়ে নিতে চাই, আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর)

আরও আধঘণ্টা সময় বাড়ানো হল।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয় যে বর্ধমান বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ সংশোধনী বিধেয়ক ১৯৮১ এনেছেন সেটা আমি সমর্থন করছি এবং বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দলুই মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটার আমি বিরোধিতা করছি। স্যার, রজনীবাবু তার প্রস্তাব রাখতে গিয়ে এই বিল বাদে আর সব বলেছেন—তিনি বামফ্রন্ট সরকারের ভাষা নীতি সম্বন্ধে বলেছেন, রাজনীতির কথা বলেছেন, উৎপল দত্তের কথা বলেছেন, কি না বলেছেন? এনিথিং আন্ডার দি সান এক্সেপ্ট দি বিল তিনি সব বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলেজ বা বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করা নিশ্চয় নীতিগতভাবে বা সাধারণভাবে ভাল নয়, এটা আমরা কেউ সমর্থন করি না। আমরা চাই বিশ্ববিদ্যালয় বা কলেজ গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত ব্যক্তিদের দ্বারা পরিচালিত হোক। কিন্তু কেন এই অধিগ্রহণ করতে হল? কংগ্রেস আমলে যে সব বিশ্ববিদ্যালয়ে নির্বাচন করার কথা তারা সেখানে নির্বাচন করলেন না, বাকি পড়ে থাকল, আর এখানে কি সাংঘাতিক অবস্থা? আমি অন্য বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গে যাব না কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ে কি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল? রজনীবাবুদের দলেরই দু পক্ষ একদিকে নাকি নুরুল অন্যদিকে নাকি সুব্রত-নামটামও আমার মনে থাকে না, এই দুপক্ষের রাম রাবনের যুদ্ধ আরম্ভ হয়ে গিয়েছিল বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণের মধ্যে এবং খুনও হয়েছিল তাদেরই দলের লোকরা। এই পরিস্থিতি তারা সামলাতে পারেননি, এই জায়গায় বিশ্ববিদালয় চলে গিয়েছিল, সেটা একটা গুন্ডাদের আখড়ায় পরিণত হয়েছিল। এই অবস্থায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করতে হয়। এখন এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে কি করা হচ্ছে সেটা সকলেই জানেন, কারণ এই বিশ্ববিদ্যালয়ের বিল সম্পর্কে যে সিলেক্ট কমিটি করা হয়েছে তাতে ইন্দিরা কংগ্রেসের সদস্য আছেন, জনতা পার্টির সদস্যও আছেন, তারা জানেন কিভাবে নতুন বিল রচনা করা হচ্ছে। আমরা স্বীকার করি এটা একটু মন্থর গতিতে হয়েছে। কিন্তু কেন হয়েছে? স্যার, আপনি যদি আমাকে এই কথাটা বলতে অনুমতি দেন তাহলে বলব,

গণতান্ত্রিকরণের জন্য গণতন্ত্রের মন্থর গতি। এই কথাটি অনেকেই বলেন যে গণতন্ত্র মন্থর গতিতে চলে কাজেই ডিক্টেটারশিপ কর, পাকিস্তানে, বাংলাদেশে ডিক্টেটারশিপ চলছে, সেই পথ কি ভাল? আজকে শিক্ষক, কর্মচারী, ছাত্র, শিক্ষাবিদ সকলের সঙ্গে আলোচনা করে বিলটি করতে একটু দেরি হচ্ছে। সেখানে ছাত্র, কর্মচারিদের প্রতিনিধিত্বের কথা বলা হয়েছে তাই একটু দেরি হচ্ছে। তবে অল্পদিনের মধ্যেই নির্বাচন হবে কাজেই এত চিন্তিত হবার কোনও কারণ নেই। কিন্তু স্যার, আমি স্যার, রজনীবাবুকে একটি প্রশ্ন করতে চাই, সোজা প্রশ্ন করছি সোজা উত্তর দেবেন—আপনারা নির্বাচন চান, না চান না? মুখে নির্বাচনের কথা বলবেন আর নির্বাচনের প্রচেষ্টা হলেই উল্টো কথা বলতে শুরু করবেন এই জিনিস চলে না। আমরা স্যার, লোকসভা, বিধানসভা উপনির্বাচনের ক্ষেত্রে এই জিনিস দেখেছি। ওরা হরদম গণভোটের কথা বলেন, আমি বলি, বিধানসভার শূন্য আসনগুলির উপনির্বাচন হলেই তো বোঝা যাবে ভাষার ব্যাপারে বামফ্রন্ট সরকারের নীতি জনসাধারণ সমর্থন করেন কিনা কাজেই উপনির্বাচনগুলি হোক না। স্যার, নির্বাচনের কথা হলেই দেখেছি অজিত পাঁজা মহাশয় নির্বাচন কমিশনের কাছে দৌড়ান নির্বাচন বন্ধ করার জন্য। পৌরসভাগুলির নির্বাচনের ক্ষেত্রেও দেখছি। চিৎকার আরম্ভ হয়েছে এই বলে যে বন্ধ কর, বন্ধ কর। স্যার, বিশ্ববিদ্যালয়ের ব্যাপরে গত ১১ই মার্চ তারিখে ওদের দলের নেতা লোকসভার সদস্য শ্রী অশোক সেনের বাড়িতে তথাকথিত বুদ্ধিজীবীদের একটা সভা হয় এবং সেই সভার পর যে ভদ্রলোকের নাম এইমাত্র উনি করলেন সেই ডঃ নীহাররঞ্জন রায় মহাশয়, তিনি বললেন, কলকাতা বিশবিদ্যালয়ে নির্বাচন? হ্যা ছ্যা ও স্বাধীন নির্বাচন হবে না কাজেই এই নির্বাচন করা চলবে না। কলকাতা বিশ্ব বেদ্যালয়ে নির্বাচনের ব্যবস্থা হচ্ছে, ভোটার লিস্ট তৈরি হচ্ছে।

[9-50 — 10-00 a.m.]

তারা চিৎকার করছেন যে নির্বাচন বৈধ হবে না। অর্থাৎ নির্বাচনের সম্মুখীন হবার নাহস তাদের নেই। সাহস থাকে আসুন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের কেস হবে, নির্বাচনে াঁড়িয়ে বলুন যে বামফ্রন্ট সরকার স্বাধীকারে হস্তক্ষেপ করছে। কলকাতা বিশ্ব বিদ্যালয়ের সনেটের নির্বাচনে কংগ্রেস (আই) দলের একজনও জিততে পারবেন না। আজকে সে জন্য ইন্দিরা কংগ্রেসের লোকেরা চিৎকার করছেন এবং তারা হামলা শুরু করে দিয়েছেন। আজকে অবস্থাটা কি? রজনীবাবু বক্তব্য রাখলেন। আমরা জানতাম তিনি উকিল। রাজনীতি করতে গয়ে তিনি ওকালিতে ছেড়ে দিয়েছেন কিনা আমি জানি না এবং সংবিধানের ধারা এখানে তনি পড়লেন। এখন আবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপর একটা ধারণা সৃষ্টি করা হচ্ছে য রাজ্যপালের সঙ্গে সরকারের দারুণ বিরোধ চলছে। তিনি এইটুকু জানেন না যে অর্ডিন্যান্সে গভর্নর সই না করলে সেটা হয় না। গভর্নর সই করেছেন তারপর অর্ডিন্যান্স হয়েছে। সেই অর্ডিন্যাসের সময় পার হয়ে যাচ্ছে, সিলেক্ট কমিটিতে বিল আনতে দেরি হয়ে যাচ্ছে, সে জন্য এই নতুন বিল। এটা জেনে শুনেও বলবার দরকার ছিল। সুতরাং এই বিষয়ে বেশি কথা বলবার দরকার নেই। জন্মেজয়বাবু যে কথা বলেছেন, সেই ব্যাপারে আমার সোজা কথা যে

আমরা অধিগ্রহণ চাই না। কিন্তু প্রয়োজনে তাদের কৃতকর্মের ফলে, তারা যে বোঝা সৃষ্টি করেছেন সেই বোঝা থেকে মুক্ত করবার জন্য শিক্ষাক্ষেত্রে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবার জন্য, বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য, তাকে গণতন্ত্রী করণের জন্য কিছুটা বিলম্ব হয়ে যাচ্ছে। সেই বিলম্ব প্রয়োজনে হয়েছে। আমরা চাই যে যত সত্বর সর্বত্র নির্বাচন হক। কলকাতা, বর্ধমান, উত্তরবঙ্গ, যাদবপুর সর্বত্র নির্বাচন হোক এবং নির্বাচিত ব্যক্তিরা এসে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান পরিচালনা করুন। আমার শেষ কথা, রজনীবাবুদের দলকে আমি সাবধান করে দিতে চাই। তারা আবার সেই অন্ধকারের বিভিষিকায়ম রাজত্ব ফিরিয়ে আনার চেষ্টা করছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের যে পদ্ধতি চলছে, তারা এগুলিকে বানচাল করার চেষ্টা করছেন। তাই কংগ্রেস (আই)-এর লোকেরা কালকে কাউন্সিল সভায় হামলা করেছে। তারা বলছে এই ঘেরাও অত্যন্ত অন্যায়, যেভাবে মারা গেছে সেটা অত্যন্ত অন্যায়। আমরা নিন্দা করছি। আজকে রজনীবাবু যে বক্তৃতা করলেন, জন্মেজয়বাবু যে বক্তৃতা করলেন, কালকের কাগজে আছে কাউন্সিলের সদস্য ঘেরাও হয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে ছিলেন। জন্মেজয়বাবুরা একবারও বলতে পারতেন যে এই ঘেরাওকে সমর্থন করি না। জনতা পার্টি রজনীবাবুর প্রস্তাবকে সমর্থন করলেন। জন্মেজয়বাবু একবারও বলতে পারতেন যে কালকে কাউন্সিলের হামলা করা আমরা সমর্থন করি না। সাধনা সরকারের ঘেরাও অন্যায়, আর বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলের সদস্যদের ঘেরাও অন্যায় নয়। সেখানেও মহিলারা ছিলেন—অনিলা দেবী ছিলেন, অসীমা চট্টোপাধ্যায় ছিলেন, তারাও ঘণ্টার পর ঘণ্টা ঘেরাও হয়ে ছিলেন। তাদের ঘেরাও অন্যায় নয়। এটা কি রাজনীতি নয়? শিক্ষা ক্ষেত্রে কারা রাজনীতি করছে, অন্যায় করছে? ইন্দিরা গান্ধীর দল রাজনীতি করছে জনতা পার্টি রাজনীতি করছে। বামফ্রন্ট সরকার শিক্ষা প্রতিষ্ঠানে রাজনীতি মুক্ত করতে চায়, হামলা থেকে মুক্ত করতে চায়। ইন্দিরা কংগ্রেসকে বলি যে তোমরা বিশ্ববিদ্যালয় থেকে হাত তোল। তোমরা কালো হাত বাড়িয়ে দিও না, তোমাদের কালো হাত আমরা চিনি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে এবং রজনীবাবুর প্রস্তাবকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন মাননীয় মন্ত্রী মহাশয় যদি তার বিলের সমর্থনে এবং রজনীবাবুর প্রস্তাবের উপর কোনও বক্তব্য রাখতে চান তাহলে বলুন।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত সংক্ষিপ্ত একটা বিল। এটা যখন হাউসে উত্থাপন করেছিলাম তখন আমি ভেবেছিলাম যে এটাকে সকলের সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন। রজনীবাবু যে প্রস্তাব এনেছেন তার মর্মার্থ আমি উপলব্ধি করতে পারলাম না। উনি এটাতে কি বলতে চেয়েছেন? উনি কি এটাকে অনুমোদন না করার কথা বলেছেন? অর্থাৎ উনার কথা যদি স্বীকার করে নেই যে বর্তমানে প্রশাসনিক ব্যবস্থা ভাল ভাবে চলছে না। তাহলে উনি কি বলতে চাইছেন যে এটাকে ভেঙ্গে দিয়ে, এটাতে সময়সীমা না বাড়িয়ে এটাতে একটা অচল অবস্থার সৃষ্টি করা হোক, আমলা প্রশাসনের হাতে দায়িত্ব ন্যাস্ত করা হোক যাতে করে নৈরাজ্য আরও বাড়ে? উনার এই সংশোধনী প্রস্তাবের মধ্যে এক বছর

সময় সীমা বাড়াতে আপত্তি করেছেন। এর উদ্দেশ্যে হচ্ছে বর্তমান যে কাউন্সিল আছে সে যাতে আর কাজ করতে না পারে এবং পরিবর্তে যদি শূন্যতার সৃষ্টি হয় সরকারের পক্ষ থেকে কোনও আমলাকে সেখানে প্রশাসনিক ব্যবস্থায় বসিয়ে দেওয়া হোক। অর্থাৎ উনি আরও নৈরাজ্য, আরও অরাজকতার কথা চিন্তা করে এরকম একটা প্রস্তাব এনেছেন এবং বক্তব্য বলতে গিয়ে উনি রাজ্যপালের নাম থেকে শুরু করে শ্রীমতী ইন্দিরা গান্ধী, ডঃ নীহাররঞ্জন রায় প্রভৃতির নাম করে শেষ পর্যন্ত লেনিন-এর নাম করে শেষ করেছেন। কিন্তু উনি কি বলতে চাইলেন তা আমি বুঝতে পারলাম না। উনি এখানে একটা টেকনিক্যাল পয়েন্ট তুলেছেন, অর্ডিনান্সটি গভর্নর অ্যাপ্রুভ করেছেন কিনা। আমি ওর অবগতির জন্য এবং সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, এক্সট্রা অর্ডিনারি গেজেট অফ টুয়েন্টি ফোর্থ ডিসেম্বর, মিঃ টি এন সি, গভর্নর অফ ওয়েস্ট বেঙ্গল এই অর্ডিন্যান্সটি অনুমোদন করেছেন এবং সেই জন্যই এটা অর্ডিন্যান্স হিসাবে চালু হয়েছিল। এখানে প্রশ্নটি হচ্ছে বিশ্ব বিদ্যালয়গুলির অধিগ্রহণ সংক্রান্ত এবং আমি মনে করি বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্বন্ধে এই বক্তব্য ওর মুখ থেকে আসা ঠিক নয়। এটা যদি সাধারণ মানুষের কাছ থেকে আসত তাহলে আমাদের কৈফিয়ত দিতে হত। সেক্ষেত্রে আমরা বলতাম যে, আরও কিছু দিন আগে কাউন্সিল হলে নিশ্চয়ই ভাল হত। কিন্তু ওরা কোন মুখে এসব কথা আমাদের কাছে বলছেন! অন্তত উনি তো জানেন, উনি তো সেই সময়ে বিধানসভার সদস্য ছিলেন, ৭৫ সালে এই বিধানসভা থেকে কংগ্রেস সরকার একটা সংশোধনী আইন পাস করেছিলেন—সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির জন্য সংশোধনী আইন পাস করে বলেছিলেন, প্রতিটি বিশ্ববিদ্যালয়ে যে পরিচালন ব্যবস্থা থাকবে তাতে ছাত্র প্রতিনিধি থাকবে। তা আমি ওকে জিজ্ঞাসা করি ৭৫ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত তারা যত দিন ছিলেন তত দিন সেই আইনের পদ্ধতিতে, সেই আইনের ভিত্তিতে কোনও বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের চেষ্টা করেছিলেন কি? ১৯৭৫ সালে তারা আইন করেছিলেন যে, পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়ের পরিচালন সংস্থায় ছাত্র প্রতিনিধি নেওয়া হবে। সেই আইন ১৯৭৫ সালে এই বিধানসভায় কংগ্রেস সরকার পাস করিয়েছিলেন এবং ১৯৭৭ সাল পর্যন্ত তারা এখানে থাকা সত্ত্বেও তারা কোনও বিশ্ববিদ্যালয়ে এই সংশোধনী আইনের ভিত্তিতে নির্বাচন করার সাহস করেননি। আর বামফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গেই প্রতিশ্রুতি দিয়েছিল যে, আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে আইন প্রণয়ন করব এবং সেই আইন অনুযায়ী পরিচালন সংস্থায় ছাত্র, শিক্ষক কর্মচারী এবং অশিক্ষক কর্মচারিদের প্রতিনিধিত্ব থাকবে এবং সেই আইন আমরা করেছি। ১৯৭৮ সালে অধিগ্রহণ করার পর আইন রচিত হয়েছে এবং সেই আইন অনুযায়ী কলকাতা বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের কাজ শুরু হয়েছে এবং আগামী জুলাই মাসের মধ্যে নির্বাচনের কাজ সম্পন্ন হবে! তাই আজকে ভীত সন্ত্রাস্ত হয়ে ওদের গুন্ডা বাহিনী কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল আক্রমণ করেছে, আজকে অরাজকতা অবস্থা সৃষ্টি করতে চাইছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের নির্বাচনের কাজে বাধা সৃষ্টি করছে। আপনারা জানেন বর্ধমান বিশ্ববিদ্যালয় আইন সিলেক্ট কমিটিতে গিয়েছিল, এই বিধানসভার অধিবেশনেই সিলেক্ট কমিটির সেই বিল আসবে এবং একথা ওরা জেনে রাখুন যে, সিলেক্ট

কমিটির বিল এখান থেকে পাস হয়ে যাবার সঙ্গে সঙ্গে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের কাজ শুরু হবে। কিন্তু আমরা জানি সেখানেও ওরা ভীতি এবং সন্ত্রাস সৃষ্টি করবেন, গন্ডগোল শুরু করবেন। তবে একথা ওরা জেনে রাখুন যে, আজকে সচেতন ছাত্র সমাজ এই হামলাবাজিকে বরদাস্ত করবে না, শিক্ষিত মানুষ তাতে বিভ্রান্ত হবেনা। প্রতিশ্রুত আইনের ভিত্তিতেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ে নির্বাচন হবে। আমরা যেভাবে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেইভাবে আইন প্রণয়ন করেছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের ক্লাশ শুরু হয়েছে, অন্য বিশ্ববিদালয়গুলিতেও নির্বাচন করব। জনতা পার্টির মাননীয় সদস্য জন্মেজয় ওঝা অনেক কথাই বলেছেন। তা আমি তার অবগতির জন্য এবং সকল সদস্যের অবগতির জন্য একথা ঘোষণা করতে চাই যে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কলকাতা বিশ্ববিদ্যালয়-সহ যখন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা অধিগ্রহণ করে তখন কেন্দ্রে জনতা পার্টির সরকার ছিল এবং সেই সরকারের শিক্ষা মন্ত্রী ডঃ প্রতাপচন্দ্র চন্দর সঙ্গে এবিষয়ে আমাদের আলোচনা হয়েছিল, তিনি এবিষয়ে আমাদের সম্মতি দিয়েছিলেন। তিনি পর্যন্ত বলেছিলেন, পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে সুষ্ঠু পরিবেশ যদি সৃষ্টি করতে চান তাহলে নিশ্চয়ই অধিগ্রহণ করা ছাড়া অন্য কোনও উপায় নেই। ওদের পার্টির অধ্যাপক সন্দীপ দাস এখানে উপস্থিত আছেন, তিনি একথা জানেন এবং সে সময়ে তিনিও এ বিষয়ে আলোচনা করেছিলেন এবং অধ্যাপক দিলীপ চক্রবর্তী মহাশয়ও ছিলেন। এখন এখানে জন্মেজয় বাবু বলে গেলেন যে, কাউন্সিলে সমস্ত বামফ্রন্টের লোকেদের নেওয়া হয়েছে। আমি তাকে জিজ্ঞাসা করি অধ্যাপক দিলীপ চক্রবর্তী কি তাদের দলের লোক নন? জনতা পার্টির প্রাক্তন এম পি দিলীপ চক্রবর্তী মহাশয়কে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলের মধ্যে রেখেছিলাম। কাজে কাজেই কলকাতা বিশ্ববিদ্যালয় সহ সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির পরিচালন ব্যবস্থা যখন অধিগ্রহণ করা হয়েছিল তখন আমরা কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ডঃ চন্দর সঙ্গে আলোচনা করেই তা করেছিলাম।

[10-00 — 10-10 a.m.]

তার সম্মতি পাবার পর আমরা এ বিষয়ে অগ্রসর হয়েছিলাম। আমি অন্তত পরিষ্কারভাবে উল্লেখ করছি আমরা যেগুলি অধিগ্রহণ করেছি সেগুলিকে নতুনভাবে পরিচালন ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা করেছি এবং সেইজন্য আমরা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের জন্য ১ বছর সময় চেয়েছি যদিও ১ বছর সময় লাগবে না এই অধিবেশনে সিলেক্ট কমিটির রিপোর্ট আসবার পর যখন সেটা পাস হয়ে যাবে তখন সঙ্গেসঙ্গে পরিচালক সমিতির নির্বাচন নতুন আইনের ভিত্তিতে শুরু হবে। এই কথা বলে মননীয় সদস্য রজনীকান্ত দোলুই মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rajani Kanta Doloi that this Assembly disapproves the Burdwan University (Temporary Supersession) (Second Amendment) Ordinance 1980, was then put and a division taken with the following result :-

NOES

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Bagdi, Shri Lakhan

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Bimal Kumar

Basu, Shri Nihar Kumar

Basu Ray, Shri Sunil

Bauri, Shri Gobinda

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jnanendranath

Biswas, Shri Kumud Ranjan

Bose Shri Nirmal Kumar

Chatterjee, Shri Tarun

Chhobhan Gazi, Shri

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendranarayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali

Das, Shri Jagadish Chandra

Daud Khan, Shri

Ghosh, Shri Sambhu Charan

Guha, Shri Nalini Kanta

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Koley, Shri Barindra Nath

Kuiry, Shri Daman

Kujur, Shri Sushil

Let (Bara), Shri Panchanan

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Dinabandhu

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Mandal, Shri Gopal

Mandal, Shri Sudhangshu

Mandal, Shri Sukumar

Mandi, Shri Sambhunath

Mazumder, Shri Dinesh

Mir Abdus Sayeed, Shri

Mir Fakir Mohammad, Shri

Mitra, Shri Ranjit

Mohammad Amim, Shri

Mondal, Shri Kshiti Ranjan

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Niranjan

*Munsi, Shri Maha* Bacha

Murmu, Shri Sufal

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo Gopal

Nezamuddin Md., Shri

Oraon, Shri Mohan Lal

Pathak, Shri Patit Paban

Roy, Shri Haradhan

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Tarak Bandhu

Roy Barman, Shri Khitibhusan

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshmi Narayan

Samanta, Shri Gouranga

Sarkar, Shri Ahindra

Sing, Shri Buddhadeb

Singh, Shri Khudiram

Sur, Shri Prasanta Kumar

Tah, Shri Dwarka Nath

Talukdar, Shri Pralay

Trikey, Shri Monohar

Tudu, Shri Bikram

Uraon, Shri Panai

AYES

Abedin, Dr. Zainal

Chowdhury, Shri Abdul Karim

Das, Shri Shiba Nath

Doloi, Shri Rajani Kanta

Mahato, Shri Shantiram

Shaikh Imajuddin, Shri

ABSTENTIONS

Bauri, Shri Bijoy

Bharati, Shri Haripada

Das Mahapatra, Shri Balai Lal

Das Sarma, Shri Sudhir Chandra

Halder, Shri Renupada

Roy, Shri Nanuram

Sarkar, Shri Deba Prasad

Shastri, Shri Vishnu Kant

The Ayes being 6, the Noes 71 and Abstentions 8, the motion was lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the Burdwan University (Temporary supersession) (Amendment) Bill, 1981 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2, 3 and Preamble**

The question that Clauses 1, 2, 3 and preamble do stand part of the Bill - was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 as settled in the Assembly be passed

[10-10 — 10-20 a.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বলার কোনও আবশ্যকতা ছিল না।

কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় এবং তাঁর স্বপক্ষে মাননীয় নির্মল বসু মহাশয় কিছু অপ্রাসঙ্গিক কথা এই বিলের উপর উপস্থিত ও আলোচনা করেছেন। আমি তাদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে ২৪শে জুন, ১৯৮১ তারিখে চার বছর পূর্ণ হয়ে যাবে। এই চার বছরে তারা একটা উপযুক্ত আইন প্রণয়ন করতে পারলেন না। তারা যে রকম ভীত সন্ত্রস্ত তাদের উপর করুণা করা ছাড়া আর আমাদের পথ নেই। আই পিটি আরও স্মরণ করিয়ে দিতে চাই আপনাদের আয়ুস্কালের বৃদ্ধির জন্য ই এম এস নাম্বুদ্রিপাদ আসামে ছুটেছেন তাইমুর কে সমর্থন করার জন্য। এখানে রজনী বাবুর কথা কে অবলম্বন করে কংগ্রেস (আই)-এর শ্রাদ্ধ করলেন। ইউ হ্যাভ অলসো গন আউটসাইড—কংগ্রেসে (আই)-এর বিরুদ্ধে যত চিৎকার করুন আমরা দেখছি যে পদলেহন করার একটা পথ ওরা বেছে নিয়েছেন। আমরা এটার নিন্দা করি। উচ্চ শিক্ষামন্ত্রী নিজে অধ্যাপনায় নিযুক্ত বিশেষ করে এই রাজ্যে শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য সমস্ত রকম প্রয়াস তিনি চালাবেন। কিন্তু তার আচরণে বামমার্গী এক্সট্রিমিজিম যেন না থাকে। পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে জাতীয় পরিপ্রেক্ষিতে পিছিয়ে এসেছে। অথচ একাধিক মন্ত্রী এর দায়িত্ব নিয়েছেন। আপনারা ভালো করবেন এই কথা বলে এসেছিলেন। Have you improved any sphere, any thing, anywhere ? আজকে এই জিনিসটার কোনও জবাব আপনারা দিতে পারছেন না। আপনাদের একটা আইন গড়তে ৪ বছর লাগল, সেখানে সেই আইনকে কার্যকরী করতে আরও ১৪ বছর লাগবে? ২৪শে জুন আপনারা ৪ বছর কমপ্লিট করছেন। আইন পাস করে ৪ বছরের মধ্যে ওই আইনবলে যদি নির্বাচন না করতে পারেন তাহলে আপনারা বলবেন আপনাদের একটা মতলব আছে এটাই বুঝবো। এক জনতা শিক্ষাবিদকে কাউন্সিল নিয়েছেন, নিয়েছেন বলেকি সমস্ত ধোয়া তুলসি পাতা হয়ে গেলেন? এরকম আস্ফালনের কোনও কারণ নেই। আপনাদের শিক্ষানীতির বিরুদ্ধে এন্টায়ার ইনটেলিজেন্সিয়া শিক্ষাবিদ, ঐতিহাসিক, বিদগ্ধ সমাজ বিদ্রোহ ঘোষণা করেছে। দলবাজি নয় বাংলার শিক্ষার মানকে উন্নত করার জন্য কি করেছেন? কলকাতা বিশবিদ্যালয়ে একজন ভি সি করতে এক বছর সময় লেগেছিল you took complete one year to find out a single Vice-Chancellor in Calcutta University. সেইজন্য বলছি শিক্ষাকে দলের উর্ধ্বে রাখার চেষ্টা করুন, দলবাজি থেকে মুক্ত করুন। Education should be placed above politics এই আবেদন করে বলছি যে ইউনিভার্সিটিগুলিতে যে ইলেকশন হবে তা যেন ফেয়ার হয়। আজকে যে গুন্ডামির কথা বলছেন সেটা আপনাদের কারসাজি কিনা কে বলবে? এই রাজ্যে উন্নয়নের বাধা হিসাবে, শিক্ষার শত্রু হিসাবে লেফ্টফ্রন্ট ইতিহাসে চিহ্নিত হয়ে থাকবে।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** স্যার, ঠিক এই পর্যায়ে কিছু বলার ছিল না, কিন্তু জয়নাল সাহেব একটা অপ্রাসঙ্গিক কথা, উত্তেজনা বশত, কতগুলি অবতারনা করলেন বলে কয়েকটি কথা আপনার মাধ্যমে জানানো দরকার। আজকে যে সমস্ত কথা তারা বললেন তা শুনে মন হল চোরের মায়ের বড় গলা। বিগত কয়েক বছর ধরে পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে যে

নৈরাজ্য, বিশৃঙ্খলা তারা সৃষ্টি করেছেন তার ফলশ্রুতি হিসাবে আমরা দেখছি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানের অবনতি হয়েছিল। প্রশাসন বলতে কিছু ছিল না। যে বিল নিয়ে আলোচনা হচ্ছে সেই বিশ্ববিদ্যালয়ে ১৯৭২ থেকে ১৯৭৮ সাল পর্যন্ত গণ টোকাটুকি হয়েছে, অর্থের বিনিময়ে জাল মার্কশিট দেওয়া হয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের চত্বরে একদল কংগ্রেস ছাত্রকর্মী আরেকদল কংগ্রেস ছাত্রকর্মীর উপর হামলা করে উপাচার্যের সামনে একজন ছাত্রকে হত্যা করা হয়। আমরা গর্বের সঙ্গে বলতে পারি বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে উন্নত করতে পেরেছি, পরিচ্ছন্ন করতে পেরেছি এবং দুর্নীতি মুক্ত করতে পেরেছি। আজকে একথা ঘোষণা করছি যে পশ্চিমবাংলার প্রতিটি বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে নতুন আইন অনুযায়ী নির্বাচন করতে চলেছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ে শুরু হচ্ছে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে হবে। আমরা জানি রাজনৈতিক ক্ষেত্রে বিরোধ থাকলেও এই সরকারের নীতির বিরুদ্ধে প্রতিটি প্রগতিশীল নীতির বিরুদ্ধে কংগ্রেস (আই) থেকে আরম্ভ করে এস ইউ সি পর্যন্ত হাত মিলিয়েছে। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের জনগণ বামফ্রন্ট সরকারের শিক্ষানীতিকে সমর্থন করেন। সেজন্য মনে করি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আইন গ্রহণ করে তার ভিত্তিতে যে নির্বাচন হবে তখন দেখবেন পশ্চিমবঙ্গের জনসাধারণ কোন নীতিকে সমর্থন করেন।

[10-20 — 10-30 a.m.]

The motion of Shri Sambhu Charan Ghosh that the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed was then put and a division taken with the following result :-

AYES

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Bagdi, Shri Lakhan

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Bimal Kumar

Basu, Shri Nihar Kumar

Basu Ray, Shri Sunil

Bauri, Shri Gobinda

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jnanendranath

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Ashok Kumar

Bose Shri Nirmal Kumar

Chatterjee, Shri Tarun

Chhobhan Gazi, Shri

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendranarayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali

Das, Shri Jagadish Chandra

Daud Khan, Shri

Ghosh, Shri Smabhu Charan

Guha, Shri Nalini Kanta

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Khan, Shri Sukhendu

Kolay, Shri Barindra Nath

Kuiry, Shri Daman

Kujur, Shri Sushil

Let (Bara), Shri Panchanan

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Dinabandhu

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Mandal, Shri Gopal

Mandal, Shri Sudhangshu

Mandal, Shri Sukumar

Mandi, Dr. Sambhunath

Mazumder, Shri Dinesh

Mir Abdus Sayeed, Shri

Mir Fakir Mohammad, Shri

Mitra, Shri Ranjit

Mohammad Amim, Shri

Mondal, Shri Kshiti Ranjan

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Niranjan

Munsi, Shri Maha Bachha

Murmu, Shri Sufal

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo Gopal

Nezamuddin Md., Shri

Oraon, Shri Mohan Lal

Pathak, Shri Patit Paban

Roy, Shri Haradhan

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Tarak Bandhu

Roy Barmon, Shri Khitibhusan

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshi Narayan

Samanta, Shri Gouranga

Sarkar, Shri Ahindra

Sing, Shri Buddhadeb

Singh, Shri Khudiram

Sur, Shri Prasanta Kumar

Tah, Shri Dwarka Nath

Talukdar, Shri Pralay

Trikey, Shri Monohar

Tudu, Shri Bikram

Uraon, Shri Panai

NOES

Abedin, Dr. Zainal

Bharati, Shri Haripada

Chowdhary, Shri Abdul Karim

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Sandip

Das, Shri Shiba Nath

Doloi, Shri Rajani Kanta

Ojha, Shri Janmejay

Paik, Shri Sunirmal

Roy, Shri Nanuram

Shaikh Imajuddin, Shri

Shamsuddin Ahmad, Shri

Shastri, Shri Vishnu Kant

ABSTENTIONS

Bauri, Shri Bijoy

Halder, Shri Renupada

Pathak, Shri Patit Paban

Sarkar, Shri Deba Prasad

Ayes being 74, Noes 13, the motion was carried.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 12, 68, 69 & 71

### Demand No. 12

### Major Head : 241 Taxes on vehicles

Shri Mohammad Amin :

Hon'ble Speaker Sir,

On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,92,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "241—Taxes on Vehicles" during the financial year 1981-82.

2. Hon'ble Speaker, Sir, the aforesaid Demand for expenditure relates to the Enforcement Organisation of the Home (Transport) Department in Calcutta and in the districts. Effective collection of motor vehicles taxes and fees, etc., depends much on the functioning of this organisation. This organisation is to look after the enforcement of the provisions of the Motor Vehicles Act., the West Bengal Motor Vehicles Tax Act and the rules made thereunder, through different functionaries

at the district level and in the Public Vehicles Department, Calcutta.

3. With a view to streamlining the procedure for imposition and collection of motor vehicles tax the West Bengal Motor Vehicles Tax Act, 1979, effective from 1st June, 1979, was enacted in substitution of the Bengal Motor Vehicles Tax Act, 1932. To improve the collection of revenue by detecting tax-evading vehicles Government have decided to set up integrated check-posts at the existing sites of Entry Tax Check posts on National Highway-2, National Highway-6 and National Highway-34. Such a check post has already started functioning on National Highway-6 and another on National Highway-34 is to start soon.

4. With these words, Sir, I would commend the Budget for consideration of the House.

**Demand No. 68**

**Major Head : 335—Ports, Lighthouse and Shipping**

Shri Mohammad Amin :

Hon'ble Speaker Sir,

On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 37,00,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "335—Ports, Lighthoues and Shipping" during the financial year 1981-82.

2. Hon'ble Speaker, Sir, the aforesaid Demand for expenditure relates to the Inland Water Transport Wing of the (Transport) Department. The Wing Consists of the following branches :

(1) Survey and Registration Section,

(2) Pooling Section,

(3) Examination Section,

(4) Government Dockyard,

(5) Inland Water Transport Crew Training Centre.

3. Conducting examination of the Crew and Survey and registration of Inland Vessels are statutory functions of the State Government under the Inland Vessels Act, 1917. Pooling Section under the Engineer and Chief Ship Surveyor looks after the maintenance, repair and upkeep of

the pool launches and also power-driven boats placed at his disposal and also with the district officers of riverine districts of the State ; in the Government Dockyard, petty repairs to pool launches are carried out ; in the Inland Water Transport Crew Training Centre preliminary training for Inland Water Transport Crew is imported under his supervision.

4. The State Government in the Commerce and Industries Department extend financial support in the shape of scholarships to the deserving candidates who are permanent residents of this State and undergoing training in the Marine Engineering College at Taratala, Calcutta and in the training ship 'Rajendra' at Bombay. The scholarships are granted to the sons and wards of the parents and guardians who are unable to defray the entire expenses of the training. The number of scholarships granted every year is five for the cadets of the Marine Engineering College, Taratala and ten for the cadets of the training ship 'Rajendra'.

5. With these words, sir, I would commend the Budget for consideration of the House.

**Demand No. 69**

**Major Head : 336—Civil Aviation**

Shri Mohammad Amin :

Hon'ble Speaker Sir,

On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,44,000 be granted for expenditure under Demand No. 69, Major Head : "336—Civil Aviation" during the financial year 1981-82.

2. Hon'ble Speaker, Sir, the Demand for the above expenditure is for running the Flying Training Institute at Behala.

3. The Flying Training Institute has been imparting training in aviation. The trainees are given Private Pilot's Licence and also Commercial Pilot's Licence on successful completion of the requisite flying hours and training at the Institute. For the purpose, the Institute maintains five 'Pushpak' aircrafts with necessary complement of Instructors and Engineers. The Institute has also a workshop of its own to maintain the aircrafts.

4. The number of trainees in the Institute is at present 97. Of them 30 are N.C.C. Cadets and 67 Hobby-fliers. The cost of flying per

hour has been increasing rapidly—per hour cost of flying which stood at Rs. 10 only in 1963 is at present Rs. 202. As a result, a career in aviation is not within the easy reach of the young boys and girls of the families of limited income. With a view to rendering financial assistance to such boys and girls, the Government has formulated a Scholarship Scheme. Every year six scholarships are awarded by the State Government to the meritorious trainees of the Institute. Out of the six sc'holarships, one is awarded to a Scheduled Caste trainee. Apart from this seven scholarships are awarded by the Government of India to Scheduled Castes trainees. A scholarship-holder trainee has to pay Rs. 11 only per hour as against the flying cost of Rs. 202 per hour. The number of beneficiary-trainees is expected to increase progressively from year to year.

5. The Government has adopted some measures for development of the Institute to provide better training facilites to the young boys and girls. A Suitable provision has been made in the Plan Budget for the year 1981-82 for acquiring a new training aircraft during that year and seven acres of land for expansion of the Institute.

6. With these words, Sir, I would commend the Budget for consideration of the House.

**Budget of the Government of West Bengal for 1981-82**

**Demand No. 71**

**Major Head : 338— Road and Water Transport Services, 538—Capital Outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transports Services**

Shri Mohammad Amin :

Hon'ble Speaker Sir,

On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 60,32,46,000 be granted for expenditure under Demand No. 71, Major Head : '338— Road and Water Transport Services, 538—Capital Outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transports Services'' during the financial year 1981-82.

The Hon'ble Members are aware that the transport system in this State, particularly in the metropolitan are, is being confronted with mounting problems. Apart from the infrastuctural constraints, the problems have been compounded by poor supply of commercial vehicles of all categories, the continuous rise in price of petroleum products—the

last steep rise being as late as January 12, 1981, and the sharp escalation in prices of all accessories to transport vehicles. Transport being in the core sector of economic development these problems have to be trackled with urgency at the national level and can hardly be eased by the efforts of the State Government alone, though every endeavour to deal with them is being made by this Government.

The latest increase in price of petroleum products aggravated by the escalation in prices of chassis, tyres, spare-parts and other essential automobile equipment has resulted in a sharp increase in operational cost of all categories of public service vehicles. The Government after careful consideration of all aspects of the increased cost of operation, have come to the conclusion that a revision of the fare structure is inescapable to keep the passenger transport services in operation. In regard to State Transport Undertakings including the Calcutta Tramways Company it is not possible for the Government to absorb the impact of all the increased cost through increased Ways and Means Advance to the undertaking. Fare revision has, accordingly been accepted by the Government under these compelling circumtances with effect from 27th January 1981, as per Table 1 annexed. Even after the revision of the fare, the fare structure in West Bengal remains to be the lowest in India.

On the last occasion the Hon'ble Members were informed of the State Government's efforts to get World Bank's financial assistance for Calcutta Urban Transport Project. The matter has since been finalised. As per agreement with the International Development Association, Calcutta Urban Transport Project is now in progress at an estimated total cost of Rs. 102 crores. The project is designed to improve the quality and quantity of mass transportation services provided by public and private operators in the Calcutta Metropolitan District and consists of the following :

**Part A : The Corporation (CSTC)**

Acquisition of about 530 new single-deck and double-deck buses in order to maintain a total fleet of about 1.125 buses for city services by June 30m 1983 ; construction of one new workshop at Belghoria to operate on the basis of a unit exchange system and one new sub-depot ; upgrading of the existing workshop at Belghoria ; upgrading and re-equipping of four existing depots.

**Part B : The Company (CTC)**

Implementation of a tram fleet rehabilitation programe with acqui-

sition of 75 new tram-cars. Rebuilding of about 60 tram-cars special renovation of about 105 tram-cars; modernisation of the company's workshop at Nonapukur; upgrading of the power supply system; upgrading of about 21 km of double track; upgrading of 6 substantions; modernisation of 7 depots are 3 terminals upgrading of the lighting, illumination and communication systems.

**Part C : The Authority (CMDA)**

Rationalisation of transport and road space use through traffic engineering and management improvements to 8 major transit corridors and provision of 4 bus terminals; about 15 private bus terminating points and about 1,500 passenger others.

**Part B : Technical Assisntance**

Utilisation of technical services to assist (i) the Authority in carrying out studies for route rationalisation and of the socio-economic impact of the Project on differenct economic groups, and (ii) the Authority, the Company and the Corporation with projcet design, procurement and supervision during implementation of the project.

The project is expected to be completed by December 31, 1983, when substantial improvement in transport system in Calcutta Metropolitan District will be achieved. A provision of Rs. 30 crores has been kept for this project in the budget for 1981-82.

All the Road Transport Undertakings in this State have been suffering from more or less identical troubles—Soaring operational costs and overheads due to escalation in prices of all articles required for transport industry; steep rise in cost of petrol and diesel and for that matter progressively increasing Ways and Means Advances from the State exchequer to bridge the gap between working expenses and gross earnings and ultimate financial losses year after year. Though viability of those undertakings can hardly be vouchasfed in the near future, there are some areas of improvement in their performance which have been reflected in Table No. 2 annexed. The Calcutta State Transport Corporation particularly has been facing other hindrances like (i) more than 50 percent. vehicles of the fleet older than five year, (ii) unsatisfactory road conditions, (iii) frequent cases of break-down of double deck buses due to excessive overloading, and (iv) traffic congestion on a number of arterial roads on which construction works under CMDA and Metro Rail are in progress. A brighter picture is, however, expected to emerge with the completion of Calcutta Urban Transport Project. Acquisition of 291 double-deck and 239 single deck buses with

the assistance of World Bank will enable CSTC to pur 1,125 buses in city routes at the end of the project period. Other measures of improvement in the fields of management, productivity, finance, training of personnel, etc., will also be taken up under this project.

It is true there has not been spectacular improvement in Tramways service with old and dilapidated cars, but despite varrious odds it has been possible till now to maintain a steady service. When the Calcutta Urban Transport Project is fully implemented with the assistance of World Bank the Calcutta Tramways will acquire 75 new, 60 rebuilt and 105 specially renovated cars besides modernised workshop and depots and upgraded track and power supply system including substations. The execution of the project has started in full swing. Orders for purchase of 75 new tram-cars and other essential equipments will be finalised very soon. Necessary construction works for modernisation of depots and workshop have also started. It is also intended to extend the Tramways service in the following areas :-

(a) Behala to Amtala

(b) Tollygunge to Javavpur via Prince Anwar Shah Road.

(c) Shyambazar to Barrackpore Via B. T. Road.

(d) Park Circus to Moulali via C.I.T. Road.

Techno-economic survey in all these places will be taken up shortly.

The North Bengal State Transport Corporation has been playing a pivotal role in the field of mass transportation system, particularly in the North Bengal districts where rail-links are utterly inadequate. Some important aspects of this Corporation have been shown in Table No. 2 annexed. Druing the year 1981-82 it proposes to acquire more than new buses with a plan outlay of Rs. 120 lakhs.

The Durgapur State Transport Corporation has as its aim to provide healthy transport facilities to the citizens of Durgapur industrial area and the people of adjoining districts of Burdwans, Birbhum, Bankura, Midnapore and Purulia. Some important aspects of this Corporation have been shown in Table No. 2 annexed. The Corporation in its long distance services covers 13 districts of West Bengal and aslo runs services to two adjoining states, viz, Bihar and Orissa. Total long distance services run are 47 in 26 routes. In 1980-81 the Corporation introduced the following long distance routes :-

(a) Durgapur to Puri with effect from 12th July 1980.

(b) Durgapur to Gangajalghati with effect from May 1980.

(c) Durgapur to Jiagunj with effect from 24th September 1980.

(d) Durgapur to Sonamukhi with effect from 24th September 1980.

(e) Durgapur to Pandabeswar with effect from October, 1980.

During the year 1981-82 it proposes to acquire 21 new (17 single-deck, 2 double-deck and 2 semi-articulated double-deck) buses with a plan outlay of Rs. 80 lakhs.

The concession enjoyed by the students from the State Transport Corporations and the Calcutta Tramways have remained unchanged.

The Government has been paying serious attention to activate inland water transport system which was not properly looked after in the past. Much progress has been made in the execution of Howrah-Calcutta Ferry Service programme. Ferry service from Howrah Station to Armenian Ghat was inaugurated on 2nd May 1980 and passenger ferry service from Howrah Station to Chandpal Ghat was also started in the middle of 1980. The Government is also considering introduction of another service between Howrah Station jetty and Fairlie Place. The work of construction of terminal facilites along the Hooghly-Bhagirathi system were taken up earlier. Constuction of gangways at Nabadwip and Katwa has already been completed and construction of Pontoons there is nearing completion. The Inland Water Transport Navigation Cell has taken up construction of four major R. C. C. Jetties at Canning, Basanti, Najat and Gosaba inthe Sundarbans for providing terminal and landing facilities to the travelling public and the construction works are in progress. Works for terminal and landing facilities at Kakdwip Namkhana, Kachuberia and Chemaguri for the pilgrims to Ganga Sagar Mela are expected to be taken up in 1981-82. In the Sixth Five-year Plan period about six pucca jetties have been proposed to be constructed in Sunderban areas in different important locations.

The Flying Training Institute at Behala taken over from then Bengal Flying Club in 1963 imparts training in aviation to your men and women of our State. A scholarship scheme has been introduced there since 1979-80 to enable the young men and women belonging to the families fo limited income avail themselves of the training facilities and build up career in aviation. For development of this institute provision has been made in Sixth Five-year Plan for purchases of (i) land to construct administrative building workshop, hostel for trainees, canteen and staff-quarters ; and (ii) a new aircraft for expansion of flying activities. Inrdoduction of a new course of studies, viz., Aricraft Maintenance Engineering Course in that institute is also under contemplation of Government.

A Novel scheme has recently been introduced by the present Government under which the unfortunate familes of the victims of road accident will get some finanical assistance from Government. This scheme is in operation with effect from 1st April, 1980.

Mr. Speaker, Sir in the foregoing paragraphs I have briefly outlined the actitivites and achievement of my department despite the constraints. It cannot be gainsaid that there remains a big gap between the requirement of transport and actual availability of the same, in spite of our best efforts. We believe that we would be able to overcome the situation with support of the people.

With these words, Sir, I beg to move that the Demand for Expenditure under Demand No. 71 be passed.

**TABLE 1**

| | Existing fare | Revised fare |
|---|---|---|
| 1. Private buses—Calcutta-Howrah Region. | 25 Paise | 30 Paise |
| | 35 „ | 40 „ |
| Do.—outside the regions of Calcutta Howrah. | increase of 10 percent of the existing fare to be rounded-off to the next higher multiple of 5 paise. | |
| All fares above 50 paise will be increased by 10 percent rounded-off to the next higher multiple of 5 paise. | | |
| Express services operating within one district/region. | 5.5 paise per K.M. | 6.00 paise per K.M. |
| Do. through more than one dist./region | 6.25 paise per K.M. | 7.00 paise per K.M. |
| 2. CSTC buses with limited stops | Minimum 35 Paise | Minimum 40 Paise. Increase of 5 paise for each subsequent stage. |
| For other buses fare table (1) will apply mutatis mutandis | | |
| 3. NBSTC/DSTC buses Fare table (1) will apply mutatis mutandis. | | |
| 4. C.T.C. (Tram fares) | | |
| First Class | 20 paise | 25 paise |
| | 25 paise | 30 paise |
| | 30 paise | 35 paise |
| Second Class | 15 paise | 20 paise |
| | 20 paise | 25 paise |

# TABLE NO.2

| Name of Corporation | No of Routes Operated | | Fleet Position | | Average Daily Outshedding | | Average Rate of Breakdown | | Average daily collection | | Extent of increase in the earnings up to 5-2-81 due to the latest fare revision | Plant Outlay 1980-81 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1979-80 | As on December | 1979-80 | As on December 1980 | 1979-80 | In December 1980 | 1979-80 | As on December 1980 | 1979-80 | As on December 1980 | | Target | Achivement |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| | | | | | | | Rs | Rs | | | | Rs. | Rs. |
| CSTS | City 63<br>Long 38 distance | 65<br>39 | 1059 | 907 | City 621<br>Long 100 distance | 635<br>106 | 21 4 percent<br>3 1 percent | 21 2 percent<br>2 5 percent | 2,61,174<br>53,519 | 3,06,694<br>70,681 | City 11 5 percent<br>Long distance 14 2 percent | 516,00 lakhs | 281 60 lakhs Allocation will be fully utilised by the end of 1980-81 |
| | 101 | 104 | | | 721 | 741 | | 3,14,693 | 3,77,375 | | | | |
| NBSTC | 234 | 237 | Bus-354<br>Truck-68 | Bus-364<br>Truck-66 | Bus-271<br>Truck-41<br>(Including 9 Non-Com on Road Trucks) | Bus-274<br>Truck-33<br>(Including 6 Non-Com on Road Trucks) | 1 4 percent | 1 1 percent | 1,16,924 | 1,25,055 | From the position of earnings achieved so far, it is found that the Corporation has earned an amount of Rs. 49,67,638 more mainly diue to the revision in fare structure (with effect from 29-6-80) during the months from July 1980 to Dcember 1980 (i e average per month Rs 8,27,939) incomparison with the earnings perior to revision of fare structure calculated on the same effective Kms | 100 80 lakhs | Cost of 3 Semi-Articulated D D Chassis—2.89 lakhs 50 percent Body Building Charge on the same Chasiss—2.37 lakhs |
| | | | | | N B — The operation of G T S is being continued with over-aged truck and hence No of daily out-shedding decreased. | | | | | | | Total | 5 26 lakhs |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| DSTC | Long 21 Town 15 | 26 18 | 128 | 141 Buses | 78 Buses | 82 Averge | 10 70 per day | 3 per day | 29,000 | 34,000 | Rs 1,33,,000 | Rs 67 00 lakhs (1) Acquisition of 20 Buses (2) Improvement of workshop facilities 182 00 lakh | (i) 5 Com-plete Buses (ii) 5 Under boby build-ings (iii) 10 Chassis are yet to (i) 42 percent work com-plete(ii) Remaining under progress 182 00 lakhs |
| CTC | 29 | 29 | 438 | 438 | 299 | 285 | 214 Nose in-cidents and 126 hours lost per month | 194 Nos in-cidents and 93 hours lost in this month | 1,38,000 | 1 50,876 | Fare has been re-vised with effect from 27th January 1981 at the rate of 5 paise at each stage Averge col-lection per day of the period from 27th January to 5th Feburary 1981 has amounted to Rs 1,71,309 as against the average collec-tion of the 10 days prior to 27th Janu-ary 1981 of Rs 1,44,052 i e, the rate of collection has increased by 18 92 percent It may be noted that due to disturbances on 2nd Feburary 1981 the col | | |

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিবহন বিভাগের ভার প্রাপ্ত মন্ত্রী আমিন সাহেব যে বাজেট এবং বাজেট বক্তব্য সভার কাছে উত্থাপন করেছেন সেই সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে আমার একটি কথা প্রথমেই মনে পড়ে যাচ্ছে। অনেক কথাই তিনি বলেছেন। তিনি বলেছেন যে, আমার বিভাগের কাজকর্ম নানা অসুবিধার মধ্য দিয়েও সাফল্য অর্জন করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রেক্ষাপটে আমার একটা কথা মনে পড়ছে। স্যার, আপনি নিশ্চয়ই সুকুমার রায়ের একটা ছড়ার বই পড়েছেন—সেই বইটার নাম নাই বা বললাম—তার মুখ বন্ধের একটা কথা মনে করুন, যাহা আজগুবি যাহা উদ্ঘট তাহা লইয়াই এই বই এর কারবার। এই বইএর রস আস্বাদন করিতে পারিবেন না, এই বই তার জন্য নয়। কাজেই এই সাফল্য সম্পর্কে, সাফল্যের খতিয়ান দেখতে দেখতে আমার ঐ কথা মনে হল। আমি নিশ্চয়ই বলব না যে, আমিন সাহেব এসে পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থা একেবারে রসাতলে গেছে, তার আগে ভাল ছিল, এটা বলা উদ্দেশ্য নয়। আমার বলার উদ্দেশ্য হচ্ছে, যে দৃষ্টিভঙ্গিতে এই সমস্যার মোকাবিলা করা আমিন সাহেবের উচিত ছিল, রামফ্রন্ট সরকারে উচিত ছিল, সেখানে দেখতে পাচ্ছি আমিন সাহেবের সদিচ্ছা ছিল, কিন্তু অ্যাপ্রোচ ছিল না। যার জন্য চার বছর ধরে ব্যর্থতার খতিয়ান আমরা দেখতে পাচ্ছি। এই বাজেট সম্পর্কে, বাজেটের বিস্তৃত বিবরণ দেখতে গিয়ে আমার প্রথমেই মনে হল যে পশ্চিমবাংলায় রাজ্য পরিবহনের যে অবস্থা সেখানে দৃষ্টিভঙ্গির মধ্যে কোথায় গলদ রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবাংলার রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা আরম্ভ হয়েছিল ১৯৪৮ সালে। তার প্রায় সমসাময়িক কালে অবিভক্ত বোম্বাই প্রদেশে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা চালু হয়েছিল। আপনি জানেন যে পশ্চিমবাংলায় যত রাষ্ট্রীয় পরিবহন চলে অবিভক্ত বম্বে যে টেরিটরিয়াল জুরিসডিকশন আছে, বম্বে, গুজরাট, কর্ণাটকের অংশ—তা মেলালে পশ্চিমবাংলায় ২০ ভাগের বেশি রাষ্ট্রীয় পরিবহন চলে। অনেক সমস্যার কথা আমিন সাহেব পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রযোজ্য? স্পেয়ার পার্টস বলুন, চেসিস বলুন, ডিজেল বলুন, সমস্যা নিশ্চয়ই আছে, কিন্তু সবটা যে পশ্চিমবাংলার ক্ষেত্রে, তা অন্য রাজ্যের ক্ষেত্রে নয়, এটা হতে পারে না। আজকে গুজরাটে ঘুরে আসুন, তাহলে সেখানে দেখবেন ৯৫ ভাগ কি তার চেয়েও বেশি রাষ্ট্রীয় পরিবহন গ্রামে পৌছে গিয়েছে। Road Transport is completely noationalised in Guzarat, in Maharastra, in Hariyana and in many other State. আজকে রাষ্ট্রীয় পরিবহনের অ্যাপ্রোচ করুন। সেখানে যেভাবে প্যাসেঞ্জারদের বেনিফিট দেওয়া হচ্ছে, এবং যেভাবে পরিবহন ব্যবস্থা চালানো হচ্ছে, তার সঙ্গে তুলনা করে দেখলে মনে হয় পশ্চিমবাংলায় কোনও পরিবহন ব্যবস্থা নেই। আমি কলকাতার লোক, এখানকার লোকের পরিবহন সম্পর্কে সুখদুঃখের কথা আমি বুঝি, কারণ আমি বাসে যাতায়াত করি। কাজেই বাস চেপে যে কি সুখ সেটা আমি ভাল করে জানি। রাত ১২টা, সাড়ে বারোটা বেজে গেলেও, ১/২ ঘণ্টা অপেক্ষা করেও আমিন সাহেবের বাঘ মার্কা বাসের দেখা পাওয়া যায়। এই সব জানি, কিন্তু তা সত্ত্বেও বলছি আজকে পরিবহন সমস্যা সমাধান বলতে শুধু কলকাতা বা বৃহত্তর কলকাতার কথা চিন্তা করলে হবে না।

পাড়াগাঁয়ে রাষ্ট্রীয় পরিবহনকে পৌঁছে দেওয়া, তার কোনও ব্যবস্থা আজকে তিনটি রাষ্ট্রীয় পরিবহন হওয়া সত্ত্বেও কিছু হল না। গুজরাটে যদি কাঁচা রাস্তায় রাষ্ট্রীয় পরিবহন যেতে পারে, পশ্চিমবাংলায় সেটা হতে পারে না, এটা ভেবে আমি অবাক হয়ে যাচ্ছি।

[10-30 — 10-40 a.m.]

পশ্চিমবাংলার পরিবহনের একটা বেহাল অবস্থা চলছে। কলকাতার কথা মন্ত্রী মহাশয় খুব বেশি করেই বলেছেন দেখলাম কিন্তু আমরা জানি কলকাতার মানুষ কিভাবে চলাফেরা করে। আমি স্যার, ভারতবর্ষের বাইরে বেশি দেশে যাইনি, তবে আমি জানিনা পৃথিবীর অন্য কোনও দেশে এইভাবে মানুষ যাতায়াত করে কিনা। স্পেশ্যাল কি বাস, কি মিনি বাস যাতায়াতের ব্যাপারে চরম দুর্গতি। আমি আর্বান ট্রান্সপোর্ট এবং রেল ট্রান্সপোর্টের কথা ছেড়েই দিলাম, আর্বান ট্রান্সপোর্টের একটা অ্যাপ্রোচ আছে যে কত জন লোকে যাতায়াত করবে, কিন্তু স্টেট ট্রান্সপোর্টের সেইরকম কোনও অ্যাপ্রোচ নেই। স্পেশ্যাল বাসে দাঁড়ানো নিষেধ, অথচ দেখুন গাদা গাদা লোকে দাঁড়িয়ে যায়। তারপর পাংচুয়ালিটির কোনও বালাই নেই। পাংচুয়ালিটির একটা বিবরণ অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টে থাকে কিন্তু এখানে সে রকম কোনও ব্যবস্থা নেই। আমেদাবাদে নিয়ম হচ্ছে এগারো জন দাঁড়াবে, বোম্বেতে নিয়ম হচ্ছে ১৭ জন দাঁড়াবে, কিন্তু আমাদের এখানে মফস্বলে গিয়ে দেখুন বাসের ছাদের সিঁড়িতে কোথাও বাকি নেই, লোক দাঁড়িয়ে, ঝুলে যাচ্ছে। বোম্বেতে এই সমস্যার সমাধান যেভাবে হয়েছে আমাদের এখানে সেইভাবে হচ্ছে না। মুখ্যমন্ত্রী দাবি করেছেন, অর্থমন্ত্রী দাবি করেছেন, পরিবহন মন্ত্রী দাবি করেছেন এবং বামফ্রন্ট সরকারের শরিক দল যারা আছেন, তারাও দেওয়ালে নানাভাবে বক্তব্য লিখে সোচ্চার হয়েছেন, যে এখানে বাসের ভাড়া সবচেয়ে কম। স্যার, আমি কিন্তু এই বক্তব্যের সঙ্গে সহমত হতে পাচ্ছি না। প্রথম কথা হচ্ছে কোন বাসের কথার কথা হচ্ছে? অন্যান্য স্টেটে যেভাবে বাস সার্ভিস রয়েছে, এখানে কি সে রকম আছে? তাছাড়া এখানে সরকারি রাস রয়েছে, যেমন এল বাস, স্পেশাল বাস, যাতে উঠলেই কোথায়ও ৪০ পয়সা, কোথাও ৫০ পয়সা কোথাও এক টাকা দশ পয়সা, কোথাও দু টাকা ৭০ পয়সা ভাড়া দিতে হয়। এইতো আজকেই স্পেশ্যাল বাসে খানিকক্ষণ ঘুরলাম একেবারে মাথা নুইয়ে চলতে হচ্ছে। আমি ভাড়ার যে বিবরণ দিলাম, তাতে নিশ্চয়ই বুঝতে পারছেন এখানে ভাড়া যা চালু হয়েছে, সেটা ভারতবর্ষের মধ্যে নিশ্চয়ই কম নয়। বহু স্টেটে এখনও এক কিলোমিটার পর্যন্ত ১৫ পয়সা ভাড়া আছে, অবশ্য উত্তরোত্তর ভাড়া বৃদ্ধি হয়েছে, কিন্তু দিল্লিতে এখনও ৩০/৪০/৫০ পয়সা দিয়ে ওল্ড দিল্লি রেলওয়ে স্টেশন থেকে আপনি নিউ দিল্লি পর্যন্ত যেতে পারবেন। আমেদাবাদে গান্ধী নগর স্টেট ট্রান্সপোর্ট চালু হয়েছে। অর্থাৎ আপনি একবারে ক্যাপিটালে যাতায়াত করতে পারবেন। কিন্তু সেখানে পার কিলোমিটার ফেয়ার অত্যন্ত কম, তিন পয়সা মাত্র। তারপর অনেক ক্ষেত্রে সেখানে নানা রকম কনসেসন দেওয়া হয়। আমেদাবাদে আপনি ১০ পয়সা ভাড়া দিয়ে যে কোনও স্থানে যেতে পারেন। স্যার, এটা আন্তর্জাতিক প্রতিবন্ধী বর্ষ। কাজেই আমি আমাদের সমাজকল্যাণ মন্ত্রী মহাশয় যখন রয়েছেন তাকে উদ্দেশ্য

করে বলছি, গুজরাটে প্রতিবন্ধীদের ভাড়া লাগে না এবং তার সঙ্গে যিনি থাকেন তিনি অর্ধেক ভাড়ায় যাতায়াত করতে পারেন। আপনি যদি অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট দেখেন তাহলে দেখবেন ভাড়ার ক্ষেত্রে কিভাবে সুযোগ সুবিধা দেওয়া হয়েছে অন্যত্র। পশ্চিমবাংলায় যে ফেয়ার স্ট্রাকচার রয়েছে, তার তথ্য আমার কাছে আছে। কিছুদিন আগে যখন আমাদের এখানে ভাড়া বাড়ল তখন কিন্তু পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, মহারাষ্ট্র এবং গুজরাটে ভাড়া বাড়েনি।

আমি দায়িত্বের সঙ্গে বলতে পারি এবং আমি বিভিন্ন স্টেট ঘুরে দেখেছি ভাড়ার অবস্থা কি। কারণ আমাকে বাসে করেই ঘুরে দেখতে হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এবারেও ভাড়া বাড়াবার তথ্য দিয়েছেন। কিছু দিন আগে অনেক স্টেটে ভাড়া ৫ পয়সা করে বাড়িয়েছেন। কিন্তু আমি জানি গুজরাট, মহারাষ্ট্রে ভাড়া বাড়ে নি। আমি আর একটা তথ্য জানাতে চাই পশ্চিমবাংলায় এবং নাগাল্যান্ডে ভারতবর্ষের এই দুটি রাজ্যে টিকিটের উপর কোনও প্যাসেঞ্জার ট্যাক্স নাই। কিন্তু আমিন সাহেব বেসরকারি মালিকদের প্যাসেঞ্জার ট্যাক্স দিতে হয় না। এখানে তাদের একজেমট করে দিয়েছেন। রাষ্ট্রীয় পরিবহনে ২৫%, ৩০% প্যাসেঞ্জার ট্যাক্স রয়েছে। আর এদিকে আমিন সাহেব ৬২% সাবসিডি কলকাতা স্টেট ট্রান্সপোর্টে দিয়ে চলেছেন। এবং যদি ঐ প্যাসেঞ্জার টেক্স যোগ করেন তাহলে রিয়েল সাবসিডি কোথায় গিয়ে দাঁড়াবে? রাষ্ট্রীয় পরিবহন কত সাবসিডিতে চলছে? যদি কোনও অ্যাডমিনিস্ট্রেশন থাকতো তাহলে এই জিনিস হত? ১৯৪৮ সালে মোরারজি দেশাই গুজরাটে পরিবহন মন্ত্রী ছিলেন। তিনি কি সুন্দরভাবে সেখানকার পরিবহন ব্যবস্থা উন্নত করেছিলেন এবং মহারাষ্ট্র গুজরাট, কর্ণাটক এই সব জায়গায় বিপুলভাবে পরিবহন ব্যবস্থা উন্নত হয়েছে। ১০ মিনিটের মধ্যে বাস পাওয়া যাবে। Any where in Gujrat, within 10 minutes you must get a bus. আজকে ভেবে দেখুন আমরা কত পিছনে পড়ে আছি। এই ভাড়া বৃদ্ধির কোনও যৌক্তিকতা আছে? সব সময় যতবার মবিল ডিজেলের মূল্যবৃদ্ধি হয়েছে ততবার ভাড়া বৃদ্ধি হয়েছে। ইন্দিরা গান্ধী ডিজেলের উপর ট্যাক্স বাড়িয়েছেন পেট্রোলের উপর ট্যাক্স বাড়িয়েছেন এক টাকায় ৬৯ পয়সা এখন সেটা ৮০ পয়সায় গিয়ে দাঁড়িয়েছে। আমরা এ জিনিস সমর্থন করি না। কলকাতা রাষ্ট্রীয় পরিবহনে ডিজেলের খরচ কম। অন্যান্য স্টেটে যেখানে ১৪/১৫/১৬ এখানে হয় ৮.৬% তার কারণ কি? ডিজেল লাগে ঠিকই কিন্তু অকেজো জিনিস এত বেশি কেনা হয় এত বেশি অপ্রয়োজনীয় জিনিস কেনা হয় যার জন্য ডিজেল কম খরচ হয়। যখন ডিজেলের দাম বাড়বে সাধারণ মানুষের উপর ভাড়া বাড়বে। আর এই তৈল ওপেক কান্ট্রি থেকে ইমপোর্ট করা হয়। সেখানে যেই দাম বাড়ালো সঙ্গে সঙ্গে আমাদের দেশে বাসের ভাড়া বেড়ে গেল। কিন্তু তাতে কি লোকসান কমাতে পেরেছেন। যতই ভাড়া বৃদ্ধি করুন লোকসান কমবে না। আমি বুঝতাম যদি রাষ্ট্রীয় পরিবহনে লাভ করিয়ে দিতে পারতেন। নন-এসেনশিয়াল আইটেম বেশি করে কেনেন আপনি এ সম্বন্ধে চ্যালেঞ্জ নিতে পারবেন। আগের বাস ভাড়া বৃদ্ধির সময় প্রাইভেট বাস স্ট্রাইক করে ছিল Calcutta State Transport, North

Bengal State Transport, Durgapur State Transport সেই চ্যালেঞ্জের মোকাবিলা করেছিল।

[10-40 — 10-50 a.m.]

কাজেই আপনি যদি চ্যালেঞ্জিং মুড নিয়ে এগোতেন, তাহলে আপনি এই সমস্যার সমাধান করতে পারতেন। আমি যেটা বলতে চাইছি, রাষ্ট্রীয় পরিবহনে স্টোর্সের জন্য একজন ডিরেক্টার এবং পার্চেজের জন্য এখন ডিরেক্টার। একজনের সঙ্গে আর একজনের মুখে দেখাদেখি নেই। আমার কাছে তথ্য আছে স্টোর্সের ব্যাপারে, সমস্ত ইউনিয়নের সঙ্গে আমার আলোচনা হয়েছে। সেই তথ্য থেকে আমি দেখতে পাচ্ছি, ১২ বছর যে সব পার্টস ব্যবহার হয়নি, যে সব অকেজো পার্টস, সেইগুলো এখনও কেনা হচ্ছে। সেন্টার্ল ওয়ার্কশপে যদি ২৩ হাজার আইটেম থাকে, তার মধ্যে ৮ হাজার আইটেম হচ্ছে অকেজো, কিন্তু আজও সেইগুলো কেনা হচ্ছে, সেইগুলোর কোনও প্রয়োজন নেই। আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে চেসিসের সমস্যা। এই সমস্যা আজকে সমস্ত রাজ্যেই চলছে। জনতা আমলে চেসিস সম্পর্কে একটা আইন হয়েছিল—চেসিস রিসেল চলবে না। কিন্তু ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর সেই আইন আর চালু নেই, এখন যথেচ্ছ ভাবে চেসিসের ব্ল্যাক মার্কেটিং চলছে, কালোবাজারি চলছে। আমিন সাহেব এই সব সমস্যার কথা জানেন, এই ব্যাপারে হয়তো তাঁকে দিল্লিতেও যেতে হবে। তবে এই ব্লাক মার্কেটিং এর ব্যাপারটা আমিন সাহেবের দায়িত্ব নয়, তবে কিছুটা দায়িত্ব তারও আছে, এই জিনিস বন্ধ করতে হবে। আর একটা জিনিস সবিনয়ে বলতে চাই, আমি কোনও ইউনিয়নের উপর দোষারোপ করতে চাই না, স্টেট ট্রান্সপোর্টে ডিসিপ্লিনের খুব অভাব। কিছু কিছু উদ্ধত স্বভাবের কর্মী আছেন। অন্যান্য স্টেটে যেমন স্টেট ট্রান্সপোর্টে অর্গানাইজেশনের ড্রাইভার, কন্ডাক্টার এবং অন্যান্য কর্মিদের ট্রেনিং এর ব্যবস্থা আছে, সেই রকম ট্রেনিংএর ব্যবস্থা থাকা দরকার। আমার মনে হয় কিছু উদ্ধত স্বভাবের কর্মী, তারা ডিপো ম্যানেজার, ওয়ার্কস ম্যানেজার, এদের সঙ্গে রেসপেক্টফুলি কথা বলেন না। কোথায় যেন কিছু কোহেশন এর অভাব রয়েছে। ওয়ার্কশপে কর্মিরা ওয়ার্কস ম্যানেজারের সঙ্গে রেসপেক্টফুলি কথা বলছে না, এটা আমার কাছে খারাপ লেগেছে। এটা যে শুধু আমিন সাহেব এর আমলেই হচ্ছে তা নয়, কংগ্রেসি আমল থেকে এই জিনিস চলে আসছে। আর একটা জিনিস আমরা লক্ষ্য করছি, যখনই কোনও সমস্যার সম্মুখীন হচ্ছেন দেখা যাচ্ছে বার বার চেয়ারম্যান বা জেনারেল ম্যানেজার পরিবর্তন করা হচ্ছে। এই ক-বছরে ১৪ বার চেয়ারম্যান এবং ৯ জন জেনারেল ম্যানেজার পরিবর্তন হয়েছে। আমি আর একটা কথা বলতে চাইছিলাম, ট্রেনিং অ্যান্ড রিসার্চের জন্য এখানে কিছু টাকা তো বরাদ্দ আছে, টাকাটা যদিও কম। কিন্তু আমেদাবাদ, গুজরাটের সেন্ট্রাল ওয়ার্কশপে দেখেছি, সেখানে একটা ট্রেনিং ডিপার্টমেন্ট আছে। ড্রাইভার, কন্ডাক্টার, সকলকেই উইদাউট ট্রেনিং রুটে দেওয়া হচ্ছে। আমাদের এখানে সেই ট্রেনিং-এর ব্যবস্থা নেই। আর উপরের লেভেলের কর্মী এবং নিচের লেভেলের কর্মী-এর মাঝখানে কিছু যে সাবর্ডিনেট স্টাফ আছে তাদের ট্রেনিং-এর প্রয়োজন সবচেয়ে বেশি। কিভাবে অবস্থার

উন্নতি করা যায় তার ব্যবস্থা করতে হবে। অবিলম্বে সেন্ট্রাল ওয়ার্কশপে রিসার্চ ডিপার্টমেন্ট আরম্ভ করতে হবে, যদি সেই চ্যালেঞ্জের মোকাবিলা করতে চান। আমি জল পরিবহনের ব্যাপারে একটা কথা বলি। আমি জল পরিবহনের ব্যাপারে একটা নন অফিশিয়াল প্রস্তাব দিয়েছিলাম এবং মন্ত্রী মহাশয় আমার একটা কলিং অ্যাটেনশনের উত্তর দিয়েছিলেন, তখন তাকে আমি সাধুবাদ জানিয়েছিলাম। তিনি জল পরিবহন ব্যবস্থা চালু করেছেন।

কিন্তু এটা ইনঅ্যাডিকোয়েট, এবারের বাজেটে মাত্র ২৪ লক্ষ টাকা তারজন্য রবাদ্দ করেছেন কাজেই সেখানে ভেসেল বাড়াবার সুযোগ নেই। তা ছাড়া আরও জেটি করতে হবে। শোভাবাজারে সার্ভিস চালু হয়েছে খুব ভালো কথা কিন্তু লোকজনকে বিপদজনকভাবে উঠানামা করতে হয়। এই অবস্থায় আপনি ২৪ লক্ষ টাকায় কি করবেন বুঝতে পারছি না। এরপর আমি টালির নালার ব্যাপারটা বলতে চাই। কলকাতা শহরের যা অবস্থা তাতে হঠাৎ করে রাস্তা বাড়ানো যাবে না। বিকল্প রাস্তার জন্য আপনাকে নিশ্চয় প্রশান্তবাবুর সঙ্গে, জ্যোতিবাবুর সঙ্গে বসে আলোচনা করতে হবে কিন্তু জল পরিবহনের নেট ওয়ার্কটা কলকাতায় বিকাশের সুযোগ রয়েছে কাজেই সে দিক নজর দেওয়া দরকার। আমি এর আগে বহুবার বলেছি, আবার বলছি, শুধু পথ পরিবহন দিয়ে সমস্যার মোকাবিলা করা যাবে না, এক্ষেত্রে জল পরিবহনের ব্যাপক বিস্তারের প্রয়োজন। তাছাড়া এম টি পি-র কাজ তাড়াতাড়ি শেষ করা দরকার। সল্টলেক থেকে সাঁত্রাগাছি সেই কাজের প্রস্তুতিও আরম্ভ করা দরকার। বর্তমান যে ডিজেল সঙ্কট চলেছে সেই সঙ্কটের কথা মনে রেখে অবিলম্বে ডিজেলের বিকল্প শক্তির কথা ভেবে রেলের নেটওয়ার্ক কি ভাবে বাড়ে সেটা নিশ্চয় চিন্তা করতে হবে। তাছাড়া ট্রামের সংখ্যাও বাড়াতে হবে। যদিও অনেকে বলেন ট্রাম কলকাতার লাইফকে স্লো করে দিচ্ছে কিন্তু তাসত্ত্বেও ডিজেল সঙ্কটের কথা মনে রেখে ট্রামের সংখ্যা বাড়ানোর দিকে যেতে হবে। এরপর স্যার, আমি কয়েকটি কথা বলতে চাই—জানি না সি এস টি-তে চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার অ্যাপয়েনটেড হয়েছেন কিনা, এই ধরনের সংস্থায় চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার একজন নেই এটা খুব খারাপ মনে হয়েছে। তারপর রেকর্ডে দেখছি অ্যাক্সিডেন্ট অনেক বেড়ে গিয়েছে, সেটা কিভাবে কমানো যায় তা দেখতে হবে। ফ্লিট ইউটিলাইজেশন, এটাও একটা প্রশ্ন। এটা গুজরাটে হচ্ছে ২৮৯, হরিয়ানাতে ২৫৫, মধ্যপ্রদেশে ২৩৪, রাজস্থানে ২৬৯, উত্তরপ্রদেশে ২১৭ আর আমিন সাহেব খুব বাহাদুরি নেবেন ১৫১ থেকে ১৫৫ কিলোমিটার করেছেন। আমি বলব, এই অ্যাপ্রোচে হবে না, আপনি সামগ্রিকভাবে যদি চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারেন তাহলে অন্যান্য রাজ্যের কাছাকাছি আপনি যেতে পারেন। ভাড়াবৃদ্ধি করে সমস্যার সমাধান করা যায় না। তারপর আপনার যে এমারজেন্সি পারচেস সেটার অবিলম্বে স্টক আউট করে কন্সিকোয়েন্ট এমারজেন্সি পারচেস বন্ধ করতে হবে, নন-মুভিং কমোডিটি যেটা সেটা এলিমিনেট করতে হবে স্টোর থেকে এবং প্রোকিওরমেন্ট পারসোনেল এবং তদ সংক্রান্ত ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের ওয়ার্কি আওয়ার কমাতে হবে এবং ইনভেনটরি কন্ট্রোলকে ঠিক করতে হবে। স্টোর্সকে সম্পূর্ণভাবে রিঅর্গানাইজ না করা পর্যন্ত পরিবহন ব্যবস্থার উন্নতি হতে

পারে না। কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সম্পর্কে শেষ কথা, এখানে যেভাবে চলছে এই রেশিওতে চলতে পারে না। এখানে ম্যান বাস রেশিও হচ্ছে ওয়ান ইজটু টোয়েন্টিসেভেন, এই রেশিওতে ভাড়া বাড়লেও এবং বাস বাড়ালেও সমস্যার সমাধান হবে না। অন্যান্য স্টেটে রেশিও হচ্ছে কোথাও ৮, কোথাও ৭, কোথাও ৫, কোথাও বা ১০, দুর্গাপুরে বোধ হয় ১৪ আর কলকাতা স্টেট ট্রান্সপোর্টে সেটা হচ্ছে ওয়ান ইজটু টোয়েন্টি সেভেন। এই রেশিওতে কোনও সংস্থা লাভজনক হতে পারে না। আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে ১৯৬১-৬২, ৬২-৬৩ সালে এই সংস্থা লাভজনক ছিল। যে সংস্থা লাভজনক সংস্থা ছিল সেখানে ক্ষতির পরিমাণ কিভাবে বেড়ে যাচ্ছে সেটা সকলেই জানেন। স্যার, পরিশেষে আমি বলি, চ্যালেঞ্জিং অ্যাটিচুড মন্ত্রী মহাশয়ের কাছে আমরা আশা করেছিলাম গত ৪ বছরের মধ্যে সেটা আমরা দেখতে পাইনি। তার বাজেট ভাষণের মধ্যে সেই মামুলি কাঁদুনি এবং ব্যর্থতার খতিয়ান রয়েছে তাই এই বাজেট আমি সমর্থন করতে পারলাম না, সেজন্য আমি দুঃখিত।

[10-50 — 11-00 a.m.]

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পরিবহন মন্ত্রী মহাশয় যে বরাদ্দ পেশ করেছেন এ সম্পর্কে কিছু বলতে চাই। আমি তারা বাজেট বক্তৃতা দেখলাম, খুব সংক্ষিপ্ত। অন্যান্য মন্ত্রী মহাশয়রা ২০/২৫ পৃষ্ঠায় বক্তব্য রেখেছেন কিন্তু তিনি খুব সংক্ষিপ্তভাবে বক্তব্য রেখেছেন। এতেই বোঝা যাচ্ছে তিনি খুব লজ্জিত এবং মর্মাহত। তেমন কিছু কাজ করতে পারেননি তাই লজ্জায় কিছু বলেননি। আমাদের পরিবহন সম্বন্ধে মাননীয় সদস্য এবং জনসাধারণের প্রচুর অভিজ্ঞতা রয়েছে। মিথ্যে কথা বানিয়ে বানিয়ে বললে আরও লোকেরা হাসবেন সেজন্য তিনি খুব সংক্ষিপ্ত ভাষণ রেখেছেন। প্রথমেই তিনি বলেছেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে ১০০ কোটি টাকা পাওয়া যাবে এবং এ ব্যাপারে একটা খতিয়ান দিয়েছেন যে কি কি কাজ তার মাধ্যমে করবেন। এই সমস্ত কথা বলে অর্থাৎ পরিবহন ব্যবস্থার সম্বন্ধে সামান্য কিছু বলে তিনি বক্তব্য শেষ করেছেন। ভদ্রলোকের ভদ্রতা আছে সেজন্য বেশি কিছু বলেননি। স্যার, আমাদের এই পরিবহন ব্যবস্থার যে অব্যবস্থা তার কারণ হচ্ছে এই রাষ্ট্রীয় পরিবহনের সর্বক্ষেত্রে লোকসান। তিনি একদিন প্রশ্নোত্তরের সময় বলেছিলেন ১৯৭৮-৭৯ সালে ১৪ কোটি ১৫লক্ষ টাকা লোকসান হয়েছে এবং ১৯৭৯-৮০ সালে ১৪ কোটি ৩২ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৯৮০-৮১ সালে জানুয়ারি পর্যন্ত সি এস টি সি-র যে হিসাব দিয়েছেন তাতে বলেছেন ১০ কোটি ৬০ লক্ষ টাকা লোকসান হয়েছে এবং এ বছর ইতিমধ্যেই ৪ কোটি ৫৯ লক্ষ টাকা লোকসান হয়ে গেছে। এই সমস্ত কারণেই তিনি বেশি কিছু ভাষণে বলেননি। দুদিন আগে আমাদের একজন সহকর্মী দিল্লি যাচ্ছিলেন কিন্তু ট্রাফিক জ্যাম হওয়ার জন্য তিনি যেতে পারলেন না এবং তারপর দমদম গিয়ে দেখলেন যে প্লেন চলে গেছে। ট্রাফিক জ্যামের জন্য আমাদের এরকম হামেশাই অসুবিধা ভোগ করতে হচ্ছে। তারপর আমাদের সামসুদ্দিন সাহেব গতকাল বাসের অভাবে যেতেই পারলেন না। এতে বোঝা যায় আমাদের পরিবহন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে গেছে। তার দল যখন সরকারে এসেছিল ১৯৭৭

সালে তখন তিনি বলেছিলেন আমরা সরকারে এসেছি, ভাঙ্গা পরিবহন ব্যবস্থাকে সচল করে তুলব। কিন্তু ৪ বছরের মধ্যে তিনি তা সচল করতে তো পারেনই নি বরং আরও খারাপ হয়েছে। এবারে আমি সি এস টি সি-র ব্যবস্থাপনা সম্পর্কে কিছু বলব। আমাদের এখানে যে পরিমাণ বাস রয়েছে তাতে দেখছি দ্বিগুণ ড্রাইভার রয়েছে এবং এই কারণেই ড্রাইভাররা কাজে যোগদান করে না। আমার খবর হচ্ছে ৫০ পারসেন্ট ড্রাইভার কাজে যোগদান করে না। কংগ্রেস আমলে একটা নিয়ম ছিল মাসে ২১ দিন কাজ করলে ইনসেনটিভ পাবে। কিন্তু রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থায় সিটুর যে সংস্থা আছে তারা বলছেন কাজের কোটা আমরা মানব না, আমরা যদি ৫দিন মাসে কাজ করি তাহলেও আমাদের ঐ ইনসেনটিভ দিতে হবে। মন্ত্রী মহশয়কে বলা হয়েছিল আপনি ইউনিয়ন এই দাবি মানবেন না, এত অসুবিধা হবে। কিন্তু সিটু সি পি আই এমের ইউনিয়ন তাই তাদের চাপে মন্ত্রী মহাশয় নতি স্বীকার করলেন। অর্থাৎ এখন এটা পরিষ্কার হয়ে গেলে যে মাসে ৫ দিন কাজ করলেই তারা ঐ ইনসেনটিভটা পাবে। এই সমস্ত কারণে আজ দেখছি রাষ্ট্রীয় পরিবহনের ড্রাইভাররা সরকারি কাজে অনুপস্থিত থেকে বেসরকারি গাড়ি চালান এবং সেখান থেকে মাসে মাসে প্রচুর টাকা ইনকাম করছেন।

আবার তারা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা থেকে মাসিক বেতন পাচ্ছে, এই রকম একটা অবস্থা চলছে। ন্যাশনাল পারমিট দেওয়ার ক্ষেত্রে আমরা দেখছি যারা পারমিট পেতে ইচ্ছুক তারা ঠিকমতো পাচ্ছে না, যেসব সংস্থা সি পি এম, আর এস পি এবং ফরওয়ার্ড ব্লক ফান্ডে টাকা দিতে পারছে তারা পারমিটও পাচ্ছে। এইভাবে টাকা পয়সার বিনিময়ে কাজ হচ্ছে, সাধারণভাবে কোনও কাজ হচ্ছে না। আজকে সারা রাজ্যে চেসিস নিয়ে ব্ল্যাক মার্কেটিং হচ্ছে, কিন্তু এটা আপনারা বন্ধ করতে পারছেন না, আপনাদের দলই এবিষয়ে মদত দিচ্ছে। এখানে আমি একটা ঘটনা উল্লেখ করছি। কিছু দিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় মেদিনীপুরে গিয়েছিলেন এবং মেদিনীপুরে তার থাকা, খাওয়ার যে সমস্ত ব্যবস্থা করেছিল সে একজন চেসিস ব্ল্যাক মার্কেটার। এটা অত্যন্ত লজ্জার কথা। এমন কি মন্ত্রী মহাশয় তার সঙ্গে পার্টি-মিটিং-এ পর্যন্ত গিয়েছিলেন। প্রয়োজন হলে আমি সেই লোকটির নাম এবং তার সংস্থার নামও বলে দিতে পারি। আজকে এক একটি চেসিস ৩০/৪০ হাজার টাকা করে ব্ল্যাকে বিক্রি হচ্ছে এবং এর জন্য এজেন্ট আছে। আপনাদের দলের লোকেরা তাদের মদত দিয়ে তাদের কাছ থেকে টাকা পয়সা সংগ্রহ করছে। মন্ত্রী মহাশয় একটা ব্যবস্থা করেছেন যে, স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কাছ থেকে চেসিস কিনতে হবে। কিন্তু সরষের ভেতরেই ভুত আছে। আজকে স্টেট ট্রান্সপোর্ট অথরিটি-তে যারা আছেন তাদের সঙ্গে যোগসাজস করেই এসব চলছে, দুর্নীতি, কালোবাজারি চলছে। আর একটা ক্ষেত্রের দুর্নীতির কথা আমি এখানে উল্লেখ করছি। ইন্টার-স্টেট পারমিট যেটা দেওয়া হয়—পশ্চিমবঙ্গ থেকে বিহার, মধ্যপ্রদেশ, উড়িষ্যা, উত্তরপ্রদেশ যাওয়ার জন্য যে পারমিট দেওয়া হয়—সেই পারমিট দেওয়ার ব্যাপারে চরম দুর্নীতি চলছে। আমাদের কাছে খবর আছে রাইটার্স বিল্ডিং-এর নিচে কিছু লোক সব সময়ে ঘুরে বেড়ায়, যারা পারমিট নিতে ইচ্ছুক তাদের তারা বলে অফিসে গিয়ে পারমিট নেওয়ার

কোনও প্রয়োজন নেই, আমাদের ২০০/১০০ টাকা দিন, আমরা আপনাকে পারমিট দিয়ে দেব। এইভাবে আজকে ব্যাপক হারে জাল পারমিট বিক্রি হচ্ছে। সমস্ত পশ্চিমবাংলা জালিয়াতিতে ছেয়ে গেছে। জাল মার্কসিট বিক্রি হচ্ছে, জাল পারমিট বিক্রি হচ্ছে, জালিয়াতির রাজত্ব চলছে। কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের সি পি এম ইউনিয়নের যে দাবি, সেই দাবি মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছিলেন মানা যাচ্ছেনা এবং মুখ্যমন্ত্রী নিজেই বলেছিলেন যে, এরা সুবিধাবাদী। কিন্তু শেষ পর্যন্ত ওদের দাবি মুখ্যমন্ত্রীকেও মানতে হয়েছে। কলকাতা রাষ্ট্রীয় পরিবহনে ইতিমধ্যে ৪/৫ জন চেয়ারম্যান বদল হয়েছে, কিন্তু অবস্থার কোনও পরিবর্তন হয়নি, বরঞ্চ অবস্থার আরও অবনতি হয়েছে। অবশ্য মন্ত্রী মহাশয় নিশ্চয়ই সব কিছু জানেন যে, ওর সময়ে পরিবহনের কোনও উন্নতি হয়নি পরিশেষে আমি আর একটা দুর্নীতির কথা বলে আমার বক্তব্য শেষ করব।

[11-00 — 11-10 a.m.]

কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের কিছু গাড়ি আবার ভাড়া খাটে। বাড়ি বাড়ি গিয়ে লোক নিয়ে এসে অফিসে পৌঁছে দিচ্ছে। এই সমস্ত কর্মচারিদের সঙ্গে ঐ সমস্ত অফিস যাত্রীদের একটা মাসিক বন্দোবস্ত আছে। ১০০ টাকা, ১৫০ টাকা করে প্রাইভেটে খাটছে। মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানেন কিনা আমি জানি না। আবার বিকাল বেলা অফিস ছুটির পর বাড়িতে পৌঁছে দিচ্ছে। এই রকম ভাবে দুর্নীতি চলেছে। আর একটি কথা বলি, কলকাতায় ১৪৫০টি লাইসেন্স ধারী বাস আছে কিন্তু তার মধ্যে ৭৫০টি চলাচল করে আর বাকিগুলি চলাচল করে না। এর ভিতরেও আবার দুর্নীতি আছে। ঐ পিক-আওয়ারসে যখন যাত্রীরা ঠেসাঠেসি করে বাদুড় ঝোলা অবস্থায় যাতায়াত করে তখন বাসগুলিকে চালায় আবার যখন যাত্রী কম থাকে তখন বাসগুলিকে চালায় না। এটা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। কিন্তু তিনি এর বিরুদ্ধে কোনও বন্দোবস্ত নেননি। জেলায় জেলায় যে আর টি এ আছে সে সম্বন্ধে বলার আর কিছু নেই। তারা যেভাবে দুর্নীতি করছে তা সবাই জানেন। ঐ জয়ন্তবাবুর দলের কমল কর্মকারও আছে—ফ্রন্টের সমর্থক তারা এই সমস্ত আর টি এ কমিটিতে আছেন এবং লক্ষ লক্ষ টাকা বাসের পারমিট দিয়ে কামাচ্ছেন। শোনা যাচ্ছে, কোথাও কোথাও এই সমস্ত লোকদের পার্টি থেকে বহিষ্কারেরও হুমকি দেওয়া হচ্ছে কিন্তু তারা ভাবছে বামফ্রন্ট সরকার আর তো দ্বিতীয়বার আসবে না সুতরাং সুযোগ যখন পেয়েছি কামিয়ে নিই, নেতারা আমূল দিচ্ছেন না কেননা তারা কলকাতায় বসে আছেন। সুতরাং এইভাবে দুর্নীতি সারা পশ্চিমবাংলায় ছেয়ে গেছে। যাই হোক, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি। পরিবহন মন্ত্রী কংগ্রেস সরকারের কাছ থেকে একটা মুর্মুষু পরিবহন ব্যবস্থা পেয়েছিলেন এবং সেই মুর্মুষু পরিবহন ব্যবস্থানকে নিয়েই তাকে কাজ চালাতে হচ্ছে। গত ৪ বছর ধরে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে কাজ করতে হচ্ছে। তাসত্ত্বেও তিনি চেষ্টা চালিয়েছেন যাতে পরিবহন ব্যবস্থার উন্নতি হতে পারে। এটা ঠিকই

আমাদের পরিবহনের যা চাহিদা সেই চাহিদা পূরণ হচ্ছেনা। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতিতেও এই কথা রয়েছে। চাহিদাটা কোথায়? আমরা সাধারণত পরিবহন ব্যবস্থা বলতে বুঝি বৃহত্তর কলকাতার পরিবহন ব্যবস্থা ঐ ইমাজুদ্দিন সাহেবের হাওড়া স্টেশনে ট্রেন ধরা আর দমদম এয়ারপোর্টে প্লেন ধরা—কিন্তু পরিবহন ব্যবস্থা বলতে বোঝায় শুধু কলকাতা নয় সারা পশ্চিমবাংলার গ্রাম-গ্রামাঞ্চলে সর্বত্র। এখন সীমাবদ্ধটা কোথায়? পরিবহন ব্যবস্থার সঙ্গে যুক্ত রয়েছে দুটি জিনিস। একটি হচ্ছে, বাস, ট্রাম আর একটি হচ্ছে রাস্তা। এখন বৃহত্তর কলকাতাতে রাস্তার পরিমাণ হচ্ছে মাত্র ৬ পারসেন্ট। শতকরা ৬ ভাগ রাস্তা রয়েছে। ছয় ভাগ রাস্তা দিয়ে প্রতিদিন হাজার হাজার বাস, লরি, ট্রাক, ঠেলা, রিক্সা যাচ্ছে। প্রতি বছর ১০ হাজার করে নতুন গাড়ি আসছে, তার ফলে গাড়ি ব্রেক ডাউন হচ্ছে এবং এই ছয় পারসেন্ট রাস্তার উপর চাপ পড়ছে কাজেই জ্যাম হচ্ছে। জ্যাম যত বাড়বে তত গাড়ির ফিটনেস কমে যাবে এবং এই ফিটনেস কমে যাওয়ার জন্য যাত্রী সাধারণকে গাড়ির সুযোগ থেকে বঞ্চিত হতে হবে। বিগত ৩০ বছর ধরে কংগ্রেস সরকার ছিলেন তারা এর প্রতিকারের কিছু চেষ্টাই করেননি। অন্য রাজ্যের কথা ধরুন, সন্দীপবাবু বোম্বের কথা বললেন, বোম্বেতে রাস্তার পরিমাণ ১৯ পারসেন্ট, শুধু তাই নয়, তার সঙ্গে সুবার্বন ট্রেন রয়েছে এবং তার স্টেশনের সঙ্গে বাস যোগাযোগ রয়েছে। তাছাড়া অন্য ব্যবস্থাও আছে। দিল্লিতে রাস্তার পরিমাণ ২৫ পারসেন্ট, মাদ্রাজে ২২ পারসেন্ট তার সঙ্গে সার্কুলার রেলওয়ে রয়েছে, লিংক রেলওয়ে তৈরি হচ্ছে। কিন্তু বৃহত্তর কলকাতার দিকে রাস্তা বাড়েনি বা বিকল্প কোনও ব্যবস্থাও হয়নি বা তার কোনও প্রচেষ্টাও হয়নি গত ৩০ বছর ধরে। আজকে মেট্রো রেলওয়ের কথা উঠেছে কিন্তু সার্কুলার রেলওয়ে কথা বার বার বলা হয়েছে—সার্কুলার রেল হলে যদি দমদম কে জংশন স্টেশন করা হয়, তাহলে কলকাতার উত্তর, দক্ষিণ সব দিকে যাতায়াত করবার ফ্রি মুভমেন্টস অফ ট্রেন হবে। তার কোনও চেষ্টা হয়নি। এখন এই ব্যবস্থার মধ্যে রয়েছে, কিন্তু তা সত্ত্বেও পরিবহন মন্ত্রী মহাশয় তিনি যখন দপ্তর নিলেন তখন সি এস টি সি-র বাসের সংখ্যা ছিল ৪০০, আজকে ৭০০ থেকে ৮০০ বাস নেমেছে, এটা কি সাফল্য নয়? যখন মন্ত্রী মহাশয় দপ্তর নিয়েছিলেন তখন ১৯৭৭ সালে ১ লাখ ৬০ হাজার টাকা দৈনিক আয় ছিল আজকে ৩ লাখ ৮০ হাজার টাকায় দাঁড়িয়েছে। ভাড়া ৪০ পারসেন্ট বৃদ্ধি হয়েছে বটে, কিন্তু বাস অনেক বেড়েছে। পরিবহন ব্যবস্থা বৃদ্ধি যা হয়েছে তা চাহিদার তুলনায় অনেক কম। চেসিসের জন্য এটা হচ্ছে। আমাদের এখানে চেসিস উৎপাদন হয় না, অন্য রাজ্য থেকে আনতে হয়। ইলেক্ট্রিসিটি শর্টেজের জন্য চেসিস প্রোডাকশন কম হচ্ছে। এই বৈষম্য রয়েছে। এখন এই সীমাবদ্ধতার মধ্যে আমাদের চলতে হচ্ছে। এটা ঠিকই যে প্রোপরশনেটলি চেসিস প্রোডাকশন অনেক কম। প্রশ্নটা হচ্ছে সামগ্রিকভাবে আজকে মন্ত্রী মহাশয়কে সীমাবদ্ধতার মধ্যে কাজ চালাতে হচ্ছে, কাজেই এর থেকে কি করে উদ্ধার পাওয়া যাবে তার বিকল্প রাস্তা আমাদের নিতে হবে। রোড ট্রান্সপোর্টের বিকল্প ব্যবস্থা নিতে হবে। দুটি ব্যবস্থা আমাদের সামনে রয়েছে একটা হচ্ছে যে চক্র রেল, চক্র রেলের কথা তুলতে হবে, মেট্রো রেল হতে দেরি আছে, চক্র রেল যদি হয় তাহলে দমদম থেকে চিৎপুর, টালিগঞ্জ মাঝেরহাট হয়ে আবার

শিয়ালদহ স্টেশনে চলে আসা যাবে এবং এটাতে একটা বিরাট সংখ্যক যাত্রী ক্যারি করবে। এই সঙ্গে টার্মিনাস স্টেশন তার সঙ্গে রোড ট্রান্সপোর্ট এর ব্যবস্থা করতে হবে। সন্দীপবাবু বলেছেন কোনও সাফল্য নাই। আমরা সরকারের আসার পরে যখন পরিবহন ব্যবস্থা অন্য সব ব্যবস্থা উন্নতি করার চেষ্টা করেছিলাম তখন দেখেছিলাম পশ্চিমবাংলায় বিরাট নদী এলাকা আছে।

[11-10 — 11-20 a.m.]

সেই নদী পথকে পরিবহন হিসাবে ব্যবহার করতে হবে যা ত্রিশ বছর ধরে কংগ্রেস সরকার করেনি। অবিভক্ত ভারতবর্ষে নদী পথ একটা বড় পথ ছিল, কিন্তু দেশ বিভাগের পর পশ্চিমবাংলার নদী পথ পরিবহনের কাজে ব্যবহার করা হয় নি। আমরা সেই কাজ হাতে নেওয়ার ফলে কলকাতা—হাওড়ার মধ্যে ফেরি সার্ভিস চালু হল। আজকে উত্তর কলকাতায় ফেরি সার্ভিস চালু হবার ফলে প্রায় ৫০ হাজার যাত্রী দৈনিক যাতায়াত করছে। এটা কি সাফল্য নয়? পরিবহন ব্যবস্থা মানে কি শুধু সি এস টি সি। ওর বাজেট বর্ক্তৃতায় আছে জলপথকে আরও ভাল ভাবে ব্যবহার করতে হবে, সুন্দরবন এলাকায় জল পথকে ব্যবহার করতে হবে। এরজন্য সেন্ট্রাল স্কীম দরকার। কলকাতা হাওড়া ওয়াটার ট্রান্সপোর্টের ক্ষেত্রে এই স্কীম ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার এই স্কীম বাতিল করতে চাচ্ছেন। কাগজে দেখলাম যে গঙ্গাকে ন্যাশনাল ওয়াটার—জাতীয় জলপথ—বলে ঘোষণা করে পার্লামেন্টে একটা বিল আসছে। আমরা দীর্ঘ দিন ধরে দাবি করে আসছি যে বে-অফ বেঙ্গল থেকে আরম্ভ করে ফরাক্কা পর্যন্ত জলপথকে জাতীয় জলপথ বলে ঘোষণা করা হোক। এটা হলে প্যাসেঞ্জার সার্ভিস এবং কার্গো কেন্দ্রীয় সরকারকে করতে হবে। এছাড়াও বহু খাল বিল আছে—যেমন কেস্টপুর খাল—সেগুলি সম্বন্ধে ইরিগেশন দপ্তরকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে সংস্কার করতে হবে যাতে সুন্দরবনের সঙ্গে যোগাযোগ হতে পারে। সুন্দরবন এলাকায় জলপথ ছাড়া কোনও রাস্তা নেই। সেখানকার নদীগুলিকে কিভাবে পুনরুজ্জীবিত করা যায় সেই জন্য পরিকল্পনা করতে হবে। ক্যানিং-এ মাতলা নদী শুকিয়ে গিয়ে ব্লকড হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে সেচ দপ্তর যদি আর সংস্কার করতে পারে তাহলে পরিবহন ব্যবস্থা সেখানে করা যায়। অর্থাৎ এরজন্য একটা সামগ্রিক পরিকল্পনা নিতে হবে। আর একটি কথা হচ্ছে জেলায় যে সব বাস স্টেশন হতে চলেছে সেখানে যাত্রীদের সুবিধার জন্য ইউরিন্যাল, ফেসিলিটিস, বিশ্রামাগার এবং অন্যান্য সুযোগ সুবিধা করা উচিত। হাওড়ায় ৫৭-এ বাস যেটা আগে স্টেট বাস ছিল কংগ্রেস সরকার সেটাকে তুলে দিয়ে প্রাইভেট বাস চালু করেছিলেন। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন আবার স্টেট বাস চালু করার ব্যবস্থা করেন। যখনই কোনও বাসের পারমিট দেওয়া হয় তখনই বাস মালিকরা সঙ্গে সঙ্গে হাইকোর্টে ইনজাংশন করেন। সেইজন্য বলছি বিকল্প ব্যবস্থা হিসাবে কোঅপারেটিভ করে এই কাজ করা যায় কিনা বিবেচনা করবেন। প্রাইভেটে বাস-এর মালিকরা চান না বাসের সংখ্যা বেড়ে যাত্রীদের সুবিধা হোক। সন্দীপবাবু বললেন কলকাতায় বাসের ভাড়া

সবচেয়ে বেশি ভারতবর্ষের মধ্যে। আমি দাবি করছি এটা ঠিক নয়, সবচেয়ে কম। কলকাতায় ৭ কিলোমিটারের উপর ফার্স্ট স্টেজ এবং ভারতবর্ষের সমস্ত শহরে ৩ কিলোমিটার ফার্স্ট স্টেজ। মাদ্রাজ ও দিল্লিতে এই ব্যবস্থা আছে। আমাদের এখানে প্রথম স্টেজের পর ৫ কিলোমিটার স্টেজ, তারপর ৮ কিলোমিটার। অর্থাৎ স্ট্যাগারিং করে বাসের ভাড়া করা হয়। ৪০ পারসেন্ট বাস যাত্রী প্রথম স্টেজ ব্যবহার করেন। এই সমস্ত ক্যালকুলেটিং করলে দেখা যাবে পশ্চিমবাংলায় বাসের ভাড়া সবচেয়ে কম। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী নলিনীকান্ত গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় পরিবহন মন্ত্রী যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে দুই একটি কথা বলছি। পশ্চিমবাংলায় পরিবহন অবস্থা এমন একটা জায়গায় এসেছে তাতে এই সরকার জনসাধারণের দুঃখ দৈন্য সম্বন্ধে সচেতন। কিন্তু তাদের ইচ্ছা থাকা সত্ত্বেও তা পূরণ করা যায় না। আমরা দেখছি বিভিন্ন রাস্তার কি দুর্দশা হয়েছে। গ্রাম বাংলার কথা ছেড়ে দিলেও কলকাতা শহরের উপর ট্রাফিকের যে অবস্থা তাতে ইচ্ছা করলে কতগুলি বাস বাড়িয়ে এর সুরাহা করা যাবে না হাজার হাজার লোক ট্রেনে করে এসে শিয়ালদহ এবং হাওড়ায় যেভাবে ট্রাম বাস ধরে তারা আসে সেটা চিন্তা করা যায় না। যেখানে গন্তব্যস্থলে যেতে ২৫ মিনিট লাগে সেখানে প্রায় ১ থেকে দেড় ঘন্টা লেগে যায়। কলকাতার বিভিন্ন স্থানে যে অ্যাক্সিডেন্ট হয় তারজন্য কর্মচারিদের উপর দোষারোপ করলে হবে না। আমরা দেখেছি, যেভাবে বাসে লোকে চলে, জীবন হাতে করে তাতে যে কোনও সময়ে অ্যাক্সিডেন্ট হতে পারে। ড্রাইভার, কন্ডাক্টাররা যেরকম কনজেসটেড রাস্তার মধ্যে দিয়ে বাস চালায় তাতে যেকোনও সময়ে একটা বিপদ ঘটে যেতে পারে। সুতরাং কলকাতার একটা বড় সমস্যা হচ্ছে রাস্তার সমস্যা। মেট্রো রেল চালু হবার কথা ১৯৮৫ সালে, কিন্তু তাতেও সমস্যার সমাধান হবে না। মহঃ আমিন সাহেব গত বাজেটের সময়ে বলেছিলেন যে সার্কুলার রেলই হচ্ছে একমাত্র উপায়। কলকাতা যে রকম কনজেস্টেড হয়ে উঠেছে, তাতে সার্কুলার রেলই হচ্ছে এই কনজেস্টেড সমস্যা দূর করবার একমাত্র পথ। আজকের এই বামফ্রন্ট সরকার কিছুদিন আগে এখানকার বাসের অবস্থা ও তাতে যে পরিমাণে প্রেসার সৃষ্টি হয় তা দূর করবার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্যে হাওড়া ও শিয়ালদহ-এর মধ্যে এই রেল ব্যবস্থা চালু করার ব্যাপারে প্রস্তাব দিয়েছিলেন। সন্দীপবাবু যে কথা বলেছেন তা হল ইচ্ছা থাকলেই এই পশ্চিমবাংলা সরকার তা করতে পারে না, তার কারণ হচ্ছে সীমিত ক্ষমতা। এবং এই সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে এই সরকার যে পরিকল্পনা ও সুনির্দিষ্ট নীতি রেখেছেন তা উদার মনোভাব নিয়ে বিরোধীদলের সদস্যরা যদি সেটা চিন্তা করতেন তাহলে তাদেরও এই বরাদ্দকে সমর্থন করা উচিত। আজকে দুর্গাপুরের কথা ভাবুন, সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি হয়েছে। অপরদিকে এই কলকাতাতে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন তখন বাসের সংখ্যা ছিল ৫০০, তারপর বন্যা এল—বন্যায় ফলে বাসের অনেক ক্ষয়ক্ষতি ঘটায় তা কমে ৩০০ তে গিয়ে দাঁড়াল, তারপর একটু একটু করে আজকে এর পরিমাণ প্রায় ৬ শত সামথিংয়ে এসে

দাঁড়িয়েছে—প্রায় ৭ শতের মত। অর্থাৎ বলা যায় এই সরকার জনসাধারণের দিকে তাকিয়ে সর্বতো ভাবে প্রচেষ্টা নিয়েছেন বাস যা ছিল তার সংখ্যা বাড়াবার। আজকে বিভিন্ন স্থানে বাসের পারমিট দিয়েছেন এবং সেদিক, এই সরকার এর দৃষ্টিভঙ্গি হল গ্রামের মানুষ যারা বাসে চলাচল করে থাকেন, তাদের প্রতি এরা নজর দিয়েছেন। একটি বাস চালাতে গেলে একজন ড্রাইভার, কন্ডাক্টর দুজন ও অন্য অপরও একজন দরকার হয়। সেজন্য এই সরকার দৃষ্টি রেখেছেন যাতে পারমিট দিয়ে কিছু লোকে উপকার করা যায় ও আনএমপ্লয়মেন্ট কোয়েশ্চেন সলভ হয় সুতরাং আমি বলব এই সরকারের দৃষ্টিভঙ্গি হল গণতন্ত্রমুখী-এর দ্বারা কিছু বেকার সমস্যার সমাধান হয়ে যাবে ও সেই সাথে বাসে চলাচলের সুযোগ-সুবিধা সহজ ভাবে হতে পারবে এবং এই দিক থেকে সরকার খুব সচেতন। আজকে তাই দুর্গাপুরে আমরা এর ফল দেখতে পাচ্ছি। শুধু দুর্গাপুর নয়, পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি যে সমস্ত স্থানে দূরপাল্লার বাস চলে সেখানে বাসই হচ্ছে একমাত্র সংযোগ-স্থাপনের পথ, সে সমস্ত স্থানে ব্যাপক সুবিধা হয়েছে সাধারণ মানুষদের। এবং ঐ সমস্ত স্থানে গ্রামের মানুষ যারা আছেন, তারা তাদের উৎপন্ন শাক-সবজি এবং উৎপাদিত অন্যান্য সামগ্রী বিক্রির সুবিধা হবে। এই সমস্ত স্থানে কো-অপারেটিভ করে বাসের সংখ্যা বাড়ানো যেতে পারে, বাস রুটের সংখ্যা বাড়ানো যেতে পারে এবং বাস বের করবার ব্যাপারে কো-অপারেটিভ লোনও পাওয়া যেতে পারে। এই ভাবে বাসের সংখ্যা বাড়লে গ্রামে চাষীরা তাদের পণ্যের মার্কেট পেতে পারবেন বা মার্কেট ফেসিলিটি পেতে পারবেন। সুতরাং যদি এই সমস্ত অঞ্চলের সঙ্গে যদি সংযোগ স্থাপন হয় তাহলে আমি মনে করি এই জেলাতে যে সমস্ত গরিব মানুষ এগ্রিকালচারাল করে ফসল উৎপন্ন করেন তারা তাদের উৎপাদন আরও বাড়াতে পারবেন এবং সঙ্গে সঙ্গে তারা রীতিমতো বাজারও পেয়ে যাবেন এবং উপকৃত হবেন। সুতরাং এক দিক দিয়ে দেখতে গেলে আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গি তা অনেক উদার, এবং গ্রামের লোকেদের সঙ্গে সংযোগ-স্থাপনের মাধ্যমে যে প্রচেষ্টা নিয়েছেন তাকে আমরা অস্বীকার করতে পারি না। তৃতীয়ত উত্তরবঙ্গে রেল সংযোগ খুবই কম। সেই রেল সংযোগ না থাকার জন্য এক মাত্র ভরসা হল বাস। উত্তরবঙ্গের পরিবহন ব্যবস্থা একটু একটু করে এগিয়ে যাচ্ছে। বিভিন্ন জায়গাকে কেন্দ্র করে শিলিগুড়ি, কুচবিহার, ময়নাগুড়ি এই সব অঞ্চলের সমস্ত বাসের সঙ্গে সংযোগ স্থাপন করা হয়েছে এবং কলকাতার সঙ্গে দূরপাল্লা বাসের সঙ্গে সংযোগ স্থাপন করা হয়েছে। অনেক সময় দেখা যায় বা আমার কাছে এই ধরনের সংবাদ এসেছে যে শর্ট রুট বাস এবং লোকাল বাসের মধ্যে কিছুটা রেশারেশি আছে। যখন একই জায়গা দিয়ে লোকাল বাস এবং দূরপাল্লার বাস বা এক্সপ্রেস বাস যায় তখন তাদের কাছে এক্সপ্রেস বাস বেশি পপুলার হয়। তাই সমস্ত যাত্রী দূরপাল্লার বাসে উঠে পড়ে। এই জন্য লোকাল বাসের কিছু সুযোগ সুবিধা কমেছে। তাই তাদের মধ্যে বিভিন্ন অসন্তোষ দেখা দিয়েছে। সুতরাং দূরপাল্লা বাসগুলোর যদি একটা নির্দিষ্ট স্থান ঠিক করে দেওয়া যায় যে এই কিলোমিটারের মধ্যে থামতে পারবে না, তাহলে ভাল হয়। এই রকম একটা করলে লোকাল বাসগুলো কিছু সুযোগ সুবিধা পায়। আমি মনে করি যে, উত্তরবাংলার সমস্ত পরিবহন সম্বন্ধে মন্ত্রী মহাশয় সচেতন আছেন।

সুন্দরবনের পরিবহন ব্যবস্থার দিক থেকে অনেক রকম সুযোগ সুবিধার সৃষ্টি করেছেন। তাদের দুঃখ দুর্দশা দূর করার জন্য মন্ত্রী মহাশয় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সুতরাং পরিবহন মন্ত্রী যে বিল এখানে উপস্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন সেই সম্পর্কে আমি দু-একটা কথা বলতে চাই। প্রথমেই আমাকে যে কথা বলতে হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি স্বীকার করবেন যে, পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থা এখন একটা সঙ্কটজনক পরিস্থিতিতে দাঁড়িয়েছে যার ফলে গোটা রাজ্যে সুস্থ, স্বাভাবিক নাগরিক জীবনযাত্রা, বিপর্যস্ত। এই কথা অস্বীকার করার কোনও উপায় নেই। অথচ এমন একটা সমস্যা যেটা তৎপরতার সঙ্গে মোকাবিলা করা উচিত ছিল। এই ব্যাপারে বর্তমান সরকার চরম ঔদাসিন্য দেখিয়েছেন। অস্বাভাবিক প্রতিক্রিয়ার সৃষ্টি করেছেন। এখানে মন্ত্রী মহাশয় ভাষণের মধ্যে রাজ্যের অক্ষমতার কথা বলেছেন। রাজ্যে নানা দিক থেকে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যার জন্য তাড়াতাড়ি সমস্যার সমাধান করা সম্ভব নয়। তিনি তার হিসাবে বলেছেন পেট্রোল, ডিজেল, পেট্রোলজাত দ্রব্য মটর যানের পার্টস ইত্যাদি জিনিসের দাম বৃদ্ধির কথা। এটা বাস্তব সত্য কথা, কিন্তু সাথে সাথে আমি বলব এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যে কাজগুলো বর্তমান সরকার করতে পারতেন সেইগুলো করতে পারেননি। পরিবহন ব্যবস্থার আপেক্ষিক উন্নতির জন্য কর্তব্য পালন করতে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। প্রথমেই আমি বলতে চাই যে আজকে পরিবহন ব্যবস্থায় কি ধরনের অব্যবস্থা চলছে তার একটা নমুনা হিসাবে আমি বলছি। আপনি জানেন স্যার, কলকাতা মহানগরী সি এস টি সি লোকেদের স্পিরিটের অভাবে গাড়ি বেরচ্ছে না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে প্রতি দিন ১০০ টার মতো গাড়ি রাস্তায় বের হচ্ছে না। এগুলি ভাল অবস্থায় থাকা সত্ত্বেও চলেনি, এবং তার কারণ হচ্ছে ড্রাইভার কন্ডাক্টার অনুপস্থিত। তাদের এই অনুপস্থিতির জন্য একশর মতো বাস যেগুলি ডিপো থেকে বার হবার যোগ্য সেগুলি বার হয়নি। কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের নর্মাল রুল অনুযায়ী থার্টি থ্রী পার সেন্ট রিজার্ভ ফোর্স ড্রাইভার থাকা দরকার, কিন্তু দেখলাম ফিফটি পারসেন্ট রিজার্ভ ফোর্স থাকা সত্ত্বেও এই অবস্থা চলছে। তাছাড়া যারা কাজে আসেন তারা আবার নানা অজুহাত দেখিয়ে গাড়ি বার করেন না। স্যার, একে কি বলব? এটা কি রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার একটা চরম ব্যর্থতা নয়? যেখানে লক্ষ লক্ষ যাত্রী বাসের অভাবে চরম দুর্গতি ভোগ করছে, সেখানে ১০০টি বাস প্রতিদিন এই রকম পড়ে থাকছে। আমি জানতে চাই সরকার এই সমস্ত অ্যাবসেন্টি কন্ডাক্টার এবং ড্রাইভারদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন? বামফ্রন্ট সরকার শ্রমিক এবং কর্মচারিদের মধ্যে বামপন্থার নামে একটা চরম মানসিকতা সৃষ্টি করছেন ইউনিয়নবাজি করবার জন্য। এরা ইউনিয়নে প্রভাব বিস্তার করবার জন্য এমন কতকগুলি পদক্ষেপ নিয়েছেন যার ফলে কাজে এই রকম চরম অবহেলা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ট্রান্সপোর্ট সিস্টেমে একটা ইনসেনটিভ

স্কীম রয়েছে। এই যে স্কীম তার নিয়ম হচ্ছে ২১ দিন বাধ্যতামূলকভাবে মাসে কোনও কর্মচারী যদি কাজে উপস্থিত থাকেন, তাহলে তিনি এই ইনসেনটিভ স্কীমে বেনিফিট পাবেন।

আমরা অবশ্য এই আর্টিফিসিয়েল প্রেসারকে সমর্থন করি না, আমি ভলান্টারিতে এই কাজ হওয়া দরকার বলে মনে করি। মিনিমাম স্টিপুলেটেড পিরিয়ড এই যে করা হয়েছে, এতে সিচুয়েশন একেবারে ওয়ার্সে চলে গেছে। আমি মানি শ্রমিক কর্মচারিদের যে অধিকার তার জন্য লড়াই করতে হবে, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাটাও মনে রাখতে হবে রাইট উইথ সেন্স অব ডিউটি। কিন্তু যে ব্যবস্থা করা হয়েছে ইট ইজ সিয়োর অপর্চুনিটি এর সঙ্গে বামপন্থী নীতি নৈতিকতার কোনও সম্পর্ক নেই। আমি মনে করি বামপন্থার নামে আপনারা চরম সুবিধাবাদের পথ বেছে নিয়েছেন। এই তো সেদিন জ্যোতিবাবু বললেন কাকে বলব কাজ করতে, চেয়ারকে? মাননীয় স্পিকার মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে যুক্তফ্রন্ট সরকারের সময় এই এস ইউ সি দল তাদের অন্যতম শরিক ছিল, তখন বামপন্থী নীতি নৈতিকতার একটা মান ছিল। স্পিকার মহাশয়, আপনি হাসবেন না, এটা ঘটনা। যুক্তফ্রন্টের আমলে এই কলকাতা মহানগরীতে রাষ্ট্রীয় পরিবহনের বাস কতকগুলি রাস্তায় বেরোত এবং তাতে লেখা থাকত "মালিকের অচল করা বাস, শ্রমিক কর্মচারিদের চেষ্টায় সচল হল।" অর্থাৎ বক্তব্য হচ্ছে তখন বামপন্থী রাজনীতির একটা মান ছিল, এবং তার ফলে অপারেশনাল এফিশিয়েন্সি বেড়েছিল। কিন্তু আজকে দেখুন মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে জীর্ণ বাস পরিবর্তন করে তিনি ৪০০ নতুন বাস দিয়েছেন। কিন্তু ইন্সপাইট অব দ্যাট ব্রেক ডাউনের সংখ্যা কমেছে কি? এখনও দেখছি সাড়ে ছয়শত বাস আউটসেডিং হয়। তাহলে দেখা যাচ্ছে রিপ্লেস করা সত্ত্বেও আউটসেডিং কমছে না, ব্রেক ডাউন কমছে না। এই যখন অবস্থা তখন মেন্টেনেন্স-এর ক্ষেত্রে স্টাফের ইনসিনসিয়ারিটি, অনেস্টি অ্যান্ড ইন্টিগ্রিটির অভাব আছে এই সমস্ত প্রশ্নগুলো কিন্তু এসে যাচ্ছে। প্রশ্ন হচ্ছে আজকে বামপন্থীরা কি করছে? আপনারা চিৎকার করতে পারেন কিন্তু আপনারা সিয়োর অপারচুনিটিজম নীতি অনুসরণ করছেন। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে পরিবহন মন্ত্রী মহাশয় যাত্রী সাধারণের সুযোগ সুবিধা যথেষ্ট না করলেও প্রাইভেট বাস মালিকদের স্বার্থ সম্পর্কে খুব সচেতন। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে ছয় মাসের মধ্যে উপর্যুপুরি দু বার বাসের ভাড়া বৃদ্ধি করেছেন। ২০ থেকে ৩০, ২৫ থেকে ৪০ পয়সা ভাড়া বাড়লো। আগে যখন এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল তখন আমরা লড়াই করেছিলাম কলকাতার রাস্তায় ব্যারিকেড এবং ওনারাও আন্দোলন করেছিলেন। আর আজকে বামফ্রন্ট যখন ক্ষমতায় তখন ছয় মাসের মধ্যে দুবার ভাড়া বাড়ল এবং তার বিরুদ্ধে যখন আন্দোলন হচ্ছে আমরা কংগ্রেসের মতো ট্রাম বাস পোড়াইনি, আমাদের এস ইউ সি দল যখন জনসাধারণকে নিয়ে আন্দোলন পরিচালনা করছে এই ভাড়া বৃদ্ধির প্রতিবাদে তখন তাদের দমন করবার জন্য পুলিশ লেলিয়ে দিয়েছেন এবং তাদের গ্রেপ্তার করা হয়েছে বহু এস ইউ সি কর্মীর উপর নানা রকম অত্যাচার করলেন আর নিজেরা যখন আন্দোলন করছেন তাদের বিরুদ্ধে তো কোনও পুলিশ গেল না। পাঞ্জাব মহারাষ্ট্র অন্ধ্রে

কংগ্রেস বাসের ভাড়া বাড়িয়েছেন সেখানে সি পি এম সেখানে আন্দোলন করছে। এই কি নীতি আপনাদের যখন যেমন তখন তেমন, সুবিধাবাদী রাজনীতি। অর্থাৎ সরকারের যখন থাকব তখন এক রকম ভাড়া বাড়াবেন আর বিরোধী যখন থাকবেন ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করবেন। আপনারা পরিবহন ব্যবস্থা কোথায় নিয়ে গেছেন। প্রতি বছর এবং বছরের পর বছর আপনাদের অপদার্থতার মাত্রা বাড়িয়ে যাচ্ছেন। যখন কংগ্রেসের হাতে ছিল তখন ১১ কোটি টাকা লোকসান হত এবং সেখানে ১৪ কোটি টাকা ক্ষতি হচ্ছে এই ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টে। লস ক্রমশ বেড়ে চলেছে এবং প্রশাসনের চরম ব্যর্থতা দিনের পর দিন বেড়ে যাচ্ছে।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী তারকবন্ধু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পরিবহন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। তার আগে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলে দেওয়া দরকার আমাদের কংগ্রেস দলের মাননীয় সদস্য শ্রী শেখ ইমাজুদ্দিন সাহেব যে কথা বললেন, এই বাজেট ভাষণটি অত্যন্ত স্বল্প এবং এর মধ্যে কোনও তথ্য নেই। স্বল্প পাতায় থাকলেও এর মধ্যে যথেষ্ট কাজের কথা আছে পরিবহন ব্যবস্থার কতটা উন্নতি করা গেছে তাও আছে। কি অবস্থায় এই পরিবহন সুষ্ঠুভাবে চলছে সে কথাও আছে। ওদেরই নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে কথা বললেন "কথা কম কাজ বেশি" ও ঠিক তার উল্টো কথা বলছেন অর্থাৎ বেশি করে বল আর কাজ কম কর। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই পশ্চিমবাংলায় তিনটি পরিবহন ব্যবস্থা রয়েছে। আমি যে কথা বলতে চাচ্ছি আমি জলপাইগুড়ি ময়নাগুড়ি কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত। আমি জানি এই তিনটির মধ্যে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট ব্যবস্থা এই দুটির চেয়ে তুলনামূলকভাবে ভাল নয়। আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাব তিনি অবশ্য বলেছেন তার বাজেট ভাষণে উত্তরবঙ্গের জেলাগুলির সঙ্গে কলকাতা মহানগরী এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা রেল ব্যবস্থা অপ্রতুল। তার জন্য বাসের ব্যবস্থা তিনি করেছেন এবং এই বাজেটে তিনি উল্লেখও করেছেন ৫০টি বাস ওখানে দেবেন। এই জন্য তাকে ধন্যবাদ এবং সাধুবাদ জানাচ্ছি। সঙ্গে সঙ্গে যে কথা বলতে চাই সেটা হল, আজ পশ্চিমবাংলার দিকে যদি দেখা যায়, গঙ্গার এপার এবং গঙ্গার ওপার, মানে উত্তরবঙ্গ—সামাজিক দিক থেকে অর্থনৈতিক দিক থেকে, শিক্ষাগত দিক থেকে, যোগাযোগের দিক থেকে, পরিবহন ব্যবস্থার দিক থেকে, যে কোনও দিক থেকে হোক একটা বিরাট তফাৎ চিরদিন দেখা যাচ্ছে। দেখা যাচ্ছে উত্তরবঙ্গ পিছিয়ে পড়ে আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব উত্তরবঙ্গের পরিবহন ব্যবস্থার জন্য উন্নতিমূলক যে পরিকল্পনা নিয়েছেন সেটা চালু করবেন, সঙ্গে সঙ্গে আমি একটু জলপাইগুড়ি জেলার কথা বলছি, জলপাইগুড়ি জেলায় শহর থেকে ডুয়ার্সের দিকে যদি যেতে হয় তাহলে দেখা যায় সেখানে বিকাল ৫-৩০-এর পরে আর কোনও বাস নেই। এই ডুয়ার্সের বিস্তীর্ণ এলাকা থেকে, আলিপুরদুয়ার থেকে, নাগরাকাটা

থেকেও মালবাজার থেকে, মেটেলি থেকে, ময়নাগুড়ি থেকে, ফালাকাটা থেকে, ধুপগুড়ি থেকে যে সমস্ত লোক জেলা শহরে কোর্ট কাছারিতে কাজের জন্য আসে। ৫-৩০-এর পর কোনও বাস না থাকায় তারা আর ঐ বিস্তীর্ণ এলাকায় ফিরে যেতে পারে না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব এর আগেও আমি বহুবার তার দৃষ্টি আকর্ষণ করেছি, যদি ৫-৩০-এর পর রাত ৮-০০ পর্যন্ত ডুয়ার্সের দিকে যাবার জন্য বাসের ব্যবস্থা করে দেন তাহলে ঐ বিস্তীর্ণ এলাকা থেকে যারা যাতায়াত করেন তাদের সুযোগ সুবিধা হবে, এই বিষয়ে তিনি আশা করি বিবেচনা করবেন। আর একটা কথা, মন্ত্রী মহাশয় আছেন, আপনার মাধ্যমে আমি তার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই বহুদিন আমি একটি বাসের কথা বলেছিলাম, জলপাইগুড়ি জেলার শহর থেকে বেলাকোবা শিলিগুড়ি বাসটি ভায়া রাংধামালি ও বোদাগঞ্জ হয়ে যাওয়া একান্ত প্রয়োজন কারণ এই জায়গাটায় ১৪ হাজার বোদাগঞ্জ এ লোক বসবাস করে, তারা চিরদিন অবহেলিত অবস্থায় হয়েছে, এটা আদিবাসী এবং তফসিলি জাতি অধ্যুষিত এরিয়া, আমি বহুবার এই কথা হাউসে বলেছিলাম। ব্যক্তিগত ভাবে মন্ত্রীমহোদয় আমার সঙ্গে কথা বলেছিলেন, কথাটা একবার রেখেছিলেন। যখন লোকসভার নির্বাচন হল, তখন তিনি কয়েকদিনের জন্য একটা বাস দিয়েছিলেন ভাযা বোদাগঞ্জ পর্যন্ত কিন্তু তারপর সেই বাস বন্ধ হয়ে গেল। সেই বাসটা যাতে আবার চালু হয়, তার ব্যবস্থা তিনি করুন, তাহলে ঐ বিস্তীর্ণ এলাকার জনগণ, যারা অবহেলিত এবং পশ্চাদপদ, তারা শহরের সুযোগ সুবিধা পাবে। আর একটা কথা বলি, উত্তরবঙ্গে ৬-৭টি সরকারি ট্রেইনার বাস চলে, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি এই ট্রেইনার বাসের সংখ্যাটা যদি বাড়ান তাহলে যাত্রী সাধারণের সুযোগ সুবিধা আরও বাড়বে। তারপর আমার শেষ কথা হল, উত্তরবঙ্গের জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায়, বিশেষ করে জলপাইগুড়ি জেলায় সরকারি বাসের চেয়ে বেসরকারি বাসের সংখ্যা বেশি তুলনা মূলক ভাবে। এই যে জ্বালানির দাম বাড়ল, যন্ত্রপাতির দাম, টায়ারের দাম বাড়ল, এর ফলে দেখা যাচ্ছে ঐ সব অঞ্চলের প্রাইভেট বাসগুলো যথেষ্টভাবে ভাড়াটা বাড়িয়ে দিচ্ছে। কোথাও কোথাও নিজেদের খুশি মতো ভাড়া বাড়িয়ে দেয় স্যার, এই পুঁজিবাদি ব্যবস্থায় আমরা দেখেছি মালিকরা এইরকম ভাবে ভাড়া বৃদ্ধি করে সাধারণ মানুষের উপর ট্যাক্সেশন করে নিজেদের মুনাফার রাস্তা পাকা করে নেয় আমি বলব, এই বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার। আর পরিবহন ব্যবস্থার যে আইন রয়েছে সেটারও রদবদল করা দরকার, সে দিকে নজর দেওয়া উচিত। আমরা রুটের ক্ষেত্রে দেখেছি, একটা রুটের ব্যাপারে হয়ত ইনজাংশন হল সেটা যদি ভ্যাকেট হয়ে যায় তাহলে মালিকপক্ষ আবার একটা ইনজাংশন করে তাতে যাত্রী সাধারণের দুর্গতি বাড়ে। এই আইনের যাতে পরিবর্তন করা যায় সে দিকে দৃষ্টি দিতে হবে। তারপর দুর্নীতি যেটা আছে সেই দুর্নীতি যাতে দূর করা যায় এবং তা করে যাতে একটা সুষ্ঠু ব্যবস্থা করা যায় সে দিকে নজর দিতে হবে। এরপর স্যার, আমি দক্ষিণ ২৪ পরগনার কথা বলব। স্যার, দক্ষিণ ২৪ পরগনার ঐ ক্যানিং হিঙ্গলগঞ্জ-এর বিস্তৃর্ণ এলাকায় জলপথ ছাড়া যাতায়াতের আর কোনও সরকারি ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। সুন্দরবন এলাকায় জনসাধারণ যাতে শহর এবং মহানগরীর সাথে যোগাযোগ

স্থাপন করতে পারে তারজন্য সরকার থেকে পরিবহন ব্যবস্থার উন্নতি করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-50 — 12-00 Noon]

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় উপস্থিত করেছেন আমি দুঃখিত, সেই বাজেট সমর্থন করতে পারছি না। সমর্থন কিসের জন্য করব? সমর্থন কৃতিত্বের জন্য করা উচিত, উপলব্ধির জন্য করা উচিত কিন্তু কি কৃতিত্ব, কি উপলব্ধি গত এক বছরের মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয়ের নেতৃত্বে এই ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট করেছে সেটা একটু খতিয়ে দেখা দরকার। তিনি যে কৃতিত্বের চিত্র তুলে ধরেছেন তার বাজেট ভাষণের মধ্যে তাতে দেখা যাচ্ছে ১৯৭৯-৮০ সালে গাড়ির সংখ্যা ছিল ১ হাজার ৫৯ আর ১৯৮০ সালের ডিসেম্বরে সেই সংখ্যা হয়েছে ৯৬০। হতে পারে কিছু পুরানো গাড়ি তিনি বিক্রি করে দিয়েছেন, সেই বিক্রি সমর্থন আমরা করতে পারি কিন্তু দেখা যাচ্ছে গাড়ির সংখ্যা কমেছে। পুরানো গাড়ি যদি বিক্রি হয়ে থাকে সেটা ততবড় অপরাধ নয়। রাস্তায় কত গাড়ি নেমেছে তার একটা হদিশ তিনি দিয়েছেন। তিনি বলেছেন, দৈনিক রাস্তায় নামা বাসের সংখ্যার গড় আগে ছিল ৬২১ আর এখন হয়েছে ৬০৫ এবং ২১.৪ শতাংশ যে বিকল হত সেটা এখন দাঁড়িয়েছে ২১.২ শতাংশ। পুরো এক বছরে ওর কৃতিত্ব দশমিক দু শতাংশে। এই দশমিক দুই শতাং কৃতিত্ব অর্জন করে যারা সমর্থন লাভের আশা করেন তাদের যদি আমরা সমর্থন করতে না পারি তাহলে সেটা কি দোষের হবে? আর এই বিকল বাসের ব্যাপারে যে দশমিক দুই শতাংশ তিনি উন্নতি দেখিয়েছেন সেটাও কি রকম আমি জানি না। বাস যদি একবার বেরিয়ে গেল তাহলেই লেখা হয়ে গেল কিন্তু বাস রাস্তায় গিয়ে যে বিকল হয়ে যাচ্ছে আর তাতে যাত্রীদের দুর্ভোগ বাড়ছে সেটা তিনি দেখছেন না। ডিপো থেকে বাস বেরিয়ে গিয়েছে অতএব লেখা হয় এবং এইভাবে দশমিক দুই শতাংশ কৃতিত্ব অর্জন করে তিনি যে বাহবা চাইছেন আমি দুঃখিত, সেই বাহবা তাকে দিতে পারলাম না। তবে আমিন সাহেবকে আমি সাধুবাদ দিচ্ছি একটা কারণে যে তিনি ঐ কংগ্রেসিদের অপকর্মের জন্য কৃতিত্ব অর্জন করতে পারেন নি বা ঐ পুঁজিবাদি ব্যবস্থার জন্য কিছু করতে পারেননি। এসব কথা তিনি বলেননি। স্যার, অন্যান্য মন্ত্রীরা তাদের বিফলতা ঢাকবার জন্য যে সমস্ত বুলি গেয়ে থাকেন আমিন সাহেব তা করেননি। তিনি একজন সাধাসিদে, সৎ লোক, তিনি এটা করেন নি তাই আমি তাকে সাধুবাদ দিচ্ছি। এবারে স্যার, আমি এই দপ্তরের কাজ কি হয়েছে সেটা আমি বলছি। ছোটবেলায় আমরা পড়েছিলাম হও উন্নত শির নাহি ভয়। স্যার, কোথায় উন্নত শির হব? আমিন সাহেবের কথা মতো মিনিবাসে দাঁড়িয়ে যেতে আমরা বাধ্য হচ্ছি। রবীন্দ্রনাথ বলেছেন, মাথা নত করে দাও ঠাকুরের চরণতলে। কিন্তু স্যার, আমরা ঠাকুরের চরণতলে মাথা নত করছি না, কারুর সুবিধার জন্য কারুর লাভের জন্য আমরা প্রতিদিন মাথা নত করে মিনিবাসে যেতে বাধ্য হচ্ছি। স্যার, আমা[illegible]

তাতে আমার ভয় এইভাবে দাঁড়িয়ে যেতে যেতে হয়ত আমার স্পনডেলাইটিস হয়ে যাবে। তারপর যে স্পেশ্যাল বাসের ব্যবস্থা করা হয়েছিল সেই স্পেশ্যাল বাসে বসে যাওয়ার ব্যবস্থা হয়েছিল কিন্তু এখন সেই স্পেশ্যাল বাসেও আমরা দাঁড়িয়ে যাচ্ছি। স্পেশ্যাল বাসের যে উচ্চতা তাতে আমরা ভাল ভাবে দাঁড়াতে পারছি না।

আমার বক্তব্য হচ্ছে আপনারা বাস্তবে অবস্থার চাপে স্বীকার করে নিয়েছেন মিনি বাস-এ দাঁড়াতে দিতে হবে। কলকাতার পরিবহনের যে অবস্থা তাতে আমাদের ৩ গুণ বেশি ভাড়া দিয়ে ওই মিনি বাস-এ যেতে হচ্ছে, বাধ্য হচ্ছি কারণ আমাকে তাড়াতাড়ি যেতে হবে। দিল্লিতে যে মিনিবাসগুলো চলে সেখানে দাঁড়াবার মতো উচ্চতা আছে। এখানেও সেই রকম মিনিবাস করলে আমরা কৃতজ্ঞ থাকব। এখন মানুষ যেভাবে মিনিবাস-এ চলে তাতে তো স্পনডিলাইটিস হবার উপক্রম। আপনারা এখানে যে স্পেশ্যাল বাস চালু করেছেন তারও উচ্চতা খুবই কম। আপনি যদি জম্মুতে যান তাহলে দেখবেন তারা সেখানে একটা মিনিবাস চালু করেছেন যার উচ্চতা খুব কম, কিন্তু নিয়ম হচ্ছে মাত্র ১২ জন লোক ভেতরে বসতে পারবে। আমার সাজেশন হচ্ছে, আপনারাও যদি সেই রকম মিনিবাস এখানে চালু করতে পারেন তাহলে আমরা একটু বসার সুযোগ পাব। তারপর, আমাদের এখানে এল বাস এবং স্পেশ্যাল বাস-এর ভাড়া ক্ষেত্রে বৈষম্য রয়েছে। এই সমস্ত বাস-এ যাতায়াতের কোনও সুবিধা নেই, একেবারে সেই আলুর বস্তার মতো ঠেসে মানুষদের নিয়ে যাচ্ছে। শুধু তাই নয়, ওই এল বাস নামেই "এল" প্রত্যেক জায়গাতেই থামছে। কাজেই আমি দাবি করছি ওই এল বাস এবং স্পেশ্যাল বাস-এর ভাড়া কমিয়ে অর্ডিনারি বাস-এর মতো করুন। আমরা যখন কোনও সুবিধাই পাচ্ছি না তখন বেশি ভাড়া নেওয়া উচিত নয়। তারপর, একটা অদ্ভুত দাবি আপনারা করেন যে সারা ভারতবর্ষে আমরা একটা আদর্শ উপস্থিত করছি। আপনারা বলেন, বামফ্রন্ট সরকার অমুক করেছে, তমুক করেছে। গত বছর মন্ত্রী মহাশয় আমাদের আশ্বাস দিয়েছিলেন অনেকগুলো নতুন রুট তিনি চালু করবেন। এই নতুন রুট চালু করার ক্ষেত্রে দেখছি ১৯৭৯-৮০ সালে ৬৩টি ছিল এবং এবারে ৬৫টি হয়েছে—অর্থাৎ মাত্র দুটি হয়েছে। রেপাল্লায় ৩৮টি ছিল, সেখানে ৩৯টি হয়েছে—অর্থাৎ এটি বেড়েছে। তাহলে দেখুন কি অদ্ভুত দ্রুতগতিতে আপনারা উন্নতি করেছেন এবং এই দ্রুতগতি উন্নতির জন্য আমি আপনাদের সাধুবাদ দিচ্ছি। আমি মন্ত্রী মহাশয়কে একটি মানচিত্র উপহার দিতে চাই। এটি রাজস্থান সরকারের মানচিত্র। ১৯৭০ সালে তাদের যে রুট ছিল সেটা কিছু কম ছিল, কিন্তু ১৯৮০ সালে তার মাত্রা কত বেড়েছে সেটা আপনি একবার দেখুন। এই যে উন্নতি সেখানে ঘটেছে সেটা বেশির ভাগ ১৯৭৭ সাল থেকে ১৯৮০ সালের মধ্যে হয়েছে এবং তখন জনতা সরকার ছিল। আমার বক্তব্য হচ্ছে আপনারা যা করতে পারেন সেটা করছেন না। সরকারের পক্ষের সদস্যও বলেছেন কলকাতার উন্নতি হচ্ছে না। দিল্লিতে শতকরা ২৫ ভাগ রাস্তা রয়েছে এবং বাস এত আছে, কিন্তু কলকাতায় মাত্র ৬ ভাগ রাস্তা রয়েছে। সেবিষয়ে আমি তার সাথে একমত। কিন্তু আমি সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে, কলকাতায় যেমন

হকাররা ফুটপাথ দখল করে বসে থাকে, কলকাতায় যেমন পথচারীরা রাস্তায় নামতে বাধ্য হয় তেমনি দিল্লিতে হয় না, মাদ্রাজে হয় না বোম্বাইতে হয় না। এর সাথে আমি এটা বলতে বাধ্য হচ্ছি যে, রিক্সা চলে, ঠেলা চলে, কিন্তু দিল্লিতে এগুলি নেই, বোম্বাইতে এগুলি নেই, মাদ্রাজে এগুলি নেই। এটা সত্যি কথা যে, শতকরা ৬ ভাগ রাস্তা আছে, আরও শতকরা ৬ ভাগ বাড়া উচিত। কিন্তু আপনারা গত তিন বছরে কতটা রাস্তা বাড়িয়েছেন? এবং যে রাস্তা আছে সে রাস্তা দিয়ে যাতে ভাল করে যানবাহন চলাফেরা করতে পারে, তার জন্য কি করেছেন? শ্লথ গতি যানবাহন কতটা নিয়ন্ত্রিত করতে পেরেছেন? তার পরে আপনাদের স্টেট বাসের ড্রাইভাররা আইন-কানুন মেনে গাড়ি চালায় না। রাস্তা নেই, শতকরা ৬ ভাগ রাস্তা আছে, ঠিক আছে, কিন্তু এই সমস্ত ড্রাইভাররা যেখানে থামবার কথা সেখানে না থেকে মাঝ রাস্তায় দাঁড়িয়ে পড়ে। আইন-কানুন এবং ডিসিপ্লিন মানার জন্য যতটুকু সিভিল সেন্সের দরকার ততটুকুও আপনাদের ড্রাইভারদের মোটেই নেই। এ বিষয়ে কি আপনারা কোনও খবর রাখেন? যদি রাখেন তাহলে কি ব্যবস্থা নিচ্ছেন? বাসগুলি রক্ষণাবেক্ষণের কোনও সুব্যবস্থা নেই। যার ফলে আমাদের পর্যন্ত দুর্ভোগ ভোগ করতে হয়। বাসটি রাস্তায় আসার পর প্রথমে আমরা যখন গিয়ে বসি তখন আমাদের জামা-কাপড়ের দ্বারা সিটগুলি পরিষ্কার হয়ে যায়। আজকে রক্ষণাবেক্ষণের দূরবস্থার জন্য বাসগুলির কিভাবে ক্ষয় হচ্ছে, সেবিষয়ে কোনও খরব রাখেন কি? মাননীয় মন্ত্রী মহাশয় যদি এই সমস্ত অসাফল্যের মধ্যে আমাদের সমর্থন চান তাহলে আমি অত্যন্ত দুঃখের সঙ্গে তাকে জানাচ্ছি যে, আমরা সমর্থন করতে পারছি না। অবশ্য আমি এখানে কয়েকটি সাজেশন রাখতে পারি। ফেরি সার্ভিস চালু করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কলকাতা থেকে হাওড়া যে ফেরি সার্ভিস চালু হয়েছে সেটা সত্যিই খুব ভাল কাজ হয়েছে, তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমি মনে করি আরও বেশি ফেরি সার্ভিস চালু হতে পারে, ব্যারাকপুর থেকে খিদিরপুর পর্যন্ত ফেরি সার্ভিস চালু করা যেতে পারে। তবে এবিষয়ে খুবই কম টাকা বরাদ্দ করা হয়েছে, এই বরাদ্দের পরিমাণ আরও বাড়ানো উচিত ছিল। তার পরে মিনি বাসের মতো ছোট ছোট মোটর লঞ্চ বেশি করে চালু করলে সেটার দ্বারা দ্রুতগতি পরিবহনের ব্যবস্থা করা সম্ভব হয়, সুতরাং সেদিকে লক্ষ্য রাখতে আমি অনুরোধ করছি। আমি মনে করি বর্তমান অবস্থাতেও আরও অনেক কিছু ভাল করা যায় এবং যে লোকসান হচ্ছে সেই লোকসান কমানো যায়। আমরা আশা করেছিলাম বামপন্থী কমিউনিস্ট সরকার ন্যাশনালাইজড ট্রান্সপোর্টে লীড দেবেন, ন্যাশনালাইজড ট্রান্সপোর্টের প্রতি মানুষের আস্থা উৎপন্ন করার ভূমিকা নেবেন। কিন্তু এখন পর্যন্ত তারা বিফল হয়েছেন। আপনাদের অসামর্থের জন্যই কোনও কাজ হয়নি বলেই আমি মনে করি, তাই এই যে ব্যয় বরাদ্দ মন্ত্রী মহাশয় রেখেছেন এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য সমাপ্ত করছি।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী শান্তিরাম মাহাত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় এই হাউসে পরিবহন খাতের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন, এটা একটা খুবই গুরুত্বপূর্ণ দাবি। কারণ পরিবহন ব্যবস্থার উপর অর্থনীতি নির্ভর করে এবং মানুষের কালচার নির্ভর করে। কাজেই এটা বিশেষ গুরুত্বপূর্ণ বাজেট। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, পেট্রোলজাত দ্রব্যের এবং পরিবহন শিল্পের সাজসরঞ্জামের দাম বৃদ্ধির জন্যই আজকে পরিবহন ব্যবস্থায় বিপর্যয় দেখা দিয়েছে। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে কি প্রশ্ন করতে পারি যে পেট্রোলজাত এবং পরিবহন শিল্পে যে সমস্ত সাজ-সরঞ্জাম লাগে সেগুলি দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে তো আপনি বাসের ভাড়া বৃদ্ধি করেছেন তাহলে লস হবার তো কোনও কারণ দেখছি না। যদি আমরা বুঝতাম ভাড়া বৃদ্ধি করছেন না তাহলে আপনি যদি বলতেন সমস্যা অনেক আমরা তাহলে নিশ্চয়ই সমর্থন করতাম কিন্তু তা তো করেননি। তারপর আপনার বাজেট বক্তৃতার মধ্যে এই ১ বছরে কি কি কাজ করেছেন সেইসব কথা কিছুই বলেননি। আপনি শুধু বলেছেন কিছু বাস কেনা হবে এবং আরও কিছু কিছু জিনিস কেনা হবে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে বাস কিনলেই কি সমস্যার সমাধান হয়ে যাবে? বাস কোনার পর যদি সেই বাস ডিপোর মধ্যে বসে থাকে তাহলে কি পরিবহন সমস্যার সমাধান হয়ে যাবে? আজকে যদি মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বিবৃতির মধ্য দিয়ে এমন কিছু ইঙ্গিত দিতে পারতেন যে পরিবহন ব্যবস্থা অচল হয়ে গেছে, তার ডিপার্টমেন্টের মেশিনারি অকেজো হয়ে আছে সেগুলি সচল করার জন্য নতুন একটি ব্যবস্থা গ্রহণ করেছেন তাহলে আমরা তা নিশ্চয়ই সমর্থন করতাম। আজকে তার অফিসে দুর্নীতিতে ভরে গেছে এবং এই দুর্নীতি মুক্ত করার জন্য যদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতেন তাহলে তাকে আমরা সমর্থন জানাতাম। অনেক সময় মাননীয় মন্ত্রীরা এবং ঐ পক্ষের মাননীয় সদস্যরা বলেন ৩০ বছরের জঞ্জাল। কিন্তু আমি মাননীয় মন্ত্রী এবং মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করতে পারি কি, বিগত ৩০ বছরে না হয় কিছু জঞ্জাল ছিল কিন্তু এই ৩০ বছরের জঞ্জাল বলে আর কতদিন চালাবেন? আপনাদের কার্যভার গ্রহণ করার পর তো নতুন জঞ্জাল জমেছে, সেটা কি ৩০ বছরের জঞ্জাল বলে চালিয়ে যাবেন? জনসাধারণ আর বিশ্বাস করবে না। সেইজন্য যে বাজেট এখানে এনেছেন তার বিরোধিতা করছি। আর একটি জিনিস বলা দরকার। আপনার বাজেট বক্তৃতায় বেশির ভাগ কলকাতা রুটের বাস সম্বন্ধে লেখা আছে কিন্তু বিভিন্ন জেলায় বেশির ভাগ রুটে সরকারি বাস চলে না, গ্রামের মানুষেরা সরকারি বাসের সুযোগ-সুবিধা পায় না। আপনি অনেকগুলি পরিকল্পনা গ্রহণ করেছেন কিন্তু গ্রামের মানুষেরা যে সরকারি বাসের সুযোগ পায় না সেটা যদি আপনি আপনার পরিকল্পনা মধ্যে অন্তর্ভুক্ত করতে পারতেন তাহলে সমর্থন করতাম কিন্তু সেই পরিকল্পনা আপনার বাজেটের মধ্যে নেই। আজকে বিভিন্ন জেলার জনসাধারণের কি অবস্থা, প্রাইভেট বাস চলতে চলতে হঠাৎ বিনা কারণে স্ট্রাইক ডেকে বসলো ফলে প্যাসেঞ্জারদের দুর্ভোগ ভুগতে হচ্ছে। আর টি ও যে অফিস আছে সেখানে

প্রচন্ড দুর্নীতি চলছে। প্রাইভেট বাস কোনও রুটে থাকছে না থাকছে সেটা দেখার কোনও ব্যবস্থা আপনার দপ্তরের নেই। সেইজন্য আপনি যে বাজেট বক্তৃতা এখানে রেখেছেন তাকে বিরোধিতা করে আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী জগদীশচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে দুটো কথা বলতে চাইছি। বাজেট সম্পর্কে বিরোধীদের বক্তব্য শুনলাম। এস ইউ সি পার্টির মাননীয় সদস্যারা আজকে ইন্দিরা গান্ধীর ছাতার তলায় বসে দুটি যুক্তফ্রন্ট সময়কার তৎকালীন বামপন্থীদের কাজের প্রশংসা করেছেন, প্রশংসা করতে চান করুন, কিন্তু আজ তারা যেখানে আছেন সেখানে দাঁড়িয়ে নিজেদের বামপন্থী এ দাবি করতে পারেন না, করা উচিত নয় তাতে সত্যের অপলাপ হবে। আমি প্রথমেই প্রশংসা করছি ইন্দিরা কংগ্রেস দলের সদস্য শেখ ইমাজুদ্দিন সাহেব কে, তিনি একটা স্বীকৃতি দিয়েছেন—যে কথাটা আমি লিখে রেখেছি, "আপনারা একটা ভাঙ্গাচোরা পরিবহন ব্যবস্থার ভাল করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু করতে পারেননি" ভাঙ্গাচোরা ব্যবস্থার স্বীকৃতি তিনি দিয়েছেন, কিন্তু সেই ভাঙ্গাচোরা জিনিসকে কতখানি ভাল করা গেছে তার একটা হিসেব আমি আপনারদের কাছে রাখছি। আমি তাকে স্বীকৃতির জন্য ধন্যবাদ জানাই। ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টে যখন তারা ছিলেন ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত তখন প্রত্যেকদিন বাস ৪০০ থেকে ৪৫০ খানা, ব্রেক ডাউন হত শতকরা ৪০টি কালেকশন হত—অ্যাভারেজ কালেকশন ১ লাখ ৬০ হাজার। আর আজকে ভাল হয়েছে কি খারাপ হয়েছে আপনারাই বিচার করবেন—আজকে চলছে ৭০০ থেকে ৭৫০ খানা। বাস ব্রেক ডাউন হচ্ছে শতকরা ২২টিতে দাঁড়িয়েছে, আর কালেকশন অ্যাভারেজ ডেলি কালেকশন ৪ লক্ষ ১৪ হাজার। এর থেকে বুঝতে পারবেন কতটা এগিয়েছে, কিন্তু আমরা এতেও সন্তুষ্ট নই তবে দেখতে পাচ্ছি কিছু ভাল হয়েছে। ভাড়া ৪০ পারসেন্ট বেড়েছে ভাড়া বৃদ্ধি অনুপাতে হিসেব ধরলে ২ লক্ষ ২৪ হাজার হত কিন্তু হচ্ছে ৪ লক্ষ ১৪ হাজার। কাজেই কালেকশন বেড়েছে, আদায় বেশি হচ্ছে কন্ডাক্টাররা কর্মচারিরা সার্ভিস ভাল করছে। সেজন্য কাজটা হচ্ছে। আপনাদের সময়ে চুরি হত, কালেকশন ভাল হত না। সব ভাল করে ফেলেছি এ দাবি আমি করছি না আমি বাসে চাপি, ট্রামে করেও যাতায়াত করি, বাসে যে ভীড় মানুষে সহ্য করে আমি তার ভুক্তভোগী। এই সমস্যা বেড়ে যাচ্ছে, আপনারা চাইছেন যে রাতারাতি সব ভাল হয়ে যাক, কিন্তু কি করলে ভাল হবে সে প্রশ্নে আপনারা যাচ্ছেন না। সন্দীপ বাবু বলেছেন যে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট ২৭ জন কর্মচারী কাজ করে, এটা ভুল ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টে ১৭৬ জন কর্মচারী কাজ করে, ২৭ জন নয়। সেখানে প্রাইভেট বাসে ৬/৭ জন করে, তাতেই দেখা যাচ্ছে যে যেখানে প্রাইভেট বাসে প্রতি শিফটে লাভ হয় তার কারণ তারা ঐ ৬/৭ জন লোককে প্রায় ১৬/১৮ ঘণ্টা কাজ করায়, কিন্তু এখানে সরকারি নিয়ম অনুযায়ী একটি বাস সারাদিনে দুটি কিম্বা আড়াইটি শিফটে কাজ হয় যে জন্য লোকের বেশি প্রয়োজন হয় ও খরচও বেশি হয়। সেইজন্যই ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে লোকসান হচ্ছে,

সাবসিডি দিতে হচ্ছে প্রতি বছর। আমি একটি ট্রান্সপোর্ট সংস্থার সঙ্গে যুক্ত, ৮৫ নম্বর রুটে প্রাইভেট বাস দুটি শিফট করবার অনেক চেষ্টা করেছি কিন্তু কিছুই করতে পারি নি। মালিকপক্ষ বিভিন্ন কায়দায় নানাভাবে বাধা সৃষ্টি করছে সেইজন্য করা যাচ্ছে না। কিন্তু আপনারা সে প্রশ্নের মধ্যে যাচ্ছেন না। এ ছাড়া আরেকটি বড় প্রশ্ন আছে। সারা পশ্চিমবাংলায় এখন মাত্র ৬ হাজার প্রাইভেট বাস চলছে।

[12-10 — 12-20 p.m.]

এক একটি বাসের আয়ু ১৫ বছর অর্থাৎ ১৫ বছরের মধ্যে বাসগুলি শেষ হয়ে যায়। স্টেট বাসের আয়ু ৭/৮ বছর। তা যদি হয় তাহলে প্রতি বছরে ৪০০ করে নতুন চেসিস দরকার রিপ্লেসমেন্ট এর জন্য এবং স্টেট বাসের ২০০ মতো দরকার। কোথায় সেই চেসিস? সারা ভারতে অটোমোবাইল ইন্ডাস্ট্রি আছে ৭টি এবং উৎপাদন ক্ষমতা তাদের হচ্ছে ৭৯ হাজার। এত কার আছে, বাসের চেসিস এবং ট্রেকার। প্রোডাকশনের অবস্থাটা কি সেটা দেখুন? ১৯৭৭-৭৮ সালে ৪১,০৩০ ভেইকিলস, ১৯৭৮-৭৯ সালে ৫৭,৭৩৬, ১৯৭৯-৮০ সালে ৫৭,৪৪০ এবং ১৯৮০-৮১ সালে যেখানে ৬৫ হাজার টারগেট ছিল সেখানে কি হয়েছে জানি না তারমানে প্রতি ১০ হাজার লোক পিছু একখানা করে গাড়ি। এখানে রিপ্লেসমেন্ট তাহলে কি করে হবে। গাড়ির যদি চেসিস না পাওয়া যায় তাহলে গাড়ি বাড়বে কোন মন্ত্র দিয়ে? মন্ত্রী মন্ত্র দিয়ে গাড়ি তৈরি করতে পারবে না। গাড়ি তৈরি করার জন্য যে শিল্পের দরকার তা নেই। এর কারণ হচ্ছে পুঁজিবাদি ব্যবস্থা এবং যার ফলে এই সঙ্কট। এই ধনতান্ত্রিক ব্যবস্থার জন্যই উৎপাদন ব্যহত হচ্ছে এবং গাড়ির সঙ্কট থেকে যাচ্ছে। এই সঙ্কট থেকে মুক্তি পেতে হলে সামাজিক ব্যবস্থার পরিবর্তন করতে হবে। ১০০ কোটি লোকের যেখানে বাস সেই চিনে তারা পরিবহন ব্যবস্থার সঙ্কট দূর করতে পেরেছে। সেখানে বাদুড় ঝোলা হয়ে লোক বাসে যাতায়াত করে না। আমি চিনে গিয়েছি—স্বচক্ষে দেখেছি। আজকে পুঁজিবাদি ব্যবস্থার মধ্যে থাকব এবং সমস্ত কিছু সুন্দরভাবে হবে তা হতে পারে না। মুনাফার দিকে তাকিয়ে মানুষকে সুখ স্বাচ্ছন্দ দেওয়া হয় না। সেজন্য সমস্ত ব্যবস্থার মধ্যে একটা সঙ্কট দেখা দিয়েছে। অতএব এই দিকে না তাকিয়ে যদি শুধু পরিবহনের সুরাহা করতে যান তাহলে গাড়ির আগে ঘোড়া জোড়ার মতো অবস্থা হবে। কাজেই এই ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে সততার সঙ্গে পরিবহন মন্ত্রী যেটুকু করতে পেরেছেন তারজন্য তাকে ধন্যবাদ জানাই। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে কংগ্রেস সরকার কিছুই করতে পারেনি। এখানে বলা হয়েছে যে পশ্চিমবাংলার বাইরে রাজ্যগুলির পরিবহন ব্যবস্থা অত্যন্ত ভালো। আমি রাজস্থানের বাসে করে জয়পুর থেকে আজমির পর্যন্ত সমস্ত রাস্তায় দাঁড়িয়ে গেছি এবং এসেছি ভীড়ের জন্য। কাজেই যারা বলেন পশ্চিমবাংলার বাইরে সমস্ত ভালো তারা ঠিক কথা বলেন না। ২/১টি জায়গায় ভালো থাকতে পারে কারণ সেখানে পশ্চিমবাংলার মতো এত বিরাট জনসংখ্যার চাপ নেই। সুতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে সুরাহা করা সম্ভব নয়। পশ্চিমবাংলায় যে হিন্দমোটর আছে তার ক্যাপাসিটি বছরে ১৫ হাজার গাড়ি তৈরি করার তারমধ্যে কার আছে

ট্রেকার আছে, চেসিস আছে। এ বিষয়ে আমি একটা সংখ্যা দিচ্ছি। হিন্দমোটর ১৯৭৭-৭৮ সালে গাড়ি করেছে ২০,৪৪০-কর্মাশিয়াল ভেইকিলস করেছেন ৫৫৯, ট্রেকার করেছে ৪২৪। এটা বেড়ে ১৯৮০-৮১ সালে ২৭,৫০০ টারগেট ছিল কত হয়েছে জানি না। এরমধ্যে ৩, হাজার কর্মাশিয়াল ভেইকলস এবং ৩,৫০০ ট্রেকার নিশ্চয় এত হয়নি কারণ তার আগের বছরে এর চেয়ে কম ছিল। ১৯৭৯-৮০ সালে ১৭,৪৭১ প্যাসেঞ্জার কার, ১৬৯০ কমার্শিয়াল ভেইকিলস আর ১৩৬৫ ট্রেকার হয়েছে। ১৯৮০-৮১ সালে বেড়েছে মনে করার কোনও কারণ নেই। এই যেখানে অবস্থা সেই অবস্থার মধ্যে সামগ্রিক পরিবর্তন করা সম্ভব নয়। তবে একটা বিকল্প হতে পারে যদি আমরা সবাই মিলে সার্কুলার রেলের জন্য চেষ্টা করি। কলকাতার পরিবহন সমস্যা যদি ভালো করতে হয় তাহলে সার্কুলার রেলের উপর জোর দিতে হবে অর্থাৎ দমদম থেকে নেবে সার্কুলার রেল ধরে শহরের যেখানে যাবার ইচ্ছা সেখানে যাওয়া যাবে এবং তাহলে ভেতরকার চাপ কমতে পারে। এই কাজ খুব তাড়াতাড়ি হতে পারে কারণ এর লাইন চারিদিকে পাতা আছে—পোর্ট কমিশনার্সের লাইন আছে, চিৎপুরের লাইন আছে, কাঁকুড়গাছিতে লাইন আছে। এটা যদি কো-অর্ডিনেট করা যায় তাহলে সার্কুলার রেল চালু করা খুব কঠিন নয়। পাতাল রেল কবে হবে জানি না কিন্তু এটা যদি তাড়াতাড়ি করতে পারি তাহলে পরিবহন সমস্যার খানিকটা সুরাহা করতে পারা যাবে। স্টেট ট্রান্সপোর্টের আর একটি বিষয়ে বলতে চাই। একজন সদস্য শ্রমিকদের ইনসেনটিভ দেওয়ার ব্যাপারে তাদের উপর এসপারশান করেছেন। আমি এখানে বলতে চাই ২১ দিন কাজে যোগ দিলে তবেই সে ইনটেনসিভ পায়, কাজে যোগ না দিলে ইনসেনটিভ পায় না। কাজেই শ্রমিক কর্মচারী যারা পরিশ্রম করে যানবাহন চালু রেখেছে তাদের সম্বন্ধে হাউস থেকে এরকম প্রচার করা ঠিক নয়। কারণ কাজ না করলে ইনটেনসিভ দেওয়া হয় না। এবং ২১ দিন যারা হাজির থাকে তাদেরই ইনটেনসিভ দেওয়া হয়। কাজেই এটা তার জানা দরকার। ওখানে যে ট্রাফিক জট তৈরি হচ্ছে যার ফলে মাঝে মাঝে গাড়ি থেমে যায় তার কারণ হচ্ছে কলকাতায় এখন আকাশের দিকে বাড়ছে, চারিদিকে ছড়াচ্ছে না এরফলে জনসংখ্যার চাপ বাড়ছে রাস্তা হচ্ছে না। কলকাতার রাস্তায় সমস্ত এরিয়ার ৬ পারসেন্ট, বম্বে রাস্তা সমস্ত এলাকার ১৯ ভাগ, মাদ্রাজের ২২ ভাগ আর দিল্লিতে ২৫ ভাগ। এবং জনসংখ্যার অনুপাতে কলকাতার চেয়ে অন্য সমস্ত এলাকায় জনসংখ্যা কম যার ফলে সেখানে গাড়িগুলি ঠিকমতো চলতে পারছে। এজন্য একজন বললেন এখানে রাস্তায় ফুটপাথে হকার বসে থাকে যারফলে রাস্তা জ্যাম হয়ে থাকে। নিউ দিল্লিতে এরকম বসে না কিন্তু ওল্ড দিল্লিতে এরকম বসে। হকার বসার সমস্যা নয়, বড় সমস্যা হচ্ছে রাস্তাঘাটের স্পেস কম যারজন্য ট্রাফিক জ্যাম বেড়ে যাচ্ছে। এই সমস্ত দেখার প্রয়োজন আছে। আমার আরেকটা সাজেশন হচ্ছে ২৪ পরগনা জেলার যে ভাগ হচ্ছে তাতে বারাসাত একটা হেড কোয়ার্টার হবে। কাজেই বারাসাতের সঙ্গে যে থানাগুলি যাচ্ছে তাদের সঙ্গে উত্তর চব্বিশ পরগনার হেড কোয়ার্টারের সঙ্গে বাসের যোগাযোগের ব্যবস্থা করা দরকার। এবং যে যে থানার সঙ্গে বারাসাতের যাবার রুট নেই সেখানে নতুন রুট করা দরকার। নৈহাটি থেকে বারাসাত যেতে হলে কোনও বাস নেই বলে

সেখানে নতুন বাস রুট করা দরকার। কাঁচরাপাড়া থেকে বারাসাতে যাবার ৮৭ রুট যেটা আছে তাতে মাত্র দটি বাস আছে। বাসের সংখ্যা আরও বাড়ানো দরকার। কল্যাণী থেকে ব্যারাকপুর অত্যন্ত কনজেসটেড এরিয়া সেখানে মিনিবাসের ব্যবস্থা করলে সাধারণ মানুষ উপকৃত হবে। আরেকটা রুট নদীয়া এবং ২৪ পরগনার মধ্যে যে ২২ নম্বর রুট চালু আছে সেখানে আরও বাস বাড়ানো দরকার। এই কয়েকটি সাজেশন রেখে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12-20 — 12-30 p.m.]

**মিঃ স্পিকার ঃ** এখন আরও একজন বলবেন, তারপরে মন্ত্রী রিপ্লাই দেবেন। টাইম তো শেষ হয়ে এল, আরও কিছু সময় বাড়াতে হবে। এখন আধ ঘণ্টা সময় বাড়ানো হল।

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহন বাজেটের উপর বিরোধী দলের সদস্যদের আলোচনা শুনলাম। আমার মনে হচ্ছে, এই আলোচনার প্রধান বিষয়বস্তু হচ্ছে কলকাতা এবং কলকাতার পরিবহন ব্যবস্থা। কিন্তু সামগ্রিক ভাবে পশ্চিমবাংলাতে আরও বিভিন্ন স্থানে পরিবহনের যে ব্যবস্থা আছে, সে বিষয়ে বিরোধী পক্ষ থেকে কোনও আলোকপাত এখানে পেলাম না। তাই আমি বলব পরিবহন সমস্যার একটা অংশ হচ্ছে কলকাতা ও অপর অংশ হল পশ্চিমবাংলার অন্যান্য স্থান। আমি আরও বলতে চাই যে, মাননীয় সদস্যরা অন্যান্য জায়গায় সমস্যার কোনও কথা না বলে শুধু মাত্র কলকাতার কথা বলেছেন। তার কারণ তারা এই কলকাতাতে আসেন কাজের তাগিদে কিন্তু বাইকের খবরাখবর কিছু রাখেন না। কংগ্রেসি আমলে যে অবস্থা ছিল, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর প্রচেষ্টা নিয়েছেন তাকে ভাল করার জন্য এবং কিছু করা গেছে—এটা অস্বীকার করা যায় না। দুর্গাপুর, উত্তরবঙ্গ, কলকাতার ট্রাম বাসের সব সমস্যার কথাই আলোচনা করা উচিত ছিল। এ ব্যাপারে কংগ্রেসি আমলে বা রেজিমে কি অবস্থা ছিল এবং আজকে বামফ্রন্ট সরকার এই ৩-৪ বছর ক্ষমতায় আসার পর কি হয়েছে সেটা বলা উচিত ছিল। এই অল্প সময়ের মধ্যে অনক অগ্রগতি আমরা করতে পেরেছি। যদিও প্রয়োজনের তুলনায় সেটা কিছু কম, এই ব্যাপারে সকলকেই পরিপূর্ণ সন্তুষ্ট করা যায় নাই। তবে অগ্রগতি হয়নি, একথাও বলা যাবে না। পশ্চিমবাংলার বিভিন্ন জেলাগুলিতে প্রাইভেট বাসের পারমিট দেওয়ার ব্যাপারে কংগ্রেসি আমলে তারা এটাকে কুক্ষিগত করে রেখেছিলেন। তাদের দলের লোকদের ছাড়া আর কাউকে তা দেওয়া হয়নি। এই ব্যাপারে বামফ্রন্ট সরকার প্রত্যেক জেলাতে আর টি এ মারফৎ বহু প্রাইভেট বাস, যেমন স্ট্যান্ডার্ড বাস এবং মিনি বাসের পারমিট দিয়েছে এবং কলকাতাতে দুবার তা দেওয়া হয়েছে। কিন্তু বাসের সংখ্যা তাতেও সন্তোষজনকভাবে বাড়েনি। কলকাতাতে বা অন্যান্য জায়গাতে সরকারি পরিবহনের বাস সমস্ত মানুষের সমস্যা মেটাতে অক্ষম বলেই প্রাইভেট বাসের মালিকরা যাতে বাস চালাতে পারেন, সেইজন্য আমরা আর টি এ মারফৎ পারমিট দেওয়ার ব্যবস্থা করেছিলাম। আর টি এ, কর্তৃপক্ষ বাস পারমিট দিতে

পারছে না বলে কোনও অভিযোগ আজকে কোনও মাননীয় সদস্য করতে পারলেন না। সেজন্য বলতে পারি আর টি এ যে বাস পারমিট দিয়েছেন, তা দুর্নীতি মুক্ত। সরকার কিছু বেকার ছেলেকে এই পারমিটগুলি দিয়েছেন এবং অনুদান দিয়ে সাহায্য করেছেন। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে, বহু আবেদনের লিস্ট আজকে রাইটার্স বিল্ডিংসে জমা পড়ে আছে।

তার প্রধান কারণ হল চ্যাসিস পাওয়া যাচ্ছে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার সাহায্যও করছেন না। সমস্ত বাসের চ্যাসিস তৈরির কারখানার মালিক হচ্ছে সমস্ত একচেটিয়া পুঁজিপতিশ্রেণীর লোকেরা। তারা চ্যাসিস দিচ্ছেনা। ফলে কি সরকারি কি বেসরকারি সমস্ত ক্ষেত্রেই পারমিট পাওয়ার পরে ১।।-২ বছর হয়ে যাওয়া সত্ত্বেও বাস চালানো সম্ভব হচ্ছে না। সে জায়গায় কেন্দ্রীয় সরকার চেষ্টা করলে কিছুটা হতে পারত, কিন্তু সেদিকে দৃষ্টি নেই। সেইজন্য বলছি যে এই জিনিসটা মনে রাখা দরকার। আমরা যখন ক্ষমতায় আসি তখন দুর্গাপুরে মাত্র ৬০টি বাস ছিল, এখন সেটা ১২৫ থেকে ১৩০ টা হয়েছে। আয় তখন ছিল খুবই অল্প, এখন সেটা বেড়ে দ্বিগুণ হয়েছে। নর্থ বেঙ্গলে আয় ছিল মাসে ২৩ লক্ষ টাকা এখন ৪২ থেকে ৪৪ লক্ষ টাকা আয় হচ্ছে। আগে দৈনিক প্যাসেঞ্জার হত ৭৪ হাজার, এখন ১ লক্ষ ৪৬ হাজার প্যাসেঞ্জার হচ্ছে। এই তথ্যগুলি বোঝবার চেষ্টা করুন। এস ইউ সি-র সদস্য যেকথা বললেন তাতে মনে হচ্ছে যেমন জঙ্গল থেকে বাঘ বেরলেই ফেউ নামে একটা জন্তু ফেউ ফেউ করে চিৎকার করে, ঠিক সেইরকম কংগ্রেস যা বলছে এস ইউ সি তাকে ফেউ দিয়ে সমর্থন করছে।,তারা কর্মচারিদের বিরুদ্ধে বলছেন, বাস ভাড়ার বিরুদ্ধে আন্দোলন করছেন, মানুষকে জোর করে টেনে নামাচ্ছে। কিন্তু সাধারণ যাত্রীরা এর বিরোধিতা করছে। কারণ ওদের যে অসার যুক্তি তার সঙ্গে বাস্তবের কোনও সামঞ্জস্য নেই। ট্রান্সপোর্টে তারা কোনও ইউনিয়ন করতে পারছেন না বলে তারা এই রকম ধরনের কাজ করছেন। সেইজন্য বাসের শ্রমিক যারা কাজ করেন, তাদের যে গণতান্ত্রিক অধিকার আছে তাকে সঙ্কুচিত করার জন্য এখানে দাবি উপস্থিত করেছেন। কিন্তু এটা আমাদের নীতি নয়। আমরা বলছি গণতান্ত্রিক অধিকার সকলের থাকবে। গণতান্ত্রিক পদ্ধতিতে অধিকারকে প্রতিষ্ঠিত করবার জন্য তারা আজকে সংগ্রাম করছেন। সুতরাং এইসব কথা বিবেচনা করে আমি বলব সামগ্রিকভাবে পশ্চিমবাংলায় কংগ্রেসি রাজত্বের সময় থেকে বামফ্রন্ট সরকারের সাড়ে তিন বছরের মধ্যে যে অগ্রগতি হয়েছে সেটা অস্বীকার করবার উপায় নেই। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করবার জন্য সকলকে অনুরোধ করছি।

**শ্রী মহঃ আমিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, খুব বেশি জবাব দেবার কিছু নেই কারণ অনেক কথার উত্তর হয়ে গেছে। শেখ ইমাজুদ্দিন সাহেব বলেছেন আমি নাকি মেদিনীপুরে গিয়ে একজন ব্ল্যাক মার্কেটিয়ারের ব্যবস্থায় থেকেছি এবং খেয়েছি। গত বছর সেখানে Indian Road Transport Development Association. একটা সেমিনার সেখানে হয়েছিল। সেই সেমিনারের বক্তৃতা দেবার জন্য তারা আমাকে ইনভাইট করেছিল। আমি সকালবেলায়

গিয়ে সন্ধ্যেবেলা ফিরে এসেছি এবং কারুর বাড়িতেই যাইনি। কাজেই খরচ কে দিল এবং কেন দিল সে সব কিছু জানি না। দুপুরবেলা সমস্ত ডেলিগেটরা যেখানে খেয়েছিল আমিও সেখানে খেয়েছিলাম। তিনি সম্মেলনে যান মিটিং করেন, কিন্তু আসলে সেসব হচ্ছে দলবাজি করার জন্য। কিন্তু আমাদের কথা আলাদা। আমি কোথাও থাকিনি। আমি ডিস্ট্রিক্ট ট্যুরে গেলে সার্কিট হাউসে থাকি এবং তারজন্য পেমেন্ট ইত্যাদি করি। তিনি নিশ্চয় জানেন যে কংগ্রেসের নেতারা বিড়লা হাউসে গিয়ে থাকতেন। আমি কাশ্মিরী ভাষায় একটা কবিতা অনুবাদ করে আপনাদের বলতে চাই অর্থাৎ যারা নির্বোধ, যারা কিছু বোঝে না তারা চুপ করে থাকে। কিন্তু আমি চুপ করে থাকতে পারব না, আমাকে জবাব দিতে হবে। মাননীয় সদস্য সন্দীপবাবু যে সমস্ত কথা বলেছেন তার মধ্যে একটা কথা ঠিক যে, ড্রাইভারদের আরও বেটার ট্রেনিং দেওয়া দরকার। সরকার সেই চেষ্টা করছেন। আমরা মোটামুটি ঠিক করেছি সরকারের নিজের একটা স্কুল প্রতিষ্ঠা করা উচিত। ব্যবসায়ী স্কুল থেকে যারা লাইসেন্স নিয়ে আসেন তারা সব রকম সুযোগ পান না। সি এস টি সি তে যে সমস্ত ড্রাইভার রিক্রুট করা হয় তাদের ৩ মাস ট্রেনিং দেওয়া হয় এবং কন্ডাক্টারদেরও ট্রেনিং দেওয়া হয়। তবে আমি স্বীকার করছি এই ট্রেনিং আরও ভালভাবে দেওয়া উচিত। ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্টের জন্য আমরা ৬০ লক্ষ টাকা রেখেছি এবং সেটা হুগলি এবং সুন্দরবন এলাকায় হবে। পশ্চিমবাংলায় এই ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্টের ডেভেলপ করার অনেক সুযোগ আছে এবং আমরা সেখানে হাত দিয়েছি। সিক্সথ ফাইভ-ইয়ার প্ল্যানে ৬ কোটি টাকা প্ল্যানিং কমিশন মঞ্জুর করেছে। আমরা ১০ কোটি টাকার জন্য চেষ্টা করেছিলাম, কিন্তু পেয়েছি ৬ কোটি টাকা। এ বছর আমরা ৬০ লক্ষ টাকা খরচ করব এবং আপনাদের এটুকু জানিয়ে দিতে চাই এই স্কীমে উত্তরে ব্যারাকপুর এবং শ্রীরামপুর এবং দক্ষিণে বজবজ এবং গ্লোস্টার জুট মিল পর্যন্ত আমরা ফেরি সার্ভিস চালু করব এবং তাতে ছোটবড় সবরকমই চলবে। এর মাধ্যমে ৩ লক্ষ যাত্রী যাতায়াত করবে এবং এতে মানুষ অনেক রিলিফ পাবে। আমি আমার বক্তৃতায় বলেছি ট্রামের জন্য নতুন ৪টি রুট করা হবে। এর মধ্যে আছে, শ্যামবাজার-ব্যারাকপুর, যাদবপুর থেকে টালিগঞ্জ, পার্কসার্কাস থেকে মৌলালি-ভায়া সি আই টি রোড। এছাড়া আরও প্রস্তাব আছে আমরা যদি পথ পাই তাহলে সল্টলেক এরিয়া পর্যন্ত ট্রাম সার্ভিস এক্সটেনডেড হবে। বেহালা থেকে যেটা রয়েছে সেটাকে আমতলা পর্যন্ত করার ইচ্ছা আছে। একথা ঠিক ভারতবর্ষে অন্যান্য জায়গায় তুলনায় আমাদের ফ্লিট ইউটিলাইজেশন কম হচ্ছে। কিন্তু কলকাতায় যেরকমভাবে জ্যাম হয় সেটা ভারতবর্ষের অন্য কোথাও আছে কি? এই ট্রাফিক জ্যামের সঙ্গে ট্রান্সপোর্টের অনেক বিষয় জড়িত রয়েছে। আমরা বামফ্রন্ট সরকারের তরফ থেকে এই কয়েকবছরের মধ্যে যা করেছি তাতে একথা ঠিক নয় যে, আমরা কিছুই করিনি। যাত্রী সাধারণের কষ্ট হচ্ছে একথা ঠিক এবং যদি কেউ বলেন বাস পরিষ্কার থাকছে না সেই সমালোচনাও ঠিক। এদিকে আমাদের নজর দিতে হবে। যারা বলেছেন মেনটেনেন্সকে আরও ইমপ্রুভ করতে হবে তাদের সঙ্গে আমি একমত। তবে যদি কেউ বলেন কিছুই কাজ হয়নি তাহলে সেটা আমি মানব না, কারণ তথ্য আপনাদের সামনে রয়েছে। আগে যেখানে ১ লক্ষ ৬০ হাজার টাকা কালেকশন

হত এখন সেখানে অ্যাভারেজ ডেইলি কালেকশন হচ্ছে ৪ লক্ষ ১৪ হাজার টাকা। তার মানে, গাড়ি বেড়েছে, যাত্রীর সংখ্যা বেড়েছে এবং তার ফলে কালেকশন বেড়েছে। আপনারা সবাই লেখাপড়া জানেন—গোপন করার কিছুই নেই। আমরা যা শিখেছি কোনও অন্যায় দাবি করব না। আমরা সব কিছু করতে পারিনি যা যা করেছি সেই কথাই বলব। এস ইউ সি-র সদস্য একটা কথা বলেছেন—তিনি তো বিপ্লবে বিশ্বাসী ওনাদের পার্টি বিপ্লবী পার্টি। তিনি বললেন কোনও ট্রান্সপোর্ট সুষ্ঠু এবং স্বাভাবিক হচ্ছে না। বিপ্লব হল না বিপ্লবের আগে কি করে সুষ্ঠু হবে? তার জানা উচিত ছিল এ হতে পারে না। তবে সরকার আপনাদের ভাল করতে চাইছেন এবং চেষ্টাও করছেন। তিনবার তেলের দাম বাড়ল। প্রথম বারে আমরা ভাড়া বাড়াইনি। বেসরকারি বাসের মালিকরা যখন স্ট্রাইক করল আমরা তা ফেস করেছি। আমরা জানি তাদের যা মুনাফা হয় তাতে ভাড়া না বাড়িয়েই গাড়ি চালানো যায়। তাই আমরা ভাড়া বাড়াতে দিইনি। শেষ কালে তাদের স্ট্রাইক উইথড্র করতে হয়েছে নতি স্বীকার করতে হয়েছে। সরকার ভরতুকি বাস চালাতে পারে কিন্তু প্রাইভেট বাসে তো ভরতুকি দেওয়া যায় না। কেন্দ্রীয় সরকার যখন তেলের দাম বাড়ালো তখন আমাদের মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়ে বলেছিলেন যে সর্বনাশ হয়ে যাবে ডিজেলের দাম বাড়ানো মানে সব জিনিসের দাম বাড়বে। কি করবে শত শত টাকা ঘাটতি নিরুপায় হয়ে ওরা বাড়ালেন এবং আমাদেরও দ্বিতীয় বারে পাঁচ পয়সা করে ভাড়া বাড়াতে হল। আবার সাত মাসের মধ্যে তেলের দাম বাড়ালেন এবং এবারেও ভাড়া বাড়াতে হল। বেসরকারি মালিকরা জনগণের সেবা করতে গাড়ি চালাচ্ছে না। তাই দ্বিতীয় বার যখন তেলের দাম বাড়ল আমাদের হিসাব করে দেখতে হল এবং ভাড়া বাড়াতে হল। ভরতুকি আর কত দেওয়া যাবে তারও একটা সীমা আছে। বেসরকারি মালিকরা যদি একটা ট্রাক কেনে তাহলে তা থেকে তিন থেকে পাঁচ হাজার টাকা মাসে মুনাফা হয়। বাস চালিয়ে তাদের মুনাফা কম হয় সেটা তারা করবে কেন দু লক্ষ টাকা ইনভেস্ট করতে হয়। তারা হল বিজনেস ম্যান আপনার আমার মতো নয়। সমাজের সামগ্রিক অবস্থা আমাদের টেনে নিয়ে যায় আমরা বাড়াতে বাধ্য হই। সরকারি বাস চলবে কি করে। তেলের দর বাড়লে আমরা কি করব ভরতুকি আর কত দেওয়া যায়। এমনিতেই আজকে ৬৮ লক্ষ টাকা ভরতুকি দিতে হয়, আগে ছিল ৫০ লক্ষ টাকা এখন আরও ১৮ লক্ষ টাকা বাড়াতে হয়েছে। কেন না কর্মচারিদের পেনশন বোনাস দিতে হচ্ছে। বেসরকারি মালিকরা নির্মমভাবে কর্মচারিদের উপর অত্যাচার করে সরকার তা করতে পারে না। তবুও কর্মচারিরা যা পান তা যথেষ্ট নয়। আমি একজন ট্রেড ইউনিয়ন কর্মী তাদের সমস্যার প্রতি আমার সহানুভূতি থাকা স্বাভাবিক। এই সব কর্মীরা বিশেষ করে ড্রাইভার কন্ডাক্টররা কি দারুণ পরিশ্রম করে তা আপনারা জানেন এবং ১৫/১৬ বছর কাজ করার পর তাদের কাজ করার যোগ্যতা থাকে না মুখ দিয়ে রক্ত বেরোয়। এটা আমরা অবশ্য জানি অপর কিছু শ্রমিক আছে তারা ঠিকমতো দায়িত্ব পালন করে না।

[12-40 — 1-30 p.m.(including adjournment)]

এটা একটা সমস্যা, কিন্তু ঢালাও ভাবে সবাইকে দোষারোপ করা কখনও ঠিক হবে না। যারা পরিশ্রম করছে, যারা সি এস টি সিকে বাঁচিয়ে রেখেছে, তাদের আমরা অভিনন্দন দিতে চাই এবং যারা তাদের কর্তব্য পালন করতে চায় না, তাদের কাছে অনুরোধ করি, আপনারা এগিয়ে আসুন, পরিবহনের সমস্যার সঙ্গে লক্ষ লক্ষ মানুষের যাতায়াতের সমস্যা জড়িত আছে, এখানে অবহেলা করা ঠিক নয়। আপনারা যদি ঠিক ভাবে সাহায্য করেন তাহলে ভাল হয়। ভাড়া বাড়লো, ট্রাম বাস পুড়তে শুরু করল, কংগ্রেসের লোকেরা পোড়ালেন, এস ইউ সি ডেমনস্ট্রেট করলেন, তারা পুড়িয়েছেন কি না আমি জানি না। আমার কাছে কোনও হিসাব নেই, তারাও কিন্তু এখানে বলে দিলেন যে কোনও সুষ্ঠু স্বাভাবিক ব্যবস্থা হচ্ছে না। বিষ্ণুবাবু বলেছেন, মিনি বাসে দাঁড়িয়ে যাবার ব্যবস্থা করে দিলে ভাল হয়। এটা আমরা দেখছি বিবেচনা করে, কেন না অবস্থার চাপে পড়ে মিনি বাসে বা স্পেশ্যাল বাসে মানুষ দাঁড়িয়ে যাচ্ছে, আমরা সেটাকে সমর্থন করি না। আমরা অনুরোধ করি যে দাঁড়িয়ে যাবেন না কিন্তু মানুষ যখন সময় মতো গাড়ি পায় না, তখন তারা বাধ্য হয়ে বেশি ভাড়া দিয়ে দাঁড়িয়ে যায়। সুতরাং কি করা যায়, এই বিষয় নিয়ে আমরা ভাবছি। গাড়ির সংখ্যা যাতে বাড়ে তার প্রচেষ্টা চলছে। তাহলেও নিশ্চয়ই আমরা এটাই চেষ্টা করব, মানুষ যাতে এই গাড়িতে বসে যেতে পারেন, সেই ব্যবস্থা থাকবে। সি এস টি সি-র ইনসেনটিভ স্কীম একটা আছে, এটা আরও উন্নত হওয়া দরকার। এটা আমরা মনে করি যে ইনসেনটিভ স্কীম আছে, এটা উপযুক্ত নয়। সেই জন্য কিন্তু এটা ঠিক নয় যে কোনও কাজ না করে তারা ইনসেনটিভ পাবে, এই রকম কথা বলাটা ঠিক নয়। বারাসাত নতুন জেলা হবে, জগদীশবাবু যেটা বলেছেন, আমাদের সেটা দৃষ্টিতে আছে এবং আমরা নতুন নতুন রুট করব। কিন্তু ধরুন বেসরকারি বাস, আমরা তো ৪০৯টা পারমিট দিয়েছি, এই পর্যন্ত নেমেছে ৬৫টি বাস, নতুন বাস নেমেছে। কেন না, চেসিস পাচ্ছে না। কেন্দ্রীয় সরকার আমাদের লিখিত ভাবে জানাবেন, এই বছর অর্থাৎ যে বছরটা শেষ হয়ে যাচ্ছে ৩১শে মার্চ, বেসরকারি বাসের জন্য ২০০ চেসিস দেওয়া হবে। এখনও পর্যন্ত প্রায় ১৫০টি এসেছে, ৫০টি আসেনি। জগদীশবাবু বলেছেন, শুধু রিপ্লেসমেন্টের জন্য ৫০০ গাড়ি দরকার। ১৫০টা গাড়ি এলে পরিবহনের ব্যবস্থাটা ভাল হবে না খারাপ হবে। আর এর জন্য রাজ্য সরকারকে আপনি কি করে দায়ী করবেন? এত কঠিন পরিস্থিতি হওয়া সত্ত্বেও মাননীয় সদস্যদের কাছে আমি এই কথা বলতে চাই, আমি হতাশ হইনি, আমি হাল ছেড়ে দিইনি, এখনও প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এই বছর একটা নতুন স্কীম তৈরি হয়েছে, তার ডিটেল আমি এখন বলতে পারব না। কিন্তু লোককে গাড়ি দেবার জন্য শুধু সি এস টি সি বা বেসরকারি বাসের মালিকদের উপর নির্ভর করলে চলবে না, আর একটা পথ আমাদের বার করতে হবে। যখন স্কীম হয়ে যাবে, আমরা ঘোষণা করে দেব, এতে মানুষের দুঃখ কষ্টের কিছুটা লাঘব হবে। এই প্রচেষ্টায় আপনাদের সকলের সহানুভূতি আমার ব্যয় বরাদ্দের উপর কোনও কাট মোশন নেই, সুতরাং আমার বাজেট বরাদ্দকে সমর্থন আপনারা জানাবেন এই আশা রেখে, আমার বক্তব্য শেষ করছি।

[ 14th March, 1981 ]

### Demand No. 12

The motion of Shri Mohammad Amin that a sum of Rs.59,92,200 be granted for expenditure under Demand No.12 Major Head; 241 Taxes on Vehicles was then put and agreed to.

### Demand No. 68

The motion of Shri Mohammad Amin that a sum of Rs. 37,00,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "335—Ports, Lighthouses and Shipping", was then put and agreed to.

### Demand No. 69

The motion of Shri Mohammad Amin that a sum of Rs. 35,44,000 be granted for expenditure under Demand No. 69, Major Head : "336—Civil Aviation", was then put and agreed to.

### Demand No. 71

The motion of Shri Mohammad Amin that a sum of Rs. 60,32,000 be granted for expenditure under Demand No. 71, Major Head : "538—Capital Outlay on Road and Water Transport Services and 538—Loans for Road and Water Transport Services", was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 45

**Major Head :** 288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess), 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess) and 688—Loans for Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess).

**Shri Sambhunath Mandi :**

Honourable Speaker Sir,

On the recommendation of the Governor. I beg to move that a sum of Rs. 25,83,48,000.00 be granted for expenditure under the Major

Heads :"288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess), 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess) and 688—Loans for Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess)" of Demand No. 45 for the year 1981-82.

Honourable Members are aware that the Left Front Government is well-acquainted with the basic problems of the weaker sections of the population of the State, especially the members belonging to the Scheduled Castes and the Scheduled Tribes, and pledged to their solution. In a country like ours where the majority of the people can hardly manage to procure two square meals a day, it is only to be realised what a pitiable economic condition the Scheduled Caste and Scheduled Tribe people are in and how much alarming their educational backwardness may be. The Left Front Government is only continuing its efforts how best the advantages of the developmental activities of the Government can be made available to these weaker segments of the population. With this aim in view, the educational programmes have been suitably revised.

At the secondly stage of education the rates of Book-grants have been enhanced, which now stand as follows :

| | |
|---|---|
| For Class V | ... Rs. 10.00 |
| For Class VI | ... Rs. 30.00 |
| For Class VII | ... Rs. 70.00 |
| For Class VIII | ... Rs. 70.00 |
| For Class IX | ... Rs. 90.00 |
| For Class X | ... Rs. 50.00 |

Similarly, the rate of hostel charges has been raised from Rs. 45/50 to Rs. 75.00 in all cases. Moreover, in the award of hostel charges the quota system has been abolished and such grants are now given for twelve months instead of ten months in a year. The scheme for providing maintenance charges to Scheduled Caste and Scheduled Tribe

Day-scholars whose parent's/guardian's income does not exceed Rs. 3,600.00 per annum, has been introduced. Arrangements have been made for special coaching to Scheduled Caste and Sheduled Tribe students in schools. Through all such measures, the Governments is endeavouring to spread education on an extensive scale by brinining larger and larger number of Scheduled Caste and Scheduled Tribe students in its fold.

Increased amounts are now being spent under the scheme for constarction of Hostels for students at the secondary and the post Secondary stages. The Scheme for construction and maintenance of Ashram facilities for the students at the primary and secondary stages is also continuing.

The work of construction of a hostel building for college and university students coming from mofussil areas is going to be taken up by the Government.

The Government is also eager to see and ensure that primary schools are set up in larger numbers in Scheduled Caste and Scheduled Tribe concentrated areas through the Education Department.

The scheme of Post-Matric Scholarships continues very much as before. Necessary budget provision has been made to cover all eligible students.

The scheme of Pre-Examination Training Centre was adopted with the sole end in view that backward Scheduled Caste and Scheduled Tribe people can do well in the competitive examinations for entry into service. The Government is now trying to expand the scope of such training in more and more subject/courses. Besides the training centre at Moulana Azad College, which imparts training to candidates for the purpose of preparing them for the WBCS (Executive) and allied Services Examination another centre has already been set up a Government cost in the Sufee Commercial College in Calcutta in the current financial year to impart training in Stenography.

It has been decided to open a new centre in the next financial year to impart coaching/training to candidates intending to appear at the Miscellaneous Recruitments Examination and the Clerkship Examination. I announce with pleasure that as many as eight of the candidates who had received training in the Pre-Examination Training Centre at Moulana

Azad College came out sucessful in the last WBCS (Ex.) Examination.

For the benefit of the Engineering and Medical students, the scheme for setting up Book Banks attached to Engineering and Medical colleges is being continued.

Economic backwardness is another primary handicap for the Scheduled Castes and the Scheduled Tribes. Again, the defective land tenure system continuing for long, is the root cause of economic backwardness of the people of these communities. As a result of the land-reform measures adopted and implemented by the Left Front Government, a vast number of Scheduled Castes and the Scheduled Tribes has been benefited. Till December, 1980, as many as 4,43,016 Scheduled Caste and 2,32,695 Scheduled Tribes people have been allotted with surplus vested land. 4,00,794 Scheduled Caste and 1,80,357 Scheduled Tribe people have been recorded as 'Bargadar'. The Government has also launched upon a big programme to lift the Scheduled Caste and Scheduled Tribe small and marginal farmers and allottees of vested land above the proverty-line by freeing them from the clutches of money-lenders. Under this programme, provision has been made to give financial help for agricultural inputs @ Rs. 500.00 per family of which Rs. 250.00 will be grants from the Government, Rs. 100.00 will be loan from the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation Limited and Rs. 150.00 will be the loan-component from Banks. During the current financial year, 93.600 cultivators are likely to get the benefit. If the programme can be implemented satisfactorily, it is expected that it will be possible to raise the economic standard of the poor Scheduled Caste and Scheduled Tribe people within a specified period.

**Tribal Sub-Plan :**

Various schemes are being implemented in all the 12 ITDP areas, spread over 12 districts of the State.

To ameliorate the sad economic condition of the tribal people, as many as 58 LAMPS or large-sized Multipurpose Co-operative Societies have so for been set up. The primary function of these societies is to provide necessary rural credit, to arrange supply of essential consumer goods and agricultural inputs at fair prices, to arrange the marketing of the produces and the products of the tribal members etc., etc..

The Government of West Bengal has since revised the Forest Policy with an eye to the interest of the Tribal people. The Government has also taken up special programmes of development for the benefit of the primitive Birhors. Totos, Lodhas, Kherias etc. A Lodha Development Cell has been set up and placed under the control and supervision of District Magistrate, Midnapure to ensure proper implementation of the developmental schemes meant for the benefit of the primitive Lodhas and also to look after their various other problems. The Government is also making efforts to see that the benefits of Tribal Sub-Plan are extended to areas outside ITDP having less than 50% Tribal concertration.

Moreover, the administrative infra-structure has been suitably stengthened with a view to ensuring proper execution of the Tribal Sub-Plan Programme.

The different Sectoral Departments of the State Government will be spending a total amount of Rs. 2,011.79 lakhs from their own State Plan resources during the current financial year and as a supplementary to this, an amount of Rs. 354.00 lakhs is likely to be derived by the State Government as Special Central Assistance.

**Special Component Plan :**

Like the Scheduled Tribes, the Scheduled Castes also are economically backward. With a veiw to bringing the Scheduled Caste people above the proverty-line, the programme of the Special Component Plan has been introduced since the last financial year. The Government of India has promised to give special central assistance to the tune of Rs. 1,054 lakhs under Special Component Plan duing the current financial year. The different sectoral departments of the State Government also have decided to spend a total sum of Rs. 4,179.68 lakhs under this programme duing the current financial year out of their own State Plan resources. In the next financial year the quantum of sectoral flow from State Plan as well as that of Special Central Asssistance are likely to increase. Under the Special Component Plan, various schemes of different sectors like Agriculture, Cottage Industry, Irrigation, Fisheries, Animal Husbandry. Forestry, Co-operation, Vocational Training etc. have been taken up for the welfare of Scheduled Castes.

**Corporation :**

In this State, there are two Corporations for the well-being of the Backward Classes People. One is the West Bengal Tribal Development Co-operative Corporation Limited and the other is Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation Limited. The Tribal Development Co-operative Corporation Limited provides rural credit. Supplies essential consumer goods and agricultural inputs, arranges marketing of products of the tribal members etc. through the network of the Large-sized Multipurpose Co-operative Societies set up in the Tribal Sub-Plan Areas of the State. As per revised Forest policy as adopted by the Government these co-operative societies do now enjoy the monpoly right of collection and marketing of minor forest produces like sal seeds, kendu leaves etc. As a result, the tribal collectors are now getting remunerative collection charges and have got rid of exploitation by the private contractors. It became possible to create more than 6,00,000 man-days of rural employment during the last financial year through the work of collection of sal seeds, kendu leaves and cashew-nuts and through the scheme of 'Price Support' in the collection of mahua seeds and flowers, neem seeds etc.

The operation of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation had so long been restricted amongst the members of the Scheduled Castes only. During the current financial year, the relevant Act of the Corporation has been suitably amended so as to bring poor Scheduled Tribes also within its operational fold. With the amendment done, the Corporation now serves both the Scheduled Castes and the Scheduled Tribes.

Through a diversified action programme, the Corporation has undertaken various schemes aiming at the economic betterment of the members of the Scheduled Castes as well as the Scheduled Tribes. Recently the Corporation has set up its branches in all the districts for smooth and expenditions execution of its schemes/works. The District Magistrates have been made the Chairmen of the District Branches of the Corporation in their respective district. During the current financial year 1,21,600 members of the Scheduled Castes and the Scheduled Tribes will be benefited through the loaning operations of the Corporation. In the next financial year, the target of such beneficiaries will go up to 1,82,000.

**Crafts and Industries :**

The Industries Branch of the Scheduled Castes and Tribes Welfare Department is implementing various crafts and industries schemes through its 71 units or centres. These units or centres come under seven broad groups viz :

(1) Textile, (2) Leather, (3) Carpentry, (4) Sericulture, (5) Tailoring and Knitting, (6) Handicrafts, and (7) Lac.

So long, tranees intending to set up business of their own after successful completion of their trainning in such centres used to received grants from the Government at the rate not exceeding Rs. 500.00 per individual. But this little amount was not sufficient for their success in business in any meaningful way. That is why a begining has already been made by the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation to provide necessary loan-support to such trainees over and above the admissible limit of grant from the Government so as to make them self-sufficient in the business.

**Health, Housing and other Schemes :**

Provision for shelter is a basic need for any human being. A scheme for housing for the benefit of the poor and deserving Scheduled Tribes and Scheduled Castes and also the Scheduled Castes engaged in unclean occupation continues unimpeded. This scheme under the Backward Classes Sector is intended only to supplement the houseing programme in the General Sector. During 1980-81, 886 houese will be constructed and during the next fiancial year it is proposed to exceed the current year's target. To provide cultural and recreational facilities to the Scheduled Tribes forty Tribal Welfare Centres and six Community Halls are being maintained.

Grants-in-aid are given to the Valuntary Organisations for educational and recreational activities among the Scheduled Castes and the Scheduled Tribes.

**Eradication of Untouchability :**

Untouchability is not a pressing problem in West Bengal. Nevertheless, social disabilities are in the society and, therefore, the remants of untouchability are still there in a villages in some from or other. The

Government has taken up in hand a programme of propaganda against this evil and to remove the problems arising out of social disabilities.

**Research and Training :**

The Cultural Research Institute, as per its programme, carries on its activities of research and investigation relaing to the Scheduled Castes and the Scheduled Tribes. The schemes pertaining to the welfare of the Scheduled Castes and the Scheduled Tribes are revised and recast as and when and to the extent necessary on the basis of the findings of the research activities of the Institute.

The Social Worker's Training Institute is satisfactorily continuing its programme of imparting training to non-offical social workers and different categories of Government personnel working amoungst Scheduled Castes and Scheduled Tribes.

**Employment Cell :**

Honourable Members are aware that under the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of vacancies in Services and Posts) Act, 1976, provision has been made for reservation of vacancies for Scheduled Castes and Scheduled Tribes in services and post under the State Government Local Bodies, Statutory Corporation, Public Undertakings, Government owned or aided schools and colleges, universities etc. The Employment Cell under the Scheduled Castes and Tribes Welfare Department is ever-vigilant to ensure that the provisions of the Act are properly observed at all concerned quarters.

**Strengthening of Administrative Machinery :**

In order to implement the programme for the Welfare of Scheduled Castes and Scheduled Tribes successfully, the administrative machinery at all levels has been strengthened. It will now be possible, in near future, for the poor Scheduled Castes and Scheduled Tribe people to ventilate their grievances and represent their cases themselves in the Scheduled Castes and Tribes Welfare Offices located in their own respective Block.

I also submit herewith a statement containing the details of progress achieved under different development programmes for information of the Honourable Members.

In conclusion, I want to say that the ultimate benefits of developmental programmes so long implemented in the past were never distributed in an even and need-based manner amongst the masses and that is why the forces of disruption and disintegration are raising their ugly heads in every nook and cornor of the country. The Left Front Government in West Bengal has taken appropriate measures within their limited power and resources to solve the basic problems of the poor Scheduled Caste and Scheduled Tribe people and it is only because of this that the forces of disintegration could not yet make any headway or cause any irreparable damage here in West Bengal. But it is to be kept in mind these forces of disintegration are still active with their surreptious movements in aid of vested reaction. It leaves us no scope to evince the slightest expression of fraitly even for a moment. The tools of reaction are lying in wait for a chance. The situation demands that we must be always alert and ever-vigilant against it.

Therefore, my earnest appeal to the members of the Scheduled Castes and the Scheduled Tribes who are my **brethren** : "Let yourselves not be played as tools in the hands of the forces of disintegration. Co-operate with the Government and keep the battle, waged against your real enemy, unabated." At the same time, my appeal to Honourable Members : "Let us try to do whatever little we all can do together towards solving the problems of these poor fellows, who have been oppressed, tortured and exploited through ages, by way of making the programmes, adopted for thier well being, a real success."

With these words, Sir, I place before this House my motion for grants for acceptance.

## STAMENT SHOWING THE PROGRESS OF SCHEMES IMPLEMENTED FOR THE WELFARE OF SCHEDULED CASTES AND SCHEDULED TRIBES

| *Schemes* | *Targets achieved during 1975-76* | *Targets likely to be achieved during 1980-81* |
|---|---|---|
| 1. Book grants and examination fees | 84,274 students | 1,67,000 students |
| 2. Payment of hostel | 8,819 " | 27,000 " |

| | | | |
|---|---|---|---|
| | charges | | |
| 3. | Coaching arrangement | — | 13,700 " |
| 4. | Maintenace charges to the Day-scholars reading in secondary stages | — | 1,70,000 " |
| 5. | Construction of hostel/ Ashram hostels for the students reading in secondary and primary stages | 27 | 67 |
| 6. | Post-matric Scholarships | 33,495 " | 40,140 " |
| 7. | Training in vocational trades and crafts | 740 " | 930 " |
| 8. | Financial assistance to artisans trained in various traders and crafts | 395 persons | 1,000 persons |
| 9. | Training-cum-Production Centres in various trades and crafts | 6 new centres, maintenance of 41 centres and 680 trainees | 6 new centres, maintenance of 71 centres and 1,135 trainees |
| 10. | Live-stock | 820 families | 2,200 families |
| 11. | Housing | 208 families | 886 families |

(At this stage the Houses adjourned till 1.30 p.m.)

(After recess)

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহম্মদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার গতকাল গভর্নমেন্ট এমপ্লয়িজ ফেডারেশন-এর একদল কর্মী চিফ মিনিস্টারের বাড়ির সামনে অবস্থান করছিলেন, চার্টার অব ডিমান্ড তাদের যা আছে পে কমিশনের রিপোর্টের ব্যাপারে কিন্তু তাদের উপর অকথ্য ভাবে পুলিশ মারধর করেছে এবং তাতে কয়েকজন আহত হয়েছে এবং এক ভদ্রমহিলা এস এস

কে এম হাসতাপালে সিংকিং অবস্থায় আছে এবং ক্যালকাটা কালেক্টোরেটে সাসপেনশনের নোটিশ দেওয়া আরম্ভ হয়েছে। এটা ভিনডিক্টিভ ওয়েতে করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

## VOTING ON DEMANDS FOR GRANTS

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তফসিল আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, সেই সম্পর্কে আমি দু একটি কথা বলতে চাই। এই বাজেট পড়ে দেখছি যে সব জায়গায় কর্মসূচি হাতে নেওয়া হয়েছে, ব্যবস্থা করা হচ্ছে, করা হবে ইত্যাদি অধিকাংশ ক্ষেত্রে এই বাজেটে তার বক্তব্য লেখা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বছর বাজেটে ছিল ১০ কোটি ৬৫ হাজার টাকা। পরবর্তীকালে সেটা বাড়িয়ে রিভাইজ করে ২৩ কোটি ১৫ লক্ষ ২৩ হাজার করা হল। অথচ মূল বাজেটে বরাদ্দ ছিল ২০ কোটি ৭২ লক্ষ ৩২ হাজার টাকা। আরও লক্ষ্য করা যাচ্ছে যে ১৯৮০-৮১ সালে এস সি স্টুডেন্টস গ্রান্ট ৭৪ লক্ষ টাকা ছিল, সেখানে ১৯৮১-৮২ সালে কমে গিয়ে ৫০ লক্ষ ১৩ হাজার টাকা হল। তফসিলদের জন্য কমে গেল। জানি না, বাজেট পড়ে আমার ধারণা হচ্ছে যে পশ্চিমবঙ্গে বোধ হয় তফসিল কমে গেল। গত বছর ৭৪ লক্ষ টাকা যেটা ছিল সেটা কমে গিয়ে ৫০ লক্ষ ১৩ হাজার টাকা হল। আদিবাসীদের ক্ষেত্রে সেখানে ১০ লক্ষ থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে। সেদিক থেকে আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। কিন্তু তফসিলদের এস সি স্টুডেন্টস যারা মেনটেনান্স গ্রান্ট পেতেন, তাদের টাকা কমিয়ে দেওয়া হল। আর একটা কথা হচ্ছে, স্টুডেন্টস গ্রান্ট ১৯৮০-৮১ সালে রিভাইজ করে ৩ কোটি ২৯ লক্ষ ১৯ হাজার টাকা করা হল। এই টাকাটা রিভাইজ করা হচ্ছে। আমাদের বিধানসভায় বাজেটে মন্ত্রী মহাশয় যে টাকা পাস করে নিচ্ছেন, অথচ দেখা যাচ্ছে সেক্রেটারিয়েট-এর মাধ্যমে কোটি কোটি টাকা বাড়িয়ে দেওয়া হচ্ছে। তাহলে কি এটা ধরে নেব যে এই বিধানসভায় যে বাজেট আসে, সেটা ঠিক বাজেটের আকারে আসে না? আজকে কোটি কোটি টাকা রিভাইজ করে বাড়িয়ে দেওয়া হচ্ছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের কি ইচ্ছা সেটা ঠিক আমরা বুঝতে পারি না। আমি এখানে একটি প্রশ্ন তুলে ধরছি, গত বাজেট অধিবেশনেও এটা তুলে ধরেছিলাম, ডঃ বি আর আম্বেদকর এবং গোপবন্ধু দাসের প্রতিমূর্তি স্থাপন করার কথা ১২ই জুন ১৯৭৯ তারিখে মাননীয় পূর্তমন্ত্রী ঘোষণা করেছিলেন, গোপবন্ধু দাসের প্রতিমূর্তিটি অনেক দিন আগেই স্থাপিত হয়ে গেছে, কিন্তু তফসিলি ও আদিবাসী মানুষের কর্ণধার, যার দয়াতে আজকে তফসিলি ও আদিবাসীরা বিধানসভায় এবং লোকসভায় যেতে পারছেন, চার বছরের মধ্যে কেন তার প্রতিমূর্তি স্থাপন করা হল না? এবারে পূর্তমন্ত্রী তার ভাষণ বক্তৃতায় বলেছেন, জাতীয় নেতা, বিপ্লবী, শহীদ, সমাজসংস্কারক এবং সাহিত্যিকদের স্মৃতিরক্ষা করার ব্যবস্থা করা হচ্ছে। বিনয় বোস, বাদল গুপ্ত, দীনেশ গুপ্ত, প্রীতিলতা ওয়াদ্দেদার, চার্লি চ্যাপলিন এবং ডঃ বি আর আম্বেদকরের প্রতিমূর্তি নির্মাণের কাজ এগিয়ে চলেছে। আমার প্রশ্ন তার কাছে এই কাজ কবে শেষ হবে? সেটা বোধ হয়

মন্ত্রী মহাশয় জানেন না। সব চেয়ে দুঃখের কথা, তখন ওরা থাকবেন না। দিল্লির পার্লামেন্টে ডঃ আম্বেদকরের জন্ম জয়ন্তি যখন পালন করা হয় তখন সেখানে পার্লামেন্টের অধ্যক্ষকে সভাপতি করা হয়েছিল। আমি আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করব যে, আপনার সভাপতিত্বে এখানেও ডঃ আম্বেদকরের জন্ম দিন পালন করা হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তফসিলি এবং আদিবাসী ছেলেদের যে সার্টিফিকেট দেওয়া হয় সেই সার্টিফিকেট পেতে তাদের ৬ মাস থেকে দেড় বছর পর্যন্ত অপেক্ষা করতে হয়। হোস্টেল গ্রান্ট বা চাকরি পাওয়া বা অন্যান্য সুযোগ সুবিধা পাওয়ার ক্ষেত্রে তাদের সেই সার্টিফিকেটের প্রয়োজন হয়। কিন্তু দুঃখের কথা হচ্ছে তারা এক থেকে দেড় বছরের মধ্যে সার্টিফিকেট পায় না। আমি তাই এ বিষয়ে একটা সাজেশন দিচ্ছি যে, এই সমস্ত কাজ পঞ্চায়েতের মাধ্যমে যদি করা হয় তাহলে অনেক কম সময়ে হতে পারে। তফসিলি বা আদিবাসীরা এ বিষয়ে পঞ্চায়েতের কাছে আবেদন করবে, পঞ্চায়েতের প্রধান সেটা ডি এম কে বা এস ডি ও-কে রেফার্ড করবে। আবার সেটা পঞ্চায়েতের প্রধানের কাছে ফিরে আসবে এবং পঞ্চায়েত প্রধান তখন সেই সার্টিফিকেট তফসিলি বা আদিবাসীদের দিয়ে দেবে। তা নাহলে আজকে যেভাবে এদের হয়রানি হতে হয় এবং পয়সা খরচ করতে হয় সার্টিফিকেট পাবার জন্য, সেটা নিশ্চয়ই সকলে জানেন। পয়সা দিতে না পারার জন্য অনেক ক্ষেত্রে চাকরি পাওয়া থেকে পর্যন্ত এদের বঞ্চিত হতে হয়। তার পর আদিবাসী এবং তফসিলি ছাত্রদের জন্য যে হোস্টেল গ্রান্ট যায় সেই গ্রান্টের অধিকাংশটা দিয়েই কলেজের বাড়ি তৈরি হয়। আমি কান্তিবাবুর সঙ্গে কুচবিহারে গিয়েছিলাম, সেখানে একজন আদিবাসী ছাত্রকে জিজ্ঞাসা করা হয়েছিল, তুমি কি খেয়েছ, সে উত্তর দিল মাছ খেয়েছি, কুমড়ো ঘ্যাঁট খেয়ে বলছে মাংস খেয়েছি। পরে তাকে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে সে বলছে, আমি তো খাইনি, ওরা বলতে বলেছিল তাই বলেছি। সুতরাং কাগজে-কলমে যা দেখানো হয় কার্যক্ষেত্রে তা করা হয় না। তারপর আদিবাসী এবং তফসিলি ছাত্রদের যখন পরীক্ষার ফর্ম ফিলাপ করতে হয় তখন টাকা দিতে হয়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, ঐ টাকা যদি আগে থাকতে কলেজে পাঠিয়ে দেওয়া হয় তাহলে তফসিলি এবং আদিবাসী ছেলেদের অযথা হয়রানি হতে হয় না। অনেক সময় দেখা যায় অনেক ছাত্র-ছাত্রী টাকার অভাবে ফর্ম ফিলাপ করতে পারে না, পরীক্ষা দিতে পারে না। কোয়ালিফিকেশন অন মেরিটের ভিত্তিতে যে চাকরি দেওয়ার ব্যবস্থা আছে, তার ফলে আজকে অনেক জায়গায় কোটা পূরণ হয় না এবং স্কলারসিপ অন মেরিট যেটা আছে সেটাও ঠিকভাবে কার্যকর হয় না। যে বিলের মাধ্যমে কোয়ালিফিকেশন অন মেরিট ব্যবস্থাটা চালু করা হয়েছে সেই বিল পাস হওয়ার পর কতজন চাকরি পেয়েছে তা আমরা জানি না। ১০ই মার্চ, ১৯৭৮ সালে প্রধান মন্ত্রী সব রাজ্যের চিফ সেক্রেটারিদের চিঠি লিখেছিলেন, সব বিভাগে তফসিলি এবং আদিবাসীদের, কোটা যাতে পূরণ হয়, তার জন্য আপনারা ব্যবস্থা গ্রহণ করুন।

[1-40 — 1-50 p.m.]

কিন্তু কই কিছুই তো দেখতে পাচ্ছি না, মন্ত্রী মহাশয়ের তো কোনও উদ্যোগ দেখতে পাচ্ছি না, এবং বাজেটের মধ্যেও তো কই কিছু নেই। অথচ মনে মনে আপনারা সবাই জানেন, মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন, মাননীয় সদস্যরাও জানেন এবং সারা পশ্চিমবাংলার মানুষও জানেন যে তফসিলি আদিবাসীদের জন্য সরকার থেকে যে পাওনা জিনিস তারা তা পায় না। কাজেই আমি সেইদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যাতে এই কোটাকে পূরণ করবার ব্যবস্থা করেন। আর একটি জিনিস দেখতে পাচ্ছি চাকুরির ক্ষেত্রে প্রমোশনের ব্যাপারে তফসিলি আদিবাসীদের জন্য যে রোস্টার ছিল সেই রোস্টার অনুযায়ী কিন্তু প্রমোশন দেওয়া হচ্ছে না। অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আছে নতুবা আমলাদের কারসাজিতে যেন তেন প্রকারেন তাদের প্রমোশনের সুযোগটাকে বন্ধ করে দেওয়া হচ্ছে। অথচ সরকার কাঁদুনি গেয়ে বলে বেড়াচ্ছেন তফসিলি আদিবাসীদের জন্য আমরা সব রকমের ব্যবস্থা করছি। আর একটি মারাত্মক ব্যাপার লক্ষ্য করছি, তফসিলি আদিবাসীরা চাকুরিক্ষেত্রে আবেদন করলে তাদের যখন ইনটারভিউতে ডাকা হয় তখন টেড ওভার হয়ে যায়। ধরুন, তফসিলি আদিবাসী ছাত্রদের হয়তো ১০ই মার্চ ইন্টারভিউ কিন্তু তারা চিঠি পেল ২০শে মার্চ। এইভাবে আমলাতন্ত্রের কারসাজিতে যাতে আদিবাসী ছাত্রদের কোটা পূরণ না হয় তারজন্য এইরকম ব্যবস্থা করা হয়। আমি জানি না পোস্ট-অফিসের কি গোলমাল আছে কিন্তু এও দেখেছি ব্যাক ডেটেও চিঠি ছাড়া হয়। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেদিন ইনটারভিউ নেওয়া হবে তার অন্তত ২ দিন আগে তারা যেন চিঠি পায় এই ব্যবস্থা আপনি করবেন। আর একটি জিনিস দেখতে পাচ্ছি সেনসাসের ক্ষেত্রে। ফরমে ২৫টি কলম আছে। যার সেনসাস করেন তারা বাড়ি বাড়ি গিয়ে কলমগুলি পূরণ করবেন কিন্তু আমাদের দেশে আমলাদের এমনভাবে ট্রেনিং দেওয়া হয় যে ট্রেনিং নিয়ে এসে তারা বাড়ি বাড়ি গিয়ে ৭টি কলম পূরণ করেন আ ২৮টি কলম ঘরে বসে পূরণ করবেন। ৮ এবং ৯ কলমে আছে কি জাতি এবং ১২ কলমে আছে শিক্ষাগত যোগ্যতা। সুতরাং এই ২৮টি কলম তারা পূরণ করবেন বাড়িতে বসে। আমার কথা হচ্ছে কি জাত এবং কি কোয়ালিফিকেশন এইসব কি তাদের মনে থাকবে? আমার মনে হয় দিল্লি সরকার কি ভাবছেন জানি না—এই জিনিসটা তুলে দিতে পারেন—যদি বর্ণ হিন্দু করতে পারেন তাহলে তো ঝামেলা চুকে যায়। তাহলে এই স্ট্রাইপেন্ডের জন্য বা চাকুরির জন্য সংরক্ষণের কোনও দরকার হবে না। এটা একটা ভয়ানক ব্যাপার, আমি এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা বলছি, যে সমস্ত আদিবাসীরা একজায়গায় ৫ বছর ধরে বসবাস করেন তাদের জন্য সরকার পয়সা খরচা করে বাড়ি তৈরি করে দেবেন বলেছেন। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের সাফাইওলাদের জন্য এক জায়গায় পয়সা খরচা করে ৫০টি কি ১০০টি ঘর তৈরি করে দিয়েছেন। কিন্তু এই একই জায়গায় যদি তারা বসবাস করেন তাহলে এই সমস্ত লোকেদের উন্নতি হবে কি করে? এক জায়গায় থাকলে কি করে তারা উন্নতির কথা শিখবে, তাদের

ঐ সীমাবদ্ধ পরিবেশের মধ্যে। এদের জন্য যদি সত্যিই উন্নতি চান তাহলে বিভিন্ন জায়গায় ছড়িয়ে দিন। বিভিন্ন পরিবেশ থেকে তারা নিজেদের উন্নত করুক। আমি অনুরোধ করব, এই সমস্ত সাফাইওলাদের বিভিন্ন জায়গায় বসবাস করার ব্যবস্থা করবেন। এরপর আমি বলব, সরকারি যে ফ্ল্যাট বণ্টন করা হয় সেক্ষেত্রে তফসিলি আদিবাসীদের জন্য ১০ পারসেন্ট ব্যবস্থা আছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেন সেটা ২৬ পারসেন্ট করা হয় আর বৈষ্ণব পাটুলিঘাটা এবং সল্টলেকে সরকারের যে জমি বিলি করা হচ্ছে সেখানে যাতে তফসিলি আদিবাসীরা পেতে পারে সেইদিকে যেন মাননীয় মন্ত্রী মহাশয় দৃষ্টি রাখেন। শুধু বলছি এই তফসিলি আদিবাসীদের মঙ্গলের দাবিতে কোটি কোটি টাকা বরাদ্দ করেছেন কাগজে কলমে। গত বছর, এ বছরের প্রশ্নোত্তর মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ৫০ লক্ষ টাকা ফেরত গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় খরচ করতে পারেন নি তাই টাকা ফেরত পাঠিয়েছেন। কাজেই এই যে কোটি কোটি টাকা কাগজে কলমে বরাদ্দ হচ্ছে—তফসিলি আদিবাসীদের উপকার হচ্ছে না। কাজেই আপনি মঙ্গল কামনা করে যেসব ছাত্রদের স্ট্রাইপেন্ড ইত্যাদি দিয়েছেন, তার জন্য আপনাকে সমর্থন করছি এবং ঐ যে কোটি কোটি টাকা অপচয় হয়েছে, কার্যকর করতে পারেননি তার জন্য এই বাজেটের বিরোধিতা করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তফসিলি আদিবাসী এবং উপজাতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আমাদের এই হাউসে ১৯৮১-৮২ সালের জন্য যে ব্যয় বরাদ্দ মঞ্জুরির আবেদন রেখেছেন—দাবি জানিয়েছেন সেই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে তফসিলি জাতি উপজাতিদের সমস্যা নিয়ে আজকে সংবাদপত্রে চারিদিকে নানারকম কথা বার্তা আলোচনা হচ্ছে এবং আমরা এটাও জানি গত ৩৩ বছর ধরে দেশ স্বাধীন হবার পর তফসিলি জাতি—উপজাতি ইস্যু টাকে সামনে রেখে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার একটা রাজনৈতিক ফায়দা লোটবার চেষ্টা করছেন আজ ৩৩ বছর ধরে। কার্যত তফসিলি উপজাতি কল্যাণ হয়েছে কি মঙ্গল হয়েছে তার বাস্তব অভিজ্ঞতা আমরা সকলেই জানি, সকলেই দেখে দৈনন্দিন কাগজের মাধ্যমে এবং সেই সম্পর্কে আমরা ওয়াকিবহাল হচ্ছি। আমি শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে পিরিয়ড, সেই পিরিয়ড সম্পর্কে দু একটি কথা বলতে চাই। কেন্দ্রীয় সরকার অনেক কথা বলেন, অনেক কিছু করেছেন, অনেক আওয়াজ তোলেন, অনেক ঢাক পেটান। কাজ কি করেছেন আমি পরে দুই একটি তথ্য সে সম্বন্ধে দেব। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সাড়ে তিন বছর চার বছর হল এসেছেন। এই চার বছরের মধ্যে তফসিলি জাতি উপজাতিরা কি করেছে তার একটা হিসাব আমি দিতে চাই এবং ১৯৭৬-৭৭ সালে যখন ইন্দিরা দলের লোকেরা রাজ্যশাসন ক্ষমতায় ছিলেন সেই সময় কার সরকার—যদিও জাল ছিল, জাল নির্বাচনের মাধ্যমে আসীন হয়েছিলেন, সেই সময়েতে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য ব্যয় বরাদ্দ ছিল মাত্র পাঁচ কোটি ৬৬ লক্ষ টাকা। আর

আজকে ১৯৮১-৮২ সালে এই বামফ্রন্ট সরকার তফসিলি জাতি উপজাতিদের কল্যাণের জন্য তার পাঁচ গুণ বেশি টাকা বরাদ্দ করেছেন এবং কাজ করতে পারলে আগামী এক বছরের মধ্যে এর থেকে অনেক বেশি টাকা ব্যয় করবেন তফসিলি জাতি উপজাতিদের কল্যাণের জন্য। টাকার প্রশ্ন বা টাকার সমস্যা কখনই হবে না। কাজেই নানুবাবু যে কথা বললেন টাকা ফেরত যায়, তার কারণ আছে—টাকা আমরা একটু বেশি বরাদ্দ করি। যদি বেশি বরাদ্দ করার জন্য এইটা ব্যয়িত না হয় তাহলে সেটা অপরাধ নয়, কারণ ইন্দিরা গান্ধী রাজত্বে ৫ কোটি টাকা বরাদ্দ করেও সেই টাকা ফেরত যেত। আমরা ২৫ কোটি টাকার বেশি বরাদ্দ করেছি এবং আশা করি প্রয়োজন হলে এর থেকে বেশি খরচ করা হবে। পশ্চিমবাংলার এই সরকার তফসিলি জাতি এবং উপজাতির মূল সমস্যায় ভিত্তিমূলে আঘাত দিয়েছেন। তফসিলি জাতি এবং উপজাতিদের নেতা জগজীবন রাম, ভোলা পাশোয়ান শাস্ত্রী এবং ডঃ আম্বেদকর পর্যন্ত বলে গেছেন যে এদের সমস্যা শুধু জাতিগত সমস্যা নয়, বর্ণগত সমস্যা নয় সমস্যা হচ্ছে জমির সমস্যা। তারা বলেছেন জমি নেই বলে আর এবা সর্বত্র অত্যাচারিত, অপমানিত, পদদলিত। জমির উপর তাদের সত্ত্বাধিকার সৃষ্টি করার ব্যাপারে ৩৩ বছর ধরে যদি কংগ্রেস সরকার এটা করতেন তাহলে আজ এই সমস্যা যেখানে আছে তাকে খানিকটা কমানো যেত। কেন্দ্রীয় সরকার আজ বড় বড় কথা বলছেন কিন্তু বিহার থেকে আরম্ভ করে কর্ণাটক তামিলনাড়ু, জম্মু-কাশ্মীর কোথাও জমি সংস্কার করে এদের মধ্যে জমি বিলি করা বা জমির ওপর সত্ত্বাধিকার দেওয়া হয়নি। অর্থাৎ সেই মূল প্রশ্নে তারা যান নি। তামিলনাড়ুতে হাজার হাজার বিঘা জমি এখনও জমিদারদের আছে। অন্ধ্রে কংগ্রেস নেতাদের আছে সেখানে আদিবাসী, হরিজনদের মধ্যে জমি বন্টন করার কোনও ব্যবস্থা তাদের নেই। পশ্চিমবঙ্গে সাড়ে তিন বছরে কি পরিমাণ জমি আমরা বিলি করেছি তার একটা হিসাব দিচ্ছি। সাড়ে তিন বছরে ১৯৮০ সাল এর ডিসেম্বর পর্যন্ত ৪,৪৩,০১৬ জন তফসিলি ৩,০২,৬৯৫ জন আদিবাসীকে ন্যস্ত ও উদ্ধারকৃত জমি বিলি করা হয়েছে। এটা অন্ধ্রের, কর্ণাটকে, তামিলনাড়ুতে কোনও সময়ে হতে পেরেছে? পশ্চিমবঙ্গ ত্রিপুরা, কেরালা ছাড়া অন্য কোথাও হরিজন আদিবাসীদের জন্য দরদ আর কারুর নেই। সুতরাং যতই আপনারা চিৎকার করুন না কেন আমি বলছি এই দরদ বামপন্থীদের আছে। সেইজন্য আমরা ভেস্টেড জমি বিলি করেছি সাড়ে তিন বছরে ৪,৭৭৪ জন তফসিলিকে এবং ১৮,৩৫৭ জন আদিবাসীদের। এদের সব বর্গাহিসাবে রেকর্ডভুক্ত করা হয়েছে। ওই সব জমির মালিক ছিল ইন্দিরা কংগ্রেস এর নেতারা এবং তারা জমির মালিক হয়ে বর্গাদারদের ইচ্ছামত উৎখাত করতেন। কিন্তু এই সাড়ে তিন বছরে পশ্চিমবাংলার সরকার তফসিলি জাতি এবং উপজাতিদের বর্গা রেকর্ডভুক্ত করে তাদের জমির উপর অধিকার দিয়েছে, মানুষ হিসাবে অধিকার দিয়েছে যেটা ৩০ বছরের শাসনে কংগ্রেস বা জনতা সরকার দেননি। শিক্ষা সম্বন্ধে বলব যে একটা মানুষকে মানুষ করতে হলে তাকে শিক্ষার আলোয় আলোকিত করতে হবে ওদের শিক্ষা যাতে না হয় তার ব্যবস্থা ওরা করেছিলেন। পশ্চিমবাংলায় যখন এই সরকার প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করলেন তখন দিল্লি থেকে বলা হল আমরা শিক্ষার জন্য এক পয়সাও দেবে না। এইভাবে ওরা ৩৩ বছর ধরে ওদের

জন্য চোখের জল ফেলে এসেছেন। শিক্ষা যদি ফ্রি হয় তাহলে সবচেয়ে বেশি উপকৃত হবে তফসিলি জাতি এবং উপজাতি। এই ফ্রি করার জন্য বামফ্রন্ট সরকারকে আরও বেশি টাকা দেওয়া দরকার। কিন্তু সেই প্রচেষ্টা দিল্লি সরকারের নেই। সেইজন্য এই সরকার শিক্ষাকে সার্বিকভাবে অবৈতনিক করেছে। এবং এদের ছেলেমেয়েদের জন্য পঞ্চম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত মেনটেনেন্স গ্রান্ট বরাদ্দ করা আছে। এর ফলে ওইসব জাতির ছেলেমেয়েরা স্কুল কলেজে পাঠিয়ে যাতে চায়ের দোকানে না পাঠায় তারজন্য ২০ টাকা করে মেনটেন্সে চার্জ পাবে এবং তাহলেই তারা স্কুলে যাবে। আমাদের সরকার আশ্রম হোস্টেল করেছেন। ইন্দিরা গান্ধী ১৯৭৬-৭৭ সালে ৫টি আশ্রম করেছিলেন আর এখন ১৪৫টা আমরা করেছি। মাধ্যমিক স্কুলের জন্য আশ্রম হোস্টেল থাকবে, তবে প্রাথমিক স্কুল পর্যন্ত এখন এটা হচ্ছে। ক্ষেতমজুরদের ছেলেদের ঘরে বসে পড়বার জায়গা নেই বলে আমরা ওই সমস্ত ছেলেমেয়েদের জন্য আশ্রম হোস্টেল করে তার ব্যবস্থা করেছি এবং আমাদের আর্থিক সংগতির মধ্যে ১৪৫ টাকা করা হয়েছে। আমি বলতে চাই যে ইন্দিরা গান্ধীর দল এস সি এবং এস পি কি সর্বনাশই না করেছে সেটা একটু জেনে নিন। যেসব জায়গায় তাদের শাসন ক্ষমতা আছে সেইসব জায়গায় তফসিলি জাতি এবং উপজাতিদের উপর বিভিন্ন ব্যাপারে অত্যাচার হচ্ছে। স্টেটসম্যানে ৮ই জুলাই বেরিয়েছে তার হেডিং হচ্ছে Series of rapes in Raipur City. কিন্তু তার কোনও প্রতিবিধান নেই কারণ সেখানে ইন্দিরা গান্ধীর দল রাজত্ব করছেন। সেখানে হরিজন এক মহিলাকে পুলিশ ধরে নিয়ে গিয়ে থানায় তার উপর বলাৎকার করার জন্য ছেলেকে বাধ্য করায়। এই রকম জঘন্যতম ঘটনা আর কোথাও হয়েছে? গুজরাটের আন্দোলন কিসের আন্দোলন? সেখানে সংরক্ষণরক্ষক ও সংরক্ষণের বিরোধীদের মধ্যে আন্দোলন চলছে। আপনি অবাক ও বিস্মিত হবেন যে, সেখানে ইন্দিরা গান্ধীর দল শাসন ক্ষমতায় রয়েছে, অথচ এন্ট্রি রিজার্ভেশনের জন্য সেখানে আন্দোলন চলছে, এর মূল দায়-দায়িত্ব তাদেরই। ইন্দিরা গান্ধীর দলের মুখ্যমন্ত্রী হলেন মাধব সিং সোলাংকি এবং একই দলের কেন্দ্রীয় মন্ত্রী মাকোয়ানার মধ্যে দ্বন্দ্ব আজ রাস্তায় এসে দাঁড়িয়েছে এবং তফসিল জাতি ও উপজাতির উপর আজ বল্গাহীন অত্যাচার শুরু হয়েছে। একথা আমার নিজের কথা নয়, এ হল ১২ তারিখের স্টেটসম্যানের কাগজের খবর। পত্রিকা বলছে যে, ওখানে এ ঘটনা ঘটে চলেছে—হেড লাইনে এই সংবাদ বেরিয়েছে। অথচ ইন্দিরা গান্ধী দিল্লিতে পার্লামেন্টে চিৎকার করে বলছে যে, একাজ নাকি ভারতীয় জনতা পার্টির কাজ। জানি না, এর পেছনে আর এস এস আছে না ভারতীয় জনতা পাটি আছে—এ আমার জানা নেই। কিন্তু যা খবরের কাগজে পাওয়া যাচ্ছে তা হল, ইন্দিরা গান্ধীর কেন্দ্রীয় মন্ত্রী মাকোয়ানা হলেন এর উৎস। এর একটা হিস্ট্রি আছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী মাকোয়ানা চাইলেন যে, একজন গুজরাটের এম এল এ স্ত্রীকে মন্ত্রিতে বসাবেন। আর এদিকের চিফ মিনিস্টার মাধব সিং সোলাংকি কিছুতেই তা হতে দেবেন না। এর পরেই শুরু হল লড়াই। মাকোয়ানা শুরু করলেন তফসিল উপজাতিদের নিয়ে একটা অর্গানাইজেশন। অপরদিকে মাধব সিং সোলাংকি শুরু করে দিলেন তফসিল বিরোধীদের নিয়ে পাল্টা সংগঠন। শুরু হয়ে গেলে ব্যাপাক দাঙ্গা। ইন্দিরা গান্ধীর দলের নেতা সেখানে কিভাবে এই দাঙ্গা শুরু

করে দিল, তা আমরা সকলেই জানি? আজ দেখছি, সেই লড়াইয়ের জের সারা ভারতবর্ষের বুকে ছড়িয়ে পড়েছে। তফসিল জাতি ও উপজাতিদের সম্পত্তি, জীবন আজ বিপন্ন হয়ে উঠেছে। এ ঘটনা সংবাদপত্রে লেখা উচিত, এর নিন্দা করা উচিত। আজ ইন্দিরা গান্ধীর দল তফসিল জাতি ও উপজাতিদের সম্পত্তি ও জীবনে একটা সঙ্কট সৃষ্টি করে তুলেছে, যা নিয়ে পার্লামেন্টে কি ঘটনাই না ঘটে গেল। গুজরাটের মন্ত্রী সভার সকলে ইন্দিরা কংগ্রেসের। আবার কেন্দ্রীয় ইন্দিরা কংগ্রেসের পারমার পার্লামেন্টে এই প্রশ্ন তুলতে চেয়েছিলেন, ফলে ঐ দলেরই আর একজন এম পি তাকে পিটিয়ে তাকে বসিয়ে দিয়েছে। পার্লামেন্টে পেটাপেটি হচ্ছে, চুলোচুলি হচ্ছে—এরাই আবার ভারতবর্ষকে শাসন করতে চায়, ভারতবর্ষের তফসিল জাতি ও উপজাতিদের কল্যাণ করতে চায়। এবারে আমি একটি হিসাব পেশ করতে চাই। তফসিল জাতি ও উপজাতিদের উপরে কি প্রকার অত্যাচার হয়েছে বিভিন্ন রাজ্যের তা তুলে ধরতে চাই। তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গে কিছুই হয়নি। বিহারে ইন্দিরা গান্ধীর দল তাদের শাসনকালে দুজন মার্ডার হয়েছে। তফসিল জাতি ও উপজাতিদের ৪০ জনকে ভায়োলেন্স করেছে ভয়ানক ভাবে। মারধোর করেছে ২২ জনকে, ৩২ জনকে রেপ করেছে, তাদের বাড়িঘর লুঠপাট করেছে। মধ্যপ্রদেশে ইন্দিরা গান্ধীর দল শাসন ক্ষমতায় থাকাকালে ২৮ জন মার্ডার হয়েছে, তফসিল জাতি ও উপজাতিদের ১৩৭ জনকে মারধোর করা হয়েছে। ঐ সম্প্রদায়ের ৩৬ জনকে রেপ করা হয়েছে এবং আরও নানা রকম অত্যাচার করেছে। পশ্চিমবঙ্গে এ রকম ঘটনা একটিও ঘটেনি বামফ্রন্ট আমলে। অথচ ইন্দিরা গান্ধীর দল আজ ভারতবর্ষ শাসন করছে। এরাই বলছেন, সংখ্যালঘুদের কল্যাণ করবেন, একথা আমরা বিশ্বাস করি না, করতে পারি না—আশাকরি, আপনাদেরও কারও সে বিশ্বাস নেই। এই কথা বলে, আজকে মাননীয় মন্ত্রী ডঃ শম্ভুনাথ মান্ডি যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ আমাদের সামনে রেখেছেন সেটা আমি মনোযোগ দিয়ে পড়েছি। আমি বলতে চাই না যে বামফ্রন্ট সরকারের দলগুলি সরকারে এসে লক্ষ লক্ষ টাকা হাতে পেয়ে সেই টাকা নিয়ে বিভিন্নভাবে আত্মসাৎ করেছেন। আমি বলতে চাই না ছোট ছোট কুটিরশিল্পের নামে, লোন দেওয়ার নামে, অনুদান দেওয়ার নামে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন কিনা সে বিচার করবেন জনসাধারণ। আমি প্রথমে ঋণের টাকা নিয়ে আলোচনা করতে চাই। প্রথম কথা হচ্ছে এমপ্লয়মেন্ট সেল সর্বস্তর ঠিক ভাবে প্রতিপালিত হচ্ছে কিনা সেই বিষয়ে সর্তক দৃষ্টি রাখা হয়েছে। আমি এ বিষয়ে কিছু বলতে চাই। চাকুরির ক্ষেত্রে পশ্চিমবাংলায় সরকারি এবং আধা সরকারি কর্মচারির মোট সংখ্যা হল ৬ লক্ষ। এই ৬ লক্ষের মধ্যে চাকুরি পেয়েছে আদিবাসী এবং তফসিলি সংখ্যা মাত্র ৩০ হাজার। নিয়ম হচ্ছে পারসেন্টেজ অনুযায়ী কোটা নির্ধারণ করা হবে। সেই অনুযায়ী ১ লক্ষ ২০ হাজার লোককে এমপ্লয়মেন্ট দেওয়া প্রয়োজন

ছিল। কিন্তু আপনারা কবছরে ২০ হাজার বেকারদেরও চাকুরি দিতে পারেননি। এবং সাধারণ লোককে দিয়ে এই আসন পূরণ করেছেন। এই বিষয়ে এমনকি চিফ মিনিস্টারও প্রতিটি বিভাগকে চিঠি দিয়েছেন। কিন্তু তার যে নির্দেশ সেই নির্দেশও চূড়ান্ত ভাবে উপেক্ষা করা হয়েছে। শিক্ষাবিভাগের যে ২৮০ জন অ্যাসিসট্যান্ট ইন্সপেকটর অব স্কুল নিয়োগ করা হয়েছে সেখানে একজনকেও এই শ্রেণীর মধ্যে থেকে নিয়োগ করা হয়নি। অথচ এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেবার সময় হয়নি। ভূমি রাজস্ব দপ্তরের West Bengal Subordinate Land Revenue Service, Grade I ৫৮টি পোস্ট ফিলাপ করা হল কিন্তু একটা পোস্টেও সিভিল কাস্ট বা ট্রাইব নেওয়া হল না। এই শ্রেণী থেকে কি কোনও ক্যান্ডিডেট পাওয়া গেলনা। এই দপ্তরের অর্থাৎ ল্যান্ড রেভিনিউয়ের যে সেক্রেটারি শিডিউল কাস্ট ওয়েল ফেয়ার ডিপার্টমেন্টেরও তিনি সেক্রেটারি। অথচ তিনি তার নিজের দপ্তরে থেকেও এটা পূরণ করতে পারলেন না। সুতরাং শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসের প্রতি তার যে কি সহানুভূতি সেটা প্রমাণ হয়ে যাচ্ছে। আই টি ডি পি স্কীম কেন্দ্রীয় সরকারের টাকায় পরিচালিত হয়। কেন্দ্রীয় সরকার অনুন্নত শ্রেণীর উন্নতির জন্য প্রচুর টাকা সাহায্য দেন। এরজন্য একজন প্রোজেক্ট অফিসারও নিয়োগ করা হয়েছে। কিন্তু এই কাস্ট বা ট্রাইবসদের মধ্যে থেকে নিয়োগ করা হল না কেন? এমন কি যে তিনজনের নাম সুপারিশ করা হল স্বরাষ্ট্র দপ্তর থেকে যোগ্য ব্যক্তি হিসাবে তাদের নিয়োগ করা হল না। এদের একজনের নাম হচ্ছে অসিতবরণ ঠাকুর। এইভাবেই সুপারিশ করা নাম থাকা সত্ত্বেও তারা নিয়োগ করলেন না। এটা কি ধরনের সতর্ক দৃষ্টির পরিচয় সেটা দয়া করে বলবেন। তারপর, বিভিন্ন স্কুলে নির্দেশ দেওয়া হয়েছে কোটা পূরণের ব্যাপারে। ১৯৭৬ সালে কংগ্রেস সরকার কোটা পূরণ হয়নি বলে একটা রুল জারি করেছিলেন। কিন্তু তারা সময় পাননি বলে সেই রুল আর কার্যকর হয়নি। এই সরকার ৪ বছর ধরে রয়েছেন কিন্তু সেই কোটা পূরণের ব্যাপারে তারা বিন্দুমাত্র পদক্ষেপ নিলেন না। বিভিন্ন স্কুলে যে শিক্ষক নিয়োগ হয়েছে তাতে দেখছি ২/১টি স্কুল ছাড়া আর কোথাও শিডিউল্ড কাস্ট বা শিডিউল্ড ট্রাইবদের নিয়োগ করা হয়নি। ডি আই কে বলাতে তিনি বললেন, আমার বিশেষ কিছু করার নেই, আমি কিছু করতে পারব না। এমনকি গভর্নমেন্ট স্কুলে যে শিক্ষক নিয়োগ হচ্ছে আমি তার উদাহরণ দিচ্ছি। হলদিয়া হাইস্কুলে ইদানিং ৫ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে অথচ অ্যাডভার্টাইজমেন্টে শিডিউল্ড কাস্ট-এর জন্য রিজার্ভেশনের কথাটা উল্লেখ পর্যন্ত করা হল না। একজন উচ্চ শিক্ষিত যোগ্য শিক্ষক আছেন তাকে ইন্টারভিউতে পর্যন্ত ডাকা হল না এবং যারা রিক্রুটমেন্ট অথরিটি তারা বলছেন আমাদের কাছে ওই রকম কোনও সার্কুলার নেই কাজেই আমরা ওই ভাবে রিক্রুট করতে পারব না, আপনি যা খুশি করুন। মাননীয় স্পিকার মহাশয়, অ্যাসেম্বলিতে যে শিডিউল্ড কাস্ট কমিটি, গঠন করা হয়েছে তার প্রধান উদ্দেশ্য হচ্ছে, তারা বিভিন্ন জায়গায় ঘুরে দেখবেন কিভাবে এই শিডিউল্ড কাস্টদের অর্থনৈতিক, সামাজিক এবং শিক্ষার দিক থেকে উন্নত করা যায় এবং সে সম্বন্ধে চিন্তা ভাবনা করে তারা সরকারে সুপারিশ করবেন এবং সরকার সেটা বিবেচনা করে কার্যকর করবেন। ১৯৭৮ সালের ১৭ই নভেম্বর সেই

সুপারিশ পেশ করা হল, কিন্তু সেটা আপনারা কার্যকর করবেন, না বাতিল করবেন সেটা পর্যন্ত বললেন না। আমি দেখছি আপনারা একটা উপেক্ষার মনোভাব নিয়ে চলেছেন এই শিডিউল্ড কাস্টদের ব্যাপারে। তাহলে লক্ষ লক্ষ টাকা খরচ করে এই কমিটি করার কি দরকার ছিল? এই কমিটি তাহলে আপনারা উঠিয়ে দিন। আপনারা যে কমিটি করেছেন সেই কমিটির সিদ্ধান্ত কার্যকর করবেন কিনা বা এ সম্বন্ধে কি সিদ্ধান্ত হল সেটা তো আমাদের বলবেন। যাহোক, আমি আশাকরি মন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণে বলবেন এই কমিটি তিনি রাখবেন কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থনৈতিক দিক থেকে শিডিউল্ড কাস্টদের উন্নতির জন্য এঁরা নাকি প্রচুর কাজ করেছেন এবং এত কাজ করেছেন যেটা নাকি আর কেউ করতে পারেনি এবং পারবেও না। শিডিউল্ড ট্রাইবদের ক্ষেত্রেও তারা ওই কথাই বলেছেন। হাউসিং স্কীমে দেখছি ১৯৮০-৮১ সালে ৭ লক্ষ ৫০ হাজার টাকার বাজেট হয়েছিল, কিন্তু সেই টাকা খরচ হয়নি। এবারে দেখছি ৮ লক্ষ টাকার বাজেট হয়েছে। আগের টাকা তারা ডিস্ট্রিক্টে ভাগ করে দিলেন এবং সেই দায়িত্ব দিলেন পঞ্চায়েতের উপর। কিন্তু এই পঞ্চায়েতে যারা রয়েছেন তাদের দলের লোকের তরফ থেকে তেমন দরখাস্ত আসেনি বলে একটা দরখাস্তও তারা অনুমোদন করেননি। তবে হ্যাঁ, তাদের দলের ২/৪ জনের দরখাস্ত যা এসেছে তারজন্য তারা সুপারিশ করেছেন এবং অন্য লোকের ক্ষেত্রে কোনও সুপারিশ নেই। যদি তারা মনে করতেন এর মধ্যে কোনও যোগ্য লোক নেই তাহলে বাতিল করতে পারতেন। কিন্তু আশ্চর্যের বিষয় তারা সেগুলো বাতিল করেননি, চুপচাপ বসে আছেন, ফেলে রেখে দিয়েছেন। স্যার, এই যে বিভিন্ন জায়গায় সেল সেন্টার রয়েছে সেগুলি ঠিকমতো চলে কিনা সেটা কি আপনি দেখেছেন যে এগুলি কিভাবে চলছে। একটিও সেল সেন্টার চলে না এবং এরজন্য আপনি বাজেটে টাকাও রাখেন নি। আপনি আপনার জবাবি ভাষণে বলবেন সেগুলি চলবে কিনা। লাক্ষা শিল্পের উন্নতির জন্য আপনারা বলেন। কিন্তু এই লাক্ষা শিল্পের দায়িত্ব যে অফিসারের হাতে তিনি কিছুই করেন না কলকাতার অফিসে একটি মেয়ে অফিসারকে নিয়ে হাসিঠাট্টা করে সময় কাটান গল্প গুজব করে সময় কাটান। আমি যতবার গেছি ততবারই দেখেছি। তিনি সি পি এম করেন অতএব হাজার মেয়ে নিয়ে তিনি যদি গল্প গুজব করে কাটান তার কিছুই হবে না কারণ তিনি পার্টি করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটা ফাইন্যান্স কর্পোরেশন আছে সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের এবং সেন্ট্রাল গভর্নমেন্ট প্রচুর টাকা দিচ্ছেন জনসাধারণের অর্থনৈতিক মান উন্নয়ন করার জন্য বিভিন্ন শিডিউল্ড কাস্ট ও ট্রাইবদের লোকেরা তারা নিজেরা নিজেদের ব্যবসায়িক কাজে বা উৎপাদন করে নিজেদের অর্থনৈতিক যাতে উন্নয়ন করতে পারে। তারা যাতে নিজেদের পেশাগত কারিগরি কাজ করে জীবন যাত্রার মান যাতে উন্নয়ন করতে পারে তার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট এই ফাইন্যান্স কর্পোরেশনকে বহু টাকা দিয়েছেন। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি বলবেন যে কত টাকা খরচ করেছেন এবং কত টাকা ফেরত গেছে। ওরা গঠনমূলক কাজের কথা বলেন। কিন্তু সে কাজ কি আপনারা করছেন? কিছুই করছেন না। যেটুকু করছেন সেটা কোথায় করছেন? এর যে উদ্দেশ্য তা হল শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবদের যারা তাদের অর্থনৈতিক মান সামাজিক মান যে নিচে নেমে

গেছে তাকে উন্নীত করা। বিভিন্ন রকম সুযোগ সুবিধা দেওয়া হয়। কিন্তু দেখা যাচ্ছে এই যে বিভিন্ন জায়গায় টিউবওয়েল কালভার্ট ব্রিজ করা হচ্ছে এগুলি শিডিউল্ড কাস্ট শিডিউল্ড ট্রাইবস এলাকায় তৈরি হয় না। যেখানে শিডিউল্ড কাস্ট শিডিউল্ড ট্রাইবস নেই সেখানে হচ্ছে। আমি জানি উনি ভাল লোক—কিন্তু উনি আমলাদের দ্বারা পরিচালিত উনি নিজের বুদ্ধি-শুদ্ধি দিয়ে চলতে পারেন না ভাল লোক বলে তোষামোদ করে টুপি পরিয়ে রেখে দিয়েছেন এবং সেই টুপি হল লাল টুপি। আজকে আমলারা দেশকে রসাতলে নিয়ে যাচ্ছে। এটা ওর জানা উচিত। শিক্ষাক্ষেত্রে পশ্চিমবাংলায় শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের স্থান হচ্ছে ৩০%। আবার এর মধ্যে শিক্ষা লাভ করেছে মাত্র ১২%। মন্ত্রী মহাশয় দয়া করে শুনবেন এবং আপনাকে অনুরোধ করব জবাব দেবার সময় আমার এই সব বক্তব্যের উত্তর দেবেন। আপনি বললেন বাকিদের কিভাবে শিক্ষা দেবেন এবং তার জন্য কি ব্যবস্থা কি পদ্ধতি নিয়েছেন সে সম্পর্কে আমাদের একটু আলোকপাত করবেন। বাজেট ভাষণে এ সম্পর্কে কোনও বক্তব্য নেই। কিছু টাকা স্টাইপেন্ড দিয়ে কিছু টাকা হোস্টেল বিল্ডিংসের জন্য ধরে দিয়েছেন। কিন্তু সেই সব জায়গায় যেখানে শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের ছেলেমেয়েরা পড়ে না সে সব জায়গায় টাকা দিচ্ছেন আর যেখানে শিডিউল্ড কাস্ট ও ট্রাইবসদের ছেলেমেয়েরা পড়ে সেখানে দেন নি। সেই সব জায়গায় স্কুল বিল্ডিংসের জন্য টাকা দিচ্ছেন না। এটা আমি তথ্য দিয়ে বলতে পারি। এছাড়া এই যে আদিবাসী, এদের গভীরে প্রবেশ করতে হবে। এই যে ঝাড়খন্ড আন্দোলন শুরু হয়েছে, এর মূলে কি আছে? তারা অর্থনৈতিক দিক থেকে উপেক্ষিত, সামাজিক দিক থেকে উপেক্ষিত। শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসের জন্য কোনও কাজ করতে না পারার জন্য আমি এই ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে হাউস ৯টার সময় বসেছে, এখন ২।টা বাজতে যাচ্ছে। আমার বক্তব্য হচ্ছে আপনি সারাদিন হাউস চালান তাতে আমাদের কোনও আপত্তি নেই বা ক্ষতি নেই। কিন্তু আমার প্রস্তাব হচ্ছে, আমাদের ক্ষিধে পেয়েছে—এর পরে এই রকম হাউস হলে আপনার মাধ্যমে চিফ হুইপ মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন একটা ড্রাই প্যাকেটের ব্যবস্থা করেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে তো ক্যান্টিন আছে, ক্যান্টিনে গিয়ে খান কোনও আপত্তি নেই।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় সদস্য সামসুদ্দিন সাহেব যে কথা বললেন—উনি যে দলের হয়ে রাজনীতি করেন, সেই রাজনৈতিক দলের যা ব্যাকগ্রাউন্ড, সেই অনুসারেই কথা বলেছেন, এটাই পরিষ্কার হয়ে যাচ্ছে। কংগ্রেস আই এর সকলেই খেতে চায় সরকারি পয়সায়।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** এটা কংগ্রেস (আই), সি পি এম-এর ব্যাপার নয়, এটা হচ্ছে ক্ষিধের ব্যাপার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে ক্যান্টিন আছে, ওখানে খাবার ব্যবস্থা আছে।

**শ্রী দমন কুইরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তফসিল এবং আদিবাসী উন্নয়ন বিভাগের রাষ্ট্রমন্ত্রী ডাঃ শম্ভু মান্ডি আজকে তার বিভাগের জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, সেই দাবিকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বিরোধী দলের কয়েকজন বন্ধু বাজেটের বিরোধিতা করে যে কথাগুলো বলে গেলেন— তারা এই বইটা কিছু পড়েছেন বলে আমার মনে হচ্ছে না। স্যার, আজকে এই আদিবাসী এবং তফসিল জাতির উন্নয়নের নাম করে গত ৩০ বছর ধরে এই জাতিটাকে কিভাবে তারা ধ্বংসের মুখে ঠেলে দিয়েছেন, সেই দৃষ্টান্ত আমি জানি। স্যার, আমরা যে জেলা থেকে আসছি, সেই পুরুলিয়া জেলা—এই জেলা আগে বিহারে ছিল। সেই জেলা এবং অন্যান্য জেলাকে নিয়ে ছোটনাগপুর টেন্যান্সি অ্যাক্ট সেখানে ছিল। ছোটনাগপুর টেনেন্সি অ্যাক্টে আদিবাসী এবং হরিজনদের সবচেয়ে বেশি সুযোগ ছিল। এরা যখন ক্ষমতায় ছিলেন সেই সময় ১৯৬৪ সালে এই ছোটনাগপুর টেনেন্সি অ্যাক্টকে ওরা বাতিল করে দেন এবং ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফরমস অ্যাক্ট করেন। করার পর কিন্তু তার নোটিফিকেশন হল না, সেই নোটিফিকেশন হল ১৯৬৯ সালের ১লা অক্টোবর। ওরা এইসব কাজ জেনেশুনেই করেছিলেন। তখন আমরা যারা বিরোধীপক্ষে ছিলাম আমরা এর বিরোধিতা করেছিলাম। ওরা বলেন ওরা আদিবাসীদের মঙ্গল চান, যদি সত্যিই তা চাইতেন তাহলে একটা আইন বাতিল হবার পর যে আইনটি হল তার নোটিফিকেশন তাড়াতাড়ি করতেন। কিন্তু আমরা জানি ওরা আদিবাসীদের মঙ্গল চান না তাই এইভাবে নোটিফিকেশনের কাজটা ফেলে রেখে দিয়ে হাজার হাজার গরিব লোকের সর্বনাশ করলেন। সেই সময় এই জোতদার, জমিদাররা আদিবাসীদের জমি বিনা পারমিশনে কিনে নেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সেই ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন। ওরা এটা জানেন তাই আতঙ্কিত হচ্ছেন। ১৯৬৪ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যত জমি ট্রান্সফার্ড হয়েছে তার সমস্ত জমি আদিবাসী এবং হরিজনদের ফিরিয়ে দেওয়া হোক। স্যার, আমাদের পুরুলিয়া জেলার মাহাতো (কুর্মি) সম্প্রদায়ের লোকেরাও এই আইনের আওতায় ছিল, তারও পারমিশন ছাড়া জমি বিক্রি করতে পারত না। স্যার, পুরুলিয়া জেলা আদিবাসী অধ্যুষিত জেলা, এই জেলার আদিবাসীদের বাঁচাতে হলে এই আইনটা বিচার করে আমাদের ব্যবস্থা নিতে হবে। আমরা জানি, কংগ্রেসিরা চক্রান্ত করছেন কারণ এই এলাকাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা। একদিকে ধানবাদের কয়লাখনি অঞ্চল এবং অন্যদিকে জামশেদপুরের বিরাট ইন্ডাস্ট্রিয়াল এরিয়া রয়েছে। এখানে ঝাড়খন্ড মুক্তি মোর্চার নাম করে যে আন্দোলনের কথা বলা হচ্ছে সে সম্পর্কে আদিবাসীরা সচেতন। এর পেছনে যে ইন্দিরা কংগ্রেসের মদত আছে, তারাই যে টাকা দিয়ে একে মদত দিচ্ছে সেটা সকলেই জানেন। এক সময় জয়পাল সিং এই আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। স্যার, এই ঝাড়খন্ড মুক্তি আন্দোলনের পিছনে যে

রাজনীতি আছে, রহস্য আছে সেটা আমাদের ভালোভাবে জানতে হবে। এইরকম একটা গুরুত্বপূর্ণ অঞ্চলে ওরা এইসব করছে আদিবাসীদের আর্থিক দূরাবস্থার সুযোগে। এ ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এরপর স্যার, আমি বাজেটে যা আছে সে সম্বন্ধে কয়েকটি কথা বলব। আজকে ট্রাইবাল স্টুডেন্টদের স্ট্রাইপেন্ডের কোটা তুলে দেওয়া হয়েছে এবং যারাই পড়বেন তারাই স্ট্রাইপেন্ড পাবেন এই ব্যবস্থা করা হয়েছে। এটা কি আপনারা কোনওদিন করতে পেরেছেন? তা ছাড়া আরও যেটা করা হয়েছে সেটা হচ্ছে, এক বছর যদি কেউ ফেল করে তাহলেও তাকে এই সুযোগ দেওয়া হবে।

[2-30 — 2-40 p.m.]

আমরা জানি একটা আদিবাসী—আপনারা জানেন যে প্রথম যখন বাঁশ তৈরি হয়, যাতে আমাদের পুরুলিয়ার ভাষায় বলে কড়িল—এই কড়িল খেয়ে ৩ মাস বেঁচে থাকে। আজকে তাদের নিয়ে রাজনীতি করবেন না, তাদের উস্কে দিয়ে বেশি দিন টিকতে পারবেন না, এটা আপনারা মনে রাখবেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ট্রাইব্যাল স্টুডেন্টদের জন্য যে ভর্তির কোটা ছিল, সেটা তুলে দিয়েছে বলে আপনাকে অভিনন্দন জানাচ্ছি। আমরা দেখছি যে অ্যাডমিশনের ক্ষেত্রে যে কোটা ছিল সেটা তুলে দেবার ফলে আদিবাসী ছেলেমেয়েদের অধিক পরিমাণে ভর্তি হবার পক্ষে একটা অনুকূল অবস্থার সৃষ্টি হয়েছে। সেজন্য অ্যাডমিশনের ক্ষেত্রে যারা আরও বেশি ব্যবস্থা করা যায় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে, আমাদের পুরুলিয়া জেলাতে যে সমস্ত ট্রাইব্যাল এলাকা আছে, সেখানে অনেক পলাশ গাছ আছে। আমরা চাই যে সমস্ত লোক জঙ্গলে বাস করে, যেখানে পলাশ গাছ হয়, লাক্ষা গাছ হয়, সেই সমস্ত আদিবাসীদের পলাশ এবং লাক্ষা চাষের অধিকার থাকবে এবং জঙ্গল থেকে যে সমস্ত আদিবাসীরা উচ্ছেদ হয়েছে তাদের পুনবসতির ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি। তাদের জন্য ফরেস্ট কলোনি করে দেওয়া যেতে পারে। আর আমাদের জঙ্গলের মধ্যে গো-চরণ ভূমি নির্দিষ্ট করে দেওয়া উচিত এবং তার জন্যও আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে আদিবাসী উপজাতি যারা আছেন তাদের সম্পর্কেও আরও চিন্তা করা দরকার। পশ্চিমবাংলার মধ্যে পুরুলিয়ায় একমাত্র লোধাদের জন্য আমাদের সরকার একটা স্কীম করেছেন। সেই রকম বিড়হদের জন্যও একটা স্কীম করা দরকার। আজকে সমস্ত ডিপার্টমেন্টের মধ্যে একটা সমন্বয় আনা দরকার। আমরা অনেক সময়ে অসুবিধায় পড়ে যাই। যেখানে আদিবাসী ডিপার্টমেন্ট টাকা দিচ্ছেন এবং অন্য ডিপার্টমেন্টও টাকা দিচ্ছে সেখানে কোন টাকাটা কোন ডিপার্টমেন্ট পেল, না পেল এই বিষয়ে একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। সেজন্য সমস্ত দপ্তরের মধ্যে একটা সমন্বয় করে তারপর আদিবাসী এলাকাগুলির মধ্যে সমন্বয় করে কাজ করা উচিত। এটা করলে আমার মনে হয় ভাল ফল পাওয়া যাবে। আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী মনোহর তিরকি :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু একটি বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, একটু আগে বিরোধী দলের বন্ধুরা অনেক কথা বলে গেলেন এবং যে বাজেট পেশ করা হয়েছে, তাকে তারা সমর্থন করতে পারলেন না। তাদের কথা শুনে আমার মনে হচ্ছে যে, তারা মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণের বইটি পড়েননি। সেই বইতে যে সমস্ত তথ্য দেওয়া আছে সেগুলি না জেনে শুনেই শুধু বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করে গেলেন এবং অনেক কিছু বলে গেলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সে সব বিতর্কের ভিতর যাচ্ছি না। আমি আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সুমন্তকুমার হীরার সঙ্গে একমত। তিনি সমস্ত বিষয়টি সুন্দরভাবে পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিয়েছেন। এ বিষয়ে যেসমস্ত বাধা আছে সেগুলি দূর করার সম্বন্ধেও তিনি সুন্দর সব কথা বলে গেলেন। আমিও উপজাতিদের উন্নতির জন্য কিছু বলতে চাই। গত ৩৩ বছর ধরে আইন-কানুন থাকা সত্ত্বেও কংগ্রেসি আমলে আমাদের উপজাতিদের উপর অত্যাচার করা হয়েছে। আমাদের এই সরকার প্রথম তাদের জন্য কিছু কিছু কাজ করবার চেষ্টা করছেন। বিরোধী পক্ষের বন্ধুরা বললেন, ইন্দিরা গান্ধী আদিবাসী এবং উপজাতিদের জন্য অনেক আইন করেছেন। কিন্তু আইনগুলিকে কার্যকর করেছেন কি? এটাই হচ্ছে আমাদের প্রশ্ন। ১৯৭১ সালের জনগণনায় হিসাব অনুযায়ী সারা ভারতবর্ষে ৬৫ কোটি লোক, তার মধ্যে ১৩ কোটি শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবস। অর্থাৎ মোট জনসংখ্যার ১/৫ অংশ পপুলেশন হচ্ছে এরা। অথচ আজ পর্যন্ত সেন্ট্রাল এদের জন্য কোনও পৃথক দপ্তর নেই। আমরা গর্বিত যে, আমাদের পশ্চিমবাংলায় আলাদা দপ্তর করা হয়েছে এবং তার মাধ্যমে কিছু কিছু কাজও করা হচ্ছে। আদিবাসীদের এবং তফসিলিদের কিছু কিছু সুযোগ সুবিধা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতার মধ্যেই সমস্ত পরিসংখ্যান দেওয়া আছে। সুতরাং আজকে এই বাজেটকে কারও বিরোধিতা করার কোনও কারণ নেই। যারা তা করছেন তারা নিশ্চয়ই এসব না জেনেই করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জলপাইগুড়ি জেলার মানুষ, আমার জেলা চা-বাগান এবং বনাঞ্চল, ওখানকার অধিকাংশ মানুষই আদিবাসী এবং তফসিলি সম্প্রদায় ভুক্ত। কিন্তু আজকে কলকাতা থেকে ওখানকার মানুষের জন্য যে সমস্ত প্ল্যান, প্রোগ্রাম হয় সেগুলি ওখানে পৌঁছাতে অসুবিধা হয়। আমি অবশ্য মাননীয় মন্ত্রী শম্ভুনাথ মান্ডি এবং কান্তিচন্দ্র বিশ্বাস মহাশয়কে ধন্যবাদ দেব, তারা দু জনে আমাদের জেলা ঘুরে ঘুরে দেখে এসেছেন এবং সমস্যাগুলি সম্বন্ধে খোঁজ খবর নিয়ে এসেছেন এবং আমরা যেসমস্ত অভিযোগ করেছি সেগুলি সমাধানের চেষ্টা করেছেন। কিন্তু আমি তাদের বলব যে, তাদের শত চেষ্টা থাকা সত্ত্বেও আমলাতান্ত্রিক বাধা আজকে সৃষ্টি করা হচ্ছে, সুতরাং তাদের সেদিকে একটু নজর দিতে হবে। সেই সঙ্গে ট্রাইব্যাল ওয়েলফেয়ার প্রোগ্রামের দিকে দৃষ্টি দিতে অনুরোধ করব। আমাদের জলপাইগুড়ি জেলায় ১২টি বিধানসভা কন্সটিটিউয়েন্সি আছে। তার মধ্যে ৫টি শিডিউল্ড ট্রাইবস সিট আছে,

৪টি শিডিউল্ড কাস্ট সিট। কিন্তু আমরা আজকেও অত্যন্ত দুঃখের সঙ্গে দেখছি যে, মোট বরাদ্দের বেশির ভাগ টাকাটাই কলকাতা এবং দক্ষিণবঙ্গের দিকেই ব্যয় করা হচ্ছে, ঐ দিকে উত্তরবঙ্গের দিকে টাকা পয়সা খুব কমই দেওয়া হচ্ছে। আমি নিজে আদিবাসী, সেই হিসাবে আমার নিজের একটা সেন্টিমেন্ট আছে। সেই জন্য আমি এসব কথা বলতে বাধ্য হচ্ছি। আমাদের আদিবাসীদের উন্নতি করা দরকার, ওখানে আদিবাসীদের জন্য কলেজ করতে হবে, রাস্তাঘাট করতে হবে, সেই সঙ্গে আমি বলব যে, এই ডিপার্টমেন্টের যে ডিস্ট্রিক্ট ওয়াইজ প্রোজেক্ট অফিস আছে, তার সঙ্গে একটা পূর্ণাঙ্গ অফিস খোলা হোক। এর অভাবে আমাদের অত্যন্ত অসুবিধা হয়।

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, বিভিন্ন জায়গায় প্রোজেক্ট অফিস খোলা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে আমাদের ওখানে ফুল ফ্লেজেড অফিস যাতে খোলা হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন। কেন না আমাদের বিভিন্ন অফিসে যেতে হয়। এ অফিস ও অফিস করতে করতে এবং খোঁজ খবর নিতে নিতে অনেক সময় চলে যায় এবং তারফলে টাকা-পয়সা ফেরৎ চলে যায়। আর একটা রিকোয়েস্ট আমি আপনারা মাধ্যমে রাখতে চাই, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের ওয়েলফেয়ারের জন্য যে অফিস খোলা হয়েছে সেখানে ঐ অফিসের কর্মচারিদের শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের জন্য একটা সেন্টিমেন্ট থাকে না। তারা এদের জন্য চিন্তা-ভাবনা করে না। সেইজন্য ঐ অফিসগুলিতে যাতে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের চাকুরি দেওয়া হয় তার ব্যবস্থা করা দরকার। এতে করে শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের উপকার হবে। চাকুরির ক্ষেত্রে নাম পাঠানোর সময়ে অনেক সময়ে অফিসাররা নিজেদের খেয়াল-খুশি মতোন নাম পাঠায় শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের নাম বাদ দিয়ে এবং খোঁজ খবর নিলে তারা বলেন ডিপার্টমেন্ট থেকে শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের নাম মেনশন নেই সেইজন্য পাঠানো হয়নি। এই ব্যাপারটা দেখার জন্য অনুরোধ করছি। আমি চা বাগান এলাকা থেকে এসেছি এবং বেশির ভাগ ট্রাইবস ঐ সমস্ত এলাকায় থাকে। তারা হিন্দি ভাষায় কথাবার্তা বলে। নেপালি ভাষার উপর বই বেরিয়েছে এবং সাঁওতালি ভাষায়ও বই বেরিয়েছে। আমি অনুরোধ করব, যে সমস্ত আদিবাসী হিন্দি ভাষায় কথা বলে তাদের ক্ষেত্রে যেন হিন্দি ভাষায় বই ছাপানো হোক এবং ঐ সমস্ত অঞ্চলে হিন্দি ভাষায় স্কুল বেশি করে খোলা হোক। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দ বাউরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আদিবাসী কল্যাণ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। দীর্ঘ ৩০ বছর ধরে আদিবাসী ভাইদের যে অবস্থার মধ্যে নিয়ে এসেছেন সেই অবস্থার উন্নতি করতে যে বাজেট উত্থাপন করেছেন স্বভাবতই তারা সহ্য করতে পারছেন না বলে আজকে বিরোধিতা করছেন। কংগ্রেসিরা আদিবাসী ছাত্রদের জন্য একটা কোটা বেধে দিয়েছিলেন আর আমাদের সরকার সেই কোটাকে তুলে দিয়ে যতখুশি আদিবাসী ছাত্ররা পড়তে পারে তার

সুযোগ করে দিয়েছেন। আজকে শুধু মাধ্যমিক স্তরে নয় প্রাথমিক স্তরেও আশ্রম হোস্টেল করা, তাদের থাকা এবং খাওয়ার ব্যবস্থা যাতে করা যায় সেই নিয়েও এই সরকার চিন্তা-ভাবনা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলায় বিগত দিনে বিধানসভায় যে সমস্ত কংগ্রেসি সদস্যরা ছিলেন তারা আদিবাসী হরিজন এলাকায় যেতে পারছেন না। আজকে বামফ্রন্ট সরকার আদিবাসী ভাইদের ভাষায় যে দাবি সেই দাবিকে স্বীকৃতি দিয়েছেন কিন্তু ইন্দিরা গান্ধী সরকার সেই ভাষাকে স্বীকৃতি দিচ্ছেন না। আজকে ঐ বিহারে যান না, গত চাষের সময় বিহারে ৩/৪টি গ্রাম কংগ্রেসিদের নেতৃত্বে জ্বালিয়ে দেওয়া হয়েছিল। আজকে আদিবাসীদের কথা বলছেন যান না, যেখানে আদিবাসীরা আছেন সেখানে গিয়ে দেখুন না। আজকে সাঁওতাল বিদ্রোহের অন্যতম নেতা যারা ছিলেন সেই সিধু এবং কানু কে কংগ্রেসরা কোনওদিন মর্যাদা দেন নি, বামফ্রন্ট সরকার মর্যাদা দিয়েছেন, তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। আজকে মেদিনীপুরের লোধারা চিরদিন বঞ্চিত ছিল তাদের কি করে উন্নতি করা যায়, সেইজন্য তিনি আজকে ডেভেলপমেন্ট কর্পোরেশন করার কথা বলেছেন, তাদের জন্য চিন্তাভাবনা করছেন। তারপর অ্যান্ডারসনের আমল থেকে পুরুলিয়ার খেড়িয়ারা কোনও দিন আদিবাসী বলে স্বীকৃতি পায়নি, তারা যাতে আজকে আদিবাসীর স্বীকৃতি পায় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাদের স্বীকৃতির জন্য অনুরোধ করব। তাদের জন্য যে ট্রাইব্যাল ইমিগ্র্যান্ট অ্যাক্ট ছিল বহুদিন ধরে কংগ্রেস সরকার সেই আইন তোলবার কোনও ব্যবস্থা করেননি, বিগত যুক্তফ্রন্টের আমলে সেই আইন তুলে দেওয়া হয়েছে। সেই খেড়িয়া আদিবাসীরা যাতে উন্নতি করতে পারে যাতে পুরুলিয়ায় তাদের একটা সেপারেট সেল তৈরি করে তাদের উন্নতি করতে পারা যায় তার জন্য মন্ত্রী মহাশয়কে চিন্তাভাবনা করতে বলব। বিগত কংগ্রেস সরকারের এই আদিবাসীদের জন্য একটা পয়সাও খরচা করেননি। এই সরকার কিভাবে আদিবাসীদের সাহায্য করবার চেষ্টা করছেন এবং আগামী দিনে কি করে তাদের ভাল করতে পারা যায় তার কথা বলেছেন। চাকুরির ক্ষেত্রে রিজার্ভেশন প্রোমোশন ইত্যাদির কথা আছে যেগুলি গত ৩০ বছরে করা হয়নি। এই অল্প সময়ের মধ্যে সব কাজ করা যায় না। তারপর পুরুলিয়ার দেশোয়ারি মাঝি—যারা সাঁওতালি ভাষায় কথা বলে তারাও এতদিন আদিবাসীর স্বীকৃতি পায়নি, এই কাজটাও যাতে করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। তারপর গ্রামে প্রাথমিক শিক্ষকদের যে ৩০০ জন কোটা আদিবাসীদের ছিল তার মধ্যে ১৮২ জনকে নেওয়া হয়েছে, বাকি পদগুলি যাতে পূরণ করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমলাতান্ত্রিকতা থাকা সত্ত্বেও আমাদের বামফ্রন্ট সরকার যেটুকু করেছেন তাকে যাতে আরও কার্যকর করা যায় সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মধ্যে দিয়ে যেমন নিয়োগ করা হচ্ছে তেমনি যাতে রিজার্ভেশনের ব্যাপারটা ঠিকভাবে হয় সেটা দেখবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তারপর ইনকাম সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে—যাদের ৩০০ টাকা ইনকাম তাদের কাছে অফিসাররা গিয়ে দেখে তবে সার্টিফিকেট দিতে হয়, কিন্তু আজকাল অনেক অফিসার যান না, না গিয়ে বাড়িতে বসে সার্টিফিকেট দেন, ওটা যাতে ৫০০ টাকা হয়

এবং—গ্রামের চাষীরা এখন ৮.১০ পয়সা মজুরি পাচ্ছে, অফিসাররা না দেখে, শুনে সার্টিফিকেট দিচ্ছেন, সেটা শুধু থানা লেবেলে না করে যাতে পঞ্চায়েত সমিতি, গ্রামপঞ্চায়েতের মাধ্যমে বা তাদের সহযোগিতা নিয়ে দেওয়া হয় তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই বলে মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী মহাশয়ের যে ভাষণ আমাদের সামনে উপস্থিত হয়েছে তাতে রেওয়াজ উঠেছে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবসের সমস্ত কোটার যত কিছু সুযোগ সুবিধা তাতে দেখানো হয়েছে। বিভিন্ন মাননীয় সদস্য বিধানসভায় শুনছি বিভিন্ন জায়গায় এটা শুনেছি, সমাজের কিছু অংশে যারা অবহেলিত আছে—তাহলে আমার মনে হয় একটা সমাজ সুস্থ এবং সবল ভাবে বা সবল দেহে নিজে চলতে পারে না। এটা আমার কথা নয়। কবিগুরু রবীন্দ্রনাথ বলেছিলেন "তুমি যারে নিচে ফেল সে তোমারে পশ্চাৎ-এ টানিবে।" আজ আমাদের সমাজের প্রত্যেককে এ কথা মনে রাখতে হবে। সমাজের যারা পুরানো তাদের এ কথা সকলের মনে রাখা উচিত। মন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তাতে তিনি অনেক কিছু উন্নয়নের দাবি রেখেছেন। প্রথমে একটা কথা বলব যে ভূমি সংস্কার সম্বন্ধে এরা খুব উপকৃত হয়েছে এবং বিভিন্ন দিক থেকে উপকারের পরিধির ব্যাপকতা লাভ করেছে। তবে ভূমি সংস্কারের জন্য যে আইন তৈরি হয়েছে তাতে একটা জিনিস দেখতে পাচ্ছি যে শিডিউল্ড ট্রাইবদের জন্য কিছু কিছু হয়েছে, কিন্তু শিডিউল্ড কাস্টের জন্য কিছু নেই। সুমন্তবাবু বললেন জমির উপর তাদের রাইটের জন্য বিশেষভাবে চিন্তা করা হচ্ছে। এবং এ সম্বন্ধে চিন্তা বাজেটের মধ্যে আছে। রাইট অনেক প্রকারের হতে পারে। শুধু বর্গা রেকর্ড করলে রাইট এস্টাবলিশ হয়ে গেল তা নয়। আইন দিয়ে তাকে রক্ষা করতে হবে। এই অধিকার যদি রক্ষা করা যেত তাহলে ইজমেন্ট রাইট যা সেগুলি প্রতিষ্ঠিত করার কোনও পরিকল্পনা নেই। আশা করি মন্ত্রী মহাশয় এই সব আইন করার দিকে লক্ষ্য রাখবেন, না হলে রাইট এস্টাবলিশ করা যাচ্ছে না। আমার এলাকায় খেজুরির মধ্যে একটি মাত্র তফসিলি এলাকা আছে সেখানে হলুদবাড়ি বলে একটা জায়গায় তাদের উপর খুব অত্যাচার হয়েছিল। একটা শ্মশান করার ব্যাপার নিয়ে হয়েছিল। সেখানে তারা তাদের শেষকৃত্য সম্পন্ন করত, কিন্তু জোর করে তা কেড়ে নেওয়া হয়েছে। এজন্য তাদের আইন দিয়ে প্রোটেকশন দেওয়া হল না, কারণ এজন্য কোনও আইন নেই। কাজেই আইনগত দিক থেকে কোনও প্রোটেকশনের ব্যবস্থা নেই বলে অনেক কিছু করা যাচ্ছে না। চাকুরির ব্যাপারে সংবিধানের ২৯নং ধারা অনুযায়ী রাষ্ট্রকে ক্ষমতা দেওয়া হয়েছে উন্নয়নের কথা চিন্তা করার জন্য। কিন্তু দেখতে পাচ্ছি সংরক্ষণের ব্যাপারে ১৯৫৩ সালে ১৫ই জুন তারিখে আইন করলেন। সেই অনুযায়ী তাদের ইন্টারেস্ট রক্ষা করার জন্য চাকরির ক্ষেত্রে তা প্রয়োগ হল না। তাকে ঠিকভাবে প্রয়োগ করার জন্য আমি একটা চার্ট আপনার কাছে উপস্থিত করছি এবং বিভিন্ন সময়ে কিভাবে চাপ সৃষ্টি করা হয়েছিল তার একটা নমুনা উপস্থিত করছি। ১৯৬৮ সালে

২৪শে জুন একটা সার্কুলার জারি করা হয়েছিল, ১৯৭১ সালে ১১ই আগস্ট একটা সার্কুলার জারি করা হয়েছিল, ১৯৭৪ সালে ১২ই জুলাই একাট সার্কুলার জারি করা হয়েছিল, ১৯৭৫ সালে ১৩ই ফেব্রুয়ারি একটা সার্কুলার জারি করা হয়েছিল এবং ১৫ই মে একটা সার্কুলার জারি করা হয়েছিল। এইভাবে বিভিন্ন সময়ে সেই সার্কুলার কার্যকর করার জন্য বিভিন্ন ভাবে প্রচেষ্টা নেওয়া হয়েছে, কিন্তু কিছু হয়নি। কারণ শিডিউল্ড কাস্ট বিভাগ পরিচালনার জন্য সেখানে যে সব আমলারা আছেন তারা সব আদার দ্যান শিডিউল্ড কাস্ট এবং তারা সহনাভূতির সঙ্গে এসব দেখছেন না। সেজন্য বলছি যতক্ষণ না পর্যন্ত শিডিউল্ড কাস্ট অফিসার বসানো না হবে তাদের সুযোগ সুবিধা দেখার জন্য ততক্ষণ আমার মনে হয় আদার কাস্ট দিয়ে তাদের সুযোগ সুবিধা দেওয়া যাবে না এবং বিভিন্নভাবে বঞ্চিত হবে। তারপর ল গ্র্যাজুয়েটদের প্রত্যেক জেলায় ল সেল বসানো উচিত। কারণ তারা থাকলে আইনগত তদন্ত করতে পারবেন। এইসব নেই বলে আমি এই বাজেট সমর্থন করতে পারছি না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের সময় ছিল ২.৫৯ মিনিট পর্যন্ত কিন্তু মন্ত্রী মহাশয়ের জবাবি ভাষণ বাকি আছে। অতএব আমি আইন অনুযায়ী আরও ১৫ মিনিট হাউসের টাইম বাড়িয়ে দিলাম। আশা করি আপনারা সকলে সম্মতি দেবেন।

[3-00 — 3-14 p.m.]

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমাকে সময় দিয়েছেন ১৫ মিনিট। নানুরাম মহাশয় বলেছেন আমি কিছু করিনি, শুধু হচ্ছে হচ্ছে বলছি মুখে। ১৯৮১-৮২ সালে যে কর্মসূচি নেওয়া হয়েছিল সেগুলি করা সম্ভব হয়েছে। ডঃ আম্বেদকর প্রতিমূর্তি কবে প্রতিষ্ঠিত হবে জানতে চেয়েছেন। আমি আপনাকে জানাচ্ছি—কয়েক লক্ষ টাকা ব্যয় করে ডঃ আম্বেদকরের প্রতিমূর্তি তৈরি হয়ে গেছে, সেটি খুব তাড়াতাড়িই বসানো হবে। এ ব্যাপারে আমাদের ভারত সরকারের একটি আইন আছে, তারা এনকোয়ারি করার পরে এটি বসানো সম্ভব হবে, না হলে সম্ভব নয়। কারণ আইন তৈরির ক্ষমতা হচ্ছে তাদের হাতে। তবে আমরা চেষ্টা করছি, যাতে তাড়াতাড়ি কাজটি করতে পারি তারজন্য আমাদের পক্ষ থেকে ইন্সপেক্টর নিয়োগ করা হয়েছে। এ ব্যাপারে তাদের সঙ্গে ডিসকাশনও হয়েছে। আমাদের শিবনাথ বাবু টুপি পরাবার কথা বলেছেন, তিনি তো একটা ডেঞ্জারাস কথা বলেছেন। কারণ শিবনাথ বাবু তো নিজে তিনবার টুপি পরেছেন—থ্রি টাইমস তিনি দল পাল্টিয়েছেন, একবার জনতা, তারপর জনতা (এস), পরে আবার কংগ্রেস (আই)। উনি প্রোজেক্ট অফিসারের ব্যাপারে বলেছেন। প্রোজেক্ট অফিসারের ক্ষেত্রে আমরা ডবলু, বি সি এস-এর সিনিয়র অফিসারদের নিয়োগ করে থাকি। হোম ডিপার্টমেন্ট এগুলি করে থাকেন এবং পি এস সিও করেন। তবে উপযুক্ত ক্যান্ডিডেট পাওয়া গেলে আমরা নিশ্চয়ই নেব, সেবিষয়ে কোনও সন্দেহ নেই। উনি আরও অনেক কথা বলেছেন, তবে উত্তর দেওয়ার সময় আমার হাতে নেই—অনেকের তো ক্ষিদে লেগে গেছে। চাকরির ক্ষেত্রে প্রোমোশনের ভিত্তিতে উচ্চ পদে

আইন কিছুই তো হয়নি, আমাদের তিন বছরের মধ্যে আমরা অনেকখানি করতে পেরেছি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে আমরা শিডিউল্ড কাস্টদের ক্ষেত্রে ১৩.৩ শতাংশ ও আদিবাসীদের ক্ষেত্রে ৩.৯ শতাংশ নির্ধারণ করে দিতে পেরেছি। পুরুলিয়ার এম এল এ, যা বলেছেন, সে ব্যাপারে বলতে পারি যে, লোধা এবং খেরিয়াদের জন্য একটা আলাদা সেল যাতে তৈরি করা যায়, তারজন্য আমরা নিশ্চয়ই চেষ্টা করব। আদিবাসী সম্প্রদায়ের জন্য পৃথক স্কুলের ব্যাপারে অনেকে বলেছেন। এ ব্যাপারে আমাদের পরীক্ষা করে দেখতে হবে। তবে এ ব্যাপারে পূর্ণ জবাব মাননীয় শম্ভুবাবু দেবেন। এখানে মাননীয় সদস্যদের মধ্যে কেউ বলেছেন যে, শিডিউল্ড কাস্ট অফিসারদের নিয়োগপত্র দিলে সব ঠিক হয়ে যাবে, তাদের স্বার্থ তারা ভাল ভাবে দেখতে পারবেন। কিন্তু এরকম কথা আমরা কখনই বিশ্বাস করি না। এ কখনই হতে পারে না যে, শুধু শিডিউল্ড কাস্ট নিলে শিডিউল্ড কাস্টদের স্বার্থ ভাল ভাবে দেখতে পারবে এবং আদিবাসীদের নেওয়া হলে আদিবাসীদের স্বার্থ রক্ষা হবে—এ নীতি আমরা কখনই বিশ্বাস করি না। সেজন্য এরকম ব্যবস্থা কখনই নেওয়া হবে না। ভারতবর্ষ আজ ৩৩/৩৪ বছর হল স্বাধীনতা লাভ করেছে। কিন্তু এই ৩৪ বছরের মধ্যে কংগ্রেস গোষ্ঠী যেভাবে চালাচ্ছেন তার একটা হিসাব ধারাবাহিক ভাবে আমি এখানে রাখছি। ১৯৭১ সালের সেন্সাস অনুসারে পশ্চিমবাংলাতে শিডিউল্ড কাস্টদের সংখ্যা ছিল ৮৮ লক্ষ ১৬ হাজার ২০৮, শিডিউল্ড ট্রাইবস-এর সংখ্যা ছিল ৩২ লক্ষ ৯ শত ৬৯ জন। ১৯৬১ সালে আদিবাসী ক্ষেত মজুরের শতকার হার ছিল ২৮.৩৯, ১৯৭১ সালে তা বেড়ে হয়েছিল ৪৮.৯১ শতাংশ। ১৯৬১ সালে কাল্টিভেটরের সংখ্যা ছিল ৪৮.৭৭ শতাংশ, ১৯৭১ সালে তা কমে দাঁড়িয়েছে ৩১.১৮ শতাংশ। পশ্চিমবাংলাতে ক্ষেত মজুরের শতকরা হার বেড়েই চলেছে। সাধারণ ক্ষেত্রে যেখানে ১১.১৫ শতাংশ শিডিউল্ড কাস্টদের ক্ষেত্রে তা হয়েছে ৪০.৭৯ শতাংশ এবং শিডিউল্ড ট্রাইবস-এর ক্ষেত্রে তা দাঁড়িয়েছে ২২.৫০ শতাংশ। শিক্ষিতের হার সাধারণের ২৯ থেকে ৩৩.২০, শিডিউল্ড কাস্ট ১৭.৮, শিডিউল্ড ট্রাইব ৬.৫৫ থেকে ৮.৯৬। আদিবাসীর ক্ষেত্রে ৩.০৯ মাত্র। স্বাধীনতার ৩৪ বছর পর কংগ্রেসি শাসনের যে কি দুরবস্থা হয়েছে তার এই ভয়াবহ ছবি। এই জিনিস আপনাদের জেনে রাখা ভালো। এই সরকার হবার পর আমরা চেষ্টা করছি যে অন্তত ওদের যে মৌলিক সমস্যা সেইগুলি সমাধান করতে। যেমন আদিবাসীদের সঙ্গে জঙ্গলের একটা সম্পর্ক আছে। আমরা তাদের এই জঙ্গলের উপর অধিকার দিয়েছি। জঙ্গলের পাতা, কাঠ তারা ব্যবহার করতে পারবেন। জঙ্গলে যে জায়গায় তারা থাকে সেটা যাতে তারা পায় সেই চেষ্টা আমরা করছি। আগে ফরেস্টে অফিসারদের দ্বারা অত্যাচারিত হয়। ১৮৫৫ সালে সিধু কানুর নেতৃত্বে যে সাঁওতাল বিদ্রোহ হয়েছিল এই সরকার সেটা প্রতিপালনের মাধ্যমে তাদের আন্দোলনকে স্বীকৃতি দিয়েছেন। তারা লড়াই করেছিল জমিদার জোতদারদের শোষণের হাত থেকে যাতে তারা মুক্তি পেতে পারে। কিন্তু কংগ্রেসি আমলে এই বিষয়ে তারা কিছু করেননি। সেজন্য আমরা, তারা যাতে প্রাথমিক শিক্ষা অন্তত লাভ করতে পারে সেই ব্যবস্থা করছি। বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান, মেদিনীপুর, এই সব জায়গায় এর ব্যবস্থা করা হচ্ছে। তাদের অলচিকি ভাষাকে আমরা স্বীকার করে নিয়েছি এবং সে ভাষার

মাধ্যমে তারা যাতে প্রাথমিক শিক্ষা লাভ করতে পারে তার কাজ আমরা ২/১ দিনের মধ্যে আরম্ভ করব। নেপালি ভাষা বই তৈরি করা হচ্ছে। আদিবাসীদের যে সংস্কৃতি তাকে ৩৪/৩৫ বছর পর আমরা স্বীকৃতি দিয়ে তাদের যে লোক সংস্কৃতি তাকে প্রচার করার জন্য বীরভূম একটা সেন্টার তৈরি করা হয়েছে এসব জিনিস আগে ছিল না। সিউড়িতে একটা মিউজিয়াম করা হয়েছে অর্থাৎ যেসব কর্মসূচি আমরা হাতে নিয়েছি সেগুলিকে সফল কবতে নিশ্চয়ই আপনারা সহযোগিতা করবেন। সুমন্তবাবু যেকথা বলেছেন তাতে তাকে বলছি যে সরকার সেখানে নিশ্চয়ই ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবেন। আদিবাসী তফসিলি যেখানে আছে সেখানে খাস জমি আমরা তাদের দিয়েছি এবং তারা যাতে সেই জমি চাষ করতে পারে সে বিষয়ে একটা পরিকল্পনা গ্রহণ করেছি। সেই সব পরিকল্পনা বলা হয়েছে ২৫০ টাকা পর্যন্ত অনুদান, ১৫০ টাকা ব্যাঙ্ক থেকে ঋণ এবং ফাইনান্স কর্পোরেশন থেকে ১০০ টাকা দেওয়া হবে যাতে ভাগচাষীরা দাঁড়াতে পারে। এইসব জিনিস আগে ছিল না। শিডিউল্ড কাস্টরা যাতে নিজেরা ব্যবসা করে, দোকান করে দাঁড়াতে পারে সেইজন্য ফাইনান্স কর্পোরেশনের মাধ্যমে আমরা লোন দেবার ব্যবস্থা করেছি। মালদহে একটা লেদার সেন্টার খোলা হয়েছে। মুর্শিদাবাদেও সুযোগ দেওয়া হবে। আই টি ডি পি এলাকায় ৫৮টির মতো ল্যান্ড করেছি। এছাড়া আই টি ডি পি এলাকায় আমরা ৫৮টি ল্যান্ড রেজিস্ট্রি করেছি এবং সেগুলো সমিতির মাধ্যমে আদিবাসী যারা জঙ্গলে ৰিম এবং কেন্দুপাতার ব্যবসা করে তাদের দেওয়া হয়েছে এবং তার ফলে তারা অভাবের সময় ন্যায্য মজুরি পেয়েছে। আপনারা গতবারের হিসেবে দেখেছেন প্রায় ৬ লক্ষের মতো শ্রম দিবস সৃষ্টি হয়েছে। এটা আগে ছিল না। আমরা যদি আপনাদের সকলের সহযোগিতা পাই তাহলে আগামীদিনে আমরা তফসিল এবং আদিবাসীদের উন্নতি করতে পারব। তবে যে সমাজ ব্যবস্থায় আমরা বাস করছি তাতে সব কিছু এখনই দূর করা সম্ভব নয়। আমি আশাকরি আপনারা এই ব্যয় বরাদ্দ সমর্থন করবেন, নাহলে আগামী দিনে আপনাদের ছেলেমেয়েরা কিভাবে স্ট্রাইপেন্ড পেয়ে পড়াশুনা করবে?

The motion of Dr. Sambhunath Mandi that a sum of Rs. 25,83,48,000 be granted for expenditure under Demand No. 45 Major Heads : "288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classess), 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess), and 688—Loans for Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes, and other Backward Classess)", was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 3-14 p.m. till 1 p.m. on Monday the 15th March, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 16th March, 1981 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah.) in the Chair, 13 Ministers, 3 Ministers of State and 148 Members.

### Unstarred Questions
### (to which written answers were laid on the table)

**বেসরকারি কলেজে শনিবার অফ ডে**

**১১৬**। (অনুমোদিত প্রশ্ন নং ১৪।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বেসরকারি কলেজগুলির শিক্ষাকর্মীরা প্রতি শনিবার অফ ডে ভোগ করে।

(খ) সত্য হলে, এই অফ ডে সরকার কর্তৃক অনুমোদিত কিনা; এবং

(গ) অনুমোদিত না হলে, সরকার এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়ার কথা ভাবছেন কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কিছু কিছু বেসরকারি কলেজের শিক্ষাকর্মীরা অফ ডে লইতেছিলেন। সরকারের সহিত আলোচনার পর তাঁহারা এই আন্দোলন বন্ধ রাখিয়াছেন।

(খ) সরকার বেসরকারি কলেজসমূহের চাকরির শর্তাবলি স্থির করেন না। ইহা বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটুট দ্বারা নির্ধারিত হয়।

(গ) প্রশ্ন ওঠে না।

**Financial assistance by National Financial Institutions**

**117.** (Admitted question No. 68.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the sanction of financial assistance by the All India Financial Institutions for industrial projects in West Bengal has increased during the past few years; and

(b) if so, the amount of financial assistance sanctioned for industrial projects in West Bengal by the All India Financial Institutions during (i) 1975, (ii) 1976, (iii) 1977, (iv) 1978, (v) 1979 and (vi) 1980?

**Minister-in-charge of the Finance Department :**

(a) The amount has gone up in absolute terms; as a proportion of total disbursements, it has declined.

(b) The data regarding financial assistance sanctioned for industrial projects in West Bengal by the national financial institutions (IDBI, IFCI, ICICI, IRCI, LIC and UTI) for the years 1975-76 to 1978-79 are as follows :

(Rupees in lakhs)

| 1975-76 | 1976-77 | 1977-78 | 1978-79 |
|---|---|---|---|
| 43,70 | 71,92 | 90,44 | 1,36,46 |

Data regarding the share of West Bengal in the total assistance sanctioned by the All India Financial Institutions are giver below :

(Rupees in lakhs)

| | 1975-76 | 1976-77 | 1977-78 | 1978-79 |
|---|---|---|---|---|
| (a) All India .. | 5,64 | 8,65,23 | 10,88,33 | 12,47,67 |
| (b) West Bengal .. | 43,70 | 71,92 | 90,44 | 1,36,46 |
| Percentage of (b) in (a) .. | (12·91) | (12·03) | (12·03) | (9·14) |

**National Rural Employment Programme**

**118.** (Admitted question No. 9.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the State Government has any intemation about the National Rural Employment Programme (NREP) proposed to be implemented in West Bengal as a Central sponsored scheme on a 50:50 sharing basis between the Centre and the State; and

(b) if so,—

(i) the salient features and aims of the programme, and

(ii) the action taken by the Government so far in the matter?

**Minister-in-charge of Development and Planning Department :**

(a) It has been proposed by the Planning Commission that from the year 1981-82 the National Rural Employment Programme will be implemented on 50:50 sharing basis between the Centre and the States but the decision of the Government of India on this has not so far been received. The State Government opposed this proposal in the last meeting of the Divisional Development Council.

(b) (i) The NREP as is now being implemented in the State has replaced the earlier programme of Food for Work with the basic objectives remaining the same subject to the modifications indicated below :

(1) A separate cash component has been kept earmarked for the purchase of materials to be utilised in the schemes.

(2) The wage quantum comprises 2 kg. of foodgrains and Rs. 3.20 in cash covering the cost of 1 kg. of wheat valued at Rs. 1.20 debitable to the Central alocation for the Programme and Rs. 2 from the State budget per man-day.

(3) 10 per cent. of the resources should be earmarked for afforestation, social forestry, fodder, etc., and another 10 per cent. be earmarked for works benefiting the Scheduled Castes and Scheduled Tribes.

(ii) In this State the Food for Work has been replaced by National Rural Employment Programme, with effect from December 15, 1980 and is being executed through the Gram Panchayats.

The entire quantity of foodgrains received from the Union Government and funds have been allocated to the Panchayat bodies.

**Letter of intent for Haldia Petro-chemical Complex**

**119.** (Admitted question No. 98.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the Government of India has issued a fresh letter of intent for expanded capacity of the proposed Haldia Petro-chemical Project; and

(b) If so, what are the salient features of the provisions made in the aforesaid letter of intent?

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) The Government of India has amended the letter of intent for Haldia Petro-Chemical Project on the 19th December, 1980, to aprove the enhanced capacity of the project as per the detailed project report prepared by the State Government on request from the West Bengal Industrial Development Corporation Ltd.

(b) The scope of the project as per original letter of intent issued on 11th November, 1977, was for a Napatha Cracker Unit having a capacity of 54,000 TPA ethylene equivalent with corresponding high density polyethylene, polyvinyl chloride, monoethylene glycol and 2-ethyl hexanol plants. After the amendment of the letter of intent, the size of the project will nearly be doubled with a capacity of 1,00,000 TPA ethylene equivalent with corresponding increase in the downstream units.

**Generating wider interest in nature exploration among the youth**

**120.** (Admitted question No. 109.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister of State-in-charge of the Youth Services Department be pleased to state the steps taken by the Government to generate wider interest in nature exploration among the youth?

**Minister of State-in-charge of the Youth Services Department :**

Implementation of the following schemes is for generating wider interest in nature exploration among the youth :

Name of the Scheme

(1) Mountaineering, trekking and skiing;

(2) Study tour for school students;

(3) Excursion for non-students;

(4) Grants to mountaineering clubs for expedition, mountaineering training, etc.; and

(5) Organising Science Club movement.

## Development Administration

**121.** (Admitted question No. 113.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) if it is a fact the Sixth Five-Year Plan assigns vast responsibilities to the Development Administration at the grass roots; and

(b) If so, what action has been taken for augmentation of the capabilities of Development Administration both at the district level and the block level?

**Minister-in-charge of the Development and Planning Department :**

(a) Yes.

(b) Steps are being taken to strengthen the Development Administration at the district level and block level to assist the Panchayat bodies in drawing up schemes and implementing them.

## Growth of population in West Bengal

**122.** (Admitted question No. 198.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the present Left Front Government has taken

steps to reduce the rate of growth of population in West Bengal; and

(b) If so,—

(i) the targets and achievement of the Government in the matter of population control during the among past three years,

(ii) the present rate of annual growth of population of West Bengal, and

(iii) What is the target of reduction in growth of population by the year 1983?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) Yes.

(b) (i) Figures furnished below.

(ii) 2.1 per cent.

(iii) From 2.1 per cent to 1.9 per cent.

*Statement referred to in reply to clause (b) of Question No. 122 (Admitted Question No. 198)*

**Statement showing the target and achievement of different Family Welfare methods for population control in West Bengal during the past three years.**

| year | Sterilisation | | I.U.D. insertion | | C.C. users | |
|---|---|---|---|---|---|---|
| | Annual target | Achievement | Annual target | Achievement | Annual target | Achievement |
| 1978-79 .. | 3,27,500 | 67,511 | 49,300 | 10,686 | 1,66,000 | 82,032 |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1979-80 | .. | 2,21,000 | 1,55,804 | 67,000 | 21,415 | 1,18,300 | 1,00,585 |
| 1980-81 (April, 1980 to June, 1981). | .. | 2,30,000 | 1,57,000 | 35,000 | 21,000 | 1,89,000 | 79,000 |

**পরিবার পরিকল্পনা বাবদ ব্যয়**

**১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৮।) **শ্রী মনোহর তিরকী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালের ১লা জানুয়ারি, থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে পরিবার পরিকল্পনা বাবদ মোট কত টাকা ব্যয় হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৮০ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত পরিবার পরিকল্পনা বাবদ বিভিন্ন খাতে আনুমানিক মোট ছয় কোটি সাতাশ লক্ষ ছিয়াশি হাজার টাকা ব্যয় হয়েছে। যথা—

| | লক্ষ টাকা |
|---|---|
| (১) পরিবার পরিকল্পনা কেন্দ্রগুলির রক্ষণাবেক্ষণ (বেতন, ভাতা ইত্যাদি সমেত)। | ৩২৫·৭৭ |
| (২) জন্মনিরোধক বিভিন্ন পন্থা অবলম্বনকারীদিগকে প্রদেয় এককালীন অর্থদান সমেত। | ১৯৫·৪৫ |
| (৩) প্রশিক্ষণ .. .. .. .. .. | ৩৩·৪২ |
| (৪) বেসরকারি সংস্থাগুলিকে অর্থ সাহায্য .. .. .. | ১০·০৮ |
| (৫) প্রচার ও জনশিক্ষা .. .. .. .. .. | ১৪·১৪ |
| (৬) গৃহাদি নির্মাণ .. .. .. .. .. | ২২·০০ |

**পৌর এলাকায় প্রাথমিক বিদ্যালয়**

**১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৭।) **শ্রী মনোহর তিরকী ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৮০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে কলকাতার পৌর এলাকায় কতগুলো প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

**সরকারি উদ্যোগে চলচ্চিত্র নির্মাণ**

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩।) **শ্রী মনোহর তিরকী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে সরকারি উদ্যোগে কোনও চলচ্চিত্র নির্মাণ করা হয়েছে কি;

(খ) হয়ে থাকলে, উক্ত চলচ্চিত্রগুলির নাম কি; এবং

(গ) কোন কোন প্রযোজককে এই বাবদে কত টাকা দেওয়া হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) 'হীরক রাজার দেশে' ও 'নাগপাশ' তৈরি হয়ে গেছে। 'মধুবন', 'দেবীগর্জন', 'কোনী', 'আম্বা', 'মহাপৃথিবী', 'প্রাগঐতিহাসিক', 'ছোট বকুলপুরের যাত্রী' ও 'যাকে ঘুস দিতে হয়' ছবির নির্মাণকাজ চলছে।

(গ) ছবিগুলির প্রযোজক রাজ্যসরকার 'হীরক রাজার দেশে' ছবির জন্য পরিচালক শ্রী সত্যজিৎ রায়কে ১৫,৮৩,৬২৫.২৯ টাকা, 'নাগপাশ' ছবির জন্য পরিচালক রাজেন তরফদারকে ৬,৮৫,০০০ টাকা দেওয়া হয়েছে। আর যেসব কাজ চলছে তাদের জন্য পরিচালকগণকে এ পর্যন্ত মোট ১৮,০৬,৫০০ টাকা দেওয়া হয়েছে।

**Measures for control of malaria, leprosy, T.B., filaria and encephalitis**

**126.** (Admitted question No. 280.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether any preventive measure has been taken up by the present Government for control of malaria, leprosy, tuberculosis, filaria and encephalitis; and

(b) if the answer to (a) be in affirmative,—

(i) the measures taken for control of such diseases, and

(ii) whether the number of cases of such diseases have come down during the tenure of the present Government?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) Yes; however, as there is no effective vaccine for primary prevention of leprosy, measures for secondary prevention of the disease, has been taken as part of National Leprosy Control Programme.

(b) (i) Measures taken for control of cases of the aforesaid diseases have been shown below.

**Malaria**

| Year | | Malaria cases |
|---|---|---|
| 1977 | .. | 12,522 |
| 1978 | .. | 11,850 |
| 1979 | .. | 11,909 |
| 1980 | .. | 22,219 |

**T.B.**

| | | |
|---|---|---|
| 1977 | .. | 1,71,171 |
| 1978 | .. | 1,53,823 |
| 1979 | .. | 1,66,005 |
| 1980 | .. | 1,50,861 |

(up to September, 1980)

**Leprosy**

As the study of the incidence rates of leprosy has not been included under the National Leprosy Control Programme, it is not possible to give any factual data on the aggravation or decline in the rates of incidence of the disease.

**Filaria**

No factual data is available.

**Encephalitis**

| | | | |
|---|---|---|---|
| 1979-80 .. .. | Attack | .. | 1,245 |
| | Death | .. | 479 |
| 1980-81 .. .. | Attack | .. | 67 |
| | Death | .. | 27 |

*Statement referred to in reply to clause (b)(i) of unstarred question No. 126 (Admitted question No. 280)*

**Measures taken for control of different diseases**

1. **Malaria :** For control of malaria, a modified plan of operation under the National Malaria Eradication Programme is being implemented in this State since 1977. This plan envisages two rounds of insecticidal coverage during the transmission season of the disease in areas with high incidence of malaria. Besides, active and passive case-searching programme has ben intensified. For rapid detection of cases and speedy radical treatment of parasite positive cases, laboratories have been decentralised at P.H.C. level, wherever possible. In remote and inaccessible area, anti-malarial drugs are being distributed, free of cost, to the people through drug Distribution Centres and Fever Treatment Depots (to be run by Panchayats, School teachers and other voluntary organisations).

In areas where malignant malaria Falciparum) is predominant, i.e., in Purulia, Midinapore, Jalpaiguri and Coch Behar and in part of Bankura, a special containment programe is in operation for control and prevention of death from this disease.

2. **Tuberculosis :** To control the disease, a programme under a National T.B. Control Programme, is in operation in this State. This programme envisages (i) diagnosis of T.B. cases by examination of sputum and X-ray of chest, (ii) treatment with patent anti-T.B. drugs and (iii) preventive B.C.G. vaccination to protect the susceptible children. For the purpose, District T.B. Centres have been established in all the districts of the State. Further, Chest Clinic-cum-Domiciliary Units have been established in all the districts, subdivisions and also at several health centres. The total number of Chest Clinics in the State are 116.

These centres are facilited in diagnosis and treatment of T.B. cases. Besides, anti-T.B. drug are supplied from health centres/O.P.D.S. of General Hospitals, etc.

As for hospitalisation facilities, there are now 5,948 beds in different T.B. Hospitals/Sanatoriums, teaching hospitals and in district and subdivisional hospitals.

B.C.G. vaccinations are provided by chain of B.C.G. teachnicians working in each district of the State. The training programme for extensive coverage of susceptible children by utilisation of the multipurpose workers is in progress.

3. **Leprosy :** Under the coverage of National Leprosy Control Programme, different types of Leprosy Control Units in rural as well as unban areas are being run by Government Hospitals are also being run for indoor treatment of leprosy patients where necessary.

The number of diffenent Leprosy Control Units, etc., are shown below :

(1) Leprosy Control Unit—4.

(2) S.E.T. Centre—400.

(3) Urban Centre—32.

(4) Upgraded Urban Centre—2.

4. **Encephalitis :** Whenever any episode of encephalitis takes place, the following preventive measures are taken :—

(a) Finding out of each case and hospitalisation and treatment of the same.

(b) The houses where the cases were detected and the surrounding houses and cattle shed, pig styes, etc., are sprayed with insecticide like gamaxin, etc., against the vector species of mosquitoes.

(c) For the purpose of diagnosis as to whether the disease consists of true form of Japanese encephalitis, blood sera, C.S.F. are collected from patients and sent to School of Tropical Medicine, Calcutta.

(d) Japanese encephalitis vaccine are imported from Japan for imunisation.

(f) Veterinary Department is also informed in collecting the swine blood to see the extent of animal infection.

(g) Teams from School of Tropical Medicine, Calcutta, and Virus Research Centre visits the area for further study of the case.

(h) Recently an expert commitee has been set up to supervise the steps necessary for prevention of Japanese encephalitis in the State.

5. **Filaria :** Ten Filaria Control Units have been set up in seven districts, Viz., Midnapore, 24-Parganas, Bankura, Birbhum, Burdwan, Murshidabad, Malda, i.e., in the districts where endemicity was found high. The activities of these units are as follows :

(i) Anti-larval operation by spraying mosquito larvicidal oil, Baytex, etc. in drains, cesspools where the mosquito breeds.

(ii) Detection of microfilaria carriers by taking blood smears at night.

(iii) Treatment of the persons suffering from the disease.

Besides the above units, one Filaria Clinic has been set up at 24-Parganas to provide treatment with Di-ethylcarbamazine tablets, Moreover, four Survey Units have been established to carry on survey in all districts of the State to ascertain the actual existence of the disease.

**Institutional finance for bargadars and assignes of vested lands**

127. (Admitted question No. 297.) **Shri A. K. M. Hasan Uzzaman :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) if it is a fact that the present State Government has sponsored bargadars and assignes of vested land for institutional finance;

(b) if so, the number of such persons sponsored up to January, 1981; and

(c) the number of them belonging to muslim community?

**Minister-in-charge of the Land and Land Reforms Department :**

(a) Yes.

(b) Details stated below.

(c) Figures in this respect are not maintained.

*Statement referred to in reply to clause (b) of question No. 127 (Admitted question No. 297)*

**Statement showing the progress of Kharif and Rabi Lending Programmes, 1979 and 1980 by the Commercial Banks to sharecroppers and assignees of vested lands—new borrowal accounts in each year**

| Serial No. | District | 1979 Kharif | 1980 Kharif and Rabi |
|---|---|---|---|
| 1. | 24-Parganas | 2,500 | 2,051(*) |
| 2. | Howrah | 253 | 371(*) |
| 3. | Murshidabad | 9,293 | 9,523(*) |
| 4. | Nadia | 6,834 | 1,601(*) |
| 5. | Burdwan | 7,267 | 2,723(*) |
| 6. | Hooghly | 1,390 | 2,852 |
| 7. | Birbhum | 5,783 | 23,259 |
| 8. | Bankura | 3,484 | 4,707(*) |
| 9. | Purulia | 1,997 | 1,064 |
| 10. | Midnapore | 2,083 | 3,853 |
| 11. | Darjeeling | 611 | 2,241 |
| 12. | Cooch Behar | 7,014 | 8,715 |

| | | | |
|---|---|---|---|
| 13. | West Dinajpore .. .. .. | 5,061 | 3,625(*) |
| 14. | Malda .. .. .. .. | 4,884 | 2,897 |
| 15. | Jalpaiguri .. .. .. .. | 660 | 1,572 |
| | | **59,114** | **71,054** |

*Figures of Kharif only.

**Sanction of loans to the cobblers of Bhagabanpur blocks**

**128.** (Admitted question No. 360.) **Shri Haripada Jana** (Bhagabanpur) : Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if it is a fact that the West Bengal Khadi and Village Industries Board has given loans and grants to cobblers of Bhagabanpur-I and Bhagabanpur-II Blocks in the district of Midnapur; and

(b) if so, what are their names and address?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) Yes/

(b) (1) Shri Balai Krishna Ruidas, son of late Hare Krishna Ruidas, Vill. Machaan, P.O. Madhabpur.

(2) Shri Bistupada Ruidas, son of late Bhuban Ch. Ruidas, Vill. Gopinathpur, P.O. Bankbhari.

(3) Shri Bisty Ruidas, son of late Hari Ruidas, Vill Sekbarh, P.O. Paschimbar.

(4) Shri Birendra Ruidas, son of Troylaka Ruidas, Vill. Sekbarh, P.O. Paschimbar.

(5) Shri Dwijendra Ruidas, son of Karendra Ruidas, P.O. and Vill. Tatanola.

(6) Shri Gouranga ruidas, son of Kartick Ruidas, P.O. and Vil. Bhagabanpur.

(7) Shri Ganesh Ruidas, son of late Baikuntha Ruidas, Vill Benudia, P.O. Bhangabanpur.

(8) Shri Gurupada Ruidas, son of late Troylaka Ruidas, P.O. and Vill. Bhagabanpur.

(9) Shri Gobardhan Ruidas, son of late Sadya Ruidas, Vill. Darikapur, P.O. Totanola.

(10) Shri Habul Ruidas, son of late Troylaka Ruidas, P.O. and Vill. Bhagabanpur.

(11) Shri Jatindra Nath Ruidas son of late Saday Ruidas, Vill. Paschimbar.

(12) Shri Jatindra Ruidas, son of late Nemai Charan Ruidas, Vill Mirzapur, P.O. Kajlagarh.

(13) Shri Jagat Ruidas, son of late Troylaka Ruidas P.O. and Vill Bhagabanpur.

(14) Shri Kshitish Ch. Das, son of late Iswar Das, Vill Kishorepur, P.O. Bhimoswaribazar.

(15) Shri Prafulla Kr. Ruidas, son of Troylaka Ruidas, P.O. and Vill. Bhagabanpur.

(16) Shri Rabindra Nath Ruidas, son of late Troylaka Ruidas, Vill. Benudiya, P.O. Bhangabanpur.

(17) Shri Srip Charan Ruidas, son of Troylaka, Vill, Sekbarh, P.O. Mahammadpur.

(18) Shri Sudhir Ch. Ruidas, son of late Netai Ruidas, P.O. Kajlabarh, Vill. Nuzarpur.

(19) Shri Sudangshu Ruidas, son of late Panchanan, P.O. and Vil. Illaspur.

(20) Shri Niranjan Ruidas, son of Bhuban, Vill. Joligopinathpur, P.O. Bharkibar.

(21) Shri Susen Ruidas, son of late Prassna, Vill, Darikapur, P.O. Totanola.

(22) Shri Satish Ruidas, son of late Iswar, P.O. Totanala.

(23) Shri Subal Ruidas, Vill Joligopinathpur, P.O. Bankibari.

## নিম্নবুনিয়াদি বিদ্যালয়

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় কোনও নূতন নিম্নবুনিয়াদী বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন কোন জেলার ক্ষেত্রে এই পরিকল্পনা আছে; এবং

(গ) "ক" -এর উত্তর না হইলে নিম্নবুনিয়াদী শিক্ষক শিক্ষণ সংস্থাগুলো সম্পর্কে সরকারি পরিকল্পনা কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) নিম্নবুনিয়াদী শিক্ষক শিক্ষণ সংস্থাগুলিতে প্রাথমিক শিক্ষকদের শিক্ষণ ব্যবস্থা আছে।

## বিদ্যাসাগর জন্মজয়ন্তীতে পুরস্কার

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৪১০।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর বিদ্যাসাগর জন্মজয়ন্তীতে বাংলা গদ্য সাহিত্যে কৃতিত্বের জন্য সরকার কোন পুরস্কার দানের ব্যবস্থা করিয়াছিলেন কি; এবং

(খ) করিয়া থাকিলে,—

(১) উক্ত পুরস্কার প্রতি বছরেই দেওয়া হইবে কিনা,

(২) বাংলা গদ্য সাহিত্যে অসাধারণ কৃতিত্বের জন্য এরূপ পুরস্কার দানের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা, ও

(৩) গদ্য সাহিত্যে এই পুরস্কার দানের জন্য কে বা কাহারা নির্বাচকমণ্ডলীতে ছিলেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) ও (খ) (১) হ্যাঁ।

(খ) (২) না।

(৩) বাংলা গদ্য সাহিত্যে পুরস্কার দানের জন্য শেষ পর্যায়ে নির্বাচকমণ্ডলীতে (অ্যাওয়ার্ড কমিটি) নিম্নলিখিত ব্যক্তিগণ ছিলেন ঃ

(১) ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায়,

(২) ডঃ দেবীপদ ভট্টাচার্য,

(৩) শ্রী নেপাল মজুমদার।

**আহমেদপুর ও বেলডাঙ্গা চিনিকলে উৎপাদন**

**১৩১**। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে আহমেদপুর ও বেলডাঙ্গা চিনিকলে কত চিনি উৎপাদিত হইয়াছে;

(খ) এই দুই কলের জমিতে এই বৎসর আখের উৎপাদন কত ছিল;

(গ) দুইটি চিনিকলের সমন্বয়ের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(ঘ) ইহা কি সত্য যে, উক্ত বৎসরে কৃষকদের নিকট হইতে আখ ক্রয় না করার ফলে বহু আখ নষ্ট হইয়াছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) ১৯৮০-৮১ সালে আহমেদপুর চিনিকলে মোট ৮,৮৮৩ কুইন্টাল চিনি উৎপাদিত হয়েছে বেলডাঙ্গা চিনিকলটি এখনও বন্ধ অবস্থায় আছে।

(খ) আহমেদপুর চিনিকলের নিজস্ব কোনও আখচাষের জমি নাই; বেলডাঙ্গার চিনিকলটি বন্ধ থাকায় এই কলের জমিতে আখচাষ হয় নাই।

(গ) বেলডাঙ্গা চিনিকল অধিগ্রহণের একটি প্রস্তাব সরকারের পরীক্ষাধীন আছে।

(ঘ) এইরূপ কোনও অভিযোগ সরকারের জানা নাই।

**বিভিন্ন জেলায় অগ্রাধিকার ভিত্তিতে রাস্তা**

**১৩২।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৩।) **শ্রী সুনীল মজুমদার ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাস্তার উন্নয়নের জন্য পি ডব্লিউ ডি (রোডস) বিভিন্ন জেলা পরিষদের নিকট হইতে অগ্রাধিকার ভিত্তিতে দশটি করিয়া রাস্তার নামের একটি তালিকা চাহিয়াছেন; এবং

(খ) সত্য হইলে,—

(১) রাস্তাগুলির নাম (জেলাওয়ারী হিসাবে) কি কি, ও

(২) কবে নাগাত উক্ত রাস্তাগুলির কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ইংলিশ মিডিয়াম স্কুল**

**১৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা ও শহরতলিতে ইংলিশ মিডিয়াম স্কুলের সংখ্যা দ্রুত ও ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে; এবং

(খ) ঐ স্কুলগুলিকে রাজ্যসরকারে নিয়ন্ত্রণাধীনে আনার জন্য কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পঞ্চায়েত রুলস**

**১৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৫০৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ পঞ্চায়েত ও সমষ্টি** উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নতুন পঞ্চায়েত অ্যাক্ট চালু

হওয়ার পর বিগত দুই বছরে পঞ্চায়েত "রুলস" তৈরি হয়েছে কি?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উল্লিখিত সময়ে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর আওতায় নিম্নলিখিত নিয়মাবলি তৈরি হয়েছে ঃ

(১) দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (টার্মস অ্যাণ্ড কণ্ডিশনস অব সার্ভিস অব সেক্রেটারি অব জিলা পরিষদ) রুলস, ১৯৭৮;

(২) দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (পাওয়ারস, ফাংশনস অ্যাণ্ড ডিউটিজ অব দি একজিকিউটিভ অফিসার অ্যাণ্ড দি সেক্রেটারি অফ দি জিলা পরিষদ) রুলস, ১৯৭৮;

(৩) দি ওয়েস্ট বেঙ্গল গ্রাম পঞ্চায়েত (মেম্বারস ফিক্সড ট্রাভেলিং অ্যালাউন্স) রুলস, ১৯৭৯;

(৪) দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (পাওয়ার্স, ফাংশনস অ্যাণ্ড ডিউটিজ অব দি একজিকিউটিভ অফিসার অ্যাণ্ড দি সেক্রেটারি অব দি পঞ্চায়েত সমিতি) রুলস, ১৯৭৯;

(৫) ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ১৯৮১।

(উপরোক্ত নিয়মাবলি ২০এ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে প্রজ্ঞাপিত হয়েছে। কিন্তু এখন পর্যন্ত অফিসিয়াল গেজেটে প্রকাশিত হয়নি।)

**কালীপুর হইতে উদয়রাজপুর পর্যন্ত রাস্তা**

**১৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৫১।) **শ্রী নানুরাম রায় ঃ** গত ২১এ এপ্রিল, ১৯৮০ তারিখের প্রশ্ন নং ১৯০ (অনুমোদিত প্রশ্ন নং ৭১৬)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালীপুর হইতে উদয়রাজপুর (ভায়া বালী দেওয়ানগঞ্জ) পর্যন্ত রাস্তাটির কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাত ঐ কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত রাস্তাটির মাটির কাজ সম্পূর্ণ হইয়াছে।

(খ) রাজ্যের সড়ক নির্মাণ উন্নয়নের জন্য অর্থের যোগান প্রয়োজনের তুলনায় খুবই

অপ্রতুল। তাই কাজটি কবে নাগাদ শেষ হইবে তাহা প্রয়োজনীয় অর্থপ্রাপ্তির উপর বিশেষভাবে নির্ভর করিতেছে।

**ইংরেজির মাধ্যমে পি এস সি পরীক্ষা গ্রহণ**

**১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৬।) **শ্রী নানুরাম রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পি এস সি পরীক্ষাগুলি ইংলিশ মিডিয়ামে নেওয়া হচ্ছে; এবং

(খ) সত্য হলে, বাংলায় না নেওয়ার কারণ কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিভাগীয় পরীক্ষার ক্ষেত্রে উত্তর কোন ভাষায় দিতে হবে সে সম্পর্কে কোনও নির্দেশ দেওয়া থাকে না।

নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় ভাষাবিষয়ক পরীক্ষাগুলি এবং আবশ্যিক অঙ্ক ছাড়া অন্যান্য বিষয়ে উত্তর ইংরেজি ভাষায় লিখতে হয়। আবশ্যিক অঙ্কের উত্তর বাংলা অথবা ইংরেজি যেকোনও ভাষায় দেওয়া যায়।

(খ) পি এস সি-র নিয়োগ সংক্রান্ত পরীক্ষার বিভিন্ন ভাষাভাষী প্রার্থীরা প্রতিযোগিতা করেন। তাঁদের অসুবিধার কথা চিন্তা করে অন্যান্য বিষয়ক পরীক্ষাগুলি কেবলমাত্র ইংরেজিতে নেওয়ার প্রথা চালু আছে।

**পশ্চিমবঙ্গে চিনিকলের সংখ্যা**

**১৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৮।) **শ্রী নানুরাম রায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহেদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট কয়টি চিনিকল আছে;

(খ) উহাদের মধ্যে আরামবাগ চিনিকল নামে কোনও চিনিকল আছে কি না; এবং

(গ) থাকিলে, ঐ চিনিকলটি কি অবস্থায় আছে?

**বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবাংলায় মোট তিনটি চিনিকল আছে। তন্মধ্যে বীরভূম জেলায় আহমেদপুর চিনিকলটি এবং নদীয়া জেলায় পলাশীতে অবস্থিত চিনিকলটি চালু আছে। মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গার চিনিকলটি বহুদিন যাবৎ বন্ধ অবস্থায় আছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**কলকাতার খাল**

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬১।) **শ্রী নানুরাম রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কলকাতার খালগুলি বোজানোর কথা চিন্তা করছেন;

(খ) সত্য হইলে, কি কারণে সরকার খালগুলি বোজানোর কথা চিন্তা করছেন; এবং

(গ) খালগুলি বোজাতে আনুমানিক কত টাকা খরচ হবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। কলকাতার খালসমূহ বোজানোর জন্য সরকারিভাবে কোনও চূড়ান্ত প্রস্তাব গ্রহণ করা হয় নাই।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

**Institutional finance to the recorded sharecroppers and allottees of vested lands by Panchayats**

**139.** (Admitted question No. 696.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) whether the Panchayats have been asked to help in providing the institutional finance to the recorded sharecroppers and allottees of vested lands; and

(b) if so,—

(i) what action has been taken by the Panchayats in the matters,

(ii) the guidelines, if any, issued to the Panchayats by the State Government in the matter, and

(iii) the total number of sharecroppers and allottees of vested land who have received Institutional finance through the Panchayats

up to January, 1981?

**Minister-in-charge of the Land and Land Reforms Department :**

(a) Yes.

(b) (i) Panchayats have sponsored the names of bargadars and assignees of vested land to the Banks for granting institutional finance.

(ii) Panchayats were advised to send the completed loan applications to the Banks through Executive Officers of the Panchayat Samities and also to bring the prospective borrowers to the Banks on appointed dates for receiving loan on identification by the members of the Gram Panchayats and Panchayat Samities.

(iii) Details stated below :

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 139 (Admitted question No. 696)*

**Statement showing the progress of Kharif and Rabi Lending Programmes, 1979 and 1980 by the Commercial Banks to sharecroppers and assignees of vested lands—new borrowal accounts in each year**

| Serial No. | District | 1979 Kharif | 1980 Kharif and Rabi |
|---|---|---|---|
| 1. | 24-Parganas .. .. .. | 2,500 | 2,051(*) |
| 2. | Howrah .. .. .. | 253 | 371(*) |
| 3. | Murshidabad .. .. .. | 9,293 | 9,523(*) |
| 4. | Nadia .. .. .. | 6,834 | 1,601(*) |
| 5. | Burdwan .. .. .. | 7,267 | 2,723(*) |
| 6. | Hooghly .. .. .. | 1,390 | 2,852 |
| 7. | Birbhum .. .. .. | 5,783 | 23,259 |
| 8. | Bankura .. .. .. | 3,484 | 4,707 |

| | | | |
|---|---|---|---|
| 9. | Purulia .. .. .. | 1,997 | 1,064 |
| 10. | Midnapore .. .. .. | 2,083 | 3,853 |
| 11. | Darjeeling .. .. .. | 611 | 2,241 |
| 12. | Cooch Behar .. .. .. | 7,014 | 8,715 |
| 13. | West Dinajpore .. .. | 5,061 | 3,625(*) |
| 14. | Malda .. .. .. | 4,884 | 2,897 |
| 15. | Jalpaiguri .. .. .. | 660 | 1,572 |
| | | **59,114** | **71,054** |

*Figures of Kharif only.

**Minimum qualification for the post of College Lecturers**

**140.** (Admitted question No. 700.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has lowered the minimum qualification, as recommended by the University Grants Commission, for appointment to the posts of Lecturers for Colleges; and

(b) if so,—

(i) the recommendation of University Grants Commission, and

(ii) the minimum qualification that has since been fixed by the State Government?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বেসরকারি (স্পনসর্ড সহ) কলেজের অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার মানের কোনওরূপ অবনতি ঘটানো হয় নাই—উহার পুনর্বিন্যাস করা হইয়াছে মাত্র।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

**Sickness in the handloom sector**

**141.** (Admitted question No. 713.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state the steps taken by the State Government—

(i) to check the growing phenomenon of sickness in the handloom sector and to revive the potentially viable handloom units; and

(ii) to improve the economic condition of the handloom weavers?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(i) In order to check the phenomenon of sickness in the handloom sector steps have been taken to provide financial assistance through co-operatives under various schemes like—

(1) Share Capital loan;

(2) Working Capital loan;

(3) State participation in equity of primary societies;

(4) Subsidy on interest charges;

(5) Supply of improved appliances;

(6) Managerial assistance;

(7) Subsidy on sales;

(8) Common work shed; and

(9) Intensive Development Project.

The assistance is provided in the shape of loan and grant. Steps have also been taken to extend technical assistance and marketing assistance to arrange for institutional programme.

In order to revive the potentially viable handloom units, steps have been taken to revive dormant societies and to organise new societies and to provide financial, technical and marketing assistance.

(ii) With a view to improve the econimic condition of the handloom weavers, a plan has been drawn up to cover 60 per cent. handlooms within the Co-operative fold during the Sixth Plan period. The target for the current year is to organise 140 block level co-operative societies. All Government assistance, financial, technical and marketing are being extended to the cooperative societies newly organised/revived. Steps are being taken to bring more and more co-operative societies under the R.B.I. Scheme; to meet their working capital need and to arrange for institutional finance and Government loan under the B.S.A.I. Act.

## Tax exemptions to some films

**142.** (Admitted question No. 714.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) if it is a fact that the present State Government has granted tax exemptions to some films; and

(b) if so,—

(i) the names of the films which have been granted tax exemptions during the period from July, 1977 to January, 1981, and

(ii) the number of such films produced in Bombay?

**Minister-in-charge of Information and Cultural Affairs :**

(a) Yes; the State Government has granted conditional tax exemptions to some films.

(b) (i) No film was granted tax exemption between July, 1977 and October, 1980. Thirtyone films have been granted conditional tax exemptions during the period from November, 1980 to January, 1981 (list placed below).

(ii) Four films.

*Statement referred to in reply to clause (b) (i) of unstarred question No. 142 (Admitted question No. 714)*

**List of films exempted from Entertainment Tax where admission tickets were prescribed at Re.1 or less**

| Name of the film and distributor | G.O. No. |
|---|---|
| (1) Albert Pinto Ka Gussa Kyoon Ata Hai (in Hindi) (D.K. Films Enterprise) | 5937-F.T, dated 10th November, 1980. |
| (2) Shodh (In Hindi) (D.K. Films Enterprise) | 218-F.T., dated 12th January, 1981. |
| (3) Parasuram (In Bengali) (Narayani Chitram) | 6242-F.T., dated 11th December, 1980. |
| (4) Hirak Rajar Deshe (in Bengali) (Chhayabani Pvt. Ltd.) | 6307-F.T., Dated 16th December, 1980. |
| (5) Ek Din Pratidin (in Bengali) (Usha Enterprises) | 6280-F.T., dated 16th December, 1980. |
| (6) Nil Darpan (In Bengali) (Swapnaloke Pictures) | 6333-F.T., dated 18th December, 1980. |
| (7) Kshudita Pasan (in Bengali) (Eastern Circuit Pvt. Ltd.) | 6334-F.T., dated 18th December, 1980. |
| (8) Star and Superstar (in English) (Feroze Distributor) | 6404-F.T. dated 24th December, 1980. |
| (9) Jay Baba Felunath (in Bengali) (R.D. Bansal and Co.) | 15-F.T., dated 2nd Janary, 1981. |
| (10) Sita (in Bengali) (R.D. Bansal and Co.) | 16-F.T., dated 2nd January, 1981. |
| (11) Vidyasagar (in Bengali and Hindi versions) (Sibani Picture) | 34-F.T., dated 3rd January, 1981. |
| (12) Bandhan (in (Bengali) (Kalimata Productions) | 59-F.T., dated 6th January, 1981. |

| Name of the film and distributor | G.O. No. |
|---|---|
| (13) Satma (in Bengali) (Santi Films Corporation) | 95-F.T., dated 9th January, 1981. |
| (14) Dada Thakur (in Bengali) (Jalan Productions) | 96-F.T., dated 10th January, 1981. |
| (15) Ganga (in Bengali) (M.S. Enterprise) | 216-F.T., dated 12th January, 1981. |
| (16) Abatar (in Bengali) (Bina Films Distributors) | 217-F.T., dated 12th January, 1981. |
| (17) Yata Mat Tata Path (in Bengali) (Bina Films Distributors) | 217-F.T., dated 12th January, 1981. |
| (18) Rikta (in Bengali) (Bina Films Distributors) | 217-F.T., dated 12th January, 1981. |
| (19) Chhaka Panja (in Bengali) (Bina Films Distributors) | 217-F.T., dated 12th January, 1981. |
| (20) Pandit Moshay (in Bengali) (Bina Films Distributors) | 217-F.T., dated 12th January, 1981. |
| (21) Subhas Chandra (in Hindi) (Ready Film Distributors) | 250-F.T., dated 14th January, 1981. |
| (22) Surja Topa (in Bengali) (Lakshmi Narayan Film Distributor) | 254-F.T., dated 14th January, 1981. |
| (23) Khoka Babur Pratyabartan (in Bengali) (Lakshmi Narayan Film Distributor) | 254-F.T., dated 14th January, 1981. |
| (24) Shuva Ratri (in Bengali) (Lakshmi Narayan Film Distributor) | 254-F.T., dated 14th January, 1981. |
| (25) Sakher Chore (in Bengali) (Lakshmi Narayan Film Distributor) | 254-F.T., dated 14th January, 1981. |
| (26) Bapika Biday (in Bengali) (Mini Film Distributor) | 257-F.T., dated 14th January, 1981. |

| Name of the film and distributor | G.O. No. |
|---|---|
| (27) Chamali Mem Saheb (in Hindi) (Elem Films) | 249-F.T., dated 14th January, 1981. |
| (28) Dooriyan (in Hindi) (Seema Pictures) | 278-F.T., dated 15th January, 1981. |
| (29) Barabhai (in Bengali) (Vabani Film Distributor) | 260-F.T., dated 15th January, 1981. |
| (30) Hum Paanch (in Hindi) (Diamond Films International) | 272-F.T., dated 15th January, 1981. |
| (31) Bancharamer Bagan (in Bengali) (P. K. Films Enterprise) | 298-F.T., dated 16th January, 1981. |

### Agricultural tax on Tea Companies

**143.** (Admitted question No. 721.) **Shri Naba Kumar Ray** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has requested the Government of India to allow the State Government to impose agricultural tax on the total income of the Tea Companies in West Bengal;

(b) if so, the present position in the matter;

(c) whether the Government has obtained any information on this matter from the other tea producing States of India; and

(d) if so, what are their views?

**Minister-in-charge of the Finance Department :**

(a) and (c) No.

(b) and (d) Do not arise.

**Appointments in Group 'B' and 'C' posts under CMDA**

**144.** (Admitted question No. 758.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to state—

(a) the number of persons appointed to Group "B" and Group "C" posts under CMDA during the tenure of the present Government (up to 31st January, 1981); and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community?

**Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department :**

(a) 305 persons were appointed to Group "B" posts and 329 to Group "C" posts.

(b) (i) Six persons belonged to Group "B" posts and 44 to Group "C" posts.

(ii) and (iii) Nil.

**Persons appointed in different Public Undertakings**

**145.** (Admitted question No. 760.) **Shri Habibur Rahaman, Shri Rajani Kanta Doloi** and **Shri Naba Kumar Ray** : Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) Undertakingwise break-up of the number of persons appointed in different categories of posts in different Public Undertakings during the period from July, 1977 to January, 1981; and

(b) number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community?

**Minister-in-charge of the Public undertakings Department :**

| Undertaking | Category of post | Total appointment | Scheduled Castes | Scheduled Tribes | Muslim |
|---|---|---|---|---|---|
| 1. Durgapur Projects Ltd. | Class I | 29 | Nil | Nil | Nil |
| | Class II | 43 | Nil | Nil | Nil |
| | Class III | 752 | 70 | 18 | 21 |
| | **Total** | **824** | **70** | **18** | **21** |
| 2. West Bengal State Warehousing Corporation. | Group A | 1 | Nil | Nil | Nil |
| | Group B | 2 | 1 | Nil | Nil |
| | Group C | 9 | 1 | 1 | Nil |
| | Group D | 14 | Nil | Nil | Nil |
| | **Total** | **26** | **2** | **1** | **Nil** |
| 3. West Bengal Ceramics Development Corporation. | Officers | 8 | Nil | Nil | Nil |
| | Office staff | 9 | 1 | Nil | Nil |
| | Workers | 45 | 1 | Nil | Nil |
| | **Total** | **62** | **2** | **Nil** | **Nil** |
| 4. West Dinajpur Spinning Mills. | Group D | 1 | Nill | Nill | 1 |
| 5. Westinghouse Saxby Farmer | Managerial | 1 | Nil | Nil | Nil |
| | Clerical | 2 | Nil | Nil | Nil |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Ltd. | Sub-staff | 1 | 70 | 18 | 21 |
| | | Workmen | 35 | 11 | Nil | 1 |
| | | **Total** | **39** | **11** | **Nil** | **1** |
| 6. | West Bengal Agro-Industries Corporation. | Class III | 20 | 7 | Nil | 1 |
| | | Class IV | 27 | 15 | Nil | 1 |
| | | **Total** | **47** | **22** | **Nil** | **2** |
| 7. | Electro Medical and Allied Industries Ltd. | Managerial | 5 | Nil | Nil | Nil |
| | | Office staff | 6 | Nil | Nil | Nil |
| | | Workmen | 21 | 1 | Nil | 1 |
| | | **Total** | **32** | **1** | **Nil** | **1** |
| 8. | Durgapur Chemicals Ltd. | Managerial | 8 | Nil | Nil | Nil |
| | | Officer | 15 | Nil | Nil | Nil |
| | | Clerical | 13 | Nil | Nil | Nil |
| | | Workmen | 30 | 9 | Nil | 2 |
| | | **Total** | **66** | **9** | **Nil** | **2** |
| 9. | Kalyani Spinning Mills. | Managerial | 15 | Nil | Nil | Nil |
| | | Workmen | 63 | 8 | 3 | 2 |
| | | **Total** | **78** | **8** | **3** | **2** |

**International tender bids for the Haldia Petro-chemical Complex**

**146.** (Admitted question No. 777.) **Shri Sk. Imajuddin** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the international tender bids, received for the Haldia Petro-chemical Complex, have been evaluated; and

(b) if so,—

(i) what are the findings,

(ii) what decision has been taken, and

(iii) what is the present position in the matter?

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) Yes.

(b) (i), (ii) and (iii) A number of process licensor and prime bidders have been tentatively selected. Negotiations are proceeding with these short-listed parties and final selection will be made on the basis of these discussions.

**Total strength of Home Guards and N.V.F.**

**147.** (Admitted question No. 777.) **Shri Naba Kumar Ray** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) the total strength of Home guards and National Volunteer Force in West Bengal as on 31st January, 1981; and

(b) the number of (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes and Muslims in the force?

**Minister-in-charge of the Home (Civil Defence) :**

(a) 5,126 volunteers were on the (eiective) strength of West Bengal National Volunteer Force on 31st January, 1981. 98.566 volunteers who were trained eariler have now become non-effective. Besides, there were 923 rakshis in the 1st (Biswakarma) Battalion, West Bengal National Volunteer Force on the same date.

(b) There is no reservation of quota for recruitment and training of volunteers from Scheduled Castes, Scheduled tribes and Muslims like appointment in regular services. As such, records, were not maintained separately for volunteers of those denominations. However, it may be mentioned that a considerable number of volunteers from each of these categories took training in the West Bengal National Volunteer Force.

## Appointments in Groups 'B' and 'C' posts under Cottage and Small-Scale Industries Department

**148.** (Admitted question No. 804.) **Shri Naba Kumar Ray** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C' posts under the Directorate and Department of Cottage and Small Scale Industries during the period from February, 1980 to January, 1981; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) Forty-seven persons have been appointed to Group 'B' posts and eightyeight persons have been appointed to Group 'C' posts under the Directorates and Department of Cottage and Small Scale Industries during the period from February, 1980 to January, 1981.

(b) (i) Twenty-seven persons belonging to Scheduled Castes.

(ii) Twelve persons belonging to Scheduled Tribes.

(iii) Five persons belonging to Muslim community.

## Appointments in Group "B" and "C" posts under information and Cultural Affairs Department

**149.** (Admitted question No. 816.) **Shri Naba Kumar Ray** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C' posts under the Directorate and Department of Information and Cultural Affairs during the period from March, 1980 to January, 1981; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :**

(a) Four persons were appointed to Group 'B' posts and 92 persons to Group 'C' posts in the Department of Information and Cultural Affairs during that period.

(b) (i) Eleven.

(ii) Twenty.

(iii) Nil.

**Employment Exchanges in subdivisions**

**150.** (Admitted question No. 819.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the Government has decided to set up an Employment Exchange in every subdivision by the end of 1980-81; and

(b) if so,—

(i) the number of Employment Exchanges set up during the current financial year (up to January, 1981), and

(ii) the present position in the matter?

**Minister-in-charge of the Labour Department :**

(a) Yes.

(b) (i) Nil.

(ii) Necessary steps have been taken to open nine Employment Exchanges in the remaining subdivisions within the current financial year.

## গ্রাম বৈদ্যুতীকরণ

**১৫১।** (অনুমোদিত প্রশ্ন নং ৯০১।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জেলায় কতগুলি গ্রাম বৈদ্যুতীকরণ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৮০ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের জেলাগুলিতে সর্বমোট ১৩,৫৭৯টি মৌজাতে বৈদ্যুতীকরণ করা হয়েছে। জেলাওয়ারি বৈদ্যুতীকৃত মৌজাগুলির সংখ্যা নিম্নে প্রদত্ত হইল ঃ

| ক্রমিক নং | জেলার নাম | বৈদুতীকৃত মৌজার সংখ্যা |
|---|---|---|
| ১। | বাঁকুড়া | ৮১৬ |
| ২। | বীরভূম | ৯৩৭ |
| ৩। | বর্ধমান | ১,৫০১ |
| ৪। | কোচবিহার | ৩৫৬ |
| ৫। | দার্জিলিং | ১৮৮ |
| ৬। | হুগলি | ১,১৬৯ |
| ৭। | হাওড়া | ৪৬১ |
| ৮। | জলপাইগুড়ি | ৩৬১ |
| ৯। | মালদা | ৭৯৩ |

| | | | |
|---|---|---|---|
| ১০। | মেদিনীপুর | .. .. .. .. .. | ২,২৩০ |
| ১১। | মুর্শিদাবাদ | .. .. .. .. .. | ৯৪৭ |
| ১২। | নদীয়া | .. .. .. .. .. | ৯৯৮ |
| ১৩। | ২৪-পরগণা | .. .. .. .. .. | ১,৪৯৫ |
| ১৪। | পুরুলিয়া | .. .. .. .. .. | ৫০৭ |
| ১৫। | পশ্চিম দিনাজপুর | .. .. .. .. .. | ৮২০ |
| | | মোট .. | ১৩,৫৭৯ |

**সমবায় রাইস মিল**

**১৫২।** (অনুমোদিত প্রশ্ন নং ৯২০।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে, কতগুলি সমবায় রাইস মিল আছে;

(খ) উহাদের মধ্যে কতগুলি চালু এবং কতগুলি অচল;

(গ) ১৯৮০ সালে এই সকল মিলে কত পরিমাণ চাল উৎপন্ন হয়েছে; এবং

(ঘ) অচল মিলগুলি চালু করবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আটাশটি।

(খ) উহাদের মধ্যে আটটি চালু আছে এবং ২০টি অচল অবস্থায় আছে।

(গ) ১৯৮০ সালে মোট ২৯,০৭৬ কুইন্টাল চাল উৎপন্ন হয়েছে।

(ঘ) সমবায় চালকলগুলোর উন্নতিকল্পে পর্যালোচনা করার জন্য এই বিভাগ কর্তৃক একটি বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত করা হয়েছিল। সম্প্রতি এই কমিটির রিপোর্ট পাওয়া গেছে। তদানুযায়ী প্রথম পর্যায়ে ১০টি চালকলকে পুনরুজ্জীবিত করার জন্য একটি প্রকল্প এই বিভাগ কর্তৃক রাষ্ট্রীয় সমবায় বিকাশ নিগম (এন সি ডি সি)-এর নিকট প্রেরিত হয়েছিল। গত ফেব্রুয়ারি মাসে ঐ প্রকল্প অনুমোদিত হয়েছে এবং তদনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। ঐ কমিটির প্রতিবেদন অনুযায়ী আরও পাঁচটি চালকলকে দ্বিতীয় পর্যায়ে পুনরুজ্জীবিত করা হবে এবং বাকি চালকলগুলোকে লিকুইডেশনে

দেওয়া হবে বলে ঠিক করা হয়েছে।

**সাঁওতালডি বিদ্যুৎ প্রকল্পে কর্মচারিদের বেতন বাবদ ও ওভারটাইম বাবদ ব্যয়**

**১৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৯২৬।) **শ্রী সরল দেব ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সাঁওতালডি বিদ্যুৎ প্রকল্পে শ্রমিক কর্মচারিদের বেতন বাবদ মাসিক খরচের পরিমাণ কত;

(খ) উক্ত প্রকল্পে ওভারটাইম বাবদ মাসিক ব্যয়ের পরিমাণ কত; এবং

(গ) সাঁওতালডি প্রকল্পে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় উন্নতির জন্য রাজ্যসরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বেতন বাবত মাসিক খরচের পরিমাণ গড়ে ১২ লক্ষ ৩০ হাজার টাকা।

(খ) ওভারটাইম বাবত মাসিক ব্যয়ের পরিমাণ গড়ে ৬ লক্ষ ৬০ হাজার টাকা।

(গ) সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহের জন্য হাওড়া পর্যন্ত একটি ডাবল সারকিট ২২০ কে ভি লাইন আছে এবং আর একটি ডাবল সারকিট ২২০ কে ভি লাইন দুর্গাপুর হয়ে কসবা পর্যন্ত গত বছরে সম্পূর্ণ করা হয়েছে। চারটে ইউনিটে বিদ্যুৎ সরবরাহের জন্য এই ব্যবস্থাই যথেষ্ট।

**সল্ট লেকে ইলেক্ট্রনিক্স কারখানা স্থাপন**

**১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৩১।) **শ্রী সরল দেব ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সল্ট লেকে প্রস্তাবিত ইলেক্ট্রনিক্স কারখানা স্থাপনের জন্য কেন্দ্রের নিকট হইতে শিল্প লাইসেন্স পাওয়া গিয়াছে কি না; এবং

(খ) পাওয়া গিয়া থাকিলে কবে নাগাদ উক্ত কারখানা স্থাপনের কার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এবং (খ) রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে সল্ট লেকে কেন্দ্রীয় সরকারি উদ্যোগে একটি ইলেক্ট্রনিক্স সংস্থা স্থাপনের জন্য অনুরোধ করিয়া আসিতেছেন। কিন্তু এখন

পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন সন্তোষজনক উত্তর পাওয়া যায় নাই। তবে রাজ্যসরকারের একটি সংস্থা ওয়েস্ট বেঙ্গল ইলেক্ট্রনিক্স ইণ্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড সল্ট লেকে যৌথ উদ্যোগে কার্বন এবং মেটাল ফিলস রেজিস্টর অ্যালুমিনিয়াম ইলেক্ট্রোলাইটিক ক্যাপাসিটরস প্রস্তুতের কারখানা এবং একটি টুলরুম ও আনুষঙ্গিক যন্ত্রাদি সুবিধা কেন্দ্র (টুলরুম অ্যাণ্ড টুল-বেসড কমপোনেন্ট ফেসিলিটি) স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। ঐ প্রকল্পগুলি ১৯৮২-৮৩ সালের মধ্যে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়।

## সমাজশিক্ষা আধিকারিকের শূন্য পদ

**১৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৯।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন কোন জেলাতে বর্তমানে সমাজশিক্ষা আধিকারিকের পদ খালি আছে;

(খ) (১) কি কারণে উক্ত পদগুলি খালি আছে; এবং

(২) পদগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিম্নলিখিত জেলাসমূহে জেলা সমাজশিক্ষা আধিকারিকের পদ খালি আছে ঃ—

কলিকাতা, হাওড়া, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, মালদা, নদীয়া, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, কোচবিহার।

ইহা ছাড়া ২৪-পরগণা, মেদিনীপুর ও বর্ধমান জেলায় অতিরিক্ত জেলা সমাজশিক্ষা আধিকারিকের পদ খালি আছে।

(খ) (১) পদোন্নতির ভিত্তিতে পদগুলি পূরণের কথা। অধস্তন পদের কয়েকটি শাখার কর্মীবৃন্দ পদোন্নতির নিয়মাবলির বৈধতা হাইকোর্টে চ্যালেঞ্জ করিয়াছেন। আজ পর্যন্ত এই বিষয়ে মাননীয় হাইকোর্টের চূড়ান্ত সিদ্ধান্ত পাওয়া যায় নাই।

(২) পদোন্নতির নিয়মাবলির কিছু পরিবর্তন করিয়া পদগুলি পূরণের বিষয় বিবেচনা করা হইতেছে। এই বিষয়ে আইন বিভাগের গরামর্শ চাওয়া হইয়াছে।

## শিল্প প্রকল্পে কেন্দ্রের ছাড়পত্র

**১৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৬।) **শ্রী কমল সরকার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকার প্রস্তাবিত কোন কোন শিল্প প্রকল্প গত এক বছরে কেন্দ্রের ছাড়পত্র পেয়েছে;

(খ) কোন কোন প্রকল্প ছাড়পত্র পায়নি; এবং

(গ) ছাড়পত্র না পাওয়ার কারণ কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শিল্প প্রকল্পগুলি হল ঃ

(১) পশ্চিমবঙ্গ ফারমাসিউটিক্যাল এবং ফাইটোকেমিক্যাল উন্নয়ন সংস্থা লিঃ-এর অ্যাসপিরিন;

(২) পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন সংস্থা লিঃ-এর প্যারা-নাইট্রো-ক্লোরো বেনজিন, অর্থোনাইট্রো-ক্লোরোবেনজিন, নাইট্রিক অ্যাসিড ও অ্যামোনিয়াম নাইট্রেট;

(৩) পশ্চিমবঙ্গ ইলেক্ট্রোলাইটিক ক্যাপাসিটরস, ডিজিট্যাল ইলেক্ট্রনিক্স ঘড়ি, টি ভি রিসিভার এবং রেডিও কমিউনিকেশন ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(৪) ওয়েস্ট বেঙ্গল এসেনশিয়াল কমোডিটিস সাপ্লাই লিঃ-এর পরিস্রুত উদ্ভিজ তৈল; এবং

(৬) ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিলস লিঃ-এর ফেনল অ্যাসিটোন প্রকল্প ছাড়পত্র পায়নি।

(খ) পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন সংস্থা লিঃ-এর ফেনল অ্যাসিটোন প্রকল্প ছাড়পত্র পায়নি।

(গ) উক্ত বস্তুটি দেশে যথেষ্ট পরিমাণে উৎপাদনের জন্য ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার লাইসেন্স ছাড়পত্র মঞ্জুর করেছেন এবং বর্তমানে আর অতিরিক্ত উৎপাদনের সুযোগ নেই।

**১৯৭৫-৭৬ ও ১৯৭৯-৮০ সালে আহম্মদপুর চিনিকলে লোকসানের পরিমাণ**

**১৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৮০।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আহম্মদপুর চিনিকলে ১৯৭৫-৭৬ সালের এবং ১৯৭৯-৮০ সালের আর্থিক বছরে লোকসানের পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

লোকসানের পরিমাণ নিম্নরূপ ঃ

১৯৭৫-৭৬ সালে ৪৫,৭৩,৬০৭.৫২ টাকা।

১৯৭৯-৮০ সালে ৫৮,০৭,৬৪৫.৪৪ টাকা।

**১৯৭৫-৭৬ ও ১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গ চিনি শিল্পোন্নয়ন কর্পোরেশনের সভাপতি**

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৫৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৫-৭৬ এবং ১৯৭৯-৮০ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ চিনি শিল্পোন্নয়ন কর্পোরেশনে কোন কোন ব্যক্তি সভাপতি ছিলেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৭৫-৭৬ আর্থিক বছরে তৎকালীন স্বরাষ্ট্র রাষ্ট্রমন্ত্রী ডাঃ মোতাহার হোসেন এবং ১৯৭৯-৮০ আর্থিক বছরে বর্তমান মৎস্য ও সমবায় মন্ত্রী শ্রী ভক্তিভূষণ মণ্ডল উক্ত কর্পোরেশনের সভাপতি ছিলেন।

**কল্যাণী স্পিনিং মিল**

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯২।) **শ্রী সরল দেব ঃ** সরকারি সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কল্যাণী স্পিনিং মিলসে (১) ১৯৭৯ সালের ডিসেম্বর, (২) ১৯৮০ সালের জানুয়ারি, (৩) ১৯৮০ সালের ডিসেম্বর, (৪) ১৯৮১ সালের জানুয়ারিতে লোকসানের পরিমাণ কত?

**সরকারি সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

লোকসানের আনুমানিক পরিমাণ—

(১) ১৮.৯৯ লক্ষ টাকা,

(২) ১৮.৯৯ লক্ষ টাকা,

(৩) ২০.৩৬ লক্ষ টাকা,

(৪) ২০.৩৬ লক্ষ টাকা।

যেহেতু লোকসান পুরো বৎসরের ব্যবসার ফলাফল হিসাবে ধরা হইয়া থাকে—উপরোক্ত মাসিক লোকসান গড় করিয়া বাহির করা হইয়াছে।

**পুরুলিয়া জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ**

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৯।) **শ্রী শান্তিরাম মাহাত ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সাল হইতে ১৯৭৭ সালের মে মাস পর্যন্ত

পুরুলিয়া জেলার কতগুলি গ্রামে বৈদ্যুতীকরণ করা হইয়াছিল?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৭ সালের মে মাস পর্যন্ত পুরুলিয়া জেলার ৩৯১টি মৌজায় বৈদ্যুতীকরণ করা হইয়াছিল।

**পুরুলিয়া জেলায় বেকারদের চাকরি**

**১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং ১০৫০।) **শ্রী শান্তিরাম মাহাতো :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ১৯৭২ সালের জানুয়ারি মাস হইতে ১৯৭৭ সালের মে মাস পর্যন্ত রাজ্যসরকারের অধীনে কতজন বেকারকে চাকরিতে নিয়োগ করা হইয়াছিল;

(খ) উক্ত জেলায় ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত কতজন বেকারকে রাজ্যসরকারের অধীনে চাকরিতে নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) ঐ সকল নিযুক্ত ব্যক্তিদের মধ্যে পুরুলিয়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে কতজনকে নিয়োগ করা হইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ও (খ) সংবাদ সংগ্রহ করা হইতেছে।

(গ) ৯২০ জন (১৯৭২ সালের জানুয়ারি হইতে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত)।

**হুগলি জেলায় শিক্ষিত ও অশিক্ষিত রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা**

**১৬২।** (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৯।) **শ্রী মলিন ঘোষ :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় শিক্ষিত ও অশিক্ষিত রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা কত; এবং

(খ) গত তিন বৎসরে (১৯৭৭-৮০) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে কতজনকে চাকরিতে নিয়োগ করা হইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মাধ্যমিক ও তদুর্ধ্ব পরীক্ষায় উত্তীর্ণ—৯৫,৩২৭, অন্যান্য—৬৮,২৫৫, মোট ১,৬৩,৫৮২* (*প্রভিসনাল)।

(খ) পশ্চিমবঙ্গে—৬২,৫১১ জন। তন্মধ্যে হুগলি জেলায়—১,৬৯৫* জন (*প্রভিসনাল)

## বর্তমান পরীক্ষা পদ্ধতি সংস্কার

**১৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১১১৬।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিব ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান পরীক্ষা পদ্ধতি সংস্কারের কথা সরকার ভাবছেন কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, সরকার এ ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করার কথ ভাবছেন?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত না।

(খ) প্রশ্ন ওঠে না।

## মিউনিসিপ্যালিটি, টাউন কমিটি ও নটিফায়েড এরিয়া অথরিটিকে আর্থিক সাহায্য দান

**১৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১১২৯।) **শ্রী অনিল মুখার্জি ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকার ১৯৭৯-৮০ সালে মোট কতগুলি মিউনিসিপ্যালিটিকে কত আর্থিক সাহায্য দিয়াছেন; এবং

(খ) বাঁকুড়া জেলার বিভিন্ন মিউনিসিপ্যালিটি উক্ত বৎসরে সরকারের কাছে মোট কত আর্থিক সাহায্য পাইয়াছে?

**স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ১০১টি মিউনিসিপ্যালিটি, টাউন কমিটি ও নোটিফায়েড এরিয়া অথরিটিকে মোট ১৯,২৬,৩৮,৯৩৮ টাকা আর্থিক সাহায্য দিয়াছেন।

(খ) ৫৬,৫৩,৫৩০ টাকা।

## বিভিন্ন জেলায় যুব উৎসব

**১৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৯।) **শ্রী অনিল মুখার্জি ঃ** যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ সালে কোন কোন জেলায় যুব উৎসব অনুষ্ঠিত হইয়াছে;

(খ) উক্ত উৎসবে কোন কোন জেলার জন্য কত টাকা সরকার ব্যয় করিয়াছেন; এবং

(গ) কি কি বিষয় বিবেচনা করিয়া উক্ত উৎসবে সরকারি অর্থ সাহায্যের পরিমাণ স্থির করা হইয়াছে?

**যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৭৯-৮০ সালের পশ্চিমবঙ্গের সব কয়টি জেলায় যুব উৎসব অনুষ্ঠিত হইয়াছে।

(খ) যুব উৎসবের জেলাওয়ারী খরচ নিম্নে দেওয়া হইল ঃ—

| | | টাকা |
|---|---|---|
| (১) ২৪-পরগনা | ... | ১,১২,০০০ |
| (২) মেদিনীপুর | ... | ১,০৮,০০০ |
| (৩) হুগলি | ... | ৩৬,০০০ |
| (৪) হাওড়া | ... | ৪০,০০০ |
| (৫) বর্ধমান | ... | ৬৮,০০০ |
| (৬) নদীয়া | ... | ৪০,০০০ |
| (৭) বীরভূম | ... | ৪৪,০০০ |
| (৮) বাঁকুড়া | ... | ৫২,০০০ |
| (৯) মুর্শিদাবাদ | ... | ৪৪,০০০ |
| (১০) মালদা | ... | ৩২,০০০ |
| (১১) পশ্চিম দিনাজপুর | ... | ৩২,০০০ |
| (১২) জলপাইগুড়ি | ... | ৪৪,০০০ |
| (১৩) কোচবিহার | ... | ২৮,০০০ |
| (১৪) দার্জিলিং | ... | ৩২,০০০ |
| (১৫) পুরুলিয়া | ... | ৪৮,০০০ |
| | মোট | ৭,৬০,০০০ |

(সাত লক্ষ ষাট হাজার)

(গ) প্রতি জেলায় যে কয়টি ব্লকে যুব কল্যাণ অফিস আছে সেই সংখ্যার ভিত্তিতে অর্থের পরিমাণ স্থির করা হইয়াছে।

**Number of officials working in Chief Minister's Secretariat**

**166.** (Admitted question No. 1217.) **Shri Sk. Imajuddin** and **Shri Rajani Kanta Doloi :** Will the Chief Minister be pleased to state—

(a) the number of officials working in the Chief Minister's Secretariat as on 31st January, 1981; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community?

**Chief Minister :**

(a) 114.

(b) (i) Two.

(ii) Two.

(iii) Two.

**ম্যাসাঞ্জোর যুব আবাসে বিদ্যুৎ সংযোগ**

**১৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৫০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ম্যাসাঞ্জোর যুব আবাসে বিদ্যুৎ সংযোগ ছিন্ন আছে কি; এবং

(খ) উপরের 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত আবাসে বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপনের কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্ধমানে পূর্ত দপ্তরের সংশ্লিষ্ট আধিকারিককে এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

## কোচবিহার পলিটেকনিক কলেজ

**১৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৮।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে, কোচবিহার পলিটেকনিক কলেজের হিসাব সংক্রান্ত ত্রুটিবিচ্যুতির কাগজপত্র সিল করা হইয়াছে;

খ) সত্য হইলে, কত তারিখে উহা করা হইয়াছে; এবং

গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) হ্যাঁ।

খ) ১০ই নভেম্বর, ১৯৮০।

গ) কোচবিহার পলিটেকনিকের হিসাব সংক্রান্ত ত্রুটিবিচ্যুতি সঠিকভাবে নিরুপণের জন্য এবং উক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের হিসাব সংক্রান্ত বিষয়গুলি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষানিরীক্ষার জন্য কারিগরি শিক্ষা অধিকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হইয়াছে।

## কোচবিহার এ বি এন শীল কলেজ

**১৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৯।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) কোচবিহার জেলার এ বি এন শীল কলেজ শিক্ষকের অনুমোদিত পদ কয়টি; এবং

খ) উক্ত পদগুলির মধ্যে বর্তমানে কয়টি খালি আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) উনষাট।

খ) কুড়ি।

## প্রমোদকরমুক্ত চলচ্চিত্র

**১৭০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৩।) **ডাঃ মোতাহার হোসেন :** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ খ্রীষ্টাব্দের ১লা জুলাই হইতে ১৫ই ফেব্রুয়ারি, ১৯৮০ পর্যন্ত কতগুলি চলচ্চিত্রকে প্রমোদ-করমুক্ত করা হইয়াছে; এবং

(খ) তন্মধ্যে পশ্চিমবঙ্গে নির্মিত কতগুলি বাংলা ও হিন্দী ছায়াছবি এবং বোম্বাই হইতে নির্মিত কতগুলি ছায়াছবি ইহার আওতায় পড়িয়াছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ঃ**

(ক) ১৯৭৭ খ্রীষ্টাব্দের ১লা জুলাই থেকে ১৯৮০ খ্রীষ্টাব্দের অক্টোবর পর্যন্ত কোন চলচ্চিত্রকে প্রমোদ-করমুক্ত করা হয় নি। ১৯৮০ খ্রীষ্টাব্দের নভেম্বর থেকে ১৯৮১ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত ৪৯টি চলচ্চিত্রকে শর্তসাপেক্ষে প্রমোদ-করমুক্ত করা হইয়াছে।

(খ) তার মধ্যে পশ্চিমবঙ্গে নির্মিত বাংলা ও হিন্দী ছায়াছবির সংখ্যা যথাক্রমে ৪২ ও ৩ এবং বোম্বাইয়ের নির্মিত ছায়াছবির সংখ্যা ৪।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আজ আমি শ্রী রজনীকান্ত দলুই মহাশয়ের কাছ থেকে একটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রস্তাবে শ্রী দলুই পশ্চিমবঙ্গে বিদ্যুতের অভাবে সেচ ব্যবস্থার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

বর্তমান বাজেট অধিবেশনে বিদ্যুৎ বরাদ্দের বিতর্কের দিন এ বিষয়ে আলোচনার যথেষ্ট সুযোগ আছে।

তাই আমি এই প্রস্তাবে আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্য মহাশয় ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবটি সভায় পাঠাতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, বিদ্যুতের অভাবে চাষ হচ্ছে না বোরো সব নষ্ট হয়ে যাচ্ছে। এটা আপনি অ্যালাউ করলেন না।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

বিদ্যুতের অভাবে গ্রামবাংলায় সেচের অসুবিধা।

বর্তমানে বোরো ধান উৎপাদনের সময়। কিন্তু ক্রমবর্ধমান লোডশেডিং-এর ফলে উৎপাদন সাংঘাতিকভাবে ব্যাহত হচ্ছে। গ্রামের সেচ ব্যবস্থা যার উপর নির্ভরশীল সেই বিদ্যুৎ অপ্রতুল। গভীর নলকূপ, রিভার লিফট, অগভীর নলকূপ, সব বিদ্যুতের অভাবে অচল। তার ফলে

চাষে জল পাওয়া যাচ্ছে না। বর্তমান মরশুমে সেচ ব্যবস্থাকে বাঁচানোর জন্যে বিদ্যুতের যোগান সম্পর্কে আলোচনার জন্য আজ বিধানসভার কাজ বন্ধ রাখা হোক।

## CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ-

| | |
|---|---|
| ১) ডোমজুড়ের কাছে লরি উল্টে যাওয়ার ঘটনা— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ২) পশ্চিম দিনাজপুরে নকশাল পন্থী কাগজপত্র উদ্ধার— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৩) পে-কমিশনের জন্য রাজ্য সরকারের ব্যয়— | শ্রী রজনীকান্ত দলুই, |
| 4) Alleged Police attack on State Govt. Employees Fedaration Demonestration— | Shri Rajani Kanta Doloi, |
| 5) Alleged use of Private Lorry to carry partyman on the Brigade mobilization— | Shri Rajani Kanta Doloi, |
| 6) Water supply crisis in Darjeeling— | Shri Rajani Kanta Doloi, |
| 7) Alleged violation of Governor's Directives by the Jadavpore University— | Shri Rajani Kanta Doloi, |
| 8) Secret Murder in Durgapure— | Shri Rajani Kanta Doloi, |

আমি এগুলির কোনওটাই গ্রহণ করতে পারছি না।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি স্বরাষ্ট্র (পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে চিৎপুর থানার লক আপে জনৈক আশিষ সোমের মৃত্যু সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। ডাঃ বিনোদবিহারী মাঝি এবং শ্রী জন্মেজয় ওঝা ১১ই মার্চ, ১৯৮১ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

**শ্রী জ্যোতি বাসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিতপুর থানার লক আপে আশিষ সোমের মৃত্যু সম্পর্কে এই সভায় মাননীয় সদস্য ডাঃ বিনোদবিহারী মাঝি এবং শ্রী জে ওঝা মহাশয়গণ যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এনেছেন সে বিষয়ে আমি এই বক্তব্য রাখছি। ১৯৭০-৭১ সালে আশিষ সোম নকশাল আন্দোলনে অংশগ্রহণকারী হিসাবে পুলিশের নজরে আসেন। ১৯৭০ সালের মে মাসে পুলিশের কাছে খবর আসে যে তিনি কলকাতার শ্রীনাথ মুখার্জি লেনে নকশালপন্থীদের নুতন করে দলবদ্ধ করছেন। ৫ই মে তারিখে তাকে গ্রেপ্তার করে চিৎপুর থানায় নিয়ে আসা হয়। ১৯৭৪ সালের এপ্রিল মাসের ভিন্ন ভিন্ন তারিখে চিৎপুর থানায়

রুজু করা চারটি মামলায় তাঁকে গ্রেপ্তার দেখান হয়। ৫ই মে তারিখেই আশিষকে আদালতে হাজির করানো হয়। আদালতের আদেশ হয় যে ১২ই মে পর্যন্ত তিনি পুলিশের হেফাজতে থাকবেন। ৭ই মে সকাল প্রায় ৬.৪০ মিনিটের সময় স্থানীয় অ্যাসিস্ট্যান্ট কমিশনার চিৎপুর থানায় ছিলেন। সেই সময় তিনি খবর পান যে থানার লক আপের শৌচাগারে আশিষ গলায় ফাঁস দিয়েছেন। তৎক্ষণাৎ অ্যাসিস্ট্যান্ট কমিশনার থানার অন্যান্য লোকজন নিয়ে ঐ শৌচাগারে যান এবং দেখেন যে আশিষের দেহ একটা সিসটার্নে ঝুলছে। একটা বেলট দিয়ে তাঁর গলা সিসটার্নের সাথে বাঁধা আছে। সঙ্গে সঙ্গে তাঁকে সেখান থেকে নামান হয় এবং আর. জি. কর হাসপাতালে পাঠানো হয়। সেখানে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। মৃতদেহের ময়না তদন্ত এন. আর. এস. হাসপাতালে হয়। একজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এই মৃত্যু সম্পর্কে তদন্ত করেন। দুই তদন্তেই এই অভিমত প্রকাশ করা হয়েছে যে মৃত ব্যক্তি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। আশিষের মা শ্রীমতি প্রতিভা সোমের আবেদনে কলকাতা হাইকোর্ট এই আদেশ দিয়েছিলেন যে, এই ঘটনার উপর একটা মামলা রুজু করা হোক। সেইমতো চিৎপুর থানা ভারতীয় দণ্ডবিধি ৩০৪ ধারা অনুযায়ী একটা মামলা রুজু করেন। এর তদন্ত শেষ হলে তদন্তের রিপোর্টের উপর স্থানীয় পাবলিক প্রসিকিউটারের মতামত নেওয়া হয়। তিনি এই অভিমত প্রকাশ করেন যে এই মামলায় কোনও চার্জশিট দেওয়া চলে না। স্থানীয় সাবডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কাছে সেই রকম প্রতিবেদন পাঠানো হয়।

**শ্রী বিনয় কোনার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে স্টেটসম্যান কাগজে বেরিয়েছে, রাজ্যসভায় প্রশ্নোত্তর সম্পর্কে—রাজ্য সভার চেয়ারম্যান হিদায়েতুল্লা সাহেব, তিনি জনৈক পশ্চিমবাংলার কেন্দ্রীয় সম্পর্কে যা মন্তব্য করেছেন, সেটা পশ্চিমবাংলার মর্য্যাদার উপর আঘাত করেছে। তিনি যে দলেরই কেন্দ্রীয় মন্ত্রী হোন না কেন, তিনি পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত-এর আগে পুরাণো বহু কেন্দ্রীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত হয়েছিলেন, যেমন শ্যামাপ্রসাদ মুখর্জি, হুমায়ুন কবির, অশোক সেন প্রভৃতি। পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত কোনও মন্ত্রী সম্পর্কে এই রকম মন্তব্য শোনা যায়নি। আমি একটু পড়ে দিচ্ছি স্টেটস ম্যানে যে কথাটা আছে, আই হ্যাভ মেড হিম (দি মিনিস্টার) আণ্ডারস্ট্যাণ্ড দি কোয়েশ্চেন। বাট আই অ্যাম হেল্পলেস টু গেট রিপ্লাই আউট অব হিম কোয়েশ্চেনটা ছিল কোলিয়ারী শ্রমিকদের ৬ দিনের বেশি খাটানো চলবে না, তার উত্তর না দিয়ে, তিনি বিষয়টা সম্পর্কে একেবারেই অজ্ঞ ছিলেন। স্টেটসম্যানে এটা বেরিয়েছে এই রিপোর্ট মিথ্যা কি না জানিনা, আমি আপনার কাছে অনুরোধ করব, রাজ্য সভার মাননীয় চেয়ারম্যানের কাছে এই নিয়ে খোঁজ করা দরকার, এই রকম প্রশ্নোত্তর হয়েছিল কি হয়নি।

**মিঃ স্পিকার ঃ** আমরা জানতে চাইব এই রকম আলোচনা সেখানে হয়েছে কি না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে এই হাউসে আলোচনা হতে পারে না।

(গোলমাল)

[1-10 – 1-20 p.m.]

**Shri Bholanath Sen :** The answer was the best I can tell you "The Statesman" didnot understand it at all. The answer was the best.

**Mr. Speaker :** Whether at all such a statment was made by the Hon'ble Vice-President, the chairman of the House, that is a matter স্টেটসম্যান কাগজের উপর কোনও বক্তব্য আমি বলতে পারি না। দ্যাট মে বি রেফার্ড টু।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, আপনি অ্যালাও করছেন?

**মিঃ স্পিকার ঃ** আমি অ্যালাও করছি না। ব্যাপারটা আমরা জিজ্ঞাসা করতে পারি।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যার, আপনি জানতে চেয়েছেন যখন জানবেন। এটা যদি সত্য হয় তাতে পশ্চিমবাংলার মর্যাদার কি সম্পর্ক আছে—উনি কি বললেন, আমি বুঝতে পারলাম না গনিখান চৌধুরি যদি বলে থাকেন, যদি সত্য হয়ে থাকে তাতে আমাদের কোনও মর্যাদা হানি হয়নি, কংগ্রেসের হতে পারে, ঐ মন্ত্রীর হতে পারে।

**শ্রী ভোলনাথ সেন ঃ** কংগ্রেসের মর্যাদা হানি হয়নি, মন্ত্রীরও মর্যাদা হানি হয়নি। আপনি একটু ভাল করে পড়ে দেখুন, তাতে তার ক্ষমতা প্রমাণিত হয়েছে, আর কিছু হয়নি। স্টেটসম্যান কাগজ আপনাদের বিরুদ্ধে লিখলে তখন বলবেন বাজে কথা বলেছে। অ্যাকচুয়্যাল ফ্যাক্টসটা পড়ে দেখুন দি বেস্ট অ্যানসার পসিবল ওয়াজ গিভেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত সোমবার দিন স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ ফেডারেশনের ৬ জন কর্মীকে অন্যায়ভাবে সাসপেণ্ড করা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** উনি তো বলেছেন স্টেটমেন্ট দেবেন, পুলিশ বাজেটের দিন আপনি আলোচনা করতে পারবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, চীফ মিনিস্টার এখানে উপস্থিত আছেন। উনি ২৬ তারিখে ওয়েস্ট দিনাজপুরে বন্দুক লুঠের ব্যাপারে স্টেটমেন্ট দিয়েছিলেন। সমস্ত খবর পাবার পর একটা পূর্ণাঙ্গ স্টেটমেন্ট দেবেন, আমি এই রিকোয়েস্ট করেছিলাম। আপনি বলেছিলেন ম্যাসেজ হ্যাজ বিন কমিউনিকেটেড টু দি অনারেবল চীফ মিনিস্টার। আজকে উনি হাউসে আছেন—আমরা বিভিন্ন সূত্রে বিভিন্ন রকম সংবাদ পাচ্ছি এবং নিজেরা অবস্থা দেখেছি। সেখানকার মানুষের ভয়াবহ অবস্থা সম্পর্কে, সাধারণ মানুষের সন্ত্রাস সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর কছে একটি পূর্ণাঙ্গ বিবৃতি চেয়েছি।

**শ্রী জ্যোতি বসু** ঃ কথা হচ্ছে—উনি তো দেখেছেন চুরি হয়েছে, লুঠ করে নিয়ে গেছে। তার মধ্যে ৩০টি হয়ত উদ্ধার হয়েছে, আরও হচ্ছে। যখন সবটার রিপোর্ট আসবে তখন দেব, এখন সময় আছে। তবে ত্রাসের কিছু নেই, সম্পূর্ণ অসত্য কথা। লক্ষ লক্ষ লোক পশ্চিমদিনাজপুরে আছে। আপনি একটা সিট পেয়েছেন, তা নিয়ে এত বড় কথা বলার কিছু নেই।

**Dr. Zainal Abedin :** Why do you forget, Hon'ble Chief Minister, that you will not be able to enter West Dinajpur? ১৯৭১ এবং ১৯৭২ সালে আপনারা একটা সিটও পাননি।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ মাননীয় মুখ্যমন্ত্রীর এই দাম্ভিক বক্তৃতা অত্যন্ত দুঃখজনক।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ চীফ মিনিস্টারের জানা দরকার ১৯৭১-৭২তে হি কুড নট সিকিওর এ সিঙ্গল সিট ফ্রম ওয়েস্ট দিনাজপুর।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 7

**Major Heads :** 229—Land Revenue, and 504—Capital Outlay on other General Economic Services

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 21,25,56,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "229—Land Revenue and 504—Capital Outlay on other General Economic Services".

২। ১৯৮০-৮১ আর্থিক বছরের জন্য "০২৯—ভূমিরাজস্ব" খাতে আনুমানিক আয় ধরা হয়েছিল ৪২,৮৮,৮৩,০০০ টাকা। ১৯৮১-৮২ সালে এই আয় কমে গিয়ে ৩৩,৮৯,০০,০০০ টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। এর মধ্যে ৪ কোটি টাকা ল্যাণ্ড হোল্ডিং রাজস্ব হিসেবে পাওয়া যাবে বলে ধরা হয়েছে। ১৯৭৯ সালের ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড হোল্ডিং রেভেনিউ আইনটির রূপায়ণের মাধ্যমে আমরা ঐ টাকা আদায় করতে পারব বলে আশা করছি। রাজ্য সরকার কর্তৃক প্রস্তাবিত ১৯৭৯ সালের ১লা আগস্ট থেকে ১৫% হারে মূল্যানুযায়ী শুল্কের পরিবর্তে কেন্দ্রীয় সরকার ১৯৮১ সালের ১২ই ফেব্রুয়ারি থেকে টন প্রতি রয়্যালটির হার কিয়ৎ পরিমাণে বাড়াতে রাজি হয়েছেন। এর ফলে, কয়লার উপর রয়্যালটি বাবদ প্রায় ২৪.৫৪ কোটি টাকা সংগ্রহ হবে বলে আশা করা হচ্ছে। পূর্বে এই আয় ৩২ কোটি টাকা হবে বলে ধরা হয়েছিল।

৩। ১৯৮১-৮২ আর্থিক বছরের জন্য যে ২১,২৫,৫৬,০০০ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব

করা হয়েছে, তার মধ্যে "২২৯—ভূমিরাজস্ব" খাতে ১৮,৪৮,৩০,০০০ টাকা এবং "৫০৪—অন্যান্য সাধারণ অর্থনৈতিক কৃত্যকসমূহের ক্ষেত্রে মূলধনী ব্যয়বরাদ্দ" খাতে ২,৭৬,২৬,০০০ টাকা ব্যয় ধরা হয়েছে।

৪। মাননীয় সদস্যবৃন্দকে ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের কার্যাবলি সম্পর্কে অবহিত করার উদ্দেশ্যে বিগত বৎসরগুলির ন্যায় এবারেও আমরা "ভূমি-সংস্কার ঃ পশ্চিমবঙ্গ পঞ্চম খণ্ড"—এই শিরোনামে একটি পরিসংখ্যান সংবলিত পুস্তিকা বিতরণ করেছি। আমি আশা করি, এই পুস্তিকাটি আমাদের সাফল্য এবং ব্যর্থতার মূল্যায়নে সহায়তা করবে।

৫। পূর্বে আমি এই সভায় পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ব্যাপক, সংশোধনের উদ্দেশ্যে একটি বিল পেশ করব বলে কথা দিয়েছিলাম। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, আইনটির ফাঁক বা গলদগুলি দূর করার জন্য বর্তমান আইনটি ব্যাপক আকারে সংশোধনের উদ্দেশ্যে বিধানসভার বিগত অধিবেশনে আমরা পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার (দ্বিতীয় সংশোধন) বিল, ১৯৮০—এই বিলটি পেশ করতে সমর্থ হয়েছি। কলকাতায় ঠিকা প্রজাস্বত্বের ক্ষেত্রে জমিদারদের মালিকানা স্বত্ব গ্রহণ এবং ঠিকা প্রজা ও ভাড়াটিয়াদের স্বার্থ সংরক্ষণের জন্য গত অধিবেশনে ১৯৮০ সালের কলকাতা ঠিকা প্রজাস্বত্ব (গ্রহণ ও নিয়ন্ত্রণ) বিলটিও পেশ করা হয়েছিল। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, এই বিল দুটি বর্তমানে দুটি সিলেক্ট কমিটির বিবেচনাধীন রয়েছে। এই প্রসঙ্গে সভার অবগতির জন্য আমি আরও জানাচ্ছি যে, ১৯৭৯ সালে যে ল্যাণ্ড হোল্ডিং রেভেনিউ বিল পাস করা হয়েছিল, সেই বিলটি রাষ্ট্রপতির অনুমোদন লাভ করে আইনে পরিণত হয়েছে। পরবর্তী কৃষি বৎসর থেকে আইনটি কার্যকর করার জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় বিধানাবলি (রুলস) তৈরি করা হয়েছে এবং তা প্রকাশের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৬। রাজ্য সরকারের গ্রামীণ উন্নয়ন পরিকল্পনার সার্থক রূপায়ণের ক্ষেত্রে ভূমি-সংস্কার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। বিগত বৎসরে প্রবল বাধা-বিপত্তি সত্ত্বেও এই ভূমি-সংস্কার কর্মসূচি দৃঢ়তার সঙ্গে সযত্নে রূপায়িত করা হয়েছিল। অপারেশন বর্গা ও উর্ধ্বসীমার অতিরিক্ত জমি সরকারে ন্যস্ত করার কর্মসূচি অব্যাহত রাখা হয়েছে। তাছাড়া নথিভুক্ত বর্গাদারগণ এবং সরকারে ন্যস্ত জমি বন্দোবস্ত পেয়েছেন এরূপ ব্যক্তিগণ যাতে দারিদ্র্যসীমা অতিক্রম করতে পারেন, সেজন্য বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে তাঁদের বহুবিধ কল্যাণসাধনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। তাঁরা যাতে নিজ নিজ জমিতে সহজে জলসেচের সুযোগ পান এবং দীর্ঘকাল ব্যবহারযোগ্য অন্যান্য যন্ত্রপাতি বা সাজ-সরঞ্জাম পান, তদুদ্দেশ্যে পূর্ণ গ্রামীণ উন্নয়নের পরিকল্পনাতে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করা হয়েছিল। তদুপরি এই দুই শ্রেণীর ব্যক্তিদের মধ্যে যাঁরা তপশীল জাতিভুক্ত তাঁদের জন্য একটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। বর্গাদার এবং ন্যস্ত জমির প্রাপকগণকে ঋণদানের পরিকল্পনাটি এ বৎসরও সর্বতোভাবে কার্যকর করবার চেষ্টা করা হয়েছে। ১৯৮১ সালের খারিফ মরশুমে কিঞ্চিদধিক ৫০ (পঞ্চাশ)

হাজার ব্যক্তিকে আর্থিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে এইরূপ অর্থ সাহায্য দেওয়া হয়েছে। এর ফলে বিগত দুই বৎসরের মধ্যে এইরূপ ঋণপ্রাপ্ত ব্যক্তিদের মোট সংখ্যা দাঁড়িয়েছে এক লক্ষের কিছু বেশি। মূলত, পরমুখাপেক্ষী কৃষিশ্রমিক এবং বর্গাদারগণকে আর্থিক দিক দিয়ে স্বনির্ভর করে তোলবার জন্য একটি নতুন পরীক্ষা-নিরীক্ষার সূচনা করা হয়েছে এই বিশেষ কর্মসূচির মাধ্যমে। এই আর্থিক সাহায্যদানের পরিকল্পনাটি ১৯৮১-৮২ সালে নথিভুক্ত বর্গাদার ও ন্যস্ত জমির প্রাপকগণের ক্ষেত্রেও সম্প্রসারিত করা হবে। এই উদ্দেশ্যে এই বিভাগের পরিকল্পনা বাজেট খাতে ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৭। ১৯৭৬ সালের শহরাঞ্চলের জমি (ঊর্ধ্বসীমা ও নিয়ন্ত্রণ) আইনটির সঠিকভাবে রূপায়ণের জন্য ভূমি-সংস্কার দপ্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। প্রয়োজনের ক্ষেত্রে যাতে ব্যবহার করা যায় তদুদ্দেশ্যে ঊর্ধ্বসীমার অতিরিক্ত সমস্ত খালি জমি সরকারে ন্যস্ত করার ব্যাপারে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ১৯৮০ সালে এই আইনের ১০(১) ধারানুযায়ী ১৩.৬ লক্ষ বর্গমিটার জমির জন্য নোটিফিকেশন জারি করা হয়েছে। কলকাতা শহরে ১০,০০০ বর্গমিটারের সামান্য কিছু বেশি খালি জমি দখল নেওয়া হয়েছে। এ পর্যন্ত এই আইন অনুসারে যে জমি সরকারে বর্তেছে তার পরিমাণ হল ৩.০৫ লক্ষ বর্গমিটার। ঐ জমির মধ্যে ৬,০০০ বর্গমিটার পরিমাণ জমি গৃহনির্মাণ ও মেট্রো রেলওয়ের জন্য বন্টন করা হয়েছে।

৮। পরিশেষে, ভূমি-সংস্কার দপ্তরের আর একটি গুরুত্বপূর্ণ কার্যের প্রতি আমি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তা হোল জমি অধিগ্রহণ, যা বিভিন্ন উন্নয়ন প্রকল্পের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিশেষ গুরুত্ব লাভ করেছে। এই বিভাগ বর্তমানে মেট্রো রেলওয়ে, তিস্তাবাঁধ প্রকল্প, তাপবিদ্যুৎ প্রকল্প, হাওড়া-আমতা ব্রডগেজ রেলওয়ে লাইন, হলদিয়া প্রকল্প, হলদিয়া আরবান কমপ্লেক্স এবং ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ও কলকাতা মেট্রোপলিটান উন্নয়ন সংস্থার নানাবিধ প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজে নিযুক্ত আছে। গত বছরে এই প্রকল্পগুলির জন্য ৭,২৬৫ একর জমি অধিগৃহীত হয়েছিল এবং প্রায় ৫ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ জমির মালিকদের দেওয়া হয়েছে।

৯। এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সদস্যগণকে অনুরোধ জানাচ্ছি, তাঁরা সকলে যেন আমাদের কাজে সংহযোগিতা করেন এবং ১৯৮১-৮২ আর্থিক বছরের জন্য ৭নং দাবির ক্ষেত্রে ২১,২৫,৫৬,০০০ টাকা (একুশ কোটি পঁচিশ লক্ষ ছাপ্পান্ন হাজার টাকা) ব্যয়বরাদ্দের প্রস্তাবটি মঞ্জুর করেন।

## ভূমিসংস্কার—পশ্চিমবঙ্গ

পরিসংখ্যান বিবরণীর এই পঞ্চম খণ্ডে ১৯৮০ সালে ভূমিসংস্কার কাজের অগ্রগতির বিবরণ এবং ঐ বৎসরের শেষ পর্যন্ত মোট কাজের সামগ্রিক অগ্রগতির হিসাব দেওয়া হয়েছে। পূর্বের বিবরণীগুলিতে সার্বিক পর্যায়ে পরিসংখ্যানের সীমাবদ্ধতা সম্পর্কে আলোচনা করা

হয়েছিল। ক্রমাগত পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে তার ত্রুটি-বিচ্যুতি অনেকটা কমিয়ে আনা হলেও এখনও সংশোধনের অবকাশ থেকে যেতে পারে।

পরিসংখ্যান বিবরণীর চতুর্থ খণ্ডে এই রাজ্যে মোট বর্গাদারের সংখ্যা দেওয়া হয়েছিল আনুমানিক কুড়ি লক্ষ। ১৯৮০ সালের ডিসেম্বর মাসের শেষে নথিভুক্ত বর্গাদারের সংখ্যা দশ লক্ষ ছাড়িয়ে গিয়েছে। সরকারি প্রশাসন, পঞ্চায়েত ও অন্যান্য স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের অক্লান্ত প্রচেষ্টা সত্ত্বেও এখনও পর্যন্ত মোট নথিভুক্তি শতকরা পঞ্চাশ ভাগের সামান্য কিছু বেশি লক্ষমাত্রায় পৌঁছেছে। বহু-বিন্যস্ত গ্রামীণ সমাজে সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতার বৈষম্যমূলক কাঠামোর কিছুটা পুনর্বিন্যাসের উদ্দেশ্যকে বিশেষভাবে লক্ষ্য রেখে যে কোনও কর্মসূচি বাস্তবে রূপায়ণ করা নিতান্ত দুরূহ ও কষ্টসাধ্য। এই বৎসর মোট নথিভুক্ত বর্গাদারের সংখ্যা দুই লক্ষ সতের হাজার অর্থাৎ প্রতি মাসে গড়ে আঠার হাজার বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে। যদিও লক্ষ্যমাত্রা এখন অনেক দূরে, তবুও দশ লক্ষ ভাগচাষীর নাম নথিভুক্তীকরণ দরিদ্র গ্রামবাসীদের মনে যে আশা ও আলোড়ন সৃষ্টি করেছে তা উপেক্ষার নয়। যে কোনও সরকারের পক্ষে এই কাজ নিঃসন্দেহে গর্বের বিষয়।

এই বৎসরে মোট ৩৪,৪৩৭ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। ১৯৮০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ন্যস্ত কৃষি জমির প্রমাণ ১২.১২ লক্ষ একর। ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে জমির ঊর্ধ্বসীমা সংক্রান্ত আইন কঠোরভাবে প্রয়োগ করে এত বেশি কৃষি জমি সরকারে ন্যস্ত হয়নি। কিন্তু এতে আত্মতুষ্টির কোনও অবকাশ নেই। এ কথা সকলেই জানেন যে, আরও অনেক বেশি জমি সরকারে ন্যস্ত করা সম্ভব হত যদি না আইনের শিথিলতার সুযোগ নিয়ে জমির মালিকেরা নানান কুটিল কৌশলে অসৎভাবে তাঁদের উদ্বৃত্ত জমি লুকিয়ে রাখতে সমর্থ হতেন। তাই পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের আমূল সংশোধনের জন্য বিধান সভায় একটি বিল আনা হয়েছে। এবং ঐ বিলে এমন কতগুলি ধারা সন্নিবেশিত করা হয়েছে যার সাহায্যে ঐ সব লুকিয়ে রাখা জমির বেশ কিছু অংশ আইন মোতাবেক উদ্ধার করে সরকারে ন্যস্ত করা হয়তো সম্ভব হবে।

এই পুস্তিকায় প্রকাশিত সরকারে ন্যস্ত জমির পরিমাণ সম্পর্কে মনে হয় কিছু মন্তব্য রাখার প্রয়োজন আছে। ২ নং তালিকায় জমিদারী অধিগ্রহণ আইন ও ভূমিসংস্কার আইন-বলে সরকারে ন্যস্ত মোট জমির সামগ্রিক পরিমাণ দেখানো হয়েছে। ন্যস্ত জমির নেট হিসাব দেবার চেষ্টা করা হয়নি। কারণ, আদালতের বিভিন্ন আদেশে কিছু পরিমাণ জমি প্রত্যর্পণ করা হতে পারে, ভবিষ্যতে আপিলক্রমে কিছু জমি পুনরায় সরকারে ন্যস্ত হতে পারে এবং তার সঙ্গে মনে রাখতে হবে—সর্বদাই উদ্বৃত্ত কিছু জমি ক্রমাগত সরকারে ন্যস্ত হয়ে চলেছে। এ ছাড়াও কোনও কোনও ক্ষেত্রে ন্যস্ত জমির শ্রেণীবিন্যাস কৃষি থেকে অকৃষিতে এবং অকৃষি থেকে কৃষিতে রূপান্তরিত হতে পারে। সুতরাং মোট জমির সামগ্রিক পরিমাণ অবহিত করে

উপরোক্ত উভয় আইনের বলে মোট উদ্বৃত্ত জমির উদ্ধার ও ন্যস্তকরণের দিকে সরকারি প্রশাসনের সার্বিক প্রচেষ্টার উপর আলোকপাত করাই যুক্তিযুক্ত ও ন্যায়সঙ্গত বলে মনে হয়েছে।

চলতি বৎসরে ন্যস্ত জমি পুনর্বন্টন কাজের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। উনষাট হাজার একরের সামান্য কিছু বেশি ন্যস্ত কৃষি জমি প্রায় এক লক্ষ পঁচাত্তর হাজার লোকের মধ্যে বন্টন করা হয়েছে। পঞ্চায়েতের সহযোগিতা এই কাজকে ত্বরান্বিত করতে যথেষ্ট সাহায্য করেছে। তবু এ ব্যাপারে উল্লেখযোগ্য উন্নতিসাধনের এখন অনেক সুযোগ আছে।

আদালতের ইনজাংশনে আবদ্ধ মোট জমির পরিমাণ ক্রমশ বেড়ে চলেছে। নিচের তালিকা থেকে সেই অশুভ চিত্রটি বেরিয়ে আসছে।

| তারিখ | ইনজাংশনে আবদ্ধ জমির পরিমাণ (লক্ষ একরে) |
|---|---|
| ৩১-১২-৭৮ | ১.৬৪ |
| ৩১-১২-৭৯ | ১.৬৮ |
| ৩১-১২-৮০ | ১.৭৯ |

এইভাবে প্রায় দুশ আশি বর্গমাইল পরিমাণ সবচেয়ে ভাল চাষের উপযোগী ন্যস্ত কৃষি জমি মামলায় আবদ্ধ আছে। এবং তার ফলে গ্রামের প্রায় আড়াই থেকে তিন লক্ষ দুঃস্থ পরিবার ভূমিসম্পদ থেকে তাদের অর্থনৈতিক অবস্থা উন্নত করতে এবং বোঝাবার ক্ষমতা অর্জন করতে বঞ্চিত হচ্ছে।

সরকার এইসব মামলার কার্যকারণ সম্পর্কে উদ্বিগ্ন। ন্যস্ত জমি ও বর্গা নথিভুক্তি সংক্রান্ত মামলাগুলিকে পরিচালনা করার উদ্দেশ্যে হাইকোর্টে আইনজ্ঞদের একটি বিশেষ "সেল" গঠিত হয়েছে। এইসব মামলা পরিচালনার জন্য সরকার পর্যাপ্ত অর্থ বরাদ্দ করেছেন। এই সব মামলার কাজে নিযুক্ত পেশাদারী ও বিশেষজ্ঞদের ব্যয়নির্বাহের জন্য ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮০-৮১ সালের মধ্যে মোট প্রায় এক কোটি আটান্ন লক্ষ উনষাট হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। বর্গাদারদের আইনগত সাহায্য প্রদানের একটি পরিকল্পনা চালু করা হয়েছে। সম্প্রতি সুপ্রীম কোর্ট পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন ও সংশ্লিষ্ট পারিবারিক সিলিং ও বর্গাদার সংক্রান্ত ধারাগুলি বিধিসম্মত বলে রায় দিয়েছেন। গত ২০ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে অপারেশন বর্গার বিরুদ্ধে রিট আবেদনগুলিও সুপ্রীম কোর্ট নাকচ করেছেন।

প্রায় পাঁচ লক্ষ তিয়াত্তর হাজার একর ন্যস্ত জমি অকৃষি জমি হিসেবে শ্রেণীভুক্ত। পরিসংখ্যান বিবরণীর দ্বিতীয় খণ্ডে উল্লেখ করা হয়েছিল যে, ঐ সকল অকৃষি জমি কিভাবে ব্যবহৃত হচ্ছে তা পরবর্তী বিবরণীতে প্রকাশ করা হবে। ঐ উদ্দেশ্যে কয়েকটি জেলায় কিছু

নমুনা অনুসন্ধান করা হয়েছিল। এ সম্পর্কে যে সব তথ্য পাওয়া গিয়েছে তা থেকে দেখা যাচ্ছে যে বহু অকৃষি জমিকে ইতিমধ্যে কৃষি জমিতে রূপান্তরিত করে ফেলা হয়েছে, যদিও ঐ সব জমি আজ পর্যন্ত কাউকে বন্দোবস্ত দেওয়া হয়নি। এইসব জমি উপযুক্ত কাজে সদ্ব্যবহার করার জন্য বিভিন্ন সরকারি দপ্তরকে প্রস্তাব পাঠানো হয়েছে। পুরুলিয়া মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় এখন ডি. পি. এ. পি. প্রকল্পের কাজ চলছে। এই তিন জেলায় কুড়ি একর এবং ততোধিক আকারের অকৃষি জমি বনবিভাগকে দেওয়া হচ্ছে। সমাজমুখী বনোন্নতির অথবা অন্যান্য জনকল্যাণমুখী কর্মসূচিকে রূপায়ণের অভিপ্রায়ে ক্ষুদ্রতর জমিগুলি পঞ্চায়েতের হাতে তুলে দেবার জন্য রাজস্ব পর্ষদ থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ বাস্তু জমি অধিগ্রহণ আইন অনুসারে চৌষট্টি হাজারের বেশি অনুমতি দখলকারকে 'রায়ত' হিসাবে নথিভুক্ত করা হয়েছে। পূর্ববর্তী বৎসর অপেক্ষা চলতি বৎসরে এই কাজের কিছু অগ্রগতি লক্ষ্য করা যায়। এই আইনের বলে বহু ভূমিহীন ও বাস্তুহীন দুঃস্থ পরিবার আট শতক পরিমাণ পর্যন্ত বাস্তু জমির মালিকানা পেয়ে সরাসরি উপকৃত হয়েছেন। দুর্ভাগ্যবশত প্রয়োজনীয় ব্যবস্থার অভাবে ঐ সব উপকৃত ব্যক্তিকে গৃহনির্মাণে আর্থিক অনুদান সম্ভব হয়ে ওঠেনি বলে তাঁরা নতুন বাড়ি তৈরি বা পুরানো জরাজীর্ণ আবাসের সংস্কার সাধন এখন করতে পারেননি। "অপারেশন বর্গা" অভিযানের অঙ্গ হিসাবে গণ্য করে এই কর্মসূচিকে জরুরি ভিত্তিতে গ্রহণ করবার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনকে অনুরোধ করা হয়েছিল যাতে উপরোক্ত আইনে নথিভুক্ত করার হার বাড়ানো যায়।

চলতি বছরে স্বাভাবিক জরিপের কাজ নির্ধারিত লক্ষ্যমাত্রার নিচে। তবুও বলা যায় পুরুলিয়া জেলা এবং পশ্চিম দিনাজপুর জেলায় ইসলামপুর মহকুমা ছাড়া অন্য সমস্ত জেলায় জমিদারি দখল আইনে ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত ও প্রকাশনের কাজ শেষ হয়েছে। সামান্য কিছু কাজ যা অবশিষ্ট আছে তার কারণ সেগুলি কোনও না কোনও মামলায় জড়িত। সেগুলি আরও কতদিন আদালতে আবদ্ধ থাকবে কেউ তা জানে না। সেই হেতু বাস্তবক্ষেত্রে এটা বলা যেতে পারে যে পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইন অনুসারে ক্ষতিপূরণ নির্ধারণের জন্য তালিকা প্রস্তুতের কাজ শেষ হতে চলেছে। কিন্তু এ-কথা সত্য যে ক্ষতিপূরণ প্রদানের হার অত সন্তোষজনক নয়। চূড়ান্ত ক্ষতিপূরণ প্রদান ত্বরান্বিত করার উদ্দেশ্যে সরকার সামান্য কিছু ঝুঁকি নিয়ে প্রচলিত নিয়মগুলি কিছুটা শিথিল করেছেন। জেলা ক্ষতিপূরণ দপ্তরগুলির কাজকর্মের দিকে বিশেষ দৃষ্টি রাখা হচ্ছে। পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনে যে সকল মধ্য-স্বত্বাধিকারীর স্বত্ত্ব সরকারে ন্যস্ত হয়েছে। তাঁদের বিভিন্ন খাতে যে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তার একটা মোটামুটি হিসাব এই পুস্তিকায় প্রকাশিত হয়েছে। যে সব বৃহৎ মধ্য-সত্ত্বাধিকারীদের জমির মালিকানা রাজ্যের অধিকাংশ অঞ্চলে ছড়িয়ে আছে তাঁদের কিছু কিছু ক্ষতিপূরণ প্রদান এখনও বাকি, কিন্তু খুঁটিয়ে দেখা গেছে যে, তাঁরা অন্তর্বর্তীকালীন যে টাকা নিয়েছেন এবং তাঁদের কাছে সরকারের যা প্রাপ্য রয়েছে তার হিসাব করলে তাঁদের প্রাপ্য টাকার পরিমাণ অতি নগণ্য। পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনে ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত করতে গিয়ে বাস্তব

ক্ষেত্রে যে সব অসুবিধার সম্মুখীন হতে হয়েছে সেগুলি দূরীকরণের জন্য পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন সম্প্রতি সংশোধন করে কতকগুলি নীতি ও পদ্ধতির পরিবর্তন করা হয়েছে। এখন ভূমিসংস্কার আইনে ন্যস্ত জমির ক্ষতিপূরণের পরিমাণ হবে ভূমি-রাজস্বের পনের গুণ এবং যেখানে ভূমি-রাজস্ব নির্ধারিত হয়নি অথবা হবার দরকার নেই সেখানে ক্ষতিপূরণের পরিমাণ হবে একর প্রতি একশ পঁয়ত্রিশ টাকা।

ন্যস্ত জমি যাঁদের নামে বিলি করা হয়েছে তাঁদের এবং নথিভুক্ত বর্গাদারদের বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে যে সব সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে, সেগুলি একমুখী করে তুলবার জন্য ভূমিসংস্কারের সামগ্রিক কর্মসূচিকে নতুন রূপ দিতে হয়েছে। ন্যস্ত জমির প্রাপকদের এবং নথিভুক্ত বর্গাদারদের সেচ ও পশুপালনের জন্য ভূমিসংস্থান অথবা অন্য কোনও উৎপাদনশীল সম্পদ সৃষ্টির উদ্দেশ্যে সামগ্রিক গ্রাম উন্নয়ন কর্মসূচি নতুনভাবে পরিকল্পিত করা হয়েছে। তফসিলি জাতিভুক্ত ন্যস্ত জমির প্রাপকদের এবং বর্গাদারদের একর প্রতি ৫০০ টাকা হারে স্বল্পমেয়াদী ঋণ প্রদানের জন্য একটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ঐ ঋণের পঞ্চাশ শতাংশ প্রথম বৎসরে ভরতুকি হিসাবে প্রদেয়। এই পরিকল্পনার মাধ্যমে ন্যস্ত জমির প্রাপককে নিয়ন্ত্রিত ঋণ দান করা হবে এবং সেই ঋণের অন্তর্ভুক্ত ভরতুকি টাকার পরিমাণ পাঁচ বৎসরের মেয়াদে ক্রমহ্রাসমান হবে। হাওড়া মেদিনীপুর ও বীরভূম জেলা এস. এফ. ডি. এ.-এর অন্তর্ভুক্ত নয়। এই জেলাগুলিতে ৪৯টি ব্লকে যাঁদের নামে জমির পাট্টা আছে তাঁদের জমির উন্নতিসাধনের জন্য কেন্দ্রীয় অনুদান ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া, বাধা-বিপত্তি সত্ত্বেও ন্যস্ত জমির প্রাপক এবং নথিভুক্ত বর্গাদারদের আলোচ্য বছরে আর্থিক সাহায্য দেবার এক বিরাট কর্মসূচি চালু ছিল। ১৯৮০ সালে এই পরিকল্পনায় ৭১ হাজার লোক নতুন করে সুযোগ-সুবিধা পেয়েছেন। পূর্ণোদ্যমে এই পরিকল্পনার কাজ চালু করার আগে যে সব সাংগঠনিক ত্রুটি-বিচ্যুতি রয়েছে সেগুলির প্রতি নজর দেওয়া হবে। যাই হোক, সামগ্রিক বিচারে যে কাজ হয়েছে, তা সামান্য নয়। কোথাও কখনো এত অধিক সংখ্যক দুঃস্থ লোককে আর্থিক সাহায্য দেবার জন্য বেশি সাংগঠনিক প্রচেষ্টা চালানো হয়নি। আমাদের মোট কুড়ি লক্ষ খাস জমির প্রাপক ও নথিভুক্ত বর্গাদারদের মধ্যে ডি. আর. আই. স্কীমে মাত্র .১৬ শতাংশ ব্যক্তির কাছে ব্যাঙ্কের টাকা পৌঁছেছে—স্বভাবতই আমরা গন্তব্যস্থান থেকে এখনো অনেক দূরে।

এই রাজ্যে বঞ্চিত ও দুঃস্থ পরিবারদের হাতে কিছু ভূমি সম্পদ এবং কিছু আইনগত অধিকার তুলে দেবার দিকেই ভূমিসংস্কার কর্মসূচি সবচেয়ে বেশি গুরুত্ব আরোপ করেছিল। এদের মধ্যে তফসিলি জাতি ও তফসিলি উপজাতির পরিবারেরাও রয়েছেন। সামগ্রিক ভাবে এই কর্মসূচি রূপায়ণের ফলে যাঁরা উপকৃত হয়েছেন তাঁদের মধ্যে এই পরিবারের সংখ্যাই বেশি। ভূমিসংস্কারের ফলে তফসিলি জাতি ও উপজাতির লোকেরা যে পরিমাণ অধিকার ও সুযোগ পেয়েছেন তার সংখ্যাভিত্তিক তালিকা এই প্রথম এই পুস্তিকায় প্রকাশিত হয়েছে।

ভূমিসংস্কার কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে রাজ্য সরকারের আপ্রাণ প্রচেষ্টা দেশে এবং বিদেশে অনেকের দৃষ্টি আকর্ষণ করেছে। "অপারেশন বর্গা"র কাজ কিভাবে চলছে তা

সরেজমিন নিরীক্ষা করবার জন্য বাংলাদেশ থেকে এক সরকারি প্রতিনিধিদল এসেছিলেন। হল্যাণ্ডের "ইনস্টিটিউট অফ সোশ্যাল স্টাডিজ"-এর উদ্যোগে ইন্দোনেশিয়ার কিছু প্রশাসকমণ্ডলী এবং আমাদের প্রতিবেশি রাজ্যের সরকারি আধিকারিকেরা কিভাবে এই রাজ্যে ভূমিসংস্কার কর্মসূচি বাস্তবে রূপায়িত হচ্ছে সে সম্পর্কে প্রাথমিক তথ্য ও জ্ঞান সংগ্রহ করতে এখানে এসেছিলেন। এ ছাড়াও বহু শিক্ষাবিদ ও গবেষকরা নিজ নিজ জ্ঞান ও গবেষণার তাগিদে এই কর্মসূচির বিভিন্ন দিক থেকে নানান উপকরণ সংগ্রহ করছেন।

এই রাজ্যে ভূমিসংস্কার কর্মসূচির বিভিন্ন দিক এবং গ্রামীণ উন্নয়নের আনুসঙ্গিক বিষয়গুলি সম্যক আলোচনার জন্য একটা পরিসংখ্যান কাঠামো গড়ে তোলাই এই বিবরণীর মূল উদ্দেশ্য। আশা করা যায়, এই পুস্তিকা সেই লক্ষ্যে পৌছবে।

### ১নং তালিকা

১লা জানুয়ারি ১৯৮০ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার কাজের অগ্রগতি

### এক বছরের কাজকর্মের সংক্ষিপ্ত খতিয়ান

| | | |
|---|---|---|
| ১। | ১৯৮০ সালে সরকারে ন্যস্ত সিলিং-বহির্ভূত জমির পরিমাণ | ৪১,১০৫ একর |
| ২। | ১৯৮০ সালে সরকারে ন্যস্ত সিলিং-বহির্ভূত কৃষিজমির পরিমাণ | ৩৪,৪৩৭ একর |
| ৩। | ১৯৮০ সালে মোট ন্যস্ত কৃষিজমির বিতরণ | ৫৯,৩৯২ একর |
| ৪। | ১৯৮০ সালে সরকারি জমির পাট্টাপাপ্ত মোট ভূমিহীন ও প্রান্তিক চাষীর সংখ্যা | ১,৭৫,৫৫০ জন |
| ৫। | ৩১শে ডিসেম্বর ১৯৮০ তারিখে আদালতের ইনজাংশনে আবদ্ধ সরকারে ন্যস্ত জমির পরিমাণ | ১,৭৯,২০৭ একর |
| ৬। | ১৯৮০ সালে বর্গাদার নথিভুক্তির সংখ্যা | ২,১৬,৮৬৯ জন |
| ৭। | ১৯৮০ সালে পশ্চিমবঙ্গ বাস্তুভিটা অধিগ্রহণ আইনে বসতবাটির জন্য জমিপ্রাপকের সংখ্যা | ২৩,৩২৩ জন |
| ৮। | ৩১/১২/৮০ পর্যন্ত প্রদত্ত জমিদারি ক্ষতিপূরণের পরিমাণ | ৭৫.৫৫ (কোটি টাকা) |
| ৯। | ১৯৮০ সালে শহরাঞ্চলে জমির উর্ধসীমা সংক্রান্ত আইনানুযায়ী উদ্বৃত্ত জমি দখলের নোটিশ দেওয়া জমির পরিমাণ | ৭,৪৬,৬৩০ বর্গমিটার |
| ১০। | ১৯৮০ সালে প্রাতিষ্ঠানিক ঋণদান প্রদানের আওতায় নতুন আসা বর্গাদার ও সরকারি জমির পাট্টাদারদের সংখ্যা | ৭১,০৫৪ জন |

## ২নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত সরকারে ন্যস্ত সিলিং-বহির্ভূত মোট জমির বিবরণী (একরে)

| জেলার নাম | কৃষিজমি জমিদারি দখল আইনে ন্যস্ত | ভূমিসংস্কার আইনে ন্যস্ত | মোট | অকৃষি জমি | বনভূমি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৪ পরগণা | ১,১৪,৩০৫.৪৫ | ১০,২৪৬.৬৭ | ১,২৪,৫৫২.১২ | ৯৭,৫১৬.৭৪ | — | ২,৫৩৯.৮৫ | ২,২৪,৬০৮.৭১ |
| হাওড়া | ৫,৫৫৪.৯৪ | ৭৮৮.৬১ | ৬,৩৪৩.৫৫ | ৫,৮১৭.৯৯ | — | ২৯.৮৪ | ১২,১৯১.৩৮ |
| নদীয়া | ২০,৯৯০.৭২ | ২,৮৮৯.২৪ | ২৩,৮৭৯.৯৬ | ২২,১৩৭.০০ | — | ২,৩০৪.৮৭ | ৪৮,৩২১.৮৩ |
| মুর্শিদাবাদ | ৪৫,৫৪৯.৭৩ | ৮,০০৮.৮৩ | ৫৩,৫৫৮.৫৬ | ৪২,৪৬৪.০৫ | ৩২৫.৫৬ | ১,৬৮৩.৫৯ | ৯৮,০৩১.৭৬ |
| বর্ধমান | ৫৭,৭২৭.৯৭ | ২০,৪২৭.০১ | ৭৮,১৫৪.৯৮ | ২৬,৮৯৯.২৭ | ৫৯,৩৩০.৭৯ | ২,৬৯৮.২৫ | ১,৬৭,০৮৩.২৯ |
| বীরভূম | ২৭,৮৮০.৪৬ | ১০,৬৭৩.৪৯ | ৩৮,৫৫৩.৯৫ | ৪০,১৩৪.৯০ | ১৭,২৪৮.৭০ | ১,৭২০.৯৮ | ৯৭,৬৫৮.৫৩ |
| বাঁকুড়া | ৪৮,৪৯২.৯৩ | ৯,০০৪.৪১ | ৫৭,৪৯৭.৩৪ | ১,০৮,০৬৭.৬৪ | ৩,৩২,০৭৬.৪৫ | ৬৭০.৬৩ | ৪,২০,৬৭৭.২৪ |
| মেদিনীপুর | ২,৪৬,২৪২.৪৬ | ৩৫,২৩৮.১১ | ২,৮১,৪৮০.৫৭ | ৩০,৪৩২.৮২ | ৩,৭৫,৩৯৬.১৪ | ৭৮৩.৯৪ | ৭,৬৫,৭২৮.২৯ |
| হুগলি | ১৪,১৯৪.৭২ | ৩,৫৭০.৮৭ | ১৭,৭৬৫.৫৯ | ৮,২৯৭.২৩ | — | ২৮৮.৩৫ | ২৬,৩৫১.১৭ |
| পুরুলিয়া | ৮৩,৪৭০.১১ | ৫,২৯১.৮৫ | ৮৮,৭৬১.৯৬ | ৫৯,৫৬৪.১৯ | ১,৩০,২১৬.২০ | ১,৯৫৩.৮২ | ২,৮০,৪৯৬.১৭ |
| মালদহ | ৭৩,৪০৩.৫৪ | ৭,৫১৪.০০ | ৮০,৯১৭.৫৪ | ৩২,৬৯৮.৯৮ | ৩০৮.৯২ | — | ১,১৩,৯২৫.৪৪ |
| পশ্চিম দিনাজপুর | ১,৩৫,১৮১.২১ | ১৩,৫১৫.০০ | ১,৪৮,৬৯৬.২১ | ৩৯,৬৮৭.৮৩ | ২,২০২.০৫ | ৩,৭২৪.৪১ | ১,৯৪,৩১০.৫০ |
| কোচবিহার | ৫১,৭১৫.৭৭ | ৭,০৪৬.৫৪ | ৫৮,৭৬২.৩১ | ১২,৮৯৩.৩৮ | ৬,১৪৪.৭৪ | ৮৬.৮৭ | ৭৭,৮৮৭.৩০ |
| জলপাইগুড়ি | ১,০৫,৮৬৪.৮৪ | ১০,৮৭৯.৭৪ | ১,১৬,৭৪৪.৫৮ | ৪১,৬৯৭.০৪ | ৫৬,৪০০.৭০ | ৩,৩১৭.১২ | ২,১৮,১৫৯.৪৪ |
| দার্জিলিং | ৩৩,৫৯৮.৩৭ | ২,৩৪৯.১৬ | ৩৫,৯৪৭.৫৩ | ৪,৮৬২.২৫ | ১৪,১৫২.০১ | ১,৮৮০.৭২ | ৫৬,৮৪২.৫১ |
| **মোট** | **১০,৬৪,১৭৩.২২** | **১,৪৭,৪৪৩.৫৩** | **১২,১১,৬১৬.৭৫** | **৫,৭৩,১৭১.৩১** | **৯,৯৩,৮০২.২৬** | **২৩,৬৮৩.২৪** | **২৮,০২,২৭৩.৫৬** |

**৩নং তালিকা**

**৩১শে ডিসেম্বর ১৯৮০ তারিখে আদালতের ইনজাংশনে আবদ্ধ সরকারে ন্যস্ত কৃষিজমির পরিমাণ (একরে)**

| জেলার নাম | দখলের পূর্বে ইনজাংশন | | | দখলের পর ইনজাংশন | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | জমিদারি দখল আইনে | ভূমিসংস্কার আইনে | মোট | জমিদারি দখল আইনে | ভূমিসংস্কার আইনে | মোট | ইনজাংশনে আবদ্ধ মোট জমি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৪ পরগণা | ২৪,৪১৩·৫৬ | ৫৪৬·৭০ | ২২,৯৬০·২৬ | ১৪,৮২৬·২৫ | ৬১৭·৪৩ | ১৫,৪৪৩·৬৮ | ৩৮,৪০৩·৯৪ |
| হাওড়া | ১,৪৬৬·২৩ | ৪৭·৭৫ | ১,৫১৩·৯৮ | ৭১৫·১৬ | ২২·৯৪ | ৭৩৮·১০ | ২,২৫২·০৮ |
| নদীয়া | ৮৩৮·২২ | ৩৫·০৩ | ৮৭৩·২৫ | ৪,৩৫৬·১২ | ৫৩৭·০৮ | ৪,৮৯৩·২০ | ৫,৭৬৬·৪৫ |
| মুর্শিদাবাদ | ২,৫৭৫·৪৮ | ৪৫৬·৯২ | ৩,০৩২·৪০ | ৫,৬১৫·৫৩ | ১,৩৫৯·৫১ | ৬,৯৭৬·০৪ | ১০,০০৮·৪৪ |
| বর্ধমান | ৬,৯৩৭·১৬ | ২,২৮৮·৭৯ | ৯,২২৫·৯৫ | ৮,৬৫৫·৫৮ | ৪,৪০৭·৯৩ | ১৩,০৬৩·৫১ | ২২,২৮৯·৪৬ |
| বীরভূম | ২,০৫৬·৫১ | ৫৫২·৬১ | ২,৬০৯·১২ | ৪,৭৪৭·৮১ | ২,৩৭৯·৫২ | ৭,১২৭·৩৩ | ৯,৭৩৬·৪৫ |
| বাঁকুড়া | ৩,১৬৭·১৪ | ৩২৩·১৬ | ৩,৪৯০·৩০ | ৩,১০৭·৩৯ | ৯৯০·৯৫ | ৪,০৯৮·৩৪ | ৭,৫৮৮·৬৪ |
| মেদিনীপুর | ১২,৬৫৮·৯৫ | ২,০৬৩·০০ | ১৪,৭২১·৯৫ | ১২,৯২২·৬৬ | ৭,২৪১·৭৬ | ২০,১৬৪·৪২ | ৩৪,৮৮৬·৩৭ |
| হুগলি | ১,৮০৯·২৪ | ৮৪৭·১০ | ২,৬৫৬·৩৪ | ১,০৭১·০৭ | ১,০০৬·৩১ | ২,০৭৭·৩৮ | ৪,৭৩৩·৭২ |
| পুরুলিয়া | ৪,৭২৩·৬২ | ২,৬৪৮·০৪ | ৭,৩৭১·৬৬ | ৪,৫৫৮·৩৬ | ৪৮৯·৩৩ | ৫,০৪৭·৬৯ | ১২,৪১৯·৩৫ |
| মালদহ | ৩,২৮৮·৩২ | ৯৯·৭৯ | ৩,৩৮৮·১১ | ৪,৫৫৫·৪৭ | ৩১২·৮০ | ৪,৮৬৮·২৭ | ৮,২৫৬·৩৮ |
| পশ্চিম দিনাজপুর | ৭,১৩৩·৩২ | ১৬২·৯২ | ৭,২৯৬·২৪ | ৬,২৭৩·০১ | ৮১৯·০৫ | ৭,০৯২·০৬ | ১৪,৩৮৮·৩০ |
| কোচবিহার | ৬৮৮·০০ | ৭৮·০০ | ৭৬৬·০০ | ১,৯৮০·০০ | ১৯৮·০০ | ২,১৭৮·০০ | ২,৯৪৪·০০ |
| জলপাইগুড়ি | ১,৯৬৯·৭৩ | ৮১·৬৭ | ২,০৫১·৪০ | ২,০৭১·৯৭ | ৪৬০·৭৯ | ২,৫৩২·৭৬ | ৪,৫৮৪·১৬ |
| দার্জিলিং | ৩৩০·২২ | — | ৩৩০·২২ | ৬১৩·৭২ | ৫·৫৩ | ৬১৯·২৫ | ৯৪৯·৪৭ |
| মোট | ৭২,০৫৫·৭০ | ১০,২৩১·৪৮ | ৮২,২৮৭·১৮ | ৭৬,০৭১·১০ | ২০,৮৪৮·৯৩ | ৯৬,৯২০·০৩ | ১,৭৯,২০৭·২১ |

**৪নং তালিকা**

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত সরকারে ন্যস্ত কৃষিজমি বিলির বিবরণী (একরে)

| জেলার নাম | জমিদারি দখল আইনে ন্যস্ত | ভূমি সংস্কার আইনে ন্যস্ত | মোট | বিতরণযোগ্য জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৪-পরগণা | ৪৯,৭৬৩·৯০ | ৩,৯৪৬·৯৯ | ৫৩,৭১০·৮৯ | ৩২,৪৩৭·২৯ |
| হাওড়া | ২,৩০০·৯৮ | ১৬৮·০৯ | ২,৪৬৯·০৭ | ১,৬২২·৪০ |
| নদীয়া | ১০৮০০·০৫ | ৭৭০·৫৩ | ১১,৫৭০·৫৮ | ৬,৫৪২·৯৩ |
| মুর্শিদাবাদ | ২১,০০৯·৭৮ | ১,৫৩৬·৭৭ | ২২,৫৪৬·৫৫ | ২২,০০৩·৫৭ |
| বর্ধমান | ২৭,০০৮·৫৭ | ৭,৯৬০·৫৩ | ৩৪,৯৬৯·১০ | ২০,৮৯৬·৪২ |
| বীরভূম | ১৪,৯৯৪·০২ | ৫,৩৭৭·৯৮ | ২০,৩৭২·০০ | ৮,৪৪৫·৫০ |
| বাঁকুড়া | ৩৪,৫৭৫·৯৩ | ৪,২০৩·৪০ | ৩৮,৭৭৯·৩৩ | ১১,১২৯·৩৭ |
| মেদিনীপুর | ১,৪৮,১৫০·৯৭ | ১৪,৬৪৭·৮৭ | ১,৬২,৭৯৮·৮৪ | ৮৩,৭৯৫·৩৬ |
| হুগলি | ৭,০৪৮·৬৪ | ৯৭৮·৬৪ | ৮,০২৭·২৮ | ৫,০০৪·৫৯ |
| পুরুলিয়া | ৩৫,৩৯৩·৭১ | ৫৪৯·০১ | ৩৫,৯৪২·৭২ | ৪০,৩৯৯·৮৯ |
| মালদহ | ৪৭,২৩৫·৬৬ | ১,৯১৩·৫৮ | ৪৯,১৪৯·২৪ | ২৩,৫১১·৯২ |
| পশ্চিম দিনাজপুর | ৭৭,৬৪৫·৭৩ | ৪,১৭৯·৩৯ | ৮১,৮২৫·১২ | ৫২,৪৮২·৭৯ |
| কোচবিহার | ৪২,৪৩৬·০০ | ৪.২০৪·০০ | ৪৬,৬৪০·০০ | ৯,১৭৮·৩১ |
| জলপাইগুড়ি | ৮২,৯৬৬·৩৪ | ৩,২৮৪·৩৩ | ৮৬,২৫০·৬৭ | ২৫,৯০৯·৭৫ |
| দার্জিলিং | ১৭,৮৫১·৩৪ | ৫৪৯·৯০ | ১৮,৪০১·২৪ | ১৬,৫৯৬·৮২ |
| **মোট** | **৬,১৯,১৮১·৬২** | **৫৪,২৭১·০১** | **৬,৭৩,৪৫২·৬৩** | **৩,৫৮,৯৫৬·৯১** |

## ৫নং তালিকা

### ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত সরকারি জমির পাট্টাপ্রাপ্ত ভূমিহীন ও প্রান্তিক চাষীর সংখ্যা

| জেলার নাম | পাট্টাপ্রাপ্ত চাষীর মোট সংখ্যা | | | তফসিল জাতি | | | তফসিল উপজাতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জমিদারি দখল আইনে | ভূমিসংস্কার আইনে | মোট | জমিদারি দখল আইনে | ভূমিসংস্কার আইনে | মোট | জমিদারি দখল আইনে | ভূমিসংস্কার আইনে | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২৪ পরগণা | ১,১১,৬৭০ | ৮,৪৮৭ | ১,২০,১৫৭ | ৪২,৫৭১ | ৩,৭১৪ | ৪৬,২৮৫ | ১৫,২৯৮ | ১,৩০৫ | ১৬,৬০৩ |
| হাওড়া | ১২,৬৬১ | ৬৩৯ | ১৩,৩০০ | ২,৬০২ | ২৫৮ | ২,৮৬০ | .৮১ | — | ৮১ |
| নদীয়া | ৩৫,৬৫৮ | ২,১৬৯ | ৩৭,৮২৭ | ১১,২০৯ | ৮৭৩ | ১২,০৮২ | ২,৮৫৩ | ২৩২ | ৩,০৮৫ |
| মুর্শিদাবাদ | ৫৬,৪০২ | ৪,৮৫৭ | ৬১,২৫৯ | ১১,৪০৭ | ১,৪৫২ | ১২,৮৫৯ | ৩,২৯৪ | ৩৮১ | ৩,৬৭৫ |
| বর্ধমান | ৬১,৩৪০ | ২৬,০৭১ | ৮৭,৪১১ | ২৪,৭৭৫ | ১৩,৪৪২ | ৩৮,২১৭ | ১২,৬৯৯ | ৪,৫৯৪ | ১৭,২৯৩ |
| বীরভূম | ৩১২০৩ | ১১,৭২৫ | ৪২,৯২৮ | ১৫,৭৫৩ | ৬,২০০ | ২১,৯৫৩ | ৬,৯০৩ | ২,৫৫৫ | ৯,৪৫৮ |
| বাঁকুড়া | ৫১৬৮৬ | ১২,২৯২ | ৬৩,৯৭৮ | ২৭,২২১ | ৬,৬২৯ | ৩৩,৮৫০ | ১০,৫২৮ | ২,৭৪৭ | ১৩,২৭৫ |
| মেদিনীপুর | ২,৯২,২৮৮ | ৪৩,০৪৫ | ৩,৩৫,৩৩৩ | ৮৫,৪১৫ | ১১,১০৩ | ৯৬,৫১৮ | ৬৮,০৪৩ | ৮,৮১৫ | ৭৬,৮৫৮ |
| হুগলি | ২৪,৬৮৫ | ৪,৮৫১ | ২৯,৫৩৬ | ১০,২৫২ | ২,৪০০ | ১২,৬৫২ | ৩,৪৮২ | ১,১২৩ | ৪,৬০৫ |
| পুরুলিয়া | ৩৮,০৮৯ | ৭৭২ | ৩৮,৮৬১ | ১১,৬৪৫ | ২৬২ | ১১,৯০৭ | ১১,৮৩০ | ১৯৮ | ১২,০২৮ |
| মালদহ | ৭৮,৭৪২ | ৩,৯৮৪ | ৮২,৭২৬ | ২২,১২৬ | ১,৪২৯ | ২৩,৫৪৫ | ১৪,৮২৯ | ৮৩৫ | ১৫.৬৬৪ |
| পশ্চিম দিনাজপুর | ১,২০,১৮২ | ৯,৫৯৬ | ১,২৯,৭৭৮ | ৪১,৮৫৬ | ৩,৬৩৩ | ৪৫,৪৮৯ | ৩৩,৩৬৫ | ২,৮৩১ | ৩৬,১৯৬ |
| কোচবিহার | ৫৫,৭৯৮ | ৬,৬৪১ | ৬২,৪৩৯ | ৩৮,৭২৯ | ৪,৯০১ | ৪৩,৬৩০ | ৫৪৬ | ২৭ | ৫৭৩ |
| জলপাইগুড়ি | ৬৫,১৬২ | ৩.৫২১ | ৬৮,৬৮৩ | ৩২.১৮৮ | ১,৩৯৬ | ৩৩,৫৮৪ | ১৫,৮২৫ | ১,২০১ | ১৭,০২৬ |
| দার্জিলিং | ১৯,৩৫১ | ৬১৯ | ১৯,৯৭০ | ৭,২৯০ | ২৯৫ | ৭,৫৮৫ | ৬,১০০ | ১৭৫ | ৬,২৭৫ |
| মোট | ১০,৫৪,৯১৭ | ১,৩৯,২৬৯ | ১১.৯৪,১৭৬ | ৩,৮৫,০৩৯ | ৫৭,৯৮৭ | ৪,৪৩,০১৬ | ২,০৫,৬৭৬ | ২৭,০১৯ | ২,৩২,৬৯৫ |

## ৬নং তালিকা

### ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার আইনে ভূমি জরিপ কার্যের অগ্রগতি

| জেলার নাম | খানাপুরি বুঝারত মৌজার সংখ্যা | | তসদীক মৌজার সংখ্যা | | খসড়া প্রকাশনা মৌজার সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | হয়েছে | বাকি আছে | হয়েছে | বাকি আছে | হয়েছে | বাকি আছে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৪ পরগণা | ২,৫৪০ | ১,৫৯১ | ১,৩৩১ | ২,৮০০ | ৫১৭ | ৩,৬১৪ |
| হাওড়া | ৬৭০ | ১৬৬ | ৪৭১ | ৩৬৫ | ৪৩১ | ৪০৫ |
| নদীয়া | ১,১৮৮ | ২১৮ | ৮৭৫ | ৫৩১ | ৫২৯ | ৮৭৭ |
| মুর্শিদাবাদ | ২,০৬৯ | ২২০ | ১,৩০২ | ৯৮৭ | ৬৪৮ | ১,৬৪১ |
| বর্ধমান | ২,১৩৪ | ৬৯২ | ২,০৩১ | ৭৯৫ | ১,২৪৬ | ১,৫৮০ |
| বীরভূম | ২,৪২৩ | ৬৬ | ১,৬৯৬ | ৭৯৩ | ১,১৫২ | ১,৩৩৭ |
| বাঁকুড়া | ২,৪৬৪ | ১,৩৮৩ | ২,৩০২ | ১,৫৪৫ | ১,৪৪৬ | ২,৪০১ |
| মেদিনীপুর | ১০,০০০ | ২,০১৯ | ৬,৯৯১ | ৫,০২৮ | ৩,০৮১ | ৮,৯৩৮ |
| হুগলি | ১,৯৫৫ | ৪৪ | ১,৩৯৯ | ৬০০ | ১,০৫২ | ৯৪৭ |
| মালদহ | ১,৬৭৪ | ১৪১ | ১,৪৭৮ | ৩৩৭ | ১,১২৯ | ৬৮৬ |
| পশ্চিম দিনাজপুর | ১,৭৯৬ | ৬০৬ | ১,৭২০ | ৬৮২ | ১,৩১০ | ১,০৯২ |
| কোচবিহার | ৬২৯ | ৬৪৬ | ৫৪০ | ৭৩৫ | ৪৫৬ | ৮১৯ |
| জলপাইগুড়ি | ৩৬৯ | ৪০৫ | ৩২৪ | ৪৫০ | ২২৪ | ৫৫০ |
| দার্জিলিং | ৩২৯ | ৩৭১ | ২৫৩ | ৪৪৭ | ১৩৬ | ৫৬৪ |
| **মোট** | **৩০,২৪০** | **৮,৫৬৮** | **২২,৭১৩** | **১৬,০৯৫** | **১৩,৩৫৭** | **২৫,৪৫১** |

## ৭নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনানুসারে পুরুলিয়া ও ইসলামপুরে (বিহার থেকে হস্তান্তরিত এলাকায়) জরিপ কার্যের অগ্রগতি

| কাজ | পুরুলিয়া | | ইসলামপুর | |
|---|---|---|---|---|
| | হয়েছে | বাকি আছে | হয়েছে | বাকি আছে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। চূড়ান্ত খতিয়ান | ২,৬৯৭ মৌজা | ৩ মৌজা | ৭৭৯ মৌজা | — |
| ২। চূড়ান্ত নকশা | ২,০১৩·০৭ বর্গমাইল | ৩৮৪·৯৩ বর্গমাইল | ৫৯১·৮৮ বর্গমাইল | ১৪১ বর্গমাইল |
| ৩। ৫ক ধারায় তদন্ত | ২৬,৫৮৯ | — | ২৬,৯৪০ | ৫৩৫ |
| ৪। বৃহৎ রায়তি তদন্ত | ৩,৪২৯ | ৪৭ | ১,২৩১ | ৭ |

## ৮নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনানুসারে ক্ষতিপূরণ রোল প্রস্তুতির হিসাব

| কাজ | হয়েছে | বাকি আছে |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। ক্ষতিপূরণ রোল প্রস্তুতি | ২৩,১১,৭৮৮ | ৬৪ |
| ২। ক্ষতিপূরণ রোল খসড়া প্রণয়ন | ২৩,১১,৭৬৩ | ৮৯ |
| ৩। ক্ষতিপূরণ রোল চূড়ান্ত প্রণয়ন | ২৩,১১,১২৮ | ৭২৪ |

**৯নং তালিকা**

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনানুসারে পুরুলিয়া ও ইসলামপুরে (বিহার থেকে হস্তান্তরিত এলাকায়) ক্ষতিপূরণ রোল প্রস্তুতির হিসাব

| কাজ | পুরুলিয়া | | ইসলামপুর | |
|---|---|---|---|---|
| | হয়েছে | বাকি আছে | হয়েছে | বাকি আছে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। ক্ষতিপূরণ রোল প্রস্তুতি | ৭৪,৮৬৯ | ৬৭,২১১ | ৫,৬৭০ | ১১,০২৯ |
| ২। ক্ষতিপূরণ রোল খসড়া প্রণয়ন | ৬৫,৩২৫ | ৭৬,৭৫৫ | ৫,৩৩১ | ১১,৩৬৮ |
| ৩। ক্ষতিপূরণ রোল চূড়ান্ত প্রণয়ন | ৬৩,৬২১ | ৭৮,৪৫৯ | ৫,০৫৫ | ১১,৬৪৪ |

**১০নং তালিকা**

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনানুসারে প্রদত্ত মোট ক্ষতিপূরণ

| | | কোটি টাকা |
|---|---|---|
| অন্তর্বর্তী ক্ষতিপূরণ | ... | ২২·০০ |
| চূড়ান্ত ক্ষতিপূরণ | ... | ২৭·৪০ |
| সাঁজা ক্ষতিপূরণ | ... | ২·০৫ |
| বণ্ড | ... | ৭·০০ |
| সুদ | ... | ১১·৬০ |
| অ্যানুয়িটি | ... | ৫·৫০ |
| | **মোট** | **৭৫·৫৫** |

## ১১নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত পশ্চিমবঙ্গ বাস্তুভিটা অধিগ্রহণ আইনানুযায়ী ক্ষেতমজুর, কারিগর, কৃষিজীবী ও মৎস্যজীবীদের অধিগৃহীত বসতবাড়ির জমি দেওয়ার হিসাব

| জেলার নাম | প্রাপকের সংখ্যা | তফসিল জাতি | তফসিল উপজাতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৪-পরগণা | ৩,৭৪৪ | ১,১৪২ | ২১৫ |
| হাওড়া | ২৩৫ | ৪৭ | — |
| নদীয়া | ১,০৯৬ | ২৬৯ | ৮২ |
| মুর্শিদাবাদ | ৮০৩ | ১২২ | ৯৭ |
| বর্ধমান | ২৫,০১৩ | ১২,৪৬০ | ৬,৩৪১ |
| বীরভূম | ১,২৪০ | ৫৩৯ | ৪৫০ |
| বাঁকুড়া | ৬,৭৬৭ | ৪,৪৭৬ | ৬৫৫ |
| মেদিনীপুর | ৩,০৬৬ | ৭৭৭ | ৫২৫ |
| হুগলি | ৬,২৮২ | ২,৮৬৬ | ১,৯১৪ |
| মালদহ | ৪,২৯৩ | ৭৯৪ | ৪১১ |
| পশ্চিম দিনাজপুর | ৩,১৮৬ | ১,৪২৭ | ৬২৪ |
| কোচবিহার | ৩,১৫৬ | ২,০৯১ | ৪১ |
| জলপাইগুড়ি | ৪,৪৮৩ | ১,৫৬১ | ৭৭৭ |
| দার্জিলিং | ১,০৩৬ | ৩৯৫ | ২৩৪ |
| **মোট** | **৬৪,৪০০** | **২৮,৯৬৬** | **১২,৩৬৬** |

## ১২নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত বর্গাদার নথিভুক্তির অগ্রগতি ("অপারেশন বর্গা")

| জেলার নাম | | বর্গাদারের সংখ্যা |
|---|---|---|
| ১ | | ২ |
| ২৪ পরগণা | ... | ১,৩১,০৪২ |
| হাওড়া | ... | ৩০,৭৪৩ |
| নদীয়া | ... | ৩৮,৬৯১ |
| মুর্শিদাবাদ | ... | ৪৮,২৪৮* |
| বর্ধমান | ... | ৭৯,৮২৫ |
| বীরভূম | ৬০,৪৪৯ | |
| বাঁকুড়া | ... | ৭৭,৫৯৯ |
| মেদিনীপুর | ২,১৩,৬৯৮ | |
| হুগলি | ... | ৬৬,৩২৯ |
| মালদহ | ... | ৬০,৩২৫ |
| পশ্চিম দিনাজপুর | ... | ৮৪,৯৫৫ |
| কোচবিহার | ... | ৫৪,৭৯৭ |
| জলপাইগুড়ি | ... | ৪৫,৪০৫ |
| দার্জিলিং | ... | ৯,৮৮০ |
| **মোট** | ... | **১০,০১,৯৮৬** |

*অঙ্কের ভুলবশত ৩ নং বিবরণীতে মুর্শিদাবাদের সংখ্যা বেশি হয়েছিল, সেটা এখানে সংশোধিত হল।

## ১৩নং তালিকা

১৯৭৯ এবং ১৯৮০ সালের খরিফ ও রবি মরশুমে বর্গাদার ও জমির পাট্টাপ্রাপ্ত চাষীদের বাণিজ্যিক ও সমবায় ব্যাঙ্ক থেকে ঋণ প্রদান সংক্রান্ত কাজের বিবরণ

| জেলার নাম | ১৯৭৯ সালের খরিফ ও রবি | ১৯৮০ সালের খরিফ ও রবি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২৪ পরগণা | ২,৫০০ | ২,০৫১* |
| হাওড়া | ২৫৩ | ৩৭১* |
| মুর্শিদাবাদ | ৯,২৯৩ | ৯,৫২৩* |
| নদীয়া | ৬,৮৩৪ | ১,৬০১* |
| বর্ধমান | ৭,২৬৭ | ২,৭২৩* |
| হুগলি | ১,৩৯০ | ২,৮৫২ |
| বীরভূম | ৫,৭৮৩ | ২৩,২৫৯ |
| বাঁকুড়া | ৩,৪৮৪ | ৪,৭০৭ |
| পুরুলিয়া | ১,৯৯৭ | ১,০৬৪ |
| মেদিনীপুর | ২,০৮৩ | ৩,৮৫৩ |
| দার্জিলিং | ৬১১ | ২,২৪১ |
| কোচবিহার | ৭,০১৪ | ৮,৭১৫ |
| পশ্চিম দিনাজপুর | ৫,০৬১ | ৩,৬২৫* |
| মালদহ | ৪,৮৮৪ | ২,৮৯৭ |
| জলপাইগুড়ি | ৬৬০ | ১,৫২৭ |
| **মোট** | **৫৯,১১৪** | **৭১,০৫৪** |

*কেবলমাত্র খরিফের সংখ্যা।

## ১৪নং তালিকা

৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত শহরাঞ্চলে জমির ঊর্ধ্বসীমা সংক্রান্ত আইনানুযায়ী কাজের বিবরণ

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | (ক) | ঊর্ধ্বসীমা-বহির্ভূত জমির রিটার্ন পাওয়া গেছে | ২৯,৬৫২ | |
| | (খ) | খসড়া বিবরণী প্রস্তুত হয়েছে | ১,৫৫৩ | |
| ২। | (ক) | উদ্বৃত্ত জমি দখলের নোটিশ দেওয়া হয়েছে | ৪৭৩ | |
| | (খ) | জমির পরিমাণ | ১৪,২৯,৬৩০ | বর্গমিটার |
| ৩। | (ক) | উদ্বৃত্ত জমি ন্যস্ত হওয়ার ঘোষণা হয়েছে | ১৫০ | |
| | (খ) | জমির পরিমাণ | ৫,১৩,০৩৮ | বর্গমিটার |
| ৪। | (ক) | শিল্পবাণিজ্য সংস্থার কাছ থেকে ঊর্ধ্বসীমা-বহির্ভূত জমির জন্য মকুবের আবেদন পাওয়া গেছে | ৯০৬ | |
| | (খ) | মকুব করা হয়েছে | ১০১ | |
| | (গ) | জমির পরিমাণ | ১৭,৪০,৬০৪ | বর্গমিটার |
| ৫। | (ক) | জনসাধারণের কাছ থেকে ঊর্ধ্বসীমা-বহির্ভূত জমির মকুবের জন্য আবেদন পাওয়া গেছে | ২,৮১৩ | |
| | (খ) | মকুব করা হয়েছে | ১১৩ | |
| | (গ) | জমির পরিমাণ | ২১,৯৫০ | বর্গমিটার |

## ১৫নং তালিকা

পশ্চিমবঙ্গে ভূমিসংস্কারের বিভিন্ন কার্যে ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত তফসিলি জাতি ও উপজাতিভুক্ত উপকৃতের সংখ্যা এবং শতকরা হিসাব

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) | পশ্চিমবঙ্গের মোট লোকসংখ্যা (১৯৭১ সালের জনগণনা অনুযায়ী) | | ৪,৪৩,১২,০১১ | |
| | (খ) | তফসিলি জাতি | ৮৮,১৬,০২৮ | ১৯.৮৯ | শতকরা |
| | (গ) | তফসিলি উপজাতি | ২৫,৩২,৯৬৯ | ৫.৭১ | শতকরা |
| ২। | (ক) | ৩১-১২-১৯৮০ পর্যন্ত পাট্টাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | | ১১,৯৪,১৭৬ | |
| | (খ) | তফসিলি জাতি | ৪,৪৩,০১৬ | ৩৭.০৯ | শতকরা |
| | (গ) | তফসিলি উপজাতি | ২,৩২,৬৯৫ | ১৯.৪৮ | শতকরা |
| ৩। | (ক) | ৩১-১২-১৯৮০ পর্যন্ত নথিভুক্ত বর্গাদারের সংখ্যা | | ১০,০১,৯৮৬ | |
| | (খ) | তফসিলি জাতি | ৪,০০,৭৯৪ | ৪০ | শতকরা |
| | (গ) | তফসিলি উপজাতি | ১,৮০,৩৫৭ | ১৮ | শতকরা |
| ৪। | (ক) | বাস্তু জমিতে নথিভুক্ত ব্যক্তির সংখ্যা | | ৬৪,৪০০ | |
| | (খ) | তফসিলি জাতি | ২৮,৯৬৬ | ৪৪.৯৭ | শতকরা |
| | (গ) | তফসিলি উপজাতি | ১২,৩৬৬ | ১৯.২০ | শতকরা |

**Mr. Speaker :** There is only one cut motion which is in order and is taken as moved.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে এইমাত্র মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয়ের লিখিত বিবৃতি দেওয়া হল, আমি সমস্ত বিবৃতিটা ভাল ভাবে পড়তে পারিনি। তাড়াতাড়িতে যেটুকু দেখে নিয়েছি তার উপর ভিত্তি করে এবং এই বিভাগের কার্যকলাপ যা দেখেছি তার উপর ভিত্তি করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর এই খাতের বাজেট বিতর্কে অংশগ্রহণ করে আমি বলেছিলাম, এটা একটা রেভিনিউ আর্নিং ডিপার্টমেন্ট। এর আয়ব্যয়ের হিসাব উল্লেখ করে আমি বলেছিলাম, আপনারা খাজনাটা একেবারে বেমালুম খালাস করে দিন। স্যার, এ বছরের বাজেটের অঙ্কে দেখছি মোট আয় ৩৩ কোটি ৯১ লক্ষ টাকা। এরমধ্যে ম্যানেজমেন্ট অব এক্স জমিনদারি এসটেট থেকে আসে ২৫ কোটি ৩১ লক্ষ ২১ হাজার টাকা এবং অন্যান্য সূত্র থেকে আসে ৮ কোটি ৫৯ লক্ষ ৭৯ হাজার টাকা। ব্যয় হয় ম্যানেজমেন্ট অব এক্স জমিনদারি এসটেট বাবদ ৩ কোটি ৬৩ লক্ষ ৭ হাজার টাকা এবং অন্যান্য খাতে ব্যয় হয় ১৪ কোটি ৮৭ লক্ষ ২৩ হাজার টাকা। অন্যান্য খাতে ক্ষতি হয়, লাভ থাকে ম্যানেজমেন্ট অব এক্স—জমিনদারি এসটেট থেকে। এ থেকে লাভ হয় ২১ কোটি ৬৮ লক্ষ ১৮ হাজার টাকা আর অন্যান্য খাতে ক্ষতি হয় ৬ কোটি ২৭ লক্ষ ১৪ হাজার টাকা। মোট লাভ থাকে ১৫ কোটি ৮০ লক্ষ ৭০ হাজার টাকা। আমি বলেছিলাম, অন্যান্য খাতে বিশেষ করে খাজনা আদায়ের ক্ষেত্রে যে কালেকশন চার্জ ইত্যাদিতে ব্যয় হয় সে সম্বন্ধে আমি সেই সময় কয়েকটি কথা বলেছিলাম। এখন এ ব্যাপারে নতুন যে আইন নিয়ে এসেছেন সেই আইন প্রয়োগ করা দুস্কর ব্যাপার হয়ে দাঁড়াবে এবং নির্দ্ধারণও সমস্যাজনক হবে। সেইজন্য আমি বলেছিলাম খাজনা আদায়টা একেবারে বাদ করে দিন। আমি পল্লীগ্রামের জমির খাজনার কথাই বলেছিলাম। সেই সময় আমি একথারও উল্লেখ করেছিলাম যে তৎকালীন ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী স্বর্গত হরেকৃষ্ণ কোনার মহাশয় ১৯৬৭ সালের ৭ই জুলাই তারিখে বাজেট বিতর্কের উত্তরে বলেছিলেন, ক্যাবিনেটের সিদ্ধান্ত ছিল খাজনা তুলে দেওয়ার কিন্তু প্রায় ১৮ হাজারের বেশি যে তহশীলের কার্যে নিযুক্ত কর্মী আছেন তাদের নিয়ে সমস্যা রয়েছে। তিনি এরকম ভরসাও দিয়েছিলেন ১৯৬৭ সালে যে, তিন বছরের মধ্যে অ্যাডমিনিষ্ট্রেশনের বিভিন্ন বিভাগে অ্যাবজর্ভ করতে পারবেন এবং তখন খাজনা তুলে দেওয়া সম্ভব হবে। এটা শ্রী হরেকৃষ্ণ কোনারের উক্তি হলেও এটা সরকারের নীতি বলেই আমি মনে করি, অন্তত সরকারি দলের প্রধান নীতি বলেই আমি মনে করি। অথচ সে দিকে আমরা কোনও অগ্রগতি দেখতে পাচ্ছি না।

[1-20 - 1-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উক্তি করবার পরে আমি আজকে ভূমি নির্ভর যে গ্রামীণ অর্থনীতি আমাদের দেশে আছে সেই সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট ভাষণের ৬নং দফায় বলেছেন, গ্রামীণ উন্নয়ন পরিকল্পনার স্বার্থক রূপায়ণের ক্ষেত্রে ভূমি সংস্কার একটা গুরুত্বপূর্ণ হাতিয়ার। গ্রামীণ অর্থনীতি বিকাশের ক্ষেত্রে বা গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে বাস্তবিক পক্ষে এই বিভাগ-এর কোনও স্বক্রিয় প্রচেষ্টা আমার নজরে পড়েনি। এই প্রসঙ্গে আমাদের রাজ্যের মাননীয় রাজ্যপাল ত্রিভুবন নারায়ণ সিং মহাশয় যে কথা বলেছেন—গত বছর ধনধান্যের স্বাধীনতা সংখ্যায় প্রকাশিত একটা লিখন থেকে যার শিরোনাম হচ্ছে "যোজনা ভবনে কয়েকটা বছর" এই শির্ষক প্রবন্ধে যে কথা বলা হয়েছে তার মধ্যে একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি সেখানে বলেছেন যে পরিকল্পনা কমিশন হোক বা রাজ্য সরকারই হোক, গ্রামভিত্তিক দৃষ্টিভঙ্গি নিয়ে তারা পরিকল্পনা রচনা করতে পারেননি বলে আজকে দেশের গ্রামীণ অর্থনীতির কোনও উন্নতি হয়নি। দেশের দরিদ্র সীমার নিচে যে জনসংখ্যা ছিল, সেই জনসংখ্যা থেকে কোনও অংশকে সেই দরিদ্র সীমার উপরে তোলা সম্ভব হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাস্তবে সেই জিনিস দেখছি যে গ্রামীণ কৃষক সমাজের মধ্যে দারিদ্র, দুঃখ-দুর্দশা আরও বেড়ে যাচ্ছে। গ্রামীণ অর্থনীতির বিকাশ বা উন্নয়ন যার দ্বারা আমাদের দেশের গ্রামীণ জনসংখ্যার বাস্তবিক উপাদান হতে পারে সেদিকে কোনও উল্লেখযোগ্য অগ্রগতি এই রাজস্ব বিভাগ দেখাতে পারেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব ওয়েস্ট বেঙ্গল পত্রিকার ১৯৭৭ সালের ১৬ই ডিসেম্বর তারিখে মাননীয় হরেকৃষ্ণ কোনারের ১৯৭২ সালের একটা লেখা। সেখানে উদ্ধৃত করা হয়েছে ভূমি সংস্কার সমস্যা সমাধান সম্পর্কে—আমরাও কম অবহিত নয়—ভূমি সংস্কারের কি লক্ষ্য এবং নীতি হওয়া উচিত সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি তার খানিকটা অংশ পড়ে শোনাচ্ছি। অন্যান্য সমাজতান্ত্রিক রাষ্ট্রে ভূমি সংস্কার-এর ক্ষেত্রে কি দৃষ্টিভঙ্গি রাখা হয়েছে, সেদিকে দৃষ্টি দিয়ে তিনি বলেছেন,—

A particular policy had to be adopt for the implementation of land reforms in the socialist countries like Russia, China, Korea and Vietnam etc. This policy is most effective but the same requires a special type of State and judiciary. No ceiling system was adopted there. It was laid down straightaway in law that landlords could not possess any land. All their lands would be distributed and no peasants should be touched. With a view to rapid progress of the country the land policies were given effect to after making provision for income through other sources for the small non-peasant owners. This is only revolutionary, just and fruitful policy.

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব এই কথাটির উপর, আফটার মেকিং প্রভিশনস ফর

ইনকাম থ্রো আদার সোর্সেস। অর্থাৎ যারা জমি হারাবেন, সেই সঙ্গে সঙ্গে আমাদের দেশের ভূমি ব্যবস্থার মাধ্যমে বা বিরাট জনসংখ্যার ক্ষেত্রে, জমির স্বল্পতার ক্ষেত্রে গ্রামীণ জীবনে যে অর্থনৈতিক সঙ্কট, সেই দিকে দৃষ্টি রাখা দরকার যাতে করে তাদের একটা ব্যবস্থা করা যায়। প্রভিসন ফর ইনকাম থ্রো আদার সোর্সেস—এই রকম কোনও ব্যবস্থা করা হয়নি। এই লেখার শেষ অংশে হরেকৃষ্ণ বাবু বলেছেন, এই রাজ্যের ল্যাণ্ড ডিস্ট্রিবিউশন পলিসি কি হবে এবং সেই সম্পর্কে তার অভিমত দিয়েছেন। ইকনমিক হোল্ডিংয়ের দৃষ্টিভঙ্গি নিয়ে সীমিত সংখ্যক ব্যক্তির মধ্যে, কৃষকদের মধ্যে জমি বন্টন করা হবে অথবা উদ্বৃত্ত জমি যেটা পাওয়া যাবে, সেই উদ্বৃত্ত জমি বহু মানুষের মধ্যে অল্প অল্প বিলি করা হবে। যে অভিমতকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় সমর্থন করেছেন সেটা হচ্ছে, If they get a small plot of Land as their own their Security will be fortified and they will cultivate the crop with a gardener's care. এই দৃষ্টিভঙ্গি ওরা নিয়েছে যে, অল্প জমি দিলে তাদের সিকিউরিটি উইল বি ফোর্টিফায়েড—এখানে আমার বক্তব্য হচ্ছে, যেখানে প্রথমেই বলা হয়েছে provision of income through other sources must be there for the poor peasants. সেখানে তারপর বলছে, যাদের অল্প অল্প খণ্ড জমি, ৫/১০/২০ কাঠা, কি এক বিঘা জমি দেওয়া হচ্ছে, তাদের সিকিউরিটি উইল বি ফরফিটেড এবং তারপর কি বলছে, পরবর্তীকালে কি হবে, next the peasants should be helped and encouraged first for joint cultivation and then for collective farming. কিন্তু এদিকে কোনও অগ্রগতিই আমি সরকারের মধ্যে দেখতে পাচ্ছি না। মাননীয় স্পিকার মহাশয়, হরেকৃষ্ণ বাবু যে উক্তি করেছিলেন, সেটাই এই সরকারের নীতি হওয়া উচিত। বাস্তবিক পক্ষে গ্রামীণ জীবনের কিছু উন্নতি করতে হলে—আমাদের দেশের বিশাল জনসংখ্যার মধ্যে সীমিত পরিমান জমি আছে, সেই জমি খণ্ড খণ্ড দেওয়া হোক বা ইকোনমিক হোল্ডিং-এ দেওয়া হোক বা বড় বড় টুকরো করে বিলি করা হোক— গ্রামীণ কৃষি জীবনে তারা কৃষক হোক বা মার্জিনাল কালটিভেটর হোক বা বর্গাচাষী হোক বা ল্যাণ্ড লেস লেবার হোক বা ল্যাণ্ড লেস এগ্রিকালচারাল লেবার হোক, তাদের সিকিউরিটির ব্যবস্থা করা উচিত। কিন্তু সেদিকে কোনও সক্রিয় প্রচেষ্টা দেখছি না। আমরা দেখছি এই সরকার ক্ষমতায় আসবার পর অপারেশন বর্গা নিয়ে উঠে পড়ে লেগেছে। আমরা নীতিগতভাবে চাই, যে-চাষী যে-জমিতে বর্গা চাষ করে সে ঝঞ্ঝাটের মধ্যে না গিয়ে নির্বিবাদে চাষ করুক। সেটা আমরা অবশ্যই চাইব, কিন্তু এসম্বন্ধে আপনারা কোনও ব্যবস্থা নিচ্ছেন না। আপনারা বর্গাচাষীকে জমির মালিকানা সত্ব দিয়ে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করছেন না কেন? আমার মনে হয় সেই ব্যবস্থা করা উচিত এবং জমির মালিককে আবশ্যিক ক্ষতিপূরণ দিয়ে দেওয়া উচিত। আমি মনে করি এটাই ভূমি সংস্কারের সব চেয়ে বড় উপায়। কিন্তু আপনারা কৃষক সমাজকে সম্পূর্ণরূপে আচ্ছন্ন করে রেখেছেন অপারেশন বর্গার মধ্যে। আজকে পল্লী অঞ্চলে এই অপারেশন বর্গাকে কেন্দ্র করে যেসমস্ত ঘটনা ঘটছে, সেগুলি অত্যন্ত দুঃখের এবং বিশেষ করে আজকে এর দ্বারা গ্রামীণ জীবনের শান্তি বিঘ্নিত হচ্ছে। আমরা খবরের কাগজের মাধ্যমে প্রতি

দিন ঐসব ঘটনার খবর পাচ্ছি। অপারেশন বর্গার নাম করে, বর্গাচাষীকে তার জমিতে বসাবার জন্য যে চেষ্টা হচ্ছে তার ফলে মারামারি, খুনোখুনি হচ্ছে। এমন কি ফ্রন্টের শরিকদের মধ্যেও এই ঘটনাগুলি ঘটছে। এগুলি আমরা লক্ষ্য করছি। আমি এরকম দু' একটি ঘটনার কথা উল্লেখ করব। আমি এ বিষয়ে তিনটি দৃষ্টান্ত দেব, তার মধ্যে দুটি আমার এলাকার। শ্যামপুর থানার এক নং ব্লকের যিনি ব্লক পঞ্চায়েতের সভাপতি, তাঁর নিজের গ্রাম কমলপুর গ্রামের একটি দৃষ্টান্ত দিচ্ছি। ৫/৬টি দাগে ১.৯১ শতক জমি নিয়ে উপেন্দ্রনাথ জানা এবং পরেশচন্দ্র সামন্তর মধ্যে বিরোধ। পরেশচন্দ্র সামন্ত ঐ জমিতে ভাগচাষী ছিলেন, কিন্তু ১৯৬০ সালে ইস্তফা দিয়েছিলেন। বর্তমানে পুনরায় তিনি নিজেকে ভাগচাষী হিসাবে প্রমাণ করবার চেষ্টা করছেন এবং তার পেছনে রাজনৈতিক দলের লোকেরা আছেন। অবশ্য এখন পর্যন্ত তিনি রিভিসনাল সেটেলমেন্টে নিজেকে ভাগ-চাষী হিসাবে প্রমাণ করতে সক্ষম হননি। '৮০ সালের বিগত মরশুমে জমির মালিক উপেন্দ্রনাথ জানা নিজেই জমি চাষ করেছিলেন এবং পরেশচন্দ্র সামন্তর কাছ থেকে গোলমাল হওয়ার আশঙ্কা করে আগাম ১৪৪ প্রার্থনা করেছিলেন।

[1-30 – 1-40 p.m.]

কোর্ট থেকে পুলিশের উপর এনকোয়ারী করে রিপোর্ট চাওয়া হল। পুলিশের পক্ষ থেকে জে. এল. আর. এর কাছ থেকে রিপোর্ট চাওয়া হল। জে. এল. আর. ও তার ৪.১১.৮০ তারিখের ১৪৮১ নং মেমোতে বললেন পরেশ বর্গাদার নন। কিন্তু সামান্য কিছু লিটিগেশন আছে—আদালতে ১৪৫ ধারা প্রয়োগ করে বি. ডি. ওকে দিয়ে ফসল কাটিয়ে সমূহ ফসল তার জিম্মায় রাখলেন। পরেশ স্থানীয় সি. পি. এম. থেকে উৎসাহ পেয়ে জে. এল. আর. ওর দ্বারস্থ হলেন। যেহেতু সি. পি. এম. রুলিং পার্টি সেইজন্য সব সময়ে ট্রান্সফারের ভয় থাকে কাজেই স্থানীয় পার্টির নেতৃত্ব শিরোধার্য্য করে তাদের চলতে হবে। জে. এল. আর. ও তখন সি. আইকে দিয়ে এনকোয়ারী করান। সি. আই. ১৭-১১-৮০ তারিখে রিপোর্ট দিলেন—Primary works of cultivation in some portion of the suit plots has been made by Paresh but transplantation was made by upon. ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে যা হয় অর্থাৎ গোলমাল করছে। সি. পি. এমের প্রভাব সেখানে প্রবল। জে. এল. আর ওর কাছে আবার তথাকথিত ভাগচাষী দ্বারস্থ হলেন এবং জে. এল. আর. ও ঐ সি. আইয়ের এনকোয়ারিটি সামনে রেখে রিপোর্ট দিলেন কি? Paresh actually cultivated the suit plots. জে. এল. আর. ও কেসটিতে তার শেষ আদেশ বা জ্যাজমেন্ট দিলেন ঐ সি. আইয়ের রিপোর্টকে ভিত্তি করে Paresh actually cultivated the suit plots but the work was done by upon ভেরী পিকিউলিয়ার জিনিষ,

The case was placed in the meeting of ভূমি উন্নয়ন পরিকল্পনা ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি and it was decided that Paresh actually cultivated the suit plots as recognised Bargadar. So he shall receive his share of produce from the B.D.O.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয় সম্বন্ধে বলব যেখানে ভাগচাষীকে উচ্ছেদ করা হচ্ছে। এরা তো অপারেশন বর্গা করছেন। এটি একটি কেস, গ্রাম-কমলপুর, শ্যামপুর ১ নম্বর ব্লক পঞ্চায়েতের যিনি সভাপতি তারই গ্রামে এই কেসটি। কেসটি হচ্ছে পূর্ণ চন্দ্র সামন্তর, '৬৪ সাল থেকে বর্গাদার। তার একটা বৃহৎ খাস ভূমির কিছু অংশ বর্গাদারকে দিয়েছিল আর কিছুটা অংশ তার মালিকানা স্বত্বে ছিল। ব্যাপারটি হচ্ছে, যে অংশটি অন্যকে হস্তান্তর করেছিলেন সেই অংশটি নিয়েই বিরোধ। ঐ গ্রামের মধ্যে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের যিনি উপ-প্রধান তার সঙ্গে পূর্ণচন্দ্র সামন্তের বিরোধ আছে। তিনি অন্য শরিকদের দিয়ে ধান কেটে তুলে নেওয়ার তোড়জোড় করলেন। তখন পূর্ণচন্দ্র সামন্ত পুলিশের সাহায্য চাইবেন। পুলিশ ধান সিজ করে ঐ উপ-প্রধানের কাছে জমা দিলেন। কিন্তু ঐ উপ-প্রধানের পাত্তা পাওয়া যাচ্ছে না। জে. এল. আর. ও সি. আইকে দিয়ে তদন্ত করে রিপোর্ট দিলেন যে পূর্ণ সামন্তই বর্গাদার। এর পর সেই জে. এল. আর. ও বদলী হয়ে গেলেন। তার স্থলে নতুন জে. এল. আর. ও এলেন। তাঁর কাছে আবার আবেদন হল। তিনি কেসটি ভূমি সংস্কার স্থায়ী সমিতির কাছে পাঠিয়ে দিলেন। সেখানে কি রায় হল? পূর্ণ সামন্ত যেহেতু ঐ জমির একটি অংশের মালিক—যদিও সেই অংশটি ছিল বিচ্ছিন্ন তবুও এই অংশে সে বর্গাদার হতে পারে না। আপনাদের পঞ্চায়েরে মন্ত্রী মহাশয় এখানে নেই, তাঁর পঞ্চায়েত কি কীর্তি করছে, কোথা থেকে এঁরা নিজেদের মনগড়া আইন তৈরি করছেন। যেহেতু একটা বৃহৎ ভূমিখণ্ডের একটি অংশের তিনি মালিক অপরখণ্ডের অন্য অংশীদার, তিনি মালিক হতে পারেন না। তিনি বর্গাদার নন, অপারেশন বর্গা এঁরা করছেন, হাইকোর্টে মামলা করলে তখন তার প্রতিকার পাওয়া যাবে, প্রতিবাদ করবার কিছু নেই। মাননীয় স্পিকার মহাশয়, আমি আর একটা দৃষ্টান্ত দোব—আমরা কাগজ পত্রে দেখছি, আমাদের ভূমিসংস্কারের যে নীতি সেই নীতি কার্যকর করতে এঁরা—আমাদের গ্রামীণ যে পঞ্চায়েত ব্যবস্থা আছে তার সাহায্য পাচ্ছেন এবং ভূমিসংস্কারের ক্ষেত্রে এঁরা দ্রুত অগ্রগতি লাভ করছেন। আমি আর একটা ক্ষেত্রে বলছি এটি হচ্ছে—শ্যামপুর ২নং ব্লকে ১৯৭৪-৭৫ সালে সেই ব্লকের নারায়ণপুর মৌজায় ২২নং খতিয়ানে ২৫৯৫ নং দাগে ৩৩ শতক জমি ২.১০.৭৫ তারিখে বারসমুদ্রা গ্রামের অনাদিচরণ রায় বলে এক ব্যক্তিকে পাট্টা দেওয়া হল এবং আপনি জানেন এই পাট্টা যাতে রায়তি স্বত্ব বলে তখনকার, এবং যিনি পাট্টা হোল্ডার তিনি যদি মারা যান, আমাদের সাধারণভাবে যে উত্তরাধিকার আইন সেই আইন অনুসারে যিনি তাঁর উত্তরাধিকারী হবেন তিনি পাবেন। গরিব চাষী, তাঁর যে অনেক জমি ছিল তা নয়, তখনকার যে নীতি ছিল সেই অনুসারে মাত্র ৭৯ শতক জমি ছিল আগেকার এবং ঐ যে পাট্টা পেয়েছিলেন এই কারণে তিনি দীর্ঘকাল ঐ জমির সঙ্গে জড়িত ছিলেন এবং আরও জমি ভাগ চাষ করতেন, কিন্তু ভাগচাষীর যে জমি তার কিছুটা বাদ দিয়ে তাঁকে আবার পাট্টা দেওয়া হয়েছিল। অনাদি বাবু মারা গেলেন, তিনি নিঃসন্তান এবার তাঁর বংশের কেউ যাঁর উত্তরাধিকারের কোনও দাবি থাকতে পারে না যাঁদের পিছনে প্রবল রাজশক্তি আছে তাঁরা গিয়ে ২নং জে. এল. আর. ও'র কাছে উপস্থিত হলেন এবং তিনি আবার পাল্টা আমাদের ভূমি উন্নয়ন, ভূমি সংস্কার সমিতির কাছে দিলেন, তাঁরা

কি করলেন, না সেই জমিকে বন্টন করে দিলেন। এই তিন জনের মধ্যে, যার মধ্যে দুই জনের কোনও স্বত্ত্বাধিকার নেই। কাজেই আমি তিনটি তিন প্রকারের দৃষ্টান্ত আপনাদের কাছে দিলাম, আমি জানি আমাদের মন্ত্রী মহাশয় প্রকৃতই ভাল মানুষ, আমার সঙ্গে তাঁর দীর্ঘকালের বন্ধুত্ব, তিনি ওখানে বসে থাকতেন এবং তিনি ভরসা করে আছেন যে আমাদের সারা পশ্চিমবঙ্গ ছড়িয়ে যে পঞ্চায়েত ব্যবস্থা রয়েছে তাদের যে উদ্দেশ্য, যে নীতি রূপায়িত হচ্ছে—কিন্তু এটাতো জোর করে বর্গাচাষী বসানো হচ্ছে, যে প্রকৃত বর্গাচাষী আছে তাকে উচ্ছেদ করা হচ্ছে। যেখানে পাট্টা সম্পত্তি আছে—কোথাও কোথাও দেখলাম এঁরা প্রকৃত পাট্টা প্রাপকদের স্বার্থরক্ষার প্রতি যত্নশীল এবং তাদের গ্যারান্টার থাকবে, কিন্তু এখন দেখছি যে এদের এইভাবে উচ্ছেদ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা সমাজতন্ত্রের কথা মুখে বলে কিন্তু আমাদের গ্রামীণ অর্থনীতির যে মূল কথা—ভূমি সংস্কার, তাকে হাতে নিয়েছেন, সেখানে কাজের থেকে গোলমাল বেশি হচ্ছে এবং আমার মনে হয় এই বাবদ যতগুলি আইন প্রণয়ন করা হয়েছে সেই আইনের দৃষ্টিভঙ্গি ঠিক একচক্ষু হরিণের দৃষ্টিভঙ্গির মতো হয়েছে। তিনি একথা ভুলে যান—যে আইন রচনা করতে গিয়ে একদিকে যেমন গরিবের স্বার্থ দেখতে যাব তার জন্য ধনিকের উপর আঘাত আসবে, তারা আঘাত পাক, আপত্তি নেই আমাদের কিন্তু সেই আইনের দ্বারা একটা দরিদ্র মানুষ আঘাত পেতে পারে, আহত হতে পারে। আমি বলছি গত সেসনে আমাদের এখান থেকে ঐ যে রেসটোরেশন অফ অ্যালায়েনটেড ল্যাণ্ড তাকে আরও শক্ত করে দেওয়া হল তার মেয়াদ বাড়িয়ে দেওয়া হল, শক্ত করতে আপত্তি নেই, কিন্তু মেয়াদ বাড়ানো হল তাতে একটু আপত্তি আছে, যদি আপনারা দীর্ঘকাল এই ব্যবস্থা রাখেন যে—যেকোনও জমি ট্রান্সফার হলে তাকে ফিরিয়ে নেওয়া যাবে Why don't you take this in a straight cutway যে জমি ট্রান্সফার করা যাবে না, যেখানে একজন গরিব মানুষ না খেয়ে না দেয়ে কিছু সঞ্চয় করে আর একটি গরিব মানুষের জমি কিনেছে সেটা ফিরে দিতে গিয়ে কি হচ্ছে? না, যিনি বিক্রি করবেন এই আইনের ফলে তাকে সেই জমিটুকু ফিরে দিতে হবে, তিনি ২০ বছর ধরে টাকা ফেরত পাবেন। এখানে কি হবে আমরা জানি, আমাকে একবার হস্তক্ষেপ করে মীমাংসা করে দেবার জন্য যেতে হয়েছিল, একজন অত্যন্ত গরিব মানুষ তাঁর চার শতক জায়গা বিক্রি করেছিলেন আর একজনকে, যার আদৌ জমি ছিল না।

[1-40 – 1-50 p.m.]

যাদের আদৌ জমি নেই বাস করবার মতো একটু জায়গাও নেই সেখানে আপনারা নতুন আইন করে আরও কড়া করেছেন। অর্থাৎ কোনও কম্প্রোমাইস চলবে না। খুন করে কম্প্রোমাইস হতে পারে কিন্তু জমি একবার হস্তান্তরিত করলে তাকে যদি কেউ ফেরৎ চায় তাহলে কম্প্রোমাইস হবেনা। একজন গরিব মানুষ ৪ শতক জমি বিক্রি করল এবং সেই জমি অন্য আরেকজন কিনলো কিন্তু আগের যদি সেই জমি ফেরৎ চায় তাহলে তাকে তা দেওয়া হবে না—বলা হবে নো কম্প্রোমাইস। আমি এই ব্যাপারটা নিয়ে বি. ডি. ওর কাছে

গিয়েছিলাম কিন্তু তিনি বললেন কোনও উপায় নেই। আমরা তখন ৪ শতককে ২ শতক ২ শতক করে ভাগ করে দিলাম। অর্থাৎ এখানেও সেই নো কম্প্রোমাইস। আইনকে আপনারা টাইট করলেন বড়লোকের জন্য কিন্তু গরিব মানুষ এতে টাইট হয়ে গেল। আমি গতবার বিধানসভায় ক্ষতিপূরণ দেবার ব্যাপারে বলেছিলাম। সরকার যে জায়গা নিচ্ছেন তাকে ক্ষতিপূরণের জন্য দেবেন ৪৫ টাকা, যেখানে আড়াই হাজার টাকা জমির দাম। বড়লোকদের জন্য আপত্তি করছি না কিন্তু বড়লোকের সংজ্ঞাটা কি সেটা ঠিক করা উচিত। আপনারা জমির সিলিং বেঁধে দিয়েছেন এবং আপনারা যে পে কমিশন তৈরি করেছেন তার একটা পেস্ট্রাকচার থাকা উচিত। অর্থাৎ যারা সরকারি কাজ করেন যাদের সিকিউরিটির জন্য একটা পে-কমিশন করেছেন। কিন্তু সেই চিন্তা কোথায় অন্যদের জন্য? একজন যে ৩০/৪০ বিঘার জমির মালিক সাধারণভাবে তার জমি এক ফসলা। এদিক থেকে জমির কোনও উন্নতি হয়নি। এক ফসলাকে ২/৩ ফসলা এখন করা যায়নি। আপনাদের ইকনমিক রিভিউতে উৎপাদনের অগ্রগতি দেখিয়েছেন যেটা অধগতির লক্ষ্যন। বৃষ্টিপাতের কারণ আপনারা দেখিয়েছেন কিন্তু গত বৎসর বৃষ্টিপাত আশানুরূপ হয়নি অথচ ধানের ফলন ভাল হয়েছিল। কিন্তু তা হলেও এদের নিরাপত্তা কোথায়? আজকে কৃষির উপর নির্ভরশীল মানুষগুলি শেষ হয়ে যাচ্ছে এবং পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের কৃষি অর্থনীতি যদি চলে যায় তাহলে দেশ চলে যাবে। আমরা জামা-কাপড়ের বাবু চাকরি করে দিন চালাতে পারব। যাদের জন্য আমাদের চিন্তা তারা পশ্চিমবঙ্গের অধিবাসীদের শতকরা ১.৫ পারসেন্ট—হাজারে ১৫ জন। এই অবস্থা আমাদের চলছে। কাজেই ভূমি সংস্কার সম্বন্ধে গভীরভাবে চিন্তা করতে হবে এবং ভূমি সংস্কারের মাধ্যমে গ্রামীণ অর্থনীতির উন্নতি যাতে হয় সেই ব্যবস্থা করতে হবে। ভূমি সংস্কার মানে আমি বিশ্বাস করি না শুধু ভূমি বন্টন। ভূমি সংস্কারের ক্ষেত্রে অনেক সমস্যা আছে এবং যত দিন যাবে সেই সমস্যা আরও ব্যাপক হবে। রাজ্যপালের কথানুসারে আমি বলি আমরা এখন গ্রামের কথা ভুলে যাই এটা আমাদের অপরাধ নয়। আজকে দেখছেন বাই ল অফ ডেমিনিসিং রিটার্ন জমির ক্যারাকটার পরিবর্তন হয়ে যাচ্ছে। জমির উৎপাদিকা শক্তি স্বাভাবিক ভাবে কমে যাচ্ছে। আগে সাধারণভাবে জমিতে যে ফসল পাওয়া যেত তা এখন পাওয়া যাচ্ছে না। অফিসের মারফৎ এবং যে তথ্য আমাদের বর্তমানে আছে সেই অনুযায়ী কৃষির উৎপাদন বৃদ্ধি করার চেষ্টার ক্ষেত্রে দেখছি যে ফার্টিলাইজার প্রয়োগ করে জমির স্বাভাবিক উর্বরা শক্তি কমে আসছে। আমি নিজে কিছু কিছু চাষের কাজ নৈতিক দায়িত্ব বলে করে থাকি। গাছ লাগালে দেখি আগেকার মতো ফসল হয়না এবং গাছও ঠিকমতো বাড়েনা। জমির উৎপাদন শক্তির মতো আমরা দেখছি পুকুরের উৎপাদন শক্তি কমে যাচ্ছে যার ফলে মাছ হচ্ছে না। সয়েল টেস্টিং এর মধ্যে দিয়ে জমির আগেকার শক্তি যাতে ফিরিয়ে আনা যায় সেই চিন্তা করা উচিত। এই প্রসঙ্গে অ্যাফরেস্টেশন এর কথা এসে যাচ্ছে। লোকসংখ্যা যেভাবে বেড়ে যাচ্ছে তাতে ১০ বছরে ২৫ পারসেন্ট যদি বেড়ে থাকে সেই সঙ্গে অ্যাফোরেস্টেশন বাড়াতে হবে। কিন্তু এর একটা সমস্যা আছে। কারণ অ্যাফোরেস্টেশন বাড়াতে হলে আমাদের সীমিত জমি যা থেকে খাদ্য উৎপাদন হয় সেই জমি কম হবে কিনা তা চিন্তা করতে হবে। স্বাভাবিক ভাবে আমরা বহু দুর্গতির দিকে যাচ্ছি বিশেষ

করে আমাদের গ্রামীণ অর্থনীতি। সেইদিক থেকে আমাদের সতর্ক থাকতে হবে। ভূমি সংস্কার এর সঙ্গে আর যে সমস্যা ওতপ্রোত ভাবে জড়িত সেগুলি সম্পর্কে যদি চিন্তা না করি তাহলে কিছু হবেনা। রাজ্যপাল গ্রামীণ দৃষ্টিভঙ্গির কথা বলেছেন কিন্তু আপনাদের দৃষ্টিভঙ্গি শহর থেকে গ্রামের দিকে যাচ্ছে না। যার ফলে গ্রামবাংলার ধ্বংসের পথে যাচ্ছে। মন্ত্রী মহাশয় বিবেচক মানুষ বলে অনুরোধ করব এই দিকটা তিনি বিচার করুন। কিন্তু সেই দৃষ্টিভঙ্গি এই বাজেটের মধ্যে নেই বলে আমি একে সমর্থন করতে পারছি না।

[1-50 – 2-00 p.m.]

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি গর্বিত যে আমাদের প্রয়াত নেতা কমরেড হরেকৃষ্ণ কোঙারের নাম উচ্চারণ না করে পশ্চিমবাংলার ভূমি সংস্কার নিয়ে কোনও আলোচনা করা কারোর পক্ষে সম্ভব নয়। সঙ্গে সঙ্গে আমি মাননীয় সদস্য শশবিন্দু বেরাকে স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে যিনি মন্ত্রী তিনি হরেকৃষ্ণ কোঙারের হাত ধরে রাজনীতিতে একদিন নেমেছিলেন এবং কৃষক আন্দোলন করেছিলেন। সুতরাং চিন্তার কোনও কারণ নেই যে হরেকৃষ্ণ কোঙার যে পথে যাত্রা শুরু করেছিলেন সেই পথ ধরে তিনি চলেছেন এবং কোনও বাধাই তাঁকে সেই পথ থেকে সরিয়ে দিতে পারবে না। সকলেই জানেন যে দেশে ৭০। ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল, যে দেশে জাতীয় আয়ের বড় অংশ কৃষি থেকে হয় যে দেশে স্বাধীনতার ৩৩ বছর পরেও জমির কেন্দ্রীভবন ক্রমশ বেড়ে চলেছে, অপর দিকে ভূমিহীনের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে, ১৯৭৩-৭৪ সালের হিসাব অনুযায়ী ৪৭.৬ শতকরা দরিদ্র সীমার নিচে, যে দেশে অভ্যন্তরীণ বাজার শুকিয়ে যাবার জন্য শিল্প বিকাশ সম্ভব নয় সেই রকম একটা দেশে মৌলিক ভূমি সংস্কার ছাড়া আমাদের দেশের অগ্রগতির আর কোনও দ্বিতীয় রাস্তা নেই। কিন্তু প্রচলিত আইনগত ব্যবস্থা এবং সাংবিধানিক কাঠামোর মধ্যে মৌলিক ভূমি সংস্কার রাতারাতি সম্ভব নয়। ভূমি সংস্কারের নামে যে ভূমি নীতি রচনা করা হয়েছে তাকে বাস্তব রূপ দেবার জন্য মূলত ৫টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তার একটা কর্মসূচি হল অপারেশন বর্গার মাধ্যমে দ্রুত রেকর্ড করতে হবে। পঞ্চায়েতের মাধ্যমে জমি বিলি করতে হবে—বর্গাদারদের পাট্টা বিতরনের ব্যবস্থা করতে হবে এবং চিরস্থায়ী স্বত্ব প্রদানের ব্যবস্থা করতে হবে। মাননীয় স্পিকার স্যার, আপনি জানেন, যেদিন বর্গা অপারেশনের কর্মসূচি ঘোষণা করা হয়েছিল সেদিন সঙ্গে সঙ্গে চিৎকার আরম্ভ হয়ে গিয়েছিল। শুধু মাত্র পশ্চিমবাংলাতে নয়, ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে আলোচনা শুরু হয়েছিল। আলোচনা ভাল কথা, কিন্তু আলোচনার মধ্যে দিয়ে তারা সেদিন আলোড়ন তোলার চেষ্টা করেছিল সর্বত্র। সেদিন নয়, আজও তাঁরা বাইরে বলছে যে, বর্গার নামে দেশে বর্গীর হামলা শুরু হয়ে গিয়েছে। এ ব্যাপারে আমি ঐসব বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, এই কার্যের মধ্যে লাভবান কে হবেন তা একবার ভেবে দেখুন। এর দ্বারা লাভবান হবেন সমস্ত ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর যাঁরা আছেন তাঁরা। আপনারা এও জানেন যে, এই সমস্ত ভূমিহীন কৃষক বা ক্ষেতমজুররা আমাদের এই দেশেরই লোক। ভূমি সংস্কারের মাধ্যমে

তাঁরাই ভবিষ্যতে ক্ষুদ্র জমির মালিক তাঁরা হতে পারবেন। স্যার, আপনি দীর্ঘদিন কৃষক আন্দোলনের সঙ্গে যুক্তি ছিলেন, অবিভক্ত কৃষক সভার আপনি ছিলেন সম্পাদক। আপনার তো জানা আছে, চিরস্থায়ী বন্দোবস্তের আগে জমির মালিকরা কিভাবে কৃষকদের জমি থেকে উৎখাত করেছে, তার বিস্তারিত ইতিহাস। মাননীয় সদস্যেরাও এ ইতিহাস জানেন। স্যার টমাস রো এক জায়গায় বলেছিলেন, ১৮৪২ সালে ভারতবর্ষে কোনও ভূমিহীন কৃষক ছিল না। আর এক জায়গায় তিনি বলেছেন, ১৮৭২ সালে ভারতবর্ষে ৭০ লক্ষের মত ভূমিহীন কৃষক ছিল। তারপরে আপনারা জানেন, কি ভাবে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক সৃষ্টি হয়েছে, বিশেষ করে ১৮৫৯ সালের রেভেনিউ অ্যাক্ট এবং ১৮৮৫ সালের যে বেঙ্গল টেনানসি অ্যাক্ট ছিল, তাকে ১৯২৮ সালে সংশোধনের মাধ্যমে কোথাও বর্গাদারদের কাজের নিরাপত্তার ব্যবস্থা কোনও ভাবে রক্ষা করা সম্ভব হয়নি। আপনারা এও জানেন যে, ফাইভ কমিশন তাঁদের যে রেকমেণ্ডেশন সাবমিট করেছিলেন তাতে সুপারিশ করা হয়েছিল যে, বর্গাদারদের জমিতে চাষ করার ব্যাপারে সব রকম স্বত্ব দিতে হবে। সেই ফাইভ কমিশনকেই আজকে আমরা এনকোয়ারি, এক্সপার্ট কমিটি বলে থাকি। এক্সপার্ট কমিটির রেকমেণ্ড কি তা আমাদের জানতে হবে। তারপরে, ১৯৫০ সালে বর্গা আইন হয়েছে, ১৯৫৩ সালে জমি অধিগ্রহণ আইন হয়েছে, ১৯৫৬ সালে ভূমিসংস্কার আইন হয়েছে। সেগুলিকে সংশোধন করে ১৯৭১ সালে একটা মেজর সংশোধনও হয়েছে। আমাদের ঐ দিকে বন্ধুরা বসে আছেন, তাঁরা বর্গা রেকর্ড কতখানি করেছিলেন। কংগ্রেস আমলে অপারেশান বর্গা হয়েছিল ১০ লক্ষের মতো। কিন্তু রেকর্ড হয়েছিল মাত্র ১০ হাজারের মতো—তাঁরাই আজকে দাবি করছেন, তাঁরা নাকি এ ব্যাপারে সাফল্য লাভ করেছিলেন। ইন্দিরা কংগ্রেসের দলে একটা এড-হক কমিটি আছে, ওদের সব ব্যাপারেই এড-হক কমিটি তৈরি হয়ে থাকে। ঐ এড-হক কমিটি গঠিত হয়ে থাকে মায়ের আশীর্বাদ নিয়ে। সব রাজ্যেই এরকম আছে। যাইহোক, সেই রকম কমিটির একটা সভাতে অজিত পাঁজা স্বীকার করেছেন যে বর্গা অপারেশন সফল হয়েছে। ৮ই মার্চের (১৯৮১) আনন্দবাজারে একটি খবর বেরিয়েছিল সেটি থেকে বলছি। এখানে অনেক পত্রিকা আছে, তবে ওদিকের বন্ধুরা আনন্দবাজারের খবরকে বেশি পছন্দ করেন, সত্য বলে স্বীকার করেন, সেজন্য অন্যান্য পত্রিকার কথা বাদ দিয়ে আনন্দবাজার থেকে বলছি,—সাধারণ মানুষের, এমনকি দরিদ্র কৃষকদের মধ্যে জমি বিলির ব্যাপারে তাঁরা নিজের দলের এবং বাইরের অন্যান্যদের কাছ থেকে ১০ হাজারের মতো অভিযোগ নাকি পেয়েছেন। এতবড় যে কর্মসূচি, যেখানে ১০ লক্ষের মতো বর্গা রেকর্ড হয়েছে, সেখানে ১০ হাজার মাত্র অভিযোগ তাঁরা পেয়েছেন। ধরে নিলাম, তাদের অভিযোগ সত্য, কিন্তু আমি জিজ্ঞাসা করি—গত ৩৩ বছর তো আপনারা দেশ শাসন করেছেন, অনেক কর্মসূচি তো আপনারা নিয়েছিলেন তখন,—সেখানে ১০ শতাংশ ভুলও যদি হয়ে থাকত, তাহলে কি আমরা বলতাম না যে আপনারা সাফল্য লাভ করেছিলেন? অথচ আমাদের ক্ষেত্রে আপনারা মাত্র ১ শতাংশ ভুল খুঁজে পেয়েছেন আপনারা। এ ক্ষেত্রে আমি বলব, আপনারা চেষ্টা করেছিলেন আরও বেশি অভিযোগ জোগাড় করতে, কিন্তু যে কোন কারণেই হোক না, কেন, এর বেশি অভিযোগ সংগ্রহ করা সম্ভব

হয়নি আপনাদের পক্ষে। এর থেকে বুঝতে হবে বর্গাদারদের সাফল্যে পৌঁছে দেবার জন্য কর্মসূচি চলেছে। শশবিন্দু বাবু বলেছেন যে ১০ হাজার অভিযোগ তাঁদের কাছে এসেছে। এই ১০ হাজার অভিযোগ কি ধরনের, তার কিছু উদাহরণ তিনি দিয়েছেন। আমি এখানে ২/১টা উদাহরণ দেব। আমার কেন্দ্র রায়না থানায় বর্ধমান জেলায়—কার্তিক নায়েক বাস করে। তার ৮০টি মৌজায় জমি আছে। সেই জমির প্রকৃত বর্গাদাররা তাদের ভাগ জমি রেকর্ড করেছেন এবং তারপর ল্যাণ্ড রিফরমার্স অ্যাক্ট এর ৫১ ধারা অনুযায়ী সরজমিনে তদন্ত হল। তারপর তিনি আশ্রয় নেবেন কোথায়? তিনি গিয়ে আশ্রয় নিলেন কোর্টে। এই ধরনের ১০ হাজার অভিযোগ এসেছে। এই ধরনের অভিযোগ ভুরিভুরি আছে, আমি এর প্রমাণ দিতে পারি। অনেক ক্ষেত্রে হচ্ছে কি? অনেক ক্ষেত্রে হচ্ছে, প্রকৃত বর্গাদাররা যাতে ভাগ চাষ না লেখাতে পারে তার জন্য আত্মীয়-স্বজনদের বর্গাদার বলে বসিয়ে দেওয়া হচ্ছে। এই সব ক্ষেত্রেও যারা বিফল হচ্ছে তারা অজিবাবুর কাছে যায়, কংগ্রেস(ই) লোকদের ধরে। তাতেও যার কিছু না হয়, তখন সে কোর্টে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয় বর্গা রেকর্ডের একটা আইন আছে, এবং সেই আইনের কিছু সংশোধন করা হয়েছে। যার জমি তাকে কিছুটা সময় থাকতে হবে, কারণ তিনি থাকবেন কলকাতার আহিরিটোলায় আর বর্ধমানের মেমারীতে চাষ হয়ে যাবে, এটা কখনও হতে পারে না। অত্যন্ত চাযের মেজর কিছুটা সময়, ধান চাষের সময় এবং ধান কাটার সময় ঐ এলাকায় থাকতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় তিনি বলেছেন যে সংশোধনী আর্টিকেল ৯১(১) ক্লজেস এফ অ্যাণ্ড জি নাকি ভায়োলেট হচ্ছে। স্যার, আপনি জানেন গত ২০/২/৮১ তারিখে সুপ্রীম কোর্ট রুলিং দিয়েছেন। সুপ্রীম কোর্ট তার রুলিংএ তাদের আবদার বাতিল করে দিয়েছেন এবং আমাদের সংশোধনী সুপ্রীম কোর্ট বহাল রেখেছেন। আমরা যে বসবাস আইনের কথা বলেছি তাই নয়, আমরা যা বলেছি সেটা কংগ্রেস কোনওদিন ভাবতে পারেনি। আমরা বলেছি যে বর্গাদার নয় সেটা সেই ব্যক্তিকে প্রমাণ করতে হবে অর্থাৎ জমির মালিককে প্রমাণ করতে হবে। আগে ছিল বর্গাদারকে প্রমাণ করতে হত যে সে বর্গাদার। এখন অসুবিধা বেঁধে গেছে, বর্গাদার মালিককে প্রমাণ করতে হবে। সেইজন্য বোস বাবু চোটে গেছেন। গোলপার্ক বা বিভিন্ন জায়গা থেকে গলায় চাদর জড়িয়ে পৌষ মাসে এসে ধান নিয়ে যাবে এটা হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকে বেদনার সঙ্গে বলেছেন যে মালিকদের কি হবে, অফিসারদের কি হবে। এটা নূতন কিছু কথা নয়,। আজকে শশবিন্দু বাবু বলেছেন, এর আগে কংগ্রেসিরাও বলেছেন যে মালিকদের কি হবে, অফিসারদের কি হবে। ডঃ সুনীল সেন বলেছেন যে যখন কৃষকদের কিছু হবে তখন মধ্যবিত্তরা আওয়াজ তুলবে আর মধ্যবিত্তদের কিছু হবে তখন তারা আওয়াজ তুলবে এটা নূতন কিছু কথা নয়।

[2-00 – 2-10 p.m.]

আমরা পশ্চিমবঙ্গের মানুষ জানি যে কোনও কারণেই হোক অকৃষক মালিকদের এতে জমি গেছে এবং সেই অকৃষক মালিক যারা ফসলের অংশের উপর নির্ভর করে না, সেই জমিটা দায় বিপদের একটা গ্যারান্টি, মেয়ের বিয়ে দিতে হবে কিংবা কোনও একটা কাজ

হবে, এটাকে মাথায় রেখে বাজেটে যে প্রস্তাব মাননীয় বিনয় চৌধুরি মহাশয় রেখেছেন সেখানে বলেছেন যে আমরা একটা নতুন আইন আনতে চলেছি, গত অধিবেশনে সেই আইন এসেছে, সিলেক্ট কমিটিতে তার আলোচনা হচ্ছে, সেখানে বলেছেন অকৃষক মালিকদের জন্য ল্যাণ্ড কর্পোরেশন গঠন করা হচ্ছে। অকৃষক মালিকরা যদি দায়ের জন্য জমি বিক্রি করতে চান এবং জমিদার যদি ন্যায্য দাম না দিতে চান তাহলে ল্যাণ্ড কর্পোরেশন সেই জমি কেনার ব্যবস্থা করবেন। অন্যদিকে আমরা শুধু আইনের কিছু সংশোধনের কথা বলিনি, সঙ্গে সঙ্গে আমরা বুঝেছি যদি বর্গা অপারেশন করতে হয় ভূমি সংস্কারের অঙ্গ হিসাবে তাহলে গ্রামে যে কৃষক সংগঠনগুলি আছে তাদের সাহায্য ছাড়া আমরা এগুতে পারব না এবং শুধু তাই নয় প্রশাসনকে যদি গণমুখী না করতে পারা যায় তাহলে এগিয়ে যাওয়া সম্ভব নয়। কংগ্রেসিরা তো চিৎকার করছেন অফিসাররা সব সি. পি. এম'র কেডার হয়ে যাচ্ছে, জোর করে উচ্ছেদ হচ্ছে এইসব কথা বলছেন। আজকে গ্রামের কৃষক সংগঠনগুলির সাহায্য ছাড়া এগিয়ে যাওয়া সম্ভব নয়। আপনারা তো ৩৩ বছর রাজত্ব করলেন, কতদূর এগিয়ে যেতে পেরেছেন? সেজন্য রিওরিয়েনটেশন যে ক্যাম্প হচ্ছে সেখানে সান্ধ্য বৈঠকের ব্যবস্থা করা হচ্ছে গরিব চাষীদের বোঝাবার জন্য আমি বলব ১৯৭৩-৭৪ সালের বাজেট পেশ করার সময় তদানীনন্তন মন্ত্রী গুরুপদ খাঁ জবাবি ভাষণে বললেন—বর্গাদার উচ্ছেদের কথা অনেক জায়গা থেকে শুনছি, এখানে অনেক মাননীয় সদস্য বললেন, এটা সত্যই আমার মনের ভেতর একটা বেদনার সঞ্চার করছে। আমাদের সেটেলমেন্ট কর্মচারিরা বললেন "একজন বর্গাদার নাম রেকর্ড করল, আর তার পরের দিন এসে আমাদের হাতে পায়ে ধরে বলল, স্যার, আমার নামটা কেটে দিন। আমি জানি এইসব প্রতিপত্তিশালী যেসব জোতদার রয়েছে যারা আইনকে ফাঁকি দিতে চায় তারা এইভাবে বর্গাদারকে শাসন করছে। মিঃ স্পিকার, স্যার, এই জোতদারদের যে বাধা এই বাধাকে অতিক্রম করতে গেলে গ্রামে গরিব মানুষদের যে কৃষক সংগঠন আছে তাদের সাহায্য ছাড়া উপায় নেই। আমি আগেই বলেছি ল্যাণ্ড রেভেনিউ দপ্তর থেকে যে বই পেয়েছি আই এল ও ১৪১ কনভেনসন সেখানে বলা হচ্ছে এইসব গ্রামীণ কৃষক সংগঠনগুলির সাহায্য নিতে হবে, লোকসভায় সেটা র‍্যাটিফায়েড হয়েছে। তারপরেও ওঁরা চিৎকার করছেন। আপনারা জানেন শুধু যে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি, ফরওয়ার্ড ব্লক, আর এস পি, বামপন্থী পরিচালিত কৃষক সংগঠনগুলিকে ডাকা হচ্ছে তা নয়, ইন্দিরা কংগ্রেস পরিচালিত কৃষক সংগঠনগুলিকেও ডাকা হচ্ছে। স্যার, আপনার বয়স হয়েছে, মাননীয় বিনয় চৌধুরি মহাশয়েরও বয়স হয়েছে, আপনারা কি কখনও দেখেছেন গলায় ধুকধুকি বাঁধা কৃষক? অদ্ভুত সব পশ্চিমবঙ্গের কৃষক। এইসব কৃষক হালে যে দিল্লিতে কৃষক সম্মেলন হল সেই সম্মেলনে গেল। দিল্লিতে যাবার পরের দিন যে দিনটা ছিল ড্রাই ডে সেই দিন মদের দোকানে হামলা করল। এইসব কৃষকদের ওরা রিপ্রেজেন্ট করেন। জোতদার জমিদার বাড়ির কিছু ছেলে-মেয়ে কৃষক হয়েছে, সেইসব কৃষকদের ওরা প্রতিনিধিত্ব করেছেন।

তাঁদের বলার কিছু নেই। সেদিক থেকে আমরা সমস্ত ভাবে বর্গা অপারেশনের কাজ

এগিয়ে নিয়ে চলেছি এবং আমরা আইনসঙ্গতভাবে এই সমস্ত কাজ করে চলেছি। অন্য দিকে আপনারা জানেন কংগ্রেস আমলে মাত্র ২ লক্ষ রেকর্ডেড হয়েছিল। ওঁরা মনে করেছে ওঁদের আর জবাব দিতে হবেনা, ওঁদের ৩৩ বছরের ইতিহাস চেপে যেতে পারবেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ এত সহজে ওঁদের ভুলবেনা একথা যেন তাঁরা মনে রাখেন। পশ্চিমবাংলার মানুষ জানে এই কয়বছর ধরে বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য বামফ্রন্ট সরকার কিভাবে তাঁদের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আপনারা জানেন সুস্থ প্রশাসনের কথা পণ্ডিত নেহেরু আমল থেকে সকলেই বলেছেন, কিন্তু সেই সুস্থ প্রশাসন কিভাবে গড়ে তোলা যায় সেই ব্যাপারে সামান্যতম প্রচেষ্টা কেউ করেননি। আমাদের গভর্নমেন্ট অন্তত সেই প্রচেষ্টা করছে যে কিভাবে অফিসারদের সঙ্গে, কানুনগোদের সঙ্গে গরিব মানুষরা একসঙ্গে বসে এই রেকর্ডের কাজটা করতে পারে। এইভাবে আমরা সুস্থ প্রশাসন গড়ে তোলার জন্য একটা প্রাথমিক পদক্ষেপ নিয়েছি। আপনারা জানেন এই প্রশাসন সম্পর্কে আমরা কাউকে বড়বড় সার্টিফিকেট যেমন দিইনা ঠিক তেমনি প্রশাসনকে আমরা সম্পূর্ণ দায়ীও করিনা। যা কিছু অসুবিধা সৃষ্টি হচ্ছে তারজন্য দায়ী একমাত্র প্রশাসন একথা আমরা যেমন বলিনা, ঠিক তেমনি অতীশবাবুদের মতো আবার সার্টিফিকেটও দেই না। স্যার, গত ২৩.৩.৭৩ তারিখে মেনশন কেসে—এ তাঁদেরই দলের লোক শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়, এম এল এ বলেছেন, "পশ্চিমবাংলা" পত্রিকায় দেখেছি আমাদের রাষ্ট্রমন্ত্রী অতীশবাবু ব্যুরোকেন্দ্রীক নূতন বৈজ্ঞানিক ব্যাখ্যা দিয়ে বলেছেন, ব্যুরোক্রেসীর মতো এরকম চমৎকার সংগঠন আধুনিক বিজ্ঞানের সহযোগিতায় আরও বহুদিন সাধারণ মানুষের অপরিসীম কল্যাণ করতে পারবে। কিন্তু আমরা বাস্তবে দেখছি বিপদে পড়লেই এঁরা ওই কানুনগো এবং অফিসারদের উপর সব চাপিয়ে দিয়ে পালাতে চান কিন্তু আমরা সব কিছু খুলে বলি, আমরা মানুষকে ভয় পাইনা। আমরা দ্বিতীয় কাজ যেটা হাতে নিয়েছি সেটা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে জমি বিলি। মাননীয় সদস্য বেরা মহাশয় বলেছেন পঞ্চায়েতের কাজকর্মে তিনি সন্তুষ্ট নন। কিন্তু অতীতে কিভাবে জমি বিলি হয়েছে সেটা তিনি বলেননি তুলনা করে। অনাগত ভবিষ্যত কিভাবে চলবে সেটা ইতিহাসে চিহ্নিত হবে, সেটা পরের কথা। কিন্তু গত ৩৩ বছরে কি হয়েছে এবং এই ৪ বছরে কি হয়েছে সেটা একবার তুলনা করুন। আমি একটা উদাহরণ দিয়ে দেখাচ্ছি কিভাবে অবস্থাপন্ন ঘরের ছেলেকে জমির পাট্টা দেওয়া হয়েছে। সিরাজুর হক মোল্লা নামে একজন স্কুল মাস্টারকে ১ একর ২০ শতক জমি বিলি করা হল, কিন্তু তাকে পাট্টা দেওয়া হলনা। আবার এও দেখেছি এঁদের যে সমস্ত উপদল রয়েছে তারা নিজেদের মধ্যে কোন্দল করে একই জমি ২/৩ জনকে পাট্টা দিয়েছে, আবার এও দেখেছি এমন সব পাট্টা দিয়েছে যার রেকর্ড সরকারে নেই। স্যার, এরকম ৪২টি ঘটনা ঘটেছে। কিন্তু আমরা এলিজেবেল লিস্ট তৈরি করে জমি বিলি করছি এবং সঠিকভাবে জমি বিলি হচ্ছে। আমি আপনাদের জিজ্ঞাসা করছি, আপনারা বাস্তুভিটা রেকর্ডের কথাটা কেন বললেন না? যারা আশ্রয়হীন তাদের বাস্তুভিটা গত ২২ বছরে কংগ্রেসি বন্ধুরা কেউ ভাবতে পেরেছেন কি? সর্ব প্রথম ১৯৬৯ সালে গরিব মানুষ যারা বাস্তুহীন তাদের জন্য আইন তৈরি হল। তারপর ১৯৭৫ সালে তাঁরা একটা আইন করলেন এবং অ্যাডমিনিস্টারিং অথরিটি

হিসেবে পঞ্চায়েত অ্যাণ্ড কমিউনিটি ডেভেলপমেন্টকে দায়িত্ব দেওয়া হল। পরবর্তীকালে ল্যাণ্ড রিফর্মসএর রুল পরিবর্তন করে ল্যাণ্ড রেভিনিউ দপ্তরকে অ্যাডমিনিস্ট্রেটিভ দায়িত্ব দেওয়া হয়েছে। তবে আপনারা বোধ হয় জানেন এই কয়েক বছরের মধ্যে কয়েক হাজার মানুষকে দখলীস্বত্ব দেওয়া হয়েছে।

[2-10 – 2-20 p.m.]

কংগ্রেস আমলে কি দেখাতে পারবেন যে কোন বাস্তুহারাকে বাস্তু দিয়েছেন। আমরা শুধু বাস্তু দিইনি তাদের ঋণের ব্যবস্থা করেছি যা কংগ্রেস করেনি। আমরা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ দেবার ব্যবস্থা করেছি। আজকে নিশ্চয় অগ্রগতি ঘটেছে। সব শেষে একটি কথা সংবাদপত্রকে উদ্দেশ্য করে বলব। রবি ঠাকুর বলেছিলেন একটি যুবতী মেয়ের ঝকঝকে দাঁতের হাসি একটা খবর। কিন্তু ডেন্টিষ্ট নিয়ে এসে তার দাঁতের পোকা বার করা একটা ঘটনা কিন্তু খবর নয়। যাঁরা এটাকে খবর করতে চান, বুঝতে হবে তাঁদের মাথায় পোকা আছে। আজকে পশ্চিমবাংলার গ্রামে গণ আন্দোলন সৃষ্টি হয়েছে। সেই দিকে খবর রাখুন দেখুন কি কাজ হচ্ছে। এই বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ সোরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী বিনয়বাবু এমনিতেই তিনি বিনয়ী মানুষ এবং তাঁর বক্তব্য অত্যন্ত বিনীতভাবেই ভালভাবেই রেখেছেন। তিনি সব সুন্দর সুন্দর কথা বলেছেন। কিন্তু বিগত চার বছরের কাজের সঙ্গে তাঁর বক্তব্যের যদি মিল থাকত তাহলে আমরা খুব আনন্দ বোধ করতাম। বিভিন্ন এলাকায় যদি যান তাহলে দেখতে পাবেন জমি নিয়ে ওঁরা রাজনীতি করছেন এবং সেইজন্যই আমরা এই বাজেটকে সমর্থন করতে পারছি না। স্যার, আপনি জানেন পশ্চিমবাংলার শতকরা ৮০ ভাগ মানুষ এই জমির উপর নির্ভরশীল। তাই এই পশ্চিমবাংলার সামাজিক অর্থনৈতিক উন্নতি যদি করতে হয় তাহলে কোনও সন্দেহ নেই ভূমি সংস্কারের সুষ্ঠু নীতি নিয়ে চলতে হবে। কিন্তু বিগত চার বছরের মধ্যে তা ওনারা করতে পারেননি। সরকার পক্ষের সদস্য বললেন Left Front Government happens to be father of the born child. তার বক্তব্য এবং মাননীয় মহাশয়ের বক্তব্যে আমরা দেখতে পাচ্ছি যে তারা সমস্ত কিছু করেছেন পশ্চিমবাংলায় ভূমি সংস্কার শুধু নয় তারাই সমস্ত কিছু চিন্তা করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে ওনার বক্তব্যেই তিনি বললেন ১৯৪৭ সালের পর কংগ্রেস এসেছে এবং তার পর থেকে ভূমি সংস্কার স্টেপ বাই স্টেপ হয়ে চলেছে। আর সরকার পক্ষের সদস্য বল্লেন Left front Government happens to be father of the born child. মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীশবাবুর বাবা জমিদার ছিলেন স্বর্গত বিমল চন্দ্র সিংহ এবং তাঁর আমলেই জমিদারী প্রথা বিলোপ করা শুরু হয়েছিল। ১৯৭১ সালে কংগ্রেস আমলেই সমস্ত কিছু অধিকার বর্গাদারকে দেওয়া হয়েছিল। কংগ্রেস আমলেই বর্গা চাষীদের অধিকার স্বীকৃত হয়েছিল। যাদের বাস্তু ভিটা নাই

তাদের বাস্তু জমি দেওয়া হয়েছে। আমরা জানি সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলেই যাদের জমি নেই তাদের জমিতে পাট্টা দেওয়া হয়েছে। এই কংগ্রেসই ভেবেছিল যাদের বাস্তু জমি নেই তাদের বাস্তু জমি দিতে হবে। এই কংগ্রেস আমলেই ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, কারণ আপনি গ্রামের মানুষের সঙ্গে মিশেন, গ্রামের মানুষের সঙ্গে আপনি জড়িত। জমির সঙ্গে গ্রামের মানুষের যে সম্পর্ক, কারখানার সঙ্গে কারখানার শ্রমিকদের সেই সম্পর্ক নেই। গ্রামের মানুষের কাছে, কৃষকদের কাছে জমি হচ্ছে, মায়ের সঙ্গে ছেলের যে সম্পর্ক, সেই সম্পর্কের মতো। সেই ভূমি সমস্যাকে সমাধান করতে গেলে খুবই ধীর ভাবে পদক্ষেপ ফেলতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এলাকায় যখন ফরাক্কা ব্যারেজের জন্য জমি অ্যাকুইজিশন করা হয় এবং অন্য জায়গায় বসবাসের ব্যবস্থা করা হয়, তখন একদিন আমি স্কুলে যাচ্ছিলাম, দেখলাম একজন বৃদ্ধ মানুষ একটি গাছের তলায় দাঁড়িয়ে কাঁদছেন এটা ১৯৬৭ সালের কথা বলছি, আমি তাকে জিজ্ঞাসা করতে তিনি বললেন যে এই জমি তাকে ছেড়ে যেতে হচ্ছে— ওঁরা জানেন না যে জমির সঙ্গে কৃষকের সম্পর্ক কি রকম। ওঁরা কেবল মুখে বড় বড় কথা বলেন, ভূমিহীন, ক্ষেত মজুর, তাদের কথা বলেন। কিন্তু জমির সঙ্গে তাদের যে সম্পর্কটা কি, তা ওঁদের জ্ঞান নেই। সুতরাং যে কৃষক চাষ করে, সেই জমি নিয়ে যদি আজকে সুষ্ঠু নীতি গ্রহণ না করে যদি ভূমি সংস্কার করা হয় তাহলে সেটা কখনই সাকসেসফুল হতে পারে না। কিন্তু আজকে দেখা যাচ্ছে অত্যন্ত ক্ষুদ্র দলীয় স্বার্থে, নিজেদের দলের রাজনীতি করার জন্য, এই জিনিস মন্ত্রী মহাশয় করছেন। আজকে বর্গা অপারেশনের কথা বলা হচ্ছে। ওঁরা এমন ভাবে কথা বলছেন ভিতরে এবং বাইরে, গ্রামের বর্গাদার এবং কৃষক যারা গ্রামবাংলায় বাস করেন, তারা যেন তাদের মৌরসী পাট্টা, তাদের সমস্ত কথা তারা বলছেন। বর্গাদার রেকর্ডে হোক, তাদের রাইট এস্টাবলিশ হোক, আমরা এতে কোনওদিন আপত্তি করিনি। কিন্তু বর্তমানে আমরা দেখতে পাচ্ছি, বাস্তবে বর্গা অপারেশনের নামে আজকে বর্গীর হাঙ্গামা শুরু হয়ে গেছে। আজকে গ্রামবাংলায় একটা প্রচলিত ছড়া শুনতে পাওয়া যায়, গেলেই শুনতে পাবেন, ছেলে ঘুমাল পাড়া জুড়াল বর্গী এলো দেশে, সি পি এম এ ধান খেয়েছে খাজনা দেব কিসে। যারা সত্যকারের বর্গাদার তারা রেকর্ডেড হোক, এটা আমরা চাই, কিন্তু আপনারা কাছে ভুরি ভুরি উদাহরণ দিতে পারি,—ওঁরা কি করছেন? যে সমস্ত বর্গাদার সি পি এম এর সাপোর্টার নয়, তাদের নাম রেকর্ড করা হচ্ছে না। সি পি এম এর সাপোর্টার না হলে বর্গাদার রেকর্ডেড হবে না। গ্রাম পঞ্চায়েতের প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, গ্রাম পঞ্চায়েতের মেম্বার, তারা জে এল আর ও'র কাছে গিয়ে বলছে, অমুকে বর্গাদার নয়, রামের জায়গায় শ্যাম বর্গাদার হয়ে যাচ্ছে, রহিমের জায়গায় করিম বর্গাদার হয়ে যাচ্ছে। সি পি এম এর সাপোর্টার হলে তবেই বর্গাদার হিসাবে নাম রেকর্ড করা যাবে এই জিনিস আমরা সর্বত্র দেখতে পাচ্ছি। যে কৃষক নিজে হাতে চাষ করছে সে সি পি এম এর সাপোর্টার না হলে তার নাম রেকর্ডেড হবে না।

[2-20 – 2-30 p.m.]

এইরকম হাজার হাজার কেস পশ্চিমবাংলায় চলছে, আপনার সামনে আমি তুলে ধরতে পারি। বর্গাদার রেকর্ডের ব্যাপারটা একটু দেখুন। ফলস অ্যাণ্ড ফেক বর্গাদার রেকর্ডের বিরুদ্ধে কিছুদিন আগে হাই কোর্টে কেস হয়। হাই কোর্টের রায় পাবার পরেও সেই রায়ের মর্যাদা দিচ্ছেন না। কনটেম্পট অব কোর্ট কত যে হয়েছে, এর থেকেই সেটা বোঝা যাচ্ছে। হাই কোর্টের রায় না মেনে অপারেশন বর্গায় বর্গাদারের নাম রেকর্ড করছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সি পি এম এর এম এল এ যাদের জমি জমা আছে, তাদের ক'জনের বিরুদ্ধে অপারেশন বর্গা হয়েছে? সত্যপদ ঘোষাল সি পি এম এর নেতা, পঞ্চায়েত সমিতির সভাপতি, তার ৪০/৫০ বিঘা জমি আছে। তিনি নিজে হাল দিয়ে চাষ করেননি। তার বর্গা রেকর্ড হল না। তার বর্গা অপারেশন হল না। অথচ সাধারণ মানুষকে খেপাবার জন্য আপনারা জমিদার, জোতদারদের কথা বলছেন। অনিল মুখার্জি, প্রধান, তার নামে বর্গা অপারেশন হল। অপর দিকে গরিব ব্রাহ্মণ গণেশ চ্যাটার্জি, পূজা করার জন্য ৬/৭ বিঘা জমি পেয়েছিল। সে নিজে জমি চাষ করে। যেহেতু সে সি পি এম নয় সেইজন্য তার জমি বর্গা রেকর্ডেড হয়ে গেল। সিদ্ধিখালি গ্রামের পার্বতীচরণ চক্রবর্তী, তিনি নিজে জমি চাষ করেন। যেহেতু তিনি সি পি এম এর লোক নন, সেহেতু সেই গ্রামের অনিল মুখার্জি ক্লিক করে সি পি এম এর লোকদের দিয়ে বর্গা অপারেশন করালেন। বিগত ২ বছর ধরে সেই জমি অনাবাদী হয়ে পড়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে কিছু সাজেশন রাখতে চাই। আমরাও চাই সত্যিকারে বর্গাদারের বর্গা রেকর্ডেড হোক এবং সে জমি চাষ করুক। কিন্তু এর একটা মিনিমাম প্রোডাকশন বেঁধে দেওয়া হোক। কেউ জমি ভাগ চাষ করছে। সেখানে ২ মন ফসল হয়েছে। বর্গাদার আধমন ফসল হয়েছে বলে দিল। তার বিরুদ্ধে বলার কিছু নেই। মিনিমাম প্রোডাকশন গোটা দেশের স্বার্থে বেঁধে দেওয়ার প্রয়োজন আছে। গ্রামের দিকে একটা পদ্ধতি আছে। একটা জমি সে নিজে চাষ করে। কোনও কোনও সময় একটা ফসল ধান সে নিজে চাষ করল, কিন্তু গম বা ছোলা অন্যকে দিয়ে চাষ করালো। সে ক্ষেত্রে যদি একটা বেঁধে দেওয়া না যায় তাহলে টোটাল প্রোডাকশন কমে যাবে। এর ফলে দ্বন্দ্ব, সংঘর্ষ অনেক বেড়ে যাবে। কাজেই মিনিমাম প্রোডাকশন বেঁধে দেওয়া দরকার। মাননীয় শশবিন্দু বেরা মহাশয় রেষ্টোরেশন অব অ্যালিহিনিয়েটেড ল্যাণ্ড অ্যাক্টের কথা বললেন। ভূমিহীন কৃষকের যে জমি কিনেছে তার জমি ফিরিয়ে দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু গরিব বিধবার ১/২ বিঘা জমি বর্গা রেকর্ডেড হলে সেই ক্ষেত্রে প্রোডাকশন ব্যবস্থা বেঁধে দেওয়া না হলে এই জিনিস গ্রহণে অসুবিধা দেখা দেবে। গোটা পশ্চিমবাংলায় বর্গা অপারেশনের নামে এই সমস্ত কাজ ওঁরা করেছেন। তারপর আবার পঞ্চায়েতের হাতে জমি বন্টনের ভার তুলে দিয়েছেন। পঞ্চায়েতের ব্যাপার সবাই জানেন—ফুড ফর ওয়ার্কের টাকা নিয়ে, গম নিয়ে পঞ্চায়েত কি কাণ্ড করেছে পশ্চিমবাংলার বুকে। স্যার, আমরা বর্গা অপারেশনের বিরুদ্ধে নই কিন্তু এঁরা একদিকে বর্গা অপারেশন এবং অন্য দিকে সরকারে ন্যস্ত জমি পঞ্চায়েতের মাধ্যমে

বন্টনের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় অরাজকতা চালিয়ে যাচ্ছেন। স্যার, সত্যিকারের যারা পাট্টা পাওয়ার উপযুক্ত সেই লোককে পাট্টা দেওয়া হয়েছিল কিন্তু দেখা যাচ্ছে সেই সমস্ত পাট্টা ক্যানসেল করে নতুন ভাবে আবার সেই সমস্ত জমি দেওয়া হচ্ছে। যারা আইন অনুসারে পাওয়ার হকদার নয় দেখা যাচ্ছে তাদের জমি দেওয়া হচ্ছে। মাননীয় একজন সদস্য বললেন, কংগ্রেস আমলে যাদের বেশি জমি ছিল তাদেরই খাস জমি দেওয়া হয়েছে কিন্তু আমি বলব, আপনাদের আমলেই সেটা হচ্ছে এবং তার প্রচুর উদাহরণ আমরা দিতে পারি। যাদের এক একরের বেশি জমি আছে তাদের আপনারা খাস জমি দিচ্ছেন। এইভাবে পঞ্চায়েতের দুর্নীতির মাধ্যমে খাস জমি বিতরণ করা হচ্ছে। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় অনেক ভাল ভাল কথা বলেছেন। তিনি বলেছেন, "বহু বিন্যস্ত গ্রামীণ সমাজে সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতার বৈষম্যমূলক কাঠামোর কিছুটা পুনর্বিন্যাসের উদ্দেশ্যকে বিশেষভাবে লক্ষ্য রেখে যে কোনও কর্মসূচি বাস্তবে রূপায়িত করা নিতান্ত দুঃসাধ্য ও কষ্টসাধ্য।" আজকে আপনারা এমনভাবে প্রচার করছেন যাতে মনে হচ্ছে যারাই ভূমিহীন আছেন তাদের সবাইকে জমি দেবেন। আমি কিন্তু বলব, এটা সম্ভব নয়। এইসব কথা বলে রাজনীতি, দলবাজি করা সম্ভব কিন্তু এইভাবে সমস্যার সমাধান করা সম্ভব নয়। পশ্চিমবাংলায় যা কৃষিযোগ্য জমি আছে তাতে যদি সেই জমি সব মানুষের মধ্যে ভাগ করে দেন তাহলে এক বিঘা করেও জুটবে না। দিনের পর দিন ভূমিহীনদের সংখ্যা বাড়ছে এবং এটা বাড়তেই থাকবে। আপনারা বলেছেন, ভূমি সংস্কার করে বেকার সমস্যার সমাধান করবেন। আমি বলব, এই করে গ্রামীণ শ্রমিকদের সমস্যারই সমাধান হবে না, সেখানে অন্য মানুষদের কথা তো অনেক দূরে। এই অবস্থায় আজকে আবার নতুন আইন যে ভাবে করতে যাচ্ছেন যেটা সিলেক্ট কমিটিতে আছে তাতে মনে হচ্ছে, সমস্যা আর জটিল হবে। এখানে শশবিন্দুবাবু বললেন, বনের, বাগানের দরকার আছে, পুকুরেরও দরকার আছে। এই অবস্থায় যদি বলেন সিলিং-এর মধ্যে বাগানও আসবে তাহলে কেউ আর বাগান রাখবে না। কাজেই আমি আপনাদের বলব, অত্যন্ত ধীরস্থির ভাবে চিন্তা করে এই কাজগুলি আপনারা করবেন। ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে যেমন তাড়াহুড়া করে করতে গিয়ে ধাক্কা খেয়েছিলেন এবারেও যদি সেই রকম করেন তাহলে এবারেও ধাক্কা খাবেন। আপনারা যদি এবারেও সেই রকম তাড়াহুড়া করে কাজ করেন তাহলে আমি বলব, পশ্চিমবাংলার মানুষের সমস্যার সমাধান তাতে হবে না।

[2-30 – 2-40 p.m.]

তাছাড়াও বলেছেন যে বিভিন্ন কাজের জন্য যে জমি অধিগ্রহণ করা হয় তার জন্য কমপেনসেশন দিচ্ছেন। যে সমস্ত প্রোজেক্টের জন্য ১৯৬৭-৬৮ সালে, এমন কি ১৯৬৫ সালে জমি গ্রহণ করা হয়েছে, তাদের ক্ষতিপূরণ আজও দেওয়া হয়নি। আমার ওখানের দুটো খবর আপনাকে দিতে পারি—ন্যাশনাল হাইওয়ে-৩৪ সেটাকে ডাইভারশন করার জন্য জমি ক্রস করে ১৯৬৫ সালে অধিগ্রহণ করা হল। সেই জমির কমপেসেসান দেওয়া হলনা। ৩ বিঘা, ৪ বিঘা, ৫ বিঘা জমির মালিক যারা তাদের ক্ষতিপূরণ দেবার কোনও ব্যবস্থা হয়নি। ধীরেন

সরকার মহাশয়ের এলাকা কুশমণ্ডি থানায়, সেখানে ১৯৭১ সালে পাবলিক হেলথ সেন্টারের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে কিন্তু আজও ক্ষতিপূরণ দেওয়া হয়নি। তারপর কানুপুরবহুতালি রোডের জন্য ১৯৬৯ সাল কি তারও আগে জমি অধিগ্রহণ করা হয়েছে। সেই জমির ক্ষতিপূরণ করা হয়নি। ছোট ছোট, দুই-চার বিঘা জমির মালিক যারা, তাদের জমিগুলি ন্যাশনাল কাজের জন্য চলে যাচ্ছে। তাদের যদি সঙ্গে সঙ্গে ক্ষতিপূরণ না দেওয়া হয় তাহলে তারা সর্বহারা হয়ে যাবে। কাজেই আমি অনুরোধ করব যে জমি অধিগ্রহণের সঙ্গে সঙ্গে যেন তাদের ক্ষতিপূরণের টাকা দেওয়া হয়। সবটা না হলেও অন্তত ৮০ পারসেন্ট টাকা যাতে তারা পায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করব। আর একটা কথা হচ্ছে, আপনার রেভিনিউয়ের যে সোর্স তার মধ্যে একটা সোর্স হচ্ছে এগ্রিকালচার ইনকাম ট্যাক্স। এক্ষেত্রেও একটা অ্যানোম্যালি রয়েছে। ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে বলা হয়েছে যে ১৫ হাজার টাকা পর্যন্ত মাপ করা হবে। আমার যদি দুটি ভাই থাকে—এক ভাই যদি সরকারি অফিসে কাজ করে বা শিক্ষকতা করে তাহলে তাদের ক্ষেত্রে ১৫ হাজার টাকা পর্যন্ত ইনকাম ট্যাক্স দিতে হবেনা। আমার আর এক ভাই যদি এগ্রিকালচারের কাজে নিযুক্ত থাকে এবং তার ইনকাম যদি ৩ হাজার টাকা হয় তাহলে তাকে ইনকাম ট্যাক্স দিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা প্রান্তিক চাষীর কথা বলেন, মাঝারী চাষীর কথা বলেন, ক্ষুদ্র চাষীর কথা বলেন, গ্রামের মানুষের কথা বলেন। আজকে শহরে যারা বাস করে, চাকরি করে তাদের ক্ষেত্রে ১৫ হাজার টাকা পর্যন্ত ইনকাম ট্যাক্স দিতে হবে না, আর গ্রামের কৃষক, যারা ক্ষুদ্র চাষী, তাদের যদি ৩ হাজার টাকা ইনকাম হয় তাহলে তাদের ইনকাম ট্যাক্স দিতে হবে। এই যে অ্যানোম্যালি আছে, এটা দুর করার জন্য আপনাকে ব্যবস্থা করতে অনুরোধ করব। এই বামফ্রন্ট সরকার তহশীলদারের কথা, পিওনের কথা, মোহরার কথা বলেছেন। কিন্তু আজ পর্যন্ত এদের জন্য কোনও ব্যবস্থা করা হয়নি। এরা অত্যন্ত কম বেতন ভোগী কর্মচারী। এই সমস্ত মোহরার, তহশীলদারদের থার্ড গ্রেড হিসাবে গ্রহণ করা এবং পিওনদের ফোর্থ ক্লাশ স্টাফ হিসাবে গ্রহণ করার প্রয়োজন আছে। আপনি ৪ একর থেকে ৬ একর পর্যন্ত খাজনা মকুব করেছেন। কিন্তু ইরিগেশন ওয়াটার ট্যাক্স মকুব করা হয়নি। এদিকে খাজনা মকুব করার কথা বলছেন, আর ওয়াটার ট্যাক্স যেটা সেটা মকুব করা হলনা। সেটা অনেক বেশি, তার রেটও অনেক বেশি। এমন কি যে সমস্ত জমি ইরিগেসন পায় না সেসমস্ত জমিকেও দিতে হয়। সুতরাং এটা একটা বিরাট বৈষম্য, অ্যানোমলি। আজকে এই সমস্ত বিষয়গুলি চিন্তা করে পশ্চিম বাংলার জটিল ভূমি সংস্কারের কথা চিন্তা করতে হবে। এই সমস্যা দূর করে যদি রাজ্যের অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করতে হয় তাহলে নতুন করে এবিষয়ে ভাবনা চিন্তা করা উচিত। আজকে বামফ্রন্ট সরকার যেভাবে দলবাজি করছেন তাতে এই সমস্যাকে তাঁরা আরও জটিল করে ফেলছেন। এর ফলে আজকে কৃষকে কৃষকে, ভূমিহীনে ভূমিহীনে সংঘর্ষ হচ্ছে। সংঘর্ষ এবং দলবাজিতে গ্রামবাংলার কোনও উপকার হবে না। আজকে যে বাজেট পেশ করা হয়েছে এই বাজেটের মধ্যে দিয়ে রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার উদ্দেশ্য আছে বলেই আমি এর বিরোধিতা করছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সে বাজেটকে আমি পূর্ণ সমর্থন করছি। সেই সঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কারণ, বিগত সরকার গত ৩০ বছরে যে কাজ করেছিল তার চেয়ে অনেক বেশি কাজ মাত্র চার বছরের মধ্যে এই বিভাগ করেছে। এটা বামফ্রন্ট সরকারের একটা বিরাট সাফল্য। এই সাফল্য বামফ্রন্ট সরকারের চূড়ান্ত সাফল্য লাভের পথে বলিষ্ঠ পদক্ষেপ। আমাদের পূর্বতন সরকার বর্গাদার উচ্ছেদের কাজে সব সময়ে জোতদারদের পুলিশি সাহায্য দিয়েছে। প্রকৃত পক্ষে বর্গাদারদের স্বার্থের প্রতি তারা কোনও সময়ে লক্ষ্য রাখেনি। তাদের পূর্ণ দৃষ্টি ছিল জোতদার এবং কায়েমী-স্বার্থের মানুষেরা যাতে লাভবান হয়। কিন্তু আমাদের সরকার সম্পূর্ণ অন্য পন্থা গ্রহণ করেছেন। আমাদের সরকার রাজ্য প্রশাসন, কৃষক সংগঠনের প্রতিনিধি এবং পঞ্চায়েতের সম্মিলিত সাহায্য নিয়ে বর্গাদারদের যথাশীঘ্র নথিভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করেছেন। একাজে আমাদের সরকার যথেষ্ট সফলকামও হয়েছেন। এর ফলে যেমন এই রাজ্যের সাধারণ মানুষের মধ্যে উৎসাহ সঞ্চারিত হয়েছে তেমন সারা দেশের অন্যান্য রাজ্যগুলির মধ্যেও একটা উৎসাহ সৃষ্টি হয়েছে। এমন কি আমাদের পার্শ্ববর্তী বিদেশি রাষ্ট্র বাংলাদেশ-ও এ সম্পর্কে খোঁজ-খবর নিয়েছেন, আমাদের মাননীয় মন্ত্রীর কাছে তাঁরা জানতে চেয়েছেন এই ভূমি-সংস্কার রীতি তাঁদের দেশে প্রয়োগ করতে পারবেন কিনা। সুতরাং এটা অত্যন্ত সুখের কথা, আশার কথা, আমরা গর্বের সঙ্গে বলতে পারি যে, এ বিষয়ে আমরা যা করেছি তা আগেকার সরকার গত ৩০ বছর ধরে করতে পারেনি বা এই জাতীয় কোনও নজির সৃষ্ট করতে পারেনি। উপরন্তু তারা বর্গাদারদের বঞ্চিত করার জন্য জোতদারদের আইনের সাহায্য নেওয়ার সুযাগ করে দিয়েছেন।

[2-40 – 2-50 p.m.]

আপনি জানেন, ভূমিহীনদের মধ্যে যাতে ভেসটেড ল্যাণ্ড ঠিকমতো বিতরণ করা যায় তারজন্য এই সরকার সচেষ্ট হয়েছেন এবং তারজন্য পঞ্চায়েতকে সাহায্য করছেন। গ্রামের উদ্বৃত্ত জমি খুঁজে বের করে যাতে সাধারণ গরিব মানুষদের মধ্যে দেওয়া যায় তারজন্য এই কৃষক সংগঠন, পঞ্চায়েত এবং রাজ্য প্রশাসন যেভাবে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছেন এমন নজির কংগ্রেসিরা সৃষ্টি করতে পারেননি, এই সরকার গ্রামে গৃহ নির্ম্মাণ এবং বসবাসের জন্য ভূমিহীন চাষীদের সাহায্য করেছেন এবং করছেন। এরজন্য এই সরকার অভিনন্দন পাওয়ার যোগ্য। সর্বোপরি সব চেয়ে বড় কথা হল, আমাদের এই সরকার শুধু বর্গাদারদের জমি দিয়েই খান্ত হননি—তারা কেমনভাবে সর্বশক্তি নিয়োগ করে এক ফসলীর জায়গায় দুই ফসলী কিম্বা তিন ফসলী করা যায় তারজন্য ব্যাঙ্কগুলিকে বাধ্য করেছেন অর্থ সাহায্য দেবার জন্য। কংগ্রেসিরা এই অর্থ সাহায্যের নজির সৃষ্টি করতে পারেননি। এটা আমাদের পক্ষেই বলে সম্ভব হয়েছে। ফুড-ফর ওয়ার্ক থেকে আরম্ভ করে সমস্ত রকমের সুযোগ-সুবিধা এইসব ভূমিহীন মানুষদের কেমন করে সাহায্য করা যায় তারজন্য এই সরকার চিন্তা-ভাবনা করছেন। সুতরাং এইদিক থেকে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী এবং ল্যাণ্ড রিফর্মস কমিশনার শ্রী দেবব্রত

বন্দোপাধ্যায় অভিনন্দন পাবার যোগ্য। আপনি জানেন, প্রায় ১০ লক্ষ ১০ হাজার বর্গাদার নথিভুক্ত হয়েছেন। নিঃসন্দেহে এটা গর্বের ব্যাপার। এর আগে কোনও সরকার এটা করতে পারেনি। ১ লক্ষ ৮০ হাজার একর জমি যাতে না বিলি করতে পারা যায় তারজন্য ওনারা আইনের আশ্রয় নিয়েছেন। আপনাদের মধ্য থেকে যারা উকিল হয়েছেন তারাই 'এই জিনিসটা করেছেন। এটা ঠিক এক শ্রেণীর অফিসার আমাদের মধ্যে রয়েছেন যারা কাজে সব সময়ে বাধা দেন এবং আপনাদের মধ্যেও যারা কায়েমী স্বার্থের প্রতিভু তারাও ওদেরকে সাহায্য করেন। যেমন, কুচবিহার জেলায় খাস জমির উপর যাদেরকে পাট্টা দেওয়া হয়েছে সেই পাট্টা দেওয়ার ব্যাপারে দেখা যাচ্ছে স্থানীয় জে. এল. আর. ও তিনি সই করেছেন কিন্তু সীল-মোহর মারেননি সেইজন্য পাট্টা প্রাপকরা কেসে হেরে গেছেন। এইভাবে আপনারা পাওনাদারদের বঞ্চিত করবার সব কিছু সুযোগ সৃষ্টি করেছেন অর্থাৎ ন্যায্য পাওনাদাররা যাতে না পেতে পারে তার ব্যবস্থা করেছেন। আমি মনে করি 'এই যে সরকার পক্ষ, পঞ্চায়েত পক্ষ এবং কৃষক সংগঠনগুলি এক সঙ্গে কাজ করতে গিয়ে যে সমস্ত অসুবিধার সৃষ্টি হচ্ছে কিছু কিছু তাদের কাজের জন্য যদি একজন অ্যাডিশনাল কালেক্টর প্রতি জেলায় নিয়োগের ব্যবস্থা করা যায় তিনি শুধু ঐ কাজটুকু দেখবেন, এই যদি ব্যবস্থা করা যায় তাহলে এই যে অসুবিধাগুলোর সৃষ্টি হয়েছে এইগুলি হতে পারে না এবং তাতে বর্গাদারের সব দিক দিয়ে স্বার্থরক্ষা করা যাবে। কারণ আমরা মনে করি এই সব বর্গাদারের স্বার্থ যাতে বিঘ্নিত হয় তাই হাঙর, কুমীর ইত্যাদি ছেড়ে দেওয়া হয়েছে এবং তাদের মূলে যারা কায়েমী স্বার্থের প্রতিভূ তাদের হাত থেকে রক্ষা করতে হলে আমাদের সব কিছু ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেইজন্যই একজন অ্যাডিশনাল কালেকটার যদি প্রতি জেলায় নিয়োগ করা যায় যিনি শুধু ঐ কাজটুকু দেখবেন এবং ঐ পঞ্চায়েত কৃষক সংগঠনগুলিকে সাহায্য করবেন। আমরা জানি যে আজকে বর্গাদারদের পক্ষ নিয়ে ওনারা কথা বলেন বটে কিন্তু সব সময় ওনাদের লক্ষ্য কি করে বর্গাদারের স্বার্থ বিঘ্নিত হয়। নিজেরা এবং যাদের জমি আছে, যারা কায়েমীস্বার্থের প্রতিভূ—নিজেদের স্বার্থরক্ষা কি করে করা যায় সেই চেষ্টা সর্বদা করছেন—যদিও ওঁরা মহাত্মা গান্ধীর কথা বার বার বলেন, জমিদারী প্রথা উচ্ছেদের কথা—মহাত্মা গান্ধী বলেছিলেন যে জমিগুলি যদি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন না করা যায় তাহলে এমন একদিন আসবে যখন দেখা যাবে সমগ্র কৃষক সম্প্রদায় যত কিছু কায়েমী স্বার্থকে ধ্বংস করে দেবে।' তাঁর জীবনীতে এই কথা লেখা আছে—আমি দায়িত্ব নিয়ে বলছি। তাই বলছি যে ওঁদের যদি মহাত্মা গান্ধীর প্রতি কিছু মাত্র শ্রদ্ধা থাকে, এতটুকু মর্যাদাবোধ থাকে তাঁর প্রতি তাহলে গত ৩০ বছর ধরে যে অন্যায় করা হয়েছিল তার জন্য ওঁদের অনুশোচনা প্রকাশ করা উচিত ছিল, কিন্তু তার ধার দিয়ে না গিয়ে, যাদের ভূমিহীন বঞ্চিত, লাঞ্ছিত বলা হচ্ছে তাদের কাজে সব দিকে বাধা দেবার চেষ্টা করা হচ্ছে। যাঁরা মহাত্মা গান্ধীর কথা বেশি বলেন তাঁরা ধারক বাহক বলে প্রচার করেন তাঁরা চুপ করে বসে আছন, তাঁরাই কাজে বেশি বাধা দিচ্ছেন। আমি বলছি এই অতীশ বাবু এবং জয়নাল সাহেব ওনারা নিজেদের গান্ধীজির উত্তরসাধক বলে দাবি করেন কিন্তু আমি বলছি যে গান্ধীজিকে যদি হত্যা করতে হয় তবে ওঁরাই তা করেছেন। এদিক

দিয়ে তাঁদের বলার কিছু নেই, গত ৩১.১২.৭৮ থেকে ৮০ সাল পর্যন্ত ১৬৪ হাজার একর জমি যা ছিল তাকে এক লক্ষ ৮০ একরে দাঁড় করিয়ে সাধারণ মানুষ যাতে না পায় সেইজন্য ইনজাংশন জারি করেছেন, সুতরাং তাঁদের এই কথা বলা উচিত নয়। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 – 3-00 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পিকার স্যার মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে বলতে চাই আজকে সারা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার সরকারি কোষাগার থেকে বিপুল অর্থ ব্যয় করে প্রচার করছেন তাঁরা গ্রামবাংলার দরিদ্রতম মানুষের স্বার্থে অনেক কাজ করেছেন। রাজ্য সরকারের নথি থেকে পরিসংখ্যান দিয়ে এবং সারকুলার থেকে দেখাব যে দেশের ভূমি ও ভূমিসংস্কারের ক্ষেত্রে দেশের দরিদ্রতম মানুষের আশা আকাঙ্খাকে ন্যূনতম ভাবে কার্যকর করতে ব্যর্থ হয়েছেন। প্রথমে অপারেশন বর্গা সম্বন্ধে বলব। ১৯৭৮ সালে জুলাই মাসে এর কাজ আরম্ভ করা হয়েছিল। অরিজিনাল পরিকল্পনায় ছিল ১৯৭৮ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে এই বর্গার রেকর্ড তারা শেষ করবেন। সম্প্রতি ভূমি ও ভূমি সংস্কার দপ্তর থেকে একটা সারকুলার বি ডি ও. ও এস ডিও-র কাছে গেছে তাতে জানিয়ে দেওয়া হয়েছে ১৯৮১ সালের ৩১ মার্চের মধ্যে অপারেশন বর্গা শেষ হবে এবং এই ইনফরমেশন দেবার সঙ্গে সঙ্গে আর একটা কথা সেই সারকুলারে বলা হয়েছে our success till date has been only 50% and to withdraw a programme at this level of achievement would really mean admission of defeat. অথচ তাঁরা বর্গা অপারেশন, বর্গার সাফল্য হয়েছে বলে বলছেন। কিন্তু জনসাধারণের সামনে পাবলিকলি তারা বলতে পারছেন না যে কেন ডিজায়ার্ড গোল অ্যাচিভ করা গেল না সেটা কি মন্ত্রী মহাশয় দেখবেন? অথচ এই অপারেশন বর্গার দ্বারা আসলে জোতদারদের গায়ে আঁচড় দিতে পারছেন না, বরং মধ্যচাষী, নিম্ন চাষী গরিব মানুষদের হয়রানি করছে। সুতরাং অপারেশন বর্গার অ্যাচিভমেন্ট সম্পর্কে আপনি যা বললেন তা ঠিক নয়। দ্বিতীয় প্রশ্ন উদ্বৃত্ত বেনামি জমি ধরা এবং বন্টন করা সম্পর্কে। এই রাজ্যে যে আবাদ যোগ্য জমি আছে তার একটা হিসাব আছে। ৩০ পারসেন্ট জমি যেটা উদ্বৃত্ত, বেনামি। অর্থাৎ আবাদযোগ্য। জমি আছে ১৩৭ লক্ষ একর—তাহলে ৪০ লক্ষ একরের উপর জমি বেনামি আবার ৪০ লক্ষ-এর মধ্যে ধরা পড়েছে ১১.৭৭ লক্ষ একর। এর মধ্যে বিলি করা হয়েছে সরকারি বক্তব্য অনুযায়ী ৬.৩১ লক্ষ একর। বিলি করতে বাকি আছ ৩.৭৪ লক্ষ একর। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর ৩.৭৪ লক্ষ একর খাস জমি বিলি বন্টন করার ক্ষেত্রে কোন কার্যকর ব্যবস্থা অবলম্বন করেননি। এই ৩.৭৪ লক্ষ জমি থেকে মিনিমাম বছরে ১৪ কোটি টাকা আয় হতে পারে। এই ১৪ কোটি টাকা কার পকেটে যাচ্ছে এবং তারজন্য কি কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন সেই সম্পর্কে কিছু বলতে পারছেন না। ১৯৮০ সালে সেপ্টেম্বরে ১৫ তারিখে Third work shop on Land reforms obser-

vation. তারা এই অবজারভেশন এ বলছেন জমি বিলি বন্টনের ব্যাপারে সরকার চূড়ান্ত ব্যর্থতা দেখিয়েছেন। আবার তারা বলেছেন It was found that progress made upto-date regarding distribution of vested agricultural land was rather tardy and unsatisfactory in almost all the districts. এই বিলি বন্টনের কাজ বিলম্বিত এবং অসন্তোষজনক। প্রায়ই সমস্ত জেলাতেই থার্ড ওয়ার্ক অন ল্যাণ্ড রিফরম হয়েছে। তাহলে সাফল্য কোথায় হল? জমি বিলি বন্টন করার দায়িত্ব পঞ্চায়েতগুলির উপর সরকার দিয়েছেন। কিন্তু তারা বলছে এই জমিগুলি উপযুক্ত নয় বলে বিলি করা হচ্ছে না, কেন তারা বিলি করছে না তার কারণ হচ্ছে পঞ্চায়েতগুলির মধ্যে সমস্ত ইন্টারেস্টেড ব্যক্তি জড়িত আছে। এইখানেই খাস জমি বিলি বন্টনের ব্যাপারে সরকার চূড়ান্ত ব্যর্থ হয়েছে। তৃতীয় প্রশ্ন হচ্ছে আইনের দিক থেকে রিয়ালিস্টিক অ্যাপ্রোচ তাঁদের নেই। যার ফলে অসংখ্য মামলা ঝুলে রয়েছে এবং সরকারের বিপুল পরিমাণ অর্থ ব্যয় হচ্ছে। কলকাতায় পেনডিং সিভিল স্যুট হাইকোর্টে আছে বিশ হাজার, এবং অন্যান্য কোর্টে আছে সাতাশ হাজার। অর্থাৎ মোট সাতচল্লিশ হাজার সিভিল সুট পেণ্ডিং আছে। এক্ষেত্রে ল-ইয়ারদের জন্য এক কোটি কুড়ি লক্ষ টাকা করে ব্যয় করতে হয়। এই সমস্ত সরকারি ল-ইয়ার তাঁরা অত্যন্ত প্রফেশনাল আউট লুক থেকে চলছেন এবং তাঁদেরই দায়িত্বহীনতার ফলে ভূমিসংস্কারের কাজে অনেক বাধা হচ্ছে। এই দপ্তরের ভারপ্রাপ্ত সেক্রেটারি ডি. ব্যানার্জি স্বাভাবিক ভাবেই এর জন্য ক্ষোভ প্রকাশ করেছেন বলে ল-ইয়াররা উদ্বেগ প্রকাশ করেছেন। চতুর্থ কথা তাঁরা বলেছেন প্রান্তিক চাষীদের ঋণ দেবার ব্যাপারে এই সরকার কতটা তৎপর। কিন্তু এটা কতটা সত্য সেটা আমাদের বিচার করে দেখতে হবে। আমাদের গরিব চাষীরা অত্যন্ত ঋণগ্রস্ত। যেখানে চাষীদের বছরে ৪৫০ কোটি টাকা ঋণের দরকার সেখানে ১৫০ কোটি টাকা ব্যবস্থা আছে। এই ১৫০ কোটি টাকার ঋণ ন্যাশনালাইজ ব্যাঙ্ক থেকে দেবার ব্যবস্থা আছে এবং এই ভার দেওয়া হয়েছে পঞ্চায়েতগুলির উপর। এদের কাজের নমুনা একটু দেখুন। ১৯৭৯ সালে ঋণ দেবার জন্য অ্যাসাইন করা হয়েছিল আশি হাজার বর্গাদারকে এবং খাস জমি বর্গাকে দেবার জন্য ভার দেওয়া হয়েছিল। কিন্তু পঞ্চায়েতের কর্মতৎপরতার জন্য তারা ৫২,০০০ কেস দিয়েছিল, বাকিটা ল্যাপস হয়ে গেল। কারণ ঋণগ্রস্ত এই রকম চাষীর নাম তারা যোগাড় করতে পারেনি। ১৯৮০ সালে ব্যাঙ্কগুলি তাদের আগাম ঋণ ১.৫৯ লক্ষ বর্গাদার খাস জমির প্রাপকদের দিতে প্রস্তুত ছিল। কিন্তু ১৯৮০ সালে পঞ্চায়েতগুলি মাত্র ৪০,০০০ কেস দিতে পেরেছে। এই হচ্ছে তাদের কর্ম তৎপরতার নমুনা। আমাদের দেশের চাষীদের যেখানে ১৮ পারসেন্ট পর্যন্ত সুদ দিতে হয়, সেখানে এই সরকারের নির্দেশে এবং পঞ্চায়েতের চূড়ান্ত ব্যর্থতার জন্য চাষীরা তাঁদের সুযোগ থেকে বঞ্চিত হল।

[3-00 – 3-35 p.m.](including adjournment)

তারা নামের তালিকা দিতে পারছেন না, কেস পাঠাতে পারছেন না, ফলে সবই ল্যাপ্স হয়ে যাচ্ছে। পঞ্চমত হচ্ছে রেস্টোরেশন অব অ্যালায়েনেটেড ল্যাণ্ড অ্যাক্ট-এর ব্যাপারে বা

জমি ফেরৎ আইন। এই আইন নিয়ে বামফ্রন্ট সরকার কোনও ক্রেডিট দাবি করতে পারেন না, এটি আগে থেকেই চালু ছিল। এই আইনের ফলে গরিব মানুষ যারা ডিসট্রেস সেল করত তারা তাদের বিক্রিত জমি ফেরৎ পেতে পারে পুনরায় জমি তারা ভোগ করতে পারবে। এই যে জমিগুলোর ডিসট্রেস সেল হয়েছিল, সেগুলোকে রেস্টোরেশন অব অ্যালায়েনেটেড ল্যাণ্ড আইনের বলে দ্রুত ফেরৎ পাওয়ার কথা, কিন্তু এই সরকার তা করতে চূড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছেন। এক্ষেত্রে থার্ড ওয়ার্কশপ অন ল্যাণ্ড রিফর্মসে তাঁরা বলছেন, তাঁরা সফলতা লাভ করছেন। কিন্তু আমরা দেখছি, A comparatively large number of cases was being disposed of by rejection of the claims congestion of pending cases presented a major problem, especially in areas where there was concentration of trible. This might result in rural tension বামফ্রন্ট সরকার আইনের সুযোগ এই সমস্ত গরিব মানুষদের দিতে পেরেছেন বলে বলছেন। কিন্তু বস্তুত তাঁরা এই সমস্ত মানুষের প্রাপ্য দাবিকে রিজেক্ট করে চলেছেন, যতটুকু আইন রয়েছে, তাকে রূপায়িত করার ক্ষেত্রেও তাঁদের চরম গাফিলতি আমরা দেখতে পাচ্ছি। যার ফলে কেস ডিসপোস হতে পারছে না, পেনডিং হয়ে পড়ে রয়েছে। বহু কেস রিজেক্ট হয়ে যাচ্ছে, এর ফলে টেনশন বাড়বে, ভূমিসংস্কার দপ্তরের চরম গাফিলতির ফলে এই রকম ঘটছে—কনজেসশন ক্রমশ বেড়েই চলেছে। থার্ড ওয়ার্কশপ অন ল্যাণ্ড রিফর্মস-এর ফলে তাই টেনশন ক্রমশ বাড়তে বাধ্য। তাই বলছি, মাননীয় ভূমি সংস্কার মন্ত্রী বা বামফ্রন্ট সরকার শুধু মাত্র আইনকে ঠিক করে দিচ্ছেন, সংশোধন করছেন। কিন্তু এর দ্বারাই কি গরিব চাষীর, ভূমিহীন কৃষকের স্বার্থ রক্ষা পাবে? এর দ্বারা কি আইনকে কার্যকরি করা সম্ভব হবে? যদি এর পেছনে গণ আন্দোলন না থাকে, আন্দোলনের কোনও ধমক না থাকে তাহলে কি আইন কার্যকর হতে পারে? অথচ এটা হচ্ছে সাধারণ মানুষের একটা লেজিটিমেট অ্যাপ্রোচ। আপনারা ডেমোক্রেটিক পেজান্ট মুভমেন্টকে স্ট্রেনদেন করতে পারছেন না। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আপনারা বরং যেখানে জমির জন্য আন্দোলন হচ্ছে, সেখানে দমন, নিপীড়নের মধ্যে দিয়ে অত্যাচার শুরু করে চলেছেন। শুধুমাত্র গণতন্ত্রের কথা বলে কিছু হবে না। এই কথা বলে, আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(At this Stage the House was adjourned till 3.35 p.m.)

[3-35 – 3-45 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় ১৯৮১/৮২ সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা আমি সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, আপনি জানেন, বিপ্লবের মহানায়ক লেনিন বলেছিলেন, Socialist revolution cannot be completed without being backed up by agrarian revolution সমাজতান্ত্রিক বিপ্লব সফল করতে গেলে কৃষি বিপ্লবের দ্বারা তা সমর্থিত হতে হবে। সেই বৃহত্তর সামাজিক

লক্ষ্যে উপনীত হবার দিকে লক্ষ্য রেখে বামফ্রন্ট সরকারের ভূমি সংক্রান্ত নীতি তৈরি করা হয়েছে। এতে খুব স্বাভাবিকভাবেই কায়েমী স্বার্থের যারা ধারক এবং বাহক তাদের আর্তনাদ করার কথা এবং সেটা তারা করছে। স্যার, এখানে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে বর্গাদারদের ব্যাপারে সেটা দেখে কংগ্রেসিরা আতঙ্কগ্রস্ত হচ্ছেন এবং এর বিরুদ্ধে একটানা বক্তব্য রেখে চলেছেন। স্যার, আমরা দেখেছি, এখানে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তাতে এই বামফ্রন্ট সরকারের শাসনকালে তিন বছরের মধ্যে ১০ লক্ষ বর্গাদারদের নাম নথিভুক্ত করা হয়েছে। বিধানসভায় একদিন প্রশ্নের উত্তরদানকালে মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন যে পশ্চিমবাংলায় আনুমানিক ১৬ থেকে ২০ লক্ষ বর্গাদার আছেন। তিনি বলেছিলেন, যতদিন পর্যন্ত না সমস্ত বর্গাদারদের নাম রেকর্ড করা হচ্ছে বা তাদের জমির উপর অধিকার প্রতিষ্ঠিত হচ্ছে ততদিন পর্যন্ত এই অপারেশান বর্গার কর্মসূচি চলবে। দেবপ্রসাদ বাবু বলছিলেন, ভূমি সংস্কার বিভাগ থেকে নাকি নির্দেশ গিয়েছে যে অপারেশান বর্গার কর্মসূচি স্থগিত রাখা হচ্ছে কিন্তু স্যার, আমরা জানি, এই বিধানসভাতেই মাননীয় মন্ত্রী মহাশয় সপ্তাহখানেক আগেই দ্বিধাহীন কণ্ঠে বলেছেন, যতদিন পর্যন্ত একজন বর্গাদারের নাম রেকর্ড হতে বাকি থাকবে ততদিন পর্য্যন্ত কর্মসূচি চলবে। স্যার, আমরা জানি, এই কর্মসূচির ফলে গ্রামের যারা পদদলিত মানুষ তাদের অধিকার প্রতিষ্ঠিত হয়েছে, তাদের স্বাবলম্বী হতে সাহায্য করছে। যে অধিকার পাবার কথা তারা কোনওদিনই চিন্তা করতে পারেননি আজকে সেই অধিকার তারা লাভ করেছে। স্যার, এই সমস্ত দেখে গ্রামের যারা জোতদার এবং ধনী কৃষক তারা আতঙ্কগ্রস্ত হচ্ছেন এবং তাদের সেই আতঙ্কের কণ্ঠস্বর আমরা এখানে শুনতে পাচ্ছি কংগ্রেসি বক্তাদের মুখে কারণ তারা তাদের প্রতিনিধিত্ব করছেন। যদিও স্যার, সমস্ত হিসাব এখনও পাওয়া যায়নি কিন্তু তবুও স্যার, আমরা মনে করি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে প্রতিশ্রুতি এই বিধানসভায় দিয়েছেন তা তিনি রক্ষা করবেন এবং সমস্ত বর্গাদারের নাম রেকর্ডভুক্ত হয়ে বর্গাদারদের অধিকার সুপ্রতিষ্ঠিত হবে। স্যার, আমরা জানি, কংগ্রেস আমলে গ্রামের এই সমস্ত দরিদ্র মানুষদের দিকে তারা কখনই দৃষ্টিপাত করেননি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার আগে পর্যন্ত মাত্র ১০ হাজার বর্গাদারের নাম রেকর্ডভুক্ত হয়েছিল। ওরা দাবি করেছেন, বর্গা আইন ওরাই তৈরি করেছিলেন। স্যার, আমাদের অভিজ্ঞতা হচ্ছে, ওরা যে আইনকে রেখেছিলেন সেই আইনের মধ্যে অনেক ফাঁক ছিল, একটা ত্রুটিপূর্ণ আইন সেটা ছিল। সেখানে আমরা দেখেছি সমস্ত ক্ষেত্রে বর্গাদাররা পরাজিত হত এবং তারা উচ্ছেদ হয়ে যেত। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর বিধানসভার প্রথম অধিবেশনেই এই বর্গা আইন পাকাপোক্তভাবে তৈরি করা হয়েছে এবং সেখানে গ্রামের গরিব মানুষরা যাতে জমি থেকে উচ্ছেদ হয়ে না যায় সে ব্যবস্থা করা হয়েছে। সোহরাব সাহেব বললেন, জমিদারী উচ্ছেদ আইন কংগ্রেস করেছিল। কংগ্রেস ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর প্রতিনিধিত্ব করছে, স্বাভাবিকভাবে শিল্প বিকাশের জন্য ভূমি সংস্কারের প্রয়োজন ছিল, জমিদারী ব্যবস্থাকে ভাঙ্গার প্রয়োজন ছিল। এটা মনে করার কারণ নেই যে গ্রামের লক্ষ কোটি মানুষের দিকে তাকিয়ে ভূমি সংস্কার হয়েছে। জমিদারী উচ্ছেদের মধ্য দিয়ে গ্রামে নতুন শ্রেণীর উদ্ভব ঘটেছে—বড় জোতদার এবং

ধনী কৃষক। তারা কংগ্রেসের রাজনৈতিক শক্তি হিসাবে কাজ করছে। স্বাভাবতই গ্রামের ধনী কৃষক, জোতদার তাদের ভূমিকা হচ্ছে শোষকের ভূমিকা, তাই তাদের বিরুদ্ধে ক্ষেত মজুর অল্প জমির মালিকদের লড়াই আছে এবং বামফ্রন্টের নেতৃত্বে গ্রামের গরিব মানুষ সেই লড়াইয়ে মদত পাচ্ছে। অন্যদিকে ধনী কৃষক, বড় জোতদার যারা ওদের পক্ষের লোক তাদের উপর আঘাত আসছে, সেজন্য তারা চিৎকার করছেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের বর্গাদার নথিভুক্ত করার যে নীতি তা সফল হয়েছে, মানুষ আরও উদ্দীপনা লাভ করেছে, গরিব কৃষকের মধ্যে প্রচণ্ড প্রেরণার সৃষ্টি হয়েছে, তাই তারা বামফ্রন্টের পিছনে আছে। গতকাল ব্রিগেডে যে জনসমাবেশ হয়েছে সেখানে গ্রামের মানুষ স্বতঃস্ফূর্তভাবে এসেছে। সমাবেশ করার জন্য বেশি সময় পাওয়া যায়নি, কিন্তু বামফ্রন্ট যে ডাক দিয়েছে তাতে লক্ষ লক্ষ মানুষ সেই ডাকে সাড়া দিয়ে সমবেত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতেই বোঝা যায় বামফ্রন্ট কিভাবে গ্রামের মানুষের মধ্যে প্রতিষ্ঠিত হয়েছে। গ্রামে অসেচ এলাকায় ৬ একর এবং সেচ এলাকায় ৪ একর জমির খাজনা মকুব হয়েছে। নির্বাচনের পাক্কালে এই কথা বলা হয়েছিল যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হলে গ্রামের গরিব মানুষ অল্প জমির মালিকদের দিকে তাকিয়ে সমস্ত বিধান তৈরি করা হবে। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর গ্রামে ৪ একর সেচ এলাকায় এবং ৬ একর অসেচ এলাকায় জমির খাজনা মকুব হয়েছে। তাই গরিব কৃষক, সাধারণ মানুষ বামফ্রন্টের পিছনে দাঁড়াচ্ছে। এতে ওরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে। ওরা মনে করছে গ্রামের ব্যাপক মানুষ বামফ্রন্টের পক্ষে চলে যাচ্ছে, আর অল্প সংখ্যক জোতদার জমিদার ওদের পক্ষে আছে। সেই আতঙ্কে ওরা বিভিন্ন সময় বর্গাদারের ব্যাপার টেনে আনছে, গ্রামে নৈরাজ্যের কথা টেনে আনছে, আইন-শৃঙ্খলার কথা টেনে আনছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা অনেকেই উল্লেখ করেছেন সেটা হচ্ছে তহশীলদারদের ব্যাপক অংশ কর্মচ্যুত হয়েছে। যারা মোহরার আছে তাদেরও কোন কাজ নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব তহশীলদার এবং মোহরার যারা বেকার হয়ে যাচ্ছে তাদের দিকে তাকিয়ে সরকার একটা নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করুন যাতে তারা কর্মচ্যুত না হন। এইসব অভাবী তহশীলদার, মোহরার এরা গ্রামের গরিব মানুষ, এদের যাতে কাজ থাকে সেই দিকে দৃষ্টি দেবেন, প্রয়োজন বোধে তাদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করা যায় কিনা সেই দিকে দৃষ্টি দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা যেটা ক্রটি আছে সেটা হচ্ছে এগ্রিকালচারাল ইনকাম আদায় হয় না। গ্রামে ধনী কৃষক জোতদারদের উপর যে কৃষি আয়কর বসানো হয় সেটা আদায় হয় না। তাদের উপর খুব বেশি যে চাপ আছে তা নয়, টু পারসেন্ট অব দি নেট ইনকাম এটা ধার্য, কিন্তু সেটা আদায় হয় না। কারণ, যে আমলাতন্ত্র প্রশাসনের উপর নির্ভর করছেন তার ভেতর গলদ থেকে গেছে, সরষের 'ভেতর ভূত থেকে গেছে, তারা ধনী কৃষক জোতদারদের বাড়িতে খানা-পিনা করে সেটা রদ করে চলে আসেন। এর ফলে সরকারি কোষাগারে যে আয় হতে পারত সেটা হচ্ছে না। সেজন্য পুরাপুরি এগ্রিকালচারাল ইনকাম যাতে আদায় হয় সেদিকে দৃষ্টি দেবেন।

[3-45 – 3-55 p.m.]

মাননীয় স্পিকার মহাশয়, অনেকেই বলেছেন ডিষ্ট্রেস সেল অর্থাৎ অভাবের তাড়নায় যে সমস্ত জমি বিক্রি হয়েছে সেগুলি ফেরত দেবার জন্য সরকার একটা বিবৃতি দিয়েছেন। কিন্তু বাস্তবে দেখছি সেই জমি ফেরত দেবার মামলাগুলি আদৌ অগ্রসর হচ্ছে না। এই ব্যাপারে জে এল আর ও এবং বি ডি ও দৃষ্টি দিচ্ছেন না। এবং তার ফলে দিনের পর দিন, বছরের পর বছর এই মামলাগুলি পড়ে রয়েছে। এই মামলায় গরিব লোকদের উকিল দিতে হয় এবং উকিলের পেছনে তাদের টাকা গুনতে গুনতে জমির দাম প্রায় উঠে যাবার উপক্রম হয়েছে। অবশ্য পরবর্তীকালে মন্ত্রী মহাশয় এই গরিব লোকেদের পক্ষ সমর্থনের ব্যবস্থা করে একটা ভাল কাজই করেছেন। তবে একথা আমাদের মনে রাখতে হবে যে, বামফ্রন্ট সরকারের এই ৩/৪ বছরের মধ্যে এই সমস্ত জমির মামলাগুলি পাহাড়ের মতো জমে উঠেছে এবং বি ডি ও তাঁর নানা কাজের মধ্যে এই কাজে গুরুত্ব দিতে পারবে না এই ব্যাপারে জে এল আর ও-র শৈথিল্য রয়েছে এবং দেখেছি যদি কখনও গণ আন্দোলন হয় তখন তাঁরা একটু কাজ করেন, জমির মামলাগুলির ফয়সালা করেন। আমার মনে হয় বি ডি ও ছাড়া অন্য কাউকে যদি জমির এই ব্যাপারটা ফয়সালা করার ভার দেওয়া হয় তাহলে এই সমস্ত লোকরা তাদের জমি ফেরত পাবে। আমি আবেদন রাখছি প্রশাসনিক দ্রুততা যাতে আসে সেদিকে আপনারা দৃষ্টি দেবেন। আমাদের মন্ত্রী মহাশয় কৃষক আন্দোলনের একজন অভিজ্ঞ নেতা কাজেই তাঁকে বেশি বলার কোনও প্রয়োজন নেই। তবে একটা জিনিস তার নজরে আনছি এবং সেটা হচ্ছে, খাস জমি পার্টলি ভেস্টেড হয়েছে অথচ তার ডিমার্কেশনের কোনও ব্যবস্থা নেই। জে এল আর ও, বি ডি ও, সেটেলমেন্ট কেউ এটা জানেনা এবং তার ফলে এই সমস্ত পার্টলী ভেস্টেড জমির মালিকরা অত্যন্ত কৌশলে, চালাকী করে সিলিং-এর আওতায় যা রাখতে পারেন সেগুলি উল্টো পথে খাস দেখিয়েছেন এবং তার ফলে সেই সমস্ত খাস জমি বিলি বন্টন করা যাচ্ছেনা, জমির মালিক সেগুলি দখল করছে, ভোগ করছে। কাজেই কর্মচারিদের সংখ্যা বাড়িয়ে এগুলি বিলি বন্টনের ব্যবস্থা করতে হবে। আপনারা হয়ত জানেন এমন কোনও জমির মালিক নেই যে সরাসরিভাবে যদি তার ২০ বিঘা খাস হয় তাহলে তার সবটাই সে ছেড়ে দিচ্ছে। তারা কি করে? তারাও খাবলা, খাবলা করে খাস দেখায়। এটা আমি মুর্শিদাবাদের খবর বলছি, এরকম খবর অন্য জেলাতেও নিশ্চয় আছে। কাজেই ডিমার্কেশনের ক্ষেত্রে আপনাকে নজর দিতে হবে। মাননীয় স্পিকার মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে ওই একই কথা পুকুরের ব্যাপারে জানাতে চাই। বড়বড় পুকুর খাস দেখানো হয়েছে এবং সারা পশ্চিমবাংলায় এই ঘটনা রয়েছে। কিন্তু সেই খাস পুকুরগুলি বিলি বন্টন না হবার ফলে তাদের মালিকানা দেওয়া যাচ্ছেনা। আমার মনে হয় এই পুকুরের ব্যাপারটা ব্যক্তির কাছে না দিয়ে যদি গ্রাম পঞ্চায়েতের হাতে দিতে পারেন তাহলে তাদের আয় বাড়বে। যে সমস্ত পুকুর খাস ঘোষণা করা আছে, যে সমস্ত পুকুরগুলো মালিকরা দখল করে আছে সেগুলো গ্রামপঞ্চায়েতকে বা পঞ্চায়েত সমিতিকে যদি দেবার ব্যবস্থা করেন তাহলে এর মাধ্যমে তাদের আয় বাড়বে। আপনাকে জানিয়ে রাখছি সমস্ত পুকুরগুলো এইভাবে করা

আছে। তারপর, গ্রামে যে সমস্ত হাটবাজার রয়েছে সেগুলো এখনও ব্যক্তিগত মালিকানায় রয়েছে। আমি জানি বেলডাঙ্গা হাট থেকে হাটের মালিক হাজার হাজার টাকা আয় করে এবং বিনা পরিশ্রমেই সে এই টাকা আয় করছে। এই হাটগুলি অধিগ্রহণের দিকে দৃষ্টি দিতে হবে। কারণ এইগুলি জোতদারদের একটা আয়ের সূত্র। এগুলি অধিগ্রহণ করলে তাদের ক্ষমতার জায়গা দূর হয়ে যাবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব এই দিকে আপনি একটু দৃষ্টি রাখবেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি ঐ রানীঘাট বিল নামে একটি বিরাট বিল আছে এবং মুর্শিদাবাদে এই রকম বহু খাল বিল বড় বড় ক্যানেল থেকে গিয়েছে। এর মালিকরা কলকাতায় এর থেকে বিরাট আয় করছে। দেখা যাবে অনেক কাগজপত্র ঠিক নেই বহু ত্রুটি বিচ্যুতি আছে। সরকারি কর্মচারী আমলাদের প্রবণতা জোতদারদের দিকে। আমরা সেটলমেন্ট অফিসারের কাছে যাচ্ছি বড় বড় খাল বিল ক্যানেল সম্পর্কে ব্যবস্থা নেবার জন্য। এখানে লক্ষ লক্ষ টাকা আয়। আমি মন্ত্রী মহাশয়কে মুর্শিদাবাদের খাল বিলের একটা হিসাব দিয়েছি। যে লক্ষ লক্ষ টাকা আয় হয় সেটা গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েত বা জেলা পরিষদকে দিতে পারেন এবং তাতে তাদের অর্থনৈতিক দিক থেকে অনেকটা সুবিধা হয়। তারপর কংগ্রেস আমলে যে সমস্ত পাট্টা দেওয়া হয়েছিল আমরা সবাই জানি সেগুলি প্রকৃত গরিবদের ভূমিহীন চাষীদের ক্ষেতমজুরদের দেওয়া হয়নি যারা বড় বড় চাষী তাদের দেওয়া হয়েছে এবং তারা আইনগতভাবে সমস্ত প্রোটেকশন পাচ্ছে। আপনি এগুলি খতিয়ে দেখবেন। যেসব অবৈধ পাট্টা দেওয়া হয়েছিল সেগুলি বাতিল করে প্রকৃত ভূমিহীনদের যাতে দেওয়া হয় তার ব্যবস্থা করবেন। আমি মুর্শিদাবাদের কথা জানি ভূমিহীনরা পাট্টা পায়নি। বড় বড় জমির মালিকরা পাট্টা পেয়েছে এবং এখনও পর্যন্ত পুলিশ প্রশাসন তাদেরকে সাহায্য করছে। এগুলি যাতে গরিবদের দেওয়া যায় সেই দিকে আপনি দৃষ্টি দেবেন। তা নাহলে আমরা যা ঘোষণা করেছি সেইমতো কাজ হবে না। আজকে চাষীরা যে সংগ্রাম করছে আইনগত ব্যাপারে তাদের পিছু হটে যেতে হচ্ছে। আপনি ভূমি সংস্কার করছেন তার জন্য গ্রামবাংলায় আপনি বরেণ্য কৃতজ্ঞ আমরা গর্বিত। আমি যে কথা বললাম এই সব দিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। গ্রাম পঞ্চায়েতের হাত আরও দৃঢ় করতে হবে। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে পূর্ণ সমর্থন করে অমার বক্তব্য শেষ করছি।

[3-55 – 4-05 p.m.]

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিভাগের অনেক কাজ। সমস্ত কাজ সম্বন্ধে নয় আমি সামান্য দুটি বিষয়ে বলবার জন্য আপনার অনুমতি নিয়েছি। ভূমি সংস্কারের কথা তার প্রয়োজনীয়তার কথা এবং তার যৌক্তিকতা আজকাল সব দলই স্বীকার করে। সেটা আন্তরিক কি মৌখিক করে সেটা ভিন্ন কথা। কার্যত দেখা যায় ভারতবর্ষের মধ্যে বেশিরভাগ রাজ্যেই ভূমি সংস্কার আইন পাস সত্ত্বেও সেই আইন বেশিরভাগ ক্ষেত্রে কার্যকর হয়নি। কেরালা পশ্চিমবাংলায় বেশি কার্যকর হয়েছে। আমাকে অন্য রাজ্যের অনেকে জিজ্ঞাসা করে যে তোমাদের রাজ্য অন্য রাজ্যের তুলনায় ছোট, তোমাদের যে জমি সরকারের হাতে

ন্যস্ত হয়েছে তার পরিমাণ আমাদের সমবেত রাজ্যে যা ন্যস্ত হয়েছে তার চেয়ে বেশি। একথা সত্য নিশ্চয় সকলে লক্ষ্য করেছেন। এর প্রধান কারণ পশ্চিমবাংলায় এই ভূমি সংস্কারের জন্য কৃষকদের দীর্ঘদিন ধরে যে ধারাবাহিক লড়াই হয়েছে, আইনকে কার্য্যকর করবার জন্য কৃষকরা লড়ছে, তাছাড়া দু দুটো যুক্তফ্রন্ট গভর্নমেন্ট হয়েছিল এবং বর্তমানে বামফ্রন্ট সরকার আন্তরিক ভাবে ভূমি সংস্কারের পক্ষে, সুতরাং তাঁদের সরকারের আমলে প্রশাসন এই বিষয়ে উদ্যোগী হয়েছে। কিন্তু মূল কথাটা হচ্ছে জনসাধারণের লড়াই এর জন্য পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের কাজটা এতদূর অগ্রসর হতে পেরেছে। তা যদি হয় তাহলে এখনও যে উদ্বৃত্ত জমি পশ্চিমবাংলায় আছে, সেই জমি ধরার ব্যাপারটা যে খুব অল্প অল্প করে অগ্রসর হচ্ছে তার কারণটা কি, সেটা আমাদের নিশ্চয়ই খুঁজে বের করা উচিত। আমার মতে, যদি বলা হয় উদ্বৃত্ত জমি আর নেই, কিন্তু সেটা কোনও হিসাবেই মেলে না। আগেকার দিনে যা পরিসংখ্যান ছিল, ১৯৫১ সালের আদমশুমারীর যে রিপোর্ট ছিল এমন কি ডঃ বিধানচন্দ্র রায়, তিনি আইন সভায় যা ঘোষণা করেছিলেন এবং আমরা বিভিন্ন কৃষক সংগঠন দীর্ঘদিন ধরে যা বলেছি, সেটা ভূল। আর সেই সব যদি ভুল না হয় তাহলে আরও অনেক উদ্বৃত্ত জমি আছে। সেই জমি না ধরার পিছনে আইনের ত্রুটি আছে। আইনের যে বড় বড় ত্রুটি আছে, সেটাই হল জমি না ধরা পড়ার মূল কারণ। তারপর অনেক সংশোধন হয়েছে। সম্প্রতি আমরা সিলেক্ট কমিটির মাধ্যমে যে আইন পাস করেছি, সেই বিল যদি আইন সভায় গৃহীত হয় এবং কার্যকর হয় তাহলে আইনের ফাঁক আরও অনেকখানি ভর্তি হবে। কিন্তু কথাটা শুধু আইন বা আইনে ফাঁক নয়, কথাটা হচ্ছে আপনি প্রশাসনের সঙ্গে কৃষকদের ভূমি সংস্কারের অন্দোলনকে কতখানি যুক্ত করছেন সেটা একটা বড় কথা, যাদের দ্বারা এই উদ্বৃত্ত জমি ধরার কাজটা তরান্বিত হতে পারে। এই বিষয়ে অনেক আলোচনা আপনার সঙ্গে হয়েছে, কিন্তু আমি এখনও এটা লক্ষ্য করছি যে বিভিন্ন এলাকায় যেটা করা উচিত সেটা করা হচ্ছে না। সমস্ত কৃষক, ক্ষেত মজুর সংগঠনকে এক জায়গায় বসে অফিসারের সঙ্গে বসে, সরকার যা হিসাব পাবে, আপনাদেরও সেই এলাকা সম্বন্ধে লিস্ট আছে, সেই সমস্ত রেখে, তাদের সঙ্গে আলোচনা করে, তাদের বলা হোক যে তোমরা ১৫/২০ দিন বা এক মাসের মধ্যে তোমাদের কি প্রস্তাব আছে বিভিন্ন জমি সম্বন্ধে, বাস্তবে উদ্বৃত্ত জমি কোনটা, কোনটা নয় এবং কিভাবে সেটা ধরা যেতে পারে—অর্থাৎ আমি বলছি, যে কৃষক সংগঠন এবং ক্ষেত মজুরদের সংগঠনের সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে আপনাদের ভূমি সংস্কার প্রশাসনকে যুক্ত করে অগ্রসর হবার চেষ্টা করুন। দ্বিতীয় যে কথা বলবার জন্য আমি দাঁড়িয়েছি, সেটা হচ্ছে ভূমি বন্টন। এই কথা ঠিক যে ইনজাংশনে অনেক জমি আটকে আছে, এই কথা ঠিক যে চাষের যোগ্য নয় বলে অনেক জমি চিহ্নিত হয়ে রয়েছে, সেইগুলো সম্বন্ধে তদন্ত করে চিহ্নিত করার কথা ছিল, কিন্তু সেইগুলো অগ্রসর হয়নি। এটা ঠিক যে যত জমি সরকারে ন্যস্ত হয়েছে তার ভিতরে আদালতে যা আটকে আছে তা বাদেও অনেক জমি বন্টন হয়নি। সেই বন্টন তরান্বিত করা উচিত। কিন্তু সেই সঙ্গে একটি কথা বলতে চাই, আমাদের বন্ধু বলে গেলেন অতীতে এই পাট্টা দেবার ব্যাপারে অনেক ভুল পাট্টা দেওয়া হয়েছে। যাদের

পাট্টা দেবার যোগ্য নয়, তারা পাট্টা পেয়ে গেছে, আর যাদের পাট্টা দেবার যোগ্য তারা পায়নি। এইগুলি সংশোধন হবার কথা ছিল, সংশোধন অনেক হয়নি, এই কথা ঠিক। সেই সঙ্গে আর একটি কথা বলব, আপনি দুঃখ পাবেন না, আপনার আমলেও এমন ঘটনা ঘটেছে—হাজার হাজার, লক্ষ লক্ষ নয়, কিন্তু এই রকম অনেক ঘটনা ঘটেছে যেখানে পাট্টা দেবার উপযুক্ত নয় সেখানে পাট্টা পাচ্ছে। সে হয়ত জমিদার, জোতদার না হতে পারে, কিন্তু ৪/৫ একর জমি আছে এই রকম লোক পাট্টা পাচ্ছে। অপর দিকে ভূমিহীন সেই জমি দখল করে চাষ করছে অথচ সে পাট্টা পাচ্ছে না, এমন কি সেই জমি সে চাষ করে আসছে এবং চাষ করবার অধিকার তাকে দেওয়া হয়েছে, কিন্তু পাট্টা পাচ্ছে না, তার জায়গায় অন্য লোক পাট্টা পাচ্ছে। কোন কোন ক্ষেত্রে তার জন্য মারামারি, দাঙ্গা হাঙ্গামা হচ্ছে, রক্তপাতও হচ্ছে, হত্যাকাণ্ড পর্যন্ত হচ্ছে। এর কারণ কি? আমি একটু আপনার সমালোচনা করতে চাই। ভূমি বন্টনের ব্যাপারে আপনারা পঞ্চায়েত, ব্লক পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি নয়, তার উপসমিতির উপর ভার দিয়েছেন। আমি কোনদিন এর কারণ বুঝিনি। কারণ আমাদের কৃষকসভা যখন অবিভক্ত ছিল—তারপর কৃষকসভা বিভক্ত হয়েছে এবং আমরা উভয় সংগঠনই বরাবর দাবি করে এসেছি ভূমি বন্টনের ব্যাপারে কৃষক সংগঠনের সহযোগিতা ও পরামর্শ নিয়ে ভূমি বন্টন করতে হবে। আপনাদের আমাদের ছাড়াও আরও যে সমস্ত কৃষক সংগঠন আছে, ক্ষেত মজুর সংগঠন আছে তারা সকলে চিরকাল দাবি করে এসেছে পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হোক। গ্রাম উন্নয়নের ক্ষমতা পঞ্চায়েতকে দেওয়া হোক, গ্রামের বিভিন্ন সাধারণ কাজকর্ম পরিচালনার ক্ষমতা দেওয়া হোক, সেটা ঠিক ন্যায় সঙ্গত কথা। কিন্তু শ্রেণী সংগ্রামের প্রশ্ন যেখানে সেখানে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেবার মানেটা আমি বুঝি না। ক্ষেত মজুর ন্যায্য মজুরি পেল কিনা, কোনও মালিকের সঙ্গে বিরোধ হচ্ছে কিনা তার মীমাংসা করা, কিম্বা ভূমি বন্টন কিভাবে করা উচিত সেটা শুধু পঞ্চায়েত—তাও আবার গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি নয়, তার উপসমিতির হাতে সম্পূর্ণ ভারটা কেন দেওয়া হবে এটা আমি আজ পর্যন্ত বুঝতে পারিনি। এটাকে যদি গণতন্ত্র বলেন তাহলে আমি সারা জীবনেও একে গণতন্ত্র বলতে পারি না। গণতন্ত্র বলতে যদি ভোটের কথা বলেন—ভোট দিয়ে পঞ্চায়েত সমিতি নির্বাচিত হয়েছে, পঞ্চায়েত সমিতির ভোটে উপসমিতি নির্বাচিত হয়েছে। উপসমিতির ৪/৫ জন যা করবেন সেটাই গণতন্ত্র, গ্রামের কৃষকদের ডাকবার দরকার নেই, তাদের কোনও কথা শোনবার দরকার নেই? গ্রামে যে সমস্ত কৃষক সংগঠন আছে তাদের ডাকবার দরকার নেই? এমন কি গ্রাম পঞ্চায়েতকেও ডাকবার দরকার নেই তাদের সামনে এই সব করবার কিছু দরকার নেই, সেই ৫ জন যা ঠিক করে দেবে তাই হবে। সেই ৫ জন হল গণতন্ত্র? আমি এই ভাবে গণতন্ত্র বুঝি না। কিন্তু তার চেয়েও বড় কথা হচ্ছে প্রাকটিক্যাল দিক থেকে এর ফলে লক্ষ লক্ষ অন্যায় অবিচার হচ্ছে। তার ফলে সংঘর্ষ হচ্ছে। তার পরিণতি খুব খারাপ। আমি একটি উদাহরণ দিই। মেদিনীপুর জেলার নারায়নগড়ের কোনও একটি গ্রামের উদ্বৃত্ত জমি বন্টনের ক্ষেত্রে সকলকে বলা হল তোমরা তালিকা তৈরি করে আন। তারপর এক সঙ্গে বসে বি ডি ও, জে এল আর ও এবং সকল দল থেকে একটি তালিকা পাশ হয়। সেই তালিকা

গ্রাম পঞ্চায়েত রেকমেণ্ড করে পাঠিয়ে দিল। পরে দেখা গেল পঞ্চায়েত সমিতির উপসমিতি তাকে বাতিল করে দিয়ে অন্য একটি তালিকা তৈরি করেছে।

[4-05 – 4-15 p.m.]

তারপর চাষের সময় লেগে গেল মারামারি, প্রচণ্ড মারামারি, দাঙ্গাহাঙ্গামা। আমি সেই কেস আপনাকে দিয়েছি। এরকম আরও অনেক ঘটনা আছে, বাঁকুড়া থেকে আমাকে দিয়েছে—আদিবাসী কয়েকজন ভাগচাষী, তারা চিরকাল ভাগচাষ করে আসছে, তারা নিতান্তই দরিদ্র লোক, তাদের জমিজমা কিছু নেই, সেই জমি ন্যস্ত হল সরকারে, কিন্তু সেই জমি বন্টনের সময় তাদেরই বাদ দেওয়া হল, তারা জানতেও পারলো না কখন কিভাবে তারা বাদ হয়ে গেল। অন্য লোক সেখানে সেই জমি পেয়ে গেল। দু রকম ঘটনা ঘটেছে—যারা পাবার যোগ্য নয় তারা পেয়ে যাচ্ছে—এরকম যে খুব বেশি হচ্ছে তা বলব না কিন্তু এরকম ঘটনা ঘটছে আবার যারা পাবার যোগ্য তারা বঞ্চিত হয়ে যাচ্ছে। এইজন্য নয় যে জমি কম লোক অনেক বেশি সেইজন্য তারা বঞ্চিত হয়ে যাচ্ছে—তারা তো দখলকার, তাদেরই তো অগ্রাধিকার। আর আইন যদি বলেন আপনি জানেন, আইনে আছে যে বাড়তি জমি যেটা ন্যস্ত হয়েছে তাতে যে দখলকার ভাগচাষী আছে তাকেই অগ্রাধিকার দেওয়া হবে। সেখানে এক হেক্টর পর্যন্ত অগ্রাধিকার দিন আর এক একর পর্যন্ত অগ্রাধিকার দিন সেখানে অগ্রাধিকার দেবার কথা আছে কিন্তু দেখা যাচ্ছে সে বাদ হয়ে যাচ্ছে এবং অন্য লোক সেখানে পেয়ে যাচ্ছে। সুতরাং এই দু ধরনের ঘটনা ঘটছে। একটা কথা উনি বলে গিয়েছেন সেটা আমি সমর্থন করি যে আগেরদিনে অন্যায়ভাবে যে সমস্ত পাট্টা বিলি হয়েছিল তাতে যারা পাট্টা পাবার যোগ্য লোক নয় তারাও পাট্টা পেয়েছিল। আবার অন্য লোক, যারা দখলদার, যারা অনেক দিন ধরে চাষ করছে, সে পাবার যোগ্য লোক কিন্তু সে বঞ্চিত হয়েছে। তাদের মধ্যে সংঘর্ষের কথা আপনি জানেন। সেগুলি কি ভাবে সমাধন করা যায়, কিভাবে সেগুলি ট্যাকেল করা যায় তার কথা আপনি চিন্তা করছেন কিন্তু তার তো একটা প্রতিকার হওয়া দরকার। আগের যুগের মতন অতবেশি না হলেও এ যুগে একটা দুটো ঘটনাই বা ঘটবে কেন? আর ঘটলে তার প্রতিকার হবে না কেন? এটা হলে সবচেয়ে বেশি যেটা খারাপ হয় সেটা হচ্ছে গরিব মানুষে গরিব মানুষে মারামারি হচ্ছে। গ্রামের যারা ভূমিহীন কৃষক, ভাগচাষী, ক্ষেতমজুর তাদের মধ্যে সংঘর্ষ হচ্ছে, দ্বন্দ্ব হচ্ছে। গ্রামের যারা কায়েমী স্বার্থের সুবিধাবাদী লোক তারা ওঁত পেতে থাকে এরকম সুযোগের জন্য এবং তারা এই সুযোগ নিচ্ছে এবং নেবে। সেইজন্য আমি প্রস্তাব করব আগেও বহুবার বলেছি ভূমি অধিগ্রহণের জন্য বিভিন্ন কৃষক এবং ক্ষেতমজুরদের গণসংগঠনগুলিকে আপনি প্রশাসনের সঙ্গে অন্ততঃ উপদেষ্টা এই পর্যায়ে তাদের যুক্ত করুন। সেখানে তাদের পরামর্শ নিয়ে, তাদের সাহায্য নিয়ে বাড়তি জমি আরও কি ভাবে ধরা যায় তার চেষ্টা করুন। দ্বিতীয়ত, ভূমি বন্টনের ব্যাপারে স্থানীয়ভাবে সক্রিয় যে সমস্ত কৃষক সংগঠন, ক্ষেতমজুর সংগঠন আছে—সেখানে যদি আপনি উপসমিতির হাতে ভার রাখেন—তাহলে তার সঙ্গে এদের যুক্ত করুন। আপনাকে বলি, সেখানে তালিকা পর্যন্ত

টাঙ্গানো হয়না—কত দেওয়া হচ্ছে, কাকে দেওয়া হচ্ছে কিছুই বলে না। একজন পঞ্চায়েত সমিতির সদস্য সে যেহেতু উপসমিতির সদস্য নয় সে পর্যন্ত কিছু জানতে চাইলে উত্তর পায় না। এরকম কমপ্লেন আমাদের কাছে আসে কিন্তু তার প্রতিকার কি আমরা জানি না। তার একমাত্র প্রতিকার হতে পারে যদি আপনি সেই উপসমিতির সঙ্গে অন্যান্য কৃষক সংগঠন এবং ক্ষেতমজুর সংগঠনের একজন করে প্রতিনিধি তার সঙ্গে যুক্ত করেন। ভোট তাদের থাক বা না থাক তারা সেখানে আলোচনা করতে পারবে, তাদের মত প্রকাশ করতে পারবে এবং সেখানে আপনার কাছে একটা অ্যাপিল করার ব্যবস্থা কোথাও থাকবে যদি অন্যায় হয়—এটা হওয়া উচিত বলে আমি মনে করি। ভূমি সংস্কার আন্দোলনে আরও বেশি ঐক্য নিয়ে আসার জন্য, আরও জোর নিয়ে আসার জন্য আইনের কয়েকটি সংশোধনের প্রয়োজন। আমরা সকলে একথা নিশ্চয়ই বলব যে পশ্চিমবাংলায় ভূমি সংস্কার সব চেয়ে বেশি হয়েছে, ভাল ভাবে হয়েছে এবং আপনি ভূমি সংস্কার মন্ত্রী হিসাবে গত ৪ বছরে আইন-কানুন সংশোধনের জন্য যে সব কাজ করেছেন সেটা সমর্থনযোগ্য। সম্প্রতি যে বিল এনেছেন, সেটাও খুব ভাল বিল এবং সমর্থনযোগ্য। আমি এই বিলকে জোরের সঙ্গে সমর্থন করছি। আপনার আমলে ভূমি সংস্কার যতটা অগ্রসর হয়েছে, সেটা নিঃসন্দেহে ভাল হয়েছে। কিন্তু চাঁদেও কলঙ্ক থাকে এবং দুধেও এক ফোঁটা চোনা ফেললে সেটা নষ্ট হয়ে যায়। কাজেই যেটুকু অন্যায়, অবিচার আছে, যার জন্য খেটে খাওয়া মানুষের কিছু অংশ ক্ষুব্ধ হচ্ছে, এগুলি সম্পর্কে সরকারের চিন্তা করা উচিত বলে মনে করি। এই ব্যাপারে সরকার করছেন এবং এটাই প্রকৃত গণতান্ত্রিক ব্যবস্থা। এটা যদি না করা হয় তাহলে অন্যায় হবে। এই কথা বলে একটু সমালোচনা করলাম, সমালোচনা করার পরে আপনার দপ্তরের কাজকে সমর্থন করছি এবং আপনার গ্রান্টের জন্য আইন সভার যে অনুমোদন চেয়েছেন, সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধাভাজন মাননীয় ভূমি ও ভূমিসংস্কার মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ আজকে এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করতে পারছি না বলে দুঃখিত। আমি মনে করি সমর্থন করার জন্য যে সমস্ত প্রয়োজনীয় তথ্য আমাদের সামনে রাখা উচিত সেই রকম কিছু তিনি রাখতে পারেননি। প্রথম কথা হচ্ছে, ভূমি সংস্কার-এর উদ্দেশ্য কি হওয়া উচিত? ভূমি সংস্কারের উদ্দেশ্য, যদি তার স্ট্রেটেজি এই থাকে যে উদ্বৃত্ত জমিগুলি আমরা ক্ষেতহীন চাষী কিম্বা মজুরদের বিলি করে দেব, তাতে ভোট পাওয়া যায়, স্লোগানের কাজ হয়। আমি মনে করি ভূমি সংস্কারের বাস্তব অর্থ হওয়া উচিত সামাজিক ন্যায়ের সঙ্গে উৎপাদন বৃদ্ধি কি করে হবে, সামাজিক ন্যায়ের সঙ্গে যাদের হাতে জমি তুলে দেওয়া হবে, সেই জমির উপর নির্ভর করে তারা জীবন যাত্রা করতে পারবে কি না। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে এই বিষয়ে কোনও চিন্তাধারা তাদের গত বছরের কাজের মধ্যে প্রকাশ পায়নি। তিনি যে পরিসংখ্যান আমাদের সামনে উত্থাপন করেছেন তাতে এই কথা প্রমাণিত হয়। আপনি লক্ষ্য করবেন যে মাননীয় ভূমি সংস্কার মন্ত্রী Land

Reforms work in West Bengal, Statistical Report-V, Table No. 1. যেটা দিয়েছেন তাতে তিনি বলেছেন যে Total area of agricultural Land distributed in 1980-59,392 acres. তার সঙ্গে তিনি বলেছেন যে total number of beneficiaries who have received vested Land during the year 1980—1,75,550 এই যে সংখ্যাটি তিনি দিয়েছেন, এটা দিয়ে তিনি কি বোঝাতে চাচ্ছেন? তিনি বোঝাতে চাচ্ছেন, যে উদ্বৃত্ত জমি বিতরণ করেছেন বন্টন করেছেন। কিন্তু কারা কতটুকু জমি পেয়েছে? আমি হিসাব করে দেখেছি যে যদি ৫৯,৩৯২ একর জমি বিলি করা হয় তাহলে ১,৭৫,৫৫০টি পরিবারকে যে জমি বিলি করা হয়েছে তাতে গড়ে প্রায় একজনকে এক বিঘা জমি দেওয়া হয়েছে। এতে কি তাদের অন্ন সংস্থান জুটবে? তাতে তাদের কল্যান হবে? এটা আজকে ভাবতে হবে। আমাদের পশ্চিমবাংলায় কৃষিযোগ্য জমি খুব অল্প। এই কৃষিযোগ্য জমিতে সরকারের মাধ্যমে যে প্রোডাকশন হচ্ছে সেটাও অত্যন্ত শোচনীয়। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়ের লেখা বই, বাংলার ভূমি বন্টন ব্যবস্থার রূপ রেখা; তাতে তিনি বলেছেন যে পরিবার পিছু ১.৫ একর জমি দিতে ৪৫ লক্ষ একর জমি দরকার। একটি পরিবারের জন্য অন্তত ১.৫ একর অর্থাৎ প্রায় ৪।। বিঘা জমি দিতে হবে।

[4-15 – 4-25 p.m.]

সে হিসাবে যারা জমি পেয়েছে তারা পরিবার হিসাবেই পেয়েছে, একই পরিবারের তিন চার জনে পাননি। ১,৭৫,৫৫০টি পরিবারকে ১,৭৮,১৭৬ বিঘা জমি বিলি করেছেন, সুতরাং পরিবার পিছু এক বিঘা করে জমি দিয়েছেন। আমি বিনয়ের সঙ্গে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, এই অল্প জমিতে একজন ভূমিহীন চাষী কি ইনপুট দিয়ে কত উৎপাদন করবে? এতে তার দারিদ্র কমবে, না দারিদ্র বাড়বে? সরকারের এই ভূমি-বন্টন ব্যবস্থা দারিদ্র বন্টন ব্যবস্থা হয়ে দাঁড়াচ্ছে। আমি দুঃখের সঙ্গে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই ব্যবস্থার দ্বারা জমি অপ-ব্যবহার করা হচ্ছে এবং এতে আমাদের দেশের লোকের দারিদ্র বৃদ্ধি করা হচ্ছে, দারিদ্রকে প্রতিরোধ করা হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে এটা একটু ভেবে দেখতে অনুরোধ করছি। একটা পরিবারে যদি পাঁচ জন লোক ধরা হয় তাহলেও একটা পরিবারের শুধু ক্ষুন্নিবৃত্তির জন্য বছরে অন্তত ৪৫ মন ধানের প্রয়োজন এবং তার জন্য প্রায় দু একর জমির প্রয়োজন। সে জায়গায় ১ বিঘা জমি দেওয়া হচ্ছে। তাহলে কি করা উচিত ছিল? আমি মনে করি ফ্রাগমেনটেশন অফ ল্যাণ্ডকে রোধ করে কনসোলিডেশন অফ ল্যাণ্ড করার প্রয়োজন আছে। আমি মনে করি প্রতি একর উৎপাদন বৃদ্ধি করার জন্য যেসমস্ত কাজ করার প্রয়োজন আছে সেসমস্ত কাজের দিকে সরকারের লক্ষ্য দেওয়া উচিত। কিন্তু সেদিকে যে সরকারের লক্ষ্য নেই, তা মাননীয় ভূমি রাজস্ব-মন্ত্রীর বিবৃতিই প্রমাণ দেয়। মাননীয় বিনয়-বাবু গত বছর বলেছিলেন যে, তিনি গরিব লোকেদের জন্য বীজের, সারের এবং সেচের ব্যবস্থা করবেন। গত বছর তিনি তাঁর বক্তৃতার তিন পৃষ্ঠায় বলেছিলেন, প্রত্যেক গরিব এবং প্রান্তিক চাষীর মধ্যে কৃষি কার্যের প্রয়োজনীয় উপাদান যথার্থ সাজ-সরঞ্জাম, বীজ, সার দেওয়ার

জন্য সমবায় সমিতি কিম্বা সংঘ কিম্বা এইরকম কোনও সুবিধাজনক সংস্থা গড়ে তুলবেন। আমি খুবই দুঃখের সঙ্গে লক্ষ্য করছি গত বছর যে আশ্বাস তিনি দিয়েছিলেন সে সম্বন্ধে কোনও উল্লেখ এবছরের বক্তৃতায় নেই। কোথায় কি সমবায় করেছেন, কোথায় কি সংঘ করেছেন, এক বছরের মধ্যে বীজ সার ইত্যাদি চাষীদের হাতে তুলে দেবার জন্য কি প্রচেষ্টা নিয়েছেন তা তিনি তাঁর বক্তৃতার মধ্যে উল্লেখ করেননি। আমরা জানি ভূমি-সংস্কার একক বিভাগ নয়, রাজস্ব বিভাগের সাথে সাথে এর সঙ্গে কৃষি, সেচ, সমস্ত কিছু যুক্ত। আমার বক্তব্য হচ্ছে, তিনি যখন গত বছর উল্লেখ করেছিলেন তখন এ বৎসরও তাঁর উল্লেখ করা প্রয়োজন ছিল, তাঁর দেখানো প্রয়োজন ছিল যে, তাঁর আন্তরিকতার ফলে কতটা কাজ হয়েছে। আমি খুবই দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, আমরা পশ্চিমবাংলায় স্লোগানের দিকে যতটা প্রবণতা দেখছি কাজের দিকে ততটা প্রবণতা দেখছি না। এটা সত্যি কথা, এটা খাঁটি কথা এবং এ বিষয়ে আমরা কেন হরিয়ানা এবং পাঞ্জাবের পিছনে পড়ে আছি? মাননীয় সদস্য বিশ্বনাথবাবু বলেছেন যে, উদ্বৃত্ত জমি সরকারের ন্যস্ত করার দিক থেকে পশ্চিমবাংলা সারা দেশের মধ্যে অগ্রগণ্য রাজ্য। ভাল কথা, একে আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু আমি আরও বেশি খুশি হতাম যদি সারা দেশের তুলনায় এগিয়ে থাকতাম প্রতি বিঘা উৎপাদনের দিকে। আমি খুবই দুঃখের সঙ্গে বলছি চার বছর আপনাদের রাজত্ব থাকা সত্ত্বেও এবিষয়ে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে আছে। কেন পিছিয়ে আছে? যে ইনপুটগুলি দেওয়া প্রয়োজন ছিল, সে ইনপুটগুলি দেওয়ার দিকে আপনারা কোনও নজর দেননি। এবিষয়ে আপনাদের স্ট্রাটেজি ভুল। আপনাদের স্লোগান পলিটিক্যালি ওরিয়েন্টেড, সেটা যদি উৎপাদন ওরিয়েন্টেড হত, উৎপাদনমুখী হত তাহলে আমাদের প্রতি বছর ২ লক্ষ টন অন্ন আমদানি করে আমাদের লোকেদের খাওয়ানোর প্রয়োজন হত না। তাই আমি বলছি আমরা ভুমি সংস্কারের কথা বলি। ভূমিগুলিকে কনসোলিডেশন করে, সমবায় সমিতিগুলি করে কি করে আরও উৎপাদন বাড়তে পারে এ বিষয়ে যতটা নজর দেওয়া প্রয়োজন ছিল ততটা নজর দেওয়া হয়নি। এটা অত্যন্ত দুঃখের কথা। আমি এর সাথে সাথে আরও দু-একটি কথা বলতে চাই, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী আমাদের আশ্বাস দিয়েছিলেন যে খাজনা মাপ করে দিতে পারেন কিন্তু সেটা আজও পালন করা হয়নি। সত্য কথা বলতে গেলে, খাজনা আদায় করতে যে খরচা পড়ে এবং খাজনার যে পরিমাণ তা প্রায় সমান হয়ে যায়। সুতরাং ঐ খাজনা মকুব করে দিয়ে যে সমস্ত লোকেরা খাজনা আদায় করার কাজে নিযুক্ত আছে মানে ঐ তহশিলদারদের অন্য বিভাগে ব্যবহার করা যায় কিনা এ বিষয়ে নজর দেওয়া প্রয়োজন আছে। অনেকে বলেছেন অনেক পরিমাণ জমি আইনের জন্য আটকে পড়ে রয়েছে। টোটাল এরিয়া অফ ল্যাণ্ড কভারড বাই কোর্টস ইনজাংশন অন ৩১ ডিসেম্বর, ১৯৮০তে হচ্ছে ১ লক্ষ ৭৭ হাজার ৩০৭ একর। কিন্তু এইসব মামলা নিষ্পত্তি করার জন্য আপনারা কি স্টেপ নিয়েছেন? মামলা যদি জমিদাররা করে থাকে তাহলে তারজন্য একটা ব্যবস্থা আপনাদের তো করতে হবে কিন্তু সেইসব মামলার নিষ্পত্তির কোনও আশ্বাস, কোনও পদক্ষেপ আমরা দেখতে পাচ্ছি না। অনেকে বলেছেন, প্রচুর বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। আমি এর জন্য অভিনন্দন জানাচ্ছি

কিন্তু মাননীয় সদস্য বিশ্বনাথ বাবু থেকে শুরু করে অনেকেই বলেছেন যে অনেক ক্ষেত্রে ক্ষমতার অপ-ব্যবহার করা হয়েছে। আমাদের সরকার পক্ষের বন্ধু বলেছেন শতকরা ১ ভাগ মাত্র। কিন্তু ১০ হাজার কেস যদি হয়ে থাকে তাহলে সেটা কি বড় জিনিস নয়? আপনারা ঐ লাঙল যার জমি তার না করে ঝাণ্ডা যার জমি তার এই জিনিসটা করছেন। যে কোনওদিনও বর্গাদার ছিল না কিন্তু সি পি এম করে বলে বর্গাদার হয়ে গেল। অনেক ক্ষেত্রে অপ-ব্যবহার করা হয়েছে। আমি জানি, ২৪-পরগনা জেলার হাবড়া এলাকার আশু দি মৌজায় একটা কেস আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওখানে ৩টি পরিবারের ১৫ বিঘা জমি আছে। সেই জমিকে জোর করে সি পি এমরা দখল করেছে এবং সেই জমিটা বর্গাদার হিসাবে নথিভুক্ত হয়েছে। আপনারা যে সুনাম পেতে পারতেন তার জায়গায় এইসব কাজ করলে আপনাদের কলঙ্ক থেকে যাবে। আপনি জানেন, এস্টেট অ্যাকুইজিসান অ্যাক্ট ১৯৫৬-এ যে সমস্ত জমি সরকারের ভেস্টেড হয়েছিল সেই সমস্ত জমির ক্ষতিপূরণ আজও দেওয়া হল না। আমার নিজের একজন বন্ধুর কেস সম্বন্ধে জানি, তিনি ৩০০ টাকা মাহিনা পায়। ৪ বছর ধরে আবেদন করছে কিন্তু তা-সত্ত্বেও নিষ্পত্তি হয়নি।

[4-25 – 4-35 p.m.]

সরকার পক্ষের লোক যে ওখানে আছে, সেখানে হাইকোর্ট থেকে নাকি একটা অর্ডার দিয়েছেন, সেই অর্ডারও খারিজ হয়ে গেছে। কিন্তু সত্যই যে রকম কেস এই বিভাগের মধ্যে যদি এত ডিলেড হয় আপনার মন্ত্রিত্ব কালে এই ক্ষতি হয়, এই রকম যদি বিলম্ব হয় তাহলে কি করে আমরা বিশ্বাস করব আপনারা সদিচ্ছা থাকা সত্ত্বেও খুব ভাল ভাবে এই বিভাগকে দিয়ে কাজ করিয়ে নিতে পারবেন? এই সমস্ত কথা বলার সাথে সাথে বর্গাদারদের সম্পর্কে আর একটি কথা বলতে চাই। আমি এই রকম কয়েকটি কেস পেয়েছি, যেখানে একই জায়গাতে দুই জন বর্গাদার তাদের নাম নথিভুক্ত করাবার আগ্রহ প্রকাশ করছে। তাতে দেখা যাচ্ছে যে এই দুজনের নাম নথিভুক্ত হচ্ছে তাতে যে জমির মালিক, যে কিছু পাচ্ছে না এই বিষয়ে আমার একটা জিনিস জানার রয়েছে। ডকুমেন্ট ধরে যে পুরনো বর্গাদার আগে থেকে কাজ করার যার অধিকার রয়েছে তার নাম নথিভুক্ত হওয়া উচিত, কিন্তু আমি মনে করি তাদের আন্তরিক সদিচ্ছা থাকা সত্ত্বেও হয়ত পার্টির জন্য কিম্বা আর্থিক অক্ষমতার জন্য যাদের মঙ্গল সাধন এই পশ্চিমবঙ্গে হওয়া উচিত ছিল তা হয়নি। আমি আবার এই কথা বলছি ফ্রাগমেনটেশন না করে কনসোলিডেশনের দ্বারা যাতে ভূমিহীন কৃষকরা জমি পায় তার ব্যবস্থা করুন। তারপর আপনারা কৃষককে এক বিঘা জমি দিলেন কিন্তু তার বলদ, হাল, সার, বীজ ইত্যাদি আপনারা তাকে দিতে পারছেন না, এবং সেইসব জোগাড় করতে গিয়ে দেখা গেল যে সেই এক বিঘা জমি আবার মালিকেরই কাছে ফিরে এল। সেদিকে লক্ষ্য দিয়ে আপনারা একটা পরিকল্পনা করে এই কাজ করবেন, এই কথা বলে আপনার ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে ব্যয় বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু-একটি কথা বলব, এর আগে মাননীয় সদস্য সোহরাব সাহেব কয়েকটি কথা বলেছেন, সেই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। উনি বলেছেন যে কংগ্রেস জমিদারি প্রথার বিলোপ সাধন করেছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে এর আগেতে কত মানুষের রক্তে আপনাদের হাত রঞ্জিত হয়েছে সেদিকে আপনাদের খেয়াল আছে? আপনাদের স্মরণ আছে যখন লক্ষ লক্ষ, হাজার হাজার কৃষককে খুন করে, জেলে পুরে কৃষক আন্দোলনকে ধ্বংস করেছিলেন? আপনাদের স্মরণ নাই জনসাধারণের কল্যাণের জন্য যে ভূমি সংস্কার আইন করা হয়েছিল, সারা ভারতবর্ষে এবং সারা পশ্চিমবঙ্গে যে কৃষক আন্দোলন হয়েছিল সেই কৃষক আন্দোলনের ফলেই—জমিদারি ব্যবস্থার যে একটা পরিবর্তন হয়েছিল এবং সেই পরিবর্তনকে যে কাজে লাগান হয়েছে সেই আন্দোলনের ফলেই হয়েছে। আজ আপনারা জমিদারি প্রথা বিলোপের দাবি করছেন। আপনাদের চেষ্টায় জমিদারি প্রথা বিলোপ হয়নি। আপনারা সামন্ততান্ত্রিকতা যাতে না যায়, বর্গাদারি ব্যবস্থাকে টিকিয়ে রাখবার জন্য চেষ্টা করেছিলেন। জমিদারদের জমি এক নামে দুই নামে তাদের আত্মীয় স্বজন, বন্ধু, বান্ধব এমন কি তাদের মাতৃগর্ভে যে সন্তান ছিল তার নামে ভূমি রাখার ব্যবস্থা করেছিলেন। সে উদ্দেশ্যেই আপনারা ভূমি সংস্কার করেছিলেন। বাংলাদেশে যে আমূল ভূমি সংস্কার হবে এ লক্ষ্য আপনাদের ছিল না তাহলে আজকে পশ্চিমবঙ্গর বিধানসভায় দাঁড়িয়ে ভূমিসংস্কার সম্বন্ধে এত আলোচনা করার প্রয়োজন থাকত না। আমরা মনে করি বিভিন্ন দেশে যারা ক্ষমতায় আসেন তাঁদের নিজস্ব শ্রেণী স্বার্থের উৎপাদন বাড়াবার জন্য ভূমি সংস্কার করে থাকেন। জমিদারি ব্যবস্থা উচ্ছেদ করলেন, কিন্তু তাদের জমিগুলি ভাগবাটোয়ারা করে দিয়ে এমন একটি শ্রেণী সৃষ্টি করলেন যারা আপনাদেরই ধারক বাহক হবে এবং গ্রামাঞ্চলের আন্দোলন ধ্বংস করবে এই রকম একটা শ্রেণী সৃষ্টি করলেন। পঞ্চবার্ষিকী প্পরিকল্পনার মধ্যে দিয়ে এক শ্রেণীর কৃষককে কিছু শ্যালো ইত্যাদি দিয়ে কুক্ষিগত করলেন এবং গণআন্দোলনকে ধ্বংস করে কাজে ব্যবহার করলেন। এই ছিল আপনাদের ভূমি সংস্কারের উদ্দেশ্য। আজকে সেজন্য পশ্চিমবঙ্গে বামপন্থী সরকার পশ্চিমবঙ্গের আমুল ভূমি সংস্কার করতে চান। কিন্তু চাইলেও পারা যাবেনা আমরা ভূমি ব্যবস্থার অমুল সংস্কার চাই। যেটুকু সমস্ত জমির মালিক জমিদার এবং জোতদার যারা বিন্দু মাত্র পরিশ্রম করেন না তাদের সেই জমি অধিগ্রহণ করে ভূমিহীনদের মধ্যে বন্টন করার যে নীতি তাকে কিভাবে কার্যকর করা যায় সেই চেষ্টা আমরা করছি। আমরা জানি এই সংবিধানের আওতার মধ্যে এই কাজ করতে সংবিধান অ্যালাও করেনা। যাদের পরিশ্রমের উপর নির্ভর করে তারা বাড়ি, গাড়ি করছেন তাদের আজকে উৎখাত করা যাবেনা এই সংবিধানের দ্বারা। কিন্তু এর মধ্যে থেকেও যতখানি সম্ভব জমিদার-জোতদার যারা বেআইনিভাবে জমিগুলি দখল করে রেখেছেন তাদের সেই জমি উদ্ধারের জন্য ভূমি সংস্কারের আইনের মধ্যে যে ফাঁকগুলি আছে সেগুলি ভরাট করার আমরা চেষ্টা করছি। আমরা জানি এই ব্যবস্থার মধ্যে দিয়েও সম্পূর্ণভাবে ভূমি সংস্কার করা যায় না। তবে

আইনানুযায়ী যেটুকু জমি রাখার অধিকার আছে তার বাইরে জমি ধরার আমরা চেষ্টা করব। গড়বেতায় রামজনম ২০০।৩০০ বিঘা জমি বিভিন্ন নামে লুকিয়ে রেখেছেন। এই জমিগুলি আমরা টেনে বার করতে চাই। এবং তারজন্য আইনে যে ফাঁক আছে সেই ফাঁক ভরাট করার আমরা চেষ্টা করছি। আমরা জানি কৃষক আন্দোলন ছাড়া এই কাজ করতে পারা যায়না। বিগত এক বছরে ৩৪ লক্ষ জমি ভেস্ট হতে পেরেছে। আপনারা যেটুকু পরিমাণ জমি পেয়েছিলেন তাও বন্টন করার সময় আপনাদের হয়নি। ফলে যাদের কাছ থেকে যেটুকু জমি পেয়েছিলেন তারাই সেটুকু ভোগ দখল করতে পেরেছে কারণ তাদের গায়ে হাত দেওয়া আপনাদের পক্ষে সম্ভবপর নয়। সেইজন্য আমাদের সরকার চেষ্টা করছেন এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও উদ্বৃত্ত জমি টেনে বার করা। সেইজন্য আমরা দেখলাম ৩৪ হাজার দখলকারী যাদের বাস্তু ছিল না সেই সমস্ত দখলকারীদের আমরা বসালাম। এটা কি কিছু নয়? ১০ লক্ষ বর্গাদারদের আমরা বর্গার অধিকার দিয়েছি, যা আপনাদের সময়ে দিতে পারেনি। হরেকৃষ্ণ বাবু যখন মন্ত্রী ছিলেন সেই সময়ে আড়াই থেকে ৩ লক্ষ বর্গাদার পাট্টা পেয়েছিল এবং এই ৪ বছরের মধ্যে ৫ লক্ষ বর্গাদারকে আমরা তাদের অধিকার দিয়েছি। কিন্তু এসব তারা দেখছেন না। ওরা বললেন ল্যাণ্ড কনসেনট্রেশন করা দরকার। কিন্তু কাদের হাতে? তারা কি চান আবার ওই জোতদার-জমিদারদের হাতে জমি থাকবে।

[4-35 – 4-45 p.m.]

কিন্তু আমরা তা চাইনা, আমরা চাই সেই সমস্ত উদ্বৃত্ত জমি যারা বেআইনিভাবে দখল করে রেখেছেন সে সমস্ত জমি বের করে ভূমিহীনদের মধ্যে বন্টন করা। কারণ জমি যদি জোতদারদের হাতে থাকে তাহলে গ্রামের কোনও কল্যাণ হবেনা। এই সরকার হবার পর গ্রামের যারা জমি পেয়েছেন তাদের জন্য বীজ, সার জলের ব্যবস্থার ফলে তারা জমিতে ফসল ফলাতে পারছে এবং তাদের জীবনযাত্রার কিছুটা উন্নতি-সাধন করতে পেরেছি। অনেকে বললেন আমরা নাকি অপারেশন বর্গার মধ্যে দিয়ে দেশের জাতীয় স্বার্থ বিরোধী কাজ করছি। কিন্তু আমি বলতে চাই এই সরকারের যেটা সবথেকে বেশি উল্লেখযোগ্য ঘটনা সেটা হল দুটি—একটি বর্গা অপারেশন, আরেকটি শিক্ষার ক্ষেত্রে অপারেশন। এই দুটির মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষ বুঝেছে যে এই সরকার জমিদার—জোতদারদের সরকার নয় এবং এই সরকার প্রকৃতপক্ষে বর্গাদারদের স্বার্থরক্ষা করতে চায়। সেইজন্য এই সরকার গরিব চাষীদের খাজনা থেকে মুক্ত করে দিয়েছেন। এ বছর পর্যন্ত ১০/১৮ বিঘা জমির মালিকদের জন্য হয়েছে, আগামী দিনে হয়ত আর বেশি হবে এবং ৪৫ লক্ষ কৃষককে এই খাজনার হাত থেকে সম্পূর্ণভাবে দেওয়া হবে। এইভাবে যারা জোতদার তাদের উপর খাজনার পরিমাণ আরও বাড়ানো হবে। এই সমস্ত কাজের মধ্যে দিয়ে এই সরকার গরিব মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। সেইজন্য আজকে ক্ষেত-মজুর, সাধারণ চাষী এই সরকারের কার্যকলাপের মধ্যে দিয়ে উপকৃত হচ্ছে। এবং এই সরকারের প্রভাব তাদের উপর ক্রমশ বাড়ছে। সারা দেশের স্বার্থ ভূমি সংস্কারের সঙ্গে জড়িত এবং যতক্ষণ না পর্যন্ত ভূমি সংস্কার না হচ্ছে ততক্ষণ

পর্যন্ত দেশের আর্থিক অগ্রগতির পথে রুদ্ধ হয়ে থাকবে। ওঁরা এত বছর ধরে জমিদার এবং জোতদারদের পুঁজি বৃদ্ধির কাজে সাহায্য করে এসেছেন কিন্তু আমরা জানি এ সমস্যার সমাধানের রাস্তা এটা নয়, বরং জমিদার-জোতদারদের হাত থেকে জমি নিয়ে ভাগচাষী এবং ক্ষেত-মজুরদের যদি দেওয়া যায় তাহলে বেকার সমস্যার সমাধান হবে এবং ভারতবর্ষে অর্থনীতি বিকাশ হবে এবং এর মধ্যে দিয়েই হাজার কলকারখানা, ব্যবসা বাণিজ্যের শ্রীবৃদ্ধি ঘটবে। সুতরাং আমরা জাতীয় স্বার্থ বিরোধী কাজ করছি না। আপনারা এত কাল ধরে কৃষককে যেভাবে বঞ্চিত করে এসেছেন তার ফলে তারাই জেগে এসে উঠেছে। এবং আমরা তাদের হয়ে সংগ্রাম করে যাবে। ওঁরা বলছেন যে আমরা বর্গাদারদের নিয়ে হামলা করছি কিন্তু তা নয় বেআইনিভাবে যারা জমি লুকিয়ে রেখেছে সেই জমি আইনানুযায়ী যাতে ভাগচাষীরা দখল করতে পারে সেই চেষ্টা আমরা করছি। কিন্তু এই কাজে জমিদাররা কিভাবে বাধা দিচ্ছে তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। সুবোধ পালিত, যিনি প্রাক্তন কংগ্রেসি এম. এল. এ. গনেশ হাটুই এর শ্বশুর চণ্ডীতলার থানার আইয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় ভাগচাষীদের অধিকার থেকে বঞ্চিত করার জন্য তাদের উপর হামলা শুরু করছিলেন এবং শত শত বিঘা জমি থেকে ভাগচাষীদের উৎখাত করলেন। এর ফলে কৃষক সভার কর্মীরা মার খেল। বাঁধপুরে কায়েম মোল্লা খুন করলো স্নেহেন্দু দাসকে কারণ সে বেনামী জমি উদ্ধার করতে গিয়েছিল। জাঙ্গীপাড়া থানার কলকাতার বিশিষ্ট ব্যবসায়ী অনুকুল ব্যানার্জির ছেলে ভাগচাষীদের উৎখাত করার জন্য তাদের ঘরে আগুন লাগিয়ে দিয়েছিল। এইভাবে আমাদের জেলায় ৫০/৬০টা ক্ষেত্রে কংগ্রেসি জোতদার গুণ্ডাবাহিনী দ্বারা ভাগচাষীরা আক্রান্ত হয়েছে। যে সমস্ত জমি ভেস্ট করেছেন সেই সমস্ত জমি যাতে সরকার দখল না করতে পারেন সেজন্য জমিদাররা হাইকোর্টের দ্বারস্থ হচ্ছেন এবং ভোলাবাবু তাদের হয়ে লিড করেন। তবে তারা কোন ধরনের উন্নতির কথা বলেছেন? সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আরও দু-একটি কথা বলতে চাই। আজকাল দেখা যাচ্ছে বহু জায়গায় বহু লোক বালিখাদ থেকে বালি কাটছে এবং এ ব্যাপারে সরকারের প্রচলিত আইনকে গ্রাহ্য করছে না ও এইভাবে সরকারের রয়ালটি ফাঁকি দিচ্ছে এবং বালিখাদগুলি থেকে বালি খনন করে চলেছে। এটা একটা বড় রকমের সমস্যা এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাই। আর একটি কথা হচ্ছে ইট ভাটা সম্বন্ধে। বহু জায়গাতে যত্রতত্র ইটের ভাটা তৈরি করা হচ্ছে—এই ব্যাপারে সরকারকে ভাবতে হবে। এরা সরকারকে রয়ালটি ফাঁকি দিচেছ এবং আবাদী জমি নষ্ট করে ফেলছে। গ্রামে যাদের বেশি টাকা আছে তারা যখন জমি কেনে তখন জমির দাম বেশি করে দলিলে লিখিয়ে নেয়, যেটা মার্কেট রেটের চাইতে অন্তত ১০ পারসেন্ট বেশি। এই ক্ষেত্রে ঐ সমস্ত জমি ফেরৎ দেওয়ার সময় তারা কিন্তু আবার ঐ দামে ফেরৎ দিতে রাজি হয় না। এই ব্যাপারে যাতে ন্যায্য দামে জমি বিক্রি হয় ও তা দলিলে লেখার ব্যবস্থা হয় সেদিকে সরকারের দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ জানাই। এই কথা বলে আমি ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যে বিবৃতি এখানে রেখেছেন তা অপেক্ষাকৃত সংক্ষিপ্ত। তবে এর সঙ্গে যে অ্যানেক্সচারটি দিয়েছেন সেটি যদি ধরা যায় তাহলেও আমি বলব যে সরকার সুবিধামতো তাঁদের দপ্তরের এবং লেফ্ট ফ্রন্ট সরকারের ব্যর্থতা আলোচনায় না আনার জন্যই গোপন করে প্রমিনেন্ট অমিশান এতে রাখা হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করি যা এখানে অনেক সদস্য বলেছেন—রেস্টোরেশন অব অ্যালায়েনেটেড ল্যাণ্ড সম্বন্ধে, তাতে আমি বলতে চাই যে এতে নিজের বক্তব্য কিছু নেই, এমনকি যে পরিসংখ্যানটি দিয়েছেন সেটিতেও তা নেই যে, কেন আপনারা এগ্রিকালচারাল ল্যাণ্ড হোল্ডিং-এর উপরে খাজনা তুলে দিচ্ছেন। এবং এটা কার্যকর করতে কতদিন সময় লাগবে তার কথাও বলেননি। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অভিনন্দন জানাই এই জন্য যে, তিনি আর তার মন্ত্রীরা যে অজুহাত ও ওজর দেখিয়ে সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে ইত্যাদি বলেছেন তিনি তা বলেননি।

[4-45 – 4-55 p.m.]

পশ্চিমবঙ্গের ভূমি সমস্যার সমাধানকল্পে বিগত কংগ্রেস সরকার প্রণীত সমস্ত আইন এবং নীতি সমূহ উনি আন্তরিকতার সঙ্গে এবং যত্নসহকারে অনুসরণ করেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কংগ্রেস সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে যে পথের কথা চিন্তা করেছিল আজকে বামফ্রন্ট সরকার সেখানে কোনও বিকল্প পথ উপস্থিত করতে পারেননি বলে তিনি এবং তাঁর দল কোথাও কোথাও কিছু বল প্রয়োগ করে সেই নীতি সমূহ এবং কর্মসূচি রূপায়ণ করতে চলেছেন, সেখানে কোনও বিকল্প পথ তারা দেখাতে পারেননি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও অভিনন্দন জানাই এইজন্য যে কংগ্রেসের প্রবর্তিত নীতির উত্তরসাধক হিসাবে তিনি ভূমিসংস্কারের ব্যাপারে কিছু কিছু নতুন সংস্কারের প্রস্তাব করেছেন যেটা পরবর্তী সেশানে বা এই সেশানে আইন হিসাবে উপস্থিত হবে। এরপর আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলব। আপনার দপ্তর যেমন পুরাতন তেমনি বহুধা বিভক্ত-এর অনেক শাখা, প্রশাখা। আমাদের রাজ্যের স্টেট রিসোর্সেসের ব্যাপারে আপনারা তো অনেক অভিযোগ করেন কিন্তু আমার জিজ্ঞাস্য, আপনারা যে জমি বিলি করতে পারেননি তার বদলে আপনারা দপ্তরের যে নীতি ড্যামেজ ফি আদায় করা সে ব্যাপারে আপনারা কনভিনিয়েন্টলি সায়লেন্ট কেন? আমি জানতে চাই এই ড্যামেজ ফি আপনারা কতটা আদায় করতে পেরেছেন এবং বাকি যেটা আছে সে সম্বন্ধে আপনারা কি চিন্তা করছেন? আপনারা তো দাবি করেন আপনাদের কার্যকালের মধ্যে আপনারা পশ্চিমবঙ্গের সঙ্গে জায়গায় একেবারে ফুল ফুটিয়ে দিয়েছেন, নদী দিয়ে খালি দুধ আর মধু বয়ে চলেছে। প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের এমনই উন্নতি হয়েছে যে কমলবাবু দরাজ হাতে প্রান্তিক চাষীদের ৪০ কোটি টাকার ঋণ মুকুব করে দিয়েছেন। শুধু তাই নয়, সমবায়মন্ত্রী মহাশয়ও এই প্রান্তিক চাষীদের দুর্দশা মোচনের জন্য আরও ৬৫ কোটি টাকা মকুব করার কথা চিন্তা করছেন। অর্থাৎ একুনে প্রায় ১০০ কোটি টাকার ব্যাপার এর মধ্যে জড়িত হয়ে রয়েছে। এখন এই ঋণ মকুব প্রসঙ্গে

আমি কয়েকটি কথা বলতে চাই। গরিব মানুষদের ঋণ যা মকুব করা হচ্ছে এই মকুব কিন্তু সার্বজনীন হয়না। সমাজের কত পারসেন্ট গরিব লোক আর ঋণ পায়? এর ফলে কিন্তু বেনিফিটেড হচ্ছে শুধু তারাই যারা ঋন নিয়েছে। ডিজারবিং যে ক্লাশ সেই ক্লাশ কিন্তু এর দ্বারা বেনিফিটেড হয়না। আজকে সামাজিক প্রয়োজনে যে লস তার মধ্যে ফিজিক্যাল মিনস যে ল্যাণ্ড সে ব্যাপারে বামফ্রন্ট সরকার কংগ্রেসের নীতি অনুসরণ করলেও অনেক জায়গায় বিপুলভাবে ব্যর্থ হয়েছেন এই প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষীদের উন্নতি করার ব্যাপারে। এ ব্যাপারে আমি তাই কয়েকটি প্রস্তাব রাখতে চাই। ল্যাণ্ড ডিস্ট্রিবিউশন সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, বিশ্বনাথবাবুও কয়েকটি কথা বলেছেন। এখানে আপনি অল পার্টি কমিটি করে কৃষক কমিটির প্রতিনিধিদের ইনভলভ করতে পারেন কিনা দেখুন। ২নং কথা, যে অভিযোগগুলি উঠেছে অ্যানালমেন্টের জন্য—আগে যারা পাট্টা পেয়েছে অনেক ক্ষেত্রে সেগুলি অবৈধ এবং আপনাদের আমলে যাদের পাট্টা দেওয়া হয়েছে আমরা অনেক ক্ষেত্রে অবৈধ বলে মনে করি, এই সম্বন্ধে একটা কমপ্লেন্ট সেল রাখতে প্রস্তুত আছেন কিনা যারা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে এই অভিযোগগুলি ডিসপোজড অফ করবে। এটা সব জায়গায় ডিসাইড করার প্রয়োজন আছে সংশোধন করার প্রয়োজন আছে। বিষ্ণুকান্ত বাবু অল্প জমি, সেজন্য কনসলিডেশনের কথা বললেন। এই সম্বন্ধে আপনার সঙ্গে আমার বিশদ আলোচনা হয়েছে, কনসলিডেশনের ব্যবস্থা হয়নি। আমাদের মুসলিম আইন অনুসারে এই ফ্র্যাগমেন্টেশনকে রোধ করবেন কি করে? এই ফ্র্যাগমেন্টেশনকে প্রিভেন্ট করার জন্য ল অব সাচ নেচার এই জাতীয় কিছু ভাবতে পারেন কিনা দেখবেন যখন আপনি ন্যাশনালাইজ করতে পারছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে শহরের সীমার কথা বলেছেন, বলে আবার শহরের মানুষদের তোয়াজ করার জন্য আর্বান সিলিং তুলে দেওয়ার জন্য একটা প্রচেষ্টা করতে চলেছেন। কারণ, এটা সেন্ট্রাল অ্যাক্ট, আপনি সে সম্বন্ধে সুবিধাজনকভাবে নীরব কেন এই সম্বধে আপনার স্পষ্ট বিবৃতি চাই। কলকাতা শহরে ১৩ লক্ষ একর—৬.৫ লক্ষ বর্গ মিটার জমি আপনি পেয়েছেন। এতে কলকাতা শহরের সব সমস্যা সমাধান হয়ে যাবে? তাহলে আপনি কি শহরের জন্য একটা আইন, গ্রামের জন্য আর একটা আইন রাখবেন? সমাজের মূল চাবিকাঠি আপনার হাতে, এখানে সমতা আনবেন কিনা? এখানে ডাবল স্ট্যাণ্ডার্ড বজায় রাখছেন—শহরের জন্য একটা আইন, গ্রামের জন্য আর একটা আইন, আবার ভোট আসছে, আবার সুবিধাজনক প্রতিশ্রুতি দেবেন, সময়মতো ভুলে যাবেন। এখানে যে অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ আছে এই অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ সব জায়গায় যেন দক্ষ এটা আপনাদের ধারণা। আমার মনে হয় আপনার ডিপার্টমেন্টে জুনিয়ার কেডারের যেসব অফিসার আছেন অ্যাকচুয়াল ফিল্ড অপারেশনে কে. জি. ও., জুনিয়ার ল্যাণ্ড রিফর্ম অফিসার, এই অফিসারদের ল্যাণ্ড ওরিয়েন্টেড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং নেবার প্রয়োজন আছে আই অ্যাম গ্রেটফুল টু ইওর ডিপার্টমেন্ট যে এইসব জুনিয়ার অফিসার যেসব অপকর্ম করছে সে সম্বন্ধে একাধিকবার আপনার নজরে এনেছি, অনেক জায়গায় তার প্রতিকার করেছেন। সেজন্য ল্যাণ্ড ওরিয়েন্টেড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং এদের জন্য চালু করতে পারেন কিনা সেটা দেখবেন। তারপর নিচের তলার তহশীলদারদের আপনি

যদি কিছু ব্যবস্থা করেন—একদিকে ট্রেনিং, অন্য দিকে এমোলিউমেন্টস এর যদি কিছু ব্যবস্থা করতে পারেন তাহলে আমাদের সুবিধা হয়। কারণ, তাদের সঙ্গে ডাইরেক্ট কন্টাক্ট টু দি পেজ্যান্ট অ্যাণ্ড টু দি পিপল আছে। লাস্ট বাট নট দি লিস্ট, আমাদের রয়্যালটি ঘাটতি আছে। আমরা যখন কমিটিতে বসি তখন দেখি প্রায় ৭০ কোটি টাকা বাকি, রয়্যালটি ইমপোজ হয় না। তারপর ভ্যারিয়েশন ইন দি স্কেল অব রয়্যালটি আছে— স্যাণ্ডে এক রকম রয়্যালটি, স্কেলে আর এক রকম রয়্যালটি, এক এক জায়গায় এক এক সময়ে এক এক রকম রয়্যালটি আছে। এটা স্ট্যাণ্ডার্ডাইজেশন হওয়া প্রয়োজন, ইউনিফর্ম হওয়া প্রয়োজন। এরজন্য আপনার দপ্তরে বহু দক্ষ অফিসার আছেন। আপনার ল্যাণ্ড কমিশনার দক্ষ এবং বিজ্ঞ অফিসার, তাঁকে এই কাজে লাগিয়ে স্ট্যাণ্ডার্ডাইজেশন করুন এবং যে রয়্যালটি আমাদের বাকি আছে ফ্রম দি সেন্টার একে আদায়ের ব্যবস্থা করুন। তা যদি না হয় তাহলে আমাদের ওভার ড্রাফটের প্রয়োজন হবে। আপনি ওভার ড্রাফট নিয়েছেন ১০০ কোটি টাকা, অথচ ৭০ কোটি টাকা রয়্যালটি বাকি আছে। সর্বশেষ কথা হচ্ছে বামফ্রন্ট সরকার কখনও অপোজিশনকে কনফিডেন্সে নেয়নি কোনও ব্যাপারে। ভূমি সংস্কার ব্যাপারে যে লুপহোলস আছে তার বিচারের জন্য প্রধান যে হাতিয়ার অপোজিশন তাকে কনফিডেন্সে নিন, নিয়ে এই ত্রুটিগুলি দূর করুন। সেজন্য আপনার কাছে অনুরোধ এই বিষয়ে সমাজে যদি একটা বড় পরিবর্তন আনতে চান তাহলে অপোজিশনকে উপেক্ষা করার মতো এটা সাবজেক্ট নয়।

[4-55 – 5-05 p.m.]

সেইজন্য আপনাদের কাছে আমার অনুরোধ এবং বক্তব্য হচ্ছে, এই বিষয় একটা বিরাট পরিবর্তন আপনারা আনতে চান অথচ সেখানে অপজিশনকে উপেক্ষা করবেন এটা ঠিক নয়। ফ্রম টাইম টু টাইম ফর্মুলেশন অব এ পলিসি টু ফিল আপ দি লুপহোলস এবং ক্রিটিক্যাল গ্যাপ যেগুলি রয়েছে আইনে এবং নীতিতে তারজন্য পিরিওডিক্যাল মিটিং হওয়া দরকার। আমি মনে করি আমাদের অগ্রগতি হয়েছে বলে কমপ্ল্যাসেনসরি কোনও স্কোপ নেই। আমাদের পশ্চিমবাংলা হচ্ছে সবচেয়ে বেশি সমস্যা সংকুল এবং ৮০ পারসেন্ট মানুষ এর সঙ্গে জড়িত। অন্য স্টেট—এ তাঁরা করতে পারেননি বলে আমাদের আনন্দিত হওয়া উচিত নয়। আমাদের আরও বেশি করে মেটেরিয়ালাইজ করতে হবে। আমাদের জটিল সমস্যা হচ্ছে দারিদ্র কাজেই সেই দারিদ্রের সঙ্গে আমরা যদি লড়াই করতে চাই তাহলে এটা দেখতে হবে। লাস্ট বাট নট দি লিস্ট, আগে জমিদাররা এবং রাজা—মহারাজারা সামাজিক দায়িত্ব বর্তায়। আজকে ঐ সামাজিক দায়িত্বগুলি অর্থাৎ চ্যারিটেবল অ্যাণ্ড হিউম্যানিটেরিয়ান-এর দায়িত্ব পালনের ভার কিন্তু আপনার দপ্তরে এসে বর্তাবে। এর মধ্যে খাল বিল রয়েছে, ইরিগেশন এমব্যাঙ্কমেন্ট ফ্ল্যাট প্রটেকশন স্কীম ইত্যাদি রয়েছে। যেখানে State is the capitalist, State is the Land mark, State is the Raja, state is the monarch, state is the soverign. সেখানে সেই সামাজিক দায়িত্বগুলো কিন্তু সরকারকে এবং ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে নিতে হবে এবং সেই অনুভূতি নিয়ে আপনার দপ্তরকে বিকল্প ব্যবস্থা করতে হবে। ফিউডাল

রেসপনসিবিলিটি যখন সরকারে বর্তেছে তখন উপযুক্তভাবে আপনাকে সেই দায়িত্ব পালন করতে হবে। যাই হোক আইন যখন আনবেন তখন এই নিয়ে আরও আলোচনা করব। তবে লুপহোলস যেগুলো রয়েছে, এবং ভূমি সংস্কারকে আপনারা যেভাবে দলীয় কাজে লাগিয়েছেন, সেজন্য আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারছিনা, আমি এর বিরোধিতা করে বক্তব্য শেষ করছি। থ্যাঙ্ক ইউ স্যার।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করে আমাদের কাছে অনুমোদন চেয়েছেন, তার বিরোধিতা করে আমি তাঁর কাছে কিছু প্রস্তাব রাখছি। একথা সত্য, আমি নিজেও অনুভব করছি, এই বর্গার নামে একটা অসম্ভব অত্যাচার দেশে চলেছে এবং তার ফলে মানুষ জর্জরিত হয়েছে, ছিন্ন ভিন্ন হয়েছে এবং এ সম্বন্ধে এই চার বছরে ভুরি ভুরি প্রমাণ আমি দেখাতে পারি। এ সম্বন্ধে বিভিন্ন ঘটনা আমি আপনার মাধ্যমে আমি সভার কাছে রাখব। বাঁকুড়া জেলায় সোনামুখী থানার কমরেড রাধা গোবিন্দ বরাটের সিলিং বহির্ভূত জমি থাকা সত্ত্বেও এবং অনেক বর্গাদার থাকা সত্ত্বেও কোনও জমি বর্গা হয় নাই। অনেক জায়গা তার আছে একটিও বর্গা নয়। আপনি এটা খোঁজ করে দেখে আমাদের আশ্বস্ত করবেন। আপনি জমিদার জোতদারদের কথা তুলে ধরেছেন। আমি তুলে ধরছি বামফ্রন্টের মন্ত্রী হওয়ায় বাঁকুড়া জেলার পাত্র সায়ের থানার অন্তর্গত কাকাটিয়া গ্রামের রেকর্ডেড ভাগচাষী শ্রী শম্ভুনাথ সরকারকে সি পি এম-এর ক্যাডাররা জোর করে তাকে জমি থেকে উচ্ছেদ করেছেন। শম্ভু সরকার মহাশয় এই অবস্থায় পুলিশের কাছে সাহায্য প্রার্থনা করে। পুলিশ তাকে বলেছেন আমরা কি করব মন্ত্রী মহাশয়ের জমি। আপনি খোঁজ করলে দেখতে পাবেন একথা সত্য কিনা। আপনারা বলেন যে আপনারা বড় লোকের নয়, গরিব লোকের। খড়গপুর লোক্যাল থানার শ্রী ভাইরো মুর্মু ১৭ বছরের জলকর চেক খাতা সত্ত্বেও সি পি এম-এর মিছিলে যায় নাই বলে তার জমি কেটে নিয়ে গেছে, পুলিশ সাহায্য পায়নি। সে পুলিশের কাছে জানালো আমার জমি আমি চাষ করতে পারছি না। কিন্তু পুলিশ কোনও সাহায্য করেনি। এইভাবে আপনারা অত্যাচার চালিয়ে যাচ্ছেন। আপনারা জোতদারদের কথা বলছেন এই সব অত্যাচারের কথা আপনার জানা দরকার। আপনি ভারপ্রাপ্ত মন্ত্রী আপনার সব দিক চিন্তা করে কাজ করতে হবে। ঐ থানায় বিজয় রায় মহাশয়ের সমুহ জমি সি পি এম লুট করে নিয়ে গেছে সরকার ছয় একর পর্যন্ত জমির খাজনা ছাড় দিয়েছেন অসেচ এলাকায়। যে সমস্ত চাষীর ছয় একর পর্যন্ত জমি আছে তারা খাজনা থেকে রেহাই পাচ্ছে। কিন্তু বর্গাদারদের ক্ষেত্রে আপনি বাধা সৃষ্টি করছেন না। কিন্তু বাঁকুড়া জেলার সোনামুখী থানার অন্তর্গত কোচ ডিহি মৌজার অসেচ এলাকাগুলি সেচ এলাকা রূপে চিহ্নিত হয়েছে ফলে অসেচ এলাকা ভুক্ত কৃষক যতটা জমি রাখার অধিকারী তার থেকে বঞ্চিত হচ্ছে এবং সরকার জোর করে কৃষকদের জমি অধিগ্রহণের নোটিশ দিচ্ছে। এই নোটিশ প্রত্যাহার করার জন্য আমি দাবি করছি এবং এর তদন্ত চাচ্ছি। বর্গাদার করছেন, ৬ একর জমির মালিকদের খাজনা মকুব করছেন কেন। একটা সিলিং করুন ১০ একর জমির মালিক আড়াই একর জমির ফসল পাচ্ছে। তার সংসার আজকে অচল অবস্থায়।

আপনি একটা সিলিং করে দিন যাতে অনেক চাষী রেহাই পাবে।

[5-05 – 5-15 p.m.]

আপনি জানেন কলকাতার অনেক জায়গায় উদ্বৃত্ত জমি রয়েছে। আপনি এখানে দেখিয়েছেন যে ১০ হাজার বর্গ মিটার জমি আছে আপনি দখল নিয়েছেন। আপনাকে আমি স্মরণ করিয়ে দিতে চাই, মানিকতলায় রাধানাথ দাসের ৪০ একর এর বেশি জমি উদ্বৃত্ত আছে, সেটা অধিগ্রহণ করছেন না কেন? আপনার মধ্যে কি এমন জিনিস আছে, আপনি কি চিন্তা করেছেন, মানিক তলার রাধানাথ দাসের ৪০ একর জমি কেন আপনি নিচ্ছেন না, সে সম্পর্কে আজকে প্রশ্ন থেকে যায়। সেইজন্য এই ব্যাপারে আপনাকে চিন্তা করতে বলছি যে সরকার জমি ছেড়ে দিতে বলছেন বটে কিন্তু যে জমি বর্তাচ্ছে সরকারে, সেই জমি নিতে যাচ্ছেন না কেন এই কথা বলবার পরে আমি বলছি পাট্টার কথা। জমি সম্বন্ধ বলতে গেলে পাট্টার কথা আসে। আজকে পাট্টা যে সব চাষীকে দেওয়া হচ্ছে, এই সব চাষী—অতি সত্য কথা, আপনি খোঁজ করলে দেখতে পাবেন যে আপনাদের দলের লোক না হলে পাট্টা পাচ্ছেনা, এবং আপনাদের দলের সদস্য না হলে পাট্টা পাচ্ছে না। এই বিষয়ে আপনাকে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে আপনাদের দলের লোক হোক বা অন্য দলের লোক হোক, চাষী যে কোনও দলের অন্তর্ভুক্ত হোক, তার জমিতে পাট্টা পাবার অধিকার আছে। সুতরাং আপনারা এই ব্যাপারে চিন্তা করবেন। আপনি যে সব জায়গায় জমি অধিগ্রহণ করছেন, সেই সব জায়গায় দেখা যাচ্ছে—যদি কোনও জায়গা সেচ বহির্ভূত হয়, আপনি সেই জায়গায় সেচের নোটিশ দিয়ে দিচ্ছেন। আমি নাম করছি, সেনামুখী থানা হচ্ছে সেচবিহীন গ্রাম, আপনি সেখানে জমি অধিগ্রহণের জন্য নোটিশ দিয়েছেন। কারণ আপনি সেখানে যতটা জমি রাখার অধিকারী তা থেকে তারা বঞ্চিত হচ্ছে এবং যেহেতু আজকে তাদের যতটা জমি থাকার প্রয়োজন ছিল ততটা জমি রাখার অধিকারী তারা হচ্ছে না। কারণ সেটা সেচ এলাকা নয়। সেচ এলাকা নয় বলে তাদের এই অসুবিধা ভোগ করতে হচ্ছে। কাজেই সেচ এলাকা হলে আপনি যে জমিটা তাকে রাখতে বলতে পারতেন. সেই জমিটা তাদের ছাড় দেওয়া হচ্ছে না। সেই জমি আপনার দেখা দরকার নোটিশ দেওয়ার পূর্বে সেই এলাকাটা সেচ এলাকা ভুক্ত কিনা। যার ফলে সেখানে একটা অশান্তির সৃষ্টি হয়েছে। তার জন্য আমি মনে করি, আপনি এই সব নোটিশ প্রত্যাহার করার জন্য চিন্তা করুন। গ্রামে গ্রামে জোর জবরদস্তি চলছে। আপনি ব্যাপারটা জেনেছেন কারণ আপনার কাছে অনেক পত্র পত্রাদির মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করেছি। অনর্থক চাষীকুলের মধ্যে যুদ্ধ লাগিয়ে কোন রকম সুবিধা হচ্ছে না। চাষীকুল তাতে উৎখাত হচ্ছে, নিজেদের মধ্যে আরও অশান্তি সৃষ্টি হচ্ছে। এই অশান্তি গ্রামাঞ্চলে যদি বন্ধ করতে হয় তাহলে আপনাকে দৃঢ় হস্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর উপায় নির্ধারণ করতে হবে। তাই আমি এই অশান্তি সৃষ্টি করা থেকে আপনাকে বিরত থাকতে অনুরোধ করছি। পরিশেষে বলছি, ভূমি সংস্কারের আর একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে অধিগ্রহণ।

আপনি যে সব অধিগ্রহণ করেছেন, সেই অধিগ্রহণ আইনত ঠিক হয়েছে। ঠিক হলেও যে পরিমাণে ভেস্টেড ল্যাণ্ড আছে, সেই পরিমাণ অধিগ্রহণ হয়নি। এই কথা বলে, এই দপ্তরের প্রতি আমার যা চিন্তা ধারা আপনার কাছে তা আমি ব্যক্ত করে আপনার ব্যয় বরাদ্দকে অনুমোদন না করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় জয়নাল আবেদিন সাহেব এবং মহঃ সোহরাব সাহেব একটু আগে বলে গেলেন কংগ্রেসের সময়ই সব আইন কানুন হয়েছে এবং তাদেরই প্রদর্শিত পথে এই সরকার নাকি চলেছে। এতে ওরা আত্মসন্তুষ্টি লাভ করতে পারেন—কারণ একই বীজের দুই চারা। যদি একই প্রদর্শিত পথে যাবে তাহলে পশ্চিমবঙ্গে এই সব যে ঘটনা ঘটছে তাতে ওরা আতঙ্কিত হচ্ছেন কেন এবং গ্রামাঞ্চলে এই সব প্রশ্ন নিয়ে এত বিচলিত হচ্ছেন কেন, বোঝা যাচ্ছে না। আপনারা জানেন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় ভূমি আইন সম্পর্কে বলা হয়েছিল ৬৪ মিলিয়ন উদ্বৃত্ত জমি আছে। ভারত সরকারের পাবলিকেশন ডিভিসনে এটা বেরল। ওদের এমনই প্রদর্শিত পথ যে সেটা কমতে কমতে এসে এখন ৫৪ লক্ষ ২৫ হাজার ৩৯৫ একরে দাঁড়িয়েছে। এরিয়া ডিক্লেয়ার্ড সারপ্লাস কত? ওরা সারপ্লাস বলে ডিক্লেয়ার্ড করেছেন ৩৯ লক্ষ ৭৮ হাজার ১১৯ একর। আর আজ পর্যন্ত সারা ভারতবর্ষে কত বিলি করেছেন ১০ লক্ষ ৭৮ হাজার একর। এই হচ্ছে প্রদর্শিত পথের নমুনা। আমি আপনার কাছে ইকনমিক অ্যাণ্ড পলিটিক্যাল রিভিয়ুর একটি জায়গা তুলে ধরছি। কর্ণাটক সম্পর্কে ওরা খুব গর্ব করেন। ১৯৭৩ সালে কর্ণাটকে আইন পাস করলেন এবং ১৯৭৪ সালে সেটা কার্যকর করলেন। সেই ইকনমিক অ্যাণ্ড পলিটিক্যাল রিভিয়ুতে বলা হচ্ছে, "The state have 27,17,537 Landless agricultural Labourers in 1971. Land reforms have had a little inpact on the problem. By the end of November, 1979, only 37,712 acres surplus Land had been distributed among 7,127 Land less people. This is less than 0.3 per cent. অর্থাৎ ভূমিহীন ০.৩% এর মধ্যে বিলি করেছেন। এই হচ্ছে ওদের প্রদর্শিত পথ। অন্ধ্রে কি করেছেন? It was reported that out of 16 Lakh acres declared surplus in Andhra Pradesh Land to the extent of 12 Lakh acres was subject to court order at one time or the other resulting in land not being available for distribution. সম্প্রতি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে উপস্থিত ছিলেন এবং তিনি সেখানে তাঁর বক্তব্য পরিবেশন করেছেন। ৬ নং ধারায় বলেছেন, Land reforms are a case in point. In the entire document there is just a single stray reference to the issue and almost a total lack of awareness of the close relationship between the growth of farm output and the rearrangement of land relations. ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ল্যাণ্ড রিফর্মস সম্পর্কে

কোনও বক্তব্য রাখা হয়নি। এই যে ইকনমিক রিভিয়ু পশ্চিমবঙ্গের অর্থদপ্তর থেকে দেওয়া হয়েছে তাতে আপনারা দেখতে পাবেন ল্যাণ্ডলেস ফ্যামিলি পশ্চিমবঙ্গে প্রায় ৩০ লক্ষের মতো রয়েছে আমাদের যে উদ্বৃত্ত জমি রয়েছে তাতে আশা করা যাচ্ছে যে ল্যাণ্ডলেস ফ্যামিলিকে সেই উদ্বৃত্ত জমি দেওয়া সম্ভব হবে। গ্রামাঞ্চলে যেসব মানুষ দারিদ্র সীমার নিচে ছিলেন সেই সব ভূমিহীন মানুষদের অর্থনৈতিক ক্রয় ক্ষমতা বাড়াবার জন্য বিগত ৪ বছরের মধ্যে এই দপ্তর যথেষ্ট চেষ্টা করেছে, এই তথ্যগুলিই সেই সব প্রমাণ করছে।

[5-15 – 5-25 p.m.]

অতএব ওদের প্রদর্শিত পথে গেলে যে পশ্চিমবঙ্গের জনসাধারণ এই বামফ্রন্ট সরকারকে এবং বামফ্রন্টের কর্মীদের যে ওদের মতনই ব্যবস্থা করতেন সে বিষয়ে কোনও সন্দেহ নেই। ওরা কয়েকটি দৃষ্টান্ত দিয়েছেন—মন্ত্রী মহাশয়কে উল্লেখ করে বাঁকুড়া জেলার একটি ঘটনার কথা উল্লেখ করেছেন। স্যার, আমি বলতে চাই এটা সর্বৈব অসত্য। এটা ওদেরই যুব কংগ্রেসিদের ব্যাপার। আমি ওদের বলছি যদি পারেন সেই সব জমি দখল করুন আমাদের পক্ষ থেকে বাধা থাকবে না। এইরকম অসত্য খবর এখানে দেবেন না। সোনামুখী বা পাত্রসায়েরে এরকম কোনও ঘটনা ঘটেনি। বরং আমি বলতে পারি গত ২৬শে ফেব্রুয়ারি বর্ধমান, বাঁকুড়া সেটেলমেন্ট অফিসার সহ ঐ বর্গা অপারেশনের জন্য ওন্দা থানায় রতনপুর গ্রামে একটা ক্যাম্প হয়েছিল। ঐ দ্বিজপদ চক্রবর্তী, অনন্ত চক্রবর্তী বলে ওদের পঞ্চায়েত সদস্য যখন বানেশ্বর মুর্মু, কানাই মাণ্ডি এইসমস্ত বর্গাদার নাম রেকর্ড করাচ্ছিলেন সেই সময় নকশাল নাম করে ঐ জোতদার পরিবারের ছেলেরা সেই সমস্ত কাগজপত্র ছিনিয়ে নেয় এবং রেকর্ড করতে দেয় না। সেখানে তারা সেই সমস্ত আদিবাসীদের মারধোর করেছে। তারপর সোহরাব সাহেব বললেন, আমরা ভূমিহীনে ভূমিহীনে বিরোধ ঘটাচ্ছি। স্যার, এটাও অসত্য কথা। এই প্রসঙ্গে আমি বলছি, বীরভূম জেলার নানুর থানার দাসকল গ্রামে ফসল তুলে নেবার জন্য এরা ২২টি ঘর পোড়ালেন এবং একজনকে সেখানে হত্যা করলেন এবং ৫৫ জনকে আহত করলেন এবং ৩৫টি ঘরে লুঠ করলেন। সেখানে সেই কাজে নেতৃত্ব দিলেন কংগ্রেস (ই)-র লোকরা। তারপর নলহাটি থানার ধরমপুর গ্রামে কংগ্রেস (ই)-র জোতদাররা গুলি করে তিনজন বর্গাদারকে হত্যা করল, ইলামবাজারে দুজনকে হত্যা করল, খয়রাশোলে একজনকে হত্যা করল। তারপর পুরুলিয়া জেলায় মানবাজার থানায় নেকড়ে গ্রামে বহু লোকজন এবং ২৭টি বন্দুক নিয়ে গিয়ে সেখানে ওরা ক্ষেতমজুরদের আক্রমণ করার জন্য উপস্থিত হল কিন্তু সেখানে হাজার হাজার লোক সমবেত হবার ফলে সেখান থেকে ভয়ে পালিয়ে যায়। স্যার, এরা একদিকে এইসব কাজ করে বেড়াচ্ছেন আর অপর দিকে বলছেন আমরা ভূমিহীনে ভূমিহীনে বিরোধ বাধাচ্ছি। কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকাতে দেখেছিলাম ওদের পাম্প করে বলা হয়েছিল গ্রামের প্রভাবশালী মহল আপনাদের চাচ্ছে আপনারা সেখানে যান। কিন্তু গ্রামে গিয়ে যে ঐ আগের মতন ফসল তোলানো যাবে না সেটা ওরা বুঝেছেন। স্যার, আজকে আনন্দের কথা যে পশ্চিমবাংলার সংগঠিত কৃষক সমাজের যে

আন্দোলন সেই আন্দোলন আজ সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছে। স্যার, কিছুদিন আগে আমরা দেখলাম ওরা দিল্লিতে গেলেন কৃষাণ সমাবেশে যোগ দিতে। সেখানে দেখলাম, প্রধানমন্ত্রী বললেন, আমি সমস্ত দাবি মানি কিন্তু কিছু করা যাবে না। একদিকে তিনি এই কথা বললেন অপর দিকে তিনি বললেন, বুকের রক্ত দিয়ে কৃষকদের সেচের জলের আমি ব্যবস্থা করব। তিনি সেখানে কিন্তু ক্ষেত মজুরদের মজুরি, জমি ইত্যাদি নিয়ে কোনও কথা বললেন না। সেখানে ভারতবর্ষের কোটি কোটি মানুষের যে জমির প্রশ্ন, কাজের প্রশ্ন রয়েছে তিনি সে সব প্রশ্নে গেলেন না তার কারণ, তিনি জানেন, এসব প্রশ্নে গেলে বিপদ আছে। স্যার, গোটা পশ্চিমবাংলা তথা গোটা ভারতবর্ষের অভিজ্ঞতায় আমরা দেখছি, একটা সুপ্ত সিংহ জেগে উঠছে। তার পিঠে সোয়ার হয়ে আজকে জোতদার, জমিদাররা ফসলের লাভজনক দাম, ঋণ মকুব এইসব বড় বড় কথা বলছেন কিন্তু আমি তাদের বলব, সেই সুপ্ত সিংহ যদি খাদ্য না পায় তাহলে কিন্তু সে সোয়ারীকে খেয়ে ফেলবে। এটা আপনারা বুঝতে না পারেন কিন্তু আপনাদের নেত্রী সেটা বুঝেছেন, তাই তিনি আতঙ্কিত হচ্ছেন, স্যার, আজ ভূমিকে কেন্দ্র করে গোটা পশ্চিমবাংলায় একটা চেতনার সৃষ্টি হয়েছে এবং তার প্রভাব ভারতবর্ষের অন্যত্রও পড়ছে। পরিশেষে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সন্তোষকুমার রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সংস্কার আমাদের মতো দেশে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এর গুরুত্ব সম্পর্কে আমি বিশেষ কিছু বলতে চাইনা। এই সরকার ক্ষমতায় আসার পর ভূমিহীনরা যাতে কিছু জমি পেতে পারে সেই রকম কিছু পদক্ষেপ নিয়েছেন, সেগুলি আমি সমর্থন করছি। যে এরকম খাসজমি কাদের দেওয়া হবে, সেই সিলিং তারা এক একরে নামিয়ে এনেছেন এক হেক্টর থেকে। এটাও আমি সমর্থন করছি। বর্গাচাষের আইনের ক্ষেত্রে কিছু সংশোধন করেছেন, যেটা বর্গাচাষীদের পক্ষে সহায়ক হয়েছে, সেটাও আমি সমর্থন করছি কিন্তু এই দপ্তরের কাজকর্ম সম্পর্কে আমার অনেক কথা বলার আছে। প্রথম কথা হচ্ছে, এই রাজ্যে ৩০ লক্ষ ভূমিহীন আছে বা অল্প জমির মালিক আছে বা এক একরের নিচে জমির মালিকানা আছে, তাদের জমি দেবার সমস্যা। এই সরকারের হাতে এখন পর্যন্ত—যখন আইন করা হয়েছিল তখন এস্টিমেটস করা হয়েছিল যে ২৮ লক্ষ একর জমি সরকারে ন্যাস্ত হবে। কিন্তু হয়েছে মাত্র ১২ লক্ষ একর জমি। তারপর আইনগত কিছু বাধার জন্য আবার আইনের সংশোধন করতে চাওয়া হয়েছে। এতে কতখানি কাজ হবে এই আইন সংশোধনের দ্বারা সেই বিষয়ে আমার সন্দেহ আছে। আমার মনে হয় যে সরকারের হাতে ঐ ৩০ লক্ষ বা ৪০ লক্ষ একর জমি নেবার জন্য উপযুক্ত ব্যবস্থা বা সেই রকম আইন প্রণয়ন করা, এটা বিগত ৪ বছরে করা যেত এবং করা উচিত ছিল। আমি সুস্পষ্ট ভাবে বলতে চাই যে জমির সর্বোচ্চ সীমা, সিলিং আইন সেটা কমানো উচিত ছিল। যতক্ষণ পর্যন্ত অকৃষকের হাতে জমির মালিকানার সুযোগ থেকে যাবে ততক্ষণ পর্যন্ত কোনও আইনের দ্বারাই সুষ্ঠ ভাবে প্রকৃত ভূমির সংস্কার করা যাবেনা। যদি এই রকম ভাবে জমির সিলিং বাঁধার চেষ্টা করা হত যাতে একজন ভূমিচাষী অথবা যে নিজে চাষ

করে, আবার মজুরিও খাটায়— ধরুন ১০ একর সেচ এলাকা বা তার সমতুল্য ১৫ একর জমি অসেচ এলাকায়—এই রকম সিলিং যদি করা যেত তাহলে কিছু জমি সরকারের হাতে ন্যাস্ত হতে পারত এবং ভূমিহীন ও গরিব কৃষকদের জমি দেবার সমস্যা কিছুটা সমাধান হতে পারত। এটা কেন ৪।। বছরে এই সরকার করলেন না, সেটা আমি বুঝতে পারিনা। তারা বলতে পারেন যে এইরকম আইন করলে সেটা হয়ত কেন্দ্রীয় সরকার, রাষ্ট্রপতির অনুমোদন পাবেনা ইত্যাদি। এটা না পেলেও ক্ষতি কিছু নেই। অন্তত মানুষ এটা বুঝত যে এটা করা যাচ্ছে না, কিন্তু করার কথা চিন্তা করা হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, যে বর্গাদারদের মধ্যে একটা দ্বন্দ্ব দেখা দিয়েছে। বর্গাদার এবং ছোট জমির মালিকের মধ্যে একটা দ্বন্দ্ব দেখা দিয়েছে, এটার সমাধান হওয়া উচিত। গতবার যখন এই রকম একটা প্রভিসন রাখা হয়েছিল যে ছোট জমির মালিক, যাদের জমি বর্গায় রেকর্ড হচ্ছে, তাদের জমি কিনে নেওয়ার ব্যবস্থা হবে। আমি এটা সমর্থন করেছিলাম। কারণ তাতে এই দ্বন্দ্ব কিছুটা সমাধানের রাস্তা আছে। এই ব্যাপারে কতদূর কাজ হয়েছে সে সম্পর্কে এই বাজেট বক্তৃতায় কোনও উল্লেখ দেখছি না। আমার যতদূর ধারনা যে এই বিষয়ে কোনও কাজ হয়নি। এটাকে গুরুত্ব দিয়ে বিবেচনা করা উচিত ছিল। আর সামগ্রীক ভাবে যারা বর্গাচাষী তাদের চাষের মালিকানা কিভাবে দেওয়া যায় সেটাও চিন্তা করা উচিত। সে ক্ষেত্রে ছোট জমির মালিককে ক্ষতিপূরণ দিয়ে জমি নেওয়া উচিত আর বড় জমির মালিক, তাদের ক্ষতিপূরণ না দিয়ে বা অল্প ক্ষতিপূরণ দিয়ে—যেমন ধরুন, ৫ বছরের খাজনা, কি ১০ বছরের খাজনা, এইরকম ক্ষতিপূরণ দিয়ে তাদের জমি সরকারে ন্যাস্ত করা যায় কিনা সেটা চিন্তা করে দেখা উচিত। কারণ বর্গাচাষীকে জমির মালিক না করে দিলে এই সামন্ততান্ত্রিক শোষণ তাদের উপর থেকে যাচ্ছে। তৃতীয় হচ্ছে, জমির বন্টনের ক্ষেত্রে অনেকগুলি সুনির্দিষ্ট কথা আমি আগেও অনেকবার বলেছি। এখানে অনেক জমি যারা পেতে পারেনা, অপ্রাপক, তাদের মধ্যে বিলি বন্টন কংগ্রেস আমলে হয়েছে। সেগুলির বে-আইনি পাট্টা বাতিল করার দাবি এই বিধানসভায় করেছি। যখন ১৯৭৮ সালে আপনারা বলেছিলেন যে সকলে লিখিত ভাবে দরখাস্ত দিক তখন আমি লিখিত ভাবে অনেকবার জানিয়েছি। শুধু গোপীবল্লভপুর, এক নম্বর ব্লকে আমি নিজে সুপারভাইজ করে প্রায় ৪০০ শত দরখাস্ত দিয়েছিলাম। ১০ একর, ১৫ একর জমির মালিক বা যাদের জমি খাস হয়েছে, এই রকম লোকেরা পাট্টা পেয়েছে।

[5-25 – 5-35 p.m.]

এ ব্যাপারে একটাও দরখাস্ত প্রসেসিং করা হয়নি, কিছু হয়নি। আজকেও এখানে অনেক বন্ধু এই অভিযোগ করলেন। এটা কেন করা হল না? মন্ত্রী মহাশয় যে সমস্ত পরিসংখ্যান দিয়েছেন তার মধ্যেও এই কাজের কোনও রেকর্ড নেই। রাজ্য সরকারের পক্ষ থেকে একটা পদক্ষেপ গ্রহণ করা উচিত যে, যখনই কোনও ব্যক্তি সরকারি কাজের জন্য আবেদন করবে বা সরকার নিয়ন্ত্রিত কোনও সংস্থায় চাকরির জন্য আবেদন করবে বা প্রাথমিক স্কুলে চাকরির জন্য আবেদন করবে, অর্থাৎ যেখানে চাকরি করলে সরকারকে পে

করতে হয় সেখানে চাকরির জন্য যখনই আবেদন করবে তখনই তাকে তার জমির পরিমাণ ঘোষণা করতে হবে। তাহলে এর দ্বারা বর্গা রেকর্ডিংকে সুবিধাজনক অবস্থায় নিয়ে যাওয়া যাবে। কারণ যে চাকরি করবে সে নিশ্চয়ই নিজে চাষ করে না। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের কথা অনেকে বলেছেন। এ বিষয়ে আমার একটা অভিজ্ঞতার কথা আমি জানাচ্ছি। আমি কালকে নকশালবাড়ি এলাকা থেকে ঘুরে এসেছি, সেখানে একজন লোক এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের নোটিশ পেয়েছে, অথচ তার জমি-জায়গা তো দূরের কথা ঘর-বাড়ি পর্যন্ত নেই, সে একজন ভিখারি. সে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের নোটিশ পেয়েছে! আমার মনে হয় এবিষয়ে যাদের উপর দায়িত্ব দেওয়া আছে তারা ঠিকমতো তাদের দায়িত্ব পালন করছে না। সত্যিকারের যাদের ইনকাম ট্যাক্স দেওয়া উচিত তাদের বদলে ভূয়া লোকেদের নামে, নিজেদের ইচ্ছামতো লোকের নামে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের নোটিশ ছাপাচ্ছে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** এই ব্যয় বরাদ্দের দাবির উপর বিতর্কের জন্য আরও কিছু সময়ের প্রয়োজন। সেই জন্য আমি নির্দিষ্ট সময়ের উপরে আর ১৫ মিনিট সময় বাড়াবার প্রস্তাব করছি। আমি আশা করছি এই প্রস্তাবে কারও আপত্তি নেই।

**(এই সময়ে আরও ১৫ মিনিট সময় বাড়ানো হয়)**

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের কাছে একটু বিনীত ভাবে কয়েকটি বিষয় নিবেদন করব প্রথমেই আজকে দেশের স্বার্থে আমাদের সকলের—যাঁরা এদিকে বসে আছেন। যাঁরা ওদিকে বসে আছেন—উপলব্ধি করার সময় এসেছে। আজকে আমাদের দেশ একটা কঠিন অর্থনৈতিক সঙ্কটের ভিতর দিয়ে চলছে। ১৯৭৯-৮০ সালে গোটা দেশে শিল্প উৎপাদন আগের বছরের তুলনায় ১.৪ শতাংশ কমে গেছে। আমাদের খাদ্য উৎপাদন নিদারুণভাবে কমে গেছে, প্রায় ১৫.৫ % কমে গেছে এবং আজ পর্যন্ত সেটা খুব বেশি এগোয়নি। গত কয়েক বছরের হিসাব যদি দেখেন তাহলে দেখবেন অসম বাণিজ্যের দরুন, অর্থাৎ বিদেশি সাম্রাজ্যবাদের কাছ থেকে আমাদের দেশে যেসব জিনিস আমদানি করা হয় এবং আমাদের দেশ থেকে মূলত তাদের দেশে যেসব জিনিস রপ্তানি করা হয়, এই বাণিজ্যে ঘাটতি বেড়েছে অনেক। গত তিন বছরের হিসাব হচ্ছে, ১৯৭৯-৮০ সালের আগে সেটা ছিল প্রায় ১ হাজার ৮৮ কোটি টাকা, পরের বছর বেড়ে হল ২ হাজার ৬৭ কোটি টাকা এবং এবছর সেটা শেষ পর্যন্ত বেড়ে ৪ হাজার কোটি টাকার উপরে উঠবে এবং সেটা আরও কত হবে তা এখনই বলা শক্ত। আমাদের সারা দেশের যে ঘাটতি বাজেট, সেটার হিসাব গত তিন বছরের যদি দেখেন, তাহলে দেখবেন, ১৯৭৮-৭৯ সালে ছিল প্রায় ২,৭০০ কোটি টাকা ঘাটতি, সেটা ১৯৭৯-৮০ সালে বেড়ে হয়েছিল ১৩,০৭৫ কোটি টাকা, আর এবারে বলা হচ্ছে ১৫,০৩৩ কোটি টাকার ঘাটতি হবে। কিন্তু এটা এবারে কোথায় গিয়ে দাঁড়াবে, ২৫০.০০ কোটি টাকা, না তারও বেশি হবে, কেউ

তা বলতে পারছে না। অতএব বুঝতেই পারছেন একটা কঠিন পরিস্থিতির মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। সুতরাং আজকে যাঁদের বিন্দু মাত্র দেশের স্বার্থ সম্পর্কে চিন্তা আছে, তাঁদের এই পরিস্থিতি, এই সঙ্কট থেকে বেরবার যে পথ সেই পথের দিকে যেতে হবে। স্বাধীনতার পর দেশের অর্থনৈতিক উন্নতির জন্য কাজ করাই ছিল আমাদের কর্তব্য। সাম্রাজ্যবাদকে বিতাড়িত করে রাজনৈতিক স্বাধীনতা পেলেই সাম্রাজ্যবাদী অর্থনীতির কবজা থেকে মুক্তি পাওয়া যায় না, মুক্ত হওয়া যায় না। তার থেকে মুক্ত হওয়ার একটা আন্তরিক প্রচেষ্টা থাকা উচিত ছিল। আর উচিত ছিল আমাদের অর্থনীতি বিশেষ করে কৃষি অর্থনীতি যেটা আমাদের দেশের একটা প্রধান অংশ তার মধ্যে যে সামন্ত্রতান্ত্রিক ও আধা-সামন্ত্রতান্ত্রিক ব্যবস্থা আছে যেটা উৎপাদনের ব্যাপারে বাধা স্বরূপ হয়ে আছে সেটাকে দূর করে আমাদের স্ব-নির্ভর সেল্ফ জেনারেটিং ইকোনমির দিকে যাওয়া উচিত ছিল। কারণ ভূমি সংস্কারের মূল যেটা গুরুত্ব আমাদের মতো দেশে তার মূল কারণ হচ্ছে এই আমাদের মতন দেশে যেখানে শতকরা ৭০ ভাগ মানুষ কৃষির উপর প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে নির্ভরশীল ধরলে শতকরা ৮০ ভাগ লোকের ক্রয়-শক্তি বাড়বে না এবং অভ্যন্তরীণ বাজারে বিকাশ হবে না, শিল্প ও ব্যবসা-বাণিজ্যের বিকাশ হতে পারে না। সুতরাং সেইদিকে নজর রাখতে হবে। শিল্পের জন্য কাঁচা মাল কৃষি ক্ষেত্র থেকে উৎপন্ন হবে। কৃষিক্ষেত্রে যদি বাড়তি মূলধন সৃষ্টি করতে পারি তবেই সেটা শিল্পে নিয়োগ করতে পারব। এইরকম ৫টি পরিকল্পনা ষষ্ঠ পরিকল্পনায় যা সব করতে হবে—ঐ চাব্যকের নীতি নিয়ে ঋনং কৃত্বা ঘৃতং পিবেৎ, যাবৎ জীবেৎ সুখং জীবেৎ—এই পথ না নিয়ে আজকে ঋণ উঠে দাঁড়িয়েছে সাড়ে ১৩ হাজার কোটি টাকা সরকারের এবং সুদ গুনতে হচ্ছে সব কিছুতে। প্রত্যেক পরিকল্পনা এবং প্রত্যেকটি প্রকল্পে সেখানে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে বিভিন্ন যারা ঋণ দাতা তারা দেখে যেয়ে তারপর তাদের দ্বিতীয় কিস্তি দেবেন কিনা দেখবেন—সেখানে জাতীয় স্বাধীনতা, জাতীয় মর্যাদা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে এই হচ্ছে আজকে দেশের অবস্থা। সেইদিক থেকে আজকে এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। নিশ্চয়ই ভূমি সংস্কারের ব্যাপারে সকলে সে-এ পাশেই থাকুন আর ও পাশেই থাকুন সকলের আন্তরিক সাহায্য চাই। ভূমি সংস্কারের ক্ষেত্রে যদি বাধা আসে তাহলে তো কিছুই হবে না। এখন প্রশ্ন হচ্ছে এখানেই। সেইজন্য আপনাদের বিনীতভাবে বলব, অধিকাংশ মানুষের যেন সেইদিকে চিন্তা করা দরকার যে আমাদের বাঁচার পথ কোথায়? অনেকে মনে করেন—আমি দেখেছি, মুখে যাই বলুন তারা ভাবে ক্ষেত-মজুরদের ২টাকা দিতে গেলেই বোধ হয় গেল আমাদের সব, কেউ বলেন বর্গাদারদের ন্যায়-সঙ্গত অধিকার দিলেই বোধ হয় সব গেল। আমি একজনকে বললাম বসুন আমার সামনে কাগজ নিয়ে এবং লিখুন, বছরে কটা মজুর লাগান আর ২ টাকা করে দিলে কত হয়—এটা লিখুন আর বছরে বছরে কি দরে খোল কিনছেন, সার কি দরে কিনছেন, কি দরে তেল কিনছেন, এবারে কি দরে কিনবেন, কাপড় কি দরে কিনছেন সব একসঙ্গে যোগ করুন, কত বেশি দিতে হচ্ছে দেখুন। ওটা সহ্য হবে কারণ ওটা প্রবলের মার। প্রবলের শোষনকে নত মস্তকে মেনে নিয়ে আমার চাইতে যে দুর্বল তাকে বঞ্চিত করে বোধ হয় বাঁচতে পারব—এই চিন্তাধারা মানুষের মধ্যে আছে। কিন্তু আমি বলব,

এইভাবে বাঁচা যায় না—ঐ কালিদাসের উপাখ্যানের মতো যে ডালে বসে রয়েছেন সেই ডাল কাটা হচ্ছে অতএব সেই ডালও পড়বে আর আপনিও পড়বেন। সেইজন্য আজকে ভাবা দরকার আমাদের গলদটা কোথায়? এশিয়া ল্যাটিন আমেরিকা ইত্যাদি সমস্ত সদ্য স্বাধীন দেশগুলির প্রধান লড়াই হচ্ছে এই ব্যাপারে। আজকের দুনিয়ার ধনতান্ত্রিক জগতের যে সঙ্কট সেই সঙ্কটের বোঝা আমাদের ঘাড়ে চাপাবার জন্য তারা বছরের পর বছর যে প্রচেষ্টা চালাচ্ছে তাতে আমরা মার খেয়ে যাচ্ছি এই তো সেদিন দিল্লীতে যে মিটিং হল সেই মিটিং-এ আমাদের সেক্রেটারি বললেন যে, ১ বছরে বাণিজ্যিক ঘাটতি যেটা ছিল ৭০ বিলিয়ন ডলার সেটা বেড়ে হচ্ছে ৯০ বিলিয়ন ডলার। ১ বছরে ২০ বিলিয়ন ডলার বেড়ে গেল। ১ হাজার ৮৮ কোটি টাকা থেকে ২ হাজার ৬১ কোটি টাকা। তাও এই ২ হাজার ৬১ কোটি টাকার ভিতর ১১৫ কোটি টাকা ইন্টারন্যাশনাল মানিটারী ফাণ্ড থেকে ধার করা হয়েছে। এবার আবার কি হয় হয়তো ৪ হাজার কোটি টাকায় গিয়ে দাঁড়াবে। সেইজন্য খুব ধীর-স্থিরভাবে চিন্তা করতে হবে। আমার যথেষ্ট বয়স হয়েছে, কাণ্ড-জ্ঞান আছে—ঐ যে সবুজ বিপ্লব বলে যে জিনিসটা সেটা এখানে করা যাবে না।

[5-35 – 5-45 p.m.]

তার জন্য এখানে আসা হয়নি। অনেকে অনেক বড় বড় কথা বলেছেন, আমি কথাটা একটু কম বলি, কথা না বলে কাজ যেটুকু করতে পারা যায় সেটুকু করবার চেষ্টা করি। সেজন্য আমাদের যা কাজ ছিল এই ব্যবস্থার ভিতরে সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে কতটুকু কি করা যায় সেটা করবার চেষ্টা করি। সেখানে কৃষকের সমস্ত অংশকে নিয়ে আমরা চিন্তা করছি, একটা অংশকে নিয়ে নয়, আপনার হিসাব এই যেটা বলা হল। আমাদের একটা মূল উদ্দেশ্য ক্রয় শক্তি বাড়ানো। ক্রয় শক্তি ব—১ড়ানোর দিক থেকে দেখুন আমাদের হিসাব পত্র দেখে বলছি, হয়ত একটু এদিক ওদিক হতে পারে। ৪০ লক্ষ এগ্রিকালচারাল লেবার, তাদের যদি চাষের এবং ধান কাটার সময়—এই দুটো সময় ১০০ জন যদি ২ টাকা করে বেশি মজুরি পায় তাহলে ৪ লক্ষ ২০০ ধরলে মোট ৮০ কোটি টাকার ক্রয় শক্তি দরকার। আপনারা পেলে ব্যাঙ্কে জমাবেন, কিন্তু যারা এই সমস্ত টাকাটা পাবে তারা বাজার, দোকান করবে, এবং তাদের জন্য বাজার দোকান চলবে, তারা ব্যাঙ্কে জমাবে না। সংসারের জন্য ব্যয় করবে। যে সময় কাজ থাকে না, আগে যেটাকে ফুড ফর ওয়ার্ক বলা হত—এখন ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম বলা হচ্ছে তাতে দেখেছি যে ৫ কোটি শ্রম দিবস—পশ্চিমবঙ্গে দুই বছর আগে করা হয়েছিল অ্যাভারেজে আগে যা ছিল ২ কে. জি. করে গম এবং ৩ টাকা করে মজুরি এই ৬ টাকা এই সময়ের পারচেসিং পাওয়ার থাকবে। বর্গাদার আমি ধরে নিচ্ছি মোটামুটি ২০ লক্ষ সেই বর্গাদাররা যেটুকু ব্যাঙ্ক ফাইনান্স নিচ্ছে তাতে কোনও রকমে কিছু করছে এতবড় একটা দেশ এত কাজ করতে হলে সামান্য একটু ত্রুটি বিচ্যুতি থাকবেই, আমি এ বিষয়ে বিশ্বনাথ বাবুর সঙ্গে একমত, এক কলসী দুধে একটু চোনা পড়লে খারাপ হয় আমিও জানি— কিন্তু কি করা যাবে? আপনার যদি দুটো ছেলে থাকে এবং তাদের যদি

মানুষ না করতে পারেন তাহলে কি অবস্থা হয়? সেইরকম আমি যে এখানে দায়িত্ব নিয়েছি লক্ষ লক্ষ মানুষের—তাহলে আমি কি বলতে পারি যে সবাইকে সৎ করে দেব? এমন একটি মেকানিজম থাকবে যে মেকানিজমে কোনও ত্রুটি বিচ্যুতি থাকবে না? একথা বার বার বলা হয়েছে যে কাজ কি করা হবে না হবে সমস্তই টাঙিয়ে দিতে হবে, আইনের যে স্ট্যাটুটারী বডি তাকে পাওয়ার দেওয়া যায় না, ল্যাণ্ড অ্যাডভাইসরী কমিটিকে স্ট্যাটুটারী পাওয়ার দেওয়া যায়, কৃষককে যদি আরও বেশি কিছু দিতাম তাহলে আরও বেশি কথা বলতেন, তা শুধু কৃষক বলে নয়, সমস্ত মানুষকে ইনভলভ করতে হবে। কারণ আমরা মনে করি উপর থেকে করুণা বর্ষন করে ওদের অর্গানাইজেশনের মাধ্যমে করতে হবে। তাদের জাগাতে হবে, তাতে তারা এগিয়ে আসুক। এটা শুধু মাস স্কেলে—কৃষকেরা তাদের সক্রিয় পার্টিসিপেশন ছাড়া—সক্রিয় অংশীদার হওয়া ছাড়া এ হতে পারেনা। জেলা ম্যাজিস্ট্রেট, এস. ডি. ও., প্রভৃতি বিভিন্ন জায়গায় এইসব করে দেওয়া হয়েছে ও বিতরণ করা দরকার হয়েছে, বিতরণ ছাড়া ফাইনালি পঞ্চায়েত করতে পারেনা বেনিফিসিয়ারিস লিস্ট টাঙিয়ে দিতে বলা হয়েছে, যাতে টাঙান হয় সে সম্বন্ধে আমরা চেষ্টা করব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** বর্গাদারদের মালিক করে দিন না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** বড় বড় কথা অনেক বলেছেন, বর্গায় শুধু নামটা লেখানো হচ্ছে এতেই এত কাণ্ড, যদি ঘোষণা করি আপনার কথাটা তাহলে বর্গাদার একটাও থাকবে না। আপনারা বঙ্কিমচন্দ্র পড়েছেন তো, "ধীরে—রজনী ধীরে"—নাম গুলো নথিভুক্ত করতে দিন, তার পরে বলবেন। তা না হলে সব ফরসা হয়ে যাবে। ইউ. পি. কি করেছে, অনেকেই এই রকম বর্গাদার আছে ওখানে তারা বলছে ইউ. পি. তে আমাদের এখানে কোনও লিগ্যাল ক্যাটিগরি নেই, পশ্চিমবঙ্গে রয়েছে রিয়েল লাইফ রয়েছে, অথচ এখানে নেই। অথচ এখানে সকলে বড় বড় কথা বলেন। আমি দেখছি আগে নামগুলো লিখিয়ে বর্গাদারদের নিশ্চিন্ত করি তারপর দেখা যাবে। এই যে আইনটা আসছে এর দ্বারা কি করা যায়। আগের বছরে আমরা ২৫ লক্ষ টাকা ঐ যে সমস্ত ছোট ছোট মালিক যারা বর্গাদার রেকর্ড হওয়ায় মেয়ের বিয়ে দিতে পারছিল না তাদের অসুবিধার জন্য গত বছরে ২৫ লক্ষ টাকা স্যাংশন করেছিলাম। ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক এর সঙ্গে একটা উইল করা হয়েছে এক হেক্টর পর্যন্ত ক্রোচ এলাকা, আর দেড় হেক্টর পর্যন্ত অসেচ এলাকা। তারা অন্য সোর্স থেকে পাবেন বাজার দরে। বর্গাদার যে চাষ করে তার নামে এটা থাকবে এবং ১ করে দেবে এবং ১৫, ১৭ করে দিলে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** যারা জমির মালিক ছিল তাদের অনেকে অভাবের তাড়নায় জমি বিক্রি করেছে, তাদের দেড়, দুই বিঘা জমি দিয়ে কি অর্থনৈতিক উন্নতি আপনারা করবেন?

**Shri Benoy Krishna Chowdhury :** You cannot eat it and have it.

এটা দরকারমতো বিক্রি করবেন কিন্তু তারজন্য টাকাও চাইবেন, জমি ফেরত চাইবেন তা হতে পারে না বিষ্ণুকান্ত বাবু ও শশবিন্দু বাবু যা বললেন তাতে আমি ইউ. পি. পাঞ্জাবে গিয়ে দেখেছি এই সেটআপে কনসোলিডেশন বড় লোকের পক্ষে সুবিধা হবে। কারণ ভাল জমিগুলি তারাই পেয়ে যাবেন। সেইজন্য আমরা মোটামুটি ভাবে চেষ্টা করছি থ্রু কোঅপারেটিভ করার। ইউ. পি.তে সাহারানপুরে গিয়ে আমি দেখেছি যে টাকা দিতে পারলে তারই জমি হয়ে গেল, অন্যরা লোকসানে মার খেয়ে যাবে—পৃথিবীর সমস্ত জায়গায় সেই জন্য কোঅপারেটিভ হয়েছে। আমাদের অর্থমন্ত্রীর সঙ্গে এ নিয়ে কথা হয়েছে এবং এইজন্য টাকাও রাখা হয়েছে। কোঅপারেটিভ এর মধ্য দিয়ে অ্যালোটি অফ ভেস্টেড ল্যাণ্ড দুই এক বিঘা করে দিলে কিছু হবে না, কিন্তু সেখানে ১০, ১৫ জনকে নিয়ে কোঅপারেটিভ করলে তাদের দুই তিন মাসের খোরাক হবে যাতে তাদের সাসটেন্ট করার ক্ষমতা কিছুটা আসবে। তা না হলে তাদের নির্মম ভাবে শায়েস্তা করা যাবে। ভারতবর্ষের বর্তমান অবস্থায় ১০ পারসেন্টকে ইকোনমিক হোল্ডিং দিয়ে ৯০ পারসেন্টকে কিছু দেব না তা হতে পারে না। ১৫ বছর আগে নদীয়ায় যেখানে আউস কলাই হত সেখানে তাকে ২০ বিঘা ইকোনমিক হোল্ডিং দিলেও কিছু হবে না। কিন্তু ৫ বিঘাতে যদি ঠিকমতো ডিপ টিউবওয়েল দিয়ে জল দেওয়া যায় তাহলে তার অনেক কাজে লাগবে। হরিপাল তারকেশ্বরে ৫ বিঘা জমিতে তরকারী চাষ করলে ইকোনমিক হোল্ডিং হতে পারে একটা গল্প আছে যে গরু আড়াই সের দুধ দিচ্ছে তার মধ্যে থেকে বাড়ির কর্তাকে দিতে হবে, ছেলে মেয়েদের জন্য দরকার, সুতরাং কাকে কি দেব তার চেয়ে পোড়া পেটে খাওয়াই ভাল। সেই রকম চরণ সিং একবার বলেছিলেন যে জমি বিতরণের ক্ষেত্রে ভূমি হীনদের মধ্যে করো না, বরং অলরেডি যাদের কিছু আছে তাদের মধ্যেই বিতরণ করো। এই নিয়ে সারা ভারতবর্ষে অনেক আলোচনা হয়েছে। সেখানে আমরা মনে করছি তা নয়, বরং বর্তমান অবস্থায় অন্ততপক্ষে এক বিঘা জমি যদি সে পায় তাহলে ৮, ১০ মন ধান করলে তিন মাসের খোরাকি তার থাকবে। প্রথমে যখন ২০ বিঘা ছিল নন এগ্রিকালচারাল এবং ২৫ বিঘা এগ্রিকালচারাল ল্যাণ্ড সেই সময়কার কথা একটু বলি। প্রথম যখন এই আইন পাস হয় তখন সত্যেন বোস ছিলেন ভূমি রাজস্ব মন্ত্রী এবং এই বিলটা যখন সিলেক্ট কমিটিতে গিয়ে ছিল তখন তার চেয়ারম্যান ছিলেন ডাক্তার রায়। আমি এবং বঙ্কিমদা সেই কমিটিতে ছিলাম। এবং তখন পরিষ্কার ভাবে তারা বলেছিলেন কম করে ১৮ লক্ষ হবে সেচ এলাকায়। ফ্যামিলি অফ ফাইড এখন হয়েছে এই সব হিসাবগুলি আপনারা দেখবেন। আমি চাচ্ছি বিরোধী পক্ষ আরও ওয়েল ইনফরম সমালোচনা করুন। কেউ কেউ বলেছেন আমরা ওয়ার্ক শপ বলে আত্ম সমালোচনা করি এবং তাঁরা এটা খুব গভীর জ্ঞান দেখালেন। আমি বলছি যে খুব ভাল কাজ হয়েছে তা নয়। আমরা ততক্ষণ পর্যন্ত স্যাটিসফাইড হব না যতক্ষণ পর্যন্ত পশ্চিমবাংলায় একজন বর্গাদারের নাম লেখা না হচ্ছে। সেইজন্য বলেছি কোনও রকমেই গোটানো হবে না। যতক্ষণ পর্যন্ত শেষ বর্গাদরের নাম রেকর্ডেড না হচ্ছে এবং ততক্ষণ পর্যন্ত আমরা খুশি নই। এখন পশ্চিমবাংলায় ৪ পারসেন্ট এর হাতে ৩১ পারসেন্ট জমি আছে সেইজন্য নুতন আইন করে এই বিষয়ে একটা চেষ্টা করা হচ্ছে।

[5-45 – 5-55 p.m.]

তারপর আমি একটা কথা বলব একটা শ্রেণী বিভক্ত সমাজে Everything is glated against the weaker section. সেই দুর্বল সমাজের মানুষের কল্যাণের জন্য অভিমন্যুর মতো সপ্তরথী ঘেরার মধ্য দিয়ে আমাকে কাজ করতে হয়। আপনারা জানেন কাজ করতে গেলে কি অসুবিধা হয়—যারা করে তারা বোঝে। সেইজন্য বলছি যে, ত্রুটি বিচ্যুতি আমরা সব জায়গায় দূর করতে পেরেছি একথা আমরা বলছি না, ভুল নিশ্চয় হয়ে থাকতে পারে। কিন্তু ভুলটাই বড় কথা নয়, বড় কথা হল আমাদের দেখতে হবে বর্গাদারদের উপর জমির মালিকরা এখনও অত্যাচার চালিয়ে যাচ্ছে কিনা এবং এটাই হল বাস্তব সত্য, এই অবস্থা থেকে এই সমস্ত বর্গাদারদের আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে। আমি নিজে অন্তত পক্ষে সকলের সাথে বহু জায়গায় গিয়েছি—মেদিনীপুর প্রভৃতি জায়গায় কংগ্রেসি বা অকংগ্রেসি সকলের সাথেই কথা বলেছি এবং সব সময় চেষ্টা করেছি। তবে সব কিছু সাফল্য এসে গিয়েছে এরকম কথা বলতে পারি না—আমার একটু কাণ্ডজ্ঞান অন্তত আছে। ওখানে গিয়ে দেখেছি যে, ঐ কৃষক হয়ত আপনাকে ভোট দিয়েছে, বা ঐ ক্ষেতমজুররা আপনাদের ভোট দিয়েছে বলে তাদের কিছু দেব না—এটা ভাবা ঠিক নয়। আমি যতটুকু বুঝি তা হল, ওকে আমরা হয়তো এখনও বোঝাতে পারিনি, সেজন্যই আমরা তাদের ভোট পাই নি—এটাই আমাদের দুর্বলতা। কিন্তু তারা আমাদের বন্ধু, তাদের যেহেতু আমাদের পথে পাইনি সেজন্যই আমাদের লক্ষ্য হল, তাদের প্রতি আমাদের বেশি করে দেখতে হবে, তাদের প্রতিই আমাদের বেশি করে নজর দিতে হবে, তাদের বেশি করে উৎসাহ দিতে হবে। ধর্ম প্রতিষ্ঠানে গেলে দেখা যাবে যে, সেখানে এই ভাবে ধীরে ধীরে একটা মানুষকে কাছে টেনে আনা হয়। অর্থাৎ প্রথমে আমাদের সকলকে বোঝাতে হবে, তার পরেই তো সব হবে। আর একটা কাট মোশন আমার ছিল সেখানে আমি বলেছি যে যাঁরা কমপেনসেশন পাবেন তাঁদের জন্য আমরা ৭৫। । কোটি টাকার মতো দিয়েছি। আমরা এখানে আসার পর ৮ কোটি ৫৬ লক্ষ পাওনা আছে এমন কোন দাবিদার দেখছি না—হয়ত দেখা যাচ্ছে যে কারও ইনকাম ট্যাক্স বাকি আছে সেগুলির জন্য তারা দাবি করছে না। আমি তিনবার মিটিং করেছি এ ব্যাপারে, এবং বলেছি যে এগুলি মিটিয়ে দেবার ব্যাপারে আরও লিবারাল হতে হবে। দেখা গেছে ইনকাম ট্যাক্স ইত্যাদি মিটিয়ে দেবার পর কারও সরকারের কাছে পাওনা আছে ২ পারসেন্ট, কারও আছে ৫ পারসেন্ট এই ব্যাপারে আমার কাছে হিসাব রয়েছে—তাতে দেখা যাচ্ছে এমন অনেক কেস আছে যার পরিমাণ ১ লক্ষ ২০ হাজারের মতো, তাদের সব কিছু কাটা কাটি করলে পাওনা নিল হয়ে যাচ্ছে—অর্থাৎ ইনডেমনিটি বণ্ড ইত্যাদি বাদ দেওয়ার পর পাওনা নিল হয়ে যাচ্ছে এই সব হেডিং এ প্রত্যেকটা ব্যাপারে রেসপনস পাইনি। খাজনা মুকুবের ব্যাপারে আমরা ১৯৭৭ সালের মার্চ মাসে ক্ষমতায় আসার পর বলে দিয়েছিলাম যে সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির উপরে কোনও খাজনা দিতে হবে না। তাহলে বোঝা যাচ্ছে সেখানে ৪৩ লক্ষ টাকার মতো ছাড় দিতে হয়েছিল—এই ব্যাপারে

আপনারা কিছু বলছেন না। এবং এই ব্যাপারে সেই প্রথাগত অসুবিধা দূর করার জন্য একটা রুলস লে করবার চেষ্টা করছি, আশা করছি শীঘ্রই এটি আমরা তৈরি করতে পারব এবং এটির জন্য আমরা আপ্রাণ চেষ্টা করে চলেছি। এই জন্য আমরা কখনই বলিনি যে, বিগত চার বছরে আমরা সব করে ফেলেছি বা একেবারে সব কিছু করা গেছে। আমি জানি ভূমি সংস্কার করতে গেলে প্রতি পদে পদে বাধা আসবে—এবং আপনারা এখন চিন্তা করে দেখুন এ ব্যাপারে কত টাকার প্রয়োজন। তবে আমরা এ ব্যাপারে আপ্রাণ চেষ্টা করে চলেছি। স্কুলগুলির ব্যাপারে ৬ কোটি টাকার মতো খাজনা ছাড় দেওয়া হবে এর ফলে অন্ততঃ পক্ষে ৩০ লক্ষ ছেলেমেয়ে উপকৃত হতে পারবে। আপনারা বলছেন উৎপাদন করুন, আরও উৎপাদন বাড়ানো দরকার। এ ব্যাপারে আমরা বলতে পারি যে ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলাতে খাদ্যোৎপাদন হয়েছিল ৭৪ লক্ষ টন।

[5-55 - 6-05 p.m.]

আর সেটা ১৯৮০/১৯৮১ সালে দাঁড়িয়েছে ৯২ লক্ষ টন। বিধান সভায় আপনারা আমাদের গালি দেবেন জানি কিন্তু বাড়িতে গিয়ে রাত্রে শুয়ে চিন্তা করবেন, যে দেশ কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আপনারা চিন্তা করবেন, আপনাদের কর্তব্য কি। তাই আপনাদের সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 7

The cut motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 21,56,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "229–Land Revenue and 504–Capital Outlay on Other General Economic Services", was then put and agreed to.

## LEGISLATION

**মিঃ স্পিকার ঃ** এখন বিধি প্রণয়ন, The Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981, and The Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981.

এই দুটি বিল একসঙ্গে নেওয়া হচ্ছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে দুটি বিলই পেশ করতে অনুরোধ করছি। আলোচনাটা আলাদা আলাদা হবে।

## The Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981.

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legilsative Assembly.

(Secretary then read the title of the Bill)

### Statutory Resolution

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that this Assembly disapproves the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Ordinance, 1981.

## The Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

### Statutory Resolution

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that this Assembly disapproves the Barakar Electric Supply Installations Acquisition Ordinance, 1981.

**Mr. Speaker :** I now request the Hon'ble Chief Minister to move the motions for consideration of both the Bills.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Berhampur Electric Supply Company (Undertaking) Acquisition Bill, 1981, be taken into consideration.

Sir, I also beg to move that the Barakar Electric Supply Installation Acquisition Bill, 1981 be taken into consideration.

স্পিকার মহোদয়, আমার মনে হয় স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যাণ্ড রিজিন্সে আমরা যা লিখেছি সেটা পড়ে সবাই সমর্থন করবেন এই দুটো বিলকে। প্রথমত বহরমপুর ইলেকট্রিক

সাপ্লাই কোম্পানি লিমিটেডের ব্যাপারে বহুদিন ধরে আমরা লক্ষ্য করলাম যে সেখানে আন্দোলন হচ্ছে গ্রাহক যাঁরা তাঁরা এই কোম্পানির প্রতি অসন্তোষ প্রকাশ করছেন এবং আমাদের কাছে আসছেন। কিন্তু আমাদের একটু সময় লেগেছে এক্ষেত্রে হস্তক্ষেপ করতে। তারপর আমরা হিসাবপত্র করে দেখলাম যে আমাদের বিদ্যুৎ পর্ষদের ৩৪.২৬ লক্ষ টাকা পাওনা, ওরা দেননি। আর যা আদায় হবে এটাও ওদের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। তারপর আমাদের সরকার ওদের কাছে ইলেকট্রিসিটি ডিউটি হিসাবে ২.২৪ লক্ষ টাকা পাবেন এটা হিসাব করে দেখলাম এবং এও আদায় হবার কোনও রকম ব্যবস্থা করতে পারিনি, ওরা অস্বীকার করছেন টাকা-পয়সা নাই এইসব বলে। তারপর আমরা আরও হিসাব করে দেখলাম ১৯৮০ সালের মার্চ মাসে ওদের অ্যাসেট হচ্ছে ২০ কোটি ৫ লক্ষ ৮ হাজার ৫৭ টাকা, আর লায়েবিলিটি হচ্ছে ৪৮ কোটি ৪৩ লক্ষ ৬২ টাকা। এই অবস্থায় আমরা দেখলাম যে কখনও এইভাবে একটা পাবলিক ইউটিলিটি কনসার্নকে যেখান থেকে মানুষ বিদ্যুৎ পান এদের হাতে আমরা কিছুতেই রাখতে পারি না। তারপর এর ইতিহাস মাননীয় সদস্যরা জানেন, বিগত সরকারও এদের উপর নোটিশ দিয়েছিলেন এবং ৮.২.৭৩ সালে এটাকে কিনে নেবার ব্যবস্থাও তাঁরা করেছিলেন। কিন্তু হাইকোর্টে গিয়ে সেই কিনে নেবার ব্যবস্থা বাঞ্চাল হয়ে যায়। কারণ ওরা একটা ইনজাংশন পান যাতে কেনা হয়নি, তারপর সেটা পড়ে থাকে। তারপর ১১.৬.৭৯ সালে আবার হাইকোর্টে মামলা হল, আমাদের হাইকোর্ট থেকে অর্ডার দিলেন যে আইন অনুযায়ী আপনাদের এটা কিনতে হলে তার আগেই পার্চেজ মানি ওদের দিয়ে দিতে হবে।

[6-05 – 6-15 p.m.]

এই অর্ডার এল। আমরা এই ব্যাপারে আলোচনা করি তাদের সঙ্গে, কিন্তু দেখা গেল পার্চেজ প্রাইসটা কি হবে কত দামে কিনতে হবে সেটা আমরা কিছুতেই নির্ণয় করতে পারব না যতক্ষণ না এটা আমাদের হাতে আসছে। কিন্তু কাগজপত্র পাওয়া যাচ্ছিলনা, সেজন্য পরবর্তীকালে আমরা ঠিক করলাম ইলেকট্রিসিটি অ্যাক্ট, নাইন্টিন টেন অনুসারে যদি করতে হয়, তাহলেও এটা সম্ভব হয়ে উঠছেনা যে অবস্থার মধ্যে আমরা আছি। সেজন্য আমরা একটা অর্ডিন্যান্স করতে বাধ্য হয়েছিলাম এবং সেটাই আজকে আপনাদের কাছে খসড়া আইন হিসাবে এনেছি এবং এতে প্রেসিডেন্টের অ্যাসেন্ট এসেছে। ১২/২/৮১ তারিখে এবং ১৩/২/৮১ তারিখে আমরা এটা অধিগ্রহণ করেছি। আর একটা দিকে আমাদের নজর দিতে হবে এবং সেটা হচ্ছে ওখানে যে সমস্ত কর্মচারিরা রয়েছেন, তাদের কি হবে আমাদের যে আইন আছে সেই অনুসারে আমরা বলেছি তাদের কাছে অপশন চাওয়া হবে এবং তারা যদি সুপারঅ্যানুয়েটেড না হন, বয়স যদি সেই ভাবে না হয়ে থাকে এবং অন্য কন্‌ডিশনগুলি যদি ফুলফিল করেন, তাহলে সেখানে অ্যাবজর্বড হয়ে যাবেনা। আর যারা গ্রাহক ওখানে রয়েছেন, তাদের আইন অনুযায়ী বলা হয়েছে, নতুন করে তাদের পর্ষদের সঙ্গে এগ্রিমেন্ট বা কন্ট্রাক্ট করতে হবে এবং নতুন করে সিকিউরিটি ডিপোজিট দিতে হবে এটাই হচ্ছে সাধারণভাবে মোদ্দা কথা যার জন্য

আমরা এটা করেছি। বরাকর ইলেকট্রিসিটি সম্বন্ধেও এই একই রকম কথা। তবে এখানে আর একটু অসুবিধা হচ্ছে। হরিরাম আগরওয়ালা যিনি এর মালিক ছিলেন এবং এটাকে অপারেট করছিলেন, তিনি ১৯৭১ সালে মারা যান। এবং তারপর উত্তরাধিকারসূত্রে কিছু মানুষ ঐ ইলেকট্রিসিটি কোম্পানি চালাচ্ছিলেন। তবে ওখান থেকে অনেক দরখাস্ত এসেছে, দাবি এসেছে, যে, আমরা তাদের কাছ থেকে কিছুই পাচ্ছিনা, কাজেই সরকার এটা নিয়ে নিন ডিস্ট্রিবিউশন খুব ভালভাবে হচ্ছিলনা। আমাদের আগেই একটা সিদ্ধান্ত ছিল এবং বিগত সরকারেরও ছিল, এবং আমরা মনে করি এটা সঠিক সিদ্ধান্ত যে ঐভাবে বাইরের যেগুলি রয়েছে অর্থাৎ ব্যক্তিগত মালিকানায় যেগুলো রয়েছে সেটা রাখা ঠিক নয়। কারণ মানুষ তাদের কাছ থেকে যেটা সাহায্য পাবে বলে আশা করছিল, সেটা তারা পাচ্ছেনা। আমরা হিসাব করে দেখেছি ১৪.৮৭ লক্ষ টাকা দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানি বিদ্যুৎ যা দিয়েছিল, সেটা বাকী পড়ে আছে, অর্থাৎ বাল্ক সাপ্লাই যেটা দিয়েছে, তার জন্য এই টাকা বাকি রয়েছে। তারপর ৪.১৪ লক্ষ টাকা ইলেকট্রিসিটি ডিউটি বাবদ সরকারের পাওনা হয়েছে। কাজেই এখানেও সেই একই রকম ব্যবস্থা করতে হল। আর একটা প্রশ্ন উঠেছিল, তারা যে লাইসেন্স নিয়ে চালাচ্ছিল এটা ভ্যালিড কিনা। আগেরটা ভ্যালিড ছিল, কিন্তু আগরওয়ালা মারা যাবার পর যাঁরা চালাচ্ছিলেন তাঁদের মধ্যে অনবরত কোর্ট কেস হচ্ছিল, এবং সেজন্য আমরা বুঝেছি তাঁদের ভ্যালিড লাইসেন্স ছিলনা, অথচ তাঁরা চালিয়ে যাচ্ছিলেন। ইণ্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট নাইন্টিন টেন অনুসারে প্রসিড না করে আমাদের একটা অর্ডিন্যান্স করতে হল ১৯৮১ সালে ১২ই ফেব্রুয়ারিতে এবং ১৯৮১ সালের ১৩ই ফেব্রুয়ারি তারিখে আমরা এটা অধিগ্রহণ করেছি। সেখানে ঐ একই কথা বলা হয়েছে যে যারা এমপ্লয়ী যারা কর্মচারী তাদের অপশন দেওয়া হয়েছে তারা এস. ই. বি-র কর্মচারী হবে। আর ঐ একই কথা যারা নাকি বিদ্যুৎ গ্রাহক আছে তাদের বলা হয়েছে তাদের নূতন করে পরিষদের সঙ্গে চুক্তি করতে হবে নূতন করে ডিপোজিট তাদের দিতে হবে। এই হচ্ছে আইনের ব্যবস্থা। এর বেশি কিছু বলা নেই। এই কথাগুলি বাদ দিয়ে স্টেটমেন্টস অব অবজেক্ট অ্যাণ্ড রিজনসে যা বলেছি তা পড়ে আশা করি এতে কারও বিরোধিতা থাকবে না। আমরা বহরমপুর এবং বরাকরের সাধারণ মানুষের চাহিদা পূরণ করতে পেরেছি। একটু দেরি হয়েছে নানা রকম মামলা ছিল। আপনারা এক সঙ্গে এই খসড়া আইনটা গ্রহণ করুন। বিলটা যদি দেখেন তাহলে দেখবেন কিছু ছাপার ভুল আছে আমি সেটা সংশোধন করে দিচ্ছি। এটা হচ্ছে বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড-এর বিলের ব্যাপার। চার নং ক্লজের সাব ক্লজ টু-তে আছে The undertaking which vests under section 3 shall, by force of such vesting, be freed and discharged from any trust, obligation mortgage, dabt, charge and all their incumbrances affecting it, and any attachement, injunction or decree or order of any court restricting the use of such undertaking in any manner shall be deemed to have been withdrawn 'বি' কথাটি বাদ গিয়েছে ওটা আমি যোগ করে দিচ্ছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের নোটিশ দেওয়া হয়েছে টেক ওভার করার জন্য। এই টেক ওভারের দিক থেকে আমাদের আপত্তি নেই। আমাদের আশঙ্কা আছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের হাতে যে দিলেন আমরা তো জানি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ফেল করে গেছে। আমি মনে করি এটা না নিয়ে অন্য কোনও ব্যবস্থা সেখানে করুন। বিদ্যুৎ মন্ত্রী হিসাবে উনি যে সামান্য বক্তব্য রাখলেন ওনার তো সাংঘাতিক অপদার্থতা অক্ষমতার পরিচয় দিয়েছেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের হাতে দিয়ে উনি কি করবেন। কিছু করতে পারবেন বলে মনে হয় না। বরাকর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির কথা বলতে গিয়ে উনি যে নাম করলেন হরিরাম আগারওয়ালার সেখানে কেন নেওয়া হচ্ছে সে কথা বললেন না রিজনসে সে কথা বলা হচ্ছে না। whereas it is expedient to provide for the acquisition of the Barakar Electric Supply Installations for public purpose and for matters connected therewith or incidental there to. কিন্তু কেন নেওয়া হচ্ছে সেই কারণগুলি বলা হয় নি। এ ছাড়া appointed day means the 12th day of February, 1981 তখন মার্কেট ভ্যালু যেটা The gross amount payable to the owner shall be the market value of the property on the appointed day. অর্থাৎ ১২ই ফেব্রুয়ারি ১৯৮১-তে যে মার্কেট ভ্যালু সেই মার্কেট ভ্যালু অনুযায়ী ওয়ারিশদের কমপেনসেসন দেওয়া হবে। যদিও ৩০ বছর আগে ওখানে মেশিনপত্র কেনা হয়েছে এবং সেই সব মেশিনপত্র কি রকম অবস্থায় আছে ডেট অব দি অ্যামাউন্ট সেটা আপনি বলতে পারছেন না। ঐ দিনের মার্কেট ভ্যালু অনুসারে যদি টাকা দিতে হয় তাহলে অনেক টাকা দিতে হবে।

[6-15 – 6-25 p.m.]

অনেক টাকা আননেসেসারী দেওয়া হচ্ছে এদের এত টাকা দেওয়া হচ্ছে কেন? তাই আমার অবজেকশন রয়েছে। বরাকর ইলেকট্রিক সাপ্লাই ইনস্টলেশন অ্যাকুইজিশন বিল, এই বিলটা এনে যেটা আমরা টেক ওভার করছি। সেখানে সাপ্লাই-এর কোনও প্রতিশ্রুতি নেই। বহরমপুরের বেলায় দেখতে পাচ্ছি মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছেন। দুটি বিল উনি আমাদের সামনে নিয়ে এসেছেন এই সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, যেখানে হিসাব করে চিন্তা ভাবনা করে টাকা দেওয়া হচ্ছে না, হিসাব করে চিন্তা ভাবনা করে বিলগুলো প্রণয়ন করা হয়নি, তার জন্য আমি আমার অসম্মতি জানাচ্ছি, আমি টেক ওভারের ব্যাপারে সম্মতি জানাচ্ছি, কিন্তু প্রক্রিয়াটা ঠিক নয়। কারণ অ্যাসিয়োর্ড সাপ্লাই এর কথা এখানে বলা নেই, অন্যায় ভাবে অনেক টাকা পাইয়ে দেবার ব্যবস্থা হয়েছে, এই সব কারণে আমার ডিসঅ্যাপ্রুভ্যাল রাখলাম।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি অধিগ্রহণের জন্য যে বিল এনেছেন, আমি তাকে সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। প্রথমতঃ আজকে এই কথা বলা দরকার যে এই অধিগ্রহণের জন্য

বহরমপুরের মানুষ, প্রত্যেকে কি গ্রাহক কি অগ্রাহক, প্রত্যেকেই সরকারকে এবং যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁকে অকুণ্ঠ ভাবে সমর্থন করছেন। যারা কর্মচারী, যারা এতদিন বঞ্চিত হয়ে এসেছেন, তারা এই ব্যবস্থাকে সমর্থন জানিয়েছেন। ৫৩ বছরের পুরাতন কোম্পানিকে এতদিন বাদে সরকার গ্রহণ করলেন, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড গঠিত হয়েছে, তাও প্রায় ২০ বছর পার হয়ে গেছে, কিন্তু এই কোম্পানি এতদিন পর্যন্ত বাকি ছিল কেন জানিনা। এই বিধানসভায় এই ব্যাপারে বারবার প্রশ্ন উঠেছে, ইতিপূর্বে মুখ্যমন্ত্রী এখানে আশ্বাস দিয়েছিলেন যে যত তাড়াতাড়ি সম্ভব নেওয়া হবে. একটা প্রতিবন্ধক ছিল, হাইকোর্টের মামলা, সেই মামলা যখন শেষ হয়ে গেল, তারপর খুব অল্প সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে অধিগ্রহণ করার জন্য। এতদিন পর্যন্ত কেন হয়নি, তার মধ্যে আমি যেতে চাই না। এই বিলে যে কয়েকটি ব্যবস্থা আছে, সে সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা জানাতে চাই। প্রথমত হচ্ছে ফ্রেশ অ্যাপয়েন্টমেন্ট, আমরা জানি যতগুলো অধিগ্রহণ করা হয়েছে এই পর্যন্ত, কখনও কারও কনটিনিউটি অব সার্ভিস নষ্ট হয়নি। এই ক্ষেত্রে আমি বলব, বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই একজন ট্রেড ইউনিয়নিস্ট, আমাদের বামফ্রন্ট সরকার এই রকম কিছু করবেন, এটা ভাবা যায় না। তবে আইনের ভিতর যদি এর উল্লেখ থাকত তাহলে ওখানকার শ্রমিক কর্মচারিদের মধ্যে কিছু ভাল ধারণার সৃষ্টি হত। এই কনটিনিউটি অব সার্ভিস ডিসচার্জড হবে না এই রকম একটা ব্যবস্থার আশ্বাস মাননীয় মুখ্যমন্ত্রীর তরফ থেকে শ্রমিক এবং কর্মচারিদের দেওয়া প্রয়োজন আছে বলে আমি মনে করি। সেকশন ১০এ যে কথাটা আছে, সেই কথাটা নিয়ে একটা ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে, যে নুতন করে অ্যাপয়েন্টমেন্ট হবে।

মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে যেটা আমি নিবেদন করতে চাই সেটা হল এই, ১৩ই ফেব্রুয়ারি তারিখে নেওয়া হল এবং ১লা ফেব্রুয়ারি থেকে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত এই ক'দিনের মাইনে শ্রমিক কর্মচারিরা পাননি। এস. ই. বি. অর্ধেক দিয়েছে, অর্ধেক বাকি আছে। এই ক'দিনের সেইসব মাইনে যাতে তাদের দেওয়া যায় সেটা মাননীয় মুখ্যমন্ত্রী একটু দেখবেন। আমি মনে করি গভর্নমেন্টের সেই পাওয়ার এই বিলে আছে। কারণ সমস্ত রকম ডিফিকাল্টি দূর করার জন্য সেকসান ১৬তে বলা আছে— যে কোন ডিফিকাল্টি দূর করার জন্য স্টেট গভর্নমেন্ট ব্যবস্থা নিতে পারেন। তাছাড়া সেকশন ৭(১) সি অনুসারে এই পিরিয়ডের মাইনে দেওয়া যেতে পারে। এস. ই. বি. ফেব্রুয়ারি মাসের বিল কালেকশন করছে। সুতরাং জানুয়ারি, ফেব্রুয়ারি মাসের বিলের কালেকশন তারা নিয়ে নিলে তার থেকে এই পিরিয়ডের এমপ্লয়িদের মাইনেটা দিয়ে দেওয়া উচিত বলে আমি মনে করি। এছাড়া ওয়াকার্সদের পাওনা প্রোটেকশন দেওয়া হয়েছে। সেকশন ৭(১) বি—তে সেই প্রোটেকশন আছে। ইতিপূর্বে বিধানসভায় এই বিষয়ে যথেষ্ট আলোচনা হয়েছে, এটা নিয়ে আমি আর বেশি আলোচনা করতে চাই না। তবে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে বলব প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারে কিছু গোলমাল এখন আছে। কোন ব্যাঙ্কে কত টাকা আছে না আছে—নানা ব্যাঙ্কে আছে, পোস্ট অফিস সেভিংস ব্যাঙ্কের

সঙ্গে ব্যবস্থা আছে—কোথায় কি আছে না আছে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা সম্পর্কে আমার মনে হয় বিশেষ ভাবে লক্ষ্য রাখা দরকার আছে। ১৯৮০ সালের অডিট রিপোর্ট আমার কাছে আছে। সেই অডিট রিপোর্টে বলা হয়েছে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা ঠিক ঠিক ভাবে জমা দেওয়া হয়েছে। কিন্তু কোথায় জমা দেওয়া হয়েছে, কি আছে না আছে, সেটা অডিটর'স রিপোর্টে পাওয়া যায়নি। এই টাকার উপর আমাদের সরকারের একটা বিশেষ নজর দেওয়ার দরকার আছে। এছাড়া কিছু কিছু শ্রমিক কর্মচারিদের অনেক কম পারিশ্রমিক দেওয়া হত। এটা কনসিকোয়েনসিয়্যালি এসে যাবে, তবুও এই জিনিসের প্রতি নজর রাখা দরকার। আমাদের যে অ্যাওয়ার্ড আছে, আইন আছে সেখানে যাতে প্রত্যেকেই তাদের পাওনা পান—সেটার জন্য যেন কোন রকম আন্দোলন করতে না হয়, অটোমেটিক্যালি এস. ই. বি. যাতে এটার খোঁজ নেন সেই ব্যবস্থা করা উচিত। আজকে বহরমপুরের জনসাধারণের এটাই একটা কারণ ছিল যেহেতু তারা বঞ্চিত হচ্ছিলেন, শুধু কনজিউমাররা নন—শ্রমিক কর্মচারিদের একটা বিক্ষোভ ছিল। কাজেই কোম্পানিকে এই ভাবে রেখে লাভ কি? শ্রমিক কর্মচারিদের জন্য যে ব্যবস্থা হওয়া দরকার আমার পূর্ণ বিশ্বাস আছে সেই ব্যবস্থা নিশ্চয় নেওয়া হবে। এই কথা বলছি এই জন্য যে, ওখানকার ইউনিয়নের সঙ্গে দীর্ঘদিন ধরে আমি যুক্ত আছি। আমাদের ইউনিয়নই হচ্ছে ওলডেস্ট ইউনিয়ন কাজেই এই কোম্পানি যখন অধিগ্রহণ করা হয়েছে তখন আমার দু একটি কথা বলার আছে বলে আমি মনে করছি। ওখানে একটা ইউনিয়নই ছিল, আছে এবং আমি হচ্ছি তার সম্পাদক। আর কনজিউমারদের দিক থেকে যেটা বলতে চাই সেটা হল, বহু কেস পেণ্ডিং আছে, টাকা নিয়েছে এগ্রিমেন্ট হয়ে গেছে। ১৯৭৮ সাল থেকে এই রকম কেস প্রায় হাজার দুয়েকের কাছাকাছি যাবে, এখন পর্যন্ত এদের কানেকশন দেওয়া হয়নি। এগ্রিমেন্ট হবার পরে টাকা পয়সা নেবার পরেও কানেকশন দেওয়া হয়নি। এই কেসগুলি কি হবে না হবে সেটা বিশেষ ভাবে দেখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। ইলেকট্রিসিটি এলাকা বাড়াবার জন্য কোনও ডেভেলপমেন্ট স্কীম নেওয়া হয়নি। গভর্নমেন্ট টাকা পাচ্ছেন অথচ একটা এলাকা জুড়ে দেখা যাচ্ছে ফরম ডিস্ট্রিবিউট পর্যন্ত করেননি।

[6-25 – 6-35 p.m.]

এবং সেখানে গোটা এলাকাটা জুড়ে ডেভেলপমেন্টাল একটিভিটি বাদ পড়ে আছে। সেইসব এলাকাগুলি আজকে দেখা দরকার যাতে সেইসব এলাকার ডেভেলপমেন্ট ঠিক ঠিক হতে পারে। সেখানে ১ থেকে ২ হাজার কনজিউমার তারা ফর্ম পর্যন্ত পায়নি কাজেই ইলেকট্রিফিকেশন হয়নি। সেটা একটা বিচার্য বিষয়। তারপর বহরমপুর শহরে ফ্রেশ ডিপোজিটের প্রশ্নটা উঠেছে। ওরা যে অ্যাডভান্স নিয়েছিলেন কনজিউমারদের কাছ থেকে সেটা তো প্রটেকটেড আছে, সেটা আমরা ডিডাক্ট করে নেব। গ্রস পেমেন্ট যেটা করতে হবে আমাদের তার থেকে যখন এটা ডিডাক্ট করে নেবার ব্যবস্থা আছে তখন আবার ঐ ১০ হাজার কনজিউমারকে ফ্রেশ সিকিউরিটি ডিপোজিট দেবার ব্যবস্থা কেন করা হচ্ছে সে সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি পরিষ্কার করে বলেন তাহলে সেখানে গ্রাহক যারা আছেন, যারা প্রসপেকটিভ

কনজিউমার তাদের বুঝতে সুবিধা হয়। তারপর টেম্পুরারী কানেকশনের ব্যাপারে কয়েকটি কথা বলব। সেখানে ২।। শো থেকে ৩/৪ শো টেম্পুরারী কানেকশন আছে। এস. ই. বি. কর্তৃপক্ষ বলছেন এই টেম্পুরারী কানেকশন রাখবেন না, এটা তারা স্ন্যাপ করে দেবেন। এটা একটা চলতি ব্যবস্থা, এই ব্যবস্থাটা চলছে বেশ কিছুদিন থেকে, সেখানে হঠাৎ করে এস. ই. বি. নেবার সঙ্গে সঙ্গে যদি সমস্ত দিক বিচার বিবেচনা না করে স্ন্যাপ করে দেওয়া হয় তাহলে একটা অবিচার করা হবে। আমি সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, তিনি যেন এস. ই. বি. কর্তৃপক্ষকে এই নির্দেশ দেন যে তাড়াতাড়ি করে যেন এই টেম্পুরারী কানেকশন যেগুলি আছে সেগুলি স্ন্যাপ করে না দেওয়া হয়। সেখানে ধীরে সুস্থে চিন্তাভাবনা করে নতুন এগ্রিমেন্ট করার পথে কতটা ব্যবস্থা নেওয়া যায় না যায় সেগুলি দেখে এটা যেন করা হয়, হঠাৎ করে যেন কিছু করা না হয়। মোটামুটিভাবে এই কতকগুলি বক্তব্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম, আশা করি এগুলি তিনি বিচার বিবেচনা করবেন। স্যার, রজনীবাবু স্টাটুটারি রেজলিউশন দিয়েছিলেন, ভেবেছিলেন খুব তীব্র বিলের বিরোধিতা করবেন কিন্তু দেখলাম খুব নরম, সেইভাবে বিরোধিতার ইচ্ছা তাঁর নেই। তবে তিনি গোড়াতে যেকথা বলেছেন সেটার একটু জবাব দিয়ে শেষ করতে চাই। আসলে অপদার্থ কে সেটা আপনারা বুঝতে পারেননি। ৫ বছর ধরে যিনি চালিয়ে গেলেন সেই এ. বি. এ. গনিখান চৌধুরি তার মতো ঐ রকম অপদার্থ, অযোগ্য মন্ত্রী যদি ৫ বছর ধরে বিদ্যুৎ দপ্তরের ভার নিয়ে থাকেন কোনও রাজ্যে তাহলে সেখানে কি কোন কিছু থাকে? না, থাকে না, সেখানে সব কিছু আবার নতুন করে শুরু করতে হয় গড়তে হয়।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎমন্ত্রী আজকে সভার সামনে যে দুটি বিল নিয়ে এসেছেন—দি বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোং লিমিটেড (আণ্ডারটেকিং) অ্যাকুইজিশন বিল এবং দি বরাকর ইলেকট্রিক সাপ্লাই ইনস্টলেশন অ্যাকুইজিশন বিল—তা আমি সাধারণভাবে সমর্থন করছি। আমাদের দলের দৃষ্টিভঙ্গি হচ্ছে যে পাওয়ার জেনারেশন এবং সাপ্লাই-এর ক্ষেত্রে কোন ইনটারমিডিয়ারী থাকা উচিত নয়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং সেখানকার সম্পাদক মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় মহাশয়ের কাছ থেকে আমরা যা শুনলাম তাতে জানা গেল ঐ দুটি কোম্পানি কেউই পাওয়ার জেনারেট করে না। ওরা শুধু সাপ্লাই করছে। দুটো কোম্পানির পোজিশন আলাদা। অর্থাৎ যেটা বরাকরের সেটার ক্ষেত্রে আমি জানি যে তারা পাওয়ারটা আনছেন ডিসারগড় পাওয়ার সাপ্লাইয়ের কাছ থেকে, তারপর তারা ডিস্ট্রিবিউট করছে। ডিসারগড় পাওয়ার সাপ্লাই, তারাও নিজেরা পাওয়ার জেনারেট করছে না। তারা আনছে ডি. ভি. সি'র কাছ থেকে। বহরমপুরের ক্ষেত্রে এস. ই. বি'র কাছ থেকে পাওয়ার নিচ্ছে। নীতিগত ভাবে আমি মনে করি যে বিদ্যুৎ হচ্ছে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এই রকম একটা জনস্বার্থ সম্পর্কিত ব্যাপারে, বিদ্যুতের মতো গুরুত্বপূর্ণ ব্যাপার, এগুলি কোন ব্যক্তিগত মালিকানাধীনে থাকা উচিত নয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব যে ডিসেরগড় পাওয়ার সাপ্লাই, যারা বরাকরকে পাওয়ার সাপ্লাই করে

থাকে, তারা নিজেরা জেনারেট করেনা, ডি. ভি. সি'র কাছ থেকে পাওয়ার নিচ্ছে, এই কোম্পানিটাকে কেন সরকার তাদের নিজেদের কর্তৃত্বে নিচ্ছেন না? তারপর মেথড সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। অর্ডিন্যান্সের প্রশ্নে আসছি। বিধানসভা বসবার মুখে কেন অর্ডিন্যান্স এল? বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছেন অনেকদিন। বরাকরের ব্যাপারে মুখ্যমন্ত্রী যেভাবে বললেন যে হরিরাম আগরয়াল মারা যাবার পর এর লীগ্যাল লাইসেন্সী নেই। আমি ভাল করে পড়ে দেখেছি, ইণ্ডিয়া ইলেকট্রিসিটি অ্যাক্ট কিম্বা ইলেকট্রিক সাপ্লাই অ্যাক্ট, ১৯৪৮ দুটোই পড়ে দেখেছি, আমি আইনজ্ঞ নই, তবে আমার মনে হয়েছে যে এই সব ক্ষেত্রে লাইসেন্সটা রিমুভ করার যথেষ্ট ক্ষমতা আইনের মধ্যে রয়েছে। বরাকরের ক্ষেত্রে যেটা সেটাও করা হয়নি। আমরা শুনেছি যে পূর্বতন সরকার যে নোটিশ দিয়েছিলেন সেই নোটিশ দেবার পর তারা হাইকোর্টে গিয়েছিলেন। বহরমপুরের কেসের ক্ষেত্রেও শুনেছি যে কেস শেষ হয়ে গেছে, সেপ্টেম্বরে মামলা মিটে গেছে। কিন্তু বিধানসভা বসার মুখে কেন অর্ডিন্যান্স করলেন? নীতিগত ভাবে বিধানসভার সদস্য হিসাবে আমাদের অধিকারের প্রশ্ন আসে। এই সরকার অতীতেও এই জিনিস করেছেন। মধ্যশিক্ষা পর্ষদ অধিগ্রহণ করলেন, যেদিন হাউস বসবে, সেই হাউস বসবার মুখে অর্ডিন্যান্স আনলেন। এতে হাউসের সদস্য হিসাবে আমাদের অধিকার খর্ব করা হয় এবং হাউসের প্রতি এবং স্পিকারের প্রতিও অবমাননা করা হয়। প্রশ্ন আসতে পারে যে আগে অর্ডিন্যান্স না করে যদি বিল আনা হত তাহলে আবার কোর্টে যেত। কিন্তু সেখানে আমার প্রশ্ন নয়। আমি যেটুকু খবর পেয়েছি, ১২/২/৮১ তারিখে আপনি অর্ডিন্যান্স করেছেন। অর্ডিন্যান্সের খবর লীক হয়েছে। এই লীকেজের ফলে বরাকরে ম্যালাফায়েড অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। আপনি দুটো বিলের ১০ নম্বর ক্লজ যে ভাবে ড্রাফ্ট করেছেন এবং মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় অ্যাপয়েন্ট সম্পর্কে যে কথা বলেছেন সিকিউরিটি অব সার্ভিস-এর প্রশ্নে, কনটিনিউইটির প্রশ্নে আমার মনে হয় আপনি ১০ নম্বর ক্লজটা এনেছেন. আপনি অবহিত যে বরাকর ইলেকট্রিক সাপ্লাই অর্ডিন্যান্স করার পূর্ব মুহূর্তে তারা অনেকগুলি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে। আমার কাছে খবর আছে যে ৪ দিন আগেও অনেকগুলি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে আপনি দেখবেন যে এই অ্যাপয়েন্টমেন্টগুলি কতটা বৈধ, তার সমস্ত শর্ত পূরণ করা হয়েছে কিনা, তাদের কনটিনিউইটি অব সার্ভিস থাকবে কিনা, অ্যাপয়েন্টেড ম্যান, যারা দীর্ঘদিন ধরে চাকুরি করছেন, তারা কি একই পর্যায়ে হবে এবং সরকার কি তাদের সম্পর্কে একই নীতি প্রয়োগ করবেন ইত্যাদি এই সব বিবেচনা করে এই শব্দটা আনা হয়েছে—rules framed by the Board shall be appointed a fresh on the appointed day by the Board on such remuneration and on such terms and conditions of service as may be fixed by the Board. কাজেই মনে হচ্ছে, আপনি জানেন যে অর্ডিন্যান্স করার পূর্ব মুহূর্তে এতগুলি অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে, তাহলে এটা প্রশাসনিক ব্যার্থতা। আপনি গোপনে একটা অর্ডিন্যান্স করছেন, তার সুযোগ নিয়ে এই ধরনের জিনিস করা হচ্ছে। এটা আপনার দপ্তর থেকে লীকেজ হয়েছে। শুধু অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রেই নয়, আমার কাছে খবর আছে যে ওখানে অনেক ম্যালাফায়েড ট্রানজাকশন দুটো কোম্পানি

করছে—বরাকর ইলেকট্রিক সাপ্লাইও করছে এবং বহরমপুর ইলেকট্রিক সাপ্লাইও করছে। এগুলি ক্রমে ক্রমে জানতে পারবেন। কিন্তু যে দৃষ্টিভঙ্গিতে অর্ডিন্যান্সের কথা এসেছে, সেই দৃষ্টিভঙ্গিতে অর্ডিন্যান্সের সমস্ত পারফরম্যান্স ফেল করেছে।

[6-35 – 6-45 p.m.]

আমার নিজের ব্যক্তিগত মত হচ্ছে এভাবে ছোট ছোট বিল না এনে সাধারণ ভাবে পাওয়ার সাপ্লাইকে প্রাইভেট ইণ্ডিভিজুয়ালের হাত থেকে নিয়ে আসার জন্য একটা কমপ্রিহেনসিভ অ্যাক্ট করা উচিত এবং তার জন্য একটা কমপ্রিহেনসিভ বিল আনা প্রয়োজন। কিন্তু আমরা সরকারের সেই জাতীয় কোনও অ্যাপ্রোচ দেখছি না। আমার বক্তব্য শেষ করার আগে আমি 'আরও দু' একটি কথা বলতে চাই। একটা বিষয়ে মাননীয় সদস্য অমলেন্দ্র রায় কিছুটা উল্লেখ করেছেন, সেটা হচ্ছে বহরমপুর এবং বরাকর, উভয় কোম্পানিরই অনেক ইরেগুলার অ্যাকটিভিটিসই রয়েছে। অনেক প্রসপেকটিভ কনজিউমার টাকা জমা নিয়েও বহুদিন ধরে কানেকশন পাচ্ছে না। এটার সম্বন্ধে এই বিলের ৭(১) এইচ-এ যা বলা আছে তাতে এটা প্রটেকটেড কিনা বুঝতে পারছি না। বোর্ডের উপর যে পরিমাণ দায়িত্ব বর্তাবে এবং বোর্ডকে পেমেন্ট করতে হবে, সে পরিমাণ টাকা রেখে দেবেন। কিন্তু কনজিউমারদের ক্ষেত্রে পজিশনটা বোঝা যাচ্ছে না। যারা কানেকশনের জন্য কোম্পানির কাছে টাকা জমা দিয়েছে তারা কি আবার এস. ই. বি.-র কাছে টাকা জমা দেবে? এটা একটা অদ্ভুত অবস্থা। কনজিউমাররা কি দোষ করেছে? তারা কানেকশনের জন্য টাকা জমা দিয়েছে, বছরের পর বছর অপেক্ষা করে গেছে, কানেকশন পায়নি এবং কোম্পানি এ বিষয়ে তাদের প্রমিস রাখতে মিজারেবলি ফেল করেছে। এখন কি তাহলে কোম্পানির দোষে তাদের আবার বোর্ডকে টাকা দিতে হবে? সে ব্যাপারে সরকারি নীতি কি হবে, সেটা এখানে স্পষ্ট নয়। তারপর এই বিশেষ স্টেটমেন্ট অ্যাণ্ড অবজেক্টস অ্যাণ্ড রিজনস-এর উপর দুটো অভিযোগ উঠেছে, একটা হচ্ছে ফাইনান্সিয়াল ইরেগুলারিটিস এবং আর একটা হচ্ছে তারা গভর্নমেন্টকে ইলেকট্রিসিটি ডিউটিস দেয়নি এবং ভীষণ ভাবে লসে রান করছে। বহরমপুরের যে ফিগার পেয়েছি, তাতে দেখছি গত বছর এই কোম্পানির ৯,২৯,০৯৬.৬৫ টাকা লস গিয়েছে। এখন প্রশ্ন হচ্ছে এদের পাওয়ার সাপ্লাই-এর পদ্ধতিটা কি? পাওয়ার সাপ্লাই-এর ব্যর্থতা কিন্তু কোম্পানির নিজস্ব ব্যর্থতা নয়। তাদের পাওয়ার সাপ্লাই করছে, দিশেরগড় এবং ডি. ভি. সি.। সুতরাং বহরমপুরের ক্ষেত্রে এস. ই. বি.-র ব্যর্থতা আছে, তারপরে লো ভোলটেজের ব্যাপার আছে। অবশ্য এস. ই. বি.-র যেখানে নিজস্ব সাপ্লাই সেখানেও লো ভোলটেজ হচ্ছে। সমগ্র উত্তর-বাংলায়, বিশেষ করে মালদহ এবং জলপাইগুড়িতে দেখেছি অত্যন্ত লো ভোলটেজ-এ কারেন্ট দিচ্ছে। কাজেই ব্যর্থতার জন্য কোম্পানি একাই দায়ী নয়, এস. ই. বি-র উপরও অনেকটা দায় গিয়ে পড়ে। তা সত্ত্বেও আমি এই বিল দুটিকে সাধারণভাবে সমর্থন করছি এবং সেই সঙ্গে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, এই ভাবে পিসমিল বিল না এনে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। পাওয়ার সাপ্লাই-এর ব্যাপার কোন প্রাইভেট ইণ্ডিভিজুয়ালের উপর থাকা উচিত নয়। কাজেই আমি

এই দুটি বিলকে সমর্থন জানিয়ে এবং সঙ্গে সঙ্গে একটা সাধারণ কমপ্রিহেনসিভ বিল আনার অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার খুব বেশি জবাব দেবার নেই। যেসব সদস্য বক্তৃতা করলেন তাঁরা সবাই সমর্থন করেছেন যদিও রজনী দলুই মহাশয় স্বাভাবিকভাবে রাজনৈতিক কারণে উনি সমর্থন করলেন কি করলেন না তা বোঝা গেল না। উনি বললেন, কার হাতে কি দিতে হবে, কি করতে হবে—এইসব কথা বলে গেলেন। যাই হোক, আমি এই সবের মধ্যে যাচ্ছি না, অবান্তর কথা। শ্রী অমলেন্দ্র রায় এবং শ্রী সন্দীপ দাস মহাশয় দুটি বিষয়ে বলেছেন। এটা একটু দেখতে হবে, আমি ঠিক এখনই বলতে পারছি না। আইনের পজিশন কি। অমলেন্দ্র রায় মহাশয় বলেছেন কর্ম্মচারিদের সর্ম্পকে। বহরমপুরে ১১৩ জন কর্ম্মচারী আছেন আর বরাকরে ৬২ জন কর্ম্মচারী আছেন। তারা ২ মাসের মাহিনা ঐ জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসের মাহিনা পেতে পারেন কিনা দেখতে হবে। যদি আইনে বাধা না থাকে নিশ্চয়ই তারা পাবেন। আমি দেখে বলে দেব আর যদি দরকার হয় তাহলে ইউনিয়নের সঙ্গে কথাবার্তা বলব। কর্ম্মচারিদের প্রটেকশন সাধারণভাবেই আছে। প্রভিডেন্ট সম্বন্ধে সেখানে কিছু প্রশ্ন আমাদের কাছে আছে তবে আমার ধারণা এটা অসুবিধা হবার কথা নয়। যারা বিদ্যুৎ গ্রাহক ওখানকার এখানে যেটা বলা হল—১৯৭৮ সাল থেকে এই রকম ২ হাজার কেস পড়ে আছে বা যেখানে ডেভেলপমেন্ট স্কীম হবে বিভিন্ন অঞ্চলে এই রকম দেড় থেকে ২ হাজার মতন হবে—আমার কাছে সঠিক সংখ্যা নেই—এগুলি যদি আগে থেকে থাকে তাহলে সেগুলিকে অগ্রাধিকার দিতে হবে আর ডেভেলপমেন্ট বলতে কি বোঝায় না বোঝায় সেটা আমি জানি না—এগুলি দেখে কি ব্যবস্থা নেওয়া যায় তা আমি করব। এখানে দুইজন মাননীয় সদস্য বললেন যারা কনজিউমারস এই আইনের মধ্যে আছে তাদেরকে কি ফের ডিপোজিট দিতে হবে। যে ডিপোজিট তাদের আছে সেটা তাদের মারা যাবে না। কিন্তু ফ্রেস ডিপোজিট দিয়ে নতুন করে শুরু করব বলা হচ্ছে। আমার মনে হয়, এই ব্যাপারে আলোচনা করতে হবে এমনকি আইনে বাধা আছে যা আমরা অ্যাডজাস্ট করতে পারি না, হয়তো অসুবিধা হতে পারে, হয়তো সামান্য কিছু টাকা দিতে হতে পারে কিন্তু যাই হোক, সামান্য টাকা জমা দেওয়াও কঠিন বিশেষ করে যারা গরিব লোক তাদের ক্ষেত্রে অসুবিধা হতে পারে। তবে যা জমা আছে তা পুরো ফেরৎ পাবে। তবে যে টাকাটা ছিল সেটা থেকে যদি কিছু করা যায় তাহলে করা উচিত বলে মনে হয়। নতুন করে জমা দিতে গিয়ে অনেক লোকের অসুবিধা হতে পারে সেইজন্য বিচার করে দেখা দরকার। আর এই কথা বলা হয়েছে যে, আমরা যে অর্ডিন্যান্স করেছি সেটা নাকি জানতে পেরেছে। আমার কথা হচ্ছে, বাজেট ভাষণ তো লিকেজ হচ্ছে। সুতরাং এটা জানা দরকার। মামলা হয়েছে, সব কিছু হয়েছে, বহুদিন ধরে চেষ্টা করা হচ্ছে যে এটা আমরা হাতে নিতে পারি। সুতরাং জানতে তো পারবেই। আর সন্দীপ বাবু বলেছেন, শেষ মুহূর্তে ওরা যদি ৫/১০ জনকে চাকুরি দিয়ে থাকেন তাহলে কি করা উচিত। আমরা এটা বিচারের মধ্যে রেখেছি তাদের নেব কিনা

ঐভাবে চাকরি দিলে এবং সেটা আইনত হয়েছে কিনা নিশ্চয়ই আমাদের কাছে সেটা প্রশ্ন এবং সেইরকম লোক যাতে না নেওয়া হয় সেইরকম ব্যবস্থা আমাদের করতে হবে। আমি শুনেছি খুবই সামান্য কাজের কথা আমাদের কাছে এসেছে। বহরমপুর থেকে ওভাবে আসেনি, বরাকর থেকে এসেছে। সেটা আমাদের দেখতে হবে। সন্দীপ বাবু যেটা বললেন আমি বুঝতে পারলাম না। দুটো কোম্পানির সম্বন্ধে অভিযোগ ছিল না কি উনি বলেছেন। এটা অভিযোগ থাকলে আপনারা ওটার যে প্রসঙ্গ দিলেন তা দিয়ে এটা বোঝা গেলনা—বুঝতে পারলাম না। কমপ্রিহেনসিভ বিলের আপাতত প্রয়োজন নাই। এখানে আপনারা জানেন সবগুলি এখানে এইভাবে নিয়ে নিলাম।

[6-45 – 6-55 p.m.]

**শ্রী সন্দীপ দাস** ঃ ডি. ভি. সি. পাওয়ার সাপ্লাই সম্বন্ধে কি করবেন?

**শ্রী জ্যোতি বসু** ঃ এটারও এখানে কোন প্রয়োজন নেই, ওটার জন্য বিল দরকার হতে পারে, আমার জবাবে এটাই আমি শুধু বললাম।

## The Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981

The motion of Shri Rajani Kanta Doloi that this Assembly disapproves the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Ordinance, 1981 was, by leave of the House, withdrawn.

The motion of Shri Jyoti Basu that the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 18 and Preamble

The question that clauses 1 to 18 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Berhampore Electirc Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion of Shri Jyoti Basu that the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The Barakar Electric Supply Installations Acquisition, Bill, 1981

**মিঃ স্পিকার :** রজনীবাবু আপনি আপনার resolutionতো press করছেন না?

**শ্রী রজনীকান্ত দলুই :** না, আমি press করছি না

The motion of Shri Rajani Kanta Doloi that this Assembly disapproves the Barakar Electric Supply Installations Acquisition Ordinance. 1981, was, by leave of the House, withdrawn.

The motion of Shri Jyoti Basu that the Barakar Electric supply Installations Acquisition Bill, 1981, be taken into consideration, was then put and agreed to,

### Clauses 1 to 18 and preamble.

The question that Clauses 1 to 18 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6.51 p.m. till 1 p.m. on Tuesday, the 17th March, 1981 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 17th March, 1981 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 2 Ministers of State and 143 Members.

## Starred Questions
## (to which oral answers were given)

**প্রাকৃতিক দুর্যোগে আলুর ক্ষতি**

*৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪৩।) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমান বৎসরে (১৯৮১ সালে) প্রাকৃতিক দুর্যোগে বহু চাষীর আলু চাষ নষ্ট হয়ে গেছে ;

(খ) অবগত থাকিলে, এর জন্য ক্ষতিগ্রস্ত আলু চাষীরা শস্য বিমা আইনানুযায়ী ক্ষতিপূরণ পাবে কিনা ; এবং

(গ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোন কোন জেলায় কত ক্ষতিপূরণ দেওয়া হবে?

[1-00 — 1-10 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আলুর গড় ফলন বীমাকৃত 'ধার্য' ফলন হইতে কম হইলে চাষীরা আইনানুযায়ী ক্ষতিপূরণ পাইবেন।

(গ) মহকুমাভিত্তিক গড় ফলনের ভিত্তিতে ক্ষতিপূরণের যোগ্যতা নির্ধারিত হইবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** আপনি যে ক্ষতিপূরণ দেওয়ার কথা বললেন, সেটি কত দিনের মধ্যে দেওয়া হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মে মাসে আমরা এই ব্যাপারে ইনস্যুরেন্স কোম্পানির সঙ্গে আলোচনায় বসব এবং আমরা আশা করছি জুন মাসের মধ্যে আমরা এটি দিতে পারব।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** এই ক্ষতিপূরণ কি ভাবে এবং কত টাকা করে এক একজন চাষী পাবে? যেমন ধরুন কেউ হয়ত ১০ হাজার টাকার ইনস্যুরেন্স করেছিল, এখন তার যে ক্ষতি হয়েছে, সে কি পরিমাণ টাকা পাবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটি নির্ভর করবে ইনস্যুরেন্স কোম্পানির উপরে। তারা দেখবেন যে কৃষক কত পরিমাণে প্রিমিয়াম দিয়েছে, এবং ইনস্যুরেন্স কত টাকার উপরে করেছেন। এগুলি তদন্ত করে একটি রিপোর্ট পেলে তার ভিত্তিতে তারা ক্ষতি পূরণের ব্যবস্থা করবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** আলু চাষীদের ব্যাপারে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তারা কি হারে এই ক্ষতিপূরণ পেতে পারবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটি তো ইনস্যুরেন্স কোম্পানির ব্যাপার। তারা দেখবেন যে ঐ চাষী কত টাকার ইনস্যুরেন্স করেছিলেন, কত প্রিমিয়াম দিয়েছেন এবং তারপর তারা ঠিক করবেন তার ক্ষতিপূরণ কি পরিমাণ হবে। তবে এই ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে মে মাসের মধ্যে একটি হিসেব-নিকেশের ব্যাপারে বসবেন, তখন আমরা বলতে পারব কে কত পাবেন।

**শ্রী আব্দুল কায়েম মোল্লা ঃ** যে সমস্ত চাষীরা ক্ষতিপূরণ পাবে তাদের কি ব্যক্তিগত ভাবে দরখাস্ত করতে হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা এই ব্যাপারে ইনস্যুরেন্স কোম্পানি জানিয়েছি, ওরা এখন বিষয়গুলি তদন্ত করে দেখছেন, সেগুলি হয়ে গেলে রাজ্য সরকারের সঙ্গে বসবেন। তখন আগাগোড়া হিসাব করে দেখা হবে কার কত ক্ষতি হল এবং তখন আমরা ক্ষতিপূরণের ব্যবস্থা করতে পারব।

**ঘটকপুকুর ও শিয়ালদহের মধ্যে চলাচলের জন্য নির্দিষ্ট সরকারি বাসের সংখ্যা**

***৩৫৫**। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার ভাঙ্গর থানার অন্তর্গত ঘটকপুকুর ও শিয়ালদহের মধ্যে নিয়মিত চলাচলের জন্য বর্তমানে কতগুলি সরকারি বাস নির্দিষ্ট আছে ;

(খ) উক্ত রুটে বেসরকারি বাস চালাবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে ব'লে আশা করা যায়?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় ৪টি বাস নির্দিষ্ট আছে।

(খ) বর্তমানে ঘটকপুকুর-শিয়ালদহ রুটে বেসরকারি বাস (২৪ নং রুট) চালু আছে।

(গ) প্রশ্ন ওঠে না।

## দ্বিতীয় হুগলি সেতু

***৩৫৬**। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতুর নির্মাণকার্য সম্পূর্ণ করার নির্দিষ্ট সময়সীমা ধার্য হইয়াছে কি;

(খ) হইয়া থাকিলে, সময়সীমাটি কি ; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে সেতুটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় কি না?

## Second Hooghly Bridge

***357**. (Admitted question No. *1220.) **Shri Amalendra Roy :** Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to state—

(a) whether there is any obstacle to completion of the Second Hooghly Bridge by the end of .... and

(b) if so, how the Government propose to tackle the same ?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ডিসেম্বর ১৯৮৩।

(গ) এই সেতুর নির্মাণ বহুলাংশে ভারত সরকার প্রদত্ত ঋণের উপর নির্ভরশীল। সেই কারণে যদি উক্ত ঋণ প্রাপ্তিতে কোনও বিলম্ব বা বিঘ্ন ঘটে, তবে সেতুর নির্মাণ কার্য বিলম্বিত হইবে।

এছাড়া নির্ধারিত সময় সীমা সয়মতো মালমশলা বিশেষত সিমেন্ট লোহা এবং যন্ত্রপাতি যোগানের উপরেও নির্ভরশীল। সেতু নির্মাণ স্থলে কার্যের গতি ও ছন্দ যদি অভাবনীয় ভাবে বাধা প্রাপ্ত না হয় এবং কোনও অকল্পিত বিঘ্ন না ঘটে তবে নির্ধারিত সময়ে সেতু নির্মাণ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়। হাওড়া প্রাপ্তে জমি অধিগ্রহণের উপরেও সেতু নির্মাণের সময়সীমা নির্ভর করিতেছে। যাহা হোক, এ বিষয়ে বিশেষ ভাবে লক্ষ্য রাখা হইতেছে যাহাতে কাজের গতির ছন্দপতন না ঘটে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন সেন্ট্রাল গভর্নমেন্ট এই সেতু নির্মাণের জন্য কি পরিমাণ লোন দেবার আশ্বাস দিয়েছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনারা জানেন ১৯৭২ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী এই সেতুর ফাউন্ডেশন লে করেছিলেন। তারপর ১৯৭৭ সাল পর্যন্ত ওরা বিশেষ কিছু করতে

পারেননি নিজেদের মধ্যে ঝগড়াঝাটির জন্য। এর অরিজিনাল এসটিমেট ছিল ৪৭ কোটি টাকা, বর্তমানে এর এসটিমেট হচ্ছে ১৪২ কোটি টাকা। এ পর্যন্ত তারা স্টেট গভর্নমেন্টকে ২৭ কোটি টাকা দিয়েছেন।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** আর কি পরিমাণ অর্থ তাদের কাছে পাবেন আশা করছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** সমস্ত টাকাটা কেন্দ্রীয় সরকারের ঋণের উপর নির্ভর করছে এই পরিকল্পনাটা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** হাওড়া প্রান্তে জমি অধিগ্রহণের কাজ কতদূর এগিয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা হাওড়া প্রান্তে ১২ একর জমি অধিগ্রহণ করেছি। যাদের সরিয়ে দিতে হয়েছিল তাদের পুনর্বাসন দিয়েছি। আরও ৬০ একরের মতো জমি আমাদের নিতে হবে।

**শ্রী আব্দুল কোয়ামেম মোল্লা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্তমানে কেন্দ্রীয় সরকার এই টাকা দিতে কোনও টালবাহানা করছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে লিখেছিলেন তিনি বলেছেন এই যে ৪৭ কোটি টাকা থেকে ১৪৫ কোটি টাকায় উঠল তার হিসাবনিকাশ দিতে হবে। সেই হিসাব-নিকাশ পাঠিয়ে দেওয়া হয়েছে।

## Report of the Law Commission

***358**. (Admitted question No. *135.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Judicial Department Department be pleased to state—

(a) if it is a fact that the Law Commission has in its report suggested that 40% of the posts of State Judicial Service should be filled up by the persons recruited through All India Competitive Examinations ; and

(b) if so—

(i) whether the suggestion has been accepted by the State Government ; and

(ii) what action has been taken by the State Government in the matter ?

**Shri Hashim Abdul Halim :**

(a) The recommendation of the Law Commission is for creation of All India Judicial Service which should man 40 per cent of

the posts of the higher judiciary in every State. This does not concern the State Judicial Service.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

[1-10 — 1-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অল ইন্ডিয়া জুডিসিয়াল সার্ভিস থেকে যারা পাশ করবে তাদের ভেতর থেকে ফর্টি পারসেন্ট নেওয়া হবে, কিন্তু বাকি সিক্সটি পারসেন্ট কিভাবে অ্যাবজর্ব করবেন?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** এটা যদিও রজনীবাবুর প্রশ্ন, কিন্তু দেখছি তিনি প্রশ্নটি বোঝেননি। এটা হচ্ছে অল ইন্ডিয়া ল কমিশনের ব্যাপার, সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। সেন্ট্রাল ল কমিশন একটা রিকমেন্ডেশন করেছেন এবং আমরা তার উপর উত্তর দিয়েছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ল কমিশন যে রিকমেন্ডেশন করেছেন সেটা কেন্দ্রীয় সরকার অ্যাকসেপ্ট করেছেন কি?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** এই ব্যাপারে আপনি ভিন্ন প্রশ্ন করুন, উত্তর দেব। এই প্রশ্নের উত্তর এই ফাইলে নেই।

**Wholesale dealer for Bhagwanpur P.S. and Khejury P.S. region**

***359**. (Admitted question No. *344.) **Shri Haripada Jana (Bhagwanpur) :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that the Government of West Bengal is going to appoint a wholesale dealer covering the region of Bhagwanpur P.S. and Khejury P.S. in the district of Midnapore,

(b) if so, what would be the required qualifications of such dealer?

**Shri Sudhin Kumar :**

(a) Yes, against a declared vacancy.

(b) Appointment is made after ascertaining suitability of the candidates with regard to financial solvency in relation to quantities of goods to be handled, condition and location of godown, capacity of the godown, right of possession of the candidate in respect of the shop or godown, antecedents of the candidate, trade proficiency and such other particulars as the ap-

pointing authority, namely, the sub-divisional controller of Food and Supplies Dept., concerned, may think fit according to local conditions and in consultation with his superiors including the District Magistrate concerned.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** খেজুরি এবং ভগবানপুরে যে ভ্যাকানসি ক্রিয়েটেড হয়েছে সেখানে ডিলার অ্যাপয়েন্টেড হয়েছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ভগবানপুর এবং খেজুরি পি. এস.-এ ডিলারের ভ্যাকান্সি রয়েছে এক বছরেরও বেশি হল। আমার প্রশ্ন হল, কত সময় লাগে ডিলারের ভ্যাকান্সি হলে সেখানে অ্যাপয়েন্টমেন্ট দিতে?

**শ্রী সুধীন কুমার ঃ** কেউ সেখানে অ্যাপয়েন্টেড হয়েছে কিনা সেটা আমাকে জেনে বলতে হবে। উনি কন্ডিশন জানতে চেয়েছেন এবং সেটা আমি বলেছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কতদিন সময় লাগে বলবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** আই ওয়ান্ট নোটিশ।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ডিলারশিপের জন্য কত লোক দরখাস্ত করেছে এবং তাদের নাম কি?

**শ্রী সুধীন কুমার ঃ** I want notice.

**পশ্চিমবঙ্গে মহিলা বন্দিদের জন্য পৃথক জেল স্থাপন**

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬২।) **শ্রী নীহারকুমার বসু ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মহিলা বন্দিদের জন্য কোনও পৃথক জেল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোথায় এই জেল স্থাপন করা হবে ; এবং

(গ) কবে থেকে ইহার কাজ শুরু করা হবে ব'লে আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) আলিপুরের কারাগারগুলিকে স্থানান্তরিত করিবার পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভা একটি বিশেষ মহিলা জেল সহ অন্যান্য জেলের স্থান নির্বাচনের প্রস্তাব গ্রহণ করিয়াছেন।

(খ) এই ব্যাপারে কোনও সুনির্দ্দিষ্ট স্থান এখনও নির্ধারণ করা হয় নাই। ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস-এর পাশে জমি অধিগ্রহণের কথা বিবেচনা করা হইতেছে।

(গ) এই প্রশ্ন এখন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মহিলা জেল হবে এই সিদ্ধান্ত মন্ত্রিসভা কবে নিয়েছেন জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, আমি শুধু ডেট-টা জানতে চাই।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৬ মাস আগে।

## Shifting of Government offices from Calcutta Municipal Town Hall

***361**. (Admitted question No. *294.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether there is any proposal to shift the existing Government offices from the Calcutta Municipal Town Hall and to utilise the Town Hall for the purposes for which it was built ; and

(b) if so, what is the present position in the matter ?

**Shri Prasanta Kumar Sur :**

(a) No.

(b) Does not arise.

## কলকাতায় পরিবহন ব্যবস্থার উন্নতিকল্পে সরকারি প্রকল্প

***৩৬৩**। (অনুমোদিত প্রশ্ন নং *৫১১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতায় পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য রাজ্য সরকার একটি বৃহৎ ও সুনির্দিষ্ট প্রকল্প গ্রহণ করেছেন ;

(খ) সত্য হলে ঐ প্রকল্পে কি বিশ্ব ব্যাঙ্ক ঋণ দিচ্ছেন ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে উক্ত ঋণের পরিমাণ কত ও উক্ত ঋণ কি শর্তাধীন?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) হ্যাঁ (yes)।

(খ) হ্যাঁ (yes)।

৫৬ (ছাপান্ন) মিলিয়ন ডলার সাহায্য প্রকল্পাধীন আন্তর্জাতিক নিয়ম ও শর্তানুসারে

ভারত সরকারের মাধ্যমে এই ঋণ দেওয়া হইবে ($56 million dollar—The credit would be made available to the Govt. of W. Bengal through the Govt. of India on standard terms and arrangements of the International Department Association for developmental assistance to the states of India.)।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি আপনি যে 'ক' প্রশ্নের উত্তরে বললেন বৃহৎ ও সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করেছেন, আপনি সংক্ষেপে কি বলতে পারবেন পরিবহন ব্যবস্থা উন্নতির জন্য কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** আমি এই কথা বলতে পারি যে এই স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের উন্নতির জন্য আমরা ৫৩০টি বাস কিনব তার মধ্যে ২৩৯টি সিঙ্গল ডেকার, আর ২৯১টি ডবল ডেকার এবং ৭৫টি নূতন ট্রাম গাড়ি কেনা হবে ৬০টি ট্রাম গাড়িকে স্পেশ্যাল রেনোভেশন করা হবে মোট ১০৫টি ট্রাম গাড়ি নূতনভাবে পাবে তাতে সার্ভিস ইম্প্রুভ করবে। তারপর বেসরকারি বাস যেগুলি টেম্পুরারি পারমিট দেওয়া আছে তাদের পার্মানেন্ট পারমিট দেওয়া হবে এবং আরও কিছু সুযোগ সুবিধা দেওয়া হবে যাতে বেসরকারি বাস চলাচলের সুবিধা হয়। তারপর রুট ন্যাশনালাইজ করে যাতে আরও বেশি বাস যাতায়াত করতে পারে যাতে ভিড় কমে তার চেষ্টা আমরা করব এই সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বেসরকারি বাসের মালিকরা যারা বাস চালাবে তাদের কি বিশ্ব ব্যাঙ্ক থেকে যে টাকা পাওয়া যাচ্ছে সেখান থেকে তাদের কি টাকা বরাদ্দ করবেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** না টাকা দেওয়া হবে না। আমাদের লোকজন রেখে দেখতে হবে যে তারা ঠিকমতো বাস চালাচ্ছে কিনা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই পরিকল্পনা কবে নাগাদ চালু হবে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এই পরিকল্পনা ১৯৮৩ সালে শেষ হবে এবং কাজ চালু হয়ে গেছে।

**শ্রী আবুল কায়ুম মোল্লা ঃ** এই পরিকল্পনায় বাস এবং ট্রাম কর্মীদের থাকার জন্য কোনও আবাসন নির্মাণ করা হবে কিনা?

**শ্রী মহম্মদ আমিন ঃ** সেই রকম পরিকল্পনা এর মধ্যে নেই।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** বিশ্ব ব্যাঙ্ক ভারত সরকারের কাছ থেকে ২% সুদে টাকা নেয় কি এবং ভারত সরকার আমাদের কাছ থেকে ১২% নিচ্ছে একথা কি ঠিক?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এটা এর মধ্যে নাই, তবে ভারত সরকার যে টাকা দেবে তা সুদ সমেত ফেরত দিতে হবে এবং পশ্চিমবঙ্গ সরকারকেও অনেক টাকা দিতে হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে বলছেন ১৯৮৩ সালের মধ্যে কাজ শেষ হয়ে যাবে তাহলে এখন কি ধরনের কাজ শুরু করেছেন সেটা বলবেন কি?

[1-20 — 1-30 p.m.]

**শ্রী মহঃ আমিন ঃ** এত বড় পরিকল্পনার কাজ যে ভাবে শুরু করতে হয়, সেই ভাবেই হয়েছে। প্রথম স্টেজে টেন্ডারিং, সেই টেন্ডার হয়ে গেছে, এর পর অর্ডার প্লেস করা হয়েছে এবং অন্যান্য প্রস্তুতির কাজ শুরু হয়েছে।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** আমার প্রশ্নটা মাননীয় মন্ত্রী মহাশয় বুঝতে পারেননি। আমি জিজ্ঞাসা করেছি, বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কেন্দ্রীয় সরকার যে টাকা ধার নেন, তার জন্য কেন্দ্রীয় সরকারকে দু পারসেন্ট সুদ দিতে হয়। কিন্তু ঐ টাকা যখন আবার কোনও রাজ্য সবকারকে কেন্দ্রীয় সরকার ঋণ হিসাবে দেন তখন সেই ঋণের জন্য সেই রাজ্য সরকারকে ১২ পারসেন্ট সুদ দিতে হচ্ছে কি না?

**শ্রী মহঃ আমিন ঃ** আপনি তো ডিটেল জানতে চাইছেন, আপনি ডিটেল জানতে চাইলে আলাদা প্রশ্ন করুন, আমি উত্তরটা কলেক্ট করে আপনাকে বলব।

**ম্যাচিং গ্রান্ট**

***৩৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮।) **শ্রী সরল দেব ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে নগর উন্নয়ন প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক ১৯৭৯-৮০ সালের বরাদ্দকৃত "ম্যাচিং গ্রান্ট" ঠিক মতোন খরচ না হওয়ায় অধিকাংশ অর্থ ফেরত গিয়াছে এবং

(খ) সত্য হইলে, খরচ না হওয়ার কারণ কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** ১৯৭৯-৮০ সালে কেন্দ্রীয় সরকার এই রাজ্য সরকারকে কত টাকা মঞ্জুর করেছিলেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** কোনও টাকা দেয়নি।

**পশ্চিমবঙ্গে রেশন কার্ডের শ্রেণী**

***৩৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৬।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে রেশন কার্ডের কতগুলি এবং কি কি শ্রেণী বর্তমান ;

(খ) উক্ত শ্রেণীবিন্যাসের ভিত্তি কি ;

(গ) উপরোক্ত শ্রেণীগুলি পুনর্বিন্যাসের বিষয় সরকারের বিবেচনাধীন আছে কি না ;

এবং

(ঘ) থাকিলে, কিসের ভিত্তিতে এই পুনর্বিন্যাস করা হইবে?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) বর্তমান পশ্চিমবঙ্গে সংশোধিত রেশন এলাকায় রেশন কার্ডগুলিতে পাঁচটি শ্রেণী ক, খ, গ, ঘ এবং ঙ লিখিত আছে কিন্তু বর্তমানে এই শ্রেণী বিন্যাস কার্যত প্রচলিত নেই। কারণ সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে সকল শ্রেণীর কার্ডধারিকেই সপ্তাহে একই হারে রেশন সামগ্রি সরবরাহ করা হয়। বিধিবদ্ধ রেশন এলাকায় এরূপ কোনও শ্রেণী বিন্যাস নাই।

(খ) সংক্ষেপে উক্ত শ্রেণী বিন্যাসের ভিত্তি ছিল পরিবার পিছু চাষযোগ্য ধান-জমির মালিকানা বা ভাগিদারি এবং উৎপন্ন ফসলের প্রাপ্য অংশ।

(গ) যখন উক্ত শ্রেণীবিন্যাস অনুসারে রেশন সামগ্রি সরবরাহ করা হবে, তখন ঐ শ্রেণীগুলির পুনর্বিন্যাসের বিষয় বিবেচনা করা হবে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**Availability of ground water resources of West Bengal**

***367**. (Admitted question No. *743.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Agriculture Department be pleased to state—

(a) whether the Government have made any survey about the total availability of ground water resources of West Bengal ;

(b) if so, to what extent the available ground water resources in West Bengal are being utilised ; and

(c) the steps taken by the State Government to facilitate speedier utilisation of the ground water resources in the State.

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) রাজ্য জলপর্ষদ (বর্তমানে রাজ্য জল অনুসন্ধান অধিকার) রাজ্যের সমস্ত জেলায় ভূগর্ভস্থ জলসম্পদ সম্পর্কিত সার্ভে করিয়াছে।

(খ) এই রাজ্যে, হাওড়া জিলা ব্যতীত মোট ৫০৪১টি গভীর নলকূপ, ১,৯৮,৯৭১টি অগভীর নলকূপ ও ১,৭৭,২৬৪টি সেচ কূয়া বসানো সম্ভব। তন্মধ্যে বর্তমানে ২,৭০৩টি গভীর নলকূপ, ১,৩১,৯৬১টি অ-গভীর নলকূপ ও ২৮,০০৩টি সেচকূয়া আছে। হাওড়া জিলায় আবদ্ধ ও লবনাক্ত জলস্তর থাকায় বিশদভাবে সার্ভে ও অনুসন্ধান কার্যের প্রয়োজন।

(গ) উক্ত সার্ভের ভিত্তিতে এই রাজ্যে অতিরিক্ত ২,৪৬০টি গভীর নলকূপ, ৬৮,০৩৯টি অগভীর নলকূপ ও ১,৪৯,২৬১টি সেচ কূয়া রাজ্য জল অনুসন্ধান অধিকার কর্তৃক অনুমোদিত হইয়াছে। সম্পর্কিত সকল তথ্য পশ্চিমবঙ্গ সরকারের সমবায় সমিতির নিয়ামকের ও কৃষি পুনর্বিত্ত নিগমের নিকট পাঠানো হইয়াছে। উদ্দেশ্য এই যে, উক্ত সমবায় সমিতি ও কৃষি পুনর্বিত্ত নিগম বিভিন্ন এলাকায় এই ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণে প্রয়োজনীয় সহায়তা করিতে পারিবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অ্যাভেলেভেলিবিটি আছে অর্থাৎ আপনি বলছেন এখনও ২ হাজার ৪৬০ টি. ডিপ টিউবওয়েল করা যাবে, ৬৮ হাজার সামথিং শ্যালো টিউবওয়েল-এর সম্ভাবনা রয়েছে। এই সম্ভাবনাকে কাজে লাগাবার জন্য আপনি কি স্টেপ নিয়েছেন যাতে ইমিডিয়েট কাজে লাগতে পারে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** গভীর নলকূপ ক্ষুদ্র সেচ নিগমের তরফ থেকে করা হচ্ছে এবং আমরা চিন্তা করছি ক্ষুদ্র সেচ নিগমের তরফ থেকে যদি সবটা করা সম্ভব না হয় তাহলে আমাদের কৃষি দপ্তরের তরফ থেকে কিছুটা করতে পারি। এই ধরনের চিন্তা ভাবনা আমাদের রয়েছে। আর আপনাকে আগেই বলে দেওয়া হয়েছে সমবায় উন্নয়ন সমিতির তরফ থেকে কিছুটা কৃষি নিগমের নিকট পাঠানো হয়েছে যাতে এই ভাবে ক্ষুদ্র সেচ পশ্চিমবঙ্গে বৃদ্ধি করতে পারি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যে সমস্ত গ্রাউন্ড ওয়াটার সার্ভে হয়ে গেছে তার অনেক প্রোপোজাল, ফিজিবিলিটি রিপোর্ট পাওয়া গেছে, কিন্তু কাজ হচ্ছে না, এই কথা কি ঠিক অনেক প্রোপোজাল আপনার ডিপার্টমেন্টে পড়ে রয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমার ডিপার্টমেন্টে যে সব প্রস্তাব এসেছে আমি সেগুলিকে জেলা পঞ্চায়েত সমিতির কাছে পাঠিয়ে দিচ্ছি এবং তারা যে সমস্ত রিপোর্ট করে পাঠিয়ে দিচ্ছে আমরা অগ্রাধিকারের ভিত্তিতে সেগুলিকে নিয়ে কাজ শুরু করেছি। আমাদের কাজ চলছে। তবে পশ্চিমবঙ্গে আমাদের অনেকগুলি অসুবিধা আছে। যেমন আমরা সিমেন্ট, ইস্পাত পাচ্ছি না। আমাদের পরিবহনের অসুবিধা রয়েছে। মাল গাড়ি ঠিকমতো পাওয়া যাচ্ছে না। এর জন্য দূরবর্তী জেলাগুলি বা সুদূর গ্রামাঞ্চলে আমাদের কাজ করতে নানা রকম অসুবিধা হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** গভীর এবং অগভীর সেচ প্রকল্প রূপায়ণ ব্যাহত হওয়ার অন্যতম কারণ কি ওয়াটার বোর্ডের কাজ কর্ম মন্থরতার জন্যই এই প্রকল্পগুলি হতে পারছে না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি দায়িত্ব নেবার পর জল পর্যদে খালি সাইন বোর্ড পেয়েছিলাম, এছাড়া আর কিছুই পাইনি। এখন আমাকে নতুন করে লোক নিয়োগ করতে হচ্ছে, ব্যবস্থা করতে হচ্ছে। আমাকে সব কিছু ঢেলে সাজাতে হচ্ছে। কাজের অসুবিধা হচ্ছে। মাননীয় সদস্য যে কথা বলেছেন সেটা সত্য।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যে সমস্ত এলাকা হোয়াইট বলে ঘোষণা করা হয়েছে সেখানে কিন্তু ব্যাপক সেচ প্রকল্প গড়ে ওঠেনি। সেখানে ক্ষুদ্র সেচ প্রকল্পের কথা আপনি ভাবছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেখানে নতুন করে আবার জল পর্যদকে অনুসন্ধান করতে বলেছি। আবার কতকগুলি জিনিস আছে যেখানে যতখানি জল ডিসচার্জ করার কথা ততখানি জল পাওয়া যাচ্ছে না, জল কাজে লাগানো যাচ্ছে না। এই সব দেখে জল পর্যদ ঠিক করেছেন আর বোধ হয় জল পাওয়া যাবে না। কিছুটা আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে গতানুগতিক পথে ওরা চলেছে। আমরা সেগুলিকে নতুন করে সার্ভে করানোর জন্য জরিপ করানোর জন্য নির্দেশ দিয়েছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বললেন ক্ষুদ্র সেচ নিগমকে দায়িত্ব দেওয়া হয়েছে যাতে গভীর অগভীর নলকূপ করানো যায়। এটা কি সত্য ক্ষুদ্র সেচ নিগম ঠিকমতো করতে পারছে না বলে এই কর্পোরেশনকে তুলে দেবার জন্য আপনি চিন্তা করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, এই কথা একটু বিস্তারিতভাবে বলার প্রয়োজন আছে। আগের সরকার জলের যে ট্যাক্স ঠিক করেছিলেন আমরা মনে করছি সেটা চাষীদের উপর একটা প্রচন্ড চাপ, এটা শোষণেরই একটা নামান্তর—সেই জন্য এই সরকার ট্যাক্স কমানোর কথা চিন্তা করছেন। জলের ট্যাক্স যদি কমাতে হয় তাহলে ব্যাঙ্কের সাথে চুক্তি অনুসারে যে সুদের মাত্রা ধরা হয়েছিল, ট্যাক্স ধরা হয়েছিল সেই ভাবে কাজ করতে আমাদের অসুবিধা হবে। এটা করতে হলে আমাদের ভরতুকি দিতে হবে। ব্যাঙ্ক টাকা দেবে না, অথচ কৃষকদের উপকার করতে হবে। কাজেই সরকারকে যদি ভরতুকি দিতে হয় তাহলে শুধু শুধু নিগম রেখে লাভ নেই। কাজেই সরকারের তরফ থেকে সরাসরি করা যাবে কিনা সেটা আমরা ভাবছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি কি ক্ষুদ্র সেচ নিগমকে অ্যাডভাইস করেছেন যাতে একই রকম ওয়াটার রেট হয়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আপনারা বিশ্বব্যাঙ্কের সাথে চুক্তি করেছিলেন প্রতি একরে কত ট্যাক্স হবে—এটা নিশ্চয় আপনি জানেন। এখন সরকারি কিছু গভীর, অগভীর নলকূপ আছে যে এরিয়ায় সেখানে কৃষকদের ৯৬ টাকা ট্যাক্স দিতে হচ্ছে। আপনারা কৃষকদের জল ট্যাক্স করে দিয়েছিলেন ৪৮০ টাকা। এখন এই ৪৮০ টাকা যদি কমাতে হয়, কৃষকদের বাঁচাতে হলে, তাহলে সরকারকে ভরতুকি দিতে হবে। আর ৪৮০ টাকা যদি ধরা না হয় তাহলে ব্যাঙ্ক টাকা দেবে না। সরকারকে পুরো টাকাটাই ভরতুকি দিয়ে কাজ করতে হবে। এই যদি অবস্থা হয় তাহলে শুধু শুধু নিগম রাখার কোনও প্রয়োজন নেই বলে আমি মনে করছি।

**গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের হিসাব নিকাশ পরীক্ষা**

*৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯০।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** পঞ্চায়েত ও সমষ্টি

উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের হিসাব নিকাশ পরীক্ষা করার জন্য অডিট করার পদ্ধতি চালু হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, এই ব্যাপারে কতজন ব্যক্তিকে নিযুক্ত করা হইয়াছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) গ্রাম পঞ্চায়েতের বার্ষিক হিসাব সংবিধিবদ্ধভাবে পরীক্ষা করার জন্য প্রতি ব্লকে নিযুক্ত পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিককে অডিটর হিসাবে নিয়োগ করা হয়েছে। পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের ক্ষেত্রে এই দায়িত্ব পালন করেন পশ্চিমবঙ্গের অ্যাকাউন্ট্যান্ট জেনারেলের অধীন এক্সজামিনার অব লোকাল অ্যাকাউন্টস।

এ ছাড়া গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জিলা পরিষদ ইত্যাদির অভ্যন্তরীণ চলতি অডিট করার জন্য সম্প্রতি ব্লক পঞ্চায়েত সমিতি স্তরে পঞ্চায়েত অ্যাকাউন্টস ও অডিট অফিসার, মহকুমা স্তরে সমিতি অ্যাকাউন্টস ও অডিট অফিসার, জেলা স্তরে পরিষদ অ্যাকাউন্টস ও অডিট অফিসার এবং ডিভিসন স্তরে রিজিওনাল অ্যাকাউন্টস ও অডিট অফিসার-এর পদ সৃষ্টি করা হয়েছে। বিভিন্ন স্তরে এ পর্যন্ত মোট ২৬৯ জনকে নিয়োগ করা হয়েছে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অডিটাররা কাজ আরম্ভ করেছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আরম্ভ হয়েছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** গ্রাম পঞ্চায়েতগুলিতে পঞ্চায়েত আধিকারিক যখন যান অডিট করতে তখন তাঁর ক্ষমতা নেই সেখানে হিসাব-নিকাশ ভুল লিখে আসতে পারেন—একথা জানেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জানি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** সেখানে রানিং অডিট করার জন্য আপনি নতুন ভাবে ব্যবস্থা গ্রহণ করছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সেই উদ্দেশ্যেই এটা করা হয়েছে—সেখানে তারা সাহায্য করবেন প্রধানকে এবং সচিবকে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** এ পর্যন্ত কতগুলি গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের হিসাবনিকেশ অডিট করা হয়েছে বলবেন কি এবং যেগুলির হয়েছে সেখানে

কোনও ভুলত্রুটি পেয়েছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ৩ হাজার ২৪২টি গ্রামপঞ্চায়েতের মধ্যে ৩ হাজার ১৭০টি গ্রাম পঞ্চায়েতের অডিটেড রিপোর্ট পাওয়া গিয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আপনি বলেছিলেন, গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে অডিট করার জন্য নতুন করে অডিটার নিয়োগ করবেন—এই ঘোষণার পর এটা কতদূর কার্যকর হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি আগেই বলেছি যে প্রধান যে স্তর গ্রাম পঞ্চায়েত, সেখানে ইতিমধ্যেই ২৪৪ জনকে নিয়োগ করা হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সাব-ডিভিশনাল অফিসার, পঞ্চায়েত সমিতির সভাপতি, বিধানসভার সদস্যদের নিয়ে যে কমিটির কথা বলা হয়েছে সেই কমিটির মাধ্যমে নিয়োগ হচ্ছে, না, সরাসরি পঞ্চায়েত ডিরেক্টরেট থেকে নিয়োগ করা হচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** দু ভাবেই হচ্ছে। গ্রাম পঞ্চায়েতের সচিব, পঞ্চায়েত সমিতির ক্লার্ক, জেলা পরিষদের কর্মচারী তাদের থেকে সিলেকশনের কোটা হিসাবে ৫০ ভাগ এবং ডাইরেক্ট রিক্রুটমেন্ট হিসাবে ৫০ ভাগ নিয়োগ করা হচ্ছে। সব মিলিয়ে ২৬৯ জনকে এ পর্যন্ত নিয়োগ করা হয়েছে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** যে গ্রাম পঞ্চায়েতগুলির কাছ থেকে ইতিমধ্যে হিসাব পেয়েছেন তার মধ্যে কোনও দুর্নীতির খবর আছে কিনা এবং থাকলে কতগুলি গ্রামপঞ্চায়েত সম্বন্ধে সেই খবর পেয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি—

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** কিছু কিছু অব্যবস্থা দেখা গিয়েছে এবং সে সম্পর্কে স্টেপস নেওয়া হচ্ছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** পঞ্চায়েত সমিতির কি গ্রাম পঞ্চায়েতের হিসাব দেখার অধিকার আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** সেভাবে কোনও ব্যবস্থা নেই।

## Funds from RBI to the State Government

***370**. (Admitted question No. *1760.) **Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has received any assurance of funds from the Reserve Bank of Inida and/or the Government of India to enable the State Government to take over the responsibility of procurement and distribution of foodgrain from the Food Corporation of India from 1st April, 1981 ; and

(b) if so—

(i) what is the amount of funds likely to be received by the State Government ;

(ii) what is the State Goverment's investment involved in the matter?

**Shri Sudhin Kumar :**

(a) Yes, from the Reserve Bank of India.

(i) The amount will depend on the stocks to be held by the State Government at any given point of time.

(ii) Investent of an estimated amount not exceeding Rs. 60 crore to be obtained from the State Bank of India under food consortium arrangement and also for the purchase of levy-sugar as working capital is involved.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১লা এপ্রিল ১৯৮১ তারিখ থেকে এফ. সি. আই-এর দায়িত্ব আমরা নিচ্ছি, এটা কি ঠিক?

**শ্রী সুধীন কুমার ঃ** আমরা প্রস্তুত এই কথা কেন্দ্রীয় সরকারকে আমরা জানিয়েছি। তারা লিখিত ভাবে জানাবার জন্য বলেছেন। তাদের অভিমত তারা মৌখিকভাবে বলেছেন। তারা ১লা এপ্রিলে দিতে প্রস্তুত হচ্ছেন না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এফ. সি. আই. কর্মীরা মুভমেন্ট করছে এবং তাদের যে অ্যাবজর্ব করার প্রশ্ন রয়েছে। এগুলি চিন্তা করে কি আপনারা এগিয়ে যাচ্ছেন?

**শ্রী সুধীন কুমার ঃ** এফ. সি. আই-এর কর্মচারিরা পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারী। তারা সেখানে ডেপুটেশনে আছে। তারা সেখানে থাকতে চান। পশ্চিমবঙ্গ সরকার তাদের জানিয়ে দিয়েছেন যে এফ. সি. আই. যদি তাদের অ্যাবজর্ব করেন তাতে পশ্চিমবঙ্গ সরকারের কোনও আপত্তি নেই।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ভারত সরকার রাজি হচ্ছেন না। ভারত সরকার কি কোনও কারণ দেখিয়েছেন যে এই এই কারণে তারা রাজি হতে পারছেন না?

**শ্রী সুধীন কুমার ঃ** তারা যেহেতু লিখিত ভাবে জানাননি, তাদের মুখের কথায় জবাবটা এখানে দেওয়া ঠিক হবে না। আমরা লিখিত উত্তরের অপেক্ষায় আছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ১লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ সরকার এই দায়িত্ব গ্রহণ করতে যাচ্ছেন। ফুড কর্পোরেশন থেকে তারা কি নিজের ইচ্ছায়

চলে যাচ্ছেন, না, আপনারা তাদের চলে যাওয়া চাচ্ছেন, এটা জানাবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** ১৯৭৩ সাল থেকে তারা প্রতি বছর নোটিশ দিয়ে আসছেন যে আমরা পরের বছর থেকে চলে যেতে চাই এবং ১৯৮০ সালে নুতন সরকার দিল্লিতে প্রতিষ্ঠিত হবার পরে তাদের জিদ চেপে যায় যে এই বছরের মধ্যে নিতে হবে। তারা এই বিষয়ে একেবারেই জিদ করেন। তার পর পশ্চিমবঙ্গ সরকারকে সেই জিদে রাজি হতে হয়। কারণ তারা নোটিশ দিয়ে কন্ট্রাক্ট টার্মিনেট করেছে। এখন পর্যন্ত তাদের সঙ্গে আর কোনও কন্ট্রাক্ট নেই। এই অবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের একমাত্র কর্তব্য হচ্ছে যে যাদের দায়িত্ব অন্য লোকেরা নিচ্ছে না, ফেলে দিচ্ছে, তাদের তুলে নেওয়া।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এফ. সি. আই.-এর দায়িত্ব ভার রাজ্য সরকার যদি গ্রহণ করেন তাহলে আমাদের এই রাজ্যের খাদ্য সংগ্রহ এবং বিলি বন্টন ব্যবস্থার উন্নতি হবে বলে আপনি মনে করেন কি?

**Mr. Speaker :** If you want I can request the Minister to make a statement on FCI.

**Shri Sudhin Kumar :** I understand that there is a Calling Attention Notice on this matter and I am prepared to make a statement. I have already indicated that.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ৬০ কোটি টাকা স্টেট গভর্নমেন্ট ইনভেস্ট করবে। তাহলে সেই সময়ে রিজার্ভ ব্যাঙ্ক বা সেন্ট্রাল গভর্নমেন্ট কত টাকা দেবে সেটা জানাবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** সমদেয় টাকা রিজার্ভ ব্যাঙ্কের কনসেন্ট নিয়ে তারা স্টেট ব্যাঙ্কের মাধ্যমে রুট করবে।

### আলুর বাজার দর

***৩৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলুর বাজার দর যাতে বারমাস সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে তার জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন, গত বছর আলুর দাম মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছিল? এবং এবারে যদি সেরকম হয় তাহলে তাকে রোধ করবার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করার কথা কি তিনি চিন্তা করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সে অবস্থা যদি হয়, তাহলে রাজ্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা নেওয়ার কথা চিন্তা করবে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আলুর দর নিয়ন্ত্রণ করার জন্য কোনও আইন আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কোনও আইন নেই, জনসাধারণের চাহিদা এবং আমাদের সদিচ্ছা, এই দুটি মিলিয়ে কোনও ব্যবস্থা নিতে হবে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, আলুর বাজার দর ঠিক রাখবার জন্য কোনও আইন তৈরি করবার পরিকল্পনা কি সরকারের আছে?

(নো-রিপ্লাই)

### কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় বাৎসরিক ব্যয়

***৩৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৫।) **শ্রী সন্দীপ দাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা-রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় বছরে গড়ে কত ব্যয় হয়ে থাকে ; এবং

(খ) তার মধ্যে শতকরা কত ভাগ ডিজেলের জন্য ব্যয় হয়?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) টাঃ ২৩.২৬ কোটি। (গত চার বছরের গড় হিসাবে ১৯৭৬-৭৭ থেকে ১৯৭৯-৮০ পর্যন্ত)।

(খ) ৮.৯৯।

### Steps taken to expand the crude edible oil refining capacity in the State

***373.** (Admitted question No. *1772.) **Dr. Motahar Hossain and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to expand the crude edible oil refining capacity in the State, and

(b) if so, what success has been achieved in the matter in the

[17th March, 1981]

Private and Public Sectors during the tenure of the present Government ?

**Shri Sudhin Kumar :**

(a) Yes.

(b) In the private sector the total capacity available for refining imported edible oils has increased from 4,350 M.T. per month in 1978 to 6,400 M.T. per month in 1981.

In the public sector, the setting up of an edible oil refinery plant with a refining capacity of 2,500 M.T. per month under current plan has been sanctioned.

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এখানে যেটা ক্যাপাসিটি, সেটা টোটাল রিকোয়ারমেন্টের কত পারসেন্ট?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের যা টোটাল রিকোয়ারমেন্ট তা রেপসিড অয়েল দিয়ে ভর্তি করা হয় না, রেপসিড অয়েল তার একটা সামান্য অংশমাত্র। তবুও যে পরিমাণ এই তেল আমরা পাই তার সবটা এখনও পর্যন্ত আমাদের রাজ্যে রিফাইন করা সম্ভব হচ্ছে না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** তাহলে কি কিছুটা আন-রিফাইন-ই ডিস্ট্রিবিউট করা হয়?

**শ্রী সুধীন কুমার ঃ** না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় বললেন এখানে পাবলিক সেক্টরে একটা রিফাইনারি প্ল্যান্ট হবে এবং সেখানে ২,৫০০ মেট্রিক টন তেল রিফাইন করা হবে ; এটা কোথায় হবে?

**শ্রী সুধীন কুমার ঃ** কলকাতার উপকণ্ঠে হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই প্রকল্পে কত টাকা খরচ হবে এবং এর কাজ কবে শেষ হবে?

**শ্রী সুধীন কুমার ঃ** আই ওয়ান্ট নোটিশ।

**পশ্চিমবঙ্গে আখের উৎপাদন**

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৯।) **শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে (১৯৮১) পশ্চিমবঙ্গে আখের উৎপাদন কত হবে বলে আশা করা যায় ; এবং

(খ) আখের উৎপাদন বাড়াবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮১ সালে পশ্চিমবঙ্গে আনুমানিক ১৮ লক্ষ মেট্রিক টন আখ উৎপন্ন হবে বলে আশা করা যায়।

(খ) হ্যাঁ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি জানেন, আখের বিপণনের সমস্যা আছে, সেই সমস্যার সমাধানের কোনও চিন্তা করেছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** দুঃখের বিষয় সবাই এই প্রশ্ন আমাকে করেন। কিন্তু বিপণনের যে ব্যাপারটা এটা কৃষি দপ্তরের অধীনে আসে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে পরিকল্পনার কথা বললেন সেই পরিকল্পনা কি পরিকল্পনা এবং কোন কোন এলাকায় পরিকল্পনার কাজ হাতে নিয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ১নং হচ্ছে, উন্নত বীজকে রোগমুক্ত করে আখের বীজের যাতে প্রসার লাভ করে সেটা দেখা এবং ২নং হচ্ছে, নিরোগ বীজের প্রদর্শনী করে উৎসাহ দেওয়া হচ্ছে এবং এই রকম ১ হাজারের উপর প্রদর্শনী ক্ষেত্র করা হয়েছে। ৩ নম্বর হচ্ছে, আখ চাষ করবার জন্য এই রকম প্রদর্শনী ক্ষেত্র করা হয়েছে কারণ যারা আখ চাষ করবে তারা যাতে সুস্থ আখ চাষ করতে পারে তারজন্য এগুলি আমরা করেছি এবং এটা আমরা বীরভূম, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার উপর জোর দিয়েছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি স্পেসিফিকালি জানতে চাইছি, বীরভূমে যে চিনিকলটি আছে সেটা আখের অভাবের জন্য এই রকম একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে। সেখানে পার্টিকুলারলি এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে কি কি ইনসেন্টিভ দিয়ে আখ চাষ বাড়ানোর ব্যবস্থা করেছেন সেটা কি দয়া করে জানাবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ভাল বীজ এবং ডেমোনেস্ট্রেশন প্লট করে এবং কৃষি লোন দিয়ে চাষ যাতে বাড়ে সেই ব্যবস্থা করেছি কিন্তু ঐ যে বললেন মিলগুলি আখ পাচ্ছে না তার কারণ হচ্ছে মিলগুলি আখের যে দর দেয় আর যারা আখ থেকে গুড় করে ব্যবসা করছে তারা মিলগুলির থেকে বেশি দর দিচ্ছে সেইজন্য আখ চাষীরা তাদেরকে বিক্রি করছে। সেইজন্য চিনি কলের মালিকেরা ওরা যে দর দিচ্ছে তা কিনতে পারছে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমি স্পেসিফিক প্রশ্ন করছি, বীরভূম জেলায় ঐ আহমেদপুর যে কমান্ড এরিয়া সেই কমান্ড এরিয়াতে কত মেট্রিক টন আখ উৎপাদন বাড়ানোর পরিকল্পনা কৃষি দপ্তর থেকে নেওয়া হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এখনই এটা বলতে পারছি না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বর্তমানে ১৮ লক্ষ মেট্রিক টন উৎপাদন হবে আপনি বললেন। কিন্তু আগামী বছরে আপনার লক্ষ্য মাত্রা কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ বছরে ১৮ লক্ষ টন হবে বলে আশা করছি এবং আগামী বছরে ২১ লক্ষ টন হবে বলে আশা করছি।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আজ আমি শ্রী রজনীকান্ত দলুই এবং শ্রী বলাইলাল দাস মহাপাত্র মহাশয়দের কাছ থেকে দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দলুই বি. এম. এস. ডাক্তারদের প্রস্তাবিত গণ পদত্যাগ ও দ্বিতীয় প্রস্তাবে শ্রী দাস মহাপাত্র মেদিনীপুর জেলায় কেন্দ্রীয় গ্রামীণ স্বাস্থ্য স্বেচ্ছাসেবক প্রকল্প অবৈধভাবে রূপায়ণের প্রচেষ্টায় তীব্র বিক্ষোভ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবে উল্লেখিত বিষয়টি কিছু দিন ধরে চলছে। আর দ্বিতীয় প্রস্তাবের বিষয়টি এমন জরুরি ও গুরুত্বপূর্ণ নয় যার জন্য সভার কাজ মুলতুবি রাখা যায়।

তাই আমি দুটি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে ইচ্ছা করলে সদস্য মহাশয়গণ সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—বি. এম. এস. ডাক্তারদের প্রস্তাবিত গণ পদত্যাগ।

ডাক্তারদের বিভিন্ন দাবি নিয়ে পশ্চিমবঙ্গে বেশ কিছু দিন ধরে আন্দোলন চলছে। আই. এম. এ. জানিয়েছেন শীঘ্রই সরকারি ডাক্তাররা এক সাথে গণ পদত্যাগ করবেন। যদি এ রকম ঘটনা ঘটে তাহলে সরকারি হাসপাতালে চিকিৎসার এক দারুন বিভ্রাট ঘটবে ও ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। সাধারণ গরিব মানুষ যারা সরকারি হাসপাতালের উপর নির্ভরশীল তারা সব থেকে বিপদে পড়বে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল—মেদিনীপুর জেলায় কেন্দ্রীয় গ্রামীণ স্বাস্থ্য স্বেচ্ছাসেবা প্রকল্প অবৈধভাবে রূপায়ণের প্রচেষ্টায় তীব্র বিক্ষোভ।

পল্লীর জনসাধারণের স্বাস্থ্য বিষয়ক প্রাথমিক চিকিৎসা সম্পর্কে সাহায্যের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের অর্থ সহায্যে গ্রামাঞ্চলের এক এক জন গ্রামীণ স্বাস্থ্য স্বেচ্ছাসেবক নিযুক্ত করার একটি প্রকল্প পশ্চিমবঙ্গ সরকার রূপায়ণে উদ্যোগী হইয়াছেন। পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশে এই প্রকল্পের জন্য নির্বাচনে গ্রাম পঞ্চায়ত প্রধানদের ইন্টারভিউ কমিটির সদস্য হিসাবে গ্রহণ করা হয় নাই। কিন্তু মেদিনীপুর জেলায় জেলার সভাধিপতির পরামর্শে সি. এম. ও. এইচ. অবৈধভাবে ইন্টারভিউ কমিটিতে প্রত্যেক গ্রাম পঞ্চায়েত প্রধানকে অন্যতম সদস্য হিসাবে প্রার্থী নির্বাচন দায়িত্ব অর্পণ করায় এবং প্রার্থী নির্বাচন সংক্রান্ত ব্যাপারে নানাভাবে বিধিবর্হির্ভূত কার্য সংঘটিত হইতে থাকায় এই প্রকল্প রূপায়ণে দারুণ বিশৃঙ্খলা ও বিক্ষোভ সৃষ্টি হইয়াছে

এবং প্রকল্পটি বাঞ্চাল হওয়ার আশঙ্কা দেখা দিয়াছে, উর্ধ্বতন কতৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিলেও তাহারা নীরব।

এটিকে আমি বলতে চাই যে প্রকল্পটি রাজনৈতিক এবং দলবাজির জন্য উদ্দেশ্য প্রণোদিতভাবে করা হয়েছে। ইন্টারভিউ কমিটিতে যারা নেই তারা এই প্রকল্পটিকে বাঞ্চাল করার জন্য চেষ্টা করছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অবিলম্বে হস্তক্ষেপ না করলে এই বিরাট প্রকল্পটি বাঞ্চাল হয়ে যাবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিটি ব্লকেই স্বেচ্ছাসেবক নিয়োগ করার কথা, কিন্তু দলবাজির জন্য তা করা যাচ্ছে না। অ্যাপয়েন্টমেন্ট কমিটি থেকে এম. এল. এ.-দের বাদ দিয়ে, তাদের না জানিয়ে বাইরে বললে বিপদ, তাই এখানে আপনার কাছে বলছি। আপনারা মাস্ট সিরিয়াস হবেন এ ব্যাপারে।

**মিঃ স্পিকার ঃ** আপনি লিখিতভাবে দেবেন, আমি চিফ মিনিস্টারের কাছে পাঠিয়ে দেব।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ**

আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকষর্ণী নোটিশ পেয়েছি যথা ঃ

১) বেলেঘাটায় উপেন্দ্র মেমোরিয়াল সরকারি হাসপাতাল বন্ধ থাকা—শ্রী বিমলানন্দ মুখার্জি

২) ক্যানেল ওয়েস্ট রোডে কারখানা ও গুদামে অগ্নিকান্ড—শ্রী রজনীকান্ত দলুই

৩) হকার উচ্ছেদ অভিযান—শ্রী রজনীকান্ত দলুই

৪) হাটসমূহের সরকারি অধিগ্রহণ—শ্রী রজনীকান্ত দলুই

৫) কলকাতায় মেয়ে নিখোঁজ হওয়ার ঘটনা শ্রী রজনীকান্ত দলুই

৬) চৌরঙ্গির মধুচক্র—শ্রী রজনীকান্ত দলুই

৭) পানিহাটিতে একই নামে দুটি স্কুল—শ্রী রজনীকান্ত দলুই

৮) বিশ্ববিদ্যালয়ের সেনেট নির্বাচনে এ. বি. টি. এ.-এর যথেচ্ছ ভোটার ফর্ম দেওয়া—শ্রী রজনীকান্ত দলুই

৯) জাল মার্কশিট বিতরণের অভিযোগে মধ্যশিক্ষা পর্ষদের কর্মী গ্রেপ্তার—শ্রী মঃ সোহরাব

১০) নিউজ অফ টেকিং ওভার অফ F.C.I. বাই স্টেট গভর্নমেন্ট—শ্রী লক্ষ্মীচরণ সেন।

আমি নিউজ অফ টেকিং ওভার অফ এফ. সি. আই. বাই স্টেট গভর্নমেন্ট বিষয়ের ওপর শ্রী লক্ষ্মীচরণ সেন কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয়, ওই বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**মিঃ স্পিকার ঃ** (সংযোজিত) মন্ত্রী মহাশয় আজকেই এর জবাব দেবেন। এবার আমি খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে সিমেন্টের অভাবে কংক্রিট পাইপ নির্মাণ কারখানার কাজ বন্ধ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী সুধীন কুমার ঃ** আমি স্টেটমেন্টটা হাউসের টেবিলে লে করে দিচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, একটা পয়েন্ট অব অর্ডার, উনি যা বললেন একটা স্টেটমেন্ট হতে পারে না, এতে কোনও ফ্যাক্ট নেই। উনি বললেন, "যদি কিছু মনে করে থাকেন, যে আমরা ধরে নিচ্ছি, কেন্দ্রীয় সরকার যদি রাজি না হন" ইত্যাদি বললে। কিন্তু স্টেটমেন্ট হতে গেলে সেটা রিগার্ডিং ফ্যাক্ট হতে হবে, এটা কি কখনই একটা স্টেটমেন্ট হতে পারে?

**শ্রী সুধীন কুমার ঃ** স্যার, ইট ইজ নট ম্যাটার অব অপিনিয়ন, ইট ইজ এ ম্যাটার অব ফ্যাক্ট।

## MENTION CASES

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৪/১২/৮০ তারিখে শান্তিদেবী নামে ১৪ বছরের একটি মেয়েকে ৩১ নম্বর সুন্দরীমোহন এভিনিউ থেকে তার বাবার আশ্রয় থেকে ওখানকার কিছু দুবৃত্তলোক নিয়ে যায়। আজ পর্যন্ত তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। গত ১৫/১২/১৯৮০ তারিখে মেয়েটির বাবা বেনিয়াপুকুর থানায় ডায়রি করা সত্ত্বেও পুলিশ কোনও অ্যাকশন নেয়নি। ৮ তারিখে তার বাবা গিয়ে কমপ্লেন করেছিল, বারবার করে বলেছিল কিন্তু ও. সি. কোনও অ্যাকশন নিচ্ছে না। তার পরে শিয়ালদহ কোর্টে ১৯/১২/৮০ তারিখে একটি কেস করা হয়েছিল। কোর্ট থেকে ও. সি. ডি. ডি.-কে বলা হয়েছে ইমিডিয়েট অ্যাকশন নেওয়ার জন্য কিন্তু কিছুই হচ্ছে না। পুলিশ সবই জানে, জানা সত্ত্বেও কোনও ব্যবস্থা তারা নিচ্ছে না। মেয়েটির ছবি আমি আপনাকে দিচ্ছি এবং বাবার একটা অ্যাপ্লিকেশনও আমার কাছে আছে, সেটিও দিচ্ছি। আজকে একটা নাবালিকাকে যদি এই ভাবে অ্যাবডাক্ট করে নিয়ে যাওয়া হয়, এবং পুলিশ যদি সে ব্যাপারে কোনও অ্যাকশন না নেয়, তাহলে আমরা কোথায় বাস করছি? স্যার, দেশে তাহলে আইনশৃঙ্খলা কোথায় আছে? আমি এই ব্যাপারে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, মেয়েটিকে অবিলম্বে উদ্ধার করবার ব্যবস্থা করুন এবং তাঁর বাবার কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করুন। তিনি যেন আরও ব্যবস্থা নেন যে, এই ধরনের ঘটনা আর না ঘটে। পুলিশকে এই ব্যাপারে অবিলম্বে বলুন, তারা টাকা-পয়সা নিয়ে কোনও অ্যাকশন নিচ্ছে না।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা সবাই জানি পশ্চিম দিনাজপুরে বন্দুক লুঠ নিয়ে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। আজকে যেটা পশ্চিম দিনাজপুরের ঘটনা কালকে সেটা পশ্চিমবঙ্গের ঘটনা হতে পারে। এতদিন বন্দুক লুঠের ব্যাপারে সমাজ বিরোধী, নকশাল পার্টির নাম করা হয়েছে। আমাদের সন্দেহ রয়েছে নকশাল পার্টি বন্দুক লুঠ করেছে, না অন্য কারা করেছে। আমার প্রশ্ন বাকি যে কয়টি বন্দুক আছে সেগুলি পুলিশ লুঠ করছে। পুলিশ প্রত্যেক বাড়িতে যাচ্ছে, গিয়ে বলছে বন্দুক আমাদের থানায় জমা দিতে হবে, পশ্চিম দিনাজপুরের মানুষ বন্দুক রাখতে পারবে না। স্যার, বন্দুক লুঠ নিয়ে আমাদের, জনগণের মনে একটা সংশয় দেখা দিয়েছে। কিছুদিন আগে ১৩. ৩ ৮১ তারিখে সামু সোরেন যিনি সি. পি. এম.-এর একজন প্রভাবশালী কর্মী, অঞ্চল সদস্য, তার বাড়ি থেকে ৪টি বন্দুক এবং ১টি রিভলবার উদ্ধার হয়েছে। এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছিলাম যে নকশালের নাম দিয়ে বন্দুক উদ্ধারের যে অভিযান চলছে সেটা সত্য নয়। পশ্চিম দিনাজপুরের মানুষের মনে এই সন্দেহ রয়েছে। সি. পি. এম.-এর যারা প্রভাবশালী কর্মী তারা এই বন্দুক লুঠের সঙ্গে জড়িত আছে। পশ্চিম দিনাজপুরের গঙ্গারামপুরের এম. এল. এ. মহিম সরকারের প্রতিনিধি জীবনকৃষ্ণ চক্রবর্তী এই বন্দুক লুঠের কেসে ধরা পড়েছে। পুলিশ তার বিরুদ্ধে অ্যাকশন নিতে গেলে পুলিশকে সি. পি. এম.-র কর্মীরা ঘেরাও করছে। পুলিশ মন্ত্রীর কাছে আমার আবেদন নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে এই বন্দুক উদ্ধারের অভিযান চালিয়ে পশ্চিম দিনাজপুরের লোককে যেন সন্ত্রাসের হাত থেকে রেহাই দেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নিরীহ গ্রামবাসীদের উপর যে নির্মম মর্মান্তিক অত্যাচার চলছে সেই কাহিনী তুলে ধরছি এবং তার প্রতিকারের জন্য স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ১৬.৩.৮১ তারিখে বেলা ১২ টার সময় কিছু দুষ্কৃতকারী বন্দুক, বল্লম, চৌকি, লাঠি, ছোরা এইসব মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে একযোগে ক্যানিং থানার অন্তর্গত আমতলা গ্রামে এস. ইউ. সি. অধ্যুষিত এলাকা সেখপাড়া, নস্করপাড়া এইসব এলাকার উপর বেপরোয়া আক্রমণ করে, বাড়িতে বাড়িতে আগুন জ্বালিয়ে দেয় এবং বাড়িগুলিতে যথাসর্বস্ব ধান-চাল যা ছিল সব লুঠ করে নেয়, বাড়িগুলি পুড়িয়ে দেয়। মেয়েরা যখন বাধা দিতে যায় তখন তাদের উপর নির্যাতন চালায়।

এই সমস্ত দুস্কৃতকারিরা সি. পি. আই. (এম.) এবং কংগ্রেস (ই) দলভুক্ত। স্যার, আপনি শুনলে অবাক হবেন এই গ্রামে যে পুলিশ ক্যাম্প রয়েছে সেই পুলিশ ক্যাম্পের সামনেই এই ধরনের অত্যাচার চলে এবং দুস্কৃতকারিদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। উপরন্তু এস. ইউ. সি.-র সমর্থক একজন সম্মানিত ব্যক্তি, যাকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনিও চেনেন কলকাতা মাদ্রাসার অবসর প্রাপ্ত লেকচারার শাজেদালি আখনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ কোনও ব্যাপারেই কোনও রকম ব্যবস্থা নিচ্ছে না। এই ব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি এবং অবিলম্বে যাতে ওই সমস্ত দুস্কৃতকারীদের গ্রেপ্তার করে শাস্তি বিধান করা হয়, ওই এলাকায় শান্তি বিরাজ করে এবং ক্ষতিগ্রস্তদের যাতে উপযুক্ত পরিমাণে ক্ষতিপূরণ দেওয়া হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে ব্যক্তিগতভাবে একটা চিঠিও দিয়েছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর ২নং ব্লকের এলাকাধীন ঐতিহাসিক পিছাবনী লবন সত্যাগ্রহ কেন্দ্রে সন্নিকটে অবস্থিত ২৫ শয্যাবিশিষ্ট পিছাবনী এ. জি হাসপাতালটি সরকারি চরম উদাসীনতার ফলে বর্তমানে ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। জনসাধারণের পুনঃ পুনঃ আবেদন সত্ত্বেও এবং টাইলের ছাউনি যুক্ত বাঁশের ছিটে বেড়ায় এই হাসপাতাল গৃহটির অনেকাংশ ধ্বংসে পড়া সত্ত্বেও তার সংস্কারের কোনও ব্যবস্থা হচ্ছে না। এই হাসপাতালে রোগীদের অবস্থান শুধু অনুপযোগীই নয়, বিপজ্জনকও বটে। রান্নাঘরটি অনেকদিন আগেই ভেঙ্গে পড়েছে। বাঁশের ছিটে বেড়া ভেঙ্গে রাত্রে শেয়াল, কুকুর ঘরে ঢুকে বিপদের সৃষ্টি করে। বিছানাপত্র এত নোংরা যে ব্যবহার করা চলে না। খাদ্য যা দেওয়া হয় তা রাস্তার ভিক্ষুককেও দেওয়া যায় না। বিপদে পড়ে রোগীরা এখানে আসে বটে কিন্তু হাসপাতালের এই শোচনীয় অবস্থা দেখে বাধ্য হয়ে তারা ঘরে ফিরে যায়। ১৯৪২ সালের বিধ্বংসী বন্যার সময় ১০০ শয্যাবিশিষ্ট এই হাসপাতালটি তৈরি হয়েছিল। কিন্তু বর্তমানে কমতে কমতে সেই শয্যাসংখ্যা ২৫-এ এসে দাঁড়িয়েছে। এই পিছাবনী লবন সত্যাগ্রহ কেন্দ্র ভারতের স্বাধীনতার ইতিহাসে একটি গৌরবোজ্জ্বল স্থান অধিকার করে আছে। লবন সত্যাগ্রহের সময় হাজার হাজার দেশপ্রেমিক বহু নির্যাতন ভোগ করেছে, কারাবরণ করেছে। স্বাধীনতা সংগ্রামে বহু লোক গুলিতে প্রাণ বিসর্জন দিয়েছে। কাজেই আমি অনুরোধ করছি এই হাসপাতালটির নাম করা হোক "শহিদ সদন"।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জেলা কংগ্রেস কমিটির সদস্য, কংগ্রেস কর্মী তারক সিং-কে গত ১৫ই মার্চ রাত্রে বেহালা পুলিশ তার বাড়ি থেকে ধরে নিয়ে আসে এবং থানা লক আপে কন্সটেবলকে দিয়ে এমন চরম মারধর করে যে তার পা ভেঙ্গে যায়। এই ব্যাপারে স্থানীয় লোকজন যখন প্রতিবাদ করে তখন তাকে বেহালা থানা থেকে সরিয়ে যাদবপুরে নিয়ে যাওয়া হয়। তারপর তাকে স্ট্রেচার করে এস. ডি. জে. এম.-এর কাছে হাজির করা হয়। এস. ডি. জে. এম. অর্ডার সিটে লিখেছেন, ইট ইজ মোস্ট স্ট্রেঞ্জ। একজন আসামীকে লক আপ থেকে প্রডিউস করা হয়েছে, এরকম গুরুতর জখম এবং কোনওরকম অ্যাকাউন্ট ফর করা হয়নি। স্যার, এই তারক সিং—এর ভাইকে কিছুদিন আগে নিউ আলিপুর থানা ধরে নিয়ে যায় এবং পুলিশ লক আপের মধ্যে তাকে মারধর করা হয়। এর বিরুদ্ধে সে কেস করেছে এবং সেই কেস এস. ডি. জে. এম.-এর কাছে পেন্ডিং আছে। তারক সিং এই খবর পেয়েছে যে তার ভাইকে পুলিশ লক আপে ফেলে মারধর করা হয়েছে এবং এই ব্যাপারে তিনি জৈল সিং-কে একটা রিপ্রেজেন্টেশন দিয়েছেন। ঠিক তারপরই রাত্রেতার বাড়িতে আক্রমণ করে পুলিশ তাকে মারতে মারতে নিয়ে যায়। তাকে যখন ওইভাবে মারতে মারতে নিয়ে যায় তখন তারক সিং-এর স্ত্রী আপত্তি করেছিলেন, কেন আপনারা এইভাবে মারধর করছেন? কি হয়েছে ওর বলুন। সে একজন ফ্যাক্টরির মালিক এবং সেই ফ্যাক্টরিতে ৪০ জন লোক কাজ করে। সেই রকম একটা লোককে ওরা এইভাবে মারধোর করছেন এবং শুধু তাই নয় তিনটি মিথ্যা মামলা তার নামে দায়ের করা হয়েছে। তাকে এস. ডি. জে এম.-এর কাছে হাজির করলে সঙ্গে সঙ্গে তিনি তাকে জামিন দিয়েছেন তার অবস্থা দেখে এবং গুরুতরভাবে পুলিশ

তাকে মেরেছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি তার ভাইকে মারার ব্যাপারে একটা চিঠি দিয়েছিলাম মুখ্যমন্ত্রীকে যে পুলিশ অ্যাট্রোসিটি বন্ধ করুন পুলিশ এই সব মারধর করছে তা বন্ধ করুন। আজকে পুলিশের অ্যাট্রোসিটি কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে লক আপে মারধর করছে এ কোন রাজত্বে আছে। স্যার, আপনি আমাকে সময় দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমি বলতে চাচ্ছি পুলিশের এই যে অ্যাট্রোসিটি এটা সকলের নিন্দা করা উচিত এই রকম জঘন্য অত্যাচারের সকলের নিন্দা করা উচিত। আমি মুখ্যমন্ত্রীকে একটা পিটিশন দিয়েছি....

**মিঃ স্পিকার ঃ** আপনি আবার বক্তৃতা আরম্ভ করে দিলেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, পুলিশ এইভাবে অত্যাচার করছে বলতে পারব না।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক দপ্তরের শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন চলতি আর্থিক বৎসরে বামফ্রন্ট সরকার সরকারি কর্মচারিদের প্রাথমিক শিক্ষকদের কর্মচারিদের দু দফা মাগ্গিভাতা দিয়েছেন। প্রাথমিক শিক্ষকরা সেই ভাতা পেয়ে গিয়েছেন। কিন্তু মাধ্যমিক স্তরের শিক্ষক অশিক্ষক কর্মচারিরা গত সেপ্টেম্বর থেকে সেই বাড়তি ভাতা পায়নি গত জানুয়ারি মাসে যে টাকা দেওয়া হয়েছে সেটাও মাধ্যমিক স্তরের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিরা পায়নি। তাই আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে অনতিবিলম্বে অন্য সমস্ত স্তরে যে টাকা পেয়ে গেল মাধ্যমিক স্তরে কেন পেল না সেদিকে যেন দৃষ্টি দেন।

**শ্রী হাবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর এবং পশ্চিমবঙ্গে সর্বত্র সি. পি. এম. গুন্ডারা কিভাবে সন্ত্রাস সৃষ্টি করেছে সেই সম্পর্কে আমি একটা ঘটনার উল্লেখ করছি এবং এর প্রতিকারের জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬ই মার্চ মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার রামপুর গ্রামের শ্রী ফণিভূষণ সরকারের নিরীহ ২৫/২৬ বছরের ছেলেকে সি. পি. এম. কর্মীরা হত্যা করেছে। তাকে এমনভাবে প্রকাশ্য রাজপথে প্রহার করে আহত করেছিল যে সে হাসপাতালে মারা গিয়েছে। আজ পর্যন্ত তার বিরুদ্ধে কেস পর্যন্ত করার সাহস কারও হল না হাসপাতাল থেকে পুলিশ খবর পেয়ে সেই গ্রামে গেল। কিন্তু সি. পি. এম.-এর ভয়ে কেউ সাক্ষী পর্যন্ত দিতে সাহস করল না। সি. পি. এম.-এর লোকেরা সেখানে শাসাচ্ছে, কেউ যদি সাক্ষী দেয় বা কেস করে তাহলে তার ছেলেপুলে কেউ বাঁচবে না। আজকে সেখানে কোনও পুলিশি ব্যবস্থা নেই, ভেঙ্গে পড়েছে। আজকে ঐ এলাকার মানুষ হতাশ হয়ে পড়েছে। সেই জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই অরাজক অবস্থার অবসান ঘটে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বেকার ছেলেরা যাতে কেন্দ্রীয় সরকারি চাকরি এবং কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রিত সংস্থায় চাকরি না পায় সেই জন্য কেন্দ্রীয় সরকার একটা পরিকল্পিত ষড়যন্ত্র করেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর থেকে বিভিন্ন রাজ্যে বিশেষ

করে কেরালা, পশ্চিমবঙ্গ এবং ত্রিপুরায় এই নির্দেশ দেওয়া হয়েছে যে কেন্দ্রীয় সরকারের এবং কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রিত সংস্থায় এই সমস্ত রাজ্যের ছেলেরা যদি চাকরির জন্য আবেদন করে, তদের জন্য যেন বিশেষভাবে পুলিশ ভেরিফিকেশন করা হয়, এই কথা রাজ্য সভায় স্বরাষ্ট্রমন্ত্রী পি. কে. ভেঙ্কটসুব্বাইয়া বলেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জানাতে চাই, কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার বিপক্ষে যে বিভিন্নমুখী ষড়যন্ত্র করছে, তার সঙ্গে এই পশ্চিমবাংলার বেকার ছেলেরা যাতে কেন্দ্রীয় সরকারি চাকরি বা কেন্দ্র—নিয়ন্ত্রিত সংস্থায় যাতে চাকরি না করতে পারে তার যে ব্যবস্থা করছেন, এর আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এবং আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে পশ্চিমবাংলার এই বিধানসভার যে ফিলিংস সেটা যেন কেন্দ্রীয় সরকারের কাছে জানানো হয়।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় ভূমি সংস্কার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সোনামুখী থানার অন্তর্গত কোচডিহি মৌজার অসেচ এলাকাগুলি সেচ এলাকা রূপে চিহ্নিত হইয়াছে। ফলে অসেচ এলাকাভুক্ত কৃষক যতটা জমি রাখার অধিকারি তার থেকে কারা বঞ্চিত হচ্ছে এবং সরকার জোর করে কৃষকের জমি অধিগ্রহণের নোটিশ দিচ্ছে। আমি আপনার মাধ্যমে নোটিশ প্রত্যাহারের জন্য দাবি জানাচ্ছি। এই ব্যাপারে তদন্তের ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়কেশ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর দুর্ঘটনার কথা উল্লেখ করছি। গত ১৫ই মার্চ ডোমজুড়ে হাওড়া আমতা রোডের মাঝখানে একটা লরি দুর্ঘটনা হয়। এই দুর্ঘটনায় চন্দ্রশেখর সিংহ, এবং বিদেশ ভারতী, এই দুজন মারা যান এবং আরও ৪০/৪৫ জন আহত হন। কলকাতা মেডিক্যাল কলেজ, হাওড়া হাসপাতাল এবং এস. এস. কে. এম. হাসপাতালে ১৬ জনকে ভর্তি করা হয়েছে বাকি সকলকে ফার্স্ট এইড দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। যাদের ছেড়ে দেওয়া হয়েছে তাদের মধ্যেও অনেক-এ গুরুতর অসুস্থ থাকা সত্ত্বেও ছেড়ে দেওয়া হয়েছে কারণ হাসপাতালে বেড পাওয়া যায়নি। সেই জন্য তাদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই যে দুর্ঘটনাটা ঘটল—এই সম্বন্ধে আমি আগে এই বিধানসভায় বলেছি যে রাস্তাটাকে চওড়া করা দরকার। শুধু তাই নয়, রাস্তার চারিদিকে গর্ত, খানা, ডোবা হয়ে রয়েছে। অজস্র গাড়ি ঘোড়া সেই রাস্তায় চলে ঐ রকম একটা গর্তে গাড়িটা পড়ে গেলে ব্রেক চাপতে গিয়ে গাড়িটা উল্টে যায়। আর একটা কথা বলতে হচ্ছে, ডোমজুড়ে একটা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে।

এবং এই সম্বন্ধে বিধানসভায় উল্লেখ করেছি যে ঐটা সংস্কার করা দরকার। বিশেষ করে ওখানে একটা অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা দরকার। রাস্তার ধারে প্রাইমারি হেলথ সেন্টার, তার কয়েকটি বেডের ব্যবস্থা নেই। অনবরত অ্যাক্সিডেন্ট হচ্ছে। আশ-পাশের এলাকায় কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। সেদিন দুর্ঘটনার পর রোগীদের নিয়ে গিয়ে দেখা গেল মেডিক্যাল অফিসার ইন চার্জের ঘরে তালা দেওয়া রয়েছে। অন্য ডাক্তারবাবু কোথায় জানা যায়নি। দু একজন নার্সকে শুধু পাওয়া গেল। বাইরের ডাক্তার প্রবোধ পাল, অশোক চ্যাটার্জিকে নিয়ে এসে ব্যবস্থা করা হয়। ওখানকার ডাক্তারদের সহযোগিতা সাহায্য পাওয়া গেল না। ওষুধ

নেই, এমন কি ডেটল পর্যন্ত নেই। এতগুলি লোক আহত হল ডেটল দেবার ব্যবস্থাও নেই, অথচ রাস্তার ধারেই হাসপাতাল। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভবিষ্যতে আর এই রকম ধরনের দুর্ঘটনা না ঘটে তার ব্যবস্থা করুন। অতীতে এই রকম দুর্ঘটনা অনেক বার ঘটে গেছে। আর যারা নিহত হয়েছে তাদের সাহায্য করার জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমি একটি টেলিগ্রাম মারফৎ জানতে পারলাম জলপাইগুড়ি জেলার ফলাকাটা থানার অন্তর্গত বড়াইবাড়ি গ্রামটি ট্রাইবাল অধ্যুষিত এলাকা। সেখানে গত ১২/৩/৮১ তারিখে ভীষণ ঝড় এবং শিলা বৃষ্টি হয়। তার ফলে সেখানকার কৃষকরা ভীষণ ক্ষতিগ্রস্ত হয়। তাদের ঘর বাড়ি ভেঙ্গে যায়। সেখানে অতি শীঘ্র রিলিফের বন্দোবস্ত করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী সুধীনবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটু আগে তিনি বিবৃতি দিলেন পশ্চিমবঙ্গ থেকে এফ. সি. আই. তাদের কাজ কর্ম শেষ করে চলে যেতে চায়। মনে হয় জিনিসটা অত সোজা নয়, জিনিসটা ঠিক নয়। ১৪ই মার্চ যুগান্তর পত্রিকায় একটি সংবাদ বেরিয়েছে। 'খাদ্য নিয়ে সুধীনবাবুর রাজনীতি' লেখক, অনিল ভট্টাচার্য—আমি সবটা পড়ব না, দু একটি অংশ খালি পড়ে দেব। তাতে তিনি বলছেন, 'এফ. সি. আই. নিয়ে কে রাজনীতি করছেন? আমি যদি বলি পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী সুধীন কুমার এর জন্য দায়ী, তাহলে কি অন্যায় বলা হবে?' তারপর বলছেন, "কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এফ. সি. আই.-কে পশ্চিমবঙ্গ থেকে সরিয়ে দেবার রাজনীতিতে সুধীন কুমার নামলেন কেন?' তারপর কার হিসাবে দেখাচ্ছেন—"রাজ্য সরকারের খাদ্য দপ্তরে কো-অর্ডিনেশন কমিটির আধিপত্য এবং এই কো-অর্ডিনেশন কমিটির চাপে এফ. সি. আই. পশ্চিমবঙ্গ থেকে সরে যেতে চান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও দু-একটি কথা বলতে চাই। খাদ্য শস্য সংগ্রহের ব্যাপারে বামফ্রন্ট সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। এখন এফ. সি. আই.-কে পশ্চিমবঙ্গ থেকে সরিয়ে দেবার রাজনীতিতে সুধীনবাবু নেমেছেন। সি. পি. এম. প্রভাবিত কো-অর্ডিনেশন কমিটিকে তোয়াজ করার জন্য সুধীনবাবু এমন একটা অবস্থার সৃষ্টি করছেন যাতে এফ. সি. আই.-এর পক্ষে পশ্চিমবঙ্গে কাজ করা সম্ভব হচ্ছে না। কারণ এফ. সি. আই.-তে যে ডেপুটেশনিস্ট অ্যাশোসিয়েশন আছে তারা কংগ্রেস সমর্থক। এই এফ. সি. আই.-কে পশ্চিমবঙ্গ থেকে তাড়িয়ে দিতে পারলে সুধীনবাবু খুব ভাল করে জানেন এই অ্যাশোসিয়েশনকে ভেঙ্গে দেওয়া যায়। অতএব কংগ্রেস প্রভাবিত ৪/৫ হাজার কর্মীর অ্যাশোসিয়েশন ভেঙ্গে যাবে, এটাই হচ্ছে কো-অর্ডিনেশন কমিটির প্রধান উদ্দেশ্য।

এটাই কো-অর্ডিনেশন কমিটির প্রধান উদ্দেশ্য। স্যার, এফ. সি. আই. একটি কেন্দ্রীয় সংস্থা—খাদশস্য সংগ্রহ এবং বিতরণের কাজটি ১৯৬৬ সাল থেকে রাজ্য সরকার বিনা খরচে এফ. সি. আই-কে দিয়ে করাতে পারছেন। এখন রাজ্য সরকার যদি এই দায়িত্বটি হাতে নেন

তাহলে যে কাজটি এফ. সি. আই. কোটি কোটি টাকা খরচ করে করছেন সেই দায়িত্বটি সম্পূর্ণভাবে সুধীনবাবুর ঘাড়ে পড়বে। এর ফলে রাজ্য সরকারের অনেক দায়-দায়িত্ব বাড়বে। স্যার, আমি মনে করি রাজ্য সরকারের এফ. সি. আই.-কে সরিয়ে দেওয়া সম্পূর্ণ ভুল হবে এবং এটা করলে রাজ্য সরকার একটা অন্যায় কাজ করবেন। এই বিষয়টির প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে কংগ্রেস বেঞ্চ থেকে আইনশৃঙ্খলার কথা শুনছিলাম, আমি আপনার মাধ্যমে এখানে একটি ঘটনার কথা উল্লেখ করছি। স্যার, মধ্যমগ্রাম থানার অন্তর্গত দোহারিয়া গ্রামে, যেখানে অধিকাংশই মুসলমান সম্প্রদায়ের বাস, সেখানে গত ৬ তারিখে থেকে একদল সমাজবিরোধী কংগ্রেস (ই)-র নাম করে ক্রমাগত বোমাবাজি করছে এবং সেই অঞ্চলের লোকদের মারধোর করছে। স্যার, তাদের নাম হচ্ছে, সুশীল, রতন, বিমল, সীতা। পুলিশ সেখানে নিষ্ক্রিয়, সেই থানার পুলিশ তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা অবলম্বন করছেন না। স্যার, কংগ্রেস (ই)-র পক্ষ থেকে এখানে আইনশৃঙ্খলার কথা বলা হচ্ছে অথচ এই ঘটনা ঘটছে। আমি এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, এইভাবে সমাজবিরোধী—বিমল, সীতা, রতন, সুশীল-এরা কয়েকদিন আগে গ্রেপ্তার হয়েছিলেন। এরা সেখানে সমস্ত সমাজবিরোধী কাজের সঙ্গে জড়িত। আমার দাবি, অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিদিনকার একটি যন্ত্রণার কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, কালকে আমি বিধানসভায় আসতে পারিনি কারণ বনগাঁ লাইনে ট্রেন চলেনি এটা শুধু কালকে নয়, প্রতিদিনকার ঘটনাই এটা। লোকে অফিসে পর্যন্ত যেতে পারেন না। আমি জানি না কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এরজন্য কোনও প্রিভিলেজ মোশন আনা যায় কিনা। এমনিতে বিধানসভায় ট্রাম, বাসের কথা শুনছি, যন্ত্রণা আছে কিন্তু ট্রেন না চললে সব কিছু অচল হয়ে যায়। তারা ভাড়া বাড়াবেন অথচ সুবিধা বাড়াবেন না, এমন কি ট্রেনও চালাবেন না এটা কি রকমের কথা? কেন ট্রেন চলছে না সেকথা কেউ বলতে পারেন না। স্যার, আমরা বিধানসভায় পর্যন্ত আসতে পারছি না, তাই স্যার আপনাকে বলছি, আপনি আমাদের পক্ষ থেকে তাদের জিজ্ঞাসা করুন ট্রেন তারা চালাবেন কিনা এবং না চালালে কেন তারা চালাবেন না। এ ব্যাপারে স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তরুন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৫ই মার্চ দুর্গাপুরে আই. টি. আই.-এর ছাত্রসংসদের নির্বাচনে এস. এফ. আই. বিপুল ভাবে জয়ী হওয়ায় ছাত্র পরিষদের কিছু ছেলে যারা জয়ী হয়েছে সেই ছেলেদের মধ্যে দুজনকে দুর্গাপুর স্টেশনে প্রচন্ডভাবে মারধোর করে। স্যার, গত ১১ই মার্চ রাষ্ট্রায়াত্ত শিল্পে যে ধর্মঘট হয় তাতে এম. এম. টি. সি. যেখানে ওয়ার্কমেন ৫ হাজার দুই এবং স্ট্রাইক করেছেন ৩ হাজার ৯৪২ সেখানে মরিয়া হয়ে তাদের আক্রমণ করে এবং ৪০ জন আহত হয়। এখনও ১৪/১৫ জন লোক হাসপাতালে আছে। তিন জনের অবস্থা গুরুতর, পি. জি. হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আবার

১৫ই মার্চ রাত্রি ৮.৩০ মিনিটের সময় আই. টি. আই. হোস্টেলে যখন ছাত্ররা ক্যান্টিনে খেতে যাচ্ছিল, সেই সময় পরপর ৩টি বোমাবাজি করে ছাত্রপরিষদের ছেলেরা এস. এফ. আই.-এর ছাত্রদের মারধর করার চেষ্টা করে। দুর্গাপুরে এগুলি সুপরিকল্পিত ভাবে করা হচ্ছে। তারা যে সব গুন্ডা খাটাচ্ছেন তাদের সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ত্রিলোচন মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বীরভূম জেলার রামপুরহাট মহকুমা হাসপাতালে ১৯৭৯-৮০ সালে ১১ লক্ষ টাকার লোকাল পারচেজ করা হয়। কিন্তু সেখানে রুগীদের মধ্যে পথ্য বন্টনের ক্ষেত্রে অব্যবস্থা দেখা দেয়। ফলে সেখানে জনসাধারণের মধ্যে এই নিয়ে একটা বিক্ষোভ দেখা দেয় এবং ডাক্তাররাও এর বিরুদ্ধে অনেক প্রতিবাদ করেন। সে জন্য সেখানে একটা ডাক্তারদলকে ট্রান্সফার করা হয়েছে। আমি অনুরোধ করব যে এখনই বদলিটা বন্ধ করে সেখানে উচ্চ পর্যায়ের একটা তদন্ত করা হোক এই সমস্ত দুর্নীতির ব্যাপারে এবং সেখানকার জনসাধারণ যাতে উপস্থিত থাকতে পারেন তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় সিমেন্টের অভাবে বিভিন্ন ডেভেলপমেন্টের কাজ ব্যাহত হচ্ছে। এছাড়া সাধারণ নাগরিক যারা আছেন এবং যে সমস্ত বিদ্যালয়, মহাবিদ্যালয়ের কাজ রয়েছে সেগুলি করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। সুতরাং আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এসেন্সিয়াল কমিউনিটিজ সাপ্লাই কর্পোরেশন যেটা রয়েছে, তার মাধ্যমে বাঁকুড়া জেলার বরাদ্দ যে সিমেন্টের কোটা সেটা অবিলম্বে সেখানে পাঠানোর ব্যবস্থা করা হয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটা ভাল কথা বলতে চাই। আপনি জানেন যে পশ্চিম দিনাজপুর জেলায় শিল্প কারখানা বলে কিছু নেই। সেখানকার মফঃস্বলে কৃষক, মজদুর যারা রয়েছে তারা প্রধানত কৃষিকার্যের উপর নির্ভরশীল এবং কৃষিকার্যের মাধ্যমে তারা জীবিকা নির্বাহ করে। বর্তমানে ফসলের মরশুম শেষ হয়ে গেছে। সেখানে অন্যান্য কৃষি সংক্রান্ত কাজের কোনও অবকাশ নেই। সেই দিক থেকে এই সমস্ত বিরাট সংখ্যক কৃষি মজুররা কোনও রকম কাজ পাচ্ছে না। ফলে এরা আজকে কাজের অভাবে না খেয়ে অর্ধাহারে দিন কাটাচ্ছে। কাজেই আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে অবিলম্বে এই কৃষি মজদুরদের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে যাতে তাদের কাজের ব্যবস্থা করা যায় এবং এই বিরাট সংখ্যক কৃষি মজদুর যাতে বাঁচতে পারে তার জন্য ব্যবস্থা করা হয়।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পৌর নির্বাচন হবে বলে তিনি ঘোষণা করেছেন এবং ৩১শে মার্চ থেকে ৪ঠা এপ্রিল পর্যন্ত নমিনেশন ফাইলের ডেট ঘোষণা করেছেন।

পৌর নির্বাচনে যে নির্বাচনী প্রতীক বন্টনের ব্যবস্থা করেছেন তাতে যারা ন্যাশনাল পার্টি তাদের জন্য প্রতীক সংরক্ষণের ব্যবস্থা করেছেন। কিন্তু ইলেকশনে রাজ্য পার্টিগুলি, অন্য রাজ্য স্বীকৃত পার্টিগুলি এবং রেজিস্ট্রারড পার্টিগুলি বিধানসভা এবং লোকসভায় যে প্রেফারেন্স পায়, এখানে ইলেকশন রুল অনুযায়ী, সেই প্রেফারেন্স আমরা পাচ্ছি না। যাতে প্রতীক বন্টনে অসুবিধা না হয়, আমরা যেন আমাদের সুবিধা মতো প্রার্থীকে প্রতীক দিতে পারি। আমাদের মতো ছোট ছোট পার্টি—এস. ইউ. সি. পার্টি, মুসলিম লিগ এবং অন্যান্য ছোট যে সমস্ত পার্টি আছে, বা বামফ্রন্টের মধ্যে যারা ছোট পার্টি আছে বিধানসভায়, তারা একটা রিজার্ভেশন পায় প্রতীক বন্টনের ক্ষেত্রে। এখানে আমরা পাব না কেন পৌর নির্বাচনে? কাজেই এই বিষয়টি মাননীয় পৌর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর সুষ্ঠু নিরপেক্ষ পৌর নির্বাচনের স্বার্থে অনুরোধ করব যে তিনি যেন একটা সর্বদলীয় মিটিং ডাকেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, তিনি যেন সুষ্ঠু নিরপেক্ষ পৌর নির্বাচনের জন্য একটা সর্বদলীয় মিটিং ডাকেন এবং প্রতীক বন্টনের ব্যাপারে যাতে সকলের সুবিধা হয় তার ব্যবস্থা করেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি প্রিভিলেজ মোশনের নোটিশ দিয়েছি। আমি সেদিন এই সভায় উল্লেখ করেছিলাম যে, কল্লোল মুখার্জি যখন মন্ত্রী শ্রী ভক্তিভূষণ মন্ডলের সঙ্গে কথা-বার্তা বলছিলেন তখন তাকে একটি মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েক দিন আগে এ ব্যাপারে মাননীয় সদস্য শ্রী বামাপদ মুখার্জি এখানে একটা স্টেটমেন্ট করেছিলেন যে, কল্লোল মুখার্জি তিন চারটি মাডার কেসের আসামী, কিন্তু সে আমাকে আজকে চিঠি দিয়ে জানিয়েছে যে, তার বিরুদ্ধে কোনও কেস নেই। সুতরাং আমি বলছি এই ব্যাপারে ইচ্ছাকৃতভাবে অসত্য স্টেটমেন্ট করা হয়েছে। এটাই আমি আপনার মাধ্যমে হাউসকে জানাচ্ছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, ঐ ভাবে যদি অসত্য ভাষণ দিয়ে হাউসকে মিস লিড করা হয় তাহলে আমাদের পক্ষে খুবই অসুবিধা হয়। স্যার, এ বিষয়ে আপনার কাছে প্রিভিলেজের নোটিশ দেওয়া হয়েছে, আমি আপনার কাছে রুলিং চাইছি। আপনি এ বিষয়ে একটা রুলিং দিন।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি নিশ্চয়ই রুলিং দেব, কিন্তু এখনই দিতে পারব না, নোটিশটি আমাকে দেখবার সময় দিতে হবে।

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 26

### Major Head : 260—Fire Protection and Control

**Shri Prasanta Kumar Sur :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 3,00,82,000 be granted for expenditure under Demand No. 26, Major Head :" "260—Fire Protection and Control".

## Demand No. 74

## Major Head : 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)

**Shri Prasant Kumar Sur :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 40,45,25,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "Major Head : 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)".

**Mr. Speaker, Sir,**

On the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 40,45,25,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "Major Head : 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)" for the year 1981-82.

With your permission, Sir, I would like to take the opportunity of apprising the House of the activities of the Department of Local Government and Urban Development during the year 1980-81 and what the Government proposes to do in course of the next financial year.

Sir, in 1977 the number of municipalities in the State was only 100 including the Corporation of Calcutta. This is by no means adequate so far as the potentiality of urbanisation in the State is concerned. New areas have got to be identified and urbanisation programme taken up in right earnest in the growth centres all over the State. The present Government is fully aware of this problem. We have taken steps to establish municipalities in most of the important growth centres. In the course of last three years we have already constituted five municipalities, namely, Jadavpur, Habra, Beldanga, Islampur and Jhargram Municipalities and one Notified Area Authority, namely, Gayeshpur Notified Area Authority and made significant progress in he process of constituting reveal other local bodies. For example, steps have been initiated for setting up Municipalities at subdivisional headquarters, namely, Diamond Harbour in 24-Parganas district and Uluberia in Howrah district.

Action is also being taken to convert the four Town Committees of Mathabhanga, Mekliganj, Tufanganj and Haldibari in the district of Cooch Behar into full-fledged municipalities under the provisions of Bengal Municipal Act, 1932.

Considerable progress has been made in the endeavour to convert the Notified Area Authorities of Kalyani, Durgapur and Sainthia into

full-fledged municipalities under the provisions of the Bengal Municipal Act, 1932. A Notified Area Authority for each of the following areas is also going to be established soon :

(a) Haldia ... Midnapore district.

(b) Mirik ... Darjeeling district.

(c) Kulti-Barakar ... Burdwan district.

(d) Neamatpur ... Burdwan district.

(e) Burnpur ... Burdwan district.

(f) Disergarh ... Burdwan district.

In most of the cases formal constitution of local bodies had to be deferred because of the current census operations.

As the Hon'ble members are well aware the first thing we did on our assuming charge was to make a move towards restoring democracy in the office of the Board of Commissioners of the suspended municipalities. Superseded local bodies as our repeated attempts to hold elections did not materialise. It is a matter of regret that local bodies have been under supersession or have been functioning with representatives whose normal terms expired long ago. Accordingly we had decided to hold elections to the urban local bodies as early as possible in he interest of democratic functioning of the local bodies. Unfortunately, the elections had to be postponed thrice because of factors beyond our control. The entire economy of West Bengal was put to disarray be flood in 1978. The grim natural calamity of 1978 did not spare towns and cities and therefore elections could not be held that year. Municipal election was scheduled to be held in December, 1979. But owing to the parliamentary election in January, 1980, the decision to hold the municipal election had to be deferred. Again a decision was taken to hold the municipal election in 90 municipalities in the first week of January, 1981. But due to the census operations undertaken during 1981 and at the intervention of the Central Government the municipal elections had to be postponed. It has now been decided that the postponed elections be held on the 31st May, 1981. I am surprised to know that the party ruling at the Centre is opposed to holding election. It is said that they "will oppose the election tooth and nail". The preparation of the municipal electoral roll on the basis of the minimum voting age of 18 has been completed in respect of 90 municipalities for which the entire expenditure has been borne by government. For holding elections to Calcutta Corporation, electoral roll on the basis of the minimum voting age of 18 have been prepared. In the Corporation of Calcutta election

of councillors will be held after the Calcutta Municipal Corporation Bill, 1980, enters the Study Book.

There is no denying the fact that the local Government should be supported by an adequate financial arrangement with sufficient revenues of its own. He has been felt necessary to place the municipalities on a sound financial footing by rationalising the pattern of levy and assessment of municipal tax and empowering the municipalities to levy advertisement tax by amending the Act Reduction in Government control over the administration of the municipalities was felt an imperative necessity and especially keeping in view the popular demand for decentralisation of power. The restrictive provisions of the existing law have put a serious strain on the local bodies. For this purpose Bengal Municipal (Amendment) Bill, 1980, involving comprehensive amendments was passed in April, 1980 by the Assembly after scrutiny by a Select Committee. The Bill has just received the President's assent and the provisions of the Act will be implemented shortly.

The Calcutta Municipal Corporation Bill, 1980, is awaiting the assent of the President of India. The object in preparing a new comprehensive Bill has been to make sweeping changes in the existing Calcutta Municipal Act, 1951, so the new Act can respond to the complexities of municipal administration in the next 25-30 years. In the Bill necessary radical changes have been made on Chapters on 'Constitution', 'Government' and 'Finance'.

The need for creating a Municipal corporation for Howrah urban area with a view to extending effective civic services to the increasing population therein and also regulating the wide-ranging activities in the field of municipal administration has long been felt. For this purpose, the Howrah Municipal Act 1965, was enacted encompassing the territorial jurisdiction of both Howrah and Bally Municipalities. But this Act did not find favour with the inhabitants of the Bally Municipality and a case was brought before the High Court of Calcutta, as a result of which this Act could not be brought into force. Eventually Howrah Municipal Act, 1965, was repealed in the year 1974. Since then the Government have been contemplating to bring about a legislation creating a Municipal Corporation for Howrah urban area alone. The Howrah Municipal Corporation Bill, 1980, was passed by the West Bengal Legislative Assembly introducing some radical changes in the set-up with the concept of modern urban planning and democratisation of self-Government institutions. The Bill is now under process for obtaining President's assent.

[17th March, 1981]

Mr. Speaker, Sir, the apparent lack of effectiveness of the urban local bodies in development role is mainly due to the fact that their income is consumed by wages and salaries of the staff. The main constraint of majority of the local bodies is their restricted tax base. Many of them have to depend on Property Tax which in the under-developed areas fetch only a meagre revenue as they cannot be assessed at higher rates because of very low rented values. With a view to strengthening these local bodies and removing their defects and deficiencies a Municipal Finance Commission was constituted towards the beginning of 1980 with Dr. Bhabatosh Dutta, Emeritus Professor of Economics, Presidency College, Calcutta as its Chairman.

The Commission has since made considerable headway towards fulfillment of its task. The Commission's recommendations will have far-reaching impact on municipal finance and administration in the State. Its report is expected to be available by the end on 1981.

Besides amendment of the relevant Acts and setting up of the Municipal Finance Commission another important step has been taken for improving the finance of the municipalities. With a view to rationalising valuation and assessment and stopping under valuation of the properties in the municipalities the Central Valuation Board, West Bengal, has been set up in 1979. Its object is to act as a central agency for making valuation of urban lands and buildings on a rational and uniform basis in respect of all municipal bodies in the State. The Board has started functioning. To function efficiently with its programme of valuation of urban lands and buildings in accordances with the provisions of West Bengal Central Valuation Board Act, 1978, the Board would have to work in close co-operation with the municipal bodies. The Board is taking steps to appoint a competent consultant to advise it on a suitable organisation and management structure and on an operational programme for valuation with a national tax basis. The Board had arranged a 3-day Seminar at Digha (December 16-18, 1980) with some Chairmen of municipalities and a few experts on valuation. The idea was to exchange views on the important question of urban development in the context of the financial resources of the municipal bodies and the role of the Central Valuation Board in rationalising and augmenting the municipal revenue from Property tax.

We have also made arrangement for imparting training to the municipal officers with the objective to orient these municipal officers to the need for efficient management of municipal functions with special emphasis on the problems of small and medium towns. A training course

on municipal management was arranged at the Orientation and Study Centre, Kalyani, for two weeks from 2nd February to 14th February, 1981.

The system of administration under the Bengal Municipal Act through the Divisional Commissioners and the District Officers has long been proved inadequate in view of pre-occupations of the District Officers with matters of general administration. For the purpose of closer supervision of development schemes and for bringing about infrastructural in the functioning of the local bodes a Directorate of Local Bodies was set up in 1978 with its headquarters at the Salt Lake City. The Directorate has by now enlarged its activities. With effect from 1st January, 1981, a Director of Local Bodies has been appointed under section 544A of the Bengal Municipal Act, 1932. The State Government has delegated with effect from the 1st January, 1981, its major powers under the Bengal Municipal Act, 1932, to the Director of Local Bodies relieving the Divisional Commissioners of their day to day responsibilities in the matter of municipal administration. To give technical advice in framing development schemes by the local bodies an Engineering Wing under this Department was set up in 1978. This Engineering Wing has been converted into a full-fledged Engineering Directorate, with the object of providing adequate technical assistance to the municipalities in the formulation and execution of development schemes and projects The strength of the Directorate will be progressively increased so that one Engineer can be deputed to every municipality The thrust on our future programme would be to involve the local bodies very closely and actively in project implementation and to the maximum extent possible in project formulation. The Municipal Engineering Directorate will provide technical support to the municipalities in the planning and execution of development projects. This radical change in the mode of execution of development schemes will be a landmark in municipal administration.

Mr. Speaker, Sir, mere legislation and evolving a uniform system of valuation by setting up the Central Valuation Board will not be sufficient to put the municipalities on a sound financial footing unless a suitable administrative infrastructure for their day to day functioning as well as for implementation of the projects is provided to them. For this purpose one Executive Officer, one Finance Officer and one Engineer and a Health Officer will be deputed to each of the municipalities at the expense of the Government and necessary steps are being taken for appointment of such officers to the municipalities in a phased manner We have already requested the Home (PAR) Department to enlarge the cadre strength of the WBCS Officers in order that Executive Off.

may be posted to each municipality from the WBCS cadre. Pending enlargement of the cadre strength of the WBCS Officers, steps are being taken to provide retired WBCS Officers to some of the municipalities. It is expected that in 1981-82 we shall be able to provide Executive Officers to at least 50 major municipalities. Similarly, arrangement is being made for providing a Finance Officer to each of the municipalities and Finance Department have agreed to recruit officers in the West Bengal Audit and Accounts Service for this purpose. Posting of Engineers to the municipalities will be taken up after the present Municipal Engineering Directorate starts functioning fully.

The question of implementation of the recommendations of the Pay Commission for the employees of the Calcutta Corporation and the Pay Review Committee for the other urban local bodies is under active consideration of the Government. A special cell has been opened for scrutinising the recommendations of the Pay Commsission for the employees of the Calcutta Corporation and the Pay Review Committee for the employees of the urban local bodies. Government's decision thereon will be finalised shortly.

A Commission of Inquiry under the Chairmanship of Shri A. N. Banerjee, a retired Judge of the High Court at Calcutta, to enquire into certain allegations of corruption malpractice, favouritism, etc., by the officers and employees of the Corporation of Calcutta, was set up by Government in March, 1979. For want of proper accommodation for the Court Room of the Commission of holding its sittings, the Commission could not start functioning porperly until recently. The Commission had invited, through public notices published in local daily newspapers, memorandum from all concerned 30th April, 1980.

Two preliminary sittings of the Commission were held on the 8th and 9th January, 1981. Those who submitted memorandum have been advised by the Commission to swear affidavits.

The present term of the Commission expires on 31st March, 1981

Because of the inelastic sources of revenue and the low-paying capacity of the rate-payers the local bodies have to depend on Government subvention and grants sanctioned from time to time. In the current year Government has extended to the employees of the urban local bodies 80 per cent of the benefit of the payment of dearness allowance as was sanctioned for the State Government servants. A sum of Rs. 14,53,65,000 has been sanctioned as D.A. Subvention during 1980-81. A sum of Rs. 3.75 crores has been earmarked for payment to the Calcutta

Corporation for maintenance and improvement of roads during 1980-81. Out of this amount a sum of Rs. 3.00 crores has already been paid to the Calcutta Corporation. A sum of Rs. 1.25 crores has also been earmaked for distribution to the municipalities for improvement and maintenance of municipal roads during 1980-81. Out of this amount a sum of Rs. 47.20 lakhs has been alloted to some major municipalities for purchase of 22 road rollers in order to enable them to repair the roads, and a sum for Rs. 65.30 lakhs has been allotted to the remaining municipalities for repair and maintenance of floods. In addition Government has also sanctioned a sum of Rs. 13 lakhs for financial assistance to some urban local bodies in the districts of Murshidabad, Malda, Birbhum and Darjeeling for repair and restoration of their assets damaged by flood or land slides during 1980. Government has also paid share of the proceeds of the entry tax realised under the Entry of Goods into Calcutta Metropolitan Area Act, 1972, to Calcutta Corporation and the municipalities including the Notified Area Authorities. This amount is paid to the local bodies to supplement their revenue. A sum of Rs. 8.31 crores has been earmarked for 1980-81 for this purpose in the case of Calcutta Corporation. Out of this amount a sum of Rs. 6.25 crores has already been paid to the Calcutta Corporation. For the CMDA municipalities and non-CMDA municipalities the amount earmarked for 1980-81 is to the extent of Rs. 5.64 crores and Rs. 2.66 crores respectively. Out of this provision CMDA municipalities have been paid a sum of Rs. 4.35 crores and non-CMDA municipalities have been paid Rs. 2.00 crores approximately. Government has also paid a sum of Rs. 7.39 lakhs approximately to the Election Authorities of municipalities during the year 1980-81 to enable them to meet the cost of preparation and publication of the electoral rolls in connection with the ensuing elections of the municipalities.

Sir, let me now give you a short resume of the development schemes undertaken by this Department during the year 1980-81.

This year also Government has continued its programme of giving liberal financial assistance to the urban local bodies for implementation of their development schemes which privies into sanitary latrines and construction of Community Halls and Commercial Estates within municipal areas. A sum of Rs. 3.50 crores has been earmarked for giving financial assistance to the municipalities for implementation of the aforesaid schemes.

Mr. Speaker, Sir, for overall development of urban areas, the selective, and nearly monocentric approach to urban planning with em-

phasis on developing the metropolitan city only has to be discouraged. It is felt necessary to lay emphasis on increasing the rate of growth of small and medium towns so as to enable them to act as growth and service centres for the rural hinterland and to reduce the rate of migration to Calcutta. For this purpose, a new Centrally Sponsored Scheme—Development of Small and Medium Towns—has been taken up during the current year. The idea is to increase the investments on the provisions of infrastructure and other essential facilities in small and medium towns. Project reports in respect of two towns, viz., Kharagpur and Krishnagar have been sent to Government of India of according approval to the projects. Project reports in respect of four towns, namely, Cooch Behar, Bankura, Purulia and Berhampore are under preparation. In the second phase six more towns, namely, Suri, Midnapur, English Bazar, Balurghat, Darjeeling and Jalpaiguri will be taken up for integrated development. We have also taken a decision to develop 10 to 15 towns other than District Towns. Central assistance will be provided in the form of loan to extent of 50 per cent of the cost of the projects in suitable instalments, subject to a maximum of Rs. 40 lakhs per town. The balance amount of the cost of the projects will be provided from the Plan resources of the State as grant.

We have also taken a decision to revive the Calcutta Metropolitan Water supply Authority and to entrust this authority with the maintenance of all water supply installations in urban areas of West Bengal. The Calcutta Metropolitan Water Supply Authority will be give all maintenance works in the beginning and progressively asked to take over capital works. This decision has been taken to bring about a radical change in the mode of execution and maintenance of water supply as well as drainage schemes in urban areas of the State. Enactment of a new law for this purpose will be necessary.

We have also taken steps for obtaining institutional finance from the LIC for implementation of a number of water supply schemes in different municipal areas. Already a sum of Rs. 55 lakhs has been sanctioned by LIC to Asansol Municipality for execution of the comprehensive water supply scheme at Asansol.

We have also decided to take up a scheme for improvement of bustee areas in municipal towns outside CMD in phases.

LIC has recently agreed to finance four more schemes on matching basis and negotiation with LIC is in progress in respect of two other schemes.

There are 218 urban refugee colonies—both Government sponsored and squatters duly recognised by Government—in 66 municipalities. Certain assets have been created in these colonies with funds provided by the Refugee Relief and Rehabilitation Department. In future some more assets may be created with funds to be provided by the said Department. There is a problem regarding maintenance of these assets. Recently a meeting was held with the heads of these 66 municipalities and in presence of the recommendations of Refugee Relief And Rehabilitation Department it was decided, inter alia, that from now on the assets in these colonies will be transferred and these will be maintained by the concerned municipality.

Mr. Speaker, Sir, mere financial assistance to the municipalities will not be sufficient to have the desired goal of urban development unless a definite strategy is evolved for urban development in the State. For this purpose we have set up a Committee on West Bengal Urban Development strategy. I take this opportunity of apprising the Hon'ble Members of the new strategy we are going to evolve. To appreciate the new strategy it is important to look back on what has been in the post going on the urban planning at the State level.

In the pre-existing trends in urban planning, in the provision of civic facilities or production infrastructure the major emphasis has so long been placed on the Greater Calcutta Area or on a few selected urban centres. These few cases aside, the district towns, on the whole, have been badly neglected.

This selective, and nearly monocentric, approach to urban planning has tended to the both expensive and self-defeating. By making Calcutta overwhelmingly more attractive, say, in the provision of social services or services leading to employment generation, relative to the district towns, this approach has in effect encouraged the migration, or at least commuting of a noticeable section of the district population towards Calcutta. It has, in consequence, become increasingly difficult and expensive to meet a growing demand for facilities ; and additional expenditure has only served to enhance an eventually self-defeating process.

In the new strategy for urban development, we intend reverting this previous trend towards centralisation in urban planning. We intend making expenditure on civic facilities and on production infrastructure in a more balanced way between Calcutta and the district towns.

In the short run, we are adopting a crash programme for the provision of certain minimum civic facilities, such as provision of drink-

ing water, sewerage and drainage, garbage clearance and construction and repair of roads, in all the municipalities and Notified Area Authorities. In providing these facilities special attention is being given to the target group of beneficiaries and choice of technology for the necessary construction works. Wherever possible, these facilities should be so located that the poorer sections of the relevant urban population can get the maximum benefit. Similarly, in the required consturction works, the technology should be, as far as possible, labour-intensive and based on local resources. In the implementation of this crash programme, representatives of the local bodies are being given the major responsibilities. They are to work in co-operation with the relevant officials in formulating and executing the schemes under this programme. In conformity with the above strategy we have taken up a crash programme involving a sum of Rs. 4.00 crores in 1980-81.

In the longer run, urban development cannot, of course, be restricted to the provision of civic facilities only. This decentralisation in urban planning in order to be eventually meaningful, needs to be linked with a corresponding decentralisation in the creation of employment. This linking up however, is related to the more basic issues regarding the behaviour of forces of production in the economy and urban planning in this comprehensive sense requires a crucial co-ordination between the relevant departments of the State Government. We like to add here that if a forward-looking plan for urban development has to be adopted along this line, thee are reasons to believe that because of the decentralised rural development programmes already under implementation by the State Government the block headquarters, along with the existing Municipalities/Notified Area Authorities may also have to be given due attention as newly emerging growth centers.

Mr. Speaker, Sir, I would now like to give you an account of the working of the Corporation of Calcutta. As the time of the House will not permit me to narrate in details the functioning of the Corporation as a whole, I would like to apprise you of the working of only five aspect of its functioning with which the city life is inseparably connected. In the first of these aspects comes the question of supply of drinking water in the city. I am happy to inform you that with completion of Auckland Square Booster Station (which is now on trial run) there has been significant improvement in water supply to southern parts of the city. The total supply from Palta Waterworks has increased to about 160 m.g.d. However, in spite of the increase of total quantum of water supplied, inadequacy of a balanced distribution system is a major bottleneck. After a scientific analysis of the water supply distribution system

steps, are now being taken to lay new pipelines to cover the southern parts of the city Till this is completed certain areas in southern part of the city will continue to depend on tubewells for water supply. The main emphasis is therefore now on improvement of the distribution system. Because most of the water within the city are old and worn out, frequent leakage is another major problem. The Corporation is now trying to assess the requirement through a proper leak detection survey.

The conservancy system in the city has improved considerably mainly due to an augmentation of the fleet strength of the conservancy vehicles The CMDA has taken up the work up the work of construction of 12 Ward Depots which will help in better collection through decentralisation of the collection machinery Other important programme in conservancy are survey and construction of approach road to Bantala, improvement of Calcutta Corporation garages and pilot study by the NEERI. In the next financial year instead of emphasising on procurement of new vehicles steps have been talent to put on road 100 laid up vehicles through a crash programme.

Next comes the question of improvement of the city roads. The State Government will continue to assist the Calcutta Corporation with road grants for maintenance of city roads A sum of Rs. 3.75 crores has been provided in this year's Budget estimate for the purpose. I am happy to inform you that there has been substantial improvement in the conditions of the city road While the emphasis in 1980-81 was mainly on pavements and secondary roads, in the financial year 1981-82 stress would be more on improvement of lanes and bye-lanes, besides the usual maintenance of the arterial roads. Thought there are difficulties in procurement of stone chips and bitumen, comprehensive programme has been drawn up for maintenance of 325 kilometers during the financial year 1981-82, 75 per cent of which will be small roads including lanes/bye-lanes The Calcutta Corporation with the help of CMDA is procuring a central hot mix plant for this purpose.

The Calcutta Corporation has taken up a Rs. 21 crore project for development of four important markets in the city—Manicktala, Gariahat, New Market and the College Street market. The work will take four years to complete and will be entirely self-financing. The Calcutta Corporation has only provided the seed money of Rs. 50 lakhs for initial investment. While every single stal-holder of markets now, will be rehabilitated, additional space would be created for optimum use of the pace of such prime locations. The uses would be commercial, office and low cost hotels The additional space would be allotted on auction

to the higher bidders. Besides being self-financing, this scheme wil generate an additional resource of Rs. 30 lakhs per year. This is considered to be a major venture as together with CIT's market development progammes at Dhakuria and Manicktola it will improve the marketing facilities of the city tremendously.

Calcutta Corporation employ probably the largest number of Harijans in the State. The living conditions of these employees are far from satisfactory. It has been our endeavour to take up a massive housing project for the Harijan employees. Though housing projects were taken up in bits and pieces over the last few years, the magnitude of the problem was such that no significant improvements could be made. However, a comprehensive scheme of Rs. 4 crores have been drawn up for construction of Harijan quarter. A sum of Rs. 5 lakhs have been kept in the budget of financial year 1980-81. This will fetch contribution of Rs. 10 lakhs from the Scheduled Caste and Tribal Welfare Fund of the Central Government.

With your permission, Sir, I shall be so bold as to say that our Government is committed totally to the ideals of democracy. It is not enough for us that governance should be based on the consent of the governed. It is necessary that the people themselves should be involved in the process of governance. All of us here are the elected representatives of the people. It is, therefore, true that in a large sense and on a large canvass the people are participating in the processes of Government. But a more proximate sense of participation is necessary. It will be useful here to cite the analogy of the much quoted dictum that justice should not only be done, but must also be seen to be done. It is, therefore necessary that the people are seen to be governing. This is where the concept of Local Government assumes importance. It is in municipalities and corporations that the people themselves directly attend to their daily needs. It has been our constant endeavour to make all local bodies function of a democratic basis. On three occasions in the past we were frustrated in our attempt to hold local elections. The fault was not ours. We have now decided to hold municipal elections on 31st May, 1981. Through the process of Local Government, with the supervisory role of the State Government reduced to the minimum, we hope to extend to all such conglomerations the benefits of urban development. The task comforting us is a difficult one. We have already accomplished a lot. A lot, however, still remains to be done. But I am optimistic, and I am sure that with the active co-operation of the people who have reposed their trust and confidence in us, we shall complete

our task. It is on this note of optimism that I now commend our budget for the acceptance of this House.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি প্রস্তাব করছি যে, ২৬নং দাবির অধীন "২৬০—অগ্নিনিরোধ ও নিয়ন্ত্রণ" মুখ্য খাতে মোট ৩,০০,৮২,০০০ টাকা ১৯৮১-৮২ সালের বাজেটে বরাদ্দ করা হোক। এই খাতে বরাদ্দ পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থার সাধারণ শাখার ব্যয়ের জন্য নির্ধারিত হয়েছে। এই সংস্থা স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীন। এই সংস্থা অসামরিক প্রতিরক্ষা শাখায় কিছু দমকলকেন্দ্র আছে। তাদের ব্যয়ভার স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তর বহন করে। তজ্জন্য ২৮ নং দাবির অধীন "২৬৫—আদার অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস—III—সিভিল ডিফেন্স নন-প্ল্যান—২—এয়ার রেড প্রিকশন—(বি)—ফায়ার ফাইটিং" খাতে ১৯৮১-৮২ সালের জন্য মোট ২,১১,০৫,০০০ টাকা ব্যয় বরাদ্দের দাবি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় পৃথকভাবে পেশ করবেন।

২। পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থা ১৯৫০ সালে কলকাতা ও তৎপার্শ্ববর্তী অঞ্চলে ৩০টি দমকলকেন্দ্র নিয়ে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দমকল কেন্দ্রের সংখ্যা ৭৩। তন্মধ্যে ৩৯টি সাধারণ শাখার ও ৩৪টি অসামরিক প্রতিরক্ষা শাখার অন্তর্ভুক্ত।

৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইহা সুবিদিত যে অগ্নিকাণ্ডের হাত থেকে মনুষ্যজীবন ও সম্পত্তি রক্ষার মতো গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব দমকলবাহিনীর উপরে ন্যস্ত। আমাদের দেশে গত ৩০ বৎসর যাবৎ সরকারি ও বেসরকারি ক্ষেত্রে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করে যে নব নব অর্থনৈতিক উন্নয়নমূলক কার্যক্রম শুরু হয়েছে, দমকল সেই কার্যক্রমের একটি অপরিহার্য অংশ। কেন্দ্রীয় ও রাজ্য সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা ও কর্মসূচি ফলস্বরূপ জাতীয় অর্থনীতি শক্তিশালী হয়েছে। এই পটভূমিকায় দেশের আগামী যুগের উন্নয়নমূলক কর্মকাণ্ডে অগ্নিনির্বাপণ সংস্থার একটি প্রধান ভূমিকা থাকা উচিত। নতুবা দীর্ঘকালব্যাপী প্রচেষ্টার ফলে সৃষ্ট জাতীয় সম্পদ মুহূর্তকালের অগ্নিকাণ্ডে ধ্বংসপ্রাপ্ত হওয়ার সম্ভাবনা থাকে।

৪। ১৯৭৭ সালে ক্ষমতায় অধিষ্ঠিত হবার পরেই বামফ্রন্ট সরকার দমকলবাহিনীকে দৃঢ়ভিত্তিতে পুনর্গঠনের নিমিত্ত নূতন উদ্যমে ব্যবস্থাদি গ্রহণ করতে আরম্ভ করে। মাননীয় সদস্যগণ জানেন যে, জনবল ও সাজসরঞ্জাম ইত্যাদির দিক থেকে বিবেচনা করলে দমকলবাহিনী খুবই অসুবিধাজনক অবস্থায় রয়েছে। সাধারণ মানদণ্ডে বিচার করলেও এই সংস্থা বর্তমানে অগ্নিনিবারণ ও অগ্নিনির্বাপণ—এই উভয়বিধ কার্যে সম্পূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম নয়। অধিকন্তু, শিল্প উন্নয়ন ও শহরাঞ্চলের কর্মবিস্তৃতির সঙ্গে সঙ্গে অগ্নিকাণ্ডের আশঙ্কা ক্রমশ তীব্রতর আকার ধারণ করছে এবং এর বিরুদ্ধে উপযুক্ত প্রতিরোধক ব্যবস্থাদি অবলম্বন করতে হ'লে সার্বিক প্রচেষ্টার প্রয়োজন। আমরা অবশ্য অর্থনৈতিক কৃচ্ছ্রতা সত্ত্বেও সীমাবদ্ধ ক্ষেত্রে দমকলের সংগঠন ও প্রশাসনিক ব্যবস্থার ঈপ্সিত উৎকর্ষ আনয়নের জন্য কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছি।

৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থার নানাবিধ অসম্পূর্ণতা ও ত্রুটিবিচ্যুতি আছে। ১৯৫০ সালের পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থা আইন অনুযায়ী লাইসেন্স ফি সরকারি আয়ের একটি প্রধান সূত্র হ'লেও এর আদায় খুবই অপ্রতুল। অত্যাধুনিক যন্ত্রপাতি ও সাজসরঞ্জামের অভাব, বহুল ব্যবহৃত যন্ত্রপাতির জীর্ণ অবস্থা ও উপযুক্ত শিক্ষণপ্রাপ্ত কর্মীর অভাব সমস্যাকে খুবই জটিল ক'রে তুলেছে। কিন্তু আমি পূর্বেই বলেছি যে, আমরা দমকলের বিভিন্ন দুর্বলতা ও অসুবিধা দূরীভূত করার উদ্দেশ্যে একটি বলিষ্ঠ কর্মসূচি, গতিশীল দৃষ্টিভঙ্গি এবং সুচিন্তিত পদ্ধতি নিয়ে অগ্রসর হবার জন্য সংকল্পবদ্ধ।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যোজনা কমিশনের নির্দেশে ১৯৭২-৭৩ সাল থেকে অগ্নিনির্বাপণের বিষয়টি পঞ্চবার্ষিক পরিকল্পনার বাইরে রাখা হ'লেও দমকলের প্রসারণ ও আধুনিকীকরণ—এই উভয় ক্ষেত্রেই উন্নতিবিধানের জন্য আমরা সীমিত আকারেও একটি কর্মসূচি প্রণয়ন করেছি। বাণিজ্যিক ও শিল্পগত গুরুত্ব বিবেচনা ক'রে দমকলকেন্দ্র প্রতিষ্ঠার জন্য উপযুক্ত স্থান নির্বাচনের উদ্দেশ্যে নানাবিধ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরামবাগ, মাথাভাঙ্গা, মেকলিগঞ্জ, বাঁকুড়া প্রভৃতি স্থানে জমি সংগ্রহ করা হয়েছে। মেকলিগঞ্জে ৭.৯১ লক্ষ টাকা ব্যয়ে একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদিত হয়েছে। কয়েকটি ক্ষেত্রে প্রকল্প তৈয়ারির কাজ চলছে। হাওড়াতে একটি নূতন দমকলকেন্দ্র প্রতিষ্ঠাকল্পে জমি ক্রয় করা হয়েছে। সেখানে গৃহনির্মাণের পরে হাওড়ার বর্তমান দমকলকেন্দ্রটি স্থানান্তরিত হবে। ভারতীয় চা সমিতি (ডুয়ার্স শাখা)-র সহযোগিতায় জলপাইগুড়ি জেলার মালবাজারে একটি নূতন দমকলকেন্দ্র নির্মিত হয়েছে। শীঘ্রই উক্ত কেন্দ্রটির উদ্বোধন হবে। হিন্দুস্থান ফারটিলাইজার কর্পোরেশন লিমিটেড-এর সহযোগিতায় হলদিয়াতে একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের সহযোগিতায় হলদিয়াতে আরও একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে এবং আগামী বৎসরে এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে।

৭। বেহালায় একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠা ও পশ্চিমবঙ্গে অগ্নিনির্বাপণ সংস্থার ট্রেনিং স্কুল তথায় স্থানান্তরিত করার উদ্দেশ্যে ১৯৭৯-৮০ সালে ৫.১৬ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল। এই ব্যাপারে হাইকোর্টে একটি মামলা হয় এবং বিষয়টি এখনও বিচারাধীন।

৮। চন্দননগর, খড়গপুর, ভদ্রেশ্বর, লালবাজার ও কালিম্পং দমকলকেন্দ্রের ভাড়াবাড়িগুলি সংগ্রহ করবার জন্য জমি সংগ্রহ আইন অনুসারে বিভিন্ন ব্যবস্থা অবলম্বিত হচ্ছে ; আগামী বৎসরে এ বিষয়গুলির নিষ্পত্তি হবে ব'লে আশা করা যায়। ১৯৩৯ সালের ভারত রক্ষা আইন অনুসারে কতিপয় দমকল কেন্দ্রের বাড়ি অধিগ্রহণ করা হয়েছিল এবং পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) আইন (১৯৫১) অনুসারে এতদিন এই বাড়িগুলি অধিগৃহীত অবস্থায় ছিল। এদের মধ্যে কাঁচড়াপাড়া, গরিফা ও কলকাতার গৌরীবাড়ি লেনের দমকলকেন্দ্রসমূহ সংগ্রহ করা হয়েছে। বাকি কেন্দ্রগুলি সম্বন্ধে ও শীঘ্রই চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। সিউড়িতে একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠা ও মানিকতলায় অগ্নিনির্বাপণ সংস্থার প্রধান কার্যালয় নির্মাণের প্রস্তাবও সরকারের বিবেচনাধীন আছে এবং ক্রমপর্যায়ে কার্যকর করা হবে।

৯। দমকলের প্রসারণের দিকটি বিচার করা ছাড়া, পুরাতন ও জীর্ণ যন্ত্রপাতি ও সাজসরঞ্জামের বদলে নূতন যন্ত্রপাতি ক্রয় ক'রে এই সংস্থার উপযুক্ত দক্ষতা বৃদ্ধি করার

বিষয়টিও সরকারের বিবেচনাধীন। নূতন গাড়ি, জিপ, হোস এবং অন্যান্য যন্ত্রপাতি ক্রয়ের জন্য উল্লেখযোগ্য পরিমাণ টাকা মঞ্জুর করা হয়েছে। ওয়াটার টেন্ডার ফায়ার ইঞ্জিন নির্মাণ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্নরকেল (snorkel), টার্ন টেবিল ল্যাডার প্রভৃতি আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করার প্রস্তাবও সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। দমকলবাহিনীর অফিসার ও কর্মীদের ক্ষেত্রে প্রচলিত ইস্পাতের হেলমেটের পরিবর্তে ফাইবার গ্লাস হেলমেট সরবরাহ করার একটি প্রস্তাব অনুমোদিত হয়েছে এবং বর্তমান বৎসর থেকেই এই সরবরাহ চালু করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের স্ট্যান্ডিং ফায়ার অ্যাডভাইসরি কমিটির সুপারিশক্রমে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১০। ১৯৫০ সালের পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থা আইনের ধারা অনুযায়ী লাইসেন্স ফি আদায় ও লাইসেন্স বিভাগের প্রশাসন সম্পর্কে বিশদ অনুসন্ধান সমাপ্ত ক'রে সম্প্রতি সরকারের কাছে একটি রিপোর্ট পেশ করা হয়েছে। উক্ত রিপোর্ট বর্তমানে পরীক্ষা করা হচ্ছে। আশা করা যাচ্ছে আগামী বৎসরে লাইসেন্স বিভাগের প্রশাসন ও লাইসেন্স ফি আদায় উন্নততর করবার জন্য কিছু কিছু ব্যাপক পরিবর্তন করা যাবে। অর্থ বিভাগের স্টাফ ইন্সপেকশন ইউনিটের সহায়তায় দমকলের সাংগঠনিক বিভিন্ন পর্যায়ে সম্পর্কে ব্যাপক অনুসন্ধান করার জন্যও সরকার ব্যবস্থা গ্রহণ করেছে। এর উদ্দেশ্যে দমকলবাহিনীর সংগঠনের যথোপযুক্ত পরিবর্তনসাধন ক'রে এর দক্ষতা ও কর্মনৈপুণ্য বৃদ্ধি করা।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শৃংখলাপরায়ণ ও সন্তুষ্টচিত্ত কর্মিবাহিনী আধুনিক যে-কোনও সুদক্ষ প্রশাসনযন্ত্রের একটি অপরিহার্য অঙ্গ। সীমিত সম্পদ সত্ত্বেও দমকলকর্মীদের যুক্তিসঙ্গত অভাব-অভিযোগ প্রতিকার করার ব্যাপারে সরকার সতত সচেষ্ট। ১৯৮০ সালের ১লা মে দমকলে দুই-দফা ডিউটি প্রথার স্থলে তিন-দফা ডিউটি প্রথা চালু করা হয়েছে। আমাদের দেশে দমকলের ইতিহাসে এই ব্যবস্থা অভিনব এবং একটি যুগান্তকারি ঘটনা। দমকলকর্মীরা বর্তমানে অন্যান্য সরকারি কর্মচারীর ন্যায় সপ্তাহে দেড় দিন ছুটি ভোগ করে। তিন-দফা ডিউটি প্রথা প্রবর্তন ও সপ্তাহে দেড় দিন ছুটি ভোগ করে। তিন-দফা ডিউটি প্রথাপ্রবর্তন ও সপ্তাহে দেড় দিন ছুটি প্রদান দমকলকর্মীদের দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে বিশেষভাবে সহায়তা করবে। কর্মীদের আরও কিছু দাবি সরকারের বিবেচনাধীন আছে এবং আগামী বৎসরে তার মীমাংসা হবে ব'লে আশা করা যায়।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদস্যগণ ইহা জেনে সুখি হবেন যে, ১৯৮০ সালে অগ্নিনির্বাপণ সংস্থাকে ৭,৬২২টি ক্ষেত্রে অগ্নিনির্বাপণের কাজ ও অন্যান্য নানা ধরনের কাজ করতে হয়েছে। এইসকল ক্ষেত্রে আনুমানিক ১৯.৭১ কোটি টাকার সম্পত্তির মধ্যে ১৫.৫ কোটি টাকার সম্পত্তি রক্ষা করা সম্ভব হয়েছে। অগ্নিকান্ডজনিত আঘাত ইত্যাদির ফলে দুর্ভাগ্যক্রমে ৯৩টি জীবন নষ্ট হয়েছে।

১৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দমকলবাহিনী যাতে সামাজিক দায়িত্ব পরিপূর্ণভাবে পালন করতে পারে তার জন্য দমকলকে নূতনতর ভিত্তিতে পুনর্গঠিত করার কাজ আমরা ক'রে যাব। অত্যাধুনিক যন্ত্রপাতির অভাবে যাতে দমকল পিছিয়ে না পড়ে তার জন্য দমকলের

ক্রমবর্ধমান আর্থিক প্রয়োজন মেটাবার উদ্দেশ্যে আমরা সাধ্যমতো চেষ্টা করব। আমি এই বিষয়ে মাননীয় সদস্যবৃন্দের সহযোগিতা প্রার্থনা করি।

এই ক'টি কথা ব'লে আমি মাননীয় সদস্যদের আমার ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করার জন্য অনুরোধ করছি।

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পে করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি আমার বক্তব্য উর্দুতে রাখব। কয়ে দিন আগে উর্দু একাডেমির চেয়ারম্যান—আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় তিনিই হচ্ছে চেয়ারম্যান—সেই মিটিং-এ তিনি বললেন, আপনারা যারা উর্দু ভাষাভাষীর লোক আপনারা উর্দুতে কেন বক্তৃতা দেন না। তখন তার নজরে আনা হয় বহু আগে অ্যাসেম্বলিতে একটা ব্যবস্থা ছিল যেখানে উর্দু রাইটার থাকত এবং উর্দুতে যারা বলতেন সেটা নোট করা হত কিন্তু কংগ্রেস আমলে উর্দু রাইটার চলে যান এবং তার পরিবর্তে উর্দু রাইটার রাখা হয়নি। তখন তিনি বলেন, এই অবস্থা যদি হয়ে থাকে তাহলে আমাদের স্পিকার মহাশয়কে জানাতে হবে যাতে অবিলম্বে উর্দু রাইটারের ব্যবস্থা এখানে করা যায়। যাই হোক, আমি আশা করি সেই নির্দেশ এবং স্পিকার মহাশয়ের যা কর্তব্য সেটা পালন করবেন। আমি এখন উর্দুতে বক্তব্য রাখছি।

[2-50 — 3-45 p.m.](including adjournment)

**श्री मो० निजामुद्दीन :** मै सबसे पहले बताना चाहूँगा १९८१-१९८२ का जो बजट हमारे म्युनिसीपल बजीर ने पेश किया है, उसे यो समझना चाहिए कि यह जो बजट बायें बाजु की हुकूमत का अपना बजट है। लिहाजाइस सिलसिले में पिछले चार सालों के अन्दर हमारे बाये बाजू की हुकूमत के जरिए इस महकमे में कोन काम किए गए है इसका जायजा देखना होगा मै सिफ कलकता कार्पोरेशन के कामों तक ही अपनी बाते सीमित रखूंगा हमारे दूसरे साथी दूसरे पहलू पर बोलेंगे।

मै सबसे पहले यह बताना चाहूँगा कि आज श्रीमती इन्दिरा गाँधी और उनकी पार्टी के कांग्रेस आइ० के जो नुमाइन्दे यहा है ये लोग जमुहूरियत की बड़ी-बड़ी बाते करते हैं। १९७२ में जुआ-चोर और गुण्डागर्दी के बदौलत बंगाल में लोग हुकूमत करने आये और काँग्रेस मिनिस्ट्री कायम हुई। इसका सबसे जमहुरी काम दो दिन में कलकात्ता काँरपोरेशन के चुने हूए बाँडी को खारिज करना था। इसके बाद ही मगरबी बंगाल के तमाम म्युनिसिपलटियों को सुपरसीड कर लिया गया। ये उनकी जमहुरियत का नमूना था।

आपके याद दिलाना चाहूँगा कि कलकत्ता म्युनिसिपल एक्ट १९२३ में जब तैयार हुआ था और उसे एस० एन० बनर्जी ने तैयार किया था अंग्रेजी हुकुमत के समय में। इन लोगों ने कलकत्ता कारपोरेशन के जरिए उन तमाम कामों को जो कलकत्ता कारपोरेशन के अख्तियार में नहीं था, लाने की कोशिश की। तभी हम देखते है कि तालिम का महकमा और उस वक्त कलकत्ता शाहर मे रेलवे के मामलात को कलकत्ता कारपोरेशन के अख्तियार में रखा गया था। उसकी एक वजट थी कि अंग्रेज साम्राज्य ज्यादा से ज्यादा अखितयार हमारे मुल्क का अपने हाथ में लेना चाहता था। लेकिन बड़े दुख की बात है कि १९५१ में कांग्रेस हुकुमत मे जो कानून बना, उस कानून में चुने हुए नुमाइन्दों के तमाम अख्तियार को छिन लिए गए! इसके बाद कारपोरेशन के तमाम अखियामतू में अमलातंत्र मौजुद हो गया। अब तक मेयर-डिप्टी मेयर ही नुमाइन्दगी करते थे। एक साल के लिए इनको चुन लिया जाता था। कही उदघाटन करना है कही किसी फंशन मे शिरकत करना है, तो यही काम इनके लिए मौजुद रह गया था और ज्यादा से ज्यादा दो लाख रुपया खर्च करने का अख्तियारात था।

हम देखाते है कि १९५० के बाद आहिस्ता-आहिस्ता आमलातंत्रशाही कारपोरेशन मे आता गया और कारपोरेशन का काम बिगड़ता गया। तमाम खाराबिया पैदा होती गई। इसलिए मै बांया बाजू की हुकुमत को मुबारकबाद देता हूँ कि इस बार १९७७ के चुनाव में जीत जाने के बाद इन लोगे ने सबसे पहला काम किया कि बंगाल म्युनिसिपल एक्ट, हावड़ा म्युनिसिपल एक्ट और तमाम एक्टों को तबदिल किया ताकि चुने हूए नुमाइन्दे आए और जमहुरी तोर पर इससे काम हो। इस हाउस मे रखाकर इस एक्ट को बनाएगे। अभी हम देखते है कि मेयर ओर काउन्सीलर को पाँच साल तक काम करने की इजाजत दी गई है और उसके बाद अख्तियारात कमिटि बनाई गई है। सिक्रेटरी के सिग्नेचर के बिना कोई काम नही होगा। मेयर और काउन्सीलर जो फैसला लेगें, उसमें असली फैसला कमिशनर का होगा। इस चीज को पास किया गया है। साथ ही साथ उसमें कलकत्ता शाहर के गरीब तबके के लोग है। वे कलकत्ता के ८४ फिसदी है। इस कानून के तहत उसको कुछ-न-कुछ फायदा पहुँचेगा। एसा ही इन्तजाम किया गया है। लेकिन उँची इमारते जो है एसे १५ फीसदी जायदाद के

उपर टेक्स होगा उसे हमारे ८५ फिसदी लोगों का जो वस्ती है, उसके काम में लगाया जाएगा।

इस सिलसिले में और बताना चाहता हूं कि नए कानून मे जो खामी है उसकी वजह से बदनामियां होती है। एक फ्लाट से दूसरे फ्लाट में ले लाने के लिए ज्यादा रूपया देना पड़ता था, उनकी वजह से जो इन्सपेक्टर है, इन्सपेक्शन करने वालो की रिश्वत देकर, उनको कुछ रुपया देकर इसका इन्तजाम लोग कर लेते थे। लेकिन अब नये कानून में इसे खतम करने का पूरा-पूरा ख्याल रखा गया है। इसलिए की कलकत्ता कारपोरेशन की माली हालत बहुत कमजोर है लेकिन आमदनी के रास्ते मौजुद है। उसकी सालाना आमदनी तकरीबन १४ करोड होती है। और अगर इसमे अतिरिक्त टेक्स जोड़ दिया जाय तो ज्यादा से ज्यादा १७-१८ करोड़ रुपया होता है। दूसरी तरफ शाहरियों को महफुज रखने के लिए, उनकी भलाई के लिए कम से कम ३५-४० करोड़ की जरूरत पड़ती है। एसी हालत में उसे हूकुमत का सहारा लेना पड़ता है। उसकी कुछ-न-कुछ कमजोरी और शाहरियो की जरूरत को समझते हुए भी कांग्रेसी हुकुमतों ने पिछले दिनों कोई तवज्जह नही दिया। आपको हिसाब दिखाउगा जिससे इस बात का सबूत मिलेगा कि पिछले कांग्रेसी हुकुमत ने कारपोरेशन के काम को किस तरह से देखा है। १९७५-७६ में दो करोड़ चार लाख रुपये सरकारी ग्रान्ट कारपोरेशन को दिया गया था। १९७६-७७ मे दो करोड़ दस लाख १९७७-७८ मे पॉच लाख करोड़ और आज १९८०-८१ मे टोटल ४ करोड़ ३५ लाख और १९८१-८२ में १० करोड़ ३० लाख कर ग्रान्ट है। वो लोग जहां दो करोड १० लाख रुपये से ज्यादा नहीं बढ़े थे वहीं आज बाया बाजू की हूकुतम ने शाहरी जिन्दगी को सुधारने के लिए उसके प्राब्लम को ठीक करने के लिए आज १० करोड़ ३० लाख रुपये इस दो मद में २८४ एण्ड ४६४ अरबन डवलपमेन्ट कपिटल आउट ले और अरबन डवलपमेन्ट इसके लिए बाया बाजू की सरकार दे रही है।

इस सिलसिले मे मुझे कहते हूए बड़ी खुशी है कि मौजुदा हुकुमत ने कारपोरेशन का ग्रान्ट ही नहीं बढ़ाया है बल्कि उसकी आमदनी बढ़ाने का जो मुनासिब काम

था, उसे किया है। इसको मुअज्ञम करने के बाद हि हम देखतं है कि सप्लीमेन्ट्री डिमाण्ड बिल को कुल रकम दो करोड़ रुपया सालाना से आगे नहीं बढ़ी थी जबकि १९७९-८० में। १९७८ के बाद १९७९-८० में हम देखाते है कि ये बिल ७ करोड़ १४ लाख रुपये के बनाए गए है। ओर १९८०-८१ में आठ करोड़ २६ लाख रुपये के लगभग बनाए गए है। प्लीमरी बिल जो है, इस सिलसिले में भी काफी हालत सुधरी है। करोड़ से ज्यादा के बिल इन लोगों ने कभी नहीं बना पाया था। आज हम देखाते है, दो साल का हिसाब लीजिए तो समझ में आएगा कि १९७९-८० में १३ करोड़ ३४ लाख और १९८०-८१ में १४ करोड़ २५ लाख के बीज बिल बनाये गए है। हम जानते हैं कि कलकत्ता कारपोरेशन के रेवेन्यु कलेकशन डिपार्टमेन्ट के कार्य पद्धति बिल्कुल नाकामयाब रही है। लेकिन अब इसमें सुधार लाया गया है। अभी बिल कलेकशन के लिए कलकत्ता कारपोरेशन में काउन्टर खोला गया है। साथ ही साथ ये उचे उचे मल्टी स्टोरीज बिल्डिंग जिसके उपर पाँच करोड़ रुपये आज भी बाकी हैं। और ये पाँच करोड़ ब्सूलने के लिए स्पेशल सेल किया गया है, उसमें ये रकम जल्द-से-जल्द ब्सुल हो जायगा। मै इस सिलसिले में आपलोगों को कलेकशन की रिपोर्ट देना चाहुँगा-वह कलेकशन का रिपोर्ट इस का है कि १९७५-७६ में कुल १० करोड़ ९३ लाख रुपया ब्सुल हुआ था जबकि १९७९-८० में १३ करोड़ ४९ लाख रुपया ब्सुल हुआ और इस साल अभी बाकी है। और अब तक तरकीबन १२ करोड़ रुपया ब्सुल हो चुका है।

१९७२ से १९७७ के दरम्यान सड़कों और फुटपाथों की जो हालत बनी हुई थी उसे हमलोग अच्छी तरह से जानते है। यह हालत इसलिए बनी हुई थी कि इनलोगों ने इधार कुछ भी खयाल नहीं किया था। सड़को पर गाड़ियों का चलना तो अलग की बाद थी, लोगों का चलना भी दुस्वार था। लेकिन बाये बाजू की सरकार अनने के बाद हमारे वजीर ने इस सिलसिले में खासतौर पर नजर डाला और उन्हीनें जो काम किया है, वह कलकत्ता वासियों से छिपी हुई नहीं है। आज कलकत्ता शाहर के तकरीबन तमाम रास्ते चाहे बड़े रास्ते हों चाहे गली-कुचे के हो, उनमें काम किए गए है। इसे कोई इन्कार नहीं कर सकता है। कहीं कलकत्ता कारपोरेशन ने खुद किया

है और कहीं सी० एम० डी० ए० के जरिए और कहीं सी० आई० टी० के जरिए किया गया है। मै आपलोगों को बताना चाहूँगा कि चार साल के अन्दर ९ करोड़ १९ लाख ४५ हजार रुपये इस मद में खर्च किए गए है। जबकि कांग्रेस दौर में एक साल में सिर्फ ४४ लाख से ८५ लाख से रुपये खर्च किए गए थे। जहाँ ४५८-८५ लाख रुपया खर्च होता था, आज चार साल के अन्दर ९ करोड़ १९ लाख ८५ हजार रुपये खर्च किए गए है। ये तो कलकत्ता कारपोरेशन की तरफ से खर्च किए गए है। सी० आई० टी० की तरफ से जिसे सरकार की तरफ से रुपये दिए गए है, १९७७-७८ में ५९ लाख १९७८-७९ में तकरीबन एक करोड़ १२ लाख रुपये और इसके अलावा भी प्री मानसून रोड रिपेयरिंग के लिए जो है उसमें तकरीबन हर साल १२-१५ लाख रुपये सी० आई० टी० को दिया जाता है। रिपेयरिंग के लिए। हम आपलोगों को जानकारी के लिए बताना चाहेगें कि बड़े-बड़े शहरों जैसे-बम्बई, देहली, मद्रास वगैरह की सड़को पर सलाना ५४० रुपये पर मीटर खर्च आता है, जबकि यहाँ महज १८० रुपये पर मीटर खर्च हुआ करता था। इतने खर्च को देखाते हुए, बाँया बाजु की हुकूमत ने सड़को की मरम्मत के लिए ग्रान्ट की रकम बढ़ाई और शहरियों को बचाया।

शहरियों की पुरानी शिकायत पानी की किल्लत थी, इस शिकायत को दूर करने के लिए जो प्रोजेक्ट शुरु किए गए है उनका काम आगे बढ़ रहा है। मौजुदा हुकूमत ने इसकी रफ्तार तेज कर दी है। इसके नतीजे में आकलैण्ड पार्क का पम्पिंग स्टेशन चालू कर दिया गया है और बहुत जल्द सुबोध मल्लिक स्कवायर का पम्पिंग स्टेशन चालू हो जाएगा इससें पानी की किल्लत बड़ी हद तक दूर हो जायगी। पानी के तकसीम का इन्तजाम बहुत खाराब था। इसके डिस्ट्रीब्युटिगं सिस्टेम को गड़बड़ी को दूर करने के लिए एक टीम ने जायगा लिया और उसने आपनी सिफारिशें पेश की हैं। बस्ती इलाकों मे बेलियाघाटा नारकेलडागां में काम शुरु हो गया है। और बहुत जल्द दूसरे इलाकों में भी काम शुरु होगा। अब हम इस सीटी में मीठा पानी सप्लाई करने के लिए टाला पार्क में एक नया रिजर्भ टैंक बनाने का मन्सूबा लिया गया है। उसके बाद पानी भेजने का काम शुरु किया जायगा। गार्डेन रीच पम्पिंग स्टेशन तकरीबन

वन गया है- कमप्लीट है और जव चालू होगा बहुत जल्द चालू होगा। पानी का सप्लाई का काम शुरु होने पर कलकत्ता शहरियों को भी और खिदिरपूर और भवानीपूर के लोगों को पानी मिलने लगेगा। फिल्टर वाटर के पैदावाद को वढ़ाने के लिए एक मल्टी मिलियन प्रोजेक्ट का काम हाथ में लिया गया है जहाँ पानी का सप्लाई और वढ़ जायगा। इस काम को वाया वाजू की सरकार कर रही है।

थोड़ी सा वारिश होने के वाद कलकात्ता शहर जल-थल हो जाया करता था। आज नालियों में जो खारावियां है, ड्रेनेज में जो खारावियां है, उनकी ठीक करने का काम शुरु किया जा चुका है। जैसे वेलियाघाटा मेन रोड, मानिकतल्ला मेन रोड, पार्क स्ट्रीट और देवेन्द्र चन्द्र रोड इन जगहो पर कहीं काम मुकम्मल हो चुका है और कहीं पर काम चल रहा है। नया ड्रेन वनाने के वाद पानी निकाल कर फेकने का इन्तजाम है। पम्पिंग स्टेशनो में भी काम हुआ है। टेंगरा में नया पम्पिंग स्टेशन वन रहा है। इस कलकत्ते के अन्दर जहाँ ड्रेनेज सिस्टम नहीं था वहाँ पर ड्रेनेज सिस्टम चालू किया जा रहा है। काम जोरों पर चल रहा है इसका इन्तजाम काफी हो रहा है।

कलकत्ता कारपोरेशन के अन्दर जो प्राइमरी स्कूल किराये की विल्डिंग मे थे उनके अपनी विल्डिंग ट्रान्सफर किया जा रहा है। तकरीवन सात स्कूलो को नई विल्डिंग में ट्रान्सफर किया जा चुका है। साथ-ही-साथ मुहम्डन फिरके के जो लोग यहाँ है, वे लोग वरावर पुकार करते रहे है फिर भी कांग्रेस सरकार के कान में कभी भी जूँ तक नहीं रेंगा। लेकिन मै और देकर कह सकता हूँ कि इस हुकूमत ने तव्वजह देकर पिछले साल ६ लाख रुपये सेंशन करके एक ६ तल्ला विल्डिंग वनाने का काम शुरु किया है। काम चल रहा है। और डवलपमेन्ट के लिए।

वागमारी ग्राउन्ड के लिए ७० लाख रुपये का मन्सूवा वाया वाजू की सरकार ने लिया है। जिसमें १४ लाख रुपया खर्च किया जायगा। जिसके लिए हमारे वाये वाजू की सरकार ने टेन्डर कर लिया है। और ये काम जल्द शुरु होने वाला है।

वाया बाजू की हूकूमत आने के बाद जगह-जगह कूड़े का पहाड़ जमा हुआ था। वाया बाजू की हूकूमत के म्युनिसिपल वजीर ने उधर तब्वजह दे दी। आज इनकी हालत खाराव नहीं रही, जितने पहले थीं। इस सिलसिले में कलकत्ता कारपोरेशन की गाड़ी रखने के लिए गैरेज के इन्तजाम का काम के लिए तकरीवन ४० लाख रुपयों का स्कीम लिया गया है। जो इसपर खर्च आयेगा। यह काम बहुत जल्द होने भी जा रही है। मरकजी बंगाल में उर्दू जवान वालों का ख्याल रखते हुए, उर्दू एकाडमी की इमारत के लिए हाजी मुहम्मदमोहशीन स्कवायर में तीव रखी गई है। जिसके लिए मै मुख्य मंत्री का शुक गुजार हूँ।

कलकत्ता में यतीम खाना इस्लामिया की इमारत शौयद शाली लेन के सिलसिले में बाकी रकम जो थी, उसे दे दिया गया है, तकरिबन ६०-७० हजार रुपये वाकी था।

मै कहना चाहूँगा कि वजीर ने कलकत्ता कारपोरेशन में काम करने वालों की तनख्वाह कम-से-कम १७० रुपये औसतन एक आदमी का वढ़ाया है। जो कांग्रेस रीजन में नही बढ़ा था। बजीर ने एलान किया है कि २२० रुपये जो मिनिमम वेज है, उसे सबको देंगे। इस तरह ये म्युनिस्पिल्टियां और कारपोरेशन में काम करने वाली की तनख्वाह बढ़ेगी। यह गरीबों का ख्याल रखते हुए हूकूमत ने किया है। कारपोरेशन के मुलाजिमों का ग्रुप इन्सोरेन्स पँालिसी का प्रिमियम तीन साल का हूकूमत अदा करेगी। इसका एलान हो चुका है। इससे लोग फायदा उठा सकते है। उम्मीद करता हूँ कि लोग ग्रूप इन्सोरेन्स का फायदा उठायेंगें।

हरिजनों की बड़ी-वड़ी बातें श्रीमती इन्दिरा गाँधी करती है, उनकी पार्टी बाले भी करते है। लेकिन सही तौर पर उनके उपर ध्यान नहीं दिया गया है। म्युनिस्पल्टि में काम करने बाले हरिजनों की तनख्वाह बढ़ेगी। उनको रहते के लिए घर बनाने के लिए १० लाख रुपये का मनसूवा इस बजट मे लिया गया है। और जो हरिजन कारपोरेशन में काम करते है, उनको जगह दी जायगी। इसका इन्तजाम किया गया है।

१९५१ और १९८१ के दरम्यान एक एसी तव्दीली कलकत्ता मे आई है जो कांग्रेसी हूकूमत के शासन में नही आई थी। कलकत्ते की समस्यायें निपटाने के लिए सी० एम० डी० ए० कायम किया गया है और सी० एम० डब्लयू० एच० ए० कायम किया है। दोनो कलकत्ता के अलावा कलकत्ते के वाहर के इलाकों निपटाने है। इसके अलावा मुक्कमल काम को करने में और कलकत्ता कारपोरेशन के कामों में डवलपमेन्ट के लिए बहुत काम करते है। इनमें का-आर्डिशन लाने के लिए एक नये कानून बनाने की बात है।

मिस्टर स्पीकर सर, मै कहना चाहता हूँ कि अभी तक मैने कलकत्ता का मिशाल और मौजूदा हूकूमत के कामों का जिक्र किया है। लेकिन अब कांग्रेसी हूकूमत के समय में जो काम हुए है, उनका जिक्र करना चाहूँगा। मै विधान चन्द्र राय के सरकार की कारगुजारी का जायगा देना चाहता हूँ। उस वक्त के कारपोरेशन के वजीर जो मेयर न होते हुए भी हिन्दुस्थान के वाहर गए और अपने अहलिया भी साथ लेने गए और उन दोनो का पूरा खर्च कलकत्ता कारपोरेशन को वहन करना पड़ा। इस वजीर के काम को जितना भी गौर से देखा जाय, शर्म से माथा शुक जाएगा।

जवाहरलाल नेहरु रोड पर मजदूर शिल्प होटल खत्म हो गया। इसका पूरा खर्च कलकत्ता कारपोरेशन को वहन करना पड़ा है। इसकी जगह पर फिर से मार्केट की तालिम का काम शुरु हुआ था। उसके मामलात में वजीर ने बहती गंगा मे खूब हाथ धोया है। कम-से-कम अन्दाजा है ४-५ लाख रुपये लिए है। कारपोरेशन में कुड़े उठाने के लिए जो गाड़िया खरीदी गई थी, इस मौके पर भी वजीर ने अपने हाथ साफ किए है। मै जो कहना चाह रहा था वह यह है कि जो वदसुमारियों से भरे हुए है उनका अंग-अंग चोरी और बेइमानियों से भरा हुआ है। इसपर भी ये बड़ी-बड़ी बाते करते है। इसलिए मै कहूँगा कि इनको हकीकत की तरफ बोलना चाहिए।

यह वजट पेश किया गया है। इसकी हिभायित करने हुए आपनी बात खत्म करता है।

[3-45 — 3-55 p.m.](After adjournment)

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, নগর উন্নয়ন ও স্থানীয় স্বায়ত্ব শাসন দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী প্রশান্তকুমার শূর যে বাজেট বরাদ্দের দাবি সভার কাছে পেশ করেছেন টাকার অঙ্কে সেটা কমই, তা সত্ত্বেও তার দপ্তরের যে খতিয়ান তিনি দিয়েছেন সেটা অনেকাংশে ব্যর্থতার একটা বিবরণ বলে আমি মনে করছি। তাই অত্যন্ত দুঃখের সঙ্গে আমি বলছি যে তার এই ব্যয় বরাদ্দের দাবি আমি সমর্থন করতে পারছি না। মাননীয় মন্ত্রী তার বক্তৃতার মধ্যে এবং বিভিন্ন সময়ে সংবাদপত্রের মাধ্যমে বহু বিবৃতি তিনি দিয়েছেন, বহু ইচ্ছা তিনি প্রকাশ করেছেন বিভিন্ন বিষয়ে যে এটা করব ওটা করব, কিন্তু সেই ইচ্ছাগুলি কার্যে রূপায়িত করতে তিনি পারেননি। তার কারণ তার দপ্তরের দীর্ঘসূত্রীতার ফলে, হয়ত কখনও দলীয় স্বার্থে, কখনও অন্য স্বার্থে পরিচালিত হওয়ার ফলে তার যোগ্যতা থাকা সত্ত্বেও তিনি সাফল্য অর্জন করতে পারেননি। প্রথমেই আমি বলব নির্বাচনের কথা। সুখের কথা তিনি ঘোষণা করেছেন যে ৩১শে মে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে পৌর নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রশান্তবাবুর অন্যান্য কমিশনের ক্ষেত্রে যে কথা প্রযোজ্য নির্বাচনের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। আজকে যদি কোনও স্বৈরতান্ত্রিক শক্তি মন্ত্রিসভা সেটা খারিজ করে দেয় তাহলে দেখা যাবে তার ফল—নেট রেজাল্ট জিরো। ৪ বছর প্রায় ক্ষমতায় এসেছেন, আজকে বলছেন ১৯৮১ সালের ৩১শে মে নির্বাচন হবে। আগে করতে পারেননি কেন সেই বিষয়ে আপনারা অজুহাত দেখিয়েছেন। কিন্তু এই ইন অর্ডিনেট ডিলের কি জবাব দেবে না? ১৯৭৮ সালে বন্যার জন্য কাজ করতে পারেননি, নির্বাচন করতে পারেননি। কিন্তু বন্যা হয়েছে ১৯৭৮ সালের অক্টোবরে, ১৯৭৭ সালে ক্ষমতায় এসেছেন, যদি নির্বাচনকে টপ প্রায়োরিটি দেন তাহলে নতুন অ্যাক্ট অনুযায়ী আমি নিশ্চয়ই বলব না, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট, বিল যা পাস করেছেন মডেল অ্যাক্ট অনুযায়ী, সেই অ্যাক্টে নির্বাচন না করে পুরানো অ্যাক্টে নির্বাচন করা যেত। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট, বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে উভয় অ্যাক্টে ৪ বছরের মধ্যে নির্বাচন হওয়ার কথা ১৯৭৭-৭৮ সালে। উনি নির্বাচন করতে পারতেন। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী ইলেকশন ডিউ হয়ে যাচ্ছে, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী ইলেকশন ডিউ হয়ে যাচ্ছে। দলের সম্মতি পেলেন না বলে নির্বাচনের কাজ করতে পারেননি। কিন্তু গত চার বছরের মধ্যে নির্বাচন না করার পক্ষে কি যুক্তি থাকতে পারে? বলেছেন সেন্সাসের কথা, বলেছেন লোকসভার নির্বাচনের কথা। লোকসভার নির্বাচন ১৯৮০ সালের জানুয়ারিতে হয়ে গেল, সরকার সেই কাজ করতে পারলেন না বিভিন্ন সময়ে বিভিন্ন সমস্যা আসবে, সেই সমস্যার মধ্যে দিয়ে সরকারকে কাজ করতে হয়। যদি প্রত্যয় থাকত, দৃঢ়তা থাকত তাহলে নির্বাচন তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে করতে পারতেন।

এতদিনের মধ্যে তিনি নির্বাচন করতে পারেননি এতে আমি মনে করি এটা তার দপ্তরের শোচনীয় ব্যর্থতা। মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশন সম্পর্কে মন্ত্রী মহাশয় তার বক্তব্য বলেছেন। মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশন যেটা গঠিত হয়েছে তার চেয়ারম্যান হিসেবে বিশিষ্ট অর্থনীতিবিদের নাম রয়েছে। এই মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশন গঠিত হয়েছিল ৬ মাসের মেয়াদে। কিন্তু এই যে দেড় বছর চলে গেল তাতে তারা কি কাজ করেছেন সেটা আশা করি মন্ত্রী মহাশয় আমাদের বলবেন। তারা কোনও ইন্টারিম রিপোর্ট দিয়েছেন কি? আমি তো জানি

তারা শুধু ঘুরে ঘুরে বেড়িয়েছেন, কোনও কাজ করেননি। আমি দুঃখের সঙ্গে এই প্রসঙ্গে একজন লোকের নাম বলছি। সাহু জৈন গ্রুফের একজন হোল টাইম অফিসার, যার নাম হচ্ছে আর. এন. কাপুর তাকে এই কমিশনের সঙ্গে যুক্ত রাখা হয়েছে। এই ভদ্রলোকের প্রতি বা সাহু জৈন গ্রুফের প্রতি মন্ত্রী মহাশয়ের কেন এই দুর্বলতা আমি বুঝতে পারছি না। সিলেক্ট কমিটিতে যখন ক্যালকাটা মিউনিসিপ্যাল বিলের আলোচনা হচ্ছিল তখন ওই ভদ্রলোককে বার বার আনা হয়েছে। স্যার, আমরা জানি বিজনেস হাউসগুলো এইসব কমিশনের বুঝবার জন্য একেবারে ওত্ পেতে বসে থাকে। সাহু জৈন প্রভাব খাটাচ্ছেন বামফ্রন্ট সরকারের উপর এটা তাদের বিরুদ্ধে আমার সুস্পষ্ট অভিযোগ। এই মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশনের পেছনে আপনারা অনেক টাকা খরচ করেছেন, কিন্তু তারা কি কাজ করবেন বা করেছেন সে সম্বন্ধে কোনও প্রতিশ্রুতি আমরা পেলাম না। আমি স্বীকার করি এই কমিশনের প্রয়োজনীয়তা রয়েছে। স্যার, আমরা দেখছি এই সরকার আসার পর থেকে তারা কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা নেবার কথা বলছেন। মিউনিসিপ্যালিটিগুলোকে আর্থিক সাহায্য দেবার ব্যাপার রাজ্যের অর্থমন্ত্রী বার বার বলেছেন, টাকা পেলেই হল। কিন্তু হিসেবে আমরা দেখছি মিউনিসিপ্যালিটি-গুলির আর্থিক ক্ষমতা ক্রমশ হ্রাস করা হচ্ছে। কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা নেব এবং অন্যদিকে স্থানীয় প্রশাসনের ক্ষমতা কেড়ে নেব। দুই জিনিস এক সঙ্গে তো চলতে পারে না। আমি বলব মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক দৈন্যের জন্য সরকারি নীতিই দায়ী। আমরা দেখেছি অক্ট্রয় ট্যাক্সের টাকা মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন কম পরিমাণে পায়। কর্পোরেশন অনেক ডেভেলপমেন্ট ওয়ার্ক করে যার জন্য তাদের প্রচুর টাকার দরকার হয়। এবারে আমি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড সম্বন্ধে কিছু বলব। মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তার ১টি প্যারা জুড়ে রয়েছে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কথা। স্যার, এই বোর্ড কি কাজ করেছে আমরা তা জানি না। তবে দেখছি তাদের কোনও স্থায়ী অফিস ঘর নেই। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড গঠিত হয়েছে দু-বছরের উপর, কিন্তু আপনারা কি জীবনভোর এই পার্ট টাইম চেয়ারম্যান দিয়ে কাজ চালিয়ে যাবেন? নূতন চেয়ারম্যান হিসেবে যাকে নিয়েছেন তিনি নাকি পার্ট টাইম। মন্ত্রী মহাশয় বারবার বলেছেন, তার এই কাজ করেছেন, ওই কাজ করেছেন ইত্যাদি, ইত্যাদি। কিন্তু আমরা তো তাদের কাজ কিছুই দেখছি না এবং প্রশান্তবাবুর ইচ্ছা একটাও দেখছি কার্যকর করা হল না। তারপর, ডাইরেক্টোরেট অব লোকাল বডিস-এর কথা বলা হয়েছে। এই ডাইরেক্টোরেট কি কাজ করেছে আমরা তা জানি না। ন্যাচারালি এদের কাজ হচ্ছে বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিকে টোন আপ করা, বিভিন্ন ব্যাপারে তাদের পরামর্শ দেওয়া এবং বিভিন্ন ব্যাপারে তাদের সাহায্য করবার দায়িত্ব এই ডাইরেক্টোরেট অব লোকাল বডিস-এর নেবার কথা। কিন্তু আমরা জানি এই ডাইরেক্টোরেট অব লোকাল বডিস পশ্চিমবাংলার কোনও মিউনিসিপ্যালিটিকে কোনও রকম সাহায্য করেনি, তাদের কোনও পরামর্শ দেয়নি, তারা শুধু কলকাতায় বসে ডাইরেক্টোরেটের কাজ চালাচ্ছেন। তারা কিভাবে টাকা খরচ করছেন সেই খবর এবং বহু দুর্নীতির খবর মন্ত্রী-মহাশয়ের কাছে এসেছে। আমরা জানি ডাইরেক্টোরেট অব লোকাল বডিস কোনও ডাইরেকশন বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে এখনও দিতে পারছে না।

[3-55 — 4-05 p.m.]

তার ওপর আর একটি ডিপার্টমেন্ট—মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট। এটা একটা ডেড হর্স—কোনও কাজ করছে কি? একটা মাথাভারী প্রশাসন, তাতে সব ইঞ্জিনিয়াররা আছে কলকাতায় বসে অনেক সব কোয়ালিফায়েড ইঞ্জিনিয়ার। কিন্তু তারা কাজ করছে কি? তাদের কি কোনও প্রোগ্রাম আছে, তাদের কি কোনও অ্যাপ্রোচ আছে পশ্চিমবাংলার স্থানীয় প্রশাসনকে উন্নয়ন করা জন্য? এই যে ডাইরেক্টরেটকে আপনি পালন করছেন তারা কি কোনও মিউনিসিপ্যালিটি ভিজিট করেন। আমি তো মন্ত্রী মহাশয়ের বক্তব্যে তার কোনও খতিয়ান দেখতে পেলাম না। যদি তা দেখতে পেতাম তাহলে নিশ্চয় তাঁর ব্যায়-বরাদ্দকে সমর্থন করতাম। দুঃখের বিষয় কিছুই দেখতে পাচ্ছি না। তারপর আসছি পে-রিভিউ কমিটিতে। মিউনিসিপ্যাল পে-কমিশন করা আছে। এই বাবদ কলকাতা করপোরেশনের কত দিন কত টাকা খরচ হয়েছে। এবং এত দিনেও তারা কোনও সিদ্ধান্ত নেননি। এতদিন ধরে এই যে পে কমিশনের জন্য যে এতো টাকা খরচ হলো সব টাকা কি জলে গেল। আমরা তো শুনেছি যে সরকার একটা রিপোর্ট পেয়েছেন আর একটা রিপোর্ট পাননি। দীর্ঘ সময় লাগলো একটা ডিসিসন নিতে পারলেন না। তার পর মূল্যায়ন আরও বেড়ে যাবে। এ ব্যাপারে সরকারের কি সিদ্ধান্ত জানি না। চার বছর ধরে এই কমিটি কাজ করছে কিন্তু কোনও রিপোর্ট নেই। তারপর পে-রিভিউ কমিটি—তার পিছনে অনেক টাকা খরচ হল। সেই ব্যাপারে তার কোনও সুপারিশ কার্যকর হবে বলে মনে হচ্ছে না। তারপর ব্যানার্জি কমিশন অব এনকোয়ারি কমিশন-এর কথা বলি। এই কমিশন বর্তমান সরকার বসিয়েছেন। পুরানো সরকারের আমলে মিউনিসিপ্যাল সারভিস কমিশনের ক্ষেত্রে অনেক ধরনের দুর্নীতি হয়েছে বলে এই সরকার সেইসব তদন্তের জন্য এই কমিশন বসিয়েছেন। চার বছর ধরে এই কমিশন বসানোর জন্য অনেক টাকা খরচ হয়েছে কিন্তু কোনও কাজ হয়নি। হিয়ারিং হয়েছে এবং সব কিছু হয়েছে কিন্তু রেজাল্ট জিরো। মন্ত্রী মহাশয় বিবৃতি দিয়েছেন যত ভাল ভাল কাজের কথা বলেছেন সেগুলির কিছু যদি কার্যকর করতেন তাহলে পশ্চিমবাংলার নাগরিক জীবনের অনেক বেশি উন্নতি হত। এর পরে আসছি কলকাতা কর্পোরেশনের সিভিক সার্ভিস সম্পর্কে একটি কথাও বলেননি যেটা বলা অত্যন্ত প্রয়োজন ছিল। এটা বলার অপেক্ষা রাখে না যে কলকাতা কর্পোরেশনের সিভিক সার্ভিস ক্রমশ ডিটোরেট করছে কোনও উন্নতি হচ্ছে না।

শহরের বিভিন্ন জায়গায় ময়লার পাহাড় জমে কোথাও হিন্দুকুস, কোথাও বিন্ধ, এইভাবে এক-একটা পর্বতমালা হয়ে রয়েছে বড় বড় রাস্তার উপর এবং আবর্জনার জন্য ট্র্যাফিক জ্যাম হচ্ছে। অন্যান্য শহরে এবং বিদেশে আবর্জনাগুলোক কাজে লাগিয়ে যেভাবে সলিড ওয়েস্ট সাইক্লন করা হচ্ছে—মন্ত্রী মহাশয় তো বিদেশ ঘুরেছেন, বহু দেশের মিউনিসিপ্যাল সার্ভিস তিনি দেখেছেন, এই ব্যাপারে তাঁর থিয়োরিটিক্যাল নলেজ আছে বলে আমি মনে করি, তিনি তাঁর এই থিয়োরিটিক্যাল নলেজকে যদি এতদিন কাজে লাগাতেন তাহলে এই কলকাতা শহরের জনগণের নতুন রূপান্তর ঘটতো, সার ইত্যাদি করার ক্ষেত্রেই জঞ্জাল দিয়ে, সলিড ওয়েস্ট দিয়ে, কিন্তু তার কোনও প্রকল্প আপনারা গ্রহণ করলেন না। রাস্তার অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। কিছু কিছু রাস্তায় তিনি হাত দিয়েছিলেন। কিন্তু রাস্তার মেন্টিন্যান্স হচ্ছে না। একদিকে অপরিসর রাস্তার জন্য ট্রাফিক জ্যাম এবং অন্যদিকে নতুন কোনও রাস্তার পরিকল্পনা

হচ্ছে না। এদিকে একটা নোটিশ দেওয়া হয়েছে ১৫ এপ্রিলের মধ্যে অবজেকশন দেওয়ার জন্য—কলকাতার সব রাস্তা ৫০ মিটার করে চওড়া করা হবে। রাস্তার দুধারে যত বাড়ি আছে, তাদের উপর নোটিশ করা হয়েছে, তাদের যদি কোনও অবজেকশন থাকে তাহলে তারা অবজেকশন দিতে পারেন। কাজেই কলকাতার কনস্ট্রাকশন বন্ধ হয়ে গেছে, এক্সটেনশন বন্ধ হয়ে গেছে। কোনও কাজে হাত দিতে পারবেন না। ইফ্ দিস স্টেট অব অ্যাফেয়ার্স রিমেন্‌স নো রিঅ্যালাইনমেন্ট উইল বি পসিবল। কারণ একটা বাড়ি না ভাঙলে রিঅ্যালাইনমেন্টের কোনও আইন নেই। রাস্তার কোনও সম্প্রসারণ হবে না, কলকাতা সম্প্রসারণ সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। এবারে বলতে চাই একটি অপ্রিয় কথা, যেটা হচ্ছে মিউনিসিপ্যালগুলিতে বিশেষ করে মিউনিসিপ্যাল কর্পোরেশনে অ্যাপয়েন্টমেন্ট যেগুলি হচ্ছে অ্যাপয়েন্টমেন্টগুলি দলীয় দৃষ্টিভঙ্গি প্রয়োগ করা হচ্ছে, মিউনিসিপ্যালিটি সার্ভিস কমিশনকে কার্যত নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। আই অ্যাম ফেড আপ উইথ দি কনস্ট্রাক্টেড অ্যাডহক অ্যাপয়েন্টমেন্ট। তিনি বলেছিলেন, কাজে করা যাচ্ছে না এবং কর্পোরেশনের কমিশনারের পাওয়ারকে এইভাবে মিস ইউজ করা হয়েছে, এই বলে তিনি অভিযোগ করেছেন। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা হচ্ছে, বর্তমানে অ্যাডমিনিস্ট্রেটর, কমিশনার সবাই মন্ত্রী মহাশয়ের হাতের পুতুল হয়ে কাজ করছেন। কর্পোরেশনে স্থানীয় প্রশাসক হিসাবে তাদের যে দায়িত্ব তা তারা পালন করতে পারছেন না। কমিশনার, আডমিনিস্ট্রেশন, এঁরা মন্ত্রী মহাশয়ের হাতের পুতুল ছাড়া আর কিছুই নয়। বারবার মন্ত্রী মহাশয় অ্যাডমিনিস্ট্রেটার এবং কমিশনারের কাজের হস্তক্ষেপ করছেন। আর একটা কথা বলতে চাই, কর্পোরেশনের স্পেশ্যাল ডেপুটি কমিশনার শান্তি সেন, তাঁকে কেন সরানো হল, তিনি তো একটা ট্রেড ইউনিয়ন লিডার ছিলেন, তাঁকে স্পেশাল ডেপুটি কমিশনার করা হয়েছিল, এটা একটা এক্সপেরিমেন্ট চলছিল, কনজার্ভেন্সির ব্যাপারে তিনি একজন অভিজ্ঞ ব্যক্তি চান। এই শান্তিবাবু থাকাতে ব্লক সরকার নিয়োগ, দলীয় লোক নিয়োগ অসুবিধা হচ্ছিল, হয়তো সেই জন্যই শান্তিবাবু থাকলেন না।

[4-05 — 4-15 p.m.]

মার্কেট রিডেভেলপমেন্ট সম্পর্কে প্রস্তাব রয়েছে। প্রস্তাব আছে কিন্তু কাজের কোনও চেহারা নেই। প্রতিশ্রুতি আছে, ঘোষণা আছে কিন্তু কিভাবে হবে তার কোনও কার্যকর রূপ এর মধ্যে নেই। আমি আরও দু-একটি কথা বলার প্রয়োজন আছে বলে মনে করছি। ক্যালকাটা কর্পোরেশন সম্পর্কে কিছু বলতে চাই। একটা হচ্ছে কর্পোরেশনের স্কুল—কর্পোরেশনের এডুকেশন ডিপার্টমেন্ট সম্পর্কে সরকারের সুস্পষ্ট কোনও নীতি আছে বলে আমার মনে হয় না। শিক্ষা দপ্তর এবং ক্যালকাটা কর্পোরেশনে বসে এতদিনে একটা সুস্পষ্ট নীতি গ্রহণ করা উচিত ছিল। কর্পোরেশনের মোস্ট নেগলেক্টেড ডিপার্টমেন্টে যদি কিছু থাকে সেটা হল এডুকেশন ডিপার্টমেন্ট। কর্পোরেশনের প্রাইমারি স্কুলগুলি অত্যন্ত নেগলেকটেড এবং ছাত্র যারা আসে তারা খুব লোয়ার এইসব ঘরের ছেলেরা আসে তাদের দিকে কারোর কোনও নজর নেই, সরকারের নজর নেই, কর্পোরেশনেরও নজর নেই। শিক্ষার মানের ক্রমশ অবনতি ঘটছে। ক্যালকাটা কর্পোরেশনের এডুকেশন ডিপার্টমেন্টের ওয়ার্কস এডুকেশনকে অ্যাডাল্ট এডুকেশনের বিস্তৃত কর্মসূচি গ্রহণ করার সুযোগ ছিল। কেন্দ্রে যখন জনতা সরকার ছিল তখন অ্যাডাল্ট

এডুকেশন-এর বিস্তৃত কর্মসূচি ছিল এবং সেই টাকা কর্পোরেশন এডুকেশন-এর ডিপার্টমেন্টের মধ্য দিয়ে অনেক কাজ করার সুযোগ ছিল। কিন্তু আপনাদের কোনও পরিকল্পনা না থাকায় কোনও এ্যাপ্রোচ না থাকায় এইগুলো কার্যকর করতে পারেননি। ক্যালকাটা সুসম্প্রসারণের জন্য ৩০০ কোটি টাকা ব্যয় হয়েছে। মন্ত্রী মহাশয় নিজে বলেছেন উল্লেখযোগ্য কিছু কাজ হয়নি সুয়ারেজের ক্ষেত্রে। আনঅথরাইজড্ কনস্ট্রাকশন কলকাতায় হয়েই চলেছে। আমার কাছে খবর আছে। আমি অন্য মিউনিসিপ্যালিটির কথা না বলে হাওড়া মিউনিসিপ্যালিটি সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। হাওড়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে কি হয়েছে? একটা নমিনেটেডেড বডি ছিল। তার কনস্টিটিউশন নিয়ে হাইকোর্টে কিছু প্রশ্ন উঠেছিল, তারপর হাইকোর্ট রায় দিলেন এই তারিখের মধ্যে নতুন নির্বাচন করতে হবে, নতুন ইলেকটেড বডি করতে হবে আগামী ১৯৭৯ সালের ডিসেম্বরের মধ্যে। সরকারি উকিলরা বার বার আজকে অনুরোধ করে তারিখ বাড়িয়ে দিলেন। কিন্তু তারপর আর এখন তারিখ বাড়ানো গেল না। এবার ইলেকশন করতেই হবে তখন কোনও লোককে পরিবর্তন না করে চেয়ারম্যান থেকে আরম্ভ করে সবকেই রেখে দিয়ে চেয়ারম্যানকে প্রেসিডেন্ট করে আবার বোর্ডকে মিউনিসিপ্যালিটি করলেন। এতে কি মহামান্য হাইকোর্টকে বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখানো হয়নি? কলকাতার আনফিল্টার্ড জলের অবস্থা অত্যন্ত শোচনীয়, সেচমন্ত্রী মহাশয় নিজেও জানেন। খুব কম জায়গায় আনফিল্টার্ড ওয়াটার দেওয়া যায়। আনফিল্টার্ড জল না থাকার ফলে অনেকগুলি অগ্নিকাণ্ড হয়েছে, ফায়ার সার্ভিস ইনএফেকটিভ হয়ে গেছে। শুকিয়ে গেছে জল আসছে না। অনেক জায়গায় আবার হাইড্রোমিটারের মুখে জল জমে আছে। এরপর আমি ফায়ার সার্ভিস সম্পর্কে আসছি। সম্প্রতি অনেক লোক নিয়োগ করা হয়েছে। আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা বলছিলেন। কিন্তু দেখা যাচ্ছে আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে লোক নিয়োগ করলেন।

একটি কমিটি করে দিয়েছেন কর্পোরেশনের ক্ষেত্রে, স্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে একই হচ্ছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ লোক পাঠাচ্ছেন, একজন লোককেও নেওয়া হচ্ছে না। সেখানে ড্রাইভার, কন্ডাক্টর নিয়োগের ক্ষেত্রে তাদের লোককে সিলেক্ট করা হচ্ছে না। ফায়ার সার্ভিস সম্পর্কেও এই একই ভিযোগ করতে চাই—সেখানেও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের লোক নেওয়া হয়না। একটা সিলেকসান কমিটি করা হয়েছে দলের এম. এল. এ. এবং লোকদের নিয়ে এবং সেইভাবেই নিয়োগ করা হচ্ছে। এই হাউসের মাননীয় কোনও কোনও সদস্য আছেন যারা এই সিলেকশনের দায়িত্ব নিয়েছেন এবং দলীয়ভাবে এই নিয়োগ হচ্ছে। সেখানে শিবির কর্মচারিদের চাকরির ব্যাপারে অগ্রাধিকারের কথা বলা হলেও তাদের নেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী, মহাশয় যত কাজের কথা ঘোষণা করেছিলেন বা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলিকে বাস্তবে রূপায়িত করার জন্য তিনি যদি আরো দৃঢ় পদক্ষেপে এগিয়ে আসতেন তাহলে স্যার, এই বাজেট আমাদের কাছে গ্রহণযোগ্য হত কিন্তু যেহেতু তিনি যেসব কমিশন, কমিটির রিপোর্টের কথা বলেছেন তার কার্যকর রূপ কি সেটা বলতে ব্যর্থ হয়েছেন এ ব্যাপারে প্রশাসনিক ব্যর্থতার দীর্ঘসূত্রতা রয়েছে ও সংকীর্ণ দলীয় স্বার্থ রয়েছে সেইজন্য এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যেসব

ব্যয়-বরাদ্দের প্রস্তাব রেখেছেন সেই ব্যয়-বরাদ্দের বিতর্কে অংশগ্রহণ করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যে ভাষণ রেখেছেন তার যে চরিত্র এবং আগের বছর এই দাবির উপর যে ভাষণ তিনি রেখেছিলেন তার যে চরিত্র সেগুলি আমি খতিয়ে দেখেছি। স্যার, এই দু-বছরের বক্তব্যের মধ্যে কোন বৈচিত্র নেই। মৌলিক সমাধানের কোনও উল্লেখ সেখানে নেই। তিনি গতানুগতিকভাবে কতকগুলি কথা বলে গিয়েছেন এবং অপদার্থ বামফ্রন্ট সরকারের ব্যর্থতা ঢাকবার জন্য বিভিন্নরকম কথার জাল বুনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবে বলতে চাই যে পশ্চিমবাংলার সমস্ত পৌর এলাকার বাস্তব যে চিত্র সেই চিত্রের সঙ্গে তাঁর বাজেট ভাষণের মধ্যে যে ইঙ্গিত রয়েছে তারমধ্যে কোনও সঙ্গতি নেই। তিনি দাবি করেছেন বিভিন্ন আইনের তিনি সংশোধন করেছেন বিধানসভায় বিল পাস করার মধ্যে দিয়ে। কিছু কিছু ব্যাপারে রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গিয়েছে এবং তা পাবার পর সেগুলি আইনে পরিণত হয়েছে এবং কিছু কিছু ব্যাপারে হয়নি। তাছাড়া তিনি তাঁর বাজেট ভাষণের মধ্যে একটির পর একটি অজুহাত দেখিয়েছেন। তিনি বলেছেন, বেঙ্গল মিউনিসপ্যাল সেকেণ্ড অ্যামেন্ডমেন্ট বিল পাস করা প্রয়োজন, ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যাক্টের অ্যামেণ্ডমেন্ট করা প্রয়োজন ইত্যাদি। পশ্চিমবাংলার পৌর এলাকার মানুষের সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় সংশোধনের নিশ্চয় প্রয়োজন আছে কিন্তু সেগুলি করার পরে সেখানে বাস্তব চিত্রটাও বোঝা উচিত। মাননীয় পৌরমন্ত্রী পৌর এলাকার বাস্তব চিত্রটা অনুধাবন করার চেষ্টা করেননি। নর্থ বেঙ্গল দিনহাটা মিউনিসিপ্যালিটিতে যে ওয়াটার সাপ্লাই স্কিমটা চালু হবার অপেক্ষায় রয়েছে তার অবস্থাটা কি সেটা একটু বলতে চাই। সেখানকার চেয়ারম্যান অনেক পত্রালাপ করেছেন মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে এবং ডিপার্টমেন্টের অফিসারদের সঙ্গে। ১২.১১.৭৯ তারিখে মেমো নং 891 DFD / 434. To the Chief Engineer, Public Health Engineers Directorate, Government of West Bengal,. 1, Kiron Sankar Roy Road, Calcutta - 1. সেখানে তারা বলছেন যে এই ডিপার্টমেন্ট তাদের টালবাহানার জন্য দীর্ঘসূত্রতা অবলম্বন করার জন্য কাজ বন্ধ করে দিয়েছে। তারা আবার ২১। ৫। ৮০ তারিখে সেই একই ব্যক্তিকে জানিয়েছেন যে আনফরচুনেটলি it has been stopped by your department. এটা কি ধরণের জিনিস? যেখানে সমস্তরকম ওয়াটার সাপ্লায়ের কাজ করার পদক্ষেপ নেওয়া হয়েছে, উন্নয়নমূলক কাজগুলি শুরু হয়ে গেছে, সেই সময়ে তার দপ্তরের থেকে একটা ফরম্যান জারি করে বসলেন যে সমস্ত কাজ বন্ধ রাখতে হবে। পানীয় জলের জন্য সাধারণ গরিব মানুষের যে দুর্ভোগ তার দিকে কোনও নজর নেই। এইরকমভাবে বিভিন্ন পৌর এলাকায় দুর্নীতি চলেছে। রায়গঞ্জ মিউনিসিপ্যালিটি এলাকায় এই ওয়াটার সাপ্লাই প্রোজেক্টটা শেষ পর্যন্ত চালু হয়নি। সেখনকার মানুষেরা নিজেরা পয়সা খরচ করে জল এনে তাদের পিপাসা মেটাতে হচ্ছে। এই অসহনীয় অবস্থার মধ্যে পৌরসভাগুলি আছে। পশ্চিমবঙ্গের অন্যান্য এলাকার সঙ্গে এখানকার পৌর এলাকার এই যে বৈষম্যমূলক আচরণ, এই বৈষম্যমূলক আচরণ দূরীকরণের জন্য পৌরমন্ত্রী মহাশয় কোনওরকম ইঙ্গিত দেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা পরিষ্কারভাবে বলতে চাই যে তার বক্তব্যের সঙ্গে বাস্তব পৌর এলাকার কোনও সঙ্গতি নেই। অপরদিকে এই দুর্নীতি ছাড়াও, অবহেলা ছাড়াও আরো অন্যান্য দুর্নীতিও দেখা দিয়েছে। আমি মিউনিসিপ্যালিটির কথা জানি। সেখানকার চেয়ারম্যান,

তিনি নোমিনেটেড চেয়ারম্যান, ইলেকটেড নন, তিনি যথেচ্ছভাবে কাজ করে যাচ্ছেন। এখানে অন্যান্য যে সমস্ত দলীয় মনোভাবাপন্ন এবং ইউনিয়ন মনোভাবাপন্ন শ্রমিকরা রয়েছেন তাদের তিনি হ্যারাস করছেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন এবং এই অভিযোগ আমি বারবার করেছি যে মিউনিসিপ্যালিটির গাড়ি যথেচ্ছোভাবে ব্যবহার করা হচ্ছে। আজকেও অ্যাসেম্বলির বাইরে সেই গাড়ি দাঁড়িয়ে আছে। আমি যে কথা বলছি তার মধ্যে কোনও কারচুপি নেই। সেই গাড়ি নাম্বার হচ্ছে ডবলিউ. বি. এইচ. ৪৪৯১। এই গাড়ি যথেচ্ছ ভাবে ব্যবহার করা হচ্ছে। শুধু বলি মিউনিসিপ্যালিটির কথাই নয়, বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে তাদের যে সমস্ত ম্যানেজমেন্ট রয়েছে তারা দলীয় স্বার্থে ব্যবহার করছেন। সরকারের টাকা দলীয় কাজে লাগাবেন—এটা হতে পারে না। কাজেই বাস্তব চিত্রের সঙ্গে তার কথার কোনও মিল নেই এবং তিনি ইনিয়ে বিনিয়ে নানা রকম অজুহাত দেখিয়ে এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেটের ডিমান্ড নং ৭৪, Page 524, Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchyat) are for distribution of—No. 1. Octroi grants out of the net proceeds of Terminal Tax to the following local bodies.

তার মধ্যে আমি শুধু উল্লেখ করতে চাচ্ছি যে মিউনসিপ্যালিটিস উইদিন দি সি. এম. ডি. এ.—৫৪,৯০০ টাকা, আর মিউনিসিপ্যালিটিসি আউট সাইড দি সি. এম. ডি. এ.—সেটা হচ্ছে মাত্র ২৭,৭০০ টাকা। এই যে বৈষম্যগুলি রয়েছে, এগুলি দূর করতে পারেননি। আজকে সি. এম. ডি. এ. এলাকার বাইরে যে পৌর সংস্থাগুলি রয়েছে তাদের সংখ্যা সি. এম. ডি. এ. এলাকার মধ্যের চেয়ে অনেক বেশি, অথচ তাদের বেলায় সি. এম. ডি. এ. এলাকার ভিতরের পৌরসভাগুলির চেয়ে অনুদানের পরিমাণ অনেক কম। বামফ্রন্টের মাননীয় সদস্যরা কেন্দ্রীয় বৈষম্যের কথা বলে চিৎকার করেন। তারা বলেন কেন্দ্রীয় সরকার যোজনা খাতে অন্যান্য রাজ্যের চেয়ে পশ্চিমবাংলাকে অনেক কম টাকা দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে পাল্টা অভিযোগ করছি, আজকে সি. এম. ডি. এ. এলাকার মধ্যে যে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি রয়েছে তাদের জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে, তার চেয়ে বেশি সংখ্যায় বিভিন্ন জেলায় যে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি রয়েছে তাদের জন্য অনেক কম টাকা বরাদ্দ করা হচ্ছে। তাই আমি বলছি শুধু কথায় নয়, কাজের মধ্যে দিয়ে নিজেদের সদিচ্ছার পরিচয় দিতে হবে। সাধারণ মানুষের লক্ষ লক্ষ ভোটের মাধ্যমে আপনারা ক্ষমতায় এসেছেন শুধু প্রহসন করবার জন্য নয়, রাজনৈতিক বুলি আওড়ানোর জন্য নয়, তাদের স্বার্থে কাজ করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চার বছর পরেও আমরা লক্ষ্য করছি যে, বিভিন্ন পৌর সভায় যে সমস্ত দুর্নীতিগুলি রয়েছে তা দূর করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় কোনও রকম চেষ্টা করছেন না, সেগুলি নিরশনের জন্য কোনও দৃঢ় পদক্ষেপ গ্রহণ করছেন না। অত্যন্ত শ্লথ গতিতে গতানুগতিকভাবে এই বিভাগের কাজকর্ম চলছে। দৃঢ় পদক্ষেপের, কৃতসংকল্প মনোভাবের বলিষ্ঠ বক্তব্য সেই জন্যই এখানে পরিস্ফুট হয়নি, তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। বিগত কয়েক বছর ধরে ওরা এখানে চিৎকার করেছিলেন যে, যে সমস্ত অগণতান্ত্রিক সংস্থা আছে সে সমস্ত সংস্থায় শীঘ্র নির্বাচন করে সেগুলিকে গণতান্ত্রিক

করবেন। সেই কারণে তারা ক্ষমতায় আসবার পরে বিভিন্ন পৌর সংস্থাগুলির বোর্ডগুলিকে খারিজ করে দিয়ে নিজেদের দলীয় প্রশাসক বসিয়ে দিয়েছেন। কিন্তু সেই সমস্ত প্রশাসকরা দুর্নীতির রাজত্ব চালাচ্ছে। আমি এখানে প্রশ্ন করতে চাই যে, গত তিন বছর ধরে কেন পৌর নির্বাচন করা সম্ভব হয়নি? এ বিষয়ে আমরা ইতিপূর্বে যখনই প্রশ্ন করেছি তখনই বিভিন্ন সময়ে বিভিন্ন অজুহাত দেখনো হয়েছে। কোনও সময়ে বলেছেন লোকসভার নির্বাচন এসে গেল, সেই জন্য এখন করা সম্ভব নয়, কোনও সময়ে বলেছেন ভোটার তালিকার সংশোধনের প্রশ্ন এসে গেছে সুতরাং এখন হতে পারবে না। তবে ভোটার তালিকায় কারচুপির কথা দীর্ঘ দিন ধরে আমরা বলে আসছি এবং পুনরায় উল্লেখ করতে চাই। এ বিষয়ে কাগজে একটা খবর রেরিয়েছে, বর্তমানে আইন সংশোধন করে ২১ বছরের জায়গায় ভোটারের সর্বনিম্ন বয়স-সীমা ১৮ বছর করা হয়েছে, কিন্তু মানিকতলার ১৩. ১৪. ৩২ এবং ৩৩ নম্বর ওয়ার্ডে ১৮ থেকে ২১ বছর বয়সের মধ্যেকার ভোটারের সংখ্যা অত্যন্ত কম। এটা খুবই আশ্চর্যের ব্যাপার। আমাদের এখানে জনসংখ্যা ক্রমশ বাড়ছে, সুতরাং বয়স কমিয়ে দেওয়ার ফলে কম বয়সী ভোটারের সংখ্যাও বেশি হওয়াই স্বাভাবিক। তারপর আমি পৌর সংস্থাগুলির দুর্নীতির একটি উদাহরণ দিচ্ছি। ইতিমধ্যে অবশ্য মাননীয় সদস্য সন্দীপবাবু হালিশহর পৌর সংস্থার দুর্নীতির কথা বলে গেছেন। আমিও এটা উদাহরণ দিচ্ছি। গত ১৭/১/৮১ তারিখে একটা খবর বেরিয়েছিল যে, হালিশহর পৌর সংস্থায় ১৪৫-জনকে বে-আইনিভাবে চাকরি দেওয়া হয়েছে। এই রকম দুর্নীতি বিভিন্ন জায়গায় চলছে। বিভিন্ন পৌরসভায় শাসক দল তাদের ক্যাডারদের বে-আইনিভাবে চাকরি দিচ্ছেন। বামফ্রন্টের বিরুদ্ধে এসব অভিযোগ আজকে কোনও কোনও কাগজ সাহসের সঙ্গে প্রকাশ করছে। তবে বেশিরভাগ ক্ষেত্রেই বামফ্রন্ট সরকার এই সমস্ত খবর ঢেকে রাখবার জন্য তাদের প্রভাব খাটাচ্ছেন। তথাপি যারা সাহসের সঙ্গে এসব প্রকাশ করছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হচ্ছে প্রশান্ত শূর মহাশয়ের পৌর সংস্থার প্রশাসনের নিদর্শন। এই নিদর্শনের মধ্য দিয়ে তিনি তার বাজেট বরাদ্দ মঞ্জুরির জন্য উত্থাপন করেছেন। আমি পরিষ্কারভাবে জানিয়ে দিচ্ছি এই রকম বাজেটের দ্বারা কোনও উন্নতিমূলক কাজ হবে না এবং আগামী দিনে তিনি কিছু করবেন বলে আমার মনে হয় না। আমি পরিষ্কারভাবে বলছি, যে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি রয়েছে সেই সমস্ত মিউনিসিপ্যাটিগুলির দুর্নীতিগুলিকে আজকে অপসারণ করতে হবে। পে-রিভিউ কমিটির যে সুপারিশ সেই সুপারিশ তিনি কার্যকর করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন এবং তার সঙ্গে আমাদের সাথে যুক্ত যে সমস্ত গণতান্ত্রিক সংগঠনগুলি আছে তারা দেখা করেছেন। তিনি তাদেরকে কথা দিয়েছেন যে সেই পে-রিভিউ কমিটির সুপারিশকে কার্যকর করবেন কিন্তু আজও পর্যন্ত তিনি কার্যকর করতে পারেননি। সুতরাং এক্ষেত্রে তিনি চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। বালি মিউনিসিপ্যালিটির যে সমস্ত কর্মচারী আছে তাদের প্রভিডেন্ট ফান্ডের লক্ষ লক্ষ টাকা কোথায় আছে—সেটা কি আপনি জানেন? কিন্তু আমি জানি, ঐ লক্ষ লক্ষ টাকা বালি মিউনিসিপ্যালিটির যে বিধিবদ্ধ নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী জমা পড়েনি। সেই সমস্ত টাকা ব্যাঙ্কে জমা পড়া উচিত ছিল কিন্তু আজও পর্যন্ত সেই সমস্ত টাকা ব্যাঙ্কে জমা পড়ার পরিবর্তে নিজেরা পকেটস্থ করেছেন কিংবা অন্য কোনও কাজে ব্যয়িত হয়েছে। এই সমস্ত টাকা যদি ব্যাঙ্কে পড়ত তাহলে ঐ টাকা থেকে

কিছু সুদ পাওয়া যেত এবং তারফলে লাভবান হতে পারতেন। কি‍ন্তু মাননীয় মন্ত্রী মহাশয় সেইদিক থেকে কর্মচারিদের বঞ্চিত করেছেন। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এইভাবে সমগ্র পশ্চিমবাংলায় এই অবস্থা সৃষ্টি করেছেন। সুতরাং তার বাজেট বক্তৃতার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। এবার কলকাতা কর্পোরেশন সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। কলকাতা কর্পোরেশনে হকার উচ্ছেদ অভিযানের সঙ্গে যে ডিপার্টমেন্ট জড়িত আছে সেই ডিপার্টমেন্টের অফিসাররা এবং ফোর্সরা একবার হুড়-হুড় করে বেরিয়ে হকারদের গলা মুরগির মতোন প‍াক করে ধরে, তারপর কিছু দূর নিয়ে গিয়ে টাকা-পয়সা নিয়ে ছেড়ে দেয়। এইরকম জঞ্জাল অপসারণের ক্ষেত্রেও দেখছি যে জঞ্জাল পরিষ্কার করা হচ্ছে না। এইসব দিকে দেখার কোনও নজর নেই। মাননীয় মন্ত্রী মহাশয় হিমঘরে বসে আছেন, তিনি এই সব জিনিস বুঝতেও পারছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, কলকাতাকে পরিচ্ছন্ন করবেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, যখন এই সমস্ত ডিপার্টমেন্টের দুর্নীতিকে দূর করতে পারবেন এবং দোষী ব্যক্তিদের শাস্তি দিতে পারবেন তখনই কলকাতা শহর পরিচ্ছন্ন হবে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পৌরমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের এই সভায় পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধী সদস্যদের এই বাজেট আলোচনা শুনছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাদয়, এটা সত্যি কথা, আজকে বামফ্রন্ট সরকারের সাড়ে ৩ বছরের সাফল্য এবং অসাফল্য নিয়ে আলোচনা শুরু হয়েছে। সেখানে আমাদের মাননীয় পৌরমন্ত্রী যে দৃঢ়তার সঙ্গে এবং বলিষ্ঠ হাতে পৌর প্রশাসনের কাজকে এগিয়ে নিয়ে যাচ্ছেন এবং কাজ করছেন, তাতে আমি জানি, পশ্চিমবাংলার সমস্ত মানুষ তার প্রতি অভিনন্দন জানাচ্ছে।

মাননীয় সদস্য সন্দীপবাবু বললেন, তিনি নির্বাচন সম্পর্কে অভিযোগ করলেন যে মাননীয় পৌরমন্ত্রী এই তিন বছরের মধ্যে কেন নির্বাচন করতে পারলেন না। আমি তাকে জিজ্ঞাসা করি যে বিগত দিনের কংগ্রেস সরকার যে নির্বাচিত পৌরসংস্থাগুলিকে তাদের গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করে সেখানে পৌরসভাগুলিকে ভেঙ্গে দিয়েছিলেন, সে সম্পর্কে তিনি তো কিছু বললেন না। নির্বাচনের কথা বললেন, আমি তো জানি আজকে নির্বাচনের প্রশ্ন আপনি তুললেন, আমাদের পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলেন গণতান্ত্রিক অধিকারের দিকে, কিন্তু আমার মনে হয় আমরা এমন একটি অদ্ভুত দেশে বাস করছি ভারতবর্ষে যেখানে প্রতিদিন কাগজে দেখি—কি করে কেন্দ্রীয় সরকার—ইন্দিরা গান্ধী কি করে পশ্চিমবঙ্গের নির্বাচিত যে বামফ্রন্ট সরকার রয়েছেন সেই সরকারকে ভাঙ্গবার জন্য চক্রান্ত করছেন। আপনি আবার পৌরসভার নির্বাচন কেন হল না সেই কথা বলছেন? আপনি এই কথা তো বললেন, আমি নিশ্চয় পৌর মন্ত্রীকে অভিনন্দন জানাব নির্বাচন সম্পর্কে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করার জন্য যা আমি এই বাজেটের মধ্যে দেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন কুচবিহার জেলাতে নির্বাচিত পৌরসংস্থা নেই সেখানে দুর্নীতি সম্পর্কে এখানে অনেক কথা আলোচনা হল, আমি জিজ্ঞাসা করি—আমাদের পৌরমন্ত্রী এখানে রয়েছেন,

আমাদের বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর কুচবিহার জেলার পৌর এলাকায় যে কাজ ওখানকার একজিকিউটিভ অফিসার এবং ওখানকার যিনি অ্যাডমিনিষ্ট্রেটর তারই নিয়ন্ত্রণে যে সব কাজ করছিল—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে আমরা ক্ষমতায় আসার পর কুচবিহার জেলার বহু দুর্নীতি আমি তার সামনে তুলে ধরি। আমি জানি সেখানে নির্বাচিত প্রতিনিধি না থাকার দরুন সেখানকার কাজকর্ম প্রতি নিয়ত ব্যহত হয়েছিল এবং সরকারে আসার পর—যেহেতু আমি ঐ পৌর এলাকার একজন সদস্য সেইহেতু সমস্ত কাগজপত্র দেখবার সুযোগ আমার হয়েছে, পুরনো দিনের কাগজপত্র দেখে আমি দেখেছি যে বিগত কংগ্রেস সরকারের আমলে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা তছরূপ হয়েছে এবং আমরা যখন ক্ষমতায় এলাম ১৯৭৭ সালে, ঐ পৌরসভার কাজের জন্য যে ছয় লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল এবং সেই টাকা নিয়ে যেভাবে তছরূপ করা হয়েছিল আমি সেই অভিযোগ মন্ত্রী মহাশয়ের কাছে নিয়ে এসেছিলাম। আমি তাকে অভিনন্দন জানাই, নির্বাচিত প্রতিনিধি না থাকার দরুন বাস্তব ক্ষেত্রে কাজ করতে গিয়ে যে অসুবিধার সম্মুখীন হয়েছিলাম, সেটা তিনি দূর করবার ব্যবস্থা করেছিলেন। ওখানকার ওভারসিয়ার, তিনি কাজ কর্ম দেখেন, যেহেতু আমরা টেকনিক্যাল হ্যান্ড নই, ওখানকার কাজের কারচুপি আমরা বুঝতে পারি না সে জায়গায় উনি একটা প্রস্তাব দিয়েছিলেন এবং তার বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতেই প্রস্তাবগুলি দিয়েছিলেন। নির্বাচিত পৌরসভা ছাড়া এই সমস্ত কাজকর্ম করার কি অসুবিধা তা তিনি বুঝেছিলেন এবং সেইজন্যই ওখানে একজিকিউটিভ অফিসার, ফাইনান্স অফিসার, ইঞ্জিনিয়ার, অ্যান্ড হেলথ অফিসার, দেবেন। ইঞ্জিনিয়ার সম্পর্কে আমি বলতে পারি ১৯৭৭ সালে আমাদের কুচবিহার পৌর এলাকার দুর্নীতির ব্যাপারে আমি তার কাছে জানাই যে ৬ লক্ষ টাকা তছরূপ হয়েছে, আমাদের এদিকে কাজকর্ম, রাস্তাঘাট যেভাবে হবার কথা ছিল সেভাবে হয়নি, এবং সেই কারচুপির কথায় ডি. সি. আমাকে নিজে বলেছিলেন যে মিউনিসিপ্যালিটির কোনও ইঞ্জিনিয়ার নাই কোনও টেকনিক্যাল হ্যান্ড নাই, কি করে এগুলি এনকোয়ারি হবে? সেজন্য তিনি বাস্তব অসুবিধাগুলিকে বুঝতে পেরে তিনি একজন ইঞ্জিনিয়ার এবং একজন ফাইনান্স অফিসার নিয়োগ করেছেন, তার জন্য আমি তাকে অভিনন্দন জানাই। শুধু তাই নয় আমি তাকে বলব কলকাতা কর্পোরেশনের দুর্নীতি সম্পর্কে তিনি একটা কমিশন গঠন করেছেন, তার কাছে যে সমস্ত অভিযোগগুলি আসছে তারই পরিপ্রেক্ষিতে তিনি এই কমিশন করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয়কে সেজন্য আমি আর একটি অনুরোধ করব তিনি তো জানেন বিভিন্ন জেলাতে কিভাবে দুর্নীতিগুলি হয়েছে, এই অতীতের দুর্নীতিগুলি প্রকাশ করে দিন।

যারা আজকে সমালোচনা করছেন সাড়ে তিন বছরের মধ্যে আমরা কি করতে পেরেছি তাদের জানাই যে আপনি যে দৃঢ় পদক্ষেপ নিয়ে এগিয়ে যাচ্ছেন তারজন্য পশ্চিমবাংলার মানুষ আপনাকে অভিনন্দন জানাচ্ছে। সাধারণ মানুষের কাছে আপনি অতীতের দুর্নীতিগুলির মুখোশ খুলে দিন। শুধু কলকাতা কর্পোরেশন নয় আমার মনে হয় কুচবিহার জেলা সহ অন্যান্য জেলায় দুর্নীতি ঘটেছে, টাকা তছরূপ হয়েছে। সাধারণ মানুষের জন্য যে টাকা দেওয়া হয়েছিল সেই টাকায় সঠিকভাবে কাজ হয়নি। এই অভিযোগ আমাদের কাছে আছে। ১৯৪৭ সালে যখন ভারতবর্ষ দ্বিখন্ডিত হয়ে ছিল তখন ছিন্নমূল মানুষগুলো পশ্চিমবাংলার দিকে এসেছিল। আজ পর্যন্ত তারা অনাদরে উদ্বাস্তু কলোনিগুলিতে আছে যে কলোনিগুলি ৩০

বছরের মধ্যে সরকার অধিগ্রহণ করেনি। এই সমস্ত ছিন্নমূল মানুষগুলির জন্য বিগত ৩০ বছর ধরে তাদের সরকার কি করেছেন? আমাদের মন্ত্রী মহাশয় সরকারে আসার পর তিনি এদিকে দৃষ্টি দিয়েছেন বলে তাকে অভিনন্দন জানাই। ২১৮টি উদ্বাস্তু কলোনি এখনও গ্রহণ করা হয়নি। কিন্তু আপনি এই কলোনিগুলিকে মিউনিসিপ্যালিটির মধ্যে নিয়ে এসেছেন এবং তাদের পাট্টা দেবার ব্যবস্থা করেছেন। ভারত সরকারে আইন আছে। ভারত সরকারে আইনে আছে অনুন্নত শ্রেণীর উন্নতির জন্য কাজ করতে হবে। প্রধানমন্ত্রী সেকুলার স্টেটের কথা বলেন। কিন্তু এই ৩০ বছরে হরিজনদের অবস্থা কি হয়েছে সেটা আমি প্রত্যক্ষভাবে দেখেছি। আমি কুচবিহার জেলার মিউনিসিপ্যালিটির একজন সদস্য হিসাবে এই সমস্ত কাজগুলি দেখি। এই সমস্ত হরিজনরা কি পঙ্কিল জীবন যাত্রা করেন তা আমি জানি। তাদের মানুষ বলে গণ্য করা হয়না। তাদের ঘর বাড়ি নেই। তারা পৌর এলাকায় কাজ করেন বলে তাদের সকলেই ঘৃনা করেন। পৌরমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সঙ্গে তাদের উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ করছেন। এই অর্থ দিয়ে আমরা কুচবিহার মিউনিসিপ্যালিটির মধ্যে তাদের জন্য বাড়ি তৈয়ারি করে দিয়েছি, স্যানিটারি ল্যাট্রিন করে দিয়েছি, প্রাথমিক বিদ্যালয় করে দিয়েছি এবং তাদের মধ্যে বিশ্বাস এনে দিয়েছি যে তাদের মানুষ হিসাবে বাঁচার অধিকার আছে। এই ব্যবস্থার জন্য আপনাকে অভিনন্দন জানাই। বিভিন্ন পৌর এলাকা সম্পর্কে যে নীতি গ্রহণ করেছেন পাশাপাশি তার সঙ্গে আমি কলকাতার কথা বলব। ৪৭ সালের পর দ্বিখন্ডিত ভারতবর্ষের অর্ধেক মানুষ এদিকে চলে এসেছে। জবচার্নকের কলকাতা ১৪ লক্ষ লোকের স্কীম নিয়ে তৈরি হয়েছিল। ছিন্নমূল মানুষগুলি আসবার পর কলকাতা নাভিশ্বাস উঠেছে। বিগত ৩০ বছরে কংগ্রেস সরকার তাদের কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন। আমি দিল্লি গিয়ে দেখেছি সেখানকার উন্নয়ন দেখে আমার যন্ত্রণা হয় এই কারণে যে পশ্চিমবঙ্গকে দেখি উপেক্ষা করা হচ্ছে। সেখানে যদি একটা রাস্তা ভেঙ্গে যায় তখন সঙ্গে সঙ্গে তা মেরামত করা হয়। অর্থাৎ কত রকম স্কীমের মধ্য দিয়ে সেখানে কাজ করা হচ্ছে। সেখানে কলকাতায় কি করা হচ্ছে। সুতরাং আজকে কলকাতা সম্পর্কে যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তারজন্য মানুষ আপনাকে অভিনন্দন জানাচ্ছে সঙ্গে সঙ্গে এর পাশাপাশি আপনি অন্যান্য জেলা শহরগুলির দিকেও যে দেখেছেন তারজন্য আপনাকে অভিনন্দন দিচ্ছি। আমি অনুন্নত শহর কুচবিহার সম্বন্ধে দেখছি যে আপনি মাথাভাঙ্গা, মেখলিগঞ্জ ও হলদিবাড়ি ইত্যাদি জায়গাগুলিকে পৌর এলাকার মধ্যে নিয়ে এসে তারজন্য যে উন্নয়নের চেষ্টা করছেন সেইজন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। দুটি কমিশন—একটি কলকাতার পৌরসভার দুর্নীতি সম্পর্কে কমিশন আর একটি পৌরসভার আয় ব্যয় সম্পর্কে কমিশন করেছেন বলে আপনাকে অভিনন্দন জানাই। পৌরসভাগুলির আয় অত্যন্ত কম এবং তা কর্মচারিদের মাইনা দিতে শেষ হয়ে যায়। সুতরাং ডাঃ ভবতোষ দত্তকে চেয়ারম্যান করে পৌরসভাগুলির আয় বাড়াবার জন্য আপনি যে সচেতন হয়েছেন তার জন্য অভিনন্দন জানাই। পৌরমন্ত্রী এইসব কাজ দৃঢ়তার সঙ্গে করেছেন। কলকাতা সম্পর্কে যে পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন সেই পরিকল্পনাকে রূপায়ণের জন্য আপনি সচেষ্ট আছেন। সেই সঙ্গে সঙ্গে অনুন্নত জেলাগুলি সম্পর্কেও আপনি দৃষ্টি দিয়েছেন এবং আশা করছি আপনি বলিষ্ঠতার সঙ্গে এই কাজ করবেন। সর্বশেষে এই বাজেটকে সমর্থন করে ও পৌরমন্ত্রীকে ধন্যবাদ দিয়ে আমি শেষ করছি।

**শ্রী বিজয় বাউড়িঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে যে বাজেট পেশ করা হয়েছে তার উপর কয়েকটা কথা বলতে চাই। এই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে প্রথমে যেটা বলা প্রয়োজন তা হচ্ছে মন্ত্রী মহাশয় পৌর নির্বাচন সম্পর্কে যে তারিখ ঘোষণা করেছেন সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। কারণ আমরা মনে করি এই নির্বাচন দীর্ঘ চার বছর পর হতে চলেছে যেটা অনেক আগে করা উচিত ছিল। এই নির্বাচন আমরা চাই কিন্তু যে পদ্ধতিতে নির্বাচনের কথা ঘোষণা করেছেন সেই পদ্ধতিতে যদি নির্বাচন হয় তাহলে আমরা মনে করি পশ্চিমবাংলার সমস্ত রাজনৈতিক দলগুলি সমান সুযোগ সুবিধা পাবে না এবং নির্বাচনে তার অংশ গ্রহণ করতে পারব না।

মাননীয় মন্ত্রী মহাশয় আগামী পৌর নির্বাচনের ব্যাপারে পশ্চিমবাংলায় যে সমস্ত স্বীকৃত দল আছে সেই সমস্ত দলগুরির জন্য তাদের প্রতীক চিহ্ন ব্যবহার করা ব্যবস্থা করেছেন। কিন্তু যে সমস্ত রেজিস্টার্ড দল আছে সেই সমস্ত রেজিস্টার্ড পার্টিগুলি এই নির্বাচনে কোনও প্রতীক চিহ্ন নিয়ে অংশগ্রহণ করতে পারছে না। অথচ আমরা জানি, সকলেই জানেন যে, লোকসভা এবং বিধানসভার নির্বাচেনে নিজস্ব প্রতীক চিহ্ন নিয়ে প্রতিদ্বিন্দ্বিতা করবার সুযোগ দেওয়া হয়ে থাকে। এ সমস্ত নির্বাচনে তাদের একটা ফ্রি সিম্বল থাকে এবং সেই সমস্ত সিম্বল নিয়ে তারা সমস্ত জায়গায় প্রতিদ্বন্দ্বিতা করবার সুযোগ পায়। কিন্তু এই নির্বাচনে মাননীয় মন্ত্রী মহাশয় রেজিস্টার্ড পার্টিগুলোর জন্য সেই সুযোগ রাখেননি। তাই আমরা আশা করব, গণতান্ত্রিক পদ্ধতিতে যাতে নির্বাচন হতে পারে এবং সমস্ত রাজনৈতিক দলগুলি যাতে সমস্ত সুযোগ সুবিধার ভিত্তিতে নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন সেইজন্য মন্ত্রী মহাশয় প্রি সিম্বল দেওয়ার ব্যবস্থা রাখবেন, এবং এই সমস্ত রেজিস্টার্ড পার্টিগুলি গণতান্ত্রিক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত না হয় সেদিকে দৃষ্টি দেবেন। আমি আশা করব তিনি তার জবাবি ভাষণ দেওয়ার সময় এ বিষয়ে সুস্পষ্ট মতামত আমাদের সামেন রাখবেন। আমরা জানি যে, স্বীকৃত রাজনৈতিক দলগুলিকে ভোটার তালিকা দেওয়া হয়ে থাকে। অথচ যারা রেজিস্টার্ড পার্টি আছেন, তাদের এই তালিকা পাওয়া থেকে বঞ্চিত করা হয়ে থাকে। কাজেই এই স্বীকৃত দলগুলির ন্যায় রেজিস্টার্ড পার্টিগুলি যাতে অন্ততপক্ষে এই সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হন সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয় একটু নজর দেবেন এবং সকলকে তা দেওয়ার ব্যবস্থা করবেন। এই সাথে ভোটার তালিকা সম্পর্কে আর একটি কথা আমি বলতে চাই, দেখা যায় যে এই সমস্ত তালিকায় ১৮ বছর যাদের বয়স আছে, তাদের নাম বাদ গেছে, অথচ এই বয়সের ব্যক্তিরা ভোটের অধিকারি বলে ঘোষণা করা হয়েছে। এরই ভিত্তিতে এই ভোটার তালিকা তৈরি করা হয়ে থাকে। এই ব্যাপারে বহু জায়গায় দেখা যাচ্ছে যে, বহু নাম এই ভাবে বাদ পড়েছে। কাজেই নির্বাচনের আগেই এই তালিকা সংশোধনের প্রয়োজন রয়েছে। এই দপ্তর সম্বন্ধে আমি একটি কথা বলতে চাই যে, এই দপ্তরে একটা নিয়ম রাখা হয়েছে যে, চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, কমিশনার প্রভৃতির ব্যাপারে বেতন, ভাতা প্রভৃতি দেওয়ার ব্যবস্থা হচ্ছে। দেব-প্রসাদবাবু, সিলেক্ট কমিটিতে নোট অব ডিসেন্ট প্রকাশ করেছিলেন। আমরা মনে করি বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এম. এল. এ. থেকে আরম্ভ করে সমস্ত স্তরে—গ্রামপঞ্চায়েত মেম্বার, কমিশনার এদের ব্যাপারে নির্বাচনে সমস্ত রকম সুযোগ সুবিধা দিচ্ছেন। ঠিক এই ভাবে চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান সবাইকে এই সুযোগ দেওয়ার

ব্যবস্থা আপনারা রেখেছেন। আমাদের পশ্চিমবাংলায় মানুষ নানা সমস্যায় জর্জরিত, সেই সমস্ত সমস্যার মোকাবিলা না করে এই সমস্ত প্রতিনিধিদের সুযোগ-সুবিধা দেওয়াটা ঠিক নয়। এই সমস্ত প্রতিনিধিরা এতদিন ধরে দেশকে ভালবেসে এসেছেন, তারা মানুষের সেবা করার জন্যই নির্বাচনে প্রতিদ্বিন্দ্বিতা করেন, এই সুযোগ-সুবিধা দেওয়ার ফলে তাদের মর‍্যালিটির উপর আঘাত হানতে সাহায্য করবে। তাই আমি মনে করি, এই সমস্ত দেওয়াটা ঠিক নয়। চাকুরি নিয়ে এই দপ্তর সম্বন্ধে আর একটি কথা আমি বলতে চাই যে, চাকুরিকে কেন্দ্র করে যে সমস্ত অ্যাপ্লিক্যান্ট দরখাস্ত করেন, সেখানে কমিশনার, চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান প্রভৃতিরা তাদের আত্মীয়-স্বজনকে চাকুরি দিচ্ছেন। এ ব্যাপারে আপনারা নিশ্চয়ই নজর দেবেন। তিন নম্বরে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, সারা পশ্চিমবাংলায় এই যে বিভিন্ন পৌর সংস্থা আছে সেই সমস্ত পৌর সংস্থাগুলির চেহারা আজকে কি দেখছি? বিভিন্ন জায়গায় মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, সমস্ত নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা ফিরিয়ে দিয়েছেন। কিছু কিছু জায়গায় দিয়েছেন কিন্তু পুরুলিয়া জেলায় রঘুনাথ মিউনিসিপ্যালিটি এবং বিভিন্ন জায়গায় সেই নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা ফিরিয়ে দেওয়া হয়নি। সেখানে অ্যাডমিনিস্ট্রেটর এবং একজিকিউটিভ অফিসার কাজ করেন। অথচ অ্যাডমিনিস্ট্রেটর এবং একজিকিউটিভ অফিসাররা হাজার হাজার দুর্নীতি করছে, তছনছ করছে। কিন্তু তার কোনও ব্যবস্থা নেই। আমি আরেকটা জিনিস বিভিন্ন জায়গায় দেখছি এবং সেটা বলতে বাধ্য হচ্ছি। যে পশ্চিমবাংলায় যে বিভিন্ন মিনিসিপ্যালিটি আছে তার মধ্যে বিরোধী পক্ষের এম. এল. এ. তাদের যে কনস্টিটিউয়েন্সিতে যে মিউনিসিপ্যালিটি আছে সেখানে আপনারা কম টাকা ডেভেলপমেন্টের জন্য দিচ্ছেন এবং আপনাদের যে সমস্ত এম. এল. এ. জিতেছেন সেই সমস্ত পৌর এলাকায় আপনারা বেশি করে টাকা দিচ্ছেন। এই রকম নজির আমাদের কাছে আছে। আমরা এটা দেখেছি যে পুরুলিয়ায় যেখানে আপনাদের কেন্দ্র সেখানে আপনাদের এম. এল. এ. সেখানে ডেভেলপমেন্টের জন্য দিলেন সাড়ে তিন লক্ষ টাকা। অথচ রঘুনাথপুর যেখানে আমাদের কেন্দ্র সেখানে দিয়েছেন এক লক্ষ টাকা। কোথায় সাড়ে তিন লক্ষ টাকা আর কোথায় এক লক্ষ টাকা, এটা কি ঠিক? বিভিন্ন মিউনিসিপ্যালিটির কাজকর্ম আমরা দেখেছি, রিলিফ ওয়ার্ক এর জন্য পুরুলিয়া যে টাকা পেয়েছে, রঘুনাথপুর মিউনিসিপ্যালিটি বিভিন্ন ক্ষেত্রে কম টাকা পেয়েছে। ডেভেলপমেন্টের ক্ষেত্রে যে জায়গার জন্য কাজ হয়েছে সেটা একজিকিউটিভ অফিসার করেছেন। আপনারা দেখেও কোনও ব্যবস্থা নিচ্ছেন না। ফলে এই জিনিস চলছে। স্যার, আমি যে কথা বলতে চাই 'তা হল—এই সমস্ত মিউনিসিপ্যালিটি নির্বাচন হ'ল সেই নির্বাচিত প্রতিনিধিরা দুর্নীতির আশ্রয় নিচ্ছে অথচ এই দুর্নীতি রোখবার কোনও ব্যবস্থা নেই। এখানকার যে সিলেক্ট কমিটি সেই সিলেক্ট কমিটিতে আমাদের নেতা কমরেড দেবপ্রসাধ সরকার বলেছেন এই সব কথা। ক্ষমতায় আসার পর এই বামফ্রন্ট সরকার রাইট টু রিকল ফিরে দেবার কথা বলেছেন। আমি আশা করি যারা গণতান্ত্রিক অধিকার সম্প্রসারণের কথা বলেন এই বামফ্রন্ট সরকার, তারা যে মিউনিসিপ্যালিটিতে গণতান্ত্রিক অধিকার সম্প্রসারণের এই রাইট টু রিকল এর অন্তত পক্ষে অধিকার দেবেন। এর ফলে যে দুর্নীতি বন্ধ হয়ে যাবে তা নয় তবে দুর্নীতি রোখার জন্য অন্ত পক্ষে একটা চেক হবে। যাতে জনগণের সুযোগ সুবিধা বাড়ে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের বিরোধী দলের বন্ধুরা এই ব্যয় বরাদ্দ, বিভিন্ন দিক থেকে সমালোচনা করেছেন। আমি তাদের শুধু একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই ১৯৭৭ সালে নির্বাচনে দাঁড়িয়ে আমরা ধনবাদ ব্যবস্থার মধ্যে, যতটা সীমাবদ্ধ ক্ষমতা আমাদের আছে, একটা সুস্থ প্রশাসন যাতে চালু থাকে, নাগরিক অধিকার ফিরিয়ে দিতে পারি, তা সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে বামফ্রন্ট সরকার সেটা চেষ্টা করবেন। আমি প্রথমেই বক্তব্য রাখতে গিয়ে বলতে চাই যে আজকে আমাদের পৌরমন্ত্রী তিনি প্রথমেই অনুভব করেছেন যে আইনগুলি হয়েছিল Calcutta Municipal Corporation Act, Bengal Municipal Act, Howrah Municipal Act, Corporation Act. নাগরিক জীবনে সুযোগ সুবিধা বাড়ানো ক্ষেত্রে পৌর প্রতিনিধিদের ক্ষমতা যথেষ্ট সীমাবদ্ধ ছিল।

তাই বামফ্রন্ট সরকারের পৌর মন্ত্রী হিসাবে মাননীয় মন্ত্রী সেই জায়গায় হাত দিলেন এবং সেই আইনগুলির অর্থনৈতিক দিক থেকে উন্নয়নের দিক থেকে পৌর প্রশাসনের দিক থেকে প্রয়োজনীয় সংশোধন করে পৌর প্রতিনিধি যারা আগামী দিনে দায়িত্ব ভার নেবেন তাদের কাছে সেই ক্ষমতা তুলে দিয়েছেন। আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম রাইটার্স বিল্ডিংস ক্ষমতার কেন্দ্র নয়, সেই ক্ষমতা আমরা নাগরিকদের প্রতিনিধিদের কাছে পৌঁছে দেব, সেই পদক্ষেপ আমরা নিয়েছি এবং আগামী দিনে তা আরও প্রসারিত করব। পৌর মন্ত্রীর বাজেটকে সমালোচনা করে জনতা দলের মাননীয় সদস্য সন্দীপ দাস যে বক্তব্য রেখেছেন আমি তার কাছে বলতে চাই যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের পৌর সভাগুলির কি অবস্থা ছিল, নাগরিকদের কি অবস্থা ছিল, আর ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার দায়িত্ব নেবার পর পৌরসভাগুলির দায়িত্ব জনপ্রতিনিধিদের হাতে তুলে দেওয়ার পর আজকে অবস্থার পরিবর্তন হয়েছে কিনা তিন একবার মূল্যায়ন করে দেখবেন। কংগ্রেসের বন্ধুরা বলেছেন দুর্নীতির আশ্রয় নাকি বামফ্রন্টের লোকেরা নিয়েছেন। আমার শুনলে হাসি পায় সিদ্ধার্থ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি দু-বার পৌরসভার নির্বাচন হবে বলে ঘোষণা করেছিলেন। নির্বাচন ঘোষণার সাথে সাথে দেখা গেল কংগ্রেস দলের মধ্যে এমন বিরোধ যে কংগ্রেসের ৩/৪ জন প্রতিনিধি নির্বাচনে অবতীর্ণ হয়ে যাচ্ছে, তাই তারা নির্বাচন করতে সাহস করলেন না। কিন্তু আমরা দায়িত্বে আসার পর ভোটার লিস্ট সংশোধন করে আজকে আমরা নির্বাচন ঘোষণা করেছি। কংগ্রেস (আই) দলের নেতা ভোলাবাবু ভাবছেন কলকাতা হাইকোর্টের ভরসা নিয়ে কিভাবে এই নির্বাচনকে আটকানো যায়, আইনের কোনও বেড়াজাল সৃষ্টি করে এই নির্বাচনকে আটকানো যায় কিনা তার চেষ্টা আগামী দিনে তিনি করবেন। কারণ, তারা জানেন নির্বাচনে তাদের শোচনীয় পরাজয় হবে, জনসাধারণ তাদের পক্ষে রায় দেবেন না। সেজন্য আজকে পৌর মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমরা সর্বতোভাবে তাকে সমর্থন করছি। দেশের সব মানুষ সৎ সে কথা আমরা বলি না। বামফ্রন্ট পরিষ্কারভাবে এই কথা বলেছেন যে প্রশাসনের মধ্যে সততা আমরা আনতে চাই, প্রশাসনের কর্ম ক্ষমতা বাড়িয়ে তুলতে চাই এবং নাগরিকদের সুযোগ সুবিধা বাড়াতে চাই, জনসাধারণের কল্যাণে উন্নয়নমূলক কাজে হাত দিতে চাই। কলকাতা ও হাওড়ার পার্শ্ববর্তী অঞ্চলে গত ৩।। বছরে যে, উন্নতি হয়েছে গত ১০ বছরের মধ্যে তা হয়নি। তারা

জানেন সে কথা, কিন্তু তা স্বীকার করতে তাদের দ্বিধা হচ্ছে। মাননীয় মন্ত্রী উন্নয়নের যে পরিকল্পনা হাতে নিয়েছেন নির্ধারিত সময়ের মধ্যে সেটাকে যাতে কার্যকর করা যায় তারজন্য তিনি চেষ্টা করে চলেছেন এবং সেজন্য কলকাতার নাগরিক জীবনে যে অসুবিধাগুলি আছে ধীরে ধীরে আমরা তা অপসারণ করতে পারছি, কলকাতার পাশে যে পৌর এলাকাগুলি আছে সেগুলির দিকে আজকে আমরা নজর দিতে পেরেছি, পৌর মন্ত্রী তার বাজেটে পরিষ্কারভাবে তার ব্যাখ্যা রেখেছেন। কিন্তু এটা শুধু গর্ব করে আমরা আমাদের দায়িত্ব শেষ করছি না, আজকে আমরা যেটা বলতে চাই সেটা হচ্ছে জনসাধারণের অর্থনৈতিক ক্ষমতা, নাগরিকদের দৈনন্দিন যে অসুবিধা সেটার যাতে সত্যিকারে লাঘব করতে পারি, বড় লোক এবং গরিব মানুষ শহরাঞ্চলে যারা থাকেন তাদের মধ্যে নাগরিক জীবনে যে বৈষম্য সেই বৈষম্য আগামী দিনে যাতে দুরীভূত হয় তারও চেষ্টা চলছে।

আজকে বস্তি উন্নয়নের ক্ষেত্রে দেখছি সি. এম. ডি. এ.-র মাধ্যমে পরিকল্পনা শুরু হয়েছে। বস্তির মানুষ যারা কংগ্রেস রাজত্বে পশুর মতো জীবন যাপন করত আমরা তাদের সুস্থ্য নাগরিক জীবনে ফিরিয়ে আনতে চাই। সেইজন্য ওদের গায়ে জ্বালা ধরেছে এবং গেল, গেল রব উঠেছে। ওরা জানেন আমাদের পরিকল্পনা যদি বাস্তবে রূপায়িত হয় তাহলে কংগ্রেস (আই) নাগরিক জীবন থেকে শেষ হয়ে যাবে। স্যার, নগর উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে, কর আদায়ের ক্ষেত্রে এতদিন রাইটার্স বিল্ডিংস,-এর ভরসার উপর পৌরসভাকে চলতে হোত। কিন্তু আজকে আইনের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে পৌর প্রতিনিধি যারা নির্বাচিত হবেন তারা এই দায়িত্ব পালন করবার সুযোগ পাবেন। আমাদের পৌরমন্ত্রী মহাশয় তার বাজেটে কলকাতা এবং কলকাতার পার্শ্ববর্তী সি. এম. ডি. এ. এলাকার কথা বলেছেন এবং তাদের উন্নতির কথা বলেছেন। আমি তার সঙ্গে একমত হয়ে তার কাছে আবেদন রাখছি সমগ্র পশ্চিমবাংলায় যে ১৬টি জেলা রয়েছে এবং সেখানে যে মিউনিসিপ্যালিটিগুলো রয়েছে তাদের সামগ্রিক উন্নতির জন্য আপনাকে নজর দিতে হবে। এর কারণ হচ্ছে, আমরা যদি এই সমস্ত পৌরসভাগুলির যথাযথ উন্নতি করতে পারি তাহলে কলকাতার উপর চাপ কমবে এবং সেখানে নূতন নূতন প্রতিষ্ঠান গড়ে তোলার দৃষ্টিভঙ্গি দেখা দেবে। আমি পৌর মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি, শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি পশ্চিমবাংলার মধ্যে একটা গুরুত্বপূর্ণ মিউনিসিপ্যালি'টি। কুচবিহার, আলিপুরদুয়ার এবং বহরমপুর প্রভৃতি মিউনিসিপ্যালিটিগুলির কথা তিনি ব'লেছেন যে তারজন্য পরিকল্পনা আছে। আমিও মনে করি এই সমস্ত পৌর এলাকার প্রতি বিশেষভাবে নজর দেওয়া দরকার কারণ এগুলি খুব গুরুত্বপূর্ণ পৌর অঞ্চল এবং এগুলি ব্যবস্থা কেন্দ্র হিসেবে গড়ে উঠেছে। কিন্তু এদের একটা সমস্যা হচ্ছে, এই সমস্ত পৌরসভা নিজেরা আর্থিক সাহায্য দিয়ে নাগরিকদের সুযোগ সুবিধা দিতে পারে না। এদের এই সমস্ত কাজকর্মে সরকারের সাহায্য প্রয়োজন। তাদের ওখানে পয়প্রণালী খনন করা দরকার, মলমূত্র নিষ্কাশনের জন্য বৈজ্ঞানিক পন্থা অবলম্বন করা দরকার। তারপর, পৌরমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন অতীতে বহু মিউনিসিপ্যালিটিতে ট্রেনিং গ্রাউন্ড ছিল এবং আজকে এই বৈজ্ঞানিক যুগে সেই ট্রেনচিং গ্রাউন্ডের পরিবর্তে স্যানিটারি প্রিভি, আন্ডারগ্রাউন্ড প্রিভি ইত্যাদি হয়েছে। কিন্তু পুরানো ট্রেনচিং গ্রাউন্ডের পার্শ্ববর্তী এলাকায় যে জনবসতি গড়ে উঠেছে সেখানে মানুষ একটা ভয়ানক অস্বাস্থ্যকর পরিস্থিতির মধ্যে বাস করছে। আমি মনে করি এই

অবস্থার পরিবর্তন হওয়া দরকার। এই প্রসঙ্গে আমি আমার এলাকা বরাহনগর মিউনিসিপ্যালিটির কথা বলছি, সেখানে যে ট্রেনচিং গ্রাউন্ট রয়েছে সেটার বিলুপ্তি করে বর্তমান বৈজ্ঞানিক প্রথায় ওই ডাম্পিং গ্রাউন্ডে মেশিনারি বসিয়ে নাইট সয়েলকে কনভার্ট করে একটা ব্যবস্থা অবলম্বন করা যায়। সেখানে যে ব্যবস্থা আছে প্রযুক্তি বিদ্যা প্রয়োগ করে সেই ব্যবস্থার যদি উন্নতি করা যায় তাহলে সেখানকার স্থানীয় মানুষরা আরও ভালভাবে বসবাস করতে পারে। এই সুযোগ সুবিধা তৈরি করার জন্য আমি মাননীয় পৌর মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। কলকাতার পাশে যে সমস্ত শিল্পাঞ্চল আছে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেখানে এই ব্যাপারে আধুনিকিকরণ করে নূতনভাবে কিছু করা যায় কিনা তিনি দয়া করে ভেবে দেখবেন। আমি গত বাজেটে পৌরমন্ত্রীকে অনুরোধ করেছিলাম এবং তিনি লরি, টেম্পো অন্য জায়গা থেকে আসে এবং সঙ্গে সঙ্গে একটা বিশেষ অসুবিধার কারণ হয়ে দাঁড়ায় এইখানে আমি বলছিলাম কলকাতার পাশে বিশেষ এলাকায় যেটা মহারাষ্ট্রে তামিলনাড়ুতে করেছেন সেই রকম একটা আউট স্টেশন করা যায় কিনা একটা বিশেষ সময়ে ঐ সমস্ত লরি, টেম্পো সেখানে রাখা যায় কিনা সেটা আপনি চিন্তা করে দেখবেন। এটা করতে পারলে সাধারণ মানুষের খুব সুবিধা হবে বা অন্যান্য যে সমস্ত সাধারণ যান বাহন আছে তাদেরও খুব সুবিধা হবে। আমাদের এটা করা উচিত যাতে তাদের যাতায়াত করার পথ অক্ষুন্ন থাকে সাধারণ মানুষের গাড়ি যাতায়াত করতে পারে সেদিকে আমাদের নজর দেওয়া দরকার। তাই আমি বলছিলাম আমাদের এই ব্যবস্থা করতে হবে এবং অতি দ্রুততার সঙ্গে এই দুরবস্থা দূর করা যায় তার চেষ্টা করতে হবে। আর হরিজনদের কথা বলেছেন। তিনি তার বাজেট বক্তৃতাতে এই কথা উল্লেখ করেছেন। আমি বলতে পারি আমাদের পৌর মন্ত্রীর সততা আছে আগ্রহ আছে—কিন্তু তার দপ্তরের আমলাদের কাজ ত্বরান্বিত না হওয়ার জন্য জিনিস হচ্ছে না। অধিকাংশ পৌরসভার সঙ্গে যুক্ত যে সমস্ত হরিজন কর্মচারি আছে তারা যে দুঃখময় অবস্থার মধ্যে আছে তাদের জন্য একটা জরুরিকালীন ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে আমি পৌর মন্ত্রীর কাছে বিশেষ অনুরোধ রাখছি। গতবার তিনি বলেছিলেন বাজেটে আমি টাকা বরাদ্দ করেছি কিন্তু সেই ব্যবস্থা কার্যকরি হয়নি। সেইজন্য বলছি আপনার যে ডাইরেক্টরেট আছে জেলায় যে দপ্তর আছে এই প্রশাসনের মধ্যে কোনও সংযোগ রক্ষিত হয় না। সেইজন্য আপনি যে সমস্ত ক্যাস প্রোগ্রাম করেন ঠিক যোগাযোগ না থাকার জন্য কার্যকর হয় না। আমরা দেখেছি স্বায়ত্বশাসন সংস্থাগুলির সঙ্গে আপনার ডাইরেক্টরেটের যোগাযোগ ত্বরান্বিত হয় না। মিউনিসিপ্যালিটিগুলির জন্য যেসব পরিকল্পনার অর্থ বরাদ্দ করেন তা রূপায়ণের ক্ষেত্রে অনেক টালবাহনা হয়। আপনি ডিভিশনাল কমিশনারের পদ নূতনভাব সৃষ্টি করেছেন। এটা খুব আনন্দের কথা। এর উদ্দেশ্য হচ্ছে কাজকে আরও ত্বরান্বিত করা। তার মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিংয়ের যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় যথেষ্ট ত্রুটি আছে। আমাদের অভিজ্ঞতা থেকে আমি বলছি সেখানে সরকারি তরফ থেকে আরও ইঞ্জিনিয়ারের সংখ্যা বাড়ানো দরকার। বিভিন্ন মিউনিসিপ্যালিটির সঙ্গে আপনার ডাইরেক্টরেটের যোগাযোগের আরও ত্বরান্বিত হওয়া দরকার। তা না হলে আমরা দেখেছি যেসব পরিকল্পনা আপনারা করেন সেগুলি সময়মতো মিউনিসিপ্যালিটিতে আসে না অথচ টাকা বরাদ্দ হয়। এবং এও দেখা গেছে টাকা বরাদ্দ করার ক্ষেত্রে বিলম্ব হয়ে যায়। আমি পৌর মন্ত্রীকে অনুরোধ করব তিনি এই দিকে বিশেষভাবে নজর দেবেন। আর একটা কথা বলতে চাই যে আমরা আগেও বলেছি যে এই সীমিত

ক্ষমতার মধ্য দিয়ে যাতে নাগরিকদের সুখ সুবিধা আরও বাড়ানো যায় আজকে প্রযুক্তি বিদ্যার অনেক উন্নতি হয়েছে তার মাধ্যমে আরও আধুনিকিকরণ করে মানুষদের কষ্ট লাঘব করা যায় তার চেষ্টা করতে হবে। আমরা অনেক রাজ্যের কথা জানি বিদেশেও এ জিনিস হয়েছে যে যে সমস্ত গারবেজ আছে তাকে তারা কাজে লাগাচ্ছে। আমাদের এই কলকাতা এবং অন্যান্য যে সব পৌরসভা আছে এবং সেখানে যে গারবেজ আছে সেগুলি সময়মতো তুলে নিয়ে একটা জায়গায় ফেলে অনেক কিছু কাজ করতে পারি। আজকে প্রযুক্তি বিদ্যা আমাদের সামনে অনেক সুযোগ সুবিধা এনে দিয়েছে। সেই গার্বেজকে একটা জায়গায় এনে জ্বালিয়ে সেখান থেকে আমরা অনেক জিনিস পেতে পারি। আমরা জানি পৌরমন্ত্রী নিজে যখন কলকাতা পৌরসভার মেয়র ছিলেন—তার সেই স্কীমের কথা জানা আছে, কলকাতা শহরের যে ডাবরা সেইগুলোকে-একত্রিত করে জ্বালিয়ে আমরা তার থেকে স্টোন চিপ তৈরি করতে পারি, সেখান থেকে সিমেন্ট উৎপাদন হতে পারে এবং বিভিন্ন জিনিস উৎপাদন হতে পারে বর্তমান প্রযুক্তি বিদ্যা সেই সুযোগ আমাদের এনে দিয়েছে। আমি পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, পুরাতন আমল থেকে যে গার্বেজ ডাম্পিং এর ব্যবস্থা আছে, তার পরিবর্তন করে কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় এক একটা স্টেশন করে যদি সেই গার্বেজগুলোকে নিয়ে গিয়ে এই প্রযুক্তি বিদ্যার সহযোগিতায় সেই স্টেশন-এ যদি আমরা ঐ সব বাই প্রডাক্ট করতে পারি তাহলে সেইগুলোকে আমরা অন্যান্য কাজে লাগাতে পারব এবং কলকাতাও পরিষ্কার থাকবে। তার ব্যবস্থা আমাদের করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পৌরমন্ত্রী মহাশয় জল সরবরাহের যে ব্যবস্থা গ্রহণ করেছেন, আমি মনে করি এটার দ্বারা স্থায়ী সমাধান হতে পারে না। কারণ ডিপ টিউবওয়েলের ব্যাপারে আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বিভিন্ন পৌর এলাকায় আমরা দেখতে পাচ্ছি। সরকারের বরাদ্দকৃত অর্থের দ্বারা বিভিন্ন পৌরসভায় নাগরিকদের পানীয় জলের ব্যবস্থা ডিপ টিউবওয়েলের মাধ্যমে হচ্ছে। কিন্তু আমাদের দৈনন্দিন অভিজ্ঞতা থেকে আমরা দেখতে পাচ্ছি, সেই ডিপ টিউবওয়েল কয়েক বছর চলার পর বিকল হয়ে যাচ্ছে এবং মেরামতের ব্যাপারে পৌরসভার আর্থিক ক্ষমতা থাকছে না, তাদের রাজ্য সরকারের উপর নির্ভর করতে হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে কলকাতা কর্পোরেশনের যে পলতা ওয়াটার ওয়ার্কসের মাধ্যমে কলকাতার মানুষদের পানীয় জল সরবরাহ করা হয়, তেমনি পশ্চিমবাংলার অধিকাংশ পৌরসভায় গঙ্গার এপারে এবং ওপারে, কয়েকটি পৌরসভাকে একত্রিত করে যদি গঙ্গার জলকে পরিশুদ্ধ করে তা পানীয় জল হিসাবে সরবরাহের ব্যবস্থা করা হয়, এই ধরনের স্কীম যদি একাধিক করা হয় তাহলে পানীয় জলের সমস্যার সমাধান হতে পারে, মন্ত্রী মহাশয় যাতে এই পরিকল্পনা নেন, তার জন্য অনুরোধ জানাচ্ছি। কেন এই কথা বলছি, বিশেষ বিশেষ সময়ে বিশেষ করে গরমের দিনে যদি ডিপ টিউবওয়েল নষ্ট হয়ে যায়, তাহলে নাগরিক জীবনে একটা সাংঘাতিক সমস্যা দেখা দেয়, যারা পৌর প্রতিনিধি থাকেন, তারা বিপদের মধ্যে পড়ে। কিন্তু আজকে নদী থেকে জল নিয়ে সেটাকে পরিশুদ্ধ করে ওয়াটার সাপ্লাই স্কীম করি, আমরা যদি সেই ব্যবস্থা করি তাহলে নাগরিক জীবনে পানীয় জল সরবরাহ করার ব্যবস্থায় একটা স্থায়ী রূপ দিতে পারব। সেই জন্য অনুরোধ করছি, তিনি ইতিমধ্যে এই কাজে হাত দিয়েছেন। বরাহনগর, কামারহাটি ওয়াটার সাপ্লাই স্কীম, এটা যাতে তাড়াতাড়ি চালু হয়, আগামী আর্থিক বছরেই যাতে চালু হয় তার জন্য আমি পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। দমকলের ব্যাপারে

আমি পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে কলকাতা শহরে আজকে একটা মোটামুটি ব্যবস্থা করতে পেরেছেন এবং বিভিন্ন পৌরসভা এলাকায় ফায়ার সার্ভিস স্টেশন হয়েছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত, সেই বরাহনগর পৌরসভা এলাকায় কোনও ফায়ার সার্ভিস স্টেশন নেই। এই বরানগর ছাড়াও আমি জানি উত্তরবঙ্গে বিশেষ করে চা বাগান এলাকায় এবং গঞ্জে ফায়ার সার্ভিস স্টেশনের বিশেষ প্রয়োজন আছে।

[5-15 — 5-25 p.m.]

উত্তরবঙ্গের বীরপাড়া, চা বাগান অধ্যুষিত এলাকার বাণিজ্য কেন্দ্র হিসাবে একটা নতুন উপনগরীর রূপ নিয়েছে। সেখানে গত বছর বিধ্বংসী অগ্নিকান্ডের ফলে লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়ে গেছে। কালচিনি থানা এলাকার হ্যামিলটনগঞ্জ একটা ট্রেডিং সেন্টার। সেখানে কোনও দমকলের ব্যবস্থা নেই, বীরপাড়ায় কোনও দমকলের ব্যবস্থা নেই। আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করব এলাকার গুরুত্ব বিবেচনা করে তিনি যেন সেই সব এলাকায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন করার কথা চিন্তা করেন। কারণ, এই এলাকাগুলি ব্যবসা বাণিজ্যের দিক থেকে বিশেষ গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। পরিশেষে আমি বলতে চাই আমরা নির্বাচন করব। আমাদের এস. ইউ. সি. দলের বন্ধু বললেন তাদের সিম্বল দেওয়া হয়নি। জনসাধারণ তাদের সেই অধিকার দেননি। তারা তো নির্বাচনে দাঁড়িয়েছিলেন পশ্চিমবাংলার স্বীকৃত দল হিসাবে—তারা জনসাধারণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন। আজকে তাই তারা মায়া কান্নার সুরে বলছেন অন্যান্য দলকে নির্বাচনী প্রতীক ব্যবহার করার অধিকার দেওয়া হয়েছে অথচ এস. ইউ. সি. দলকে কেন দেওয়া হল না, আমরা তো রেজিস্ট্রিকৃত দল। রেজিস্ট্রিকৃত দল হলেই হয় না, জনসাধারণ যাদের স্বীকৃতি দেয়—তারা তো আজকে জনসাধারণ থেকে বিচ্ছিন্ন। জনসাধারণের প্রতি তাদের যদি আস্থা থাকত তাহলে তারা পৌর মন্ত্রীর কাছে এই অন্যায় আবদার করতেন না। তারা আর একটি কথা বলেছেন—বামপন্থী এম. এল. এ. যে এলাকায় থাকেন সেখানে পৌর মন্ত্রী বেশি টাকা ঢেলে দেন। তিনি তুলনা দিয়ে বলেছেন পুরুলিয়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে বেশি টাকা দেওয়া হয়েছে। কারণ সেখানে বামপন্থী এম. এল. এ. আছে। আর রঘুনাথপুরে যেহেতু এস. ইউ. সি. এম. এল. এ. আছে সেই জন্য কম টাকা দেওয়া হয়েছে। তার জানা উচিত ছিল রঘুনাথপুর থানা অঞ্চল, আর পুরুলিয়া হল জেলার প্রাণ কেন্দ্র, ডিস্ট্রিক্ট হেডকোয়াটার্স। কাজেই পুরুলিয়ার সাথে রঘুনাথপুরের তুলনা হতে পারে না। যেমন কলকাতার সাথে বরানগর মিউনিসিপ্যালিটির তুলনা হয় না। কাজেই পৌর মন্ত্রী ডিস্ট্রিক্ট হেডকোয়াটার্স পুরুলিয়ার ক্ষেত্রে বেশি টাকা বরাদ্দ করে বিচক্ষণতার পরিচয় দিয়েছেন। আগামী দিনে তিনি যাতে আরও বেশি টাকা দেন সেই আবেদন জানিয়ে তার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী কর্তৃক আনীত বাজেট ব্যয় বরাদ্দকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। প্রথমেই আমাকে বলতে হচ্ছে—এক ধরনের জীব আছে যারা হাত নাড়ছে, তাদের সম্পর্কে কিছু বলছি। ওদের সম্পর্কে আমাদের যথেষ্ট করুণা হয়। কারণ ওরা কি বললেন নিজেই জানেন না, পরে আমি সেই সম্পর্কে জবাব দেব। এই বাজেটের উপর

মাননীয় নিজামুদ্দিন বলেছেন। আমি পৌর এলাকাগুরি উপর জোর দিয়ে কয়েকটি কথা বলতে চাই। বঙ্গীয় মিউনিসিপ্যাল আইন, কলকাতা কর্পোরেশন আইন, হাওড়া মিউনিসিপ্যাল আইন—এই তিনটি আইন সংশোধনের সময় যে কথা বলেছিলেন সেই কথার আবার পুনরাবৃত্তি করছি। এই তিনটি আইন যদি কেউ ভাল করে দেখেন তাহলে দেখবেন পশ্চিমবঙ্গ সরকার তথা বাম ফ্রন্টের দৃষ্টিভঙ্গি কি এবং সেই দিকে লক্ষ্য রেখে যদি এই বাজেট বিশ্লেষণ করি তাহলে দেখব বামফ্রন্ট সরকার কোন দৃষ্টিভঙ্গি দিয়ে এই পৌরসভাগুলির কথা চিন্তা করে।

আমি দু-একটি তথ্য আপনাদের সামনে তুলে ধরতে চাই। ওরা অনেক বড় বড় কথা বলে গেলেন—৩০ বছর, ১৫ বছরের কথা বলে অনেক কথা বললেন, আমি তা বলছি না, আমি খালি কয়েকটি পরিসংখ্যান দিচ্ছি। ১৯৬০ থেকে ১৯৭৬ এবং ১৯৭৭ থেকে ১৯৮১ সাল এই দুটি সময়ের হিসাব দিলেই আপনারা বুঝতে পারবেন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার কি করেছেন। স্যার, ১৯৬০ থেকে ১৯৭৬ এই কয়েক বছরের যদি হিসাব নেওয়া যায় তাহলে দেখবেন সমস্ত পৌরসভাগুলিকে ওরা যা অনুদান দিতেন সেটা হচ্ছে গড়ে বছরে ২০ লক্ষ টাকা। আর ১৯৭৭ সালে এই বামফ্রন্টে সরকারের আমলে যে অনুদান দেওয়া হয়েছে সেটা হচ্ছে ১৯৭৮/৭৯ সালে ২ কোটি ৬০ লক্ষ টাকা, ১৯৮০/৮১ সালে ৭ কোটি টাকা আর ১৯৮১/৮২ সালের জন্য রাখা হয়েছে ৭।। কোটি টাকা। জনসংখ্যা অনুপাতে এই অনুদানের হিসাব হচ্ছে আপনাদের আমলে মাথাপিছু অনুদান ছিল বছরে ৪৫ পয়সা আর বামফ্রন্ট সরকারের আমলে মাথাপিছু ১২।। টাকা। ৩০ বছর ধরে আপনারা যে সব অপকর্ম করেছেন সেটা সকলেই জানেন। সেখানে সি. এম. ডি. এ.-এর টাকা ভাতারে চলে গিয়েছিল। আর আমরা কি করছি শুনুন। ৫০টি পৌরসভায় কমিউনিটি হল আরম্ভ হয়েছে আর বাজার হয়েছে ৪০টি। ৩০ বছর ধরে আপনারা এইসব কাজ করেননি। তারপর এই বামফ্রন্ট সরকারের আমলে পৌরসভাগুলির শ্রমিক কর্মচারিদের প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে, কর দাতাদের প্রতিও দৃষ্টি দেওয়া হয়েছে এবং সেখানে উন্নয়নমূলক কাজে সরকার থেকে অকুণ্ঠ সহযোগিতা ও সাহায্য করা হচ্ছে। কংগ্রেস (ই) পরিচালিত মিউনিসিপ্যালিটিও তো এখানে আছেন, আপনারা সেই সব মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানদের জিজ্ঞাসা করবেন তারা কংগ্রেস আমলে কি পেতেন আর এই বামফ্রন্ট সরকারের আমলে কি আচরণ পান। এইসব ব্যাপারগুলি আপনারা তাদের কাছ থেকে বুঝে নেবার চেষ্টা করবেন। তারপর ঐ যে ২০ লক্ষ টাকা এটাও ম্যাচিং গ্রান্ট ছিল—ওয়ানথার্ড মিউনিসিপ্যালিটিগুলি দিত আর টু থার্ড গভর্নমেন্টে দিত। কিন্তু বর্তমানে যে কোটি কোটি টাকা সরকার থেকে দেবার কথা বললাম এতে কিন্তু কোনও শেয়ার নেই, এখন সবটা সরকার দেয়। স্যার, আজকে সারা পশ্চিমবাংলায় মিউনিসিপ্যালিটি-গুলিতে যে কর্মচাঞ্চল্য জেগেছে তাতে দেখছি ওদের প্রাণে আঘাত লাগছে সেইজন্য আজকে যাতে নির্বাচন না হয় তারজন্য অনেক রকমে তদ্বির করছেন। একজন মাননীয় সদস্য বললেন, নির্বাচন হচ্ছে না। স্যার, আমি কয়েকটি বছরের কথা বলব ১৯৬২/৬৩ সাল থেকে।

[5-25 — 5-35 p.m.]

১৯৬২-৬৩ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কতগুলি মিউনিসিপ্যালিটির নির্বাচন বন্ধ ছিল

সেটার জবাব কংগ্রেস (আই) সদস্যরা দেবেন। ১৯৬২ সালে জোর করে ৯২টি মিউনিসিপ্যালিটির ৭৮টি ভোট ক্যান্সেল করা হয়েছিল। মাননীয় সদস্য সন্দীপ দাসের ঐ তথ্য জানা নেই। এগুলি জানতে হলে একটু ভালভাবে পড়তে হয়। মাননীয় সদস্য ধীরেন সরকার, উনি জানেন না যে কি বলছেন। একটু আগে আমি যখন বাইরে ছিলাম তখন ওর এক চামচের কাছ থেকে মিউনিসিপ্যালিটির গাড়ির নাম্বার নিচ্ছিলেন। মিউনিসিপ্যালিটির গাড়ি মিউনিসিপ্যালিটির কাজে ব্যবহার করা হয়। ধীরেনবাবুর যদি সৎ সাহস থাকে এই ব্যাপারে বাইরে বিবৃতি দেবেন এবং তিনি বুঝতে পারবেন যে জিনিসটা কোথায় গিয়ে দাঁড়ায়। এখানে তিনি কতগুলি অসত্য কথা বলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটে মিউনিসিপ্যালিটির কর্মচারী সহ সমস্ত ক্ষেত্রে ২২০ টাকা ন্যুনতম বেতন দেবার কথা বলা হয়েছে এবং যে সমস্ত সরকারি এবং কেন্দ্রীয় ভাতা সেগুলিও সমস্ত মিউনিসিপ্যালিটিতে প্রযোজ্য হচ্ছে। আজকে এই যে নুতন দৃষ্টিভঙ্গি, এতে শুধু যে মিউনিসিপ্যালিটির শ্রমিক কর্মচারিরা উজ্জীবিত হচ্ছে তা নয়। এর ফলে সমস্ত মিউনিসিপ্যালিটি-গুলিকে পৌরসভাগুলিকে তারা নিজেদের বলে গ্রহণ করছে। আজকে সেখানেই বিরোধীদের জ্বালা ধরেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আরও দু-একটা কথা বলতে চাই। অনুদানের ব্যাপারে এই যে ৮০ পারসেন্ট এবং ২০ পারসেন্ট আছে, এই সম্পর্কে একটু বৈষম্য আছে। অন্যান্য যে সমস্ত জায়গায় সরকারি অনুদান দেওয়া হয় সেখানে সবটাই সরকার দেন। কিন্তু মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে ৮০ পারসেন্ট দেওয়া হয়। এটাকে শতকরা ১০০ ভাগ করা উচিত। আমাদের ওখানে অনেকগুলি ডিয়ারন্সে অ্যালাউয়েন্স-এর ব্যবস্থা করা আছে। এগুলিকে মার্জ করে একটা কমন ডিয়ারন্সে অ্যালাউয়েন্স করা হলে হিসাব করতে সুবিধা হয়। আর একটা কথা হচ্ছে, একটা সেল গঠন করতে পারেন কি না দেখবেন। কারণ এক শ্রেণীর বিভেদকামিরা মিউনিসিপ্যাল এলাকায় কাজকর্মের ব্যাঘাত সৃষ্ট করার জন্য পরিকল্পিত ভাবে চেষ্টা করছে। যদি কর্পোরেশনের দাবি উঠে তাহলে সেই দাবি নিশ্চয়ই থাকবে। কিন্তু সেগুলি যাতে পদ্ধতিগত ভাবে হয়, সুষ্ঠু ব্যবস্থার মাধ্যমে হয়, রাজনৈতিক ধাপ্পাবাজরা যাতে ঐ সুযোগ গ্রহণ করতে না পারে সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে লক্ষ্য রাখার জন্য বিশেষ ভাবে অনুরোধ করব। বিরোধী হিসাবে যে ভূমিকা ওদের পালন করা উচিত ছিল সেই ভূমিকা পালনের ক্ষেত্রে ওরা ব্যর্থ হয়েছেন। এখানে কতগুলি বস্তা পচা নোংরা কথা—যে সমাজে ওরা বাস করেন, সেই সমাজের কথা—এখানে বলে গেলেন। অতি বিপ্লবী নেতা, গণতন্ত্রের প্রহরী মাননীয় বিজয়বাবু বার বার বলে গেলেন অ্যালাউন্স দেওয়া উচিত হচ্ছে না। কিন্তু নেওয়ার সময়ে ওরা নিয়ে যাচ্ছেন। এটাই হচ্ছে ওদের সতীত্ব যাই হোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর-মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আর একবার সমর্থন করছি এবং মন্ত্রী মহাশয়কে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে তাকে আমি একথা বলছি যে, আপনি যে কর্মকান্ড শুরু করেছেন সেই কর্মকান্ড চালিয়ে যান, এক শ্রেণীর জীব চিৎকার করছে, তারা তা করবেই আপনি আপনার কাজ করে যান, আপনি এগিয়ে যান।

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি এই হাউসের মাননীয় সদস্য সন্দীপ দাসের কাছে কৃতজ্ঞ। কারণ আজকে আমি যখন বাজেট পেশ করি তখন ভেবেছিলাম যে, উত্তর দেবার হয়ত প্রয়োজন হবে না বা কিই বা উত্তর দেবার থাকবে। মাননীয় সদস্য

সন্দীপ দাস কিছু উত্তর দেওয়ার আমাকে সুযোগ করে দিয়েছেন, এই সভায় কয়েকটি কথা বলার সুযোগ করে দিয়েছেন। এই সুযোগ যদি আমি না পেতাম, তাহলে আমার মনে হয় আমি যে বক্তব্যটি এখানে ছাপিয়ে বিলি করেছি, সেটাই ওদের কাছে থাকত এবং সাধারণ মানুষ বোধ হয় কিছুই জানতে পারত না।

তিনি ব্যর্থতার নিদর্শনের কথা বলেছেন। আমি মাননীয় সন্দীপ দাসকে এই প্রশ্ন করি যে, আপনারা দাঁড়িয়ে বুকে হাত দিয়ে কি একথা বলতে পারেন যে, বামফ্রন্ট সরকার ব্যর্থ স্বায়ত্তশাসন এবং নগর-উন্নয়নের ক্ষেত্রে? আমি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলছি যে, আমি আপনাদের সততার প্রতি সন্দেহ পোষণ করি। সেই জন্য আমি আপনার প্রতিটি কথার উত্তর দিয়ে যাব। আমি জানি, আপনি যা জানেন তাও প্রকাশ করতে চান না বা প্রকাশ করতে চাইলেও আপনার পিছনে কোনও বাধা আছে, যার ফলে আপনার সেই সাহস নেই, সৎ সাহস নেই।

নির্বাচনের কথা বলেছেন, ধরা যাক নির্বাচনের কথা, আপনি জানেন ১৯৭৭ সালে আমরা এসে গণতান্ত্রিকরণের কথা বার বার বলেছি। এই হাউসে ১৯৭৭ সালে আমরা এসে দেখেছিলাম, ১০টি পৌর সভাকে সুপারসিড করা হয়েছিল, ৩৯টি পৌরসভাকে সাসপেন্ড করা হয়েছিল এবং নির্বাচিত পৌর প্রতিনিধিদের সরিয়ে দিয়ে আমলাদের বসিয়ে দেওয়া হয়েছিল। আমি যেদিন '৭৭ সালে প্রথম রাইটার্স বিল্ডিংস-এ গিয়ে ঢুকেছি, সেদিন প্রথম যে নির্দেশ দিয়েছিলাম সেটা হল এই যে, বিভিন্ন পৌরসভা থেকে আমলাদের সরিয়ে দিয়ে নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা ফিরিয়ে দিতে হবে এবং তা দিয়েছি। নির্বাচিত প্রতিনিধিদের নির্বাচনের আগে সরিয়ে দেওয়া যায় না, কিন্তু কংগ্রেস ওদের সুপারসিড করে একটা কলঙ্কিত অধ্যায় রেখে গেছে। আমি সেদিনের কথা আর একবার শুনিয়ে দিতে চাই। ১৯৭২ সালের ২০শে মার্চ নির্বাচন অনুষ্ঠিত হয়, ২২শে মার্চ সিদ্ধার্থশঙ্কর রায় এক অর্ডিনান্স জারি করে মিউনিসিপ্যাল আইনের যে ধারায় পৌরসভাকে বাতিল করার আগে তাদের একটা সুযোগ দেওয়া হত সেই ধারাকে পরিবর্তন করেন এবং পৌর প্রতিষ্ঠানগুলিকে সুপারসিড করেন। তার পরের ইতিহাস তো সাধারণ মানুষ জানে। গণতন্ত্রকে হত্যা করেছে কংগ্রেস। আমি জানি না, সেদিন সন্দীপবাবু আপনি কোথায় ছিলেন? কোন আসনে ছিলেন, কোনদিকে ছিলেন, আমার পরিষ্কার ধারণা নেই, কারণ কখন আপনারা কোনদিকে থাকেন আপনারা নিজেরাই জানেন কিনা জানি না। আমি জানি, ১৯৭৭ সালে আমরা এসে বলেছি ১৮ বছর বয়স যাদের তাদেরকে প্রতিনিধিত্ব করার অধিকার দেব। আইনে এটা আছে, ভুলে যাবেন না। ১৮ বছর বয়স যাদের তাদের সবাইকে অধিকার দেবার জন্য আইন এনেছি এবং তারই ভিত্তিতে ইলেকটোরাল রোল তৈরি করেছি। ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাসে বন্যার কথা সারা ভারতবর্ষ জানে, সারা দুনিয়া জানে, কি বিধ্বংসী বন্যা সারা পশ্চিমবাংলাকে ভাসিয়ে দিলে আর আপনারা বলছেন কেন নির্বাচন হল না—অবাক কান্ড, আপনাদের কান্ডজ্ঞানের সীমা থাকা দরকার। ১৯৭৯ সালের ১৮ই ডিসেম্বর আমি ঘোষণা করেছিলাম নির্বাচন—এটা আপনারা জানেন। ৬ই জানুয়ারি ১৯৮০ সালে লোকসভার নির্বাচন হবে, তাই লোকসভার নির্বাচন সামনে বলে আপনারা কি করে পৌর নির্বাচন করবেন, সেইজন্য নির্বাচন বন্ধ রাখতে হল। দেখবেন সমস্ত খবরের কাগজে যে ১৮ই ডিসেম্বর ১৯৭৯ সালে ঘোষণা করেছি। তারপর ১৯৮০ সালের ৪ঠা জানুয়ারি আবার ঘোষণা করলাম, নির্বাচন আমরা করব। এটা আপনাদের

জানা থাকা দরকার—ঐ কেন্দ্রে আপনাদের যে মন্ত্রীমন্ডলী বসে রয়েছেন—আপনারা কতটুকু সমর্থন করেন সেকথা বড় কথা নয়—সেই কেন্দ্রের মন্ত্রী জৈল সিং ১৮ই আগস্ট ১৯৮০ তারিখে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে একটি চিঠি লিখলেন—"The main phase of the census of India, 1981, i.e., the enumeration of the population, including revisional round, will be carried out from the 9th February till the 5th March, 1981. You are aware that the census is conducted totally through the State hierarchies and in particular by utilising the services of the Deputy Commissioners, Subdivisional officers, Tehsildars and municipal employees who are fully involved in this work. As a matter of fact these officials are designated as Census authorities by the orders of the State Government itself. From now on till about the middle of March, 1981 all these officials would be almost fully engaged in he census work because their training programmes have now commenced in right earnest to enable them to get familiarised with the operation and the area in which they would have to work. I am sure, you will agree with me that the census is important national task which requires the full attention of all those involved in it and therefore it would seriously affect their capacity and also tell upon the accuracy and coverage of the census for activities other than normal departmental duties are assigned to these officials. It is in the above context that I am writing to you. Now I request you to ensure that no addition to their normal workload is imposed on the officials involved in the census unless it is absolutely necessary. I would therefore request you to consider putting off till the middle of March, 1981, general election, as well as bye elections of local bodies such as corporations, municipalities, municipal councils, Panchayats, etc. This would enable the officials to devote their energies in full to census operations. I am making this request only with a view that the census which is an important national endeavour is carried out successfully with the full cooperation of State Governments."

আমার বক্তব্য হল এই, আমি জানি না, কে কার সাথে যাবে? অশোক সেন এখানে আগে এসে গেছেন। সুতরাং আপনি কেন এই কথা বলছেন? এই যে ইলেকশনের কথা এল, কি জনতা দল, কি কংগ্রেস, এস. ইউ. সি.-র উনি বললেন, কংগ্রেসের ধীরেনবাবু বললেন যে—পত্রিকায় অনেক কিছু বেরিয়েছে, ইলেকশনটা কি হবে? ইলেকশনের মধ্যে অন্যায় হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে আরও অন্তত এক ঘন্টা সময় দেবেন....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের এই বাজেটে যে টাইম ফিক্সড ছিল সেটা ৫.৪৫ পর্যন্ত, এখন ৫.৪৫ হতে চলেছে, মন্ত্রী মহাশয় উত্তর দিতে পারেননি। সেজন্য রুল ২৯০ অনুসারে আমি আপনাদের কাছ থেকে আধ ঘন্টা সময় চেয়ে নিচ্ছি। আশা করি সকলে অনুমতি দেবেন, হাফ অ্যান আওয়ার, তার মধ্যে প্রশান্তবাবু শেষ করবেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** অন এ পর্সোনাল এক্সপ্ল্যানেশন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আমার যে কোনও কথার জবাব দিতে পারেন, কিন্তু উনি আমার রাজনৈতিক চরিত্রের উপর অ্যাসপার্সন করেছেন। সেই জন্য আমি তার বিরুদ্ধে প্রতিবাদ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ধীনেরবাবু যেকথা বললেন আমি এক সাথে কথাটা বলছি। আমি ৪ঠা মার্চ স্টেটসম্যানে পড়েছি, The West Bengal Congress (I) President, Mr. Ajit Panja, is opposed to the holding of Assembly by-election and the municipal elections in May. Mr. Panja said on Tuesday, "We will oppose tooth and nail"

তাই আমি বলতে চাই—————(নয়েজ)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ওনি এখনও শেষ করেননি। আপনারা যদি মাঝখান-এ এই রকম ভাবে বাধা দেন তাহলে কিভাবে হবে?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি হোলটা পড়ুন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আজকে অমৃতবাজার পত্রিকায় পাঁজা সাহেব বলেছেন—Mr. Panja further alleged that the C.P.I.(M) was going to manipulate the entire municipal elections with the help of a particular I.A.S. officer. The officer concerned was the Secretary of the election department of the left front government when the parliamentary election was held in 1980. When the panchayat election was held he was moved to the panchayat department. And now that the municipal elections were going to be held, he was appointed Secretary of the Local Self Government. It is surprising to find the same officer is being shifted from one department to another only at the time of elections. এখন আপনারা শান্তভাবে শুনুন এবং আমাকে বলতে দিন। যখন লোকসভা ইলেকশনের কথা হয় তখন শ্রী গনিখান চৌধুরি ও সুব্রত মুখার্জি একটা স্টেটমেন্ট দেন যে রথীন সেনগুপ্ত তখন হোম পুলিশ সেক্রেটারি ছিলেন সেন্ট্রালকে কমপ্লেন করা হল এবং বক্তৃতা দেওয়া হল হোম পুলিশের দায়িত্বে যিনি আছেন তিনি চিফ ইলেক্টোরাল অফিসার কিভাবে হবেন? এই জন্য তখন ইলেকশন কমিশন এ. কে. সেন কে এই পদে নিযুক্ত করেন। এবং তিনি ইলেকশন কন্ডাক্ট করেন। এই মিঃ এ. কে. সেন একজন আই. এ. এস. অফিসার। তখন আমাদের দুটি ডিপার্টমেন্টের একজন সেক্রেটারি ছিলেন অর্থাৎ লোকাল গভর্নমেন্ট ডিপার্টমেন্ট এবং পঞ্চায়েত ডিপার্টমেন্টের একই সেক্রেটারি ছিলেন। যেদিন তাকে লোকসভার নির্বাচন করতে দেওয়া হল সেদিন তিনি দুটি ডিপার্টমেন্টের সেক্রেটারি। তারপর যখন পঞ্চায়েতের ইলেকশন হল He was in charge of both Local Self-Government and Urban Development and Panchayat Department অসত্য কি সাংঘাতিক। আজকে বলছেন আবার তাকেই নিয়ে আসা হল। তিনি আমার ডিপার্টমেন্টে ১৯৭৮ সালের এপ্রিল মাসে যখন জয়েন করেন

তখন তিনি দুটি ডিপার্টমেন্টের চার্জে ছিলেন—লোকাল গভর্নমেন্ট এবং পঞ্চায়েত। একজন অফিসার দুটি ডিপার্টমেন্ট চালাতে পারে না বলে লোকাল গভর্নমেন্টে তিনি থেকে গেলেন এবং পঞ্চায়েতে আর এক জন হলেন। ১৯৭৮ সাল থেকে তিনি আমার ডিপার্টমেন্টে আছেন। তিনি বললেন আবার ইলেকশন আসছে বলে আবার তাকে আনা হল। নির্লজ্জতার একটা সীমা থাকা দরকার।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ইলেকশন কমিশনার বলে দিয়েছেন কয়েকটা সমীক্ষা করা উচিত যেখানে ভোটার লিস্ট ঠিক হয়নি। ভোটার লিস্ট ইজ ইনকারেক্ট।

**মিঃ ডেঃ স্পিকার ঃ** প্রশান্তবাবু এক্সপার্ট লোক। আপনারা এই রকম ভাবে ঘুরিয়ে ফিরিয়ে টাইম নস্ট করবেন না। হি ওয়াজ the Ex-Mayor of Calcutta ইউ. এন. ও.-তে গেলে কেউ তাকে ঠেকাতে পারবেন না।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে বলতে চাই যে ৩০ মার্চ ঘোষণা করব ৩১ মে নির্বাচন হবে, ১৫ই এপ্রিল নমিনেশন দাখিল করার শেষ দিন থাকবে। কেন এই কথা বলছি কারণ সেই একই কথা পাঁজা সাহেব প্রথমে বলেছিলেন He said that March 30 had been fixed for the notification of the election and it was reported that the last date for filing nominations would be April 3. It would be impossible for any political party, except the ruling C.P.I.(M), to file nomination in such a short time. আমি আরও ১২ দিন বেশি সময় দিলাম, নির্বাচনে আপনারা অংশ গ্রহণ করুন। I acecpt your challenge. Did you forget that? You are a member of the Committee. It has also been improved. সন্দীপবাবু বললেন মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশন ৬ মাসের জন্য যে বসেছিল তারা কি কাজ করেছেন এবং অন্তর্বর্তী কোনও রিপোর্ট দিয়েছেন কিনা? এই যে ফাইনান্স কমিশন পশ্চিমবাংলায় বসানো হল তারা বিভিন্ন পৌরসভাগুলিতে যাবেন। তাদের আর্থিক ক্ষেত্রে কি নির্দেশ থাকা দরকার তার নীতি নির্ধারিত হওয়া দরকার এবং কেন্দ্র বা রাজ্য সরকার কি তহবিল তাদের দেবে এবং নিজেদের কি কি সোর্স থাকা দরকার এই বিষয়ে যদি মীমাংসা হয়ে যায় তা হলে আগামী দিনে পৌরসভাগুলিকে যেভাবে গড়তে চাই সেটা করতে পারব। সেইজন্য ডঃ ভবতোষ দত্তের মতো বৃদ্ধ মানুষ বিভিন্ন পৌরসভায় যাচ্ছেন, পশ্চিমবাংলার বাইরে অন্যান্য মিউনিসিপ্যালিটিতে যাচ্ছেন—এই জন্য তাদের একটু সময় দেওয়া উচিত যাতে তারা স্টাডি রিসার্চ করে তাদের বক্তব্য হাজির করতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বস্তির ট্যাক্স বাড়াবেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এই হাউসেই আমরা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট বিল এবং হাওড়া বিল পাস করেছি। তাতে আপনারা দেখেছেন বস্তির ট্যাক্স ১৮ পারসেন্ট এর জায়গায় ১১ পারসেন্ট হয়েছে। Did you forget that?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ইমপ্রুভড বস্তির ট্যাক্স বাড়াবেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ইমপ্রুভড বস্তির ট্যাক্স আমরা বাড়াই নি। অল দি বস্তিজ এক হবে।

[5-55 — 6-05 p.m.]

তারপরে তিনি বলেছেন স্থানীয় প্রশাসনের ক্ষমতা নাকি সরকার কর্তৃক সংকুচিত করা হয়েছে। মাননীয় সন্দীপবাবু, আপনিই একমাত্র লোক যাকে কিছু বলতে পারি। আমি জানি না এই হাউসে একজনকেও পাওয়া যাবে কিনা যিনি বলতে পারবেন যে, আফটার দি ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল অ্যান্ড দি হাওড়া মিউনিসিপ্যাল বিল ওয়ার পাসড বাই দিস হাউস আমরা মিউনিসিপ্যালিটির ক্ষমতা সংকুচিত করেছি। বরং আমরা তাদের হাতে যথেষ্ট ক্ষমতা প্রদান করেছি এবং দিস ইজ দি ফার্স্ট টাইম আমরা নজির সৃষ্টি করেছি। পাটনার মেয়র অল ইন্ডিয়া ইন্টার কর্পোরেশন স্পোর্টস উপলক্ষ্যে এখানে এসেছেন। উক্ত অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে তিনি উল্লেখ করেছেন, আমরা বহু বছর ধরে মেয়রস ইন কাউন্সিলের কাছে একটা সুপারিশ করেছিলাম যে, আমাদের হাতে ক্ষমতা দেওয়া হোক, কারণ মেয়রদের হাতে কোনও ক্ষমতা নেই, কাউন্সিলারদের কোনও ক্ষমতা নেই, সব ব্যাপারে আমাদের অফিসারদের পেছনে পেছনে ঘুরতে হয়। ক্যালকাটা কর্পোরেশনের যে বিল অ্যাসেম্বলিতে আনা হয়েছিল তাতে এই বিল একটি আদর্শ বিল বলেই এখানে নেওয়া হয়েছিল। কিন্তু দুঃখের বিষয়, প্রেসিডেন্টের অ্যাসেন্ট-এর অপেক্ষায় বিলটি এখনও পড়ে আছে, কেন্দ্রীয় সরকার আজও তাদের অনুমোদন দেননি। হোয়াই ডু ইউ ফরগেট দ্যাট যে, বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর ধারাটিকে তুলে দেওয়া হয়েছিল? এবং প্রবর্তিত আইনের ধারা বলে আমাদের নির্বাচিত প্রতিনিধিদের সরিয়ে দিয়ে আমলাদের সেখানে বসানো হয়েছিল। ডিড ইউ ফরগেট দ্যাট? সুতরাং এসব কথা বলার আগে আপনাদের বিবেচনা করে বলার প্রয়োজন ছিল। উত্তর দেওয়ার লোক এই হাউসে আছে। আপনাদের মতো পড়াশুনা না করে কেবল ভাবাবেগে চালিত হলে কিছু হয় না। ইউ মাস্ট নো বিফোর ইউ স্পিক, হোয়াট ইউ আর স্পিকিং। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কথায় একজন মাননীয় সদস্য বলেছেন, ভাল কিছুই হচ্ছে না, একজনকে অস্থায়ী ভাবে চেয়ারম্যান করে রাখা হয়েছে সেখানে। আমি বলব, ইট ইজ এ রিসার্চ, ইট ইজ এ স্টাডি এবং এ ব্যাপারে আমি খবর নিতে তাকে অনুরোধ করব। বিলেতে যখন সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড স্টার্ট হয়েছিল, তখন দু বছরের সময় চেয়ে শেষ পর্যন্ত দশ বছর সময় তারা নিয়েছিলেন। আমরা কমপিটেন্ট অফিসারকে চেয়ারম্যান হিসাবে নিযুক্ত করেছি এবং দায়িত্বের সাথে তিনি তার কাজ করে চলেছেন। জায়গার কোনও অসুবিধা তার হয়নি, সল্টলেকে তার অফিস আছে। কলকাতার মধ্যে ক্যামাক স্ট্রিটে তাকে স্থান করে দেওয়ার চেষ্টা আমরা করছি। তবে এর মানে এই নয় যে, স্থানের অভাবে তিনি কোনও কাজ করতে পারছেন না। আপনারা মিউনিসিপ্যালিটির ইঞ্জিনিয়ারদের কথা বলেছেন। তারা কি করে, কি চায়, সবই বলব। পঞ্চম এবং ষষ্ঠ পরিকল্পনা কালে ১০০টি পৌরসভার জন্য ২০ লক্ষ টাকা নির্ধারিত ছিল। আমরা মাত্র ৩।। বছর সময় কালের মধ্যে ১০০টি পৌরসভার জন্য ২০ লক্ষ টাকা খরচ করেছি। এবং ধীরে ধীরে ১ কোটি ২৫ লক্ষ, ২ কোটি ৫০ লক্ষ—মোট ৩ কোটি ৭৫ লক্ষ, তার সাথে এই বছরে আরও ৪ কোটি, মোট ৭ কোটি ৭৫ লক্ষ টাকা আমরা বরাদ্দ করেছি। এর সাথে মোটর ভেইকেলসের জন্য ১ কোটি ২৫ লক্ষ টাকা রেখেছি। মোট ৯ কোটি টাকা আমরা বরাদ্দ করেছি এই সমস্ত পৌরসভাগুলোর জন্য। তাহলে এবারে নিশ্চয়ই বুঝতে পারছেন যে, আমরা কি ভাবে ২০ লক্ষের জায়গায়

৯ কোটি টাকা বরাদ্দ করেছি। মাননীয় ধীরেন সরকার বলছিলেন, তার রায়গঞ্জে কম হয়েছে, আর একজন বলছিলেন, পুরুলিয়ায় কম হয়েছে। কিন্তু আমরা যে হ্যান্ড বুক ছাপিয়েছি, তাতে সব পাবেন। গতবারেও আমি হ্যান্ডবুক দিয়েছিলাম, তাতে প্রত্যেকটা পৌরসভার জন্য যে টাকা বরাদ্দ করেছিলাম, শেষ পর্যন্ত সেই টাকা যে ব্যয় করা হয়েছিল, তা দেখতে পাবেন—আপনারা সব হিসাব মিলিয়ে দেখবেন। অনেক খবরই আপনারা জানেন না। আগে যে সব পৌরসভার রাইটার্স বিল্ডিংসের লোকদের সংে যোগাযোগ ভাল ছিল, তাদেরই বেশি পরিমাণে টাকা বরাদ্দ করা হত। কিন্তু আমরা এসে জনসংখ্যার ভিত্তিতে প্রত্যেকটা পৌরসভাকে সমান হারে টাকা বন্টন করেছি। এই যে ৯ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে, তা ছাপার অক্ষরে বইতে পরিষ্কার ভাবে লেখা আছে, নয় ছয়ের কথা আমাকে বলে কোনও লাভ হবে না। ওরকম ব্যাপার হত কংগ্রেসের আমলে, তারা ভয়ানক ভাবে দুর্নীতিগ্রস্ত ছিল। তারা পৌরসভার অর্থ কিভাবে নষ্ট করে গিয়েছে সে বিষয়ে আমি যেমন জানি, প্রত্যেক মাননীয় সদস্যেরাও তেমন জানেন। এ ব্যাপারে আমাকে সময় দেওয়া হলে সব জানাতে পারি।

আমাদের সন্দীপবাবুর ডাইরেক্টরেট অফ লোকাল বডিস ভাল লাগেনি। আমাদের পৌরসভা রেজলিউশন করে এবং সেটা জেলা শাসকের কাছে যায়, জেলা শাসক সেটা ডিভিসনাল কমিশনারের কাছে পাঠায় এবং তারা সেটাকে গভর্নমেন্টের কাছে পাঠায়। আবার গভর্নমেন্টের যদি কিছু বক্তব্য থাকে তাহলে গভর্নমেন্ট ডিভিসনাল কমিশনার কে জানান, তারপর সেখান থেকে ম্যাজিস্ট্রেট তিনি দেন পৌরসভাকে। আমরা, বলেছি যে, এই ডাইরেক্টরেট অফ লোকাল বডিস-এর মাধ্যমে দরকার নেই। পৌরসভা থেকে থ্রু দা ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেট এর কাছে এবং সেখান থেকে সোজাসুজি সরকারের কাছে চলে আসবে। তাদের বক্তব্য থাকলে বলবে। আমরা এটাকে তিন জায়গায় করে দিয়েছি। এর নর্থ এক দিকে, সাউথ এক দিকে আর এক দিকে সেন্ট্রাল। এইভাবে ডাইরেক্টরেট অফ লোকাল বডিস এর ডেপুটি ডিরেক্টর বসিয়ে যাতে সোজাসুজি যোগাযোগ করতে পারা যায়, আমরা সুযোগ করে দিয়েছি। আপনারা এটা জানেন যে আমরা পৌরসভার প্রায় ৩০ হাজার কর্মচারিদের জন্য পে রিভিউ কমিটি এবং পে কমিটি বসালাম, তারপর আমাদের রাজ্য সরকার পে রিভিউ কমিটি বসালেন। কর্মচারিদের জন্য পে রিভিউ কমিটি তারা রিপোর্ট দিয়েছেন। আমরা যখন দেখতে পাচ্ছি একটা কমিশন রাজ্য সরকার বসিয়েছেন, এবং পৌর কর্মচারিদের যখন দাবি রয়েছে—দীর্ঘ দিনের তখন আমাদের যাতে সরকারি কর্মচারিদের যে স্কেল অফ পে তার যেন সমতা থাকে। অর্থমন্ত্রী বলেছেন যে বাজেট অধিবেশনে আমরা পে কমিশনের সুপারিশ গ্রহণ করব কি বর্জন করব, সেটা জানাব। আমি এই কথা বলব যে সরকারি এবং পৌর শ্রমিকদের মধ্যে যথেষ্ট ব্যবধান না থাকে। উনি আবার বলেছেন ব্যানার্জি কমিশন সফল হয়নি। আমার এখন সময় নেই, নইলে কংগ্রেস আমলে কমিশন কি করেছে, যে অভিযোগগুলো আমার কাছে এসেছে সেই অভিযোগগুলোর মধ্যে কয়েকজন মন্ত্রী ছিলেন তারা থাকলে বলতাম, কিন্তু তারা নেই বলে আমি বলব না। সেখানে মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ আছে, অভিযুক্ত লোকেরা এখনও বিচারাধীন আছে। যেহেতু কমিশন বেরিয়েছে, তাই আমি নিজে কিছু বলতে চাই না। আমি শুধু এই কথা বলতে চাই আপনারা এই পৌরসভায়—অনেক দুর্নীতি করেছেন। আপনারা এখানে যে দুর্নীতি করেছেন তার সীমা-পরিসীমা নেই। সুতরাং এই সম্বন্ধে আমার কিছু বলার দরকার নেই, এইগুলি

আপনা থেকে বের হয়ে যাবে।

[6-05 — 6-15 p.m.]

সি. এম. ডবলু এস. এ. হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে কেন সি. এম. ডি.-এর সাথে মার্জ করা হল সেটা আমার চেয়ে ভোলাবাবু ভাল জানেন এবং আপনারা জানে সি. এম. ডবলু. এস. এ.-কে যখন মার্জ করতে চেষ্টা করছিলেন তখন সুব্রতবাবু তার দায়িত্বে মন্ত্রী ছিলেন, তাদের দু' জনের মধ্যে তখন লড়ালড়ি চলছিল সি. এম. ডবলু. এস. এ. সি. এম. ডি.-এর সাথে মার্জ হবে কি হবে না। সুতরাং একথা বলে কোনও লাভ নেই।

**শ্রী ভোলানাথ সেন ঃ** আমার সঙ্গে সুব্রতবাবুর কোনও লড়ালড়ি হয়নি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** সবাই জানেন আপনাদের কথা। আপনাদের গুন্ডাদের জন্য আমাকে সরে থাকতে হয়েছিল।

We know how you behaved with us. You did not have talking terms with the Minister. A Bar-at-Law should not come here.

**Shri Bholanath Sen :** You are not telling the truth. As most of the Communists do they are used to tell lies.

**Shri Prasanta Kumar Sur :** You are a liar number one.

সি. এম. ডবলু এস. এ.-কে মার্চ করিয়েছেন তিনি, এইচ. আই. টি.-কে মার্জ করিয়েছেন তিনি। আমরা এসে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে রিভাইভ করেছি, আমরা তাকে সরিয়ে নিয়ে এসে নতুন চেয়ারম্যান দিয়েছি। সি. এম. ডবলু. এস. এ.-কে আমরা রিভাইভ করব তার ব্যবস্থা গ্রহণ করেছি, হয়ত ২/৪ মাসের মধ্যে তাদের রিভাইভ করতে পারব। আমরা চাই এইসব সংস্থা যেভাবে হয়েছিল সেইভাবে কাজ করুক। ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট দীর্ঘদিন ধরে ১৯১১ সাল থেকে কলকাতার উন্নয়ন করছে, তাদের ইম্প্রুভমেন্টের টাকা তারা পকেটস্থ করেছেন। আমরা আসার পর তাকে আবার কাজের দায়িত্ব দেওয়া হয়েছে, তাকে প্যান্ড বাজেট থেকে ২ কোটি টাকা দিয়েছি, তারা অনেক ভাল ভাল কাজ করতে শুরু করেছে। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট অনেক ভাল কাজ করেছে। আমরা ওয়ান আমব্রেলা থিওরি অ্যাডপ্ট করেছি, তাতে তাদের এফিসিয়েন্সি বেড়েছে। শেষ দিকে সন্দীপবাবু বললেন শান্তি সেনকে কেন অপসারণ করা হল। আমি মাননীয় সদস্যদের তার একটা গল্প বলে দিই, আপনারা একটু শুনুন। শান্তি সেন ছিল ক্যালকাটা কর্পোরেশনের special deputy director। প্রথমে তিনি ছিলেন একজন লাইটিং ইন্সপেক্টর, মাইনে পেতেন ৫/৬ শো টাকা। তিনি লাইটিং দপ্তরের একজন কর্মচারী ছিলেন, তখন সুব্রতবাবু এসে কর্পোরেশনের হাল ধরলেন। কিন্তু জঞ্জাল কে সাফাই করবে—কারণ সেখানে শ্রমিক মজদুরদের ইউনিয়নের তিনি নেতা। তখন তিনি কি করলেন—তিনি শান্তিবাবুর কাছে সারেন্ডার করলেন। আগে চেষ্টা করেছিলেন লড়ালড়ি করতে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডারে, স্যার। আমাদের বিধানসভায়

একটা কনভেনশন ঠিক করা হয়েছিল যারা হাউসের সদস্য নন তাদের সম্বন্ধে হাউসে কিছু বলা যাবে না। কাজেই যিনি এখানকার সদস্য নন তার সম্পর্কে যদি উনি কিছু বলেন তাহলে আমি মনে করি সেটা অন্যায় হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ডিপার্টমেন্ট সম্বন্ধে রিপ্লাই দিতে গিয়ে যদি কোনও কথা উঠে যে সে ভাল লোক কি মন্দ লোক তাহলে সেটা বলা যেতে পারবে। কাজেই মিঃ বাপুলি, আপনি যা বললেন দ্যাট ইজ নট রেলেভেন্ট, প্লিজ টেক ইওর সিট।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** হি ক্যান নট রেফার দেয়ার নেম, অ্যাজ দে আর নট মেম্বারস অব দি হাউস অ্যান্ড ক্যান নট টেক পার্ট ইন দি ডিবেট।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** রিপ্লাই দিতে গিয়ে উনি রেফারেন্স দিতে পারেন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** শান্তিবাবুকে তখন তিনি বললেন আপনি রেজিগনেশন দিন এবং একটা ক্যাবিনেট ডিসিসন করে এক বছরের জন্য তিনি একটা পোস্ট তৈরি করলেন। যেদিন পোস্ট তৈরি করলেন সেই দিনই তাকে কর্পোরেশনে বসিয়ে দিলেন অ্যাজ স্পেশ্যাল ডেপুটি কমিশনার, কনজারভেন্সি। হি ইজ নেক্সট টু কমিশনার এবং তার মাইনে হল ২,০০০ টাকা। একবার চিন্তা করে দেখুন ৫৫০/৬০০ টাকা থেকে একেবারে ২,০০০ টাকা মাইনে করা হল এবং এটা ওভার নাইট করা হল, নট ইভিন টোয়েন্টিফোর আওয়ার্স। তার এক বছর পর কংগ্রেস মন্ত্রী মন্ডলীর মধ্যে হাতাহাতি মারামারি লেগে গেল এবং সুব্রতবাবু তার ঐ পোস্টকে আরও ৩ বছরের জন্য এক্সটেন্ড করাতে চান। নিয়ম আছে কোনও পোস্ট ক্রিয়েট করতে গেলে ক্যাবিনেটে যেতে হয়। তবে ক্যাবিনেটে অনেক সময় না গিয়েও সাবজেক্ট টু অ্যাপ্রুভ্যাল অব দি ক্যাবিনেট চিফ মিনিস্টার এটা করতে পারেন। কিন্তু তিনি চিফ মিনিস্টারের কাছে গেলেন না, তিনি গেলেন ফাইনান্স মিনিস্টার ডাঃ নাগের কাছে এবং তার সই আনলেন। হি হ্যাভ নট দি কারেজ টু অ্যাপ্রোচ শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়। ক্যাবিনেটে গেল না, অন্যায়ভাবে বেআইনিভাবে তাকে আরও ৩ বছরের এক্সটেনশন দেওয়া হল। হোয়েন আই বিকেম দি মিনিস্টার আই কল্ড ফর অ্যান এক্সপ্লানেশন অব দি আই এ. এস. অফিসার হু ওয়াজ সেক্রেটারি অব দ্যাট ডিপার্টমেন্ট। আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম আপনি কোনও অথরিটিতে তাকে অ্যাপয়েন্টমেন্ট দিলেন হোয়েন দি পোস্ট ওয়াজ নট ক্রিয়েটেড অ্যান্ড হোয়েন দি চিফ মিনিস্টার ওয়াজ নট কনসালটেড ইভেন? আমরা জানি দুর্নীতির একটা শেষ আছে, কিন্তু দেখছি আপনাদের দুর্নীতির কোনও শেষ নেই। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এখানেই আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 3,00,82,000 be granted for expenditure under Demand No. 26, Major Head—"260—Fire Protection and Control", was then put and agreed to.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 40,45,25,000 be granted for expenditure under Demand No. 74, Major

Head—"363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)", was then put and agreed to.

## Demand No. 4

## Major head : 214—Administration of Justice

**Shri Hashim Abdul Halim :** Mr. Deputy Speaker, Sir, on he recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,96,14,000 be granted for expenditure under Demand No. 4, Major head : "214—Administration of Justice".

## Demand No. 8

## Major head : 230—Stamps and Registration

**Shri Hashim Abdul Halim :** Mr. Deputy Speaker, Sir, on he recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,55,41,000 be granted for expenditure under Demand No. 8, Major head : "230—Stamps and Registration".

প্রথমে আমি বিচার বিভাগ সম্পর্কিত চারিটি আইনের কথা বলতে চাই।

(ক) প্রেসিডেন্সি স্মল কজেজ কোর্টস (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮০—এক শথ টাকার বেশি কিন্তু দশ হাজার অপেক্ষা কম মূল্যের যে সমস্ত মামলার উপর স্মল কজেজ কোর্টস এবং হাইকোর্টের যৌথ এক্তিয়ার ছিল, গরিব মামলাকরিদের সুবিধার জন্য ঐ জাতীয় মামলা শুধুমাত্র স্মল কজেজ কোর্টের এক্তিয়ারে থাকা উচিত বলে বিবেচিত হওয়ায় এই উদ্দেশ্যে একটি বিল বিধানসভায় উত্থাপিত হয়। রাজ্য বিধানসভা ঐ বিলটি অনুমোদন করে এবং এতে রাষ্ট্রপতির সম্মতিও পাওয়া গেছে।

(খ) সিটি সিভিল কোর্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮০—নগর দেওয়ানি আদালত বর্তমানে কেবলমাত্র পংঞাশ হাজার টাকা পর্যন্ত মূল্যের বিচার করতে পারে। ক্রমবর্দ্ধমান দ্রব্যমূল্য হেতু টাকার মূল্যমান অনেক কমে গেছে এবং

(১) ১৮৮৯ সালে 'গার্ডিয়ান এবং ওয়ার্ডস' অ্যাক্ট

(২) ১৯০৯ সালে 'প্রেসিডেন্সি টাউন ইনসলভেন্সি' অ্যাক্ট

(৩) ১৯১২ সালে 'ইন্ডিয়ান লুনাসি' অ্যাক্ট এবং

(৪) ১৯১২ সালে 'ইন্ডিয়ান সাকসেসন' অ্যাক্ট সংক্রান্ত মামলা মহাধর্মাধিকরণ নহে শুধুমাত্র নগর দেওয়ানি আদালতেরই এক্তিয়ার ভুক্ত থাকা উচিত এই বিবেচনায় স্থিরীকৃত হয় যে নগর দেওয়ানি আদালতের আর্থিক ক্ষমতা পঞ্চাশ হাজার থেকে এক লক্ষে বাড়ানো হবে। এও আশা করা হয়েছিল যে নগর দেওয়ানি আদালতের আর্থিক ক্ষমতা স্বরূপ বাড়ানো হলে

এবং এই আদালতের উল্লিখিত আইনে বিশেষ ক্ষমতা থাকিলে মহাধর্মাধিকরণের মামলার সংখ্যা অনেক কমে যাবে এবং মহাধর্মাধিকরণে জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তি করতে পারবেন। এই উদ্দেশ্যে আনীত বিলটি রাজ্য বিধানসভায় অনুমোদিত হয়েছে এবং বর্তমানে রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় আছে।

(গ) দি কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর' (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বি, ১৯৮০—এই বিলের উদ্দেশ্য ফৌজদারি কার্যবিধি ৪৩৭ এবং ৪৩৮ ধারার সংশোধন। আদালতে নির্দিষ্ট দিনে গড় হাজির থাকার জন্য জামিনে মুক্ত যে সমস্ত আসামীদের অনেক কষ্ট ও অনুসন্ধান করে ধরে আনা হয় তদের আবার জামিন দেওয়ার ফলে, তদন্ত, সনাক্ত করণ প্যারেড এবং মামলার দ্রুত নিষ্পত্তিতে বিলম্ব ঘটে। ৪৩৭ ধারার প্রস্তাবিত সংশোধনের একাধিকবার গড় হাজির হওয়া আসামীর পক্ষে পুর্ববর্তী তারিখে উপস্থিত থাকা সম্ভব ছিল না এ বিষয়ে সন্তুষ্ট না হলে আদালত ঐ আসামীকে আবার জামিন দিতে অস্বীকার করবেন।

বর্তমানে গুরুতর অপরাধে অপরাধী ব্যক্তি এবং অনেক সময় দাগী অপরাধীরা আদালতের কাছ থেকে আগাম জামিন পেতে পারেন। এই ক্ষেত্রে প্রায়ই রাজ্য সরকারের পক্ষে প্রতিবাদ জ্ঞাপনের কোনও সুযোগ থাকে না। ৪৩৮ ধারার প্রস্তাবিত সংশোধনে মৃত্যুদন্ড, যাবজ্জীবন কারাদন্ড অথবা সাত বছরের অধিক কারাদন্ড পেতে পারে। এমন অপরাধে অপরাধী ব্যক্তিদের আগাম জামিনের আবেদন নিষ্পত্তির আগে আদালতকে আত্মপক্ষ সমর্থনের জন্য রাজ্য সরকারকে কমপক্ষে ৭ দিনের সময় দিতে হবে। প্রস্তাবিত সংশোধনী বিলটি সিলেক্ট কমিটির কাছে পাঠানো হয়েছে।

(ঘ) মুর্শিদাবাদ এস্টেট (ম্যানেজমেন্ট অফ প্রপার্টিস) অ্যান্ড মিসলেনিয়াস প্রভিশনস বিল, ১৯৮০—আয় অপেক্ষা ব্যয় বেশি হওয়ার ফলে ১৯৬০ সনের মুর্শিদাবাদ এস্টেট ট্রাস্ট অনুযায়ী এস্টেটের সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও প্রশাসন অসম্ভব হয়ে পড়েছে। ফলে ঐ ট্রাস্ট প্রায় বিলুপ্তির পথে। কাজেই মুর্শিদাবাদ ট্রাস্ট অ্যাক্টের উদ্দেশ্য কার্যত ব্যর্থ হয়েছে। মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তি রক্ষণাবেক্ষণ এবং আনুষঙ্গিক ব্যাপারগুলো মেটানোর উদ্দেশ্যে একটি আইন প্রণয়ন তাই দরকার হয়ে পড়েছে। এই সরকার তাই সিদ্ধান্ত নিয়েছে যে, ১৯৬৩ সনের মুর্শিদাবাদ অ্যাক্টটি বিলোপ করা হবে।

১৯৫৮ সালের 'এনসিয়েন্ট মনুমেন্টস অ্যান্ড আর্কিওলজিকাল সাইটস্ অ্যান্ড রিমেইনস অ্যাক্টের ৪ ধারার ৩ উপধারা অনুযায়ী কেন্দ্রীয় সরকার হাজারদুয়ারি প্রাসাদ এবং ইমামবারাকে গুরুত্বপূর্ণ প্রাচীন জাতীয় সৌধ বলে ঘোষণা করেছেন। কিন্তু তাদের মতে ঐ প্রাসাদে অবস্থিত শিল্প সামগ্রী বই, পান্ডুলিপি, দলিল এবং তৈলচিত্রসমূহ রক্ষণাবেক্ষণের জন্য ন্যাসপালই দায়ী আছেন। মুর্শিদাবাদ এস্টেটের স্বল্পসংখ্যক লোকজন এবং অপর্যাপ্ত আয়ের ফলে ন্যাসপালের পক্ষে যথাযথভাবে তার দায়িত্ব পালন সম্ভব নয়। তাই ঠিক হয়েছে যে, কেন্দ্রীয় সরকার ক্রয় অথবা অন্য উপায়ে প্রাসাদে অবস্থিত শিল্পসামগ্রীসহ অধিগ্রহণ না করা পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের পুরাতত্ত্ব আধিকারিক প্রাসাদটি রক্ষণাবেক্ষণ করবেন। প্রস্তাবিত আইনে এই উদ্দেশ্যে সুনির্দিষ্ট ধারা সন্নিবিষ্ট করা হয়েছে।

প্রস্তাবিত আইনটিতে—

(১) রাজ্য সরকার কর্তৃক মুর্শিদাবাদ এস্টেট অধিকার।

(২) মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্য রাজ্য সরকার কর্তৃক একজন এস্টেট ম্যানেজার নিয়োগ।

(৩) উচ্ছেদের আদেশ প্রকাশনের ৩০ দিনের মধ্যে মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তি জবরদখল কারিরা ঐ আদেশ অনুযায়ী কাজ করিতে অস্বীকার করিলে জবর দখলকারিদের উৎখাত করে ফাঁকা সম্পত্তি দখল নেওয়ার জন্য এস্টেট ম্যানেজারকে ক্ষমতা প্রদান।

(৪) ১৯৬৩ সালের মুর্শিদাবাদ অ্যাক্ট অনুযায়ী নবাব ওয়ারিস আলী মির্জার উত্তরাধিকারী পুত্রকন্যাদিগকে বিকল্প বাসস্থান দেওয়া।

(৫) মুর্শিদাবাদ এস্টেটের আয় এবং সম্পত্তির উপর যে সমস্ত ঋণ এবং দায়িত্ব (যার পরিমাণ প্রায় ৬০ লক্ষ টাকারও অধিক) প্রথম দাবি হিসাবে স্বীকৃত সেই সমস্ত ঋণ ও দায়িত্ব পরিশোধের জন্য রাজ্য সরকারের অনুমতি নিয়ে এস্টেট ম্যানেজারকে এস্টেটের যে কোনও অস্থাবর সম্পত্তি নীলামে বিক্রয় করার অধিকার প্রদান এবং

(৬) চলতি দায়িত্ব এবং প্রশাসনের ব্যয় মিটিয়ে এস্টেটের আয় থেকে মৃত নবাব বাহাদুরের জীবিত পুত্রকন্যাদিগকে মাসিক বৃত্তি দেওয়ার ব্যবস্থা রয়েছে। বিলটি সংশোধনের জন্য বিধানসভায় অনুমোদিত হয়েছে এবং রাষ্ট্রপতির সম্মতি পেয়েছে।

দ্বিতীয়ত, রাজ্যস্তর থেকে ব্লকস্তরে সমাজের অনুন্নত শ্রেণীর লোকদের আইনগত সাহায্য দানের জন্য একটি নূতন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রতিটি ব্লক, প্রতিটি মিউনিসিপ্যাল এলাকা, সদর মহকুমা বাদে প্রতিটি মহকুমা এবং প্রতিটি জেলায় আইনগত সাহায্যদানের জন্যে একটি করে কমিটি গঠিত হবে। কলকাতা পৌর এলাকার জন্যও একটি পৃথক কমিটি থাকবে। এছাড়া, কলকাতার এক বা একাধিক ওয়ার্ড, মিউনিসিপ্যাল এলাকা এবং ব্লকের জন্য আইনগত পরামর্শদাতা থাকবে। পরিকল্পনাটির সার্থক রূপায়ণ এবং সার্বিক তত্ত্বাবধানের জন্য সকলের ওপরে থাকবে রাজ্য লিগাল এইড অ্যান্ড অ্যাডভাইস বোর্ড। পরিকল্পনাটি সম্পূর্ণ রূপায়িত করতে আনুমানিক ৩ কোটি টাকা খরচ পড়বে।

তৃতীয়ত, বিচারে বিলম্ব সাধারণ এবং দীর্ঘদিনের অভিযোগ। বাস্তবিকই রাজ্যের সমস্ত আদালতেই অসংখ্য বকেয়া মামলা রয়েছে। বিভিন্ন আদালতে বকেয়া মামলার সংখ্যা সম্বন্ধে নিম্নলিখিত তথ্য থেকে বিষয়টির গুরুত্ব বোঝা যাবে ঃ—

(১) ১৯৭৯ সালের ৩০শে জুন পর্যন্ত পশ্চিম বাংলার জেলা আদালতগুলিতে জমে থাকা রেগুলার এবং মিসলেনিয়াস স্যুটসের সংখ্যা ২,০৬,৭০৮।

(২) ১৯৭৯ সালের ৩০শে জুন পর্যন্ত পশ্চিম বাংলার জেলা আদালতগুলিতে জমে থাকা রেগুলার এবং মিসলেনিয়াস আপিলের সংখ্যা ৯,৪৫৮।

(৩) ১৯৭৯ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিম বাংলার দায়রা আদালতে বিচারাধীন

মামলার সংখ্যা—২,৬৪০।

(৪) ১৯৭৯ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিম বাংলার ম্যাজিস্ট্রেট কোর্টের বিচারাধীন মামলার সংখ্যা—৮,৬০,২৩৫।

(৫) ১৯৮০ সালের ৩০শে জুন পর্যন্ত হাইকোর্টে জমে থাকা মামলার সংখ্যা—৮০,০৮৬।

হাইকোর্টের বকেয়া মামলা পরিষ্কার করার জন্য রাজ্য সরকারের অল্পই করার আছে। রাষ্ট্রপতি হাইকোর্টের বিচারকদের নিয়োগ করে থাকেন। কিন্তু যদি ও বর্তমানে হাইকোর্টের বিচারকের ৮টি পদ খালি আছে। তবুও ১৯৭৮ সালের জানুয়ারি মাসের পরে আজ পর্যন্ত হাইকোর্টে কোনও বিচারক নিয়োগ করা হয়নি।

নিম্ন আদালতগুলিতে জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির জন্য রাজ্য সরকার হাইকোর্টের সুপারিশক্রমে এবং সপ্তম অর্থ কমিশনের অনুমোদিত আর্থিক সহায়তায় নিম্নলিখিত অতিরিক্ত আদালত স্থাপন করেছেন।

(১) জেলা ও দায়রা বিচারকের আদালত—১

(২) অতিরিক্ত জেলা ও দায়রা বিচারকের আদালত—৪

(৩) অতিরিক্ত চিফ জুডিসিয়াল বিচারকের আদালত—৩

(৪) সাব জজের আদালত—৫

(৫) মুন্সেফের আদালত—৬

(৬) ম্যাজিস্ট্রেটর আদালত—৬

১৯৮১-৮২ সালের আরও অতিরিক্ত আদালত স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের আছে। এছাড়া, সপ্তম অর্থ কমিশন অনুমোদিত আর্থিক সাহায্যে নুতন আদালতগৃহ এবং বিচারকদের জন্য বাসস্থান নির্মাণের পরিকল্পনাও রাজ্য সরকারের আছে। আশা করা যায় যে, এই সব নুতন আদালত স্থাপিত হলে এবং প্রস্তাবিত নুতন আদালতগৃহ ও বিচারকদের বাসগৃহ নির্মিত হলে মামলার দ্রুত নিষ্পত্তি সম্ভব হবে।

পার্বত্য অঞ্চলের অধিবাসীদের দীর্ঘদিনের দাবি অনুযায়ী দার্জিলিং জেলার অধিবাসীদের মামলার সুবিধের জন্য রাজ্য সরকার বিগত ৪ঠা অক্টোবর থেকে পূর্বতন জলপাইগুড়ি-দার্জিলিং জেলা আদালতকে বিভক্ত করে দার্জিলিং জেলার জন্য একটি পৃথক জেলা আদালত স্থাপন করেছেন। এই আদালতের জন্য প্রয়োজনীয় কর্মচারীও মঞ্জুর করা হয়েছে। মিরিক, দার্জিলিং জেলার একপ্রান্তে অবস্থিত। মিরিকের অধিবাসীদের কার্শিয়াঙের আদালতে এসে তাদের কাজকর্ম করতে হয়। মিরিক থেকে কার্শিয়াঙ পর্যন্ত কোনও মোটরযোগ্য রাস্তা না থাকায় কার্শিয়াঙে আসতে হ'লে মিরিকের অধিবাসীদের শিলিগুড়ি অথবা দার্জিলিং ঘুরে আসতে হয়। ফলে তাদের অর্থ ও সময় দুয়েরই অপচয় ঘটে। একথা বিবেচনা করে রাজ্য সরকার পরীক্ষামূলকভাবে মিরিকে একটি মুন্সেফ ম্যাজিস্ট্রেটের আদালত স্থাপনের সিদ্ধান্ত

নিয়েছেন।

বর্তমানে পশ্চিম দিনাজপুর—মালদা জেলা আদালতকে বিভক্ত করে পশ্চিম দিনাজপুরের জন্যে একটি পৃথক জেলা আদালত স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

চতুর্থত, বিভিন্ন স্থানের আইনজীবী সংগঠনগুলি তাদের প্রয়োজনীয় বইপত্র কিনতে নানা রকম অসুবিধার সম্মুখীন হন। বিগত আর্থিক বৎসরের বিভিন্ন আইনজীবী সংগঠনগুলিকেই বই এবং পত্র পত্রিকা কেনার জন্য ১,৬৪,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছিল। বর্তমান আর্থিক বৎসরেও তাদের এই উদ্দেশ্যে এ পর্যন্ত ৯২,৫০০ টাকা অনুদান দেওয়া হয়েছে।

পঞ্চমত, কিছুদিন ধরে পশ্চিমবঙ্গ ওয়াকফ কমিশনের অফিস গুরুতর আর্থিক অনটনের মধ্য দিয়ে চলছিল। মোট আয় মোট ব্যয়ের থেকে কম হওয়ায় রাজ্যের ওয়াকফ সম্পত্তির উন্নতিকল্পে কোনও টাকা খরচ করা সম্ভব হচ্ছিল না। এই অসুবিধের কথা বিবেচনা করে রাজ্য সরকার আগামী ১লা এপ্রিল থেকে ওয়াকফ কমিশনারের অফিস পরিচালনার সমস্ত খরচ বহন করার সিদ্ধান্ত নিয়েছেন। এজন্যে বছরে আনুমানিক ৬,০০,০০০ টাকা খরচ হবে।

পরিশেষে এই বিভাগের নির্মাণ প্রকল্পগুলির জন্য ১৯৮০-৮১ সালে বার্ষিক যোজনা খাতে এক কোটি উনচল্লিশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তার মধ্যে প্রায় ৭৫ লক্ষ টাকার কাজের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। নতুন প্রকল্পগুলির অধিকাংশই গ্রহণ করা হয়েছে এবং চলতি প্রকল্পগুলির কাজও চলছে।

১৯৮১-৮২ সালে বার্ষিক যোজনা খাতে এই বিভাগের জন্য এক কোটি তেতাল্লিশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই টাকা পাওয়া গেলে বেশ কয়েকটি নতুন জরুরি প্রকল্পের কাজ আরম্ভ করা যাবে এবং চলতি প্রকল্পের অনেকগুলি শেষ হবে বলে আশা করা যায়।

এই প্রসঙ্গে, আমি এই বিভাগের যে সমস্ত বড় বড় নির্মাণ প্রকল্পের কাজ শেষ হয়েছে, যে সমস্ত প্রকল্পের কাজ চলছে, যে সমস্ত প্রকল্পের জন্য ১৯৮০-৮১ সালে অনুমোদন দেওয়া হয়েছে এবং সপ্তম অর্থ-কমিশন অনুমোদিত আর্থিক সাহায্যে প্রস্তাবিত প্রকল্প সহ যে সমস্ত প্রকল্পের কাজ আগামী আর্থিক বছরে অনুমোদন করার প্রস্তাব আছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দিচ্ছি ঃ—

যে সমস্ত প্রকল্পের কাজ শেষ হয়েছে—

(১) দার্জিলিং দেওয়ানি আদালতের জন্য পৃথক ভবন নির্মাণ।

(২) রাণাঘাটে বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য সরকারি বাসস্থান নির্মাণ।

(৩) ২৪-পরগনা জেলার বসিরহাটে আদালত ভবন নির্মাণ।

(৪) আলিপুর জেলা জজের আদালত প্রাঙ্গণে অবস্থিত রেকর্ডরুম ভবনের ওপরে আরও একটি তল নির্মাণ।

(৫) জলপাইগুড়ি সদর মহকুমায় দেওয়ানি ও ফৌজদারি আদালতে স্থান সংকুলানের জন্য নবাববাড়ি অধিগ্রহণ।

যে সমস্ত প্রকল্পের কাজ চলছে—

(১) কোচবিহার কাউন্সিল ভবন পুনর্নির্মাণ।

(২) কোচবিহার রেজিস্ট্রি অফিস পুনর্নির্মাণ।

(এই দুইটি বাড়ি ২৭. ৮. ৭৪ তারিখে বিক্ষুব্ধ জনতার হাতে ধ্বংস হয়েছিল)

(৩) হাওড়া দেওয়ানি আদালতে নবনির্মিত রেকর্ডরুমের ছাদে আদালত গৃহ নির্মাণ।

(৪) চন্দননগর দেওয়ানি আদালত গৃহের প্রয়োজনীয় সংস্কার।

(৫) বিভিন্ন অফিস গৃহের স্থান সংকুলানের জন্য বর্ধমান সদর মহকুমায়. একটি চারতল বিশিষ্ট বাড়ি নির্মাণ।

(৬) মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য সরকারি বাসগৃহ নির্মাণ।

(৭) পুরুলিয়া জেলায় বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য সরকারি বাসগৃহ নির্মাণ।

(৮) আদালত গৃহ ও সরকারি বাসগৃহের জন্য দুর্গাপুরে জমি ক্রয়।

(৯) চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের অফিসে দুইটি জেনারেটর বসানো।

যে সমস্ত প্রকল্পের জন্য ১৯৮০-৮১ সালে অনুমোদন দেওয়া হয়েছে—

(১) মেদিনীপুরে একটি নুতন আদালত গৃহ, একটি লাইব্রেরি এবং সরকারি উকিল ও পাবলিক প্রসিকিউটরের ব্যবহারের জন্য একটি গৃহ নির্মাণ।

(২) উলুবেড়িয়ায় একটি অতিরিক্ত আদলতে ভবন নির্মাণ।

(৩) আরামবাগ মহকুমায় ফৌজদারি আদালত ভবন নির্মাণ।

(৪) রায়গঞ্জে ফৌজদারি আদালত ও অফিস ভবন নির্মাণ।

(৫) বালুরঘাটে আদালত ভবন ও রেকর্ডরুম নির্মাণ।

(৬) পুরুলিয়ায় চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের জন্যে আদালত ও অফিসঘর নির্মাণ।

(৭) কৃষ্ণনগরে ফৌজদারি আদালত ভবন নির্মাণ।

(৮) আলিপুর জেলা জজের আদালত প্রাঙ্গণে একটি পাঁচতলা গৃহ নির্মাণ।

(৯) মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় বিচার বিভাগীয় আধিকারিকদের জন্যে সরকারি বাসস্থান নির্মাণ।

(১০) মেদিনীপুরে বিচার বিভাগীয় আধিকারিকদের জন্যে সরকারি বাসস্থান নির্মাণ।

(১১) পুরুলিয়া জেলার রঘুনাথপুরে বিচার বিভাগীয় আধিকারিক কর্মচারিদের জন্য সরকারি বাসস্থান নির্মাণ।

(১২) বাঁকুড়া জেলার সদর মহকুমায় বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য সরকারি বাসস্থান নির্মাণ।

(১৩) মেদিনীপুরে জেলা নিবন্ধকের অফিস ও রেকর্ডরুম নির্মাণ।

(১৪) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের জন্য সরকারি বাসস্থান নির্মাণ।

(১৫) নদীয়া জেলার রাণাঘাট মহকুমায় ফৌজদারি আদালত ভবন নির্মাণ।

১৯৮১-৮২ সালে যে সমস্ত প্রকল্পের অনুমোদন করার প্রস্তাব আছে—

(১) বাঁকুড়ায় নিবন্ধকের অফিস ভবন নির্মাণ।

(২) আলিপুর দেওয়ানি আদালতের জন্য ছয়টি জেনারেটর ক্রয়।

(৩) মেদিনীপুর জেলার কন্টাইয়ে আদালত ও কোর্ট ইন্সপেক্টরের অফিসের বর্তমান ভবনের জন্য সম্প্রসারণ।

(৪) মহাধর্মাধিকরণের মূল ভবনের সহিত শতবার্ষিকী ভবনের সংযোগের জন্য প্রয়োজনীয় পথ নির্মাণ।

(৫) মহাধর্মাধিকরণের মূল ভবনে বর্তমান ডি. সি. লিফটের পরিবর্তে এ. সি. লিফট সংস্থাপন।

(৬) পুরুলিয়ায় দেওয়ানি আদালত প্রাঙ্গণে হাজত ও মালখানা নির্মাণ।

(৭) মেদিনীপুরের জেলা জজকোর্ট ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে জল সরাবরাহ।

(৮) মহাধর্মাধিকরণে জল সরবরাহ।

(৯) বাঁকুড়ার জেলা জজের আদালত প্রাঙ্গণে কোর্ট ইন্সপেক্টরের অফিস গৃহ ও মালখানা নির্মাণ।

(১০) জলপাইগুড়ি জেলা নিবন্ধকের অফিস ভবন সম্প্রসারণ।

(১১) চন্দননগরে দেওয়ানি ও ফৌজদারি আদালত ভবন অধিগ্রহণ।

(১২) ব্যাঙ্কশাল কোর্ট ভবনের পরিবর্তে একটি ১১ তল বিশিষ্ট ভবন নির্মাণ।

(১৪) ব্যারাকপুরে বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য সরকারি বাসগৃহ নির্মাণ।

**সপ্তম অর্থ-কমিশন অনুমোদিত আর্থিক সাহায্যে ১৯৮১-৮২ সালে প্রস্তাবিত প্রকল্প**

| জেলা | স্থান | আদালত ভবন | | সরকারি বাসস্থান | |
|---|---|---|---|---|---|
| | | নিম্ন | উচ্চ | নিম্ন | উচ্চ |
| ২৪-পরগনা | বারাসাত | ২ | — | ২ | — |
| | বসিরহাট | ৩ | — | ৩ | — |
| | বনগাঁ | ২ | — | ২ | — |
| | ডায়মন্ডহারবার | ৩ | — | ৩ | — |
| মেদিনীপুর | সদর | ৮ | ১ | ৮ | ১ |
| | কন্টাই (কাঁথি) | ৩ | — | ৩ | — |
| মুর্শিদাবাদ | বহরমপুর | ৫ | ২ | ৫ | ২ |
| বর্ধমান | আসানসোল | — | ১ | — | ১ |
| | দুর্গাপুর | ১ | ১ | ১ | ১ |
| | কাটোয়া | ২ | — | ২ | — |
| দার্জিলিং | সদর | — | ১ | — | ১ |
| পশ্চিম দিনাজপুর | সদর | — | ১ | — | ১ |
| নদীয়া | কৃষ্ণনগর | ৩ | ১ | ৩ | ১ |
| | রাণাঘাট | ৩ | — | ৩ | — |
| হুগলি | শ্রীরামপুর | ২ | — | ২ | — |
| | আরামবাগ | ২ | — | ২ | — |
| জলপাইগুড়ি | সদর | ১ | — | ১ | — |
| | আলিপুর দুয়ার | ২ | — | ২ | — |
| বাঁকুড়া | সদর | ২ | — | ২ | — |
| হাওড়া | উলুবেড়িয়া | ১ | — | ১ | — |

মামলাকারী জনসাধারণের এবং অন্যান্য উপস্থিত লোকজনদের চিকিৎসার উদ্দেশ্যে আলিপুর জেলা জজের আদালত প্রাঙ্গণে এই বছরই একটি চিকিৎসা প্রকল্প চালু হয়েছে। এই জাতীয় প্রকল্প ভারতবর্ষে এই প্রথম।

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভার কাছে পেশ করছি।

মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৮ নং অনুদানের অধীনে মুখ্যখাত "২৩০—স্টাম্পস এবং রেজিস্ট্রেশন" বাবদ ব্যয় নির্বাহার্থ ৩ কোটি ৫৫ লক্ষ ৪১ হাজার টাকা মঞ্জুর করা হোক।

এই ৩ কোটি ৫৫ লক্ষ ৪১ হাজার টাকার মধ্যে স্ট্যাম্পস এবং রেজিস্ট্রেশন বাবদ ভিন্ন ভিন্ন খাতে টাকার অঙ্ক নিম্নলিখিত রূপ দাঁড়াবে ঃ—

| | | |
|---|---|---|
| (ক) রেজিস্ট্রেশন | — | ২,৮৯,৬০,০০০ টাকা |
| (খ) স্ট্যাম্পস (জুডিসিয়াল) | — | ৯,৪০,০০ টাকা |
| (গ) স্ট্যাম্পস (নন-জুডিসিয়াল) | — | ৫৬,৪১,০০ টাকা |
| মোট | | ৩,৫৫,৪১,০০০ টাকা |

এই রাজ্যে ১৯৮৮ সালের ইন্ডিয়ান স্ট্যাম্পস অ্যাক্ট ও ১৯০৮ সালের ইন্ডিয়ান রেজিস্ট্রেশন অ্যাক্ট প্রশাসন বাবদ ব্যয় মুখ্যখাত '২৩০—স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশন" থেকে যায়।

১৯৮০-৮১ সালের রেজিস্ট্রেশন ফি বাবদ মোট আয়ের পরিমাণ হবে আনুমানিক ৩,৪৪,০০,০০০ টাকা। কিন্তু পূর্ববর্তী বৎসরে অর্থাৎ ১৯৭৯-৮০ সালে ঐ আয়ের পরিমাণ ছিল ২,২৮,১৫,০৫৩ টাকা স্ট্যাম্পস এবং রেজিস্ট্রেশন খাতে ১৯৭৯-৮০ সালে মোট আয়ের পরিমাণ ছিল ২৪.৯৯ কোটি টাকা। কিন্তু চলতি বছরে ঐ আয় আনুমানিক ২৮.০৬ কোটি টাকায় দাঁড়াবে বলে মনে হয়। ১৯৭৯-৮০ সালে যেখানে রেজিস্ট্রেশন খাতে ২.২৪ কোটি টাকা এবং স্ট্যাম্পস খাতে .৩০ কোটি অর্থাৎ মোট ২.৫৪ কোটি টাকা ব্যয় হয়েছিল এ বছরে সেই ব্যয় দাঁড়াবে মোট ৩.২৯ কোটি টাকায়। (এর মধ্যে রেজিস্ট্রেশন খাতে বাবদ ২.৬৮ কোটি টাকা ও স্ট্যাম্পস খাতে ব্যয় .৬১ কোটি টাকা।)

এবার আমি নিবন্ধন অধিকার এবং ঐ অধিকারের কাজকর্ম সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবরণী দিচ্ছি। এ রাজ্যে মোট ২১২টি রেজিস্ট্রেশন অফিসের মধ্যে ৪০টি আছে পূর্তবিভাগ কর্তৃক নির্মিত বাড়িতে এবং অবশিষ্টগুলি আছে ভাড়া বাড়িতে। এ বছরে প্রায় ২০টি সাব-রেজিস্ট্রি অফিস জীর্ণ ও ভাঙ্গা বাড়ি থেকে নূতন বাড়িতে স্থানান্তরিত হয়েছে। এই স্থানান্তরিতকরণ জনসাধারণ এবং রেজিস্ট্রেশন কর্মী উভয়েরই পক্ষে সুবিধাজনক হবে।

সমস্ত সাবরেজিস্ট্রি অফিসের জন্য বিভাগের নিজস্ব বাড়ি এবং সাবরেজিস্ট্রার ও রেজিস্ট্রেশন কর্মীদের জন্য সরকারি বাড়ি তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী চলতি বছরে যথাক্রমে কুচবিহার ও মেদিনীপুর সদর রেজিস্ট্রি অফিসের রেকর্ড রুম তৈরির কাজ শেষ হয়েছে। অনুরূপ আরও কয়েকটি প্রকল্পের কাজ চলছে। পরিকল্পনাটি সম্পূর্ণ হলে এই ক্রমবর্দ্ধমান চলতি ব্যয় এড়ানো যাবে।

প্রাথমিক স্তরে সাবরেজিস্ট্রি অফিস থেকে আরম্ভ করে সর্বোচ্চ স্তরে জেলা অফিসগুলি

পর্যন্ত সুসংগঠিত করে তুলে গণমুখী করে তোলার পরিকল্পনা প্রশাসনের আছে। বর্তমান অফিসগুলি অত্যন্ত ঘিঞ্জি এবং যথোপযুক্ত তত্ত্বাবধানের জন্য এইগুলি আলাদা করার প্রয়োজনীয়তা আছে। প্রয়োজনীয় সংখ্যক আধিকারিকের অভাব এই বিভাগে দীর্ঘদিনের। এই অভাব দূর করার জন্য পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে থেকে কিছু সংখ্যক লোক নিয়োগের প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন।

প্রেস এবং ফর্ম অফিস থেকে প্রয়োজনীয় সংখ্যক রেজিস্ট্রার ও জরুরি ফর্ম না পাওয়ায় বিভিন্ন রেজিস্ট্রি অফিসে পাহাড় প্রমাণ কাজ জমে যায় এবং সাধারণ মানুষকে রেজিস্ট্রিকৃত দলিল ফেরত দিতে অযথা বিলম্ব হতে থাকে। এই অসুবিধা দূর করার জন্য রাজ্যের সমস্ত রেজিস্ট্রি অফিসে প্রয়োজনীয় ফর্ম বেসরকারি প্রেস থেকে ছাপানো হয়েছে। সঙ্গে সঙ্গে বকেয়া কাজ তোলার জন্য রেজিস্ট্রি অফিসের নিয়মিত কর্মী পিসরেটে নিযুক্ত যে সমস্ত কর্মীদের নিয়মিত করা হয়েছে তাদের সহ বেকার ভাতা প্রাপ্ত ৩ হাজার লোককে কাজে লাগানো হয়েছে। এটা এই বিভাগের পক্ষে খুব গর্বের কথা যে প্রায় ২০ লক্ষ বকেয়া দলিলের মধ্যে ৭ লক্ষ দলিল তৈরির কাজ ইতিমধ্যে শেষ হয়েছে।

রেজিস্ট্রিকৃত দলিল দ্রুত ফেরত দেওয়ার জন্য বর্তমান সরকার "ফাইলিং সিস্টেম" নামে একটি নূতন পদ্ধতি পর্যায়ক্রমে প্রচলন করতে যাচ্ছেন। এই পদ্ধতি ইতিমধ্যেই উত্তরপ্রদেশ, মাদ্রাজ এবং কেরলে সাফল্যলাভ করেছে।

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভার কাছে পেশ করছি।

**Mr. Deputy Speaker :** All the cut motions are in order and taken as moved.

**Demand No. 4**

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Demand No. 8**

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী আমাদের সামনে দুটো দাবি পেশ করেছেন। একটা হচ্ছে বিচার বিভাগের জন্য আর একটা হচ্ছে রেজিস্ট্রেশন স্ট্যাম্প বিভাগের জন্য। আমি প্রথমে বিচার বিভাগ সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। তিনি আমাদের কাছে দাবি করেছেন, এই টাকা মঞ্জুর করা হোক, কিন্তু আমি

তাকে একটা কথা বলতে চাই, যেখনে আমরা দেখতে পাচ্ছি মহামান্য হাইকোর্টের আদেশ সরকারি দলের লোকেরা উপেক্ষা করছে, অশ্রদ্ধার সহিত। অমান্য করছে জমি জমা সংক্রান্ত ব্যাপারে যে সমস্ত ইঞ্জাংশন জারি করা হচ্ছে, এমন অভিযোগও আমরা পেয়েছি এই বিধানসভায়, যে কুকুরের লেজে বেঁধে দিয়ে কুকুরকে ঘোরানো হচ্ছে। অতএব এত অবজ্ঞা করা হচ্ছে হাইকোর্টের প্রতি, যা কল্পনা করা যায় না। এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি। আরও দেখতে পাচ্ছি যেখানে বিচারপতির অভাবে লক্ষ লক্ষ মামলা স্থগিত হয়ে রয়েছে, যার ব্যবস্থা বিচার বিভাগ করতে পারছে না এবং এই সংখ্যা আমি পরে বলছি। তিনি নিজেই স্বীকার করেছেন কত লক্ষ মামলা এখন জমে আছে হাইকোর্ট এবং সমগ্র জেলা কোর্টে, তিনি তা স্বীকার করেছেন। এই যে অবস্থা, তারপর যদি তিনি আমাদের কাছে টাকা দাবি করেন, আমি মনে করি বিধানসভায় বসে তিনি উপহাস করছেন। কারণ তিনি যে দাবি করেছেন, আমার মনে হয় তাকে এক পয়সাও দেওয়া উচিত নয়। এই বিভাগের যে অপদার্থতা, অক্ষমতা, তার জন্য তাকে এক পয়সাও দেওয়া উচিত নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি বিচার বিভাগের বিচারপতিগণ ন্যায় বিচারের দাবিতে তারা রাস্তায় এসে দাঁড়াচ্ছেন, এর চেয়ে লজ্জার বিষয় কি হতে পারে? আমরা দেখছি তাদের দাবি ন্যায় সঙ্গত। বেতন, সুযোগ সুবিধা এবং মর্যাদার প্রশ্নে তারা বিধানসভা অভিযান করেছিলেন গত ৬ই মার্চ। তাদের সঙ্গে কারা কারা ছিলেন? জেলা জজ, অতিরিক্ত জেলা জজ, সাবজজ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মুন্সেফ এবং তাদের একই অভিযোগ, তাদের প্রতি কোনও রকম সুবিচার করা হয়নি—তাদের বেতন সম্পর্কে অথবা তাদের সুযোগ সুবিধা সম্পর্কে, তাদের মর্যাদা সম্পর্কে। এমন কি তারা বলছেন যেভাবে অন্যান্য প্রশাসনিক বিভাগে টাকা পয়সা দেওয়া হচ্ছে বিচার বিভাগকে তা দেওয়া হচ্ছে না। এমন কি আজকে যার জন্য ওরা খুব গর্ব অনুভব করছেন, পে-কমিশন বসিয়েছিলেন লক্ষ লক্ষ টাকা খরচ করে, সেখানে দেখা যাচ্ছে মুন্সেফ এবং সাব জজদের প্রতি ন্যায় বিচার করা হয়নি। আমি জানি না ভারতবর্ষের অন্য কোনও জায়গায় জজদের শেষ পর্যন্ত ট্রেড ইউনিয়ন কর্মীদের মতো অথবা সরকারি কর্মচারিদের মতো রাস্তায় নেমে আসতে হবে। মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করার জন্য তারা এসেছিলেন মিছিল করে, তাদের গেটে আটকানো হয়েছিল অবশ্য মন্ত্রী মহাশয় তাদের সঙ্গে দেখা করেছেন, বছরের পর বছর মামলা ঝুলে আছে। এমন কি ২/৪/৫/১০ বছর পর্যন্ত মামলা ঝুলে আছে। এই যদি অবস্থা হয় তাহলে বিচারের কি প্রয়োজন আছে? বিচারই যদি না হল, দিনের পর দিন লোক ঘুরতে থাকল, তবে এই টাকা খরচ করে লাভ কি? বিচার নিষ্পত্তি হবার আগেই যদি লোক মরে গেল, তবে আপনার কাছে আসবার কি দরকার আছে? তার জন্য এত টাকা খরচ করে লাভ কি? কয়েকদিন আগে দেখলাম ফৌজদারি মামলার সংখ্যা হল ৮ লক্ষ ৭ হাজার। মুখ্যসচিবও এই কথা বলেছেন। ৮ লক্ষ কিনা আমি ঠিক জানি না, তার বেশিও হতে পারে। এই ৮ লক্ষ ফৌজদারি মামলার মধ্যে খুন, ডাকাতি, সমাজবিরোধী ইত্যাদি মামলা আছে। এই যদি অবস্থা হয় তাহলে সমাজের অবস্থা কি হবে? তারপর সেখানে আবার মামলা দিনের পর দিন ঝুলে থাকছে। এই অপরাধীরা কবে দন্ড পাবে? এর প্রতিক্রিয়া সমাজের উপর আসছে। সঙ্গে সঙ্গে ঠিকভাবে বিচার না করার ফলে জামিন নিচ্ছে। টাকা খরচ করলেই দিন পড়ে যাচ্ছে। এই ভাবে ৮/৯ লক্ষ মামলা দিনের পর দিন চলছে। আপনি এর কোনও রকম ব্যবস্থা করতে পারছেন না। এইভাবে সমস্ত বিচারের ব্যাপারে যদি দীর্ঘসূত্রতা, অবহেলা থাকে

তাহলে বিচার বিভাগ রেখে আমাদের কি দরকার আছে, সেটা বুঝতে পারছি না। মুখ্যসচিব বলেছেন, আমরা বলছি, আপনি নিজেও স্বীকার করেছেন আমাদের বিচারকের অভাব আছে। কেন বিচারক পাওয়া যায় না? যোগ্য লোকের অভাব আছে, অভিজ্ঞ ব্যক্তির অভাব আছে, অভিজ্ঞ উকিলের অভাব আছে? আপনি তাদের অবহেলার মধ্যে রেখেছেন সেই জন্য কেউ আসতে চায় না। সরকারি অফিসে ৩/৪ হাজার টাকা মাইনে পান, আর বেসরকারি অফিসে ৫/১০ হাজার টাকা মাইনে পান। ব্যাঙ্কের একজন পিওন ১ হাজার টাকা মাইনে পান, সেখানে হাই কোর্টের একজন জজ ৩।। হাজার টাকা মাইনে পাচ্ছেন এর মধ্যে আবার ট্যাক্স ইত্যাদি বাদ দিলে ২ হাজার টাকায় গিয়ে দাঁড়াবে। কাজেই ভাল ছেলে আসবে কেন? আমি এই প্রসঙ্গে বলব আমাদের যিনি অ্যাডভোকেট জেনারেল, তাকে গিয়ে বলুন আপনি অ্যাডভোকেট জেনারেলের পদ ছেড়ে দিয়ে হাইকোর্টের জাজ হোন—নিশ্চয় তার যোগ্যতা আছে, তিনি যোগ্য ব্যক্তি। তার ডেলি আয় ১/১।। হাজার টাকা। আমি ব্যরিস্টারদের কথা ছেড়েই দিলাম, হাইকোর্টের অ্যাডভোকেট যারা আছেন তাদের অনেকের দৈনিক ১/১।। হাজার টাকা আয় হয়। অর্থাৎ মাসে ২০/৩০ হাজার টাকা রোজগার করেন। কাজেই তারা সেই আয় ছেড়ে দিয়ে ২/৩ হাজার টাকার মাইনেতে আসবেন কেন? তেমনি সব জাজ, ডিস্ট্রিক্ট জাজের অবস্থাও হচ্ছে এই। মাইনে কম হওয়ায় সেখানেও ভাল ছেলে আসতে চান না, অভিজ্ঞ ব্যক্তি আসতে চান না, কুশলি আইনজীবীরা আসতে চান না। আপনি নিজেও স্বীকার করেছেন জাজ পাচ্ছেন না, বিচার হচ্ছে না। কেন বিচার হচ্ছে না, জাজ কেন পাচ্ছেন না, সেই ব্যবস্থা আপনাকে করতে হবে। এই দিকে আপনি একটু গুরুত্ব দিন। আপনি গণতন্ত্রের কথা বলেন। গণতন্ত্রের মূল কথাই হল আইনের শাসন। আইনের শাসনই যদি না থাকল, লোকে বিচারই যদি না পেল তাহলে সে দেশে গণতন্ত্র চলবে কি করে? গণতন্ত্রের মেরুদন্ড, হচ্ছে আইনের শাসন। কাজেই সেই আইনের শাসন, বিচার ব্যবস্থাকে সুষ্ঠু করতে হবে। শাসন ব্যবস্থাকে নিরপেক্ষভাবে চালাতে হবে। সেদিক দিয়ে আপনি কোনও ব্যবস্থাই করতে পারছেন না। আমরা দেখতে পাচ্ছি আদালতগুলির অবস্থা কি হয়েছে। রেজিস্ট্রি অফিসের ব্যাপারে আমি পরে আসছি। এক একটি আদালত ঘুসের আড্ডাখানা হয়েছে। সামান্য কিছু জিনিস আনতে গেলে টাকা না দিলে পাওয়া যায় না। ১০ টাকা না দিলে নকল পাওয়া যায় না। সব জায়গায় এই অবস্থা হয়েছে। ঘুস না দিলে কিছু হয় না সর্বত্রই এই অবস্থা হয়েছে। এটাই প্র্যাকটিস হয়ে দাঁড়িয়েছে। আপনি ঘুঘুর বাসা ভাঙ্গতে পারলেন না। এই ভাবে চললে সাধারণ মানুষ কি করে বিচার পাবে? আপনি বলবেন তার জন্য আমি উকিল দিয়ে দিয়েছি। অ্যাসিস্ট করার জন্য লোক দিয়েছি, পি. পি. নিযুক্ত করেছি। কিন্তু আপনাদের দলের লোক না হলে, ক্যাডার না হলে নিযুক্ত হতে পারবে না। আপনি নিশ্চয় জানেন দলের লোক না হলে পি. পি. নিযুক্ত হতে পারছে না। সি. পি. এম.-এর নেতা না হলেও অন্তত দলের সমর্থক হতে হবে, তবেই তিনি পি. পি. নিযুক্ত হতে পারবেন। কাজেই এই অবস্থা হলে বিচার কি করে হবে?

কাজেই আমি বলব, সেখানে নিরপেক্ষ লোক থাকা দরকার। সেখানে যদি আপনি বলেন, আপনার দলের লোক না হলে উকিল করবেন না, পাবলিক প্রসিকিউটার করবেন না তাহলে কিন্তু বলব, তা হলে সেখানে সাধারণ মানুষ সুবিচার পেতে পারবেন না। কাজেই

আমি বলব, যদি সত্যিকারের আপনি চান সাধারণ মানুষকে আইনের সাহায্য দিতে তাহলে সেখানে নিরপেক্ষ লোককে আপনাকে নিয়োগ করতে হবে। সেখানে তাদের আয় সম্বন্ধে তো বলবার কিছুই নেই, সেটা সকলেই জানেন। দিন পড়ে গেল অথচ তাদের ফি ঠিকই আছে—এইভাবে লক্ষ লক্ষ টাকা সেখানে খরচ হচ্ছে। আমি এ বিষয়ে বিস্তারিতভাবে কিছু বলব না, এসব আপনি জানেন। তারপর আমি বলব, আদালতের ঘরবাড়ির জীর্ণ অবস্থা। অনেক জায়গায় স্থান নেই। সেখানে ম্যাজিস্ট্রেটদের, জজেদের বসার জায়গা নেই। আপনি বলেছেন, টাকা বরাদ্দ করছেন কিন্তু টাকা বরাদ্দ করলেও অনেক সময় কাজ হল না। আমি বলব, যদি আদালতগুলিকে নিরপেক্ষভাবে চালাতে চান তাহলে আপনাকে এদিকে বিশেষ ভাবে নজর দিতে হবে। তারপর রেজিস্ট্রি অফিসগুলিতে কি অবস্থা চলছে সে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার, ডিস্ট্রিক্টের রেজিস্ট্রারের বহু পদ বহুদিন ধরে খালি পড়ে আছে। আমি ব্যক্তিগতভাবে আপনার সঙ্গে কথা বলেছি, আপনি এটা স্বীকার করেছেন, সেখানে আপনি বলেছেন এইসব পদে লোকের অভাব রয়েছে। আমি আপনাকে বলছি, একজন রেজিস্ট্রার তিনটি জায়গায় কাজ করেন। কি অসুবিধা, কেন দিতে পারেন না আমি জানি না। যদি বলেন লোক পাওয়া যায় না তাহলে আমি বলব, লোক নিশ্চয় পাওয়া যায়, অনেক ভাল ভাল ছেলে আছে তাদের আপনি নিতে পারেন। লোকে বলে আপনারা দলের লোক পাচ্ছেন না তাই নিতে পারছেন না। আমি হয়ত সেটা মনে করি না কিন্তু লোকে এই কথা বলে সেটা আপনার জানা দরকার। সেখানে রাত্রি ১০/১১টা পর্যন্ত তাদের কাজ করতে হয় কারণ সেখানে কাজের পাহাড় জমে থাকে। বহু দূর দূর থেকে লোক আসে রেজিস্ট্রি কাজ করাতে সেইজন্য রাত্রি ৯/১০টা পর্যন্ত সেখানে আলো জ্বালিয়ে কাজ করতে হয়। স্যার, ৫/১০ মাইল দূর থেকে যারা রেজিস্ট্রি করাতে আসে এর ফলে তাদের অনেক হয়রান হতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এইসব দিকগুলির দিকে আপনি দৃষ্টি দিয়ে যাতে সাব-রেজিস্ট্রি অফিসগুলি ঠিকভাবে চলে তারজন্য অবিলম্বে আপনি ব্যবস্থা অবলম্বন করুন। সেখানে যাতে অবিলম্বে শূন্য পদগুলিতে নিয়োগ করা যায় তারজন্য আপনি ব্যবস্থা গ্রহণ করুন। তারপর সাব রেজিস্ট্রি অফিসগুলিতে ফর্ম পর্যন্ত পাওয়া যায় না। স্যার, আপনি শুনলে অবাক হবেন যে টাকা জমা দেবে লোক সেখানে রিসিট পর্যন্ত পাওয়া যায় না। সেখানে ফর্ম নেই, রেজিস্ট্রি নেই এই হচ্ছে অবস্থা। স্যার, রেজিস্ট্রি অফিসের একজন কর্মচারী আমাকে বলেছেন, আপনারা মশাই আমাদের বলেন আমরা ঘুস নিই কিন্তু আপনি জেনে রাখুন ঘুস না দিলে আমরাও কোন কিছু পাই না। ঘুস না দিলে আমাদের তিন দিন ধরে কলকাতা ঘুরে আসতে হবে কিন্তু কোনও কাগজপত্র পাব না। এই হচ্ছে অবস্থা। তারপর স্যার, কি ভাবে ডিউটি ফাঁকি দিয়ে সরকারের লোকসান ঘটানো হচ্ছে সে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলব। সাব-রেজিস্ট্রি অফিসে টাকা দিলে ১০ হাজার টাকার দলিলটা ৫ হাজার টাকার দলিল করা যায় এবং এই ভাবে ডিউটি ফাঁকি দেওয়া হয়। সরকার বলেন টাকা নেই অথচ আমরা দেখছি এইভাবে ডিউটি ফাঁকি দেওয়া হচ্ছে। কাঁথির একটি ঘটনার কথা আমি এখানে উল্লেখ করতে চাই। সেখানকার একজন ভদ্রলোক, তার নাম হচ্ছে জ্যোতিষচন্দ্র চন্দ, তিনি গত ১৯৭৮ সালের ১৩ই ডিসেম্বর কাঁথির জয়েন্ট রেজিস্ট্রারের অফিসে একটি দলিল রেজিস্ট্রি করান। স্যার, তার ১৪ একর জায়গা আছে। এটা হচ্ছে তার প্রকাশ্য জায়গা, এ ছাড়া

আরও অনেক জমি ও বাড়ি আছে। তার এক একটি বাড়ির দামই হচ্ছে এক লক্ষ টাকা করে। স্যার, তিনি দুখানা পাকা বাড়ি এবং ১৪ একর জায়গা রেজিস্ট্রি করান ১৯৭৮ সালের ১৪ই ডিসেম্বর, রেজিস্ট্রি নাম্বার হচ্ছে ১০৪৯৯ অব ১৯৭৮ সাল। সেই দলিলে তিনি নিরূপণপত্র করেছেন। যার মূল্য হচ্ছে ৩ লক্ষ টাকা তার মূল্য ধরা হয়েছে ১০ হাজার টাকা।

[6-35 — 6-45 p.m.]

এই রকম একটা ঘটনা নয়, বহু ঘটনা আছে। যদি বলেন নামপরিবর্তন—যা ইচ্ছা দামে দিতে পারে—তাহলে একটা আইন করুন যে ৫ টাকা দিলে নামপরিবর্তন হয়ে যাবে। কিন্তু ৩ লক্ষ টাকার সম্পত্তির যদি ১০ হাজার টাকা স্ট্যাম্প ডিউটি না হয় তাহলে আমরা নিশ্চয়ই বলব এবং সেখানে সাব-রেজিস্ট্রার, জয়েন্ট রেজিস্ট্রার-এর সম্মতি না থাকে অর্থাৎ দুজনের যোগসাজস না থাকে তাহলে দলিল রেজিস্ট্রি হতে পারে না। কাজেই এটা তদন্ত করে দেখতে হবে। এই ঘটনা বাংলা দেশের সমগ্র রেজেস্ট্রি অফিসে আছে। এই ভদ্রলোকও স্ট্যাম্প ডিউটি ফাঁকি দিয়েছেন। তিনি আয়কর ফাঁকি দিয়েছেন এবং আরও অন্যান্য সরকারের কর ফাঁকি দিয়েছেন। আমি একটা ঘটনার কথা বললাম যেটা আমি খবর পেয়েছি। কিন্তু এই রকম ধরনের বহু ঘটনা আছে। তারপর আর একটা ঘটনার কথা বলব, সেটা সম্পর্কেও আমি তদন্ত করতে বলব। এখানে গভর্নমেন্টকে ফাঁকি দেওয়া হচ্ছে। আপনি রেজেস্ট্রি অফিসে যাবেন সেখানে স্ট্যাম্প পাবেন না—১২ আনার স্ট্যাম্প মিলবে না, ৩ টাকা চার আনার স্ট্যাম্প মিলবে না, ৫ টাকার স্ট্যাম্প মিলবে না। কাজেই স্ট্যাম্প ভান্ডারে যারা আছে, তারা স্ট্যাম্প যেগুলি রাখে সেটা লুকিয়ে রাখে। আপনি এই ব্যাপারে একটা ব্যবস্থা নিন যাতে স্ট্যাম্পগুলি ঠিকমতো পাওয়া যায়। সেটেলমেন্টের ব্যাপারে যেগুলি টাকা জমা দিয়ে করতে হয় সেগুলি সম্পর্কে আমি কিছু বলতে চাই না। কিন্তু কম দামের স্ট্যাম্পগুলি কেন পাওয়া যাবে না—এটা যাতে পাওয়া যায় সেটা আপনাকে দেখতে হবে এবং তাড়াতাড়িতে যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। সাদা স্ট্যাম্পের ব্যাপারে এখন যে প্রথা আছে সেটাতে হচ্ছে যে সাদা স্ট্যাম্প টাকা দিয়ে দেয়। কিন্তু হয়ত দিল ১০০ টাকা পরে সেটা ২ হাজার করতে পারে। এই রকম অবস্থায় আছে। কাজেই যাতে সাদা স্ট্যাম্পে টিপ দেওয়া বা সই করা বন্ধ হয় তার জন্য আপনাকে অনুরোধ করব এবং এই ব্যাপারে আপনি একটু চিন্তা করে দেখবেন। আজকে বহু মানুষ বিপন্ন হয়ে যাচ্ছে। তারপর দলিল ফেরত নিতে গেলে বা মামলা করতে গেলে সেখানে সাদা স্ট্যাম্পের অভাব হবে, দলিলের অভাবে তারা সেটা করতে পারে না। কাজেই আপনাকে বলব যে দলিলটা যাতে দ্রুত ফেরত হয়, ৫/৬ বছর না লাগে সেটা দেখতে হবে। একস্ট্রা কপির ব্যাপারে গতবার বলেছিলেন যে যখন দলিল রেজেস্ট্রি হবে তখন দুটো কপি করা হবে। একটা কপি রেখে দেবেন, আর একটা কপি দিয়ে দেবেন। কিন্তু সেটা আজ পর্যন্ত কার্যকরী করলেন না। এই সম্পর্কে একটা কথাও বললেন না। একটা কি ব্যবস্থা করতে চাচ্ছেন, যেটা বললেন সেটা ঠিক বোঝা গেল না। আপনি যখন জবাবি ভাষণ দেবেন তখন নিশ্চয়ই বিষয়টি পরিষ্কার করে বলবেন। তবে দলিলটা যাতে তাড়াতাড়ি পাওয়া যায় সেই ব্যবস্থা নিশ্চয়ই করবেন তারপর রেজেস্ট্রি অফিসে যে সমস্ত

অস্থায়ী কর্মচারী আছে, আদালতে আছে, দয়া করে তাদের কথাটাও একটু ভাববেন। আপনারা দরিদ্র লোকের কথা অনেক বলেন। কিন্তু যারা বছরের পর বছর অস্থায়ী ভাবে কাজ করছেন তাদের সম্পর্কে আপনারা কি ভাবছেন? আমি পে-কমিশনের রিপোর্ট পড়েছি। তারাও এটা পছন্দ করেনি। তারা বলেছেন যে যারা অস্থায়ী কর্মচারী তাদের স্থায়ী করে নেওয়া হোক। কিন্তু আমরা দেখেছি যে আজ পর্যন্ত সেটা করা হয়নি। আমার শেষ কথা হচ্ছে যে আদালত হোক, সাব রেজেস্ট্রি অফিস হোক, যারা অস্থায়ী কর্মচারী তাদের স্থায়ী করবেন এবং সমস্ত সরকারি কর্মচারিদের যে মর্যাদা দেওয়া হবে, তারা যে বেতন পান, পেনশন পান, গ্র্যাচুইটি পান, ডিয়ারনেস অ্যালাউয়েন্স পান সেই ভাবে তাদেরও দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে এই কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে দুটি বরাদ্দের দাবি এখানে করা হয়েছে সেটা আমি সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বামফ্রন্ট সরকারের বিচার ও আইন মন্ত্রীর বাজেটকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের দেশে ব্রিটিশ সাম্রাজ্যবাদ প্রথমে বণিক রূপে এসে পরবর্তী অধ্যায়ে শাসক-রূপে প্রতিষ্ঠিত হয়েছিল। গোটা ভারতবর্ষে তাদের শাসনতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য যে, নিয়ম-নীতি এবং আইন-কানুন প্রতিষ্ঠা করেছিল ডিভাইড অ্যান্ড রুল দৃষ্টিভঙ্গি নিয়ে। অর্থাৎ মানুষকে ভাগ কর এবং শাসন কর। এই ব্যবস্থার উদ্দেশ্য ছিল দুটি শ্রেণীকে সুযোগ সুবিধা দেওয়া তারা যে সমস্ত আইন রচনা করেছিল, সেই আইন তারা ভারতের মানুষের স্বার্থে রচনা করেনি, সামান্য কিছু পুঁজিপতির স্বার্থে কিছু সরকারি প্রভুদের জন্য সেগুলি রচনা করেছিল। মিঃ স্পিকার স্যার, সাম্রাজ্যবাদ এই দেশ থেকে চলে যাবার পর কংগ্রেস সরকার মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, সর্বস্তরের মানুষের জন্য বিভিন্ন সুযোগ সুবিধার ব্যবস্থা করবেন। তারা বলেছিলেন, আমরা শাসনতন্ত্রে এসেছি, শাসন পরিচালনার ভার গ্রহণ করেছি, ব্রিটিশ সাম্রাজ্যবাদ দেশ ছেড়ে চলে গেছে, আমরা সর্বস্তরের মানুষকে খাওয়া, পরা, শিক্ষা, চিকিৎসা, আইন, সমস্ত রকম সুযোগ সুবিধা দেবার ব্যবস্থা করব। এই প্রতিশ্রুতি সেদিন কংগ্রেস সরকার ভারতবাসীর কাছে দিয়েছিলেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৩০ বছর ধরে আমরা কি দেখলাম? ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের তথা পশ্চিমবঙ্গের মানুষ, গ্রাম-গঞ্জের, হাট-বাজারের লক্ষ লক্ষ কোটি কোটি সাধারণ মানুষ কংগ্রেস প্রবর্তিত আইন ব্যবস্থায় আইনের সাহায্য কি পেয়েছে? ঐ সমস্ত শতকরা ৯০ ভাগ মানুষের জন্য আইন রচনা করেনি। যে মানুষ গ্রাম থেকে গ্রামান্তরে হা-অন্ন, হা-অন্ন করে ঘুরে বেড়ায়, যে শ্রমিক কাজের জন্য ঘুরে বেড়ায়, যে সাধারণ কর্মচারী কাজ না পেয়ে ঘুরে বেড়ায় তাদের জন্য কোনও আইনের ব্যবস্থা করেননি।

পশ্চিমবঙ্গও আজকে সেই সংকটের বলে কবলিত। বলাইলাল দাস মহাপাত্র আজকে সেদিক থেকে বিষয়টাকে চিন্তা করতে পারেননি। তাই আমি তাকে বলব যে, বিচারকদের উপযুক্ত মাইনে কোথা থেকে আসবে? যেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি ক্ষেতমজুর হা-অন্ন, হা-অন্ন করেও এক মুঠো অন্ন পায় না, কাজের জন্য হন্যে হয়ে, ঘুরে বেড়াচ্ছে, সেখানে

বিচারকরা ২,০০০, ২,৫০০, ৩,০০০ টাকা বেতন পাচ্ছে। এই অবস্থায় কি করে তাদের জন্য আরও বেশি টাকার ব্যবস্থা করা যায়? বর্তমানে যে অর্থনৈতিক সংকট চলছে এই সংকটের মোকাবিলা করার যে পথ সেই পথে না এগোলে একে মোকাবিলা করা যাবে না, মোকাবিলা করা সম্ভব নয়। সুতরাং এই অবস্থায় বিচারকরা যে টাকা পাচ্ছেন তার চেয়ে বেশি টাকার ব্যবস্থা করা সম্ভব নয়। কোটি কোটি মানুষ যেখানে অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে, সেখানে এর চেয়ে বেশি দেওয়া সম্ভব নয়। এগুলি কি মাননীয় সদস্যের জানা নেই?

[6-45 — 6-55 p.m.]

আইনের যারা রক্ষক, যারা বিচারক তাদের কি মর্যাদা ছিল সেটা আপনি জানেন স্যার, ঐ কোর্ট প্রাঙ্গনে কোর্টের বিচারককে কি হুমকি দেওয়া হত সেটা সকলেই জানেন। বিচারকদের বোমা মারা হত, বিচারকদের খুন করা হয়েছে এবং ভয় দেখানো হয়েছে—এইরকম তথ্য ভুরিভুরি আছে। সুতরাং এই অবস্থায় কি প্রমাণ করে? প্রমাণ করে, বিগতদিনে যারা শাসন ব্যবস্থায় ছিল ঐ কংগ্রেসিদের আমলে—সেই সময়ে বিচারকরা সম্মান পাননি, তাদের জীবন সংশয় হয়ে উঠেছিল, বিচারকরা কোর্টে যেতে ভয় পেতেন। ঐ কংগ্রেসি মস্তানরা ঐ কংগ্রেসি গুন্ডাবাহিনী অপকর্ম করে এসে, খুন করে এসে, রাহাজানি করে এসে বিচারকদের শাসানি দিত যাতে সুষ্ঠু বিচার না করতে পারে। সেদিনের কথা গোটা ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার মানুষ ভুলে যায়নি, বলাইলাল দাস মহাপাত্র মহাশয় নিশ্চয়ই সেদিনের কথা ভুলে যাননি। সেই বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিল গদিতে আসার পর যে ৩৬ দফা কর্মসূচি রেখেছিলাম এবং বলেছিলাম যে আমরা চেষ্টা করব, কর্মসূচি রূপায়ণ করার চেষ্টা করব। তার মানে এই নয় আমূল সংস্কার, মূল সমস্যার সমাধান এই রাষ্ট্রীয় কাঠামোর মধ্য থেকে, এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য থেকে, এই সাংবিধানিক গন্ডীর মধ্য দিয়ে একটা রাজ্য সরকারের পক্ষে মানুষের যে সমস্যা সেই সমস্যার সমাধান আমরা করব এটা বামফ্রন্ট সরকার কখনই বলেননি, একথা বলতে পারে না। বামফ্রন্ট সরকার শুধু এই কথা বলেছেন, আমরা মানুষের জন্য কিছু কিছু কল্যাণ-জনক কাজ করব, মানুষকে রিলিফ দেব যার থেকে মানুষের জীবন-যাত্রার মান খানিকটা উন্নতি লাভ করতে পারে, কি চিকিৎসা ক্ষেত্রে, কি শিক্ষার ক্ষেত্রে, কি খাওয়া-পড়ার ক্ষেত্রে, কি চাকুরির ক্ষেত্রে—এইরকম বিভিন্ন ক্ষেত্রে রিলিফ দেওয়া ছাড়া মূল সমস্যার সমাধান করা সম্ভব নয়। এই কাঠামোর মধ্য থেকে এই ব্যবস্থার মধ্য থেকে, এই সংবিধানের চৌহদ্দির মধ্য থেকে এটা যে করা সম্ভব নয় তা আপনারা সবাই জানেন। এবার দেখা যাক বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের জন্য বিচারের ক্ষেত্রে, আইনের ক্ষেত্রে কি করেছেন।

মাননীয় বলাই দাস মহাপাত্র মহাশয় বললেন, জেলা স্তর থেকে সাব-ডিভিসন এবং হাইকোর্টে প্রচুর মামলা জমে পড়ে রয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট প্রতিবেদনে সেই সমস্যার কথা নিবেদিত করেছেন। তিনি বলেছেন হাইকোর্টে ৮টি জজের পোস্ট খালি পড়ে রয়েছে। রাষ্ট্রপতি নিয়োগপত্র দিচ্ছেন না। আমি বলছি বলাইবাবুকে, আপনি কেন বলেননি যে এটা কেন্দ্রের এক্তিয়ার? কেন্দ্রের নির্দেশে রাষ্ট্রপতি ঐ বিচারক পদগুলিতে নিয়োগ করেন। কিন্তু আমি জিজ্ঞাসা করছি, তিনি কি করেছেন? যে ৮টি জজের পোস্ট খালি পড়ে রয়েছে

তারজন্য যে বিচার ব্যবস্থা ব্যহত হচ্ছে, সাধারণ মানুষেরা যে বিচারের অপেক্ষায় ছট-ফট করছেন তার সমাধানের জন্য আজকে বিচারপতিদের কেন নিয়োগ হচ্ছে না। তার মুখে একথা তো শুনলাম না, তারা বিগত আমলে তো অন্তত আড়াই বছর ছিলেন, কিন্তু কিছুই করতে পারেননি। কিছু দোষ, ত্রুটি তাদের ঘাড়ে গিয়ে পড়ে, সেইজন্যই ঐ জিনিসটা পাশ কাটিয়ে গিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বামফ্রন্ট সরকারের আমলের যে সাফল্য আমি আপনাদের সামনে রাখছি, সেটা হল যে বিভিন্ন জেলায় যে সমস্ত কোর্ট বিল্ডিং করা হয়েছ—বিগত দিনে যেগুলি ছিল না যে বিল্ডিংগুলি করার প্রস্তাবনা আছে, ১৯৮১-৮২ সালে যে প্রস্তাবগুলি আছে সেগুলি থেকেই দেখা যাবে যে অসংখ্য কোর্ট বিল্ডিং এবং বিচারপতিদের থাকবার জন্য বাসগৃহ জেলাতে এবং সাবডিভিসনে করার ব্যবস্থা করা হচ্ছে। কোথাও কাজ শেষ হয়েছে, কোথাও কাজ চলছে এবং কোথাও আগাম দিনে করা হবে।

বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের কাছে বিচার পৌঁছে দেবার দৃষ্টিভঙ্গি নিয়ে আইন ও বিচার ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করার চেষ্টা করছেন এবং সেইজন্য কোর্ট বিল্ডিংগুলি জেলা স্তর থেকে সাবডিভিসন স্তরে এবং বিচারপতিদের বাসগৃহ বিল্ডিংগুলি করা হচ্ছে। সাবজাজেস কোর্টও আজকে তৈরি করা হচ্ছে। মুর্শিদাবাদে কাঁন্দিতে এই ব্যবস্থা করার জন্য মাত্র দুমাস আগে মাননীয় আইন মন্ত্রী মহাশয় ওখানে গিয়েছিলেন এবং জঙ্গিপুরে সাধারণ মানুষ যাতে বিচার পায় তার ব্যবস্থা করেছেন। সাবজাজেস কোর্টে সেই নির্দেশ দিয়ে এসেছেন। আজকে অ্যাডিশনাল জাজস কোর্ট জঙ্গিপুর সাবডিভিসনে চলছে। বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি হিসাবে সাধারণ মানুষের স্বার্থ দেখছেন, তদের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আইনের ব্যবস্থা করা হবে, বিচারের ব্যবস্থা করা হবে, সাধারণ মানুষ যাতে ঐ বিচারের সুযোগ গ্রহণ করতে পারে তার জন্য তাকে জেলা স্তর থেকে সাবডিভিসন স্তর পর্যন্ত নিয়ে যাওয়া হচ্ছে। কই ; জনতা বা কংগ্রেস দল থেকে বিগত দিনে এগুলি তো করা হয়নি, করা হলে সাধারণ মানুষের এমন ভাবে পর্যুদস্ত হোত না। মফস্বলের সাধারণ মানুষ, গরিব মানুষ উচ্চ আদালতে বিচার পাবে। ঐ স্তর পর্যায়ে নিয়ে গেলে অনেক সুরাহা হবে। এদিক দিয়ে এই প্রস্তাব গ্রহণ করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। উনি একটু চিন্তা ভাবনা করে দেখবেন। আইনের সম্বন্ধে যে বাধাগুলি আছে, অসুবিধাগুলি আছে সেগুলিকে দেখবার জন্য একটু চিন্তা ভাবনা যেন উনি করেন। এই ব্যবস্থা করা সম্ভব কিনা, করতে পারলে অত্যন্ত ভাল কাজ হবে। বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছেন মানুষের কাছে যে আইনের এবং বিচারের ব্যবস্থা পৌঁছে দেবেন।

তারই পরিপূরক হিসাবে গড়ে উঠবে। এই যে রিজিস্ট্রেশনের প্রশ্ন—আজকে বলা হয়েছে দলিল পাওয়া যায় না। ২০ লক্ষ দলিল পাওয়া যাচ্ছে না। বামফ্রন্ট সরকারের আমলে এক বছরের মধ্যে ৭ লক্ষ দলিল ফিরে পাওয়া গেল, এটা অত্যন্ত গর্বের কথা। সাধারণ মানুষ তাদের দলিল অতি অল্প সময়ের মধ্যে পেতে পারেন তারই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এটা কি গর্বের বিষয় নয়? আজ গোটা ভারতবর্ষে আইন বিভাগের এই চেষ্টা কোনও রাজ্যে কি দেখাতে পারেন? মেডিক্যাল ইউনিট সম্পর্কে বলব আলিপুর আদালতের সামনে আইন বিভাগের চেষ্টায় স্টেট মেডিক্যাল ইউনিট করা হয়েছে। আরেকটা কথা বলতে চাই মুর্শিদাবাদের নবাবদের এস্টেটে যে সমস্ত ওয়াকফ সম্পত্তি আছে তার রক্ষণাবেক্ষণের

ব্যবস্থা করা হয়েছে এবং বাড়তি টাকা থাকলে নবাবদের দেবার ব্যবস্থা করা হয়েছে—এই কথা বলে আইনমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন তাতে সমর্থন করে এবং বিচারের ক্ষেত্রে এবং আইনের ক্ষেত্রে যে ব্যবস্থা করছেন তাতে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বিচারমন্ত্রী স্ট্যাম্প রেজিস্ট্রেশন এবং জুডিসিয়ালের যে টাকা চেয়েছেন সে সম্বন্ধে বলতে গিয়ে বলব যে গত বাজেটে এই বাবদ ১ কোটি ৩৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু দুঃখের বিষয়ে এই টাকা তিনি খরচ করতে পারেননি শুধু ৫ লক্ষ টাকা খরচ করেছেন, বাকি টাকাটা এবারের বাজেটে মার্চ করে গেছে। মন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে রেখেছেন তার মধ্যে ভবিষ্যৎ বাণী খুব বেশি করেছেন। তিনি বলেছেন হাইকোর্টে ৮টা জজের পদ খালি আছে। এবং এটা সেন্ট্রাল গভর্নমেন্ট করে থাকেন যার অ্যাপয়েন্টমেন্ট রাষ্ট্রপতি দেন। কিন্তু তিনি এই কথা পরিষ্কারভাবে বলেনি যে হাইকোর্ট বাদ দিয়ে পশ্চিমবাংলায় আর যে সমস্ত কোর্ট আছে সেখানে কত পদ খালি আছে। একটা কোর্টে কতজন হাকিম রয়েছেন, কতজন হাকিমের প্রয়োজন এবং কত পদ খালি আছে কেন তাদের নিয়োগ করা হচ্ছে না এসব কথা তিনি বললেন না। ১১ লক্ষের মতো কেস এখন হাইকোর্টে, অন্যান্য জেলা কোর্ট, সাব-ডিভিসনাল কোর্টে পেন্ডিং আছে। ৩৬ দফা কর্মসূচির মধ্যে ঘোষণা করা হয়েছিল যে যত পেন্ডিং কেস রয়েছে তার একটা সুরাহা তারা করবেন যাতে গ্রামের মানুষের অর্থনৈতিক হয়রানি না হয়। প্রথমেই দেখলাম কিছু কনভিকটেড আসামী, রেড কেসের আসামী, মার্ডার কেসের আসামী তাদের ছেড়ে দেওয়া হল। কিন্তু কোর্টে যে সমস্ত অরিজিনাল কেস আছে তার ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। বিচারপতিরা আজ বিধানসভায় আসছেন তাদের দাবি নিয়ে। তাদের দাবি তিনটি হচ্ছে সম্মান রক্ষা করা, আত্মরক্ষার ব্যবস্থা করা এবং তাদের জীবিকা নির্বাহের জন্য মাইনের ব্যবস্থা করা। আমি লোয়ার কোর্টে দেখেছি একজন বিচারপতি কি কি কাজ করতে হয়। কিন্তু তারজন্য তাদের কোনও গাড়ি বা বাড়ি নেই যেখানে কোর্ট সেখান থেকে তার ২/৩ মাইল দূরে বাড়ি। তিনি সাধারণ প্যাসেঞ্জারের মতো যাতায়াত করেন। কোর্টে এসে তিনি আবার হেঁটে জেলখানায় গিয়ে টি. আই. প্যারেড করান। পুলিশের কাছে গিয়ে গাড়ি চাইলেও পুলিশ দেয় না সেজন্য বলছি সাবডিভিসনাল বিচারপতিদের টি. আই. প্যারেড করবার জন্য এবং কোর্টে যাবার জন্য ব্যবস্থা করা হোক যা আজ পর্যন্ত হয়নি। অনেক ম্যাজিস্ট্রেট আছেন তার ভয়ে ঠিকমতো জাজমেন্ট দিতে পারেন না। কারণ এই সরকার আসবার পর বিচার বিভাগের ওপর হস্তক্ষেপ হতে আরম্ভ হয়েছে। এরা নিজেদের ইচ্ছামতো যেসব বিচারপতিরা কাজ করেন না তাদের নানা অজুহাত দেখিয়ে তাদের উপর আপনারা অত্যাচার করছেন। যার ফলে আমরা দেখছি যে বিচার ব্যবস্থা সেইমতো হচ্ছে না। বিচার বিভাগের ওপর বর্তমান সরকার কি রকম দৃষ্টি দিচ্ছেন সেটা আমি বলব। তারা প্রথমত ভাগচাষ বোর্ড রেস্টরেশনে যারা আইনের প্র্যাকটিস করেন তারা সেখানে যেতে পারবেন না। যারা আইন ব্যবসা করেন তারা ভাগচাষ কোর্টে গেলে নাকি গরিব মানুষদের হয়রানি হয়। সেজন্য যারা আইন ব্যবসা করেন তাদের বাদ দিয়ে তারা টাউটের ব্যবস্থা করেছেন। নিজের পার্টির লোকেরাই এই কাজ করেছেন। কিছু দিন আগে হাইকোর্টে এটা নিয়ে মামলা হয় এবং হাইকোর্ট তখন এটাকে অবৈধ বলে ঘোষণা করেছেন। কারণ প্রত্যেক মানুষের আইনের আশ্রয় নেবার অধিকার রয়েছে এবং তারা তাদের

মনোমতো যেকোনও আইনবিদকে আদালতে নিয়ে যেতে পারে। এই ভাবেই এই সরকারের ডিসিসনকে অবৈধ বলে ঘোষিত হল। অর্থাৎ আপনারা ভাগচাষ কোর্ট করুন, রেস্টরেশন করুন, সেখানে উকিলকে দিয়ে কেস করানো চলবে না। কিন্তু সরকার সেই অর্ডার এখানে দিচ্ছেন না। তারপর যে সমস্ত মামলা কোর্টে পেন্ডিং আছে সেগুলিই তাড়াতাড়ি শেষ করার কোনও চেষ্টা আপনারা করছেন না। আপনি এখানে বললেন নতুন নতুন ঘর করেছি বিচারকদের জন্য বাড়ি করেছি তিনি রায়গঞ্জে গিয়েছিলেন এবং সেখানে নতুন কোর্ট করার জন্য ১ লক্ষ টাকা স্যাংশন করে এসেছিলেন কিন্তু কোনও কাজ আজ পর্যন্ত হয়নি। তিনি আমাকে বললেন আপনি এই বিষয়টা পি. ডব্লিউ. ডি.-কে ধরে করে নিন। মন্ত্রী মহাশয়ের নির্দেশে টাকা স্যাংশন করা হল অথচ কাজ হবে না এটা কি কথা? স্যাংশন করা টাকায় ইউটিলাইজেশন হচ্ছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। আমাদের ডিস্ট্রিক্টের ব্যাপারে বলছি যে পশ্চিম দিনাজপুর জেলা ভৌগলিক ব্যাপারে খানিকটা বিচিত্র জেলা। কোথায় ইসলামপুর, কোথায় রায়গঞ্জ। সেইজন্য বলছি রায়গঞ্জে একটা সাব-জাজ কোর্ট করা যায় কিনা সেটা আপনি ভেবে দেখুন এতে ইসলামপুরের লোকের কিছু আপত্তি হবে না। রায়গঞ্জে হলে আমাদের আপত্তি নেই। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের বলেছেন, আমরা চেষ্টা করছি। কিন্তু আজ পর্যন্ত কোনও সুরাহা হল না বা আমরা কোনও পারফেক্ট অ্যানসারও পেলাম না। একটা অ্যাডিশনাল কোর্ট হওয়ায় ইসলামপুরের মানুষের বা রায়গঞ্জবাসীর কি সুবিধা হবে? কারণ ভৌগলিক দিক থেকে আমাদের ভেবে দেখতে হবে। আপনি নিজেও জানেন, বালুরঘাট থেকে ইসলামপুর যেতে একদিন সময় লাগে—সারাদিন ধরে গাড়িতে বসে থাকতে হয়। সেখানে এইভাবে কষ্ট করে গিয়ে কি কোনও মানুষের পক্ষে কেস করা সম্ভব? হাইকোর্টের বকেয়া মামলাগুলির নিষ্পত্তি সম্বন্ধে তিনি বলেছেন, বিচারপতির অভাব। বিচারপতি এখনই নিয়োগ করা সম্ভব হচ্ছে না। ফলে আজকে দেখছি ৮০ হাজার মামলা হাইকোর্টে বকেয়া রয়েছে। সেগুলির ম্যাক্সিমাম দেখা যাবে সরকার পক্ষ বিবাদী। অন্তত ৫০ হাজার কেসে সরকার পক্ষ হচ্ছেন বিবাদী। কিছুদিন আগে আমাদের পরিষদীয় নেতা শ্রদ্ধেয় ভোলা সেন বলছিলেন যে, সর্বত্র কনটেম্পট অব কোর্ট ঘটছে। সরকার এবং তার পুলিশ বাহিনী কোর্টের কোনও নির্দেশই মানছে না। হাইকোর্টের রায় না মানার জন্য প্রভূত হতাশা দেখা দিচ্ছে—সর্বত্র কনটেম্পট অব কোর্ট ঘটছে—এ রকম ঘটনা হাজার হাজার ঘটে চলেছে। আমরা বিচারমন্ত্রীকে বলেছিলাম, অন্তত সরকার পক্ষের মামলাগুলির ক্ষেত্রে যেখানে এই রকম ঘটনা ঘটছে, সেখানে তদন্ত করুন। কিন্তু আজও তা হচ্ছে না। যে সমস্ত কেস কোর্টে পেশ করা হয়, সেগুলির এনকোয়ারির ভার থাকে পুলিশের উপর। সাব-ডিভিসনাল কোর্টগুলিতে এ রকম নিয়ম আছে। অথচ পুলিশকে সেগুলিকে এনকোয়ারি করে রিপোর্ট দেওয়ার কথা। সেখানে নিযুক্ত বিচারকেরা এই অভিযোগ করেছিলেন, কিন্তু এ অভিযোগ সত্ত্বেও, বিষয়টি সত্য কি মিথ্যা দেখা হয় না। একটা আবেদন করার পরে দেখা যাচ্ছে ৬ মাস ১ বছর পরেও পুলিশ কোনও রিপোর্ট সাবমিট করে না। এখানে সরকার পক্ষের যারা সরকারকে সমর্থন করে থাকেন, তাদের বিরুদ্ধে যদি কোনও মোকর্দমা দায়ের করা হয়, তাহলে দেখা যাবে, পুলিশ সেক্ষেত্রে কোনও রিপোর্ট দেয় না। এ ব্যাপারে সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেটরা একটা প্রেয়ার করেছিলেন। তারা সেখানে উল্লেখ করেছিলেন যে, পুলিশ কেসের কোনও এনকোয়ারি করছে না, কিন্তু ফল তাতে কিছু হয়নি। ফলে মামলাগুলি ৬ মাস এক বছর একই অবস্থায় থেকে

যাচ্ছে। তার কোনও রিপোর্ট হয় না পুলিশের পক্ষ থেকে। এ ব্যাপারে আই. জি. ডিপার্টমেন্টের যে পুলিশ আছে, তারা যে যথাযথ দায়িত্ব পালনের চেষ্টা করে বা কোর্টের অর্ডার কমপ্লাই করে। স্যার, একটা দুঃখের কথা বলতে হচ্ছে যে, পুলিশ কোর্টের অর্ডার কমপ্লাই করে না কিংবা সরকারি প্রশাসনে যারা আছেন, তারাও কমপ্লাই করতে চান না। এমন কি জমি সংক্রান্ত কোনও মোকর্দ্দমায় দেখা যায় জে. এল. আর. ও. লোয়ার কোর্টে—এস. ডি. এম. কোর্টের কাছে কোনও রিপোর্ট পাঠায় না। বিচারপতিরা কোনও রিপোর্ট চাইলে জে. এল. আর. ও.-রা বলেন, তাদের কোনও সময় নেই। তারা অজুহাত দেখান, বর্গা অপারেশন কাজে ব্যস্ত আছেন বলে। উক্ত কাজে ব্যস্ত থাকার অজুহাতে তারা কোর্টের অর্ডার কমপ্লাই করতে পারেন না। ফলে, এস. ডি. ও. ডি. এম. কোর্টে প্রেয়ার কার সত্ত্বেও দেখা যাচ্ছে আজ পর্যন্ত সেগুলির বিচার হতে পারছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বিচারকেরা যে দাবি নিয়ে বিধানসভা অভিযান করেছিলেন, তাদের দাবির পেছনে যুক্তি আছে কিনা সেগুলি তিনি যেন একটু বিবেচনা করে দেখার চেষ্টা করেন। পরিশেষে মন্ত্রী মহাশয় আমাদের কাছে ব্যয় বরাদ্দের যে দাবি পেশ করেছেন, সেই টাকা খরচ করতে পারবেন কিনা বা তার কোনও সঙ্গত কারণ আছে কিনা সে সম্বন্ধে তিনি যেন একটু চিন্তা করে দেখেন। কারণ শুধুমাত্র টাকার অঙ্ক বাড়ালে হয় না—তাকে যথাযথ ভাবে খরচ করতে হয় এবং হিসাব দাখিলেরও প্রয়োজন আছে। তা না হলে শুধুমাত্র দেশের সম্পদ নষ্ট করার পেছনে কোনও যুক্তি আছে কি? কোনও যুক্তি আছে বলে আমি অন্তত মনে করি না। সেজন্য, মাননীয় আইনমন্ত্রী এখানে যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের বন্ধুরা যে বক্তব্য এখানে রেখেছেন তার মধ্যে বহু অসত্য কথা বলেছেন। তবে মাননীয় বলাইদাস মহাপাত্র মহাশয় সংবিধান জানেন, তিনি অ্যাপয়েন্টমেন্ট অব জাজেস্ বা হাইকোর্টের জাজের নিয়োগের ব্যাপারে সব কিছু তিনি জানেন। হাইকোর্টের প্রভিসনগুলির কথাও তিনি জানেন। সেজন্য বলছি, হাইকোর্টের মামলা দেখার ব্যাপারে রাজ্য সরকারের বিচার বিভাগের কোনও দায়িত্ব আছে কি? এই দায়িত্বটা কোথায়। গভর্নমেন্টের একটা ডিপার্টমেন্ট হল জুডিসিয়াল ডিপার্টমেন্ট, তার রেসপন্সিবিলিটি এটা করবে। ইন দা জাজেস একটা মুন্সেফ ট্রান্সফার করে কে? হাইকোর্ট জাজ। এই সব কথা জেনেও, অসত্য ভাষণ হাউসের মধ্যে দেন তাহলে মুশকিল। একটা মুন্সেফকে ট্রান্সফার করার ক্ষমতা বিচার বিভাগের মন্ত্রীর নেই, এমন কি প্রাইম মিনিস্টারেরও নেই। এই বিচার বিভাগে তিনটি বডি আছে স্টেটে। সেইগুলি হল লেজিসলেটিভ, একজিকিউটিভ অ্যান্ড জুডিসিয়ারি। দিজ আর থ্রি অরগন। এর মধ্যে কি করতে পারেন হালিম সাহেব। তিনি তাদের মাইনের টাকা দিতে পারেন, অ্যালাউন্স দিতে পারেন এবং অন্য কিছু দিতে পারেন কিন্তু বিচার বিভাগের মধ্যে হালিম সাহেবের কোনও কতৃত্ব নেই। কারণ Judiciary under the constitution is a complete seperate organ। সেন সাহেব এটা ভাল করেই জানে এবং তিনি এইগুলো কি করে বলেন যে লক্ষ লক্ষ মামলা জমে আছে। হালিম সাহেব বা বামফ্রন্টের লোকেরা কি বসে মামলার বিচার হবে? দীর্ঘ দিন ধরে আপনারা এটা করে রেখেছেন এবং এটার জন্য একটা জুডিসিয়াল প্রসিডিয়োর আছে। সিভিল প্রসিডিয়োর কোড

আছে, ক্রিমিনাল প্রসিডিয়োর কোড আছে। সেই কোডগুলি তৈরি করেছে কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকারের আগে থেকে ১৮৬১ অ্যান্ড অনওয়াউ এই সব তৈরি হয়েছে। That code is still in existence where the cases are to be disposed of। সেন সাহেবের এটা জানা আছে, তিনি এটা ভাল করেই জানেন। সুতরাং কেস ডিসপোস অফ করার ব্যাপারে নাম্বার অফ কোর্ট এবং নাম্বার অফ জাজেস কে করবে? They shall be appointed under the constitution of India. এখানে হাইকোর্ট জাজেস কি ভাবে রেকমেন্ডেশন পান? স্টেট গভর্নমেন্টের গভর্নর ওদের সঙ্গে কনসাল্ট করেন, স্টেট জুডিসিয়ারির সঙ্গে কনসাল্ট করে প্রেসিডেন্ট অফ ইন্ডিয়া অ্যাপয়েন্টমেন্ট দেন। দিস ইজ দা প্রোসিডিয়োর। দেয়ার ইজ এ ইংলিশ কমিটি তারা ইন্টারভিউ করে সিলেকশন করে স্টেটে পাঠান, এবং স্টেটে এইগুলি হয়। এখন একটা ট্রান্সফার করতে গেলে, সুপারভিসন করতে গেলে, এমন কি কোর্ট কেমন ভাবে চলবে তার সুপারভিসন পর্যন্ত চিপ জাস্টিস অফ হাইকোর্টের। তিনি এইগুলি জেলায় জেলায় ঘুরে করেন। সুতারং এইগুলি বুঝতে হবে। নূতন মামলা জমে যাচ্ছে, কতকগুলি ঘটনার জন্য মামলা বেড়ে যাচ্ছে। ল্যান্ড নিয়ে যে মামলা তাতে দেখা যাচ্ছে যে, পারমানেন্ট যে সেলেটলমেন্ট হল তার ডাটা খুলে দেখুন, স্ট্যাস্টিক খুলে দেখুন, দেখা যাবে ১৮৮১ অ্যান্ড অনওয়াউ থেকে সমস্ত ক্রিমিনাল প্রোসিডিওর কোডগুলিতে রিপোর্টেড কেস রয়েছে। ল্যান্ড নিয়ে মারামারি হয়নি? ল্যান্ড নিয়ে খুনখুনি হয়নি? ল্যান্ড নিয়ে বরাবরই একটা ভয় ছিল। আদালতে মামলা যত দিন আছে, কাজিয়া তত দিন থাকবে। এর জন্য কত পরিবার কত বড় বড় বংশ লোপাট হয়ে গেছে।

[7-15 — 7-25 p.m.]

সেন সাহেব হয়ত বললে এখনই চটে যাবেন, বামফ্রন্ট এবং যুক্তফ্রন্ট প্রথম চেষ্টা করেছে, আজকে ৫০ হাজার জুরিসডিকশন থেকে ১ লক্ষ জুরিসডিকশনে আনবার প্রভিসন হয়েছে। সিটি সিভিল-এর অরিজিনাল সাইডে জুরিসডিকশন আজকে কার্টেলমেন্ট হয়েছে। ব্যারিস্টার, সলিসিটাররা আজকে কোথায়? অরিজিনাল সাইড যেটা আদিম, ইংরাজদের পুরাতন আমলের ১৭৭৩ সালের সুপ্রিম কোর্ট অব জুডিকেচার রেগুলেটিং অ্যাক্ট থেকে শুরু হয়েছিল। কাজেই সেন সাহেব জানেন, অনেকেই জানেন কি করে অরিজিনাল সাইডের অরিজিন হয়েছিল। আজকে সেই অরিজিনাল সাইড কন্টিনিউ করছে। ১৯৬৯ সালে ইউনাইটেড ফ্রন্টের আমলে প্রথম ভক্তিভূষণ মন্ডল সিটি সিভিল কোর্টে ৫০ হাজার করেন। তারপর মাননীয় মন্ত্রী হালিম সাহেব আজকে ১ লক্ষ করেছেন। পুরোটাই নেওয়া উচিত ছিল আমার মতে, কিন্তু পুরোটা যে কোনও কারণেই হোক নেওয়া যায়নি। কেন নেওয়া যায়নি সেটা স্বাভাবিকভাবে আমরা জানি। এখনও সেখানে ভেস্টেড রয়েছে। আজকে সিটি সিভিল কোর্টের এক্তিয়ার থেকে সেখানে কোম্পানি কোর্টে পাওয়ার দিয়ে রাখার কোনও দরকার নেই। জেলায় জেলায় ডিস্ট্রিক্ট কোর্ট আছে, সে কথা তো বলছেন না? **(ভোলা সেন ঃ সেটা কোম্পানি অ্যাক্টে আছে।)** কোম্পানি অ্যাক্ট ক্যান বি চেঞ্জড। হোয়াই কোম্পানি অ্যাক্ট ইজ নট চেঞ্জড? দ্যাট ইজ সেন্ট্রাল অ্যাক্ট, দ্যাট ইজ আন্ডার দি গাইডেন্স অব ইন্দিরা গান্ধী—ইন্দিরা কংগ্রেস? কারণ, আপনারা চান ভেস্টেড ইন্টারেস্টকে হাইকোর্টে কনফাইন্ড করে রাখতে। আজকে দুর্গাপুরের কোনও কোম্পানির মামলা, আসানসোলের কোনও কোম্পানির মামলা বর্ধমান

কোর্টে তার বিচার হবে না। আজকে নর্থ বেঙ্গলে যদি কোনও কোম্পানি থাকে, কোনও টি গার্ডেন্সের মামলা যদি থাকে তাহলে সেই মামলার বিচার সেখানে হবে না। ডিসেন্ট্রালাইজেশন আপনারা চান না। কংগ্রেস (আই) চান না যে ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ার হোক। জুডিসিয়ারি থেকে আরম্ভ করে সব সেন্ট্রালাইজড অ্যাডমিনিস্ট্রেশন, সমস্ত সেন্ট্রালাইজড। এটার জন্য সব জায়গা কনফাইন্ড। সুতরাং মন্ত্রী মহাশয়ের অপদার্থতা অক্ষমতার কোনও কথা নয়। আজকে হাইকোর্টের জাজদের স্যালারি সম্বন্ধে বলেছেন। একদিকে বলছেন এত টাকা খরচ আমরা দেব না, আবার বলছেন মাইনে বাড়াও। এমন হট অ্যান্ড কোল্ড অ্যাট দি সেম টাইম ব্লো করছেন কেন? যদি মাইনে বাড়াতে বলেন তাহলে বলুন টাকা বেশি করে দেব, জাজদের মাইনে বাড়ান, প্রচুর পরিমাণে বিচারক নিয়োগ করুন। নবকুমারবাবু বললেন যে গাড়ি নেই, ম্যাজিস্ট্রেটদের বসার জায়গা নেই। আজকে এই কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন কেন? ৩০ বছর ধরে এস. ডি. জে. এম.-দের জন্য অশ্রু কোথায় ছিল? তাদের গাড়ি নেই, বসবার জায়গা নেই এই ৩।। বছরে কি সব সমস্যার সমধান হয়ে যাবে? তাদের ঘর নেই, গাড়ি নেই,সব কি হালিম সাহেবকে তৈরি করে দিতে হবে? এগুলি ৩০ বছরে যখন সাত্তার সাহেব ছিলেন তখন হয়নি কেন? আজকে সেন সাহেব, অনেকে আছেন, তাদের কাছে একথা বলতে চাই বারে কোনওদিন টাকা দেওয়া হত না, ৩০ বছরের ইতিহাসে বার অ্যাশোসিয়েশন, বার লাইব্রেরি কোনও টাকা পায়নি। এই সরকারের আমলে প্রথম এরা টাকা পেয়েছে, ডিফারেন্ট ডিস্ট্রিক্ট বার অ্যাশোসিয়েশন তারা লাইব্রেরি গ্রান্টের টাকা পেয়েছে বই পার্চেজ করেছেন। আজকে কনস্ট্রাকশনের যে লিস্ট এখানে আছে তাতে দেখতে পাবেন ওরা ৩০ বছরে যে সব বাড়ি তৈরি করেননি আমরা ৩ বছরে কনস্ট্রাকশন কমপ্লিট করেছি। আমাদের আমলে ৫ টা কনস্ট্রাকশন কমপ্লিট এবং কতকগুলির কাজ চলছে। এখানে যে প্রোজেক্ট দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ৯টি প্রোজেক্ট রান করছে এবং ১৯৮০-৮১ সালে আরও স্কীম যেগুলি অ্যাপ্রুভ করা হয়েছে তার মধে। আমরা দেখছি ১৫টি স্কীম আছে।

যে সমস্ত স্কীম ১৯৮১ সালে হবে সেটাও এখানে দেওয়া আছে এবং বিভিন্ন জায়গায় আপগ্রেডেশন অব জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেশন সেই ব্যবস্থাও করা হয়েছে। বিচার বিভাগে এই সমস্ত জিনিস নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে করা হয়েছে। আমরা দেখেছি এই বিচার বিভাগকে আগে কেউ দেখেনি। সবচেয়ে বড় কথা হচ্ছে লিগ্যাল এইডকে গণমুখী করা হয়েছে এবং নূতন করে টাকা বরাদ্দ করা হয়েছে। সাবডিভিসন ব্লক লেভেলে এবং স্টেট লেভেলে এই ব্যবস্থা করা হয়েছে। আজকে আমরা দেখছি অবহেলিত মানুষদের রাষ্ট্র সাহায্য দিচ্ছে। বর্গাদারদের ক্ষেত্রে যে মামলা হচ্ছে তাতে তাদের রক্ষা করবার জন্য এবং সমাজের যারা উইকার সেকশন, যারা হরিজন তাদের সাহায্য করবার জন্য আজকে রাষ্ট্র এগিয়ে এসেছে। ওরা ডিড-এর সার্টিফাইড কপি পাবার ব্যাপারে বক্তব্য রেখেছেন। এই ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় জজ সাহেব জানেন যে কোর্টে ঘুস নেয়। যিনি বিচারক, দন্ড নিয়ে বসে আছেন তার সামনে যদি টাকার লেনদেন হয় তাহলে কি উপায় হবে? এখানে বলা হয়েছে, অনারেবল জাস্টিস সব্যসাচী মুখার্জির কোর্টে কনটেম্পট অব কোর্টের অর্ডার হয়েছিল। তা যদি আইন ভঙ্গ কেউ করে তাহলে তাকে শাস্তি তো পেতেই হবে। গভর্নমেন্ট নীতি হিসেবে কখনও একথা বলেনি যে আইন ভেঙ্গে দাও। তবে এটা দেখেছি বাড়ি ডিমোলিস করার অর্ডার হয়েছে এবং সেই

ডিমোলিশন অর্ডারের এগেনস্ট-এ কোর্ট ইঞ্জাংসন দিয়েছে এবং তার ফলে বাড়ি ডিমোলিস হয়নি। কাজেই বিরোধীপক্ষ কনটেম্পট অব কোর্টের কথা যা বলছেন সেগুলি ঠিক কথা নয়। আমরা জানি এই সরকার বিচার বিভাগের উপর যথেষ্ট আস্থা রেখেছে এবং তার ফলে দেখছি হাজার হাজার উকিল, পি. পি. এ. পি., জে. পি. গভর্নমেন্টের মামলায় অ্যাপিয়ার হয়ে ডিফেন্ড করছে, স্টেট কেস করছে। বামফ্রন্ট সরকার কখনও কোর্টকে ভয় পায় না। মুন্সেফ, হাইকোর্ট জজ প্রভৃতিদের অ্যাপয়েন্টমেন্ট প্রমোশন হালিম সাহেব দেন না। কাজেই মন্ত্রী মহাশয় যেটা এনেছেন তাকে আমি সমর্থন করছি এবং এই কথাগুলো বলে আমার বক্তব্য শেষ করছি।

[7-25 — 7-35 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী বিচার বিভাগ সংক্রান্ত যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের অভিজ্ঞতার মাধ্যমে দেখেছি যে আমাদের দেশে বর্তমানে যে বিচার ব্যবস্থা প্রচলিত আছে তার মধ্যে কিছু ত্রুটি কিছু গলদ আছে এটা আমরা অস্বীকার করি না। কিন্তু এই ত্রুটি আজকের নয়। এই ত্রুটিপূর্ণ অবস্থা দীর্ঘ দিন ধরে চলে আসছে বিচার ব্যবস্থার শুরু থেকে। যার ফলে আজকে আমরা দেখছি বিভিন্ন আদালতে হাজার হাজার মামলা জমে যাচ্ছে। বিচারের দিন গুনতে হত দরিদ্র মানুষ সাধারণ মানুষ অযথা হয়রানি ভোগ করছে। বিভিন্ন মামলায় জুড়ে গিয়ে সর্বশান্ত হচ্ছে। এই অবস্থার চাপে পড়ে সাধারণ মানুষের মনে বিচার ব্যবস্থা সম্পর্কে একটা অনাস্থার ভাব দিন দিন দেখা দিচ্ছে। আজকে আমাদের এই পশ্চিমবাংলার মধ্যে আমাদের আইন মন্ত্রী এই ত্রুটি দূর করার জন্য কিছু উদ্যোগ নিয়েছেন এবং গত তিন বছর ধরে আমরা লক্ষ্য করছি আমাদের বিচার মন্ত্রী এই বিচার ব্যবস্থাকে সরলীকরণ করার জন্য বিচার ব্যবস্থার উপর সাধারণ মানুষের আস্থা ফিরিয়ে আনার জন্য ও বিচার যাতে সহজ লভ্য হয় তার সুযোগ যাতে সাধারণ মানুষ পেতে পারে তার জন্য কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। আমরা দেখেছি ইতিমধ্যে বেশ কিছু নূতন নূতন আদালত স্থাপন করা হয়েছে, নূতন নূতন বিচারক নিয়োগ করা হচ্ছে এবং বিচারের জন্য বাড়ি তৈরি করা হচ্ছে আর অন্যান্য অসুবিধাগুলি খতিয়ে দেখা হচ্ছে। তার যথাসাধ্য সমাধান করার চেষ্টা করা হচ্ছে। তা সত্ত্বেও আইনের ফাঁক দিয়ে অনেক কিছু ঘটে যাচ্ছে যেগুলি আজকে নিয়ন্ত্রণ করা দরকার। মাননীয় আইন মন্ত্রীকে সেই দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি সাধারণ মানুষের এই বিচার ব্যবস্থার যে সমস্যা তা সমাধান করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমি যেগুলি লক্ষ্য করেছি এই বিধানসভায় আরবান সিলিং অ্যাক্ট পাস হয়েছিল এবং সেটা চালু হওয়া সত্ত্বেও পৌর এলাকায় এবং তৎসংলগ্ন এলাকায় ৭ কাঠার উপর ভেকেট জমি পড়ে আছে সেগুলি এখনও পর্যন্ত বেআইনিভাবে রেজেস্ট্রি অফিসে রেজেস্ট্রি হয়ে চলেছে। এ ক্ষেত্রে আমাদের তৎপর হওয়া দরকার। ল্যান্ড সিলিং অথরিটির কাছ থেকে নো অবজেকশন সার্টিফিকেট না পাওয়া গেলে যেন এই সমস্ত রেজিস্ট্রেশন বন্ধ রাখা হয়। আমার আর একটি প্রস্তাব হোল পৌর এলাকায় অনেক চাষ যোগ্য জমি আছে এবং সেগুলি বিভিন্ন ধান্দাবাজ লোক সেগুলি হস্তান্তর করে দিচ্ছে। সেক্ষেত্রে উপযুক্ত তদন্ত করে তার উপর হস্তক্ষেপ করা হোক এবং জমির ব্যাপারে যে সব মামলা আছে তা নিষ্পত্তি করার জন্য একটা নির্দিষ্ট সময় সীমা

বেঁধে সেগুলি নিষ্পত্তি করে গরিব মানুষকে যাতে হয়রানির হাত থেকে বাঁচাতে পারে তার নিশ্চয় আপনি উদ্যোগ গ্রহণ করুন। আমি জানি ইতিমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আদালতে বিচার বিভাগের যে সমস্ত কর্মচারী আছে সরকারি কর্মচারিদের ব্যাপারে যে সমস্ত সুযোগ সুবিধা গ্রহণ করা হচ্ছে তারাও যাতে সেটা পায় সেদিকে আপনি একটু লক্ষ্য করবেন। আর একটি অনুরোধ রাখব যে অভিযুক্ত যারা, যারা আসামী তারা নিশ্চয় সকলেই অপরাধী নয়, তারা বিচারের প্রতিক্ষায় কোর্টে আমরা যখন তাদের দেখি, ঘন্টার পর ঘন্টা তারা বারান্দায় দাঁড়িয়ে থাকে। তাদের প্রতি বিচারের নামে ঘোরতর অবিচার করা হয়। আমি বলব তাদের জন্য বিচারালয়ের মধ্যে একটা বিশ্রাম কক্ষ যাতে রাখা হয় তার জন্য আমি বিচার মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল কোয়ায়ুম মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের আইনমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। প্রথমে আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি লিগ্যাল এইড কমিটি ব্লক থেকে উচ্চ স্তর পর্যন্ত করেছেন। কেন না এখন বিভিন্ন ভাগ চাষী বা গরিব চাষীদের বিরুদ্ধে হাজার হাজার মোকর্দ্দমা বিভিন্ন কোর্টে আছে। তাদের যথাযথ ব্যবস্থা করার জন্য, তারা যাতে যথাযথভাবে উকিলের আশ্রয় পেতে পারে তার ব্যবস্থা তিনি করেছেন সেজন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে একটি কথা জানাচ্ছি বিশেষ করে হাইকোর্টের ক্ষেত্রে—বহু বর্গাদারের মোকর্দমা হাইকোর্টে হচ্ছে সেইসব গরিব ভাগচাষী, বর্গাদাররা তারা হাইকোর্টে এসে নানাভাবে অসুবিধায় পড়ছে, কে তার লইয়ার তারা তা বুঝতে পারে না। লিগ্যাল এড কার কাছ থেকে পাবে তা তারা ঠিক করতে পারে না, তার জন্য যদি একটা ব্যবস্থা করা যায়, অন্তত জেলা স্তরে যাতে তারা হাইকোর্টে একটা বিশেষ সুবিধা পায় তার জন্য ব্যবস্থা করার অনুরোধ জানাচ্ছি। বিভিন্ন কোর্টে মোকর্দ্দমা জমে আছে এটা সত্য কথা, কিন্তু মোকর্দ্দমা জমে থাকার জন্য যে সমস্ত জজ বা মুনসেফ নিযুক্ত করার দরকার সেইগুলো সবগুলোই—মূলত বেশির ভাগ এক্তিয়ার হল হাইকোর্টের। জুডিসিয়াল ডিপার্টমেন্টের খুব বেশি এক্তিয়ার আছে বলে আমি জানি না। দেখা যাচ্ছে হাইকোর্ট যে সমস্ত জজ বা মুন্সিফ নিয়োগ করেন, তার নিয়ম হচ্ছে ফিফটি পারসেন্ট ফ্রম দি কোর্ট আর ফিফটি পারসেন্ট ফ্রম দি একজেমশন নিতে হবে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে কোর্ট থেকে নেওয়া হচ্ছে। অনেক দুর্নীতির কথা অমরা শুনতে পাই, অনেক মুখ চাওয়া-চাওয়ি সেখানে আছে, বিভিন্ন জজের, বিভিন্ন যারা উচ্চ স্তরের লইয়ার বা যারা অ্যাডভোকেট, তাদের ছেলেপুলেদের দিকে লক্ষ্য রেখে এইসব হয়, সেইজন্য আমার মনে হয় সেদিকেও যদি ওটা একজামিশনের মাধ্যমে নেওয়া হয় তাহলে অনেক ভাল ভাল ছেলে বা অনেক ভাল ভাল লইয়ার এই একজামিশনের মাধ্যমে বিভিন্ন জায়গায় জজ বা মুন্সিফ হতে পারে। এদিকে লক্ষ্য দিতে পারলে আমরা মনে হয় অনেক ভাল হবে। অপরদিকে বাড়ি গাড়ির কথা যেটা বলা হল এটা সঠিক কথা, সূক্ষ্ম বিচার করার জন্য জজেদের নির্দিষ্ট বাড়ি থাকা দরকার। বিশেষ করে সাবডিভিসনাল কোর্টের যে সমস্ত মুন্সিফ বা যে সমস্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আছেন, তাদের যদি নির্দিষ্ট বাড়ি না থাকে, বিভিন্ন এলাকার বাড়ি ভাড়া নিয়ে বা বিভিন্ন ভাবে দূর দূরান্ত থেকে আসা যাওয়ার মধ্যে দিয়ে অনেক ক্ষেত্রে দুর্নীতির সম্ভাবনা দেখা দিতে পারে, কিন্তু জুডিসিয়াল সেপারেশনের পরে, ১৯৭৪ সালের পর থেকে যে সরকার

ছিলেন—নবকুমারবাবু একটু আগে যা বললেন—তাদের কি সামান্যতম দায়িত্ব ছিল না, তারা তো একদিনও সেই কথা ভাবেনেনি যে এই সমস্ত জজ বা এই সমস্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের বিভিন্ন বাড়ি বা তাদের গাড়ি, যেটা তাদের সত্যই প্রয়োজন সেটা তারা দিতে পারেননি। আজকে তিন বছরের মধ্যে যাতে করে দিতে পারা যায় এই ব্যাপারে তারা বলছেন। কিন্তু আসল দায়িত্ব ছিল তাদেরই, আগে তাদের ভাবা উচিত ছিল। আজকে এই সরকার সেই প্রচেষ্টা করছে। বিভিন্ন সাব ডিভিসনে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের জন্য বা মুন্সিফদের জন্য থাকাবার ব্যবস্থা এই সরকার করবার চেষ্টা করছেন, সেইজন্য এই সরকারকে অভিনন্দন দেওয়া দরকার। মোকর্দমা শেষ করার জন্য বিভিন্ন জায়গায় বিভিন্ন কোর্ট তৈরি করা হচ্ছে। নূতন করে প্রায় ২৫টি কোর্ট তৈরি হয়েছে। তবে আমার একটা অনুরোধ যে বিভিন্ন সাব ডিভিসনে একজন করে যদি এ. ডি. বসিয়ে দেন বেশি দিতে পারেন, বিভিন্ন মোকর্দ্দমা যেসব সেসন কমিটেবল কেসগুলোর জন্য দূর দূরান্তর থেকে তারা এসে ডিস্ট্রিক্ট কোর্টে করার যে অসুবিধা, সমস্ত সাবডিভিসনে একজন করে এ. ডি. বসিয়ে দিতে পারলে ভাল হয়। তার জন্য অবশ্য সময় লাগবে কারণ এর জন্য কোর্টের দরকার, ঘরের দরকার, এই সব করতে পারলে অনেক সুবিধা হয়। তার সঙ্গে সঙ্গে আর একটা কথা যে সমস্ত এ. পি. পি. আছেন বা যে সমস্ত পি. পি. আছেন, সেই এ. পি. পি.-দের কন্ট্রোল দেখছি প্রায়ই জুডিসিয়ালের মধ্যে নেই। এটা কন্ট্রোল করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এ. পি. পি.-দের। এ. পি. পি.-রা কোর্টের অফিসারদের মতো আসে এবং যায়। লইয়ারের বিহেভ তাতে হবে কিনা জানি না। আমি নিজে দিখেছি তাদের লইয়ারের বিহেভ খুব কম। ১০টার সময় কোর্টে যাচ্ছে এবং ৫ টার সময় কোর্ট থেকে তারা বাড়ি চলে যাচ্ছে। আমরা প্রাইভেট লইয়ার হিসেবে একটা মোকর্দ্দমা প্রস্তুত করার জন্য যে সময় দিই, একটা সাক্ষী রেডি করার জন্য যে সময় লাগে সেই সময় তারা দেন না। সেইজন্য অনেক ক্ষেত্রে দেখা গেছে যে অনেক সরকারি পক্ষের কেস সে কেসটা অনেক ভাল থাকা সত্ত্বেও সরকারি পক্ষ পরাজিত হয়। এটা কেবলমাত্র ক্রিমিনালের ব্যাপারেই নয়, সিভিল কেসেও দেখা গেছে। যে সমস্ত সিভিল কেস ভেস্টেড ল্যান্ডের ব্যাপারে সরকারি উকিলের নিয়মিত যোগাযোগের অভাবে অনেক সময় কেসগুলো নষ্ট হয়ে যায়।

সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে এগ্রিকালচার ডিপার্টমেন্টের যেমন একটা সংযোগ রয়েছে তেমনি ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের সঙ্গে জুডিসিয়াল ডিপার্টমেন্টের একটা সংযোগ স্থাপন করা যায় কিনা ভেবে দেখতে হবে। ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের সঙ্গে জুডিসিয়াল ডিপার্টমেন্টের সংযোগ স্থাপিত হলে প্রভূত উপকার হবে। অনেক সময় দেখেছি উকিলরা কোর্টে উপস্থিত আছেন, সেটেলমেন্ট অফিসাররা পেপার সাপ্লাই করতে পারেন না, জে. এল. আর. ও. পেপার সাপ্লাই করতে পারেন না বলে ভাল কেসে, ভেস্টেড ল্যান্ডের কেসে সরকার পক্ষ হেরে যান। কাজেই একটা সংযোগ স্থাপন করতে পারলে আমার মনে হয় ভাল হয়। আইনজীবীরা যাতে বই পত্র ভাল করে পড়ে আইন রপ্ত করতে পারেন সেই জন্য তাদের বিভিন্ন লাইব্রেরিতে টাকা দিয়ে বই পত্র কিনে দেবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। এই ব্যবস্থা পশ্চিমবাংলায় পূর্বে ছিল না। এই সরকার আসার পর থেকে এই ব্যবস্থা করা হয়েছে। আইনজীবীরা বই পত্র ভাল করে পড়াশুনা করে তৈরি হতে পারেন সেই

প্রচেষ্টা এই সরকার করেছেন। গত বারে সেই টাকা দেওয়া হয়েছিল, এবারেও টাকা দেওয়া হয়েছে। ওয়াকফ সম্পত্তিতে নানাভাবে বহু দুর্নীতি চলছিল। এই সরকার ওয়াকফ সম্পত্তি গ্রহণ করছেন। এটা একটা ভাল দৃষ্টান্ত। কিন্তু এর সাথে সাথে ওয়াকফ সম্পত্তিগুলি যেভাবে নষ্ট করা হচ্ছিল সেটা রক্ষা করার দায়-দায়িত্বও সরকার যেন গ্রহণ করেন। একটু আগে একজন বক্তা বলে গেলেন জজেরাও রাস্তায় নেমে গেছেন। এটা খুব আনন্দের কথা। এই সরকার প্রত্যেকটি গণতান্ত্রিক আন্দোলনের পাশে দাঁড়িয়ে আছে, জজেরা এই ভরসা করে ফেলেছেন। প্রত্যেকটি গণতান্ত্রিক আন্দোলনের পাশে সরকার দাঁড়িয়ে থাকবে এই ভরসায় জজেরাও গণতান্ত্রিক আন্দোলন নেমে পড়লেন তাদের দাবি দাওয়া নিয়ে। এই সরকার ছিল বলেই তাদের ভরসা আছে। এই সরকার না হয়ে যদি কংগ্রেস সরকার থাকত তাহলে তাদের সেই ভরসা হত না। এতে লজ্জার কিছু নেই। এটা মস্ত ভারতের একটা দৃষ্টান্তের বিষয় হয়ে রইল যে জজেরা পর্যন্ত তাদের দাবি দাওয়া নিয়ে আন্দোলনে নামতে পারেন। আমাদের সরকার নিশ্চয় তাদের দাবি দাওয়া নিয়ে বিচার বিবেচনা করবেন, যতদূর সম্ভব পারা যায় বিচার করবেন আশা করি। জজেরা আজকে যেমন গণতান্ত্রিক আন্দোলনে নামতে পারলেন তেমনি অন্যান্য গণতান্ত্রিক আন্দোলনে, ক্ষেত মজুররা মজুরি বৃদ্ধির আন্দোলনে, বর্গাদাররা জমি আন্দোলনে, অন্যান্য গণতান্ত্রিক আন্দোলনে যেন মিথ্যা মামলা জড়িয়ে না পড়ে, নানা ভাবে হেনস্থা, হয়রানি যাতে না হন জজদেরও সেটা ভাবা উচিত, চিন্তা করা প্রয়োজন। তাদের এটা ভাবা উচিত আমরা যেমন আমাদের প্রয়োজনে গণতান্ত্রিক আন্দোলনে নামতে বাধ্য হয়েছি, তেমনি তারাও তাদের প্রয়োজনে গণতান্ত্রিক আন্দোলনে নামতে বাধ্য হয়েছে। কাজেই সেদিকে লক্ষ্য রেখে অ্যাডামেন্ট অ্যাটিচিউড না নিয়ে সেই আন্দোলনের সঠিক মূল্যায়ন করে মিথ্যা মোকদ্দমায় যাতে জড়িয়ে না পড়ে সে বিষয়ে জজেদের দৃষ্টি রাখা উচিত বলে আমি মনে করি। ভারতীয় দন্ডবিধির যে সমস্ত আইন আছে বা আর্মস অ্যাক্ট ইত্যাদি বিভিন্ন আইনের মাধ্যমে আমাদের দেশে দেখা গেছে যে কোনও রকম কেসে বিভিন্ন রকম ক্রিমিনাল কেসে জড়ানো যায়। তা সত্ত্বেও আমরা দেখেছি ধনতান্ত্রিক ব্যবস্থায় ধনিক গোষ্ঠীর দল কংগ্রেস (ই) বিভিন্ন সময়ে বিভিন্ন রকম আইন প্রণয়ন করেছেন। এখন সিকিউরিটি অ্যাক্ট চালু করেছেন। তার আগে ডি. আই. আর., মিশার মতো আইন তৈরি করে অনেক দেশ নায়ককে বিভিন্ন সময়ে মিশায় জড়িয়ে দেওয়া হয়েছে। জ্যোতির্ময় বসুর মতো একজন নামকরা এম. পি.-কে মিশায় আটক করে রাখা হয়েছিল। দেশ নায়ক জয়প্রকাশ নারায়ণকে বহুদিন আটকে রাখা হয়েছিল। অনেক রক্ত দিয়ে—অনেক রক্ত ঝরার মধ্য দিয়ে মিশাকে উঠিয়ে দেওয়া হয়। কিন্তু এখন আবার নতুন করে জাতীয় নিরাপত্তা আইন জারি করা হয়েছে। বলা হচ্ছে এদেশের চোরা কারবারিরা যে সমস্ত জাতীয় সম্পত্তি নানা ভাবে নষ্ট করছে তাদের এই আইনের ভিতর ঢোকানো হবে। কিন্তু কি দেখা গেল? গণতান্ত্রিক আন্দোলনের বিভিন্ন কর্মী ও নেতাদের বিভিন্ন রাজ্যে এই আইনে অ্যারেস্ট করা হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার বলেছেন জাতীয় নিরাপত্তা আইন এই রাজ্যে কিছুতেই কাজে লাগানো হবে না। নিশ্চয় এই সরকারকে আন্তরিক ভাবে ধন্যবাদ দেওয়া উচিত। এই সরকার জনসাধারণের সরকার এবং এই সরকার সমস্ত রকম গণতান্ত্রিক আন্দোলনের পাশে দাঁড়িয়ে আছে। জাতীয় নিরাপত্তা আইনের মতো আইন এদেশে চলুক এটা সঠিকভাবে কিছুতেই আমরা মনে করতে পারছি না।

সেকশন ৪৩৭ ও ৪৩৮-এর অ্যামেন্ডমেন্টের কথা হয়েছে, আমি সে সম্পর্কে বিস্তারিত তথ্যে যাচ্ছি না, সে সম্পর্কে মন্ত্রী মহাশয় যা বলার বলবেন আমি শুধু বলতে চাই যে খুনি আসামী বিশেষ করে কংগ্রেস (ই) দলের লোক, তারা খুন করে জামিন পেয়ে গিয়ে কোথাও উধাও হয়ে গেল, তাকে আর পাওয়া গেল না এই অবস্থা হয়েছে। এইভবে যারা একবার বেল জাম্প করে যাচ্ছে সে যদি পুনরায় ধরা পড়ে তাহলে আর জামিন পাবে না এই অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে। এটা সিলেক্ট কমিটিতে আছে আমার মনে হয় এটা সঠিক পদক্ষেপ, এটা গ্রহণ করা উচিত। তারপর অ্যানটিসিপেটারি বেলের প্রশ্ন আছে। আমরা দেখেছি অনেক বড় বড় জোতদার সে খুন করে এসে জজকোর্টে বা হাইকোর্টের দ্বারস্থ হয়ে সরকার উকিলকে কোনও ইনফরমেশন না দিয়ে সরাসরি জামিন পেয়ে যাচ্ছে। সেখানে বলা হচ্ছে, ৭ দিনের নোটিশ দিয়ে, সরকারি উকিলকে ইনফর্ম করে তারপর তার অ্যান্টিসিপেটারি বেল হবে কি হবে না সেটা দেখা হবে। এই যে অ্যামেন্ডমেন্টের কথা বলা হয়েছে এটা গ্রহণ করলে নিশ্চয় ভাল হবে। নববাবু ভাগ চাষ কোর্ট সম্বন্ধে বলেছেন। এটাকে বি. সি. ও. বলে, ভাগচাষ অফিসার, এটা কোনও কোর্ট নয়। ভাগচাষীদের জমি নিয়ে বিরোধ হলে সে ব্যাপারে সেখানে সওয়াল হয়। ওরা চাইছেন বড় বড় উকিল ব্যারিস্টার দিয়ে জোতদারদের পক্ষে লড়ে গরিব চাষীক ঝুলিয়ে দিতে এবং সেইজন্যই ওরা চেঁচামেচি করছে। এটা কোর্ট নয়। তারপর বিভিন্ন কোর্টের বাড়ি সম্পর্কে এখানে অনেক কথা বলা হয়েছে। সেখানে বলা হয়েছে বাড়ি তৈরি করতে দেরি হচ্ছে ইত্যাদি। উনি একটু আগে বলেছেন, সেখানে পি. ডবলু. ডি.-কে ইনফর্ম করার কথা আছে। স্যার, ভারতবর্ষের দু-একটি রাজ্য ছাড়া প্রায় সব রাজ্যেই বিভিন্ন ডিপার্টমেন্টের বাড়ি এবং বিভিন্ন উন্নয়নমূলক প্রয়োজনীয় কাজের জন্য বাড়ি ইত্যাদি করে পি. ডব্লু. ডি.। কিন্তু স্যার, সেখানে যে ডিপার্টমেন্টের বাড়ি সেই ডিপার্টমেন্টই যদি সেই বাড়ি করে তাহলে আর পি. ডব্লু. ডি.-র পেছনে ঘুরতে হয় না। আমি জানি না এটা এখানে করা সম্ভব কিনা কিন্তু হরিয়ানা এবং আরও দু-একটি রাজ্যে এই ব্যবস্থা আছে যে, যে ডিপার্টমেন্টের বাড়ি, সেই ডিপার্টমেন্টেই সেই বাড়ি করবে। আমাদের এখানেও এ ধরনের কথাবার্তা উঠেছে, আমি জানি না আমাদের মন্ত্রিসভা এ সম্পর্কে কি ব্যবস্থা নিচ্ছেন। এখনও পর্যন্ত যা অবস্থা তাতে আমরা দেখছি বাড়ি করতে হলে পি. ডব্লু. ডি.-র দ্বারস্থ হতে হয়, এ ছাড়া উপায় নেই। তারপর স্যার, আর একটা কথা বলি, ভারতবর্ষের মধ্যে সর্বপ্রথম এখানে কোর্টে চিকিৎসার জন্য ব্যবস্থা করা হয়েছে। এটা ভারতবর্ষের আর কোথাও নেই। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, চিকিৎসার জন্য যেমন ব্যবস্থা করা হয়েছে তেমনি দূরদূরান্তর থেকে যে সমস্ত সাক্ষীকে কোর্টে আসতে হয় তাদের থাকার একটা সুব্যবস্থা করুন। আমরা জানি, সাগর, পাথরপ্রতিমা বিভিন্ন জায়গায় অনেক দূরে দূরে থানা। এই সমস্ত থানা থেকে সাক্ষীরা কোর্টে সাক্ষ্য দিতে এলে তাদের দু-এক দিন থাকতে হয় কিন্তু তাদের থাকার উপযুক্ত জায়গা নেই। বর্তমানে সাক্ষীদের বেশি পয়সা দেওয়ার ব্যবস্থা হয়েছে সেটা আমরা জানি কিন্তু তাদের ২-৩ দিন থাকার মতোন খরচ দেওয়া হয় না। কাজেই আমি বলব, যেমন চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে বিভিন্ন সাবডিভিসনাল টাউনে বা ডিস্ট্রিক্ট টাউনে তেমনি তাদের থাকার ব্যবস্থা করা যায় কিনা সেটা একটু চিন্তা করে দেখুন। এটা করলে দূরবর্তী থানার সাক্ষীদের থাকার একটা সুব্যবস্থা হয়। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার

বক্তব্য শেষ করছি।

[7-45 — 7-55 p.m.]

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় সদস্য নবকুমার রায় যে কথা বলেছেন সেই ব্যাপারে বলব। একটা কথা পরিষ্কার করে বলা দরকার। আমাদের দেশের বিচার ব্যবস্থা যেটা দীর্ঘদিন ধরে আছে সেটা হচ্ছে ধনতান্ত্রিক বিচার ব্যবস্থা। এটা না বুঝলে খুব অসুবিধা হবে। নবকুমারবাবুর উকিল লোক, বয়স কম, উনি খুব আশাবাদী, আশা করি উনি এটা বুঝতে চেষ্টা করবেন। গরিব মানুষের বিচার এখানে হয় না, এটা বুঝতে হবে। এটাকে কতখানি পরিবর্তন করতে পারব বা পারব কিনা সেটাও চিন্তা করতে হবে। তার জন্য প্রথম স্তরে আমরা সারা রাজ্যে নুতন একটা লিগ্যাল এইড আইনের সাহায্যে আমরা ব্যবস্থা করছি। স্টেট লেভেল থেকে ব্লক লেভেল পর্যন্ত আমরা লিগ্যাল এইড কমিটি গঠন করতে যাচ্ছি। প্রথমত প্রতিটি ব্লক ভিত্তিতে আমরা একজন করে উকিল নিয়োগ করব যারা গরিব মানুষদের বিনা মূল্যে আইনের সাহায্য পাবার ব্যবস্থা করবেন। প্রায় ৩ কোটি টাকা এ জন্য বাজেটে আছে। এটা ভারতের এই প্রথম এবং এই স্কীমে কেন্দ্রীয় সরকার এক টাকাও আমাদের আজ পর্যন্ত দিতে রাজি হয়নি। আমরা অনেকবার দাবি করেছি তাদের কাছে যে এটা গরিব মানুষের ব্যাপার, সোশ্যাল ওয়েলফেয়ারের ব্যাপার, কোটি কোটি গরিব মানুষ কোর্টে আসতে পারে না তাদের কাছে কোনও সম্বল নেই যা দিয়ে গ্রামের বড় লোকের, জমিদারের বিরুদ্ধে মামলা লড়তে পারে। আমরা হাইকোর্টের বর্গাদারদের জন্য বিনামূল্যে আইনের সাহায্যের ব্যবস্থা করেছি। হাজার হাজার বর্গা মামলা আজকে তারা বিনা মূল্যে লড়তে পারছে। বিখ্যাত আইনজীবী সোমনাথ চ্যাটার্জি, সাধনগুপ্ত, তারা বর্গাদারদের হয়ে মামলা করছে। এই জিনিস কখনও হয়েছে কংগ্রেস আমলে, আছে তার নজির? অথচ এই সব কথা তারা এখানে বলছেন। তারা ধনিক শ্রেণীর রাজনীতি করেন, তাদের কথা বলেন। নবকুমারবাবু বললেন, ভাগচাষ কোর্টে উকিল যেতে বাধা দেবেন কেন? ভাগচাষ কোর্টে যদি উকিল যায় ভোলাবাবুর মতো বড় বড় উকিল যাবে। আর ভাগচাষ বর্গাদার সেখানে মামলা লড়তে পারবে? সে জন্য আমরা ব্যবস্থা করেছি যে ভাগচাষে জোতদারের উকিলও যাবে না, বর্গাদারের উকিলও যাবে না। জোতদার, বর্গাদার দাঁড়িয়ে তাদের মামলা লড়বে। ভাগচাষ কোর্ট আছে এবং থাকবে। আরওখানে উকিল যেতে পারবে না। এই যে ব্যবস্থা হয়েছে, এটাই সঠিক ব্যবস্থা। তারপর উনি বললেন য়ে হাকিমকে নাকি ভয় দেখানো হচ্ছে। আমাকে তাহলে একটু অতীতের ইতিহাসে যেতে হচ্ছে। ভোলাবাবু বসে আছেন, উনি তখন মন্ত্রী ছিলেন। হাইকোর্টের মাননীয় বিচারপতি জাস্টিস কে. এম. রায়, তিনি কলকাতা শহরের রাস্তায় খুন হয়েছিলেন। এর কোনও উত্তর আছে? বাঁচাতে পেরেছিলেন জাস্টিস কে. এম. রায়কে? আর যে কয়জন হাকিমের উপর আক্রমণ হয়েছিল তাদের মধ্যে কোনও নিরাপত্তা ছিল না। আজকে বামফ্রন্ট সরকারের সময়ে একটা দৃষ্টান্ত দেখাতে পারবেন না যে কোনও হাকিমের উপর হামলা হয়েছে। এইসব কথা এখানে বললে খবরের কাগজে ছাপবে এবং তাতে বাজিমাত হয়ে যাবে বলে মনে করছেন। লজ্জা নেই। ভারতের সিটিং জাজ অব দি হাইকোর্ট খুন হয়েছিলেন শহরের রাস্তার উপর, সেই সব কথা তারা ভুলে গেলেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** হালিম সাহেব একটু বসুন। বাজেটের উপর যে ডিসকাশন হচ্ছে, এটার সময় ৭.৪৯ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। আমি আপনাদের কাছে আরও ১৫ মিনিট সময় চেয়ে নিচ্ছি। আশা করি আপনাদের কোনও আপত্তি নেই। অতএব ফিফটিন মিনিটস টাইম ইজ এক্সটেন্ডেড। এইবারে আপনি বলুন।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** কাজেই এই সব কথা বলে লাভ নেই। আজকে সমস্যা অনেক আছে। বিচার ব্যবস্থায়ও সমস্যা আছে। কিন্তু বুঝতে হবে যে রাজ্য সরকারের ক্ষমতা কতটুকু। আজকে একটা পেশকার যদি ঘুস খায় তাহেল রাজ্য সরকারের ক্ষমতা নেই যে তদন্ত করতে পারে বা তার চাকুরি খেতে পারে। সেই ক্ষমতা হাইকোর্টের আছে, আমাদের নেই। এটা কয়টা লোকে বোঝে? তারা বোঝে যে ঘুস খাচ্ছে, দুর্নীতি হচ্ছে। তারা কি জানে যে রাজ্য সরকারের এই ব্যাপারে কোনও ক্ষমতা নেই। এই কথা কেউ বললেন না। কাজেই এটা বোঝা দরকার। ভোলাবাবু বসে আছেন, তার কাছে জেনে নেবেন যে রাজ্য সরকারের কি ক্ষমতা আছে, বিচার ব্যবস্থার কি নিয়ম আছে, কি ভাবে হাকিম নিয়োগ হয়। ওনাদের নেত্রী, শ্রীমতী ইন্দিরা গান্ধী খবরের কাগজে বলেছেন যে বামফ্রন্ট সরকার সব নাকি ক্যাডারদের জজ নিয়োগ করছেন। আমরা জানতাম না যে, উনি এতই নিরক্ষর, দেশের প্রধানমন্ত্রী হাই কোর্টের জজ কিভাবে নিয়োগ করা হয় তা জানেন না। ডিস্ট্রিক্ট জজ কিভাবে নিয়োগ করা হয় জানেন না, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজ কিভাবে নিয়োগ করা হয় জানেন না, মুন্সেফ কিভাবে নিয়োগ করা হয় জানেন না, সাব-জজ কিভাবে নিয়োগ করা হয় জানেন না, এটা অত্যন্ত লজ্জার কথা। আমরা এখানে পরিষ্কারভাবে বলছি যে, আমরা রাজনৈতিক নিয়োগ করি না। আজকে কাশীকান্ত মৈত্র এখানে নেই, তার দলের বলাইবাবুকে বলছি, আপনি আপনার নেতার কাছ থেকে একটু জেনে নেবেন, ভোলাবাবুদের সময়ে একজনকে চাকরি দেওয়া হয়নি রাজনৈতিক কারণে, সে ভদ্রলোক আমাদের বিরুদ্ধে নির্বাচনে দাঁড়িয়েছিলেন এবং হেরে গিয়েছিলেন, তাকেও আমরা নিয়োগ করেছি। সুতরাং ঐ সব কথা বলে কোনও লাভ নেই। যেহেতু সে ভদ্রলোক জনতা পার্টি করতেন সেহেতু ওদের সময়ে তার নাম পাঠানো হয়নি, কিন্তু আমরা তার নাম পাঠিয়েছি এবং তাকে নিয়োগ করেছি। আমি কংগ্রেসি বন্ধুদের বলব যে, এ জিনিস হয়েছে, আপনারা দেননি, আমরা দিয়েছি। মুন্সেফ নিয়োগের সাংবিধানিক নিয়ম হচ্ছে, ৫০% পাবলিক সার্ভিস কমিশন থেকে আসবেন, আর বাকি ৫০%-এর নাম হাই কোর্টের বার থেকে সিলেকশন করে হাইকোর্টের জজ পাঠাবেন। হাইকোর্ট থেকে যাদের নাম পাঠাবেন তাদের কম পক্ষে অন্তত উকিল হিসাবে তিন বছরের প্র্যাকটিস করার অভিজ্ঞতা থাকা প্রয়োজন। ৭ বছরের বেশি যে সমস্ত উকিলরা প্র্যাকটিস করছেন তাদের মধ্যে থেকে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজ ২৫% কোটা হিসাবে নিয়োগ করার নিয়ম আছে। তবে আপাতত আমরা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজ ডাইরেক্ট অ্যাপয়েন্টমেন্ট বন্ধ রেখেছি এবং বার থেকে আদৌ ডাইরেক্ট অ্যাপয়েন্টমেন্ট দেব, কি দেব না সেটা বিবেচনা করছি। কিন্তু মুন্সেফের ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষা করে পাঠাচ্ছে এবং হাইকোর্টও পাঠাচ্ছে। কিন্তু এমন ঘটনা যদি ঘটে যে, একজন লোকের নাম হাইকোর্ট মুন্সেফের জন্য পাঠাল, কিন্তু খোঁজ নিয়ে দেখা গেল সে খুনের কেসের আসামী, অ্যানিটসিপেটরি বেল নিয়েছে, তাহলেও কি আমরা তাকে বিবেচনা করব? এই সমস্ত ক্ষেত্রেও ইন্দিরা গান্ধী বলছেন, দেখছ, আমাদের লোককে নিয়োগ

বক্তব্য শেষ করছি।

[7-45 — 7-55 p.m.]

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় সদস্য নবকুমার রায় যে কথা বলেছেন সেই ব্যাপারে বলব। একটা কথা পরিষ্কার করে বলা দরকার। আমাদের দেশের বিচার ব্যবস্থা যেটা দীর্ঘদিন ধরে আছে সেটা হচ্ছে ধনতান্ত্রিক বিচার ব্যবস্থা। এটা না বুঝলে খুব অসুবিধা হবে। নবকুমারবাবুর উকিল লোক, বয়স কম, উনি খুব আশাবাদী, আশা করি উনি এটা বুঝতে চেষ্টা করবেন। গরিব মানুষের বিচার এখানে হয় না, এটা বুঝতে হবে। এটাকে কতখানি পরিবর্তন করতে পারব বা পারব কিনা সেটাও চিন্তা করতে হবে। তার জন্য প্রথম স্তরে আমরা সারা রাজ্যে নুতন একটা লিগ্যাল এইড আইনের সাহায্যে আমরা ব্যবস্থা করছি। স্টেট লেভেল থেকে ব্লক লেভেল পর্যন্ত আমরা লিগ্যাল এইড কমিটি গঠন করতে যাচ্ছি। প্রথমত প্রতিটি ব্লক ভিত্তিতে আমরা একজন করে উকিল নিয়োগ করব যারা গরিব মানুষদের বিনা মূল্যে আইনের সাহায্য পাবার ব্যবস্থা করবেন। প্রায় ৩ কোটি টাকা এ জন্য বাজেটে আছে। এটা ভারতের এই প্রথম এবং এই স্কীমে কেন্দ্রীয় সরকার এক টাকাও আমাদের আজ পর্যন্ত দিতে রাজি হয়নি। আমরা অনেকবার দাবি করেছি তাদের কাছে যে এটা গরিব মানুষের ব্যাপার, সোশ্যাল ওয়েলফেয়ারের ব্যাপার, কোটি কোটি গরিব মানুষ কোর্টে আসতে পারে না তাদের কাছে কোনও সম্বল নেই যা দিয়ে গ্রামের বড় লোকের, জমিদারের বিরুদ্ধে মামলা লড়তে পারে। আমরা হাইকোর্টের বর্গাদারদের জন্য বিনামূল্যে আইনের সাহায্যের ব্যবস্থা করেছি। হাজার হাজার বর্গা মামলা আজকে তারা বিনা মূল্যে লড়তে পারছে। বিখ্যাত আইনজীবী সোমনাথ চ্যাটার্জি, সাধনগুপ্ত, তারা বর্গাদারদের হয়ে মামলা করছে। এই জিনিস কখনও হয়েছে কংগ্রেস আমলে, আছে তার নজির? অথচ এই সব কথা তারা এখানে বলছেন। তারা ধনিক শ্রেণীর রাজনীতি করেন, তাদের কথা বলেন। নবকুমারবাবু বললেন, ভাগচাষ কোর্টে উকিল যেতে বাধা দেবেন কেন? ভাগচাষ কোর্টে যদি উকিল যায় ভোলাবাবুর মতো বড় বড় উকিল যাবে। আর ভাগচাষ বর্গাদার সেখানে মামলা লড়তে পারবে? সে জন্য আমরা ব্যবস্থা করেছি যে ভাগচাষে জোতদারের উকিলও যাবে না, বর্গাদারের উকিলও যাবে না। জোতদার, বর্গাদার দাঁড়িয়ে তাদের মামলা লড়বে। ভাগচাষ কোর্ট আছে এবং থাকবে। আরওখানে উকিল যেতে পারবে না। এই যে ব্যবস্থা হয়েছে, এটাই সঠিক ব্যবস্থা। তারপর উনি বললেন য়ে হাকিমকে নাকি ভয় দেখানো হচ্ছে। আমাকে তাহলে একটু অতীতের ইতিহাসে যেতে হচ্ছে। ভোলাবাবু বসে আছেন, উনি তখন মন্ত্রী ছিলেন। হাইকোর্টের মাননীয় বিচারপতি জাস্টিস কে. এম. রায়, তিনি কলকাতা শহরের রাস্তায় খুন হয়েছিলেন। এর কোনও উত্তর আছে? বাঁচাতে পেরেছিলেন জাস্টিস কে. এম. রায়কে? আর যে কয়জন হাকিমের উপর আক্রমণ হয়েছিল তাদের মধ্যে কোনও নিরাপত্তা ছিল না। আজকে বামফ্রন্ট সরকারের সময়ে একটা দৃষ্টান্ত দেখাতে পারবেন না যে কোনও হাকিমের উপর হামলা হয়েছে। এইসব কথা এখানে বললে খবরের কাগজে ছাপবে এবং তাতে বাজিমাত হয়ে যাবে বলে মনে করছেন। লজ্জা নেই। ভারতের সিটিং জাজ অব দি হাইকোর্ট খুন হয়েছিলেন শহরের রাস্তার উপর, সেই সব কথা তারা ভুলে গেলেন।

যোগাড় করত, কলকাতা থেকে নিয়ে আসত। সেই ভ্যলিউম পেলে তাদের রোজগার হত আর ভ্যলিউম না পেলে রোজগার হত না। আমি দেখলাম এইসব জিনিস চলতে পারে না, ভ্যলিউমের ব্যবস্থা করলাম। এখন এমন কোনও অফিস নেই যেখানে ভ্যলিউম নেই। তারপর বাকি যে লোকগুলি ছিল তাদের জানি অ্যবজর্ব করেছি। এই ১ বছরের মধ্যে ৭ লক্ষ দলিল ক্লিয়ার হয়েছে। কিছু কিছু অভিযোগ আছে, চেষ্টা করছি, লেগে আছি, প্রায় ৩ হাজার বেকার যুবকদের ব্যবহার করেছি, তাদের কাছ থেকে সাহায্য নিচ্ছি, তারা খুব ভাল কাজ করছে, গরিবের ছেলে তারা, আমি দেখছি, তাদেরকে কপি রাইটিং-এর লাইসেন্স দেওয়া যায় কিনা কিংবা অন্য কোনও রকমের সাহায্য করা যায় কিনা—এইসব স্কীম আছে। আপনারা এইসব ব্যবস্থা কিছু করেননি, কিন্তু আমরা করেছি। তারপর নতুন সিস্টেম আছে, ফাইলিং সিস্টেম—বলাইবাবু বললেন আপনারা আইন করলেন কি হল? শুনে দুঃখ পাবেন, আমি অর্ডিন্যান্স তৈরি করেছিলাম ফাইলিং সিস্টেম চালু করবার আগে, সেই অর্ডিন্যান্স দিল্লিতে পড়ে আছে, আজও পর্যন্ত অনুমোদন হয়নি। এই অধিবেশনে আবার একটা সংশোধন আনতে হবে যাতে ফাইলিং সিস্টেম চালু করতে পারি। আমি নিজে গেছি দু-বার। আমি গিয়ে সেক্রেটারির সাথে কথা বলেছিলাম যে এই ব্যাপারটা ক্লিয়ার করে দিন মানুষের স্বার্থে, তাড়াতাড়ি দরকার কিন্তু আজও পর্যন্ত এল না। কোনও খবর নেই, কি উত্তর দেব? কাকে উত্তর দেব? তারাই উত্তর দেবেন, আমরা দায়ী হব না, আমরা চেষ্টা করেছি, অনেক বেশি টাকা খরচ করতে হবে যাতে মানুষের কাজ হতে পারে। এইসব কথা দিল্লিতে গিয়ে কেন বলেন না? হ্যাঁ কিছু দুর্নীতি আছে, দুর্নীতি সমাজ ব্যবস্থার মধ্যে আছে, সবটা দূর করা যাবে না। সমাজ ব্যবস্থার পরিবর্তন না হলে দুর্নীতি দূর হয় না। এরজন্য আপনাকে আমাকে সবাইকে দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে হবে। আমি এই দুর্নীতির কারণে কয়েকজন সাব-রেজিস্টারের চাকুরির নিয়েছি, টারমিনেট করেছি। ভিজিলেন্স কমিশনে প্রমাণিত হয়েছে যে দুর্নীতি করেছে সেইজন্য টারমিনেট করেছি। যতটা আমাদের ক্ষমতা আছে আমরা করেছি। সবটা করা সম্ভব নয় তবে আমরা চেষ্টা করছি। বিচার বিভাগের নতুন বাড়ি হচ্ছে। সারা পশ্চিমবাংলায় এক নতুন আলো দেখা দিয়েছে বিচার বিভাগের রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টে।

আমাদের জজ সাহেবদের মিছিলের ব্যাপারে আলোচনা করে উনি বলছেন খুব অন্যায় করেছে, লজ্জার কথা নাকি এটা, আমি মনে করি এটা খুব গর্বের কথা। আজকে বিচার বিভাগে মানুষ সংগঠিত হচ্ছে। তাদের দাবি দাওয়া নিয়ে তারা রাস্তায় নেমেছেন, এই সুযোগ তারা পাচ্ছেন। বিগত সরকার তাদের সঙ্গে কথাই বলত না, তাদের কথা শুনতই না। আমরা তাদের সার্ভিস রুলস অ্যামেন্ড করেছি, আমরা তাদের জামা কাপড়ের টাকা দিয়েছি। আমরা ডিস্ট্রিক্ট জাজদের ২০০ টাকা করে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যালাওয়েন্স দিয়েছি, এ পর্যন্ত তারা তা পাননি। ঐ তো ভোলাবাবু বসে আছেন, বলুন না, কি দিয়েছিলেন? এখন ডি. এম.-রা অ্যালাওয়েন্স পান ডিস্ট্রিক্ট জাজরা পেত না, আমরা দিয়েছি, ওনারা তো দেননি। এসব কথা তো মনে করে বলেন না। ওনারা বলছেন সব গোলমাল হয়ে গেল, হাকিমরা সব শেষ হয়ে গেল। আমরা পে-কমিশনের রিপোর্ট দিয়েছি, আমরা জানি জজ সাহেবরা অনেক অসুবিধার মধ্যে কাজ করেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে পশ্চিমবাংলার

বিচার বিভাগ এবং বিচার ব্যবস্থা অনেক ভাল, এটা গর্বের কথা। এখানে আজও অনেক ভাল ভাল বিচারক আছেন যারা অনেক অসুবিধার মধ্যেও অনেক সৎভাবে কাজ করছেন, আমরা তাদের প্রশংসা করি। আমরা তাদের সমর্থন এবং সহানুভূতির সঙ্গে দেখছি। আমাদের সঙ্গেও আলোচনা হয়। সেদিন আমিও তাদের মিছিলে গিয়েছিলাম, তাদের কথা শুনেছি এবং তাদের মেমোরান্ডাম নিয়েছি। মুখ্যমন্ত্রী মহাশয়ও নিয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, আমরা এসব ব্যাপারে দেখব এবং আমাদের পক্ষে যতটুকু করা সম্ভব তা বিবেচনা করব। এটা বুঝতে হবে যে বর্তমান সমাজ ব্যবস্থা কি রকম। এই কটি কথা বলে সব কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Balai Lal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs. 6,96,14,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "214—Administration of Justice", was then put and agreed to.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs. 3,55,41,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "230—Stamps and Registration", was then put and agreed to.

## Legislation

## The Bengal Money-lenders (Amendment) Bill, 1981

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to introduce the Bengal Money-lenders (Amendment) Bill, 1981.

(Secretary then read the title of the Bill).

**Mr. Deputy Speaker :** I have received a notice of a Statutory Resolution from Shri Rajani Kanta Doloi.

**Shri Bhola Nath Sen :** Sir, we do not move the resolution.

**Mr. Deputy Speaker :** The Hon'ble Minister may now move the motion for consideration of the Bill.

**শ্রী ভোলানাথ সেন :** জাস্টিস টি. কে. বোসের যে জাজমেন্ট হল তারপর কি এটা করছেন?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** তারপর এটা করেছি। Sir, I beg to move that the Bengal Money lenders (Amendment) Bill, 1981, be taken into Consideration. বেঙ্গল মানি লেন্ডার্স অ্যাক্ট ১৯৮০ সালে পাস হয়। তখন তার মূল উদ্দেশ্য ছিল নন-কমার্সিয়াল ঋণ ব্যবসার জন্য যারা নেন তাদের উপর অত্যাচার কম করার জন্য এই আইন করা হয়েছিল। এই আইনের মধ্যে কিছু কিছু ব্যবস্থা আছে যেমন যারা ঋণ নেয় এবং যারা ঋণ দেয় সেই মানি লেন্ডার্সকে লোনীর কাছে হিসাব দিতে হয়। অর্থাৎ কত টাকা পেল এবং কত সুদ দিল এইভাবে একটা হিসাব রেখে যাতে তাদের একটা নিয়ন্ত্রণের মধ্যে আনা যায় তার ব্যবস্থা ছিল। কিন্তু সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে কমার্সিয়াল লোন খুব ব্যাপকভাবে হচ্ছে এবং ছোট ছোট ব্যবসায়ী যারা ১/২ হাজার টাকা নেয় তাদের উপর অত্যাচার হচ্ছে। ছোট ছোট ব্যবসায়ী, হকার তাদের ১০০ টাকা করে দিয়ে ডেলি ১ টাকা করে মাসে ৩০০ টাকা সুদ নেয়। আমরা মনে করি এটা নিয়ন্ত্রণ করা দরকার। সেজন্য এই করা হয়েছে। যারা ছোট ছোট ব্যবসায়ী কমার্সিয়াল লোন নেয় তাদের প্রোটেকশনের কোনও ব্যবস্থা নেই। এটা যদি নিয়ন্ত্রণের মধ্যে আনা যায় তাহলে গরিব মানুষের উপকার হবে এবং সুদের যে ব্যবস্থা আছে তাকে একটা উপযুক্ত নিয়ন্ত্রণের মধ্যে আনার চেষ্টা করা হচ্ছে। আমি আশা করছি যে ভাল ব্যবস্থা নিয়ে এই বিল আনা হয়েছে তাতে এই বিল মাননীয় সদস্যরা সকলেই গ্রহণ করবেন।

**শ্রী পঞ্চানন দিগপতি ঃ** আমি এই বিল সমর্থন করছি।

The motion of Shri Hashim Abdul Halim that the Bengal Money lenders (Amendment) Bill, 1981, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4**

The question that clauses 1 to 4 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 5**

**Shri Ashoke Kumar Bose :** Sir, I beg to move that in clause 5, in the proposed section 30A.

(a) in clause (i), for the words "eighteen per centum", the words "twenty per centum" be substituted,

(b) in clause (ii), or the words "fifteen per centum", the words "Seventeen per centum" be substituted.

Sir, the amendment speeks for itself. So, I do not want to speak any further.

**Shri Hashim Abdul Halim :** Sir, I accept the amendment.

The motion of Shri Ashoke Kumar Bose was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 6, 7 and the Preamble

The question that clauses 6, 7 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to move that the Bengal Money lenders (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 8.13 p.m. till 1 p.m. on Wednesday, the 18th March, 1976, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 18th March, 1981 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah.) in the Chair, 16 Ministers, 5 Ministers of State and 167 Members.

[1-00 - 1-10 p.m.]

### Starred Questions
### (To which oral answers were given)

### Letter of intent for Leather Board Factory

***376.** (Admitted question No. *120.) **Shri Sumanta Kumar Hira :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if it is a fact that the West Bengal State Leather Industries Development Corporation has obtained a Letter of intent of a project for production of Leather Board from rejected Leather and Leather dust;

(b) if so;

(i) what is the out line of the project;

(ii) when was the Latter of Intent issued by the Government of India; and

(iii) what action has been taken for implementation of the same?

**Shri Chittabrata Majumdar :**

(a) Yes.

(b) (i) An outline of the project is given below :—

(1) Name of the project — Leather Board Project.

(2) Implementing Agency — West Bengal State Leather Industries Development Corporation Limited.

(3) Anunal Capacity — Rupees Two Crores.

(4) Major Raw Materials — Chrome sharing of the tanneries, Leather cutting availability in Calcutta Plus others, Materials like paper rag, jute wastes, rubber latex & chemicals etc.

The basic raw materials are avaiable in the Tangra area. The project will reduce the effluent & air pollution problems. The leather Board will be utilised as insole, sole, heel or other various soft leather for leather goods & chappals for the use of low & middle income group people of the rural India.

(ii) The W.B.S.L.I.D.Corporation Ltd received a letter of intent on 26.11.79 for this project which later on, extended up to 25.5.81.

(iii) As the project is a new one & no technology is available in India, the Corporation floated global tenders for the project.

Seven firms have responsed which are in the process of technical scrutiny by the technical experts of this Corporation.

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই লেদার বোর্ড কারখানা এস্টাবলিশড হয় তাহলে কত লোককে প্রোবাবেল এমপ্লয়মেন্ট দিতে পারবেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা এখনই বলা সম্ভব নয়। ডিটেল প্রোজেক্ট রিপোর্ট তৈরি হলে বলতে পারব।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে লেদার বোর্ডের লেটার অফ ইনটেন্ট পশ্চিমবাংলা পেয়েছে। এর কারণ এই কি যে পশ্চিমবাংলার বাইরে, রাজস্থান, অন্ধ্র, কর্নাটক যেখানে কংগ্রেস সরকার আছে, সেখানে লেদার ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে। কিন্তু তাদের কর্পোরেশন পারফরমেন্স অত্যন্ত খারাপ, সেই কারণেই কি পশ্চিমবাংলায় দিতে বাধ্য হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আই ডিসঅ্যালাউ দিস কোয়েশ্চেন।

## Incentives to Jute Industry

***377.** (Admitted question No. *334.) **Shri A. K. M. Hassan**

**Uzzaman :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to provide incentives to encourage the Jute Industry in West Bengal to resort to modernisation; and

(b) if so;

what are the incentives offered by the State Government?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Incentives sanctioned under the West Bengal Incentive Scheme, 1978 are available to the existing industrial units for expansion of the capacity of the industrial undertakings in this State and also to them as well as the new entrepreneurs for setting up large and medium scale units in this State.

Under the scheme, no incentive is available to the existing units for modernisation or diversification of production with in the over all licenced capacity of the units.

(b) Does not arise.

**ন্যস্ত জমি বন্টন**

*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৫।) **শ্রী গোপাল মন্ডল ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে—

(ক) ১৯৭৭ সালে বর্তমান রাজ্যসরকার ক্ষমতায় আসবার সময় সরকারে ন্যস্ত জমির কতটা পরিমাণ আনসেটেল্ড ছিল;

(খ) জুলাই ১৯৭৭ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত অতিরিক্ত কত জমি সরকারে ন্যস্ত হয়েছে;

(গ) এই দুই প্রকারের জমির মধ্যে ৩১শে ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত কতটা পরিমাণ পাট্টা দেওয়া হয়েছে; এবং

(ঘ) যে সমস্ত জমি এখনও আনসেটেল্ড আছে সেগুলি পাট্টা দেবার বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) পূর্ববর্তী সরকার একসময় বলেছিলেন যে, সমস্ত ন্যস্ত জমি বিলি করা হয়ে গেছে। এই সরকার ক্ষমতায় আসার পর অনুসন্ধান করে দেখেন যে, এই তথ্য অনেকাংশে নির্ভরযোগ্য নয়। নতুন করে তথ্যাদি সংগ্রহ করতে সময় লাগে। অবশেষে, ৩১.১২.৮০ তারিখে একটি মোটামুটি গ্রহণযোগ্য পরিসংখ্যান সংকলন করা হয়। তদানুযায়ী, ঐ ৩১.১২.৮০ তারিখের পরিমাণ বার করা হয়েছিল ৩.৪৩ লক্ষ একর।

(খ) জুলাই ১৯৭৭ থেকে ৩১.১২.৮০ পর্যন্ত মোট ১,৫২,৯১০ একর উদ্বৃত্ত কৃষি জমি সরকারে ন্যস্ত হয়েছে।

(গ) ৩১.১২.৮০ পর্যন্ত মোট ৬,৭৩,৪৫২ একর কৃষি জমি বিলি করা হয়েছে।

(ঘ) জমি বিলি সুষ্ঠভাবে ত্বরান্বিত করার জন্যে পঞ্চায়েত সমিতির ভূমি সংস্কার ও বিভিন্ন স্থায়ী সমিতিগুলিকে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার বিধি অনুযায়ী ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসারি কমিটির অধীনে দেওয়া হয়েছে।

## হাওড়া শহরে শরৎ সদন নির্মাণ

*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া শহরে শরৎ সদন নির্মাণের কোনও পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, বর্তমানে তা কোন পর্যায়ে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ আছে।

(খ) প্ল্যান ও এস্টিমেট তৈরির পর্যায়ে আছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই শরৎ সদন নির্মাণের জন্য কত টাকা সরকারিভাবে বরাদ্দ করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বরাদ্দের প্রশ্ন নয়, যা এস্টিমেট করবে তাই-ই বরাদ্দ হবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন হাওড়াতে পরিকল্পনা আছে, সারা পশ্চিমবঙ্গে এই জাতীয় কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অন্যান্য জেলায় পরিকল্পনা আছে রবীন্দ্র সদনের, হাওড়ায় রবীন্দ্র সদন নেই, ওখানে যে ভবনটি হবে ওটা হচ্ছে শরৎ সদন।

**ভৈরব নদীর ভাঙ্গন**

***৩৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫০।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভৈরব নদীর ভাঙ্গন প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে কোনও কোনও জায়গায় এই পরিকল্পনা কার্যকর করা হবে; এবং

(গ) এ বাবদ কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ আছে। ভৈরব নদীর ভাঙ্গন প্রতিরোধের জন্য কতকগুলি পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) নিম্নলিখিত অঞ্চলগুলিতে পরিকল্পনাগুলি কার্যকর করা হইবে ঃ—

১। ডোমকল থানার অন্তর্গত জিতপুর গ্রামের সম্মুখে।

২। রানীনগর থানার অন্তর্গত চরহরহরি গ্রামের সম্মুখে।

৩। নওদা থানার অন্তর্গত গোঘাটা গ্রামের সম্মুখে।

(গ) উপরিউক্ত ১ নং পরিকল্পনা বাদে ১৯৮০-১৯৮১ সালের সংশোধিত বাজেটে ১ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত কাজ শুরু হইয়াছে। ১ নং ও ২ নং পরিকল্পনা বাবদ একসঙ্গে ১৯৮১-৮২ সালের বাজেটে ২ লক্ষ টাকা ধরা আছে। ৩ নং পরিকল্পনা বাবদ ১৯৮১-৮২ সালের বাজেটে ২ লক্ষ টাকা ধরা আছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন পরিকল্পনা করা হয়েছে, এই পরিকল্পনা কবে বাস্তবে রূপায়িত হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা আশা করছি এই বছরে শুরু করতে পারব।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, নওদা থানার অন্তর্গত গোঘাটায় যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে কত টাকা বরাদ্দ করেছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী হবিবুর রহমান ঃ** আপনি বললেন প্রথমে যেটা হয়েছিল তার জন্য ১৯৮০/৮১ সালে এত বরাদ্দ করেছি। আমার প্রশ্ন হচ্ছে, এটা কি ১৯৮০/৮১ সালে হবে, না ১৯৮১/৮২ সালে হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি বলেছি ১৯৮০/৮১ সালে ১ লক্ষ টাকা। আবার একথাও বলেছি এই কাজগুলি যখন করা হবে তখন ১৯৮১/৮২ সালের বাজেটে এই কাজগুলি করার জন্য ২ লক্ষ টাকা ধরা হয়েছে।

**শ্রী হবিবুর রহমান ঃ** ১৯৮০/৮১ সালে যেটা বরাদ্দ করেছিলেন সেটা ব্যয় করেছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** তখন কাজ করা যায়নি, এই বছর সেই কাজ শুরু হবে।

**শ্রী হবিবুর রহমান ঃ** সেখানে পাকা রাস্তা নেই। এখন সিজন চলে যাচ্ছে কাজেই এখনই যদি কাজ শুরু না করেন তাহলে তো বর্ষা এসে যাবে। এ বিষয় আপনি কি চিন্তা করছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি ভৈরব নদী দেখে এসেছি। আমরা বর্ষার পূর্বেই কাজ শুরু করব। এবং যদি কিছু বাকি থাকে তাহলে সেই কাজ বর্ষার পর হবে। আর খরচ না হবার কারণ যদি জানতে চান তাহলে নোটিশ দিন।

### ক্ষুদ্রায়তন শিল্প-ইউনিটের রেজিস্ট্রিকরণ

***৩৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার প্রতিষ্ঠার পর হইতে রাজ্যে এ পর্যন্ত (৩১শে জানুয়ারি, ১৯৮১) কতগুলি "স্মল-স্কেল ইন্ডাস্ট্রিয়াল ইউনিট" (স্মল-স্কেল ইন্ডাস্ট্রিয়াল ইউনিট) রেজেস্ট্রি হয়েছে; এবং

(খ) ঐ ইউনিটগুলিতে (৩১শে জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত) কত সংখ্যক লোকের কর্মসংস্থান হয়েছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) বর্তমান সরকার প্রতিষ্ঠার পর হইতে ৩১শে জানুয়ারি ১৯৮১ পর্যন্ত ৩৮ হাজার ৭৮৮টি কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থা পশ্চিমবঙ্গ কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারের সহিত নিবন্ধীভুক্ত হয়েছে।

(খ) সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। তবে উক্ত নিবন্ধীভুক্ত কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থায় প্রজেক্ট অনুযায়ী সম্ভাব্য কর্মসংস্থান ৩ লক্ষ ৩০ হাজার ৪৭৪ জনের বলিয়া নির্দিষ্ট আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮১/৮২ সালে পশ্চিমবাংলায় কতগুলি স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ইউনিট স্থাপন করা হবে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** কোনও ক্ষেত্রেই স্মল স্কেল সেক্টরে আগে থেকে ঠিক করা হয় না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পশ্চিমবাংলায় স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ইউনিট স্থাপনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতা পাচ্ছেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** সাধারণভাবে অনেক ক্ষেত্রেই পাচ্ছি না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ৩৮ হাজার ৭৮৮টি নিবন্ধভুক্ত হয়েছে তাতে আপনারা কত মার্জিন মানি দিয়েছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** যে ইউনিটগুলো হয়েছে তার সবক্ষেত্রে মার্জিন মানি আসে না। মার্জিন মানির পরিমাণ হচ্ছে, ১৯৭৭/৭৮ সালে ১৯ লক্ষ ২৬ হাজার, ১৯৭৮/৭৯ সালে ২৭ লক্ষ ৯১ হাজার, ১৯৭৯/৮০ সালে ৩৭ লক্ষ ৪৯ হাজার। এগুলি নূতন ইউনিট সেটআপ হয়েছে কাজেই পুরানোগুলির রিফ্লেকশন এটা থেকে বোঝা যাবে না। কিছুটা ট্রেন্ড শুধু বোঝা যাবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই ৩৮ হাজার ৭৮৮টির মধ্যে কতগুলি ব্যাঙ্ক থেকে সাহায্য পেয়েছে বলবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** ব্যাঙ্ক থেকে কত সাহায্য পেয়েছে সেটা এর মধ্য থেকে বলা সম্ভব নয়।

## কল্যাণীতে সিমেন্ট কারখানা

***৩৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণীতে যে নূতন সিমেন্ট তৈরির কারখানা স্থাপন করা হচ্ছে তার উৎপাদন কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়;

(খ) এই কারখানার উৎপাদনের লক্ষ্যমাত্রা কত; এবং

(গ) কত জন লোকের কর্মসংস্থান হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) কল্যাণীতে কোনও নুতন সিমেন্ট কারখানা হইতেছে না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

*383 Held over

**কোচবিহারে নথীভুক্ত বর্গাদার**

***৩৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৩।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় ১লা ফেব্রুয়ারি, ১৯৮০ তারিখের পর হইতে ঐ পর্যন্ত কতজন বর্গাদার-এর নাম নথীভুক্ত করা হইয়াছে; এবং

(খ) উক্ত জেলার আনুমানিক কত সংখ্যক বর্গাদারের নাম নথীভুক্ত করা বাকি আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ৭,৭৫৬ জন।

(খ) জেলাওয়ারি কোনও হিসাব করা হয়নি।

**আলোর ফুলকির দ্বিতীয় সংস্করণ**

***৩৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৬।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য 'আলোর ফুলকি' নামক গ্রন্থটির দ্বিতীয় সংস্করণের জন্য গত নভেম্বর মাসে বহু ক্রেতার নিকট হইতে অগ্রিম টাকা লওয়া হইয়াছে অথচ আজ পর্যন্ত গ্রন্থটি দেওয়ার কোনও ব্যবস্থা হইতেছে না;

(খ) সত্য হইলে তার কারণ কি; এবং

(গ) এই দ্বিতীয় সংস্করণের জন্য মোট কত টাকা অগ্রিম হিসাবে জমা পড়িয়াছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আলোর ফুলকির জন্যে নির্দিষ্ট কাগজের দাম গত অক্টোবর মাসে অগ্রিম দেওয়া সত্ত্বেও মেসার্স হিন্দুস্থান পেপার কর্পোরেশন (ভারত সরকারের একটি উদ্যোগ) যথা সময়ে কাগজ সরবরাহ করেননি বলে প্রকাশনা বিলম্বিত হচ্ছে।

(গ) মোট ২,৯৫,১১৫.০০ টাকা (দুই লক্ষ পঁচানব্বই হাজার একশত পনেরো টাকা) অগ্রিম হিসাবে জমা পড়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই গ্রন্থটি কবে নাগাদ বিলি করতে পারবেন বলে আশা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি যতদূর জানি কাগজ এসে গেছে, এখন ছাপা হচ্ছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই আলোর ফুলকি (দ্বিতীয় সংস্করণ) বইটি যে ছাপা হচ্ছে এতে শিবরাম চক্রবর্তীর লেখা থাকবে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

## কাঁথির কাঁদুয়া স্লুইস নির্মাণ

***৩৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৯।) **শ্রী সত্যব্রত মাইতি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানা এলাকার ২নং ফেজের জল নিকাশির জন্য কাঁদুয়া স্লুইস নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) ঐ স্লুইসের আউটফল-এর জন্য যে জায়গার প্রয়োজন তা পাওয়া গেছে কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) স্লুইসটির ভিত্তি স্থাপনের জন্যে বর্তমানে খননের কাজ (Foundation Excavation) চলছে।

(খ) না। তবে রাজ্য সরকারের মৎস্য বিভাগ ও বন বিভাগের নিকট হইতে সেচ বিভাগে জমি হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইয়াছে; শীঘ্র উহা সম্পন্ন হবে বলে আশা করা যায়।

## দক্ষিণ ২৪-পরগনায় শিল্প প্রসার

***৩৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৪।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

দক্ষিণ ২৪-পরগনার অনুন্নত অঞ্চলে শিল্প প্রসার ও নূতন শিল্পকেন্দ্র করার জন্য

বর্তমান রাজ্যসরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

নূতন শিল্প কেন্দ্র স্থাপনের জন্য বর্তমানে রাজ্য সরকারের কোনও নির্দিষ্ট পরিকল্পনা নাই, তবে উক্ত অঞ্চলে (সি.এম.ডি. এলাকার বহির্ভূত) মাঝারি বড় শিল্প প্রসারের জন্য সরকার শিল্প স্থাপনের উদ্যোক্তাদের শিল্প স্থাপনের জন্য নিম্নোক্ত সুযোগ সুবিধা দিয়া থাকেন ঃ—

(১) সম্ভাব্য — নিরূপক প্রতিবেদনের জন্য ৭৫ শতাংশ ঋণ মঞ্জুর করিয়া থাকেন।

(২) বিক্রয়কর ঋণ হিসাবে ফেরৎ দেওয়া হইয়া থাকে।

(৩) অতিরিক্ত নিয়োগের জন্য ১৫ শতাংশ অনুদান দেওয়া হইয়া থাকে।

(৪) নিজস্ব-বিদ্যুৎ উৎপাদক যন্ত্র স্থাপনে ২৫ শতাংশ অনুদান দেওয়া হইয়া থাকে।

(৫) ৩০ শতাংশ বিদ্যুৎ-অনুদান দেওয়া হইয়া থাকে।

(৬) ১৫ শতাংশ মূলধন বিনিয়োগ অনুদান দেওয়া হইয়া থাকে। এবং

(৭) ১৫ শতাংশ উন্নয়ন ঋণ মঞ্জুর করা হইয়া থাকে।

## Shortage of staff in J.L.R.O. Offices

***389.** (Admitted question No. *1293.) **Shri Sasanka Sekhar Mondal :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) if it is a fact that the borgader and patta holders are facing great difficulties in respect of receiving grants/loans for cultivation due to shortage of staff in the J.L.R.O. Offices;

(b) if so; what action has so far been taken by the Government to cope with the extra work load?

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) J.L.R.O offices do not sanction Grants/Loans to Bargadars and Pattaholders. The lists of Bargadars and Pattaholders are sent to the Panchayats by J.L.R.O's Settlement Camps, forward the cases to the Banks. The sanction is finally given by the Banks. The question of shortage of staff in offices of J.L.R.O's leading to

any problem of payment does not, therefore, arise.

(b) Does not arise.

[1-20 – 1-30 p.m.]

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** পল্লী অঞ্চলে জে.এল.আর.ও. অফিসে যারা পাট্টাধারী বা ভাগচাষীরা গেলে তাদের সেখানে পার্মিশন সহ লোনের জন্য খুব অসুবিধা হচ্ছে, এই বিষয়ে কি আপনি অবহিত আছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** হ্যাঁ, অবহিত আছি। আমি আগেই বললাম, প্রত্যেকটি পঞ্চায়েত অফিসে, সেই জায়গার যারা অ্যালটি অফ ভেস্টেড ল্যান্ড, পাট্টা হোল্ডার এবং বর্গাদারদের নাম দিয়ে দেওয়া হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, জে.এল.আর.ও. অফিসে এখন কাজের পরিমাণ যা বৃদ্ধি পেয়েছে, সেই পরিমাণ স্টাফ বাড়াবার কথা কি মন্ত্রী চিন্তা করছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই প্রশ্নের সঙ্গে ওটা যুক্ত নয়। তবুও আমি বলছি যে আমি আসার পর কে.জি.ও.'র ট্রেনিং দিয়ে পরীক্ষা নিয়ে পোস্টিং এর ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** জে.এল.আর.ও. অফিসে যে রিপোর্ট হচ্ছে, কত পারসেন্ট এনকোয়ারি রিপোর্টের জবাব দিতে পারছেন বলবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন থেকে এটা আসে না।

## সরকারি অফিসের কাজে বাংলা ভাষা

***৩৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯২।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকারি অফিস হইতে পশ্চিমবঙ্গের—

(১) অন্যান্য সরকারি অফিসে ও

(২) বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে লেখা চিঠির ভাষা হিসাবে বাংলাকে আবশ্যিক করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(১) আছে।

(২) আপাতত যথাসম্ভব বাংলা ভাষা লেখা — চিঠির উত্তর বাংলা ভাষায় দেওয়া হয়।

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে বাংলা ভাষায় চিঠিপত্র আদান প্রদান করার সুযোগ করে দেব্রার জন্য বাংলা টাইপ মেশিনে শিক্ষা দেবার কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা ২০০ নুতন বাংলা টাইপ মেশিন কিনেছি। কলকাতার দু জায়গায় বাংলা টাইপ শেখানোর ব্যবস্থা করেছি। জেলাগুলোতে যাতে শীঘ্র শুরু করতে পারি তার চেষ্টা করছি!

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** জেলাগুলিতে যখন এই বাংলা টাইপ রাইটার মেশিনে কাজ করার ট্রেনিং এর ব্যবস্থা করবেন, তখন উত্তরবাংলার কোন জেলাকে অগ্রাধিকার দেবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** শুরু হলে উত্তরবাংলা পাঁচটি জেলাতেই ব্যবস্থা করা হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জেলা ম্যাজিস্ট্রেট অফিসে কোনও বাংলা টাইপ মেশিন সরবরাহ করা হবে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বললাম তো যে ২০০ বাংলা টাইপ রাইটার মেশিন কেনা হয়েছে, কলকাতার দুটি জায়গায় আমরা ট্রেনিং এর ব্যবস্থা করেছি, এবং জেলাগুলোতেও মেশিন দেওয়া হচ্ছে।

## *391 Held over

### মেদিনীপুরের ইটাবেড়িয়া খালের সংস্কার

***৩৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪২।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মংলামাড়ো হইতে নন্দীচক পর্যন্ত ইটাবেড়িয়া খালের সংস্কার সর্বশেষ কোনও সালে হইয়াছিল; এবং

(খ) উক্ত খালটির পুনঃসংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) ১৯৭৮ সালের বন্যার পরে মংলামাড়ো হইতে ইটাবেড়িয়া বাজার পর্যন্ত কোনও কোনও জায়গায় খালের আংশিক সংস্কার করিয়া বাঁধের মেরামত করা হইয়াছে।

(খ) উক্ত খালের পূর্ণ সংস্কারের পরিকল্পনা করিবার ব্যবস্থা চলিতেছে। ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত করিয়া পরিকল্পনার রূপ দেবার ব্যবস্থা চলিতেছে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এই ইটাবেড়িয়া খাল ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত হয়নি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান যখন তৈরি হয়ে যাবে তখন তার মধ্যে এটাকে অন্তর্ভুক্ত করা হবে।

**শ্রী কিরণময় নন্দ :** ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান এর কাজ শেষ হয়ে গেছে কিন্তু এখনও পর্যন্ত তার মধ্যে ইটাবেড়িয়া খালকে অন্তর্ভুক্ত করা হয় নি, এই কথা কি তিনি জানেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমি তো বলেছি যে এটাকে অন্তর্ভুক্ত করা হবে।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এই খাল সংস্কারের জন্য গত দু বছর ধরে বাজেটে টাকা বরাদ্দ হলেও কোনও কাজ কোথাও হয়নি এই সম্পর্কে কি আপনার খবর আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** হ্যাঁ, আমি জানি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান তৈরি হবে বলছেন, এটা বহুদিন ধরে বলছেন কবে নাগাদ হবে বলবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমরা ভগবানপুর মাস্টার প্ল্যান তৈরি করে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের কাছে পাঠিয়েছি। ওরা বারবার ফেরৎ পাঠিয়ে দিয়েছে। সেইজন্য আমরা ফ্লাড কন্ট্রোল কমিশনের চেয়ারম্যানের কাছে বলেছি বার বার ফেরৎ দিলে চলবে না। আপনারা এখানে এসে আমাদের অফিসারদের সাথে বসে আলোচনা করে তাড়াতাড়ি সমাধান করবেন।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন খাল কাটার কাজ এখানে ওখানে আংশিক ভাবে হয়েছে। আংশিক ভাবে কোথায় কোথায় কোন মৌজায় কত মাটি কাটা হয়েছে, মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** এটা জানতে হলে নোটিশ দেবেন, বলে দেব।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ভগবানপুর মাস্টার প্ল্যান ছাড়া আলাদা ভাবে ইটাবেড়িয়া খালের কাজ করতে অন্তরায় কোথায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান এটা ইনক্লুড করার চেষ্টা করছি। যদি করা যায় সেই ভাবে করব, আর যদি না করা যায় তাহলে আলাদা ভাবে করব।

### কোলে বিস্কুট কারখানার লক আউট

*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৫।) **শ্রী গুণধর চৌধুরি :** বন্ধ ও রুগ্ন শিল্প

গের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে কলকাতায় কোলে বিস্কুট কোং প্রাঃ লিমিটেড নামক বিস্কুট কারখানাটি বর্তমানে বন্ধ অবস্থায় আছে;

খ) সত্য হইলে, তাহার কারণ কি?

গ) উক্ত কারখানাটি কতদিন যাবৎ বন্ধ অবস্থায় আছে;

ঘ) ঐ কারখানা বন্ধ করিয়া দিবার ফলে কতজন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হইয়াছেন; এবং

ঙ) উক্ত কারখানার মালিক বা মালিকগণের নাম কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

ক), (খ), (গ) — চাহিদা অনুযায়ী বর্ধিত হারে বোনাসদানে অক্ষমতার জন্য উক্ত কারখানাটি ১৯৮০ সালের ১৭ই অক্টোবর থেকে 'লক-আউট' অবস্থায় আছে।

) প্রায় ১২০০ শ্রমিক কর্মচারী কারখানাটিতে কর্মরত ছিলেন।

) উক্ত কারখানাটি বর্তমানে যাঁদের পরিচালনাধীন আছে তাঁরা হচ্ছেন ঃ—

এন. সি. কোলে (চেয়ারম্যান),

এ. কে. কোলে, এবং

এ. কোলে।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** আপনি বললেন চাহিদা অনুযায়ী বর্দ্ধিত হারে বোনাসদানে অক্ষমতার উক্ত কারখানাটি লক-আউট অবস্থায় আছে শ্রমিকরা কত বোনাস চেয়েছিল এবং মালিক কত বোনাস দিতে রাজি হয়েছিলেন, সেটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমার কাছে যে নোট আছে তাতে দেখা যাচ্ছে মালিক চেয়েছিলেন ১৯ পারসেন্ট, আর শ্রমিকরা দাবি করেছিল ২০ পারসেন্ট।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** ওখানে ১২০০ শ্রমিক কর্মরত ছিলেন। ৫ মাস যাবৎ তারা রে, অর্দ্ধাহারে আছে। সরকার থেকে এই কারখানা খোলার ব্যাপারে কোনও ব্যবস্থা হয়েছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** কারখানাটি খোলার ব্যাপারে শ্রম দপ্তর চেষ্টা করছেন।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** এই কারখানার মালিকের নাম বললেন এ. কে. কোলে — তিনি কি ইন্দিরা কংগ্রেসের নেতা এবং প্রাক্তন এম. এল. এ.?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** এই কারখানাটি খোলার জন্য কংগ্রেস নিয়ন্ত্রিত আই. এন. টি. ইউ. সি. ইউনিয়ন বা অক্ষয়বাবু চেষ্টা করেছিলেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** তা আমি বলতে পারব না।

**রামনগর সুগার মিল প্রভৃতি সংস্থার দখলিকৃত জমি**

*৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৮।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর সুগার মিল এবং আরও কয়েকটি সংস্থার মোট দখলিকৃত জমির পরিমাণ নির্ধারণ করার কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কিছু জমি খাস হইয়াছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ও (খ) Revisional Settlement Operation এরপর Finally published record of rights অনুসারে রামনগর সুগার কেন এবং সুগার কোম্পানি লিমিটেড এর নদীয়া, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলায় সর্বমোট ৮১২১.৯৮ একর জমি আছে বলিয়া দেখা গিয়াছে। এই জমি কিভাবে ব্যবহৃত হইতেছে সে সম্বন্ধে একটি বিশদ পরিমাপ ও সমীক্ষা (Reconnaissance Survey) করা হইয়াছে। তারপর W.B.EA. Act এর ৬(৩) ধারার অনুবিধি (Proviso) অনুযায়ী মিলের জমি সংক্রান্ত বিষয়ে একটি রিভিউ প্রোসিডিংস (Review Proceedings) সম্প্রতি শুরু করা হইয়াছে। এই প্রোসিডিংস সমাপ্ত হইলে কোনও জমি সরকার ন্যস্ত হইবে কিনা তাহা জানা যাইবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** আপনার কাছে ডেপুটেশন দেবার সময় বলেছিলাম মুর্শিদাবাদ জেলার জয়হিন্দ কোম্পানিরও জমি ছিল। সেই সময় এই জয়হিন্দ কোম্পানির ব্যাপারটাও দেখার কথা হয়েছিল। এই বিষয়ে কি ঠিক হয়েছে, জানাবেন?

[1-30 – 1-40 p.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ডেপুটেশন যখন দেওয়া হয়েছিল [illegible] যা বলা হয়েছিল সেটা অন[illegible] কথা, এখানে প্রশ্ন যে ভাবে দেওয়া হয়[illegible] সেই ভাবেই [illegible] উত্তর দিতে হবে এবং

তথ্য রাখতে হবে। সেইজন্যই বলছি, এ সম্পর্কে আলাদা প্রশ্ন করবেন আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** রামনগর সুগার মিলের ক্যাপটিভ ফিল্ড যেগুলি সেখানে বহু জমিতে সরষের চাষ হয় এবং সেই সরষে এদের রাজস্থানে যে ভেজিটেবিল প্রডাক্টের কারখানা আছে সেখানে যায় একথা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি আমার উত্তরে বলেছি যে সেখানে এই জমিগুলি কি ভাবে ব্যবহৃত হচ্ছে সে সম্পর্কে একটি সমীক্ষা হচ্ছে। সমীক্ষার কাজ শেষ হলেই সেসব জানা যাবে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** এই রামনগর সুগার মিল এবং অন্যান্য কারখানা যেগুলি সিক হয়ে যাবার জন্য বন্ধ হয়ে গিয়েছে সেই সমস্ত কারখানার বহু জমি তারা অন্য কাজে ব্যবহার করছে — এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**Mr. Speaker :** That question does not arise.

## ১৯৮০ সালে ক্ষুদ্রায়তন শিল্প স্থাপন

***৩৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯৬।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০ সালের ১লা জানুয়ারি হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি ক্ষুদ্রশিল্প স্থাপনের জন্য নাম রেজিস্ট্রিকৃত করা হয়েছিল;

(খ) উক্ত নথিপত্র সংখ্যার মধ্যে ওই সময়ে প্রকৃতপক্ষে কতগুলি ক্ষুদ্রশিল্প ইউনিট কাজ শুরু করে; এবং

(গ) উক্ত ইউনিটগুলিতে কতজনের কর্মসংস্থান সম্ভব হয়েছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) ১৯৮০ সালের ১লা জানুয়ারি হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারের সহিত নথিভুক্ত ক্ষুদ্র শিল্প সংস্থার সংখ্যা ১২৮৩৯ (কলকাতা সহ)।

(খ) ঐ সময়ের মধ্যে উপরোক্ত নথিভুক্ত সংখ্যার মধ্যে ৩৭২০টি শিল্প সংস্থা কাজ শুরু করে।

(গ) 'খ'তে উল্লিখিত নথিভুক্ত শিল্প সংস্থাগুলিতে আনুমানিক ১৮,৮৭৬ জনের কর্মসংস্থান হয়েছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** এই সমস্ত ক্ষুদ্র শিল্প যেগুলি কাজ শুরু করেছে তাদের সরকারের পক্ষ থেকে মোট কত টাকা আর্থিক সহয়তা দেওয়া হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা এইভাবে এখন বলা সম্ভব নয়। সেখানে বিভিন্ন রকমের স্কীম আছে — কাউকে হয়ত পুরো টাকাটা গভর্নমেন্ট দিয়েছে, কাউকে হয়ত মার্জিনাল মানি দিয়েছে আবার কারুর ক্ষেত্রে হয়ত গভর্নমেন্টের টাকার প্রয়োজনই হয়নি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৮০ সালের জানুয়ারি মাস থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ১২ হাজার ৮৩৯টি ফ্যাক্টরি রেজিস্ট্রি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, মোট কত ফ্যাক্টরি রেজিস্ট্রেশনের জন্য দরখাস্ত করেছিল?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নোটিশ চাই।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ১২ হাজার ৮৩৯টি রেজিস্ট্রি হয়েছে এবং কাজ শুরু করেছে ৩ হাজার ৭২০টি। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এত কম সংখ্যক সংস্থার কাজ শুরু করার কারণ কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** কিছু কিছু পুরোনো সংস্থা যাদের রেজিস্ট্রেশন ছিল না তারা এর ভেতরে রিজিস্ট্রেশন করিয়ে নিয়েছেন, কিছু সংস্থা রেজিস্ট্রেশন পেয়েছেন কিন্তু একটু বড় ধরনের সংস্থা হওয়ার জন্য স্বাভাবিকভাবেই তাদের কাজটা শুরু করতে দেরি হবে এবং কিছু সংস্থা রেজিস্ট্রেশন পাবার পর হয়ত এফেকটিভ প্রোগ্রাম নিতে পারেননি — এই সমস্ত কারণ আছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** রেজিস্ট্রেশন পাবার পর এদের কাজ দেখাশুনা করার জন্য ক্ষুদ্র শিল্প দপ্তর থেকে কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** হ্যাঁ।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই রেজিস্ট্রিকৃত ইউনিটগুলিতে মোট কত লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে বলে নির্দিষ্ট ছিল?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নোটিশ চাই।

### মেদিনীপুরের ডুহুং নদীতে বাঁধ নির্মাণ

***৩৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৩।) **শ্রী রামচন্দ্র শতপথি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ডুহুং নদীতে বাঁধ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে

কি;

(খ) থাকিলে, ঐ বাঁধ কোথায় নির্মাণ করা হবে;

(গ) ঐ বাঁধ নির্মাণের জন্য কত টাকা ব্যয় হবে; এবং

(ঘ) কি পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করা সম্ভব হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) না;

(খ), (গ) এবং (ঘ) এই প্রশ্ন ওঠে না।

আপনি খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন বলে আমি একটু বলে দিচ্ছি। এটা ঝাউগ্রাম মহকুমার পক্ষে এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমি এই সম্পর্কে আপনাকে বলে দিচ্ছি। মেদিনীপুর জেলার জলঙ্গী নদীতে জলসেচের বিবেচনার জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। লোয়ারে জলধার নির্মাণের জন্য ড্যাম তৈরি করার জন্য মোট ১১ কোটি ৩৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং তাতে খারিফেরে চাষ হবে ৩০ হাজার একর এবং রবির চাষ হবে ১০ হাজার একর। তেমনি আপারে জলাধার ড্যাম তৈরি করার জন্য বিনপুর থানার মধ্যে হবে তাতে ৮ কোটি ৬২ লক্ষ টাকা ধরা হয়েছে। এত রবি হবে ১৭ হাজার ৭৯৮ একরে।

**দেউলভিড়া গ্রামে (বাঁকুড়া) প্রাচীন মন্দিরের ধ্বংসাবশেষ খনন**

***৩৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২০১৯।) **ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার ইন্দপুর অঞ্চলের অন্তর্গত দেউলভিড়া গ্রামে গত বৎসর একটি প্রাচীন মন্দিরের ধ্বংসাবশেষের খনন কাজ শুরু করা হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ বাবদে এ পর্যন্ত কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(গ) উক্ত খনন কার্য কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ঐ

## সিমেন্ট কারখানা

***৩৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৯।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কয়টি সিমেন্ট কারখানা আছে;

(খ) কারখানাগুলি কোথায় কোথায় অবস্থিত; এবং

(গ) পুরুলিয়া জেলায় ঝালদায় প্রস্তাবিত সিমেন্ট কারখানা স্থাপনের ব্যাপারটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) পশ্চিমবঙ্গে একটি সিমেন্ট কারখানা আছে।

(খ) উক্ত সিমেন্ট কারখানাটি দুর্গাপুরে অবস্থিত।

(গ) পুরুলিয়া জেলার ঝালদায় যে ধরনের চুনাপাথর পাওয়া যায় তাহা সিমেন্ট তৈরীর পক্ষে যথেষ্ট উপযোগী নয়। এই চুনাপাথার সিমেন্ট তৈরীর পক্ষে লাভ জনক ভাবে উপযোগী করা যায় কি না সে সম্পর্কে নাগপুরের ব্যুরো অফ মাইন্স-এ সমীক্ষা চালানো হইতেছে। পুরুলিয়ায় চুনাপাথর ভিত্তিক সিমেন্ট কারখানা স্থাপনের প্রস্তাবটি ঐ সমীক্ষার প্রতিবেদনের উপর নির্ভরশীল।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পুরুলিয়া ছাড়া পশ্চিমবাংলার আর কোথাও এই ধরনের সিমেন্ট কারখানা করার প্রস্তাব আছে কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সিমেন্ট কারখানার ঠিক এই ভাবে কোনও প্রস্তাব নেই। তবে সিমেন্ট চুর্ণ করার গ্রিন্ডিং ইউনিট বসানোর প্রস্তাব আছে। একটা কুচবিহারে, আর একটা হলদিয়ায়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে রাজমহলে চুনাপাথর পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে বলে কেন্দ্রীয় সরকার সমীক্ষা করেছেন। আপনার কাছে এই রকম কোনও খবর আছে এবং তা দিয়ে ফারাক্কায় সিমেন্ট কারখানা হতে পারে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** রাজমহল বিহারে। এটা পশ্চিমবঙ্গে নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে দুর্গাপুরে যে সিমেন্ট কারখানা তার বার্ষিক উৎপাদন-এর পরিমাণ কত?

**Mr. Speaker :** This question does not arise.

## Collection of Land Revenue

***400.** (Admitted question No. *1793.) **Shri Naba Kumar Roy :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state :

What was the collection of Land Revenue of the Government in 1976-77, 1977-78, 1978-79, 1979-80 and 1980-81 (up to February, 1981)?

**Shri Benoy Krishna Chowdhury :**

The collection of land revenue for the years 1976-77 — Rs. 5.36 crores, 1977-78 — Rs. 6.00 crores, 1978-79 — Rs. 2.49 crores, and 1979-80 — Rs. 2.24 crores (for 10 districts out of 15). For 1980-81 — not yet compiled.

**শ্রী নবকুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ সালের রেভিনিউ কালেকশন কমে গেছে। এর কারণ কি জানাবেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চোধুরি :** এটা আপনারা সকলে জানেন যে ১৯৭৬-৭৭ সালে ঐ যে ৫ কোটি ৩৬, আর ১৯৭৭-৭৮ সালে ৬ কোটি — তখন এই ৪ একর এবং ৬ একরের ছাড় ছিল না। ১৯৭৭-৭৮ সালে আইন তৈরি করা হয় এবং পরে প্রেসিডেন্টের অ্যাসেন্ট পায়। সেই কারণে কালেকশন কম হয়েছে।

**শ্রী নবকুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, ৪ একরের উপর যে ডবল কালেকশন হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** কালেকশন ডবল হয়নি। আপনি প্রশ্ন করেছেন যে এটা কমল কেন? এই জন্য কমল যে সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর বামফ্রন্ট সরকার গরিব কৃষকদের উপর থেকে খাজনার বোঝা লাঘব করার যে নীতি নিয়েছেন, সেই নীতি অনুযায়ী তারা ছাড় পেয়েছে। এটা সিম্পল ম্যাথেমেটিক্সের ব্যাপার যে ছাড় দিলে কমে যায়।

[1-40 - 1-50 p.m.]

**শ্রী নবকুমার রায় :** ১০ একরের উপর জমির যে ডবল খাজনা হচ্ছে, সেটা কালেকশন হলে এত ডেফিসিট হবে কেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এটা ভুল, এটা সত্য নয়। কারণ কংগ্রেস আমলে সেচ এলাকায় তিন গুন, অসেচ এলাকায় দুগুন খাজনা করা হয়েছিল, আমরা সেটা কমিয়ে দিয়েছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ এবা ১৯৭৯-৮০ সালে রাজস্ব বিভাগের ডিমান্ড কত ছিল, হোয়াট ওয়াজ দি ডিমান্ড?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এ প্রশ্নের উত্তর দিতে হলে, নোটিশ চাই।

**শ্রী নবকুমার রায় ঃ** ডিমান্ড অনুযায়ী কালেকশন হয়েছিল কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এ সম্বন্ধে আলাদা প্রশ্ন দেবেন, তখন উত্তর দেব। আপনি যা জানতে চেয়েছিলেন তা জানিয়ে দেওয়া হয়েছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ডবল খাজনা যখন সিঙ্গেল হয়ে গেল তখন শিক্ষা সেস বা পূর্ত কর ইত্যাদিগুলিও কি ডবলের জায়গায় সিঙ্গেল হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** কংগ্রেসি আমলে ট্রিপল হয়েছিল, আমরা সেটা কমিয়েছি। আমাদের আমলে কমানো ছাড়া বাড়ানো হয়নি এবং কারবারের জন্য আমরা এখান থেকেই বিল পাস করেছি, এখানে ল্যান্ড হোল্ডিং লেভি বিল পাশ হয়েছে এবং সেটা প্রেসিডেন্টের অ্যাসেন্ট পেয়েছে, আমরা রুল তৈরি করছি, আগামী ১লা বৈশাখ, নববর্ষে নব-বিধান চালু হবে।

### ঝাড়গ্রাম ৬ নং কংসাবতী ডিভিসনে গাড়ি ভাড়া

***৪০১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৪।) **শ্রী সেখ সিরাজআলি ও শ্রী রামচন্দ্র শতপথি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রামের ৬ নং কংসাবতী ডিভিসনে কোন সাল হইতে এবং কি কারণে অ্যাম্বাসাডার গাড়ি ভাড়া করা হইতেছে;

(খ) ঐ গাড়ি ভাড়া বাবদ আজ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, বিভাগীয় জিপটি মেরামত করা হইতেছে না; এবং

(ঘ) সত্য হইলে, তাহার কারণ কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) বিভাগীয় জিপটি সরকারি গ্যারেজে মেরামতের জন্য থাকায় কংসাবতী মন্ডলের অধীক্ষক বাস্তুকার (Superintending Engineer) মহাশয়ের অনুমতি লইয়া ১৯৮০ সালের ১৮ই আগস্ট হইতে একটি অ্যামবাসাডার গাড়ি ভাড়া করা হয়।

(খ) ঐ গাড়ি ভাড়া বাবদ আজ পর্যন্ত টাঃ ৯১৪৫.৫৫ পঃ ব্যয় হইয়াছে।

(গ) ইহা সত্য নহে। বিভাগীয় জীপটি মেরামত হইয়া গিয়াছে এবং বর্তমানে চালু অবস্থায় রহিয়াছে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## Pay Scales of West Bengal Village and Khadi Industries Board Employees

***402.** (Admitted question No. *2022.) **Shri Haripada Jana (Bhagawanpur) :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if it is a fact that—

(i) the Government has granted a pay scale to the employees working under West Bengal Khadi and Village Industries Board, with effect from 1st April 1960; and

(ii) the technical staff (Field Staff) working under Khadi Industries have not been granted the same; and

(b) if so; reasons thereof?

**Shri Chittabrata Mazumdar :**

(a) (i) Yes.

(ii) No.

(b) Does not arise.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** আপনি দ্বিতীয় প্রশ্নের উত্তরে 'নো' বললেন, এই নো বলার কারণটা কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** কোনও তফাৎ নেই, তাই না বলা হয়েছে। আপনি প্রশ্ন করেছিলেন আলাদা কোনও ব্যবস্থা আছে কিনা — হ্যাব নট বিন গ্রান্টেড দি সেম, এটা বলা হয়েছে, তাদের গ্রান্ট করা হয়েছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, ফিল্ড স্টাফ হিসাবে যারা বিভিন্ন রকমের ট্রেনিং নিয়েছে তাদের স্কেলটা ১৯৬০ সালের ১লা এপ্রিল থেকে স্যাংশন করা হয়েছে বলছেন, কিন্তু যাদের জন্য এখনও কোন স্কেল তৈরি হয়নি বা পরবর্তীকালে স্কেল তৈরি হয়েছে, উভয়ের ক্ষেত্রে ডিফারেন্ট স্কেলের ব্যবস্থা থাকলে, সে দুটিকে এক রকম করবার জন্য আপনি কি কোনও ব্যবস্থা গ্রহণ করবেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নিশ্চয়ই করব।

## জলপাইগুড়ির জয়ন্তীতে ডলোমাইট প্রোজেক্ট

*৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৪।) **শ্রী মনোহর তিরকি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার জয়ন্তীতে ডলোমাইট প্রোজেক্টটি চালু হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, বর্তমানে ঐ প্রোজেক্ট-এর উৎপাদন কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মোট উৎপাদন ১০,২৭০ মেট্রিক টন (১৯৮০ সালের জুলাই মাস পর্যন্ত)

## ২-এম ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বেলিয়াতোড় (বাঁকুড়া)

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৮।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় বেলিয়াতোড়ের নিকট "২-এম ইন্ডাস্ট্রিজ লিমিটেড" এর অস্তিত্ব বর্তমানে বিলুপ্ত হওয়ার মুখে; এবং

(খ) সত্য হইলে যে সমস্ত নিম্নবিত্ত মানুষ প্রস্তাবিত শিল্প সংস্থার 'শেয়ার' ক্রয় করিয়াছিলেন তাহা ফেরত দেওয়ার জন্য কোনও ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা সরকারের আছে কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না, এই ব্যাপারের সহিত রাজ্য সরকার সংশ্লিষ্ট নন।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, বাঁকুড়া জেলায় কোনও শিল্প কারখানা নেই। সুতরাং একটি উদ্যোগ গড়ে উঠল এবং গড়ে উঠতে উঠতে বিলুপ্ত হয়ে গেল। সরকার সেটিকে দায়িত্ব গ্রহণ করে কারখানাটি চালু করার কোনও ব্যবস্থা নেবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, এই উদ্যোগটি ৩ হাজার লোকের ছিল এবং প্রায় ৩ লক্ষের মতন টাকা নিয়ে টাকাগুলি নয়-ছয় করেছেন। সুতরাং সেই দায়িত্ব সরকার গ্রহণ করতে পারেন না।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** এইভাবে কিছু লোক যে গরিব মানুষের টাকাগুলি নিয়ে আত্মসাৎ করল সেক্ষেত্রে কি সরকারের কোনও ভূমিকা নেই?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এখানে যারা শেয়ার কিনেছে তারা যদি রিলিফ চান তাহলে তাদেরকে কোর্টে যেতে হবে এবং কোম্পানি ল-এর কাছে দরখাস্ত করতে হবে। এটা রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত নয়।

### দাসপুর (মেদিনীপুর)-এর দুইটি খালের সংস্কার

***৪১০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৬।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর ১ নং ব্লকের শরবেড়িয়া ৩/১ ও ৩/২ অঞ্চলের জলনিকাশি ব্যবস্থার জন্য গোবিন্দপুর হইতে মকরামপুর এবং দেবকুল হইতে জ্যোতবানী পর্যন্ত মজে যাওয়া খাল দুটি জ্যেতিসর ক্যানেলের সাব-ক্যানেল হিসাবে সংস্কারের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে কতদিনে এই কাজ শুরু হতে পারে;

(গ) এই কাজ শেষ হলে কত একর জমি চাষের উপযোগী হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) এই সংস্কার কার্যে ব্যয়ের পরিমাণ কত হইতে পারে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) এইরূপ কোনও পরিকল্পনা বর্তমানে সেচ বিভাগের বিবেচনাধীন নাই। তবে উক্ত অঞ্চল "Relieving draimage congestion of Anchal 3 & 4 in Ghatal area, Phase - I" পরিকল্পনার অন্তর্গত। ইহা ১৯৮০ সালের জানুয়ারি মাসে সম্পূর্ণ হইয়াছে।

(খ), (গ) ও (ঘ) কোনও প্রশ্নই ওঠে না।

### Salt Factory in Contai

***411.** (Admitted question No. *1694.) **Shri Rash Behari Pal :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the present position of establishing a Salt Factory in Contai Sea Coast area; and

(b) When is it expected to start functioning?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) With a view to set up a Salt Factory in Contai Sea Board area it was decided to allot available salt bearing vested land in contai Sea Board area in favour of M/S. Hindusthan Salt Limited, a Government of India Undertaking. Accordingly, the Board of Revenue and the Land & Land Reforms Department of this Government have been requested to settle about 1000 acres of land in Block 'B' and also to transfer about 400 acres of Land in Block 'C' from the Fisheries Development Corporation, in contai Sea Board area in favour of M/S. Hindusthan Salts Limited. But the aforesaid allotment could not materialise as some small salt units unauthorisedly occupying some lands in the area, moved the High Court against their eviction and obtained a Rule along with an interim order for maintaining the statusquo. The matter is subjudice.

(b) Just at the moment, it is not possible to state.

[1-50 – 2-00 p.m.]

**শ্রী রাসবিহারী পাল ঃ** কত জমি হাইকোর্টের অর্ডারের আন্ডারে আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এক হাজার একরের মতো আছে।

**শ্রী রাসবিহারী পাল ঃ** ওখানে মোট কত জমি আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এক হাজার একরের মতো ভেস্টেড ল্যান্ড আছে, ঐ ভেস্টেড ল্যান্ড আমরা দিতে চেয়েছিলাম।

**শ্রী রাসবিহারী পাল ঃ** অর্ডারের বাইরে যে জমি আছে সেগুলি দেওয়ার কি অসুবিধা আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** চাইলে আমরা এখনি দিতে পারি। কিন্তু নেবার জন্য কেউ আগ্রহী নয়।

**শ্রী কিরণময় নন্দ ঃ** কন্টাইয়েতে কেন্দ্রীয় সরকারের যে সল্ট ফ্যাক্টরি করার পরিকল্পনা হয়েছে, সেটা এখানকার বাজেটে আছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমরা বলতে পারব না, বাজেটে না থাকার কোনও কারণ নেই।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** হিন্দুস্থান সল্ট হস্তান্তরের ব্যাপারে ইতিমধ্যে কোনও রকম করসপন্‌ডেন্স — যোগাযোগ হয়েছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** রিসেন্টলি কোনও রকম যোগাযোগ হয়নি। আমরা চেষ্টা করছি, হাইকোর্টে ভেকেট আছে, এই রকম স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে যে সমস্ত পরিকল্পনাগুলি হাইকোর্টে গিয়েছে সেগুলির প্রতি বিশেষভাবে নজর দেওয়ার জন্য মুখ্যমন্ত্রী আমাদের সকলকে নির্দেশ দিয়েছেন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** ইনজাংশান থেকে মুক্ত করার জন্য কি কি ব্যবস্থা করেছেন?

**মিঃ স্পিকার ঃ** আই ডিসঅ্যালাউ ইট।

**রূপনারায়ণ নদের বাঁধ মেরামত**

*৪১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮০।) **শ্রী স্বদেশরঞ্জন মাজি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৮০ সালে আগস্ট-সেপ্টেম্বর মাসে রূপনারায়ণ নদের বাঁধ মেরামতের যে কাজ হয়েছিল তা সরকারি নিয়ম মেনে হয়েছিল কি না; এবং

(খ) হয়ে থাকিলে ঐ কাজে কত অর্থ ব্যয় হয়েছিল?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ হইয়াছিল।

(খ) অত্যাবশ্যকীয় 'ডোয়ার্ফ এমব্যাঙ্কমেন্ট (Dwarf Embankment)' নির্মাণে আনুমানিক ১,৮০,০০০ টাকা (এক লক্ষ আশি হাজার টাকা) খরচ এবং বাৎসরিক স্বাভাবিক বন্যা প্রতিরোধ (জুন হইতে অক্টোবর পর্যন্ত) খাতে আনুমানিক ৬৫,০০০ (পয়ষট্টি হাজার টাকা) খরচ হইয়াছিল।

**শ্রী স্বদেশরঞ্জন মাজি ঃ** এ বাদে যে কাজটা হচ্ছে সেটা কি যথাযথভাবে হচ্ছে আপনাদের দপ্তরে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এইভাবে বলে কোনও উত্তর হয়না, স্পেসিফিক কোয়েশ্চেন দেবেন, জানিয়ে দেব।

**শ্রী স্বদেশরঞ্জন মাজি ঃ** ঐ বাদে যে কাজ হয়েছে সেটা যথাযথভাবে তদন্ত করে বিল পেমেন্ট করা হয়েছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** কিছু হয়েছে, যা আমরা পেমেন্ট করেছি। কিছু করা হয়নি।

**শ্রী স্বদেশরঞ্জন মাজি :** ঐ বাঁধের কাজ যে কন্ট্রাক্টার করেছেন, তার নামটা জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি বিধানসভার সদস্য, আপনি তো এটা বোঝেন যে, যে কোনও প্রশ্নের সঙ্গে সঙ্গে উত্তর দেওয়া যায় না।

**শ্রী স্বদেশরঞ্জন মাজি :** কে কন্ট্রাক্টারি করেছিলেন ঐ বাঁধে তা আপনার জানা আছে?

**মিঃ স্পিকার :** না।

### Webel Telecommunication Industries Ltd

***414.** (Admitted question No. *1756.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the West Bengal Government firm Webel Telecommunication Industries Limited (WTIL) was disqualified from bidding for the tenders floated last year by DGSD for the supply of Walkie-talkie sets required by the Union Home Ministry; and

(b) if so;

(i) what were the reasons; and

(ii) what action has been taken by the State Government in the matter ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) and (b)

The Webel Telecommunication Industries Ltd. had quoted against a DGS&D order for a DCPW indent. Acceptance of offer was however been delayed on the issue of alleged violation of some provisions of the industrial licence viz. no foreign collaboration would be allowed. The State Government took up the matter at the highest level and it was explained to the Government of India that the allegation was totally unfounded and the company had not entered into any foreign collaboration agreement. It is

learnt that the above matter has been formally cleared by the Cabinet Sub-Committee of the Central Government and that the DGS&D has also been advised to the effect that there may be no objection to place the appropriate order on M/S. Webel Telecommunication Industries Ltd.

### ঘাটাল মাস্টার প্ল্যান

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮৫।) **শ্রী নানুরাম রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ

বালি, মাওড়া ও নকুন্ডা এই তিনটি গ্রাম পঞ্চায়েত এলাকাকে ঘাটাল মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত করার কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

না। এলাকাগুলি ঘাটাল মাস্টার প্ল্যান বেসিন এলাকা হইতে বহুদূরে অবস্থিত। এলাকাগুলিকে ঘাটাল মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত করা সম্ভব নয়।

**শ্রী নানুরাম রায় ঃ** নুতন পরিকল্পনা এই বিষয়ে করার ইচ্ছা আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এটা বিবেচনা করে দেখব।

### Adjournment Motion

আমি আজ চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম দুটি নোটিশে শ্রী মহম্মদ সোহরাব ও শ্রী কিরণময় নন্দ গত ১৭.৩.৮১ তারিখে বিহারীলাল কলেজ অফ হোম অ্যান্ড সোশ্যাল সায়েন্সের অধ্যক্ষাকে ঘেরাওয়ের বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি দৃষ্টি আকর্ষণ বা অন্যান্য উপায়ে সভায় উত্থাপন করা যেতে পারে। এটি মুলতুবি প্রস্তাবের উপযোগী নয় বলে আমি মনে করি।

তৃতীয় নোটিশে শ্রী সত্যরঞ্জন বাপুলি বিদ্যুৎ সরবরাহের দুরবস্থার ফলে শিল্পে সঙ্কটের অভিযোগ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। অভিযোগের বিষয়টি সম্প্রতি উদ্ভূত নয়। তাছাড়া বিদ্যুৎ বিভাগের বাজেট ব্যয় বরাদ্দ এর আলোচনার সময়ে সদস্য মহোদয় বিষয়টি উত্থাপন করার সুযোগ পাবেন। সুতরাং নোটিশটি মুলতুবি প্রস্তাবের পক্ষে অনুপোযোগী।

চতুর্থ নোটিশে ডাঃ রাসবিহারী পাল প্রাথমিক বিদ্যালয়গুলিতে আবশ্যিক পাঠ্য পুস্তকের সরবরাহে সরকারি ব্যর্থতার অভিযোগ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই বিষয়টিও উল্লেখ, দৃষ্টি আকর্ষণ ইত্যাদি উপায়ে সভায় উত্থাপন করা যেতে পারে। বিষয়টি

মুলতুবি প্রস্তাবের উপযোগী জরুরি প্রকৃতির নয়।

আমি চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — বিহারীলাল কলেজ অফ হোম অ্যান্ড সোশ্যাল সায়েন্সের অধ্যক্ষাকে ঘেরাও। গতকাল ১৭.৩.৮১ তারিখে বিহারীলাল গার্লস কলেজ অফ হোম অ্যান্ড সোশ্যাল সায়েন্সের অধ্যক্ষা মমতা অধিকারীকে কলেজের কতগুলি ছাত্রীসহ বাইরের কিছু ছেলে বেলা ১১টা ২০ মিনিট থেকে রাত্রি ৮টা অবধি ঘেরাও করে রাখে। এবং নিজেদের তালা দিয়ে কলেজের সমস্ত গেট ও স্টাফ রুম তালা বন্ধ করে রাখে, টেলিফোনের তার কেটে দেয়। ঘেরাও এর সময় তাঁকে কিছু খেতে বা জলস্পর্শ করতেও দেওয়া হয়নি। এরসঙ্গে এস.এফ.আই. জড়িত।

(নয়েজ)

**শ্রী কিরণময় নন্দ ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — বিহারীলাল কলেজ অফ হোম অ্যান্ড সোশ্যাল সায়েন্সের অধ্যক্ষা মমতা অধিকারী নয় ঘন্টা ঘেরাও।

বিহারীলাল গালর্স কলেজ অফ হোম সায়েন্সের অধ্যক্ষা মমতা অধিকারীকে নয় ঘন্টা ঘেরাও করে রাখা হয়। জল পর্যন্ত স্পর্শ করতে দেওয়া হয়নি। টেলিফোনের তার কেটে দেওয়া হয়। ঘেরাওয়ের সময় কিছু ছেলেকেও ঐস্থানে দেখা যায় এবং অধ্যক্ষাকে গালিগালাজ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে ক্রমাগত এই উচ্ছৃঙ্খল ঘটনার দ্বারা শিক্ষা জগতে নৈরাজ্যের পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

**শ্রী লক্ষ্মীচরন সেন ঃ** মাননীয় সদস্য একটু আগে যেটা পড়লেন সেটা যেটা আপনি এডিট করে দিয়েছিলেন তার বাইরে পড়েছেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** স্ক্রিপ্ট দেখলে বোঝা যাবে, তবে যতদূর মনে হচ্ছে কিছু বাইরে থেকে পড়েছেন।

## Calling Attention To Matters Of Urgent Public Importance.

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। পৌরসভা নির্বাচনের ভোটার তালিকায়

| | | |
|---|---|---|
| . | কারচুপির অভিযোগ— | শ্রী সত্যরঞ্জন বাপুলি। |
| ২। | ২৫.২.৮১ তারিখে ডাক্তারের অবহেলার আর.জি.কর হাসপাতালে জনৈক জ্যোতির্ময় দত্তের মৃত্যুর অভিযোগ— | শ্রী কিরণময় নন্দ। |
| 3. | Delay in construction of T.B. ward at Muraroi Rural Hospital Birbhum— | Md. Motahar Hossein. |
| 4. | Failure of the Election Commission to announce the date for bye elections to the Parliament and Assembly constituencies— | Shri Amalendra Roy. |
| 5. | Non-supply of sugar in Patashpur Block of Midnapur Dist.— | Shri Janmeyjay Ojha. |
| 6. | Alleged threat of long march from Bangladesh— | Shri Janmeyjoy Ojha. |

আমি Delay in constructing T.B. ward at Muraroi Rural Hospital, Birbhum-এর উপর শ্রী ডাঃ মোতাহার হোসেন কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন, অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি** ঃ আগামী ২৬ তারিখে।

**মিঃ স্পিকার** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের ১৩ই মার্চ, ১৯৮১ তারিখে আয়োজিত এক বিক্ষোভ মিছিলের উপর পুলিশের আক্রমণের অভিযোগ সম্পর্কে একটা বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমি ভোটার লিস্ট সম্পর্কে যেটা বলেছি সেটা অত্যন্ত জরুরি। আমার অভিযোগ হচ্ছে যে ভোটারলিস্টে অত্যন্ত কারচুপি হয়েছে। হাজার হাজার লোক এবং কংগ্রেসি কর্মীদের বাদ দেওয়া হয়েছে। আমরা চাই ভোট হোক, তবে ভোটারলিস্ট সংশোধন করে হোক।

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, with reference to the calling attention notice of Shri Rajani Kanta Doloi on the subject of alleged

police attack on the peaceful demonstration of the State Government Employees Federation on 13.3.81 I rise to make the following statement.

On 13.3.81 the State Government employees belonging to the State Government Employees, Federation (Syed Ali's group) resorted to squatting near my residence from 10.00 hours to press their demands. The number ultimately went up to 150. Till 16.00 hours the squatters remained peaceful and had been holding meetings and shouting slogans. At about 16-20 hours they started fixing a microphone for which they had no permission. The Police Officers present pointed out that the use of microphone without authority was an illegal act and requested the organisers to remove the microphone. But this was not heeded to. the microphone was seized.

At this time some of the demonstrators including some ladies obstructed the police. There was a scuffle between the police and the demonstrators. some of them became very aggressive and tried to snatch away the microphone. Simultaneously the demonstrators who were squatting rushed on to the tram track by breaking the police cordon and obstructed flow of traffic along the Rash Behari Avenue. The police started pursuading them to leave the carriageway. This did not produce any effect. The demonstrators had thereafter to be chased away to keep the carriageway free. They grew violent and assaulted the police party with sticks of the festoons they were carrying. They used fists and blows also. The Assistant Commissioner present (Shri S.M.Bose) subtained injury on his leg. The police arrested 108 of these demonstrators. The arrested persons were taken to the police station where they refused to disclose their indentity and created an unruly situation. Two of the arrested persons complained of pain on their persons. They were offered medical aid which they refused. Later the arrested persons were released on P.R. bond. It is not a fact that there was any police attack on the demonstrators. No action was taken against the demonstrators so long as they did not break the law and became violent. It is also reported that Shri Subrata Mukherjee, a Congress (I) Leader had at one time visited the place and met the demonstrators.

[2-00 – 2-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয়

মুখ্যমন্ত্রী এখানে যে বক্তব্য রেখেছেন সেটি ঠিক নয়। আমরা সংবাদপত্রে দেখেছি পুলিশ লাঠিচার্জ করেছে — এটি স্টেটসম্যান কাগজে ছবি দিয়ে বেরিয়েছে।

(গোলমাল)

**শ্রী সরল দেব ঃ** স্যার, চীফ মিনিস্টারের বক্তব্যের উপর কোনও আলোচনা চলতে পারে না।

**মিঃ স্পিকার ঃ** ইট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, সংবাদপত্রে যে ছবি বেরিয়েছে সেখানে আমরা দেখতে পাচ্ছি যে পুলিশ শুধু রাস্তার উপরে নয়, ফুটপাথের উপর গিয়ে পুলিশ লাঠি চার্জ করেছে। এটা স্যার, স্টেটসম্যান কাগজে ছবি বেরিয়েছে। সুতরাং মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন সেটি অসত্য।

**মিঃ স্পিকার ঃ** এখন আমি শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয়কে দি ক্যালকাটা ঠিকা টেনান্সি (অ্যাকুইজিশন অ্যান্ড রেগুলেশান) বিল, ১৯৮০-র উপর সিলেক্ট কমিটির প্রতিবেদন উপস্থাপন করতে অনুরোধ করছি।

(গোলমাল)

## Presentation of the Report of the Select Committee on the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) Bill, 1980

**Shri Benoy Krishna Chowdhury :** Mr. Speaker, Sir, I beg to present the Report of the Select Committee on the Calcutta Thika Tenancy (Acquisition and Regulation) Bill, 1980.

## Mention Cases

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ যে, আপনি আমাকে কিছুক্ষণ বলবার সুযোগ দিয়েছেন। তবে আমি সব কিছুই আইন মাফিক বলার চেষ্টা করি। এখন আমি যে কথা বলতে চাইছি সেটা হল, পুলিশ প্রশাসন সম্বন্ধে। পুলিশ প্রশাসন আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে সে সম্বন্ধে আলোচনার সময়ে আমাদের নেতা ভোলা সেন বলবেন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আজকে ওঁরা পুলিশকে শুধু তোষণ নয় — পুলিশকে পদলেহন করে এমন একটা জায়গায় দাঁড় করিয়েছেন যে নন-গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন আজকে আপনাদের হুঁশিয়ারী করতে চাইছে। কোনও রকম সরকারি উদ্যোগে যে সমস্ত পুলিশ অফিসার আছেন তাঁরা আজকে আপনাদের কাউকে মানতে চাইছেন না। তাঁরা ২৪ পরগণা জেলা হেড কোয়ার্টারে গত রাত্রিতে একটা সভা

করেছে। সভায় তারা একটা সিদ্ধান্ত নিয়েছে যে, ওদের যদি কখনও ভেঙ্গে দেওয়া হয় তাহলে তারা প্রকাশ্য রাজপথে রাইফেল নিয়ে বিদ্রোহের সৃষ্টি করবে। এটি পশ্চিমবাংলার জনজীবনের পক্ষে একটা ভয়াবহ ব্যাপার। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওঁরা ভূত দেখতে পেয়েছেন এবং চীৎকার করে বলছেন আমরা নাকি চক্রান্ত করছি ভেঙ্গে দেওয়ার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, তিনি যেন এই হাত বন্ধ করেন, কারণ নন-গেজেটেড পুলিশ অ্যাসোসিয়েশন যদি কোনও দিন বিদ্রোহ সৃষ্টি করে তাহলে পশ্চিমবাংলার মানুষের তাতে ক্ষতি হবে। এর সঙ্গে আরও একটি কথা বলছি যে, আসামের ডি.আই.জি.-কে গ্রেপ্তার করে হাজতে পাঠান হয়েছে তার অপরাধের জন্য, আর আপনার কাজকর্মের জন্য পুলিশের ডি.আই.জি. যাতে গ্রেপ্তার হতে পারেন তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10 – 2-20 p.m.]

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় দীর্ঘদিন ধরে একটা সন্ত্রাস চলছে। বেশ কিছুদিন আগে সি.পি.এম.-র গুন্ডারা একজন কংগ্রেস(আই)-কে নিহত করেছিল। সেখানে পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও বহু কংগ্রেসের বাড়ি লুঠতরাজ হচ্ছে, ভাংচুর হচ্ছে। গত ৭.৩.৮১ তারিখে লালগোলা থানার কুচিডাঙ্গা গ্রামের নৌসের আলি নামে একজন লোক ঐ থানার সীতেশনগর গ্রামে বেড়াতে গিয়েছিল। রাত্রি ৭/৮টার সময় সেই গ্রামের আরও ৩ জন ছেলে রাস্তা দিয়ে বেড়াচ্ছিল, এমন সময় সি.পি.এম.-র এক বাহিনী পিছন থেকে বোমা ছুঁড়ল। এই বোমার ফলে নৌসের আলি নিহত হয় এবং ৩ জন ছেলে আহত হয়। তারা আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন আছে। পুলিশ সেখানে ডায়রি নিচ্ছে না। আহত ছেলেরা যে আসামীদের নাম করেছে পুলিশ তাদের সঙ্গে নিয়ে ঘোরাফেরা করছে। জ্যোতি বাবুর পুলিশ — পিছন থেকে বোমা ছোঁড়া হল, পিছনের লোক মারা গেল, বললেন ওরা নাকি বোমা নিয়ে খেলা করছিল, সেজন্য লোকটা মারা গেছে। এই রকম পুলিশকে ট্রেনিং দেওয়া হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে এই ব্যাপারে কার্যকর ব্যবস্থা গৃহীত হয় এবং লোকের মনে যে আশঙ্কা দেখা দিয়েছে সেটা যাতে দূর হয় সেই দিকে তিনি যেন দৃষ্টি দেন।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া শহরে ৪টি হাইস্কুল আছে, একটা মিউনিসিপ্যালিটির জুনিয়ার হাইস্কুল আছে, সেটা মিউনিসিপ্যালিটির দ্বারা পরিচালিত হয়। সেখানে ক্লাস ৮এর ছেলেরা পাশ করে ক্লাস ৯এ ভর্তি হতে পারছে না। এটা একটা বিরাট সমস্যা। এই সমস্যার যাতে আশু সমাধান হয় তারজন্য মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় খাদ্য ও সরবরাহ মন্ত্রী যদিও শহরের লোককে কিছু খুশি

রাখার চেষ্টা করছেন, কিন্তু গ্রামকে দিচ্ছেন একেবারে বৃদ্ধাঙ্গুষ্ঠি। স্যার, কিছুদিন যাবৎ গ্রামাঞ্চলে চিনি পাওয়া যাচ্ছে না। আমাদের মেদিনীপুর জেলার পটাশপুর থানায় গত দেড় মাস যাবৎ চিনি সরবরাহ হয়নি রেশন দোকান মাধ্যমে। এই ব্যাপারে বারে বারে আমরা দপ্তরে খবর দিয়েছি, মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কোনও ফল পাওয়া যায়নি। এই চিনি যাতে অবিলম্বে পাঠানো হয়, গ্রামের লোকেরা যাতে চিনি পায় সেজন্য ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ করছি। তাছাড়া ৬ মাস যাবৎ বেসরকারিভাবে কোনও সিমেন্ট সরবরাহ নেই। যদিও অর্ডার হচ্ছে পারমিট হচ্ছে কিন্তু সিমেন্ট পাওয়া যাচ্ছে না। সেজন্য ঘরবাড়ি অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। আমি অনুরোধ করছি সিমেন্ট সরবরাহের ব্যবস্থা যেন করা হয়।

**ডাঃ রাসবিহারী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সরবরাহের ক্ষেত্রে দেখছি আড়াই মাস হয়ে গেল অথচ এখন পর্যন্ত শতকরা ১০ ভাগ পাঠ্যপুস্তকও বিদ্যালয়ে যায়নি। পাঠ্যপুস্তকের অভাবে ছেলেদের পড়াশুনার ক্ষতি হচ্ছে, কাজেই অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার তিলুরি কৃপাময়ী হাইস্কুলে একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে একজন নূতন শিক্ষক নিয়োগের ফলে। সেখানকার প্রধান শিক্ষক এবং তাঁর অনুগামীরা ওই নব নিযুক্ত শিক্ষককে কাজে যোগ দিতে দিচ্ছেন না । এবং তাঁর প্রাণহানির হুমকি দিচ্ছেন। এর ফলে ওই শিক্ষকসহ মোট ১৩জন শিক্ষক গত ১৩ই মার্চ থেকে বিদ্যালয়ে ঢুকতে পারছেন না। সেখানে সশস্ত্র পুলিশের উপস্থিতি ঘটেছে। বিদ্যালয়ে সমাজবিরোধীরা ঘাটি গেড়ে বসেছে এবং প্রাণহানির হুমকি দিচ্ছে। এর ফলে ছেলেরা স্কুলে আসতে পারছে না এবং শিক্ষকরা বেতন পাচ্ছেন না। শিক্ষা ক্ষেত্রে নুতন করে এই যে অরাজকতার সৃষ্টি হয়েছে তার মোকাবিলা এবং প্রতিবিধান করবার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী মীর ফকির মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেথুয়াডুয়ারি চিলিং প্ল্যান্টে একটা দুর্নীতির ঘাঁটি তৈরি হয়েছে। কংগ্রেস(আই) পরিচালিত সরকারি কর্মচারী ফেডারেশনের সদস্য সুভাষ দাস এবং তারক কুন্ডু ওখানে একটা ঠ্যাঙ্গাড়ে পার্টি তৈরি করেছে। সরকারি অফিসাররা ওখানে গেলেই তাঁদের মারধর করছে এবং দুধের মধ্যে রাশি রাশি জল মেশাচ্ছে। সুভাষ দাস ভিজিলেন্স কমিশনের রিপোর্টে অ্যারেস্ট হয়েছিল এবং তার বিরুদ্ধে কেস ঝুলছে। এসব সত্ত্বেও তাকে অ্যারেস্ট করা হচ্ছে না। গত ১২ এবং ১৩ই ডিসেম্বর দুধে এত বেশি জল দিয়েছিল যে হিসেব মেলাতে পারেনি। কাজেই অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি অনুরোধ রাখছি।

**শ্রী খগেন্দ্রনাথ সিন্হা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, সেদিন কংগ্রেস(আই)-র মাননীয়

সদস্য নবকুমার রায় মহাশয় একটি অসত্য কথা বলে আমাদের এই সভাকে বিভ্রান্ত করেছেন। পশ্চিম দিনাজপুরের বন্দুক উদ্ধারের কথা বলতে গিয়ে তিনি বলেছেন যে, যার বাড়ি থেকে ৫টি বন্দুক উদ্ধার করা হয়েছে তার সঙ্গে নাকি সি.পি.আই.(এম)-এর সম্পর্ক রয়েছে। আমার কাছে খবর আছে, সামু সরেন, যার বাড়িতে বন্দুক পাওয়া গেছে তিনি একজন কংগ্রেস(আই)-র কর্মী। স্যার, ওই এলাকায় এই বন্দুক উদ্ধারের ব্যাপার নিয়ে এমন সব মুখরোচক কথা বলা হচ্ছে যাতে বামফ্রন্ট সরকারের ইমেজ নষ্ট হয়। আসলে ওঁরাই সমাজবিরোধীদের হাতে বন্দুক তুলে দিয়েছে। সভা যাতে বিভ্রান্ত না হয় তারজন্য আমি এই বক্তব্য রাখলাম।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি সেদিন বলেছিলাম সামু সরেনের বাড়ি থেকে ৪টি বন্দুক এবং ১টি রিভলবার পাওয়া গেছে। এই সামু সরেন সি.পি.এম.-এর সদস্য। উনি বলছেন সামু সরেন কংগ্রেস(আই)-র সদস্য। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি সামু সরেন যদি কংগ্রেস(আই)-র সদস্য হয় তাহলে আমি পদত্যাগ করব। কিন্তু তিনি যদি সি.পি.এম.-এর সদস্য হন তাহলে উনি পদত্যাগ করতে রাজি আছেন কি? খগেনবাবু এখানে অসত্য কথা বলেছেন। সামু সরেন সি.পি.এম.-এর আঞ্চলিক কমিটির সদস্য।

[2-20 – 2-30 p.m.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। মুখ্যমন্ত্রীর পুলিশ সি.পি.এম.-এর সঙ্গে যুক্ত হয়ে ঠিক করেছে যে পশ্চিম দিনাজপুরের মানুষদের বাঁচতে দেবে না। সম্প্রতি যে বন্দুক লুঠ হয়েছে এবং খুন ইত্যাদি ঘটনা ঘটছে আমি সে কথায় যাচ্ছি না। আজকে স্যার, ১৮ তারিখ পুলিশ বাজেটে সেই সব কথা রাখা হবে। কিন্তু গত ১৫ই তারিখে রবিবার কি ঘটনা ঘটেছে সেই কথাই আমি বলব। এত কান্ড কারখানার পর মুখ্যমন্ত্রীর পুলিশ যা কাজ করছে তাতে সেখানকার মানুষ বাঁচতে পারে না। গত ১৫।২।৮১ তারিখে পশ্চিম দিনাজপুরের বংশীহারী থানার মকরামপুর গ্রামে সুফল মার্ডিকে ওরা হত্যা করেছে, তার স্ত্রীর পেট চিরে দিয়েছে, এবং তার পুত্র বয়স ৩০ তাকে মেরে দিয়েছে। আজকে ঐ সি.পি.এম যাদের বাড়িতে ঢুকছে শুধু তাকেই হত্যা করছে না তার পরিবারের মেম্বারদের যাদের হাতের কাছে পাচ্ছে তাদের যমের দুয়ারে পাঠিয়ে দিচ্ছে। মুখ্যমন্ত্রী এর আগে যে বক্তব্য বলেছিলেন সেটা ঠিক নয়, তিনি অসত্য ভাষণ দিয়েছেন। এইভাবে দিনের পর দিন পুলিশ পশ্চিম দিনাজপুরে সমাজবিরোধীদের প্রশ্রয় দিয়ে এই রকম কাজ করে যাচ্ছে। আমি এর তীব্র নিন্দা করছি এবং এর আশু প্রতিকার দাবি করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র মালদা জেলায় প্রতি সপ্তাহে ২।৩টি করে ডাকাতি হচ্ছে। আমি নিজে বার বার বলা সত্ত্বেও থানা কিছু করছে না। আমি নিজে গিয়ে থানায় জেনারেল ডায়রি করে এসেছি এই এই গ্রামে ডাকাতি হবার কথা আছে। গত

সপ্তাহে ফতেপুর গ্রামে ডাকাতি হয়েছে এবং সমস্ত জিনিস নিয়ে গেছে। আমার এলাকার লোক ঘুমাতে পারছে না। আমি এর আগে বহুবার মুখ্যমন্ত্রীকে হরিশ্চন্দ্রপুর এবং দৌলতনগরে পুলিশ ক্যাম্প করার জন্য বলেছি কিন্তু কোনও কিছু তিনি করেননি। আমি বিশেষভাবে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে দৌলতনগরে অবিলম্বে পুলিশ ক্যাম্প বসানো হোক। ওখানকার মানুষ যাতে একটু ঘুমাতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী আব্দুল করিম চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি খবর পেলাম ইসলামপুরের যত মার্চেন্ট আছে এবং ওখানকার মার্চেন্ট অ্যাশোসিয়েশন দু দিন বন্ধ পালন করেছে। ইসলামপুরে নাকি একটা স্টেডিয়াম হবে। এস.ডি.ও. ঐসব মার্চেন্টদের জুলুম করছে যে তোমাদের ২ লক্ষ টাকা তুলে দিতে হবে এবং এই টাকা অমুক তারিখের মধ্যে দিতে হবে। মার্চেন্টরা এই টাকা দিতে পারবে না, কারণ এস.ডি.ও.-র নির্দেশমতো যে টাকা মার্চেন্টদের কাছ থেকে ডিমান্ড করা হয়েছিল তা দেওয়া তাদের ক্ষমতার বাইরে ছিল, তারা তা দিতে অস্বীকার করে। তার ফলে এস.ডি.ও. তাদের উপর হ্যারসমেন্ট করতে আরম্ভ করল। এর প্রতিবাদে মার্চেন্টরা দুদিন বন্ধ সেখানে পালন করেছে। এতে জনসাধারণ খুবই অসুবিধার মধ্যে পড়েছে। মুখ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, এস.ডি.ও.-র কাছে তিনি এই রকম কোনও অর্ডার দিয়েছিলেন কি না, এই টাকা আদায়ের ব্যাপারে।

**মিঃ স্পিকার ঃ** এখন ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ২১নং দাবির ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করতে অনুরোধ করছি।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 21

### Major Head : 255 Police

**Shri Joyti Basu :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 74,60,37,000 be granted for expenditure under **Demand No. 21, Major Head : "255—Police".**

১৯৮০-৮১ সালের বাজেটে পুলিশ খাতে ব্যয় নির্বাহের জন্য ৬৮,৯২,০৩,০০০ টাকা (আটষট্টি কোটি বিরানব্বই লক্ষ তিন হাজার টাকা) মঞ্জুর করা হয়েছিল। ব্যয়বরাদ্দ যে সামান্য বৃদ্ধি পেয়েছে তার কারণ হল, পুলিশ কর্মচারিদের মাসিক বেতন বেড়ে গিয়েছে। আর সেই সঙ্গে স্টেশনারি সামগ্রী এবং অফিসের কাজ চালাতে অন্যান্য যেসব জিনিস লাগে সেগুলির দামও বেড়ে গিয়েছে। এই খাতে যতটা সম্ভব ব্যয় সংক্ষেপ করতে আমরা চেষ্টা করেছি। অবশ্য সেই সঙ্গে পুলিশ বাহিনীর কর্মদক্ষতা বজায় রাখার জন্য যা যা প্রয়োজন সেগুলির দিকেও লক্ষ্য রাখা হয়েছে।

এক শ্রেণীর মানুষ, বিশেষ করে যাঁরা আমাদের বিরুদ্ধ মনোভাবাপন্ন, তাঁরা উদ্দেশ্য প্রণোদিত হয়ে দূরভিসন্ধিমূলকভাবে এ রাজ্যে জীবনের নিরাপত্তার অভাব এবং আইন শৃঙ্খলা ভেঙ্গে পড়ার যে অভিযোগ আনছেন, প্রথমেই আমি মাননীয় সদস্যদের দৃষ্টি সেদিকে আকর্ষণ করতে চাই। অন্যান্য রাজ্যে যা ঘটছে তা যাঁরা আড়াল করতে চান এবং সরকার যে জনগণের কাছে উত্তরোত্তর নিশ্চিতভাবে প্রিয় হয়ে উঠছে এটা মেনে নেওয়া যাঁদের পক্ষে কঠিন এইসব প্রচার এমন সব হতাশগ্রস্ত রাজনীতিকদের বিপথগামী প্রয়াসের বহিঃপ্রকাশ মাত্র। অন্যান্য রাজ্যে যখন বিভিন্ন ঘটনার দরুন আইন শৃঙ্খলা নিদারুণভাবে বিপন্ন হয়ে পড়ছে এবং স্বাভাবিক জীবনযাত্রাও বিপর্যস্ত হয়ে পড়ছে, তখন এ রাজ্যে আইন শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে ব্যর্থতা দেখা দিচ্ছে বলে যে সোরগোল তোলা হচ্ছে তাতে আমার ক্ষোভও হয় আবার বিস্ময়বোধও করি। সঙ্কীর্ণতাবাদের হোতারা এ রাজ্যের জনজীবনকে বিঘ্নিত করতে পারেনি। বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মাথা চাড়া দিতে দেওয়া হয়নি। বিভেদ প্রবণতাকে আয়ত্তে রাখা হয়েছে। ধর্মীয় ও সামাজিক দিক থেকে যেসব মানুষ সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত, এ রাজ্যে তাঁদের উপর সংগঠিতভাবে কোনও হিংসাত্মক আক্রমণের ঘটনা ঘটেনি। ছাত্র অসন্তোষের ফলে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ার কোনও ঘটনাও ঘটেনি। অশোভন, উচ্ছৃঙ্খল আচরণের দরুন শিক্ষা-প্রতিষ্ঠানগুলির কাজকর্ম ব্যাহত হয়নি। জীবনযাত্রার সাবলীল গতি বাধাপ্রাপ্ত হয়নি। জনজীবনে শৃঙ্খলা বজায় রাখার জন্য সরকার যে নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছেন তাতে যে সুফল পাওয়া গেছে, এইসব দৃষ্টান্ত থেকেও যদি সেই সিদ্ধান্তে পৌঁছানো না যায় তাহলে আমি জানি না, এই শ্রেণীর মানুষের মানসিকতা কতটা হীন পর্যায়ে নেমে এসেছে যাতে বাস্তব সত্যকেও তাঁরা অস্বীকার করতে পারেন।

সামাজিক ন্যায় ও সাম্যের ভিত্তিতে আইনের শাসন ও শৃঙ্খলা রক্ষা সম্প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে এই সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে যে নীতি অবলম্বন করেছেন তা যে এখনও অব্যাহত রয়েছে সে কথা আমি আর একবার দৃঢ়ভাবে জানাতে চাই। আমাদের শাসনকালে পুলিশ কর্মচারিদের পক্ষে গণতান্ত্রিক আন্দোলন দমন করার কোনও কাজ যে করা চলবে না একথা তাঁদেরকে আমরা অনেকটা বোঝাতে পেরেছি। সংযুক্ত পরামর্শ কমিটির বিভিন্ন সভায় আমি বিভিন্ন পুলিশ সংগঠনের প্রতিনিধিদের বলেছি, তাঁরা যেন মনে রাখেন যে পুলিশ কর্মচারী হিসাবে মানুষকে সাহায্য করার জন্য তাঁদেরকে সদা-সচেষ্ট থাকতে হবে এবং এই ভাবমূর্তিকে অতীতের মত বিকৃত হতে দেওয়া বরদাস্ত করা হবে না। রাষ্ট্রের আইনের যথাযথ প্রয়োগই শুধু নয়, কোনও মানুষ, বিশেষ করে সমাজের দুর্বলতর অংশের মানুষ যাতে ন্যায়বিচার থেকে বঞ্চিত না হন সুনিশ্চিতভাবে সেটা দেখার নির্দেশও আমরা পুলিশ কর্মচারিদেরকে দিয়েছি। ট্রেড ইউনিয়ন বিরোধ ও চাষ-সংক্রান্ত বিরোধের মত উত্তেজনাপ্রবণ ক্ষেত্রে এবং অন্যান্য ধরনের সংঘর্ষে পুলিশের ভূমিকা কি হবে, আমাদের শাসনকালে তা সুস্পষ্টভাবে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। চাষ-সংক্রান্ত বিরোধের ক্ষেত্রে আমাদের সুস্পষ্ট নীতি-নির্দেশ হল যে, পুলিশকে অবশ্যই দুর্বল ও অত্যাচারিত মানুষের স্বার্থ দেখতে হবে এবং

তাঁরা যেন নিজেরা কখনওই ভূস্বামী গোষ্ঠীর হাতিয়ার না হয়ে ওঠেন। ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে আমরা পুলিশকে আইন-শৃঙ্খলা বজায় রাখার নির্দেশ দিয়েছি। সঙ্গে সঙ্গে এটাও বলেছি, তাঁরা যেন পরিচালক গোষ্ঠীর স্বার্থের সঙ্গে একাত্ম না হয়ে ওঠেন। অন্যান্য ধরনের সংঘর্ষের ক্ষেত্রে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে, শৃঙ্খলা যেন রক্ষা করা হয় এবং আইন যেন নিরপেক্ষভাবে প্রয়োগ করা হয় তা সুনিশ্চিতভাবে দেখতে হবে। সরকারের কিছু কিছু বিরোধী শক্তি সরবে প্রচার করে চলেছেন যে শাসকদলগুলির সদস্য ও সমর্থকেরা কোনও ঘটনায় জড়িত থাকলে তাঁদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয় না এবং গ্রেপ্তারও করা হয় না। এ জাতীয় ঘটনা পূর্বতন সরকারের আমলে ঘটে থাকতে পারে। কিন্তু তথ্য ও পরিসংখ্যান থেকে বোঝা যাবে একথা এখন খাটে না। বছরের পর বছর ধরে পুলিশের যে ভাবমূর্তি গড়ে উঠেছে তা অত্যন্ত মলিন। আর এর জন্য সব দোষ তাঁদেরও নয়। যে রাজনৈতিক নেতৃত্ব তাঁদের কাজে লাগিয়েছিলেন এর জন্য তাঁরাই দায়ী, কেননা তাঁরা বিপুল সংখ্যক সাধারণ মানুষের স্বার্থ দেখতেন না। ভাবমূর্তির এই মলিনতাকে কাটিয়ে ওঠা সহজসাধ্য নয়। এ কথা মনে রেখেই আমার পুলিশ কর্মচারিদের বলেছি, তাঁদের কাজের প্রতি দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটাতে হবে এবং নিজেদের জনগণের বন্ধু হিসাবে ভাবতে হবে। বছরের পর বছর ধরে যে মানসিকতা তাঁদের গড়ে উঠেছে এবং যে ধরনের জীবনযাত্রায় তাঁরা অভ্যস্ত হয়ে উঠেছেন তার মৌল রূপান্তর ঘটানও সম্ভব নয়, বিশেষ করে বর্তমান সামাজিক-তথা আর্থনীতিক অবস্থার মধ্যে। সংযুক্ত পরামর্শ কমিটিতে বিভিন্ন পুলিশ সংগঠনের সদস্যরা উপস্থিত থেকেছেন। এই সুযোগে আমরা তাঁদেরকে বার বার বলেছি যে, সুবিধাভোগী শ্রেণীর প্রতি আনুকূল্য দেখানোর যে পক্ষপাতদৃষ্ট মনোভাব তাঁরা উত্তরাধিকারসূত্রে পোষণ করে আসছেন তা বর্জন করতে হবে।

আরও একটি বছর কেটে গেছে। তবু সরকারকে নিবর্তনমূলক আটক আইনের আশ্রয় নিতে হয়নি। একথা সত্যি যে সমাজবিরোধী ও অপরাধীদের কার্যকলাপ দমন করার ব্যাপারে সাধারণ আইন-কানুনের প্রয়োগ সম্পূর্ণ ফলপ্রসূ হচ্ছে না। যেসব সমাজবিরোধীচক্র জামিন পেয়ে যায়, তারাই আবার একের পর এক অপরাধমূলক মারাত্মক কাজকর্ম চালিয়ে যাচ্ছে। এটাই হল আমাদের দুর্ভাগ্যজনক অভিজ্ঞতা। তদন্তে ও বিচারে বিলম্বের দরুন, বিষয়গুলি আরও জটিল হয়ে পড়ে। দ্রুত তদন্ত এবং দ্রুততর বিচার সমাজবিরোধী ও অপরাধীদের কার্যকলাপ নিয়ন্ত্রণের ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন আনবে বলে আশা করা যায় সমাজবিরোধী কার্যকলাপ এবং গুরুতর অপরাধের ক্ষেত্রে জামিনের যে উদার বিধানসমূহ রয়েছে এবং যার ফলে অপরাধীদের সম্পর্কে ব্যবস্থা নেওয়া কঠিন হয়ে পড়ছে বলে মনে করা হচ্ছে জামিনের সেই সমস্ত নমনীয় বিধানসমূহ নূতন করে ভেবে দেখার সময় এসেছে। ফৌজদারি মামলাগুলিরও দ্রুত নিষ্পত্তি হওয়া প্রয়োজন। এ রাজ্যের বিভিন্ন আদালতে ৬৪ হাজারেরও বেশি মামলা বিচারাধীন রয়েছে। এইসবকটি মামলায় পুলিশ চার্জশীট দাখিল করেছে। এসব সত্ত্বেও নিবর্তনমূলক আটক আইন প্রয়োগ না করার যে নীতি আমাদের রয়েছে তা আমরা দৃঢ়ভাবে অনুসরণ করতে চাই। অত্যাবশ্যক দ্রব্যাদি মজুত করা খাদ্যে ভেজাল দেওয়া ও জাল ওষুধ

প্রস্তুত করা, সরকারি সম্পত্তি চুরি করা ইত্যাদির মতো কিছু কিছু অপরাধের ক্ষেত্রে যাতে আরও কঠোর শাস্তির ব্যবস্থা করা যায় তার জন্য আইনের বিধানগুলি পরিবর্তন করার কথা বিবেচনা করে দেখা হচ্ছে।

এই ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন প্রসঙ্গে আমি এখন গত বছরে পুলিশের কিছু কিছু কাজকর্ম সম্পর্কে আপনাদের জানাচ্ছি।

পুলিশের এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চ মজুতদার ও চোরাচালানকারীদের বিরুদ্ধে ১১,২০৩টি (এগার হাজার দুশ তিনটি) ফৌজদারি মামলা দায়ের করেন এবং ১২,৪৫০ জনকে (বার হাজার চারশ পঞ্চাশ জ-কে) গ্রেপ্তার করেন। প্রচুর পরিমাণ খাদ্যদ্রব্য, ভোজ্য তৈল, তৈলজাত দ্রব্য, চিনি সার, শিশুখাদ্য ইত্যাদি আটক করা হয়। আটক করা এসব জিনিসের আনুমানিক মূল্য হচ্ছে ৫,৯৯,৯৮,৫২৮ টাকা (পাঁচ কোটি নিরানব্বই লক্ষ আটানব্বই হাজার পাঁচশ আটাশ টাকা)। এতে অবশ্য কালোবাজারি, মজুতদার ও মুনাফাখোরদের বড় রকমের কোনও ঘা দেওয়া যেতে পারেনি। 'বন্ড স্কীমে'র মাধ্যমে ভারত সরকার কর-ফাঁকিদাতা এবং মুনাফাখোরদের প্রতি বিশেষ অব্যাহতি দেওয়ায় আমাদের কাজ আরও জটিল হয়ে পড়েছে। কিন্তু আমাদের সরকার আমাদের আওতাভুক্ত ক্ষেত্রগুলিতে প্রশাসনিক ও পুলিশি ব্যবস্থার মাধ্যমে এবং ক্রেতা প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলে এ ধরনের অপরাধের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যেতে কৃতসংকল্প। বিগত বছরে পুলিশ ৯৮০টি (ন'শ আশিটি) আগ্নেয়াস্ত্র, ১৫,২৩৪টি (পনের হাজার দু'শ চৌত্রিশটি) কার্তুজ, ১,৫৭৭টি (এক হাজার পাঁচশ সাতাত্তরটি) বোমা ও পটকা এবং প্রচুর পরিমাণে বোমা তৈরির মালমশলা উদ্ধার করেন। এ ছাড়াও, পুলিশ রেলপথে সংঘটিত এমন ২,৯৫৩ (দু হাজার ন'শ তিপ্পান্নটি) অপরাধের বিষয় নথিভুক্ত করেন এবং ১১,৫৭,৪৭২ টাকা (এগার লক্ষ সাতান্ন হাজার চারশ বাহাত্তর টাকা) মূল্যের চোরাই মাল উদ্ধার করেন। বৈদ্যুতিক তার ও কেবল চুরি যাওয়ার ঘটনা রোধ করতে পুলিশি প্রহরাও জোরদার করা হয়েছে। গত বছর যে পরিমাণ চুরি যাওয়া কেবল উদ্ধার করা গিয়েছিল তার মূল্য ১৮,৪১,৪২৮ টাকা (আঠার লক্ষ একচল্লিশ হাজার চারশ আটাশ টাকা)। রেলপথে অপরাধ নিবারণের জন্য গুরুত্বপূর্ণ রেল স্টেশনগুলিতে সাদা-পোশাকের পুলিশ মোতায়েন করা হয়েছে এবং মেল/এক্সপ্রেস ট্রেনে সশস্ত্র পুলিশ প্রহরি রাখা হচ্ছে। নানা ধরনের অপরাধ সম্পর্কে পশ্চিমবঙ্গ পুলিশ ৭৯,৪০২ (উনআশি হাজার চারশ দুই) জন ব্যক্তিকে গ্রেপ্তার করেন এবং ৮৭,৮৮,৫৭৩ টাকা (সাতাশি লক্ষ অষ্টআশি হাজার পাঁচশ তিয়াত্তর টাকা) মূল্যের সোনার গয়না ও অন্যান্য জিনিসপত্র পুনরুদ্ধার করেন। ১৯৮০ সালে পুলিশ ১,৯০৫ (এক হাজার নয়শ পাঁচ) জন নিরুদ্দিষ্ট ব্যক্তিকে খুঁজে বের করেন। এসব ব্যাপারে আরও সংগঠিত এবং জোরদার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সামগ্রিক অপরাধ-পরিস্থিতি আমরা দৃঢ়ভাবে নিয়ন্ত্রিত করে রাখতে পেরেছি, যদিও কোনও কোনও ক্ষেত্রে অপরাধমূলক ঘটনা যেমন সামান্য বেড়ে গিয়েছে, তেমনি কোনও কোনও

ক্ষেত্রে আবার কমেও গিয়েছে। অর্থনৈতিক ক্ষেত্রে যে সঙ্কট ক্রমবর্ধমান, সামগ্রিক অপরাধ-পরিস্থিতির ক্ষেত্রে তার প্রভাব পড়েছে। পুলিশ বাহিনীকে কর্মতৎপর করে যাতে দ্রুত অপরাধ নির্ণয় করা যায় এবং অপরাধীদের অবিলম্বে খুঁজে বের করা হয় সেজন্য আমরা ব্যবস্থা নিচ্ছি। রাজ্যের দূরবর্তী অঞ্চলগুলিতে আরও পুলিশ থাকা প্রয়োজন বলে পশ্চিমবঙ্গ পুলিশ বাহিনীর জন্য সেখানে অতিরিক্ত ব্যাটালিয়ন গড়ে তোলা হচ্ছে। যেখানেই দরকার বলে মনে করা হচ্ছে সেখানেই নূতন নূতন থানা ও ফাঁড়ি খোলা হচ্ছে। দূরবর্তী অঞ্চলগুলির উপর নজর রাখার জন্য গ্রাম প্রতিরোধ বাহিনীগুলি যাতে পঞ্চায়েতগুলির সাথে ঘনিষ্ঠ সহযোগিতা বজায় রেখে কাজ করে সেজন্য ঐ বাহিনীগুলিকে পুনরুজ্জীবিত করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। পরিবর্তিত সামাজিক ও রাজনীতিক পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে পুলিশ বাহিনীর আধুনিকীকরণ ও তাঁদের জন্য পুরোপুরি এক নূতন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে। তফসিলি জাতিভুক্ত ও আদিবাসী মানুষের প্রতি অপরাধ করা হলে সেগুলি মেকাবিলা করার জন্য বিশেষ ব্যবস্থাও আমরা নিয়েছি। তফসিলি জাতিভুক্ত ও আদিবাসী মানুষের উপর হিংসাত্মক ঘটনা ঘটলে সেগুলি যাতে উচ্চপদস্থ পুলিশ আধিকারিকদের তদারকিতে তদন্ত করা হয় এবং যথাসম্ভব দ্রুত অভিযোগ দায়ের করা হয় সেই মর্মে আমরা আদেশ দিয়েছি। আধুনিক পুলিশ বাহিনীর পক্ষে আরও গতিশীলতা এবং আরও কার্যকর যোগাযোগ রক্ষার সুযোগ-সুবিধাদি অর্জন করা একান্তই আবশ্যক। স্থির করা হয়েছে, পুলিশ বাহিনীর জন্য গাড়ির ব্যবস্থা করা হবে এবং সংযোগরক্ষার জন্য বিভিন্ন থানায় যাতে আরও ভাল সুযোগ সুবিধা থাকে তার বন্দোবস্ত করা হবে। এই সমস্ত ক্ষেত্রে দীর্ঘকাল ধরে যে অবহেলা দেখানো হয়ে এসেছে তাতে পুলিশ বাহিনীর কর্মদক্ষতা বেশ কিছুটা হ্রাস পেয়েছে।

পুলিশ কর্মচারিদের প্রকৃত অভাব-অভিযোগের প্রতিকারকল্পে ব্যবস্থা নেওয়ার কথা আমরা বিস্মৃত হইনি। এটা দুর্ভাগ্য ও লজ্জার কথা যে বিগত বহু বছর ধরে পুলিশ বাহিনীর কর্মচারিদেরকে জনগণের উপর উৎপীড়ন চালানোর কাজে লাগানো হয়েছে। কিন্তু সাধারণ পুলিশ কর্মচারিদের প্রকৃত অভাব-অভিযোগের ক্ষেত্রে যেমন, তাঁদের বাসস্থানের ব্যবস্থা করা ও প্রয়োজনীয় অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে ভাল করে নজর দেওয়া হয়নি। পুলিশ কর্মচারিদের সমিতি গঠনের অধিকার আমরা স্বীকার করে নিয়েছি। কিন্তু এটা আমরা সুস্পষ্টভাবে জানিয়ে দিয়েছি যে সুশৃঙ্খল পুলিশ বাহিনীতে বিশৃঙ্খলা ও কর্তব্যে অবহেলার ঘটনাকে কোনও মতেই বরদাস্ত করা হবে না। বিভিন্ন স্তরে সংযুক্ত পরামর্শ কমিটি গঠন করা হয়েছে। যে সমস্ত প্রকৃত সমস্যা পুলিশ কর্মচারিদের দৈনন্দিন অবস্থা ও মনোবলের উপর প্রভাব ফেলছে এই ত্রিস্তর কমিটিগুলিতে সেগুলি সম্পর্কে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। পরামর্শ কমিটিগুলির সব আলোচনা সভাতেই এই পুলিশ কর্মচারিদেরকে সব সময় একটা গুরুত্বপূর্ণ বিষয় মনে করিয়ে দেওয়া হয়। তা হল, তাঁদেরকে অবশ্যই সুশৃঙ্খল বাহিনীর সদস্যের মতো আচরণ করতে হবে এবং বিভিন্ন পুলিশ সংগঠন নিজেদের মধ্যে অভিযোগ, পাল্টা অভিযোগ তুলে সমিতি গঠন করার যে অধিকার তাঁরা পেয়েছেন তার অপব্যবহার

কখনই করা চলবে না। জনগণের স্বার্থে নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে কর্তব্য পালনে পুলিশ কর্মচারিদেরকে উদ্বুদ্ধ করতে তাঁরা নিশ্চয়ই সহায়তা করবেন। বিভিন্ন স্তরের পুলিশ কর্মচারিদের অর্থনৈতিক দাবি-দাওয়ার ক্ষেত্রে বেতন কমিশনের সুপারিশগুলি সরকার খুঁটিয়ে পরীক্ষা করে দেখছেন।

পুলিশ কর্মচারিদের বাসস্থান সংক্রান্ত ব্যবস্থার তীব্র অভাব সম্পর্কে সরকার সচেতন। প্রশাসন ভবন ও কোয়ার্টার নির্মাণের জন্য পূর্ত বিভাগের বাজেটে ৭,৪৮,২১,০০০ টাকা (সাত কোটি আটচল্লিশ লক্ষ একুশ হাজার টাকা) বরাদ্দ করা হয়েছে। সপ্তম অর্থ কমিশনের সুপারিশ মতো তাদের আর্থিক সহায়তায় অধস্তন পুলিশ কর্মচারিদের জন্য একটি গৃহনির্মাণ কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছে। এখনকার মতো, এই সব কর্মচারিদের জন্য ৯,১০১টি (নয় হাজার একশ একটি) বাসগৃহ নির্মাণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে, অধস্তন কর্মীদের জন্য বাসগৃহ নির্মাণের কাজ যাতে কোনও পর্যায়ে ব্যাহত না হয় তা সুনিশ্চিত করার জন্য পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর তত্ত্বাবধানে একটি মনিটরিং সেল গঠন করা হয়েছে। পুলিশ কর্মচারিদের নূতন বাসস্থানের প্রয়োজন সন্তোষজনক ভাবে মেটাবার জন্য সপ্তম অর্থ কমিশন যে অর্থ দিয়েছে তা খুবই অপ্রতুল। তাই, অধস্তন পুলিশ কর্মীদের বাসগৃহের সংখ্যা আরও বৃদ্ধি করার নীতিকে রূপায়িত করার জন্য রাজ্য সরকারকে নিজের তহবিল থেকে বেশ কিছুটা অর্থ ব্যয় করতে হবে।

পুলিশ কর্মচারিদের সুবিধার জন্য সল্ট লেক এবং শিলিগুড়িতে একটি করে কেন্দ্রীয় হাসপাতাল স্থাপনের কর্মপ্রকল্প প্রণয়ন করা হচ্ছে।

বিভিন্ন পুলিশ প্রনিয়ম ও বিধিসার (ম্যানুয়েলস)-এর সংশোধনের জন্য সরকার একটি কমিটি গঠন করেছেন। এই কমিটির মূল লক্ষ্য হবে পুরানো আমলের যেসব কার্যপদ্ধতি বর্তমান পরিস্থিতিতে অচল তার সংপরিবর্তন করা। আশা করা যায় শীঘ্রই এই কমিটির কাছ থেকে একটি অন্তবর্তীকালীন সুপারিশ পাওয়া যাবে।

পুলিশ বাহিনীর সর্বস্তরে দুর্নীতির মোকাবিলার জন্য সরকার আগ্রহী। গত বছর ৬৫১ (ছশ একান্ন) জন পুলিশ আধিকারিক ও কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় প্রতিবিধানমূলক আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়। তদন্তকারী আধিকারিকগণ তদন্তের পর যে রিপোর্ট দেন তার ভিত্তিতে ১৫ (পনের) জন পুলিশ কর্মচারীকে বরখাস্ত বা চাকরি থেকে অপসারিত করা হয়। ৩৫ (পঁয়ত্রিশ) জন পুলিশ কর্মচারীর পদাবনতি ঘটানো হয় অথবা তাঁদের বেতন কমিয়ে দেওয়া হয়। তাছাড়া, ৭৮ (আটাত্তর) জন পুলিশ কর্মচারীকে অন্যান্য ধরনের শাস্তি দেওয়া হয়। দুর্ভাগ্যের কথা, উপরমহল থেকে মদত পাওয়ার ফলে বছরের পর বছর ধরে দুর্নীতি ব্যাপকভাবে শাখাপ্রশাখা বিস্তার করার সুযোগ পেয়েছে। শুধু এইসব প্রশাসনিক ব্যবস্থা নিলেই হবে না সেই সঙ্গে সজাগ জনগণের সক্রিয় সহযোগিতায় দুর্নীতির বিরুদ্ধে একটি সচেতন, ঐক্যবদ্ধ ও নিরবিচ্ছিন্ন সংগ্রাম চালাতে হবে।

রাজ্য সরকারের সুপারিশক্রমে ৩২ জন পুলিশ আধিকারিক ও কর্মীকে সাহসিকতা ও প্রয়োজনীয় কাজের জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক ও পুলিশ পদক দেওয়া হয়েছে। যেসব পুলিশ কর্মচারী এইসব গৌরব লাভ করেছেন এবং পুলিশ বাহিনীতে সর্বোচ্চ সম্মান অর্জন করেছেন তাঁদের জন্য আমরা সত্যই গর্বিত।

উপসংহারে আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি, তাঁরা যেন এই রাজ্যে পুলিশ বাহিনীর কাজের মূল্যায়ন করে ঐ বাহিনীর কাজকর্মের আরও উন্নতি কিভাবে ঘটানো যায় সে সম্পর্কে তাঁদের মতামত এই সভায় রাখেন। কিন্তু তার আগে দেশের রাজনৈতিক দিগন্তে ঘন করাল মেঘের যে কাল অশুভ ছায়া ঘনিয়ে আসছে সে বিষয়টি আমি মাননীয় সদস্যদের আর একবার স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৮০ সালের লোকসভা নির্বাচনের পর থেকে এ রাজ্যে জনজীবনকে বিঘ্নিত ও বিপর্যস্ত করার জন্য কিছু কিছু গণতন্ত্র বিরোধী রাজনৈতিক শক্তি ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ইচ্ছাকৃতভাবে অস্থিরতা সৃষ্টির জন্য উস্কানি দেওয়া হচ্ছে এবং নির্বাচিত সরকারকে উৎখাত করার জন্য স্বৈরতান্ত্রিক ডাক দেওয়া হচ্ছে। এতে প্রশাসনের ক্ষতি হয় আর এর ফলে গণতান্ত্রিক কার্যকলাপ বানচাল করার কাজে রাজনৈতিক মতলববাজ ও চক্রান্তকারীরা সুবিধা পায়। পুলিশ বিভাগের কাজ দিন দিন আরও জটিল ও অসুবিধাজনক হয়ে উঠছে। আমি সমস্ত পর্যায়ের পুলিশ কর্মচারিদের বিশেষ করে বলব যে তাঁরা যেন ঐকান্তিক নিষ্ঠার সঙ্গে নিজ নিজ কর্তব্য করে যান। এই সব দুষ্টচক্রের উপর জনগণের সজাগ ও সর্তক দৃষ্টি রয়েছে।

এই বলে, আমি এখন মাননীয় সদস্যবৃন্দের কাছে আমার বিভাগের বাজেট বরাদ্দ মঞ্জুর করার এই প্রস্তাব পেশ করছি।

**Shri Janmejoy Ojha :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

**Shri Janmejoy Ojha :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri Bijoy Bauri :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri Birendra Kumar Moitra :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri Kiranmoy Nanda :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

[2-30 – 2-40 p.m.]

**শ্রী বিনয় ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা সম্বন্ধে, বিশেষ করে কিছু বলার নেই। যে কোনওদিন সকালে প্রভাতী কাগজ খুললেই দেখতে পাবেন, কি পরিস্থিতি এই পশ্চিমবাংলায় ঘটছে। যে সমস্ত ঘটনা খবরের কাগজে বেরিয়েছে সেই সব ঘটনা এখানে আলোচিত হয়েছে, সেই সব সম্বন্ধে আমি এখানে আর পুনরাবৃত্তি করতে চাই না তবে দিনাজপুরে যে সব বন্দুক লুঠ হয়েছে, সেই সম্বন্ধে আমি দেখতে পাচ্ছি বিভিন্ন লোক বিভিন্ন মত পোষণ করছেন, বিভিন্ন তথ্য দিচ্ছেন। আজকের কাগজ যদি দেখেন ওখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এক রকম তথ্য দিয়েছেন এবং আই.জি. আর এক রকম তথ্য দিয়েছেন। সুতরাং দিনাজপুরে যে সব ঘটনা ঘটছে, লুঠতরাজ হচ্ছে, তাকে বুঝতে গেলে — এটাকে যদি একটা বিক্ষিপ্ত ঘটনা বলে গ্রহণ করি বা বিশ্লেষণ করার চেষ্টা করি তাহলে আমরা বুঝতে পারব না। এই সভায় আমি পূর্বে বলেছিলাম যে কলকাতার উপর এবং কলকাতার পার্শ্ববর্তী অঞ্চলে বহু বেআইনি লাইসেন্স পেয়ে অস্ত্র তৈরির কারখানার সৃষ্টি হচ্ছে। আমার সেই বক্তব্যের পর দেখলাম, গত ৮/৯ মাস সেই সমস্ত অস্ত্রাগার বন্ধ ছিল, কিন্তু হঠাৎ দেখলাম আবার কাজ আরম্ভ হয়ে গেছে। খবর নিয়ে জানলাম যে তারা আবার লাইসেন্স পেয়েছে, হঠাৎ তারা লাইসেন্স পেয়ে গেছে এবং কলকাতার ভিতর অস্ত্রাগার তৈরি করছে। আর যারা লাইসেন্স পায়নি, তার জন্য কিছু যায় আসে না, তারাও পুরোদমে কাজ চালিয়ে যাচ্ছে। শুধু তাই নয়, পশ্চিমবাংলার সর্বত্র এই অস্ত্রের কারখানা চলছে বিনা লাইসেন্সে। যদি সময় পাই তাহলে তাদের একটা লিস্ট আমি আপনার কাছে উল্লেখ করব এবং উল্লেখ করলেই তারা লাইসেন্স পেয়ে যাবে। আর সরকারের নীতি হচ্ছে যারা বেআইনি অস্ত্র তৈরি করবে, অস্ত্র সংগ্রহ করবে, তাদের লাইসেন্স দেবে। এক বেহালাতেই ২০টা আছে, অন্য জায়গায় যেতে হবে না। এই ঘটনার সঙ্গে লাট বাগানের যে অস্ত্র অপহরণ হয়েছিল, তাকে এক সঙ্গে নিতে হবে।

আমি তাদের বলি, আপনারা মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করুন। আমি একদিন মুখ্যমন্ত্রী মহাশয়কে টেলিফোনও করেছিলাম কিন্তু তিনি ব্যস্ত ছিলেন বলে আমি পাইনি, পেলে সেদিনই তাদের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতাম। যাই হোক, তারা বললে, আমরা হাজারবার দরখাস্ত করেছি কিন্তু কোনও প্রতিকার হয়নি। সেখানে প্রতিকার হওয়ার পরিবর্তে তারা বললে, আমাদেরই ২/৩ জন লোক উধাও হয়ে গিয়েছে, মার্ডার হয়ে গিয়েছে, তাদের আর খুঁজে পাওয়া যাচ্ছে না। তারপর আর একটি ঘটনার কথা বলছি — রাজাবাজার অঞ্চলে একটি সোনার দোকানে ডাকাতি হবে খবর এল। সেখানে অমুক দিন, অমুক সময় ডাকাতি হবে সেকথাও বলা হল। তারা আমাকে বললে, আপনি যদি দয়া করে এদের পুলিশে ধরিয়ে

দিতে পারেন তাহলে কিছু লোক নিশ্চয় শায়েস্তা হবে। আমি সঙ্গে সঙ্গে স্থানীয় ডি.সি.-কে সেই খবর জানিয়ে দিলাম। নির্দিষ্ট দিনের প্রায় একমাস আগে আমি তাকে বলেছিলাম। আরও একটা খবর দিয়েছিলাম — অমুক তারিখে স্টেট ব্যাঙ্কের খিদিরপুরের ব্রাঞ্চে ডাকাতি হবে। তারপর সেখানে পুলিশ পোস্টেড হয়ে গেল — প্লেন ড্রেসের পুলিশ, ড্রেস সব পুলিশ, নর্থ জোন, ইস্টার্ন জোন সমস্ত জায়গার পুলিশ মোতায়েন থাকল কিন্তু দেখা গেল নির্দিষ্ট দিনে নির্দিষ্ট টাইমে তারা এল, দোকানে ঢুকল, দু লক্ষ টাকার সোনা নিয়ে বেরিয়ে চলে গেল, কোনও কিছু হল না, পুলিশ দাঁড়িয়ে থাকল। এই হচ্ছে অবস্থা। যাই হোক, আগের কথায় ফিরে আসি — সেই লোকগুলি তিন/চার মাস আগে চিফ-সেক্রেটারি, পুলিশ মন্ত্রী এই রকম ১২ জন লোকের কাছে দরখাস্ত করেছিল। তাদের অ্যাপ্লিকেশনটা আমি পড়ে শোনাচ্ছি।

It is known to all including the police that the murderers, আমি নামগুলি বলব না। Sabir was murdered even in presence of S.I.Hossain, the 2nd officer of Asansol Police Station. This gang murdered hundreds of men and woment whose identities and dead bodies could not be traced. কয়লা তুলে নেবার পর যে sand pilling হয় তার ভেতরে dead bodyটা চলে যায়। এ সব প্রায়ই ঘটে। His modus operandi is to save the murderers from being arrested on the one hand and to arrest this man or that man in connection with any one of the murder cases to extort money on the other hand. After extorting money he releases him without any thing being recorded in the P.S. Movements of the police he also passes on to this gang before hand. For the fear of being murdered or arrested by S.I. Hossain the people of the locality do not venture to open their mind. So long this S.I. will be there this gang will go on multiplying murder without any fear of being arrested. He had been to Asansol P. S. for a long time and from Asansol he was transferred to Chittaranjan P. S. Again he has been brought back to Asansol. What prompted the officer who initiated his bringing back to Asansol should also be taken into consideration.

তিন/চার মাস আগে তারা চিফ সেক্রেটারি, হোম সেক্রেটারি, চিফ মিনিস্টারের কাছে যে দরখাস্ত পাঠিয়েছিল রেজিস্ট্রি করে সেই রেজিস্ট্রি করার রসিদ আমার কাছে আছে। সেখানে স্যার, একটি লোকও আজ পর্যন্ত এনকোয়ারি করার জন্য যায়নি। তার পরিবর্তে যা হয়েছে আমি আগেই বলেছি — যারা দরখাস্ত করেছিল তাদের ২/৩ জন গুলি খেয়ে মারা গিয়েছে।

অদ্ভুত পরিস্থিতি চলেছে। স্যার, এই সমস্ত দৃষ্টান্ত দেখে যদি এই সিদ্ধান্তে পৌঁছানো না যায় যে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা বলে কিছু নেই তাহলে সেটা অত্যন্ত দুঃখের বিষয় হবে। এরপর আমি মার্ডারের কথা বলছি। জুডিসিয়াল মিনিস্টার এখন উপস্থিত নেই, লালবাজারের পাশে পরপর ৩/৪টি মার্ডার হল। মার্ডার হবার পর আমাদের জুডিসিয়াল মিনিস্টার কমিশনারকে সঙ্গে করে যাতে সেই মার্ডার বন্ধ হয় তার চেষ্টায় সেখানে এগিয়ে যান।

[2-40 – 2-50 p.m.]

অনেক কিছু বললেন কিন্তু কিছুই হয়নি। দুচার দিন আগেও সেখানে মার্ডার হয়েছে এবং এখনও যদি স্টেপ না নেওয়া যায় তাহলে আবার ফর্টনাইটের মধ্যে সেখানে একটা বিভৎস কান্ড হবে, আরও ৪/৫ জন হয়ত মারা যাবে। সেখানে কি হয়েছে শুনন — তার ওয়াইফ চিঠি লিখেছেন চীফ মিনিস্টারকে, চীফ সেক্রেটারিকে এবং কমিশনার অফ পুলিশকে — নিরুপম সোমের নিজের নামে চিঠি দিয়েছেন।

That on the night of 27th November, say at about midnight, when we were sleeping in our room, many people at a time called from outside by the said name of my husband, the said Gulam Ali. The loud call of the callers made us awake, and my husband opened the door of our room. I also accompanied him upto the door. That on coming out I found that a good number of people have assembled in front of our door. They asked my busband to accompany them. I asked my husband not to go at this hour of midnight. In reply my husband told that three plain-dressed police officer Bowbazar P. S. had come and as such he could not refuse to go. All on a sudden I heard the cries of my husband asking for help, piteously crying "Hamko mar dala, Hamko Bachao". I rushed there and found about 50 persons had encircled my husband.

তিনি নামও দিয়েছেন যে এই সব লোক গেছে এবং বলেছেন যে একজন সাট্টাওয়ালা, তিনিও সঙ্গে ছিলেন। তাদের নাম দেওয়া হল কিন্তু আজ পর্যন্ত কোনও স্টেপ সরকারের তরফ থেকে নেওয়া হয়নি — হোম সেক্রেটারিও নেননি এবং চীফ সেক্রেটারিও নেননি। মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় একদিন দেখিয়েছে যে চীফ সেক্রেটারি নিজেও, ডাকাতি হচ্ছে, জিনিস লুঠ হচ্ছে তাতে ইন্টারফেয়ার করছেন, এই তো অবস্থা। এতেও যদি আইনশৃঙ্খলার অবনতি হয়নি সেটা দেখবার জায়গা খুঁজতে হবে। এই রকম অনেক ঘটনা আছে যার রসিদ রয়েছে, কাগজপত্র রয়েছে। এই রকম ঘটনা দিনের পর দিন হচ্ছে এবং আরও দেখা যাচ্ছে যে পুলিশ ক্রাইম করছে। আজকে এই সাহস পুলিশ কোথা থেকে পেল? যারা পুলিশকে পরিচালনা করেন, যারা পুলিশকে নির্দেশ দেন, তাদের কাছ থেকে যদি আসকারা না পান,

তারা যদি দুষ্কৃতকারী না হন তাহলে পুলিশ এই রকম আসকারা পেতে পারে না। আজকে আপনি দেখেছেন যে পুলিশ ক্রাইম করছে। পুলিশ ট্রেনিং কলেজের সামনে পুলিশ পুলিশকে রবারি করতে দেখেছে এবং ধরা পড়েছে। সর্বত্র এই রকম ব্যাপার হচ্ছে। বড়বাজারে বচ্চন সিং না কার, টাকা আদায় করতে গিয়ে এমন ভাবে মেরেছে যে তার চোখ দুটো চলে গেছে। তারপর মডার্নাইজেশন সম্পর্কে কিম্বা রিসার্চ সম্বন্ধে কোনও কথা নেই। আমি বলব যে ক্রাইম প্রিভেনশন সম্পর্কে যে বিভিন্ন রেজলিউশন আছে, সেগুলি যাতে ইম্পলিমেন্টেশন হয় এবং সুইডেনে যে সোশ্যাল পুলিশ আছে, জাপানে যে জুভেনাইল পুলিশ আছে — এই সব এখানে কি করে যায় সে সম্পর্কে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব। এবারে আমি সেই সব নাম দু চারটি এখানে বলতে চাই যারা লাইসেন্স পেয়েছেন। যারা লাইসেন্স পেয়েছে, তারা হচ্ছে, নন্দকুমার দে, মেসার্স ইউনাইটেড ট্রেডিং এজেন্সি, ১৫/এ, পামার বাজার রো, কলকাতা-১৫; পান্না দাস, এবং নেপাল দাস, ২৯, রবার্ট স্ট্রিট, কলকাতা-১২; গৌর মন্ডল, মেসার্স জি.এন.ডি., চন্ডিতলা মেন রোড, কলকাতা; নির্মল রায়চোধুরি, মেসার্স নেপালচন্দ্র রায় চৌধুরি, কে.কে. রায়চৌধুরি রোড, বড়িষা, কলকাতা-৮; বীরেন দাস মেসার্স হান্টার এন্টারপ্রাইস, ৩৩/৬বি নাজির লেন, কলকাতা-২৩; গোপাল দাস, মেসার্স জি.সি. দাস অ্যান্ড কোঃ, ১৭১ ধর্মতলা স্ট্রিট, কলকাতা-১৩; সুশান্ত দাস ৩, ব্যানার্জি পাড়া রোড সরযুনা, কলকাতা-৬১। এদের সব লাইসেন্স দেওয়া হয়েছে, তা মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর জবাবি ভাষণে একটু বলবেন যে, এদের কি অস্ত্র তৈরি করবার লাইসেন্স দিয়েছেন? আমি যতদূর জানি যে, এদের তিনি এয়ার গান তৈরি করবার লাইসেন্স দিয়েছেন। কিন্তু আমরা জানি যে, মেশিন দিয়ে এয়ার গান তৈরি হয় সেই মেশিন দিয়েই রিভলভার তৈরি করা যায়, সেই মেশিন দিয়েই রাইফেল তৈরি করা যায়। অবশ্য মুখ্যমন্ত্রী বলতে পারেন যে, লাইসেন্স দেওয়ার মালিক তিনি নন, মালিক হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট। সেন্ট্রাল গভর্নমেন্ট মালিক হলেও পশ্চিমবঙ্গ সরকারের সুপারিশ ছাড়া তাঁরা লাইসেন্স দিতে পারেন না, তাঁদের পক্ষে দেওয়া সম্ভব নয়। সেইজন্য ওকথা বলে কোনও লাভ হবে না। এই সমস্ত যারা বে-আইনি ভাবে কাজকর্ম করছে তাদের আরও দু চার জনের নাম উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করছি। মেসার্স জলি অ্যান্ড কোম্পানি, ৮৯/বেচারাম চ্যাটার্জি রোড, বেহালা, কলকাতা-৩৪; শক্তি দাস, ২২, রামগোপাল পাল লেন, সরযুনা, কলকাতা-৬১; রাখালচন্দ্র দেবনাথ, ঠাকুরপুকুর, কলকাতা-৬৩; এই রাখালচন্দ্র দেবনাথ, উনি হচ্ছেন একজন পুলিশের লোক, ঠাকুরপুকুর থানায় পোস্টেড ছিলেন। তারপরে আরও দু তিনটি নাম বলছি, পরিতোষ সাঁতরা, বড়বাজার, কেষ্টডাঙ্গা রোড, কলকাতা-৬১; অমূল্য মন্ডল, দক্ষিণ বেহালা, কলকাতা; মজুমদার ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ১৩০, বনমালী নস্কর রোড, কলকাতা-৮০। এরকম আরও বহু নাম আছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি জানতে চান, তাহলে আমি সব নাম-ধাম তাঁকে দিয়ে দেব। এই কয়টি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**[illegible]প্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ)

মন্ত্রী তাঁর যে পুলিশ বাজেট উপস্থাপন করেছেন সে সম্পর্কে আমি আমাদের প্রতিক্রিয়া এখানে আলোচনার মাধ্যমে রাখছি।

তিনি তাঁর বাজেটের প্রথমেই বলেছেন যে, এবারে পুলিশ খাতে বরাদ্দের পরিমাণ হচ্ছে, ৭৪ কোটি ৬০ লক্ষ ৩৭ হাজার টাকা। গতবারে এই পরিমাণটা ছিল ৬৮ কোটি ৯২ লক্ষ ৩ হাজার টাকা। অর্থাৎ এবারেও পুলিশ বাজেট বাড়ান হল। এ সম্পর্কে তিনি বলেছেন যে, পুলিশ কর্মচারিদের ভাতা, বেতন ইত্যাদি বাড়াবার জন্যই বাজেটের পরিমাণ বাড়াতে হচ্ছে। তিনি অবশ্য প্রতিবারই একথা বলে থাকেন যে, মাইনে বাড়াবার জন্যই পুলিশ বাজেট মূলত বেড়েছে।

[2-50 – 3-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে যে কথাটা মনে পড়ছে সেটা হচ্ছে যে, জ্যোতিবাবু আজকে সরকারের ভূমিকায় ট্রেজারি বেঞ্চে বসেছেন এবং পুলিশ বাজেট সরকারের ভূমিকায় থেকে যথারীতি বাড়িয়ে দিয়েছেন এবং বিরোধীপক্ষরা — ঐ কংগ্রেস এবং অন্যান্য যারা তারা বিরোধীতা করছেন পুলিশ বাজেটে ব্যয়-বরাদ্দ বৃদ্ধির জন্য। আর ঐ ব্যয়-বরাদ্দ বৃদ্ধি কেন হল এই সম্পর্কে ডিফেন্ড করার জন্য আপ্রাণ চেষ্টা করা হচ্ছে ট্রেজারি বেঞ্চে বসে থেকে। ঠিক একই জিনিস ঘটত যখন জ্যোতিবাবু বিরোধী বেঞ্চে বসে থেকে পুলিশ বাজেটের বিরোধীতা করতেন আর ঐ রকম কংগ্রেসিরা ডিফেন্ড করার চেষ্টা করতেন। এই ব্যাপারটা অন্য কিছু নয়, এটা আপাতত কংগ্রেস, সি.পি.এম.-র নিছক সংসদীয় রাজনীতির অবস্থানগত পরিবর্তন জনিত যে পরিস্থিতি তারই জন্য আপাতত বিরোধীতা, আসলে শ্রেণী চরিত্রের দিক থেকে, মূল নীতিগত দিক থেকে কোনও পার্থক্য নেই। তাই অবস্থার যখন পরিবর্তন হয় বিভিন্ন অবস্থায় বিভিন্ন কথা বলেন। ফলে এই জিনিস ঘটছে, এটা বুঝতে কারও অসুবিধা নেই। কিন্তু পুলিশ বাজেট সম্বন্ধে জ্যোতিবাবু বলেছেন আমরা যথাসাধ্য পুলিশ বাজেট সংক্ষেপ করার চেষ্টা করেছি। কিন্তু কি রকম সংক্ষেপ করার চেষ্টা করেছেন? ইন্দিরা কংগ্রেস, যাকে আমরা স্বৈরাচারি ইন্দিরা কংগ্রেস বলি, যখন জরুরি অবস্থার সময়ে গোটা ভারতবর্ষে পুলিশিরাজ কায়েম হয়েছিল বলা যায় সেইরকম একটা সময়ে অর্থাৎ ১৯৭৬।৭৭ সালে এই পশ্চিমবাংলায় সিদ্ধার্থ রায় সরকার পুলিশ বাজেটে কত বাড়ালেন ৪৭ কোটি ৩১ লক্ষ ২৭ হাজার টাকা আর আজকের বাজেটে ধরা হল ৭৪ কোটি ৬০ লক্ষ ৩৭ হাজার টাকা অর্থাৎ এই কয়েক বছরে বামফ্রন্ট সরকার ২৭ কোটি ২৯ লক্ষ ১০ হাজার টাকা বৃদ্ধি করেছে। ভাবতে পারেন? যে দেশে শতকরা ৭০ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করেন, যেখানে উন্নয়নমূলক কাজকে সঙ্কুচিত করে এই পুলিশ খাতে বিপুল পরিমাণ অর্থ দেওয়া সেটা আমাদের মতন দরিদ্র দেশে কল্পনা করা যায় না। আমি ১৯৭৯ সালে হিসাব দেখিয়ে দিয়েছিলাম যে, সারা ভারতবর্ষে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা পুলিশ খাতে আপেক্ষিক ভাবে সমস্ত রাজ্যকে ছাড়িয়ে গেছে এবং সেটা

প্রায় ৬০ পারসেন্ট। কিন্তু জ্যোতিবাবু বলছেন পুলিশ বাজেটে যে ব্যয় বরাদ্দ বৃদ্ধি পেয়েছে তার কারণ পুলিশ বাহিনীর কর্মদক্ষতা বজায় রাখার জন্য যা যা প্রয়োজন সেইগুলির দিকে লক্ষ্য রাখা হয়েছে। কিন্তু ইন্সিডেন্ট অফ ক্রাইম বাড়ছে। তিনি তৃতীয় পৃষ্ঠায় অন্য কথা বলছেন, সামগ্রিক অপরাধ পরিস্থিতি আমরা দৃঢ়ভাবে নিয়ন্ত্রিত করে রাখতে পেরেছি যদিও কোনও কোনও ক্ষেত্রে অপরাধমূলক ঘটনা যেমন সামান্য বেড়ে গিয়েছে তেমনি কোনও কোনও ক্ষেত্রে আবার কমেও গিয়েছে। এটা সাপ্রেশন অফ ফ্যাক্ট হচ্ছে। রাজ্যপালের ভাষণে আছে খুন, ডাকাতি — এগুলির মাত্রা বেড়েছে। এগুলি কোনও কোনও ক্ষেত্রে সেগুলি ইনসিগনিফিক্যান্ট। খুন, ডাকাতি এগুলি ইনসিগনিফিক্যান্ট অফ ক্রাইম। শুধু তাই নয়, মুখ্য সচিব গত ফেব্রুয়ারি মাসে বলেছেন ১৯৭৯ সালের তুলনায় ১৯৮০ সালে অপরাধের সংখ্যা বেড়ে গেছে। ফলে প্রশ্ন হচ্ছে, পুলিশ বাজেট বেড়েছে কিন্তু ইনসিগনিফিক্যান্ট অফ ক্রাইম কমেছে কি? কমেনি, ইনসিগনিফিক্যান্ট অফ ক্রাইম বেড়ে যাচ্ছে। অথচ জ্যোতিবাবু বলছেন, পুলিশের কর্মদক্ষতা বজায় রাখার চেষ্টা করা হচ্ছে।

কর্মদক্ষতা বজায় রাখবেন, কিন্তু ইন্সিডেন্স অফ ক্রাইম কমবে কি করে? কমতে পারেনা। এটা ডিপেন্ড করে গভর্নমেন্ট অ্যাটিচিউডের উপর। গভর্নমেন্ট ইটসেলফ, যারা ক্রিমিন্যালকে তাদের সরকারকে রক্ষা করার জন্য পোষণ করে থাকে তাহলে ইন্সিডেন্স অফ ক্রাইম কমে? একটা সরকার, সরকারি দলের বিরুদ্ধ রাজনৈতিক শক্তিকে, প্রতিভাকে স্বনির্ভরতার মধ্যে দিয়ে আদর্শগত ভাবে মোকাবিলার পথ পরিহার করে ক্রিমিন্যাল সমাজবিরোধী, তাদের হাতিয়ার করে এগিয়ে চলার রাজনীতি অবলম্বন করে সে দেশে ইন্সিডেন্স অফ ক্রাইম কমতে পারে? ন্যাচারালি ইন্সিডেন্স অফ ক্রাইম বেড়ে যাচ্ছে। তারপর তিনি বলছেন আইনের ক্ষেত্র আমরা আইনকে নিরপেক্ষ ভাবে ব্যবহার করার চেষ্টা করছি। কি রকম নিরপেক্ষ ভাবে ব্যবহার করার চেষ্টা করা হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাচ্ছি, হলদিয়া শিল্প নগরী আপনি জানেন। যেখানে বহু এলাকা জুড়ে হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছে এবং সেখানে সরকারি প্রতিশ্রুতি অনুযায়ী তারা চাকুরি পাওয়ার যোগ্য, চাকুরির আশায় বসে আছে। এই হলদিয়ায় বাসুদেবপুর সহ ৪৫টি গ্রামে ঐ বাস্তুচ্যুত যারা এভিকটেড তারা একটা হলদিয়া গণ কমিটি গঠন করেছেন, স্থানীয় বাস্তুচ্যুতরা তাদের স্থানীয় ভাবে বিভিন্ন শিল্পে তারা কাজকর্ম পায়। দুই মাস ধরে হলদিয়ায় যে স্টেট জেনারেল হাসপাতাল সেটা তৈরি হচ্ছে সেখানে এন.সি.মজুমদার একজন সিভিল কন্ট্রাক্টার, তার অধীনে যে সমস্ত শ্রমিক কাজ করছিল তার ঐ সমস্ত বাস্তুচ্যুত যারা স্থানীয় শ্রমিক হিসাবে কাজ করছিল তাদের উপর দুমাস আগে কি রকম হামলা হল? আমি আপনাকে জানাচ্ছি অপরাধ কি? না ঐ এন.সি. মজুমদার, সিভিল কন্ট্রাক্টারের অধীনে যে শ্রমিক ছিল তারা সিটুর বশ্যতা স্বীকার করেননি, ফলে তাদের ওখান থেকে বিতাড়িত করতে হবে। সেখানে কি অদ্ভুত ব্যাপার হয়েছিল সেখানকার সি.পি.এম.-র স্থানীয় নেতা 'লক্ষ্মণ' আশ পাশের ৫টি থানার পুলিশের সঙ্গে যোগাযোগ করে এবং ওখানকার অ্যাডিশনাল এস.ডি.ও. তাদের নেতৃত্বে ৩১.১.৮১ তারিখে

হলদিয়ার গ্রামবাসীদের উপর চড়াও হয় এবং সেই প্যারা মিলিটারি ফোর্স নিয়ে গিয়ে নানারকম ভাবে অত্যাচার করেছে। ওখানে 'কন্যা মিলন মন্দির' বলে যে গালর্স স্কুল ছিল সেখানে কর্মরত মেয়েদের হোস্টেলের মধ্যে গিয়ে গার্ড এবং শিক্ষিকাদের প্রতি অশোভন আচরণ করে। স্কুলের প্রধান শিক্ষিকা এর বিরুদ্ধে প্রতিবাদ করে স্থানীয় দুর্গচক থানায় অভিযোগ করেছিলেন, ফলে কি হয়েছিল, পুলিশের নিরপেক্ষতা তাঁরা পাননি। হলদিয়ার এ প্যারামিলিটারি ফোর্স টিয়ার গ্যাস ছুঁড়েছিল। বরানগরে আমাদের পার্টি অফিসে হামলা হয়, অপরাধ কি? না এস.ইউ.সি. বামফ্রন্ট সরকারের ট্রাম, বাসের ভাড়া বৃদ্ধি এবং জনস্বার্থ বিরোধী শিক্ষানীতির প্রতিবাদ করেছিল তাই বরানগরের পার্টি অফিসে ঢুকে মারধোর করা হয়েছিল এবং আসবা পত্র ভেঙ্গে দেওয়া হয়েছিল।

[3-00 – 3-35 p.m.](Including Adjournment)]

তারপর দিন যখন এর প্রতিবাদে বরানগরে মিছিল বের হয় তখন এই মিছিলের উপর সি.পি.এম.-র কর্মীরা আক্রমণ করেন। এবং সুশীল নন্দী প্রভৃতির ওপর আক্রমণ করেন। এই কাজ সি.পি.এম. কর্মীরা করেছেন এবং তাদের নামে থানায় ডায়রিও করা হয়েছে। কিন্তু ৩রা ফেব্রুয়ারির পর আজ পর্যন্ত একটা কালপ্রিটকেও ধরা পড়েনি। গতকাল আমি এখানে বলেছি যে ক্যানিং থানার একটি গোটা গ্রাম দাউ দাউ করে জ্বলতে থাকে। আমতলার একটি গ্রাম পুড়িয়ে দেওয়া হয়েছে। সেই এলাকাটি সি.পি.এম. পুষ্ট। এ বিষয়ে আমি জ্যোতিবাবুকে চিঠি দিয়েছি ব্যক্তিগত ভাবে, কিন্তু তার কোনও প্রতিকার হয়নি। তিনি এখানে বলেছেন সমাজের দুর্বলতম অংশ শ্রমিক, ভাগচাষীর, সঙ্গে যদি জোতদারদের কোনও রকম সংঘর্ষ হয় তাহলে সেখানে সরকারি নীতি হচ্ছে তাদের প্রটেকশন দেওয়া। গত ২৪শে নভেম্বর আমি চিঠি দিয়েছি যে কুন্তলি থানার ভাগচাষীর ধান কেটে নেওয়া হয়েছে এবং একজন ভাগচাষী মারা যাচ্ছে এইসব জিনিস তিনি অস্বীকার করতে পারেননি। ২৮শে নভেম্বর চিঠির উত্তর দিয়েছেন ১০ই ফেব্রুয়ারি দিয়েছেন যাতে তিনি লিখেছেন —

Please refer to your letter dt. such and such. Investigation of the cases is continuing according to law. The supporters and followers of Congress (I) are being warned.

একথা অস্বীকার করবার উপায় নেই। সেজন্য পুলিশ বাজেটকে বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**(At this stage the House was adjourned till 3.35 p.m.)**

[3-35 – 3-45 p.m.]

## Consideration of the Fifth Report of the Committee of Privileges (1980-81)

**The Chairman (Shri Kalimuddin Shams) :** Sir, I beg to move

that the Fifith Report of the Committee of Privileges of the Eighth Legislative Assembly as presented to the House on the 5th March, 1981, be taken into consideration.

The motion was then put and agreed to.

**The Chairman (Shri Kalimuddin Shams) :** Sir, I beg to move that the recommendation contained in the Fifth Report of the Committee of Privileges of the Eighth Legislative Assembly be agreed to by the House.

The motion was then put and agreed to.

**Discussion on Demand No. 21 was resumed again.**

**শ্রী ভোলানাথ সেন ঃ** স্যার যে সম্ভাষণে আমি সম্ভাষিত হলাম তাতে আমার সন্দেহ আছে আমার কথা এদের কানে যাবে কিনা? তাসত্ত্বেও আমি বলতে চাই যে আজকের দিনে এই বিধানসভায় চিন্তা করতে হবে যে সাধারণ মানুষের এই ৭২ কোটি টাকা কেন খরচ হচ্ছে, কিসের জন্য খরচ হচ্ছে এবং তার ফল আমরা কি পাচ্ছি? আমরা যদি ইতিহাস দেখি তাহলে দেখব যে সেই ইতিহাস অনেক কিছু সাক্ষ্য দেবে। আমরা অবাক হয়ে যাই জ্যোতিবাবু অর্ধসত্য, অর্ধমিথ্যা দিয়ে মানুষকে ভোলাবার চেষ্টা করছেন। আজকে তিনি বলছেন অন্যান্য অঙ্গ রাজ্যের আইন-শৃঙ্খলা অবস্থা খারাপ।

**শ্রী অনিল মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, অর্ধ মিথ্যা যেটা উনি বললেন সেটা আনপার্লামেন্টারি।

**মিঃ স্পিকার ঃ** আমার টাইম কম, এই রকম করবেন না।

**শ্রী ভোলানাথ সেন ঃ** আমাদের চেয়ে আইন-শৃঙ্খলার ব্যাপারে অন্যান্য রাজ্যে অবস্থা আরও খারাপ। অন্যান্য অঙ্গ রাজ্যে কোথাও কলকাতার মতো বড় নগরী আছে? কলকাতা শহর সারা পৃথিবীর মধ্যে ৪র্থ শহর। এই শহরে দিনের বেলা মুখ্যমন্ত্রীর বাড়ির কাছে জার্নালিস্ট আহত হয়, তার স্ত্রীর গলার থেকে হার ছিনতাই হয়ে গেল।

এই শহরে লক্ষ লক্ষ মানুষের মধ্যেও লুঠ বেড়ে যাচ্ছে। এখানে দিনের বেলায় খুন হচ্ছে। কিন্তু প্রতিকারের কোনও ব্যবস্থা করা হচ্ছে না। দিনের পর দিন প্রত্যেক কাগজে এই বিবৃতি বের হচ্ছে, সেইগুলি আমরা দেখছি, কিন্তু কিছু হচ্ছে না। কোনও শহরে এত লোকের সামনে খুন হয়? এখানে কোনও ভদ্রলোক বলেছেন দিল্লির কথা, আমি তাঁকে চ্যালেঞ্জ করে বলছি নিউ দিল্লি, যেখানে ফাঁকা জায়গা তার সঙ্গে তুলনা করি না, আমি তুলনা করছি ওল্ড দিল্লির সঙ্গে, কোথায় সেখানে দিন দুপুরে খুন হচ্ছে? আপনারা এখানে চেঁচাচ্ছেন, অন্য

জায়গায় আইনের অবনতির জন্য কোনও বিরোধী দল — পার্লামেন্টেই হোক আর কোনও অ্যাসেম্বলিতেই হোক — বলে না যে, অন্যায়ের প্রতিকার হচ্ছে না। যা হচ্ছে পশ্চিমবাংলায়। দুঃখের কথা এই ইন্ডক্টিনেশন পুরোদমে চলার পর থেকে লালবাজারে লাল পতাকার তলায় জ্যোতিবাবু বললেন পুলিশ কর্মচারিদের জন্য। সেখানে জ্যোতিবাবুকে উপাধি দেওয়া হল 'বঙ্গবীর'। শুধু বলা হয় নি জন্ম ৭৭সনে। এই বঙ্গবীর তাদের সামনে পুলিশ ডি.সি.-কে গালাগালি দিলেন। এস.কে. মিত্র, কমিশনার অফ পুলিশ তিনি বললেন ক্লাস স্ট্রাগেল এরিনা লালবাজারে করা উচিত নয়। তাতে কি হল? ক্ষুব্ধ হলেন মুখ্যমন্ত্রী এবং তার পার্শ্বচরেরা। তারজন্য ভদ্রলোককে একটা চিঠি পেতে হল, সেটা হল তুষার তালুকদারের চিঠি, চিঠির মধ্যে মোটামুটি ভাষাটা হল এই রকম ইউ আর এ ক্লাউন ইন এ সার্কাস। কে লিখছে? ডি.সি. লিখছে কমিশনার অফ পুলিশকে। ডাইরেক্টলি লালবাজারে এই ঘটনা ঘটল। তারপর কি হল, তারপর দিনের পর দিন দেখা গেল ওরা যা চেয়েছে সেইদিকে পুলিশ বাহিনী চলেছে। অর্থাৎ কিনা পুলিশ বাহিনী ক্যাডার হতে চলেছে। এস. কে. মিত্রকে সরিয়ে দেওয়া হল। বার বার বলেছি যে এটা বে-আইনি, তবু তার কোনও কাজ হচ্ছে না। আর স্পেশ্যাল সুপারিনটেন্ডেন্ট ওয়ান আই.বি. পোস্টে পাঠিয়ে দেওয়া হল, তার আরও দায়িত্ব দেওয়া হল। বা চমৎকার। ইসলামপুরের লোকেরা তাকিয়ে দেখল, তুষার তালুকদার তাকিয়ে দেখল, নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন দেখল তাকিয়ে। ইসলামপুরে সাধারণ মানুষের সঙ্গে কথা বলে দেখেছি এবং এটা জানতে পেরেছি সেখানে লুঠ হল, খুন হল, ঘরে ঘরে আগুন জালিয়ে দেওয়া হল, সেই মানুষগুলোকে অর্ডার দিল কে? না, রাইটার্স থেকে স্বয়ং হোম মিনিস্টার।

তাঁর দপ্তর থেকে অর্ডার গেল, ফলে ট্রান্সফার করা গেল না। তারপর ঠিক হল কাছাকাছি কোথাও ট্রান্সফার হবে। পশ্চিমদিনাজপুর থেকে করা গেল না। ফলে পুলিশ সি.পি.এম., ক্যাডার আর.এস.পি., ক্যাডার বলে কিছু করতে পারল না। জ্যোতিবাবু তার ফলে ওখানে কিছু করতে পারেননি। আজকে পশ্চিমদিনাজপুরে যে অবস্থা দেখা দিয়েছে, সেটা গত ১।। বছর ধরে চলছে, খুনের পর খুন হচ্ছে। লুঠ চলতে লাগল — কিছুই হল না ওখানে, এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। গত ১৪ তারিখে আমি নিজে ওখানে গিয়েছিলাম। আমি দেখলাম এক বাড়িতে বাপ এবং তার দুই সন্তান খুন হয়েছে। এক বাড়িতে তিন ভাই খুন হয়েছে। সেই বাড়িতে বাপ ও সন্তানের গলা কেটে একই গাছে একসঙ্গে ঝুলিয়ে রেখেছে। আমি সেই বৃদ্ধা সন্তান হারা মাকে দেখলাম, তাঁকে সান্ত্বনা দেবার আমার কিছু ছিল না তখন — তখন ভাবছিলাম, জ্যোতিবাবু ৭২ কোটি টাকা বরাদ্দ করছেন কাদের জন্য? এঁরাই আবার বলেন যে, তাঁরা নাকি দায়িত্বশীল। তাঁরা মানুষের কথা বলেন। এঁরাই বলেছেন যে, এসব কাজ হচ্ছে লিন-পিয়াও স্টাইলে করা নকশালদের — তাঁরাই নাকি এসব করেছেন। আমি সব দেখে শুনে অবাক হয়ে গেলাম। নকশাল বলে যাঁরা ঐ অঞ্চলে পরিচিত, তাঁরা বললেন, এসব ঘটনায় তাঁদের কেউ এর মধ্যে নেই। আপনারা যা

করছেন, বলছেন তা আমরা হলে পারতাম না। আপনারা সব দরিদ্র মানুষের বন্ধু লোক, — আপনারা বসে বসে চিৎকার করছেন। আসল ঘটনা হল, গরিব মানুষের বাড়িতে গিয়ে খুন করা হয়েছে, বন্দুক লুঠ করা হয়েছে। বন্দুক যে বাড়িতে লুঠ করা হয়েছে সে বাড়িতে গিয়ে লাফিয়ে পড়ে প্রথমে নাম ধরে ডাকা হয়েছে যাদের নামে বন্দুক আছে ঠিক তাদেরই নাম ধরে ডাকা হয়েছে। এটা যে কি করে সম্ভব হল জানি না। কি করে একজন লাইসেন্সধারী মানুষের নাম সঠিক ভাবে তারা জানতে পারল? আর আপনারা বলছেন, এটা লিন-পিয়াও গোষ্ঠীর কাজ। এই সব গোষ্ঠীর লোকেরা যদি বন্দুকগুলো লুঠ করবে, তাহলে কি তারা তা গাছের তলায় লুকিয়ে রাখবে? এটা কি কোনও নকশালাইটের কাজ হতে পারে? ১৪ তারিখে বন্দুক লুঠ হল, আর ১৫ তারিখে জ্যোতিবাবু বলছেন যে, আপনারা বাজে কথা বলছেন, পশ্চিমদিনাজপুরের মানুষ শান্তিতে বাস করছেন। আমরা কোন রাজ্যে আছি? অন্ধকে কি করে আলো দেখাব? ওখানকার মানুষ ভয়ে কথা বলছে না, আর আপনারা মিটিং করছেন কয়েক হাজার লোককে নিয়ে। আপনারা লেফটিস্ট প্যাম্পলিট ছাপিয়ে বাসে করে স্কুটারে করে নিয়ে মিটিং করেছেন। ডাঃ গোলাম ইয়াজদানি, এম.পি.-র সঙ্গে জ্যোতিবাবু বলেছেন যে, কোথাও কিছু হয়নি। ১৫ তারিখে ৩ জন মানুষ খুন হয়েছে একই বাড়িতে — বাপ, স্ত্রী, সন্তান। কে তার জন্য দায়ী — জ্যোতিবাবু ছাড়া আর কে? আপনারা বলছেন, আমাদের দেশে শান্তি এসেছে — কোন দেশে, কোন স্টেটে এরকম ঘটনা কখনও কোনও দেশে হয়েছে কি? আমি জানতে চাই যে, সি.পি.এম.-এর কাউকে অ্যারেস্ট না করে অহীন মিত্রের দলের একজন — জীবন চক্রবর্তীকে কেন অ্যারেস্ট করা হল?

[3-45 – 3-55 p.m.]

অহীন বাবু এম.এল.এ তাঁর রিপ্রেজেন্টেটিভ জীবন চক্রবর্তীকে কেন অ্যারেস্ট করা হল — তাঁর বাড়িতে বন্দুক পাওয়া গেল। সামু সোরেন-এর বাড়িতে কুকুর গিয়ে ৪টি বন্দুক ও একটি রিভলভার উদ্ধার করল। সে কে — সে সি.পি.এম.-র সমর্থক। এই যে ঘটনা ঘটেছে এই ঘটনা ঘটত না যদি পুলিশের সঙ্গে সি.পি.এম. এবং আর.এস.পি.-র যোগসাজস না থাকত। দেবব্রত বাবু এসে বললেন আর.এস.পি.-র লোককে অন্যায়ভাবে অ্যারেস্ট করা হচ্ছে, তারা ছাপোষা গৃহস্থের ছেলে; তাদের ছেড়ে দেওয়া হল। জ্যোতিবাবু এসে বললেন দেবব্রত বাবুর এগুলো প্রেসকে বলা ঠিক হয়নি। প্রমোদবাবু এক সময় বলেছিলেন, আমার মনে আছে, যে আমাদের সরকার যদি ভেঙ্গে যায় আমরা আন্ডার গ্রাউন্ডে যাব। সেই আন্ডার গ্রাউন্ডের প্রস্তুতি চলছে। এত বড়াই কিসের? সমস্ত দেশের শত্রু এই সি.পি.এম. সমস্ত অগ্রগতির পথে বাধা এই সি.পি.এম.। সি.পি.এম. করতে পারে না এমন কাজ নেই। তখন ব্রিটিশকে বলেছিল ভারত ছাড়, এরা তখন ব্রিটিশের দালালি করেছিল, তাদের সাহায্য করেছিল জাতীয়তাবাদী ছেলেরা যাতে জেলে যায়। এরপর যখন চিন দেশ ভারতবর্ষ আক্রমণ করল তখন জ্যোতিবাবু এখানে এসে বললেন — আমি বলছি চিন কোনও অন্যায় করেনি। তারপর ইন্দিরা গান্ধী বাংলদেশকে যখন সাহায্য করল তখনও এরা এইসব কথা বলেছিলেন।

যখন সুভাষ বসু ভারতবর্ষের স্বাধীনতার জন্য প্রাণ দিতে উদ্যত তখন এরা বললেন সুভাষ বোস নাস্তির দালাল। এদের লজ্জা নেই ফরওয়ার্ড ব্লক নাম নিয়ে আজও পদলেহন করে যাচ্ছে ২/৪টে গদির জন্য। আজকে আমি অবাক হব না যদি এই মিনিস্ট্রি পড়ে যায় তাহলে আন্ডার গ্রাউন্ডে বন্দুক নিয়ে চলে যাবে। বন্দুক সিজ করা মুস্কিল। এই বন্দুক সিজ করা সাধারণত যায় না, আইনে অনেক গোলমাল আছে। কিন্তু এই যে বন্দুক লুঠ হয়েছে তার মধ্যে কিছু কিছু উদ্ধার হয়েছে। এই বন্দুক এই বছর পাবে না, আগামী বছর যদি ইলেকশন হয় তাহলে পাবে না, তখন আইন দেখানো হবে, ঐ যে মামলা করেছি ঐ মামলার ফয়শলা না হওয়া পর্যন্ত ১০ বছরেও বন্দুক পাবে না যাদের বন্দুক লুঠ হয়েছে তাদের দেওয়া হবে না। একটা গ্রামে দেখা গেছে ৪টি বাড়ি থেকে বন্দুক লুঠ হল, পাশের গ্রামে আর.এস.পি.-র বাড়ি আছে, লুঠ হল না। যতগুলি লুঠ হয়েছে, যতগুলি খুন হয়েছে সমস্ত কংগ্রেস। নন-সি.পি.এম. নন-আর.এস.পি. যত লোক খুন হয়েছে, যত লোকের বন্দুক গেছে তারা নন-সি.পি.এম, নন-আর.এস.পি.। একমাত্র তথাকথিত সি.পি.এম. যার বন্দুক গেছে, কিন্তু তিনি সুবিধাবাদী মানুষ বলে পরিচিত, যখন যেমন তখন তেমন, এই রকম একটি লোকের বন্দুক লুঠ হয়েছে।

কিন্তু তা সত্ত্বেও জ্যোতিবাবু বলছেন পুলিশ ভাল কাজ করছে, দেশে শান্তি শৃঙ্খলা বজায় আছে। এখানে যে জিনিস চলছে আমি তার একটা উদাহরণ দেব এবং সেই উদাহরণ আপনারা সারা ভারতে কোথাও দেখাতে পারবেন না। এখানকার মুখ্যমন্ত্রী যে ভাষায় কথা বলেন তার ফলে দেখছি পুলিশ ঘুস খাচ্ছে, ব্ল্যাকমেল হচ্ছে, পুলিশ গভর্নমেন্টকে ব্ল্যাকমেল করছে। পুলিশ গভর্নমেন্টকে বলছে আমি তোমার কথায় এফ.আই.আর. লিখছি, সি.পি.এম.-এর খুনীকে ধরছি না এবং তোমার কথায় সি.পি.এম.-এর গুন্ডাকে রাস্তায় ঘুরতে দিচ্ছি। আমি আপনাদের দেখাচ্ছি কিভাবে লালবাজার থেকে এই জিনিস শুরু হয়েছে। একবার দেড় মাসের জন্য নূতন আই.জি. একজন হলেন এবং আই.জি. এস.কে. মিত্র ছুটি নিয়েছিলেন বলে এই ব্যবস্থা হয়েছিল। কিন্তু ওই দেড় মাসের মধ্যে ১৬টি থানার ও.সি.-রা বদলী হলেন বাই দি অ্যাক্টি আই.জি. অন দি ফিক্টেটস অফ আলিমুদ্দিন স্ট্রিট। জিজ্ঞেস করি, প্রাণের বন্ধু প্রকাশ ভট্টাচার্য কোথায় গেলেন? তাঁর ভাই সি.পি.এম.-এর রেড কার্ড হোল্ডার ছিল, কিন্তু তাঁকে যখন সি.পি.এম. দল থেকে তাড়িয়ে দেওয়া হল তখন আর তাঁর পাত্তা নেই। ভাই যখন সি.পি.এম.-এ ছিল তখন প্রকাশবাবু প্রাণের বন্ধু, কিন্তু যখনই তাঁর সি.পি.এম.-এর কার্ড চলে গেল তখন প্রকাশবাবু আর বন্ধু নেই। এই হচ্ছে এঁদের অবস্থা এবং মনোভাব। জ্যোতিবাবু বলেছেন ৬৮ হাজার কেস হয়েছে। জিজ্ঞেস করি তার কয়টাতে পুলিশ রিপোর্ট দিয়েছে?

**(এ ভয়েস ঃ জ্যোতিবাবুর কাছ থেকে জেনে নিন)।**

আই ডু নট বিলিভ হিম। হি টেলস আনট্রুথস, হি টেলস হাফ ট্রুথস। যাই হোক,

১৯৭৯/৮০ সালের হিসেব উনি দেবেন না, সেই সাহস তাঁর নেই কারণ সেই হিসেব আরও ভয়াবহ। তবে শুনছি সেই ৬৮ হাজার কেস নাকি পেন্ডিং আছে এবং ১৯৭৮ সাল অ্যালোন,:৮০ হাজার কেস পেন্ডিং রয়েছে। আজকে আমরা পুলিশের জন্য টাকা দিতে যাচ্ছি অথচ এই ফাইল থেকে আমি আপনাদের দেখাচ্ছি হাজার হাজার কেস হয়েছে এবং রোজ ৪টি/৫টি করে কেস হয়েছে। আই.জি.-র কাছে পাঠানো হয়েছে, কমিশনার অফ পুলিশের কাছে পাঠানো হয়েছে এবং এইভাবে দেখা যাচ্ছে ১৯৮০/৮১ সালে হাজার হাজার কেস পাঠানো হয়েছে। কিন্তু এই ব্যাপারে চিফ মিনিস্টার জ্যোতিবাবুর কীর্তি আপনাদের আমি দেখাচ্ছি। বাঁকুড়া জেলার বালিয়ারা থেকে একজন লোক আমাদের প্রদেশ কংগ্রেস কমিটি(আই)-র প্রেসিডেন্টকে একখানা চিঠি লিখেছে এবং তাতে ৬টি মার্ডারের ঘটনা উল্লেখ করেছে। এ সম্পর্কে আমাদের প্রদেশ কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট চিফ মিনিস্টারকে ১৯৮০ সালের ১৬ই জুন তারিখে একখানা চিঠি লিখেছেন এবং ১৯৮১ সালের ৫ই মার্চ চিফ মিনিস্টারের তরফ থেকে তার উত্তর দেওয়া হয়েছে। একখানা চিঠির উত্তর দেওয়া হল ৯ মাস পর এবং তারপরও জ্যোতিবাবু এই পুলিশের জন্য ৭৩ কোটি টাকা চাচ্ছেন। স্যার, মুখ্যমন্ত্রী যে চিঠি লিখেছেন তার নম্বর হচ্ছে, ডি.ও.সি.এম. ৪৩২৫, ফিফথ মার্চ, ১৯৮১। এতে মুখ্যমন্ত্রী লিখেছেন, প্রিয় শ্রী পাঁজা, আপনার ১৬.৬.৮০ তারিখ ডব্লিউ বি/ সিক্স আর/১২০০(১) ৮০নং চিঠির সঙ্গে শ্রী সুধাংশুশেখর তেওয়ারির চিঠির যে অনুলিপি পাঠিয়েছেন সে সম্পর্কে যথাযথ তদন্ত করা হয়েছে। নির্ভরযোগ্য প্রমাণের অভাবে কাউকে গ্রেপ্তার করা যায়নি বলে জানা গেছে। তদন্ত এখনও চলছে।

[3-55 – 4-05 p.m.]

৯ মাস পরে চিঠির উত্তর দিলেন এই হচ্ছে আমাদের দেশের মুখ্যমন্ত্রী, আবার তিনি বড় গলায় ৭৩ কোটি টাকা ছিনিয়ে নিতে চাইছেন দলবাজি করার জন্য। আবার তিনি বলছেন যে প্রমাণের অভাবে কাউকে গ্রেপ্তার করা যায়নি। সব বলে দেওয়া হয়েছে কাকে কাকে দেখা গেছে কাকে কাকে সন্দেহ করা হচ্ছে। তিনি বলছেন না যে খুন হয়নি। পুলিশের এত দক্ষতা যে সেই দক্ষতার ফলে কোনও নির্ভরযোগ্য প্রমাণের অভাবে কাউকে ধরা যায়নি। এমন ভুরি ভুরি উদাহরণ দিতে পারি Hundreds and hundreds of letters acknowledgement. যার কোনও অ্যাকনলেজমেন্ট পর্যন্ত দেওয়া হয়নি। আর একই সুরে গাঁথা ঐ আই.জি. কমিশনার অফ পুলিশ হোম সেক্রেটারি তাদেরও একই অবস্থা। পুলিশ কি করেছে — আমরা বলতে চাই না — পুলিশই বলেছে এবং সেটা কাগজে প্রতিফলিত হয়েছে। আপনারা মালদায় মানুষকে অন্ধ করে দিয়েছেন। বাংলা বন্ধের দিন কোনও আদালতের কর্মীকে মালদায় অফিসে গেলে তাকে অন্ধ করে দেওয়া হয়েছে এবং সেখানে চারজন মানুষকে অন্ধ করে দেওয়া হয়েছে, ছবি আমার কাছে আছে। পশ্চিমবাংলার কোনও ইতিহাসে একজনকেও কি অন্ধ করা হয়েছিল? এই সরকারকেই অজয়বাবু বলেছিলেন অসভ্য সরকার এবং তিনি জ্যোতিবাবুর দিকে লক্ষ্য করেই বলেছিলেন। বাংলা বন্ধের দিন একজন নির্দোষ

হাওড়ার একটা ফ্যাক্টরিতে কাজ করতে গিয়েছিল বলে তাকে খুন করা হল এবং ঐ ফ্যাক্টরির মধ্যেই খুন করা হল। পুলিশকে বলা হল কোনও ফলই হল না। হাওড়ায় পুলিশ কাস্টোডিতে নিয়ে যাওয়া হল — কিন্তু কি উত্তর তার যে উনি সমাজবিরোধী ছিলেন। কিন্তু আপনাদেরই ক্যারেক্টার সার্টিফিকেটে তিনি রেলে চাকুরি করছিলেন বলেছিলেন গুড ক্যারেক্টার। সিগারেট কিংবা চুরুটের ছাই তার শরীরের নানা জায়গায় ফেলে পুড়িয়ে ফেলা হয়েছে। বাংলা বন্ধের দিন সি.পি.এম. দোকান লুঠ করেছে আমাদের কাছে তার ছবি আছে। জলপাইগুড়িতে একটা ছেলেকে মেরে খুন করা হয়েছে এফ.আই.আর. করা হল কাউকে অ্যারেস্ট করা হয়নি। আর এখানে আপনি সেই পুলিশের জন্য ৭৩ কোটি টাকা চাইছেন। বাংলা বন্ধের দিন মানুষ রাইটার্স বিল্ডিংসে চাকুরি করতে গেছে পুলিশ তাকে আটকেছে পুলিশ রাইটার্স বিল্ডিংসে ঢুকতে দেয়নি বলে দেওয়া হল রাইটার্স বিল্ডিংস বন্ধ। আপনারা আবার ডেমোক্রাটিক রাইটের কথা বলেন। যখন মানুষ জ্যোতিবাবুর বাড়ির সামনে স্লোগান দিয়েছিল তাদের ডেমোক্রাটিক রাইটের অধিকারে তখন তাকে সাসপেন্ড করে দেওয়া হল। একজন প্রিন্সিপ্যালকে ৯ ঘন্টা আটকে রেখে দেওয়া হল একটু জল পর্যন্ত পেল না। তার আগে একজন মারা গেলেন এই ঘেরাওয়ের জন্য তাদের বেলায় পুলিশ যায় না। আর জ্যোতিবাবু ৭৩ কোটি কেন ১০০ কোটি টাকা দিন, বাদ বাকি দরকার কি, আপনার কাজ হয়ে যাবে। এই দেশের সমস্ত সত্ত্বা, সংস্কৃতি এঁরা ধ্বংস করতে এসেছেন। সেই সংস্কৃতি ধ্বংস করবার পথে ওঁরা পা বাড়িয়েছেন, চলে যান সেই পথে, ভাঁওতা দেবার দরকার নেই আমাদের কাছে। ওখানে বেছে বেছে সুব্রত মুখার্জিকে গভর্নর হাউসের সামনে মারা হল, মারার পর লালবাজারে নিয়ে যাওয়া হল। তারপর তাকে নার্সিং হোমে নিয়ে যাওয়া হল, জ্যোতিবাবু তিন দিন ধরে কিছু জানলেন না। আপনারা শুধু টাকার প্রয়োজনের কথা জানেন। কংগ্রেস (আই)-এর গণতান্ত্রিক মিটিংয়ে সেখানে অজিত পাঁজা, ডাঃ নাগ, আব্দুস সাত্তার, এবং আরও অনেকে ছিলেন, ভবানীবাবুও ছিলেন প্রাক্তন এম.এল.এ. — শুধু মারা হল না এন্টায়ার ডায়াস ভেঙ্গে দেওয়া হল পুলিশ দিয়ে। নিজেদের শক্তি নেই, নিজেদের দলের শক্তি নেই, পুলিশ দিয়ে ডায়াস ভেঙ্গে দেওয়া হল। বাংলা বন্ধের দিন চীফ মিনিস্টার লক আউট ঘোষণা করেছিলেন — বড় বড় তালা দেওয়া। অবশ্য হঠাৎ পরে খেয়াল হল আমি যদি লক আউট করি তাহলে আমাকে তো বলবে কোনও মেশিনারি ফাংশন করছে না। সুতরাং উনি চুপি চুপি লক আউটটা ব্রেক করে রয়ে গেলেন ঘরের মধ্যে, একটা আগাথাকৃষ্টির বই নিয়ে বসলেন এবং বললেন আমি আছি, আমি আছি, ইন্দিরাজী আমাকে তাড়িও না, আমাকে তাড়িও না। আর বাইরে পুলিশ রেখে দিয়েছিলেন যাতে কেউ না ঢুকতে পারে। বাংলা বন্ধের দিন জি.পি.ও.-তে কাজ হল, সেখানে কোনও অসুবিধা হল না, কিন্তু রাইটার্স বিল্ডিং বন্ধ হয়ে গেল। আমাদের এখানে একের পর এক ওরা খুন করেছে, একটা কাগজে বেরিয়েছিল ডি.আই.জি. প্রেসিডেন্সি রেঞ্জ — তাঁর হিসেব মতো গড়ে চারটি করে ওখানে খুন হচ্ছে। আমি জানতে চাই কোথায় কোনও প্রদেশে পার্টির জন্য এত খুন হচ্ছে পলিটিক্সের নামে? পলিটিক্সের নাম করে লালবাজারের পা ধরে বিচার থেকে এড়িয়ে যাচ্ছে? কোনও দেশের

পুলিশ এফ.আই.আর. নেয় না? কোনও দেশের পুলিশ নাগরিকদের স্বার্থ রক্ষা করে না? কোনও দেশের পুলিশ বিচারালয়ে আসামীকে প্রয়োগ করে না? আইন অনুসারে কাজ করে না? আমি জানতে চাই আপনাদের কাছে, সেটা কেউ আপনারা বলবেন না। বলবেন কি না, অন্য জায়গায় 'ল' অ্যান্ড 'অর্ডার' প্রবলেম হচ্ছে। সেই 'ল' অ্যান্ড 'অর্ডার' প্রবলেম এবং এই 'ল' অ্যান্ড 'অর্ডার' এর প্রবলেমের অনেক তফাৎ আছে। এখানে ইচ্ছে করে করা, এখানে চক্রান্ত করে করা, এখানে দলীয় স্বার্থে করা এবং এই সি.পি.এম. যেখানে আছে সেখানে কেউ কোনও দিন বিচার পাবেন না। এটা আমরা সকলে জানি বলেই এত বিক্ষোভ। ওঁরা আইনের তোয়াক্কা করেন না। যাঁরা আইনের কথা বলেন তাঁদের প্রমোশন হবে না, তিনি হবেন খারাপ লোক যিনি আদালতের অর্ডার মানবেন না তাঁকে দেওয়া হবে প্রমোশন। এমন ঘটনা হয়েছে, রিফিউজি খুন হয়ে গেল, যিনি করলেন তিনি আজকে ডি.আই.জি. হয়ে গেছেন। তাঁর প্রমোশন হয়ে গেল, আর যিনি মানুষকে বাঁচাবার চেষ্টা করেছিলেন, একজন ও.সি.-কে বাঁচাবার জন্য চেষ্টা করেছিলেন, তাঁর এগেনস্টে চার্জ শীট করে এ.আই.জি. করে বসিয়ে রাখা হল মেদিনীপুরে — ফরমার এস.পি.। এটা কি অন্যায়, সমস্ত পুলিশকে দলীয় স্বার্থে লাগানো হচ্ছে। কোন প্রদেশে এটা হচ্ছে? দলীয় স্বার্থে খুন করে সেই পুলিশকে দিয়ে যাতে বিচার না পায় সেইজন্য সেই হত বা মৃত মানুষের আত্মীয়দের কাছে কোনও দায় দায়িত্ব নেওয়া হচ্ছে না। আমি অবাক হব না কারণ এই তো তার একজাম্পল যারা গোলমাল করে যাচ্ছে এঁরা যেতে পারেন থানাতে এবং পুলিশ থানা থেকে লোক বার করে আনতে পারেন। আমাদের ৫০০-র উপর কর্মী খুন হয়েছে, শুধু তাই নয় ১২০ জন মানুষ পশ্চিম দিনাজপুরে এ কদিনে খুন হয়েছে। আপ-টু-ডেট ফ্রম দি বিগিনিং ১২০ জন মানুষ শুধু পশ্চিম দিনাজপুরে খুন হয়েছে। অ্যাকর্ডিং টু স্টেটমেন্ট মোট ৫০০ জন খুন হয়েছে।

[4-05 – 4-15 p.m.]

কংগ্রেসের খবর বিনয়বাবু পড়ে দিলেন। একটা অদ্ভুত জিনিস দেখতে পাচ্ছি, সি.পি.এম. ভোল পাল্টায়নি। সাঁইবাড়ির সময় ৩ জন খুন, পশ্চিম দিনাজপুরে ২ জন ৩ জন ৩ জন ৩ জন খুন। একটায় হল না। ওদের রক্তের নেশায় পেয়ে গেছে। আন্ডার গ্রাউন্ডে যাবার ট্রেনিং নিচ্ছে। আর এই মানুষকে আমরা টাকা দেব। কংগ্রেস (ই) থেকে বহু চিঠি দেওয়া হয়েছে। কংগ্রেস আই সাপোর্টারদের বেছে বেছে প্রহার করা হয়েছে জেল লক আপে। মনোরঞ্জন প্রামানিককে লক আপে প্রহার করা হয়েছে। মানুষকে লক আপে প্রহার করে খুন করা হয়েছে। কিছুই হয়নি। আমাদের এখানে অনেকে বলছেন শান্তি আছে। শান্তি, কোথাকার শান্তি? শ্মশানের শান্তি। কোথাকার শান্তি হচ্ছে জানি না। কুশমন্ডি ইত্যাদি এলাকায় সন্ধ্যা ৬টার পরে একটি মানুষকেও দেখতে পাবেন না। শ্মশানের শান্তি। শান্তি ওখানে আনতে পারবেন না। ভারত গণতন্ত্রের দেশ। আপনারা বলেন ইন্দিরা গান্ধী স্বৈরতন্ত্রী। আপনারা কি একটুও ডেমোক্রাসি শিখেছেন? কোথায় ডেমোক্রাসি আপনাদের? আপনারা কোথাও ইলেকশন করেছেন? মিউনিসিপ্যালিটি, ম্যানেজিং কমিটি, কো-অপারেটিভের ইলেকশন করেছেন? দু একজন

উঠে দাঁড়িয়ে সেই কথা বলতে পারবেন? সত্যি কথা বলার সাহস একজনেরও নেই। একমাত্র জয়ন্তবাবু একবার বলেছিলেন। জয়ন্তবাবু বলেছিলেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কারচুপি হচ্ছে। তারপর থেকে তার কণ্ঠ নিঃস্তব্ধ করে দেওয়া হয়েছে। তারপর আর শুনতে পাই না। ১৯৭৯ সাল পর্যন্ত ওপেন রিক্রুটমেন্টের ব্যবস্থা ছিল। কাগজে অ্যাডভার্টাইজমেন্ট বেরুল। তার ৭ দিন পরে বেরুল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেওয়া হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে সি.পি.এম.-এর দৌরাত্মে লেবার সেক্রেটারি খেপে গিয়েছিলেন এবং তিনি স্টেপ নিতে গিয়েছিলেন। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসিয়াল স্টেপ নিতে গিয়েছিলেন পুলিশ রিক্রুটমেন্ট ইত্যাদি ব্যাপারে, তাকে সরে যেতে হল। ডিজঅনেস্টি চলছে, চলবে এবং ডিজঅনেস্টি না হলে এই গভর্নমেন্ট চলতে পারে না। This Government is based on false assurance, this Government is based on untruth, this Government is against the heritage of Bengal, this Government is the enemy of officials I have no doubt about it. আপনারা চেঁচাবেন না কসবায় গুলি চলল। এক মহিলা, শিশু কন্যা খুন হয়ে গেল। গুলি চালিয়ে যাবার পর মিঃ মজুমদারকে দিয়ে এনকোয়ারি কমিশন হল এবং ইচ্ছামতো রিপোর্ট হল। তারপর তাকে প্রোমোশন দেওয়া হল, অ্যাডিশনাল চীফ সেক্রেটারি করা হল। কাশীপুরে নক্কারজনক ঘটনা ঘটল, খুন হল। আমরা বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছিলাম। বলা হল, না, একজিকিউটিভ এনকোয়ারি হবে। একজিকিউটিভ এনকোয়ারি বসানো হল। কিছুদিন বাদে ড্রপ করে দেওয়া হল। একটা রিফিউজির কি হয়েছে এনকোয়ারি কমিশনের দরকার নেই। পুলিশ প্রোটেকশনের ভয়ে — পুলিশ প্রোটেকশনের জন্য ওদের পদলেহন করতেও রাজি আছি। টপ টু বটম পদলেহন করে চলব। পুলিশের মধ্যে ইনডকট্রি চলছে, পার্টিবাজি চলছে। দুটো পুলিশ ক্রুপে মারামারি হচ্ছে। দুটি ইউনিয়নে মারামারি হচ্ছে। তাও কিছু নয়। তার জন্য ৭৩ কোটি টাকা আমাদের দিতে হবে। আপনারা যারা চেঁচাচ্ছেন তারা কেউ নন। এখানে একজন বসে আছেন, আর আলিমুদ্দিন স্ট্রিটে একজন বসে আছেন তাদের অঙ্গুলি হেলনে আপনারা থাকবেন কিনা বিচার হবে।

তাই বলি, এখনও জাগ্রত হোন, দেশকে ধ্বংসের হাত থেকে বাঁচান। ওদের দূর করে দিন সরকার থেকে এবং দেশকে বাঁচান। এই আবেদন রেখে, এই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিনয়বাবুর উদ্দেশ্যে প্রথমেই বলতে চাই যে, আপনার বক্তব্য বড়জোর ইন্দিরা কংগ্রেসের বামফ্রন্ট বিরোধী প্রচারের পালে কিছুটা হাওয়া লাগাতে সাহায্য করতে পারে কিন্তু তার চেয়ে বেশি কিছু হবে না। তার বেশি যদি আপনি প্রত্যাশা করেন তাহলে আপনি হতাশ হবেন। কারণ, ইতিপূর্বে আপনাদের দলের নেতা শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় পশ্চিমবঙ্গে আসর জমাবার চেষ্টা করেছিলেন কিন্তু তিনি ব্যর্থ হয়েছেন। আপনি তো জানেন যে সার্কাসে আসর জমাবার আগে ভাঁড়েদের নামানো হয়, ভাঁড়েরা যখন আসর জমাতে পারে না তখন রিং মাস্টার নিজে

আসরে নামেন। আপনাদের রিং মাস্টার স্বয়ং যখন আসরে নেমে আসর জমাতে পারেননি তখন আপনার পক্ষে কি আসর জমানো সম্ভব? পশ্চিমবঙ্গের মানুষকে অত সহজে বিভ্রান্ত করা যায় না কারণ তারা রাজনৈতিক সচেতন। আর আপনি এও জানেন যে এর আগে শ্রী অজয় মুখার্জি মহাশয়, তিনি আমাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন। তিনি নারী নির্যাতনের অনেক অলীক কাহিনী প্রচার করেছিলেন। আজকে সেই অজয়বাবু কোথায়? আজকে সেই অজয়বাবু বিস্মৃতির অতল অন্ধকারে তলিয়ে গিয়েছেন কিন্তু আমরা ছিলাম, আমরা আছি, আমরা থাকব। তার কারণ, জনগণ থেকে আমরা বিচ্ছিন্ন হইনি, আমরা জনগণের পাশে আছি, জনগণ আমাদের পাশে আছেন। আপনারা আইনের শাসনের কথা বলেছেন কিন্তু আমি বলছি, সেই আইনের শাসনের প্রতি আপনাদের বিন্দুমাত্র শ্রদ্ধা নেই। কারণ তা যদি থাকত তাহলে ১২ই জানুয়ারি রাতের অন্ধকারে অর্ডিন্যান্স জারি করে চোরাকারবারি, কালোবাজারি, মজুতদারদের কয়েক হাজার কোটি কালো টাকাকে সাদা করার আইনি উপহার তুলে দিতেন না। তা ছাড়া তার ১৮ দিন পরে গভীর রাতে আরও একটি অর্ডিন্যান্স জারি করে জীবনবিমা কর্পোরেশনের কর্মচারিদের দেশের সর্বোচ্চ আদালত যে অর্থনৈতিক অধিকার দিয়েছিলেন সেই অধিকারকে আপনারা কেড়ে নিতেন না। কাজেই আইনের শাসনের প্রতি আপনারা যে কি শ্রদ্ধা পোষণ করেন সেটা আমরা বুঝতে পারছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভোলাবাবু চলে গেলেন, ভোলাবাবুর উদ্দেশ্যে বলি, ভোলাবাবু পৈতে পুড়িয়ে ব্রহ্মচারি হয়েছেন। ১৯৮০ সালের নির্বাচনের আগে পর্যন্ত তিনি ছিলেন ঘোর ইন্দিরা বিরোধী আর ১৯৮০ সালের নির্বাচনে টিকিট পাবার পর তিনি হয়ে গেলেন ঘোরতর ইন্দিরা ভক্ত। তা এই প্রাপ্তিযোগের ভেলায় ভেসে যার রাজনীতি নির্ভর করে সেই ভোলাবাবুর মুখ থেকেও আমাদের দুর্ভাগ্য, নীতির কথা শুনতে হচ্ছে। আপনারা আইন শৃঙ্খলার কথা বলেছেন। গত ৩৪ বছর ধরে ঐ মুষ্টিমেয় একচেটিয়া পুঁজিপতিদের, মজুতদারদের স্বার্থে আপনারা তথাকথিত আইন শৃঙ্খলা পরিচালনা করেছেন একথা কি আপনারা অস্বীকার করতে পারেন? স্যার, ১৯৭৩ সালের মার্চ মাসের বিধানসভার কার্য বিবরণী থেকে আমি কিছুটা পড়ে শোনাচ্ছি। আপনাদেরই একজন প্রাক্তন বিধানসভা সদস্য কি বলেছিলেন শুনুন। তিনি বলছেন, "আমরা সরকার হাতে নেবার পর, নতুন আবহাওয়া সৃষ্টি হবার পর দেশের খেটে খাওয়া মানুষেরা ভেবেছিলেন আমরা নতুন পথের দিশারি হয়েছি, আমরা নতুন ভাবে দেশকে গড়ে তুলব। কিন্তু এর সুযোগ যারা নিলেন" তিনি বলছেন, "তারা হলেন পশ্চিমবঙ্গের যারা একচেটিয়া পুঁজিপতি নামে খ্যাত"। একে ভুলে যাবার কোনও কারণ নেই, তিনি হলে শ্রী কৃষ্ণকুমার শুক্লা।

[4-15 – 4-25 p.m.]

এত হল আপনাদের সাধারণ নীতি সম্পর্কে স্বীকৃতি। আর সেদিন আপনারা পুলিশকে কিভাবে ব্যবহার করেছিলেন, কাদের স্বার্থে ব্যবহার করেছিলেন তারও সাক্ষ্য বহন করছে আপনাদের আমলের বিধানসভার কার্য বিবরণীতে। ১৯৭০ সালের মার্চ মাসের বিধানসভার কার্য বিবরণী থেকে আমি পড়ে দিচ্ছি — "ভারতবর্ষকে যখন আমরা সমাজবাদের পথে

নিয়ে যাব তখন আমাদের দেখতে হবে এই পুলিশ বাহিনী পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই কাজ করছে কিনা? তারা সাধারণ মানুষ, কৃষক, শ্রমিকের পাশে দাঁড়িয়েছে কিনা? বিশেষ করে পশ্চিমবাংলার মনোপলিস্টদের ক্ষেত্রে কি ভাবে পুলিশ কাজ করছে দেখতে হবে। এই কথা বলে তিনি বলেছেন, ২৪ পরগনা এলাকায় বিড়লাদের সবচেয়ে বড় ২টি কারখানা আছে। এর মধ্যে একটি হচ্ছে টেক্সম্যাকো অপরটি ওরিয়েন্ট ফ্যান। আমরা দেখতে পাচ্ছি বিড়লার গুন্ডা বাহিনী আজকে যখন ইউনিয়ন ভাঙ্গার জন্য গুলি চালাচ্ছে, হাঙ্গামা করছে, বেলঘরিয়ায় পুলিশ বাহিনী শ্রমিকের পাশে না দাঁড়িয়ে মনোপলিস্টদের পাশে দাঁড়িয়েছে। ওরিয়েন্ট কারখানা নামে বিড়লার আর একটি কারখানা আছে। বিড়লা মনে করছে তাদেরই সরকার প্রতিষ্ঠিত। তাই ইউনিয়ন ভাঙ্গার জন্য বরাহনগর ও.সি.-র সঙ্গে ষড়যন্ত্র করে ইউনিয়নের নেতাদের গ্রেপ্তার করছে''।

১৯৭৪ সালের ১লা এপ্রিল এই বিধানসভার আর একজন আপনাদের সদস্য 'কোকা কোলা কোম্পানি' সম্পর্কে অভিযোগ করে বলেছেন, '' এই কোম্পানির খেটে খাওয়া মানুষরা ম্যানেজমেন্টকে চার্টার অফ ডিমান্ড দিয়েছিলেন। সেই অপরাধে সেখানকার ১৫ জন লোককে বে-আইনি ভাবে ছাঁটাই করা হয়। তারা তার প্রতিবাদে স্ট্রাইক করেন। কিন্তু স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সহায়তায় ঐ ম্যানেজমেন্ট তাদের ওপর অত্যাচার শুরু করেন। সবচেয়ে আশ্চর্যের বিষয় পুলিশ দায়িত্ব নেয় পুলিশের গাড়ি করে কোকাকোলার যে পানীয় তা বাজারে বিক্রি করার। তিনি আরও জানান যে ঐ পুলিশই শ্রমিকদের বাড়িতে গিয়ে তাদের ওপর অত্যাচার চালাচ্ছে এবং তাদের গ্রেপ্তার করে নিয়ে আসছে''। — আপনাদের সরকারি দলের মাননীয় সদস্য, শ্রী পঙ্কজ ব্যানার্জি এই কথা বলেছেন।

আপনারা এই ভাবে শ্রমিক-মালিক বিরোধে পুলিশকে মালিকের স্বার্থে ব্যবহার করেছেন। শ্রমিক আন্দোলনকে পুলিশি অত্যাচারের রক্ত বন্যায় ডুবিয়ে দিয়েছেন। পুলিশকে ব্যবহার করেছেন ধর্মঘট ভাঙ্গার কাজে। আর আমরা তার বিপরীতটাই করেছি। আমাদের সরকারের নীতি হল শ্রমিক-মালিক বিরোধে যৌথ দরকষাকষির ক্ষেত্রে পুলিশ হস্তক্ষেপ করবে না, পুলিশ নিরপেক্ষ থাকবে। ন্যায় সঙ্গত শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে পুলিশ হস্তক্ষেপ করবে না। আমরা এই নীতির দ্বারা পরিচালিত হচ্ছি। আসলে এটার জন্য আপনাদের গায়ে জ্বালা ধরেছে। কারণ বিগত ৩৬ বছর ধরে যে প্রভুদের অক্লান্ত সেবা করেছেন তারা আজ পুলিশকে অন্যায় ভাবে ব্যবহার করতে পারছে না এবং পারছে না বলেই আমাদের সমালোচনায় মুখর হয়ে উঠেছেন। শুধু ঐ কারখানার মালিক নয়, আপনারা বরাবর জোতদার জমিদারদের সেবা করে এসেছেন সেই স্বীকৃতিও রয়েছে। আমি আপনাদের আমলের বিধানসভার কার্য বিবরণী থেকে উদ্ধৃতি দিচ্ছি। ১৯৭৩ সালের বাজেট বক্তৃতা থেকে পড়ে শুনাচ্ছি, ''ভাগচাষীর ক্ষেত্রে দেখা যায় জমির ব্যাপারে থানা অফিসাররা জোতদারের পক্ষ নিচ্ছে। আধিয়ার উচ্ছেদের ব্যাপারে তারা জোতদারের পক্ষ নিচ্ছে''।

আর একটি উদ্ধৃতি এখানে দিচ্ছি। আর একজন সদস্য বলেছেন, "বর্গাদার উচ্ছেদের ব্যাপারে প্রায় সর্বক্ষেত্রেই পুলিশের ভূমিকা জোতদারের অনুকূলে যাচ্ছে। পুলিশ ১০৭ ধারায় বর্গাদারদের বিরুদ্ধে কেস জারি করছে"। জোতদার জমিদারদের বিরুদ্ধে ভাগচাষীদের যে লড়াই, যে সংগ্রাম সেই সংগ্রাম আবহমান কাল ধরেই চলে আসছে — লর্ড কর্নওয়ালিশের আমল থেকে চলছে। কিন্তু পার্থক্য হচ্ছে এই যে অতীতে আপনারা পুলিশকে ব্যবহার করেছেন জোতদার জমিদারদের স্বার্থে, ভাগচাষীদের বিরুদ্ধে আক্রমণ সংগঠিত করেছেন। আজকে তা আর সম্ভব নয় এবং সম্ভব নয় বলেই আজকে আপনাদের চোখের জলে এই বিধানসভায় বান ডেকে যাচ্ছে। আসল কথা হচ্ছে আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল এবং শ্রদ্ধাশীল বলেই বিনা বিচারে আটক আইন যেটা চালু করা হয়েছে, সেই আইন এই রাজ্যে প্রয়োগ করতে অস্বীকার করেছি। কারণ এই সম্পর্কে আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে। ইতিমধ্যে আমরা দেখেছি যে লোকসভার নির্বাচিত সদস্য, বিধানসভার নির্বাচিত সদস্য, তাদের বিনা বিচারে আটক করা হচ্ছে, বিনা বিচারে আটক করা হচ্ছে গণতান্ত্রিক আন্দোলনের নেতাদের। এই সম্পর্কে যে আপনাদের অভিজ্ঞতা নেই তা নয়। আপনাদের তো অভিজ্ঞতা আছে, এই হাউসের সদস্য শ্রী অনন্ত ভারতী, আপনাদের আমলে ১৯৭৩ সালে এই বিধানসভাতে বলেছিলেন, "যে সমস্ত মিসা করা হয় — শতকরা ৮০-টা কেসের সাথে আসামীদের সম্বন্ধ তো দূরের কথা, তিন পুরুষের কারও সম্পর্ক নেই"। সেদিন আপনাদেরও অনেকেই গোষ্ঠী দ্বন্দ্বের শিকার হয়ে মিসায় আটক ছিলেন। রজনীকান্ত দোলুই মহাশয় এখন হাউসে উপস্থিত সেই, তিনিও বিনা বিচারে আটক ছিলেন। সুতরাং আপনাদের জেনে রাখা উচিত যে, আমরা আসার পর আপনারা মুক্তি পেয়েছেন। বিনা বিচারে আটকের পরে ভারতবর্ষ কোনও পথে যেতে চাইছে? ভোলাবাবু কিছুক্ষণ আগে একজন জার্নালিস্ট-এর আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন। আপনি উদ্বেগ প্রকাশ করছেন, কিন্তু আপনারা কেন্দ্রীয় মন্ত্রী — তথ্য ও বেতার মন্ত্রী বসন্ত শাঠে ভবিষ্যতে আপনারা কোন পথে যাবেন, তারও ভয়াবহ ইঙ্গিত দিয়েছেন। তিনি গত ২৬শে ডিসেম্বর ১৯৮০ তারিখে সাংবাদিক বৈঠকে জার্নালিস্টদের উদ্দেশ্যে যে কথা বলেছিলেন তা আমি পড়ে দিচ্ছি,

The pen of the Reporter is for sale, his Editor's pen is also for sale. If, however, I find that irresponsibility is getting out of bound then in the name of the people my job will be to throw the journalists into the jail.

আপনারা তাঁদের জেলে পাঠাবার ব্যবস্থা করছেন, জেলে পাঠাবার হুমকি ছুঁড়ছেন এক দিকে, অন্য দিকে ভোলাবাবু চোখের জল ফেলছেন। এই ভণ্ডামি আর কত-কাল চলবে বলতে পারেন? আপনারা গণতন্ত্রের কথা বলছেন, আপনারা অভিযোগ করছেন, এই রাজ্যে নাকি আইন-শৃঙ্খলা নেই। ভোলাবাবুই কিছুক্ষণ আগে এসব কথা বলেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, অন্যান্য রাজ্যের অবস্থাটা কি? ইন্দিরা কংগ্রেস পরিচালিত রাজ্যগুলিতে কোনও

ঘটনা ঘটছে? খোদ দিল্লিতে কি ঘটছে। আমি ভোলাবাবুকে বলি অন্য লোকের কথা ছেড়ে দিন, এই তো সেদিন দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী ভগবৎ ঝা আজাদ-এর বাড়িতে যে আক্রমণের ঘটনা ঘটল, তাতে অল্পের জন্য তাঁর প্রাণ রক্ষা হলেও তাঁর দেহরক্ষী নিহত হলেন। আজকে দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রীর পর্যন্ত নিরাপত্তা নেই। গত বছর দিল্লিতে অন্ধদের উপর পুলিশ লাঠি চার্জ করেছিল, সেই ঘটনার যে এনকোয়ারি হয়েছিল এবং সেই এনকোয়ারি কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টে বলা হয়েছিল, লাঠি চার্জ করা হয়েছিল বেহিসাবী ভাবে এবং অহেতুক তাদের আঘাত দেওয়া হয়েছিল। কিন্তু সেই রিপোর্টের কালি শুকাবার আগেই এবছরের প্রতিবন্ধী দিবসটিকে দিল্লিতে স্মরণীয় করে রাখার জন্য আবার অন্ধদের উপর লাঠি চার্জ করা হয়েছে। এই হল এনকোয়ারি কমিশনের রিপোর্টের ফলশ্রুতি। এর পরেও উনি অনেক কথা বলেছেন। উনি বলেছেন, দিল্লিতে এই ধরনের ঘটনা দেখাতে পারেন? হ্যাঁ দেখাতে পারি। আমি একটা বিখ্যাত দৈনিক সংবাদপত্রের থেকে উদ্ধৃতি দিচ্ছি। এখানে রিপোর্টের শিরোনাম হল, "দিল্লি অপরাধেরও রাজধানী" যদি আপনারা উৎসুক হন তাহলে আমি পত্রিকাটির নাম পরে বলব, তবে 'গণশক্তি' নয়। পত্রিকাটি লিখছে, 'দিল্লি বুঝি অপরাধের দিক থেকেও দেশের রাজধানী হল। দিন দিনই দিল্লিতে বিশেষ করে নারীঘটিত অপরাধের সংখ্যা বাড়ছে। এমন একটা দিনও যায় না যেদিন খবরের কাগজে কোনও মহিলার ওপর অত্যাচারের খবর থাকবে না। সন্ধ্যা নামার পরে কোনও রাস্তাই আর মেয়েদের পক্ষে নিরাপদ নয়"।

(**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কোন কাগজ?)

কাগজের নাম বলার আমার ইচ্ছে ছিল না। কিন্তু আপনি যখন জানতে চাইছেন তখন বলছি, "আনন্দবাজার পত্রিকা", ৬ই, এপ্রিল ১৯৮০ সাল। তারপরে আসামে কি হচ্ছে? গত ১৫ মাস ধরে আসামে কোনও ঘটনা ঘটছে তাতো সকলেই জানেন। গত ১২ই ফেব্রুয়ারি থেকে ১৩ই ফেব্রুয়ারির মধ্যে উপর্যুপরি তিনটি উচ্চ ক্ষমতা সম্পন্ন বোমা মেরে বারাউনি নাহারকাটিয়া পাইপ লাইন উড়িয়ে দেওয়া হয়েছে। গৌহাটিতে দুটি বেতার কেন্দ্র বোমা মেরে নিশ্চিহ্ন করা হয়েছে। আসামে রেল লাইন বোমা মেরে উড়িয়ে দেওয়া হয়েছে। এর পরেও আবার আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন? সেখানে শ্রী জ্যোতি বসু নেই, সেখানে রয়েছেন শ্রীমতী আনোয়ারা তৈমুর, অবশ্য সিজারের পত্নী সমস্ত সন্দেহের উর্ধ্বে, একথা আমরা জানি। সেই সঙ্গে আমি বলতে চাই, গত ১৯৮০ সালের ২৪শে মার্চ পেট্রোলিয়াম ও রসায়ন দপ্তরের মন্ত্রী বীরেন্দ্র পাতিল এক সাংবাদিক বৈঠকে বলেছেন, আসাম আন্দোলনে দেশের অর্থনীতি সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে যাচ্ছে, মাসে ক্ষতি হচ্ছে ১০০ কোটি টাকা। সুতরাং আমি কেন্দ্রীয় সরকারের ১৫৩৯ কোটি টাকার যে ঘাটতি বাজেট তার জন্য দায়ী করছি কেন্দ্রীয় সরকারের আইন শৃঙ্খলা রক্ষার ব্যর্থতাকে।

[4-25 – 4-35 p.m.]

আপনারা জানেন, ঘাটতি বাজেটে সরকারি অঙ্ক হচ্ছে ১৫৩৯ কোটি টাকা আর ১৫

মাস ধরে আন্দোলন চলেছে, সুতরাং এই ১৫ কে যদি ১০০ দিয়ে গুন করা হয় তাহলে এই ১৫০০ কোটি টাকা নষ্ট হয়ে গেছে এই আসাম আন্দোলনের জন্য আর এই ঘাটতি বোঝাটা ভারতবর্ষের সমস্ত মানুষের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। বিহারের আইন-শৃঙ্খলার কথা না বলাই ভাল। ভোলাবাবু বললেন, পশ্চিমবঙ্গে ৫ জনকে অন্ধ করে দেওয়া হয়েছে। আমি মনে করি এটা দুঃখজনক ঘটনা, এমন কোনও বিবেকবান মানুষ নেই যে এর প্রতিবাদ করবেন না। কিন্তু আমি জিজ্ঞাসা করি, বিহারে কি ঘটনা ঘটেছে? এ বছরের জানুয়ারিতে ইন্ডিয়ান এক্সপ্রেসে লিখছেন না, বিহার দেখছি সংবাদপত্রের শিরোনাম ছাপতে রাজি নয়, এই তো সেদিন ভাগলপুর জেলে বন্দিদের চোখ গেলে দিয়ে এ রাজ্যটি এক বিশ্ব রেকর্ড বানিয়ে ছিল। এবারের ঘটনা সমস্তিপুর জেলে। এখানকার বন্দীরা খাদ্য ও বাস, পরিবেশ সম্পর্কে আইন সম্মত আচরণ প্রার্থনা করেছিল, পরিবর্তে জেল পুলিশ ৮জনকে গুলি করে খুন করে। এই হল বিহারের আইন-শৃঙ্খলার পরিস্থিতি। গত ডিসেম্বর মাসে রাঁচিতে যে ঘটনা ঘটল পুলিশের অসহযোগের ফলে তাতে রাঁচিতে সৈন্য নামাতে হয়েছিল। পরের দিন ১৯শে ডিসেম্বর, যুগান্তর পত্রিকার সংবাদ শিরোনামায় ছিল রাঁচি সৈন্যর হাতে। ছুরি, আগুন। গুজরাটের অবস্থা আপনি জানেন। ১লা ফেব্রুয়ারি থেকে শুরু করে আজও পর্যন্ত সংরক্ষণকারী ও সংরক্ষণ বিরোধী যে আন্দোলন শুরু হয়েছে সেই বিক্ষোভ ঠেকাতে সৈন্যবাহিনী নামাতে হয়েছে। আপনি জানেন, ছুরি, লাঠি, এবং পুলিশের গুলিতে ৪০ জনেরও বেশি প্রাণ হারিয়েছে, ১ হাজারেও বেশি মানুষ আহত হয়েছে এবং বিগত ৫ দিনে এমন একটি দিন নেই যে পুলিশের গুলি চলেনি। ওখানে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু নেই। ওখানে মুখ্যমন্ত্রীর গদিটাকে উজ্জ্বল করে রেখেছেন আপনাদের সোলাঙি সাহেব। কই, তার তো পদত্যাগ দাবি করছেন না? কর্নাটকে গত ২১শে জানুয়ারি বাঙ্গালোরে রাষ্ট্রায়ত্ত কারখানায় ধর্মঘট ও কর্মীদের উপর গুলি চালনার ফলে ৫জন মারা গেছে। কর্নাটকে বামফ্রন্ট সরকার নেই, তার পদত্যাগ দাবি করছেন না? আর উড়িষ্যায় মাড়োয়ারি সম্প্রদায়ের বিরুদ্ধে সেখানকার ছাত্রদের সংঘর্ষে কয়েকজনের প্রাণই নষ্ট হয়নি এর ফলে সারা ভারতবর্ষে যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন সেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে আবার নতুন গতিবেগ সঞ্চার করেছে। ভোলাবাবু কিছুক্ষণ আগে বললেন, এখানকার বিচারালয়ে কি ঘটছে। আপনারা তো জানেন মধ্যপ্রদেশে কি ঘটেছে? সেখানে পুলিশ যে ঘটনা ঘটিয়েছে তা ভারতবর্ষের ইতিহাসে নজির বিহীন। গোয়ালিয়রের বার অ্যাশোসিয়েশনের মধ্যে পুলিশ ঢুকে লাঠি চালিয়ে আইনজীবীদের আহত করেছে এবং বিচারপতিকে আহত করেছে। পশ্চিমবাংলার পুলিশ এই ধরনের কৃতিত্ব প্রদর্শন করতে পারেননি। এই ধরনের রেকর্ড সৃষ্টি করতে পারেননি। উত্তরপ্রদেশে আইন-শৃঙ্খলার অবনতি যে কোথায় গেছে তা এই পরিসংখ্যান থেকেই বোঝা যাবে। আমি এই পরিসংখ্যানটি উপস্থিত করছি। উত্তরপ্রদেশে এ সম্পর্কে ১৯৮০ সালের সরকারি পরিসংখ্যানটিতে বলা হচ্ছে, প্রতি ১০ মিনিটে একটি রাহাজানি, প্রতি ১৫ মিনিটে চুরি, ৩০ মিনিটে সশস্ত্র দাঙ্গা, ৪৫ মিনিটে লুঠ ও ৩ ঘন্টায় ১টি খুন, প্রতিদিন ৩টি ধর্ষণ। আর ১৯৮১ সালে আরও অগ্রগতি ঘটেছে। যখন বিশ্বনাথপ্রতাপ সিং-এর রাজত্ব চলছে তখন এই অগ্রগতি ঘটেছে, এই অগ্রগতি রোধ

করে সাধ্য কার? এখন আরও কম সময়ে অর্থাৎ প্রতি ২ মিনিটে একটি ডাকাতি, একটি খুন-খারাপি বা ধর্ষণের ঘটনা ঘটছে। গত ৯ মাসে এই রাজ্যে ৮ হাজারেরও বেশি লোক খুন হয়েছে। পি.টি.আই. এই সংবাদ পরিবেশন করেছে। সংবাদপত্র এই সংবাদ পরিবেশন করেছেন। আমার দেওয়া সংবাদ নয়। ইম্ফলে যে সমস্ত জায়গায় নজির বিহীন ঘটনা ঘটেছে তা পরিবেশন করেছে। সংবাদপত্রের শিরোনামা থেকে পড়ছি। আমার ইম্ফল সম্বন্ধে বক্তব্য বলে আমি শেষ করব। যুগান্তর, তার হেড লাইন হল 'ইম্ফলে আবার আরও আগুন, কারফিউ, গুলি, ৮০০০ ঘর ছাড়া"। আর আপনারা তো জানেন পশ্চিমবঙ্গ বাদে অন্যান্য সমস্ত রাজ্যে হরিজন নিগ্রহের ঘটনা ঘটেছে। এখানে আইন-শৃঙ্খলার পরিস্থিতি অনেক ভাল। রাঁচিতে সৈন্য নেমেছে, অন্ধ্রে সৈন্য নামাতে হয়েছে, কর্ণাটকে সৈন্য নেমেছে এবং আসামে এখন কেন্দ্রকে সৈন্য সামন্ত বহাল রাখতে হয়েছে। পূর্বাঞ্চলীয় সেনাবাহিনীর একজন মুখপাত্র বলেছেন যে এখানে আইন-শৃঙ্খলার পরিস্থিতি অনেক ভাল। সৈন্য নামানোর ঘটনা ঘটেনি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব এস.এম.বার্গে যা বলেছেন — সেতো আপনারা জানেন। তিনি তিনটি কথা বলেছেন,—

(১) এখানে সাম্প্রদায়িক সম্প্রীতি রয়েছে, অর্থাৎ যা সারা ভারতবর্ষে নেই;

(২) হরিজন অত্যাচারের ঘটনা নেই, যা সারা ভারতবর্ষে আছে;

(৩) এখানে বে-আইনিভাবে আগ্নেয়াস্ত্রের ঢালাও ব্যবহার কম, অন্যান্য প্রদেশের তুলনায়।

সিকিমের মুখ্যমন্ত্রী নর বাহাদুর ভান্ডারি, ৬ই ফেব্রুয়ারি কলকতা বিমান বন্দরে এসেছিলেন, তিনি সংবাদপত্র দেখেছিলেন, তিনি বলেছেন অন্যান্য রাজ্যের তুলনায় এ রাজ্যের পরিস্থিতি অনেক ভাল এবং এস.এম.বার্গে বিগত ১০ই ফেব্রুয়ারি যে কথা বলেছিলেন সেটা আপনাদের উদ্দেশ্যে নিবেদন করছি।

Calcutta is perhaps a safer place than Delhi where 119 murders, 23 dacoities and 1532 burglaries took place during the first 7 months of last year or Bombay where 122 murders and 202 dacoities took place during the first six months.

আপনাদের সময়ে শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য চলছিল তার অবসান ঘটেছে। সুষ্ঠুভাবে স্কুল, কলেজে পরীক্ষা হচ্ছে। এটা আইন শৃঙ্খলা পরিস্থিতির লক্ষ্যণ নয়। আপনাদের সময়ে কি হত? আপনাদের প্রাক্তন বিধানসভার সদস্য শ্রী নরেশ চাকির মুখ থেকে শুনুন। ২২.৪.৭৪ তারিখে তিনি যে কথা বলেছিলেন — "পশ্চিমবঙ্গের পরীক্ষার নামে কি রকম প্রহসন চলছে"। সেই বিষয় আমি এখানে পেশ করতে চাই। আপনি জানেন নিশ্চয় বর্তমানে সমস্ত পশ্চিমবঙ্গে স্কুল ফাইনাল পরীক্ষা চলছে। পরীক্ষার নামে এতবড় প্রহসন আর অতীতে কখনও ঘটতে দেখিনি বা কোনও দেশে ঘটেছে বলে জানিনা। তিনি আরও বলেছেন .....

[4-35 – 4-45 p.m.]

At this stage Shrimati Renuleena Subba entered the chamber with a lathi, a doll made of cloth painted with red patches, a toy revolveranda plackard fixed on lerchesd with writing ''No Law and order in West Bengal She came down to the well and shouted on law and order in West Bengal'' and fired several times in the air.

(গোলমাল)

(সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের অনেক সদস্য বলিতে উঠিলেন)

**Mr. Speaker :** What is this, what is this?

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** অর্ডার অর্ডার।

(কংগ্রেস বেঞ্চ হইতে সকলে বলিতে উঠিলেন)

**এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ** স্যার মহিলা সদস্যার কোনও মর্যাদা থাকছে না।

**মিঃ স্পিকার ঃ** হাউসের কোনও মর্যাদা নেই আপনাদের কাছে।

(এই সময়ে কংগ্রেস আই সদস্যরা কক্ষের বাইরে চলিয়া যান)

**(Noise)**

**Mr Speaker :** Honourable Members, it is my painful duty to suspend Mrs. Renu Leena Subba from this House for a period of at least eight weeks. I order that any incidence written there all must be expunged. She must be removed from the House. Either you move or I will force you to leave the House.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমার একটা সাবমিশন আপনার কাছে আছে। আপনি To maintain the dignity and decorum of the House. যে কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারেন। কিন্তু আমি লিডার অফ দি হাউস এবং আর সকলকে অনুরোধ করছি যে আমার প্রস্তাবটা আপনারা বিবেচনা করুন। Before giving effect to the order. আপনি সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে বসে জিনিসটা আবার বিবেচনা করুন এবং সেখানে লিডার অফ দি হাউসও থাকুন। আশা করি আপনি আমার প্রস্তাবটা বিবেচনা করবেন। ডিগনিটি এবং ডেকোরাম অফ দি হাউস মেনটেন হোক এটা সকলেই আমরা চাই।

**Mr. Speaker :** Dr. Abedin, you know I have been very considerate everytime. Not only this is the first time she has done it. She has been demonstrating in the well of the House repeatedly. I have tried to make her understand that this should not be done. But she has deliberately done it. I have suspended her and requested her to go out of the House otherwise she will be forced to go out. She must leave otherwise she will be forced to leave.

**Dr. Zainal Abedin :** Sir, you might reconsider your ruling.

**Mr. Speaker :** No. Ashoke Babu, please go on.

[4-45 – 4-55 p.m.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মিঃ স্পিকার স্যার, আমার একটা নিবেদন আছে আপনার কাছে সেটা রাখছি।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** না, এখন একটু অসুবিধা আছে। আপনি বসুন You did not say that the matter should be condemned. You have not brought any resolution before this House condemning her and claiming her suspension. Have you done it? Have you done that Mr. Maitra?

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমরা অত্যন্ত অভিভূত হয়ে পড়েছি। তাই আপনার কাছে অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমাকে অনুরোধ করছেন। আপনারা তো একটা কথাও বলেননি Since you did not bring it then why do you only ask me to reconsider my order. She has come in the well of the Assembly in such a manner that it is not creditable either to the House or to the Members of the House. Repeatedly I have tried to tell her this. But this time she has gone beyond limit.

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** স্যার, আপনি উত্তেজিত হয়ে পড়ছেন। আপনি আমাকে এর আগে তো বলবার সুযোগ দেননি। স্যার, আমি তো আপনার ডিসিসন সম্বন্ধে কোনও কথা বলিনি। স্যার আমাকে না শুনে

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনি আমাকে বলার সুযোগ দেবার চেষ্টা করুন। আপনাকে

আমরা অনুরোধ করছিলাম যে আপনি ৫।১০ মিনিট ঘরে বসুন, আমরা নিজেরা বসে সম্মিলিতভাবে সিদ্ধান্ত আপনার কাছে রাখব।

**(ভয়েসেস ফ্রম গভর্নমেন্ট বেঞ্চ ঃ** না, না হবে না।)

**মিঃ স্পিকার ঃ** অর্ডার, অর্ডার। মিঃ অশোক বোস বলুন।

**শ্রী অশোককুমার বোস ঃ** মাননীয় স্পিকার স্যার, নরেশ চাকি মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে তিনি বলেছিলেন যে "পশ্চিমবঙ্গে পরীক্ষার নামে কি রকম প্রহসন চলছে সে বিষয়ে আমি এখানে পেশ করতে চাই"। আপনি জানেন নিশ্চয় বর্তমানে সমস্ত পশ্চিমবঙ্গে পরীক্ষা চলেছে। পরীক্ষার নামে প্রহসন অতীতে ঘটতে দেখিনি বা কোনও দেশে ঘটেছে বলে আমি জানি না। আপনি যদি ইচ্ছা করেন — এই মুহূর্তে কয়েকশত প্রশ্নপত্র বাইরে পেতে পারেন। যদি ইচ্ছা করেন এই মুহূর্তে পরীক্ষার সাদা খাতা পেতে পারেন। আরও আশ্চর্যের বিষয় যখন হলের মধ্যে পরীক্ষা চলছে তখন পরীক্ষা কেন্দ্রগুলোর বাইরে আশেপাশের বাড়িতে সেই সব প্রশ্নের উত্তর বাইরে লেখা হচ্ছে।

সাদা খাতা পরীক্ষার্থীদের সঙ্গে আছে, সেটা বাইরে চলে যাচ্ছে এবং বাইরের থেকে এনে দেওয়া হচ্ছে — এই ছিল তখনকার স্কুল কলেজের পরীক্ষার অবস্থা। সেদিন বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গনে যে ঘটনা ঘটত, সেই ঘটনা সম্পর্কেও ঐ স্টেটসম্যান পত্রিকা ১৯৭৪ সালের ১০ই আগস্ট উল্লেখ করেছিল যে,—

10th August — clashes between rival groups of West Bengal Congress students and youth organizations are not new — resulted in a situation in which the working of the university itself is threatened. Complaints about the anti social elements are point less when the distinction between those elements and some politically supported students seen non-existence.

এই ছিল সেদিনের পরীক্ষা বিভাগের হালচাল। এ ব্যাপারে আরও একটি উদাহরণ দিচ্ছি। ১৯৭৪ সালে, — ২৭।৮।১৯৭৪ সালে যুগান্তর পত্রিকা তাদের সম্পাদকীয়তে বলেছিলেন যে, আজকে লোকালয়ে, পাড়ায় পাড়ায়, কি ঘটনা ঘটছে পরীক্ষার ব্যাপারে, কোনও আইন-শৃঙ্খলার কোনও বালাই নেই। এই ব্যাপারে যদি কেউ মাথা তোলে তাহলে তার শব পড়ে থাকবে নর্দমার পাশে। তাই তো দেখি এইসব সোনারচাঁদ ছেলেদের নিয়ে যখন কিষাণ সমাবেশে যান আপনাদের দল তখন দেখি যে, প্রত্যেকটি রেলওয়ে স্টেশনে ভেন্ডারের দোকান বন্ধ করে দিতে হয়। আর সভার স্থলে ৫ দিনের জন্য ড্রাই-ডে ঘোষণা করতে হয়। কিন্তু দেখা যায়, তাতেও মদের দোকান রেহাই পায় না, মদের দোকান লুঠ হয় — আর এটা কোনও নূতন ঘটনা নয়, কারণ এই ট্রেডিশন কংগ্রেস আবাহমান কাল ধরে

চালিয়ে আসছে। তাঁরা যেদিন থেকে ক্ষমতায় আসীন হয়েছেন, স্বাধীনতার পর থেকেই এই অবস্থা চলে আসছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আপনাদের মনে আছে। ১৯৭৪ সালের ৮ই আগস্ট দিল্লিতে একটি যুব-সমাবেশ হয়েছিল। সেই সমাবেশে নাকি যাঁরা গিয়েছিলেন — ঐ সময়ে শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সী মহাশয় ছিলেন আপনাদের কংগ্রেসের যুব নেতা — সেদিন তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বলেছিলেন — আমি আপনাকে এই ফুলের কুঁড়িগুলো উপহার দিলাম। কারা ছিল এই ফুলের কুঁড়ি? তাই দেখতে পাই — ঐ সংবাদপত্রে (হিন্দুস্তান স্ট্যান্ডার্ড) লেখা হয়েছিল ১৯৭৪ সালের ৮ই আগস্ট তারিখে যে, দিল্লিতে যুব-কংগ্রেস অংশগ্রহণকারীদের বহন করে স্পেশ্যাল ট্রেনটি স্টেশনগুলিতে থামলে বহু যুব-কংগ্রেসি স্বেচ্ছাসেবক যে দাঙ্গা-হাঙ্গামা করেছে তা সারা দেশের দৃষ্টি আকর্ষণ করেছে। পরে ঐ পত্রিকা আরও বলেছে — পুলিশি তদন্তে প্রকাশ, স্বেচ্ছাসেবকদের কাছে পাওয়া গেছে নিরোধের বহু প্যাকেট, বেশ কিছু পরিমাণ মদ ও বে-আইনি ভাবে নেওয়া সরেস চাল। আপনারা বলুন তো ভারতবর্ষে কোনও রাজনৈতিক সমাবেশকে সফল করার জন্য নিরোধের প্যাকেট প্রয়োজন হয় বা মদের বোতলের এবং সরেস চালের? আপনারা ছাড়া আর কারুর সমাবেশকে সফল করার জন্য এগুলি প্রয়োজন হয় না। এইসব সোনারচাঁদ ছেলেদের নিয়েই হচ্ছে আপনাদের দল এবং আপনারাই হচ্ছেন এই দলের নেতা। আপনাদের মুখে আইন-শৃঙ্খলার কথা শোভা পায় না। আপনারা এই রাজ্যে খুনো-খুনির অভিযোগ করেছেন। হ্যাঁ, কিছু খুনো-খুনির ঘটনা ঘটেছে এই রাজ্যে। কিন্তু এর জন্য দায়ী হল আপনাদের গোষ্ঠী দ্বন্দ্ব। এই নিয়ে ইকনমিক অ্যান্ড পলিটিক্যাল উইকলি ৩১।১।৮১ তারিখে কি লিখেছে তা আমি পড়ছি —

The attempt on the life of thc Union Minister of state for supply and rehabilitation, Bhagawat Jha Azad, in Delhi on Sunday night, in which thc minister's security guard was unfortunetely killed, has to be seen in the context of an increasing resort to extreme violence, including murder, in recent times by factions of the Congress(I) to settle scores. There have been other incidents of factional violence including murder, involving Congress(I) members in several states and it is likely the trend will gain strength and become yet another acceptable feature of Congress(I) politics. Considering the way the inner party struggles have been conducted in the Congress(I) since return to poer at the centre and many of the states. Incidents elsewhere, say, in West Bengal, involving Congress(I) supporters even when it is a result of factional fights in the party are highly publicised and sought to be presented as another instance of murder politics.

[4-55 – 5-15 p.m.](Including Adjournment)]

আজকে কংগ্রেস(আই) আরও বেশি বেশি করে আক্রমণমুখী হয়ে জমিদার-জোতদারদের প্রতি তাদের যে সমর্থন সেই সমর্থন জানাচ্ছে। আপনারা নির্লজ্জভাবে যাদের সমর্থক বলে দাবি করছেন, যাদের শহীদ বলে দাবি করছেন তারা কারা তাদের পরিচয় আপনারা জানেন। ১৯৬৫ সাল থেকে শুরু করে আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে একের পর এক মামলা চলছে। যেমন বলা যেতে পারে দুলাল মন্ডলের কথা — বারবনিতা আসক্ত, পানাসক্ত, দুশ্চরিত্র এবং কুখ্যাত গুন্ডা যার বিরুদ্ধে ১৯৬৫ সাল থেকে নারী ধর্ষণ, খুন, ছিনতাই প্রভৃতি বিভিন্ন মামলা চলছে। একে আপনারা শহীদ বলে দাবি জানালেন। এই সেদিনও দুই সমাজ বিরোধীদের মধ্যে মারামারিতে একজন সমাজ বিরোধী মারা গেল। আপনারা তাকে ফুলে ফুলে ঢেকে দিয়ে শহীদের সম্মান দিলেন, আর সেই ফুলের আড়ালে অনুক্ত রইল সেই ফুলের মতো নিষ্পাপ কিশোরিটির কাহিনী যে স্কুলের দশম শ্রেণীতে পড়ত, যাকে স্কুল থেকে ফেরার পথে টেনে নিয়ে গিয়ে ঐ সমাজ বিরোধীটি দলবদ্ধভাবে বলাৎকার করেছিল। তার যে মৃত্যু হল সেই ফুলের মতো কিশোরিটির কাহিনী অনুক্ত রয়ে গেল। এইভাবে কতদিন চালাবেন? আপনারা বলেছেন পুলিশের ব্যয় বৃদ্ধি হয়েছে। পাচ বছর আগে কংগ্রেস আমলে মোট বাজেট যখন ৭৬৫ কোটি টাকা ধরা হয়েছিল তখন পুলিশ খাতে বরাদ্দ ছিল ৪৯ কোটি টাকা, অর্থাৎ মোট বাজেটের ৬.৪ শতাংশ। এবারে মোট বাজেট ১৭৪০ কোটি টাকার, এর মধ্যে পুলিশ খাতে বরাদ্দ ৭২ কোটি টাকা অর্থাৎ মোট বাজেটের ৪.২ শতাংশ, অর্থাৎ অন্যান্য বারের তুলনায় একথা বলতে পারি বাজেটে যা বরাদ্দ হয়েছে তাতে পুলিশ খাতে বরাদ্দের পরিমাণ শতাংশের দিক থেকে অনেক কম। দ্বিতীয়ত এবারের বাজেটে যে ৭২ কোটি টাকা বরাদ্দ হয়েছে তার মধ্যে দেখবেন যে ১৯৭৬-৭৭ সালে পুলিশ খাতে বরাদ্দের পরিমাণ ছিল ২৮.৪৮ লক্ষ টাকা, বেতন মহার্ঘভাতা ইত্যাদি নিয়ে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৫১ কোটি টাকা থেকে কিছু বেশি, অর্থাৎ প্রায় দ্বিগুণের কাছাকাছি। সমস্ত কর্মচারিদের ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি করা কি অন্যায় হল সেটা বুঝতে পারি না। পাইকারি পণ্যের যে সূচি ছিল ১৯৫২/৫৩ সালকে ভিত্তি বছর ধরে ২৪৪.৩ সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৯৭৯-৮০ সালে ৪৬১। জীবনযাত্রার ব্যয় যেমন বেড়েছে সেই অনুপাতে পুলিশ খাতে ব্যয় বেড়েছে। বিনয়বাবু বলেছেন পশ্চিম দিনাজপুরে অনেক আগ্নেয়াস্ত্র লুঠ হয়েছে, তার হদিশ পাওয়া যাচ্ছে না। বিনয়বাবু, আপনি জানেন কংগ্রেস আমলে আপনারা সর্বপ্রথম পুলিশকে শৃঙ্খলিত করে নজির সৃষ্টি করেছিলেন। আপনারা আগ্নেয়াস্ত্রের জন্য উদ্বেগ প্রকাশ করেছেন, এই উদ্বেগ প্রকাশ কি শোভা পায়? আপনাদের আমলে কি হত দেখুন। কেন্দ্রীয় সরকারের রিপোর্ট, ১৯৭৮-৭৯, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, মিনিস্ট্রি অফ হোম অ্যাফেয়ার্স, নিউ দিল্লি, সেখানে বলা হচ্ছে নদীয়া জেলায় ১৯৭৪ সালে আগ্নেয়াস্ত্র নিখোঁজ হয়েছিল ৬২৭৩টি, ১৯৭৫ সালে ২১২৫টি, ১৯৭৬ সালে ১৪১৯টি। আপনি জানেন এই অস্ত্রগুলি কোথায় গিয়েছিল, কাদের বিরুদ্ধে ব্যবহৃত হয়েছিল। এর মধ্যে কতগুলি পাওয়া গেছে তারও হিসাব কেন্দ্রীয় সরকার দিয়েছেন। ১৯৭৪ সালে যে ৬২৭৩টি নিখোঁজ হয়েছিল তার মধ্যে ৪৯টি পাওয়া গেছে, ১৯৭৫ সালে যে ২১২৫টি নিখোঁজ হয়েছিল তার মধ্যে ৬৮টি পাওয়া গেছে এবং ১৯৭৬ সালে যে ১৪১৯টি নিখোঁজ হয়েছিল

তার মধ্যে পাওয়া গেছে ৫০টি। অব্যবহৃত আগ্নেয়াস্ত্র মোট পাওয়া গেছে এই তিন বছরে কংগ্রেস আমলে ১৬৭টি আউট অফ ৯৮১৭। অতীতে এই যে ঘটনা ঘটল আজকের সঙ্গে তার পার্থক্য হল এই অস্ত্র হারালেও খুঁজে পাওয়া যায় — ৬৭টির মধ্যে ৩০টি পাওয়া গেছে। এই হচ্ছে আপনাদের সঙ্গে আমাদের পার্থক্য। আপনি কেন মিছামিছি ঐভাবে উদ্বেগ প্রকাশ করছেন। এস.ইউ.সি.-র শ্রী দেবপ্রসাদ সরকার তিনি এই ঘটনার সমালোচনা করলেন, কেননা তিনি ইন্ডিপেন্ডেন্ট গ্রুপের নেতা।

তিনি পুলিশ খাতে ব্যয় বৃদ্ধির কথা বলেছেন এবং পুলিশের চরিত্র সম্পর্কে বলেছেন। পুলিশের চরিত্র সম্পর্কে তাঁর কাছ থেকে আমাদের বোধ হয় জ্ঞান নিতে হবে না। আমরা জানি এই বুর্জোয়া সমাজ ব্যবস্থায় পুলিশ ইজ এ ক্ল্যাসিক ডিফেন্ডার অফ দি বুর্জোয়া গ্রুপ। এই কাঠামোর মধ্যে পুলিশকে পুরোপুরি জনস্বার্থে ব্যবহার করা যায় না, তাদের শুধু কিছুটা লাগাম টানা যায়। আমরা সেই চেষ্টাই করছি। মন্ত্রী বদল হলেই পুলিশ কাঠামোর বদল হয় না এটা জানা দরকার। আমাদের এই পুলিশ বাহিনীকে নিয়েই চলতে হচ্ছে। নূতন পুলিশ বাহিনী পাওয়া যাবে এরকম আইন সংবিধানে করেনি, সেটা করলে আমরা চিন্তা করব। স্যার, এই বিধানসভায় আজকে যে নজির বিহীন ঘটনা ঘটল তার নিন্দা করে এবং এই ব্যাপারে মাননীয় স্পিকার মহাশয় যে সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্তকে সমর্থন জানিয়ে, পুলিশ বাজেটের ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The House is adjourned for 20 minutes. I give Mrs. Subba time to go out. Otherwise, she will be thrown out of the Chamber under my orders.

**(At this stage the House was adjourned for 20 minutes)**

[5-15 – 5-25 p.m.(After Adjournment)]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মিঃ স্পিকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার .....

**(এই সময় শ্রী হরিপদ ভারতি মহাশয় কিছু বলিতে উঠেন)**

**মিঃ স্পিকার ঃ** দেবপ্রসাদবাবু আপনার পয়েন্ট অফ অর্ডার পরে শুনব। আমি হরিপদবাবুর কথা শুনতে চাই।

**শ্রী হরিপদ ভারতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে দুঃখের সঙ্গে একটা কথা নিবেদন করতে চাই। কিছুক্ষণ আগে মাননীয়া সদস্যা এখানে যে কাজ করেছেন, আমরা কেউ তা সমর্থন করি না।

(**এ ভয়েস ফ্রম দি গভর্নমেন্ট সাইড ঃ** মাননীয়া সদস্য কি?)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকার পক্ষের বন্ধুদের সঙ্গে আমার দৃষ্টিভঙ্গির মিল নেই। আমার শিক্ষা-দীক্ষা সম্পূর্ণ ভিন্ন। একজন মহিলা সদস্যা সম্পর্কে বক্তব্য রাখতে গেলে মাননীয়া বলাই আমার রীতি। আমি সরকার পক্ষের সদস্যদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করব না। কাজেই আমি যে কথা বলেছি সেটাই ঠিক। তিনি এখানে যে কাজ করেছেন আমরা তা সমর্থন করি না। বরং নিন্দা করি এবং আপনি যেভাবে সিদ্ধান্ত ঘোষণা করেছেন, যদিও আমি মনে করি যে আপনি ক্ষমা করবেন এবং যে দ্রুত সিদ্ধান্ত নিয়েছেন তার জন্য আমরা আপনার কাছে অনুরোধ রেখেছিলাম যে আমাদের সকলের সঙ্গে অন্তত কিছুক্ষণ কথা বলার পর সঠিক সিদ্ধান্ত নেবেন। আমরা নিশ্চয় বিপরীত সিদ্ধান্ত নিতে বলি না। কিন্তু আপনার সিদ্ধান্ত শেষ পর্যন্ত যেভাবে পলিত হয়েছে তার বিরুদ্ধে ন্যায় সঙ্গত প্রতিবাদ করা আমাদের কর্তব্য বলে মনে করি। আপনি নিশ্চয় কোনও সদস্য বা সদস্যাকে বহিষ্কার করতে পারেন সংবিধান সম্মতভাবে এবং আপনার সে অধিকার আছে। কিন্তু সেই অধিকার নিঃসন্দেহে আপনি প্রয়োগ করবেন একটা নিয়মের মধ্য দিয়ে। কাজেই কোনও সদস্য বা সদস্যাকে যদি আপনার সভা বা হল থেকে বের করে দিতে চান তাহলে তার জন্য মার্শাল ডেকে তা আপনি করতে পারেন। কিন্তু আপনার সমস্ত বিধানসভার স্টাফকে দিয়ে যদি তাঁকে এইভাবে টেনে হিঁচড়ে বিধানসভার বাড়ি থেকে বহিষ্কার করে দেন এটা নিঃসন্দেহে অপমানজনক এবং নিঃসন্দেহে আপনার পক্ষে মর্যাদাজ্ঞাপক বলে আমরা মনে করছি না। কাজেই এই ধরনের ঘটনাকে আমরা তীব্র নিন্দা করছি। এই ঘটনাকে আমরা প্রশংসা করতে পারি না।

**(গোলমাল)**

আমি আমাদের ক্ষোভ আমাদের দুঃখ আপনার কাছে জ্ঞাপন করছি। এরপর এই সভায় যোগদান করা আমাদের পক্ষে সম্ভব নয়। সেইজন্য ক্ষমা প্রার্থনা করে আমার এই বক্তব্য রাখছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দয়া করে আমাকে এক মিনিট সময় দেবেন। আমি আপনার কাছে একটা সাবমিশন রাখছি। যে ঘটনা একটু আগে ঘটে গিয়েছে সেটা খুবই দুঃখের কথা। সেই মুহূর্তে আমি হাউসের মধ্যে ছিলাম না, অন্যত্র ছিলাম — কিন্তু শেষ মুহূর্তে এসে পৌঁছেছিলাম। আমাদের দলের নেতা শ্রদ্ধেয় শ্রী কাশীকান্ত মৈত্র মহাশয় একটা সাবমিশন আপনার কাছে রাখতে চেয়েছিলেন। কিন্তু আপনি তা পেশ করতে দেননি। যা হোক আপনার অধিকার আছে। কাশীকান্ত বাবু যে কথা বলতে চেয়েছিলেন সেই বক্তব্য শোনবার পর যদি আপনি আপনার অভিমত প্রকাশ করতেন তাহলে আমাদের পক্ষে সেটা হয়ত ভাল হত। মাননীয় হরিপদ বাবু যে কথা বলে গেলেন আমি তার সঙ্গে এক মত। নিশ্চয়ই হরিপদ বাবু মাননীয় সদস্য যা বলেছেন তাঁর সেন্টিমেন্টের সঙ্গে আমরা একমত। হাউসে একটা স্টেলমেটের মতো পরিবেশ আমরা জানি। আপনি যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, সেই সিদ্ধান্ত হাউসের কনসেন্সাস নিয়ে করা যেতে পারত। সেই ব্যবস্থা করার জন্য

আপনাকে কাশীকান্ত বাবু অনুরোধ করতে উঠেছিলেন। এই হাউসের লিডার অফ দি অপোজিশন হিসাবে তিনি আপনাকে অনুরোধ করবার জন্য উঠেছিলেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় আপনি তাঁকে যে ভাবে তিরস্কার করেছেন, তার জন্য আমরা খুবই দুঃখিত। আমরা বিনয়ের সঙ্গে জানাচ্ছি, আমাদের পক্ষে মর্যাদার সঙ্গে এই অধিবেশনে আর পার্টিসিপেট করা সম্ভব নয়।

**Dr. Zainal Abedin :** Sir, I rise on a point of order. I invite your attention to Rules 347 and 348 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, Under those Rules you have got the power to name a Member for disorderly conduct or if he or she disobeys the Chair. But in that case a sweeping punishment like suspension for the remainder of the Session is not called for, neither is it within the competence of the Speaker without taking a formal motion in the House. রুল ৩৪৭-এ এই অথারিটি আপনার আছে বলে আমার মনে হয় না। You can at best for disorderly conduct ask a Member to withdraw for the day — for the remainder period of the day — and not for the whole period or for the whole month. Under Rule 348 again you can name a Member on which the Member will withdraw from the House for the day only but in your sweeping judgment you have suspended the Member for one month, If I have heard it correctly. I am painfully associated with drawing your attention that possibly you are not authorised to order for such a long punishment for disorderly conduct of a Member. Without raising any scope of misgiving I can say that we are not supporters of this conduct which was seen here in the well of the House.You are an old Member of the House, you have seen there had been demonstration with Red Flags in this House during 1962-63 when you had been in the Opposition. There again the Chair decided that the Members participating in such demonstration should be suspended for the remainder of the Session. I feel, Sir, on an emotional feeling you have declared a punishment which, in my opinion, is too high and too harsh. Hence I would submit, Sir, that you please reconsider your judgment, reconsider your decision, in consultation with the Leader of the House. You can call us, the Opposition members, in your Chamber for taking a final decision to maintain order in the House, Sir, possibly the punishment declared by you, the decision as passed from your authority, is too harsh for too mild an offence that has occurred in this House. While the lady Member was demonstrating she was [**] by a ruling Member on the floor of the House.

..... **(Noise)** .....

I repeat you have [*] the Member.

..... **(Noise)** .....

The lady Member was chastised, mishandled and the punishment was unilateral. A Member [*] the lady Member on the well of the House.

..... **(Noise)** .....

You have the right to compel her to sit in her seat but some Member from the ruling party [*] the lady Member. This is misdemeneous. You are guilty of [*] of a lady Member in the House.

[5-25 – 5-35 p.m.]

**শ্রী হাসিম আব্দুল হালিম** ঃ মিঃ স্পিকার, স্যার, আমি আপনার অনুমতি চেয়েছি শুধু একটি কথা বলার জন্য। মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব রুল ৩৪৭ ইত্যাদি কথা বললেন। আমি আপনার দৃষ্টি রুল ৩৫২ দিকে আকর্ষণ করছি। মেন্টিনেন্স অফ অর্ডার — যদি এমন অবস্থার সৃষ্টি হয় তাহলে স্পিকারকে সঙ্গে সঙ্গে কোনও ডিসিসন, সিদ্ধান্ত নিতে হবে। আপনার সেই ক্ষমতা আছে। রুল ৩৫২-তে বলছে, The Speaker shall preserve order and shall have all powers necessary for the purpose of enforcing his decisions. উনি কি বললেন আমি জানি না, সাসপেনশনের ব্যাপারে হাউসে রেজলিউশন করে মেম্বারকে সাসপেন্ড করতে পারেন — এটা বলার চেষ্টা করলেন। কিন্তু হঠাৎ যদি এমন অবস্থার সৃষ্টি হয় যে রেজলিউশন করার স্কোপ থাকে না, সময় থাকে না, স্পিকারকে সঙ্গে সঙ্গে ডিসিশন নিতে হবে, সেখানে ক্ষমতা আছে এনফোর্স করার। এ বিষয়ে কোনও প্রশ্ন উঠতে পারে না। এখানে রুল ৩৫২টা পড়ুন। You read rule 352 which states that "The Speaker shall preserve order and shall have all powers necessary for the purpose of enforcing his decision".আপনি যে সিদ্ধান্ত করবেন আপনার ক্ষমতা আছে এনফোর্স করার জন্য এবং আপনি সিদ্ধান্ত নিয়ে সাসপেন্ড করেছেন। এনফোর্স করার ক্ষমতা আপনার আছে। কাজেই হাউস থেকে বেরিয়ে যেতে হবে। না বেরলে আপনি আপনার লোকজনদের দিয়ে বের করে দিতে পারেন।

**শ্রী কিরণময় নন্দ** ঃ হোয়াট ডু ইউ মিন বাই লোকজন?

**শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে। আপনি কিছুক্ষণ আগে আমাদের হাউসের জনৈকা সদস্যাকে সাসপেনশন অর্ডার দিয়েছেন। আপনি রুলিং

Note *Expunged as ordered by the Chair.

দিয়েছেন। আপনার এই রুলিং আপনি যেহেতু উইথড্র করেন নি, ফলে রুলিং দেবার পর কিন্তু ঐ মেম্বার সাসপেনশন পিরিয়ডের জন্য আউট সাইডার হিসাবে গণ্য হলেন। নর্ম্যালি কোনও আউট সাইডার সেশান চলাকালীন মেম্বার সিটে বসতে পারেন না এবং বসলেও সেটা হাউসের রুল অনুযায়ী ঠিক বলা চলে না। ফলে ঐ পিরিয়ডের জন্য আপনি রুলিং দিয়েছেন। তারপর উনি ২০ মিনিট সাসপেন্ডেড হবার পরেও হাউসে ছিলেন। ফলে এই পিরিয়ডের প্রসিডিংস আপনার রুলিং-এর মধ্যে এক্সপাঞ্জ হবে কিনা আপনি বিবেচনা করবেন। এখানে যে ঘটনা ঘটল — অশোকবাবু বলেছেন দেবপ্রসাদ বাবু সমালোচনা করেননি। আমি এটুকু বলতে পারি যে বলবার সুযোগ পাইনি। এই সম্পর্কে আমাদের সুস্পষ্ট অভিমত হল এখানে যে ঘটনা ঘটেছে সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং সদস্যার এই ধরনের আচরণ আমরা সমর্থন করি না এবং যেভাবে তাকে বহিষ্কার করা হয়েছে সেটাও সমর্থনযোগ্য নয়। ডিসেন্সি রক্ষা করার জন্য আমি আপনাকে সাজেশন দিয়েছিলাম যে ১০ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করে বিরোধী সদস্যদের সঙ্গে আলোচনা করে ঠান্ডা মাথায় আপনার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন। কিন্তু আপনি কারও মতামতের মূল্য দেননি, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরাও এই ঘটনা সমর্থন করি না। কিন্তু যেভাবে ট্রেজারি বেঞ্চের সদস্যরা মহিলা সদস্যার সঙ্গে ব্যবহার করলেন সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। চীফ হুইপ অশোক বসু প্রস্তাব উত্থাপন করতে চেয়েছিলেন। কিন্তু সেই প্রস্তাব উত্থাপন করতে না দিয়ে আপনি নিজে সুয়ো-মোটো করে সাসপেন্ড করে দিলেন হাউসের স্যাংশন ছাড়াই। এইভাবে সাসপেন্ড করা যায়? বিরোধী দলের অন্যান্য মাননীয় সদস্যরা যেভাবে বলেছেন আমি সেটা সমর্থন করি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রী এই মাত্র ৩৫২ নং ধারার কথা উল্লেখ করলেন। সেই ধারায় আপনি যে কোনও কাজ করতে পারেন, সেই ক্ষমতা আপনাকে দেওয়া আছে মেন্টিনেন্স অফ দি অর্ডার অফ দি হাউস। এটা বাদ দিয়েও আমি আপনাকে বলতে চাই ৩৪৮ নং ধারা অনুযায়ী আপনি যে কাজ করেছেন আপনার প্রতিটি কাজই ন্যায় সঙ্গত হয়েছে। ৩৪৮ নং ধারা অনুযায়ী একজন মেম্বারের নেম উল্লেখ করে কোয়েশ্চেন পুট করেছেন। এর ৩ নং উপধারায় আছে সেই মেম্বারকে সঙ্গে সঙ্গে হাউসের বাইরে চলে যেতে হবে। না গেলে নিয়ম ভঙ্গ করা হয়। এখন নিয়ম ভঙ্গ করার সমর্থনে যদি কেউ থাকেন সেটা এখানে পরিষ্কার করে বলা দরকার যে নিয়ম ভঙ্গ করার পক্ষে আমরা আছি, নিয়ম মানবার পক্ষে আমরা নেই। কাজেই স্পিকার মহাশয় যেটা করেছেন ৩৪৮ ধারা অনুযায়ী সেটা সম্পূর্ণ সঙ্গত কাজই করেছেন। ৩৫২ ধারার কথা যেটা উল্লেখ করলেন সেই ধারায়ও তাঁর সর্ববিধ ক্ষমতা আছে। এখানকার শৃঙ্খলা রক্ষার জন্য উনি এটা করেছেন। এটা উনি নতুন করেননি, আগেও বহুবার হয়েছে। এইভাবে ডেমোন্সট্রেট করা পার্লামেন্টারি প্র্যাকটিসে গুরুতর গৃহীত অপরাধ এ সম্পর্কে বহু রুলিং আছে।

(**ডাঃ জয়নাল আবেদিন** ঃ আপনি একটা দেখান।)

আমি অসংখ্য রুলিং সাইট করতে পারি। কালকেই আমি সেই রুলিংগুলি এনে হাজির করতে পারি। এইভাবে এফিজি নিয়ে হাউসের ভেতরে কোনও সদস্য বা সদস্যা কখনও ঢুকতে পারেন না। এটা শুধু কালকে হয়নি, এর আগেও দেখেছি কেরোসিন তেলের টিন নিয়ে, লণ্ঠন নিয়ে ঢুকেছিলেন। It is debarred to enter, no member can do it. এইসব কাজের বিরুদ্ধে রুলিং আছে। সেইজন্য স্যার, আমি বলছি, উনি যেটা বলেছেন সেটা ঠিক নয়, ৩৪৮ ধারা আনুযায়ী আপনার অধিকার আপনি প্রয়োগ করেছেন, তার কারণ, প্রয়োগ করা ছাড়া কোনও উপায় ছিল না।

**শ্রী অনিল মুখার্জি** ঃ উনি যে পয়েন্টটা তুলেছেন সে সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, অমলবাবু বলেছেন, আমি স্যার, আর একটি পয়েন্ট বলছি। স্যার, আপনার ৩৬৪-এ রেসিডুয়ারি পাওয়ার আছে, এটা ট্রিমেন্ডাস পাওয়ার। স্যার, বিশেষ করে ইন্দিরা কংগ্রেসের লোকেরা এখানে যে জঙ্গলের রাজত্ব তৈরি করার চেষ্টা করছেন, ষড়যন্ত্র করছেন আপনি যে তার বিরুদ্ধে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন সেজন্য স্যার, আপনাকে আমরা আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। স্যার, আপনার পাওয়ার এক্সেসাইজ করে আইন সঙ্গত ভাবে কাজ করে আপনি যেভাবে হাউসকে পরিচালিত করেছেন, নিয়ন্ত্রণ করেছেন তারজন্য স্যার, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, যারা পার্লামেন্টারি ডেমোক্রাসি নর্মস ভায়োলেট করতে চায়, যারা গণতন্ত্রকে পদদলিত করতে চায় এগুলি হচ্ছে তার ধারক এবং বাহক। স্যার, গণতন্ত্রকে রক্ষা করার যে প্রয়াস আপনি দেখিয়েছেন তারজন্য আপনাকে আবার ধন্যবাদ দিচ্ছি।

**শ্রী কাশীকান্ত মৈত্র** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যখন আপনি মাননীয় সদস্যা শ্রীমতী সুব্বা সম্বন্ধে আপনার সিদ্ধান্ত ঘোষণা করলেন তখন জানেন সে সম্বন্ধে আমরা কোনও বিতর্কে যাইনি। আপনার কাছে আমরা গিয়েছিলাম এই কথা বলতে যে এই হাউসের মর্যাদা সর্বোতভাবে রক্ষা করার জন্য যা করণীয় আপনি করুন, আমরা আছি আপনার সঙ্গে। সেই কারণে আমি আপনাকে অনুরোধ করেছিলাম যে আপনি ৫/১০ মিনিটের জন্য হাউসটা অ্যাডজর্ন করে আপনার ঘরে বসুন এবং সেখানে একটা মিটিং করুন এবং সমগ্র হাউসের কনসেন্সাসটা সেই মিটিং থেকে এসে আপনি ঘোষণা করুন। এটা করলে সর্বাঙ্গ সুন্দর হত এবং এই হাউসের মর্যাদা তাতে আরও বৃদ্ধি পেত। মাননীয় অশোকবাবু বক্তৃতা আরম্ভ করার আগে এই কথাটাই আমি বলতে গিয়েছিলাম কিন্তু স্যার, আপনি যেন আমার উপর অসন্তুষ্ট হয়ে, রেগে গিয়ে কতকগুলি মন্তব্য করলেন। আপনি বললেন, আপনারা এগুলি কনডেম করলেন না কেন? আপনি তো আমাদের বলার সুযোগই দেননি। আমি তখন আপনাকে বললাম, আমাদের আপনি বলার অপারচুনিটি দিন, আমরা বলি এবং তারপর আপনি সিদ্ধান্ত নিন। আমি আপনাকে একথা বলিনি যে আপনি এই অর্ডারটা দেবেন না। আমি স্যার, অত্যন্ত বিনয়ের সঙ্গে একথাটা বলতে পারি যে আমাদের সঙ্গে এ পক্ষ ও

পক্ষের রাজনৈতিক মতভেদ যতই থাক আজ এই ৩।। বছরের উপর যে সব অধিবেশন হয়ে গেল সেই সব অধিবেশনে এমন একটাও ঘটনা ঘটেনি যেখানে আমাদের দলের সদস্যরা এমন কোনও আচরণ করেছেন যার দ্বারা আপনার মর্যাদা বা হাউসের মর্যাদা বিন্দুমাত্র ক্ষুন্ন হয়েছে। কালকে যখন ঘটনাটা ঘটে তখন ওদিক থেকে বিনয়বাবু এবং আরও অনেক মাননীয় সদস্য এসেছিলেন, আমিও ছিলাম এবং সেখানে এই হাউসের মর্যাদা কিভাবে রক্ষা করা যায়, কি ভাবে স্পিকারের হাতকে আরও জোরদার করা যায় এবং সভায় শান্তি ফিরিয়ে আনা যায় সেই কথাই বলছিলাম এবং সেইজন্যই গিয়েছিলাম। কিন্তু স্যার, আপনি একজন প্রবীণ সদস্য, আপনি আমার থেকে বয়ঃজেষ্ঠ, আপনি আমার উপর রেগে গিয়ে যেভাবে বললেন তাতে আমি খুব দুঃখ পেলাম।

[5-35 – 5-45 p.m.]

এই রকম ভুল বোঝাবুঝি আপনার সঙ্গে আমার হবার কথা নয়। আমি সদস্য হিসাবে কোনও স্পেশ্যাল প্রিভিলেজ চাইছি না। আমি শুধু এই কথা বলতে চাইছি যে আপনি এমন একটা পদ্ধতি নিন, যেটা নিলে আপনার মর্যাদাও বাড়ে, হাউসের মর্যাদা বাড়বে, আমাদের মর্যাদাও বাড়বে এবং দর্শক মন্ডলী যারা আছেন, তারাও ভাববে যে আমরা একটা আইন অনুযায়ী করছি। আপনি জানেন যে এর আগেও অনেক ঘটনা ঘটেছে। এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী নিজে আছেন। এখানে জুতো ছোঁড়া হয়েছে। আমরা কোনও দিন জুতো ছুঁড়িনি। এখানে মাইক খুলে নিয়ে মারতে যাওয়া হয়েছে। এখানে মাননীয় অর্থমন্ত্রী, শৈলকুমার মুখার্জি যখন বাজেট বক্তৃতা করেছেন, তার সামনে বাজেট বক্তৃতা ছিঁড়ে ছুঁড়ে দিয়ে চলে গেছে এবং গদা পর্যন্ত কেড়ে নিয়ে যাওয়া হয়েছে। এই সব জিনিস এই হাউসে ঘটেছে। হাউসে যদি কোনও সদস্য ডিজঅর্ডালি কন্ডাক্ট করে থাকে, আপনার পাওয়ার আছে, আপনি ২০৭ ধারা অনুযায়ী ফর দি ডে যে কোনও সদস্যকে তার মিসকন্ডাক্টের জন্য, ডিসঅর্ডালি কন্ডাক্টের জন্য শাস্তি দিতে পারেন এবং সেটা হাউস মেনে নেবে। কিন্তু আপনি যদি সাবস্টেনটিভ পানিশমেন্ট কাউকে দেন —

Substantive punishment for the day, and if it is to run or if it is to extend for a period of 8 weeks then there has to be a substantive procedure; it has to be followed by a substantive motion which must be moved.

তার ভিত্তিতে এটা আপনি করতে পারেন। আমি যে কথা বলতে চাই, আমার ১৭/১৮ বছরের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতায় বলছি যে বিনা মোশনে এই রকম একটা সাসপেনশন অর্ডার হয় কিনা, এটা হয়নি আজ পর্যন্ত। যদি হয় আপনি রুলিং দেবেন, সেই রুলিং আমরা মানতে বাধ্য। এটা কোনও ব্যাপার নয়। কিন্তু এই ব্যাপারে সঙ্গে যেটা জড়িত সেটা আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে। আপনি দেখেছেন যে হাউসে এমন একটা অবস্থা হয়েছে যে

সাসপেন্ড হবার পরে মাননীয়া সদস্যা বেরিয়ে না গেলে হাউস অ্যাডজর্ন করতে হয়েছে এবং মার্শালকে দিয়ে একমাত্র তাকে বহিষ্কার করার ব্যবস্থা আছে। পার্লামেন্টেও সেই ব্যবস্থা হয়েছে এবং বিধানসভার ক্ষেত্রেও তাই হয়েছে। কিন্তু যেটা দেখা গেল যে শ্রীমতী সুব্বাকে বাইরের লোক, যারা নন-মেম্বার অফ দি হাউস, বাইরের স্টাফ — হাউসের কর্মরত কর্মচারী যারা আছেন, তারা যত সম্মানিত হোন না কেন, তারা হাউসের মধ্যে থেকে হাউসের সদস্যকে হিড়হিড় করে টেনে নিয়ে যাওয়া উচিত হয়নি। আপনারা হয়ত ভোটে পাস করে নেবেন বা সিদ্ধান্ত নেবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে যে এই রকম একটা নজির যদি হাউসে হয়ে থাকে তাহলে সেটা একটা মর্মান্তিক নজির হয়ে থাকবে এবং একটা ব্যাড প্রিসিডেন্ট হয়ে থাকবে। কারণ বাইরের লোক এসে এইভাবে আপনার অধিকারের উপর হস্তক্ষেপ করবে, এটা ঠিক নয়। আপনি স্পিকার, আপনার মার্শাল দিয়ে এটা আপনি করতে পারেন। এখানে কোনও সাবসটেনটিভ মোশন না থাকাতে, আমি মনে করছি যে ডিসিসনটা যেভাবে চাপিয়ে দেওয়া হয়েছে, সেটা হাউসের রীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ হচ্ছে না। আপনি যেভাবে আমাকে বক্তব্য বলতে দিলেন না, এটা আমার পক্ষে খুবই বেদনা দায়ক এবং দুঃখ জনক।

**মিঃ স্পিকার ঃ** আপনি তো এখনও বলছেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনি যখন রাগ করে আমাকে বসিয়ে দিলেন —

**মিঃ স্পিকার ঃ** তখন যে পরিস্থিতি ছিল এবং যা করা প্রয়োজন হয়েছে সেটা আমি করেছি। এটা ছাড়া আমার কিছু করার ক্ষমতা ছিলনা। আমি চোখ রাঙ্গাবার কথা বলিনি। আমি দুঃখের সঙ্গে বলেছি। এই ভদ্রমহিলা এর আগেও দুবার অন্যায় করেছিলেন। তখন কোনও কনডেমশন বিরোধী পক্ষের থেকে আসেনি। কাজেই যে অবস্থার সৃষ্টি হয়েছিল তাতে আমাকে এটা করতে হয়েছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনি আমাকে কনডেম করবার কোনও সুযোগ দেননি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তখন ছিলেন না এবং এখানে হাউসের মধ্যে অনেক মেম্বার ছিলেন না। আমি ছিলাম এবং সেক্রেটারি ছিলেন। আমি দেখেছি যে এখানে যে জল দেয়, যে লাইব্রেরিতে থাকে, সেই সমস্ত লোক এসেছিল। তারা আপনার হুকুমে এসেছিল কি না আমি জানিনা।

**মিঃ স্পিকার ঃ** আমার হুকুমেই গিয়েছিল।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনি তাদের মার্শালের ক্ষমতা দিয়েছেন কিনা জানিনা। কিন্তু যেভাবে তারা তাকে টেনে নিয়ে যায় সেটা শোভনীয় নয়। আপনি মহিলা পুলিশকে মার্শাল করতে পারতেন। কিন্তু জল যে দেয় তাকে দিয়ে অপমান করাবেন, এটা সহ্য করতে পারিনা। কাজেই আমরা এর প্রতিবাদ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমার মহিলা স্টাফরা করেছেন আন্ডার মাই অর্ডার। এটা ছাড়া কোনও উপায় ছিলনা।

(গোলমাল)

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য এই হাউসে সরকার পক্ষের সদস্যদের প্রতি যে ইঙ্গিত করেছেন, আমি বেদনার সঙ্গে তার প্রতিবাদ করছি এবং আমি জানাতে চাই যে যখন মাননীয় সদস্যা শ্রীমতী সুব্বা উন্মাদিনী হয়ে এখানে এসে নৃত্য করছিলেন এবং সংসদীয় রীতিনীতির বিরুদ্ধে এই সমস্ত করছিলেন তখন আমাদের সরকার পক্ষের এবং বেসরকারি পক্ষের মাননীয় সদস্যরা তাকে নিরস্ত্র করবার চেষ্টা করেছিলেন। তাঁর প্রতি কোনও অশালীন ব্যবহার করা হয়নি, কিন্তু আমি শুনে অত্যন্ত বেদনার্ত হলাম, জয়নাল আবেদিন সাহেব একজন সিনিয়র মেম্বার, এমন কি তিনি অনেক দিন মন্ত্রিত্বও করেছিলেন, তাঁর ঐরকম ইঙ্গিত করা উচিত হয়নি। আমি তাঁকে অনুরোধ করেছিলাম যে, এরকম ইঙ্গিত করবেন না। ঐ সময়ে তিনি এখানে উপস্থিত ছিলেন এবং আমিও উপস্থিত ছিলাম। মাননীয় সদস্য শ্রীমতী সুব্বা, যে আচরণ করেছিলেন তা অত্যন্ত দুঃখের, তা থেকে তাঁকে বিরত করবার জন্যই চেষ্টা করা হয়েছিল। সেইজন্য আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেবের বক্তব্য আপনার নথি থেকে বাদ দিয়ে দিন।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** স্যার, কাশীকান্ত বাবু ৩৪৭ ধারার উল্লেখ করলেন। আমি আগেই বলেছি যে, আপনি ৩৫২ অনুযায়ী যে কোনও সদস্যকে কনডেম করতে পারেন। কিন্তু এখন প্রশ্ন হচ্ছে কাউকে কনডেম করবার পর সে যদি হাউস থেকে না বেরতে চায় এবং একটা ল' অ্যান্ড অর্ডার সিচুয়েশন ডেভেলপ করে, তাহলে আপনি কি করবেন, আপনি তো হেল্পলেস। সুতরাং এরকম অবস্থায় আপনি ৩৫২ প্রয়োগ করে যে কোনও সিদ্ধান্ত নিতে পারেন এবং সেই সিদ্ধান্তকে কার্যকর করবার জন্য যে কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারেন। সরকারি স্টাফ দিয়ে, মহিলা স্টাফ দিয়ে মহিলা সদস্যকে হাউস থেকে বের করে দেবার জন্য আপনি নির্দেশ দিতে পারেন। সুতরাং ৩৫২ অনুযায়ী আপনি যা করেছেন তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ রুল ৩৪৭-এর প্রতি। আপনি এক্সটেম্পোর ডিসিসন নিলেন —

Without putting the question before the House — for the remaining period of the Session for more than two weeks beyond the day of punishment. You could put the question before the House. You must obtain the opinion of the House. This technical question was not put before the House nor the consent of the Members was obtained.

স্যার, মাই নেকস্ট পয়েন্ট, আজকে আমি যে কথাটা ব্যবহার করেছি বলে এখানে কথা

উঠছে, সেটা হচ্ছে আমি মলেসটেশন কথাটা ব্যবহার করেছি, তাতে আমার বন্ধুরা ক্ষুব্ধ হয়েছেন। আমি এই কথাটার মাধ্যমে বলতে চেয়েছিলাম বাই ব্রুটাল ফোর্স, মলেসটেশন মানে, Molestation not violating the virginity of the lady. আমি বলতে চেয়েছি ব্রুটাল ফোর্সের কথা। আপনাদের মহিলা মেম্বার ছিল, শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ছিলেন, শ্রীমতী অপরাজিতা গোপ্পী ছিলেন, তাঁরা যেতে পারতেন। কিন্তু তা না হয়ে তার বদলে আপনাদের তরফের দিলীপ মজুমদার এবং আরও যাঁরা যা করেছেন তা বাঞ্ছনীয় নয়। একজন পুরুষ সদস্য হলে তাঁরা যেতে পারতেন, অনেক সময়ে আমরাও যাই, কিন্তু এখানে একজন মহিলা সদস্যার ব্যাপার। তারপরে স্যার, একটা কথা বলা হয়েছে, তিনি নাকি প্রকৃতিস্থ ছিলেন না — আপনি জানেন এবং আমাদের আইন মন্ত্রী বিশেষভাবে বলতে পারবেন — কোনও দ্রব্য গুণে প্রভাবিত থাকলে সে কোনও অপরাধই করেনি। আমার আপত্তির কারণ হচ্ছে, পুরুষ সদস্যরা গিয়ে ঐ মহিলা সদস্যার সঙ্গে জবরদস্তি করছিলেন, তাঁর হাত থেকে ঐ সমস্ত জিনিস কেড়ে নিচ্ছিলেন, ব্রুটাল ফোর্স বাই মেল মেম্বারস, এটাই আমার আপত্তির কারণ। মহিলা সদস্যরা গেলে, আমি আপত্তি করতাম না। কিন্তু এখানে সরকার পক্ষ যেভাবে উল্লসিত হয়ে হাইলাইট করতে চাইছে এবং তাঁদের বীরোচিত কর্মকে সমর্থন করতে চাইছে.....

**অধ্যক্ষ মহোদয় ঃ** আপনি বলছেন মহিলা সদস্যরা যেতে পারতেন, এই তো ঠিক আছে, আপনি বসুন। I have given you enough time to speak. Please take your seat.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, যে অন্যায় এখানে সংগঠিত হয়েছে, যে অপরাধ সংগঠিত হয়েছে, যে অন্যায় অপরাধে আইনের শাসন পদদলিত হয়েছে তার বিরুদ্ধে প্রতিবাদ করা ছাড়া আমার কোনও উপায় নেই।

I leave the House with a mark of protest to this vast extortion and violence upon a lady Member of the House.

**(এই সময়ে ডাঃ জয়নাল আবেদিন সভাকক্ষ ত্যাগ করেন।)**

[5-45 – 5-55 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি পয়েন্ট অফ অর্ডার তুলতে চাই।

**(গোলমাল)**

**মিঃ স্পিকার ঃ** কোনও পয়েন্ট অফ অর্ডার নয়, আপনি বসুন, আপনি বসুন।

**(গোলমাল)**

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে এই বিধানসভায় যে ঘটনা ঘটল একজন মহিলা সদস্য হিসাবে আমি তার তীব্র নিন্দা করছি। কারণ, বিগত দিনে মাননীয় সদস্যা শ্রীমতী রেণুলীনা সুব্বা এই ধরনের ঘটনার সাথে জড়িত দেখতে পাওয়া যায়, তখন একজন মহিলা সদস্যা হিসাবে আমি রেণুলীনা সুব্বাকে এই সমস্ত ঘটনার সাথে জড়িত না হবার জন্য বলেছিলাম। আমি অত্যন্ত লজ্জিত একজন মহিলা সদস্যা হিসাবে, আমাদের শালীনতা থাকা উচিত, আমরা এক-একজন জনপ্রতিনিধি। আজকে এই হাউসে বহু জনসাধারণ এসেছেন। জনপ্রতিনিধি হিসাবে এই বিধানসভায় আমরা কি দায়িত্ব পালন করি তা দেখার জন্য। আজকে যে কথাটা বলবার জন্য আমাকে উঠতে হল সেটা হচ্ছে আমি যখন মহিলাদের যে সংরক্ষিত ঘর আছে সেই ঘরে গেছি তখন দেখলাম শ্রীমতী রেণুলীনা সুব্বা এবং কয়েকজন কংগ্রেস-আই সদস্য ওখানে বসে এই ধরনের গভীর ষড়যন্ত্র করছে। শুধু তাই নয়, ওখানে বসে ফটোগ্রাফারকে টেলিফোন করে বলল আপনি সময় মতো আসবেন, এই ধরনের ঘটনা ঘটবে, আপনি ছবি তুলবেন। আমি ওনাকে বললাম এই ধরনের ঘটনা করতে পারবে না। তাই অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, আজকে আপনি যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন এই সিদ্ধান্ত অভিনন্দনযোগ্য। আমি এটাকে সমর্থন করি এবং প্রতিবাদ করি একজন মহিলা সদস্যা হিসাবে তিনি যে ধরনের আচরণ করেছেন। মাননীয় সদস্য জয়নাল সাহেব যেকথা বললেন আমি তার প্রতিবাদ করি। কারণ একজন মহিলা সদস্যা এই ঘরের মধ্যে টয় রিভলবার বের করায় আমি তার গায়ে হাত দিয়েছিলাম, আমাদের এখানে যে সমস্ত সদস্যরা আছেন তাঁরা হাত দেননি, আমি শ্রীমতী সুব্বার হাত থেকে রিভলবারটি কেড়ে নিই এবং তাঁকে বোঝাবার চেষ্টা করি এবং বলি যে এটা সার্কাসের জায়গা নয়, এই ধরনের আচরণ করার তার কোনও অধিকার নেই, যদি প্রতিবাদ করার প্রয়োজন থাকে আমাদের এই সরকারের বিরুদ্ধে তাহলে আপনার বক্তব্যের মধ্যে রাখুন। তিনি এই ধরনের আচরণ করে সমস্ত মহিলা জাতিকে অপমান করেছেন, এটা করা উচিত হয়নি। সুতরাং আপনি যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তারজন্য আমি অভিনন্দন জানাই এবং এটা দৃষ্টান্ত হয়ে থাকুক। আমরা জনপ্রতিনিধি, ছেলেখেলা করবার জন্য, জঙ্গলের রাজত্ব কায়েম করবার জন্য, গণতন্ত্রকে হত্যা করবার জন্য আসিনি। সুতরাং এই দৃষ্টান্ত হয়ে থাকুক, আপনাকে এইজন্য অভিনন্দন জানাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘটনা ঘটে গেল এটা নক্কারজনক ঘটনা। কিন্তু আমি দেখছি বিরোধী পক্ষের যারা সব বক্তৃতা দিলেন তাঁরা আনুষ্ঠানিকভাবে কেউ কেউ বললেন। অবশ্য ইন্দিরা কংগ্রেসের সদস্যরা বলেননি কারণ তাঁরা এই ষড়যন্ত্র করার ব্যবস্থা যে করেছেন এ বিষয়ে আমার সন্দেহ নেই। কিন্তু ওনাদের ভিতর কেউ কেউ বললেন ঘটনাটি দুর্ভাগ্যজনক আবার কেউ কেউ উপদেশ দিয়েছেন আবার কেউ আমাদের সদস্যদের প্রতি কটাক্ষ করেছেন আসলে এরা পরোক্ষভাবে সবাই সমর্থন করেছেন — ঐ মহিলা সদস্যা যা বললেন সেটা সমর্থন করেছেন। তবে আমার মনে হয়, আইন মন্ত্রী যা

বলেছেন সেটা ঠিক। আপনার নিশ্চয়ই পাওয়ার আছে, আপনি এটা করতে পারেন — আপনি হয়ত বোঝেননি যে এইরকম দুর্ভাগ্যজনক ঘটনা ঘটতে পারে সেইজন্য আপনি মহিলা মার্শাল রাখেননি। এই মার্শাল যিনি আছেন, তিনি যদি ওখানে যেতেন একই কথা হত। যে পুরুষ মার্শাল কি করে একজন মহিলাকে বের করছে, তাহলে মহিলাকে বার করবে কি করে? এটা তো কেউ বলছেন না, তাঁদের নিজেদের একজনকেও তো বলতে দেখলাম না, উপরন্তু আপনাকে নানারকম সৎ উপদেশ দিচ্ছেন। কাজেই ওঁদের উদ্দেশ্য আমাদের কাছে খুবই পরিষ্কার। আমি একজনকেও দেখলাম না যে ওখানে গিয়ে বলছেন যে আপনি চলে যান, স্পিকারের কথা মানুন এখন, পরে দেখা যাবে কি হয়। এরকম কিছু হল না। তার মানে সবই ওঁরা গোলমাল, ষড়যন্ত্রের মধ্যে আছেন, খুশি হয়েছেন এই রকম একটা ঘটনা হল, বিধানসভার মান মর্যাদা সব গেল এটাই হচ্ছে আমার প্রধান কথা। আমার খালি মনে পড়ছে যে এইরকম যে একটা ঘটনা ঘটল এটা তো নূতন কিছু ঘটনা নয়, এর থেকেও তো অনেক খারাপ ঘটনা আমরা দেখেছি। যেটা কংগ্রেসিরা ষড়যন্ত্র করে করেছিলেন আমাদের যখন যুক্তফ্রন্ট সরকার ছিল। সেই সময় একটা নজির বিহীন ঘটনা ঘটে, সেখানে পুলিশ ঢুকে যায় এবং তখনকার সেসব ছবি আমার কাছে এখনও আছে। তাঁরা গিয়ে পুলিশের কাছে লনে দাঁড়িয়ে বক্তৃতা করে তাদের ক্ষেপিয়ে তুলেছিলেন। ওরা ঢুকেছিল, মাননীয় সদস্যরা মার খেলেন, তখন সিদ্ধার্থশংকর রায় অপোজিশন লিডার ছিলেন। ওরা সব ভেঙ্গে চুরমার করতে করতে স্পিকারের ঘরে, তারপর এদিক ওদিক করে আমার ঘরে গিয়েছিল। আমি নিজে তাদের ধরে বলেছিলাম যে কি নাম বলুন, পুলিশে কাজ করেন, এবং আমি তাঁদের নাম লিখে নিয়েছিলাম। তারপর তাদের ধরে নিয়ে এসে দেখিয়ে ছিলাম যে দেখুন, কি করেছেন আপনারা। তারপর সিদ্ধার্থশংকর রায় অপোজিশন লিডারের সঙ্গে আলোচনা করেছিলাম যে কি করা উচিত তুমিই বল। আমরা একমত হয়ে ওদের চাকরি থেকে বহিষ্কার করব? তারপর আমি অবাক হয়ে গিয়েছিলাম যে — অবশ্য অবাক হবার কিছু নেই — আমাদের যুক্তফ্রন্ট সরকারের পতনের পর সেই লোকগুলিকে আবার চাকরিতে ফিরিয়ে আনা হয়েছে। আমাদের বুঝতে তো কোনও অসুবিধা হয়নি যে কারা বা কোন সংগঠন এটা করাল, ইন্দিরা কংগ্রেসের — তখন অবশ্য একটা কংগ্রেস ছিল এটা সবাই জানে। পরবর্তীকালে আরও ভাল করে জেনেছি, এদিকে নতুন কোনও ঘটনা পরিস্ফুট নয়। ওঁরা ভেতরে বাইরে একটা অরাজকতা সৃষ্টি করতে চাইছেন, যতই মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন ততই মরিয়া হয়ে উঠছেন। তবু আমরা আপনাকে বলছি যে আইন কানুন যা আছে একটু দেখবেন। আমাদের মাননীয় সদস্যরা বলছেন ক্ষমতা থাকা সত্ত্বেও যদি কোনও রকম কিছু সন্দেহ থাকে তা আমাদের সদস্যদের দিয়ে অনুমোদন করিয়ে নেবেন। আমরা জানিনা কতদিন হাউস হবে, ২ মাস হতে পারে, এক মাস হতে পারে কিন্তু যে ম্যাকসিমাম পিরিয়ড এটা করা যায় সেটা করে দেখে আমাদের অনুমোদন যদি আপনি নিয়ে নেন তাহলে ঠিক হবে। আমার মনে হয় এটা করে নেওয়া ভাল। এটা শুধু একা আপনার উপর দিয়েই যাবে কেন, আমরা আপনার সঙ্গে জড়িত হতে চাই। এটা অনেক আগেই করে নেওয়া উচিত ছিল। এটা

নতুন কোনও কথা নয়, এই সদস্যা — সি ইজ আনফিট টু বি এ মেম্বার অফ দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি — একথা আমি বলতে বাধ্য, কারণ কোনও সভ্যতা নেই, কিছু নেই, ব্যবহার কি করে করতে হয় জানেন না। আজ তিনি এভাবে এমন একটা কাজ করলেন, তিনি সমর্থন পাচ্ছেন আবার আমি দেখলাম ওঁকে বাইরে নিয়ে গিয়ে ছবি তোলা হচ্ছে, এই সব খেলার ব্যাপার হচ্ছে কাগজে দেখবেন। সেজন্য আমি বলছি যে আপনি সঠিক সিদ্ধান্ত নিয়েছেন, এই করে আপনি আমাদের মান, সম্মান বাঁচিয়েছেন। আমাদের সহ্যেরও একটা সীমা আছে, এত অপমানে অপমানিত করা হচ্ছে এই বিধানসভাকে তারও একটা সীমা আছে। সেজন্য আমি আপনার কাছে আবেদন করতে চাই, সবাই শুনলেন, এখন আপনার যা করণীয় আপনি তা করবেন। তারপর আমাদের অন্য আলোচনা চলবে।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, আমি যে সিদ্ধান্ত এখানে ঘোষণা করেছি তা অতি দুঃখ এবং বেদনার সঙ্গে আমাকে বলতে হয়েছে। আপনারা জানেন যে যেদিন আমি প্রথম এই আসনে বসেছিলাম সেদিন একটা কথা বলেছিলাম এবং আমার মনে একটা অনুরাগ ছিল যে যেদিন ইতিহাসের গতিতে আমাকে এখান থেকে বিদায় নিতে হবে সেদিন যেন আমি সুনাম রক্ষা করে যেতে পারি এবং সেই উদ্দেশ্য নিয়ে আমি বার বার চেষ্টা করেছি নানান ভাবে এই হাউসের প্রেস্টিজ — বাইরে এবং ভিতরে বজায় রাখার জন্য। কিন্তু অত্যন্ত বেদনার সঙ্গে দেখছি কিছু সদস্য — তাঁরা বার বার চেষ্টা করছেন যাতে সেই সম্মানটা না থাকে।

[5-55 – 6-05 p.m.]

কিন্তু আমি বাধ্য হয়েছি এরকম একটা অবস্থার মধ্যে যেতে এবং আজকে যে সিদ্ধান্ত আমি ঘোষণা করেছি স্বভাবতই সেই সিদ্ধান্ত হঠাৎ নয়। কারণ বারবার ওই ভদ্রমহিলাকে প্রযুক্ত করা হয়েছে বলে আমার মনে হয়। সেই কারণে আমাকে এই সিদ্ধান্ত নিতে হয়েছে। এই সিদ্ধান্ত সম্পর্কে আমি প্রথমে মনে করেছিলাম এই হাউস ৮ সপ্তাহ মতো চলবে। কিন্তু এখন দেখছি তা নাও হতে পারে সেইজন্য এইট উইকসের জায়াগায় আমি বলছি অ্যান্ড অফ দি সেশান।

**Shri Hashim Abdul Halim :** It should be for the remaining period of the Session.

**Mr. Speaker :** Yes, it will be for the remaining period of the Session.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** না।

**(গোলমাল)**

**(এই সময়ে এস.ইউ.সি.-র মাননীয় সদস্যরা কক্ষ ছাড়িয়া চলিয়া যান।)**

**মিঃ স্পিকার ঃ** জয়নাল সাহেব যে মলেসস্টেশান শব্দটি ব্যবহার করেছেন সেটা গৃহিত শব্দ, আনপার্লামেন্টারি কিনা জানিনা আনপার্লামেন্টারি নাও হতে পারে। কিন্তু আমাদের লেখা থেকে ওই শব্দটা এক্সপাঞ্জ হবে। এবং বাইরে যদি শব্দটা প্রকাশিত হয় তাহলে একমাত্র এটা প্রিভিলেজে দিতে হবে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** স্যার, কিছুক্ষণ আগে এই সভায় যে ঘটনা ঘটল সেই ঘটনা থেকে ইন্দিরা কংগ্রেসের চরিত্র এবং আইন-শৃঙ্খলার প্রশ্ন এর সঙ্গে জড়িত আছে। ইন্দিরা কংগ্রেসের লোকেরা এবং জনতার সদস্যরা এখানে পুলিশ বাজেটের ওপর বক্তৃতা করতে গিয়ে কতকগুলি কথা উল্লেখ করেছেন। জনতা সদস্য বলেছেন এখানে কতকগুলি খুন হয়েছে, ডাকাতি হয়েছে এবং পুলিশ এইসব কাজে আস্কারা দিয়েছেন। এইসব বলে তারা সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন কারণ এইসব ভাষণ অসত্য তথ্যে পরিপূর্ণ। এস.ইউ.সি.-র সদস্য বলেছেন গত বছরের বাজেটে যেখানে ৬৮ কোটি টাকা চেয়েছিলেন এবছর বেড়ে সেটা ৭৪ কোটি টাকা হল। তারা কংগ্রেস আমলের সময় বাজেটের উল্লেখ করে বলেছেন যে ওই ৪৭ কোটি টাকার বাজেট ছিল। কিন্তু অশ্বথামা হত ইতি গজের মত তিনি বলেননি যে ১৯৭৩-৭৪ সালে কংগ্রেসের বাজেটে কত ছিল। ১৯৭৩-৭৪ সালে ছিল ৩৮ কোটি টাকা, ১৯৭৪-৭৫ সালে ছিল ৪৬ কোটি ৬০ লক্ষ কয়েক হাজার টাকা। অর্থাৎ ১৯৭৩-৭৪ এবং ১৯৭৪-৭৫ সালে এই এক বছরের মধ্যে ৮ কোটি টাকার অঙ্ক বাড়ল। আমাদের মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলে ছিলেন তখন তিনি এর বিরোধীতা করেছিলেন। তখন জিনিসপত্রের দাম এবং মাইনে বাড়া ডাক্তার রায়ের আমলে হত না। কিন্তু এখন প্রাইস ইন্ডেক্স এবং জনসংখ্যা যেভাবে বাড়ছে তার কথা তিনি বলেননি। একটা পরিকল্পনার জন্য যে টাকা বরাদ্দ করা হয় এক মাস পরে সেই বরাদ্দ আবার বেড়ে যায় এর কারণ মূল্য বৃদ্ধি। ইন্দিরা গান্ধীর আমলে দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের ডি.এ. বাড়ছে এবং এখানকার সরকারি কর্মচারিদের সেই হারে ডি.এ. বাড়ানো হচ্ছে। সুতরাং পুলিশের যারা কর্মচারী তাদের যদি কেন্দ্রীয় হারে ডি.এ. দেওয়া হয় তাহলে বাজেট বরাদ্দ করা ছাড়া গত্যন্তর নেই। ইন্দিরা কংগ্রেস পশ্চিমবাংলায় খুন, জখমের কথা বলেছেন কিন্তু তারা পুরো ছবি দেননি। একজন রোগী সে যখন রোগাক্রান্ত হয় এবং তার রোগ সেরে যাবার পর তার যদি ওজন নেওয়া যায় তাহলে বোঝা যাবে তার উন্নতি হচ্ছে কিনা। কংগ্রেস আমলে আইন-শৃঙ্খলার কি পরিণতি ছিল সেই কথাই বলতে চাই। ১৯৭৪ সালে কংগ্রে- আমলে যে খুনের তালিকা এখানে পেশ করা হয়েছিল তার একটা উদাহরণ আপনাদের সামনে পেশ করছি।

[6-05 – 6-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাজার পত্রিকায় আমরা সেদিন কি দেখেছিলাম? আনন্দবাজার পত্রিকায় ৬ই জুলাই ১৯৭৩ তারিখে ছিল — ছয় মাসে ৩৯৪ জন খুন।

আপনি এটা লক্ষ্য করুন ইন্দিরা কংগ্রেসের আমলে ৬ মাসে ৩৯৪ জন খুন হয়েছিল। ১৯৭৩/৭৪ সালে যে সমস্ত সমাজ বিরোধী কাজ হয়েছিল তার একটা সংখ্যা পরিসংখ্যান আমি আপনার মাধ্যমে জানাতে চাই। ৮ই জুলাই আনন্দবাজার পত্রিকার শিরোনামায় হিন্দ মোটর স্টেশনের সামনে সংঘর্ষে পুলিশের গুলিতে নিহত ৫। ১১ই জুলাই ট্যাক্সি চালক খুন, ১৪ই জুলাই কাঁচড়াপাড়ায় ছুরিকাহত হয়ে কংগ্রেস কর্মীর মৃত্যু, ২৯শে জুলাই যুবক গুলিবিদ্ধ, ২১শে জুলাই লোকোকর্মী ধর্মঘট বে-আইনি ঘোষিত, ২ জন ছুরিকাহত ২২শে জুলাই শিরোনামায় ডাকাতি বেড়ে গেছে। ২৫শে জুলাই মহিলা ছুরিকাহত। ২৩শে জুলাই কংগ্রেস মিছিলে যুবক ছুরিকাহত। ৮ই আগস্ট ব্যাপক চুরি, ৯ই আগস্ট জ্যাংড়া গ্রামে ডাকাতিতে ৬০০ টাকা লুঠ বাড়ির মালিক আহত। ১৪ই আগস্ট পরিবহন বিভাগের দুই ইউনিয়ন সংঘর্ষে চার জন আহত। ১৭ আগস্ট হাবড়ায় জোড়া খুন, বাবা ও মেয়ে। ১৯শে আগস্ট দুর্গাপুর আই.এন.টি.ইউ.সি. কর্মী ছুরিকাহত, ২০শে আগস্ট ৫ জন কংগ্রেস কর্মী আহত, ২০শে আগস্ট কোল্ড ফিল্ড এক্সপ্রেসে ডাকাতি, ২৬শে আগস্ট ট্রেন ডাকাতি, একজন ডাকাতের মৃত্যু। ২৯শে ট্রেনে শিক্ষক খুন, ৭ই সেপ্টেম্বর পশ্চিম দিনাজপুর এলাকায় এক বাড়িতে ৩ জন খুন। ৯ই সেপ্টেম্বর বারুইপুরে ডাকাতি, ১০ই সেপ্টেম্বর আমডাঙ্গা থানায় ডাকাতি, ১৫ই সেপ্টেম্বর হাবড়ায় খুন, ১৫ই সেপ্টেম্বর হাওড়ার স্টেশনে গলিত মৃতদেহ। ১৬ই সেপ্টেম্বর নোয়াপাড়ায় সুরকি কলের একজন কর্মী আততায়ীর হাতে ছুরিকাঘাতে নিহত। ২১ সেপ্টেম্বর ৩ জন খুন, এই দিন ট্রেন ডাকাতি ৩২ হাজার টাকা লুঠ। ২৯শে সেপ্টেম্বর খুন, ডাকাতি, ছিনতাই। ৩০শে সেপ্টেম্বর আনন্দবাজার পত্রিকায় আছে পাইপগান দেখিয়ে হাজার টাকা লুঠ। দিনের পর দিন এই অবস্থা চলে আসছিল। সেই সময় এমন অবস্থা ছিল যে ১৯৭২/৭৩ সালে কংগ্রেস, কংগ্রেসিদের খুন করত। কংগ্রেসি এম.এল.এ.-দের নিজেদের নিরাপত্তার জন্য সিকিউরিটি নিয়ে যেতে হয়েছিল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, সেদিনের মাননীয় সদস্য এবং বর্তমানেও সদস্য আছেন, সত্য বাপুলি মহাশয় সেদিনকার মুখ্যমন্ত্রীকে এই হাউসে বলেছিলেন যে, আমাদের পুলিশ অকর্মণ্য, আমাদের নিরাপত্তা বিঘ্নিত। সুতরাং আমরা দেখতে পাচ্ছি সেদিনে কংগ্রেসের এম.এল.এ.-দের কোনও নিরাপত্তা ছিল না। শুধু তাই নয়, কংগ্রেসিদের আমলে স্টেনগান নিয়ে ছিনতাইয়ের অভিযোগ সেদিনে এই বিধানসভায় করা হয়েছিল, এবং বলা হয়েছিল যে, পুলিশ ঐ সমস্ত স্টেনগান এবং যুবকদের পুলিশ জানা সত্ত্বেও কোনও ব্যবস্থা নিচ্ছে না। তিনটি স্টেনগান ছিনতাই হয়েছিল, এবং পুলিশ সেগুলি উদ্ধারের জন্য কোনও অ্যাকশন নেয়নি — এই কথা তখন বিধানসভাতে বলা হয়েছিল — এটি একজন মাননীয় সদস্য সেদিন উল্লেখ করেছিলেন। কংগ্রেসের আর একজন সদস্য মাননীয় প্রদ্যোৎকুমার মহান্তি ১৯৭৪ সালের ২৩শে মার্চ তখনকার মুখ্যমন্ত্রীকে বলেছিলেন যে, আপনি পুলিশের উপর নির্ভর করছেন অথচ তারা শান্তি শৃঙ্খলা রক্ষা করতে পারছে না বা তা রক্ষা করবার জন্য কোনও ব্যবস্থা নিচ্ছে না — এ ব্যাপারে ঐ ১৯৭৪ সালেই একজন মাননীয় সদস্য

উল্লেখ করেছিলেন। তদানিন্তন যিনি মুখ্যমন্ত্রী ছিলেন — সেই সিদ্ধার্থশংকর রায়, তিনি শুধুমাত্র মুখ্যমন্ত্রী ছিলেন না, তিনি স্বরাষ্ট্র দপ্তর এবং পুলিশ বিভাগের মন্ত্রীও ছিলেন — তাঁকে বলেছিলেন যে, আইন-শৃঙ্খলা যাতে ফিরে আসে সেদিকে আপনি দৃষ্টি রাখুন। আমরা সে সময়ে দেখেছি বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে ভাইস চ্যান্সেলার-এর প্রতি বিক্ষোভ হয়েছে ঐ কংগ্রেসিদের দ্বারাই। বর্ধমান বিশ্ববিদ্যালয়েও আমরা এ জিনিস প্রত্যক্ষ করেছিলাম। আমরা আরও দেখেছি, তখন এম.এল.এ.-রা দুজন করে সিকিউরিটি গার্ড নিয়ে চলাফেরা করতেন। বিলে সহি করবার সময়ে তখন দুজন করে সিকিউরিটি গার্ড নিয়ে আসতেন — এম.এল.এ.-দেরও নিরাপত্তা ছিল না। আর এখন ঐ ইন্দিরা কংগ্রেসের লোকেরা সে সমস্ত ঘটনার কথা ভুলে যেতে চাইছেন। আমরা তখন দেখেছি পাঁচ বছরে নিজেদের মধ্যে সংঘর্ষ, উপদলীয় সংঘর্ষ এবং যে ভাবে খুন জখম তখন সমাজ বিরোধীরা করেছে, তাতে তখন সমগ্র পশ্চিমবাংলাতে একটা অরাজক অবস্থার সৃষ্টি হয়েছিল। তারপরে ১৯৭৭ সালে আমরা ক্ষমতায় আসার পরে পুলিশের মধ্যে একটা শৃঙ্খলা ফিরে এসেছে। সুব্রতবাবু তাঁদের সময়ে এক জায়গায় বক্তৃতায় বলেছিলেন গত এক বছরে কি ভাবে খুন হয়েছিল। লক্ষ্মীবাবু সেই সময়ে হাউসে বলেছিলেন যে, রেকর্ড লিখে রাখুন, রেকর্ড চেঞ্জ হতে পারে। আমি এফ.আই.আর. থেকে পড়ছি —

Bail Moved. Seen the injury report of the injured person. The accused is not named either in the F.I.R. or in the injury report.

সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে বলেছেন যে, ম্যাজিস্ট্রেট বিচার করতে পারছেন না, ম্যাজিস্ট্রেটের আইন অনুযায়ী চলতে পরছিলেন না, রেকর্ড চেঞ্জ হয়ে যেত — এই অবস্থা তখন ওঁরা সৃষ্টি করেছিলেন, এই জঙ্গলের রাজত্ব তাঁরা সৃষ্টি করেছিলেন, আসলে ওঁরা এই ভাবে থাকতে ভালবাসেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা আছে — মোছানী আর মোলানী, সেই গন্ধের মধ্যে ওই ইন্দিরা কংগ্রেসিদের দেখে নিন। ওঁরা খুন জখম ছাড়া কখনও চলতে পারে না।

[6-15 – 6-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজও কিন্তু সেই অভ্যাস যায়নি। আমরা দেখছি ইন্দিরা কংগ্রেসের নিজেদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলার প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা কাগজ পিপল ডেমোক্রাসিতে বেরিয়েছে —

Shortly before Mrs. Ghandi reached the venue of the party workers meeting at Kala Kendra in South Calcutta, two Congress workers fought within the hall over the issue of who should be allowed or not allowed to sit on the dais. Several persons had their shirts torn and suffered bruises. এই হচ্ছে পিপল ডেমোক্রাসি ডেটেড ১৮ই জানুয়ারি। তারপর টাইমস

অফ ইন্ডিয়া সেপ্টেম্বর ২৮, তাতে লিখেছে Three persons were injured in free-for-all between rival factions of the Tamilnadu Congress(I) workers at a meeting addressed by the A.I.C.C. General Secretary, Mr. Satya Narayan Rao here (Madres) to-day. Chairs were smashed and missiles thrown as pandemonium prevailed for about 45 minutes at Kalyanamandap, where meeting was held. Police intervened and restored order.

স্যার, আরও বিভিন্ন জায়গায় আমরা দেখেছি যে কংগ্রেস(আই) এর মধ্যে অন্তর্দ্বন্দ্ব চলছে। আজকে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার আরও উন্নতি হত যদি কংগ্রেসের মধ্যে কোনও শৃঙ্খলা থাকত। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে পুলিশের যে ট্রেনিং-এর ব্যবস্থা আছে সেখানে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে প্র্যাক্টিক্যাল অ্যান্ড থিওরিটিক্যাল ট্রেনিং দুটো পাশ করার পর পাসিং আউট প্যারেড করার পর তাকে যেন যোগ্য বলে ঘোষণা করা হয়। সমস্ত বিভাগে তাকে প্র্যাক্টিক্যাল অ্যান্ড থিওরিটিক্যাল দুটো পাশ করলে পর তাকে যেন যোগ্য বলে ঘোষণা করা হয়। আর একটা কথা হচ্ছে যে রিপোর্ট বেরিয়েছে প্রোমোশনের, পে কমিশনের যে রিপোর্ট পুলিশের ক্ষেত্রে সেই রিপোর্ট অনুযায়ী সেই প্রোমোশন বা অন্যান্য বিষয় যেন কন্সিডার করা হয়, সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন দেখেন। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যারা বেরিয়ে চলে গেছেন পার্লামেন্টারি ডেমোক্রাসির প্রতি চরম সম্মান দেখিয়ে। যে ঘটনাকে ভিত্তি করে তাঁরা চলে গেলেন তাতে তাঁরা পশ্চিমবাংলায় কি করতে চান সেটা আমাদের কাছে পরিষ্কার। কংগ্রেস(আই)-কে আমরা জানি যে তাঁরা বিশৃঙ্খলা করতে চান, তাঁরা এটা চক্রান্ত করে ঘটিয়েছেন, কিন্তু অন্য যাঁরা বিরোধী পক্ষের সদস্য তাঁরা তাঁদের সঙ্গে এক সুরে সুর মিলিয়ে এইভাবে বেরিয়ে যাবেন এটা ভাবতে পারিনি। সুতরাং আজকে আমাদের অ্যাসেম্বলিতে এই শিক্ষা হল কি বামদিকের বিরোধী পক্ষ কি দক্ষিণ দিকের বিরোধী পক্ষ তাঁদের নিজেদের মধ্যে যতই তফাৎ থাকুক পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা আসুক, ডেমোক্রাসি পশ্চিমবাংলায় নষ্ট হোক এই ব্যাপারে বিরোধী পক্ষের সদস্যদের মধ্যে মত পার্থক্য নেই। যে ঘটনা ঘটেছে তারপরে বক্তৃতা করার আর উৎসাহ নেই। আমি দু একটা কথা মুখ্যমন্ত্রীকে বলব এবং আমাদের যিনি এই দপ্তরের মন্ত্রী তাঁর কাছে রাখব। ব্যয় বৃদ্ধির যে প্রশ্ন উঠেছে তার মধ্যে আমি যাব না, দপ্তর থাকলে খরচ বাড়ে, খরচ কমে। একটা দপ্তরকে বিচার করব কি দিয়ে — যিনি মন্ত্রী আছেন তিনি কি উদ্দেশ্যে সেই দপ্তরকে কাজে লাগাতে চান তাই দিয়ে। এবং তিনি যে উদ্দেশ্য বর্ণনা করেছেন সেটা হচ্ছে গণ আন্দোলন এবং জনগণ তাদের নিজেদের দাবি আদায়ের জন্য যখন সংগ্রাম করবে বা লাড়াই করবে তখন পুলিশ তাদের বিরুদ্ধে যাবে না। এবং এটাই হচ্ছে মূল কথা। এখানে প্রশ্ন উঠতে পারে, পুলিশ দপ্তর কি এই সমস্ত জিনিস

শিখে নিয়েছে, তারা কি সেইভাবে চলছে? না, চলছে না। পুলিশ দপ্তরের ভেতরে অন্যায় রয়েছে এবং তারা এই উদ্দেশ্য যে ব্যর্থ করতে চাচ্ছে সেটা আমরা জানি। পুলিশ দপ্তরের কাজকর্মের কি উদ্দেশ্য সেটা বলা হয়েছে এবং আর একটা উদ্দেশ্যর কথা বলা হয়েছে এবং সেটা হচ্ছে আইন শৃঙ্খলা বজায় রাখা। তবে এই আইন শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারটা পুলিশের পক্ষে সম্ভব নয় যদি না জনসাধারণ এই ব্যাপারে অগ্রণী হন। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে সফল হয়েছেন। আমরা দেখেছি আইন শৃঙ্খলা ভঙ্গ করবার ব্যাপারে কংগ্রেস(আই)-এর তরফ থেকে প্রচেষ্টা হয়েছে, কিন্তু জনসাধারণ তা ব্যর্থ করেছে। সুব্রতবাবুরা এখানে 'মক্কার চুল' নিয়ে সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধাবার চেষ্টা করেছিলেন, কিন্তু তাঁরা ব্যর্থ হয়েছে। আসামের ঘটনা নিয়ে সুব্রতবাবুরা প্রাদেশিকতা, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন সৃষ্টি করতে চেয়েছেন। কিন্তু সুখের কথা, অন্যান্য রাজ্যে এই ঘটনা ঘটেছে কিন্তু পশ্চিমবাংলায় ওই প্রাদেশিকতার কোনও ঘটনা ঘটেনি। গুজরাটে রিজার্ভেশনের ব্যাপার নিয়ে কাস্ট ওয়ার হয়েছে শিডিউল্ড কাস্ট এবং হায়ার কাস্ট-এর মধ্যে। এ ব্যাপারে আমরা গর্ব করে বলতে পারি পশ্চিমবাংলায় আমরা ওই ধরনের সাম্প্রদায়িক দাঙ্গা হতে দেইনি, প্রাদেশিকতার স্থানও এখানে নেই। ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে এই ঘটনা ঘটেছে, কিন্তু পশ্চিমবাংলা এ ব্যাপারে সফল হয়েছে এবং ওই কাস্ট ওয়ার আমরা এখানে হতে দিইনি। এটা কোথা থেকে আসছে? এই সরকারের দৃষ্টিভঙ্গি থেকে এটা আসছে। একটা প্রশ্ন উঠতে পারে, পুলিশ দপ্তর কি ভাল হয়েছে, পুলিশ কি এরকম হয়ে গেছে যে তারা সরকারের নীতি পালন করছে? না, করছে না।। ১৯৮০ সালের আগে পর্যন্ত তাদের কিছু ভয়, ডর ছিল। কিন্তু ১৯৮০ সালের পর বামফ্রন্ট যখন ক্ষমতায় এল তখন দেখলাম বরকত সাহেব থেকে শুরু করে অনেকেই বলছেন, এই গভর্নমেন্ট আর কদিন আছে, এই সরকার কাল যাবে, পরশু যাবে ইত্যাদি, ইত্যাদি। কেন্দ্রীয় নেতৃবৃন্দ এবং কংগ্রেস(আই)-এর নেতারা সব সময়ই একটা কথা বলে আসছেন, এই সরকারের জীবন আর কতদিন, এই সরকার আর টিকছে না, এই সরকার কালকেই ভেঙ্গে যাবে। এরকম অবস্থা যদি হয় তাহলে প্রশাসনের মধ্যে আইন শৃঙ্খলা বজায় রাখা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। আমরা জানি পুলিশ চিরকাল ধরে শিক্ষিত হয়েছে গরিবের উপর জুলুম করতে, শোষকের পক্ষ অবলম্বন করতে। এবং শোষিতের বিরুদ্ধে যেতে। কিন্তু তাদের সেই মানসিকতার পরিবর্তন করার ব্যাপারে এই সমস্ত চক্রান্ত অসুবিধা ঘটাচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের ১৫ নম্বরে বলেছেন দেশের রাজনৈতিক আকাশে ঘন করাল মেঘে ছায়া ঘনিয়ে আসছে। তিনি আরও বলেছেন যে চক্রান্ত চলছে তার বিরুদ্ধে আমাদের একত্র হয়ে দাঁড়াতে হবে। কিন্তু পুলিশ একা এটা করতে পারবে না। তবে একটা জিনিস দেখছি পুলিশের একাংশ কিন্তু কোথাও কোথাও এর সঙ্গে জড়িত হয়ে যাচ্ছে। স্যার, মুখ্যমন্ত্রীর কাছে আমি কয়েকটি ঘটনা উল্লেখ করলাম এবং কংগ্রেস আই-এর একটা চক্রান্ত আজকে বিধানসভায় দেখলাম। কিন্তু গ্রামে তাঁরা নতুন একটা চক্রান্ত সৃষ্টি করেছে। আমরা দেখছি গ্রামে আজকাল ডাকাতির নামে রাজনৈতিক হত্যা হচ্ছে। এই ব্যাপারে আমি বাসন্তী থানার পঞ্চায়েত সমিতির সভাপতি সম্পর্কে উল্লেখ করেছিলাম। এখন গ্রামে দেখছি ডাকাতির

নাম করে ডাকাতদের অর্গানাইজ করা হচ্ছে, তাদের টাকা দেওয়া হচ্ছে, এবং তাদের মাধ্যমে রাজনৈতিক নেতাদের বাড়িতে হামলা করা হচ্ছে এবং তাদের হত্যা পর্যন্ত করা হচ্ছে।

[6-25 – 6-35 p.m.]

ঠিক সেই ধরণের ঘটনা ময়নাদীঘিতে হয়েছে। গত ডিসেম্বর মাসে আমরা দেখেছি ইন্দিরা কংগ্রেস কেন্দ্রে ক্ষমতায় আসার পর আবার তারা একটা নূতন কায়দা গ্রহণ করেছেন। কায়দাটা কি? যারা ডাকাত অসামাজিক লোক গুন্ডা তাদের সংগঠিত করে টাকা দিয়ে যে সমস্ত রাজনৈতিক নেতা যারা গরিবদের দাবি নিয়ে লড়াই করছে তাদের ডাকাতির নামে হত্যা করা হচ্ছে যাতে রাজনৈতিক হত্যা বলে অভিহিত না করা যায়। এই ধরনের ঘটনা আজকে ঘটছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে যাদের উপর বিভিন্ন এলাকার দায়িত্ব দেওয়া আছে এই সব রিপোর্ট দেবার দায়িত্ব যাদের উপর আছে তারা ঠিক মতো রিপোর্ট দিচ্ছে না, এই সমস্ত রিপোর্টগুলি তিনি যেন বিচার বিবেচনা করে দেখেন। ডাকাতির নামে রাজনৈতিক হত্যা হচ্ছে, এই ব্যাপারে বিশেষভাবে লক্ষ্য করার দরকার আছে। এটা একটা নূতন ধরনের চক্রান্ত। এই চক্রান্তের দিকে আমরা যদি লক্ষ্য না রাখি তাহলে আমরা ভুল করব। মামলা মকর্দমার ক্ষেত্রে আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে সরকারের শত চেষ্টা সত্ত্বেও কৃষকদের বিরুদ্ধে নানা রকম প্ররোচনায় হাজার হাজার মামলা হয়েছে এবং হাজার হাজার লোক সেখানে গ্রেপ্তার হয়েছে। আমি বিশেষ করে দু তিনটি থানার কথা বলতে পারি। সেখানে ·:দের বিরুদ্ধে মামলা ঝুলছে এবং এই ধরনের বহু মামলা জমা আছে। এবং বিভিন্ন জায়গার থানা অফিসাররা বা পুলিশ দপ্তরের উপরতলার অফিসাররা এই বামফ্রন্ট সরকারে্র যে নীতি সেই নীতি তারা মেনে নিতে পারছে না। হয়ত কিছু সময়ে তাদের অনিচ্ছা সত্ত্বেও কিছু কাজ করতে হয়েছিল। কিন্তু ইন্দিরা কংগ্রেস কেন্দ্রে ক্ষমতায় আসার পর কথায় কথায় শুনা যাচ্ছে বামফ্রন্ট সরকার ভেঙ্গে যাবে, চলে যাবে, এই দিকে তারা উৎসাহিত হয়ে বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতির বিরুদ্ধে কাজ করার উৎসাহ পাচ্ছে এবং সেইভাবে তারা কাজ করছে। কলকাতা শহরের যে এলাকা থেকে লক্ষ্মীবাবু, চিত্তবাবু, বুদ্ধদেববাবু নির্বাচিত হয়ে এসেছেন সেখানে গুন্ডাবাহিনীকে একত্রিত করার চেষ্টা করা হচ্ছে। কংগ্রেস(ই) থেকে তাদের নেতৃত্ব দেওয়া হচ্ছে এবং থানা অফিসাররা কিছু কিছু সেখানে যোগ দিচ্ছেন, তাদের সাথে জড়িত হচ্ছেন। আর কংগ্রেস(ই) তাদের মদত দিচ্ছে। বিভিন্ন থানা অফিসাররা যাদের যাদের গ্রেপ্তার করা দরকার তা তারা করছে না। বরং পরোক্ষভাবে তাদের সমর্থন করছে। এই দিকে আমি মুখ্যমন্ত্রীকে একটু সজাগ থাকতে অনুরোধ করছি। এগুলি নিশ্চয়ই বিচার বিবেচনা করে দেখতে হবে। আমি সমস্ত পুলিশ অফিসারদের বিরুদ্ধে বলতে চাই না। কিন্তু এই কথা স্বীকার করতে হবে যে পুলিশের মধ্যে এক শ্রেণীভুক্ত লোক এই রকম আছে। সমস্ত পুলিশের যে মানসিক পরিবর্তন হয়ে গেছে এটা আমরা বিশ্বাস করতে পারি না। কেন না আমরা লক্ষ্য করেছি যে যারা প্রকৃতপক্ষে লড়াই করছে বিভিন্ন জায়গায় দেখেছি সেইসব কৃষকদের পক্ষে পুলিশ থাকছে না, গুন্ডাদের পক্ষে থাকছে, তারা যখন যা করছে

তাদের পক্ষে পুলিশ থাকছে। ডাক্তারদের পক্ষে থাকছে। এই ব্যাপারে অত্যন্ত সাবধান হওয়া দরকার। আমি মুখ্যমন্ত্রীকে বলব এই সব চক্রান্তের বিরুদ্ধে সাবধান হওয়ার দরকার আছে। আজকে এই অ্যাসেম্বলিতে যা দেখলাম তাতে বাইরে কি ঘটনা ঘটছে সে সম্পর্কে কোনও সন্দেহ করার আর প্রয়োজন নেই। মুখ্যমন্ত্রীকে আজকে পুলিশ দপ্তর সম্পর্কে নূতন করে ভাবতে হবে। এটা আমরা জানি যে পুরানো যেসব উচ্চ পদস্থ কর্মচারী আছে কেন্দ্র থেকে তাদের সাথে সংযোগ করা হচ্ছে। তাদের নিয়ে একটা গোপন সেল করা হচ্ছে এবং সেই সেল থেকে চেষ্টা করা হচ্ছে যে গুন্ডাবাহিনীকে সংহত করতে পারা যায় কিনা। গুন্ডা ডাকাত বাহিনীকে টাকা পয়সা দিয়ে এবং পুলিশ দপ্তরে বিভেদ সৃষ্টি করতে পারা যায় কিনা এবং এইসব সংগঠিত করে পশ্চিমবাংলায় বিশৃঙ্খলার সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। এ কথা সবাই জানে যে এক মাস আগে মালদায় বরকত সাহেবের বাড়িতে এই ধরণের কাজ হয়েছিল। একথা কে না জানে যে আমাদের এখানকার পূর্বতন আই.জি. যিনি ছিলেন তিনি এই চক্রান্তের সাথে ওতপ্রোতভাবে জড়িত। একথা কে না জানে যে সেন্ট্রাল ইন্টেলিজেন্স দপ্তর থেকে যারা এখানে এসেছে তাদের একমাত্র কাজ হচ্ছে যে এখানে একটা বিশৃঙ্খলার সৃষ্টি করার চেষ্টা করা। গুন্ডাবাহিনীকে টাকা দিয়ে একসঙ্গে যুক্ত করে পুলিশ দপ্তরের মধ্যে একটাভাগ সৃষ্টি করে একটা দলকে তাদের পক্ষে আনার চেষ্টা করা হচ্ছে। কিন্তু এত চেষ্টা সত্ত্বেও এখানে কোনও কাস্ট ওয়ার হয়নি, সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা হয়নি।

যতদিন পর্যন্ত না সামাজিক পরিবর্তন হবে ততদিন ডাকাতি হবে, চুরি হবে, খুন হবে, এইগুলোকে কেউ দমন করে দিতে পারবে না। যতদিন পর্যন্ত শ্রেণী বিভক্ত সমাজ থাকবে, ততদিন পর্যন্ত এই জিনিস হবে। আজকে দেশের অবস্থা কি? আমি আমার কথা বলছি না, আমি বলব কেন্দ্রীয় মন্ত্রী শ্রী তেওয়ারি সাহেব তিনি একটি উক্তি করেছিলেন — আমাদের দেশে ১২ কোটি শিশুর মধ্যে ১১ কোটি শিশু দারিদ্র সীমার নিচে বাস করে। ইউনিসেফের একজিকিউটিভ ডিরেক্টার জেমস গ্রান্ট তিনি এসেছিলেন এবং তিনি বলেছিলেন ভারতবর্ষের লক্ষ লক্ষ শিশু না খেয়ে মারা যায়। গত এক বছরে ইন্দিরার রাজত্বে ২৫ লক্ষ শিশু না খেয়ে মারা গেছে। সুতরাং খুন ওঁরা অনেক কায়দায় করেন। ওঁরা খালি গুলি করেই খুন করে না, ওরা ডাকাতি করে খুন করে না, ওরা খালি ছোরা মেরে খুন করে না ওরা না খেতে দিয়ে খুন করে। কারণ একটা বছরে ২৫ লক্ষ শিশু যদি না খেতে পেয়ে মরে গিয়ে থাকে — তাদের যে দারিদ্র, তাদের যে অবস্থা তার থেকে এই ধরনের অ্যান্টি সোশ্যাল কাজ আসবেই এবং সেটা আসতে বাধ্য। তাকে কতটা নিয়ন্ত্রিত করা যায়, তাকে কতটা কমানো যায় সেটা নিশ্চয় আমাদের মুখ্যমন্ত্রী দেখবেন। মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি বলব আজকে এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে গিয়ে যে তাঁকে অত্যন্ত সতর্ক ভাবে কাজ করা দরকার, কারণ চক্রান্তের কথা আপনারা সকলে জানেন, নির্বাচন যত এগিয়ে আসছে কিভাবে ওরা নানা দিক থেকে প্ল্যান করে ওরা এগোচ্ছে। তবে একটা ভরসার কথা সেটাই হচ্ছে আমাদের একমাত্র যোগ, সেই যোগটা হচ্ছে আমাদের পিছনে মানুষ আছে। গত ১৫ই মার্চ তার প্রকাশ

হয়েছে। যখনই যে জেলাতে যাচ্ছি সেখানে দেখছি লোক আমাদের সঙ্গে আছে, লোক আমাদের পিছনে আছে। কিন্তু সেই লোক যাতে আমাদের পিছনে না থাকে তার জন্য নানা রকম কায়দা করা হচ্ছে এবং পুলিশ দপ্তরের মধ্যেও এই ধরনের চক্রান্ত চালানো হচ্ছে। এই সম্পর্কে মুখ্যমন্ত্রী নিশ্চয় সতর্ক আছেন কারণ তিনি আমার থেকে বেশি খবর রাখেন। সেদিকে তাঁর নজরটা টেনে যে কটি ঘটনা ঘটেছে সেই ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, আমি যে ব্যয় বরাদ্দ প্রস্তাব রেখেছি পুলিশ বাজেটে, সেটাকে আর একবার সমর্থন করে এবং ছাঁটাই প্রস্তাব যেগুলো আছে, তা বিরোধীতা করে কয়েকটি কথা বলতে চাই। যাঁরা এখানে বলে গেলেন বিরোধী পক্ষ থেকে, তাঁরা যখন উপস্থিত নেই, তখন আমার বিশেষ বলার কোনও প্রয়োজন নেই। আর এটাই ওদের অভ্যাস হয়ে দাঁড়িয়েছে, আমি দেখছি যে নানা কথা এখানে বলে, এটাই মনে করেন যে কাগজে একটু বেরোবে, সেইজন্য উত্তর শোনবার জন্য তাঁরা আর অপেক্ষা করেন না, তাঁরা চলে যান। যাই হোক, সেই বিষয়ে আমার বিশেষ কিছু বলার নেই। তবে দু একটা কথা বলতে হবে, এখানে বারে বারে একটা প্রশ্ন ওঠে যে পুলিশের ব্যয় বরাদ্দ একটু বেড়েছে,— হ্যাঁ কয়েক কোটি টাকা বেড়েছে। সেখানে আমরা বারেবারে এটা বলছি আমাদের হিসাবের মধ্যে সমস্ত আছে যে কি বাবদে এটা বেড়েছে। আমরা বলছি যে পুলিশের জন্য আমাদের আলাদা করে কিছু করতে পারি না। সরকারি কর্মচারিদের বেতন আমাদের বেশি দিতে হয়, তাদের মহার্ঘ ভাতা দিতে হয়, বোনাস দিতে হয়, পুলিশকেও তাই দিতে হবে। এবং হিসাব করলে ওঁরা দেখতেন যেখানে আসলে হয়ত আর একটু বাড়ালে একটু ভাল কাজ হত। অনেক জায়গায় আমরা দিতে পারছি না, টাকার অভাবে। কারণ বাড়তিটা এই জন্য হচ্ছে। এবারেও তাই, গত বছরও তাই হয়েছে। এখন আরও কিছু বাড়বে। কারণ সমস্ত সরকারি কর্মচারী, পৌরসভার কর্মচারী থেকে আরম্ভ করে আমাদের শিক্ষক, শিক্ষিকা — প্রায় ৮।। লক্ষ মানুষের জন্য আমাদের পে কমিশন, যা তাঁরা সুপারিশ করেছেন, সেইগুলো আমরা বিবেচনা করছি এবং সেই অনুযায়ী তাদের নিশ্চয়ই আমাদের বাড়তি দিতে হবে। কি দেব আমরা এই সেশনের মধ্যে ঘোষণা করব, মোটামুটি ভাবে আমরা সেটা বলেছি। কাজেই সেখান থেকে বাড়বে। তবে খানিকটা তাদের দক্ষতার জন্য — এদিকের কেউ বলছেন, আমি কাট মোশনে দেখছি যে জীপের অভাব, গাড়ির অভাব, পুলিশ কিছু করতে পারছে না, অমুক জায়গায় কিছু করতে পারছে না। আবার যদি গাড়ি কেনা হয় তাহলে বলবেন গাড়ি কিনলেন কেন? এই সব অদ্ভুত কথা, এর কি জবাব দেব, আমি জানি না। আমরা যতটা সামান্যতম যা দরকার, ন্যূনতম যা দরকার, তাদের দক্ষতা বাড়াবার জন্য, যাতায়াতের জন্য ইত্যাদি, সেইগুলো আমাদের নিশ্চয়ই করতে হবে।

[6-35 – 6-45 p.m.]

তবে যতটা করার হয়ত দরকার আছে, সবটা আমরা করতে পারিনি। এদিকে বিরোধী

পক্ষের এম.এল.এ.-রা হয়ত বলেন অমুক জায়গায় পুলিশ আউট পোস্ট করছেন না — একটা ভেঙ্গে দুটো ভাগ কেন করছেন না, জনসংখ্যা এত বেড়েছে? কোথাও কোথাও হয়ত করতে হয়েছে, দু একটি জায়গায়। সেটা দেখে . ., খরচ কেন বাড়ালেন? কাজেই ওদের কি অভিপ্রায় সেটা আমরা বুঝতে পারছি না। আমরা যখন বিরোধী পক্ষে ছিলাম তখনও পুলিশ বাজেটের সমালোচনা করেছি। কিন্তু সেটা পড়লে দেখা যাবে ওরা যেরকম করেন আমরা সেইরকম দায়িত্ব জ্ঞানহীন সমালোচনা করিনি। আমাদের এই ৪ বছরের মধ্যে আমরা পুলিশকে অন্যভাবে শিক্ষিত করার চেষ্টা করেছি। কিছু সফল হয়েছি, কিছু হতে পারিনি। একটা নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে চলবার চেষ্টা করছি। ওরা করতেন কি? জনগণের বিরুদ্ধে পুলিশকে কাজে লাগাতেন, গণ আন্দোলনের উপর আক্রমণ চালাতেন সেই সব পুরানো দিনে যেসব জিনিস হত, এখন সেইভাবে হয় না। কোথাও যদি হয়ে যায় — আমাদের নজর থাকে, তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করি। আবার নতুনভাবে পুলিশকে শিক্ষিত করার চেষ্টা করি। তারা যেভাবে মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে আছেন এটা তাদের অপরাধ নয়, যারা তাদের পরিচালনা করেছেন, ব্যবহার করেছেন কংগ্রেস সরকার পক্ষ, এটা তাদের চরম অপরাধ। তার থেকে মুক্তি পাবার জন্য যা কিছু করণীয় কাজ আছে সেটা পুলিশকে বলেছি। সেই কাজ হচ্ছে। পুরানো অনেক অভ্যাস বদলাতে হবে। মানুষের সঙ্গে ভাল ব্যবহার করতে শেখাতে হবে এবং সেইভাবে যদি চালানো যায় তাহলে তাতে মঙ্গল হবে, মানুষের কাছ থেকে তারা সম্মান পাবেন। তা না হলে মানুষ ভীত সন্ত্রস্ত হবে এবং মানুষ পুলিশকে যদি পছন্দ না করে সেটা পুলিশ বাহিনীর পক্ষে ভাল নয়। সেই সুযোগ কংগ্রেস আমলে একেবারে ছিল না। আমাদের আমলে বামফ্রন্ট সেই সুযোগ দিয়েছে — আমাদের সরকার সেই সুযোগ দিয়েছে। আমি আশা করছি অনেকে যেমন সেই সুযোগ গ্রহণ করেছেন, আরও যারা বাকি আছেন তারাও সেই সুযোগ গ্রহণ করবেন। আমি আর একটি হিসাবের কথা বলছি। আমার লিখিত বক্তব্যে আমি বলেছি অপরাধ সম্পূর্ণ নির্মূল করে দেব? এটা কোনওদিনও বলিনি। এই সমাজ ব্যবস্থা, অর্থনৈতিক ব্যবস্থায় সামন্ততন্ত্র আছে, ধনতন্ত্র আছে এবং সেই ভাবেই দেশকে গড়ে তোলবার চেষ্টা হচ্ছে। এই সমাজ ব্যবস্থায় যেখানে এত বিভক্ত আছে, উপর নিচের যেখানে এত ব্যবধান, সেখানে একেবারে নির্মূল করা যায় না। সেইজন্য আমরা বলেছি কোনও কোনও জায়গায় এই অপরাধমূলক কাজ বেড়েছে। সেটা আমরা হিসাবের মধ্যেই দেখিয়েছি, লুকোবার কিছু নেই। আবার কোনও কোনও জায়গায় এক আধটু কমেছে। এতে সন্তুষ্ট হবার কিছু নেই। আরও অনেক কাজ আমাদের করতে হবে। আমাদের প্রতিদিন নজর রাখতে হয়। অনেক কাজ বাকি আছে। হিসাব দিলেই মুশকিল। ওরা তখন বলবেন এই সব রেকর্ডে নেই। ওদের কাছে রেকর্ড থাকলে আমাকে দিলেই তো পারেন। ওরা রেকর্ড পেলেন কোথায়, এই সব বলছেন? ওরা পরিসংখ্যানে বিশ্বাস করছেন না। আমি যতটা পারি পরিসংখ্যান দিচ্ছি। চুরি হয়, পুলিশ স্টেশনে নাম লেখাতে আসেন। কেউ ডায়রি করেন, কেউ করেন না। আমরা তো দেখেছি আগে হয়ত বাড়িতে চুরি হয়ে গেলে পুলিশের কাছে যেতাম না। এখন সেটা খানিকটা হয়েছে যে পুলিশের কাছে বেশি

লোক যাচ্ছে, সেই হিসাব আমরা পাচ্ছি। কিন্তু সবাই কি যায়? মোটেই যায় না। অনেকে মনে করেন পাওয়া যাবে না, গিয়ে লাভ নেই। দুর্ভাগ্যবশত এটা অনেকে মনে করেন। আমরা লুকিয়ে রাখছি না কিছুই। আমরা দেখছি ১৯৭৯ সালে ডাকাতি হয়েছিল ১ হাজার ২৭৪টি। আর ১৯৮০ সালে ১ হাজার ২০৩টি ডাকাতি হয়েছে। একটু কমেছে। আর সেখানে আমরা বার বার শুনছি যে রোজ নাকি হাজার হাজার ডাকাতি হচ্ছে। যা হচ্ছে লুকোবার কিছু নেই। যেটুকু হচ্ছে সেটাও আমরা বেশি বলে মনে করি। কিন্তু যদি একটু কমে তাহলে সেই পরিসংখ্যান আমরা দিতে পারব না? আমরা সেইটুকুই দিয়েছি। কিছুটা পুলিশের উদ্যোগ আছে, কিছুটা জনসাধারণের উদ্যোগ আছে, তারা রুখে দাঁড়িয়েছে, তবেই কম হয়েছে। আমরা প্রাইজ দিয়েছি সেই জন্যই এটা হয়েছে। আমরা দেখছি রবারি সামান্য একটু বেড়েছে। ১৯৭৯ সালে ৯৫৫টি ছিল, ১৯৮০ সালে ৯৬১টি হয়েছে। খুন একটু বেড়েছে। ১৯৭৯ সালে ১ হাজার ৯০টি মার্ডার হয়েছিল, ১৯৮০ সালে ১ হাজার ২৯০টি হয়েছে। ১ বছরে ২০০টি বেড়েছে।

এই যে ১ হাজার ২৯০, এর মধ্যে ঐ কংগ্রেসিদের নিজেদের যে খুনোখুনি সেই সংখ্যাটাও আছে। ওরা নিজেদের খুন করে — এক অংশ ইন্দিরা কংগ্রেসের আর এক অংশের লোককে খুন করে। খুন করার পর এখানে এসে বলেন এখানে আইন শৃঙ্খলা নেই। এখানে যেটা হল সেটাও দেখলেন, ঐ পক্ষকে অবলম্বন করে সবাই বেরিয়ে গেলেন। কাজেই আপনারা নিশ্চয় বুঝতে পারছেন কোনও অজুহাতে কি করা হয়। এখানে যদি আইন শৃঙ্খলা এইভাবে বিঘ্নিত হয় তাহলে ওরা বাইরে কি করছেন সেটা সহজেই বুঝতে পারছেন। সেখানে যদি প্রমাণ কিছুর দরকার থাকে তাহলে সেই প্রমাণও আমরা পেয়ে গেলাম। এবারে আমি শ্রী ভোলানাথ সেন সম্বন্ধে বলছি। ওর অসুবিধা হচ্ছে উনি নানান কাজে ব্যস্ত থাকেন, সেইজন্যই দেখছি গত বছর যেটা বলেছিলেন সেটা বোধ হয় ভুলে গেছেন তাই সেটাই আবার নতুন করে এবারেও বলেছেন। সেই একই কথা — একজন তুষার তালুকদার কি চিঠি লিখেছিলেন — এটা গত বছরও বলেছিলেন আবার এবছরও বললেন। তার নতুন কিছু বলার নেই সেটাই এর থেকে বোঝা যাচ্ছে। আর ওরা বলেন কি করে — সংবাদপত্রে কি বেরুল সেটা একটু দেখেটেখে নিলেন, নিয়ে এখানে এসে বললেন। নিজের থেকে কোনও গবেষণা করা বা জনপ্রতিনিধি হিসাবে জনসাধারণের কাছ থেকে কিছু পেতে পারেন, সেগুলি নিয়ে এখানে পরিবেশন করা সে সবের কোনও লক্ষ্যণ আমি দেখলাম না। তারপর কি বললেন? অসত্য কথা বলাই তার অভ্যাস। তিনি বললেন, আমি নাকি লালঝান্ডা নিয়ে পুলিশদের সঙ্গে মিটিং করেছি। এটা উনি জানেন সত্য নয় কিন্তু তা জেনেও এইসব কথা বললেন। তিনি হচ্ছেন কংগ্রেস লিডার, আবার নাকি তিনি মুখ্যমন্ত্রী হবেন শুনছি যদি ওরা জেতেন। কত যে ওদের মুখ্যমন্ত্রী আছেন জানি না। আবার এখন শুনছি উনি নাকি ব্যাকগ্রাউন্ডে চলে গিয়েছেন, অন্য কাকে নাকি আবার সামনে আনা হচ্ছে। সর্বনাশ হবে আর কি যদি পশ্চিমবঙ্গে এসব হয়। তারপর উনি বললেন, পশ্চিম দিনাজপুরের রায়গঞ্জে একই বাড়ির দুটি

শিশু খুন হয়েছে। ঠিক কথা, খুন হয়েছে। আমার কাছে শ্রী সোমেন মিত্র এসেছিলেন, তিনি ইন্দিরা কংগ্রেসের একজন লিডার, তিনি এসে আমার কাছে অভিযোগ করলেন। আর.এস.পি. ইত্যাদি দল যারা ওখানে আছেন তারাও অভিযোগ করেছেন যে একটি পরিবারের দুটি ছেলে খুন হয়ে গেছে। ঐ দুটি ছেলের বাবাও আমার সঙ্গে দেখা করেছিলেন। সেই ঘটনা সম্পর্কে আমি যা বুঝলাম সেটা হচ্ছে, একটি ক্লাবের গন্ডগোল এবং সেখানে দু পক্ষই হচ্ছে ইন্দিরা কংগ্রেসের লোক। আগে একটি লোক খুন হল এবং তারপর বদলা নেবার জন্য সেই বাড়ির উপর আক্রমণ হল। সেখানে সেই লোককে পেল না, তখন ঐ দুটি বাচ্ছাকে মেরে দিল। সেই দুটি বাচ্ছার একটির বোধ হয় ৮ বছর বয়স এবং আর একটির বোধ হয় ১০ বছর বয়স। ঐ ছেলে দুটির বাবা আমার সঙ্গে দেখা করেন। আমি সোমেনবাবুকে বললাম, আমি তো শুনছি এটা আপনাদেরই ব্যাপার, উনি বললেন, "আমাদের, ওদের বুঝি না, যারা অপরাধী তাদের আপনি গ্রেপ্তার করুন"। আমি বললাম, তাদের তো গ্রেপ্তার আমি করব সে তারা যে দলেরই হোক কিন্তু এরকম আমি শুনছি। এই হচ্ছে ঘটনা। তারপর ঐ ছেলে দুটির বাবা যখন আমার সঙ্গে দেখা করলেন তখন আরও ভাল করে আমি ব্যাপারটা বুঝলাম। ওদের মাও আমার সঙ্গে দেখা করতে চেয়েছিলেন, তিনি যখন কলকাতায় এসেছিলেন আমি তখন ছিলাম না কাজেই দেখা হয়নি। সোমেনবাবু বলেছিলেন, 'ওদের মা আসবেন, আমি ওকে আপনার কাছে পাঠিয়ে দেব'। তারপর সোমেনবাবু বোধ হয় দিল্লি চলে গেলেন, আর দেখা হয়নি। এই তো হচ্ছে অবস্থা। আমরা দেখছি, ১৯৮০ সালের লোকসভার নির্বাচনের পর এইসব জিনিস হচ্ছে — যেখানে সেখানে অরজকতা সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে এবং তাতে নিজেদের খুন করেও যদি সেই অরাজকতা সৃষ্টি করতে হয় তাও তারা করবেন এই আমি দেখছি। এই তো সব ওদের সমর্থক। আর ওরা যে কাকে নিজেদের দলের লোক বলেন আর কাকে যে বলেন না তা বুঝতে পারি না। মেম্বারশিপের খাতা-টাতা আছে কিনা জানি না। কংগ্রেসের তো আগে ৪ আনার মেম্বার হত, এসব এখন আছে কিনা আমি বলতে পারব না। আমি দেখছিলাম, যত রকমের সমাজ বিরোধী আছে তাদের এরা সমর্থন করছেন। একটা লোক মদ খেয়ে বেশ্যালয় থেকে বেরিয়ে বাড়ি যাচ্ছে, সে রিক্সাওয়ালাকে মারল, পাড়ার লোকেদের সঙ্গে গোলমাল হল, পুলিশ তাকে ধরে নিয়ে গেল, তার আলসার ছিল, পরে যখন হাসপাতালে দেওয়া হল তখন অপারেশনের সময় সে মারা গেল, সে নাকি ওদের লিডার। কি করে লিডার হল, কবে লিডার হল, কি ব্যাপার কিছুই জানি না। এইরকম অনেক ঘটনা আমার কাছে আছে। এইসব জিনিস হচ্ছে। এই কলকাতায় কখনও যদি কোনও পাড়ায় মারামারি হয় দেখবেন সেখানে কোথাও প্রত্যক্ষভাবে, কোথাও পরোক্ষভাবে এই কংগ্রেস জড়িত বিশেষ করে ইন্দিরা কংগ্রেস। এটা আমরা দেখতে পাচ্ছি।

[6-45 – 6-55 p.m.]

অথচ ওরা আইন শৃঙ্খলার কথা বলছেন। তারপর নকশাল সম্পর্কে উনি বললেন যে ওরা সন্তুষ্ট হতে পারছেন না, একটু বিচলিত হয়েছেন। খুশি হয়েছিলেন যে ৬০টি বন্দুক লুঠ

হয়ে গেল। এখন যখন বন্দুকগুলি খুঁজে বার করা হচ্ছে, ধরা পড়েছে, এটাতে ওদের বিচলিত করে দিয়েছে। ৩০টি বন্দুক ইতিমধ্যে পাওয়া গেছে, আরও বেরুবে আস্তে আস্তে। আমরা এই দিকে নজর রেখেছি এবং জনসাধারণের সহযোগিতাও পাচ্ছি। আমরা সুপিরিয়র অফিসারদের সেখানে পাঠাই যাতে গ্রামের মানুষের উপর কোনও অত্যাচার না হয়। এইসব ক্ষেত্রে অনেক সময় বেশি পুলিশ গিয়ে অনর্থক গন্ডগোল বাধায়। সে জন্য আমরা বলেছি যে ওখানে এই জিনিস যাতে না হয়। আমরা আরও বলেছি যে ওখানে যে সমস্ত শ্রমিক সংগঠন আছে, কৃষক সমিতি আছে, রাজনৈতিক দল আছে, তাদের সঙ্গে যোগাযোগ রাখবেন এবং যোগাযোগ রেখে তাদের যদি কোনও রকম অভিযোগ থাকে সেগুলি শুনবেন। কারণ আমরা চাই এটার শান্তিপূর্ণ ভাবে ব্যবস্থা করা হোক। আপনারা সহযোগিতা পেলে আরও তাড়াতাড়ি খুঁজে বার করতে পারবেন এবং এই যে ষড়যন্ত্র হচ্ছে, এটাকে শেষ করতে পারবেন এবং দেখা গেছে যে তাই হয়েছে। তারপর আমি লিখেছি — তুলনামূলক ভাবে অঙ্কের হিসাব দেইনি। কিন্তু ভারতবর্ষের যে পরিস্থিতি, ভারতবর্ষের আমরাও তো একটা অংশ, এক জায়গায় আছি। অর্থনৈতিক পরিস্থিতি আছে, রাজনৈতিক পরিস্থিতি আছে, আরও নানা রকম পরিস্থিতি আছে। আমরা সেখানে বলেছি যে আমাদের বিশেষ করে বিরোধী দলের ইন্দিরা কংগ্রেসের দলের যারা আছেন, আমাদের যারা আক্রমণ করতে চান, সমালোচনা করতে চান, তারা একটু নিজেদের যে সরকারগুলি চলছে দিল্লি থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় সেগুলি একটু দেখুন। ওরা বললেন, না দিল্লিতে সব ঠিক আছে। ইন্দিরা গান্ধীও বলেননি যে দিল্লিতে সব ঠিক আছে। অথচ ওরা এখানে কি করে বলছেন আমি জানি না। যাই হোক, আমি পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না। উত্তরপ্রদেশ, বিহার, আমেদাবাদ, গুজরাট, আসাম, উত্তর পূর্ব অঞ্চল ইত্যাদি এই সব জায়গায় কি হচ্ছে সেটা আমরা দৈনন্দিন দেখছি এবং তার ছবি আমাদের অশোক বোস মহাশয় বলেছেন। আমি সেই বিষয়ে আর যেতে চাই না। কাজেই এর বেশি ওদের সম্পর্কে বলার কিছু নেই। উনি নিজে কোনও জিনিস খোঁজ করে দেখবেন না, খালি সেই পুরানো জিনিস নিয়ে তুলে ধরবেন। পার্লামেন্টের একজন সদস্য দিল্লি থেকে এলেন এবং এসে খুঁজে বার করলেন যে মালদাতে ঐ দুঃখজনক, নক্কারজনক ঘটনা ঘটেছিল, ৩/৪ জন লোকের চোখে — অবশ্য সকলে একেবারে অন্ধ হয়ে যায়নি — এই রকম ঘটনা ঘটেছিল। এবং বিহার পুলিশ থেকে করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। গ্রামের মানুষ ঝগড়া বিবাদের পর এই বর্বর পথে গেছে। ওরা এসে দিল্লিতে খবর পাঠালেন। তারপর আমি যখন সমস্ত খবর পাঠালাম তখন সব চুপ হয়ে গেছে। খালি সেই পুরানো জিনিস এখানে চর্বিত চর্বন করা হচ্ছে এবং ভোলা সেন মহাশয় এগুলি করছেন। কাজেই এই সম্পর্কে আর বিশেষ কিছু বলার নেই। আমাদের এখানে আইন শৃঙ্খলা নাকি নেই এই কথা ওরা বলছেন। গত বছর যতগুলি সর্বভারতীয় সম্মেলন হয়েছে ভারতবর্ষের কোনও প্রদেশে তা হয়নি। সর্বভারতীয় সম্মেলনে বিদেশ থেকে লোক এসেছে — ডাক্তারদের সম্মেলন, ক্রীড়া জগতের সম্মেলন, সাংস্কৃতিক জগতের সম্মেলন, ছাত্রদের সম্মেলন, ধর্মসভা থেকে আরম্ভ করে বিভিন্ন সম্মেলন এই রামকৃষ্ণ মিশনে হয়ে গেল। ওরা আমাদের কাছে

চিঠি লিখেছিলেন। ওরা যখন ধর্মসভা করেন তখন আমাদের কাছে এসেছিলেন। আমাদের যে বালি মিউনিসিপ্যালিটি আছে, সেখানে আমাদের সাথীরা আছেন, সেখানে তারা গিয়েছিলেন। আমি তাদের বলেছি যে বাইরে থেকে অনেক মানুষ আসছে তাদের যাতে কোনও অসুবিধা না হয় সেটা তাদের দেখতে হবে, তাদের সমস্ত ব্যবস্থা করতে হবে, নিরাপদের ব্যবস্থা করতে হবে। তারা নিজেরাও খুব সংগঠিত, আমাদের সহযোগিতা নিয়ে, বালি মিউনিসিপ্যালিটির সহযোগিতা নিয়ে সরকারের সহযোগিতা নিয়ে তারা সম্মেলন করলেন। তারপরে তারা কৃতজ্ঞতাবশত আমাদের কাছে চিঠি দিয়েছেন, বালি মিউনিসিপ্যালিটিতে আমাদের সাথী যারা আছেন, তাদেরও চিঠি দিয়েছেন এবং বলেছেন যে আপনাদের সহযোগিতা পেয়ে আমরা আনন্দিত, আপনাদের সহযোগিতা না পেলে এতবড় সম্মেলন করা যেত না। গত বছর মনিপুরের মুখ্যমন্ত্রী আমাকে ফোন করে বলেছিলেন, (তখন মনিপুরে মন্ত্রিসভা ছিল, একজন মুখ্যমন্ত্রী ছিলেন) 'আমাদের ছেলেরা এখানে (মনিপুরে) ডাক্তারি পরীক্ষা দিতে পারছে না, এখানে সম্পূর্ণ অরাজক অবস্থা চলছে'। সে সময়ে উত্তর-পূর্বাঞ্চলে অরাজক অবস্থা চলছিল। আমি বলেছিলাম যে, বেশ এখানে পাঠিয়ে দিন। তিনি পাঠিয়ে দিয়েছিলেন। আমি স্পিকারকে বলে এম.এল.এ. হোস্টেল খালি করে ১০০ জনকে রেখেছিলাম, তাঁরা এক মাস ছিলেন এবং নির্বিঘ্নে পরীক্ষা দিয়েছিলেন এবং চলে গিয়েছিলেন।

**অধ্যক্ষ মহোদয় ঃ** তাঁরা এম.এল.এ. হোস্টেলে ফ্রি-তে ছিলেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** হ্যাঁ, ওঁরা আমাকে টাকা পয়সার কথা বলেছিলেন, তা আমি ওঁদের বলেছিলাম যে, ওটা আমার এক্তিয়ারে পড়ে না, আপনারা স্পিকারকে ২/১ টাকা দিতে পারেন। কিন্তু স্পিকার বলেছিলেন, একটা পয়সাও দেবার দরকার নেই, ওঁরা থাকতে পারবেন। ওঁরা আমাকে ধন্যবাদ দিয়েছিলেন। আশে-পাশের কোনও প্রদেশে এই জিনিস হতে পারছে? হতে পারলে ভাল। কোনও প্রদেশে অরাজকতা হলে, আমাদের খুশি হবার কথা নয়। কিন্তু এই হল পরিস্থিতি। তারপরে ক্রীড়ার ব্যাপারে কি হচ্ছে আপনি জানেন। সল্ট লেকে আমাদের কিছু খেলাধূলার জায়গা করা হয়েছে। সেখানে বিভিন্ন জায়গা থেকে ছোট ছোট ছেলে-মেয়েরা এসে খেলা-ধূলা করছে। এই কিছু দিন আগে অল ইন্ডিয়া কর্পোরেশন এমপ্লয়িসদের স্পোর্টস হয়ে গেল। আমি জানতাম না ঐ রকম একটা সংগঠন আছে। ঐ অনুষ্ঠানে দুজন মেয়র পর্যন্ত এসেছিলেন, মহারাষ্ট্র থেকে একজন এবং পাটনা থেকে একজন। আমি সেই অনুষ্ঠান দেখেছিলাম এবং দেখে খুব খুশি হয়েছিলাম। এরকম জিনিস যদি এখানে হয় এবং তার জন্য আমাদের যদি কিছু খরচও করতে হয় তাহলেও আমরা খুশি। কারণ এটা শুধু ক্রীড়ার ব্যাপার নয় বা যারা যে কারণে এখানে সম্মিলিত হচ্ছে শুধু সেই ব্যাপারই নয়, শুধু বৈজ্ঞানিকদের ব্যাপার নয়, শুধু ডাক্তারদের ব্যাপার নয়। যাঁরা সম্মিলিত হন তাঁদের মধ্যে বিভিন্ন ভাষাভাষী মানুষ থাকেন, তাঁদের এক হওয়া দরকার এবং এটাই আজকে সব চেয়ে বড় দরকার। কারণ আমরা ভারতবাসী। আজকে ভারতবর্ষকে টুকরো টুকরো করবার জন্য, সর্বনাশ করবার জন্য বিভিন্ন জায়গায় বিভিন্ন আন্দোলন হচ্ছে, হরিজনদের ওপর

আক্রমণ হচ্ছে, মুসলমানদের ওপর আক্রমণ হচ্ছে। ওঁরা কি জানেন না উত্তরপ্রদেশের ঘটনা? বিহারের ঘটনা? সবাই তা জানেন, কিন্তু এখানে আমাদের বিরুদ্ধে বলতে হবে, তাই বলছেন। কিন্তু এসব কথাকে কেউ মর্যাদা দেবে না, কেউ বিশ্বাস করবে না। মানুষ এসব জানে। আমি দেখেছি শ্রীমতী ইন্দিরা গান্ধী একটা বক্তৃতাতে বলেছেন — প্রাইম মিনিস্টার স্পিক্স বলে — আই.জি.-দের একটা সম্মেলন হয়েছিল, সেখানে উনি বলেছিলেন নানা কথার মধ্যে,

I can underdstand the problem that it is difficult to bring dacoits or Naxalites to justice because the people are not willing to testify. We have numerous cases where the worst type of criminals, who have indulged in murder, rape, theft and harassment of the village people on a very large scale over a long period of time, get away scot free because witnesses do not come forward.

উনি বলেছিলেন যে, অসুবিধাটা সব-জায়গায় আছে। ঠিকই বলেছিলেন, অনেক জায়গায় অসুবিধা আছে, শেষ অবধি সাজা দেওয়া যায় না। কিন্তু সাজা নিশ্চয়ই হচ্ছে, তার হিসাব আমাদের কাছে আছে। তার পরে উনি বলছেন,—

Recently I have heard that dacoity is again on the increase in Madhya Pradesh. We had tried to stem and had achieved some initial success. It has grown tremendously in certain areas of the U.P. so, there is no easy solution.

এটা উনি গত বছরের কথা বলেছেন। তারপরে উনি পশ্চিমবাংলা সম্বন্ধে বলছেন,

We had incidents of killings of whole families in West Bengal some years ago.

তার মানে কংগ্রেস রাজত্বে, ঐ ৭১ সালে, ঐ ঘটনার কথা আপনার মনে আছে।

The people said : "The police are not able to protect us and, therefore, we have done this on our own".

ঐ যে বরাহনগরে - কাশীপুরে ১০ ঘন্টা অপারেশন চালিয়ে নকশালদের ক্ষতম করা হয়েছিল, সেই সময়ে সিদ্ধার্থশংকর রায়ের সঙ্গে আমরা সব পার্টিরা আলোচনা করতে গিয়েছিলাম, উনি যখন আমাদের সময় দিয়েছিলেন তার আধ ঘন্টা পরে এসেছিলেন, আমরা ওঁর সমালোচনা করে বলেছিলাম, আপনি এত দেরি করে এলেন কেন, আমাদের বসিয়ে রাখলেন কেন? আমরা বলেছিলাম এটা সাংঘাতিক ঘটনা, এর তদন্ত করতে হবে। সেখানে বিজয় সিং নাহার, আমার এবং আরও ২/১ জনের নাম ছিল, আমরা বলেছিলাম, আমরা তদন্ত করব, এই যে এত বড় নারকীয় ঘটনা ঘটে গেল, ঘটনা ঘটে যাবার ১০ ঘন্টা পরে

পুলিশ সেখানে গেল, এর তদন্ত হওয়া দরকার। কিন্তু আমরা কি জানি না যে, অর্গানাইজড ওয়েতে প্ল্যান করে ক্ষতম করা হয়েছিল? অসংখ্য ছেলে মারা গেছিল, তাদের দেহগুলো স্তুপাকার হয়ে রাস্তায় পড়েছিল এবং ঠেলা গাড়ি করে জলে ভাসিয়ে দেওয়া হয়েছিল। এই জিনিস হয়েছে।

[6-55 – 7-05 p.m.]

এই জিনিস আমরা জানি, সিদ্ধার্থ বাবু বললেন, "আমি দুঃখিত আমার দেরি হয়ে গেছে, আমি বরানগর থানায় গিয়েছিলাম। ওখানে অনেক লোকজন এসেছিল"। তারা বললেন, "ভালই হয়েছে, এদের জন্য বাড়ি থেকে বেরুতে পারছিলাম না"। এইসব শেষ হয়ে গেছে, আমাদের স্বাধীনতা এসে গেছে। আমি বললাম, এই রকম কথা কোনও সরকারের পক্ষে বলা উচিত নয় যতই নারকীয় ঘটনা ঘটে থাকুক। আইন আছে, আইনের অনুশাসন আছে, খুন করে দেওয়া যায় কিন্তু সেই পথে কোনও সভ্য দেশ যেতে পারে না। পুলিশ যদি সময়মতো অ্যাকশন না নেয় জনসাধারণ পিটিয়ে মেরে ফেলে, অনেক সময়ে এই ঘটনা ঘটে যায় যার জন্য পুলিশকে তৎপর হতে হবে। তারপর আমি অন্য সব কথার মধ্যে যাচ্ছি না। ভোলা সেন মহাশয় বললেন, কোনও একজন সাপ্তাহিক কাগজের জার্নালিস্ট সাদার্ন অ্যাভিনিউতে ১৪-২-৮০ তারিখে তাঁর স্ত্রীকে সঙ্গে করে বেরিয়েছিল, হঠাৎ একটা গাড়ি এসে দাঁড়ায় এবং তারা ছিনতাই করেন — এই সমস্ত ঘটনা ঘটেছিল। ঠিক কথা, এইরকম অনেক জায়গায় এইরকম ঘটনা ঘটছে দুর্ভাগ্যবশত। কিন্তু আমি বলতে চাই, তাদের মধ্যে তো ৫ জন ধরা পড়েছে এবং তাদের কেসও হতে চলেছে, নেকলেসটা ফিরে পাওয়া গেছে। পুলিশ যেখানে খানিকটা অপারগ, যেখানে তারা দুর্বল, যেখানে দক্ষতা দেখাতে পারে না সেখানে ঢেকে রাখবার কিছু নেই কিন্তু যেখানে তারা দক্ষতার পরিচয় দিচ্ছে সে সম্বন্ধে তো কিছু বলা হচ্ছে না। আমি তো দেখছি ভালই ফল দেখাচ্ছে। আজকে কাগজে আছে হাওড়ায় ব্যাঙ্ক ডাকাতি হয়ে গেছে। ইতিমধ্যে সেই ব্যাপারে কয়েকজনকে ধরা হয়েছে ঐ ব্যাঙ্কের কর্মচারী সহ। টাকা-পয়সা উদ্ধার হয়নি, কিছু শুনছি বিহারে পালিয়ে গেছে, সেখানে পুলিশ পাঠানো হয়েছে। কাজেই এই রকম কিছু কিছু জিনিস তদন্তের ব্যাপারে কিছুটা উন্নতি হয়েছে বলে আমার নিজের ধারণা। বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় একটা কাট-মোশন এনেছেন। তিনি এই ব্যাপারটি নিয়ে আমাকে ৬ বার বলেছেন। তিনি ৯ নম্বর কাট-মোশনে বলছেন, "গত ৩০শে জানুয়ারি মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থানা হইতে কয়েকশত গজ দূরে স্থানীয় 'ইউথ কয়ার' নামক একটি ক্লাবের আয়োজিত একটি যাত্রার বিরাট প্যান্ডেলে স্থানীয় থানার সকল অফিসারের সম্মুখে লুণ্ঠিত হওয়া" সত্ত্বেও পুলিশ এই জিনিসগুলি উদ্ধার করেনি। এখানে ওনার কি ইন্টারেস্ট আছে তা আমি বুঝতে পারছি না। কিন্তু এই ঘটনা হবার পর শ্রীমতী মঞ্জুলা রায় — তিনি ইন্দিরা কংগ্রেসের অ্যাড-হক কমিটির — এখন তিনি আছেন কিনা জানি না — সদস্য ছিলেন। তিনি তাঁর স্বামীকে সঙ্গে করে নিয়ে এসে আমাকে বললেন, এখানে যে

এইরকম ঘটনা ঘটছে তার সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। ঐ ওখানে কোনও এক যাত্রা দল আসবে বলে অ্যানাউন্স করা হয়েছিল কিন্তু যাত্রা দল আসেনি সেইজন্য ভাঙচুর গোলমাল — এইসব জিনিস হয়েছে। এক্ষত্রে কন্ট্রাক্টরের কিছু জিনিস গেল। কাজেই এই ঘটনা সম্পর্কে আমি বললাম, ঠিক আছে, আমি দেখব, কারা করেছে, কি করেছে। আমি সঙ্গে সঙ্গে পুলিশকে খবর পাঠাই। কিছু মাল বের করেছে তবে এর সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। উনি এইরকম অনেক কিছু দিয়েছেন। যেহেতু উনি নেই সেইজন্য কিছু বলার প্রয়োজন নেই। এইভাবে আমি দেখছি ওরা বিকৃত করে সমস্ত তথ্য রাখবার চেষ্টা করেন। ওরা তো জানে সত্য কথা বলে বিরোধী সমালোচনা করা কঠিন সেইজন্য অসত্য কথা বলে আমাদের সমালোচনা করছে। এই হচ্ছে ওদের দুর্বলতা, আর এর থেকে পরোক্ষভাবে আমাদেরই প্রশংসা করছেন বুঝতে পারছি। তবে এটা ঠিক, নিখিলবাবু এবং অনিলবাবু বলেছেন যে, আমাদের তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে। ময়দানে মিটিং বামফ্রন্ট সরকার ডাক দিয়েছিল। এখানে বলেছি, ইলেকশন যতই এগিয়ে আসছে ততই আমরা দেখছি ওরা মরিয়া হয়ে উঠছে, নানা রকম ষড়যন্ত্র করছে। আমি নাম করতে চাই না। জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের ২/১ জন প্রাক্তন অফিসার এখানে কাজ করছেন, সেই সব অফিসারদের নাম পেয়েছি। পুলিশের মধ্যেও সেইরকম অফিসার রয়েছেন। ওনারা তাঁদের সঙ্গে যোগাযোগ করবার চেষ্টা করছেন এবং তাদের সঙ্গে যোগাযোগ করে এই রকম ঘটনা ঘটাবার চেষ্টায় আছেন। এ ব্যাপারে তাদের ভূমিকাটা কি হবে আমি শুধু এইটুকুই বলতে চাই।

পুলিশের মধ্যে যাঁরা আমাদের আন্তরিকতায় বিশ্বাস রেখে কাজ করেন তাঁদের কাছ থেকেও কিছু কিছু রিপোর্ট পাই। শুধু সেইটার উপর নজর রাখলে বা তার উপর নির্ভর করলে চলবে না। আমরা জনসাধারণকে বা সাধারণ মানুষের সংগঠনগুলির কাছে বলতে চাই যে, আপনারা পশ্চিমবঙ্গের ভবিষ্যত নিয়ে চিন্তা করুন, যদি আপনারা পশ্চিমবঙ্গকে একটা সভ্য পথে নিয়ে যেতে চান, যদি ভারত সরকারের কাছে নূতন দৃষ্টিভঙ্গি স্থাপন করতে চান, নিপীড়িত শোষিত মানুষের সেই অবস্থাকে আরও উন্নতির পথে এগিয়ে নিয়ে যেতে চান তাহলে আপনাদের নজর রাখতে হবে বিভিন্ন জায়গায় কি ধরনের কাজ এবং কি ধরনের ষড়যন্ত্র হচ্ছে। আমাদের এখানে দাঙ্গা হাঙ্গামা লাগানোর ব্যবস্থা সফল হচ্ছে না। ওদিকে এক শ্রেণীর হিন্দু মুসলমানের মধ্যে বিভেদ লাগানো যায় কি না, এখানে সেরকম কিছু করে উঠতে পারছেন না। আমাদের বিরুদ্ধে যাঁরা বক্তৃতা দিয়েছেন, তাঁরা জানেন বাইরে যা হচ্ছে, সেখানকার মানুষ আমাদের বিচ্ছিন্ন করেননি, সেটা তাঁরা মনে মনে জানেন। যদি অ্যাডমিনিস্ট্রেশনের প্রশ্ন তোলেন তাহলে বলব যে আপনাদের ওখানে যা চলছে তা কোথাও দেখা যায় না। ইন্দিরা কংগ্রেসের এক বছর হয়ে গেল, কোথায় আইন শৃঙ্খলা? যতগুলি প্রতিজ্ঞা করেছিলেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন একটা কথাও রাখতে পারেননি। এ রকম কেস অনেক আছে, যেজন্য আমাদের কাছে মাঝে মাঝে খবর বা চিঠি আসে। স্বরাষ্ট্র দপ্তর থেকে একটা চিঠি লিখেছেন, তাতে ১৮টা কেস দিয়েছেন। বর্তমানে সেখানে একজন অফিসার —

প্রোবারল, হোম ডিপার্টমেন্টের, চীফ সেক্রেটারির কাছে অসুবিধার কথা জানিয়ে চিঠি লিখেছেন তাঁর চিঠি দেখে মনে হয় অভিযোগগুলির খানিকটা সত্যতা আছে। অভিযোগে সরকার পক্ষ কোনও ব্যাপারে জড়িত আছেন, সেজন্য এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা অবলম্বন করা হয়নি এসব কেস নিয়ে আট মাস আগে আমি একবার জৈল সিংয়ের হোম ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলেছিলাম, বলেছিলাম যে আপনি যদি সিদ্ধান্ত করে থাকেন, সবাই যদি বুঝে থাকেন তাহলে আমাকে আবার চিঠি লিখেছিলেন কেন? তিনি আমাকে বললেন, "হাম তো দস্তখত কর দিয়া"। নূতন নূতন এসব ব্যাপার হচ্ছে। ৫টা পাওয়া গেছে, বাকি কটাও পাওয়া যাবে আপনাদের কাছে জানাব, লুকোবার কিছু নেই। এসব বিভিন্ন বিষয়ের উপর আমরা যা করছি যা কিছু হচ্ছে, দুর্বলতা সব কিছু নিয়েই আমরা মানুষের কাছে দাঁড়িয়েছি। সেই নিয়েই আমরা কাজ করে যাব। একথা আগে বলেছি, এখন বলছি — এ কথা বলে আমি আপনাদের কাছে প্রস্তাব করছি যে আমি যে ব্যয় বরাদ্দ পেশ করেছি, আশা করছি আপনারা তাকে সমর্থন করবেন এবং আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধীতা করছি।

## Demand No. 21

The motion of Shri Janmejoy Ojha, and Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced to Re.1 was then put and lost.

The motion of Shri Janmejoy Ojha, Shri Balailal Das Mahapatra, Shri Bijoy Bauri, Shri Birendra Kumar Moitra and Shri Kiranmoy Nanda that the amount of the Demand be reduced by Rs.100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 74,60,37,000 be granted for expenditure under **Demand No.21, Major Head : "255 — Police".** was then put and agreed to.

## Demand No.27

### Major Head : "265 — Other Administrative Services".

**Shri Ram Chatterjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,32,84,000 be granted for expenditure under **Demand No.27, Major Head : "265 — Other Administrative Services".**

[7-05 – 7-18 p.m.]

উক্ত মোট ব্যয় বরাদ্দের ১৭,০০,০০০ (সতের লক্ষ) টাকা বার্ষিক যোজনার ও ষষ্ঠ

যোজনার অন্তর্ভুক্ত এবং অবশিষ্ট ১২,১৫,৮৪,০০০ (বার কোটি পনের লক্ষ চুরাশি হাজার) টাকা যোজনা বহির্ভূত।

মাননীয় সদস্যগণ অবশ্যই অবগত আছেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশে এই রাজ্যে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা এবং হোমগার্ড বাহিনী গঠিত হয়েছে। আগামী আর্থিক বৎসরের জন্য অসামরিক প্রতিরক্ষা খাতে ৪,৪৫,৭০,০০০ (চার কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা এবং হোমগার্ড বাহিনী খাতে ৩,৫৪,২৩,০০০ (তিন কোটি চুয়ান্ন লক্ষ তেইশ হাজার) টাকা বরাদ্দ করা হয়েছে।

অসামরিক প্রতিরক্ষা বাহিনীর স্বেচ্ছাসেবকদের শান্তিকালীন সময়ে সমাজের নানা সেবামূলক কাজে নিয়োগ করা হয়। সেই উদ্দেশ্যে কলিকাতায় কেন্দ্রীয় অসামরিক প্রতিরক্ষা শিক্ষায়তনে এবং জেলায় জেলায় জেলাশাসকের তত্ত্বাবধানে অসামরিক প্রতিরক্ষা বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা চালু রয়েছে। এছাড়াও অন্যান্য বৎসরের মত এই বৎসরেও এই রাজ্য থেকে শতাধিক শিক্ষার্থী কেন্দ্রীয় সরকার পরিচালিত নাগপুর, বাঙ্গালোর ও পুনাস্থিত উচ্চ শিক্ষা কেন্দ্র থেকে লক্ষণীয় কৃতিত্বের সঙ্গে শিক্ষা গ্রহণ করে এসেছেন।

পশ্চিমবঙ্গের কোনও না কোনও অঞ্চল প্রায় প্রতি বৎসরই বন্যার কবলে পতিত হয়। ঐ অবস্থায় পশ্চিমবঙ্গবাসীদের ত্রাণকার্যে সহায়তা করবার জন্য নৌ-শাখা গঠনের কাজ এগিয়ে চলেছে এবং উক্ত শাখার ছেলেদের কলকাতাস্থ সুভাষ সরোবরে নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

ভ্রাম্যমাণ অসামরিক আপৎকালীন সংস্থা, পশ্চিমবঙ্গ অসামরিক আপৎকালীন সংস্থার কর্মীবৃন্দ গত বছরও উল্লেখযোগ্য কাজ করেছেন। বন্যার সময়ে, দার্জিলিং জেলায় ধস নামবার সময়ে এবং গঙ্গাসাগর মেলায় তাঁরা যে কাজ করেছেন তা প্রশংসনীয়।

তেল ও প্রাকৃতিক গ্যাস কমিশন সংস্থার অগ্নি নির্বাপণ কার্যের সহায়তায় ভ্রাম্যমাণ অসামরিক আপৎকালীন সংস্থার কর্মীরা মোতায়েন রয়েছেন।

আইন শৃঙ্খলা রক্ষার কাজে পশ্চিমবঙ্গের সর্বত্র হোমগার্ড বাহিনী পুলিশের কাজে সহায়তা করে চলেছেন। কলকাতাস্থ হোমগার্ডের ছেলে মেয়েরা বেশ দক্ষতার সাথে যানবাহন নিয়ন্ত্রণ করছেন। গত নভেম্বর মাসে অনুষ্ঠিত .এম.কম. পরীক্ষায় এই বাহিনীর স্বেচ্ছাসেবকরা পরীক্ষা কেন্দ্রে শান্তি বজায় রাখার কাজে সহায়তা করেছেন। গত ২৩শে নভেম্বর তারিখে ভারতীয় বিমান বাহিনী কর্তৃপক্ষ প্রদর্শিত "আকাশ শোভা" প্রদর্শন উপলক্ষ্যে বেশ কিছু সংখ্যক হোমগার্ড নিয়োগ করা হয়েছিল।

এছাড়াও অগ্নি নির্বাপণ, সেবা ও প্রাথমিক চিকিৎসা, জল ও বিদ্যুৎ সরবরাহ বজায় রাখা, যানবাহন চলাচল, টেলিফোন ইত্যাদির সুষ্ঠু পরিচালনার ব্যাপারেও হোমগার্ড বাহিনীর

ছেলে মেয়েদের নিয়োগ করা হয়। হোমগার্ডের ছেলেরা ভিক্টোরিয়া মেমোরিয়াল, খাদ্য কর্পোরেশনের গুদাম ইত্যাদি গুরুত্বপূর্ণ স্থানে প্রহরার কাজও করেন। বর্ডার উইং হোমগার্ড বাহিনী ভারত-বাংলাদেশ সীমান্তে সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে কাজ করে চলেছেন। সীমান্ত পথে চোরাচালান, বে-আইনি অনুপ্রবেশ ইত্যাদির বন্ধে এই হোমগার্ড বাহিনীর ভূমিকা অনস্বীকার্য।

বর্তমানে বাঁকুড়া জেলা বাদে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার গুরুত্বপূর্ণ স্থানগুলিই অসামরিক প্রতিরক্ষার আওতাভুক্ত রয়েছে এবং পশ্চিমবঙ্গের সকল জেলাতেই হোমগার্ড বাহিনী গড়ে তোলা হয়েছে। এই দুই বাহিনীর স্বেচ্ছাসেবকদের নিয়মিত প্রশিক্ষণের জন্য রাজ্যের গুরুত্বপূর্ণ অঞ্চলগুলিতে কয়েকটি শিক্ষায়তন স্থাপনের প্রস্তাব আমরা কেন্দ্রীয় সরকারের নিকট পেশ করেছি। সুস্থ সবল বাহিনী গড়ে তোলায় প্রশিক্ষণের গুরুত্ব অস্বীকার করা যায় না। অতএব, আমরা আশা রাখি, কেন্দ্রীয় সরকার এই প্রস্তাব অনুমোদন করবেন।

এই মোট ব্যয় বরাদ্দের মধ্যে নিম্নলিখিত ব্যায় বরাদ্দসমূহ সংযোজিত হয়েছে —

| | | | | টাকা |
|---|---|---|---|---|
| (১) | ভিজিল্যান্স | ... | ... | ৩৭,৬৩,০০০ |
| (২) | বিশেষ তদন্ত কমিশন | ... | ... | ১০,৮৬,০০০ |
| (৩) | সেন্সাস | ... | ... | ১৮,৯৪,০০০ |
| (৪) | গেজেটিয়ার ও স্ট্যাটিস্টিক্যাল মেমোয়ার্স | | ... | ৫,৭৩,০০০ |
| (৫) | ভাইটাল স্ট্যাটিস্টিক্স | ... | ... | ৬৮,০০০ |
| (৬) | রেন্ট কন্ট্রোল | ... | ... | ২২,৭০,০০০ |
| (৭) | মোটর গ্যারেজ, ইত্যাদি | ... | ... | ১,৩২,৭০,০০০ |
| (৮) | গেস্টহাউসেস, গভর্নমেন্ট হোস্টেলস, ইত্যাদি | | ... | ১,৪৮,০০০ |
| (৯) | ব্যুরো অফ ইমিগ্রেশন | ... | ... | ৩,১৮,০০০ |
| (১০) | অ্যাডমিনিস্ট্রেশন অফ সিটিজেনসিশ অ্যাক্ট | | ... | ৬,৬৬,০০০ |
| (১১) | ট্রেনিং | ... | ... | ৯,৫৪,০০০ |
| (১২) | স্টেট প্ল্যান (ষষ্ঠ পরিকল্পনা ট্রেনিং) | ... | ... | ১৭,০০,০০০ |
| (১৩) | জাতীয় স্বেচ্ছাসেবী বাহিনী | ... | ... | ১,৫৫,০৪,০০০ |

| | | | |
|---|---|---|---|
| (১৪) স্টেট লটারিজ | ... | ... | ৭,১৫,০০০ |
| (১৫) স্কলারশিপ জাতীয় সামরিক শিক্ষার্থী | ... | ... | ১২,০০০ |
| (১৬) অন্যান্য খরচ | ... | ... | ৩,৫০,০০০ |

উপরিউক্ত বিষয়গুলির সঙ্গে অসামরিক প্রতিরক্ষা বিভাগে সরাসরি যুক্ত নয়। "২৬৫ — অপর প্রশাসন কৃত্যক" মুখ্য খাতের অন্তর্ভুক্ত বলে উক্ত ব্যয় বরাদ্দসমূহের মঞ্জুরির প্রস্তাব একসাথে করা হয়েছে।

অন্যান্য বৎসরের মতো এইবারও হোমগার্ড ও অসামরিক প্রতিরক্ষা বাহিনী গত ২৩শে জানুয়ারি নেতাজীর জন্মদিবস উপলক্ষে এক বর্ণাঢ্য পথ কুচকাওয়াজে সামিল হন।

এই কটি কথা বলে মাননীয় সদস্যগণের নিকট এই ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য সমর্থন চাইছি।

**শ্রী মলিন ঘোষ :** স্যার, মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করলেন আমি তা সমর্থন করছি। যারা শোনবার তারা কেটে পড়েছে। আমি আপনার কাছে আবেদন করব নিয়োগ করার ব্যাপারে যে সর্বদলীয় কমিটি করার কথা ছিল সেটা আপনি করুন। আশা করব ব্যাপকভাবে হাসপাতাল এবং অন্যান্য প্রশাসনিক কাজে যাতে হোমগার্ড নিয়োগ করা হয় তার ব্যবস্থা করবেন। দুঃস্থ মহিলা যারা ট্রাফিক কন্ট্রোল করছে তাদের মতন এই রকম জিনিস আর কোনও রাজ্যে নেই। এই বাজেট সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** স্যার, যে বাজেট মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন সেটা আমি সমর্থন করছি। বন্যা এবং অন্যান্য সময়ে এই হোমগার্ডের কাজ অত্যন্ত প্রশংসনীয় হয় এবং তারা অত্যন্ত তৎপরতার সঙ্গে কাজ করে। সেজন্য তাদের সাধুবাদ জানিয়ে আমি শেষ করছি।

**শ্রী রাম চ্যাটার্জি :** স্যার, মাননীয় সদস্যরা যে আমাকে সাধুবাদ জানিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। তবে এটা এই সরকারের কৃতিত্ব, কারণ এই সরকার মানুষের জন্য করে। সেজন্য বামফ্রন্ট সরকারের যত বিভাগ আছে সব বিভাগই এগিয়ে চলেছে। ভবিষ্যতে আমরা এমন দৃষ্টান্ত রাখব যাতে কংগ্রেস যেখানে রাজত্ব করছে সেখানে তারা আমাদের রাস্তা — যে রাস্তা শান্তির রাস্তা — গ্রহণ করবে। মানুষের ভাল করার চেষ্টা আমরা করছি। সঙ্গে সঙ্গে একটা কথা বলব পশ্চিমবাংলা একমাত্র দেশ যেখানকার হোমগার্ড এবং সিভিল ডিফেন্সের লোকেরা সবচেয়ে বেশি মাইনে পায়, মজুরি ও ভাতা পায়। আমরা চেষ্টা করছি তাদের আরও ভালভাবে কাজে লাগাবার। আগেকার যে সরকার ছিল তারা প্রতিটা হাসপাতালে টাউট রেখেছিল যারা কর্তৃপক্ষের সঙ্গে এক সঙ্গে কাজ করত। এক্স-এর প্লেট করতে যেখানে ১৩ টাকা লাগত সেখানে ৯ টাকায় তা হয়ে গিয়ে একটা বন্দোবস্ত করত। সেজন্য সেখানে আমরা হোমগার্ড দেবার ব্যবস্থা করেছি। বালিগঞ্জের ৪তলা অট্টালিকা থেকে মেয়েরা এসে এই

কাজ করছে। সুতরাং পশ্চিমবাংলার মেয়েরা কারুর চেয়ে কম নয়। সেজন্য এই সাধুবাদ তাদের প্রাপ্য। এ দেশে কটুক্তি করার লোক কমে যাচ্ছে। কারণ একটু আগে তাঁরা যা করলেন তাতে এটাই তাঁদের শেষ। এখন তাঁরা পাঞ্জা লড়ছেন, কিন্তু সেই পাঞ্জা ভাঙতে হবে। খট খট করে আওয়াজ হল দেখা গেল পিস্তল-এ যেমন রামায়নে ছিল গরু সামনে রেখে লড়াই, ঠিক সেই রকম মেয়েদের সামনে রেখে লড়াই তাঁরা করবেন। সেজন্য বলছি, আঁচল ধরে যাঁরা এখন রয়েছেন, তাঁরা চিরকালই আঁচল ধরে থাকবেন, একথা ভাববেন না। আপনারা তাঁদের দিকে একটু ভাল করে নজর দিন। তাঁরা সহজে শান্ত হবার নন, তাঁরা বলছেন, প্রয়োজনে পিস্তল ধরতে জানি। আজকে যে ঘটনা ঘটেছে, তার দ্বারা ওঁরা প্রমাণ করতে চান — "দেখ, আমরা এখন কত বেশি সংগঠিত, ভাল পিস্তল আমরাও কাছে রাখতে জানি"। মহিলাদের হাতে তাই আমরা পিস্তল দেখতে পাচ্ছি। আমাদের সেজন্য আরও বেশি করে অ্যালার্ট থাকতে হবে যাতে করে আর বেশি কিছু ওঁরা না করতে পারেন। সেজন্য সাধুবাদ এই জন-প্রতিনিধিরা সেদিনই পাবেন, যেদিন তাঁরা ঐ মহিলাদের দ্বারা কাজ হাসিলের চক্রান্তকারীদের চক্রান্ত ব্যর্থ করতে সমর্থ হবেন। তার আগে সাধুবাদ তাঁরা পেতে পারেন না। সেজন্য ধন্যবাদ প্রাপ্য তাঁদেরই, যাঁরা আমাদের ইলেকটেড করিয়েছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ram Chatterjee that a sum of Rs. 12,32,84,000 be granted for expenditure under **Demand No.27, Major Head : "265 — Other Administrative Services"**, was then put and agreed to.

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** আজকে যে ঘটনা ঘটে গেছে, তার উপরে আগে আমি আমার বক্তব্য রেখেছি। ঘটনা যখন ঘটেছিল, তখন আমি হাউসে ছিলাম না। তবে পাশে আমার ঘরে বসে ফোনে শুনেছিলাম যে, ফোনে মাননীয়া সদস্যা শ্রীমতী সুব্বা একজন ফটোগ্রাফারকে একটি ক্যামেরা আনবার জন্য বলেছিলেন। সেই ক্যামেরাটি অবশ্য সীজ করা হয়েছে। আমি মনে করি যে, এই ঘটনার দ্বারা সভার অধিকার ভঙ্গ করা হয়েছে। এ ব্যাপারে আমি এবং মাননীয় সদস্য শ্রী সুমন্তকুমার হীরা মহাশয় আপনার কাছে অধিকার ভঙ্গের একটি প্রস্তাব দিয়েছি, আশা করি, আপনি সে প্রস্তাব গ্রহণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

## Adjournment

The House was then adjourned at 7.18 p.m. till 1 p.m. on Thursday, the 19th March, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 19th March, 1981 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 141 Members.

[1-00 — 1-10 p.m.]

**(Starred Questions)**
**(to which written answers were laid on the Table)**

**Manning of Mechanised fishing boats**

***416.** (Admitted question No.*146.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) if it is a fact there is want of adequate number of trained skippers and engine drivers for manning of mechanised fishing boat under coastal fishing schemes ; and

(b) if so, the steps taken by the State Government to provide adequate number of trained skippers and engine drivers for the mechanised fishing boats ?

**Minister-in-charge of Fisheries Department :**

(a) No.

(b) The question does not arise.

*416.

(Noise)

**Selection of doctors by P.S.C.**

***417.** (Admitted question No.*321.) **Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Health and Family Wel-

fare Department be pleased to state—

(a) the number of doctors selected by the Public Service Commission during the tenure of the present Government (up to January, 1981); and

(b) the number of such doctors who have, during the period mentioned above, joined the posts offered to them by the Government?

**Minister-in-charge of the Health & F. W. Deptt.**

(a) 1136

(b) 388

(Noise and interruption)

**তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য হস্টেল নির্মাণ**

*৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৬।) **শ্রী গোপাল মন্ডল:** তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য সরকার কর্তৃক নির্মিত হস্টেলের সংখ্যা কত;

(খ) এর মধ্যে কয়টি ১৯৭৭ সালে বর্তমান সরকার গঠিত হবার পর প্রতিষ্ঠিত হয়েছে; এবং

(গ) এগুলিতে কতজন ছাত্র-ছাত্রী আছে?

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

৯টি।

প্রাথমিক স্তরের আশ্রম হোস্টেল সমেত ৩২টি হোস্টেল নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

আনুমানিক ৩৬০ জন।

**জনসংখ্যা অনুপাতে ডাক্তারের সংখ্যা**

*৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে জনসংখ্যা অনুপাতে ডাক্তারের সংখ্যা কত ;

(খ) মফস্বল এলাকার হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের বর্তমান মোট শূন্যপদের সংখ্যা কত ; এবং

(গ) ১৯৭৯-৮০ সালে এ রাজ্যে জনস্বাস্থ্য খাতে মাথাপিছু ব্যয়ের পরিমাণ কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রতি ১৭০০ জনে একজন ডাক্তার আছেন।

(খ) ৪৫৮।

(গ) ৩১ টাকা।

**দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের চাষযোগ্য জমি**

*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩১।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের চাষযোগ্য জমির কিছু অংশ উপজাতিরা দখল ক'রে নিয়েছে এরূপ কোনও সংবাদ রাজ্য সরকারের আছে কি ;

(খ) যদি থাকে, উক্ত জমির পরিমাণ কত ; এবং

(গ) দণ্ডকারণ্য প্রকল্পে বর্তমানে উদ্বাস্তুদের সংখ্যা কত ?

**উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) ৫ শত ৪৩ একর জমি।

গ) দণ্ডকারণ্য প্রকল্পে বর্তমানে উদ্বাস্তু পরিবারের সংখ্যা ২৪ হাজার ৯ শত ৯৫ যার মধ্যে ২ হাজার ১৬টি পরিবার পুনর্বাসনের প্রতীক্ষায় আছে।

**ভাটপাড়া স্টেট হাসপাতাল**

*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৫।) **শ্রী নীহারকুমার বসু ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভাটপাড়া স্টেট হাসপাতালে ক্রমবর্ধমান রোগীর চিকিৎসার সুবিধার্থে ঐ হাসপাতাল কর্তৃপক্ষ হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি ও গৃহ সম্প্রসারণের জন্য কোনও পরিকল্পনা সরকারের কাছে পেশ করেছেন কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন।

## কোচবিহার জেলায় ফিশারী এক্সটেনশন অফিসারের শূন্যপদ

*৪২২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬০।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** মৎস্য বিভাগের বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কোচবিহার জেলার কোনও কোনও ব্লকে কতগুলি এফ ই ও (ফিশারী এক্সটেনশন অফিসার)-এর পদ শূন্য আছে ; এবং

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) মৎস্য চাষ প্রকল্পের জন্য নির্দিষ্ট ফিশারী ব্লকগুলিতে বর্তমানে ফিশারী এক্সটেনশন ব্লকগুলিতে বর্তমানে ফিশারী এক্সটেনশন অফিসারের কোনও পদ শূন্য নাই। তবে কোচবিহার জেলায় ডিস্ট্রিক্ট ট্রেনিং সেন্টার প্রকল্পের অধীন সৃষ্ট দুইটি পদের মধ্যে একটি পদ বর্তমানে শূন্য আছে।

খ) উপযুক্ত শিক্ষিত প্রার্থীদের তালিকার জন্য কর্ম বিনিয়োগ কেন্দ্রকে অনুরোধ করা হইয়াছে। উক্ত তালিকা পাওয়া গেলে অন্যান্য শূন্য পদগুলির সঙ্গে উপরোক্ত শূন্য পদ পূরণের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা লওয়া হইবে।

## ফোর্ট গ্লস্টারে হাসপাতাল নির্মাণ

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৭।) **শ্রী রাজকুমার মন্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার অন্তর্গত বাউড়িয়া থানার ফোর্ট গ্লস্টারে একটি হাসপাতাল নির্মাণ করার জন্য পাঁচ বিঘা জমি সরকারকে হস্তান্তর করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, কবে উক্ত জমি হস্তান্তর করা হয় ; এবং

(গ) কতদিনে উক্ত নির্মাণকার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) না।

খ) এবং গ) প্রশ্ন ওঠে না।

**পূর্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তু নাগরিকদের সম্পত্তির ক্ষতিপূরণ**

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যের "উদ্বাস্তু" নাগরিকরা যাতে অতীতের পূর্ব পাকিস্তান এবং অধুনা বাংলাদেশে ফেলে আসা সম্পত্তির ক্ষতিপূরণ পেতে পারেন সে বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সাথে কোনও যোগাযোগ করেছেন কি ; এবং

(খ) সাম্প্রতিককালে কেন্দ্রীয় সরকার এ সম্পর্কে রাজ্য সরকারকে কিছু অবহিত করেছেন কি?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) না।

**সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস**

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৯।) **শ্রী সরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কর্মরত ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, তবে শুধু মেডিক্যাল কলেজগুলির শিক্ষকদের নিয়ে নন্ প্র্যাকটিসিং টিচিং ক্যাডার করার পরিকল্পনা বিশেষভাবে সরকারের বিবেচনাধীন আছে।

**বাঁকুড়া জেলার "কুর্মী" সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি**

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৪।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** তফসিলি জাতি ও

আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার "কুর্মী সম্প্রদায়ের ছেলেমেয়েরা স্কুলে ছাত্রবৃত্তি ও অন্যান্য অনুদান পায় কি ; এবং

(খ) না পাইয়া থাকিলে,—

(১) পূর্বে উক্ত ব্যবস্থা চালু ছিল কি,

(২) কোন সাল হইতে উক্ত ব্যবস্থা বন্ধ হইয়াছে,

(৩) তার কারণ কি, ও

(৪) উক্ত ব্যবস্থা পুনরায় চালু করা হইবে কি?

**তফসিলি জাতি ও আদিবাসি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(১) ছিল।

(২) ১৯৬৩-৬৪ সাল হইতে।

(খ) (৩) ভারত সরকারের নির্দেশক্রমে

(৪) বর্তমানে কোনও প্রস্তাব নাই।

**পুরুলিয়ার সদর হাসপাতালের শয্যাসংখ্যা**

*৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫২।) **শ্রী শান্তিরাম মাহাতো ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সদর হাসপাতালে শয্যাসংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকর করা হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) এখন বলা সম্ভব নয়।

## চিংড়ি উৎপাদন

***৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৪।) শ্রী জন্মেজয় ওঝা ঃ** মৎস বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গ থেকে কত টাকার কত পরিমাণ চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছে ;

(খ) গলদা ও বাগদা চিংড়ি উৎপাদনের জন্য কোথায় কোথায় এবং কি কি প্রকল্প আছে ;

(গ) ১৯৮০ সালে এইসব প্রকল্পের মাধ্যমে উৎপাদনের পরিমাণ কত ; এবং

(ঘ) মেদিনীপুর জেলার কেলেঘাই নদীর পুরাতন খাতে গলদা চিংড়ি এবং রসুলপুর ও হলদী নদীর উভয় পার্শ্বে বাগদা চিংড়ি উৎপাদনের কোনও প্রকল্প রাজ্যসরকার গ্রহণ করছেন কি না?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) ১৯৮০ সালে ২০.১৪ কোটি টাকা মূল্যের ৪,০০০ মেট্রিক টন চিংড়ি পশ্চিমবঙ্গ থেকে বিদেশে রপ্তানি হয়েছে।

খ) বাগদা চিংড়ি উৎপাদনের জন্য সরকারি প্রকল্পগুলি নিম্নরূপ ঃ

১) বেসরকারি মালিকানাধীন জলাশয়ে চিংড়ি উৎপাদনের জন্য সরকারি অনুদান প্রকল্পে চাষের খরচের শতকরা ২৫ ভাগ অনুদানের ব্যবস্থা আছে। বাকি অর্থের জন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি হইতে ঋণের সুব্যবস্থা আছে।

২) ২৪ পরগনা জেলায় হেনরী আইল্যান্ডে ৫০০ হেক্টর এলাকা পরিবৃত একটি আদর্শ খামার করার কাজ সমাপ্তির মুখে। রাজ্য মৎস্য উন্নয়ন কর্পোরেশন এই প্রকল্প রূপায়িত করিতেছেন।

৩) এছাড়া রাজ্য মৎস্য উন্নয়ন কর্পোরেশনের নিজস্ব আলমপুর, দীঘা, ফ্রেজারগঞ্জ প্রকল্প হইতেও রপ্তানিযোগ্য চিংড়ির উৎপাদন হয়ে থাকে।

৪) নোনা জলের মাছ বিশেষত বাগদা চিংড়ির চাষ সম্পর্কিত প্রশিক্ষণ প্রকল্পে দুইটি কেন্দ্রে সরকারি মৎস্যচাষীদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা আছে।

গলদা চিংড়ি সম্বন্ধে এখন পর্যন্ত কোনও পরিকল্পনা লওয়া হয় না।

গ) ১২০০ মেট্রিক টন।

ঘ) না।

**চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কোবাল্ট মেশিন**

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৮।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কোবাল্ট মেশিনটি প্রায়শই অচল অবস্থায় থাকে ;

(খ) সত্য হইলে, কারণ কি ; এবং

(গ) মেশিনটিকে সচল রাখিবার জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) মেশিনটি অতি পুরাতন, সেইজন্য এবং মাঝে মাঝে খারাপ হইয়া যায়।

(খ) বর্তমানে মেশিনটি চালু অবস্থায় আছে।

**Employment on daily rate basis**

***430.** (Admitted question No.*1849.) **Shri Krishnadas Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Labour Department has any information about the Government Departments and Directorates where workers are being employed on daily rate basis throughout the year for doing regular whole-time works ; and

(b) if so,—

(i) the total number of such workers employed as on 31st January, 1981, and

(ii) the reasons for not creating the posts on regular establishments in such cases ?

**Minister-in-charge of Labour Deptt.**

(a) and (b)

Figures are not readily available.

Necessary materials are being collected.

**দাসপুর ১নং ব্লকে সেকেন্ডারী উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ**

***৪৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৬।) **শ্রী মনোরঞ্জন রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর ১নং ব্লকের সেকেন্ডারী উপ-স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণ কাজ শুরু হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে,—

(১) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রস্তাবিত ব্যয় কত,

(২) এই উপ-স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণের জন্য কত টাকা সর্বসাকুল্যে ব্যয়বরাদ্দ বর্তমান আর্থিক বৎসরে রাখা হয়েছে, ও

(৩) কতদিনে এই নির্মাণ-কার্য শেষ হ'তে পারে ব'লে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) (১) ৬, ১১, ৪১৩ টাকা

(২) ৩,০০,০০০ টাকা

(৩) সঠিক বলা সম্ভব নয়।

**ডায়মন্ড হারবার মহকুমায় অনাথ আশ্রম**

***৪৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৭।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মন্ড হারবার মহকুমাতে সরকারি সাহায্যে ১৯৮০ সালের ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি অনাথ আশ্রম চালু আছে ; এবং

(খ) উক্ত আশ্রমগুলি কোথায় কোথায় অবস্থিত?

**ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) সরকারি সাহায্যে উক্ত সময় পর্যন্ত মাত্র ৩টি (তিন) অনাথ আশ্রম (বেসরকারি) চালু আছে।

খ) উক্ত আশ্রমগুলির অবস্থান নিম্নরূপ ঃ-

১) বঙ্গভারতী মিহির স্মৃতি সেবাশ্রম
নারায়নপুর, নামখানা, ২৪-পরগনা।

২) প্রবর্তক আশ্রম
ফ্রেজারগঞ্জ, ২৪-পরগনা।

৩) সারদা রামকৃষ্ণ সেবাশ্রম
(শিশু ও মহিলা)
মর্জাদা, পোঃ হোটর, মগরাহাট
২ নং ব্লক, ২৪-পরগনা।

**উত্তরবঙ্গে মানসিক চিকিৎসালয় স্থাপনের প্রস্তাব**

*৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৩।) **শ্রী মনোহর তিরকী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর বাংলায় ‘‘মানসিক চিকিৎসা’র জন্য হাসপাতাল স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত হাসপাতাল কোথায় স্থাপন করা হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) না।

খ) প্রশ্ন ওঠে না।

**রাজনগর উপ-স্বাস্থ্যকেন্দ্রে গৃহনির্মাণ**

*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭০।) **শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন ১নং ব্লকে রাজনগর উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণের কাজ বর্তমানে কি পর্যায়ে রহিয়াছে ;

(খ) বর্তমানে এই গৃহনির্মাণ বাবত কত টাকা ধার্য করা হইয়াছে ; এবং

(গ) এই গৃহনির্মাণের জন্য কোন বছর প্রথম টেন্ডার আহ্বান করা হয়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) কাজ এখনও পর্যন্ত শুরু করা যায়নি।

খ) ৪,০২,২০০ টাকা।

গ) ১৯৭৫ সালে।

**আগরপাড়া নেতাজী সেবায়তনে সরকারি অনুদান**

***৪৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৩।) **শ্রী সন্দীপ দাস :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার আগরপাড়ার আর্তত্রাণ সমিতি পরিচালিত নেতাজী সেবায়তনকে কোনও সরকারি অনুদান দেওয়া হয় কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হ'লে, গত তিন বৎসরের গড় অনুদানের পরিমাণ কত ; এবং

(গ) ঐ অনুদান বাড়ানোর কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) হ্যাঁ।

খ) গত তিন বৎসরের গড় অনুদানের পরিমাণ ৩০০০ টাকা।

গ) বর্তমানে নেই।

**দি সোসাইটি ফর চাইল্ড হেল্থ অ্যান্ড কমিউনিটি ওয়েলফেয়ারে কর্মচ্যুত কর্মী**

***৪৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২২১৬।) **শ্রী কিরণময় নন্দ :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলকাতার দি সোসাইটি ফর চাইল্ড হেল্থ অ্যান্ড কমিউনিটি ওয়েলফেয়ার এবং ইহার অন্তর্ভুক্ত অলকেন্দু বোধ নিকেতনের ১৫।২০ বৎসরের কর্মরত ৩০।৩৫ জন কর্মী কর্মচ্যুত হয়েছেন ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) ২১ জন কর্মীর কর্মচ্যুতি এবং অন্য কয়েকটি বিষয় সম্পর্কে একটি শিল্পবিরোধ বিবেচনাধীন আছে এবং মীমাংসা প্রচেষ্টা চালু আছে।

## Piped Water Supply Scheme in Midnapore town

***439.** (Admitted question No.*2023.) **Shri Haripada Jana (Bhagabanpur) :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the Government has sanctioned a piped water supply scheme for the supply of water in Midnapore Town ; and

(b) if so,—

(i) the estimated cost of the scheme, and

(ii) when the scheme is expected to be completed ?

**Minister-in-charge of Health and Family Welfare Deptt.**

a) No.

b) does not arise.

## প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ পরিকল্পনা

*৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৪।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল ; এবং

(খ) উহার মধ্যে পুরুলিয়া জেলার কোথায় কোথায় স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ২০টি।

উপ-স্বাস্থ্যকেন্দ্র—৫০টি।

(খ) নিম্নোক্ত স্থানগুলিতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

**প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

| | ব্লক | স্থান |
|---|---|---|
| ১। | সান্তুরী | মুরাডি |
| ২। | নেতুড়ী | হাড়মাডি |

**উপ-স্বাস্থ্যকেন্দ্র**

| | ব্লক | স্থান |
|---|---|---|
| ১। | নেতুরী | রায়বাঁধ |
| ২। | ঝালদা নং ২ | খাতাঙ্গা |
| ৩। | জয়পুর | সিধি |
| ৪। | মানবাজার নং ২ | জামতোড়িয়া |

**ময়নাগুড়ি থানায় "ভূরুঙ্গের বাড়ি" উপ-স্বাস্থ্যকেন্দ্র**

*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৭।) **শ্রী তারকবন্ধু রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়নাগুড়ি থানায় "ভূরুঙ্গের বাড়ি" উপ-স্বাস্থ্য কেন্দ্রে শয্যা মঞ্জুর হইয়াছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে,—

(১) মঞ্জুরীকৃত শয্যার সংখ্যা কত ;

(২) উহা কত দিন পূর্বে মঞ্জুরি পাইয়াছে, ও

(৩) উহা কত দিনে চালু হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) চার।

(২) ১৯৭৫ সালে।

(৩) ঐরূপ যে সমস্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সংখ্যা বৃদ্ধি মঞ্জুর হয়েছে সেই সব স্বাস্থ্যকেন্দ্রে রান্নাঘরের ব্যবস্থা করার পর বর্দ্ধিত শয্যা চালু করার প্রস্তাব বিবেচনাধীন আছে। ঠিক কবে ঐ শয্যাগুলি চালু করা যাবে তা এখনই বলা সম্ভব নয়।

**প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স সরবরাহ**

*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৫।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অ্যাম্বুলেন্সবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স দেবার কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) অ্যাম্বুলেন্স ঘাটতি মেটানোর জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রয়োজনানুসারে এবং আর্থিক ও সঙ্গতি অনুযায়ী পর্যায়ক্রমে।

(খ) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স দেবার প্রস্তাব বিবেচনা করা হয়।

**বর্ধমান শহরে জেলা হাসপাতাল স্থাপন পরিকল্পনা**

*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৩।) **শ্রী রামনারায়ণ গোস্বামী ও শ্রী নিখিলানন্দ সর ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান শহরে বা শহর-সংলগ্ন এলাকায় জেলা হাসপাতাল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, পরিকল্পনাটি রূপায়ণের বিষয় বর্তমানে কোন স্তরে আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ হয়েছে। হাসপাতাল নির্মাণের প্ল্যান ও এস্টিমেট সরকারের প্রধান স্থপতির বিবেচনাধীন আছে।

**আসানসোল খনি অঞ্চলে জল সরবরাহ প্রকল্প**

*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৪।) **শ্রী সুনীল বসুরায় ঃ** স্বাস্থ্য ও পরিবার

কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল খনি অঞ্চলে জলসরবরাহ প্রকল্পের কাজ সমাপ্ত হইয়াছে কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর 'না' হইলে, উক্ত প্রকল্পের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) কবে নাগাত উক্ত প্রকল্পের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) কয়লাখনি অঞ্চলের জলসরবরাহ প্রকল্পের প্রথম অংশের কাজ সমাপ্ত হয়েছে, দ্বিতীয় অংশের কাজে হাত দেওয়া হয়েছে এবং তৃতীয় অংশের কাজ আংশিকভাবে রূপায়িত হয়েছে।

(গ) বর্তমানে তা বলা সম্ভব নয়।

[1-10 – 1-20 p.m.]

**Shri Naba Kumar Ray :** (Rose to speak)

**Shri Nirmal Kumar Bose :** Question hour এ কোনও প্রিভিলেজ আসতে পারে না।

(Noise)

(Not called)

(Noise)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** গেট বন্ধ করে রাখা হয়েছে, এইভাবে গেট বন্ধ করে রাখলে আমরা আসবো কি করে? সেটা আমি জানতে চাই।

**মিঃ স্পিকার ঃ** কোনও গেট বন্ধ করে রাখা হয়নি। Question hour এ কোনও প্রিভিলেজ চলবে না, আপনারা বসুন।

**Dr. Zainal Abedin :** Sir, I appeal to you to allow me to make a submission. You have been pleased to expel one of the members of this House, Mrs. Renu Leena Subba yesterday. But expulsion of a member from the service of the House does not disallow her to enter

the precincts of the House.

**Mr. Speaker :** 'House includes the precincts of the House'. That is my order.

**Dr. Zainal Abedin :** Sir, it is beyond the jurisdiction of the Speaker.

**Mr. Speaker :** You ask Mr. Kashi Kanta Maitra in a similar situation I had to take my salary from outside the gate. The members of the staff of the Assembly went out to give my salary. Moreover, I have given my ruling that the House includes the precincts of the House.

## POINT OF ORDER ON SUSPENSION OF ANMEMER

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** স্যার, নো পয়েন্ট অব অর্ডার ক্যান বি রেইজ্ড ডিউরিং দি কোয়েশ্চেন আওয়ার।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আমার পয়েন্ড অব অর্ডার হচ্ছে, গতকাল আপনি যে রুলিং দিয়েছেন.........

**শ্রী নির্মলকুমার বসু ঃ** গতকালের ব্যাপার আজকে কেন আলোচনা হবে?

**মিঃ স্পিকার ঃ** আমি কোয়েশ্চেন ডেকেছি, কাজেই কোয়েশ্চেন হয়ে যাক। আপনি কি বলতে চান আমি যে কোয়েশ্চেন ডেকেছি সেটা রং?

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** সরকার পক্ষের সদস্যের গলাবাজি করে কিছু করতে পারবেন না, আমাকে বলতে দিতে হবে। আপনি যদি আমার পয়েন্ট অব অর্ডার ডিসঅ্যালাউ করেন আমার কিছু বলার নেই। কিন্তু আমার বক্তব্য বলতে দেবেন তো।

**মিঃ স্পিকার ঃ** কালকের ব্যাপারে কোনও বক্তব্য রাখা চলবেনা।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আমার বক্তব্য হচ্ছে এত পুলিশ দিয়ে বিধানসভা ঘিরে রাখা হয়েছে কেন? এরকম ব্যাপার তো আগে কখনও দেখিনি। আমাদের আসতে দিচ্ছেন না। আমরা তো কারুর দয়ায় এখানে আসিনি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আসতে না দিলে এখানে এসে বললেন কি করে?

**মিঃ স্পিকার ঃ** আমি ১টা বাজার আগে এখানে এসেছি এবং আপনাদের সকলকে

এখানে এসে পেয়েছি। সুতরাং আমি আপনার পয়েন্ট অব অর্ডার অ্যাকসেপ্ট করছি না।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আমাদের কেন এইভাবে হাউসে ঢুকতে হবে সেটা আপনি বলুন।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের সকলকেই আসতে দেবে এবং আপনারা এসেছেনও। শুধু একজনকে আসতে দেবেন না। আই হ্যাভ হার্ড ইওর পয়েন্ট অব অর্ডার। অল দি গ্যালারিস আর ফুল। পিপল আর কামিং।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথা না বললে পয়েন্ট অব অর্ডার বলা যাবে না। আপনি আমাকে কথা বলতে দিন। গতকাল আপনি একটা সিদ্ধান্ত নিয়েছেন। আমরা আপনার সেই সিদ্ধান্ত সম্বন্ধে কিছু বলতে চাই না। কিন্তু.......

**Shri Kashi Kanta Maitra :** We must take judicial notice of that important decision of the Hon'ble Speaker made after a short speech given by the Leader of the House, the Hon'ble Chief Minister, during our business yesterday. When you declared your decision that Shrimati Renu Leena Subba had to be suspended for 8 weeks we had immediately.....

**মিঃ স্পিকার ঃ** No., No, You cannot raise that now. **(Noise)** আপনি স্পিকারের রুলিংয়ের উপর কিছু বলতে পারেন না। Speaker's ruling cannot be questioned.

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনার রুলিংয়ের উপর কিছু বলছি না। আপনার সম্পূর্ণ এক্তিয়ার আছে। কিন্তু আমার পয়েন্টটা বলবার পর আপনি বলে দিন যে আমার পয়েন্ট অব অর্ডার ইজ আউট অব অর্ডার। আপনার রুলিংয়ের উপর আমি কোনও রকম কটাক্ষ করছি না। আপনি আগে শুনুন তাহলে বুঝতে পারবেন আমি কি বলতে চাই। গতকাল আপনার সিদ্ধান্ত ছিল শ্রীমতী সুব্বাকে বহিষ্কারের ব্যাপারে। এবং এই ব্যাপারে বিভিন্ন বিধানসভার সদস্যরা বিষয়টি বিবেচনা করার জন্য আবেদন রেখেছিলেন এবং আপনাকে অনুরোধ করেছিলেন যে এটা করতে গেলে আমাদের যে রুলস অব বিসনেস-এর ধারা অনুযায়ী আপনি দু এক দিনের জন্য সাসপেন্ড করতে পারেন আপনার ক্ষমতা আছে। কিন্তু.......

**মিঃ স্পিকার ঃ** আপনার পয়েন্ট অব অর্ডারটা বলুন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, পয়েন্ট অব অর্ডার হচ্ছে না। আপনার রুলিংকে ক্রিটিসিজম করার ওনার কোনও অধিকার নেই।

**মিঃ স্পিকার ঃ** আপনাকে বার বার বলছি আপনার স্পিকারের রুলিংকে ক্রিটিসিজম করার কোনও অধিকার নেই।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** স্যার, আমি আপনাকে বলছি এই হাউসে কোনও প্রিসিডেন্ট নেই।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতি বসুর বিরুদ্ধে যখন ডিটেনশন অর্ডার ছিল তখন তিনি এই বিধানসভায় আশ্রয় নিয়েছিলেন এবং তৎকালীন স্পিকার তার সমস্ত মর্যাদা রক্ষা করার জন্য তাঁকে বিধানসভায় থাকতে দিয়েছিলেন, পুলিশকে গ্রেপ্তার করতে দেননি। তিনি এই অধিকার অর্জন করেছিলেন তাঁর নিজের জোরে নয়। এটা গণতান্ত্রিক মৌল অধিকার মৌল নীতি। দীর্ঘ দিন সংগ্রাম করে পৃথিবীর বিভিন্ন দেশের মানুষ লড়াই করে বিধানসভার পার্লামেন্টের সদস্যরা এই অধিকার অর্জন করেছিলেন। আজকে দেখেছি বিধানসভায় ঢোকবার আগে দরজার পথে এবং চারিধারে পুলিশ। এটা হতে পারে না কখনই হতে পারে না। এবং আপনাকে বলছি সাসপেন্ড আপনি হয়েছেন আমি হয়েছি আরও অনেকে হয়েছেন ১৯৬৬ সালের খাদ্য আন্দোলনের আগে। কিন্তু কোনও দিন এই জিনিস হয়নি যে বিধানসভার চারিধার বন্ধ করে দিয়ে লবীতে কাউকে ঢুকতে দেওয়া হচ্ছে না। এ জিনিস কখনও হয়নি। আমি আপনাকে বলছি।

(গোলমাল)

আপনি ভুলে যাচ্ছেন জ্যোতিবাবু জানেন এই বিধানসভায় পিছন থেকে বাক্স ভর্তি করে ডিম এনে ছুঁড়ে মারা হয়েছিল শ্রীমতী সুধা দত্তকে এবং তার জন্য তিনি প্রিভিলেজ এনেছিলেন। আমি ভুলে যাইনি মাইক ছুঁড়ে মারা হয়েছিল জুতো ছুঁড়ে মারা হয়েছিল।

(গোলমাল)

আপনাদের নেতারাই এই কাজ করেছিলেন, আমরা করিনি—এইটা আপনারা ভুলে যাবেন না।

[1-20 – 1-30 p.m.]

আপনার সিদ্ধান্ত হতে পারে। এটা অদ্ভুত ব্যাপার স্যার, আমি বলছি আপনার সিদ্ধান্ত যখন আপনি দিয়েছেন, আপনাকে আমরা যখন বোঝাতে পারিনি পারসুয়েড করার চেষ্টা করেও ব্যর্থ হয়ে আমরা প্রতিবাদে ঘর থেকে বিরোধী পক্ষরা চলে গেছি। তারপর মুখ্যমন্ত্রী বক্তৃতা করলেন—

**মিঃ স্পিকার :** এটা কালকেকার ঘটনা বলছেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** নো, নো, তার কানেকশনে বলছি, শুনুন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যা আপত্তি আমরা তুলেছিলাম সাবস্টেনটিভ মোশন এবং যে ব্যাপারটায় কোয়েশ্চেন

হ্যাজ পুট, তারপর আপনি কোয়েশ্চেন পুট করলেন এবং আগেকার যে রুলিং—যখন সেই রুলিং দেন যে আট সপ্তাহ পানিশমেন্ট, সেইরুলিং দেবার পর ১৫ মিনিটের মধ্যে শ্রীমতী সুব্বাকে ২০/২৫ জন অ্যাসেম্বলির স্টাফদের দিয়ে আপনি হাউস থেকে তাঁকে বার করে দিলেন এবং তাঁকে গেটের বাইরে নিয়ে যাওয়া হয়। তারপর মাননীয় মুখ্যমন্ত্রী বুঝলেন যে ব্যাপারটা বে-আইনি হয়ে যাচ্ছে এবং তিনি মোলায়েমভাবে ঘুরিয়ে বললেন যে আপনাকে কোয়েশ্চেনটা পুট করতে হবে। সেটা আপনি বিধি সঙ্গত উপায়ে করবেন। আপনি তখন বললেন এটা আট সপ্তাহ্ হওয়া ঠিক নয় কারণ বিধানসভা কতদিন চলবে আমি জানিনা। আমার ধারণা ছিল আট সপ্তাহ্ চলতে পারে সেজন্য টিল দি রিমেন্ডার অফ দি পিরিয়ড সাস্‌পেন্ড করলেন এবং অর্ডার ওয়াজ ক্যারেড আউট। যখন অর্ডারটা ক্যারেড আউট হয়ে গেছে তখন কিন্তু আপনার সাবসিকোয়েন্ট ডিসিসন, সেটা আসেনি। সাবসিকোয়েন্ট ডিসিসনের দ্বারা আর্লিয়ার ডিসিসন স্যুড বি নালিফায়েড। সাবসিকোয়েন্ট ডিসিসন যখন আপনি দিয়েছেন তখন Shrimati Subba was ousted from the House, was dragged out of the House.

**Mr. Speaker :** You are questioning my ruling. You can't do that. You are now doing that. You are not allowed to do that under the Rules of Procedure. But you have done that. I have heard you for two minutes. You are doing that—

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনার ডিসিসন আমি চ্যালেঞ্জ করছি না। কিন্তু আপনার আগেকার যে ডিসিসন হয়ে গেল, পরবর্তী ডিসিসন আপনাকে নস্যাৎ করেছে।

**Mr. Speaker :** You cannot question the speaker's ruling. That is the rule.

**শ্রী জ্যোতি বসু ঃ** মিঃ স্পিকার স্যার, আমার ধারণা ছিল কোয়েশ্চেনের পর এইসব দু-চারটে যা শুনেছি, এইসব ব্যাপারে প্রিভিলেজ উঠবে। এ প্রশ্নগুলো উঠবে। আপনারা যদি বলেন যে এমন একটা ঘটনা হচ্ছে যেখানে কোয়েশ্চেনের দরকার নেই, আমরা স্পিকারকে বলতে পারি কোয়েশ্চেন আজকে স্থগিত রেখে দিন। আমাদের এই সমালোচনা হোক অনেকগুলো আছে—

(গোলমাল)

এটাও আমি বলছি নিয়ম যা আছে এইসব প্রশ্ন কোয়েশ্চেনের পর ওঠে। কিন্তু আপনারা বলছেন এটা একটা বিশেষ অবস্থা। সুতরাং আমরা এখনই অনেক কিছু আলোচনা করতে পারি। কিন্তু বুঝতে পারছি না কেন এত চেঁচামেচি হচ্ছে এবং কি বলতে চাচ্ছি। সেইজন্য আমার মনে হয় আমরা তো অনেক সময় কোয়েশ্চেন স্থগিত রেখে দিই, আমরা সেটা করতে পারি। অবশ্য স্পিকার মহাশয় যদি অনুমোদন করেন এবং সবাই যদি বলেন। যদিও মন্ত্রীরা

উপস্থিত রয়েছেন এবং কয়েকটা প্রশ্নের উত্তর হয়ে গেছে তবুও বাকী প্রশ্নগুলো আমরা স্থগিত রাখতে পারি। দ্বিতীয় কথা কাশীবাবু এটা জানেন, কেন জেনে বললেন আমি জানিনা, আমার সম্বন্ধে উল্লেখ করলেন সুতরাং আমার পার্সোনাল এক্সপ্ল্যানেশন একটা আছে। আমাকে কোনওদিন এই হাউস থেকে বহিষ্কার করা হয়নি এবং কালকে যা ঘটনা ঘটল, এই রকম আমি দেখিনি। অন্যান্য প্রদেশে দেখেছি পুলিশ দিয়ে বার করতে হয়েছে, উত্তর প্রদেশে দেখেছি, কাশ্মীরে দেখেছি এবং সাম্প্রতিককালে অনেক জায়গায় দেখেছি, কিন্তু এটার সঙ্গে কোনও তুলনা হয় না। আমি ভেতরে এসেছিলাম, আমার বাড়িতে পুলিশ ধরতে গিয়েছিল, আমি তখন এসে স্পিকারকে বলি যে এখন অ্যাসেম্বলির সেসন চলছে, আমাকে তো আপনি বহিষ্কার করেননি, এখানে আমাকে আপনি আশ্রয় দিন। আমাকে ওরা ধরবে আমি বাড়ি গেলে। সেজন্য আমি বেরোতে চাইনি।

উনি যা বললেন ঠিক আছে। কিন্তু আজকে এটার সঙ্গে সম্পর্ক নেই, কালকে এখানে যা হল তার সম্পর্ক নেই। তিনি বলছেন বেরব না। তিনি ডিক্লেয়ার করেছেন কাগজের কাছে সেইরকম করতে পারি, ঢুকব, দেখি কি করতে পারে। সেই হিসাবে এটা বলছি প্যারালাল টানবেন না। আপনাদের বক্তব্য বলুন, কিন্তু প্যারালাল হয় না কখন যেটা তখন হয়েছিল, আর এখন যেটা হচ্ছে। আমি অফিসে শুনেছি আপনাদের কতকগুলি প্রস্তাব আছে এটাকে নাকচ করবার জন্য ইত্যাদি। যা যা বৈধ, অবৈধ সবই আপনারা বলবেন। ডাঃ আবেদিন দেখছি অনেক বই এনেছেন, বসে আছেন। আপনারা সবাই বলুন—যদি আপনারা রাজি হন তাহলে আমার মনে হয় এটা হয়ে যাক, কোয়েশ্চেন সব স্থগিত হয়ে যাক।

**মিঃ স্পিকার ঃ** কালকের রুলিং নিয়ে আপনাদের কোনও বিতর্ক থাকলে সাবস্ট্যানটিভ মোশন আনতে হবে। আপনারা সেটা এনেছেন। আমি ডিসাইড করেছিলাম। কোয়েশ্চেন আওয়ারের পরে টাইম দেব। সেটা আগে দেওয়া হয়নি। আমি আগে দিতে পারি না, হাউস দিতে পারে। হাউস যদি মনে করে আগে হবে তাহলে সেটা হতে পারে।

(গোলমাল)

**Dr. Zainal Abedin :** Sir, the leader of the House has just now said that question hour may be postponed, those would be held over and discussion be allowed on this subject.

## DISCUSSION ON MOTION UNDER RULE 348

**Mr. Speaker :** There are three motions one by Shri Satya Bapuli, one by Shri Dawa Narbu La and another by Shri Shaikh Imajuddin. Dr. Abedin, You did not give any notice. But you can speak on the subject.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা হল এই—আমরা গেটের ধারে পুলিশের কাছে হেনস্থা হয়েছি। এটা কেন হল? আমরা তো কোয়েশ্চেনে বাধা দিতে চাইনি। সন্দীপবাবুর কাপড় ছিঁড়ে গেছে, পা ছড়ে গেছে। ধস্তা-ধস্তি করে তাঁকে আসতে হয়েছে। গেটের বাইরে পুলিশ। তাছাড়া যারা জল দেয় তারাও আছে। এম. এল. এ.-দের ধাক্কা দিচ্ছে। হচ্ছে কি? এটা কি বিধানসভা? কোথায় দাঁড়িয়েছি, সেটা আপনার কাছে জানতে চাইছি।

**মিঃ স্পিকার :** কথা হল কোয়েশ্চেন আওয়ার-এর পরে টাইম দেব ঠিক করেছিলাম। কি হচ্ছে সেটা তো আমি বুঝেছি। কাল থেকে মিসেস সুব্বা বলছেন আমি স্পিকারের রুলিং মানি না, ঢুকব, তার বিরুদ্ধে আপনাদের কোনও বক্তব্য নেই, সেটা তো পরিষ্কার বুঝতে পেরেছি।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** স্যার, আমরা কেউ সে কথা বলিনি। আপনার আসনে বসে এটা বলা উচিত নয়।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে খুব কষ্ট করে হাউসে ঢুকতে হল। অনেক ধস্তাধস্তি করে ঢুকেছি।

· (গোলমাল)

**মিঃ স্পিকার :** আপনি যেখানে ছিলেন সেখানে মিসেস রেণুলীনা সুব্বা ঢোকবার চেষ্টা করছিলেন, সেইজন্য বোধ হয় এটা হয়েছে।

**শ্রী সন্দীপ দাস :** স্যার, এই ব্যাপারে আপনি রুলিং দেবেন। মাননীয় স্পিকার মহাশয়, মিসেস সুব্বা ক্যাম্পাসের মধ্যে ঢুকতে পারে। কি পারেন না সেটা আলাদা বিবেচ্য বিষয়। কিন্তু আমি তো কোনও অপরাধ করিনি। আমাকে অনেক কসরত করে ঢুকতে হয় কেন? আমার পা ছড়ে গেছে, কাপড়, জুতো ছিঁড়ে গেছে। মেয়ে পুলিশ, পুরুষ পুলিশ ব্যূহ রচনা করে আছে। এটা কি পুলিশি রাজত্ব? বিধানসভার ভিতরে পুলিশ কেন?

**Mr. Speaker :** You gave your statement and I will look into the matter.

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, I do not belong to the party to which Shrimati Renu Leena Subba belongs neither she belongs to my party. So the question of supporting her does not arise at all. Sir, yesterday, a great injustice was done to an honourable member of this House. So I signify my intention to move this resolution under Rule 348 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly that this House resolves that the suspension of

Shrimati Renu Leena Subba be terminated.

In this connection, Sir, I would like to state that a similar case happened in Parliament. I will go through the contents of that.

**Mr. Speaker :** First move your motion because I will have to fix the time for discussion.

**Shri Dawa Narbu La :** Sir, I have already moved the motion.

**Mr. Speaker :** So, the motion is before the House. I fix one hour's time from now for discussion on this motion. I thank that will be sufficient. So the discussion will continue upto 2-30 p.m.

[1-30 – 1-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে যে অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্যরা কমপ্লেন করছেন সেটা আপনি জানেন। স্যার, পুলিশ দিয়ে চারিদিক ঘিরে রাখা হয়েছে, এই অবস্থার আপনি পরিবর্তন করুন এই দাবি আমি করছি। আপনি অস্বাভাবিক পরিস্থিতিকে স্বাভাবিক করুন এবং মেম্বাররা যাতে অবাধে হাউসে আসতে পারেন সে ব্যবস্থা করুন এই অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker :** I have received motions which are almost are same. I ask Shri Dawa Narbu La to move his motion.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমারও একটা রেজলিউশন আছে।

**মিঃ স্পিকার ঃ** সেটাই যে দিতে হবে এমন কোনও কথা নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কথা তো নেই, তাহলে পুলিশ এইভাবে ধাক্কা দেয়। নিয়মের রাজত্বে থাকলে নিয়ম থাকবে। স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষন করে বলছি, আমি যে মোশন দিয়েছি সেটার একটা ল্যাঙ্গুয়েজ আর মিঃ নারবুলা যেটা দিয়েছেন সেটার আর একটা ল্যাঙ্গুয়েজ। স্যার, আপনি যেটা বললেন যে কালকে এরকম হল বিধানসভার সদস্যরা তো দেখল না? স্যার, কেউ এটা ভাল চোখে দেখেননি এটা আপনি জেনেছেন।

**মিঃ স্পিকার ঃ** আমি দেখেছি উল্টো। What I have seen I have said. The opposition members were supporting her may not be directly but indirectly.

**Shri Dawa Narbu La :** Sir, in this connection I would like refer to the speech of Shri A.K. Gopalan in Parliament. Shri A.K. Gopalan said, "I say 'cleverly'. I have the right to say 'cleverly'. Can I not say

'cleverly'? Do I not have the right to choose my expression ? If I have, what objection can be there to the word 'cleverly'?

It is very unfortunate that something happened on that day. One may agree or one may disagree with it. One may approve of it or one may not approve of the subject matter of that discussion. But in the motion it has been said that the House strongly disapproves of the conduct of the honourable Member and the disrespect shown to the President. My opinion is that there was no disrespect shown to the President. If disrespect is shown to the President, the whole responsibility lies on the ruling party. For, a similar thing had happened before, and after that, the ruling party might have thought some procedure to restore order ; after all, the Speaker was also there, and authority should have been given to the Speaker to control the situation. But that authority was not given and that was not thought of...."

"The object of this motion is to suppress the Opposition, to terrorise them and to tell them, 'If you tell anything, then you will be gagged". That is the object of the motion. Let the people decide if a member has done something which is considered to be disrespectful". Sir, Jyotirmoy Bose has said the Parliament it is not correct. If the Government is trying to pressurise the Chair we shall take very serious note of it."

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, Honourable Member, Shrimati Renu Leena Subba yesterday staged a demonstration in this House which was primarily not disrespect the Chair but it was a protest against the lawlessness prevailing in the State, and I think, Sir, in a democratic set up while the Government remains unresponsive at times the Members have the right to become irresponsible if the Government perpetually remains irresponsive. It was not at this stage disrespect to the Chair. Again Sir, the punishment or the decree which was imposed on her was ultra vires. The Speaker has the authority to suspend the Member under rule 347 for the day only. If one Member is to be expelled from the House for the remaining period of the Session, in that case under rule 348(2) a motion has to be moved in the House to which the consent of the House has got to be obtained. As such the execution of your order prior to the approval of the House was ultra vires and illegal and therefore there is scope for correction. Sir, next point is, if a member is expelled from the service of the, it does not debar the member from entering the precincts of the House. I may

quote here may's Parliamentary Practice, "The member cannot be disallowed to enter the precincts of the House, nor he can be debarred from the services of the Committees appointed by the House." So, she is entitled to that—but this right has been forfeited. The member has the full authority to enter the lobby and into the precincts of the House—she cannot be debarred—and she is entitled to the services of the library. She can consult her fellow members or other members; she can consult each and everybody. She has the right to appeal to the Hon'ble Chair for redress, for apology or for regret. The brutal police force cannot debar a member from entering the precincts of the House and contacting either the Chair or other fellow members personally. There is no such precedence in the Westminister style of democracy.

**Mr. Speaker:** I gave you the example of my own.

**Dr. Zainal Abedin:** Sir, possibly you had misinformed or you had not exercised your right then. Then, Sir, the expulsion from the service of the House is an extreme step. In the last two centuries there had not been any single expulsion from the House of Commons. I invite your attention to May's Parliamentary Practice. There has not been any single expulsion from the services of the House in the last two centuries. So, your punishment is too severe and harsh. As such I appeal to you to reconsider your decision. The Leader of the House is a bit sobre today. I appeal to him also to reconsider the implication of it because he has claimed in his budget speech that everything is peaceful here. Sir, everything is not peaceful here. Do not flare up other corners. As such possibly the expulsion of Mrs. Renu Leena Subba yesterday before taking the sense of the House was ultra vires, and as such there is scope for reconsideration. There is no convention, no precedent that a member can be debarred from entering the precincts of the House. We are all Honourable Members of the House. Our movements are free. We are surprised that in the context of the expulsion of Mrs. Renu Leena Subba we are being subjected to police search or search by the class IV staff of the Assembly. Gates are closed and locked up. We have to obtain permission from the class IV staff of the Assembly to enter into the precincts of the House. This is irregular and highly derogatory to the prestige of the members of the House. We request you, Sir, to reconsider this. I appeal to you to withdraw the huge brutal police force in and around the Assembly and

allow us free movement.

**Mr. Speaker :** Kindly tell Mrs. Subba not to enter the Assembly.

[1-40 – 1-50 p.m.]

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যার, ডাঃ জয়নাল আবেদিন আমার কাছে কি একটা আবেদন করলেন এবং বললেন আমি সোবার। তা আমি তো সব সময়েই সোবার, চিৎকার-টিৎকার করি না। স্পিকার মহাশয়, আমি আপনাকে বলছি........."Precincts of the House" means and includes the Legislative building and the grounds surrounding it enclosed within the iron railings.

**Dr. Zainal Abedin :** A member cannot be debarred.

**শ্রী জ্যোতি বসু ঃ** শুধু ডিবার্ড নয়, ইন্দিরা গান্ধীকে হাউস থেকে চিরকালের জন্য নির্বাসিত করা হয়েছিল।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে পরিস্থিতি হয়েছিল সেই পরিস্থিতি আমি নিজের চোখে দেখেছি। খুবই দুঃখজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, আমি সে সম্বন্ধে দু'একটি কথা আপনার মাধ্যমে রাখতে চাইছি। কালকে একজন মাননীয়া সদস্যাকে স্পিকার মহাশয় হাউস থেকে বহিষ্কার করার আদেশ দেওয়ার পরেও তিনি এখানে উপস্থিত ছিলেন এবং তখন ১৫ থেকে ২০ মিনিট চীফ হুইপ অশোকবাবু বক্তৃতা দিয়েছিলেন। বহিষ্কারের আদেশ দেবার পরেও মাননীয়া সদস্যা হাউসে ছিলেন এবং হাউস চলেছিল। আমার প্রথম প্রশ্ন হচ্ছে, সেই সময়ে হাউস চলাটা কি বৈধ? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, কোনও মাননীয় সদস্যকে বের করে দেবার জন্য আউট-সাইডাররা কি হাউসে ঢুকতে পারে? সব চেয়ে বড় প্রশ্ন একজন মাননীয়া বিধান সভার সদস্যাকে হাউস থেকে কারা বের করে দিল, না যারা আমাদের জল দেয়, খাবার দেয়, আমাদের কথা শোনে, এই সব লোকেরা হাত ধরে হিড় হিড় করে টানতে টানতে ঘরের বাইরে, এমন কি গেটের বাইরে বের করে দিয়ে এলো। একজন বিধান সভার সদস্যর সঙ্গে এই রকম ট্রিটমেন্ট করা হচ্ছে। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। আজকে বিধান সভার সদস্যদের মূল্য, মর্যাদা কোথায় গিয়েছে! আরো দুর্ভাগ্যজনক ব্যাপার হচ্ছে, আপনি যখন বের করে দেবার আদেশ দেন সেই সময়ে মুখ্যমন্ত্রী আপনার কাছে তিন বার উঠে গিয়ে আপনাকে প্রোভোক করেছেন, আন্ডার প্রোভোকেশন আপনি ঐ আদেশ দিয়েছিলেন। ডেফিনিটলি আন্ডার প্রোভোকেশন অফ দি চীফ মিনিস্টার আপনি ঐ জিনিস করতে বাধ্য হয়েছেন, কারণ তার আগে আপনি অনেকক্ষণ চুপ করে ছিলেন। আপনি মুখ্যমন্ত্রীর কাছ থেকে প্রোভোক নাহলে এইরকম কঠোর ও বে-আইনি সিদ্ধান্ত নিতেন কিনা সন্দেহ আছে। আপনি যে সিদ্ধান্ত নিয়েছিলেন সে সিদ্ধান্ত নেওয়ার কোনও অধিকার রুলস্-এ দেওয়া হয়নি। রুলস অনুযায়ী কোনও সদস্যকে ২৪ ঘন্টার বেশি এক্সপেল করতে হলে হাউসের কাছে প্রস্তাব রাখতে হয়, হাউসের ওপিনিয়ন নিতে হয়, কিন্তু আপনি তা না নিয়েই

মাননীয় সদস্যাকে হাউস থেকে বহিষ্কার করে দিলেন—অর্ডার ওয়াজ্ একজিকিউটেড—বের করে দেবার পরে—একজিকিউশন অফ দ্যাট অর্ডার, আবার সেই অর্ডারকে মডিফাই করে আর একটা অর্ডার দেওয়া হলো। আমি বৈধ্যতার প্রশ্ন রাখতে চাচ্ছি। যে অর্ডার আপনি দিয়েছেন সেই অডার রুলস অনুযায়ী হয়নি। রুলস অনুযায়ী যদি না হয় তাহলে তারপর আপনি কেন সাব-সিকোয়েন্ট অর্ডার দিলেন? সমস্ত অর্ডারই আপনার বে-আইনি। বে-আইনি আদেশের উপর তার মডিফিকেশন হয়না। অরিজিন্যালি যে আদেশটা দিয়েছেন সেই অর্ডারটা বে-আইনি, হাউসের ওপিনিয়ন নেওয়া হয়নি। তারপর আপনি বার করে দিলেন, সেই আদেশ দিলেন কখন যখন তিনি হাউসে নেই যখন আপনার সমস্ত কর্মচারিরা তাঁকে ধরে বাইরে বার করে দিয়ে এলেন যখন তার বলবার ক্ষমতা নেই, বলার কোনও অধিকার নেই, পারসোনাল এক্সপ্ল্যানেশন দিতে পারবে না। আপনি হাউসে যে ভুল করেছেন সেটা সংশোধন করলেন মুখ্যমন্ত্রী মহাশয়ের ভাষণের পর। কিন্তু ভুল অর্ডার আপনি দিয়েছেন। আপনি জানেন, বেসিক্যালি যদি কোনও অর্ডার বে-আইনি হয় সেই অর্ডার মডিফাই হয়না। সেই অডার যদি মডিফাই হয় তাহলে সমস্তটা বে-আইনি হয়। সুতরাং সেটা কার্যকর হয়না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যবশত এখানে একটি কথা বলি, বিচার হইয়া গেল কিন্তু অপরাধী জানতে পারলো না, তাঁকে বাইরে নিয়ে যাওয়া হল। আপনি বললেন, যতদিন সেসান চলবে ততদিন করা হল কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভিজিটর হিসাবে পশ্চিমবাংলার নাগরিক কেউ আসতে পারে। কিন্তু আপনি বলুন, কোনও আইনে একটা সাধারণ নাগরিককে গেটের সামনে পুলিশ দিয়ে আটকে রেখে তাঁকে আসতে দেবে না? কোনও বিধানসভায় এইরকম কোনও রুলস আছে? হাজার হাজার ভিজিটরস আসে। তার ভিতরে একজন ভিজিটরস কার্ড নিয়ে আসতে পারে—সে এম. এল. এ নাও থাকতে পারে—এটা তার কনস্টিটিউশনাল রাইট, দ্যাট ইজ হিজ ব্যাথ রাইট সেটাকে আপনি খর্ব করেছেন, আপনি আসতে দেননি। শুধু তাই নয়, আমরা যারা বিধানসভার সদস্যরা ছিলাম—ঐ জ্যোতিবাবুর পুলিশ পর্যন্ত ঘিরে রেখেছে, বেড়াজাল করে রেখে দিয়েছে। বিধানসভার ভিতরেও পুলিশ আর বিধান সভার বাইরেও পুলিশ। পুলিশ দিয়ে বিধানসভা চলছে। যাই হোক, আপনি যে আদেশ দিয়েছেন প্রথম থেকে শেষ পর্যন্ত সমস্তটাই হচ্ছে বে-আইনি আদেশ। এই আইন গ্রাহ্য হতে পারে না। আমি আপনাকে অনুরোধ করব, আপনি যে আদেশ দিয়েছেন তা সমস্তটাই বে-আইনি এটা আপনি উইথড্র করে নিন। আপনি এটা কনসিডার করে উইথড্র করে সকলের সামনে ঘোষণা করে পবিত্র চেয়ারের পূর্ণ মর্যাদা রাখবেন, প্রোভোকড হবেন না। সমস্ত মাননীয় সদস্যরা এই পবিত্র চেয়ারের মর্যাদা রাখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল একটি দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। আমি কালকে হাউসে ছিলাম না বলে সব কথা জানি না। তাসত্ত্বেও আমি হাউসের আসবার পর আমাদের ডেপুটি লিডারের সঙ্গে কথা-বার্তা বলে ঘটনাটা জেনেছি। আজকে আপনি দয়া করে অনুমতি দিয়েছেন এবং মাননীয় সদস্য দাওয়া নরবুলা যে মোশনটি

রেখেছেন সেই মোশনটি'কে সমর্থন জানিয়ে দু-একটি কথা নিবেদন করতে চাই। আমরা এই হাউসের সদস্য এবং হাউসের মর্যাদা এবং অন্যান্য সমস্ত জিনিস রক্ষা করবার দায়িত্ব আমাদের। যদি কোনও একটি ঘটনা ঘটে যায় সেটা আন-ফরচুনেট এবং সেটাকে ফয়সালা করে যাতে হাউস ঠিকমতো চলে, হাউসের কাজকর্ম যাতে চলতে পারে এবং সদস্যদের মর্যাদা যাতে রক্ষিত হয় সেটা যেমন আপনার দেখা দরকার তেমনি আমাদেরও আপনাকে সহযোগিতা করা দরকার। আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং-এর বিরুদ্ধে কিছু বলছি না, কাশীকান্ত মৈত্র মহাশয়ও রুলিং-এর বিরুদ্ধে কিছু বলেননি কিন্তু সেটা ফয়সালা হতে পারে। মুখ্যমন্ত্রী মহাশয় যে নজির দিলেন ইন্দিরা গান্ধীর সম্বন্ধে সেটা বিভ্রান্তি সৃষ্টি করবে বলে আমি সেই সম্বন্ধে কিছু বলতে চাই।

[1-50 – 2-00 p.m.]

আমি যা বলতে চাইছি সেটা হচ্ছে এই যে জ্যোতিবাবু ঠিকই বলেছেন, ইন্দিরা গান্ধীকে এক্সপেল করা হয়েছিল, তার সঙ্গে সঙ্গে—একথা মুখ্যমন্ত্রী মহাশয় জানেন, ইচ্ছা করেই বলেননি যে এক্সপেল করার পরে তিনি দিনের পর দিন পার্লামেন্টের সেন্ট্রাল হলে এসেছেন তাঁর পার্টি মিটিং করেছেন এবং যাবতীয় কাজকর্ম করে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে যদি কেউ এই হাউসের সদস্য না থাকেন, এক্স এম. এল. এ. হন, এক্স এম. এল. এ'র রাইট আছে—শুধু হাউসের কাজে অংশগ্রহণ ছাড়া তিনি লবিতে আসতে পারেন, অ্যাসেম্বলি পর্যবেক্ষণ করতে পারেন।

**Mr. Speaker :** Did Mrs. Gandhi declare that she would forceably enter the House ? In this case Mrs. Subba has declared that she would come and enter the House.

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** সেন্ট্রাল লবিতে......

**মিঃ স্পিকার ঃ** কখনো নয়।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** অতএব মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে ঘটনা ঘটেছিল, সে ঘটনা ঘটবার পর আপনি একটা সিদ্ধান্ত দিয়ে ছিলেন সে সিদ্ধান্ত ঠিক নয়, আপনি সেটা পরে পরিবর্তন করেছেন, পরিবর্তন করে তাকে রেস্ট অফ দি সেসন আপনি তাকে সাসপেন্ড করেছেন। আপনার কাছে আমার বিনীত অনুরোধ এই যে যদি এই হাউসের মর্যাদা রক্ষা করতে চান, এবং সদস্যরা যদি ঠিকমতো কাজ কর্ম করতে চান, —এই হাউসের ডিসিসন অনেক ক্ষেত্রে এখানকার প্রসিডিওর অনেক অন্যান্য অ্যাসেম্বলিতে নজির সৃষ্টি করে, সেই নজির যাতে বিকৃত না হয় সেই নজির ভুল প্রতিষ্ঠিত না হয় এবং সেই নজির ভুল প্রতিপন্ন না হয়, এবং সেটা রক্ষা করতে গেলে দয়ানরবুলা মহাশয় যে রেজলিউশন দিয়েছেন সেটা দেখে তারপর ব্যবস্থা গ্রহণ করুন। কতকগুলি রুলিংয়ের বিষয় কার্যাকরি করতে গিয়ে

আপনি আজকে যে পন্থা গ্রহণ করেছেন, সেই পন্থা শুধু হাউসের অমর্যাদাকর নয়, প্রতিটি সদস্যর যে অধিকার সেই অধিকার ক্ষুণ্ণ হচ্ছে। আমি যখন ১২টার সময় আসি তখন আপনার গেট বন্ধ, আমাকে ঢুকতে দিচ্ছিল না ওয়াচ অ্যান্ড ওয়ার্ড বলতে তবে ছেড়ে দিল। প্রতিটি ট্যাক্সী সার্চ করা হচ্ছে তবে সদস্যদের নামানো হচ্ছে, আপনি নোটিশ সার্ভ করে সমস্ত সদস্যকে জানাবেন। যদি কোনও সদস্যকে সাসপেন্ড করা হয় সে লবিতে আসতে পারে, লাইব্রেরিতে আসতে পারে। কিন্তু একজনকে শাস্তি দিতে গিয়ে এমন আদেশ দিয়েছেন যে গেটের বাইরে এখানেও সাদা পোষাকের পুলিশ ঘুরছে। আমার আপনার কাছে অনুরোধ রুলিং পুনর্বিবেচনা করুন, হাউসে সদস্যদের মর্যাদা যাতে প্রতিষ্ঠিত হয় সেভাবে সিদ্ধান্ত নিন। এই আমার বক্তব্য।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রী দায়ানরবুলা যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। গতকাল যে দুঃখজনক, নজিরবিহীন ঘটনা ঘটেছিল, তার পর যখন আমরা ঠিক করেছিলাম যে দলমত নির্বিশেষে সকলে এ ঘটনার নিন্দা করবেন—কিন্তু আমরা দেখতে পাচ্ছি ওদিকে যাঁরা রয়েছেন কেউ কেউ প্রকারান্তরে, উইদাউট এনি কোয়ালিফিকেশন আর কেউ কেউ প্রকাশ্যে কোয়ালিফায়েড সমর্থন করেছেন। আমি আজকে স্টেটসম্যান কাগজের প্রথম পাতায় কি বলেছে তাই পড়ছি। ভোলাবাবু ওখানে বসে রয়েছেন। প্রথম পাতায় তাঁর বক্তব্য রয়েছে।

In the lobby of the House the Congress(I) leader, Mr. Bhola Sen told reporters that he could not condemn the action of Mrs. Subba in the House since he felt, more serious incidents undermining the dignity of the Assembly has taken place earlier for which Treasury Bench members had been responsible.

[2-00 – 2-10 p.m.]

এটা পরিষ্কার যে কালকে মিসেস সুব্বা যে কাজ করেছেন তাঁরা এর নিন্দা করেননি। এমনকি কংগ্রেস (আই) দলের নেতা ভোলাবাবু পর্যন্ত। মাননীয়া সদস্য সন্দীপবাবু বললেন কোয়ালিফায়েড সাপোর্ট বলেতে আমি কি বুঝি বলছি। আমি পরিষ্কার করে বলতে চাই এই ঘটনার আনকোয়ালিফায়েড নিন্দা করা উচিত ছিল। কিন্তু বেআইনি কাজ করা হয়েছে বলে তাঁরা বলে যাচ্ছেন। আমার যেটা মনে হয় সেটা হচ্ছে গতকাল যে ঘটনা হয়েছিল সেটা নিন্দার বাইরে তার প্রতিক্রিয়া কি হয়েছে শুনুন। কাগজ থেকে জানবার পর তার প্রতিক্রিয়া কি হয়েছে শুনুন। সকাল বেলা কলেজে গিয়ে শুনলাম একজন ছাত্র বলছে তার বাবা তাকে বলছে তোর মাস্টারমশাই বিধান সভার সদস্য এইসব কান্ড, জিনিস ওখানে হচ্ছে। আজকের দিনে আমরা কোথায় যাচ্ছি? নজিরের কথা আপনারা বলছেন। কলেজের ছেলেমেয়েরা এইসব কথা বলছেন। ওঁরা বলছেন এই জাতীয় ঘটনা কোনওদিন হয়নি। কত নজির দিতে হবে? মুখ্যমন্ত্রী শ্রীমতী গান্ধীর বহিষ্কারের কথা বলছেন। আমি বলি লোকসভা থেকে মনিরাম

বাগরীকে কিভাবে যে বহিষ্কার করা হয়েছিল তা কি জানেন না? মহারাষ্ট্রে এর চেয়ে কত অপরাধের জন্য খোটেচির সদস্য পদ খারিজ করা হয়েছিল, বাতিল করা হয়েছিল। অথচ এখানে এই অধিবেশনের জন্য মাত্র বলা হয়েছে। এই ব্যাপারে বক্তব্য রাখতে গিয়ে অনেক বিষয় ওঁরা জড়িয়ে ফেলেছেন। যদি এই সভায় আসতে গিয়ে কোনও মাননীয় সদস্যের অসুবিধা হয় তাহলে আমি বলব আপনি তার প্রতিকার করুন। আমি ঢুকতে কোনও বাধা পায়নি। কিন্তু আপনি দেখবেন এটা যেন না হয়। শ্রীমতী সুব্বা গতকাল যে আচরণ করেছিলেন তার সঙ্গে এই বিষয়টা জড়ানো ঠিক নয়। আজকে অবস্থা কোথায় দাঁড়িয়েছে। আজকে তিনি খেলনার পিস্তল নিয়ে এসেছেন। এ বিষয়ে যদি কঠোরতম ব্যবস্থা না করা যায় তাহলে কাল তিনি আসল পিস্তল হয়ত নিয়ে আসবেন যা পূর্ব পাকিস্তানে হয়েছিল। কচু গাছ কাটতে কাটতে মানুষ মারে। নিয়ম শৃঙ্খলার অবনতি হতে হতে বিধানসভায় এই জিনিস হয়েছে। বিধানসভায় পিস্তল নিয়ে আসা যদি সমর্থন করা এবং এর বিরুদ্ধে যদি কঠোর ব্যবস্থা অবলম্বন না করি তাহলে জিনিসটা কোথায় গিয়ে দাঁড়াবে? তাই আমি বলব পুনর্বিবেচনা করার সুযোগ নেই। ওঁরা আপনার রুলিং চ্যালেঞ্জ করছেন। ওঁরা সাবসটেনসিভ মোশন দিতে পারেন, কিন্তু আপনার রুলিংয়ের কথা বলতে গিয়ে যেভাবে আপনার আচরণের নিন্দা করেছেন সেটা করা যায়না। দাওয়া নারবুলার মোশন নিয়ে এসে আপনার আচরণের নিন্দা করা যায় না—এটা অন্যায়। তাই আমি মনে করি এই প্রস্তাব কোনওমতেই গ্রহণযোগ্য নয়।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকের ঘটনার প্রসঙ্গে আমার মতামত ব্যক্ত করবার একটু চেষ্টা করে আমি সেই ঘটনার নিন্দা করেছি দ্ব্যর্থহীন ভাষায়। এবং তাকে আমি সমর্থন করিনি। এ প্রসঙ্গে আমি এই কথা বলতে চাই ব্যক্তিগতভাবে বা আমার দলের প্রতিনিধিরূপে বিধানসভায় কখনোও এমন কোনও একটা অসঙ্গত আচরণ করব বলে আমি মনে করিনা। আমি কখনো বিস্মিত হতে চাইনা যে এই বিধানসভা বহু লক্ষ টাকায় পরিচালিত হয়। পশ্চিমবাংলার ৫ কোটি মানুষের দ্বারা পরিবৃত এই বিধানসভা নিঃসন্দেহ পশ্চিমবাংলার মানুষের দুঃখ কষ্টের কথা বলবার জন্য। তাদের সমস্যা সমাধান করবার জন্য। অন্য বিধ কারণ এবং উদ্দেশ্যে এই বিধানসভা তৈরি নয় এবং পরিচালিত হয়। কাজেই ব্যক্তিগতভাবে আমি কোনওদিন নিঃসন্দেহে এমন কোনও আচরণ-এর নজির এই বিধানসভায় রাখবো না যা নিন্দা করবার কারণ হবে। এই কারণে আপনারা দেখেছেন কাল যে ঘটনা হয়েছিল আমি তার প্রতিবাদ করেছিলাম, নিন্দা করেছিলাম। কিন্তু সঙ্গে সঙ্গে আমি সবিনয়ে বলেছিলাম আপনি এমন একটা সিদ্ধান্ত নেবার আগে যদি বিরোধীদলের মানুষ-এর সঙ্গে আলোচনা করতেন তাহলে আমরা আপনার সিদ্ধান্ত পরিবর্তন করবার চেষ্টা করতাম। এবং মনে করতাম আপনি যে সিদ্ধান্ত নিয়েছেন বিধি সঙ্গতভাবে বিধানসভার মর্যাদাকে রক্ষা করার জন্য। কিন্তু দুখিত আপনি আপনার সিদ্ধান্ত অকস্মাৎ ঘোষণা করলেন এবং আপনার ঘোষিত সিদ্ধান্ত আমরা সকলেই সমর্থন করব এমন একটা মানসিকতা আপনি প্রদর্শন করবার চেষ্টা করলেন না। আপনার সিদ্ধান্তের বিরোধী কাজ কোনওদিন করিনি

আজও করবার জন্য দাঁড়ায়নি কিন্তু আপনার কাছে আবেদন যে কোনও সদস্য বা সদস্যার ব্যবহারের জন্য অসন্তুষ্ট হয়ে তাকে আপনি শাস্তি দিতে পারেন, তার বিরুদ্ধে বহিষ্কারের আদেশ দিতে পারেন এবং যেভাবেই দিয়ে থাকুন সেই বহিষ্কারের আদেশ যদি লঙ্ঘন করা হয় তাহলে আরও বহুদূর গিয়ে একটা তিক্ততা সৃষ্টি করে তাতে আপনার মর্যাদা এবং বিধানসভার মর্যাদা রক্ষিত হয়না। তাই আপনার কাছে আবেদন করব আপনি যে শাস্তি দিয়ে একটা দৃষ্টান্ত স্থাপন করেছেন নিঃসন্দেহে সেই দৃষ্টান্ত স্থাপনার মধ্য দিয়ে মাননীয় সদস্যরা সংযত হবেন এবং আমরাও নিঃসন্দেহে সংযমের পরিচয় বিধানসভার কক্ষে দেব। আপনি বহুকাল ধরে এখানে আছেন কিন্তু শাস্তির মধ্য দিয়ে একটা প্রতিশোধমূলক ব্যবহার মাননীয় অধ্যক্ষ মহাশয় করবেন যার দ্বারা আপনার মর্যাদা, আপনার সুনাম অক্ষুন্ন থাকবে না। সেইজন্য আপনার কাছে আবেদন করব আপনি যে শাস্তি দিয়েছেন সেই শাস্তিকে একটু সংকোচিত করে অবিলম্বে তাঁকে হাউসে ঢোকবার অনুমতি দিন, যাতে তিনি হাউসের এবং আপনার মর্যাদা রক্ষা করতে পারেন। গতকালও আমি বলেছিলাম যে আমরা যদি অসঙ্গত কোনও আচরণ করি আপনি তখন আমাদের বহিষ্কারের আদেশ দিতে পারেন এবং সেইভাবে আপনি সিদ্ধান্ত নিতে পারেন। অথচ গতকাল যেভাবে মাননীয় সদস্যাকে হাউস থেকে টেনে হিচড়ে বিধানসভার বিভিন্ন শ্রেণীর কর্মচারিরা নিয়ে গেছেন তার দ্বারা শুধু তাঁরই সম্মান নষ্ট হয়েছে তা নয়, আমি মনে করি প্রত্যেকটি বিধানসভার সদস্য এমনকি সরকার পক্ষের সদস্যাদেরও সম্মান নষ্ট হয়েছে। সরকার পক্ষ হলেও তারা বিধানসভার সদস্য এবং আমরা এবং তাঁরা সমান সুযোগের অধিকারী। কিন্তু যেভাবে আমরা লাঞ্ছিত হয়ে আজ এখানে এসেছি সেই লাঞ্ছনার প্রতিবাদ করা সকলেরই কর্তব্য। এই বিধানসভায় যে কয়েকদিন সদস্য হিসাবে সদস্য হবার সুযোগ আমি পেয়েছি তাতে কোনও সময় এইরকম কোনও আচরণ আমি করিনি যাতে আপনার সম্মান হানি হয়। সুতরাং আপনাকে অনুরোধ করব আপনি জিনিসটা বিবেচনা করে আপনার স্বরূপে আপনি প্রতিষ্ঠিত হবেন এবং আপনার নিজ ভাবমূর্তিকে নিষ্প্রভ হতে দেবেন না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোনও মাননীয় সদস্য যদি বিধানসভার অভ্যন্তরে সংসদীয় গণতান্ত্রিক রীতিবহির্ভূত আচরণ করেন, তা নিঃসন্দেহে নিন্দনীয় গতকাল এখানে যে ঘটনা ঘটে গেছে সেটি আমাদের সকলের কাছেই অবাঞ্ছিত এবং দুর্ভাগ্যজনক একথা আমি গতকালও বলেছিলাম। নির্মলবাবু একটি প্রশ্ন তুললেন যে, বিরোধীপক্ষ থেকে কেন আন-কোয়ালিফায়েড নিন্দা করা হল না। এর উত্তরে আমি বলতে পারি এটা করা যায় না এই জন্য যে, আপনারা ট্রেজারী বেঞ্চে বসে থেকে গতকাল যে পাল্টা আচরণ করেছেন, সেটিও কিন্তু সমালোচনার উর্ধ্বে নয়। সুতরাং আন-কোয়ালিফায়েড নিন্দা যদি করতে হয় তাহলে ঠিক এই ঘটনার পাশাপাশি যে একজন মাননীয়া সদস্যা সাসপেন্ড হলেন, তাঁকে বিধানসভায়, বিধানসভার যাঁরা এমপ্লয়ি আছেন তাঁদের দিয়ে জোর পূর্বক যেভাবে টেনে বহিষ্কার করে দিয়েছেন, সেটিও সমর্থন করতে হয় এবং একজন সদস্যা বিধানসভায় যেভাবে

হেকল্ড্ হলেন তাকেও সমর্থন করতে হয়। আজকে দেখতে পেলাম অ্যাসেম্বলির চতুর্দিকে একটা অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি করা হয়েছে—পুলিশ সবদিক ঘিরে রয়েছে, এমনকি সদস্যরা পর্যন্ত এখানে আসতে গেলে বাধার সম্মুখীন হয়েছেন। তাহলে এগুলিকেও তো সমর্থন করে আন-কোয়ালিফায়েড্ নিন্দা করতে হয়। আমরা সেটা করতে পারিনি এইজন্য যে, এটি করতে গেলে অনেক অসুবিধা আমাদের আছে। আমি আর একটি কথা বলতে চাই যে, সেটি হচ্ছে, আপনার রুলিং সম্পর্কে আমাদের কোনও বক্তব্য নেই। কিন্তু আপনি যে সাসপেনশন অর্ডার দিলেন ৩৪৭ ধারা অনুযায়ী সেটি হার্স ট্রিটমেন্ট হয়ে গেছে। আমি এই ৩৪৭ ধারা অনুযায়ী বলতে চাই The Speaker maydirect any member whose conduct is, in his opinion, grossly disorderly to withdraw immediately from the house, and any member so ordered to withdraw shall do so forthwith and shall absent himself during the remainder of the day's sitting.

এটি ছিল প্রথমে। আপনি বলেছেন যে এটি আমি দিয়েছি এই কারণে যে ঐ মাননীয় সদস্যা পারসিস্‌টেন্টলি আপনার রুলিং ভায়োলেট করেছেন এবং সেই জন্যই আপনি তাঁকে সাসপেন্ড করেছেন for the rest of the session কিন্তু ৩৪৮ ধারাতে যা আছে যে অনুযায়ী আমার এটি মনে হল যে এটার ট্রিটমেন্ট হার্স হয়েছে সুতরাং এই সমস্ত জিনিসগুলি নিশ্চয় বাঞ্ছনীয় নয়। জ্যোতিবাবু গতকাল এ ব্যাপারে বলেছেন, এটা আন-প্যারালাল। কিন্তু আমি বলতে চাই যে, আপনি যে চেয়ারে বসে আছেন সেখানে এই সমতা একটা মস্ত বড় জিনিস। আপনারা রুলিং পার্টির চেয়ারে বসে আছেন—সেই চেয়ারে বসে যে ব্যবস্থা আপনি গ্রহণ করলেন সেটি হাউসের কাছে অবমাননাকর এবং পার্লামেন্টারি ডেমোক্রাসীর পক্ষে অবমাননাকর এবং সেইজন্য এই রুলিংকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যে ঘটনা ঘটেছে সেটি অত্যন্ত দুর্ভাগ্যজনক। এটি আমাদের এই বিধানসভার যাঁরা সদস্য, গণতন্ত্রের প্রতি যাঁদের আস্থা আছে তাঁদের সকলের কাছেই এটি দুর্ভাগ্যজনক। বিধানসভা হচ্ছে গণতান্ত্রিক পরিবেশ ও পরিস্থিতির সিম্বল। এই গণতান্ত্রিক পরিবেশে যদি কেউ অশোভন আচরণ করেন, সেটি নিশ্চয়ই যুক্তিসঙ্গত নয়। এই সঙ্গে সরকারপক্ষে যাঁরা আছেন, তাঁরাও যদি এই ব্যাপারে বাড়াবাড়ি কিছু করেন, সেটিও সমর্থনযোগ্য নয়, কারণ এতে গণতন্ত্র রক্ষিত হয় না। কাস্টোডিয়ানের দায়িত্ব নিয়ে তাঁরা ট্রেজারি বেঞ্চে যাঁরা বসেন তাঁদেরও দেখতে হবে বিরোধীদের স্বার্থ। আমরা যাঁরা বিরোধী পক্ষে আছি, তাঁদের কোনও বক্তব্যের প্রতি কোনও মন্ত্রী নজর দেন না, বিরোধীপক্ষের কোনও সদস্য যখন কোনও দৃষ্টি আকর্ষণী তোলেন তখন তার প্রতি কোনও দৃষ্টি রাখা হয় না। আমরা যদি এস. ডি. ও.,-কে চিঠি লিখি একটা চিঠিরও জবাব পাই না, তাই আজকে বিরোধী দলের সদস্যদের মধ্যে হতাশা দেখা দিয়েছে। যদি বিরোধী দলের সদস্যদের মধ্যে গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা না থাকে তাহলে দেশের মধ্যে ফ্যাসিজম, ডিক্টেটরসিপ আসবে। ডাঃ বিধানচন্দ্র রায় যখন চীফ মিনিস্টার ছিলেন তখন তিনি বিরোধীদলের

নেতাকে ক্যাবিনেট মিনিস্টারের মর্যাদা দিয়েছেন। কালকে চীফ হুইফ অশোক বসু মহাশয় একটা প্রস্তাব তুলতে চেয়েছিলেন, কিন্তু আপনি নিজেই সুয়ো মটো আপনার ডিসিসন জানিয়ে দিলেন। বিরোধীদলের সদস্যরা আপনাকে অনুরোধ করেছিলেন যে আপনি সমস্ত সদস্যদের নিয়ে বসুন, বসে একটা সিদ্ধান্ত নিন। আমি আপনাকে অনুরোধ করব ভবিষ্যতে যদি হাউস ভালভাবে চালাতে হয়, গণতন্ত্রের প্রতি মর্যাদা দিতে হয় তাহলে বিরোধীদলের যাঁরা সদস্য তাঁরাও জনগণের প্রতিনিধি, জনগণ তাঁদের ভোট দিয়েছেন, তাঁদের কথাও শুনতে হবে। কিন্তু তাঁদের কথা যদি কোনও জায়গায় কেউ না শুনেন তাহলে গণতন্ত্র বিপন্ন হবে, আল্টিমেটলি দেশ সাফার করবে। সেজন্য আমি আপনাকে অনুরোধ করব পরের ইস্যুতে সমস্ত দলের সদস্যদের নিয়ে বসে পরস্পরের সঙ্গে যদি বোঝাপড়া করেন তাহলে আপনার তাতে ডিগনিটি বাড়বে এবং হাউসেরও মর্যাদা বাড়বে। এই কথা বলে নারবুলা যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি।

**आवदुल करिम चौधुरी :** मिस्टर स्पीकर सर जल आपने श्रीमती रेनू लीना सुव्वा 'प.ि़छि. क्यो रु: स्पेण्ड कर दिया आपके सस्पेण्ड करने के अवदि २०-२५ लेडीज व्रह्मचारीयो ने उनकी जरूरिपन खिचकर घसिट कर हजार-हजार दर्शको के वीच से एसेम्वली सी वाहर निकाला यह उसी तरह का विचार है जैरते कुत्ते की घर से निकाला जाता है इस तरह की सजा उन्हे नही मिलती चाहिए थी एक महिला ष.ि़छि. के साथ एक तरह क्या वताव करना अच्छा नही था। वह ससपेण्ड से ष.ि़छि. है, वह आपके मिलने आ सकती हैं चिफ मिनिस्टर ज्योती बावु के चेम्वर में जा सकती हैं, लाकी में आसकाती है लेलिन इस सस्पेण्डसे ष.ि़छि. को विधाम सभाके गेट के हर ही रोक दिया गया है गेट के भीतर ढुवने का परभी शन नही दिया गया वह ष.ि़छि. गेट के बाहर लंड़ाके की छुप में वैटी हुई धरना दे रही है मैं आप के निवेदन करुंगा कि आप अपने रुलिंग पर पुनः विचार करें।

माननीय सदस्य श्री नरवुला ने जो प्रस्ताव हुआ के सामने रखा है मैं उसका समर्थन करता हूँ और आप के दूवारा विचार करने के लिए निवेदन करता हूँ।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, যে মোশন এঁরা এনেছেন আমি তার বিরোধিতা করছি। স্পিকার মহাশয়ের রুলিং-কে কনসিডার করার সময় এঁরা বলতে পারতেন এবং তারজন্য পদ্ধতিও রয়েছে। কিন্তু যেভাবে মোশন এনেছেন তাতে মাননীয় স্পিকারের রুলিংকেই শুধু ক্রিটিসাইজ করা হল না, তার বিরোধিতা করা হল। কাজেই আমি এটা কোনওমতেই মোশন নিতে পারিনা। তাছাড়া আমার মনে হয় এটা কনসিডার করার কোনও স্কোপও নেই। বক্তব্যের মধ্য দিয়ে বুঝেছি এটা ওঁদের একটা প্রি-প্ল্যান্ড জিনিস, একটা প্ল্যান

নিয়েই এটা করা হয়েছে। সামনে ওই ভদ্রমহিলাকে দাঁড় করিয়েছেন, কিন্তু এর পেছনে ওঁদের অনেকেই ছিলেন। মাননীয় স্পিকারের বিরুদ্ধে কোনও সাবস্ট্যান্টিভ মোশন আনার সাহস নেই তাই একটা টার্মিনেশন মোশন খাড়া করে দিয়ে স্পিকারের রুলিং-এর বিরুদ্ধে সমালোচনা করলেন। আমি জানতে চাই এই জিনিস প্র্যাকটিস অ্যান্ড প্রসিডিওর অব পার্লামেন্টের কোথায় আছে? আমি এখানে কয়েকটা নজির উল্লেখ করছি যেটা আমরা সৃষ্টি করিনি, ওঁরাই করেছিলেন। "কাউল অ্যান্ড শকধার" রুলিং অবদি স্পিকার সম্বন্ধে যে কথা বলেছেন তার ৯৬ পৃষ্ঠায় আছে, Speaker's ruling cannot be questioned except one substantive motion. A member who protests against the ruling of the speaker commits contempt of the House and the speaker. Members cannot criticise directly or indirectly, inside or outside the House, any ruling given, opinion exprrssed or statement made by the speaker. একেবারে পরিষ্কার। তারপর, স্পিকারের ডিসিপ্লিন্যারি পাওয়ার সম্বন্ধে ৯৭ পৃষ্ঠায় পরিষ্কার ভাষায় বলা হয়েছে। এগুলো আমাদের নজির নয়, ভোলাবাবুদের নজির, পার্লামেন্টের নজির Maintenance of order of the House is a fundamental duty of the Speaker. He derives his disciplinary powers from the rules, and his decisions in matters of discipline are not to be challanged except on a substantive motion. He may direct any member guilty of disorderly conduct to withdraw from the House and name a member for suspension if the member disregards the authority of the Chair and persits in obstructing the proceedings of the House এগুলো কি পরিষ্কার কথা নয়? নিশ্চয়ই পরিষ্কার কথা। ডাঃ, জয়নাল আবেদিন বললেন, ওয়েলের ভেতরে নৃত্য করা কি পার্লামেন্টারি প্রসিডিওর অ্যান্ড প্র্যাকটিস-এ চলে? ওঁরা যে নজিরগুলো করেছে আমি সেটাই বলব। আমাদের নজির তৈরি করতে বললে আমরা অন্য রকম ভাবতাম। যাহোক, জয়নাল আবেদিনের অবগতির জন্য বলছি। কনডাক্ট আব মেম্বার্স সম্বন্ধে বলা হয়েছে, এ মেম্বার ইজ নট টু রিসর্ট টু এনি ডিমোনেস্ট্রেশন এটসেট্রা, এটসেটট্রা। এখানে অনেকগুলো দফা রয়েছে। এই সমস্ত নজিরগুলো উত্থাপন করবার পর বলছে, Besides in keeping with parliamentary convention and etiquette members are for-bidden to say 'Jai Hind' or 'Bandemataram' or anything of the kind in the House. এরকম ৭টি প্রিসিডেন্ট রয়েছে। লোকসভায় এরকম ডিমোনেস্ট্রেশন হাউসের ভেতরে করা যায় না। আর একটা বলি, টু ডিসপ্লে ফ্ল্যাগস্ অ্যান্ড প্রবলেমস্ ইজ ফর বিডেন। যদি ওঁরা বিরোধিতা করতে চান আমার বলার কিছু নেই। তবে ওঁদের পক্ষে সহজ রাস্তা হচ্ছে মাননীয় স্পিকারের বিরুদ্ধে সাবস্ট্যানটিভ মোশন এনে সেটা পাস করিয়ে নেওয়া। টার্মিনেশন মোশন এনে এইভাবে স্পিকারের সমালোচনা করা ঠিক নয়। কাজেই এই টার্মিনেশন মোশন আমার পক্ষে সমর্থন করা সম্ভব নয়।

[2-20 – 2-30 p.m.]

**श्री रविशंकर पान्डे** : माननीय अध्यक्ष महोदय कल आपने श्रीमती रेनू रीमा सुब्बा को सदन से जिस तरह से सम्पेण्ड करके वहिस्कृत कर दिया वह बड़ा ही नीन्दनीय और अशोभनी यहै पश्चिम बंगाल विधानसभा के तिहास मे यह एक अभूतपूर्व घटना है मैं आपसे निवेदन करुँगा कि इस तरह के अपने डिसीसन को आप कृपया पुनः विचार करके वदल दें और उस ष.र्छि. की वातो को सुनने का मौका दें वह सदस्य विधानसभा के गर के बाहर धूप मे घटना दिदे हुए वैठी है अतयेव मै आशा करता हूँ कि आप कृपया अपने रुलिंग पर हुवा! विचार करेंगे और माननियाँ ष.र्छि. को क्षमा प्रदान करेंगे विधानसभा जन-जीवन का दर्पम हैं सदस्य लोग जन महब्बाते अपने मुह व्यक्त कर सदन ने प्रदर्शनात्मक रुप से आदिव्यज्त छिप। वह लेई जघन्य अपराधनही है इसके पपि आप चाहें तो पुनः विचार प्यर के क्षमा दान दे सकते हैं।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খানিকটা হতবাক বোধ করেছি। অনেক কথা কারসাজি করে বিরোধী পক্ষের সদস্যরা বললেন। তাদের মানসিকতা আমি অনুভব করলাম। তারা বলছেন এটা অত্যন্ত নিন্দার কাজ আবার পরোক্ষভাবে সমর্থন করছেন। আপনারা বলছেন তাকে কম সাজা দেওয়া হোক। আমরা জানি মহিলাদের শ্লীলতা থাকবে লজ্জা শালীনতাবোধ থাকবে। কিন্তু তিনি এখানে যে কীর্তি করলেন তা কোনও সভ্য জনগণের মহিলা করিতে পারে এটা আমার ধারণা নেই। তার যদি লজ্জা থাকতো তাহলে তিনি নিজে চলে যেতেন। আবার আজকেও তিনি বাধা ভেঙ্গে এখানে ঢোকবার চেষ্টা করেছেন। কেন সমর্থন করছেন এবং কারা সমর্থন করছেন তাদের মানসিকতা বোঝা যাচ্ছে। তারা চাইছে কোনও রকমভাবে এই সরকারকে বিপর্যস্ত করতে, কোনও রকমভাবে একটা গন্ডগোল পাকিয়ে এই সরকারকে বেকায়দায় ফেলার ষড়যন্ত্র এদের মধ্যে রয়েছে। চরমতমভাবে পার্লামেন্টের যে সাধারণ আচরণ তা লঙ্ঘন করা হয়েছে এবং সেটা জঘন্নভাবে। সেটা কথার কারচুপি দিয়ে অনেকে অনেক কথা বলেছেন—নিন্দার কথা মুখে বলছেন কিন্তু কার্যত ওঁকে সমর্থন করছেন। অতএব এই মোশনের আমি বিরুদ্ধাচরণ করছি।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে যে রেজলিউশন আনা হয়েছে তার বিরোধিতা করবার জন্য আমি দাঁড়িয়েছে দু চার কথা বলতে চাই। মূল বক্তব্য যেটা আমি শুনেছি যেটা জয়নাল আবেদিন সাহেবও বললেন এবং আরও অনেকে বললেন যে আপনার নাকি ক্ষমতা নেই। আমি কালকেও বলেছি এবং আজও বলছি আপনি রুল ৩৪৭ দেখুন। এবং আপনি গতকাল নেম করে বলেছিলেন বেরিয়ে যাবার জন্য। কিন্তু নেম করা

হল তিনি বেরুলেন না। আজকে এইরকম চলবে কিনা এটা ঠিক করতে হবে। আমরা দেখছি গত ১৯৮০ সালের জানুয়ারি মাসে নির্বাচনের পর দেখছি বিরোধীদলের কিছু কিছু লোক আছে যারা হাউস যাতে না চলতে পারে তার চেষ্টা করছেন। বাইরে গোলমাল হবে, ভিতরে গোলমাল হবে, এটাই তাদের অ্যাটিচুড। এইভাবে চলতে পারে না। সংসদীয় গণতন্ত্রে যারা বিশ্বাস করে, পার্লামেন্টারি ডেমক্রাসীতে যারা শপথ নেয়, তাদের দায়িত্ব আছে দেখার, তারা বিরোধী হিসাবে থাকুন আর সরকারি দলে থাকুন, তাতে হাউসের যে মিনিমাম রেসপেক্ট, হাউসের যে মান সম্মান, রেসপেক্ট, তাকে মেনটেন করতে হবে। যখন উনি হাউসের মেম্বার, হাউসের রুল তার পক্ষে প্রযোজ্য, উনি জানেন যে ৩৪৭ ধারায় স্পিকার যখন কাউকে নেম করে, তাকে বেরিয়ে যেতে হয়। উনি বেরোলেন না, মার্শাল যাওয়া সত্ত্বেও উনি বেরোলেন না। অদ্ভুত একটা অবস্থা, সেই অদ্ভুত পরিস্থিতির মধ্যে আপনাকে একটা দ্বিতীয় সিদ্ধান্ত করতে হল। আপনি তাকে সাসপেন্ড করলেন। তা সত্ত্বেও তিনি বেরোলেন না। হাউস অ্যাডজোর্ন হল, এছাড়া আপনার কোনও উপায় ছিল না। যেহেতু উনি মহিলা, উনি যদি পুরুষ হতেন, বোধ হয় এই পরিস্থিতি হত না। মহিলা স্টাফ ছিল অ্যাসেম্বলির মধ্যে, আপনি কোনও পুরুষ দিয়ে তাকে বিতাড়িত করেননি। মহিলা স্টাফ, সে ক্লাস ফোর হোক, মার্শাল হোক, যাই হোক, ক্লাস ফোর স্টাফরাও মানুষ, তারা জন্তু জানোয়ার নয়। আপনার নির্দেশ অনুযায়ী তারা ওনাকে হাউস থেকে বার করে দিয়েছেন, হাউসের মান-সম্মান রক্ষা করার জন্য। আমি মনে করি এই ব্যবস্থা অনেকদিন আগে হওয়া উচিত ছিল। কিছুদিন আগে এই সদস্যা গলার মধ্যে মহাত্মা গান্ধীর ছবি ঝুলিয়ে এই হাউসের মধ্যে নৃত্য করেছিলেন। এইসব সহ্য করা যায় না। তবুও আপনি ক্ষমা করেছিলেন। আবার এই ঘটনা ঘটেছে, আজকে খেলনা পিস্তল নিয়ে এলেন, কালকে কি হবে কেউ বলতে পারে? এইসব কি এখানে বরদাস্ত করতে হবে? পশ্চিমবাংলার কোটি কোটি মানুষের প্রতিনিধিত্ব আমরা এখানে করতে এসেছি—কোনওদিন এসব বরদাস্ত করা যায় না। দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় সদস্য শ্রী সত্য বাপুলি বলেছেন, আপনি নাকি চীফ মিনিস্টার বলাকে এইসব করেছেন। আমি মনে করি আপনার বিরুদ্ধে উনি অপমান জনক কথা বলেছেন। ঐ কথাগুলো এক্সপাঞ্জ করা দরকার। আপনার রুলিং আপনার ডিসিসনের বিরুদ্ধে কোনও সদস্যের ক্ষমতা নেই সমালোচনা করার বা নিন্দা করার। শুধু একটা কথা বলি আপনার ক্ষমতা আছে—৩৪৮ ধারায় আছে রেজলিউশনের পরে হাউস থেকে একটা পিরিয়ডের জন্য সাসপেন্ড করতে পারেন। হাউসের সেই ক্ষমতা আছে। কিন্তু গতকাল আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম রুল ৩৫২তে। তাতে আপনার ওয়াইড সুইপিং পাওয়ার আছে একটা বিশেষ পরিস্থিতিতে আপনি বিশেষ সিদ্ধান্ত নিতে পারেন এবং সেই বিশেষ সিদ্ধান্তকে কাজে আনার জন্য আপনি যে পথ অবলম্বন করবেন, সেই ক্ষমতা আপনার আছে এবং সেই পথ অবলম্বন করে সেই সিদ্ধান্তকে আপনি কার্যকর করতে পারেন। এমন কোনও অবস্থা থাকতে পারে না যে হাউসে স্পিকার অসহায়, তার জন্য রুল ৩৫২ আছে যদি কোনও বিশেষ পরিস্থিতিতে ওঠে, বিশেষ কোনও অবস্থা যদি হঠাৎ হয়ে যায় তাহলে এই ৩৫২ রুলের আওতার মধ্যে আছে, সেই ক্ষমতা

প্রয়োগ করে উপযুক্ত ব্যবস্থা করবেন। আপনি কালকে করেছেন, আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব হাউসের মান মর্যাদাকে রক্ষা করার জন্য, সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করার জন্য যাতে ভবিষ্যতে কোনও সদস্য রুলিং পার্টির হোক বা বিরোধী পক্ষের হোক, এইরকম সাহস করতে না পারে যাতে হাউসের মান মর্যাদা ক্ষুন্ন হয়। এই কথা বলে এই রেজলিউশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভোলানাথ সেনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেজলিউশনটার মর্মার্থ কেউ বোঝেননি। মর্মার্থ হচ্ছে যে ৩৪৭(সি)'র আন্ডারে রেজলিউশন করা হয়েছে। কতকগুলোর কারণের মধ্যে প্রধান কারণ হল যে There must be some parity, some rational mixture, between crime and punishment. একটা লোক যদি চুরি করে, তাকে ফাঁসি দেওয়া যায় না, একটা লোক যদি মিথ্যা কথা বলে, যা সব সময় আমরা শুনতে পাচ্ছি, তাহলে তাকে ফাঁসি দেওয়া যায় না এবং এখানে কি ঘটনা ঘটেছিল? উনি বলতে চেয়েছিলেন বলতে দেওয়া হয়নি। তাই তিনি ছোট্ট একটা একজিবিট নিয়ে এসেছিলেন এবং একটা টয় পিস্তল এনেছিলেন। কথা হল, এই যে উনি নিয়ে এসেছিলেন আমি এগ্রি করছি অমলবাবুর সঙ্গে যে কোনও একজিবিট আনা উচিত নয়। কিন্তু এই হাউসে এই টয় রিভলভার বা টয় পিস্তল সুহৃদ মল্লিক চৌধুরি, তিনি মারা গেছেন, তিনি শ্রদ্ধেয়, তিনি আনেননি?

[2-30 – 2-40 p.m.]

কেশব বসু স্পিকার ছিলেন—তখন আনেননি? এটা নতুন জিনিস? এর চেয়ে অনেক বেশি খারাপ জিনিস দেখেছি। জুতো ছুঁড়ে মারা হয়েছে, মেশিন ছুঁড়ে মারা হয়েছে। মানুষ মরতে মরতে বেঁচে গেছে। আপনাদের দল এই সব করেছিল। এই হাউসে কি হয়েছে? এই হাউসে ফলস একজিবিট আনা হয়েছিল। ডাঃ হরমোহন সিংহ এনেছিলেন। শাড়িতে আমার ফটো লাগিয়ে এনেছিলেন। দ্যাট ওয়াজ অ্যান একজিবিশন। ফলস একজিবিট ডাঃ হরমোহন সিংহ এনেছিলেন। তারপর এই সেসনে কি হয়েছে? ডবলিউ. বি. সি. ইউ. টি. এ.র এক লিফলেট রহড়া কলেজ সম্বন্ধে, সমস্ত বিধানসভার সরকারি কাগজের সঙ্গে বিলি করা হয়েছিল। কে করেছে? হাউসের মধ্যে কে অ্যালাও করল? কে করেছিল তার এনকোয়ারি হোক, কেন করেছিল তার তদন্ত হোক। দ্বিতীয় কথা হচ্ছে এই, স্পিকার ইচ্ছা করলে নিশ্চয় ক্ষমতা আছে, পারতেন উনি সরিয়ে দিতে। যদি কেউ অন্যায় করে তাকে শাস্তি দিতে পারেন বিধান অনুসারে। কিন্তু সেই শাস্তি কেন পারশিয়্যাল, লোকে বলছে? আমি নির্মলবাবুর সঙ্গে একমত। উনি কলেজে গিয়েছিলেন, আমি হাইকোর্টে গিয়েছিলাম লোকে ছি-ছি করছে। কারণ কাগজে ৩জন পুরুষ মানুষের নাম দিয়ে দিয়েছে, তারা মারামারি করল মহিলার সঙ্গে। লোকে অন্য কথা বলছে, ওদের কোনও অথরিটি নেই, স্পিকারের দ্বারা তারা অথরাইজ্ ছিলেন না, তাসত্ত্বেও বাহুবল প্রয়োগ করেছেন। অথরাইজড ছিলেন না, অথচ বাহুবল প্রয়োগ করলেন, দিস ইজ কল্ড অ্যাসল্ট অব মেম্বারস। কয়েকজন মন্ত্রী ইনসাল্ট করেছেন। ক্রাইম

করেছেন—ক্রাইম ওয়াজ বিয়িং পারপিচুয়েটেড নট এ সিঙ্গল নেমিং ওয়াজ দেয়ার। আমার লাষ্ট পয়েন্ট হচ্ছে এই রুল ৩৪৮ অনুসারে অর্ডার দেওয়া হল ফর ৮ উইক্স। অর্ডার ক্যারেড আউট হয়েছে। সেই অর্ডার মডিফাই করে কি হল? প্রিভিয়াস অর্ডার যেটা ক্যারেড আউট হয়ে গেছে, সেই অর্ডার নয়, মডিফায়েড অর্ডারে বলছেন, upon the order being made a member suspended under this rule shall forthwith withdraw. Therefore that has been made in her absence. The order substantiating that order had to be made in her presence which was not done. Therefore this order becomes bad. This order cannot became retrospectively operative at a time when she was not in the House.

সুতরাং এই অর্ডার বেআইনি হয়ে যাচ্ছে। আমার শেষ বক্তব্য হল এই, যেসমস্ত এম. এল. এ. আছেন তাদের উপর কোনও শাস্তি দিলেন না, আপনার অর্ডার ছাড়াই তারা মারামারি করলেন। সেখানে একটা ক্রাইম অ্যান্ড পানিশমেন্টের সামঞ্জস্য থাকা দরকার। আমি সেই জন্য রিকোয়েস্ট করছি যে রেজলিউশন এনেছি শুধু ব্রুট মেজরিটি দ্বারা সেটাকে উপেক্ষা করবেন না। বাংলার সংস্কৃতি, আপনার সম্মান, এই হাউসের সম্মান নির্ভর করছে এর দ্বারা।

**মিঃ স্পিকার ঃ** আমার সম্বন্ধে দু একটি কথা যেটা বলেছেন সেটা আমি একটু পরে বলে দেব।

The motion of Shri Dawa Narbu La that this House resolves that suspension of Shrimati Renu Leena Subba, be terminated, was then put and a division taken with the following result :-

**NOES**

Abdur Razzak Molla, Shri

Adak, Shri Nitai Charan

Bandyopadhyay, Shri Balai

Banerjee, Shri Amiya

Banerji, Shri Radhika Ranjan

Barma, Shri Manindra Nath

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Bhattacharjee, Shri Buddhadev

Bhattacharya, Shri Kamal Krishna

Bhattacharya, Shri Nani

Bhattacharyya, Shri Gopal Krishna

Bisui, Shri Santosh

Biswas Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jananendranath

Biswas Shri Satish Chandra

Bose, Shri Ashoke Kumar

Bose Shri Nirmal Kumar

Chatterjee, Shrimati Nirupama

Chattapadhyay,Shri Sailendra Nath

Chowdhuri, Shri Benoy Krishna

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Subhendu Kumar

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali

Das, Shri Santosh Kumar

Deb, Shri Saral

Ghosh, Shri Krishna Pada

Ghosh, Shri Malin

Ghosh, Shri Sambhu Charan

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Guha, Shri Nalini Kanta

Haldar, Shri Krishnadhan

Hashim Abdul Halim, Shri

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath.

Kalimuddin Shams, Shri

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Let (Bara), Shri Panchanan

Mahata, Shri Satya Ranjan

Maity, Shri Hrishikesh

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Pannalal

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malaker, Shri Nani Gopal

Mandal, Shri Gopal

Mandal Shri Rabindra Nath

Mandal, Shri Sudhangshu

Mandi, Shri Sambhunath

Mir, Abdus Sayeed, Shri

Mitra Dr. Ashok

Mohammad Ali, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shri Niranjan

Naskar, Shri Gangadhar

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo gopal

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Sudhir

Roy, Shri Amalendra

Roy, Shri Dhirendra Nath

Roy, Shri Haradhan

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Pravas Chandra

Roy, Shri Sada Kanta

Roy, Shri Tarak Bandhu

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshi Narayan

Sarkar, Shri Ahindra

Sarkar, Shri Sailen

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Lakshmi Charan

Sen Gupta, Shri Prabir

Singh, Shri Chhedilal

Sinha, Dr. Haramohan

Sinha, Shri Khagendra Nath

Sk. Siraj Ali, Shri

Talukdar, Shri Pralay

**AYES**

A.K.M. Hassan Uzzaman, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Shri Binoy

Bapuli, Shri Satya Ranjan

Bharati, Shri Haripada

Chowdhary, Shri Abdul Karim

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Sandip

Das, Shri Shiba Nath

Jana, Shri Haripada (Bhagabanpur)

Mahanti, Shri Pradyot Kumar

Maji, Shri Swadesranjan

Motahar Hossain, Dr.

Nanda, Shri Kiranmay

Narbu La, Shri Dawa

Ojha, Shri Janmejay

Omar Ali, Dr.

Pal, Shri Ras Behari

Ray, Shri Naba Kumar

Roy, Shri Nanuram

Sarkar, Shri Birendra Nath

Sen, Shri Bholanath

Shaikh Imajuddin, Shri

Shastri, Shri Vishnu Kant

Sinha, Shri Atish Chandra

Sinha, Shri Prabodh Chandra

The Ayes being 26 and the Noes 97, the motion was lost.

## RULING FROM CHAIR

**মিঃ স্পিকার ঃ** আমি বিতর্কে অংশ গ্রহণ করতে চাইনি বলে তখন আমি বলিনি, এখন আমি কয়েকটি কথা আপনাদের বলছি। একটি খুব অসত্য ঘটনা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে—মিসেস রেণুলীনা সুব্বা নাকি বলেছেন, তাঁকে কালকে সময় দেওয়া হয়নি, তারই প্রতিবাদে তিনি নাকি এটা করেছেন। এটা সর্বৈব অসত্য কথা। তিনি প্রথমে তাঁর নাম দেননি, পরে তিনি হুইপকে বলেন, হুইপ এসে আমাকে রিকোয়েস্ট করেন, তাঁর অনুরোধে শুধু যে তাঁর নাম দেওয়া হয়েছিল তাই নয়, তাঁর নামটা শেষের দিকে ছিল তিনি বললেন, অত শেষে নয়, উপরের দিকে নাম দিতে হবে, তাঁর নাম আমি উপরের দিকেই রেখেছিলাম এবং তাঁকে জানিয়েই এটা করা হয়েছিল। কাজেই এই ঘটনা সম্পূর্ণ অসত্য যেহেতু এটা অসত্য ঘটনা সেইহেতু আমি এটা আপনাদের জানিয়ে দিলাম। আর একটা রুলিং আমি আপনাদের শুনিয়ে দিচ্ছি এতে আপনারা বুঝতে পারবেন আমার অধিকার আছে কিনা। আমি সেটা পড়ছি।

The speaker has also certain inherent powers. As stated above, under his inherent powers the Speaker made observations, from time to time regarding the presence of Ministers in the House and as a result thereof certain conventions have developed. Under his inherent powers, the Speaker may, in certain special cases, allow motions to be moved or withdrawn which are not covered by the Rules of Procedure, may order expunction on any ground not provided for in the rule relating to expunction and may revise or correct a decision given by him earlier.

So whatever I have to say I have said. Now it forms part of the procedings of the House.

[2-40 – 2-50 p.m.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ভোটে হেরে গেছি। আমরা ভেবেছিলাম যে আমাদের প্রস্তাব পুনর্বিবেচনা করা হবে। কিন্তু তা হল না। এর প্রতিবাদে আমরা, জনতা পার্টি হাউস থেকে ওয়াক আউট করছি।

**(এই সময়ে জনতা পার্টির সদস্যরা হাউস থেকে চলে গেলেন।)**

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্রুট মেজরিটির জন্য আমরা ন্যায় বিচার পেলাম না। আমরা জানি যে ন্যায় বিচার পাওয়া যাবে না। তবু আশা

করেছিলাম যে পাব। কিন্তু ওরা কিছুই মানতে চান না। সে জন্য আমরা এর প্রতিবাদে হাউস থেকে ওয়াক আউট করতে বাধ্য হচ্ছি।

**(এই সময়ে কংগ্রেস (আই) বেঞ্চের সদস্যরা সভাকক্ষ ত্যাগ করে চলে গেলেন।)**

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একজন মহিলা সদস্যার বহিষ্কারের যে ভাবে একটা ব্রুট ফোর্স প্রয়োগ করা হয়েছে, আমি এর প্রতিবাদে নিজেকে হাউস থেকে প্রত্যাহার করতে বাধ্য হচ্ছি।

**(এই সময়ে ডাঃ জয়নাল আবেদিন সভাকক্ষ থেকে চলে গেলেন।)**

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীযুক্ত ভোলা সেন মহাশয় বলেছেন, কাগজে দেখেছি, যে স্পিকারের রুলিং ঠিক হয়নি। এটা পরিষদীয় রীতি অনুযায়ী তার বলার কোনও অধিকার নেই। এতে কনটেম্প অব দি কোর্ট হয়েছে এবং কনটেমপ্ট অব দি স্পিকার হয়েছে। আমি এই ব্যাপারে প্রিভিলেজ নোটিশ দিয়েছি। সেই নোটিশ মোতাবেক আমি অনুরোধ জানাব যে আপনি এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করেছিলাম এবং আশা করেছিলাম যে গণতান্ত্রিক বিধি রক্ষা করা হবে। আমি ভেবেছিলাম যে ট্রেজারি বেঞ্চে এবং অন্যান্য সব দলের প্রতিনিধিদের নিয়ে বসে আপনি পরিস্থিতিটা কিভাবে সহজ করা যায়, সেটা ঠিক করবেন। কিন্তু তা দেখছি না। সে জন্য আমি এই হাউস ত্যাগ করতে বাধ্য হচ্ছি।

**(এই সময়ে শ্রী এ কে এম হাসানুজ্জামান সভাকক্ষ থেকে চলে গেলেন।)**

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তাদের মোশন আনতে দিয়েছেন। তারপর ওরা হেরে গিয়ে নজির বিহিনভাবে চলে গেলেন। এই রকম নজির আর নেই।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আজ আমি শ্রী শেখ ইমাজুদ্দিন এবং শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়ের কাছ থেকে দুটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী ইমাজুদ্দিন বিভিন্ন সংস্থায় কর্মচ্যুতি এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী মৈত্র মালদহ জেলায় চুরি ডাকাতির সংখ্যা বৃদ্ধির সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবের বিষয়টি বর্তমান অধিবেশনে শ্রম দপ্তরের বাজেট বরাদ্দের বিতর্কের দিন সদস্য মহাশয় আলোচনা করতে পারেন। দ্বিতীয় প্রস্তাবের বিষয়টি আইন-শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যে এর প্রতিকার আছে।

তাই আমি দুটি প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি।

মাননীয় সদস্যরা নেই, অতএব পড়া হচ্ছে না।

## Calling Attention to matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১। বিদেশি অথবা বিদেশি সাহায্য প্রাপ্ত ১৮টি সংস্থাকে উপজাতি অধ্যুষিত এলাকায় কাজকর্ম বন্ধ করার নির্দেশ—শ্রী শেখ ইমাজুদ্দিন,

২। প্রাথমিক বিদ্যালয়গুলিতে কিশলয় না পৌঁছানো সম্পর্কে—শ্রী শেখ ইমাজুদ্দিন,

৩। ১৭.৩.৮১ তারিখে হাওড়ার বাঁধঘাট পুলিশ ফাঁড়ির নিকট ব্যাঙ্ক ডাকাতি—শ্রী শেখ ইমাজুদ্দিন,

৪। ১৮.৩.৮১ তারিখে কলিকাতায় সংঘর্ষ ও আহত হওয়ার ঘটনা—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র,

৫। পথি-পার্শ্বস্থ সরকারের অধিকৃত জায়গা দখল—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র,

৬। মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক প্রকাশিত পারিজাত রীডার-২ এর কালোবাজারি—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র,

৭। মালদহ হইতে রেলওয়ে ওয়াগনে পশ্চিমবাংলার বাইরে কয়লা চালান—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র।

আমি মালদহ হইতে রেলওয়ে ওয়াগনে পশ্চিম বাংলার বাইরে কয়লা চালান বিষয়ের উপর শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন, অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আগামী মঙ্গলবার।

## STATEMENT UNDER RULE 346

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** স্পিকার মহোদয়, আমি ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড সম্বন্ধে একটা বিবৃতি দিচ্ছি।

ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রি লিমিটেড হ্যারিকেন, লণ্ঠন কেরোসিন স্টোভ ইত্যাদি তৈরির ক্ষেত্রে বৈশিষ্ট অর্জন করেন। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের তরফে তারা নূতন নামের

স্টোভ তৈরি করেছেন। এই প্রতিষ্ঠানে প্রায় সাতশ লোক নিযুক্ত রয়েছেন। ১৯৭৩ সালে ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কর্পোরেশন লিমিটেডের কাছ থেকে এই প্রতিষ্ঠান সাহায্য পেতে শুরু করেন।

এই প্রতিষ্ঠানটি রুগ্ন হওয়ার মূলে নানা কারণ রয়েছে, তবে মুখ্য কারণ হিসেবে চিহ্নিত হয়েছে উদ্যোক্তা ডাইরেক্টরদের মধ্যে অন্তর্কলহ। এই কারণেই আগে একবার প্রস্তাব করা হয়েছিল যে ১৯৫১ সালের শিল্প (উন্নয়ন ও নিয়ন্ত্রন) আইনের আওতায় প্রতিষ্ঠানটির পরিচালনভার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের হাতে তুলে দেওয়া হোক। কিন্তু উক্ত কর্পোরেশন এ ভার নিতে রাজি না হওয়ায় এ প্রস্তাব নিয়ে আর এগোনো যায়নি।

পরবর্তীকালে প্রতিষ্ঠানটির অবস্থার আরও অবনয়ন ঘটেছে। তবে রাজ্য সরকারের তরফে এর অবস্থার উন্নয়নের সম্ভাব্যতা বিচার বিবেচনা করে দেখা হচ্ছে। যেহেতু এ প্রতিষ্ঠানে আই আর সি আইয়ের যথেষ্ট অর্থ লগ্নি রয়েছে, তাই তাঁদের অনুরোধ করা হয়েছে পরিচালন ব্যবস্থার উন্নতি ঘটানোর ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নিতে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হয়েছে তাদের তরফে প্রতিষ্ঠানটির পরিচালনভার গ্রহণ করবার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে।

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে এ ব্যাপারে শ্রম দপ্তরে কোনও শিল্প বিরোধি তোলা হয়নি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্পিকার স্যার, আমি আপনাকে অনুরোধ করছি, আমাদের শ্রম মন্ত্রী যে বিবৃতিটি দিলেন সেটি আমাদের সদস্যদের মধ্যে দয়া করে সার্কুলেট করে দেবার ব্যবস্থা করুন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** স্যার, এখনই দেওয়া সম্ভব নয়, এটা কপি করে দিতে একটু সময় লাগবে।

M/s Bengal works Ltd. declared a lock-out of their factory from 9.1.81 on the alleged ground of low production and indisciplined behaviour on the part of the workers. Subsequently the management also issued a notice declaring their intention to close the establishment with effect from 31.3.81 almost on the same allegations. The Bengal Enemel Shramik Karmachari Union, on the other hand, has alleged mis-management of the affairs of the Company by the present Board of Management and suggested for an enquiry into its affairs. The Union has also suggested for taking over of the management of the Company in the interest of 2 thousand workmen employed. Facts and information are being collected by the closed and sick Industries Department to study the problems

of the Unit. Meanwhile, the industrial dispute raised by the Trade Union has already been taken up in conciliation by the Labour Commissioner for promoting a settlement.

[2-50 - 3-00 p.m.]

**মিঃ স্পিকার :** আমি এখন পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন বিধির ৩১০(১) নিয়মানুযায়ী নিয়ম কমিটি অর্থাৎ রুল্‌স কমিটির প্রথম প্রতিবেদনটি সংস্থাপন করছি।

## FIRST REPORT OF THE COMMITTEE ON RULES (1980-81)

I, the chairman of the Committee on rules, have the honour to submit the First Report of the Committee.

2. The Committee at its meeting held on the 28th November, 1980, decided to amend the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly and at its meetings held on the 2nd and 3rd December, 1980, recommended the following amendments in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, namely :

(1) in Chapter VIII, in sub-rule (1) of rule 58, in line 1, for the word "shall" the word "may" be substituted ;

(2) in chapter IX, in sub-rule (2) of rule 63, in line 5, for the word "twenty-six" the word "thirty" be substituted ;

(3) in chapter X, in rule 81—

(a) in clause (ii) in lines 4 and 5, the words "upon a former amendment" be omitted,

(b) in clause (vi), in lines 3 and 4 for the words "unintelligible or undramatical" the words "or meaningless" be substituted,

(c) in clause (vii), in line 1, the word "not" be omitted after the word "moved" the word "to" be inserted, and in lines 3 and 4, the words "by the Speaker" be omitted,

(d) clause (viii), be omitted ;

(4) in sub-rule (1) of rule 85, in line 6, after the words "this clause" the word "do" be inserted ;

(5) in rule 88, in line 11, before the word "stand" the word "do" be inserted ;

(6) in rule 90; in line 11, word "stand" the word "do" be inserted ;

(7) in Chapter XI for the rule 156, the following rules be substituted, namely :-

156. Petitions may be presented or submitted to the House with the consent of the Speaker on—

(i) a Bill which has been published in the Gazette or which has been introduced in the House.

(ii) any matter connected with the business pending before the House.

(iii) any matter of general public interest, provided that it is not one—

(a) which is pending before a court of law having jurisdiction in any part of Indian or a court of inquiry or a statutory tribunal or authority or a quasi-judicial body, or a commission.

(b) which relates to a matter which is not within the cognizance of the State Government.

(c) which can be raised on a substantive motion or resolution, or

(d) for which remedy is available under the law including rules, regulations, bye-laws made by the Central Government or by the State Government or an authority to whom power to make such rules, regulations, etc., is delegated.

156A. Petitions dealing with financial matters. A petition, dealing with any of the matter specified in sub-clauses (a) to (f) of clause (1) of Article 199 of the Constitution or involving expenditure from the Consolidated Fund of the State, shall not be presented to the House unless recommended by the Governor." ;

(8) rule 158 be renumbered as sub-rule (1) of that rule and after sub-rule (1) as so renumbered, the following sub-rule be added namely :

"(2) Where there is more than one signatory to a petition, at least one person shall sign, or, if illiterate, affix thumb impression, on the sheet on which the petition is inscribed. If signatures or thumb impressions are affixed to more than one sheet the prayer of the petition shall be repeated at the head of each sheet." ;

(9) rule 160 be renumbered as sub-rule (1) of that rule and after sub-rule (1) as so renumbered, the following sub-rule be added, namely :—

"(2) A member shall not present a petition from himself." ;

(10) in chapter XII, in sub-rule (1) of rule 167, in line 9, for the word "on" the word "in" be substituted ;

(11) in clause (1) of rule 178, in line 2, for the word "on" the word "in" be substituted ;

(12) in Chapter XIII, in the proviso to rule 182, in line 3, after words "have not been" the word "made" be inserted ;

(13) in chapter XVIII, in sub-rule (2) of rule 202, in line 2, for the word 'on' the word 'in' be substituted ;

(14) in chapter XXV, after rule 282, the following new rule be inserted namely :-

282A. "Power of Committee to frame internal working rules. A Committee may frame its own internal working rules, if any, regarding selection of subjects for its examination and report, collection of preliminary materials from various departments, public undertakings or other statutory bodies, appointment of sub-committees or study groups, study tours, examination of witness, preparation and submission of reports, and follow up actions." ;

(15) in rule 299, the following proviso be added, namely :

"Provided that a Minister shall not be nominated a member of the Committee, and that if a member, after his nomination to the Committee is appointed a Minister he shall cease to be a member of the Committee from the date of such appointment." ;

(16) In rule 302, the following proviso be added, namely :

"Provided that a Minister shall not be elected a member of the Committee, and that if a member, after his election to the Committee, is appointed a Minister he shall cease to be a member of the Committee from the date of such appointment." ;

(17) in sub-rule (2) of rule 303D, in lines 3 and 4, for the words "nominated by the Speaker", the words "elected by the House every year from amongst its members according to the principle of proportional representation by means of the single transferable vote" be substituted ;

(18) rules 303F, 303G and 303H be omitted ;

(19) After rule 307B, the following sub-heading (fff) and new rules 307C to 307F be inserted, namely :-

**"(fff)Committee on Subordinate Legislation**

307C.(1) Constitution. As soon as may be, after the commencement of the first session of the Assembly in every year, a Committee on Subordinate Legislation shall be constituted.

(2) The Committee shall consist of twelve members who shall be nominated by the Speaker :

Provided that a Minister shall not be a member of the Committee, and that if a member, after his nomination to the Committee is appointed a Minister he shall cease to be a member of the Committee from the date of such appointment.

(3) The term of office of the members of the Committee shall be one year.

307D.(1) The rules, regulations, bye-laws, etc., made by the State Government in exercise of the powers conferred by the Constitution or delegated by Parliament or by the State Legislature and which are required to be laid before the House shall be laid before the Committee as soon as possible.

(2) It shall be the duty of the Committee to scrutinise and report

to the House whether the powers to make rules, regulations, bye-laws, etc., referred to in sub-rule (1) have been properly exercised.

(3) In particular and without prejudice to generality of the foregoing powers the Committee shall consider—

(i) whether the rules, regulations, bye-laws, etc., are in accord with the general objects of the Constitution or the Act pursuant to which they are made,

(ii) whether they contain any matter which in the opinion of the Committee should more properly be dealt with in an Act of Parliament or of the State Legislature,

(iii) whether they give retrospective effect to any of this provisions in respect of which the Constitution or the Act does not expressly give any such powers.

(iv) whether they appear to make some unusual or unexpected use of the powers conferred by the Constitution or the Act pursuant to which they are made,

(v) whether there appears to have been unjustifiable delay in their publication or in laying them before the Committee,

(vi) whether for any reason their form or purport calls for any elucidation.

307E. Report (1) If the Committee is of opinion that any rule, regulation, bye-law, etc., should be annulled wholly or in part, or should be amended in any respect, it shall report that opinion together with grounds thereof to the House.

(2) If the Committee is of opinion that any other matter relating to any rule, regulation, bye-law, etc., should be brought to the notice of the House, it may report that opinion and matter to the House.

307F. Powers of Speaker to give directions. The Speaker may issue such directions as he may consider necessary for regulating the procedure in connection with all matters connected with the consideration of any question of Subordinate Legislation either in the Committee or in the House." ;

(20) in sub-rule (2) of rule 310A, in line 2, for the figure and word "2 years" the words "one year" be substituted;

(21) rules 310C, 310D and 310E be omitted;

(22) in chapter XXVI, in rule 342(4)(g), in line 3, after the word "hand" the word "over" be inserted;

(23) following be added as Appendix to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly—

APPENDIX

**Rules relating to Committees not mentioned in the Rules of Procedure**

*House Committee*

1. (1) there shall be a House committee consisting of not more than seven members including the Chairman.

Constitution.

(2) The committee shall be nominated by the Speaker and shall hold office for a term not exceeding one year. A member may be re-nominated by the Speaker to the new House Committee.

2. The quorum to constitute a sitting of the Committee shall be three.

Quorum.

3. (1) The functions of the House committee shall be—

Functions.

(i) to deal with all questions relating to residential accommodation for members of the House, and

(ii) to exercise general supervision over the State Legislators' Hostel, Calcutta, including facilities for accommodation, food, medical and other amenities,

(iii) to make rules and implement the same for such supervision.

4. (1) A record of the proceedings of the sitings of the House Committee shall be maintained.

Record of

Proceedings and minutees of Committee. (2) The draft minute shall be prepared and approved by the Chairman.

(3) the minutes of each sitting shall be circulated to members of the Committee. Relevant extracts therefrom may be forwarded to appropriate authorities for necessary action.

Appeal. 5. An appeal against the decision of the House Committee shall lie to the speaker whose decision shall be final.

Provisions applicable in other respects. 6. In other respects, the general rules applicable to Assembly committees mentioned in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptations, whether by way of modification, addition or omission, as the Speaker may consider necessary or convenient.

constitution. 1. In each year, the Speaker may nominate a Committee called the Library Committee consisting of not more than 9 members including the Speaker who shall be the Chairman of the Committee.

2. The functions of the Committee shall be—

Functions. (a) to consider the advise on such matters concerning the Library as may be referred to it by the speaker from time to time ;

(b) to consider suggestions for the improvement of the Library, and

(c) to assist members of the Assembly in fully utilising the services provided by the Library.

Provisions applicable in other respects. 3. In other respects, the general rules applicable to Assembly Committees mentioned in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptations, whether by way of modification, addition or omission, as the speaker may consider necessary or convenient."

S. A. M. HABIBULLAH
*Chairman,*
*Rules Committee*

CALCUTTA
*The 3rd December, 1980*

এই প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তার উপর কোনও সদস্য যদি কোনও সংশোধনী আনেন তবে তা আগামী ২৬শে মার্চ, ১৯৮১ তারিখের বেলা ৩টার মধ্যে সচিবালয়ে জমা দিবেন।

## MENTION CASES

**শ্রী মনোরঞ্জন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাইছি এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় গোঁদল পাড়ায় বেঙ্গল চটকল মজদুর ইউনিয়নের নেতৃত্বে শ্রমিকেরা যখন তাদের দাবি-দাওয়া নিয়ে আন্দোলন করছিলেন তখন শ্রমমন্ত্রীর হস্তক্ষেপকে উপেক্ষা করে সেখানকার মালিকেরা এক-তরফাভাবে লক-আউট ঘোষণা করেছে এবং আড়াই মাস ধরে সেখানে লক-আউট চলছে। লক-আউট করেই কেবল ক্ষান্ত হয়নি সেখানে শ্রমিকদের উপর দাঙ্গা সৃষ্টি করবার জন্য চক্রান্ত করছে মালিক পক্ষ এবং তার ফলে সেখানকার শ্রমিকদের প্রাণ-নাশের আশঙ্কা সৃষ্টি হয়েছে। আমি এ বিষয়ে শ্রমমন্ত্রীর এবং মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুলিশ সেখানে হস্তক্ষেপ করে শ্রমিকেরা কাজ ফিরে পায় এবং সাম্প্রদায়িক দাঙ্গা যাতে প্রতিহত হয় তারজন্য ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন যাবৎ আমাদের ২৪-পরগনা জেলায় খড়দহ থানার অন্তর্গত সোদপুর এবং নাটাগড় অঞ্চলে ব্যাপকভাবে জমি যখন অভিযান চলছে। কিছু সংখ্যক দুষ্কৃতকারী (কংগ্রেস-আইয়ের) এবং কিছু জনতা পার্টির লোক তারা সবাই মিলে অ্যান্টিসোশ্যাল এলিমেন্টসদের দিয়ে জমি দখল করছেন। এইভাবে তারা সোদপুর পিজরাপোল সোসাইটির ১১০ বিঘা জমি দখল করবার চেষ্টা করেছিল এবং সেই কলোনিটিকে সঞ্জয় নগর কলোনি হিসাবে আখ্যা দিয়েছিল কিন্তু যেহেতু পিজরাপোলের জমি সেইহেতু তারা দখল করতে পারেনি, পুলিশ কেড়ে নিয়েছে। এই কেড়ে নেওয়ার জন্য পুলিশের উপর আক্রমণ করছে এবং দখল করবার চেষ্টা করছে। সেই জমি থেকে উচ্ছেদ হবার পর আরো কিছু কিছু জমির মালিকের কাছ থেকে জমি দখল করার চেষ্টা চলেছে। নাটাগড় অঞ্চলে সাধারণ মানুষকে ৫০ টাকা ১০০ টাকা দিয়ে জমি দখলের কাজে লাগাবার চেষ্টা করছেন।

আমি এ বিষয়ে পুলিশকে বলেছিলাম এবং মুখ্যমন্ত্রী মহাশয়কে বলতে চাইছি যে শুধু মাত্র জমি থেকে উচ্ছেদ করলে সমস্যার সমাধান হবে না। এই সব যারা করাচ্ছে তাদের শাস্তির ব্যবস্থা করে যাতে গ্রেপ্তার হয় তার ব্যবস্থা করতে হবে। তা না হলে এই দুষ্কৃতকারীরা দীর্ঘদিন ধরে হাজার হাজার সাধারণ মানুষের কাছ থেকে টাকা নিয়ে মানুষকে জমি দখলের জন্য প্রলুব্ধ করছে। এতে আইন-শৃঙ্খলার অবনতি দেখা দিচ্ছে। ঐ এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য ব্যবস্থা করা দরকার এবং সাধারণ মানুষের জমি যাতে রক্ষা পায় তারজন্য ব্যবস্থা

গ্রহণ করা দরকার এবং সেই ব্যবস্থা গ্রহণ করবার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী বিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মারফতে শিল্পাঞ্চলের একটি গুরুতর ঘটনা জানাচ্ছি। ১১ তারিখে সারা ভারতবর্ষের রাষ্ট্রীয় ক্ষেত্রে সর্বাত্মক হরতাল হয়েছিল তা আপনি জানেন। আসানসোল খনি অঞ্চলে শান্তিপূর্ণ সর্বাত্মক হরতাল হয়েছিল, কিন্তু সেই শান্তিপূর্ণ হরতালকে ভেঙ্গে দেবার জন্য সেখানে কংগ্রেস (আই)-এর নেতৃত্বে শীতলপুর কোলিয়ারিতে কয়েকটি শ্রমিককে খুন করা হয়, শুধু খুন করা নয়, খুনের আসামী—কল্লোল মুখার্জি প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে, এখন পর্যন্ত গ্রেপ্তার হয়নি। সব থেকে দুঃখজনক ঘটনা, যে ই. সি. এল ইস্টার্ন কোল ফিল্ড লিমিটেড কয়লা খনির যে কর্তৃপক্ষ তারা এই সমস্ত গুন্ডাকে আই. এন. টি. ইউ. সি.র সব গুন্ডাকে স্থান দিচ্ছে। ১১ তারিখে যে শ্রমিকদের হত্যা করা হয়েছিল সেই হত্যাকারীকে স্থান দিচ্ছে। ই. সি. এলের এমন কয়েকটি অফিসার আছেন, যাঁরা বাংলা, বিহার, হিন্দু, মুসলমান ইত্যাদির সমস্যা তুলে গন্ডোগোল করতে চাইছেন। পরে এ ব্যাপার ভয়াবহ হতে পারে সেজন্য আপনার মাধ্যমে জানাতে চাইছি যে লক্ষ্য না রাখলে কয়লাখনি অঞ্চলে ভীষণ গন্ডোগোল দেখা দেবে। সেদিকে মন্ত্রী মন্ডলী যাতে নজর দেন সেই কথা আমি জানাতে চাইছি এবং আমি মনে করি যে তাঁরা এ বিষয়ে দৃষ্টি দেবেন।

**শ্রী মাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, নদীয়া জেলার তেহট্ট এক নং ব্লকের পঞ্চায়েতের অধীনে ব্যাতাই—একটি ঘনবসতি পূর্ণ এলাকা। দেশ বিভাগের পরে ঐ এলাকায় বহু মানুষ এসে বসতি করায় ঐ এলাকার গুরুত্ব অনেক বেড়ে যায়। ঐ এলাকায় কলেজ হাই স্কুল আছে। কিন্তু গরিব মানুষদের সেখানে চিকিৎসার কোনও ব্যবস্থা নাই। গত ১৮. ১২. ৮০ তারিখে জেলাপরিষদে ওখানে একটা প্রাইমারী স্বাস্থ্য কেন্দ্র খোলবার জন্য সরকারের কাছে অনুরোধ জানিয়েছেন, এবং প্রস্তাব করেছেন। এখানে যদি এটা খোলা যায় তাহলে ব্যাতাই জেলা পরিষদের অনেক জমি পড়ে আছে, সেই জমি নিয়ে প্রাইমারী স্বাস্থ্য কেন্দ্র খোলবার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং ওখানে যাতে সত্বর একটা ব্যবস্থা গ্রহণ করা যায় তার জন্য অনুরোধ করছি।

[3-00 – 3-10 p.m.](including adjournment)

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** স্যার আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল সার্ভিস মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া থানার অন্তর্গত চেঙ্গাইল গ্রামে সি. এম. ডি. এ একটা ওয়াটার সাপ্লাই স্কীম আছে। গত বছর সেখানে ইলেকট্রিক কানেকশন এবং পাম্প ইন্সটলেশন হয়ে গেছে। কিন্তু এখনো ওয়াটার সাপ্লাই হয়নি। সেখানে ওয়াটার সাপ্লাই শুরু হলে গ্রীষ্মকালে সেখানকার জলের সুরাহা হবে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে শীঘ্র সাপ্লাই শুরু করা হয়।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্যার, পাণ্ডুয়া থানায় এবং হুগলির হরিপাল থানার সঙ্গে যুক্ত একটু গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সরকারের অনুমোদন না নিয়ে মালিক শ্রেণীর বালির খাদ করে চলেছেন। এবং এমনভাবে তারা করছেন যাতে সাধারণ মানুষের বিষয় সম্পত্তি, জনসাধারণের রাস্তা এবং রেললাইন পর্যন্ত ক্ষতিগ্রস্থ হচ্ছে এরা সরকারের কাছে এবং সাধারণ মানুষের কাছে প্রচার করছেন হাইকোর্ট অর্ডার দিয়েছেন ইনজাংশন দিয়েছেন বলে এই কাজ তারা করছেন। কোনটা সত্যি এবং কোনটা মিথ্যে তা ধরা পড়ছে না। কাজেই এইভাবে ওঁরা হাইকোর্টের নামে অপপ্রচার করে হাইকোর্টকে হেয় করছেন। সাধারণ মানুষের রাস্তা, রেললাইন এবং কৃষক-এর জমি নষ্ট হচ্ছে। হাইকোর্ট এ বিষয়ে জানেন কিনা জানিনা। ফলে হাইকোর্ট সম্বন্ধে লোকের ধারণা খারাপ হয়ে যাচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে আইনমন্ত্রী এবং হাইকোর্টের বিচারপতিদের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিষয়টি লক্ষ্য করেন এবং হাইকোর্টের রেপুটেশন যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখেন।

**শ্রী মলিন ঘোষ ঃ** স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে ১৯৮০ সালে ২৭শে আগস্ট থেকে যাদবপুরের বেঙ্গল ল্যাম্প মালিকরা বন্ধ করে দিয়েছেন এবং ওদের ফেয়ারলি প্লেসের যে হেড অফিস সেটাও বন্ধ করে দিয়েছেন। এর ফলে শ্রমিক কর্মচারিরা মাইনে পাচ্ছে না। তারা চক্রান্ত করছে বাংলা এর বেঙ্গল ল্যাম্পের হেড অফিসকে নিয়ে যাবার জন্য এই বিষয়ে অবিলম্বে শ্রম দপ্তর হস্তক্ষেপ করুন। এতবড় তাদের স্পর্দ্ধা যে তারা বাংলাদেশ থেকে এই শিল্পকে নিয়ে যেতে চাইছেন। সেখানকার শ্রমিক-কর্মচারিদের উপর গুন্ডা দিয়ে হামলার চক্রান্ত করা হচ্ছে। এ বিষয়ে সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** স্যার, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি গত ১০.৩.৮১ তারিখে গোসবা থানার ছোট মল্লা গ্রামে তারাপদ মন্ডলের বাড়ির মধ্যে জোর করে তার চারটে পুকুর লুঠ করে এবং তাকে মারধোর করে। যার ফলে সে ভয়ে থানায় গিয়ে এফ আই করতে এবং হাসপাতাল যেতে পারছে না। এই ধরণের এক দল দুষ্কৃতকারী তারা ৩ বছর ধরে এই জিনিস করে চলেছে। এ সম্পর্কে আই. জি.-র কাছে লিখিতভাবে বারবার দেওয়া সত্ত্বেও কোনও প্রতিকার হচ্ছে না। এই দুষ্কৃতকারীদে[র] অবিলম্বে দমন না করতে পারলে ভবিষ্যতে সেখানে শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হবে এবং [illegible] বিঘ্নিত হবে। সুতরাং এই সমস্ত দুষ্কৃতকারীদের অতীতের কার্যকলাপ এবং বর্তমান কার্যকলাপ ওই এলাকার জনসাধারণের কাছে একটা ভয়াবহ আকার ধারণ করেছে। ধান কাটার সময় ওরা অনেক জমির ধান লুঠ করেছে। সুতরাং এই সমস্ত লোকেদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই যে প্রায় এক বছর ধরে আমার এলাকার মধ্যে প্রায় ৪০ হাজার আই. পি. মানে ইনসিওর্ড ওয়ারকার আছে যারা ই. এস. আইয়ের সুবিধা পায়। এই সরকার ক্ষমতায় আসবার পর

সেখানে একটা সার্ভিস সেন্টার এবং ওষুধের দোকান করবার কথা ঠিক হয়ে গিয়েছিল তারজন্য বাড়ি এবং জায়গা ঠিক হল এবং এরজন্য মন্ত্রী মহাশয়ের অর্ডারও হয়েছিল কিন্তু কিছু অফিসার ডিলে করছেন যার ফলে এটা এখনো হচ্ছে না। সেজন্য শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে কনসার্নড অফিসারকে ডেকে একটা তাড়াতাড়ি পরিকল্পনা করবার ব্যবস্থা করুন।

**শ্রী হৃষিকেশ মাইতি ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে ট্যুরিজিম, পি. ডব্লিউ. ডি এবং অর্থমন্ত্রীর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ২৪ পরগনার শেষ সীমান্তে বকখালি বলে একটা জায়গা আছে যেটা ট্যুরিস্টদের একটা আকর্ষণীয় জায়গা। কাকদ্বীপ থানা শেষ হয়ে নামখানা যেতে হলে মাঝখানে হাতামিয়াদোয়ানিয় বলে একটা নদী আছে। এই নদীর উপরে ব্রিজ না থাকায় যাওয়া যায় না। সুতরাং এখানে একটা ব্রিজ নির্মাণ করলে কলকাতা থেকে সোজা বকখালি পর্যন্ত যেতে আর কোনও অসুবিধা হবে না। এই কাজ একজন মন্ত্রীর দ্বারা হবেনা বলে আমি পি. ডব্লিউ. ডি. মিনিস্টার, ট্যুরিজিমের মিনিস্টার, অর্থমন্ত্রী এবং ইরিগেশন মিনিস্টারের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 3.40 p.m.)

[3-40 – 3-50 p.m.](After recess)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমি একটি স্বাধিকারের প্রশ্ন তুলতে চাই। এখানে আজকে যে ডিসিসন আপনি নিয়েছিলেন তার প্রতিবাদ জানিয়ে আমরা বাইরে চলে গিয়েছিলাম। স্যার, আমরা প্রথমে আসার সময়ে বাধাপ্রাপ্ত হয়েছিলাম।

**(গোলমাল)**

**স্পিকার ঃ** আপনি বসু।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমরা চলে যাওয়ার সময়ে নর্থ' গেটে বাধাপ্রাপ্ত হয়েছি, আমাদের ওখানে ১ ঘন্টার অধিক সময় পর্যন্ত দাঁড় করিয়ে রাখা হয়েছিল।

**(গোলমাল)**

**স্পিকার ঃ** আপনারা বসুন।

**(গোলমাল)**

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি এই তুঘলকি রাজত্ব বন্ধ করুন, আমাদের বাইরে যেতে দেওয়া হবে না কেন, আমরা তো কোনও অপরাধ করিনি। আপনার কাছে আমাদের দাবি, আপনি এটা বন্ধ করুন—এর বিচার করুন, এ ব্যাপারে আপনার রুলিং

আমরা চাই।

(গোলমাল)

**স্পিকার ঃ** স্যার, আপনি এই বর্বরোচিত আচরণ বন্ধ করুন, আপনি এর বিচার করুন।

(গোলমাল)

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে উল্লেখ আপনার কাছে রাখতে চাই। যে ঘটনা ঘটেছে, সেটা সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের মধ্যে বাক্-বিতন্ডার কোনও ব্যাপার নয়। আজকে দেখা যাচ্ছে বিধানসভার সদস্যারা কোনও গেট দিয়ে যেমন ভিতরে আসতে পারছেন না, তেমনি আবার বাইরেও যেতে পারছেন না। শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী মহাশয় তাঁর জরুরি কাজের জন্য বাইরে যেতে চেয়েছিলেন, কিন্তু তাঁকে কোনও দিক থেকেই বাইরে যেতে দেওয়া হয়নি। আমার বক্তব্য হচ্ছে, সরকার পক্ষের যে কোনও সদস্যকে বাইরে যেতে বা ভিতরে ঢুকতে দেওয়া হচ্ছে, কিন্তু বিরোধীদের যাঁরা আছেন, তাঁদের বাইরে যেতে দেওয়া হচ্ছে না। আমার প্রশ্ন হল, কেন এই রকম আচরণ করা হচ্ছে?

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** হ্যাঁ স্যার, আমার জরুরি কাজের জন্য বাইরে যেতে গিয়ে দেখলাম দরজা বন্ধ, আমি নিজের চোখে দেখলাম এই রকম অবস্থা, আমার কাজ সারা হল না। ফিরে এসে আমি আপনার কাছে বিষয়টি নিবেদন করতে চেয়েছিলাম, কিন্তু দেখলাম আপনি চেয়ারে নেই। আমার প্রশ্ন হল বিরোধীপক্ষের যেসব বিধানসভার সদস্য এখানে আছেন তাঁদের কেন বাইরে যেতে দেওয়া হচ্ছে না—আপনি এ ব্যাপারে রুলিং দিন।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** স্যার, আমরা যখন দরজার বাইরে যাই তখন বন্ধ ছিল এবং আমাদের বাইরে যেতে দেওয়া হচ্ছে না।

**শ্রী কিরণময় নন্দ ঃ** স্যার আমি জানতে চাই যে আমাদের বিধানসভায় আসার কোনও অধিকার আছে কি না? শনিবার আমাদের যে বিধানসভার অধিবেশন আছে, সেখানে আমরা আসতে পারব কি না, সেটা সুস্পষ্টভাবে ঘোষণা করুন। এখানে এসে স্বাধীনভাবে চলাফেরা করতে পারা যাচ্ছে না। এখানে কোনও গণতান্ত্রিক অধিকার নেই। পশ্চিমবাংলায় স্বৈরতন্ত্রের রাজত্ব সৃষ্টি হয়েছে। আমরা যাতে এই সব অধিকার নেই। পশ্চিমবাংলায় স্বৈরতন্ত্রের রাজত্ব সৃষ্টি হয়েছে। আমরা যাতে এই সব অধিকার ফিরে পাই, তার জন্য সুস্পষ্ট ঘোষণা আপনি করুন স্যার।........

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** সমস্ত গেট বন্ধ ছিল কিনা আমি জানি না, তবে আমি তদন্ত করে দেখছি। যদি কোনও **আনরুলিমড** গেটের সামনে থাকে তার জন্য দরজা বন্ধ করে রাখা

হয়েছে। ইফ ইউ ওয়ান্টেড টু গো আপনাকে কেউ বাধা দিতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এখানকার সাউথ গেট বন্ধ ছিল।

**মিঃ স্পিকার ঃ** না সাউথ গেট বন্ধ ছিল না।

**ডঃ অশোক মিত্র ঃ** আমি রাইট্রাস বিল্ডিংসে গিয়েছিলাম, সেখানে কিছু ফাইল সই করার জন্য। তখন যেতে গিয়ে আমার কোনও বাধা আসেনি এবং ঢুকতে গিয়ে কোনও বাধা পাইনি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আর উই টেলিং লাই?

**ডঃ অশোক মিত্র ঃ** যাবার সময় বিষ্ণুবাবু আমাকে বললেন যে আমাদের বাইরে যেতে দেওয়া হচ্ছে না। তখন আমি বললাম যে আমার সঙ্গে চলে আসুন। তখন তিনি আমার গাড়ি থেকে তিনি নেমে গেলেন। আমি এই কথা বলতাম না, বিষ্ণুবাবু বললেন বলে আমাকে এই কথা বলতে হল।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা সম্ভব নয়।..........we condemn the attitude.

(Noise)

[At this stage Dr. Zainal Abedin and members of congress(I) and Janata Party walked out of the chamber].

[3-50 – 4-00 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা বার বার একটা কথা বলছেন যে আমাদের বিধানসভায় ঢুকতে দেয়নি। কিন্তু এম এল এ হোস্টেল থেকে বাসে করে অপোজিশন সদস্যদের সঙ্গে আমরা একসঙ্গে অ্যাসেম্বলীর ভেতরে এসেছি, কোথাও কোনও বাধা পাওয়া যায়নি। ভোলা সেন বলেছেন রেণুলিনা সুব্বাকে দৈহিকভাবে নির্যাতন করা হয়েছে। কিন্তু রেণুলিনা সুব্বা খবরের কাগজে সাংবাদিকদের বলেছেন যে তাঁর গায়ে কেউ হাত দেয়নি। এই জিনিসটার অপপ্রচার চালাবার জন্য তারই একটা অঙ্গ হিসাবে বার বার এই কথা বলে বাধা দেওয়ার চেষ্টা করছেন। আমরা একসঙ্গে বিধানসভায় এসেছি, কেউ বাধা দেয়নি। জন্মেজয় ওঝা থেকে শুরু করে সবাই আমরা একসঙ্গে এসেছি বিধানসভায়। সুতরাং এটা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত, সাধারণ মানুষের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি করা ছাড়া এটা আর কিছু নয়।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঢুকবার সময় কেউ বাধা দেয়নি, আমরা প্রবেশ করেছিলাম। কিন্তু যাবার সময় বাধা ছিল এটা সত্য।

**মিঃ স্পিকার ঃ** ইউ কুড হ্যাভ গান বাই অ্যানাদার গেট। আমার কাছে পার্মিশন নিয়ে তবে গেট বন্ধ করা আছে। আপনারা জানেন চারিদিকে ১৪৪ ধারা দেওয়া আছে, এটা সকলেই মানেন। যদি কেউ ফোরসিভলি গেটের ভেতর ঢুকবার চেষ্টা করে সেজন্য চার্জ দেওয়া আছে টু গার্ড দি গেট। এতে আপনাদের অসুবিধা কিছু হবে না। এখন গেটে একটা ডামাডোল চলছে, সেখানে পুলিশ যদি কিছু করে থাকে তাহলে দে হ্যাভ কারেক্টলি ডান ইট। যাইহোক, আপনাদের কাছে যতটুকু শুনেছি আমি দেখব। আমার ধারণা এম এল এ হোস্টেলে যাঁরা আছেন তাঁরা আমাদের বন্ধুদের সঙ্গে একসঙ্গে আসবেন, যাবেন, তাতে কোনও অসুবিধা হবে বলে মনে হয় না।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কালকের মাননীয় সদস্যা রেণুলিনা সুব্বার ঘটনাকে কেন্দ্র করে ওদিকের কংগ্রেস (আই) সদস্য সত্য বাপুলি অনেকে তাঁকে অসত্য বাপুলি বলে, উনি আপনার এই বিধানসভার যে সমস্ত কর্মচারীর বিধানসভার আইন শৃঙ্খলা আচার আচরণের দিক থেকে বিধি নিয়ম রক্ষা করার যাঁদের দায়িত্ব আছে তাঁদের প্রত্যক্ষভাবে থ্রেট করেছেন যে আমরা ক্ষমতায় আসছি, আমরা তোমাদের দেখে নেব। এইভাবে বিধানসভার কর্মচারিদের প্রত্যক্ষভাবে শাসিয়েছেন এবং তাঁদের মধ্যে ভীতি সঞ্চার করার চেষ্টা করেছেন। এই ধরনের গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** থ্যাঙ্ক ইউ।

## FORMATION OF ASSEMBLY COMMITTEE

**Shri Asoke Kumar Bose :** With your permission, Sir, I beg to move that notwithstanding anything contained in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly or resolutions of the House, as the case may be, in so far as they relate to the constitution of different Assembly Committees, the following Committees of the Assembly shall continue to function in their existing composition, till the expiry of the tenure of the present Legislative Assembly or till such Committees are reconstituted, whichever is earlier, namely :-

i) Committee on Public Accounts ;

ii) Committee on Estimates ;

iii) Committee on Public Undertakings ;

iv) Business Advisory Committee ;

v) Committee on petitions ;

vi) Committee of Privileges ;

vii) Committee on Government Assurances ;

ix) Committee on Subordinate Legislation

x) Library Committee ; and

xi) House Committee

The motion was then put and agreed to.

## DISCUSSION AND VOTING OF DEMANDS FOR GRANTS

### Demand No. 58

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সহযোগী বনমন্ত্রী মহাশয় অসুস্থ তাই আপনার অনুমতি নিয়ে, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮১-৮২ সালের জন্য ৫৮ নং দাবির অধীনে মুখ্য খাত "৩১৩—বন" ও "৫১৩—বনের মুলধনী ব্যয়" বাবদ মোট ১১,৫৩,০০,০০০ টাকার (এগারো কোটি তিপ্পান্ন লক্ষ টাকা) ব্যয় বরাদ্দ করা হোক।

২। মোট ১১,৫৩,০০,০০০ টাকার (এগারো কোটি তিপ্পান্ন লক্ষ টাকা) মধ্যে ১১,১৩,০০,০০০ (এগারো কোটি তের লক্ষ টাকা) উল্লিখিত মুখ্য খাত "৩১৩—বন" এর মোট ব্যয় ধরা হয়েছে এবং অবশিষ্ট ৪০,০০,০০০ টাকা (চল্লিশ লক্ষ টাকা) অপর মুখ্য খাত "৫১৩—বনের মূলধনী ব্যয়" বাবদ রাখার প্রস্তাব করা হয়েছে। এই দুই মুখ্য খাতই ৫৮ নং দাবির অন্তর্গত। মোট ১১,১৩,০০,০০০ টাকার (এগারো কোটি তের লক্ষ টাকা) মধ্যে ৬,৮০,০০,০০০ টাকা (ছয় কোটি আশি লক্ষ টাকা) পরিকল্পনা বহির্ভূত খরচ মেটানোর জন্য এবং পূর্ববর্তী পরিকল্পনা কালে যে সম্পদ সৃষ্টি হয়েছে তা রক্ষণাবেক্ষণের জন্য যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তা পালনের জন্য রাখা হয়েছে। বাকি ৪,৩৩,০০,০০০ টাকা (চার কোটি তেত্রিশ লক্ষ টাকা) কেন্দ্রীয় অর্থ সাহায্যপুষ্ট ও কেন্দ্রীয় উদ্যোগের কর্মপ্রকল্পগুলিসহ উন্নয়নমূলক কর্মপ্রকল্পগুলির জন্য রাখা হয়েছে।

৩। আশা করা যাচ্ছে, মোট ১১,৫৩,০০,০০০ টাকা (এগারো কোটি তিপ্পান্ন লক্ষ টাকা) খরচের মধ্যে অন্যান্য সরকারি বিভাগের কাছ থেকে ৬,২৫,০০০ টাকা (ছয় লক্ষ পঁচিশ হাজার টাকা) আদায় করা যাবে। এর ফলে নীট খরচের পরিমাণ দাঁড়াবে ১১,৪৬,৭৫,০০০ টাকা (এগারো কোটি ছেচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার টাকা)।

৪। ব্যয়বরাদ্দ প্রস্তাব বিস্তারিতভাবে আলোচনার আগে প্রথমেই আমি রাজ্যে বন প্রশাসন ও পরিচালনা সম্পর্কিত কিছু তথ্য ও পরিসংখ্যান মাননীয় সদস্যদের কাছে রাখছি। পশ্চিমবঙ্গে। মোট বনভূমির পরিমাণ ১১,৩৩৭ বর্গ কিমি যা মোট ভৌগোলিক আয়তনের ১৩ শতাংশ

মাত্র। যে ক্ষেত্রে সর্বভারতীয় গড় হিসাব ২৩ শতাংশ। সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে মাথাপিছু বনভূমির গড় ০.১৪ হেক্টর সেখানে এ রাজ্যের মাথাপিছু বনভূমির ০.০৩ হেক্টর। সুতরাং এখানে বনাঞ্চল উন্নয়নের ব্যাপারটি বহুরকমের পরস্পর সম্পর্কিত সমস্যার সঙ্গে জড়িত। যেখানে অর্থনীতি মূলত কৃষিশিল্পের উপর নির্ভরশীল এবং জন বসতির ঘনত্ব অত্যন্ত বেশি সেখানে অন্যান্য কারণেও জমির ব্যবহারের অগ্রাধিকার রয়েছে। জাতীয় বন নীতি অনুসারে সমগ্র জমির ৩৩ শতাংশকে বনভূমির জন্য চিহ্নিত ক'রে ঐ জমির পূর্ণ সদ্ব্যবহার করার যে কোনও ব্যাপক কর্মসূচির রূপায়ণ বাস্তবসম্মত নয়। বনভূমির চাহিদা বহুরকমের ও ব্যাপক। কাষ্ঠভিত্তিক শিল্প এবং কাগজ ও মন্ড প্রস্তুতের ক্ষেত্রে চাহিদার পরিমাণ ক্রমশ বাড়ছে এবং চাহিদা ও যোগানের মধ্যে ব্যবধান দ্রুতগতিতে বেড়ে চলেছে। তাছাড়াও প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে এখন খুব বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। তার ফলে প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের জন্য বনভূমির রক্ষণ ও উন্নয়ন অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। বন্যা রোধ করা ও নদীর গতিপথ বজায় রাখার জন্য নদীর অববাহিকায় মৃত্তিকা সংরক্ষণের প্রয়োজনীয়তা এবং সেই সঙ্গে কৃষিকার্যের সহায়তার জন্য বায়ুমন্ডলের আর্দ্রতা রক্ষা করার প্রয়োজনীয়তা সর্বাধিক গুরুত্বপূর্ণ। সরকার যেসব প্রতিশ্রুতি পালনে অঙ্গীকারবদ্ধ বন্যপ্রাণী সংরক্ষণও তার মধ্যে একটি।

৫। এই পটভূমির পরিপ্রেক্ষিতে, বনভূমির ক্ষেত্রে উন্নয়ন পরিকল্পনাগুলির এমনভাবে পুনর্বিন্যাস করা প্রয়োজন যাতে স্বল্পফলনশীল বনভূমিতে উপযুক্ত জাতের বৃক্ষরোপণ করে সেগুলি সংরক্ষণ করা যায় এবং প্রতি ইউনিট এলাকার উৎপাদন ক্ষমতা আরও বাড়িয়ে তোলা যায়। উন্নতমানের কাষ্ঠ-আহরণ পদ্ধতি, কৃষি-বনবিদ্যা প্রসারের মাধ্যমে বনভূমির নিবিড় বহুমুখীন ব্যবহার, যথেষ্ট মৃত্তিকা ও আদ্রতা সংরক্ষণ ব্যবস্থা, বন্যপ্রাণী ও তাদের আবাসস্থল ইত্যাদির সংরক্ষণও সেই সঙ্গে করা দরকার। গ্রামবাসী জনগণের জ্বালানি কাঠের অভাব ও বিচ্ছিন্ন ধরনের চাহিদা মেটানোর জন্য সমাজমুখী বনসৃজনের একটি কর্মসূচিও গ্রহণ করতে হবে। তাছাড়া পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে যে সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা রয়েছে তা'তে কাজকর্ম মন্দার সময় এই বনভিত্তিক শিল্পসংক্রান্ত কাজ গ্রামের মানুষের জন্য কর্মসংস্থানের ব্যাপারে আর একটি নিশ্চিত গুরুত্ব বহন করছে। এইসব বনভিত্তিক শিল্পসংক্রান্ত কাজ যে গ্রামের দরিদ্র জনসাধারণের কেবল সাময়িক কর্মসংস্থানের সুযোগ সুবিধা এনে দেবে তাই নয় সেইসঙ্গে। বনভূমির ও বনসম্পদ তাদের স্থায়ী ভরণপোষণেরও ব্যবস্থা করে দেবে। সেদিক থেকে এটিও একটি গুরুত্বপূর্ণ বিষয়।

৬। যেসব লক্ষ্যের কথা এখানে বলা হয়েছে সেদিক থেকে বিবেচনা করলে দেখা যাবে যে রাজ্যের বনাঞ্চল উন্নয়ন কর্মসূচিটি রূপায়ণের জন্য যথাযথভাবে পরিকল্পিত হয়েছে। রাজ্যের বিভিন্ন কাষ্ঠ-ভিত্তিক শিল্পের জন্য প্রচুর কাঁচামাল সরবরাহ করা এবং গৃহস্থালী প্রয়োজন মেটানোর জন্য কাঠের ব্যাপক চাহিদা পূরণের উদ্দেশ্যে বনসম্পদ উৎপাদনের বিষয়টিতে বিশেষভাবে ঝোঁক দেওয়া হয়েছে। ১৯৮১-৮২ সালে "দ্রুতবর্ধনশীল প্রজাতি কর্মপ্রকল্প"

(ইউক্যালিপটাসকে মূল প্রজাতি ধরে) এবং "অর্থনৈতিক বৃক্ষরোপণ কর্মপ্রকল্প (সেগুন, শাল ইত্যাদিকে মূল প্রজাতি ধরে) এর অধীনে যথাক্রমে ১৮৪০ হেক্টর ও ১৪০৫ হেক্টর জমিতে গাছের চারা লাগান হয়েছে। এছাড়াও "দ্রুতবর্ধনশীল প্রজাতি কর্মপ্রকল্পের" অধীনে ১৯৮১ সালে রোপিত বৃক্ষরোপনের জন্য ১৫৫৬ হেক্টরেরও বেশি জমিতে মাটি তৈরির কাজ এগিয়ে রাখা হচ্ছে। "অর্থনৈতিক বৃক্ষরোপন কর্মপ্রকল্পের" অধীনেও ১২৩২ হেক্টরের অধিক জমিতে মাটি তৈরির আগাম কাজ করা হচ্ছে। এটা খুবই স্পষ্ট যে কেবল ব্যবসায়িক উদ্দেশ্যে বনাঞ্চলের উন্নয়নের জন্য যদি সামগ্রিক প্রয়াসকে কেন্দ্রীভূত করা যায় তবে তা যে কেবল গ্রামীণ জনসাধারণের কাঠ ও জ্বালানীর চাহিদা মেটাতে পারবে না তাই নয়, অনুন্নত, দুর্বল এলাকাগুলিতে এই উন্নয়নের ঢেউ পৌঁছতে পারবে না। ফলে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য একটি দৃঢ় আত্মনির্ভর বনভিত্তিক অর্থনীতি গড়ে তোলাও শক্ত হয়ে উঠবে। এই পরিপ্রেক্ষিতে সামাজিক বনসম্পদ গড়ে তোলার ব্যাপারে আমরা একটি ব্যাপক কর্মপ্রয়াস চালাবার প্রস্তাব রাখছি। এই কর্মপ্রয়াসের ফলে আমরা জনধারণের সক্রিয় সহযোগিতায় যেসব সমষ্টি মালিকানাধীন জমি, পথপার্শ্বস্থ জমি, খালের ধার, রেলের জমি ও সেই সঙ্গে যেসব ব্যক্তিগত মালিকানাধীন জমি এখনও পতিত রয়েছে সেগুলিতে ব্যাপক হারে গাছের চারা লাগাতে পারব। বস্তুত এটাই হবে সমগ্র প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্বরূপ। সামাজিক বনসম্পদ গড়ে তোলার জন্য একটি ব্যাপক প্রকল্প তৈরি করা হয়েছে। এর জন্য ১৯৮১-৮২ সাল থেকে শুরু করে ৫ বছরের জন্য খরচ হবে ২৪.০০ কোটি টাকা। এ বাবদ প্রথম বছরে ১ কোটি ৭৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। চলতি বছরে সমাজমুখী বনসৃজন কর্মসূচির অধীনে ২,৮৬১ হেক্টর খালি ও পরিত্যক্ত জমিতে গাছের চারা লাগানো হয়েছে। "ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ" কর্মপ্রকল্পের অধীনে বৈজ্ঞানিক উপায়ে ৪৪০০ হেক্টর পরিত্যক্ত বনভূমিকে উৎপাদনশীল বনসম্পদে রূপান্তরিত করা হচ্ছে। তাছাড়াও 'মিশ্র আবাদ' কর্মপ্রল্পের অধীনে ৬০০ হেক্টর জমিতে গাছ লাগানো হয়েছে। জনসাধারণকে বিনামূল্যে বিতরণের জন্য বনসম্পদ "খামার কর্মপ্রকল্পের" (ফার্ম ফরেস্ট্রি) অধীনে চারাগাছ তৈরি করা হয়েছে। আমরা ১৯৮১-৮২ সালের মধ্যে ২২০৫ হেক্টর জমিতে গাছ লাগানো এবং "ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ" কর্মপ্রকল্পের অধীনে ৪০০০ হেক্টর বনভূমির পুনর্নবীকরণ করার প্রস্তাব রাখছি। "মিশ্র আবাদ" প্রকল্পের অধীনে আগামী বছরের মধ্যে ৪৮০ হেক্টর জমিতে গাছ লাগানো একটি লক্ষ্যমাত্রা স্থির করেছি। ১৯৮১-৮২ সালে জনসাধারণকে বিনামূল্যে সরবরাহ করার জন্য যথেষ্ট সংখ্যক গাছের চারা তৈরি করা হয়েছে।

৭। মাটি সংরক্ষণের ক্ষেত্রে হিমালয় অঞ্চলের অত্যন্ত ক্ষয়িষ্ণু এলাকা সমূহের এবং রাজ্যের দক্ষিণ পশ্চিম অংশে রাজ্যপরিচালিত কর্মপ্রকল্প এবং কেন্দ্রীয় অর্থ সাহায্য পুষ্ট কর্মপ্রকল্প এই দুইটি প্রকল্পের অধীনে কাজ চালিয়ে যাওয়া হচ্ছে। রাজ্য সরকার পরিচালিত কর্মপ্রকল্পগুলির অধীনে ১৯৮০-৮১ সালে ১৭০০ হেক্টর জমিতে বৃক্ষরোপণের কাজ সফল হবে বলে আশা করছি এবং ১৯৮১-৮২ জন্য ১৩০০ হেক্টর জমিতে বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা

স্থির করা হয়েছে। কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কর্মপ্রকল্পগুলির মধ্যে কংসাবতীর অববাহিকা, তিস্তার অববাহিকা এবং হিমালয় অঞ্চলে অপারেশন সয়েল ওয়াচ কর্মপ্রকল্পগুলিতে ১৯৮০-৮১ সালে যথাক্রমে ৬০০ হেক্টর, ১০৩ হেক্টর এবং ৪০৫ হেক্টর জমিতে ভূমি সংরক্ষণের কাজ হবে বলে আশা করা যায়। ঐ সমস্ত কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কর্মপ্রকল্প বাবদ রাজ্য যোজনা বরাদ্দ থেকে শতকরা ৫০ ভাগ অনুদান হিসাবে দিতে হবে। ১৯৮১-৮২ সালের জন্য ঐ তিনটি কর্মপ্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা রাখা হয়েছে যথাক্রমে ৫০০ হেক্টর, ১০৭ হেক্টর, এবং ৪১৮ হেক্টর। কেন্দ্রীয় সরকারের অর্থানুকুল্যে বন্যানিয়ন্ত্রণ, বনসৃজন এবং মৃত্তিকা সংরক্ষণের উদ্দেশ্যে দুটি নূতন কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে। সে দুটি হল (১) গাঙ্গেয় অববাহিকায় বন্যানিয়ন্ত্রণের জন্য সুসংহত কর্মপরিকল্পনা ও (২) নদীর অববাহিকায় বনসৃজনের উদ্দেশ্যে, 'পাইলট' প্রকল্প। প্রাথমিক কাজ শুরু করার জন্য ১৯৮১-৮২ সালে এই প্রকল্প দুটির লক্ষ্য মাত্রা স্থির করা হয়েছে যথাক্রমে ৬৩৪ হেক্টর ও ১১১ হেক্টর। এ বাবত আরও বেশি পরিমাণে কেন্দ্রীয় অর্থসাহায্য বরাদ্দ হওয়া প্রয়োজন। এই রাজ্যে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট নদীপ্রকল্পগুলির যাবতীয় অর্থসাহায্য বরাদ্দ হওয়া প্রয়োজন। এই রাজ্যে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট নদীপ্রকল্পগুলির যাবতীয় ব্যয়ভারও কেন্দ্রীয় সরকারের বহন করা উচিত। বর্তমানে এ বাবত মোট খরচের অর্ধেক রাজ্যসরকার বহন করেন এবং বাকি অর্ধেক কেন্দ্রীয় ঋণ অনুদান হিসাবে পাওয়া যায়।

৮। সুন্দরবনে বন এলাকায় মৎস্যচাষের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেই প্রকল্পাধীনে বৃক্ষসারির মধ্যবর্তী জমিতে জমির উৎপাদন ক্ষমতার পূর্ণ সদ্ব্যবহার ক'রে মাছের চাষ করা হচ্ছে। বনাঞ্চলে আবাদী ফলস (কাজুবাদাম, রবার ইত্যাদি), অর্থকরী ও প্রতিপূরক ফসলের (উৎপাদনশীল বনাঞ্চলে ও সমাজভিত্তিক বনাঞ্চলে বিভিন্ন জাতের ফসল উৎপাদনের মাধ্যমে) আবাদ গড়ে তোলার জন্য আরো দুটি "অর্থকরী ফসল উৎপাদন" কর্মপ্রকল্প এই বছরে রূপায়িত করা হচ্ছে এবং ১৯৮১-৮২ সালে সেই কর্মপ্রকল্প দুটির রূপায়ণের কাজ অব্যাহত রাখার প্রস্তাব রাখা হয়েছে।

৯। বন এলাকায় চুরি, অগ্নিকান্ড, অনধিকার প্রবেশ ইত্যাদির মত মনুষ্য সৃষ্ট কিছু কারণে যে ক্ষতি হচ্ছে তার ফলে বনভূমির ওপর প্রচন্ড চাপ পড়েছে। এই সম্যাগুলির যাতে ভালভাবে মোকাবিলা করা যায় সেজন্য "বন সুসংহতকরণ" এবং "বন সংরক্ষণ" জাতীয় কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে।

১০। উত্তরবঙ্গে কর্মরত বিভাগীয় কর্মী ও বনবসতিসমূহের অধিবাসীদের (ফরেস্ট ভিলেজার্স) বসবাসের জন্য বাসগৃহ নির্মাণ করা ও অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। ১৯৮০-৮১ সালে বাসগৃহ নির্মাণের জন্য ২০.০০ লক্ষ টাকা এবং ঘনবসতি সমূহের অধিবাসীদের জল সরবরাহ করার মতো সুযোগ-সুবিধা দেওয়ার জন্য ১.৯১ লক্ষ টাকা খরচ হতে পারে। ১৯৮১-৮২ সালে বাসগৃহ নির্মাণের জন্য ২০.৫০ লক্ষ টাকা এবং সুযোগ-সুবিধার ব্যবস্থা করার জন্য ২.৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

১১। বনভিত্তিক শিল্প গড়ে তোলার কাজ এবং বক্সা ও কার্শিয়াং বনভূক্তির অধীনে সিট্রোনেলা তৈল নিষ্কাশনের জন্য অতিরিক্ত পরিস্রাবণ কারখানা, স্থাপনের কাজ এবছরে ইতিমধ্যেই শুরু করা হয়ে গিয়েছে।

১২। আগে যে কাজকর্মের কথা বলা হল সেগুলি ছাড়া, আরও কিছু কিছু কর্মপ্রকল্প রয়েছে, যেমন, বনসম্পর্কিত গবেষণা, বনসম্পদ জরিপ, ভবিষ্যৎ কার্যক্রম নির্ধারণ (ওয়ার্কিং প্ল্যান), কালচারাল অপারেশন, কর্মীবর্গের প্রশিক্ষণ, প্রচার-তথা-সম্প্রসারণ, পরিকল্পনা ও পরিসংখ্যান, মূল্যায়ন ইত্যাদি। এই রাজ্যের বনভূমির সামগ্রিক উন্নয়নের ব্যাপারে এই কর্মপ্রকল্পগুলির যথেষ্ট গুরুত্ব রয়েছে। আর ১৯৮১-৮২ সালের মধ্যে এই কর্মপ্রকল্পগুলির রূপায়ণের জন্য প্রয়োজনীয় প্রস্তাব রাখা হয়েছে।

১৩। বনের কাঠ ব্যবসা থেকে যাতে ফড়িয়াদের সরিয়ে দেওয়া যায় এবং ঠিকাদারেরা যাতে মজুরদের বঞ্চিত করতে না পারে, সে উদ্দেশ্যে বনের কাঠ বিক্রয় ব্যবসার আরও বিভাগীয়করণের জন্য একটি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। ১৯৮০-৮১ সালে এর থেকে ৬০,০০০ ঘনমিটার কাঠ পাওয়া যেতে পারে আর তার দরুণ ব্যয় হবে ৭৭.৭৯ লক্ষ টাকা। ১৯৮১-৮২ সালের লক্ষ্যমাত্রা হিসাবে স্থির করা হয়েছে ৭২,২৪০ ঘনমিটার কাঠ। এর দরুন ব্যয় হবে ৭২.২৪ লক্ষ টাকা।

১৪। আর্থিক দিক থেকে অনুন্নত শ্রেণীকে সাহায্য করা সরকারি নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় রয়্যালটি প্রদানসাপেক্ষে উপজাতি সমবায় সমিতিগুলিতে (ল্যাম্পস্) বন এলাকা থেকে শালবীজ ও কেন্দুপাতা সংগ্রহের অধিকার দেওয়া হয়েছে। জীবিকা অর্জনের জন্য উপজাতিভুক্ত মানুষেরা যে বনের উপর নির্ভরশীল তা, স্বীকার ক'রে নেওয়া হয়েছে এবং ঐ সমস্ত উপজাতিকে বনাঞ্চল থেকে বিনামূল্যে ঝাড়ি কাঠ, ফুল, ফল, বীজ ও ছোট ছোট কাঠের খুঁটি সংগ্রহ করার অনুমতি দেওয়া হয়েছে। উপজাতিদের কর্মসংস্থানের সম্ভাবনা যাতে আরও বৃদ্ধি পায়, সেজন্য স্থির করা হয়েছে, বনের উৎপন্ন দ্রব্যাদি সংগ্রহ ও রূপায়ণের (প্রসেসিং) কাজ বিভাগীয়ভাবে (বন বিভাগ বা উপজাতি কল্যাণ বিভাগ) বা বর্তমানে যে উপজাতি সমবায় সমিতিগুলি (ল্যাম্পস্) রয়েছে তাদের মাধ্যমে নেওয়া হবে। অনুরূপভাবে কূপে অপারেশনে এবং বন ভিত্তিক অন্যান্য কাজ কর্মের ক্ষেত্রে শ্রমিক সমবায় সমিতিগুলিকে ও ল্যাম্পস্‌কে অগ্রাধিকার দেওয়ার প্রয়াস নেওয়া হয়েছে।

১৫। জনসাধারণকে অবকাশ যাপনে আনন্দবর্ধনের জন্য ব্যবস্থা হিসাবে ও সেই সঙ্গে পরিবেশ দূষণের যে শঙ্কা দেখা দিয়েছে তাকে প্রতিহত করার জন্য এই বিভাগের উদ্যান ও কানন শাখা "উদ্যান ও কানন রচনা ও উন্নয়ন" কর্ম প্রকল্পের অধীনে এই রাজ্যের ঘনবসতিপূর্ণ শহর ও আধা শহরাঞ্চলে কানন, উদ্যান ও হরিৎক্ষেত্র রচনা ও উন্নয়ন করে চলেছেন। ১৯৭৭-৭৮ সালে এই শাখা মাত্র ১৪টি উদ্যান ও কানন নিয়ে কাজ শুরু করে। যে সব

উদ্যান ও কানন ছিল সেগুলির রক্ষণাবেক্ষণ করা ছাড়াও ১৯৭৭ থেকে ১৯৮০ এই তিন বছরে এই রাজ্যের বিভিন্ন জেলায় এই শাখা আরও ২৬টি নূতন উদ্যান গড়ে তুলেছে। ১৯৮০-৮১ সালে এই শাখা বিভিন্ন স্থানে ৫টি নূতন উদ্যান গড়ে তুলেছে। এই শাখা সি এম ডি এ এবং সি আই টি-র মতো অন্যান্যসংস্থার হয়ে ভূ-চিত্রণের (ল্যান্ডস্কেপিং) কাজও গ্রহণ করে থাকে আর তার দরুণ ঐ সব সংস্থা অর্থ দিয়ে থাকে। ১৯৮০-৮১ সালে এই শাখার কলকাতা, শিলিগুড়ি এবং পুরুলিয়া বিক্রয় কেন্দ্রগুলি থেকে স্বল্প মূল্যে ফুলগাছ ও পাতাবাহার গাছ বিক্রয় করে ১.৫০ লক্ষ টাকা রাজস্ব অর্জন করবে বলে আশা করা যাচ্ছে। যোজনায় বরাদ্দ অর্থ থেকে ১৯৮০-৮১ সালে এই শাখার কাজ কর্মের জন্য ৯.০০ লক্ষ টাকা খরচ হবে বলে আশা করা যাচ্ছে এবং১৯৮১-৮২ সালের জন্য ১০.০০ লক্ষ টাকা, ব্যয়লক্ষ্য স্থির করে রাখা হয়েছে।

১৬। এই প্রসঙ্গে এটা উল্লেখ করাও অপ্রাসঙ্গিক হবে না যে যোজনাভুক্ত কর্মপ্রকল্পগুলি ছাড়াও এলাকা উন্নয়নভিত্তিক কিছু কিছু বিশেষ কর্মপ্রকল্পের অধীনে বনবিদ্যা সম্পর্কিত কাজ রূপায়িত করা হচ্ছে। যেমন, খরাপ্রবণ এলাকা কর্মসূচি, সুসংহত উপজাতি উন্নয়ন প্রকল্প, পার্বত অঞ্চলের উন্নয়ন, হলদিয়া উন্নয়ন, ঝাড়গ্রাম উন্নয়ন ইত্যাদি। বনসৃজন, পথনির্মাণ ইত্যাদির মতো ইনফ্রাস্ট্রাকচারাল উন্নয়ন, ঝাড়গ্রাম উন্নয়ন ইত্যাদি। বনসৃজন, পথনির্মাণ ইত্যাদির মতো ইনফ্রাস্টাকচারাল উন্নয়ন, মৃত্তিকা ও আর্দ্রতা সংরক্ষণ সংক্রান্ত কাজকর্ম, স্বল্পমানের বনজ দ্রব্য, তসর ও রেশমের গুটিপোকা পালক-তরু রোপণের ক্ষেত্রে সুস্পষ্ট অগ্রগতি লক্ষ্য করা গিয়েছে। শেষোক্ত কাজের রূপায়ণের মাধ্যমে বনের উপকণ্ঠে বসবাসকারী অর্থনীতিক ক্ষেত্রে দুর্বল শ্রেণীর মানুষেরা উপকৃত হবেন।

১৭। বন্যপ্রাণী ও প্রকৃতি পরিবেশ সংরক্ষণের দিকে আমার বিভাগ যথাযথ মনোযোগ দিয়ে যাবেন। ১৯৮০ সালের মার্চ মাস থেকে ভারতে যে বিশ্ব সংরক্ষণ কর্মকৌশল প্রবর্তন করা হয়েছে তার ফলে উত্তরোত্তর এই উপলব্ধি হচ্ছে যে, এই রাজ্যে সংরক্ষণ-কর্মকৌশলের যথার্থ ও বৈজ্ঞানিক রূপায়ণের মাধ্যমেই বন্যপ্রাণীসমেত প্রকৃতি সম্পদের সর্বাধিক সদ্ব্যবহার করা যাবে এবং সেই সঙ্গে এই রাজ্যের জন্য একটি সমৃদ্ধ ও সুখী ভবিষ্যত সুনিশ্চত ভাবে গড়ে তুলতে পারব। ১৯৭২ সালের বন্যপ্রাণী সংরক্ষণ আইনের বিধানাবলী আরও কড়াকড়ি ক'রে এবং অধিকতর বিপন্ন প্রজাতিকে সম্প্রতি এই আইনের আওতায় এনে এই আইনের পরিসরকে আরও বাড়ানোর ফলে, বন্যপ্রাণী ও তজ্জাত দ্রব্যাদির ব্যবসা বেশ কিছুটা নিয়ন্ত্রণ করা গেছে। বিগত বছরগুলিতে বন্যপ্রাণী সংরক্ষণের ব্যাপারে আমাদের প্রয়াসের ফলে বাঘ, কুমীর ইত্যাদির মতো কিছু কিছু বিপন্ন প্রজাতির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। অনুকূল পরিবেশ রচনা করে গন্ডারকুলের সংখ্যা বৃদ্ধির জন্য এবং অন্যান্য অঞ্চল থেকে নূতন প্রজাতি নিয়ে জলদাপাড়া ও গরুমারা বন্যপ্রাণী অভয়ারণ্যের গন্ডারকুলের বংশধারা উন্নত করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সুন্দরবন ব্যঘ্রনিবাস ইতিমধ্যে বেশ ভালোভাবে স্থিতিলাভ করেছে। এছাড়াও, উত্তরবঙ্গের বক্সা বনভুক্তিতে দ্বিতীয় আর একটি ব্যাঘ্রনিবাস গড়ে তোলার প্রস্তাব ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে এবং ব্যাঘ্রপ্রকল্পের দরুন যে নীতিতে অর্থ সাহায্য করা হয়, সেই নীতিতেই তাঁদের কাছ থেকে অর্থ সাহায্য চাওয়া হয়েছে। ব্যাঘ্রপ্রকল্পের জন্য যে ব্যয় হয় তা কেন্দ্রীয় ও রাজ্যসরকার আধাআধিভাবে বহন করে থাকেন। প্রস্তাবিত দ্বিতীয় ব্যাঘ্রনিবাসের আয়তন হবে ৭৩৬.০৫ বর্গ কিলোমিটার। এই এলাকা বক্সা বনভুক্তি এবং কুচবিহার বনভুক্তির আঞ্চলিক ক্ষেত্রাধিকারের আওতাভুক্ত।

১৮। পরিবেশ ও পক্ষীকুল সংরক্ষণের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ আইন অনুসারে গত বছর কলকাতার উপকণ্ঠে 'নরেন্দ্রপুর বন্যপ্রাণী অভয়ারাণ্য' নামে একটি অভয়ারণ্য খোলার কথা ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের সহায়তায় পার্বত্য অঞ্চলের জন্য বরাদ্দকৃত অর্থানুকুল্যে দার্জিলিং জেলার ডাও হিল এলাকায় একটি নূতন মৃগ-উদ্যান খোলা হয়েছে। পারমাদন মৃগ-উদ্যান এবং বেথুয়াডহরি মৃগ-উদ্যানকে বন্যপ্রাণীর অভয়ারণ্য হিসাবে ঘোষণা করা হয়েছে। কংসাবতী জলাধারের কাছে কুমারী কংসাবতী মৃগ-উদ্যান এবং মালদা জেলার আদিনায় একটি মৃগ-উদ্যান নির্মাণের জন্য কাজ চলছে। ঝাড়গ্রামে একটি নূতন মৃগ-উদ্যান গড়ার কাজ অগ্রগতির পথে। যষ্ঠ পঞ্চবার্ষিক যোজনার সময়সীমার মধ্যে অভয়ারণ্যের মোট আয়তন বনভূমির শতকরা ১৭ ভাগ থেকে বাড়িয়ে শতকরা ২২ ভাগ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে বন্যপ্রাণীকূল অথবা পরিবেশকে নিরূপদ্রব রেখে আমরা সকল অভয়ারণ্য এবং মৃগ-উদ্যানগুলিকে পর্যটকদের জন্য উন্মুক্ত করে দেওয়ার কথা বিবেচনা করে দেখছি।

১৯। উপদ্রুত এলাকায় ভ্রাম্যমাণ পরিক্রমী দল নিযুক্ত ক'রে হাতীর উপদ্রবের সমস্যাটি অনেকাংশে সমাধান করা গেছে। যারা দুর্ভাগ্যক্রমে হাতী কিম্বা বাঘের উপদ্রবের শিকার হয়েছেন, সরকার তাঁদের ক্ষতিপূরণ হিসাবে এক্স-গ্রাসিয়া দিচ্ছেন। একথা উল্লেখ করা নিষ্প্রয়োজন যে, জনসাধারণের সহযোগিতা ছাড়া কেবলমাত্র সরকারের পক্ষে রাজ্যে বন্যপ্রাণী সংরক্ষণ অথবা বেপরোয়াভাবে বিরল প্রজাতি নিধন বন্ধ করা সম্ভব নয়।

২০। ১০৮০-৮১ সালে মোট যোজনার আওতাভুক্ত এবং ১৯৮১-৮২ সালে প্রস্তাবিত বিনিয়োগের মধ্যে আলোচ্য আর্থিক বছরে বিভিন্ন বনভিত্তিক কর্মপ্রকল্পের অধীনে উপজাতি উপযোজনাভুক্ত (ট্রাইব্যাল সাব-প্ল্যান) এলাকায় খরচের জন্য যথেষ্ট অর্থের সংস্থা রাখা হয়েছে।

২১। পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন লিমিটেড ১০৮০-৮১ সালে ধার্য লক্ষ্যমাত্রা অনুযায়ী রাস্তা নির্মাণ ক'রে দুর্গম এলাকা থেকে কাষ্ঠ সংগ্রহ এবং যান্ত্রিক পদ্ধতিতে লগিং-এর কর্মসূচি রূপায়িত করছে। ১৩০ হেক্টরের বেশি ক্ষয়িষ্ণু জমিতে নূতন বৃক্ষ রোপণ করা ছাড়াও ১৯৭৯-৮০ সাল সাফ কাটাই (ক্লিয়ার ফেলিং) এলাকায় মূল্যবান বৃক্ষ রোপণের কাজ ১৯৮০-৮১ সালে শেষ হয়েছে। গত বর্ষার মরশুমে ৮২৪ হেক্টরের আবাদের সংশোধিত

লক্ষ্যমাত্রায় পৌঁছানো সম্ভব হয়েছে এবং ১৯৮০-৮১ সালের মধ্যে ৮৭৩ হেক্টর এলাকাকে সাফ কাটাই-এর লক্ষ্যমাত্রা পূরণ করা যাবে বলে আশা করা যায়। কর্পোরেশনের নিজস্ব তদারকিতে ১৯৮০-৮১ সালে প্রস্তুত কাঠের পরিমাণ ৪৩,০০০ ঘনমিটারে, ট্রিটেড ট্রান্সমিশন পোলের সংখ্যা প্রায় ২৫,০০০, চেরাই কাঠের পরিমাণ ৬,১০০ ঘনমিটার এবং প্রায় ১,৯১,০০০ বস্তা কাঠকয়লা প্রস্তুত হবে অনুমান করা হচ্ছে। দার্জিলিং ও কালিম্পং শহরের অধিবাসীদের কম দামে কাঠকয়লা সরবরাহ করার জন্য এই কর্পোরেশনকে প্রতি বৎসর প্রায় ২০ লক্ষ টাকা ক্ষতি স্বীকার করতে হচ্ছে।

২২। পার্বত্য এলাকার জনগণের চোরাই কাঠের প্রয়োজন মেটাবার জন্য দার্জিলিং-এর কাছে চাটাইধুড়ায় স্থাপিত নূতন কাঠ চেরাই কলটিতে উৎপাদন আরম্ভ হয়েছে। কর্পোরেশন আরও আশা করছে ১৯৮০-৮১ সালের মধ্যে সিডার SIDA কাছ থেকে আনুমানিক ৪০ লক্ষ টাকা ব্যয়ে কাঠ চেরাই-এর যন্ত্রপাতি পাওয়া সম্ভব হবে।

২৩। সল্টলেকে একটি কাঠের গোলা নির্মাণ করা হয়েছে এবং ক্রেতা সাধারণকে সরবরাহের জন্য প্রচুর পরিমাণে চেরাই কাঠ মজুত রাখা হয়েছে। কর্পোরেশন একটি কাঠ চেরাই ও জোড়াই কল স্থাপন করার প্রস্তাব দিয়েছেন। এটি মূলত তৈরি করা দরজা জানালা বিক্রয়ের উদ্দেশ্যে সল্টলেকে যে কাঠগোলাটি রয়েছে তার সঙ্গে যুক্ত হবে।

২৪। মাদারিহাটে যে নূতন করাত কলটি বসানো হয়েছে তাতে সৌরাতপ চালিত একটি সিজনিং কিল্‌ন থাকবে। এতে জনসাধারণের সিজন করা চেরাই কাঠের প্রয়োজন মিটবে। উত্তরবঙ্গের বন-অধিকার ও কর্পোরেশনের গাড়িগুলিকে চালু রাখা, রক্ষণাবেক্ষণ ও মেরামতির সুযোগ সুবিধা দেওয়ার জন্য কর্পোরেশন একটি মোটরগাড়ি মেরামতের কারখানা স্থাপনের কাজও শেষ করবেন।

২৫। মেদিনীপুর জেলার ২,০০০ হেক্টরেরও বেশি জায়গায় কাজুবাদামের আবাদ তোলার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ সংগ্রহ সমেত সব রকমের সম্ভাব্য উপায় অনুসন্ধান করা হচ্ছে। এজন্য এগ্রিকালচারাল রি-ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন A.R.Dc-এর মাধ্যমে ঋণ সংগ্রহের জন্য এই প্রকল্পের এক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। কিন্তু ঋণদানের ব্যাপারটি বিলম্বিত হওয়ায় এই প্রকল্পের কাজ এখনও শুরু করা হচ্ছে না।

২৬। উত্তরবঙ্গে প্রায় ১ কোটি টাকা বিনিয়োগ ক'রে কর্পোরেশন আর একটি বনভিত্তিক শিল্প স্থাপনের সম্ভাবনাও খতিয়ে দেখছেন। সেটি হ'ল চেরাই করা কাঠের থেকে ভিনিয়ার তৈরি ক'রে আরও অধিক পরিমাণে প্লাইউড উৎপাদন করা। কয়লাখনিতে যে শাল-বল্লা ব্যবহৃত হয় সেগুলি তাদের কাছে বিক্রি করার জন্য কর্পোরেশন কয়লা খনিসমূহের কর্তৃপক্ষের সঙ্গে আলাপ আলোচনাও শুরু করেছেন। আশা করা যায় বাঁকুড়া জেলার সরকারি বনগুলিকে রয়্যালটি বাবত পাওনা অর্থ মিটিয়ে দিয়ে কর্পোরেশন তাদের কাছ থেকে সংগৃহীত ৩ লক্ষ

শালের খুঁটি সরবরাহ করবেন। কর্পোরেশনের পক্ষে এটি এক নূতন উদ্যোগ য়ার থেকে ৩০ লক্ষ টাকার আর্থিক নেলদেন হবে বলে আশা করা হচ্ছে।

২৭। গৃহনির্মাণের জন্য জনসাধারণ যাতে ন্যায্য দামে চেরাই কাট পান সেজন্য কর্পোরেশন এ যাবৎ পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ডিলারশিপ মঞ্জুর ক'রে ৩৬ দিন ডিলার নিয়োগ করছেন। ক্রেতাসাধারণের চাহিদা বৃদ্ধির সাথে সাথে ঐ ডিলারদের সংখ্যাও বাড়ানো হবে।

২৮। ১৯৮১-৮২ সালের বাজেটে কর্পোরেশন যে আনুমানিক বিনিয়োগের প্রস্তাব রেখেছেন তাতে ক'রে রাজস্ব খাতে ব্যয় হবে ৪.৭১ কোটি টাকা ও মূলধনী খাতে ব্যয় হবে ১ কোটি টাকা। আশা করা যায় ১৯৮১-৮২ সালে বিবিধ উৎস থেকে পাওনা সহ লব্ধ আয়ের পরিমাণ হবে ৪.৮১ কোটি টাকা। কাঠের আনুমানিক উৎপাদন হবে ৫৫,০০০ ঘন মিটার এর কাছাকাছি। ট্রান্সমিশন খুঁটির সংখ্যা হবে প্রায় ২৫,০০০ কাঠ কয়লার পরিমাণ হবে প্রায় ২২৬,০০০ বস্তা আর চেরাই করা কাঠের উৎপাদন হবে প্রায় ১০,৯০০ ঘন মিটার। ১,০৭২ হেক্টরের মতো জমি আবাদের লক্ষ্যমাত্রা ধার্য করা হবে। কর্পোরেশন এ ভি পি এল বজবজ কারখানাটির অনুমোদিত নিয়ন্ত্রক। সেটির ১৯৮১-৮২ সালে কাজকর্মের উন্নতি দেখা যাবে ব'লে আশা করা যায়। বর্তমানে কাষ্ঠ সরবরাহ পরিস্থিতির উন্নতি ও বিদ্যুৎ উৎপাদক কল বসানোর ফলেই এটা সম্ভব হয়েছে। আশা করা যাচ্ছে ৬ লক্ষ স্ট্যান্ডার্ড বর্গমিটার কাষ্ঠ সম্পদ উৎপাদন সহ এর আর্থিক লেনদেনের মোট পরিমাণ দাঁড়াবে ১.৫৭ কোটি টাকা।

২৯। পরিশেষে আমি উল্লেখ করতে চাই যে, পশ্চিমবঙ্গের মতো একটি রাজ্যের বনভিত্তিক উন্নয়নের জন্য আরোও অধিকতর বিনিয়োগ সর্বাগ্রে প্রয়োজন ; কারণ এ রাজ্যে বনজ সম্পদের ঘাটতি তো আছেই, তাছাড়াও আছে জনসংখ্যা ও বিভিন্ন কলকারখানার বিপুল চাপ সুতরাং বনভিত্তিক কর্মপ্রকল্পগুলি সম্পর্কে অধিকতর সচেতন মনোভাব ও আরও বেশি ক'রে অর্থ সংস্থানের আশা করা মোটেই অসমীচীন হবে না যাতে রাজ্যের বনভিত্তিক কর্মপ্রকল্পের সম্পর্কে অধিকতর সচেতন মনোভাবও আরও বেশি ক'রে অর্থ সংস্থানের আশাকরা মোটেই অসমীচীন হবে না যাতে রাজ্যের বনভিত্তিক কর্মপ্রকল্পের সামাজিক ও অর্থনৈতিক শ্রীবৃদ্ধি হয়, সম্পদ সৃষ্টি হয় এবং গ্রামীণ ও অনগ্রসর অঞ্চলসমূহের যথেষ্ট কর্মনিযুক্তির ব্যবস্থা করা যায়। তাই এই বনভিত্তিক কর্মপ্রকল্পের থেকে সব চেয়ে বেশি উপকৃত হবেন ওই অঞ্চলের অধিবাসীরা। কিন্তু বনসংক্রান্ত প্রকল্পগুলিতে অর্থ সংস্থানের পরিমাণ যথোপোযুক্ত বৃদ্ধি না করলে এই প্রকল্পগুলি গ্রামাঞ্চলের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নতিতে কোনও সহায়তাই করতে পারে না।

৩০। আশা করি ৫৮নং দাবির অন্তর্গত মুখ্য খাত "৩১৩—বন" ও "৫১৩—বনের মূলধনী ব্যয়"-এর জন্য মোট ১১,৫৩,০০,০০০ টাকা ব্যয়মঞ্জুরির যথার্থতা সপ্রমাণ করতে সমর্থ হয়েছি।

এ কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৫৮ নং দাবির মুখ্য খাত "৩১৩—বন" '২৫১৩—বনের মূলধনী ব্যয়''-এর জন্য মোট ১১,৫৩,০০,০০০ (১১ কোটি ৫৩ লক্ষ টাকা) টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় বনবিভাগের তরফ থেকে ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। আমার প্রথম কথা হচ্ছে, আমাদের বনমন্ত্রী অসুস্থতার জন্য আসতে পারেনি, আমি তাঁর সত্বর আরোগ্যলাভ কামনা করছি। আমি আশাকরি আমার সঙ্গে সমস্ত মাননীয় সদস্য একমত হবেন যে বনমন্ত্রী সত্বর আরোগ্যলাভ করে বন বিভাগের দায়-দায়িত্ব ভালভাবে পালন করুন। আমাদের বনবিভাগ খুবই গুরুত্বপূর্ণ দপ্তর কারণ এর সঙ্গে জড়িত রয়েছে আমাদের অর্থনৈতিক জীবন। একথা সকলেই জানেন যে, পরিবেশকে রক্ষা করার জন্য, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার জন্য এই বনভূমির গুরুত্ব প্রচুর। ভূমি সংরক্ষণ এবং বন্যানিয়ন্ত্রণের জন্য বনভূমির একান্ত আবশ্যক। গাছপালা কমে গেলে. বৃষ্টি কমে যায় এবং বৃষ্টি কমলে আমাদের চাষবাস নষ্ট হয়ে যাবে। আমরা এই বন্যা কবলে বারবার পড়ি তার কারণ হচ্ছে আমাদের বন নষ্ট হয়ে যাচ্ছে। ১৯৬৮ সালে দার্জিলিং-এর বিভিন্ন অঞ্চলে যে প্রলংকরী বন্যা হয়েছিল তার কারণ দেখা গেল দার্জিলিং-এর পার্বত্য এলাকায় গাছপালা কাটার ফলে মাটি আলগা হয়ে নদীতে পড়ে এবং তার ফলে রিভার বেড উঁচু হওয়ায় নদীর জল ধারনের ক্ষমতা কমে যায় এবং বন্যার ফলে চারিদিক ভাসিয়ে নিয়ে যায়। এছাড়া আমাদের বাতাসে যে ধুলোবালি রয়েছে তাকে গ্রহণ করার ব্যাপারে এবং শব্দকে গ্রহণ করার ব্যাপারে এই গাছপালার বিরাট ভূমিকা রয়েছে। আমরা জানি গাছ কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে এবং অক্সিজেন বার করে দেয় এবং আমরা সেই অক্সিজেন গ্রহণ করি। তারপর, আমরা শুধু কয়লার উপর নির্ভর করতে পারিনা, আমাদের কাঠেরও প্রয়োজন হয় এবং সেদিক থেকে বনভূমির গুরুত্ব আছে। তাছাড়া বিভিন্ন দ্রব্যের কাঁচামাল এই বনভূমি থেকে আসে, নানারকম ঔষধ বনভূমিতে হয় নানারকম বন্যপ্রাণী বাস করে এবং সর্বোপরি আমাদের সামাজিক, অর্থনৈতিক জীবনকে রক্ষা করার ক্ষেত্রে এই বনভূমির একান্ত প্রয়োজন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এই বন সম্বন্ধে আমাদের সচেতনতা ভালভাবে গড়ে ওঠেনি এবং তার ফলে বনভূমির সম্প্রসারণের দিকে যথেষ্ট নজর দেওয়া হয়নি। আজকে বিরোধীদল এখানে নেই। তাঁরা এতদিন ধরে শাসন ক্ষমতায় ছিলেন এবং তাঁদের কিভাবে এই বন নষ্ট হয়েছে তার একটা পরিসংখ্যান এখানে

[4-00 – 4-18 p.m.]

পেশ করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় বনভূমির মোট পরিমাণ ১১ হাজার ৩ শত ৩৭ বর্গ কিলোমিটার—সমগ্র রাজ্যের ভৌগোলিক আয়তনের মাত্র ১৩ শতাংশ। অথচ ভারতবর্ষের জাতীয় গড় হল ২৩ শতাংশ এবং জাতীয় বন নীতি যেখানে স্থির করা হয়েছে যে দেশের অন্তত শতকরা ৩৩ ভাগ বনভূমি থাকবে অর্থাৎ ১/৩ অংশ বনভূমি থাকবে। পৃথিবীতে

এমন দেশ আছে যেখানে ২/৩ অংশ বনভূমি আছে—যেমন সুইডেন। সেখানে সমগ্র দেশের তিন ভাগের দুই ভাগ হচ্ছে বনভূমি এবং এক ভাগ হচ্ছে বন ছাড়া অন্য অঞ্চল। সেখানকার বন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমাদের যে জাতীয় গড় তার অনেক পিছনে আমরা রয়েছি। মাথাপিছু বনভূমির সর্বভারতীয় গড় হচ্ছে ০.১৪ হেক্টর। আর পশ্চিমবাংলায় সেটা হচ্ছে ০.৩ হেক্টর আমরা আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছি। আমি উত্তরবঙ্গের মানুষ জলপাইগুড়ি জেলা বন্য এলাকা। আমার জীবনে ছেলেবেলায় যেসব বন্যাঞ্চল দেখেছি তিলপোতা বা নাগরাকাটা—সেই সব জায়গায় বন এত বেশি ছিল যে এবার থেকে ওপারে দেখা যেত না। কিন্তু এখন গেলে দেখা যাবে সেই সব গাছ কেটে কেটে এমন জায়গায় এসেছে একেবারে ফাঁকা হয়ে গেছে—কোনও নূতন গাছ করা হয়নি—একেবারে ফাঁকা হয়ে গেছে। তাই আমাদের বন রক্ষা করার জন্য বিশেষভাবে আমাদের চেষ্টা করতে হবে এবং এই জন্য ব্যাপক প্রচার প্রয়োজন। সরকারের কাছে অফিসারদের হিসাব এবং কাগজপত্রের হিসাব এই বিধানসভায় বিবৃতি দেবার শুধু নয়, বন সম্পদ বৃদ্ধির জন্য আমরা অনেক বক্তৃতা দিয়েছি। শুধু এ করলেই হবে না। এটা ঠিক যে আমরা কিন্তু সাধারণ মানুষকে এই ব্যাপারে সচেতন করে তুলতে পারিনি। বন আমাদের জীবনে অত্যন্ত প্রয়োজন ৮।১০টি জিনিসের মতো সেই ধারণা মানুষের মধ্যে তৈরি করতে পারিনি। এর জন্য ব্যাপাক প্রচার দরকার জনসংযোগের দরকার এবং জনসাধারণকে আরও বেশি করে বোঝানো দরকার। আর এই কাজে গ্রাম পঞ্চায়েতকে বিশেষভাবে চেষ্টা নিতে হবে। জনগণের মধ্যে একটা বন চেতনা সৃষ্টি করতে হবে এবং নূতন বন সৃষ্টি করতে হবে আর সঙ্গে সঙ্গে যেসব পুরানো বন আছে সেগুলি রক্ষার দিকে আমাদের নজর দিতে হবে। পুরানো বন আজকে নষ্ট হয়ে যাচ্ছে। আগের আমলে নষ্ট হয়েছে এবং এই আমলে আমাদের বামফ্রন্ট সরকার আসার পর বিশেষ করে বনমন্ত্রী মহাশয় বন অঞ্চলের মানুষ তিনি ছেলেবেলা থেকে দেখে আসছেন বনের প্রয়োজনীয়তা অনুভব করেন বলে তিনি আপ্রাণ চেষ্টা করছেন এই ব্যাপারে কি করে উন্নতি করা যায়। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি কি? উত্তরবঙ্গ সুন্দরবন ও পুরুলিয়াতে গেলে ঐ একই কথা শুনতে পাবেন যে কিছু অসাধু কর্মচারী যারা এই বন রক্ষণাবেক্ষণের কাজে আছে তারা ঐ সমস্ত অসাধু ব্যবসায়ীদের সঙ্গে যোগসাজস করে গাছ কাটছে। রাত্রের দিকে তিলপোতা, নাগরাকাটা ফরেস্ট দিয়ে যদি যাওয়া যায় তাহলে দেখবেন ট্রাকের পর ট্রাকে করে কিভাবে কাঠ নিয়ে চলে যাচ্ছে। জরুরি অবস্থার যে সব অফিসাররা কুকীর্তি করেছে বামফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে হরিনামের মালা হাতে নিয়ে ভাল মানুষ হয়ে গিয়েছে তা তো নয়। অবশ্য ভাল অফিসার অনেক আছেন। কিন্তু ঐ সমস্ত লোক যারা আছে যারা জরুরি অবস্থায় লোকদের উপর অত্যাচার করেছে বন শ্রমিকদের উপর অত্যাচার করেছে বন সম্পদ নষ্ট করেছে সামান্য পয়সার জন্য জাতির সর্বনাশ করেছে আমাদের অর্থনীতিকে ধ্বংস করেছে এই দিকে আমাদের বিশেষ লক্ষ্য রাখা দরকার। আর একটা কথা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে আছে পি. ডবলি. ডি-র রাস্তার দু ধারে কি সুন্দর রাস্তা তৈরি করা হয়েছে। ছোট বেলা থেকে দেখে এসেছি রাস্তার ধারে বড় বড় গাছ শুধু ছায়ার জন্য নয় রাস্তার দু পাশে বন তৈরি

হয়ে গেছে। কিন্তু আজকে পশ্চিমবাংলায় উল্টো জিনিস দেখছি। গাছ কেটে ফেলে দিচ্ছে। পি. ডবলিউ. ডি. যখন রাস্তা করেন তখন গাছ কেন করা হয় না এবং সেটা কেনই বা রক্ষা করা হয় না? এই দিকে আমাদের বিশেষভাবে নজর দেওয়া দরকার—এতে রাস্তা রক্ষা পায় এবং নূতন বনও সৃষ্টি হয়। কিছু দিন আগে আমি দেখলাম জলপাইগুড়িতে ময়নাগুড়ি থেকে ধূপগুড়ি যাবার পথে সমস্ত গাছ কেটে ফেলা হয়েছে এবং নির্দয়ভাবে কাটা হয়েছে। রাস্তার ধারে গাছ তৈরি করে আজকে নূতন করে বন সৃষ্টি করা দরকার। সামাজিক বন সৃষ্টি করার বিষয়ে গতবারে বনমন্ত্রী মহাশয় বলেছেন এবং আজকেও তাঁর লিখিত বক্তব্যে রয়েছে। এই দিকে পঞ্চায়েতকে সঙ্গে নিয়ে নানা জায়গায় গাছ তৈরি করা দরকার। পৃথিবীর বিভিন্ন শহরে অনেক জায়গায় হয়েছে এবং সেখানে প্রত্যেকটি শহরে ছোট ছোট বন তৈরি করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কেন সেটা পারবো না। অবশ্য অনেক অভাব আছে, জনসংখ্যার চাপ আছে শিল্প গড়ে তোলবার প্রচেষ্টার চাপ আছে। কিন্তু বনের দরকার আছে। আজকে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার জন্য আমাদের প্রত্যেকটি শহরে ছোট ছোট বন তৈরি করা দরকার। এই প্রসঙ্গে বলতে চাই, কলকাতার পাশে আমরা নূতন শহর গড়ে তুলেছি সল্টলেক এলাকায় এবং আরও অন্যান্য এলাকা আমরা তৈরি করেছি। এই মাত্র তিন চার দিন আগে সল্টলেক এলাকায় গিয়েছিলাম, সেখানে নূতন বন সৃষ্টির জন্য যে ব্যাপক প্রচেষ্টা দরকার, তা এখনও হয়নি। যেখানে বোর্ড হাউস রয়েছে, তার পাশে কিছু ঝাউ বন লাগানো হয়েছে—বিরাট এলাকায়, ব্যাপক বন সৃষ্টির প্রচেষ্টা কোথায়? তাই এখন থেকে যখন আমরা পরিকল্পিত শহর করছি, সেখানে বিশেষভাবে বন তৈরি করা দরকার। কলকাতায় পাতাল রেলের জন্য সব গাছ কেটে ফেলা হয়েছে, সেখানে নূতন গাছ তৈরি করা হচ্ছে না। বন বিভাগ কিছু কিছু পার্কের উন্নয়ন করার চেষ্টা করছেন ভাল কথা, কিন্তু কলকাতা শহরের সব জায়গায় বেশি করে গাছ লাগানোর দরকার। বড় বড় পার্কগুলো যেখানে রয়েছে, যেমন সুবোধ মল্লিক স্কয়্যার, সেখানে একটাও গাছ নেই, ময়দানের গাছ কেটে ফেলা হয়েছে, এই সব জায়গায় পরিকল্পিতভাবে গাছ লাগানো দরকার। ছোট ছোট বন তৈরি করা দরকার। মস্কো শহর বলুন, বার্লিন শহর বলুন, সমস্ত জায়গায় শহরের মাঝখানে বন রয়েছে। আমাদের এখানে ঐ ধরনের বন তৈরি করা উচিত। সেটা নানা দিক থেকে প্রয়োজন বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বন্য প্রাণীর ব্যাপারে আসছি, কারণ সেটাও বন বিভাগের ব্যাপার। এখানেও বন্য প্রাণী সংরক্ষণ করার প্রয়োজন আছে। এটা নানা কারণে আমাদের প্রয়োজন, কেবল মাত্র কিছু জিনিস নিয়ে আমাদের অর্থনৈতিক উন্নতি হবে তা নয়, বন্য প্রাণী নানাদিক থেকে আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ, তার উপর আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না। গন্ডার বা অন্য প্রাণী যেগুলো আমাদের শেষ হয়ে যাচ্ছে, সেইগুলো বাড়ানোর জন্য আমাদের চেষ্টা করা উচিত। অভয়ারণ্য আমাদের কিছু আছে সেইগুলোকে আরও বাড়ানো দরকার, সংখ্যা বাড়ানোর দরকার এবং অভয়ারণ্য এর যে অবস্থা হয়েছে, যেমন জলদাপাড়া, সেখানে সাধারণ মানুষের যাবার উপায় নেই। এত টাকা লাগে যে সাধারণ মানুষের সামর্থের বাইরে, তাই আমাদের পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ তারা যাতে অভয়ারণ্যে গিয়ে বন্যপ্রাণী দেখতে

পারে, বন সম্পর্কে তারা সচেতন হতে পারে, তার জন্য আমাদের চিন্তা ভাবনা করা উচিত। অভয়ারণ্য ছাড়াও বেথুয়াডহরীর মতো কিছু কিছু বনে হরিণ রাখবার ব্যবস্থা হয়েছে, এইরকম ছোট ছোট বন যেখানে বন্য প্রাণী থাকবে, সেইগুলোর সঙ্গে সঙ্গে প্রস্তাব করব পশ্চিমবাংলার প্রত্যেকটি শহরে, পশ্চিমবঙ্গের প্রতিটি মিউনিসিপ্যাল শহরে একটা ছোট চিড়িয়াখানার মতো করা উচিত—কিছু কঠিন নয়। কিছু হরিণ, ময়ূর এই সব রাখা যেতে পারে। এইগুলো রাখলে ছেলেমেয়েরা সেখানে গিয়ে ওদের সঙ্গে পরিচিত হতে পারে, ওদের মানসিক বিকাশ হয়, বন্য প্রাণী সম্পর্কে তাদের জ্ঞান লাভ হতে পারে। কিছু বিনোদনের দিকেও জিনিসটা নিয়ে যেতে পারে। এদিকে বিশেষভাবে লক্ষ্য রাখা দরকার। এখানে বন উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন রিপোর্ট আমরা পাই। বনের যে বিরাট প্রাকৃতিক সম্পদ রয়েছে, এই প্রাকৃতিক সম্পদ নিয়ে নুতন নুতন শিল্প গড়ার কাজে তাদের হাত দেওয়া উচিত। যেমন অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন অ্যাগ্রো বেজ্ড ইন্ডাস্ট্রি করছে, ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন ফরেস্ট বেজ্ড ইন্ডাস্ট্রি আরও গড়ে তুলতে পারে। আমাদের এই বরাদ্দ আলোচনার পরেই ক্ষুদ্র কুটির শিল্প আলোচনায় আসবে। আজকে বনের সম্পদকে কেন্দ্র করে কত ক্ষুদ্র শিল্প হতে পারে, এই ব্যাপারে বন উন্নয়ন কর্পোরেশন, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর আমাদের সমবায় বিভাগ, কৃষি বিভাগ এদের মধ্যে একটা সংযোগ থাকা দরকার, একটা কোঅর্ডিনেশন থাকা দরকার। এই ধরনের যদি আমরা একটা সমন্বয় এর দৃষ্টিভঙ্গি নিয়ে চলতে পারি তাহলে বনের সম্পদ দিয়ে আমরা ভাল জিনিস করতে পারব। আমি এই প্রসঙ্গে উল্লেখ করি, অনেককাল ধরে আমরা শুনে আসছি, উত্তরবঙ্গের যে বন সম্পদ রয়েছে, সেই সম্পদ দিয়ে একটা কাগজের কলা হতে পারে। নিউজ প্রিন্টের শিল্প হটে পারে। হিন্দুস্থান পেপার মিল কর্পোরেশন, এদের সহযোগিতায় বিভিন্ন রাজ্যে একটার পর একটা হচ্ছে, উত্তরবঙ্গের এটা হবে প্রায় স্থির হয়ে গেল, কিন্তু বন উন্নয়ন কর্পোরেশন জানিয়ে দিলেন যে তারা এত ধুপী গাছ দিতে পারবেন না। এর যে জন্য যে ধুপী গাছ দরকার, দিতে পারবেন না। আমি শুনেছি বন বিভাগের অফিসারদের মধ্যে এই বিষয়ে মতভেদ আছে। কোনও কোনও বিশেষজ্ঞ মনে করেন উত্তরবঙ্গে যে ধুপী গাছ পাওয়া যায়, বা আরও অন্যান্য যে সমস্ত কাগজের কাঁচা মালের জন্য যে সব কাঠ দরকার, সেই সব তৈরি করা যায়। তা দিয়ে একটা কাগজের কল তৈরি করা যায়। আবার কেউ মনে করেন যে করা যায় না। এই বিষয়ে আমি অনুরোধ করব সরকারের কাছে মাননীয় অর্থমন্ত্রীর মাধ্যমে, এই বিষয়টা পুনর্বিবেচনা করা হোক। এবং উত্তরবঙ্গের একটা পরিপূর্ণ কাগজের কল দরকার, এর বন্য বর্তমানে যে কাট পাওয়া যায়, তার সঙ্গে আরও নুতন কাট জুড়ে, এই জিনিসটা করার প্রয়োজন আছে। কারণ উত্তরবঙ্গে অন্য কোনও নুতন শিল্প গড়ে উঠছে না, এটা অনুন্নত উপেক্ষিত এলাকা। এর ফলে রাজনৈতিক দিক থেকে নানা সমস্যার সৃষ্টি সেখানে হচ্ছে। সুতরাং এই সব দিক থেকে নজির দেওয়া বিশেষভাবে প্রয়োজন। একটা জিনিস করা দরকার, দেরাদুনে রয়েছে, একটা সর্বভারতীয় ভিত্তিতে ফরেস্ট রিসার্চ ইন্সটিটিউট করা। আমাদের পশ্চিমবঙ্গে বন রয়েছে, উত্তরবঙ্গে রয়েছে, সুন্দরবনে রয়েছে, পুরুলিয়ায় আছে এবং অন্যান্য জায়গায় কিছু কিছু আছে, বীরভূম নদীয়া, মুর্শিদাবাদে আছে।

আমাদের বন সম্পদের উপর একটা গবেষণা কেন্দ্র রাজ্য সরকারের পক্ষ থেকে স্থাপন করা উচিত।

[4-10 – 4-20 p.m.]

ছোট আকারেই হোক, যেখানে আমরা নানাভাবে এই সব গবেষণা করতে পারব। আমি আর একটি প্রস্তাব করতে চাই যে, ছাত্রদের মধ্যে বন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য, বন্য প্রাণী সম্পর্কে তাদের আগ্রহ বৃদ্ধির জন্য, ছাত্রদের নিয়ে সংগঠিত ভাবে বন এলাকা তাদের পরিদর্শনের ব্যবস্থা করা উচিত। স্কুল কলেজের সঙ্গে ব্যবস্থা করে বন এলাকায় তাদের নিয়ে যাবার ব্যবস্থা করা দরকার। আমি ধন্যবাদ জানাই বনমন্ত্রী এবার তাঁর বক্তৃতায় উত্তরবঙ্গের বন শ্রমিকদের কয়েকটি সমস্যার কথা উল্লেখ করেছেন। তার জন্য তিনি কিছু অর্থ বরাদ্দও করেছেন। কিন্তু বন শ্রমিকদের আরও অনেক সমস্যা রয়েছে। জরুরি অবস্থার সময় ৪০০ ঘর বন শ্রমিকদের বস্তি থেকে উচ্ছেদ করা হয়েছে অন্যায়ভাবে। জরুরি অবস্থার সুযোগ নিয়ে কিছু অসৎ অফিসার এই সব করেছিলেন। তারপর থেকে তাদের পুনর্বাসনের কথা স্বীকার করেছেন সরকার। কিন্তু এখন পর্যন্ত তাদের সকলের পুনর্বাসনের ব্যবস্থা করা দরকার। বন বিভাগের চাকরি বাকরির ব্যাপারে তাদের ছেলে মেয়েদের অগ্রাধিকার দেওয়া প্রয়োজন। তাদের অন্যান্য আরও সমস্যা আছে।তাদের জমি, আরও কিছু কিছু জায়গা থেকে উচ্ছেদ করা হয়েছে। সেই সব জমিতে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা উচিত। চিকিৎসা জল সেচ ইত্যাদির জন্য কিছু ব্যবস্থা করা হয়েছে। বক্সাদুয়ারে ডিস্ট্রিক্ট বোর্ড এর আমল থেকে একটি চিকিৎসালয় ছিল। সেটা নষ্ট হয়ে গেছে। সেটা একজন সুইডিস মহিলা চালাচ্ছিলেন। তিনি চলে গেছেন। সরকার থেকে নিয়ে ব্যবস্থা করা দরকার। বন অঞ্চলে পঞ্চায়েত নেই, মিউনিসিপ্যালিটিও নেই। ফলে নানারকম সমস্যা সৃষ্টি হচ্ছে। বন এলাকায় যেসব মানুষ বসবাস করেন, চাষবাস করেন সেগুলি যাতে সম্প্রসারিত হয় সেদিকে চেষ্টা করা উচিত। এই বলে বন বিভাগের দাবিকে সমর্থন করে এবং রাজ্য সরকার যে প্রগতিশীল বন নীতি গ্রহণ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** মাননীয় স্পিকার, স্যার, মাননীয় বনমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই দাবিকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়ের সমগ্র বক্তৃতা আমি পড়েছি। সেখানে সুন্দরবন সম্পর্কে কিছু উল্লেখ আছে, বিশেষ করে ব্যাঘ্র প্রকল্প সম্পর্কে। এই ব্যাঘ্র প্রকল্প রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের টাকায় পরিচালিত হচ্ছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে কিছু সমস্যা দেখা দিচ্ছে। প্রথম যখন এই ব্যাঘ্র প্রকল্পের মধ্যে ছিল। গোসাবাতে অফিস হল। কিন্তু এখন সেখান থেকে অফিস .ক্যানিং-এ স্থানান্তরিত করা হয়েছে। এর ফলে ওখানকার স্থানীয়ভাবে ব্যাঘ্র প্রকল্প দেখাশুনা করার কাজে অন্তরায় সৃষ্টি হচ্ছে। কলকাতার সঙ্গে সুবিধা রাখার জন্য উচ্চপদস্থ কর্মচারিদের পরামর্শে এই জিনিস করা হয়েছে। প্রকৃতপক্ষে যেখানে ব্যাঘ্র আছে সেদিকে লক্ষ্য রেখে এই জিনিস করা

হয়নি। তাই আমার প্রস্তাব হচ্ছে এই ব্যাঘ্র প্রকল্পের অফিস গোসাবাতেই পুনরায় স্থাপন করা হোক। আমরা দেখছি সরকারি নীতির ফলে ব্যাঘ্রের বংশ বৃদ্ধি হয়েছে ঠিক। কিন্তু একটা সমস্যা দেখা দিচ্ছে—এই ব্যাঘ্র প্রকল্প নিয়ে স্থানীয় জনসাধারণের সঙ্গে ধীরে ধীরে একটা বিরূপ মনোভাবের সৃষ্টি হচ্ছে।

বনে বাঘ বেড়ে যাবার ফলে ঐ বনসংলগ্ন যে সব লোকালয় আছে সেখানে প্রায়ই বাঘ এসে মানুষ, গরু ও ছাগল ইত্যাদি ধরে নিয়ে যায়। এর ফলে স্থানীয় লোকেদের মধ্যে ব্যাঘ্র প্রকল্প সম্বন্ধে একটা বিক্ষোভ দানা বেঁধে উঠছে। এই যে বাঘের বংশবৃদ্ধি ঘটছে এর সঙ্গে সঙ্গে তাদের যে খাবারের ব্যবস্থা থাকা দরকার সেদিকে কিন্তু তেমন দৃষ্টি আজ পর্যন্ত দেওয়া হয়নি। কিছু কিছু শূকর পোষার ব্যবস্থা হয়েছে বাঘের খাবারের জন্য কিন্তু পর্যাপ্ত না হবার ফলে এই সমস্ত বিপত্তি ঘটছে। স্যার, সুন্দরবন এলাকায় পাশ নিয়ে যারা মাছ ধরতে, কাঠ কাটতে বা মধু সংগ্রহ করতে যায় তাদের অনেকেই বাঘের কবলে পড়তে হয় এবং তাতে অনেকেই মারা যায়। এই সরকার আসার পর বাঘের কবলে পড়ে যাদের মৃত্যু হয় তাদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হয়েছে। সেই ব্যবস্থা অনুযায়ী পরিবারপিছু দু হাজার টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়। কিন্তু স্যার, এই ক্ষতিপূরণ পেতে এত বেশি দেরি হয় যে সেখানে ৪/৫ বছর কেটে গেলেও এই ক্ষতিপূরণের টাকা তাদের হাতে পৌঁছায় না এটা আমরা দেখেছি। যদিও মাননীয় মন্ত্রী মহাশয়ের ও সরকারের এ দিকে সহানুভূতি আছে কিন্তু তবুও আমরা দেখেছি ১৯৭৯ সালে বাঘের কবলে পড়ে মারা গিয়েছে এমন লোকের পরিবারও আজ পর্যন্ত ক্ষতিপূরণ পায়নি। আমি ব্যক্তিগতভাবে স্থানীয় অফিসারদের এ সম্পর্কে বলেছি কিন্তু তা সত্ত্বেও যথেষ্ট সুফল এ সম্পর্কে পাওয়া যায়নি। এ দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। তারপর স্যার, সুন্দরবনে যে সমস্ত কাঠ পাওয়া যায় তারমধ্যে গরাণ, সুন্দরী, পশুর ইত্যাদি কাঠ দিয়ে নানানরকমের আসবাবপত্র তৈরি হয়। এ পর্যন্ত বন সম্পর্কে যে নীতি ছিল তাতে দেখেছি বনের কাট সংগ্রহের ব্যবস্থা কয়েকজন মুষ্টিমেয় বড়লোকের হাতে ছিল। সেখানে মোহন গাঙ্গুলী, গোলক সাহা এদের বনের ব্যবসায় একাধিপত্ব ছিল। এই সরকার আসার পর তাদের একাধিপত্ব কমে গিয়েছে ঠিকই কিন্তু বন থেকে সাধারণ মানুষ যাতে কাঠ সংগ্রহ করে স্থানীয় চাহিদা মেটাতে পারেন তার ব্যবস্থা হয়নি। এর ফলে ক্রমাগত কাঠ চুরি হচ্ছে। দামিদামি সমস্ত কাঠ চুরি হয়ে গিয়েছে। বাইরে থেকে যা দেখা যায় সেটা ছোট ছোট সমস্ত গাছ কিন্তু ভেতরে বড় গাছ আর নেই। এই চুরি বন্ধ না হলে সুন্দরবনে বড় বড় গাছ বা দামী কাঠ সব নষ্ট হয়ে যাবে। সেখানে পরিকল্পিতভাবে গাছ লাগাবার প্রচেষ্টা কম। কাঠ চুরি বন্ধের জন্য স্থানীয় ভিত্তিতে কিছু কিছু লোককে লাইসেন্স দিলে এই কাঠ চুরি বন্ধ হবে বলে আমার মনে হয়। তারপর বাঘের সঙ্গে সঙ্গে হরিণের বংশ বৃদ্ধিরও চেষ্টা হচ্ছে এই হরিণ বন্যপ্রাণী সংরক্ষণের মধ্যে পড়ে। হরিণও ব্যাপকভাবে হত্যা করা হচ্ছে। স্যার, বাঘ হত্যা করলে যতখানি চিৎকার হয় হরিণ হত্যা করলে ততখানি হয়না। এই দপ্তরের এক শ্রেণীর কর্মচারীর সহায়তায় এই সমস্ত কাজ

হচ্ছে। সেখানে বর্ডার এলাকায় বি. এস. এফ.-এর লোকেরা হামেশাই হরিণ শিকার করতে চায়। সেখানে আপনার বিভাগের কর্মীদের কিছু করার নেই। ব্যাপকভাবে হরিণ শিকার চলেছে। ফলে হরিণের সংখ্যা বৃদ্ধির পরিবর্তে হরিণের সংখ্যা কমে যাচ্ছে। তারপর স্যার, সুন্দরবনে মাছ চাষ করার প্রচুর সম্ভাবনা রয়েছে। নোনাজলে সমস্ত মাছ এখানে চাষ করা খুবই লাভজনক। চিংড়ি মাছের বাচ্ছা এই সুন্দরবনে বেশি হয়। প্রাইভেটভাবে এই মাছের প্রচুর চাষ করা হচ্ছে এবং ব্যবস্থা করা হচ্ছে।

[4-20 – 4-30 p.m.]

কিন্তু সরকারের তরফ থেকে এটা ব্যাপকভাবে করলে এটাতে অর্থনৈতিক ব্যবস্থা হিসাবে গড়ে উঠতে পারে এবং আমাদের মাছের যে সমস্যা আছে, সেটাও সমাধান হতে পারবে। আমরা দেখেছি যে ঐ বনাঞ্চলে যে নারকেল গাছ, তালগাছ লাগানো হয়েছে তার মাঝখানে ড্রেন কেটে যদি মাছ চাষের ব্যবস্থা করা যায় তাহলে আরও ব্যাপকভাবে মাছের উৎপাদন করা যেতে পারে। এই ব্যাপারে সরকারি কর্মচারিদের দিচ্ছে এবং উদ্যোগ অনেকখানি এই পরিকল্পনাকে সাফল্যমন্ডিত করার পক্ষে আছে বলে মনে করি আমি আর একটি ব্যাপার এই হাউসে উল্লেখ করতে চাই। বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড় সংলগ্ন বনভূমি যেগুলি আছে সেই বনভূমি সরকারের। কিন্তু তার এক অংশ স্বর্গত জগন্নাথ কোলে এবং আরও স্থানীয় কিছু বড় লোকের নামে রেকর্ডভুক্ত হয়ে আছে। সেটা তাদের পারিবারিক সম্পত্তি হিসাবে, বাগান বাড়ি হিসাবে রেকর্ড হয়ে আছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে সেটা বনভূমি, সেখানে বাগানবাড়ির কোনও চিহ্ন নেই। অথচ সেই বনভূমি আজ পর্যন্ত তারা কি ভাবে নিজেদের ব্যক্তিগত সম্পত্তি হিসাবে ব্যবহার করছেন আমি জানিনা। এটা সরকার যাতে অবিলম্বে অধিগ্রহণ করেন এই দাবি আমি করছি। এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সম্পূর্ণ অনধিকার চর্চা করছি, আমাকে আপনি মাপ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রনাথ বলেছেন যে বনে থাকে বাঘ, আর গাছে থাকে পাখী। আমরা সকলেই জানি যে পরিমলবাবু বাঘের মতো মন্ত্রী, আর আমি পাখীর মতো ক্ষীণজীবী মানুষ। তাঁর হয়ে জবাব দেওয়াটা আমার পক্ষে শোভন নয়। তবু আমাকে জবাবটা দিতে হচ্ছে ভয়ে ভয়ে দিতে হচ্ছে। তিনি যদি শোনেন অকথা কুকথা বলেছি, তাহলে আমাকে বকুনি দিয়ে লম্বা করে দেবেন। সুতরাং আমি যা বলছি সেটা অত্যন্ত সংক্ষেপে বলছি। মাননীয় সদস্য নির্মলবাবু এবং গণেশ মন্ডল মহাশয় যে বক্তব্য রেখেছেন আমি তার হুবহু অনুলিপি তাঁর কাছে পৌঁছে দেব, সেটা তিনি মনোনিবেশ সহকারে পরীক্ষা করে দেখবেন। আমি এখানে শুধু একটা কথা বলতে চাই যেটা নির্মলবাবু বলেছেন প্রাকৃতিক ভারসাম্যের ব্যাপারে এবং এটা সত্যি শোকাবহ ঘটনা আমাদের দেশে ঘটে গেছে এবং বিশেষ করে পশ্চিমবঙ্গে। প্রকৃতি বিজ্ঞানীরা বলেন যে, যেকোনও দেশের পক্ষে অন্তত শতকরা ৩৫

ভাগ জমি বনাঞ্চলে আচ্ছন্ন রাখা প্রয়োজন প্রকৃতির ভারসাম্য বজায় রাখার জন্য, বন্যার প্রকোপ কমাবার জন্য, খরার আবির্ভাবের আশঙ্কা দুর করার জন্য। তার জায়গায় আমাদের গোটা ভারতবর্ষে ২৩ এবং পশ্চিমবঙ্গে সেটা পৌঁচেছে ১৩তে এবং যেটাকে ইংরাজিতে বলে Vandalism সেটা ব্যাপক আকারে আমাদের দেশে হয়েছে। এটা স্বাধীনতার আগে থেকে হচ্ছিল এবং স্বাধীনতার পরে আরও বেড়েছে। একদিকে এলোপাতাড়ি গাছকাটা হচ্ছে কিছু অসাধু ব্যবসায় যোগসাজসে কোনও কোনও পর্যায়ে অন্য মানসিকতার বেশি প্রবণতার জন্য এই জিনিস হচ্ছে। অন্য দিকে আমরা যদি বাঁকুড়া, পুরুলিয়া যাই তাহলে দেখব যে সেখানে বৃক্ষরোপণ হচ্ছে। গত ৩/৪ বছর ধরে জিনিসটা একটা অন্য রকম করে দেখার চেষ্টা চলছে সামাজিক দৃষ্টিকোণ থেকে জিনিসটাকে দেখা হচ্ছে যাতে পুরো জিনিসটা একটু গুছিয়ে নেওয়া যায়। একদিকে যেমন আমাদের বনের সম্ভাবনাকে বাড়ানো, অন্য দিকে খরার সম্ভাবনার যে আশঙ্কা সেটাকে আটকানো। তার পাশাপাশি শিল্প সম্পদ বাড়ানো, তারও পাশাপাশির জন্য প্রাণী সংরক্ষণ সমস্ত ব্যাপারগুলি একসঙ্গে জড় করে পরিকল্পিতভাবে কাজকরার প্রচেষ্টা হচ্ছে। এখানে কতকগুলি বাধা আছে। মাননীয় বনমন্ত্রী মহাশয়, তাঁর ভাষণে উল্লেখ করেছেন যে আর্থিক সঙ্গতি ব্যাপারে আছে। আমরা সব কিছু করে উঠতে পারিনা। আমার নিজের ব্যক্তিগতভাবে খুব অপরাধী মনে হয়। কারণ আমার অভাবের সংসার, টাকা-পয়সা জোগাড় করতে পারিনি। বনবিভাগে যতটা পরিমাণ টাকা যোগানো প্রয়োজন সেটা দিতে পারছি না। তাসত্ত্বেও আমার বিবেচনা অত্যন্ত সুচারুভাবে কাজ করার উদ্যোগ নেওয়া হয়েছে, নতুন করে ঢেলে সাজানোর চেষ্টা করা হয়েছে। পয়সা কড়ির অভাব আছে। পয়সা কড়ির অভাবে জন্য বারবার আমাকে বলতে হয়, কেন্দ্রে একটা ভূমিকা আছে, উত্তরবঙ্গের হাজার হাজার আমাদের বনভূমি কেন্দ্র দখল করে রেখেছেন। তার জন্য না দিচ্ছেন আমাদের ন্যায্য প্রাপ্য, আবার সেই জমিটা যে ভালভাবে ব্যবহার করছেন তাও নয়। সুতরাং এই বাধাগুলি আছে, এবিষয়ে আমাদের চিন্তা করতে হবে। অন্য কতগুলি বিশেষ বিষয় সম্পর্কে মাননীয় গণেশচন্দ্র মন্ডল বললেন—সুন্দরবন অঞ্চলে গোসাবা অঞ্চল সম্পর্কে বললেন এবং ক্ষতিপূরণ সম্পর্কে বললেন, এই সমস্ত ব্যাপারে আমি নিশ্চয়ই মাননীয় বন-মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করব। আমার পক্ষে আরও কিছু বলা অত্যন্ত অসমীচীন হবে। সুতরাং মাননীয় বন-মন্ত্রী যে দাবির অধীনে মুখ্য খাত "৩১৩-বন" ও "৫১৩ বনের মূলধনী ব্যয়" বাবদ মোট ১১,৫৩,০০,০০০ টাকার ব্যয় বরাদ্দ অনুমোদন করা হোক।

The motion of Dr. Ashok Mitra that a sum of Rs.11,53,00,000 be granted for expenditure under Demand No.58, Major Heads : "313 Forest, and 513 Capital outlay on Forest", was then put and agreed to.

**Demand No.63**

**Major Heads : 321-Village and Small Industries (Excluding Public Undertakings), 521-Capital outlay on village and Small**

**Industries (Excluding Public Undertakings), and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings).**

**Shri Chittabrata Mazumdar :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs.10,40,08,000 be granted for expenditure under Demand No.63, Major Heads : "321-Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)".

ক্রমবর্ধমান বেকার সমস্যার চাপ থেকে রেহাই পেতে প্রত্যেকেই আজ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প সম্পর্কে আগ্রহী হয়ে উঠেছেন। কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশের মাধ্যমে প্রতি বৎসর কিভাবে কত কর্মসংস্থান সৃষ্টি হ'তে পারে এবং কত বৎসরে আমাদের দেশের বেকার সমস্যার সমাধান হবে, সে সম্পর্কে আকর্ষণীয় পরিকল্পনাও গ্রহণ করা হচ্ছে। কিন্তু কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশের পথে মৌলিক প্রতিবন্ধকতার বাস্তব মূল্যায়নের অভাবে সমস্ত পরিকল্পনাই গোড়া কেটে আগায় জল ঢালা গাছের মতো অবস্থায় থেকে যাচ্ছে।

বাজারের অভাব ঘটলে কোনও শিল্পই টিকে থাকতে পারে না। ভারতের মতো বিশাল দেশে বাজারের অভাব হবার কথা নয়। কিন্তু বাস্তবে দেশের বিপুল পরিমাণ শ্রমশক্তি আজও অব্যবহৃত অবস্থায় প'ড়ে আছে। এই অব্যবহৃত শ্রমশক্তিকে আমরা যদি উৎপাদনের কাজে ব্যবহার করতে না পারি, তাহলে ব্যাপক সংখ্যাগরিষ্ঠ জনগণকে চরম দারিদ্রের হাত থেকে মুক্তি দেওয়া সম্ভব নয়। ব্যাপক জনগণ যদি দারিদ্রের কারণে ক্রয়ক্ষমতা হারিয়ে বসে থাকে তাহলে বাজারের অভাবে সমস্ত ধরনের শিল্পই ক্রমে রুগ্ন হ'য়ে পড়বে এবং দারিদ্র আরও তীব্র হবে।

এই পটভূমিকায় আমাদের দেশের শিল্পসংক্রান্ত নীতি যেভাবে নির্ধারিত হওয়া উচিত ছিল, স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত আমাদের দেশের শিল্পনীতি যেভাবে রচিত হয়নি। কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প এবং বৃহৎশিল্পের প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হ'ত না এবং তার বিকাশ ব্যাহত হত না। বৃহৎশিল্পও বাজার সম্প্রসারিত হবার ফলে তার নিজস্ব এলাকায় বিকাশ ঘটাবার পরিবেশ সৃষ্টি করতে সক্ষম হ'ত।

কিন্তু প্রথম থেকেই বৃহৎ ও একচেটিয়া শিল্পসংস্থাকে অবাধে উৎপাদনের সর্বক্ষেত্রে তাদের কার্যকলাপকে সম্প্রসারিত করতে দেওয়া দেওয়া হয়েছে। পরিণতি হিসাবে উৎপাদনের সর্বস্তরে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থার প্রধান প্রতিদ্বন্দ্বী বৃহৎ ও একচেটিয়া শিল্পসংস্থা। এ এক অসম প্রতিযোগিতা এবং এ প্রতিযোগিতায় কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প কিছুতেই জয়ী হতে পারে না। এছাড়া কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থাগুলি নিজস্ব বিপণন ব্যবস্থা গড়ে তুলতে অক্ষম। ফলে বিপণনের কাজে এরা প্রধানত বৃহৎশিল্প এবং মহাজনের ওপরে নির্ভরশীল। এই নির্ভরশীলতা কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পগুলির বিকাশের আদৌ সহায়ক নয়। কাঁচামাল

সংগ্রহ এবং মূলধনের প্রশ্নেও প্রচলিত ব্যবস্থাগুলি এবং পদ্ধতিগুলি কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পগুলির বিকাশের পথকে রুদ্ধ ক'রে দিচ্ছে।

এককথায় বলা যায়, আমাদের দেশের বর্তমান সামাজিক অর্থনৈতিক ব্যবস্থাগুলি, যা রাজ্য সরকারের নিয়ন্ত্রণের বাইরে, কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশের পথে প্রধান অন্তরায়। আমাদের দেশের প্রতিটি কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থা তাই তার রুগ্নতার বীজকে সঙ্গে নিয়েই জন্ম নিয়েছে। যে কোনওদিন তা শাখা-প্রশাখা বিস্তার ক'রে সংস্থাটিকে পঙ্গু ক'রে দিতে ও নির্জীব করে তুলতে পারে।

এই পরিস্থিতিতে রাজ্যের কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশের যে-কোনও প্রচেষ্টাকে একমাত্র স্রোতের প্রতিকূলে নৌকা চালানোর সঙ্গেই তুলনা করা যেতে পারে। কাজটি অত্যন্ত কঠিন হওয়া সত্ত্বেও এ কাজে আমাদের বিভাগ যে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটাতে সক্ষম হয়েছে, পরিশিষ্ট প্রদত্ত তথ্যগুলি নিঃসন্দেহে তা প্রমাণ করবে।

আমার বক্তব্য আমি প্রধানত সমস্যা এবং সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলির মধ্যে সীমাবদ্ধ রাখব। পরিশিষ্টে প্রদত্ত তথ্যগুলি বিভাগের কাজকর্ম সম্পর্কে সামগ্রিক চিত্ত তুলে ধরতে সাহায্য করবে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের সামনে অন্যতম প্রধান সমস্যা বিপনন। চলতি বৎসরে এ সম্পর্কে কয়েকটি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যা বিপননের মৌলিক সমস্যাগুলিকে কিছুটা আঘাত করতে সক্ষম হবে বলেই আমরা আশা রাখি।

এই শিল্পের উৎপাদনকে মোটামুটি দু'ভাগ ভাগ করা যায় ;

(ক) যে সমস্ত উৎপাদন ভোগ্যপণ্য হিসাবে ব্যবহৃত হয়।

(খ) যে সমস্ত উৎপাদন বৃহৎ শিল্পসংস্থা তাদের প্রাথমিক উপকরণ হিসাবে অথবা প্রয়োজনীয় যন্ত্রাংশ হিসাবে ব্যবহার করে।

প্রথম ক্ষেত্রের বিপনন সমস্যা মোকাবিলায় সরকার নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করেছে ঃ

১। প্রচলিত বিপনন ব্যবস্থাগুলিকে আরও সম্প্রসারিত করা হয়েছে।

২। পঞ্চায়েত সমিতির পরিচালনায় গ্রামীণ কেন্দ্র খোলা হয়েছে। এই বিপনন কেন্দ্রগুলি স্থানীয় জনগণের চাহিদা ভিত্তিতে কেবলমাত্র কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থা থেকে সরাসরি ক্রয় ক'রে খুচরো এবং পাইকারী বিক্রয় করছে। এই ব্যবস্থা একদিকে গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্পের বাজারকে সম্প্রসারিত করছে। অন্যদিকে মহাজনী শোষণ থেকে উৎপাদকদের মুক্ত ক'রে উৎপাদকদের উপার্জন বৃদ্ধিতে সাহায্য করছে এবং জনগণও অপেক্ষাকৃত সুলভে

ক্রয় করতে সক্ষম হচ্ছে। ইতিমধ্যেই এ ধরনের ২৪টি বিপনন কেন্দ্র খোলা হয়েছে এবং ধারাবাহিকভাবে ও পর্যায়ক্রমে সমস্ত পঞ্চায়েত সমিতি এলাকাতেই এ ধরনের বিপনন কেন্দ্র খোলা হবে।

প্রতি বিপণন কেন্দ্রের জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দফতর অনুদান হিসাবে ৬,৬৮০ টাকা এবং কার্যকরী মূলধনের জন্য ৪,০০০ টাকা প্রান্তিক ঋণ হিসাবে দিয়েছে। এছাড়া প্রতি বিপণন কেন্দ্রের জন্য ব্যাঙ্ক ১৬,০০০ টাকা কার্যকরী মূলধন ঋণ হিসাবে দিয়েছে। বিপণনের জন্য এ ধরনের প্রকল্প সারা দেশে এই প্রথম। ভবিষ্যতে এই প্রকল্প মহাজনী ব্যবস্থার বিকল্প হিসাবে কার্যকর হবে বলেই আমরা আশা রাখি।

৩। সরকারি ক্রয়ের ক্ষেত্রে ডঃ ভবতোষ দত্ত কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার নূতন ক্রয়-নীতি গ্রহণ করেছে। এর ফলে কিছু নির্বাচিত দ্রব্য সরকার কেন্দ্রীয়ভাবে সরকারি সংস্থার মাধ্যমে ক্রয় করবে। কিছু নির্বাচিত দ্রব্য রেট কন্ট্রাক্ট পদ্ধতিতে নির্বাচিত উৎপাদকদের থেকে সরকার সরাসরি ক্রয় করবে। অন্যান্য ক্ষেত্রে সরকারি দফতরের প্রধান তালিকাভুক্ত দ্রব্য তালিকাভুক্ত উৎপাদকদের থেকে ক্রয় করবে। এর ফলেও কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থা বিপননের ব্যাপারে যথেষ্ট উপকৃত হবে।

দ্বিতীয় ক্ষেত্রের বিপণন সমস্যার মোকাবিলায় রাজ্য সরকার ১৯৭৯ সালে বর্ধমান জেলায় উচ্চ-পর্যায়ের কমিটি গঠন করে। কিন্তু ব্যুরো অফ পাবলিক এন্টারপ্রাইস-এর সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও বৃহৎশিল্প সংস্থাগুলি সহায়ক শিল্প গ'ড়ে তোলার ব্যাপারে কোনও উদ্যোগ গ্রহণে ইচ্ছুক হয়নি। বর্ধমান জেলার সহায়ক কমিটির ধারাবাহিক প্রচেষ্টার ফলে এ ব্যাপারে সামান্য কিছুই সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে।

আজ পর্যন্ত উচ্চপর্যায়ের সহায়ক কমিটির ধারাবাহিক প্রচেষ্টার ফলে দুর্গাপুর-আসানসোল এলাকায় ৯টি সংস্থাভিত্তিক কমিটি গঠন করা সম্ভব হয়েছে। ঐ অঞ্চলের ২৪৩টি ক্ষুদ্রশিল্প সংস্থার যোগ্যতা সম্পর্কিত বিবরণ প্রস্তুত হয়েছে। কিন্তু আজ পর্যন্ত মাত্র ৩টি সংস্থা ১১৪টি ক্ষুদ্রশিল্প সংস্থাকে সহায়ক হিসাবে তালিকাভুক্ত করেছে। এদের মধ্যে ইস্টার্ন কোল ফিল্ডস্ লিঃ ১০৮টি, হিন্দুস্থান কেবলস্ লিঃ ৪টি এবং হিন্দুস্থান ফার্টিলাইজার লিঃ ২টি ক্ষুদ্রশিল্প সংস্থাকে তালিকাভুক্ত করেছে। অন্যান্য সংস্থাগুলি এখনো একটি ক্ষুদ্রশিল্প সংস্থাকেও তালিকাভুক্ত করেনি।

অর্ডারের ক্ষেত্রেও ধারাবাহিক প্রচেষ্টার ফলে সামান্য অগ্রগতি ঘটেছে। ক্ষুদ্রশিল্প সংস্থাগুলির প্রাপ্ত অর্ডারের হিসাব নিচে দেওয়া হল ঃ

| বৎসর | অর্ডারের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|
| ১৯৭৮-৭৯ | ১.৭৭ |
| ১৯৭৯-৮০ | ৪.১২ |
| ১৯৮০-৮১ (প্রথম ৬ মাসে) | ৪.৬১ |

বর্তমানে হাওড়া, হুগলি, ২৪-পরগনা ও মেদিনীপুর জেলায় একই ধরনের উচ্চপর্যায়ের ৪টি আঞ্চলিক সহায়ক কমিটি গঠন করা হয়েছে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের সামনে কাঁচামালের জোগান আর একটি বড় সমস্যা। কিন্তু এ ব্যাপারে রাজ্য সরকার একেবারেই অসহায়। মূল কাঁচামাল, যেমন লোহ-ইস্পাত, লৌহপিণ্ড, চর্বি, প্যারাফিন প্রভৃতি জোগানদার কেন্দ্রীয় সরকার সংস্থা।

কাঁচামালের জোগানের সমস্যাটি কত তীব্র তা নিচের তথ্য থেকে বোঝা যাবে। ১৯৮০-৮১ সালে ইস্পাতের বরাদ্দ ছিল ৩৬,৪০০ মেট্রিক টন। এই বরাদ্দ রাজ্যের চাহিদার ধারে কাছেও যায় না। কিন্তু যেটুকু বরাদ্দ করা হয়েছে, বাস্তবে সরবরাহ করা হয়েছে অনেক কম।

১৯৮০-৮১ সালের প্রথম তিন মাসে আমরা পেয়েছি বরাদ্দের মাত্র ১১ শতাংশ, যেখানে পাওয়া উচিত ছিল ২৫ শতাংশ। প্রথম ৬ মাসে আমরা ৫০ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ১৯ শতাংশ। আর প্রথম ৯ মাস বরাদ্দের ৭৫ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ৪১ শতাংশ। এর ফলে আমরা উৎপাদকদের তাদের প্রয়োজনের ২.৫% থেকে ১০% এর বেশি লৌহ-ইস্পাত দিতে অক্ষম। ১৯৮০-৮১ সালের জন্য বরাদ্দ চর্বির ১ গ্রামও আমাদের হাতে আসেনি। প্রয়োজনের ১৫% লৌহপিন্ড আমাদের হাতে এসেছে।

কাঁচামালের জোগান এবং বন্টন সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে বারবার জানানো হয়েছে, কিন্তু এ ব্যাপারে কোনও অগ্রগতি ঘটানো সম্ভব হয়নি।

ক্ষুদ্রশিল্প সংস্থাগুলিকে ঋণদানের ব্যাপারে ব্যাঙ্ক-এর মনোভাব সুবিদিত। জেলা শিল্পকেন্দ্রগুলির ধারাবাহিক প্রচেষ্টা ও ব্যাঙ্কের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা ক'রে বিনিয়োগ প্রস্তাবগুলি ত্বরান্বিত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। চলতি আর্থিক বৎসরে এ পর্যন্ত ৩,৭৪৪টি প্রস্তাবের মধ্যে ১,৭৯১টি ঋণ প্রস্তাবের অনুমোদন পাওয়া সম্ভব হয়েছে যার বিনিয়োগমূল্য ২০.৭৫ কোটি টাকা। এছাড়া বিগত বৎসরের প্রেরিত প্রস্তাবগুলির মধ্যে অনুমোদিত হয়েছে ৫৪২টি, যার বিনিয়োগমূল্য ৪.৯৩ কোটি টাকা। অর্থাৎ চলতি আর্থিক বৎসরে মোট অনুমোদিত হয়েছে ২,৩৩৩টি প্রস্তাব যার বিনিয়োগমূল্য ২৫.৬৮ কোটি টাকা। প্রায় ২১,৫০০ লোকের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

এছাড়া কুটি শিল্পের ক্ষেত্রে চলতি আর্থিক বৎসরে ১০,৪১৭টি ক্ষেত্রে প্রায় ৬৮ লক্ষ

টাকার ডি আর আই ঋণ ব্যাঙ্কগুলি থেকে অনুমোদিত হয়েছে।

ক্ষুদ্রায়তন শিল্পের রুগ্নতা আজ সাধারণ ঘটনা। এ ধরনের রুগ্ন শিল্পগুলিকে লালন-পালনের কোনও ব্যবস্থাই ছিল না। একথা ঠিক যে, সমস্ত রুগ্নশিল্পে রুগ্নতার কারণ এক নয়। তাই সমস্ত রুগ্নশিল্পকে লালন-পালন করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। কিন্তু যেখানে রুগ্নতার একমাত্র কারণ অর্থ, সেই ক্ষেত্রগুলিতে সরকার কিছুটা ভূমিকা পালনে সক্ষম।

এ ধরনের রুগ্নশিল্প সংস্থাগুলির প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের জোগান ব্যাঙ্ক থেকে পেতে যাতে অসুবিধা না হয় সেজন্য চলতি বছরে রুগ্ন কুটির, ক্ষুদ্রায়তন এবং সহায়ক সংস্থার জন্য প্রান্তিক ঋণ প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্প অনুসারে ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত পুনর্গঠন প্রকল্পের জন্য নির্দিষ্ট অর্থের ১০% থেকে ২০% প্রান্তিক ঋণ হিসাবে সরকার দিচ্ছেন। একটি ক্ষেত্রে সর্বোচ্চ প্রান্তিক ঋণের পরিমাণ ১ লক্ষ টাকা। ইতিমধ্যেই একটি সংস্থাকে ১ লক্ষ টাকা প্রান্তিক ঋণ দেওয়া হয়েছে এবং এ ধরনের আরও কয়েকটি আবেদনপত্র সরকার পরীক্ষা ক'রে দেখছে।

শিল্পোদ্যোগী শিক্ষণ প্রকল্পের অঙ্গ হিসাবে ট্রাইসেম, আর এ পি এবং এ ধরনের অন্যান্য কর্মসূচিগুলির সাথে সাথে এবছর নুতন আর একটি শিক্ষণ প্রকল্প গ্রহণ করা হয়েছে যা, উল্লেখের অপেক্ষা রাখে। পশ্চিমবাংলার ক্ষুদ্রায়তন শিল্পসংস্থাগুলির মধ্যে ধাতুভিত্তিক ইঞ্জিনিয়ারিং শিল্পই প্রধান। সাধারণ মন্দার পরিণতি হিসাবে ১৯৬৫-৬৬ সাল থেকে এই শিল্প বিরাট আঘাত পেয়েছে এবং অসংখ্য কারখানা বন্ধ হয়ে গেছে।

বর্তমানে ফাইবার রি-ইনফোর্সড প্লাসটিক বা এফ আর পি'র আবির্ভাব নুতনভাবে পশ্চিমবাংলার ধাতুভিত্তিক ইঞ্জিনিয়ারিং শিল্পকে কিছুটা বিপন্ন ক'রে তুলছে। ধাতুর বিকল্প হিসাবে এফ আর পি ব্যাপকভাবে ব্যবহৃত হ'তে শুরু করেছে। ফলে ধাতুভিত্তিক ইঞ্জিনিয়ারিং শিল্পের বাজার সঙ্কুচিত হ'তে বাধ্য কিন্তু রাজ্যে এই শিল্প গড়ে তোলবার ব্যাপারে শিল্পোদ্যোগী মহলে খুব একটা উদ্যোগ দেখা যায়নি। সমস্ত পরিস্থিতি বিচার ক'রে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দফতর একটি বিশেষ শিক্ষণ প্রকল্প গ্রহণ করেছে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের উদ্যোগে এবং স্মল ইন্ডাস্ট্রিস সার্ভিস ইনস্টিটিউট, সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি-মাদ্রাজ ও এলাহাবাদ ব্যাঙ্ক-এর সহযোগিতায় ১৫ জন নির্বাচিত শিল্পোদ্যোগীকে শিক্ষা দেওয়া হচ্ছে। শিক্ষার্থীদের সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা কেমিস্ট্রিতে বি এসসি (অনার্স)। এদের মধ্যে ১২ জন পলিমার কেমিস্ট্রিতে এম টেক, ১ জন কেমিস্ট্রিতে এম এসসি (অনার্স)। এদের মধ্যে ১২ জন পলিমার কেমিস্ট্রিতে এম টেক, ১ জন কেমিস্ট্রিতে এম এসসি এবং ২ জন কেমিস্ট্রীতে বি এসসি (অনার্স)।

শিক্ষাশেষে এদের শিল্প স্থাপন করতে হবে এবং এদের প্রয়োজনীয় মূলধনের জোগান দেখে এলাহাবাদ ব্যাঙ্ক প্রোজেক্ট রিপোর্ট তৈরির ব্যাপারেও এলাহাবাদ ব্যাঙ্ক সাহায্য করবে।

এর ফলে এফ আর পি শিল্পের বিকাশ ঘটানো সম্ভব হবে এবং ধাতুভিত্তিক ইঞ্জিনিয়ারিং শিল্পের সঙ্কোচনের পরিণতি হিসাবে কর্মসংস্থান সমস্যার সমাধান সম্ভব হবে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পসংস্থা স্থাপনে অসুবিধা দূর করবার উদ্দেশ্যে বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয়সাধনের জন্য প্রতি জেলায় একটি ক'রে 'নোডাল কমিটি' গঠন করা হয়েছে। শিল্প স্থাপনের জন্য নানা ধরনের প্রয়োজন মেটাতে এই কমিটি সহায়ক হবে। শিল্পোদ্যোগীদের হয়রানিও কিছুটা কমানো সম্ভব হবে।

চলতি প্রকল্পগুলি ছাড়াও আগামী বছরে (ক) এলাকা উন্নয়ন, (খ) গ্রামীণ বাণিজ্য কেন্দ্রে স্থাপন, (গ) সম্ভাবনাপূর্ণ এলাকায় বিকাশ কেন্দ্র স্থাপন এবং (ঘ) অগ্রাধিকার ভিত্তিতে বেকারভাতা প্রাপ্তদের প্রকল্পগুলি রূপায়ণে সাহায্য প্রভৃতির ওপরে গুরুত্ব আরোপ করা হবে।

পরিশিষ্টে প্রদত্ত তথ্যগুলি থেকে দেখা যাবে যে আলোচ্য বৎসরে তাঁতশিল্পে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। যদিও তাঁতশিল্পেরও মূল সমস্যা কাঁচামাল। এবং এই কাঁচামাল মূল্য এবং জোগানের ওপরে রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। এ সত্ত্বেও গতবছরে নিবন্ধভুক্ত ৭৩টি প্রান্তিক সমবায় সমিতির মধ্যে ৫৭টিতে ইতিমধ্যেই উৎপাদন শুরু করা সম্ভব হয়েছে। অধিকাংশ সমবায় সমিতি এখনও ব্যাঙ্ক থেকে ঋণলাভে সক্ষম না হওয়ায় এই সমস্ত সমিতি এখনও পুরো সদস্যদের কাজ দিতে সক্ষম হয়নি।

তাঁতবিহীন শ্রমিকদের নিয়ে গঠিত ৩টি সমবায় সমিতির নির্মাণকার্যে হাত দেওয়া হয়েছে। এ বছর এ ধরনের আরও ৮টি সমবায় গঠনের প্রস্তাব আছে। এর মধ্যে ৪টির জন্য ইতিমধ্যেই রাজ্য সরকার অর্থ অনুমোদন করেছে। অবশিষ্ট ৪টি গঠিত হবে কেন্দ্রীয় সরকারের ও রাজ্য সরকারের যৌথ অর্থে। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই তাদের দেয় অর্থ অনুমোদন করেছে।

তাঁতশিল্পের বাজার সম্প্রসারণের উদ্দেশ্যে নতুন নুতন নক্সা এবং নুতন নুতন তাঁতবস্ত্র উৎপাদনে যথেষ্ট অগ্রগতি ঘটেছে। এ বছর ছাপানো তাঁতের কাপড় এবং টাঙ্গাইল সিল্ক যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছে। পলিয়েস্টার সার্টিংও বেশ জনপ্রিয়তা অর্জন করেছে। পরিমাণে অল্প হ'লেও উন্নত মানের সজ্জাবস্ত্রও বর্তমানে উৎপাদন হচ্ছে। আগামী বছর আরও নুতন ধরনের ছাপা কাপড়, পলিয়েস্টার স্যুটিং, সুতি এবং সিল্কের সার্টিং প্রভৃতি উৎপাদনের ওপর গুরুত্ব দেওয়া হবে।

রাজ্যের প্রথম সমবায়ভিত্তিক হোসিয়ারী কারখানাটি ইতিমধ্যেই উৎপাদন শুরু করেছে এবং এই কারখানায় উৎপন্ন গেঞ্জী 'সেতু' ইতিমধ্যেই বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এছাড়া

'ইন্টার ন্যাশনাল উল সেক্রেটারিয়েট'-এর কারিগরি পরামর্শ অনুসারে রাজ্যে পশমী হোসিয়ারী কারখানা স্থাপনের প্রস্তুতি চলছে। উপযুক্ত শিল্পোদ্যোগী পেলে আগামী বছরের মধ্যে ১০টি ইউনিট স্থাপন করা হবে।

সুতার সমস্যা সমাধানের উদ্দেশ্যে শ্রীরামপুরের সমবায়ভিত্তিক সুতাকল ছাড়াও আরও দুটি সমবায়ভিত্তিক সুতাকল স্থাপনের বিষয়টি সরকার বিবেচনা করছেন। নুতন সুতাকল দুটিরও প্রত্যেকটি ২৫,০০০ স্পিণ্ডল ক্ষমতাসম্পন্ন হবে। প্রাথমিকভাবে তমলুক এবং বড়জোড়ায় সুতাকল দুটির জন্য স্থান নির্বাচন হয়েছে। ফেডারেশন অফ কো-অপারেটিভ স্পিনিং মিলস্ ইতিমধ্যেই প্রোজেক্ট প্রোফাইল পেশ করেছে। আশা করা যাচ্ছে যে, আগামী কিছুদিনের মধ্যেই তারা 'ডিটেলড্ প্রোজেক্ট রিপোর্ট' পেশ করবে। এরপর এ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

চলতি বছর থেকে লাভজনক এবং সম্ভাব্য লাভজনক সমবায় সমিতির তাঁতশিল্পী সদস্যদের সামাজিক নিরাপত্তা হিসাবে কন্ট্রিবিউটারী প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্পচালু করা হচ্ছে।

মালদহ জেলাই রাজ্যের ৬৫ শতাংশ রেশম উৎপাদন করে। এ বছরের বিধ্বংসী বন্যা মালদহ এবং মুর্শিদাবাদ জেলায় রেশম উৎপাদনে প্রচন্ড ক্ষতি করেছে। এর ফলে অন্যান্য অঞ্চলেও রেশমচাষ সম্প্রসারণের কাজ ক্ষতিগ্রস্থ হয়েছে। প্রয়োজনীয় তুতগাছের কলম সরবরাহ করা সম্ভব হয়নি। কিন্তু এই প্রতিকূলতা সত্ত্বেও রেশমচাষে লক্ষ্যণীয় অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে।

প্রাকৃতিক প্রতিকূল পরিবেশে যাতে রেশমগুটি নষ্ট না হয়ে যায় সেজন্য এ বছর মালদহ শিলিগুড়ি, ভদ্রপুর এবং ইসলামপুরে আরও ৪টি ড্রাইং চেম্বার স্থাপন করা হচ্ছে। এছাড়াও পেড-এ আরও একটি ড্রাইং চেম্বার, যদি তৈরি করা সম্ভব হয়, তাহলে এ বছরেই চালু করা হবে।

টুইস্টিং মেশিন এসে পৌঁছতে বিলম্ব হওয়ায় এখনও চালু করা সম্ভব হয়নি। এখনও আশা করা যাচ্ছে যে, এ বছরের মধ্যেই এ দুটি স্থাপন করা সম্ভব হবে।

শিলিগুড়ি এবং ভদ্রপুরের রিলিং ইউনিট দুটি চালু হয়েছে। আশা করা যাচ্ছে যে, এ বছরেই পশ্চিমদিনাজপুরে আর একটি রিলিং ইউনিট চালু হবে। এছাড়াও এ বছর কালিম্পং-এ আরও একটি রিলিং ইউনিট অনুমোদন করা হয়েছে। তবে আগামী আর্থিক বছরের পূর্বে একটি চালু করা সম্ভব হবে না। আগামী বছরে কোচবিহার, বাঁকুড়া এবং পশ্চিম দিনাজপুরে আরও তিনটি রিলিং ইউনিট স্থাপনের প্রস্তাব আছে।

রেশমচাষের জন্য অনুদান প্রকল্প এ বছরে সংশোধন করা হয়েছে। পূর্বে মালদহ এবং মুর্শিদাবাদ জেলার এই অনুদান ছিল মোট প্রকল্পের ২৫ শতাংশ। রাজ্যের অন্যত্র এই অনুদান

ছিল মোট প্রকল্পে ৫০ শতাংশ।

সংশোধিত প্রকল্প অনুসারে রাজ্যের সর্বত্রই ২.৫ একরের বেশি কিন্তু ৭ একরের মধ্যে জমির মালিকদের ২৫ শতাংশ অনুদান দেওয়া হবে। ২.৫ একর পর্যন্ত জমির মালিক যারা ০.৫ একরের কম জমিতে তুতচাষ করবে এবং তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত যে কোনও পরিমাণ জমির জন্য ৫০ শতাংশ অনুদান দেওয়া হবে। এর ফলে দরিদ্র অংশের মানুষ রেশমচাষে উৎসাহিত হবে। কিন্তু ৭ একরের বেশি জমির মালিকদের কোনও অনুদান দেওয়া হবে না।

তসর উৎপাদনের জন্য এ বছর নূতন কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে। তসর-ডিম উৎপাদনের জন্য রঘুনাথপুর, তালডাংরা এবং মহম্মদবাজার ছাড়াও বনবিভাগের কিছু এলাকা পাওয়া গেছে। ইতিমধ্যেই তালডাংরা এবং রঘুনাথপুরে উৎপন্ন তসর-ডিম তসর চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং ভাল ফল পাওয়া গেছে। রাজ্যে তসর উৎপাদনের জন্য গৃহীত ব্যবস্থাগুলির ফলে উপজাতি সম্প্রদায়ভুক্তরা আর্থিক দিক থেকে উপকৃত হবে। জলপাইগুড়ি জেলার পরীক্ষামূলকভাবে তসর উৎপাদনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

আগামী আর্থিক বৎসরে (১) আরও অধিক সংখ্যক ড্রাইং চেম্বার স্থাপন (২) নির্বাচিত ব্লকে নিবিড় রেশম উৎপাদন (৩) বহরমপুরে ২০-বেসিন ফিলেচার ইউনিট চালু করা (৪) উন্নতমানের রেশম উৎপাদন ও রিলিং-এর জন্য পুরস্কার (৫) বহরমপুর ছাড়াও মালদহ ও কালিম্পং-এ শিক্ষণ বিদ্যালয় চালু করা (৬) কেবলমাত্র তফসিলি সম্প্রয়ভুক্ত অংশের জন্য বিশেষ প্রকল্প কার্যকর করা প্রভৃতি প্রকল্পগুলির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

এই ব্যয়বরাদ্দের বিভিন্ন পরিকল্পনা অনুসারে সমস্ত খুটিনাটি ১৯৮১-৮২ সালের সিভিল বাজেট এস্টিমেট, পার্ট টু, বই-এ ১৭৯৭ থেকে ১৮৪৯ পৃষ্ঠায় দেওয়া আছে।

মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা ক'রে আমি আপনার মাধ্যমে সভার সামনে ব্যয়বরাদ্দের দাবি অনুমোদনের জন্য পেশ করছি।

## পরিশিষ্ট

## কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প

| | | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|---|
| ক) | সংস্থা নিবন্ধভুক্ত-হয়েছে | ৫,৬৪৯ | ৮,৯৭৮ | ১০,৯৪৪, | ১২,১৬৯ | ১৩,০০০ |
| | সম্ভাব্য কর্মসংস্থান | ৪০,৩৭৫ | ৪২,৭৫১ | ৮০,১৪৩ | ৮৭,৭৭৩ | ৯১,০০০ |

খ) ব্যাঙ্ক ঋণের অনুমোদন-

| | | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|---|
| | প্রাপ্ত ক্ষুদ্র শিল্পসংস্থা | | | | ৪,৩১৫ | ২,৩৩৩ |
| | অনুমোদিত ঋণের পরিমাণ (কোটি টাকা) | | | | ২৮.৫৪ | ২৫.৬৮ |
| | কর্মসংস্থান | | | | ২৮,৮১৭ | ২১,০০০ |
| গ) | বি এস এ আই ঋণ (লক্ষ টাকা) | ৭.০৭ | ১৫.৯৬ | ৪৩.৩৭ | ৫৮.৫০ | ৬১.০০ |
| ঘ) | ডি আর আই ঋণ (লক্ষ টাকা) | | ১৯.৩০ | ২৭.৯০ | ৩৭.৫০ | ৬৮.০০ |
| ঙ) | খাদি বোর্ড থেকে ঋণ ও অনুদান (লক্ষ টাঃ) | ২৪.৪৩ | ৪৩.৫১ | ৫৯.৪১ | ৪৩.১২ | ৫৫.০০ |
| | কর্মসংস্থান | ৪৬,১১৫ | ৫২,৮১৪ | ৫৭,২৫২ | ৫৭,৯৭০ | ... |
| চ) | উৎসাহ প্রকল্প (রাজ্য ও কেন্দ্র) (লক্ষ টাকা) | ১৫.৬৪ | ৪২.১০ | ৪৬.৫৯ | ৬৫.০৯ | ৭৬.০০ |
| ছ) | প্রান্তিক ঋণ প্রকল্প (লক্ষ টাকা) | ৫৫.১৮ | ১৯.২৬ | ২৭.৯১ | ৩৭.৪৯ | ৪০.০০ |
| জ) | শিল্প তালুক | | | | ১৭ | ২৬ |
| | শেডসংখ্যা | | | | ৫১০ | ৭৮০ |
| ঝ) | বিভিন্ন শিক্ষণ প্রকল্পের শিক্ষার্থী | | | | ৮০৬ | ১৩০৫ |
| ঞ) | চর্মশিল্প সাধারণ সেবা কেন্দ্রে সাহায্যপ্রাপ্ত সংস্থা | | | ৪৩ | ১২৫ | ১৪৬ |
| | সাহায্যের মূল্য (লক্ষ টাকা) | | | ১.৬২ | ১২.২৮ | ১৭.১৭ |

## তাঁতশিল্প

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| ক) প্রাথমিক সমবায়ে পুঁজি বিনিয়োগ (লক্ষ টাঃ) | ৩.০০ | ২৯.৫০ | ৩০.০০ | ৪৪.০০ | ২৫.০০ |
| খ) সমবায়ভুক্ত তাঁতশিল্পী (শতাংশ) | | ১৫.০ | ২০.০ | ২৩.২ | ৩৩.০ |
| গ) লাভজনক তাঁত সমবায়ের সংখ্যা | ৪ | ১৮ | ২৫ | ৭১ | ৯০ |
| ঘ) সম্ভাব্য লাভজনক তাঁত সমবায়ের সংখ্যা | ১৫০ | ১৬৮ | ২৭৯ | ২৫৮ | ৩০০ |
| ঙ) তাঁত সমবায়ে ব্যাঙ্ক ঋণের সীমা (লক্ষ টাঃ) | ২৩.০ | ১৫৯.৩৩ | ২১৫.০০ | ২৩৫.৪৫ | ৪১৬.৭২ |
| চ) প্রান্তিক তাঁতশিল্পী সমবায় | | | | ৭৩ | ৯৩ |
| ছ) তাঁতবিহীন শ্রমিকদের সমবায় | | | | ৩ | ১১ |
| জ) তাঁতবিহীন বি এস এ আই ঋণ (লক্ষ টাকা) | | ৪.৮২ | ৭.৩২ | ১২.০০ | ১৫.০০ |
| ঝ) তাঁতশিল্পে মোট উৎপাদন (কোটি মিটার) | ২০.৭ | ২১.০ | ২৫.০ | ২৭.০ | ২৮.৫ |
| ঞ) সমবায় সমিতিতে উৎপাদন (কোটি মিটার) | ৬.৬২ | ৭.১৪ | ৮.৪৮ | ৮.৯৪ | ১০.২৫ |
| চ) জনতা কাপড় উৎপাদন (লক্ষ বর্গ মিঃ) | ৪.৫ | ৫৭.৫ | ১০৮.৫ | ১৩০.০ | ২১৪.০ |
| ছ) তন্তুজ ও তন্তুশ্রীর দোকান | ৪২ | ৪৯ | ৮১ | ৯৭ | ১৩৭ |

## রেশমশিল্প

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| ক) নূতনভাবে রেশমচাষ বেড়েছে (একরে) | ৫১২ | ১,৮৪৩ | ১,৫০০ | ২,০০০ | ১,৬৮০ |
| খ) রেশম উৎপাদন বেড়েছে | | | | | |

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| (কে জি'তে) | ১১,২৬৪ | ৪৫,০০০ | ১০,০০০ | ৪৪,০০০ | ২২,০০০ |
| গ) অতিরিক্ত কর্মসংস্থান | ৪,০৯৬ | ১৪,৭৪৪ | ১২,০০০ | ১৬,০০০ | ১৩,৪৪০ |
| ঘ) ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা হয়েছে (লক্ষ টাকা) | ৪৮.৯০ | ৩১.০০ | | ৫৪.৭৬ | ৪০.০০ |
| ঙ) অনুদান দেওয়া হয়েছে (লক্ষ টাকা) | ২৪.৪৫ | ৮৪.৫০ | | ৫৪.৭৬ | ২০.০০ |
| চ) বি এস এ আই ঋণ (লক্ষ টাকা) | ... | ১১.২৫ | | ৭.০ | ৮.০ |
| ছ) রিলিং ইউনিট | ... | ... | ... | ... | ৪ |
| জ) ড্রাইং চেম্বার | ... | ... | ... | ৩ | ৭ |
| ঝ) সম্প্রসারণ কেন্দ্র | | | ৬ | ৬ | ৬ |
| ঞ) চৌকি রিয়ারিং কেন্দ্র | | | ৫০ | ৯০ | ৯০ |
| ট) বিনামূল্যে তুতকলম সরবরাহ (মণ) | ৩০,৭২০ | ৫০,৪১৬ | | ১,০০,০০০ | ৮২,০০০ |
| ঠ) তুতচারা সরবরাহ (সংখ্যা) | ১,৭৬,০০০ | ৪,৩৫,০০০ | | ১,০৫,০০০ | ৪,৫০,০০০ |

**কাঁচামালের জোগান (বিক্রয়)**

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| ক) ইস্পাত (মেট্রিক টন) | ৫,১৩৮ | ২,৭২৩ | ১০,০৩৭ | ১৮,৮৮৪ | ১৪,০৯৫ |
| খ) লৌহপিণ্ড (মেট্রিক টন) | | | ৫০ | ১২,৭৪০ | ২৬,৬৫২ |
| গ) হার্ড কোক (মেট্রিক টন) | | | ৩৩,৮৬৫ | ৪১,৭৬৭ | ৩৫,০৪৯ |
| ঘ) ব্রিজ কোক (মেট্রিক টন) | ৩৬,২০৫ | ৪৫,৫০৯ | ৩৭,৪৪৫ | ৫৬,৭৭০ | ৪৮,৭০০ |
| ঙ) মোম (মেট্রিক টন) | | ১,১৪০ | ৫,০৮৮ | ৪,৬১১ | ৫,২৬৬ |
| চ) চর্বি (মেট্রিক টন) | ১,৮৪৬ | ১,৭২১ | ১,৭৪১ | ১,৫৭৮ | ১,৩১০ |

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| ছ) কষ্টিক সোডা (মেট্রিক টন) | | | | | ৪২.২ |
| জ) শংখ (লক্ষ টাকা) | | | ৯.৮৯ | ১৯.৪৭ | ৭৮.০০ |
| ঝ) মাদুর কাঠি (পরিবার) | | ৩০০ | ১,৯০০ | ৭,০০০ | ৭,০০০ |

**মোট বিক্রয়**

| | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (সম্ভাব্য) |
|---|---|---|---|---|---|
| ক) পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প সংস্থা (লক্ষ টাকা) | ৬৩৯.৯৮ | ৪৩৮.৬৪ | ৮০৩.৪৮ | ১৪৩৭.৪৮ | ১৬০০.০০ |
| খ) তন্তুজ ও তন্তুশ্রী (লক্ষ টাকা) | ৩০১.০০ | ৫৭৬.০০ | ৯২৯.০০ | ১৩৩৮.০০ | ২০০০.০০ |
| গ) চর্মশিল্প উন্নয়ন সংস্থা (লক্ষ টাকা) | | | ১৪.৩০ | ১৮.৮২ | ৪০.৩০ |
| ঘ) হস্তশিল্প উন্নয়ন সংস্থা (লক্ষ টাকা) | ০.২১ | ৮.৩৪ | ২২.৮১ | ৩৫.০০ | ১১৮.০০ |

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী চিত্তব্রত মজুমদার মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করে দু' একটি কথা বলছি। আমাদের দেশে ক্ষুদ্র ও কুটির শিল্প রুগ্ন অবস্থায় পড়ে আছে। এর কিং করে উন্নতি করা যায় সে সম্পর্কে আমাদের বামফ্রন্ট সরকার প্রথম থেকেই চিন্তাভাবনা শুরু করেছেন। ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় সঠিকভাবেই বলেছেন যে, বেকার সমস্যার সমাধানের জন্য যেটা প্রয়োজন, সেটা হচ্ছে কুটির ও ক্ষুদ্রশিল্পের প্রসার ঘটানো, কিন্তু সেটাই আমাদের দেশে হয়ে উঠছে না। কোনও দেশে কুটির শিল্পের প্রসার না ঘটার পিছনে প্রধান যে সমস্যা সেটা হচ্ছে বাজারের সমস্যা। কিন্তু আমাদের ভারতবর্ষের মতো বিশাল দেশে বাজারের অভাব নেই, এটা ঠিক, কিন্তু তথাপি বাজারের অভাব হচ্ছে। কেন হচ্ছে? সেদিকে আমি একটু আলোকপাত করতে চাই। কুটির শিল্প প্রধানত নির্ভর করে কাঁচা মালের উপর এবং কাঁচা মালের দ্বারাই শিল্প প্রসারিত হয়। কিন্তু ভারতবর্ষ এমনই একটা দেশ যেখানে কুটির শিল্প এবং বৃহত শিল্প পাশাপাশি গড়ে উঠছে কোনও ব্যবধান না রেখেই। অন্যান্য দেশে কিছু কিছু জিনিস কুটির শিল্পের মাধ্যমে তৈরি হয় এবং কিছু কিছু জিনিস বৃহৎ শিল্পের

মাধ্যমে তৈরি হয়। কিন্তু ভারতবর্ষে এমনই এক মিশ্র অর্থনীতি প্রচলিত রয়েছে যে, এখানে কোনও ব্যবধান রাখা হয়নি। তবে সম্প্রতি ইন্ডিয়া গভর্নমেন্ট একটা আইন প্রণয়ন করেছেন এবং সেই আইন অনুযায়ী বৃহত শিল্পগুলিকে কতগুলি জিনিসের ক্ষেত্রে লাইসেন্সের লিমিট বেঁধে দিয়েছেন। এর ফলে হয়েছে কি, এমন অনেক বৃহৎ শিল্প আছে যারা পূর্বে কতগুলি জিনিস খুব একটা করতেন না, কিন্তু এখন সেগুলি তারা লিমিট পর্যন্ত উৎপাদন করতে শুরু করে দিয়েছেন। কুটির বা ক্ষুদ্র শিল্পকে ধ্বংস করার জন্যই তারা এই কাজ শুরু করেছেন। এর ফলে আজকে অসম-প্রতিযোগিতায় কুটির বা ক্ষুদ্র শিল্প তাদের সঙ্গে দাঁড়াতে পারছে না। এ বিষয়ে আমি একটি সুনির্দিষ্ট অভিযোগ পেশ করছি। সাইকেলের টায়ার কুটির শিল্পে প্রস্তুত হতে পারে। পশ্চিমবঙ্গে এবং ইস্টার্ন রিজিয়নে ২৫টি সাইকেলের টায়ার প্রস্তুতকারক কুটির বা ক্ষুদ্র শিল্প ছিল, কিন্তু আজকে তাদের মধ্যে ২২টি বন্ধ হয়ে গেছে। আমি পরিসংখ্যান থেকে দেখছি '৭০ সালে ইস্টার্ন রিজিয়নে ক্ষুদ্র শিল্পের মাধ্যমে ৯৫ লক্ষ সাইকেল টায়ার তৈরি হয়েছিল, কিন্তু দুঃখের বিষয় '৮০ সালে মাত্র ৯ লক্ষ সাইকেল তৈরি হয়েছে। এর কারণ হচ্ছে ঐ সমস্ত ক্ষুদ্র শিল্পগুলিকে অসম-প্রতিযোগিতা থেকে সরে যেতে হচ্ছে। কারণটি কি? কারণটি হচ্ছে ডানলপ ফ্যাক্টরী এখানে আছে। তারা আগে যা উৎপাদন

[4-30 – 4-40 p.m.]

করতেন এখন তারা সর্বোচ্চ সীমায় উৎপাদন শুরু করে দিয়েছেন এবং এই অসম প্রতিযোগিতায় সাইকেল টায়ার শিল্পকে উঠিয়ে দিচ্ছে। অন্যান্য ক্ষেত্রেও ঐ একই নীতি প্রয়োগ করা হচ্ছে। কুটির শিল্প সহায়ক শিল্প হিসাবে গড়ে উঠতে পারে কিন্তু অসম প্রতিযোগিতার জন্য কিছু করে উঠতে পারছে না। সরকারের হাতে আইন আছে কিন্তু সেই আইনের প্রয়োগ ঠিকমতো হচ্ছে না। কিছু কিছু শিল্পকে রেজিস্ট্রিভুক্ত করা হয়েছে কিন্তু আমরা দেখতে পাচ্ছি দুর্গাপুর অ্যালয় স্টিল যে সমস্ত জিনিসপত্র লাগে তা ডাইরেক্ট কুটির শিল্পের কাছ থেকে কেনা হয়না, মহাজনদের কাছ থেকে কেনা হয় ফলে মহাজনরা লাভবান হচ্ছে কিন্তু কুটির শিল্পরা লাভবান হচ্ছে না। এই জিনিস সর্বত্র দেখতে পাওয়া যায়। বাটা কোম্পানি যে জুতো সাপ্লাই দেয় তা সব জুতো বাটা কোম্পানিতে তৈরি হয়না বাইরে থেকে কেনে। কিন্তু এখানেও তারা মহাজনদের কাছ থেকে কেনে, কুটির শিল্পর কাছ থেকে নেয়না। ঊষা কোম্পানিতে যে পার্টস লাগে সেখানেও মহাজনদের কাছ থেকে কেনা হয়। এর ফলে মহাজনরা লাভ পায় উৎপাদকরা লাভ পায় না। সরকার যদি নিয়মভিত্তিক রেজিস্ট্রিভুক্ত করে কুটির শিল্পকে আইনে প্রয়োগ করতে পারেন তাহলে কুটির শিল্প বাঁচতে পারে। কুটির শিল্পের অগ্রগতি নিশ্চয়ই হয়েছে এ বিষয়ে কোনও সন্দেহ নেই কিন্তু এমন কিছু উল্লেখযোগ্য কিছু হয়নি যেটা আমরা গর্ব করতে পারি। এর একটি মাত্র কারণ হল কাঁচামাল। এই বাজেটের মধ্যেই মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন। ১৯৮০-৮১ সালে ইস্পাতের বরাদ্দ ছিল ৩৬,০০০ মেট্রিক টন। এই বরাদ্দ রাজ্যের চাহিদার ধারে কাছেও যায় না। কিন্তু যেটুকু বরাদ্দ করা হয়েছে, বাস্তবে সরবরাহ করা হয়েছে অনেক কম। ১৯৮০-৮১ সালের প্রথম তিন মাসে আমরা পেয়েছি বরাদ্দের মাত্র

১১ শতাংশ, যেখানে পাওয়া উচিত ছিল ২৫ শতাংশ। প্রথম ৬ মাসে আমরা ৫০ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ১৯ শতাংশ। আর প্রথম ৯ মাসে বরাদ্দের ৭৫ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ৪১ শতাংশ। এর ফলে আমরা উৎপাদকদের তাদের প্রয়োজনের ২.৫ পারসেন্ট থেকে ১০ পারসেন্ট এর বেশি লৌহ-ইস্পাত দিতে অক্ষম। ১৯৮০-৮১ সালের জন্য বরাদ্দ চর্বির ১ গ্রামও আমাদের হাতে আসেনি। প্রয়োজনের মাত্র ১৫ শতাংশ লৌহপিন্ড আমাদের হাতে এসেছে। কাঁচামালের জোগান এবং বন্টন সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে বারবার জানানো হয়েছে, কিন্তু এ ব্যাপারে কোনও অগ্রগতি ঘটানো সম্ভব হয়নি। এই ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যাপারে পশ্চিমবাংলায় উন্নতি করতে হলে কেন্দ্রীয় সরকার যদি নজর না দেন তাহলে এই শিল্প এগিয়ে যেতে পারে না। আপনারা যতই সাবসিডি দিন আর উৎপাদকদের যতই সাহায্য করুন। এখন প্রশ্ন হচ্ছে, কি করা যাবে? আমরা কি চুপ করে বসে থাকবো? আমাদের নিশ্চয়ই এই ব্যাপারে চিন্তা-ভাবনা করতে হবে। কিন্তু সেই চিন্তা-ভাবনা করে কেন্দ্রীয় সরকারকে চাপ দিতে হবে। কেন্দ্রীয় সরকার আই. ডি. আই. আর একটি আইন করেছেন। সেই আইনটিকে যদি অ্যামেন্ডমেন্ট করা হয় তাহলে কুটির শিল্পকে খানিকটা সহায়ক শিল্প হিসাবে গড়ে তুলতে পারি। এখানে আরও একটি কথা বলি, এখানে দর্জি শিল্প আছে। হাওড়া হাটে আসাম থেকে আরম্ভ করে সমস্ত ইস্টার্ন জোনে মাল সরবরাহ করা হয়। কিন্তু তখন দর্জি শিল্প মেকানাইজড হয়ে গেছে কিন্তু পশ্চিমবঙ্গে মেকানাইস্‌ড হয়নি। তামিলনাড়ু থেকে আরম্ভ করে অন্যান্য রাজ্য মেকানাইস্‌ড করে দিয়েছে ফলে পশ্চিমবাংলা দর্জি শিল্পে মার খাচ্ছে। পশ্চিমবঙ্গ থেকে মাল বাইরে যাচ্ছে না। শস্তায় মেকানাইস্‌ড ওয়েতে মাল বেরিয়ে যাচ্ছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা দরকার যাতে এই ব্যাপারে চিন্তা-ভাবনা করেন। আমাদের এখানে লেদার কর্পোরেশন ইউনিট আছে। চামড়ার যোগান খুব একটা কম নয়। কিন্তু কি আমরা দেখছি, চামড়ার যোগান আছে অথচ ফিনিশিং গুড্‌স তৈরি করতে পারি না।

তাদের সে ধরনের লাইসেন্স নেই। এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা দরকার। এ ব্যাপারে তাদের সহযোগিতা করার দরকার আছে বলে আমি মনে করি। এখানে—আমাদের দেশে অন্যান্য শিল্প হওয়ার অবকাশ আছে। যেমন বীরভূম এলাকা, সেখানে চায়না ক্লে প্রচুর পাওয়া যায়। এই চায়না ক্লে, দিয়ে ইনসুলেটার সিরামিক ইন্ডাস্ট্রির কাজে লাগতে পারে, কিন্তু এটা এখন পর্যন্ত ঠিকমতো চিন্তা-ভাবনার মধ্যে আসে না। সেইজন্য এই ব্যাপারে ক্ষুদ্র শিল্প মন্ত্রীর দৃষ্টি আমি আকর্ষণ করছি। আমরা দেখেছি ৬০০ টাকা টন, ক্লীন চায়না ক্লে ১২০০ টাকায় বিক্রি হয়, এতে সিরামিক ইন্ডাস্ট্রি, ইনসুলেটারের কারখানা তৈরি করতে পারা যায় এবং তাতে এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি বাড়ে এবং এর সাথে সাথে ওখানকার মাল ওখানেই থাকতে পারে। কারখানা হলে ওখানকার ছেলেরা কাজ পায়। ফায়ার বিক্স কারখানা ওখানে খুব কম, আমি এ বিষয়েও ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ঐ জিনিস ওখানে করা যায় কিনা সেটা একটু ভেবে

দেখতে বলছি। আর একটা জিনিসের কথাও ভেবে দেখতে বলছি,—ওখানে যা ব্ল্যাক ষ্টোন আছে ভারতবর্ষের অন্য কোনও জায়গার চেয়ে কম নয়, এখানে ওগুলো অব্যবহার্য হয়ে পড়ে আছে, সে বিষয়েও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই বাজেট সমর্থন করতে উঠে আর একটা কথা বলছি, কুটির শিল্পে দেশের যে অগ্রগতি হয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই, আমাদের কাছে যে স্ট্যাটিসটিক্স দেওয়া হয়েছে আমরা তার মাধ্যমে দেখছি গত কয়েক বছরের স্ট্যাটিসটিক্স মন্ত্রী মহাশয় দিয়েছেন, তারই আট পাতায় বলছেন, তাতে প্রাথমিক সমবায়ের পুঁজি বিনিয়োগ হয়েছে ১৯৭৬-৭৭, ৩ লক্ষ, ৭৭-৭৮, ২৯.৫০, ৭৮-৭৯, ৩০.০০, ৭৯-৮০, ৪৪.০০, ৮০-৮১, ২৫.০০। তাঁত শিল্পে উৎপাদন ১৯৭৬-৭৭, ২০.৭, ৭৭-৭৮, ২১.০, ৭৮-৭৯, ২৫.০, ৭৯-৮০২৭.০, ৮০-৮১, ২৮.৫ এই রকম ছোট খাট সমবায় সমিতির উৎপাদন বাড়ছে। জনতা কাপড়ের উৎপাদন বেড়েছে। তাছাড়া আমরা দেখছি আমাদের অঞ্চলের ছোটখাট আরও শিল্প যেমন বাঁশ শিল্প, এবং অন্যান্য আরও শিল্পের সম্প্রসারণ হয়েছে এ বিষয়ে কোনও সন্দেহ নাই। তার পর সেরিকালচার, সেরিকালচারের ব্যাপারে পশ্চিমবঙ্গে মালদা, বীরভূম, মুর্শিদাবাদ এই সব জায়গায় বেশ অগ্রগতি ঘটেছে। আর একটি জিনিস দেখার আছে। বীরভূমে যে জিনিস পাওয়া যায় না, মালদা থেকে সুতো আনতে হয় বীরভূমে রিলিং সেন্টার করা যেতে পারে। আর একটি সাজেশন রাখছি, তসরের কথা, যেটা বন বিভাগেরও একটু ব্যাপার আছে বনবিভাগের সঙ্গে সহযোগিতা করে অর্জুন, সিদ্ধাই প্রভৃতি গাছগুলি লাগানো যেতে পারে, তাহলে ঐ অঞ্চলে তসরের চাষ বাড়ে। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 – 4-50 p.m.]

**শ্রী মনোরঞ্জন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্রশিল্প মন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তা পড়ে দেখলাম তাতে আগের তুলনায় অনেক বেশি অগ্রগতি রয়েছে। স্বাধীনতার আগে এই শিল্পের একটা ভূমিকা ছিল কিন্তু গত ৩০ বছরে ধীরে ধীরে মহাজন এবং পুঁজিপতিদের শিকারে এই শিল্প ধ্বংসের দিকে যেতে থাকে। কিন্তু এখন যা প্রচেষ্টা নেওযা হচ্ছে যাতে কাঁচামালের যোগান দিয়ে, বিপনন সমিতির মাধ্যমে তাদের অবিকৃত জিনিসগুলি বিক্রি ব্যবস্থা করিয়ে দেওয়া এবং সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র শিল্পকে বাঁচানোর প্রচেষ্টা সমর্থন যোগ্য। ক্ষুদ্র শিল্পে অগ্রগতির সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের সুযোগও বেড়ে যায়। এই দিক থেকে মন্ত্রী মহাশয়ের বক্তৃতা ৫ পৃষ্ঠায় ২ অনুচ্ছেদে ৩ নম্বর জায়গার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে তিনি বেকারভাতা প্রাপ্তদের কর্মসংস্থানের কথা বলেছেন। আমরা দেখেছি এস. এস. আই বলে ব্যারাকপুরে একটা অফিস আছে, গনেশ অ্যাভিন্যুতে একটা অফিস আছে যেখানে থেকে ক্ষুদ্র শিল্পের যন্ত্র পাতি বাবার ব্যবস্থা আছে। ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রি বলে প্রত্যেকটি জেলায় একটা করে কেন্দ্র আছে এবং প্রতিটি ব্লকে শিল্প আধিকারিকের ব্যবস্থা আছে! কিন্তু বেকার ছেলেরা সেখানে গিয়ে স্কীমের আলোচনা করে আশাহত হয়ে ফিরে আসেন। দশ লক্ষ টাকার জায়গায় এটা বাড়িয়ে ২০ লক্ষ করা হয়েছে। সরকার থেকে অনুদান দিলেও তারা

মূলধন জোগাড় করে দেবার ক্ষমতা নেই বলে এই কাজে তারা অগ্রসর হতে পারছে না। সুতরাং সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীম অনুযায়ী তাঁরা তাদের আশাকে বাস্তবে রূপায়িত করতে পারছে না। এই অফিসগুলোর সঙ্গে যুব কল্যান বিভাগ প্রত্যেকটি ব্লকে রয়েছে। কিন্তু স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে সহায়তা করবার জন্য বেকার যুবকদের মধ্যে কোনও আশা তাঁরা ফুটিয়ে তুলতে পারছেন না। গত ৩০ বছরের মধ্যে বিশেষ করে ১৯৭২-৭৭ সালের মধ্যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিকে কর্মবিনিয়োগ সংস্থা না করে এর নাম লেখানো কেন্দ্র রূপে পরিচালিত করার ফলে লোকেরা নাম পুনর্নবি করেনি। এবং এর ফলে বয়স বেড়ে যাবার জন্য বহু লোক নাম পুনর্নবি করার জন্য কল পাচ্ছে না। তাদের স্বনির্ভর এবং স্বনিযুক্ত কর্মপ্রকল্প গড়ে দেবার যে প্রচেষ্টা সেটা এর সঙ্গে যুক্ত করলে বেকার যুবকদের কিছুটা তাদের মধ্যে আশা-উদ্দীপনার সৃষ্টি করা যেত। এই সঙ্গে আরেকটি কথা বলব ক্ষুদ্র শিল্পের নাম করে পশ্চিমবাংলায় প্রতারণা, প্রবঞ্চনা, এবং একটা নতুনভাবে লুটেরার রাজত্ব শুরু হয়েছে। এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই সমস্ত ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানগুলিকে সরকার থেকে অনুমোদনও দেওয়া হচ্ছে। তারা বিজ্ঞাপনের মাধ্যমে বেকারদের প্রলুব্ধ করছে যে তাদের এরিয়া ম্যানেজার, সাব এরিয়া ম্যানেজার হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে এবং এর নাম করে তাদের কাছ থেকে হাজার টাকা নেওয়া হয়। কিন্তু তাদের কাজ না দেওয়ায় টাকা চাইতে গেলে গুন্ডা দিয়ে তাদের ভয় দেখানো হয়। আমার কাছে কতকগুলি অ্যাপয়েন্টমেন্ট লেটার এবং সাইক্লোসটাইল কপি আছে যেগুলি আমি দেখাতে পারি। বড়বাসন্তী কেমিক্যাল ওয়ার্কাস-এর রঞ্জিত চক্রবর্তী নামে একজন লোক এইরকম কাজ করছে। সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে তার হাত রয়েছে যার ফলে তিনি বেকার যুবকদের এইভাবে প্রলুব্ধ করছেন। বেলগাছিয়া মাদার কেমিক্যাল বলে একটা সংস্থা আছে যারা এইরকম ধরনের কাজ করছেন। বেকার যুবকরা তাদের স্টারভেশনের সুযোগে তাদের বাবার তার সে সম্বল বিক্রি করে দিয়ে টাকা দিচ্ছে কিন্তু তা সব বিফলেই যাচ্ছে। মুরারি পুকুর রোডে ৫টার পর রোডে গেলে এইরকম জিনিস দেখতে পাবেন। এইরকম গজিয়ে ওঠা সংস্থার দিকে সরকার-এর দৃষ্টি আকর্ষণ করে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সর্বান্তকরণে সমর্থন করছি। একথা ঠিক যে এই সরকার হবার পর সাড়ে তিন বছরের মধ্যে পশ্চিমবাংলার একটা বিরাট কিছু হয়ে যাবে এটা আশা করা ভুল। পূর্বে ভারতবর্ষে ক্ষুদ্র শিল্প উন্নত ছিল। ইংরাজ আমলে এই শিল্পকে বিভিন্নভাবে ধ্বংস করার চেষ্টা করা হয়েছে। কংগ্রেস আমলেও এই শিল্পের উপরে কোনও গুরুত্ব আরোপ করা হয়নি। কিন্তু সংগঠিত শিল্পে যে শ্রমিক কাজ করে ক্ষুদ্র শিল্পে তার চেয়ে অনেক বেশি কাজ করে। সুতরাং এই শিল্পকে রক্ষা করতে হবে এবং তার সম্প্রসারণ করতে হবে। বর্তমানে পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে যাচ্ছে। অর্থাৎ মহারাষ্ট্র তামিলনাড়ু, কর্ণাটকে যে পরিমাণ উন্নতি হয়েছে পশ্চিমবাংলায় সে পরিমাণে হয়নি। কিন্তু মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ

করেছেন তাতে কংগ্রেস সরকারের বাজেট এবং এই সরকারের বাজেটের মধ্যে একটা দৃষ্টিভঙ্গির তফাৎ লক্ষ্য করা গেছে।

[4-50 – 5-00 p.m.]

আমি মনে করি কংগ্রেসের বিগত ৩০ বছরের রাজত্বে যা সম্ভব হয়নি, আমাদের এই ২।১ বছরের মধ্যে সেটা সম্ভব হয়ে যাবে এমন কথা বলতে পারি না। কিন্তু দৃষ্টিভঙ্গির যদি তফাৎ না থাকে তাহলে আমরা বেশি পরিমাণে টাকা ব্যয় করেও ক্ষুদ্রও কুটির শিল্পকে আমরা উন্নত স্তরে নিয়ে যেতে পারব না। আমি এই কুটির শিল্পের মধ্যে তাঁত শিল্পীদের ক্ষেত্রে দেখেছি যে পশ্চিমবাংলার একটা বিরাট সংখ্যক মানুষ এর মধ্যে নিযুক্ত আছেন। আমরা লক্ষ্য করেছি যে এই তাঁত শিল্প একটা শেষ সীমায় পৌঁছে গেছে, এর মধ্যে বিশেষ কিছু লাভের অঙ্ক দেখতে না পেয়ে বেশ কিছু সংখ্যক শিল্পীর মধ্যে একটা চিন্তা ঢুকেছিল যে তাঁরা এই ব্যবসা অন্য কোনও লাভজনক ব্যবসা শুরু করছেন। এ ব্যাপারে আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি—সেই ধনিয়াখালিতে দেখছি যে সেখানেকার তাঁতশিল্পীরা চিন্তা করতে শুরু করেছিলেন যে তাঁরা অন্য কোনও ব্যবসায় নিযুক্ত হবেন। এমত সময়ে আমাদের এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিলেন। বামফ্রন্ট সরকার এই শিল্পকে বাঁচাবার ব্যাপারে বিশেষ উদ্যোগী হলেন। তখন এই সমস্ত শিল্পীরা সরকারের কার্যকলাপ দেখে তাঁরা তাঁদের চিন্তা দূর করতে শুরু করেছিলেন এবং তাঁরা তাঁদের পূর্বেকার মতো পরিবর্তন করতে শুরু করেছিলেন। আজকে এই শিল্পের বরাদ্দের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় এই শিল্পকে সাহায্যের উদ্দেশ্য নূতন নূতনভাবে বরাদ্দ রেখেছেন। এই শিল্পে যে সমস্ত টাঙ্গাইল কাপড় ও যে সমস্ত ডিজাইন পূর্বে তৈরি করা হত, সেগুলিকে যাতে পুনরায় জনপ্রিয়তা লাভ করতে পারে তার জন্য চেষ্টা করা হচ্ছে। আমি জানি এই সমস্ত শিল্পের উৎপাদিত সামগ্রী বাজারে যথাযথ দামে বিক্রি করতে পারে না। এই সরকার ক্ষমতায় আসার পর আমরা লক্ষ্য করেছি যে সমবায়ের ভিত্তিতে যাঁরা এই শিল্পে নিযুক্ত আছেন বা কাপড় বুনছেন তাঁদের সাহায্য করবার জন্য সরকারের পক্ষ থেকে ঐ সমস্ত কাপড় কেনার ব্যবস্থা করা হয়। তবুও আমি বলব যে, এই সমস্ত শিল্পীদের দুর্দশাকে সম্পূর্ণ রূপে দূর করা সম্ভব হয়নি। কারণ আমরা দেখেছি, তাঁতীদের প্রয়োজনীয় যে সুতা তা বড় বড় মালিকদের হাতে রয়েছে। তাঁতীদের এরা দুরকম ভাবে ঠকান—(১) বেশি দামে তাঁতীদের কাছে সুতা বিক্রয় করেন, এবং (২) তাঁতীরা যে সমস্ত কাপড় বোনেন সেগুলোকে ঐ সমস্ত মালিকরাই আবার কম দামে কিনে থাকেন। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই তিনি যেন এ বিষয়ে একটু নজর দেন, তাহলে ঐ সমস্ত তাঁতীরা বিশেষ উপকৃত হতে পারবেন। আজকে আমাদের পশ্চিমবাংলাতে তাঁতশিল্পীদের মধ্যে একটা বিশেষ উৎসাহের সঞ্চার হতে দেখা যাচ্ছে। আমরা লক্ষ্য করেছি যে পঞ্চায়েতি রাজ কায়েম হওয়ার পর এখানকার তাঁত শিল্পীরা ক্রমান্বয়ে শেষ হতে চলেছিল, এই সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হওয়ার পর এই সমস্ত কুটির শিল্পীদের আবার আশ্বস্ত হবার সুযোগ পেয়েছেন। সরকার তাঁদের নূতনভাবে চাঙ্গা করবার জন্য উদ্যোগী হয়েছেন এবং সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে এই সমস্ত কর্মে নিযুক্ত শ্রমিকরাও নূতনভাবে বাঁচবার জন্য সচেষ্ট হয়ে উঠেছেন,

তাঁরা আবার পূর্ণোদ্যোমে তাঁদের শিল্প গঠনের দিকে মন দিয়েছেন। এর পূর্বে এই শিল্প একটা ট্রেডিশনাল অ্যান্ড কনভেনশনাল পথে চলবার চেষ্টা করত। আজকে সেই ট্রেডিশনাল পথকে ছেড়ে দিযে মডার্ন ওয়েতে আত্মপ্রকাশ করবার প্রয়াস চালাচ্ছে। এই শিল্পের প্রায় ১৫।২০ হাজার লোক কর্মে নিযুক্ত আছেন। মন্ত্রী মহাশয় তাঁর বরাদ্দের মধ্যে এই সমস্ত শিল্পের কল্যাণ সাধনেও কিছু করবার চেষ্টা নিলে ভাল হত। আমরা লক্ষ্য করেছি যে, এই সমস্ত ফাইবার, রি-ইনফোর্সড্ প্লাস্টিক শিল্প আজ খুবই বিপন্ন হয়ে পড়েছে। আমি যে কথা মন্ত্রী মহাশয়কে বলতে চাই তা হল এই সমস্ত শিল্পের প্রতি যাতে একটু দৃষ্টি দেন, সেজন্য তাঁকে অনুরোধ জানাই।

এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও বলতে চাই যে বৃহৎশিল্পের জন্য যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র পার্টসের দরকার হয় তারজন্য সে সমস্ত ক্ষুদ্রশিল্প গড়ে ওঠে সেখানে সে ব্যাপারে যে লাইসেন্স দেবার পদ্ধতি আছে সেটা যদি পরিবর্তন করা না হয় তাহলে এই ক্ষুদ্র শিল্পকে রক্ষা করা সম্ভব হবে না। আমরা স্যার, অন্যান্য জায়গায় দেখেছি একটা বৃহৎ শিল্প গড়ে উঠলে তার পাশে অনেক ছোট ছোট শিল্প গড়ে ওঠে। পশ্চিমবাংলাতেও আগে সেই জাতীয় ব্যাপার কিছু কিছু ছিল কিন্তু এখন সেই সমস্ত জিনিস নষ্ট হতে চলেছে। দুর্গাপুরে যখন শিল্পনগরী গড়ে ওঠে তখন তার আশেপাশে আমরা দেখেছি অনেক সরকারি এবং বেসরকারি ক্ষুদ্র ও কুটিরশিল্প গড়ে উঠেছিল। কিন্তু কিছুদিন পরে আমরা দেখলাম সেই সমস্ত শিল্প সংস্থা আস্তে আস্তে উঠে যেতে আরম্ভ করল। এই উঠে যেতে আরম্ভ করল। এই উঠে যাওয়ার কারণ হচ্ছে সরকারি পরিচালনাধীন যে সমস্ত বৃহৎ শিল্প আছে সেই সমস্ত শিল্প এই ক্ষুদ্র ও কুটিরশিল্পে যে সমস্ত জিনিস তৈরি হয় সেই সমস্ত জিনিস নেয়না, তারা বাইরে থেকে সেই সমস্ত জিনিস কেনে। কয়েক বছর আগে আমরা দেখেছি ডি. সি. এল, ডি. পি. এল কয়েক কোটি টাকার অর্ডার পশ্চিমবঙ্গের বাইরের সংস্থাকে দিয়েছে এবং বাইরে থেকে সেখানে মাল সাপ্লাই করা হয়েছে। আমরা জানি সেখানে কিছু কিছু পদস্থ অফিসার আছেন যারা চান না ঐ সমস্ত ক্ষুদ্র বা কুটির শিল্প থেকে কোন মাল কেনা হোক। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, এ ব্যাপারে নতুন কিছু একটা ব্যবস্থা করার চেষ্টা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বাঁকুড়া জেলাতে কুটিরশিল্প সেখানকার প্রাণ। বাঁকুড়া জেলার ২৫ লক্ষ অধিবাসীর মধ্যে ১২ থেকে ১৫ লক্ষ লোক কুটিরশিল্পের অধীনে আছে। বাঁকুড়ার মৃতশিল্পের কথা আমরা জানি, সেখানকার ঘোড়া শুধু বেলজিয়ামে নয় পৃথিবীর অন্যান্য দেশেও চালানো যায় এবং তা থেকে কিছু বৈদেশিক মুদ্রা আমাদের দেশে আসে। কিন্তু স্যার, এ ব্যাপারে মার্কেটিং-এর ভালো ব্যবস্থা নেই। এখানে ঐ গরিব মৃৎশিল্পীদের কি ভাবে ঠকানো হয় সেটা আপনি একটু খোঁজ নিলেই জানতে পারবেন। যে জিনিসটা ১০/১২ টাকাতে বিক্রি হয় সেই জিনিসটার জন্য মৃৎশিল্পীরা ৩/৪ টাকার বেশি দাম পায়না। স্যার, যে শিল্প থেকে বিদেশি মুদ্রা অর্জন হচ্ছে এবং যে শিল্পের উপর একটা জেলার একটা বিরাট অংশের মানুষ বেঁচে রয়েছে সেই শিল্প যাতে ধ্বংস হয়ে

না যায় সে দিকে আমাদের নিশ্চয় লক্ষ্য রাখতে হবে। আমি আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়কে এ দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর আমি অন্য একটি প্রসঙ্গে আসছি। ১৯৭৭ সাল পর্যন্ত আমরা দেখছি স্মল স্কেল ইন্ডাস্ট্রিসের রেজিস্ট্রেশনের সংখ্যা ছিল ১ লক্ষ ৩হাজার ৯২০ আর তারপর গত তিন বছরে সেটা বেড়ে সেই সংখ্যাটা হয়েছে ৩৮৭৮৮। শুধু ১৯৮০ সালেই রেজিস্ট্রি হয়েছে ১২৮৪৯ টি। এতে ১২ থেকে ১৫ হাজার লোক এই তিন বছরে নিয়োজিত হয়েছে। আমি এরজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এরপর স্যার, আমি আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব। স্যার, আপনারা সকলেই জানেন, এই বছরটা হচ্ছে আন্তর্জাতিক প্রতিবন্ধী বছর। এই সময় এই প্রতিবন্ধীদের বিশেষ কিছু সুযোগসুবিধা যাতে দেওয়া যায় সে ব্যাপারে চিন্তা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 – 5-10 p.m.]

**শ্রী তারকবন্ধু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আমি বলতে চাই ক্ষুদ্র শিল্পের উন্নতি করতে হলে ক্ষুদ্র শিল্পাঞ্চল এস্টেট তৈরি করা দরকার। এই ক্ষুদ্র শিল্পাঞ্চল এস্টেট তৈরি করতে গেলে প্রথমে যেদিকে নজর দেওয়া উচিত অবশ্য কর্তব্য সেটা হচ্ছে ল্যান্ড, সেচ অ্যারেঞ্জমেন্ট, ওয়াটার এবং ইলেক্ট্রিসিটি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব সেদিকে তিনি যেন নজর দেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি যে বর্তমানে যে সমাজ ব্যবস্থা, অর্থনৈতিক ব্যবস্থা, এই যে পুঁজিবাদী ব্যবস্থা এতে বৃহৎ শিল্পের কাছে এই ক্ষুদ্র বা কুটির শিল্প দাঁড়াতে পারছে না সেই বিষয়টা তিনি তাঁর বাজেট ভাষণে রেখেছেন এবং সেই দিকে তাকিয়ে তিনি আগামী দিনের কুটির শিল্প এবং ক্ষুদ্রায়তন শিল্পের ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন। এজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই এবং সাথে সাথে তাঁর কাছে কয়েকটি কথা বলতে চাই যে আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্যের চেয়ে অন্যান্য পিছিয়ে পড়া রাজ্য যেমন গুজরাট, রাজস্থান, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র এরা শিল্পে অনেক এগিয়ে গেছে। এই দিকটা আমাদের দেখা দরকার। স্যার, আমি উত্তরবঙ্গে থাকি, স্বভাবতই উত্তরবঙ্গের কথা আমি বিভিন্ন বক্তব্যের ভেতর দিয়ে বলার চেষ্টা করেছি। উত্তরবঙ্গে এই কুটির শিল্পের প্রচুর সম্ভাবনা আছে। বামফ্রন্ট সরকার এসে সেই সম্ভাবনাকে বাস্তবায়িত করার জন্য প্রচেষ্টা চালাচ্ছেন। আমি অনুরোধ করব এই প্রচেষ্টাকে আরও বেশি প্রসারিত করতে হবে। প্রসঙ্গত বলতে পারি ওখানে তিস্তা, করলা, রায়ডাক নদীর ধারে প্রচুর হোগলা থাকে, এই হোগলা শিল্প সেখানে হতে পারে। আমরা জলপাইগুড়ি জেলায় এই প্রচেষ্টা চালাচ্ছি, কতটা সাকসেসফুল হব বলতে পারছি না। এই দিকটা দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দক্ষিণ ভারত কেরালায় গিয়ে দেখেছি কলা গাছ থেকে সুন্দর ফাইবার তৈরি করছে এবং তার দ্বারা সুন্দর ব্যাগ তৈরি হচ্ছে। হাউসে এই

বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করেছিলাম মন্ত্রী মহাশয়ের যে উত্তরবঙ্গে কলা পেকে গেলে কলা গাছ কেটে ফেলতে হয় এবং যদি ভালভাবে কলা ফসল করতে হয় তা হলে অপ্রয়োজনীয় গাছ সব সময় কেটে ফেলতে হয়, এগুলি কোনও কাজে লাগে না, নষ্ট হয়ে যায়, সেখান থেকে যদি ফাইবার নিয়ে কুটির শিল্প করতে পারি তাহলে দেশের মানুষ কর্ম সংস্থান পাবে, বিরাট বেকার সমস্যার সমাধান হবে। আরও মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেব যে উনি গ্রামে কাঁচা মালের যোগানদার যেসব মেহনতি মানুষ তাদের বিষয়টাও লক্ষ্য রেখেছেন।

প্রতিটি পঞ্চায়েত সমিতিতে বিপনন কেন্দ্র তৈরী করা হয়েছে এবং তাদের মাধ্যমে গ্রামের যোগানদার, ছোট ছোট কৃষক এবং অল্প জমির মালিকরা কাঁচামালের যোগানের ব্যবস্থা করতে পারবে। বামফ্রন্ট সরকার ক্ষুদ্র এবং কুটির শিল্পের দিকে নজর দিয়েছেন এবং ওই গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ, মেহনতি মানুষের দিকেও নজর দিয়েছেন। তবে একটা কথা মন্ত্রী মহাশয়কে বলি, ওই পুঁজিপতিরা তাদের পুঁজি খাটাবার ব্যবস্থা করছে এবং তার ফলে এই সমস্ত শিল্পে যারা যোগান দেয় তারা তাদের লভ্যাংশ ঠিকমতো পাচ্ছেনা। আমি আশা করি মন্ত্রী মহাশয় এদিকে লক্ষ্য রাখবেন। তারপর, এই ক্ষুদ্র শিল্পের যুগে আমাদের হ্যান্ডলুম ইন্ডাস্ট্রির খুব দুরবস্থা চলছে। তাদের কিছু কিছু উন্নতি হয়েছে একথা ঠিক, তবে আরও উন্নতি হওয়া দরকার। সুতোর যোগানের ক্ষেত্রে দেখছি বড়বাজারের দৌরাত্ম রয়েছে। মন্ত্রী মহাশয় এদিকে যেন লক্ষ্য রাখেন। ক্ষুদ্র শিল্পের মালিকরা আজকে লোহা, সিমেন্ট ইত্যাদি কাঁচামালের যোগান ঠিকভাবে পাচ্ছেনা। আমরা লক্ষ্য করেছি, কোনও অদৃশ্য হস্তের প্রভাবে, লাল ফিতার বাঁধনে এগুলি চাপা পড়ে থাকে এবং তার ফলে ঠিকভাবে এই সমস্ত জিনিসের যোগান হয়না। আমি আশাকরি মন্ত্রী মহাশয় এই সমস্ত দিকে নজর দেবেন। একথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মনীন্দ্রনাথ বর্মা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে সামান্য দু-একটা কথা বলতে চাই। আমাদের কুটির শিল্প সত্যিই খুব গুরুত্বপূর্ণ জিনিস, কিন্তু দেখা যাচ্ছে বৃহৎ শিল্পের চাপে পড়ে এই শিল্প দিনের পর দিন মার খাচ্ছে। আজকে দিনে একই বাজারে ক্ষুদ্র শিল্প এবং বৃহৎ শিল্প একসঙ্গে চলতে পারছে না। এবং দেখা যাচ্ছে যন্ত্রের কাছে এই শিল্প স্বভাবতই মার খায়। কুটির শিল্প গ্রামে গঞ্জে হতে পারে এবং হবার সম্ভাবনাও রয়েছে, কিন্তু ওই সমস্ত অসুবিধার দরুন তারা মার খাচ্ছে। আমরা দেখেছি বিগত সরকারের আমলে কিছু কিছু সুবিধাবাদী লোক এই কুটির শিল্পের নামে বহু টাকা পয়সা নিয়েছে এবং পরে সেই টাকা লুটে পুটে নিয়েছে এবং কুটির শিল্প নষ্ট হয়ে গেছে। প্রথম কথা হচ্ছে কুটির শিল্পের বাজার যদি না থাকে তাহলে কুটির শিল্প মার খেতে বাধ্য। কুটির শিল্পের মাধ্যমে সাবান তৈরি হতে পারে, সুতলীর কারখানা হতে পারে। কিন্তু তার বাজার যদি না থাকে তাহলে কুটির শিল্প মার খেতে বাধ্য। আমাদের দেশে গ্রামে, গঞ্জে দেখা যায় কৃষি এলাকায় শ্রমিকরা যতই কুটির শিল্প করুক না কেন সেই শিল্পের বাজার হয়না এবং

তার ফলে স্বভাবতই শিল্প মার খায়। আমি কুচবিহারে দেখেছি কিছু কিছু কুটির শিল্প গড়ে তোলার চেষ্টা হয়েছিল, কিন্তু বাজারের অভাবে সেগুলি মার খেয়েছে।

[5-10 – 5-20 p.m.]

আমাদের দেশে বহু শ্রমপরামুখী লোক আছে আমরা সেই শ্রম শক্তিকে কাজে লাগাতে পারছি না। আমরা যদি সেই শ্রম কাজে লাগাই তাহলে সেই শ্রম দ্বারা বহু জিনিস তৈরি করতে পারি। কিন্তু যদিও তৈরি হয় সেখানে বাজার পাই না। এই যে চার বছর হতে চলল এর মধ্যে মন্ত্রী মহাশয় বাজেট পেশ করেছেন এবং তাঁর বক্তব্যে আমরা দেখেছি যে তিনি বলেছেন আমরা কুটির শিল্প বা ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যে মার খাই এই কারণে যে কাঁচা-মাল এবং মূলধন দেবার প্রচলিত ব্যবস্থা আছে তাতে কুটির ও ক্ষুদ্র শিল্পের শিল্পায়নের রাস্তা একেবারে অন্ধকার করে দিচ্ছে। এমন অবস্থা যে যে কাঁচামাল পশ্চিমবাংলার জন্য দরকার তা পাই না। কারণ এগুলি কেন্দ্রীয় সংস্থা সরবরাহ করে। আমরা সকলেই জানি পশ্চিমবাংলার সঙ্গে কেন্দ্র বিমাতৃসুলভ ব্যবহার করে। যেন-তেন-প্রকারেণ ঠিকমতো এই কাঁচা মাল না দিয়ে আমাদের কুটিরশিল্পকে তারা মার খাওয়াচ্ছে। মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বহু ক্ষেত্রে নানারকম প্রতিবন্ধকতার কথা বলেছেন। এবং এর মধ্যেও আমাদের কিছু কিছু উন্নতি হয়েছে, যেমন তাঁত শিল্প। বহু তাঁত শিল্পী আমাদের দেশে আছে এবং তাদের নানারকম সঙ্কটে পড়তে হয়, কয়েক বছর যদি খতিয়ে দেখি তাহলে এটা দেখতে পাব। কিন্তু তা সত্ত্বেও উন্নতি হয়েছে যেমন হ্যান্ডলুমের শাড়ি জনতা শাড়ি তন্তুজাত দ্রব্যের অগ্রগতি আমরা লক্ষ্য করেছি। আমি মনে করি যদি ঠিক ঠিকমতো কাঁচামাল সরবরাহ করা হয় এবং যদি আমরা ঠিক ঠিকমতো যোগান দিতে পারি এবং যদি ঠিকমতো বন্টন করা যায় তাহলে এর উন্নতি হবে বলে আশা করি। পঞ্চায়েত সমিতিতে বিপণন কেন্দ্র খোলার কথা বলা হয়েছে এবং কিছু কিছু জায়গায় খোলা হয়েছে। আমি এটাকে খুব ভাল উদ্যোগ বলে মনে করি এবং এর জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। সরকারি উদ্যোগে প্রত্যেকটি পঞ্চায়েতে যদি এটা করতে পারেন তাহলে বন্টন ব্যবস্থার মধ্য দিয়ে এবং সরবরাহ ব্যবস্থার মধ্য দিয়ে আমাদের এই ব্যাপারে মার খাওয়ার ভয় কম থাকে এবং তাতে ভাল ফল পাব বলে আমার বিশ্বাস। শুনছি পঞ্চায়েতের মধ্যে ২৪টি বিপণন কেন্দ্র খোলা হয়েছে। বহু পঞ্চায়েত সমিতি আছে জানি না কোনও কোনও জায়গায় হয়েছে। এখানে উনি বলেছেন প্রতি বিপণন কেন্দ্রের জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তর অনুদান হিসাবে ৬৬৮০ টাকা এবং কার্যকরী মূলধনের জন্য ৪,০০০ টাকা প্রান্তিক ঋণ হিসাবে দিয়েছে। এছাড়া প্রতি বিপণন কেন্দ্রের জন্য ব্যাঙ্ক ১৬,০০০ টাকা কার্যকর মূলধন ঋণ হিসাবে দিচ্ছে। বিপণনের জন্য এ ধরণের প্রকল্প সারা দেশে এই প্রথম। ভবিষ্যতে এই প্রকল্প মহাজনী ব্যবস্থার বিকল্প হিসাবে কার্যকর হবে বলেই আমরা আশা রাখি। এটা খুব ভাল পদক্ষেপ। এর জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। যদিও এর মধ্য দিয়ে কাঁচা মালের একটা বড় সমস্যা এবং এ ব্যাপারে রাজ্য সরকার একেবারে অসহায়। যেমন লোহা ইস্পাত, লৌহপিন্ড চর্বি, প্যারাফিন প্রভৃতি। ১৯৮০-

৮১ সালে প্রথম তিন মাসে আমরা পেয়েছি বরাদ্দের মাত্র ১১ শতাংশ যেখানে পাওয়া উচিত ছিল ২৫ শতাংশ। প্রথম ছয় মাসে আমরা ৫০ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ১৯ শতাংশ আর প্রথম ৯ মাসে বরাদ্দের ৭৫ শতাংশের পরিবর্তে পেয়েছি মাত্র ৪১ শতাংশ। এর ফলে আমরা উৎপাদকদের তাদের প্রয়োজনের ২.৫% থেকে ১০%-এর বেশি লৌহ ইস্পাত দিতে পারিনি। চর্বি আসেনি এবং প্রয়োজনের মাত্র ১৫% লৌহপিন্ড আমাদের হাতে এসেছে।

এই হচ্ছে অবস্থা। এইভাবে কি করে শিল্পের প্রসার হবে আমি জানি না। এই ধরনের কাঁচামাল যোগানের ব্যবস্থা যদি থাকে তাহলে আপনি যতই উদ্যোগ নিন না কেন, আপনার যত শুভ উদ্দেশ্যই থাকুক না কেন সব কিছু ব্যহত হতে বাধ্য। উত্তরবাংলায় তুঁত চাষের বিরাট সম্ভাবনা আছে। সাধারণত বড় বড় চাষীরা সুযোগ গ্রহণ করবে। বেশি জমির মালিকরা ব্যাঙ্কের ঋণ পেত, সাবসিডি পেত। এবার তিনি একটু সংশোধিত করে দিয়েছেন। এজন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। তাঁর বাজেটে তিনি বলেছেন—"সংশোধিত প্রকল্প অনুসারে রাজ্যের সর্বত্রই ২.৫ একরের বেশি কিন্তু ৭ বিঘার মধ্যে জমির মালিকদের ২৫ শতাংশ অনুদান দেওয়া হবে। ২.৫ একর পর্যন্ত জমির মালিক যারা ০.৫ একরের কম জমিতে তুত চাষ করবে এবং তফসিলি সম্প্রদায়ভুক্ত ও তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্তদের যে কোনও পরিমাণ জমির জন্য ৫০ শতাংশ অনুদান দেওয়া হবে। এর ফলে দরিদ্র অংশের মানুষ রেশম চাষে উৎসাহিত হবে। কিন্তু ৭ একরের বেশি জমির মালিকদের কোনও অনুদান দেওয়া হবে না। তসর উৎপাদনের জন্য এ বছর নতুন কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে। আমরা আগে দেখতাম বেশি জমির মালিকরাই সুযোগ নিত। যার ফলে অল্প জমির মালিকরা এইসব চাষে বেশি উৎসাহিত হত না, যেহেতু তাদের কোনও সুযোগ ছিল না। ব্যাঙ্কের ঋণ পেত না, সাবসিডি পেত না। তিনি এবার তেলা মাথায় তেল দেবার ব্যবস্থা যে করেননি তার জন্য তাকে ধন্যবাদ। গরিব চাষীরা যাতে উৎসাহিত হয় তার ব্যবস্থা তিনি করেছেন। উত্তরবাংলায় এটার বিশেষ সম্ভাবনা আছে। যে সমস্ত জমিতে সাধারণত অন্য কোনও ফসল হয় না সেই সমস্ত জমিতে তুত চাষের ব্যবস্থা হতে পারে, রেশম চাষ হতে পারে। উত্তরবাংলায় বৃহৎ শিল্প নেই। ক্ষুদ্র শিল্পও কিছু নেই বললেই চলে। উত্তরবাংলা একেবারে অনগ্রসর হয়ে আছে। পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় যা আছে সেই তুলনায় উত্তরবাংলায় কিছুই নেই। কলকাতার কাছাকাছি সব লিডার আছেন। বিগত সরকারের আমলে দেখেছি এদিকেই বেশি মন্ত্রী থাকতেন। যে যে এলাকার মন্ত্রী হতেন তার নিজের এলাকাই শিল্পে সুযোগ-সুবিধা পেত, উত্তরবাংলার মানুষ পেত না। দীর্ঘ ৩০ বছর কংগ্রেসি শাসন দেখেছি উত্তরবাংলায় কিছুই হয়নি, অবহেলিত ছিল। উত্তরবাংলার জন্য চেষ্টাই করা হয়নি। কিন্তু দুঃখের বিষয় কংগ্রেসিরা উত্তরবাংলায় বলে বেড়াচ্ছেন বামফ্রন্ট সরকার উত্তরবাংলাকে বঞ্চিত করছেন। মাননীয় স্পিকার, স্যার, আপনি জানেন কিছুদিন আগে উত্তরবাংলায় উফশিলী জাতি এবং উপজাতিদের আন্দোলনের নাম করে আলাদা উত্তরখন্ডের দাবি তুলেছেন। হতাশাগ্রস্ত কংগ্রেসি নেতারা তাদের সংগঠিত করে

আলাদ উত্তরখন্ড রাজ্যের দাবি তুলছেন। স্বাভাবিকভাবে মানুষের হৃদয়ে এটা নাড়া দেয়। এটা ঠিক, আমরা উত্তরবঙ্গের মানুষ অবহেলিত, বঞ্চিত ছিলাম। সেই বঞ্চনা, অবহেলা বামফ্রন্ট সরকারের রাজত্বে হয়নি। বামফ্রন্ট সরকার কেবলমাত্র ৩।। / ৪ বছর রাজত্ব করছে। তার আগে দীর্ঘ ৩০ বছর কংগ্রেস রাজত্ব চালিয়েছে। কিন্তু উত্তরবাংলার মানুষের জন্য কিছুই করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় একজন অভিজ্ঞ ব্যক্তি। তাঁর খুব উৎসাহ আছে। তিনি কিছু ভাল কাজ করতে চান। আমি আশা করব উত্তরবাংলার মানুষের জন্য যে কাজগুলি তাঁর পক্ষে করা সম্ভব সেইগুলি তিনি করবেন। আপনি উত্তরবাংলার মানুষকে উৎসাহিত করুন। এই ব্যয়বরাদ্দের মধ্যে বিরাট খতিয়ান আমি দেখতে পাচ্ছি। ৩।। বছরে যথেষ্ট উন্নতি হয়েছে। আমি আশা করব মন্ত্রী মহাশয় আরও দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাবেন পশ্চিমবাংলা তথা উত্তরবাংলার উন্নতির জন্য। এই কথা বলে তিনি যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 – 5-30 p.m.]

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার যে লিখিত বক্তব্য, তার ভিতর দিয়ে কিছুটা বোঝাতে চেষ্টা করেছিলাম সারা ভারতবর্ষে সবাই যখন আমরা ভাবছি, কোথায় বেকারী দূর হয়ে যাবে, কুটির ও ক্ষুদ্র শিল্পের ভিতর দিয়ে, অথচ এই কাজটা কতটা কঠিন এবং এটা যে বাস্তবে সম্ভব নয় বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক কারণে সেটাই আমি আমার বাজেট বক্তব্যের ভিতর দিয়ে তুলে ধরতে চেয়েছিলাম। কারণ আমার মনে হয় যে-ধারণা যদি আমরা করে থাকি ক্ষুদ্র এবং কুটির শিল্পের বিকাশের দিন আমাদের সামনে আছে, তাহলে আমি মনে করব আমরা প্রতারিত হব। আমরা এখন এই অসুবিধাগুলো সত্ত্বেও যেটা আমরা সেখানে চেষ্টা করেছি, সেই অসুবিধাগুলো সত্ত্বেও কি ভাবে সেই কাজ করা হয়েছে এর ভিতর, যাতে কিছুটা পরিমাণে ক্ষুদ্র এবং কুটির শিল্পের যে সমস্যা সেই সমস্যা সমাধানের দিকে আমরা এগিয়ে যেতে পারি। এবং নিশ্চিতভাবে এর কিছুটা সাফল্য আমরা অন্তত অর্জন করতে পেরেছি। আমি বলছি না যে ক্ষুদ্র ও কুটির শিল্পের সমস্যার সমাধান আমরা করে ফেলেছি। এখন কতকগুলো আলোচনার ভিতর দিয়ে, কতকগুলো কথা যেটা এসেছে, আমি সেইগুলো সম্বন্ধে একটু বলব। এই দৃষ্টিভঙ্গি থেকে আমাদের কতকগুলো ধারণা আছে যে বোধ হয় পশ্চিমবাংলায় কিছু হচ্ছে না আর ভারতবর্ষের অন্যান্য রাজ্যে, যাদের কথা আমরা দুর থেকে শুনি বিশেষ করে মহারাষ্ট্র, রাজস্থান, তামিলনাড়ু পাঞ্জাব ইত্যাদি, ওদের বিরাট একটা কিছু ঘটে চলেছে। এটা কিন্তু বাস্তব ঘটনা নয়। আমি মহারাষ্ট্রে, যাদের কথা সবচেয়ে বেশি শোনা যায়, আমি মহারাষ্ট্রের অনেকগুলো এলাকা ঘুরেছি। বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল এস্টেট দেখেছি, সিকামের সঙ্গে মিটিং করেছি। সিকামের কি এমন জাদু আছে তা দেখবার জন্য। তা থেকে দেখা গেছে ওদের যে সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আছে—প্রথম কথা হচ্ছে স্মল স্কেল খুব কম। প্রধানত হচ্ছে মনোপলি এবং মাল্টি ন্যাশনাল কনসার্ন তারা সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এস্টেট থাকে। আমি রোহান্দ ইন্ডাস্ট্রি দেখতে গিয়েছিলাম, একটা কেমিক্যাল

এস্টেট। আমি বললাম যে আমি স্মল স্কেল দেখতে চাই, আমাকে মাত্র ওরা দুটো কারখানা দেখালেন, একটা হচ্ছে কেমিক্যাল ইউনিট, আর একটা হচ্ছে বরফ কল। এই দুটো হচ্ছে স্মল স্কেল, বাকি হচ্ছে ৫ কোটি, ৭ কোটি টাকার প্রোজেক্ট। যে দুটো কারখানা আমি দেখেছি, তার ভিতর কেমিক্যাল ইন্ডাস্ট্রি যেটা, দু বছর ধরে চলছে, আমি মালিককে জিজ্ঞাসা করলাম কি রকম চলছে? দু বছর ধরে চলছে, এখনও লাভ করতে পারি নি। আমি জিজ্ঞাসা করলাম, কারণ কি? বললেন কারণ হচ্ছে ডিফেন্স ওদের প্রডাক্ট কেনে, ডিফেন্স যে রেট দেয়—কাঁচা মালের দাম সাংঘাতিকভাবে বেড়ে চলেছে, যার ফলে এত বেশি দাম দিয়ে কাঁচামাল কিনে আমরা সাপ্লাই করছি নির্দিষ্ট দামে। ফলে আমরা লাভ করতে পারছি না। এটা তো পশ্চিমবাংলারও ঘটনা, এটা ইউনিভার্সাল সারা ভারতবর্ষে কোথাও কম, কোথাও বেশি হতে পারে, ডিগ্রির তফাৎ। দ্বিতীয় হচ্ছে সিকামের সঙ্গে মিটিং-এ বসে যেটা দেখা গেল, মহারাষ্ট্রে স্মল স্কেল সেক্টারে ২৪ শত কারখানা সিক এবং সেই ২৪শত কারখানার ভিতরে সিকাম যেটা বললেন যে ব্যাঙ্ক রাজি হয়েছে মাত্র ৭।। শ কারখানাকে নার্সিস প্রোগ্রামে নিতে, বাকী কারখানাগুলো সম্পর্কে ব্যাঙ্ক মামলা করছে যাতে তার পাওনা আদায় করে নিতে পারে। এটা তো আমরা জানি না। সবাই ভাবছে মহারাষ্ট্র মানে বিরাট কিছু হয়ে যাচ্ছে ক্ষুদ্র এবং কুটির শিল্পে, আর পশ্চিমবাংলায় আমরা কিছু করতে পারছি না। আমি মহারাষ্ট্রের একটা জায়গায়—জলগাঁওতে একটা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আছে সেখানে গিয়েছিলাম। সেখানে এক মালিকের সঙ্গে কথা হলো, তার মোটর তৈরির কারখানা আছে, ইলেকট্রিক মোটর, তিনি বললেন কথায় কথায়, যে মহারাষ্ট্রে আর ইন্ডাস্ট্রি থাকবে না, সব আমেদাবাদে চলে যাবে। আমি বললাম কেন? উনি বললেন গুজরাট গভর্নমেন্ট মিনিমাম ওয়েজেস অ্যাক্ট ইমপ্লিমেন্ট করেনি আর মহারাষ্ট্রে মিনিমাম ওয়েজ অ্যাক্ট আছে, সেই জন্য ইন্ডাস্ট্রি আর মহারাষ্ট্রে হবে না। মহারাষ্ট্র থেকে সব চলে যাবে আমেদাবাদে। ইন্ডাস্ট্রির এই যে অবস্থাগুলো, এগুলো আমাদের বোঝা দরকার। এই যে সিকনেস ক্ষুদ্র শিল্পের যে একটা বিরাট সমস্যার মধ্যে পড়ছে, এটা সর্ব ভারতীয় বিষয়, এটা শুধু পশ্চিমবাংলা বা কোনও নির্দিষ্ট এলাকায় নয়। তার ভিতর কোথাও কোথাও কৃত্রিমভাবে হয়তো সঙ্কটকে কিছু বেশি সৃষ্টি করা হয়েছে, কোথাও কোথাও হয়তো একটু কম হতে পারে। হতে পারে কেন? রাজস্থানে আমি বিভিন্ন জায়গায় ঘুরেছি, সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ঘুরেছি। কারা ইন্ডাস্ট্রি করছে? যারা বিভিন্ন ট্রেডে ছিলেন, মার্কেট জানেন, টাকার অভাব নেই, তারা গিয়ে রাজস্থানে এখন ইন্ডাস্ট্রি করছি।

তারা বাজার জানেন, এতদিন তারা সাপ্লায়ারের কাজ করে এসেছেন এবং এখন তারা ম্যানুফাকচারিং-এ এসেছেন কাজেই তাদের বাজার জানা আছে। কিন্তু পশ্চিমবাংলায় যারা ইন্ডাস্ট্রিতে এসেছেন তাদের বাজার জানা নেই সুতরাং স্বাভাবিকভাবেই তাদের সব কিছু নতুন করে শিখে নেবার চেষ্টা করতে হচ্ছে। সেই কারণে কোথাও হয়ত আপাতত একটু বেশি সুবিধা পাচ্ছে আবার কোথাও একটু কম পাচ্ছে। এখন আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, মৌলিক প্রশ্ন যেটা, যেটা সর্বভারতীয় ক্ষেত্রে আঘাত করছে সেই মৌলিক প্রশ্নটা কিন্তু

কোনও ক্ষেত্রে তুলে আনা যাচ্ছে না। এই ক্ষুদ্র এবং কুটির শিল্প সম্পর্কে এত ঢাকঢোল পেটানো হয়েছে যে মানুষ ধারণা করে নিয়েছেন যে এই কুটির এবং ক্ষুদ্র শিল্পের দ্বারা আমাদের দেশের বেকার সমস্যার সমাধান করা যাবে। কিন্তু এই কুটির ও ক্ষুদ্র শিল্প সম্বন্ধে যারা সবচেয়ে বেশি ঢাকঢোল পিটিয়েছেন তারা এমন সব নীতি নিয়ে চলেছেন যার ফলে এই কুটির ও ক্ষুদ্র শিল্প বাজার থেকে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। মাননীয় সদস্য ধীরেন সরকার মহাশয় উদাহরণস্বরূপ একটি কথা বলেছেন, আমিও সে সম্বন্ধে একটু বলছি। তিনি সাইকেলের টায়ারের কথা বলেছেন। সাইকেল টায়ারটা ১৯৭০ সালে রিজার্ভ করা হল ফর স্মল স্কেল সেক্টার কেবলমাত্র ক্ষুদ্র শিল্পে এটা হবে। সেই সময় বৃহৎ শিল্পগুলির যে লাইসেন্সড ক্যাপাসিটি সেটা ছিল ৩ কোটি ৮০ লক্ষ পিসের। ১৯৭০ সালে লার্জ স্কেল সেক্টার উৎপাদন করলেন ২ কোটি পিস। এই সময় রিজারভেশন হল এবং বলা হল যে এখন থেকে শুধু স্মল স্কেল সেক্টার সাইকেল টায়ার উৎপাদন করবে। কিন্তু সেখানে বাকি যে এক কোটি ৮০ লক্ষ পিসের লাইসেন্স ছিল সেটা বাতিল করা হল না। ফলে অবস্থাটা যা দাঁড়ালো সেটা হচ্ছে, ১৯৭৮ সালে দেখা গেল লার্জ স্কেল সেক্টারের উৎপাদন ক্ষমতা যা ছিল তার পূর্ণ সদ্ব্যবহার তারা করেছে—দুকোটি থেকে তাদের উৎপাদন ৭৮ সালে ৩ কোটি ছাড়িয়ে গিয়েছে। ১৯৮০ সালে কি হয়েছে জানি না। তাহলে এই রিজারভেশনে পরে পশ্চিমবঙ্গ বিহার, উড়িষ্যা, আসামের ২৫টি কারখানা যা আগে থেকে ছিল তারা আশা করল এবারে বাজার আমাদের ক্ষেত্রে আসবে, ছোটদের ক্ষেত্রে, কিন্তু কি দেখা গেল? ১৯৭৫ সালে তাদের উৎপাদন ছিল ৮৫ লক্ষ পিস আর ১৯৮০ সালে মাত্র তিনটি চলেছে বাকি সব বন্ধ হয়ে গিয়েছে এবং তাদের উৎপাদন মাত্র ৯ লক্ষ পিস, অর্থাৎ ৯০ পারসেন্ট উৎপাদন কমে গিয়েছে পূর্বাঞ্চলে। তাহলে বলুন পশ্চিমবঙ্গ সরকার কি করে এই ২২টি কারখানা চালু রাখবে? এটা আমরা বারবার গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে টেক আপ করেছি যে আনইউটিলাইজড ক্যাপাসিটি যেটা যে সমস্ত আইটেম রিজার্ভ করা হচ্ছে সেই সমস্ত আইটেমে লার্জ স্কেল সেক্টারকে যে লাইসেন্স দেওয়া তার আনইউটিলাইজড—যেটা অলরেডি ইউটিলাইজড হয়েছে সেটা আমরা ক্যানসেল করতে বলিনি কারণ তা হলে হয়ত লার্জ স্কেল সেক্টারে আনএমপ্লয়মেন্টের প্রবলেম আসতে পারে কিন্তু আনইউটিলাইজড পোরসন যেটা সেটা আমরা বলেছি ক্যানসেল করা হোক। কেন্দ্রীয় সরকার এটা আজ পর্যন্ত করেননি। এখানে সমস্যাটা কোথায় সেটা আমি বলছি। এখানে প্রতিযোগিতায় কুটির ও ক্ষুদ্র শিল্প টিকতে পারে না এই হচ্ছে বাস্তব অবস্থা। এখানে শ্রী মনোরঞ্জন রায় মহাশয় একটি কথা বলেছেন যে চাকরির নামে প্রতারণা হচ্ছে। এটা উনি সাধারণভাবে বলেছেন কাজেই আমি আর সে সম্বন্ধে বিশেষ কিছু বলছি না। তিনি বলেছেন, বেকাররা আশাহত হয়ে ফিরে আসছে জেলা শিল্প কেন্দ্র থেকে। হ্যাঁ, জেলা শিল্পকেন্দ্রগুলি সম্বন্ধে অনেক কথা বলবার আছে, তার দুর্বলতা আছে, ত্রুটি আছে আমি এগুলি অস্বীকার করছি না, আমি স্বীকার করছি সারা ভারতবর্ষের অন্যান্য বড় বড় জায়গায় ঘুরে ঘুরে যে অভিজ্ঞতা আমি সঞ্চয় করেছি তাতে বলতে পারি পশ্চিমবাংলার জেলা শিল্পকেন্দ্রগুলি যে কাজ করতে হয় মহারাষ্ট্রের জেলা শিল্পকেন্দ্রগুলিকে সে কাজ করতে হয়না,

রাজস্থানের জেলা শিল্পকেন্দ্রগুলিকেও সে কাজ করতে হয়না। পশ্চিমবঙ্গে জেলা শিল্পকেন্দ্রগুলিকে ব্যাঙ্ক থেকে টাকা আদায় করিয়ে দিতেহয় এবং অন্যান্য সব ব্যাপারে সাহায্য করবার চেষ্টা করতে হয়। কিন্তু অন্য জায়গায় যারা ইন্ডাস্ট্রিজ করতে যান তাদের ব্যাঙ্ক টাকা লোন দিতে আপত্তি করেন না কারণ তাদের সম্পত্তি আছে, তারা ব্যাঙ্ককে সন্তুষ্ট করতে পারেন কোল্যাটরাল প্রোভাইড করে। অন্য দপ্তরের সঙ্গেও তাদের আগে থেকে যোগাযোগ থাকে কাজেই তাদের অসুবিধা হয়না। পারসুয়েশনের মাধ্যমে কাজ করিয়ে নেবার দক্ষতা তাদের অনেক বেশি কিন্তু পশ্চিমবঙ্গে একটা কিছু করতে গেলে তাদের অনেক বেশি সাহায্য আমাদের করতে হয়। অনেক ক্ষেত্রে হয়ত অনেক জিনিস করা সম্ভব হয়নি, হয়ত দুর্বলতা আছে কিন্তু তবুও আমি বলব, আমাদের জেলা শিল্পকেন্দ্রগুলিকে যাতে আরও ভালোভাবে কাজ করতে পারে তারজন্য আমাদের চেষ্টা করতে হবে। জেলা শিল্পকেন্দ্রগুলিকে বিভিন্ন ধরনের ব্যাপারে মাথা ঘামাতে হয়।

[5-30 – 5-40 p.m.]

কতগুলি ট্রাডিশনাল ইন্ডাস্ট্রির কথা এখানে বলা হয়েছে। এখানে ট্রাডিশনাল ইন্ডাস্ট্রি কখনও টেকেনি এটা আমাদের বোঝা দরকার। আজকে যেখানে স্টেইনলেস স্টীল রয়েছে সেখানে কে ওই কাসা, পিতলের বাসন কিনবে, এই সমস্ত জিনিস কেনে সাধারণ মানুষ কাজেই স্বাভাবিক কারণেই কিছু কিছু ইন্ডাস্ট্রি ক্ষয়ের দিকে যাচ্ছে। তবে এর বিকল্প হিসাবে যে ধরনের ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্টের সুযোগ আছে সেটা গড়ে উঠতে পারে কিনা এবং তাকে বাঁচাতে পারি কিনা তারজন্য আমরা কিছু কিছু চেষ্টা করছি এবং আশাকরি আগামীদিনে এই ব্যাপারে কিছু কিছু উন্নতি হবে। এখানে কেউ কেউ বিদেশের বাজারের কথা বলেছেন। আমি বলছি এটা আমাদের মোহ ছাড়া আর কিছু নয়। বিদেশের বাজারের ব্যাপারে সরকার কিছু করতে পারেনা। প্রাইভেট ব্যবসা যাঁরা করেন তাঁরা কিছু করতে পারেন, কিন্তু সরকারি সংস্থার মাধ্যমে বিদেশের বাজার দখল করা কঠিন কাজ। এখানে অনেক বাঁকুড়ার মাটির ঘোড়ার কথা বলেছেন। বাঁকুড়ার ওই মাটির ঘোড়া দিল্লিতে নিয়ে যাওয়াই দুঃসাধ্য ব্যাপার, বিদেশ তো দূরের কথা। এগুলি অল্পেতেই ভেঙ্গে যায় কাজেই এরজন্য অভ্যন্তরীণ বাজার কিভাবে সৃষ্টি করা যায় সেই চেষ্টা আমরা করছি। আমরা এদিকে ক্রেতাদের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি এবং তাতে বিক্রি বেশি হবে এবং বিক্রি বেশি হলে এই সমস্ত শিল্পীরা উৎসাহিত বোধ করবে। তারপর, আমাদের তাঁত শিল্পে একটা বিরাট ভূমিকা করেছে এবং আমরা হস্ত শিল্পের ব্যাপারে এই ধরনের ভূমিকা পালন করবার চেষ্টা করছি এবং তাদের মার্কেটিং আউটলেট বাড়িয়ে দেবার চেষ্টা করছি মহাজনদের বাদ দিয়ে। স্যার, আলোচনার মাধ্যমে খুব বেশি কিছু কেউ বলেননি। কিছু কাট মোশন যা এসেছে সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। কাট মোশন যে দুজন মাননীয় সদস্য এনেছেন তাঁরা অবশ্য এখানে এখন নেই। যাহোক, কাট মোশন দিয়ে মাননীয় সদস্য বলেছেন, ১৯৮০ সালের ফেব্রুয়ারি মাসে ৪৮ জন হরিজন মালদহ জেলার হরিশচন্দ্রপুরের ১নং গ্রাম পঞ্চায়েত সমিতি অফিসে (বি এস এ

আই) দরখাস্ত করলেও এই গরিব লোকগুলি আজ পর্যন্ত ঋণ পায়নি এবং এই কারণে তিনি রিডাকশন করতে বলেছেন। আমি ওই ৪৮টি দরখাস্তের কথা জানিনা। মালদহের ডি আই সি ৯. ৯. ৮০ তারিখে কিছু দরখাস্ত পায় এবং ১৬.১.৮০ তারিখে কিছু দরখাস্ত পায় এবং দুটি মিলিয়ে ১৩টি দরখাস্ত তিনি পেয়েছেন। সেই ১৩টি দরখাস্তই জেলা শিল্প কেন্দ্র থেকে অনুমোদন করা হয়েছে। দ্বিতীয় কাটমোশন হল, "দলীয় লোক ছাড়া কাউকেও মার্জিন মানি দিতে সরকারের অনিচ্ছা এবং এই কারণে তিনি রিডাকসন চেয়েছেন। আমরা গত বছর ৩৭ লক্ষ টাকা মার্জিন মানি খরচ করেছি এবং এবারে ৪০ লক্ষ টাকা মার্জিন মানি খরচ হবে আশা করছি। এর ভেতরে খড়গপুরে একটি ইউনিট—হিন্দুস্থান টার সংস্থাকে মার্জিন মানি স্যাংশন করা হয়েছে ২ লক্ষ ২ হাজার টাকা এবং এই টাকা দুটি পার্টে ডিস্‌বার্স করা হয়েছে। একটি হচ্ছে মেশিনারি টার্ম লোন বরং আর একটা হচ্ছে ওয়ার্কিং ক্যাপিটাল। টার্ম লোন ব্যাঙ্কের ব্যাপারে কাজেই তারা যখন ওটা স্যাংসন করে তখন আমরা মার্জিন মানি রিলিজ করি। মার্জিন মানি ১ লক্ষ ৩৮ হাজার টাকা এটা আমরা রিলিজ করেছি। এই যে ১ লক্ষ ৩৮ হাজার টাকা একটা সংস্থাকে দেওয়া হয়েছে মাননীয় সদস্য রজনী দলুই হচ্ছেন সেই সংস্থার মালিক। আমি তো জানিনা তিনি বামপক্ষের লোক কবে হলেন? কাজেই দলীয় লোককে মার্জিন মানি দেওয়া হয় এই যা বলা হয়েছে এটা বিভ্রান্তিকর। আর একটা কাটমোশন হচ্ছে, "হরিশচন্দ্রপুর ১ নং পঞ্চায়েতের অধীন তুলসীহাটায় জনৈক শ্রীজ্যোতিষ কর্মকারের কাঠের মিলের উদ্যোগকে সাহায্য প্রদানে বিলম্ব।" এটার নিয়ম হচ্ছে ব্যাঙ্ক স্যাংশন দিলে পরে আমরা মার্জিন মানি রিলিজ করি, ব্যাঙ্ক যতক্ষণ স্যাংশন করেনা, ততক্ষণ আমরা করিনা। এই ভদ্রলোকের ক্ষেত্রে ব্যাঙ্ক স্যাংশন করেনি। সুতরাং ডি. আই. সি-র অসামর্থের কথা, অক্ষমতার কথা ওঠে না, এ সম্পর্কে কোনও প্রশ্নই আসে না।

তারপরে তার একটা কাট মোশনে বলা হয়েছে, "গ্রামাঞ্চলে কুটির শিল্প স্থাপনে সরকারের কোনও সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ না করে এবং অধিকাংশ পঞ্চায়েতে কুটির শিল্পের জন্য বরাদ্দকৃত অর্থের অপব্যবহার রোধ করতে সরকারের ব্যর্থতা। এই মোশানটি সম্পূর্ণ অর্থহীন যে, তা আমার লিখিত বক্তব্যের মধ্যেই দেখানো হয়েছে। আমি উল্লেখ করেছি যে, আমরা কতগুলি নতুন নতুন কর্মসূচি নিয়েছি, বিশেষ করে মার্কেটিং-এর ব্যাপারে এবং অন্যান্য ব্যাপারে। শেষে আমি বলব যে, গত বছর সারা পশ্চিমবাংলায় স্মল স্কেল সেক্টরে ব্যাঙ্ক থেকে কত কোটি টাকার লোন স্যাংশন হয়েছিল, তার কোনও হিসাব আমাদের কাছে নেই, আমরা জানি না। তবে আমাদের কাছে যে হিসাবটা আছে, সেটা জোন ভিত্তিক হিসাব, সেই হিসাবটা আমি বলে দিচ্ছি। গত দু'বছরে, অর্থাৎ ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সালে কলকাতা বাদ দিয়ে সারা পশ্চিমবাংলাকে কতগুলি জোনে ভাগ করা হয়েছে হাওড়া, হুগলি এবং ২৪ পরগনা, এই তিনটি জেলায় ২৯,৭৯,৪৫,০০০ টাকার স্যাংশন আমরা ব্যাঙ্কের কাছ থেকে আদায় করতে পেরেছি। ডি. আর. আই. বাদে, ওটা আলাদা। বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর, এই চারটি জেলা নিয়ে যে জোন সেই জোনে আমরা ঐ দু'বছরে ব্যাঙ্ক

থেকে স্যাংশন করাতে পেরেছি ১৩,১০,৪৮,০০০ টাকা। নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ এবং বীরভূম, এই চারটি জেলা নিয়ে আর একটি জোন, চারটি জেলার জন্য গত দু' বছরে আমরা ব্যাঙ্ক থেকে স্যাংশন করাতে পেরেছি ৮,১০,১০,০০০ টাকা। এবং কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং ও পশ্চিম দিনাজপুর, এই চারটি জেলা নিয়ে আর একটি জোন, এই জোনের জন্য ব্যাঙ্ক থেকে স্যাংশন করাতে পেরেছি গত ২ বছরে ২,৬৭,৬২,০০০ টাকা। মোটামুটি সারা পশ্চিমবাংলার কথা চিন্তা করা হচ্ছে এই দফতরের পক্ষ থেকে, ইনভেস্টমেন্টের দিক থেকে চিন্তা ভাবনা করা হচ্ছে, চেষ্টা করা হচ্ছে। সারা পশ্চিমবাংলায় যাতে ইনভেস্টমেন্ট সম্ভব হয় এবং ব্যাঙ্ক যাতে সমস্ত জায়গায় ইনভেস্টমেন্ট করবার জন্য এগিয়ে আসতে বাধ্য হয় সে চেষ্টা করা হচ্ছে। এবিষয়ে ডি. আই. সি.-র তরফ থেকে যে উদ্যোগ নেওয়া হয়েছিল সেই উদ্যোগের ফলশ্রুতি হিসাবে পশ্চিমবাংলায় এই ইনভেস্টমেন্ট সম্ভব হয়েছে। এ ছাড়াও কিছু কিছু টাকা পয়সা অন্যান্য সেক্টর থেকে আসে। আমি সেবিষয়ে আর বিস্তারিত আলোচনা করছি না, কেননা সেসব কথা আমরা মুদ্রিত বক্তব্যের মধ্যে আছে। সুতরাং আমি মাননীয় সদস্যদের কাছে এটা নিবেদন করব যে, যদি কুটির ও ক্ষুদ্র শিল্পকে টিকিয়ে রাখতে হয়, তাহলে আমি যে বক্তব্য রেখেছি তা করতে হলে একটা সংগ্রামের প্রয়োজন। কিন্তু সেই সংগ্রামকে সরকার একা এগিয়ে নিয়ে যেতে পারে না, বামফ্রন্ট সরকার চেষ্টা করেও পারবে না, যদি না জনগণের সহযোগিতা পাওয়া যায়। তাঁত-শিল্পে জনগণের সহযোগিতা পাওয়া গিয়েছে, তাই আমরা এগোতে পেরেছি। অন্যান্য ক্ষেত্রে যদি জনগণের সহযোগিতা লাভ করতে পারি তাহলে নিশ্চয়ই এগোতে পারব। আমি টায়ারের কথাই বলি, ডানলপের টায়ার বাজারে আসবে, ডানলপের নাম আছে বলে আমরা কিনব, আর আমাদের এখানকার ছোট ইন্ডাস্ট্রির টায়ারের নাম নেই বলে কিনব না—এটা যে কিনবে তার উপর নির্ভর করছে। সুতরাং এসব ক্ষেত্রে বাজারটা নির্ভর করছে ক্রেতার ইচ্ছার উপর। সুতরাং সর্বস্তরের জনগণের যদি সহযোগিতা পাই তাহলেই, সাফল্য সম্ভব। তারা যদি মোনোপলি এবং মাল্টিন্যাশন্যালের বিরুদ্ধে কুটির শিল্পকে সাহায্য করার দৃষ্টিভঙ্গি গ্রহণ করে তবেই যথার্থভাবে এব্যাপারে এগিয়ে যাওয়া সম্ভব। সেই সহযোগিতা মাননীয় সদস্যদের কাছেও আমি কামনা করি। এই কামনা করে আমার যে দাবি সেই দাবি সমর্থনে আবেদন জানিয়ে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** As members are not present the cut motions are not moved.

The motion of Shri Chittabrata Mazumdar that a sum of Rs.10,40,08,000 be granted for expenditure under Demand No.63, Major Heads : "321 village and Small Industries (Excluding Public Undertakings), 521,-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertaking)"., was then put and agreed to.

**Demand No.44**

**Major Heads: 288-Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates), 488-Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons)**

**Shri Radhika Ranjan Banerjee:** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs.13,78,13,000 be granted for expenditure under Demand No.44, **Major Heads:** "288-social Security (Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates), 488-Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons, and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons)".

**Demand No.47**

**Major Head: 289-Relief on account of National Calamities.**

**Shri Radhika Ranjan Banerjee:** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs.13,60,00,000 be granted for expenditure under Demand No.47, Major Head: "289-Relief on account of Natural Calamities".

ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত কালে আমি এই সভায় পশ্চিমবঙ্গে শরণার্থীদের ত্রাণ ও পুনর্বাসন সম্পর্কে সরকারের নীতি এবং কর্মসূচির একটি রূপরেখা উপস্থাপিত করছি।

মাননীয় স্পিকার মহাশয়, দেশ বিভাগের ৩৪ বছর পরেও শরণার্থীদের পুনর্বসতির সমস্যাটি মৌলিক এবং বাস্তব হয়ে গেছে, কেন্দ্রীয় সরকার যেভাবে একে 'বকেয়া সমস্যা" ব'লে অভিহিত করতে চান সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে বাস্তব পরিস্থিতির পার্থক্য লক্ষণীয়। সর্বপ্রথমে বিগত বছরে (১৯৮০-৮১) বিভিন্ন শ্রেণীর শরণার্থীদের যতটুকু পুনর্বসতি সম্ভবপর হয়েছে এবং আসন্ন আর্থিক বছরে (১৯৮১-৮২) যতটুকু পুনর্বসতি দেওয়া সম্ভবপর হবে ব'লে আশা করা যায়, তার বিবরণ দেওয়া হচ্ছে।

১৯৮০-৮১ আর্থিক বছরে ৬৫টি 'ছিট মহল শরণার্থী' পরিবারের পুনর্বসতি হয়েছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে এই শ্রেণীর ২০০টি পরিবারের পুনর্বসতি হবে ব'লে আশা করা যায়, এর জন্য মোট ব্যয় হবে ২১ লক্ষ টাকা। প্রতিটি পরিবার কৃষি জমি খরিদ বাবদ ৭,৫০০ টাকা, কৃষি বাবত ১,১৫০ টাকা, বসত জমি খরিদ বাবত ৭৫০ টাকা এবং বসতবাড়ি নির্মাণ বাবত ১,২৫০ টাকা ঋণ—মোট পরিবারপ্রতি ১০,৬৫০ টাকা ঋণ পাবেন।

১৯৮০-৮১ আর্থিক বছরে ২৫০টি প্রাক্তন শিবিরভুক্ত পরিবারকে পুনর্বসতি দেওয়া হচ্ছে। যে সকল জমিতে এই সকল পরিবার দীর্ঘদিন ধরে অবস্থান করছেন সেগুলি সর্বপ্রথমে অধিগ্রহণ করতে হচ্ছে ব'লে এই শ্রেণীর শরণার্থীদের পুনর্বসতি শেষ হতে বিলম্ব ঘটছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে এই শ্রেণীর ৫০০টি পরিবারের পুনর্বসতি হবে ব'লে আশা করা যায়, এর জন্য ব্যয় হবে ১০ লক্ষ টাকা।

১৯৮০-৮১ আর্থিক বছরে ৫০০টি শিবির ও সদনভুক্ত শরণার্থী পরিবারের পুনর্বসতি হচ্ছে, এর পরে পুনর্বাসনযোগ্য এই শ্রেণীর আরও ৫০০টি পরিবার থাকবে, ১৯৮১-৮২ আর্থিক বছরে তাদের আমরা পুনর্বসতি দিতে পারবো। পুনর্বসতির জন্য এই শ্রেণীর প্রতিটি পরিবার বিনামূল্যে বসত জমি, ২,০০০ টাকা ক'রে গৃহনির্মাণ ঋণ এবং ৫,০০০ টাকা ক্ষুদ্র ব্যবসায় ঋণ পাবেন।

অধুনাবিলুপ্ত লেক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল প্রাঙ্গণে অবস্থিত পরিবারগুলির মধ্যে ৫২০টি পরিবার পুনর্বাসনযোগ্য ব'লে বিবেচিত হয়েছিলেন, এদের মধ্যে ২০০টি পরিবারকে ইতিমধ্যেই সি এম ডি এ নির্মিত গৃহগুলিতে পরিবারপ্রতি ৩,৮৫০ টাকা হারে পুনর্বাসন সাহায্য দেওয়া হয়েছে, বাকী ৩২০টি পরিবারকেও শীঘ্র পুনর্বাসন দেওয়া যাবে ব'লে আশা করা যায়, এই কাজে এই দপ্তরের খরচ হবে ১২.৩২ লক্ষ টাকা।

যে সকল পরিবার অত্যন্ত দুঃস্থতার মধ্যে আছেন, যাঁরা হুকুমদখল করা গৃহে আছেন এই সমস্ত পরিবারের পুনর্বাসনের জন্য ১৯৮১-৮২ আর্থিক বছরে ১.৬৮ লক্ষ টাকা ব্যয় করা হবে।

মাননীয় স্পিকার মহাশয়, গৃহনির্মাণ ইত্যাদি বাবত শরণার্থীদের যে অপ্রদায়িক (নন-কন্ট্রিবিউটারী) ঋণ দেওয়া হয়েছিল সেগুলি মকুফ করা এই বিভাগের অন্যতম প্রধান কর্তব্য, এই কাজ না হ'লে শরণার্থীরা অন্যান্য ঋণদানকারী প্রতিষ্ঠান, ইত্যাদি সূত্রে ঋণ আশা করতে পারেন না, অথচ শরণার্থীদের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য অন্যান্য সূত্র থেকেও মাঝে মধ্যে তাঁরা ঋণ পেতে পারেন। ৩১-৩-৬৪ পর্যন্ত দেওযা মকুফযোগ্য এই ঋণের মোট পরিমাণ ছিল ৩৮.৩৮ কোটি টাকা, এর মধ্যে ২৬.৫৪ কোটি টাকা মকুফের আদেশ ইতিমধ্যে দেওয়া হয়েছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে আরও তিন কোটি টাকা ঋণ মকুফ করা যাবে ব'লে আশা করা যায়।

একত্রিশে মার্চ, ১৯৬৪ তারিখের পর প্রদত্ত মকুফযোগ্য ঋণ, প্রদায়িত (কনট্রিবিউটরি) গৃহনির্মাণ ঋণ ইত্যাদি মকুফের ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রকে সঙ্গে আলাপ-আলোচনা চালিয়ে যাচ্ছেন।

যে সকল সংশ্লিষ্ট শরণার্থীর বকেয়া ঋণ কেন্দ্রীয় সরকারের হিসাবে মকুফ করা হয়েছিল তাদের মধ্যে ১৯৮০-৮১ আর্থিক বছরে ১৬,২২৪টি পরিবারকে ঋণ মুকুফের প্রমাণপত্র

দেওয়া হয়েছে। ঋণ মকুফের প্রমাণপত্র দেবার কাজটি ত্বরান্বিত করার উদ্দেশ্যে একটি জোরালো কর্মসূচিও রচনা করা হয়েছে।

পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকার অনুমোদিত ১৪৯টি প্রাক্ ১৯৫১ এবং ১৭৫টি ১৯৫০ উত্তর জবরদখল কলোনি আছে। এ ছাড়া ১-১-১৯৫১ থেকে ২৫-৩-১৯৭১ সময়কালের মধ্যে গড়ে ওঠা ৬০৩টি জবরদখল কলোনির একটি তালিকা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। আশা করা যায় যে ১৯৮১-৮২ আর্থিক বছরে অধিক সংখ্যক জবরদখল কলোনির জন্য ভূমি অধিগ্রহণের প্রক্রিয়া সম্পূর্ণ হবে। ফলত আগামী আর্থিক বছরে ভূমির মূল্য বাবত ব্যয়ের চাপ বৃদ্ধি পাবে। এই কারণে এই বাজেটে এই বাবত বত্রিশ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়েছে।

এই বিভাগের পরিচালনায় উত্তরপাড়া, হাবড়া, টিটাগড় এবং কামারহাটিতে চারটি উৎপাদনকেন্দ্র আছে। এই উৎপাদনকেন্দ্রগুলি পার্শ্ববর্তী অঞ্চলের দুঃস্থ শরণার্থীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারিত ক'রে সমাজসেবামূলক উদ্দেশ্য সাধন করছে। কেন্দ্রগুলিতে উৎপাদিত পণ্য প্রধানত এই বিভাগের অন্তর্ভুক্ত শিবির ও সদনের শরণার্থীদের চাহিদা পূরণের উদ্দেশ্যে সদ্ব্যবহার করা হচ্ছে। তদ্ব্যতীত না লাভ না লোকসানের ভিত্তিতে উৎপাদনকেন্দ্রগুলি নিয়মিত চালু রাখা এবং শরণার্থীদের নিরবচ্ছিন্ন মাসিক মজুরী আয় বজায় রাখার উদ্দেশ্যে সরকারের অন্যান্য বিভাগ, অগ্নিনির্বাপক বিভাগ, বিভিন্ন জেলা-স্কুল পর্ষৎ, ইত্যাদি প্রতিষ্ঠান থেকে অর্ডার নিয়েও মাল সরবরাহ করা হয়। উৎপাদনকেন্দ্রগুলির জন্য কাঁচামাল ক্রয়, যন্ত্রপাতির মেরামত, শ্রমিকদের মজুরি এবং প্রশাসনিক ব্যয় বাবত বাজেটে পঞ্চাশ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়েছে।

মাননীয় স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গের এই বিভাগের অধীনে বর্তমানে আটটি মহিলা এবং পাঁচটি দীর্ঘস্থায়ী দায়ভুক্ত (পি এল) শরণার্থীদের জন্য সদন এবং অথর্বাবাস আছে, এগুলির অধিবাসী সংখ্যা ৫,২৮৬ জন। এই সদনগুলির রক্ষণাবেক্ষণ, সদস্যদের খাওয়াপরা, চিকিৎসা, ইত্যাদি এবং কর্মচারিদের বেতন বাবত ১৯৮১-৮২ আর্থিক বছরের বাজেটে ১,২০,১৫,০০০ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। সদনগুলির রক্ষণাবেক্ষণের ব্যয় হ্রাসের উদ্দেশ্যে পুনর্বাসনযোগ্য পরিবারগুলিকে যত শীঘ্র সম্ভব পুনর্বসতি দেওয়া হচ্ছে। ১৯৮১-৮২ আর্থিক বছরের এই ধরনের পরিবারগুলির পুনর্বসতির লক্ষ্যমাত্রা ৫০০টি।

শরণার্থীদের জন্য চিকিৎসার সুযোগ-সুবিধার উদ্দেশ্যে এই বিভাগ বিভিন্ন সরকারি এবং বেসরকারি হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহে টি বি ও অন্যান্য রোগীদের জন্য শয্যা সংরক্ষিত রেখেছে। তদ্ব্যতীত এই বিভাগের অধীনে পাঁচটি ভ্রাম্যমান টি বি চিকিৎসাদল আছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে বীরভূম জেলার গিরিডাঙ্গায় অবস্থিত নিরাময় টি বি স্বাস্থ্যনিবাসটি পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ কর্তৃক অধিগৃহীত হচ্ছে। ঐ স্বাস্থ্য নিবাসে শরণার্থীদের জন্য এখন ৫০টি টি বি শয্যা সংরক্ষিত আছে। শরণার্থীদের চিকিৎসা বাবদ ব্যয় বরাদ্দের পরিমাণ পঁয়তাল্লিশ লক্ষ টাকা।

মাননীয় স্পিকার মহাশয়, শরণার্থীদের ছেলেমেয়েদের শিক্ষার জন্য ১৬০০টি প্রাথমিক বিদ্যালয় আছে, এর মধ্যে ৬০০টি শহরাঞ্চলে, ১০০০টি গ্রামাঞ্চলে অবস্থিত। শিক্ষকের সংখ্যা অনুসারে বিদ্যালয়প্রতি বাৎসরিক ব্যয় ১২,০০০ থেকে ১৪,০০০ টাকা। শরণার্থীদের ছেলেমেয়েদের জন্য ৩৯টি মাধ্যমিক বিদ্যালয় আছে। প্রদায়িক প্রভিডেন্ট ফান্ড সহ বেতন বাবত, পুস্তক ক্রয় ও ছেলেমেয়েদের জন্য শ্লেট ক্রয় বাবত এবং উপনিমিত্ত নিধি বাবত ৩১২.০২ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

মাননীয় স্পিকার মহাশয়, বিলিকৃত ও জমির উপর স্থায়ী স্বত্ব না থাকার দরুন শরণার্থীদের পক্ষে অত্যন্ত প্রত্যাশিত সামাজিক অর্থনৈতিক মর্যাদা অর্জিত হয় না ব'লে জমির স্থায়ী স্বত্ব প্রদানের কাজটি সর্বাধিক গুরুত্ব দিয়ে সম্পন্ন করার চেষ্টা হচ্ছে। ১৯৮০-৮১ বছরে এই কাজটি পূর্ণ উদ্যমে শুরু হয়েছে। অবশ্য, কেন্দ্রীয় সরকার একমাত্র গ্রামীণ এলাকায় পূর্ণ স্বত্ব দানে সম্মত হওয়ায় একমাত্র এই এলাকাতেই স্বত্ব প্রদানের কাজটি আপাতত সীমাবদ্ধ আছে।

যদিও কেন্দ্রীয় সরকারকে তাঁদের ৯৯ বছর পাট্টা দেবার অনড় নীতি পরিবর্তন ক'রে শহরাঞ্চলের বিলিকৃত জমির জন্য হয় গ্রামীণ শরণার্থীদের মত পূর্ণ স্বত্বস্বামীত্ব প্রদান অথবা সল্ট লেক, কল্যাণী ইত্যাদি উপনগরী প্রকল্পগুলির মত ৯৯৯ বছরের পাট্টা দেবার নীতিতে সম্মত হবার উদ্দেশ্যে বিগত বছর থেকে রাজ্য সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, তথাপি কেন্দ্রীয় সরকার এখনও তাদের এই দাবি না মানার নীতিতে অনড় থাকার জন্য শহরাঞ্চলের শরণার্থীদের বিলিকৃত জমির স্বত্বস্বামীত্ব দেবার ব্যাপারে প্রতিবন্ধকতা এখনও রয়ে গেছে। গ্রামীণ শরণার্থীদের মতো শহরাঞ্চলের শরণার্থীদেরও বিলিকৃত জমির জন্য পূর্ণ স্বত্ব দেবার বিষয়টিকে সব দিক দিয়ে বিচার-বিবেচনা ক'রে সর্বাপেক্ষা গুরুত্ব দিয়ে আমাদের মুখ্যমন্ত্রীও প্রধানমন্ত্রীকে একটি পত্র দিয়েছেন। কেন্দ্রীয় সরকার সূত্রে খবর পাওয়া গেছে যে বিষয়টি তাঁদের বিবেচনাধীন আছে।

মাননীয় স্পিকার মহাশয়, অভিজ্ঞতায় দেখা গেছে যে যথাযথ উন্নয়নের অভাবে এবং অস্বাস্থ্যকর পরিবেশও কলোনিগুলিতে সামাজিক-অর্থনীতিকে উত্তেজনা বৃদ্ধির জন্য অনেকাংশে দায়ী, এই কারণে কলোনিগুলির উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে।

বিগত বছরে যে সমস্ত কলোনির উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছিল তার জন্য ১৯৮০-৮১ আর্থিক বছরে ৯০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য এই যে বিগত পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষে ১২৯টি শহর কলোনির ২৭,২৪৮টি প্লটের উন্নয়নের জন্য ১৪ কোটি টাকা বরাদ্দ করতে অনুরোধ জানানো হয়েছিল। এই মোট লক্ষ্যের মধ্যে ১৯৮০-৮১ আর্থিক বছরের লক্ষ্য ছিল ৫৬টি কলোনির ৬,৬৭৬টি প্লটের জন্য ২ কোটি টাকা। এই কাজগুলি বিভিন্ন পৌরসভা, সি এম ডি এ, পি ডব্লু ডি, পি এইচ ইঞ্জিনিয়ারিং এবং

কনস্ট্রাকশন বোর্ডের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে আমাদের উন্নয়নের লক্ষ্য প্রায় ১০ হাজার প্লট, ব্যয়ের পরিমাণ দুই কোটি টাকা।

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের সঙ্গে পরামর্শ ক'রে সিদ্ধান্ত করা হয়েছে যে, ১৯৭৫ সালের জুন মাসের পূর্ব পর্যন্ত সরকারের খাস জমিতে যে সকল শরণার্থী অবস্থান করছেন ঐ জমিতে তাঁদের স্থায়ী পুনর্বাসনের জন্য পাট্টা দেওয়া হবে। এই পরিকল্পনা অনুসার, স্থানীয় পুনর্বাসন আধিকারিক যাদের শরণার্থী ব'লে সনাক্ত ক'রে দেবেন, স্থানীয় জে এল আর ও তাদের পাট্টা দেবেন। বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদ এবং উত্তরবঙ্গের শিলিগুড়ি জলপাইগুড়ির খাস জমিতে অবস্থিত শরণার্থীদের সংখ্যা অধিক থাকায়, প্লটের বিস্তারিত তথ্যের ভিত্তিতে সনাক্তকরণ এবং পাট্টা দেবার ব্যাপারে স্থানীয় জে এল আর ও-দের সঙ্গে পরামর্শের কাজকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে ঐ সকল অঞ্চলে এই বিভাগীয় আধিকারিকদের একটি দলকে পাঠানো হয়েছিল। এই সকল জেলায় কাজ আরম্ভ হয়ে গেছে, ১৯৮১-৮২ আর্থিক বছরে বাকি জেলাগুলিতে কাজ আরম্ভ হবে।

মাননীয় স্পিকার মহাশয়, এরাজ্যে শরণার্থীদের সামাজিক-অর্থনৈতিক পুনর্বসতির কাজকে সুষ্ঠু ও ত্বরান্বিত করার উদ্দেশ্যে ১৯৭৯ সালের জানুয়ারি মাসে শ্রীসমর মুখার্জি, এম পি-কে সভাপতি ক'রে একটি "শরণার্থী পুনর্বাসন" কমিটি গঠিত হয়েছিল। এই রাজ্যে শরণার্থী পুনর্বাসনের সামগ্রিক মূল্যায়ন এবং যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৫০০ কোটি টাকা দাবি করা হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে এবং এই কমিটি তা বিশ্লেষণ ক'রে দেখছেন।

কমিটি কর্তৃক রচিত প্রশ্নমালার প্রচারের ভিত্তিতে কমিটির সদস্যবৃন্দ থানা পর্যন্ত যত শরণার্থী আছেন তাঁদের সম্পর্কে সরজমিনে ব্যাপক অনুসন্ধান করেছেন। সরজমিনে যে সকল অনুসন্ধান শুরু করা হয়েছিল সেগুলি জেলা ও মহকুমা শাসকদের তত্ত্বাবধানে শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন আধিকারিকবৃন্দ সম্পন্ন করেছেন। এই ব্যাপারে উদ্বাস্তু সংগঠন এবং পঞ্চায়েতগুলির সাহায্য অত্যন্ত কাজে লেগেছে। সাহায্যদানের ব্যাপারে বেসরকারি সংস্থাগুলির মধ্যে সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদের (ইউ সি আর সি) নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। রিপোর্ট চূড়ান্ত করার উদ্দেশ্যে কমিটির মেয়াদ ৩১-৫-৮১ পর্যন্ত বাড়ানো হয়েছে। কমিটি শরণার্থীদের অর্থনৈতিক পুনর্বাসনের উপর বিশেষ গুরুত্ব দেবেন, কারণ বিগত প্রায় তিন যুগে এ বিষয়ে কোনও কার্যকর ও নিরবচ্ছিন্ন প্রয়াস চালানো হয়নি, ফলতঃ হাজার হাজার শরণার্থী দারিদ্রসীমার অনেক নিচে প'ড়ে ধুঁকছেন। কমিটি তাদের কাজের মাধ্যমে শরণার্থীদের মধ্যে, বিশেষ ক'রে গ্রামাঞ্চলের শরণার্থীদের মধ্যে প্রভূত উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করতে পেরেছেন। আশা করা যায় যে কমিটির সুপারিশ যখন চূড়ান্তভাবে প্রকাশিত হবে তখন এই রাজ্যে শরণার্থীদের সমস্যাবলীর একটি তথ্যসমৃদ্ধ বিবরন এবং সেইসকল সমস্যা সম্ভাব্য সমাধানের বাস্তব পরামর্শ সরকারের কাছে উপস্থাপিত হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৮ সালের নজিরবিহীন বন্যা ও ১৯৭৯ সালের ভয়াবহ খরায় এই রাজ্যে ব্যাপক শস্যহানির ফলে গ্রামবাংলার অর্থনীতিতে এক চরম সংকট সৃষ্টি হয়েছে। রাজ্যের বামফ্রন্ট সরকার এই সঙ্কট থেকে মুক্ত হবার জন্য আন্তরিক ও সর্বতোভাবে প্রয়াসী হওয়ায় অবস্থা কোনও সময়েই আয়ত্তের বাইরে যেতে পারেনি। রাজ্য সরকারের ত্রাণ বিভাগও এ বিষয়ে সবিশেষ তৎপর থাকায় চলতি আর্থিক বৎসরের সূচনাতেই গ্রামাঞ্চলে যথাসম্ভব ত্রাণ কার্য চালু করা হয়। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় দুঃস্থ জনসাধারণের দুর্গতিমোচনে রাজ্য সরকারের সর্বাত্মক প্রয়াস ও ঐকান্তিকতা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা, চরম ঔদাসীন্য ও বিমাতৃসুলভ আচরণের ফলে চলতি আর্থিক বৎসরের ত্রাণকার্য বিশেষভাবে বিঘ্নিত হয়েছে এবং বহু ক্ষেত্রে প্রয়োজনমতো ত্রাণব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, রাজ্যের বামফ্রন্ট সরকারের দক্ষ পরিচালনায় এই রাজ্যে "কাজের বিনিময়ে খাদ্য" প্রকল্পের সার্থক রূপায়ণ সারা দেশে এক নজির সৃষ্টি করেছে। কৃষিকার্যে মন্দার মরশুমে গ্রামাঞ্চলের দুঃস্থ জনসাধারণের এক উল্লেখযোগ্য অংশ মহাজনী শোষণের শিকার না হয়ে এই প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র নিজেরাই সাময়িকভাবে সঙ্কটমুক্ত হননি—নিজেদের শ্রমের বিনিময়ে গ্রামাঞ্চলে তাঁরা যে স্থায়ী সম্পদ সৃষ্টি করেছেন তা এ পর্যন্ত পূর্বতন কোনও সরকারের আমলে হয়নি। কিন্তু, চলতি আর্থিক বৎসরের কেন্দ্রীয় সরকার নানা অজুহাতে এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় খাদ্যশস্য সরবরাহ করেননি। চলতি আর্থিক বৎসরে এই প্রকল্প রূপায়ণের জন্য কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ সর্বমোট ৫০,০০০ মেট্রিক টন। এই ৫০,০০০ মেট্রিক টনের মধ্যে সর্বমোট ২০,০০০ মেট্রিক টন চাল ১৯৭৯ সালের কেবলমাত্র খরাপীড়িত এলাকায় বিশেষ কাজের কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প রূপায়ণের জন্য বরাদ্দ করা হয় এবং ঐ প্রকল্প ত্রাণ বিভাগ কর্তৃক রূপায়িত হয়েছে। প্রকৃত চাহিদার তুলনায় এই বরাদ্দ অত্যন্ত সামান্য বিবেচনায় কেন্দ্রকে অতিরিক্ত বরাদ্দের জন্য বহুবার অনুরোধ করা হয়। কিন্তু সব কিছু অনুরোধ ও আবেদন উপেক্ষা করে কেন্দ্র রাজ্যসরকারের বিরুদ্ধে বরাদ্দকৃত খাদ্যশস্যের সদ্ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় হিসাব না দেওয়ার ভিত্তিহীন অভিযোগ উত্থাপন করেন। কেন্দ্র কর্তৃক এই অভিযোগ সম্পূর্ণ অসত্য ও উদ্দেশ্য প্রণোদিত বিবেচনা ক'রে রাজ্য সরকার প্রকৃত সত্য উদ্‌ঘাটনের জন্য বিষয়টি যাতে সর্বোচ্চ আদালত কর্তৃক বিচার করা হয় সেই মর্মে রাষ্ট্রপতিকে অনুরোধ করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় কেন্দ্র রাজ্য সরকারের এই রাষ্ট্রপতিকে অনুরোধ করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় কেন্দ্র রাজ্য সরকারের এই প্রস্তাবেও রাজি হননি। এটা কি ধরনের গণতন্ত্র তা আমাদের জানা নেই! কেন্দ্রের এই অসহযোগিতার ফলে স্বাভাবিক কারণেই রাজ্য সরকারের পক্ষে এই প্রকল্প প্রয়োজনমতো চালু রাখা সম্ভবপর হয়নি। অধিক অভাবগ্রস্ত কারণেই রাজ্যসরকারের পক্ষে এই প্রকল্প প্রয়োজনমতো চালু রাখা সম্ভবপর হয়নি। অধিক অভাবগ্রস্ত এলাকাগুলিতে এই প্রকল্প রূপায়ণের জন্য রাজ্য সরকারের নিজ তহবিল থেকে সাধ্যমত খাদ্যশস্য কিনে সরবরাহ করেছেন। গত ১৫ই ডিসেম্বর ১৯৮০ তারিখ থেকে কেন্দ্র কাজের

বিনিময়ে খাদ্য প্রকল্পের পরিবর্তে জাতীয় গ্রামীণ কর্মমুখী প্রকল্প নামে এক নতুন প্রকল্প রচনা ক'রে গ্রামাঞ্চলে চালু করার জন্য রাজ্য সরকারকে কিছু খাদ্যশস্য সরবরাহ করেছেন। এই নতুন প্রকল্পটি রাজ্য সরকারকে কিছু খাদ্যশস্য সরবরাহ করেছেন। এই নতুন প্রকল্পটি রাজ্য সরকারের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মাধ্যমে রূপায়িত হচ্ছে।

১লা এপ্রিল ১৯৮০ থেকে ৩১শে জানুয়ারি ১৯৮১ তারিখ অবধি বিভিন্ন জেলায় কাজের বিনিময়ে খাদ্য ও বিশেষ কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের মাধ্যমে ২ কোটি ৮৬ লক্ষ ৯২ হাজার শ্রমদিবস সৃষ্টি হয়েছে এবং সর্বশেষ প্রাপ্ত সংবাদমতো এই প্রকল্পগুলির মাধ্যমে বিভিন্ন জেলায় ১৭,০৮২টি পুরাতন রাস্তার সংস্কার, ৮৪৬টি নতুন রাস্তা নির্মাণ, ৩,০৫৯টি খাল খনন বা সংস্কার, ৯,১১৪টি পুষ্করণী খনন বা সংস্কার, ২,৫৩৬টি ক্ষুদ্র সেচ প্রকল্প, ১,৯১৫টি কৃষি উৎপাদন বৃদ্ধি সহায়ক প্রকল্প, ১,১৮৯টি বাঁধ সংস্কার, ৯৪৮টি প্রাথমিক বিদ্যালয় সংস্কার ও ২,৭২০টি বিবিধ প্রকল্প রূপায়িত হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বৎসরগুলির মতো চলতি আর্থিক বৎসরে এই রাজ্য প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে রেহাই পায়নি। গত এপ্রিল-মে মাসে পশ্চিম দিনাজপুর, কোচবিহার, দার্জিলিং, বর্ধমান, নদীয়া ও মেদিনীপুর জেলার কয়েকটি এলাকা ঘূর্নিঝড় ও শিলাবৃষ্টিতে বিশেষ ক্ষতিগ্রস্ত হয়। বন্যা পরিস্থিতির সামান্য উন্নতি হতে না হতেই সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে দার্জিলিং জেলার কিছু এলাকা প্রবল বর্ষণের ফলে ধ্বস নামায় বিশেষ ক্ষতিগ্রস্ত হয়। বন্যা ও ধ্বসের ফলে ধ্বস নামায় বিশেষ ক্ষতিগ্রস্ত হয়। বন্যা ও ধ্বসের ফলে এই রাজ্যের ৩,৮১৮ (তিন হাজার আট শত আঠারো) বর্গকিলোমিটার এলাকা ২৬ লক্ষ ২০ হাজারেরও অধিক মানুষ কমবেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন। প্রায় ৫ লক্ষ ২৮ হাজার একর জমির ৩৩ কোটি ৩৭ লক্ষ টাকা মূল্যের শস্য বিনষ্ট হয়েছে। প্রায় ২ লক্ষ ৬৯ হাজার ঘরবাড়ি হয় সম্পূর্ণ বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হয়েছে। ৬৫ জন মানুষ বন্যা ও ধ্বসের ফলে প্রাণ হারিয়েছেন ও ১,০৯৫টি গবাদি পশু বিনষ্ট হয়েছে। ৭৮ কোটি ২ লক্ষ টাকা মূল্যের সরকারি ও বেসরকারি সম্পত্তি বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হয়েছে।

বন্যা ও ধ্বসের সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে স্থানীয় প্রশাসন অত্যন্ত দক্ষতার সঙ্গে পঞ্চায়েত ও বেসরকারি জনকল্যাণকামী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সহযোগিতায় ত্রাণ ও উদ্ধারকার্যের ব্যবস্থা গ্রহণ করেন। জরুরি ব্যবস্থা হিসাবে দুর্গত জনসাধারণকে নিরাপদ স্থানে উদ্ধার ক'রে খাদ্য, বস্ত্র, দুধ, ঔষধ দেওয়া হয়। অধিক ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে যেখানে বন্যার স্থায়িত্ব বিশেষ সংকট সৃষ্টি করে সেইসব স্থানের দুস্থ মানুষদের বেশ কিছুদিন রান্না-করা খাবার দেওয়া হয়। এ ছাড়া পানীয় জল সরবরাহ ও গবাদি পশুর খাদ্য ও ঔষধের ব্যবস্থাও করা হয়। ত্রাণব্যবস্থা সরেজমিনে দেখার জন্য আমি ও মন্ত্রিসভার অন্যান্য সদস্যগণ বন্যা ও ধ্বসে ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে একাধিকবার গিয়েছি ও সরকারের সীমিত সম্পদের মধ্যে যতদূর সম্ভব ত্রাণব্যবস্থা গ্রহণ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে উপর্যুপরি প্রাকৃতিক বিপর্যয়ে এই রাজ্যে যে সংকট সৃষ্টি হয়েছে তা এককভাবে রাজ্যসরকারের সীমিত সম্পদের মধ্যে সুষ্ঠুভাবে মোকাবিলা করা অসম্ভব। তাই চলতি আর্থিক বৎসরেও এই রাজ্যের বিভিন্ন জেলা বন্যা ও ধ্বসে ক্ষতিগ্রস্ত হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারকে সম্পূর্ণ বিষয় অবহিত করে এই রাজ্যে অবিলম্বে কেন্দ্রীয় সমীক্ষক দল পাঠিয়ে ক্ষয়ক্ষতি নিরূপণ ও কেন্দ্রীয় সাহায্যের জন্য অনুরোধ করা হয়। গত সেপ্টেম্বর মাসে রাজ্যসরকারের অনুরোধমতো এই রাজ্যে কেন্দ্র একটি সমীক্ষক দল পাঠান এবং ঐ দল অধিক ক্ষতিগ্রস্ত জেলাগুলি সরেজমিনে পরিদর্শন করেন। বন্যা ও ধ্বসে ক্ষতিগ্রস্ত জেলাগুলির দুঃস্থ জনসাধারণের ত্রাণ পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য কেন্দ্র যাতে রাজ্য সরকারকে অবিলম্বে ৩৮ কোটি ৯৩ লক্ষ ৪৯ হাজার টাকা বরাদ্দ ও ৫৫ হাজার মেট্রিক টন গম সরবরাহ করেন সেই মর্মে সুপারিশ করার জন্য রাজ্যসরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সমীক্ষক দলকে অনুরোধ করা হয়। কিন্তু, দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রীয় সরকার বন্যা ও ধ্বসে ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে ত্রাণ, পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য শুধুমাত্র কয়েকটি নির্দিষ্ট খাতে ব্যয়ের জন্য মোট ২৩ কোটি ৫৬ লক্ষ ৪৭ হাজার টাকা সর্বোচ্চ সীমা হিসাবে নির্ধারণ ক'রে খয়রাতি সাহায্য বা কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য সরবরাহে অক্ষমতা জ্ঞাপন করেন। আরও পরিতাপের বিষয় যে, এ পর্যন্ত কেন্দ্রের কাছ থেকে বন্যাত্রাণ, পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য বাস্তবে সর্বমোট ৫ কোটি টাকা পাওয়া গেছে। স্বাভাবিক কারণে রাজ্য সরকারের আন্তরিকতা সত্ত্বেও পূর্বতন বৎসরগুলির মতো সম্পূর্ণ সুষ্ঠুভাবে ত্রাণ ও পুনর্বাসন কার্য পরিচালনা বিঘ্নিত হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ও মাননীয় সদস্যগণ জানেন যে আকস্মিক বন্যা বা ঘূর্ণিঝড়ে একই সঙ্গে বিভিন্ন ব্যাপক অংশ ক্ষতিগ্রস্ত হলে স্থানীয় বিপুলসংখ্যক জনসাধারণকে উদ্ধার করে নিরাপদ স্থানে আশ্রয়দানের জন্য প্রয়োজনীয় অস্থায়ী শিবির স্থাপন ও ত্রিপলের ব্যবস্থা করা একটি দুরূহ কাজ। বিগত বৎসরগুলির অভিজ্ঞতায় রাজ্যের বামফ্রন্ট সরকার যতদূর সম্ভব এই সমস্যা সমাধান করা যায় সেই বিষয়ে সর্বতোভাবে প্রয়াসী হয়েছেন এবং রাজ্যের ১০টি অধিক বন্যা প্রবণ জেলায় ইরোপীয়ান ইকনমিক কমিউনিটির আর্থিক সহায়তায় ৮৫টি দ্বিতল পাকা আশ্রয় শিবির গঠনের ব্যবস্থা গ্রহণ করেছেন। রাজ্যের পূর্ত বিভাগের মাধ্যমে জরুরি ভিত্তিতে এই আশ্রয় শিবির স্থাপনের কাজ চলতি আর্থিক বৎসরেই শুরু করা হয়েছে এবং পূর্ত বিভাগের তৎপরতায় কাজ দ্রুত এগোচ্ছে। প্রাতিটি আশ্রয় শিবির প্রায় ১,০০০ দুর্গত ব্যক্তিকে আশ্রয়দান সম্ভব হবে এবং প্রতিটি শিবির স্থাপনের আনুমানিক ব্যয় ৩ লক্ষ টাকা। স্বাভাবিক সময় আশ্রয় শিবিরগুলি সমষ্টি উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হবে। আশ্রয় শিবির স্থাপন ছাড়া বন্যার সময় প্রয়োজনীয় ক্ষিপ্রতার সঙ্গে ত্রাণ ও উদ্ধারকার্যের জন্য উক্ত সংস্থার সহায়তায় বেশ কয়েকটি নৌকা ক্রয়ের ব্যবস্থা করা হচ্ছে। সমুদ্র-উপকূলবর্তী ২৪-পরগনা ও মেদিনীপুর জেলার কয়েকটি স্থানে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত দুঃস্থ জনসাধারণকে দ্রুত আশ্রয়দানের উদ্দেশ্যে ঐ দুটি জেলায় কয়েকটি স্থায়ী ত্রাণ ও আশ্রয় শিবির স্থাপনের জন্য

রাজ্যসরকারের ত্রাণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা বিবেচনা করছেন। তামিলনাড়ু সরকারের অনুরোধে আমি ঐ রাজ্যে রাজ্যসরকার কর্তৃক স্থাপিত অনুরূপ আশ্রয় শিবির দেখে এসেছি। শিবিরগুলি এই রাজ্যে স্থাপিত হলে ঘূর্ণিঝড়ের আশঙ্কা-ক্লিষ্ট জনসাধারণ যথা সময়ে বিশেষভাবে উপকৃত হবেন আশা করা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ও মাননীয় সদস্যগণ জানেন যে সমস্যাকীর্ণ এই রাজ্যে প্রকৃতির রোষ থেকে একটি বৎসরও রেহাই পায়নি। বন্যা, খরা, ঘূর্ণিঝড় ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয়ে এই রাজ্যের বিভিন্ন জেলা প্রায় প্রতি বৎসরেই একাধিকবার ক্ষতিগ্রস্ত হয়েছে। শুধু লড়া মাত্র ত্রাণের জন্যই রাজ্যসরকারকে প্রতি বৎসর প্রভূত অর্থ ব্যয় করতে হচ্ছে এবং এ বিষয়ে নিয়োজিত থাকতে হচেছ। বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণকার্য পরিচালনায় বহুবিধ সাহায্য করেছেন। পূর্বতন বৎসরগুলির অভিজ্ঞতায় প্রাকৃতিক বিপর্যয় উদ্ভূত জরুরি অবস্থায় রাজ্যসরকারের নির্দেশে ক্ষতিগ্রস্ত এলাকায় সুষ্ঠুভাবে উদ্ধার ও ত্রাণকার্য পরিচালনার জন্য আন্তর্জাতিক সেবা প্রতিষ্ঠান রেডক্রসের ভারতীয় শাখা বিভিন্ন রাজ্যে স্থায়ী ত্রাণভান্ডার ও ত্রাণ প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে রাজ্যসরকারগুলির কাছে প্রয়োজনীয় জমি ও আর্থিক সাহার্যের আবেদন করেছিলেন। এইসব কেন্দ্রীয় ত্রাণভান্ডারে জরুরি অবস্থায় ব্যবহারের জন্য প্রয়োজনীয় খাদ্য, বস্ত্র, ত্রিপল, দুধ, ওষুধ, নৌকা, গাড়ি ভ্রাম্যমান হাসপাতালের সরঞ্জাম ও গাড়ি মজুত থাকবে। এ ছাড়া ত্রাণ ও উদ্ধারকার্য পরিচালনার জন্য সকল অবস্থায় বিভিন্ন বিষয়ে পারদর্শী দল সর্বদা তৈয়ারি থাকবেন ও এ বিষয়ে নতুন দলের প্রশিক্ষণ ব্যবস্থা থাকবে। অন্যান্য রাজ্যসরকারের মতো পশ্চিমবঙ্গেও রাজ্যসরকার এই আঞ্চলিক ত্রাণভান্ডার ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে রাজ্য রেডক্রসকে ৫৩ লক্ষ ২৪ হাজার টাকা মূলের ১১ একর জমি বিধাননগরে (সল্ট লেক) দান করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৯ সালের নভেম্বর মাস থেকে পার্শ্ববর্তী আসাম রাজ্য থেকে বলপূর্বক উৎখাত হ'য়ে যাঁরা এ রাজ্যে আসতে শুরু করেন চলতি আর্থিক বৎসরেও তাঁদের এই রাজ্যে আগমন অব্যহত ছিল। এইসব হতভাগ্য অসহায় মানুষদের সাময়িক আশ্রয় ও ত্রাণ সাহায্যের জন্য গত বৎসরেই জলপাইগুড়ি জেলায় ১৩৮টি অস্থায়ী শিবির খোলা হয়। চলতি আর্থিক বৎসরের জুলাই-আগস্ট মাসে আসাম রাজ্যে নতুন ক'রে গোলমাল শুরু হওয়ায় অল্প সময়ের মধ্যে বেশ কয়েক হাজার দুঃস্থ মানুষ আবার ঐ রাজ্য থেকে জলপাইগুড়ি জেলা ও পার্শ্ববর্তী এলাকায় আসেন। এইসব অসহায় মানুষ আলিপুরদুয়ার রেল স্টেশন বেশ কিছুদিন ধরে অবস্থান করায় এক অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়। কেন্দ্রীয় সরকারকে এইসব মানুষের অবিলম্বে নিজ রাজ্যে প্রত্যাবর্তনের ব্যবস্থা করার অনুরোধ বারংবার করা সত্ত্বেও কোনও ফল হয়নি। তাই রাজ্যসরকার শুধুমাত্র নীরব দর্শকের ভূমিকা গ্রহণ না ক'রে অত্যন্ত আর্থিক টানাটানি সত্ত্বেও এইসব নতুন শরণার্থীর জন্য কোচবিহার জেলার জোড়াই নামক স্থানে ৫০টি অস্থায়ী শিবির স্থাপন ক'রে তাঁদের আশ্রয়ের ব্যবস্থা করেছেন। ও প্রয়োজনীয় ত্রাণ সাহায্য দিচ্ছেন। জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় কমবেশি ২০০টি শিবিরে

বর্তমানে ১২,৫৬০ জন শরণার্থী ত্রাণ সাহায্য পাচ্ছেন। এ ছাড়া রাজ্যসরকারের স্বাস্থ্য বিভাগ এইসব শরণার্থীর ত্রাণসাহায্যের জন্য কোনও আর্থিক সাহায্য এখনও কেন্দ্রের কাজ থেকে পাওয়া যায়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৎসর জুন মাসে পার্শ্ববর্তী ত্রিপুরা রাজ্যে এক অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হ'লে রাজ্যের বামফ্রন্ট সরকার ঐ রাজ্যে দুর্গত জনসাধারণের সাহায্যার্থে ৩ লক্ষ ৪৬ হাজার ৫৪০ টাকা মূল্যের ত্রাণসামগ্রী ও ওষুধ বিনামূল্যে সরবরাহ করেন ও জরুরি চিকিৎসার জন্য চিকিৎসক দল পাঠান।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে রাজ্যের বামফ্রন্ট সরকার দুঃস্থ জনসাধারণের দুর্গতিমোচনে অঙ্গীকারবদ্ধ। তাই কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের অবলুপ্তিতে মন্দার মরশুমে অথবা প্রাকৃতিক বিপর্যয়ের সময় ও পরে গ্রামাঞ্চলের দুঃস্থ জনসাধারণ যাতে দুর্দশাগ্রস্ত না হন সেই উদ্দেশ্যে প্রকৃত অভাবী এলাকায় ত্রাণকার্য চালু করার ব্যবস্থা করেছেন। এই কাজে নিযুক্ত দুঃস্থদের আপাতত দৈনিক পাঁচ টাকা হারে মজুরি দেওয়া হবে এবং পঞ্চায়েত সংস্থার মাধ্যমে এই ত্রাণসাহায্য দেওয়া হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিবর্তিত অবস্থায় প্রকৃত জনকল্যাণমুখী ও সুষ্ঠু ত্রাণনীতি রচনা ও তার সার্থক প্রয়োগের উদ্দেশ্যে চলতি রিলিফ ম্যানুয়াল সংশোধনের কাজে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং আশা করা যাচ্ছে আগামী আর্থিক বৎসর শেষ হওয়ার আগেই এই কাজ সমাপ্ত হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চলতি আর্থিক বৎসরে যে ত্রাণব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা মাননীয় সদস্যদের সাহায্য ও সহযোগিতার ফলেই সম্ভব হয়েছে। আগামী বৎসরে আমি অনুরূপ সাহায্যের আশা রেখে ১৯৮১-৮২ সালে উপরোক্ত খাতে ব্যয়বরাদ্দ প্রস্তাব অনুমোদনের অনুরোধ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 p.m.]

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী যে ব্যয়-বরাদ্দর দাবি পেশ করেছেন সেই প্রসঙ্গে আমার প্রথমেই মনে হয়েছে এই বিভাগের মানে ত্রাণ ও পুনর্বাসন বিভাগের কিছু ত্রাণ ও পুনর্বাসন ব্যবস্থা থাকা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে রাজ্যে অস্বাভাবিক দুর্ঘটনা, প্রাকৃতিক বিপর্যয় প্রতি বৎসরের ঘটনা, যে রাজ্যে বন্যা খরায় লক্ষ লক্ষ মানুষ বৎসরের পর বৎসর বিপর্যস্ত হয় সেই দেশের ত্রাণ খাতে মাননীয় মন্ত্রী বরাদ্দ করেছেন ১৩ কোটি ৬০ লক্ষ টাকা এবং যে রাজ্যে উদ্বাস্তু সমস্যা আজও জীবন্ত সমস্যা, যে রাজ্যে শিবিরে শিবিরে হাজার হাজার শরণার্থী প্রতিক্ষা করছেন, যে রাজ্যে প্রতিনিয়ত অন্যান্য শিবির থেকে শরণার্থীরা আসছেন, যে রাজ্যে বাংলাদেশে থেকে মাঝে-মাঝে শরণার্থীর মিছিল দেখা যাচ্ছে এবং স্বীকৃত শিবিরগুলি ছেড়েও বাইরে শরণার্থীরা

রয়েছেন তাদের পুনর্বাসনের জন্য মাননীয় মন্ত্রী বরাদ্দ করেছেন মাত্র ১৩ কোটি ৭৮ লক্ষ ১৩ হাজার টাকা সর্বসাকুল্যে মাত্র ২৭ কোটি টাকার মতন। যে সরকার পুলিশ খাতে প্রায় ৭৫ কোটি টাকা ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেন সেই সরকার সব চেয়ে মানবিক যে দিক সেইদিকে তারা কেবলমাত্র ২৭ কোটি টাকা বরাদ্দ উপস্থিত করেছেন। আমি মনে করি এর চাইতে নিষ্ঠুর পরিহাস আর কি হতে পারে। যারা নিজেদের জনতার সরকার বলে পরিচয় দেন, জনগণের সরকার বলে নিজেদের পরিচয় দেন, জনগণের সরকার বলে নিজেদের পরিচয় দেন তাদের পক্ষে লজ্জার কথা কারণ এত কম বরাদ্দ নিঃসন্দেহে মর্মান্তিক। মানবিক দিক থেকে এটা উপস্থিত করা উচিত হয়নি এই সরকারের। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী বারবার ১৯৭৮ সালের বন্যা আর ১৯৭৯ সালের খরার কথা দিয়ে বক্তৃতা শুরু করেছেন। আমি অবাক বিস্ময়ে দেখি যে কোনও মন্ত্রী ১৯৮১-৮২ সালের বাজেট বরাদ্দ উপস্থিত করতে গিয়ে সরকারি কৃতিত্বের দৃষ্টান্তস্বরূপ ১৯৭৮ সালের বাজেট বরাদ্দ উপস্থিত করতে গিয়ে সরকারি কৃতিত্বের দৃষ্টান্তস্বরূপ ১৯৭৮ সালের বন্যা আর ঐ ১৯৭৯ সালের খরার কথা উল্লেখ করেন। এই সরকারের কি কৃতিত্ব সেটা তাঁরা জানান। কিন্তু ১৯৭৮ সালের সেই বন্যায় যারা দুর্গত তাদের সকলের পুনর্বাসন ব্যবস্থা যে আজও হয়নি তাদের সকলের সমস্ত দুর্যোগ যে আজও যায়নি এবং সম্পূর্ণভাবে সরকার তাদের জন্য ব্যবস্থা যে আজও করতে পারেননি—এই কথা সরকারের বক্তৃতায় কিন্তু আজও শোনবার সুযোগ পাইনি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৮ সালের বন্যায় যাদের ঘর ভেঙ্গেছিল শস্য হানি হয়েছিল, ক্ষয়ক্ষতি হয়েছিল তাদের অনেকেরই পুনর্বাসনের ব্যবস্থা সরকার আজও করতে পারেননি। কাজেই ১৯৭৮ সালের বন্যা, ১৯৭৯ সালের খরা আপনাদের পক্ষে কৃতিত্বের পরিচায়ক নয়, অনেকাংশে আপনাদের ব্যর্থতার পরিচায়ক। সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই আমরা সে সময় যখন আলোচনা করেছিলাম মাননীয় ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী আবার যে কথার উল্লেখ করেছেন—আবার পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে সেখানে বন্যা বা খরা হোক আপনারা অনেক সময় রাজনীতির অনুপ্রবেশ ঘটিয়েছিলেন দলবাজি ঘটিয়েছিলেন, বেছে বেছে ত্রাণ দিয়েছেন, বেছে বেছে মানুষের পুনর্বাসন ব্যবস্থা করেছেন একথা অস্বীকার করার উপায় নেই। আমি একটু মরিচঝাঁপির কথা বলি, কারণ বলবার দরকার পড়েছে, উদ্বাস্তুদের প্রতি আপনাদের দরদ, উদ্বাস্তু সমস্যার সমাধান সম্বন্ধে সরকারের পরিকল্পনা, কি রকম উদ্বাস্তু সমস্যার সমাধান করেছেন সেকথা বলেছেন, কিন্তু এখন অনেক কলোনিতে অনেক উদ্বাস্তু রয়েছে যাদের পুনর্বাসনের ব্যবস্থা এখন হয়নি। কেন্দ্রীয় সরকার অর্থ দিচ্ছেন না, আপনারা তাই পারছেন না? আমি অবশ্য আপনাদের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে কেন্দ্রীয় সরকার যে প্রয়োজনীয় অর্থ সাহায্য করছেন না সে কথা বলতে, সে নিন্দা করতে প্রস্তুত। কেন্দ্রে দৃষ্টিভঙ্গি অন্যত্র যেমন পশ্চিমবঙ্গের প্রতি সেরূপ নয়, শুরু থেকেই নয়, পূর্ব পাঞ্জাব থেকে আগত উদ্বাস্তু, সিন্ধু থেকে আগত উদ্বাস্তুদের জন্য সব করেছেন, সে পরিমাণ অর্থ—পূর্ববাংলা

থেকে আগত হতভাগ্য ছিন্নমূল উদ্বাস্তুদের জন্য করেননি। এ সত্যকে আমি স্বীকার করি, তারজন্য কেন্দ্রীয় সরকারের সমালোচনা আপনাদের সঙ্গে আমি করতে প্রস্তুত, কিন্তু আপনারা যে শিবিরবাসী এই সমস্ত উদ্বাস্তুদের কথা বলছেন সেই সঙ্গে কিছু বক্তব্য নিশ্চয় আমরা রাখতে পারি। আপনারা আপনাদের দায়িত্ব পালন করছেন না। উদ্বাস্তুদের প্রতি আপনাদের যে সত্যিকারের দরদ আছে সে মনোভাবের পরিচয় আমরা তেমনভাবে সব ক্ষেত্রে পাইনি। আমার বন্ধু শচীনবাবু একটু মরিচঝাঁপির কথা বলতে বলছেন, আমরা সেকথা নিশ্চয় বলতে পারি। আপনারা যদি ৭৮ সালের বন্যার কথা ৮০-৮১ সালের বাজেট বরাদ্দে বলতে পারেন, ৭৯ সালের খরার কথা বলতে পারেন, আমরা তাহলে মরিচঝাঁপির কথা বলতে পারব না? মরিচঝাঁপির সম্বন্ধে অনেক কথা বলেছি, আজকে আর নতুন করে পুনরাবৃত্তি করব না। একটা কথা নিশ্চয় প্রমাণিত—মরিচঝাঁপির ঘটনার প্রেক্ষাপটে আপনাদের উদ্বাস্তুদের প্রতি দরদ, মানবিক দৃষ্টিভঙ্গি, আপনাদের উদ্বাস্তু সমস্যা সমাধান সম্বন্ধে কতখানি আন্তরিকতা আছে তার একটা জ্বলন্ত দৃষ্টান্ত কিন্তু মরিচঝাঁপিতে প্রমাণ করেছেন আপনাদের কীর্ত্তির দ্বারা। উদ্বাস্তু ত্রাণ মন্ত্রী মহাশয়ের বিজ্ঞপপ্তিতে দেখেছি, ভাষণেও আছে—সরকারি খাস জমিতে উদ্বাস্তুদের পাট্টা দিতে চেয়েছেন। আপনারা যে জমিতে তাদের পাট্টা দিয়ে পাকাপাকিভাবে বসবাস করতে দেবেন মরিচঝাঁপির সেই হতভাগ্য মানুষগুলি আপনাদের খাস জমিতে বাস করতে চেয়েছিল, আপনাদের দয়া দাক্ষিণ্য, আপনাদের কাছে অর্থের সাহায্য প্রার্থনা করেনি, নিজেদের পরিশ্রমে নিজেদের মাথা গোঁজবার জায়গাটুকু করে নিয়েছিল, নিজেদের পুনর্বাসিত করেছিল। তাদের সেখান থেকে বিতাড়িত করে, ঘরে আগুন দিয়ে, তাদের নারীদের উপর অত্যাচার করে যে কাহিনী আপনারা রচনা করেছেন—বার বার না বললেও সে কাহিনী ইতিহাস হয়েআছে তাকে স্তব্ধ করতে পারবেন না। সেখানে খাস জমি থেকে উৎখাত করেছেন, কথাগুলো পুরনো হলেও নির্মম সত্য, সে সত্য কথাটা স্বীকার করতে আপনাদের এত দ্বিধা থাকলেও আমাদের বলতে দ্বিধা নেই। এর সঙ্গে মরিচঝাঁপির কথা বন্ধ করছি মরিচঝাঁপির ঝাঁপি বন্ধ থাক, কিন্তু আপনারা উদ্বাস্তুদের প্রতি যে দরদের দৃষ্টান্ত রচনা করেছেন তার একটা নির্মম দৃষ্টান্ত রূপে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় বাজেটের মধ্যে উপস্থিত করছি।

[5-50 – 6-00 p.m.]

চর শিবপুরের কথা খুব বেশি দিনের নয়। ১৯৮০ সালের আগস্ট মাসের ঘটনা। মুর্শিদাবাদ জেলার অন্তর্গত চর শিবপুরে ৫ হাজারের বেশি উদ্বাস্তু সেখানে বসবাস করত। তার আগে তারা অন্য স্থানে বসবাস করত। আপনাদের সরকার তাদের উৎখাত করে ওখানে এনে বলেছেন তোমরা এখানে বসবাস কর—আমাদের কোনও আপত্তি নেই, কোনও অবিচার হবে না। তাদের মধ্যে অনেকে কৃষিজীবী, মৎস্যজীবী মানুষ আছে। তারা আপনাদের কাছ থেকে কোনও সাহায্য চায়নি। ডোল নেয় অর্থাৎ কোনও রকমভাবে তারা আপনাদের উপরে নির্ভর করেনি। এবং সেখানেই তারা বসবাস করছিল। কিন্তু ১৯৮০ সালের আগস্ট মাসে

তদানীন্তন মুর্শিদাবাদের পুলিশ সুপার—যিনি আজকে পদন্নতি লাভ করেছেন চর শিবপুরের কৃতিত্বের জন্য সেই সুলতান সিং আজকে ডেপুটি কমিশনার তিনি সেই সময়ে সশস্ত্র পুলিশ বাহিনী নিয়ে এবং আপনাদের কিছু সি. পি. এম কর্মীদের নিয়ে চর শিবপুরের উদ্বাস্তুদের উপর হানা দিয়ে তাদের ঘর বাড়ি পোড়ান, কিছু মানুষ কে হত্যা করেন, কিছু কিছু শিশুকে গঙ্গা জলে নিক্ষিপ্ত করে ছিলেন। এইভাবে আপনারা তাদের উৎখাত করেছিলেন। কিন্তু কোন যুক্তিতে? উদ্বাস্তুদের প্রতি দরদের যে দৃষ্টান্ত আপনারা স্থাপন করলেন তা অভূতপূর্ব। তারা আপনাদের কাছ থেকে কোনও সাহায্য চায়নি, কোনও নগর বন্দর তারা দখল করতে চায়নি, তথাপি তাদের আপনারা সেখান থেকে উৎখাত করলেন। আপনারা চাইছেন উদ্বাস্তুদের প্রতি দরদের প্রমাণ দেখাতে, তাদের সমস্যার সমাধান করতে। কিন্তু আপনারা সত্যি তা চান না, বলবার জন্য বলেন, ভোট করাবার জন্য বলেন। আসলে আপনাদের সেই দরদ নেই। এই প্রসঙ্গে বলতে চাই আপনি যে প্রতিবেদন দিয়েছেন তাতে আসাম থেকে আগত উদ্বাস্তুদের কথা আছে। তাদের জন্য শিবির করেছেন, কত অর্থব্যয় করেছেন এবং কিভাবে সরকার তাদের সাহায্য করছেন তার হিসাব দিয়েছেন। আমি ব্যক্তিগতভাবে সেখানে না গেলেও অনেক ঘটনার কথা আমার কাছে এসেছে। আপনারা যেমন পূর্ববাংলা থেকে আগত উদ্বাস্তুদের জন্য দরদ দেখান সেইরূপ দরদ এদেরও প্রতি আপনারা দেখিয়েছেন এবং বলেছেন এদের বিতাড়িত করা চলবে না। কিন্তু আসাম থেকে আগত কত শিশু দুধের অভাবে না খেয়ে মারা গেছে, কত মানুষ সংক্রান্ত রোগে আক্রান্ত হয়েছে তাদের জন্য আপনারা কোনও চিকিৎসা ব্যবস্থা করতে পারেননি—এই ভাবে আসাম থেকে আগত উদ্বাস্তুদের প্রতি আপনারা আপনাদের ব্যবহার দেখিয়েছেন এবং সেইভাবে আয়োজন করেছেন। এই সব অবস্থার কথা আমরা শুনেছি। এই প্রসঙ্গে আর একটি কথা বলবার আছে যে কত উদ্বাস্তু বর্তমানে পশ্চিমবাংলায় আছে তার কি কোনও হিসাব আপনাদের কাছে আছে? কত উদ্বাস্তুদের জন্য পূনর্বাসন এর দায়িত্ব আপনাদের নিতে হবে তার সঠিক হিসাব কি সরকার দিতে পারেন? শিক্ষিত কলোনির কথা বলতে পারেন কিন্তু বাকি যারা শিবিরে বাস করেনা যাদের আপনারা স্বীকৃতি দেননি তারা আপনাদের কাছ থেকে পুনর্বাসন পাবে কিনা এই প্রশ্ন আমি করছি। কোন সাল থেকে আগত উদ্বাস্তুদের উদ্বাস্তু বলে গ্রহণ করবেন এবং কোন সাল থেকে গ্রহণ করবেন না আর কোন সীমারেখা নির্দিষ্টভাবে গ্রহণ করেননি। আপনারা মরিচঝাঁপি বন্ধ করে দিলেন কিন্তু যারা সেখান থেকে পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে চলে গিয়ে আত্মীয় স্বজনের বাড়িতে বা অন্য কোনও স্থানে বসবাস করছেন তারা শরাণার্থী রূপে আপনাদের কাছে পুনর্বাসন চাচ্ছে। আপনারা তাদের জন্য ব্যবস্থা করবেন কিনা? কিছুদিন যাবৎ ষ্টেটম্যান পত্রিকায় প্রবন্ধ লেখা হচ্ছে সীমান্তে নুতন নুতন মানুষ আসা আরম্ভ করেছে পূর্ব বাংলা থেকে। আর আগুন্তুক হবেন, না উদ্বাস্তু হবেন, না অনুপ্রবেশকারী রূপে চিহ্নিত হবেন? মন্ত্রী মহাশয় সেই সম্বন্ধে কোনও সুস্পষ্ট ধারণা জানাতে পারেননি। তাদের সংখ্যা কত, তারা উদ্বাস্তু পুনর্বাসন প্রকল্পের মধ্যে পড়বেন কিনা তা তিনি জানাননি। কিন্তু তারা প্রতিনিয়ত আসছেন। পূর্ববাংলায় যখনই অশান্তি হবে, উপদ্রব হবে, তখনই সেখান থেকে মানুষ আসবে।

দিন ক্ষণ দেখে তাদের আসা আপনি বন্ধ করতে পারেন, সীমান্ত অবরোধের ব্যবস্থা আপনি গড়ে তুলতে পারেন কিন্তু এখানে যারা শরণার্থীরূপে আসছেন তাদের সেখানে আপনি বাধা সৃষ্টি করতে পারেননি। এখানে আসবার পর শরণার্থী রূপে তারা গৃহীত হচ্ছে কিনা, তাদের সাহায্য দেবেন কিনা এই প্রশ্ন এসে যায়। আপনারা একটা আধটা আবাসস্থল করলেন, অর্থনৈতিক ব্যবস্থা করে দিলেন কিন্তু এই শরণার্থীদের মধ্যে বহু সংখ্যক মানুষ এখনো নাগরিক অধিকার, ভোটাধিকার পাইনি। তাদের পুনর্বাসনের কাজ বলতে কিছু বাড়ি করা, অর্থনৈতিক ব্যবস্থা করা শুধু নয় প্রশ্ন হচ্ছে নাগরিক অধিকার এবং ভোটাধিকার তারা পাবেন কিনা? এ সম্বন্ধে আপনি কিছু বলতে পারছেন না। আমরা জানি অনেক স্বীকৃতি দিয়েছেন কিন্তু আজও তারা নাগরিক অধিকার পায়নি, ভোটাধিকার পায়নি। এই সমস্যার সমাধান আপনারা কিভাবে করবেন আপনার বক্তব্যের সে সব কিছু নেই। আপনি আপনার বক্তব্যের মধ্যে টাকা ব্যয় করেছেন এবং ভবিষ্যতে করবেন তা বলেছেন যদিও আমি বলছি সেই টাকার অঙ্ক পর্যাপ্ত নয় প্রয়োজনের তুলনায় সেই বরাদ্দ অতি কম। সুতরাং এই বরাদ্দ প্রত্যাখান করা ছাড়া আর গতি নেই। কিন্তু তা সত্ত্বেও আপনি জানেন যে টাকা আপনি বরাদ্দ করেন তার কত পরিমাণ উদ্বাস্তু পুণর্বাসনের জন্য ব্যয়িত হয় এবং ত্রাণের জন্য যে টাকা বরাদ্দ করেন তার কি পরিমাণ টাকা ত্রাণের কার্য্যে ব্যয়িত না হয়ে দুর্নীতির পঙ্কে নিমোজ্জিত সেই সম্বন্ধে ধারণা আপনারা নিশ্চয় আছে। বহু উদ্বাস্তু পুনর্বাসনের জন্য আপনাদের দারস্থের কাহিনী আমার জানা আছে। অর্থাৎ যে টাকা দেন সেই টাকা পাবার জন্য তারা যে ব্যবস্থা গ্রহণ করছে সেটা অত্যন্ত দুযিত। টাকা দিলে তবে টাকা মেলে। অর্থাৎ প্রাপ্ত টাকার কিছু পরিমাণ ছাড়লে কিছু পরিমাণ পাওয়া যায়। এভাবে অধ্যাপক দুর্নীতি আপনার বিভাগের মধ্যে চলছে। সেই দিকে নজর না দিলে আপনার বরাদ্দ যত হোক সেটা কাজে লাগবে না। সুতরাং আপনার ব্যয় বরাদ্দ প্রহসন, আপনার সমস্ত বিভাগ এর দুর্নীতি সম্পর্কে আপনি সচেতন নন এবং আপনি ব্যক্তিগত পুর্ণবাসন ও ত্রানের জন্য যে কাজ করছেন তার প্রশংসা পাবার যোগ্য নন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 – 6-10 p.m.]

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি উদ্বাস্তু এবং পুনর্বাসন মন্ত্রী তাঁর যে বিভাগীয় ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি। আমাদের পশ্চিমবঙ্গের উন্নয়নে যে সমস্ত কারণ বিঘ্নিত হবার ব্যাপ''রে কাজ করছে, তার মধ্যে প্রধান কারণ হচ্ছে উদ্বাস্তু সমস্যা। এই সমস্যার কারণেই আজ‍ে উন্নয়ন প্রচন্ডভাবে ব্যাহত হচ্ছে। আমরা মোটামুটি হিসেব নিকেশ করে দিখেছি যে পশ্চি বাংলার বুকে ৮০ লক্ষের মতো উদ্বাস্তুর মধ্যে আংশিকের সমাধান সম্ভব হয়েছে মাত্র। বা যাঁরা রয়ে গেছেন, তাঁরা কোনও প্রকার সুযোগ পাননি। এবং সেই সমস্ত কারণেই পশ্চি বঙ্গের অর্থনৈতিক সমস্ত কাজই বিশেষভাবে ব্যাহত হয়েছে। মাননীয় সদস্য হরিপদ ভার য় মহাশয় তার বক্তব্যে কিছু কিছু মৌলিক প্রশ্নের অবতারণা করে গেছেন, তিনি বলেছে যে উদ্বাস্তুদের ব্যাপারে, তাদের

পুনর্বাসনের ব্যাপারে অত্যন্ত অল্প টাকা বরাদ্দ করা হয়েছে। আমি জিজ্ঞাসা করি মাননীয় সদস্য কি ব্যাপারে মূল টাকা কোথা থেকে আসবে সে বিষয়টি একবার চিন্তা করে দেখেছেন? তিনি ভাল ভাবেই জানেন যে, এই ব্যাপারে অর্থ বরাদ্দ করে থাকেন কেন্দ্রীয় সরকার, এবং তারই উপর ভিত্তি করে এ রাজ্যে পুনর্বাসনের কর্মসূচি গ্রহণ করা হয়ে থাকে। এ কথা সব সদস্যরাই জানেন—তিনিও এ বিষয়ে জানেন। কিন্তু যেহেতু বরাদ্দের বিরোধিতা করতে হবে, সেজন্য বিরোধিতা করতে উঠে শুধুমাত্র বিরোধিতা করবার জন্যই তিনি বিরুদ্ধে বক্তব্য রেখে গেলেন। তিনি জ্ঞাতসারেই এইসব প্রশ্নের অবতারণা করে গেলেন, তিনি জেনে শুনেই মূল বিষয় এড়িয়ে গিয়ে বিরোধিতা করে গেলেন। অর্থাৎ তিনি পুনর্বাসনের মূল দিকে না গিয়ে সুকৌশলে এ বিষয়ে উল্লেখ করে গেলেন। তাঁর বোধ হয় জানা নেই যে এই উদ্বাস্তু সমস্যার মূলে কে, কে এর মূলে ছিলেন। কেন্দ্রীয় সরকারই এই উদ্বাস্তু সমস্যা এই রাজ্যে বুঝিয়ে রেখেছেন। সেজন্য আমরা দেখেছিলাম যখন পশ্চিম পাকিস্তান থেকে এদেশে উদ্বাস্তু এসেছিলেন, তখন তাদের পুনর্বাসনের জন্য তাঁরা ৪৫৬ কোটি টাকা দিয়ে সাহায্য করেছিলেন। আবার ঠিক একই সময়ে হাজার হাজার উদ্বাস্তু পূর্ব বাংলা থেকে এই রাজ্যে প্রবেশ করেছিলেন। আবার ঠিক একই সময়ে যখন হাজার হাজার উদ্বাস্তু পূর্ব বাংলা থেকে এই রাজ্যে প্রবেশ করেছিল, তখন তাঁদের পুনর্বাসনের জন্য মাত্র ১৬১ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। শুধু তাই নয়, ঐ সমস্ত পশ্চিম-পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুরা তাঁদের ফেলে আসা সমস্ত জমিজমা, চাকুরিতে যাঁরা বহাল ছিলেন তাঁদের প্রভিডেন্ট ফান্ডের টাকা এবং ওখানে যাঁদের পোস্টাল সেভিংস ছিল সে সমস্ত বাবদ খেসারত কেন্দ্রীয় সরকার দিয়ে দিয়েছিলেন। কিন্তু পূর্ববঙ্গ থেকে যে সমস্ত উদ্বাস্তুরা এদেশে ছিন্নমূল হয়ে এসেছিলেন তাঁদের কিছুই দেওয়া হল না। এঁরা সবাই নেহেরু লিয়াকৎ চুক্তির স্বীকার হলেন। আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার তাঁদের জন্য কোনও টাকা দিলেন না। এই সমস্ত উদ্বাস্তুরা যদি সময় মতো তাঁদের টাকা কেন্দ্রীয় সরকার থেকে খেতে পারতেন, তাহলে পশ্চিমবঙ্গের উপর এতখানি অর্থনৈতিক চাপ পড়তে পারত না। আমরা দেখেছি, ১৯৬০ সালে কেন্দ্র বলেছেন যে, মোট উদ্বাস্তুর ২২ শতাংশের কাজ তাঁদের করা হয়ে গিয়েছে এবং বাকি যা কিছু আছে তাঁদের কাজ আমরা পরে করে নেব। আর উনি মাননীয় সদস্য বলে গেলেন আমরা উদ্বাস্তুদের ব্যাপারে অতি অল্প বরাদ্দ রেখেছি। কিন্তু আমরা পশ্চিমবাংলায় ক্ষমতাসীন হবার পর এই সমস্ত উদ্বাস্তুদের স্বীকৃতি দিয়েছি। মাননীয় সদস্য মন্ত্রী মহোদয়ের বিবৃতি পড়লে সেটি সম্বন্ধে পরিষ্কার বুঝতে পারবেন। আমরা ক্ষমতায় এসে দেখবার চেষ্টা করেছিলাম উদ্বাস্তু সমস্যাটা কোথায় দাঁড়িয়ে আছে এবং চেষ্টা করেছি তাকে যথাযথভাবে চিহ্নিত করে যাতে একটা পরিকল্পনা তৈরি করা যেতে পারে। সেজন্য রাজ্যস্তরে মাননীয় পুনর্বাসন মন্ত্রী একটা পুনর্বাসন কমিটি গঠন করেছেন, তার কাজ চলছে।

তারপর সেই সমস্ত অগণিত উদ্বাস্তু যারা ক্যাম্পে নেই, রাস্তার ধারে বা পথে ঘাটে পড়ে আছে তাদের কি হবে একথা আপনারা জিজ্ঞাসা করেছেন। আমি বলব, সেটাও আমরা

হিসাবের মধ্যে নিয়েছি। তাদের আসল সমস্যাটা কি, তাদের সংখ্যাই বা কত এইসব জানবার ও বোঝবার জন্যই এই পুনর্বাসন কমিটি করা হয়েছে। আমাদের যে প্রশাসনযন্ত্র সেই প্রশাসনযন্ত্র দিয়ে আমরা জানি আজকে পশ্চিমবঙ্গে এই কাজটি গুটিয়ে আনা সম্ভব নয়, সেই কারণেই আমরা উদ্বাস্তু সমিতির সাহায্য ও সহযোগিতা নিয়েছি। বিশেষ করে আজকে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু আন্দোলনের যে নেতৃত্ব ইউ. সি. আর. সি, তাদের সহযোগিতায় আজকে একটা হিসাবে এসে পৌঁছেছে সেই কমিটির কাছে যে আজকে উদ্বাস্তুদের অবস্থা পশ্চিমবঙ্গে কোথায় এসে দাঁড়িয়েছে। একথা আমাদের জানা আছে যে অনেক অনেক মানুষ পুনর্বাসনের ব্যাপারে সরকারি সাহায্য পাননি। আমরা জানি একমাত্র ১৯৫০ সাল থেকে ৬০ হাজার খালি বাস্তুজমির দরখাস্ত এই উদ্বাস্তু দপ্তরের পড়ে আছে। ২।। লক্ষ নিম্ন আয়ের উদ্বাস্তু যারা কলকাতা এবং শহরতলীতে ঘরভাড়া করে থাকেন আজকে এই দারুন দ্রব্যমূল্যবৃদ্ধির দিনে তাদের সেই ঘরভাড়াও বাড়ছে এবং তারা একটা সাংঘাতিক অবস্থার মধ্যে গিয়ে পড়েছে। এইসব কথা আমরা জানি বলেই এই পুনর্বাসন কমিটি করা হয়েছে। পশ্চিমবঙ্গে এর পূর্বে এইভাবে উদ্বাস্তুদের পুনর্বাসনের সমস্যা আর কখনও খতিয়ে দেখার চেষ্টা করা হয়নি বা তাদের সমস্যা সমাধানের ক্ষেত্রে কোনও ব্যাপক পরিকল্পনা তৈরি করা হয়নি। আমরা শুনেছি কংগ্রেস আমলে ১৯৭২ না ১৯৭৪ সালে তদানিন্তন উদ্বাস্তুমন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয় একটা মাস্টার প্লান প্রস্তুত করেছিলেন কিন্তু সেই মাস্টার প্ল্যান দিনের আলো আর খেতে পায়নি বা সেই মাস্টার প্ল্যান উদ্বাস্তুদের কাছে গিয়ে পৌঁছাতে পারেনি। অর্থাৎ উদ্বাস্তুদের সমস্যার সমাধানের জন্য যে মাস্টার প্ল্যান সেই মাস্টার প্ল্যান কোনও কাজে আসেনি। স্যার, জনতা দলের বন্ধুরা বললেন, এ ব্যাপারে মাত্র ১৩ কোটি টাকা ধার্য করা হয়েছে কেন? আমি তাঁদের বলব, কেন্দ্রে যখন জনতা সরকার ছিল তখন তো আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কেন্দ্রকে বলেছিলেন হিসাব করে যে পশ্চিমবঙ্গে উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য অন্তত ৫শো কোটি টাকা চাই, সেই টাকা দিন, সেই টাকা তো পাওয়া গেল না, কোথায় ছিলেন তখন আপনারা? আপনারা তো তখন এই দাবি আদায়ের জন্য একবারও কেন্দ্রের কাছে সুপারিশ করেননি। অজকে রাজ্য সরকার এর চেয়ে বেশি টাকা কি করে কোথা থেকে দেবে? এ দায়িত্ব তো কেন্দ্রীয় সরকারের, এ দায়িত্ব কিন্তু কেন্দ্রীয় সরকার বহন করছেন না। আজকে আমাদের বামফ্রন্টসরকার সীমিত ক্ষমতার মধ্যেও এই উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। আমরা আজকে যতটুকু পারি সেইটুকুই করার চেষ্টা করছি। আজকে আমাদের এইসব কাজের মধ্যে দিয়েই প্রমাণিত হচ্ছে যে আমরা উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজে বা তাদের সমস্যার সমাধানের ব্যাপারে সচেষ্ট আছি। সাথে সাথে এই

[6-00—6-20 p.m.]

কথা বলতে চাই যে পুনর্বাসন কমিটি গঠন হয়েছে পশ্চিমবঙ্গে তাঁরা সমস্ত সমস্যা খতিয়ে দেখছেন এবং সুপারিশ তাঁরা কি কি করেছেন আমার জানা নেই, তবে দু'চারটি কথা আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে পেশ করছি। যে

প্রশ্নটা মাননীয় সদস্য হরিপদবাবু তুলেছেন এবং এর স্বীকৃতিও আপনার বিবৃতির মধ্যে আছে যে লক্ষ লক্ষ উদ্বাস্তু যারা বাড়ি ভাড়া করে আছে, ১০ হাজারের বেশি পরিবার যারা খালের পাড়ে, রেল লাইনের ধারে, এখানে ওখানে ছড়িয়ে কোনও রকমে মাথা গুঁজে বাঁচবার চেষ্টা করছে তাদের সম্পর্কে যেন কোনও পরিকল্পনা গ্রহণ করা হয় এবং সেই পরিকল্পনায় সরকারের পক্ষ থেকে জমি হুকুম দখল করে নিয়ে—যদিও এটা আজকের দিনে কঠিন ব্যাপার, সে ক্ষেত্রে বায়নানামা পরিকল্পনা চালু করে এদের সম্পর্কে আপনি ব্যবস্থা গ্রহণ করবেন। পুনর্বাসন কমিটিকি তাঁদের প্রস্তাব দেবেন জানি না, সুপারিশের মধ্যে এটা থাকলে ভাল, না হলে আপনি বায়না নামা স্কীম চালু করতে পারেন। অতীতে বেশ কিছু উদ্বাস্তু পরিবার পুনর্বসতি নিয়ে বিভিন্ন জায়গায় গেছেন। কিন্তু সাথে সাথে যে প্রশ্ন দেখা দিয়েছে সেটা হচ্ছে সেখানে উন্নয়নের প্রয়োজন। স্বীকৃত জবর দখল কলোনীতে উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করেছেন, উন্নয়নের কাজ সেখানে চলছে। স্পনসর্ড কলোনির উন্নয়নের কিছু কিছু কাজ বাকি ছিল সেগুলিও চলছে। কিন্তু ব্যয়নামা পরিকল্পনা মধ্য দিয়ে যেসব উদ্বাস্তু বসেছে তাদের উন্নয়নের সমস্যা অবহেলার জন্য প্রকট হয়ে দেখা দিয়েছে। এটা অবহেলা করা উচিত নয়। সামগ্রিকভাবে উদ্বাস্তুদের উন্নয়নের ক্ষেত্রে ক্ষতি পূরণের কথা যেটা বলেছেন এই বিষয়ে আপনাকে সাধুবাদ জানাই, কেননা আপনার প্রচেষ্টায় ক্ষতি পূরণের দুটি শাখা কলকাতায় খোলা হয়েছে। কিন্তু সেই শাখা খোলা সত্ত্বেও ক্ষতি পূরণের সুযোগ তারা নিতে পারছে না। কারণ দরখাস্ত করার যে শেষ সময় দেওয়া হয়েছিল তা যথাযথভাবে প্রচারিত না হওয়ার ফলে কেউ দরখাস্ত করতে পারেনি এবং যারা দরখাস্ত করেছিল তাদের তদন্ত না হওয়ার দরুন ক্ষতিপূরণ বাবদ কোনও সাহায্য উদ্বাস্তুরা আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে পায়নি। সুতরাং ক্ষতি পূরণের ব্যাপারটা কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্রের কাছে যেভাবে চাপ সৃষ্টি করা প্রয়োজন সেটা আপনি করবেন এই আবেদন আমি আপনার কাছে জানাচ্ছি। পরবর্তী বিষয় যেটা আসছে সেটা হচ্ছে কলোনি উন্নয়নের বিষয়। কলোনি উন্নয়নের খাতে যে ব্যয় বরাদ্দ আপনি করেছেন সেটা হচ্ছে প্রত্যেক ব্লকে ২।। হাজার টাকা হিসাবে ধরেছেন। আজকে জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে গেছে তাতে ২।। হাজার টাকায় উন্নয়নের কাজ যথাযথভাবে হওয়া সম্ভব নয়। উন্নয়নের দায়িত্ব সি এম ডি এ'র ছিল, তাঁরা সেই দায়িত্ব নেননি। ফলে মিউনিসিপ্যালিটির কাছে সেই দায়িত্ব গেছে। যেহেতু টাকার পরিমাণ খুব কম সেইজন্য উন্নয়নের কাজ বিঘ্নিত হচ্ছে। এই ব্যাপারে দৃষ্টি দেবেন এই আশা রাখছি। এই কয়েকটি কথা বলে আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। তাঁর দাবির মধ্যে বিশেষ করে ৪৭ নম্বর যে দাবি, প্রাকৃতিক দুর্যোগ জনিত অবস্থার জন্য যে দাবি সেটা আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। অন্যান্য জেলার ক্ষেত্রে এটা ইফ অ্যান্ড হোয়েন নেসেস্যারির মতো অর্থাৎ যদি কখনও প্রয়োজন হয়। কিন্তু বাঁকুড়া, পুরুলিয়া মেদিনীপুর এবং ঝাড়গ্রাম

মহকুমা ইত্যাদি এলাকার ক্ষেত্রে এটা একটা চিরস্থায়ী ব্যাপার। ঐ সমস্ত এলাকার সাধারণ গরিব মানুষের কাছে এটা একটা জীবন-মরণ সমস্যার ব্যাপার। মাননীয় সদস্য হরিপদবাবু যে কথা বলেছেন যে এই খাতে ১৩ কোটি ৬০ লক্ষ টাকা যেটা চাওয়া হয়েছে, সেটা খুবই কম, সে ক্ষেত্রে আমি তার সঙ্গে একমত পোষণ করি। নিশ্চয়ই এই টাকাটা কম। মাননীয় ত্রাণ মন্ত্রী তাঁর বাজেট ভাষণের মধ্যে দিয়ে কোথাও এই কথা বলেননি যে এই টাকার মধ্যে তিনি যে কোনও দুর্যোগজনক অবস্থার মোকাবিলা স্বার্থকভাবে করতে পারবেন। বিশেষ করে আমরা দেখছি যে কেন্দ্রের শ্রীমতী গান্ধীর সরকার কায়েম হবার পরে তারা পশ্চিমবাংলার সাধারণ গরিব মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন। তারা ভাতে মারার ষড়যন্ত্র করেছেন। তুচ্ছ হিসাব-নিকাশের ধুঁয়া তুলে ত্রাণ বাবদে তাদের দেয় খাদ্যশস্য প্রায় বন্ধ করে দিয়েছেন। তার পরিপ্রেক্ষিতে আমাদের এই বাজেট বরাদ্দে টাকা প্রায় বন্ধ করে দিয়েছেন। তার পরিপ্রেক্ষিতে আমাদের এই বাজেট বরাদ্দে টাকা আরও বেশি হলে নিশ্চয়ই ভাল হত। কিন্তু মাননীয় সদস্য সরকারের যে আর্থিক পরিস্থিতি, সীমাবদ্ধ ক্ষমতা, তার কথা একবারও বলেননি। এর থেকে ১।। গুণ, ২ গুণ বেশি হলে নিশ্চয়ই ভাল হত। তাই এই অবস্থার মধ্যে যেটুকু করা সম্ভব সেটা করা হয়েছে। মাননীয় হরিপদবাবু ১৯৭৮-৭৯ সালের ত্রাণ বাবদে যে সমস্ত কাজকর্ম তার প্রশংসা করেছেন। এটা না করে তার উপায় ছিল না এবং তিনি ভালভাবে জানেন যে গত বছর ১৯৮০ সালে কি অবস্থার মুখোমুখি এই সরকারকে হতে হয়েছিল। কেন্দ্রে বিমাতৃসুলভ মনোভাবের উপর নির্ভর করে সরকারের আর্থিক সঙ্গতি যেটুকু আছে তার মধ্যে দিয়ে এই সমস্ত মানুষের রুজি রোজগারের ব্যবস্থা করা হয়েছিল। যদিও যেটা করা হয়েছিল সেটা প্রয়োজনের তুলনায় খুবই কম। কেন্দ্রীয় সরকার হয়ত ভেবেছিলেন যে পশ্চিমবাংলায় যদি গরিব মানুষগুলিকে কাজ না দিয়ে, খেতে না দিয়ে রাখা যায় তাহলে তাদের দিয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে ক্ষেপিয়ে তোলা যাবে, উত্তেজিত করে তোলা যাবে কিন্তু হিসাবে তারা ভুল করেছেন। আমরা দেখেছি যে শত দারিদ্রতার মধ্যেও সেই সমস্ত গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ যারা বছরে ৯ মাস এই ত্রাণমূলক কাজের উপর নির্ভর করে থাকে, তারাও কোমর বেঁধে ছিল এবং এই অবস্থার জন্য কেন্দ্রীয় সরকারকে দায়ী করেছে এবং আবহাওয়াকে দায়ী করেছে তারা রোষে, ক্রোধে, ঘৃণায়, উপেক্ষায় ফেটে পড়েছিল কিন্তু বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বিন্দুমাত্র প্রতিবাদ জানায়নি। কারণ তারা জানে যে এই বামফ্রন্ট সরকার তাদের স্বার্থ রক্ষা করার জন্য কাজ করে চলেছে এবং তাদের যে সহায় সম্বল তাই দিয়ে তাদের বাঁচাবার চেষ্টা করবেন। এই প্রসঙ্গে আমি বিশেষ করে কয়েকটি কথা এখানে বলতে চাই। এই যে ত্রাণমূলক ব্যবস্থা চালু আছে, তার মধ্যে দুঃস্থ, অক্ষম, রুগ্ন, পঙ্গু ইত্যাদি এই সমস্ত লোককে গ্রাটিসাস রিলিফ দেবার ব্যবস্থা আছে।

[6-20 — 6-30 p.m.]

সবচেয়ে বড় মুশকিল যে রিলিফের পরিমাণ মাঝে মাঝে উঠা-নামা করে কম বেশি হয়। কখনও ২%, কখনও ৫%, কখনও ১% আবার ১৯৬৭ সালে ১৪% জি, আর

দেওয়া হয়েছে। এই অবস্থায় গ্রাম পঞ্চায়েতকে একটা অসুবিধার মধ্যে পড়তে হয়, তাদের বার বার তালিকা তৈরি করতে হয়। এর ফলে অনেক সময় আমাদের মুখ দেখানো দায় হয়ে পড়ে। সেইজন্য বলছি আপনারা একটা নরম্যাল জি. আর. একটা নির্দিষ্ট পরিমাণ বজায় রাখা হোক, সেটা ওয়ান পারসেন্ট কি টু পারসেন্ট করা হোক। তার পর যখন ড্রাই ডেজ আসবে যখন কোনও ভয়াবহ অবস্থা হবে তখন একটা স্পেশ্যাল জি. আর-এর ব্যবস্থা রাখা হোক যা দিয়ে সেই অবস্থার মোকাবিলা করা যাবে। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই বাঁকুড়া এবং পুরুলিয়া এই দুটি জেলায় অনেক কুষ্ঠ রোগী আছে এবং তারা কাজ করতে পারে না। মোটামুটিভাবে জি. আর. হোল্ডারদের একটা বিরাট সংখ্যক লোক হল এই কুস্ট রোগী যারা কাজ করতে পারে না। তাই তাদের অবস্থা বিবেচনা করে এই সমস্ত জেলায় যাতে এই জি. আর-এর পরিমাণ একটু বৃদ্ধি করা হয় সে বিষয়ে একটু খতিয়ে দেখবেন। তারপর ফুড ফর ওয়ার্ক যার নাম দেওয়া হয়েছে গ্রামীণ কর্ম প্রকল্প, এতে আমরা দেখেছি বিশেষ করে গত বছরের অভিজ্ঞতা যে সত্যিই তাদের মুখের সামনে দাঁড়াতে কষ্ট হত তাদের দুর্দশা দেখার মতো মানসিক অবস্থা আমার ছিল না। এই দুর্দশার জন্য একটা মজুত ভান্ডার গড়ে তোলা যায় কিনা তার জন্য আমি ত্রাণ মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যাতে যে কোনও অবস্থায় এর মোকাবিলা আমরা করতে পারি। আমাদের সবচেয়ে বড় সমস্যা হোল খরা, অনাবৃষ্টি এবং সোশ্যাল আনএমপ্লয়মেন্ট সমস্যা যেটা প্রতি বছর চলে আসছে, তার ব্যতিক্রম নাই। বন্যা মাঝে মধ্যে হয় তাতে যে ক্ষতি হয় সেটা উল্লেখযোগ্য নয়। চিরস্থায়ী যে সমস্যা আছে সেই সমস্যা থেকে কিভাবে পরিত্রাণ পাওয়া যায় সেই রকম একটা পরিকল্পনা গ্রহণ করুন যেটা সম্পদ সংস্থানের সহায় হয়। জি. আর-এর হার বাড়ানো হয় এবং যে হারে কাজ চলেছে তাহলে যুগ যুগ ধরে এই অবস্থা চালাতে হবে। তাই আমি ত্রাণ মন্ত্রী মহাশয়কে বলছি তিনি একটি দীর্ঘ পরিকল্পনা এমনভাবে গ্রহণ করুন যাতে চিরস্থায়ীভাবে এই জিনিস চালু না থাকে। এই ব্যবস্থা গ্রহণ করার জন্য যদি অর্থের প্রয়োজন হয় তার ব্যবস্থা করুন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় ত্রাণ বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপাল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলব। প্রথমে আমাদের মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় যে সমস্যাটা তোলার চেষ্টা করে সমালোচনা করেছেন আমি সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে কাগজে দেখেছি ১৯৮১ সালের জনগণনার ফলে ভারতবর্ষে মোট জনসংখ্যা ১৯৪৭ সালে যা ছিল তার চেয়ে দ্বিগুণের কিছু কম হয়েছে। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ছিল ৩৮ কোটি মানুষ এবার সেটা হয়েছে ৬৮ কোটি মানুষ। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে পশ্চিমবাংলায় ছিল ১৯৪৭ সালে ২ কোটি ৪৭ লক্ষ আর ১৯৮১ সালে আনুমানিক হিসাব হচ্ছে ৫ কোটি ৫০ লক্ষ। এখানে দ্বিগুণের বেশি মানুষ বসবাস করছে স্বাধীনতার পর থেকে। স্বাভাবিকভাবে জনসংখ্যার এই

বিরাট চাপ পশ্চিমবাংলাকে বহন করতে হচ্ছে। তার ফলে সমগ্র বিভাগে, সমগ্র উন্নয়নের উপর একটা প্রচন্ড চাপ সৃষ্টি করছে। হরিপদবাবু বলেছেন যে জনদরদী সরকার, কেন সে এটাকে সেইরকমভাবে গুরুত্ব দিয়ে টাকা পয়সা খরচ করেননি? তিনি আমার চেয়ে পন্ডিত লোক, তিনিও জানেন দেশ বিভাগের পূর্বে এই ভারত সরকার ঘোষণা করেছিলেন যাদের সম্পত্তি, ধন, জীবনের বিনিময়ে আমরা স্বাধীনতা পেলাম সেই স্বাধীনতাকে রক্ষা করার জন্য যারা উদ্বাস্তু হয়ে এখানে আসবেন তাদের সম্পূর্ণ দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকার বহন করবেন। কিন্তু ৩৩ বছর পরেও আজও কেন্দ্রীয় সরকার সেই দায়িত্ব পালন করছেন না। শুধু কেন্দ্রীয় সরকার কেন পশ্চিমবাংলার তথা কথিত জনদরদী কংগ্রেসি ভূস্বামী দলের লোকেরা, যারা পুঁজিপতি দলের পৃষ্ঠাপোষক সেইপ্রথম মুখ্যমন্ত্রী ছিলেন প্রফুল্লচন্দ্র ঘোষ তিনি ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে বলেছিলেন যে পশ্চিমবাংলায় বাস্তুহারাদের কোনও সমস্যা নেই। তারপর থেকে তাঁর উত্তরাধিকারী সূত্রে যতগুলো মুখ্যমন্ত্রী এখানে ছিলেন তাঁরা এটাকে এস্টাবলিশ করার চেষ্টা করলেন যে এখানে কোনও বাস্তুহারার সমস্যা নেই, পুনর্বাসনের কোনও সমস্যা নেই। এই কথাটা শুধু পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকার বারে বারে ঘোষণা করার চেষ্টা করেছিলেন এবং বামফ্রন্ট সরকারের মন্ত্রীর প্রধান কাজ ছিল এই যে পশ্চিমবাংলায় যে সমস্যা আছে সেই সমস্যাটাকে কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থিত করা সঠিকভাবে যে এই সমস্যার সমাধান করার জন্য একটা সুষ্ঠু পরিকল্পনার দরকার এবং সুষ্ঠু পরিকল্পনা ছাড়া, অর্থ ছাড়া এই সমস্যার সমাধান করা যাবে না। কেননা একটা মোটামুটি হিসেব ওঁরা দেবার চেষ্টা করেছিলেন—এও তথ্যের বিকৃতি, একটা লজ্জার বিষয়, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিমাতৃসুলভ ব্যবহার সেটা অন্য কথা পরে বলব, কিন্তু অন্য রাজ্য বা বিদেশি রাজ্যের সমস্যা নয়, পাঞ্জাবের সমস্যা আর বাংলার সমস্যা ছিল। সেই ক্ষেত্রে ওরা দেখাবার চেষ্টা করলেন ১৯৭৯ সালের ২৫শে মার্চ পর্যন্ত পূর্ব বাংলা থেকে মোট ৫২ লক্ষ উদ্বাস্তু নাকি এসেছে এবং পশ্চিম পাকিস্তান থেকে পূর্ব পাঞ্জাবে এলেন ৪৭ লক্ষ উদ্বাস্তু। এই তথ্য বিকৃত বলে আমাদের ধারণা এবং আমাদের বাস্তব যে অভিজ্ঞতা,—এই ব্যাপারে হরিপদবাবু সঠিক বলেছেন যে আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই রেকর্ডভুক্ত উদ্বাস্তু যারা পূর্ববঙ্গ থেকে এসেছিলেন, তাদের সংখ্যা বারে বারে কেন্দ্রীয় সরকার দেবার চেষ্টা করেছিলেন এবং এখন পর্যন্ত ৫১/৫২/৫৩/৬০ এবং ৭১ সালে বাংলাদেশের যুদ্ধের সময়েও অসংখ্য মানুষ, শুধু হিন্দুই নয়, মুসলমানরাও ওখানে থাকতে না পেরে এই পশ্চিমবাংলায় এসে বসবাস করতে শুরু করে, এটা আমরা দেখেছি। হাজার হাজার মানুষ এখনও প্রতিনিয়ত আসছে, কেন্দ্রীয় সরকার সেটা স্বীকার করেন না। হরিপদবাবু কোনও সরকারের নেই, মাত্র দুবছর কেন্দ্রীয় সরকারে ছিলেন তাঁদের দল, সেই কেন্দ্রীয় সরকারও আমাদের বামফ্রন্ট সরকার বলা সত্ত্বেও বলছেন সময় সীমা ঠিক করা হল ২৫শে মার্চ ৭১ সালের পরে যারা বাংলা দেশ থেকে আসবেন তাঁদের উদ্বাস্তু হিসাবে গণ্য করা হবে না। এদিকে উনি বলছেন একটা সময় সীমা নেই। রাধিকাবাবু বললেন এখন পর্যন্ত যা আসছে তাদের সম্পূর্ণ দায়-দায়িত্ব গ্রহণ করতে হবে এবং তাদের সংখ্যা নিরুপণ করতে হবে। সেখানে তাঁরা বললেন যে ১৯৭১ সালের মার্চের

আগে যাঁরা এসেছিলেন তাঁদেরকে উদ্বাস্তু বলে গণ্য করা হবে, এর পরে করা হবে না। এখানেও ওঁদের যে সরকার ছিলেন, সেই সরকার নিশ্চয় এ বিষয়ে তাঁদের বলা উচিত এবং এখন যদি তাঁরা মনে করেন যে উদ্বাস্তু সমস্যা এটা জাতীয় সমস্যা হিসাবে দেখবার জন্য তাহলে যৌথভাবে কেন্দ্রীয় সরকারকে বলা উচিত, কেন্দ্রে জনতা থাক আর কংগ্রেস সরকার থাক তাদের পুরোপুরি দায়িত্ব বহন করতে হবে। এই স্বীকৃতি যতদিন পর্যন্ত না কেন্দ্রীয় সরকার দিচ্ছেন ততদিন এই সমস্যা সমাধানের কোনও রাস্তা নেই। পশ্চিমবাংলার পক্ষে সম্ভব নয় কারণ আমরা জানি এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে, পুঁজিপতিদের দরকার হচ্ছে নিম্ন আয়ের মানুষ তাতে অল্প আয়াসে মানুষকে কাজ করাবার ব্যবস্থা করা এবং যাতে অল্প পয়সায় কলে কারখানায় মজুরি পায় তার ব্যবস্থা করার জন্য কেন্দ্রীয় পুঁজিপতি সরকার আমাদের দেশে একচেটিয়া পুঁজিবাদ সামন্ত প্রভুরা সমস্ত মানুষকে না খেতে দিয়ে দারিদ্র সীমার নিচে বসবাস করার জন্য বাধ্য করেন।

[6-30 — 6-40 p.m.]

এবং তার জন্য পূর্ববাংলা থেকে আগত মানুষদের তারা সেইভাবে ব্যবহার করার চেষ্টা করেছিলেন এবং তার বিরুদ্ধে বামফ্রন্ট সরকার ৪ বছর ধরে সংগ্রাম করছেন, লড়াই করছেন। উদ্বাস্তুদের ন্যায্য পাওনা, ন্যায্য অধিকার, সম্মান দেবার জন্য বামফ্রন্ট সরকার যে প্রচেষ্টা করেছেন সেটা বলার দরকার ছিল। বিগত ৩০ বছরে কংগ্রেস সরকার উন্নয়নের নাম করে মাত্র ১৪টি জবর দখল কলোনির উন্নয়নের ব্যবস্থা করেছিলেন। আর বামফ্রন্ট সরকার মাত্র ৪ বছরে ১৬২টি কলোনির উন্নয়নের ব্যবস্থা করেছেন। এটা তো ওরা দেখতে পাবেন না—এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের বহুবিধ কর্মযজ্ঞের মধ্যে অন্যতম প্রধান কাজ। বামফ্রন্ট সরকার বাস্তুহারা সমস্যার সমাধানের জন্য একটা নতুন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিলেন। কিন্তু যে সমস্যা এখনো আছে, যেটা আটকে আছে বামফ্রন্ট সরকার লড়াই করেও সেটা আদায় করতে পারেনি। গ্রামাঞ্চলে যেসব উদ্বাস্তু মানুষ, আর্বান অঞ্চলের মানুষদের সেই অধিকার কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না। বামফ্রন্ট সরকারের এই দাবি বারে বারে প্রত্যাখ্যান করছেন। বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছেন। সেই প্রতিশ্রুতি অনুযায়ী কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করা সত্ত্বেও এখন পর্যন্ত শর্তহীন দলিলের অধিকার দিতে রাজি হননি। তারা এই শর্তে দেবার চেষ্টা করেছেন যে কোনও মানুষ সেই জমি বিক্রি করতে পারবে না, সরকারের অনুমতি ছাড়া আমার যদি প্রয়োজন হয় আমি ২।। কাঠা জমি বিক্রি করতে পারব না? কেন অনুমতি নিতে হবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে? আর যদি বিক্রি করি তবে তার ৫০% টাকা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে বিশেষ শর্ত হচ্ছে এই। সভ্য জগতের কোনও দেশে এই নিয়ম নেই। যে সংগ্রাম করে পূর্ববাংলা থেকে মানুষ এসেছে সেই মানুষগুলিকে পরিহাস করে বলা হচ্ছে যে জমি তোমাকে দেব দেব, সেই জমিতেই তোমরা থাকবে, কিন্তু রাজনীতি করতে পারবে না। আর যদি রাজনীতি কর—কংগ্রেসি রাজনীতি করবে, জনসংঘ রাজনীতি করবে, কিন্তু বামপন্থী রাজনীতি করতে পারবে না এই শর্তে

দেওয়া হচ্ছে। অদ্ভুত কথা পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছে তাদের জন্য তো কোনও শর্ত আরোপ করা হয়নি—সেই মানুষগুলির অর্থনৈতিক সমস্যার সমাধান করার চেষ্টা করেছেন। সেখানে ৪৭ লক্ষ উদ্বাস্তুর জন্য ২১০ কোটি টাকা খরচ করেছেন। আর এখানে ৫২ লক্ষ উদ্বাস্তুর জন্য ১৯১ কোটি টাকা খরচ করেছেন। কেন্দ্রীয় সরকার এখানকার উদ্বাস্তুদের জন্য একটা বিমাতৃসলভ আচরণ করছেন। পশ্চিমবাংলার উদ্বাস্তুদের জন্য এক রকম নীতি, আর পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের জন্য আর একরকম নীতি নিয়েছেন। তাদের এই দুমুখো নীতির বিরুদ্ধেই আমাদের লড়াই। বামফ্রন্ট সরকার ইতিমধ্যে লড়াই করেছেন এবং আজও লড়াই চালিয়ে যাচ্ছেন। পূর্ব বাংলার উদ্বাস্তুরা যাতে সম্মানের সঙ্গে বসবাস করতে পারেন বামফ্রন্ট সরকার সেই চেষ্টা করছেন এবং তাদের অর্থনৈতিক পুনর্বাসনের চেষ্টা করছেন। আমরা জানি বাস্তুহারা সমস্যা পশ্চিমবাংলার অর্থনীতির উপর একটা প্রচন্ড চাপ সৃষ্টি করেছে। পশ্চিমবাংলার অর্থনৈতিক পরিস্থিতি, আইন শৃঙ্খলা উন্নতির সাথে সাথে পশ্চিমবাংলার নানারকম খারাপ অবস্থা সত্ত্বেও গোটা ভারতবর্ষে যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে পশ্চিমবাংলায় সেই ভাবে বাড়েনি। পূর্ব বাংলা থেকে মানুষ আসছে, তার ফলে বিহার, উড়িষ্যা থেকে মানুষের চাপ আসছে। সেই জন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা বারে বারে বলেছি কলকাতা শহরকে শুধুমাত্র কলকাতার সমস্যা হিসাবে চলবে না, কেন্দ্রীয় সরকারকে এর সমস্ত দায় দায়িত্ব নিতে হবে। কলকাতা সমস্ত পূর্বাঞ্চলের রাজ্যগুলির কেন্দ্রে অবস্থিত। সুতরাং সমস্ত জাতির এটাকে রাজধানী বলা যায়। তাকে রক্ষা করার জন্য, এখানকার মানুষের জীবন যাপনের জন্য, অর্থনৈতিক পুনর্বাসনের জন্য, অর্থনৈতিক উন্নয়নের জন্য, শিল্পের উন্নতির জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং তার দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে। সেই দাবি আজ পর্যন্ত উপেক্ষিত। কংগ্রেস সরকার ৩০ বছরের মধ্যে কিছু করেনি, জনতা সরকার ২ বছরে কিছু করেনি। আজকে পুনরায় ইন্দিরা গান্ধীর সরকার ক্ষমতায় এসেছে, তারাও আমাদের এই দাবি স্বীকার করেননি, বরং অন্যভাবে এটাকে অস্বীকার করার জন্য চেষ্টা করছেন। তার বিরুদ্ধে আমাদের লড়াই চালিয়ে যেতে হবে।

উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য বা উন্নয়নের জন্য যে ৯ কোটি ৫০ লক্ষ টাকা খরচ হয় তার মাত্র ৩ কোটি টাকা কেন্দ্র থেকে আসে বাকি টাকাটা এই বামফ্রন্ট সরকারকে তাদের সীমিত আর্থিক ক্ষমতা থেকে খরচ করতে হচ্ছে। বামফ্রন্ট সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও আজকে উদ্বাস্তুদের জন্য এই টাকাটা খরচ করছেন। যদিও এটা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব কিন্তু তবুও বামফ্রন্ট সরকার নিজেরাই সেই দায়িত্ব বহন করে চলেছেন। আমাদের সরকার সীমিত ক্ষমতার মধ্যেও এইভাবে উদ্বাস্তু ভাইবোনদের জন্য কাজ করার চেষ্টা করে যাচ্ছেন। এ ক্ষেত্রে আমি বলব, কংগ্রেস (ই) ছাড়া গোটা জনতা পার্টির বা অন্যান্য যারা আছেন তারা যদি সত্যিসত্যি পশ্চিমবাংলার মানুষের প্রতি দরদী হন তাহলে এই বামফ্রন্ট সরকারের নেতৃত্বে থেকে তাদের সঙ্গে জনগণের কল্যানের জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করা উচিত। স্যার, আমি উদ্বাস্তু সমস্যার সমাধানের ব্যাপারে বিশদ আলোচনায়

যাব না শুধু আমি এই সমস্যার একটি দিকের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করব। আজ আমরা দেখছি কলকাতায় ৯১ লক্ষ মানুষ বাস করেন। কলকাতার উপর মানুষের চাপ ক্রমশই বাড়ছে বাংলাদেশে যদি সম্প্রীতি রক্ষা করা না যায়, কেন্দ্রীয় সরকার যদি এটা বিবেচনা না করেন তাহলে আমাদের আশঙ্কা আরও মানুষ ঐ বাংলাদেশ থেকে এখানে আসবেন। তাদের কোনও উপায় নেই তাই তারা সেখান থেকে আসছেন এবং আসবেন এবং এটা অব্যাহত থাকলে বৃহত্তর কলকাতার উপর এই মানুষের চাপ বাড়বেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, এই সমস্যার প্রতি দৃষ্টি দিয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন যাতে কেন্দ্রীয় সরকার বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন থাকে বা সবাই যাতে সুস্থ ভাবে বাংলাদেশে থাকতে পারেন সেটার প্রতি দৃষ্টি দেন। তারপর স্যার, রিলিফ নিয়ে এখানে অনেক কথা বলা হয়েছে। স্যার, অতীতে আমরা দেখেছি প্রাকৃতিক বিপর্যয় হলে আমাদের দেশে হাজার হাজার মানুষ মারা যেতেন। আমরা অন্ধ্রের কথা জানি। আমরা জানি, পুঁজিবাদী, সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্যে খরা হলে, বন্যা হলে মানুষ নিজের প্রাণ রক্ষা করতে পারে না, হাজারে হাজারে মানুষ মারা যায় কিন্তু স্যার, পশ্চিমবাংলায় ১৯৭৮ সালের বন্যা ও '৭৯ সালের খরায় যে নজির সৃষ্টি করেছেন এই বামফ্রন্ট সরকার সেটা পৃথিবীর ইতিহাসে বিরল। একমাত্র আমরা আনি চীনে ভূমিকম্পের সময় কোটি কোটি মানুষকে রাস্তায় বসিয়ে মাসের পর মাস খাওয়ানো হয়েছিল। মানব-দরদী সরকার যাকে বলে সেই জিনিস আমরা দেখেছি চিন সরকারের মধ্যে আর পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের মধ্যে। মুখ্যমন্ত্রী মহাশয় আবেদন জানালেন সাধারণ মানুষের কাছে, কেন্দ্র টাকা দিলেন না, ৩৬ কোটি টাকা চাইলেন বামফ্রন্ট সরকার কেন্দ্রের কাছে কিন্তু তারা সে টাকা দিলেন না, বারবার নানান অজুহাত দিলেন, বললেন হিসাব দাও, সেই হিসাব চাওয়ার ফানুস ফেঁসে গেলে, সমস্ত হিসাব দেওয়া হল কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার ১৮ কোটি টাকা দেননি। পশ্চিমবাংলার সরকার সেখানে সমস্ত দায়িত্ব নিয়ে তাদের দায়িত্ব পালন করে গেলেন। মাননীয় মুখ্যমন্ত্রী যে আবেদন রেখেছিলেন শহরাঞ্চলের শ্রমিক, মধ্যবিত্ত মানুষের কাছে তাতে আমরা দেখলাম তারা এক কোটি টাকা সাহায্য করলেন। এটা ইতিহাসে বিরল। কোনও রাজ্যে এ জিনিস আমরা দেখিনি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এইভাবে যে সমস্ত কাজ করেছেন তারজন্যই আজকে সাধারণ মানুষ এই বামফ্রন্ট সরকারকে সমর্থন নিয়ে ওরা অনেক অপপ্রচার চালিয়েছেন, সেই মরিচঝাঁপির ঝাঁপি যখন বন্ধ হয়ে গেল তখন দেখলাম নানাভাবে তারা অপপ্রচার চালাবার চেষ্টা করছেন। বিদ্যুতের কথা নিয়ে বলতে আরম্ভ করলেন, মানুষ তাদের অপপ্রচারে কান দিলেন না। তারপর শিক্ষা নিয়ে পড়লেন। এখন বোধ হয় শ্রীমতী ইন্দিরা গান্ধী বলে দিয়েছেন এটা নিয়ে বেশি বাড়াবাড়ি করো না তাই এখন শুনছি বলছেন, প্রাথমিক স্তরে ইংরাজি না থাকাই ভালো। এই হচ্ছে ওদের অবস্থা। কোনও ব্যাপারেই যখন পারছেন না তখন দেখলাম এখানে শ্রীমতী সুব্বাকে দিয়ে ঐ রকম একটা বিকৃত জিনিস করালেন। দুঃখের কথা, দেখলাম এখানে হরিপদবাবু নীরবে সেটা সমর্থন করলেন। আজকে আমরা দেখছি, কংগ্রেস, জনতা, জনসংঘ সবাই মিলে এই বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করবার জন্য

গভীর চক্রান্ত করছেন। পশ্চিমবঙ্গে পুঁজিবাদী প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর লীলাক্ষেত্র করবার জন্য যে প্রচেষ্টা ওরা চালাচ্ছেন পশ্চিমবাংলার মানুষ তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন এবং তার সমুচিত জবাব দিচ্ছেন। স্যার, পরিশেষে বলি, এই বামফ্রন্ট সরকারের ক্রিয়াকলাপ যেমন সব ক্ষেত্রে প্রসারিত হচ্ছে এই রিলিফ ও উদ্বাস্তু ত্রাণ দপ্তরেও তেমনিভাবে প্রসারিত হচ্ছে। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুব বেশি সময় নিয়ে ধৈর্যের বাঁধ ভাঙ্গতে চাইনা। কিন্তু মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় যেভাবে, যে দৃষ্টিভঙ্গিতে আমাদের সরকার এবং বিশেষ করে এই ব্যয় বরাদ্দের সমালোচনা করেছেন এবং সমালোচনা করতে গিয়ে যে দু'একটা কথা বলেছেন, আমি তার জবাব না দিয়ে পারছি না। আমাকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এবং হরিপদবাবুও জানেন, উনি চর শিবপুর মুর্শিদাবাদের কথা বলেছেন। উনি নিজেকে, উদ্বাস্তু দরদী হিসাবে এই সভায় উপস্থাপিত করতে চান এবং উনি মনে করছেন যে এই সভায়, এই কথা বললেন কাগজগুলি সেটা লুফে নেবে। চর শিবপুরের খবরটা কি? ১৯৭৮ সালে চর শিবপুরে বন্যার সময়ে সেখানে যারা ক্ষেতমজুর এবং গরিব কৃষক, যারা ছোট ছোট, খন্ড খন্ড জমিতে বাসকরতেন এবং তাদের মধ্যে প্রধানত মুসলমান ছিল এবং তারা সেই জমিতে বহু বছর ধরে বাস করতেন। মুর্শিদাবাদ জেলায় মুসলমান ভায়েরা কি ভাবে বাস করতেন এবং কি ভাবে তাদের বসতি আছে সেটা সকলেই জানেন। বন্যার সময় যখন সেই চরকে ডুবিয়ে দিল তখন তাদের সেই জায়গা থেকে সরানো যাচ্ছিল না, তারা সরে যেতে চাচ্ছিল না, ঘরের মাচার উপর থাকতে চাচ্ছিল। রিলিফ বিভাগ থেকে তাদের অনেক অনুরোধ করে বলা হয় যে তোমরা গরু, বাছুর ইত্যাদি সব নিয়ে চলে যাও, আবার জল যখন নেমে যাবে তখন ফিরে আসবে। ইতিমধ্যে জল যখন নেমে গেল, তাদের তখন ফিরিয়ে আনবার চেষ্টা করা হয়েছে। এই সমস্ত কথা দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে। জনতা পার্টির মধ্যে যে অংশ নেতৃত্ব দিয়েছেন, উদ্বাস্তুদের নামে একটা সাম্প্রদায়িক দাঙ্গা সেখানে লাগাবার উদ্দেশ্য নিয়ে যেভাবে সাংঘাতিক পরিবেশ সৃষ্টি করা হয়েছিল তাতে তখন আমাদের সরকারকে চিন্তিত করেছিল। যে সমস্ত গরিব কৃষক বন্যার ফলে জমি ফেলে চলে গিয়েছিল, তাদের সেই জমি যারা জবরদখল করতে গিয়েছিল, তাদের আমরা সরিয়ে দিয়ে সেই গরিব কৃষকদের বসাই। এতে উদ্বাস্তুদের উপর অত্যাচার করা হয়েছে বলে বলা হয়েছে। যে সমস্ত ঘটনার কথা উনি বলেছেন, সেগুলি সম্পূর্ণ অসত্য, মিথ্যা। অন্যান্য বিরোধী দলগুলি আজকে বেরিয়ে গেছে। উনি কি মনে করে এখানে বসে আছেন, বেরিয়ে যাননি, তা আমি জানি না। তবে হয়ত মনে করছেন বেরিয়ে না যাওয়াটা অন্যায় হয়েছে। কিন্তু বেরিয়ে যখন যাননি তখন কিছু বলা প্রয়োজন এবং সে জন্য সরকারের উদ্দেশ্যে, সরকারকে আক্রমণ করে কংগ্রেস (আই)-এর কাছে সাধু সাজবার চেষ্টা করেছেন। হরিপদবাবু আমার ঘনিষ্ঠ। আমার সঙ্গে তার রিলিফের ব্যাপারে অনেক যোগাযোগ আছে।

এব্যাপারে ওঁর সহযোগিতা আমি অনেক সময় গ্রহণ করেছি, আমিও অনেক সহযোগিতা করেছি। অথচ আজকে উনি এই দৃষ্টিভঙ্গি দিয়ে রিলিফের কাউকে দেখছেন! যেটাকে সাম্প্রদায়িক দাঙ্গার দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়েছিল, সেটাকে আমরা ঠিক পথে নিয়ে গিয়েছিলাম। আর তার জন্য উনি ঐসব কথা আজকে এখানে বললেন! আজকে উনি খুব উদ্বাস্তু দরদী হয়েছেন! তবে উনি একটা কথা ঠিকই বলেছেন যে, উদ্বাস্তু এবং ত্রাণ খাতে যে টাকার বরাদ্দ ধরা হয়েছে তার চেয়ে বেশি হওয়া উচিত ছিল, বেশি হলে উনি খুশি হতেন। তা যদি হত তাহলে আমরাও খুশি হতাম, সবাই হত, কে না হত? কিন্তু আমাদের সীমিত ক্ষমতা অনুযায়ী আমরা এর চেয়ে বেশি করতে পারিনি। এটা তো উনি জানেন, উনি একজন দক্ষ পার্লামেন্টারিয়ান। আমরাও অনেক সময়ে বলি, হরিপবাবু অন্তত একটু বাদ বিচার করে কথা বলেন। কিন্তু উনি আজকে কি বললেন, উনি বললেন এত অল্প বাজেট। উনি তো চার বছর বিধান সভায় আছেন, উনি কি দেখেননি যে, আমাদের বাজেট পাস হবার পরে আবার একটা রিভাইজড বাজেট পাস হয়। আজকে ত্রাণ খাতে যেটা ১৩ কোটি টাকা ধরা হয়েছে, সেটা রিভাইজড বাজেটে আরো বেড়ে যাবে। তারপরে উনি '৭৮ সালের কথা বলেছেন, আমরা তখনও এর সমপরিমাণ টাকা বাজেটে ধরেছিলাম—কিন্তু উনি যেভাবে ইঙ্গিত করলেন তা অত্যন্ত দুঃখের, অত্যন্ত লজ্জার, হরিপদবাবুর মতো একজন প্রবীণ লোক এইভাবে ইঙ্গিত করবেন, এটা আমরা ভাবিনি—কিন্তু ১৯৭৮-৭৯ সালে বিধ্বংসী বন্যায় ১৩,৪৪,০০০ বাড়ি ভেঙে গিয়েছিল, জেলা ম্যাজিস্ট্রেটের পক্ষ থেকে এবং পঞ্চায়েতের পক্ষ থেকে সে সংবাদ যখন আমাদের কাছে এলো তখন আমরা দেখলাম যে, ১৩,৪৪,০০০ বাড়ি ভেঙে গিয়েছে এবং আমরা প্রত্যেকটা বাড়ির জন্য অনুদান দিয়েছিলাম। ঐ বছর আমাদের সর্বমোট বাজেট ছিল ১৩ কোটি টাকা, কিন্তু আমরা ঐ বাড়িগুলি মেরামত করবার জন্য এবং প্রয়োজনে নতুন করে করে দেবার জন্য ২৩ কোটি টাকা দিয়েছিলাম। হরিপদবাবুর এটা জানা উচিত। তারপর উনি বললেন ত্রাণ নিয়ে আমরা দলবাজি করছি আমরা দেখে দেখে লোকেদের ত্রাণ দিচ্ছি। সব চেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে প্রতি বছর বাজেট অধিবেশনের সময়ে ওঁরা এসব কথা বলেন এবং আমরা প্রতিবারই বলি যে, আপনাদের কোনও সুনির্দিষ্ট অভিযোগ থাকলে, আপনারা দেবেন এবং আমরা অনুসন্ধান করব, যদি কোথাও কোনও অন্যায় হয়ে থাকে, কোনও ত্রুটি হয়ে থাকে তাহলে সেই ত্রুটি নিশ্চয়ই আমরা সংশোধন করব। ওঁদের কাছ থেকে খুব বেশি নির্দিষ্ট অভিযোগ আমরা পাইনি, তথাপি যে কটি অভিযোগ ওঁদের পক্ষ থেকে এবং কংগ্রেস (ই)-র পক্ষ থেকে আমাদের কাছে এসেছে সেকটি ক্ষেত্রেই আমরা অনুসন্ধান করে প্রয়োজন মত ব্যবস্থা গ্রহণ করেছি। সেই জন্য আমি আবার হরিপদবাবুকে বলছি যে, আপনি বলুন, আমরা কোথায় দলবাজি করেছি, দেখে দেখে লোকেদের ঋণ দিয়েছি? তবে এখন কি করা যাবে, পশ্চিমবঙ্গের শতকরা ৭০ থেকে ৮০ ভাগ মানুষই বামফ্রন্ট সরকারের পক্ষের মানুষ, তারা বামফ্রন্টকে সমর্থন করে এবং তারা পঞ্চায়েতের মাধ্যমে সংগঠিত হয়ে কায়েমি-স্বার্থের বিরুদ্ধে সংগ্রাম করছে, এখন বেশি সংখ্যায় ঐসব লোকেদের ত্রাণ স্বাভাবিকভাবেই দিতে হচ্ছে, এক্ষেত্রে আমাদের তো কিছু করার নেই। তা

হরিপদবাবু কি বলতে চাইছেন? ঐ শতকরা ৭০ থেকে ৮০ ভাগ মানুষকে বাদ দিয়ে যে মানুষরা আছে, যারা বামফ্রন্ট সরকার বিরোধী সেই সামান্য অংশকে মোট ত্রাণের শতকরা ৫০ ভাগ দেব, আর বামফ্রন্ট সরকারকে যে মোট জন-সংখ্যা সমর্থন করছে তাদের মধ্যে ৫০ ভাগ দেব? এটা কি উনি চাইছেন? তাহলে কি আমরা নিউট্রাল থাকব? এই হলো ওঁর গণতন্ত্র। আজ থেকে এই বিধান সভায় ভারতীয় জনতা পার্টির এই নতুন ভূমিকা শুরু

[6-50 — 7-00 p.m.]

হলো। আজকে মাননীয় সদস্য হরিপদবাবু বললেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে যত কিছু অভিযোগ আছে আমরা একসঙ্গে বলতে রাজি আছি। কই উনি তো বললেন না-ফুড ফর ওয়ার্কের ক্ষেত্রে গত ৩ বছরে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ১৯ কোটিরও বেশি লোকের শ্রম দিবস তৈরি করেছে, গ্রামাঞ্চলে কর্মহীন মানুষদের যাদের কাজ ছিল না তাদের কাজ দিয়েছে, আগে আমরা ২ কেজি গম আর ১ টাকা দিতাম সেটাকে পরিবর্তন করে ৩ কেজি গম আর ২ টাকা করে দিয়ে সেই কাজ করাচ্ছি। যে সমস্ত গ্রামে গ্রামে কোনও কাজ কোনওদিনও হয়নি বিগত ৩৩ বছরে কি কংগ্রেসি আমলে, কি জনতা সরকারের আমলে যা কখনই হয়নি সেই সমস্ত উন্নয়নমূলক কাজ হচ্ছে, তার ফিরিস্তি আমার কাছে আছে, আমি এই বিষয়ে আর সময় নষ্ট করতে চাইনা। উনি কি জানেন না আমরা কি করেছি? কেন্দ্রীয় সরকার ফুড ফর ওয়ার্কের কাজ বন্ধ করে দিয়েছে অগনতান্ত্রিকভাবে এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে গম সম্পর্কিত বিষয়—তারা আমাদের যা দিয়েছিলেন সেই বিষয়ে মত বিরোধ হওয়াতে আমরা প্রেসিডেন্টকে বলেছিলাম বিষয়টি সুপ্রীম কোর্টে দিন, কে সত্যি কথা বলছে, পশ্চিমবঙ্গ সরকার সত্যি কথা বলছে না কেন্দ্রীয় সরকার সত্যি কথা বলছে। ওনারা জানিয়ে দিলেন সুপ্রীম কোর্টে যাবে না। যারা অভিযোগ করলেন তারাই বললেন কোনও কোর্টে যাবে না, তোমরা অন্যায় করছো। পশ্চিমবাংলার সংগ্রামী জনগণের জন্য, গ্রামবাসীদের ঐক্যবদ্ধ করার জন্য বামফ্রন্ট সরকারের পার্টিগুলি আজ নেতৃত্ব দিয়েছেন বলে তাই আজকে কংগ্রেস আইয়ের পক্ষ থেকে বৈষম্যমূলক আচরণ করা হচেছ। সেই আচরণের ফলে আমরা কি চুপ করে বসে থাকবো? আমরা আমাদের এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে যতটুকু সম্ভব তা করার চেষ্টা করছি। আমরা একটা জিনিস ভেবেছি,—হরিপদবাবুকে শুনতে বলছি—আমরা ভেবেছি,—কেন্দ্রীয় সরকারের এই বৈষম্যমূলক আচরণের ফলে—আপনারা জানেন—পশ্চিমবাংলায় ফুড ফর ওয়ার্কের কাজ বন্ধ হয়ে গেছে। তাই বামফ্রন্ট সরকার গ্রামাঞ্চলের দুস্থ মানুষদের কথা ভেবে তাদের পাশে সব সময়ে আছি। এই কর্মহীন মানুষদের আমরা কাজ দিতে চাই। তাই রিলিফ বিভাগের পক্ষ থেকে মানুষরা যাতে অনাহারের হাত থেকে বাঁচতে পারে তারজন্য আমরা এই সীমিত ক্ষমতার মধ্যে একটি নতুন, পরিকল্পনা গ্রহণ করেছি। আমরা ফুড ফর ওয়ার্কের কাজ যে রকমের করতাম সেই ধরনের কাজ করব। কেন্দ্রীয় সরকার গম না দিলেও আমরা ৫ টাকা করে মজুরি দিয়ে গ্রামের উন্নয়নমূলক কাজ করে যাবো—এই পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। এই কথা হরিপদবাবুকে

আজ বলে দিতে চাই। আমি আর বেশি সময় নেব না, আমি শুধু হরিপদবাবুকে অনুরোধ করব তিনি যেন প্রতিটি বিষয় একটু জেনে, বুঝে তারপর যেন বলেন। উনি দরদী লোক, পূর্ববঙ্গের উদ্বাস্তু সম্বন্ধে দরদ দেখালেন—আমি মরিচঝাঁপি সম্বন্ধে আর কিছু বলছি না কেননা এ ব্যাপারে ফায়সালা হয়ে গেছে—পশ্চিমবাংলার জনগণের সামনে বামফ্রন্ট সরকারকে অপদস্থ করার জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে চেষ্টা করলেও তাতে জনতার যে ওখানে হাত ছিল তার প্রমাণ জনগণ দিয়েছেন কাজেই এই সম্পর্কে আমি কিছু বলতে চাই না। ঐ পূর্ববঙ্গের উদ্বাস্তু সম্বন্ধে উনি খুব দরদ দেখালেন।

আপনাদের তখন কেন্দ্রীয় মন্ত্রিসভায় হাজার হাজার কোটি টাকার পশ্চিম-পাকিস্তান থেকে আগত যে সমস্ত উদ্বাস্তু তাদের দিয়েছেন, আমরা কি বলেছিলাম? আমরা বলেছিলাম সেই কমপেনসেসনটা যাতে পূর্ববঙ্গ থেকে আগত গরিব উদ্বাস্তুরা পেতে পারেন তার একটা ব্যবস্থা করে দিন। দু-দুটো মন্ত্রিসভা—জনতা সরকারের কাছে উপস্থিত করেছিলাম,—আমরা বলেছিলাম সে সময় সীমা যা ধরেছেন তা শেষ হয়ে গেছে, সাধারণ গরিব মানুষ, আপনাদের প্রচারটা তাদের কাছে সময় মত যায়নি, তাই দরখাস্ত করতে পারেনি। কাজেই সময় সীমাটা বাড়িয়ে দিন আর বোম্বাইতে টাকা নিতে আসতে হয়, কাজেই কলকাতায় একটা অফিস খুলে দিন। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি জনতা সরকার—অতীতের কংগ্রেস সরকারের দুর্নীতিগুলি ইন্দিরা কংগ্রেসের সরকারের উদ্বাস্তু পুনর্বাসনের বিরোধী যে নীতিগুলি ছিল অতীতে, আজও তাই আছে মাঝে জনতা সরকার যা গ্রহণ করেছিলেন সেটি দু-একটি ব্যাপারে ছিটে ফোঁটা অদলবদল করেছিলেন। না হলে অতীতের কংগ্রেস সরকারের যে উদ্বাস্তু পুনর্বাসনের বিরোধী নীতি সেই নীতি নিয়েই পুনর্বাসন বিভাগ তুলে দেওয়ার চেষ্টা করেছেন। উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা স্বীকার করে নেওয়ায় আমরা কমপেনসেসনের জন্য কেন্দ্রীয় মন্ত্রীর কাছে গিয়েছিলাম, তখন কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ মিনিস্টারের কাছে এই বিভাগ ছিল, তাঁর সঙ্গে দেখা করেছিলাম, তিনি বললেন, না, সময় সীমা বাড়ানো যায় না। অর্থাৎ সময় সীমা যখন বাড়ানো গেল না তখন বোম্বাই থেকে অফিস ক্যালকাটায় করা হল। তাতে কিছু জোতদার, জমিদার, বড় বড় ব্যবসায়ী অথবা যারা কল-কারখানার মালিক তারা বেশি টাকা কমপেনসেসন পাবে, তাদের বোম্বাই গিয়ে তদারকি করার জন্য যে টাকা খরচ হতো, তা থেকে তারা মুক্ত হল। আমরা বড়লোকদের জন্য কমপেনসেসন আদায় করিনা, সময় সীমা না বাড়াতে যেমন বড়লোকদের সুবিধা হবে, কিন্তু আমরা গরিব উদ্বাস্তুদের কথা ভাবি, কিন্তু উনি বললেন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে যে হাজার হাজার, লক্ষ লক্ষ, উদ্বাস্তু এসেছিল যারা পুনর্বাসনের আগ্রহী, তারা কি সে সুযোগ সুবিধা পাবে? উনি হরিপদবাবু যেন ঘুম থেকে উঠলেন। জনতা দল তো দু-আড়াইটা বছর ভারত সরকারের নেতৃত্ব করেছিলেন, হরিপদবাবুর দলই তো ক্ষমতায় ছিলেন, তখন তো তাঁদের কাছে এ কথা বলতে পারলেন না, যে যত লোক বাংলাদেশের থেকে পশ্চিমবঙ্গে আসবে, সমস্ত লোককে যেন উদ্বাস্তু হিসাবে গ্রহণ করা হয়, তার ব্যবস্থা করার। ১৯৭১ সালের ২৫শে মার্চ নির্ধারিত তারিখে একটা

বৈদেশিক রাষ্ট্র থেকে যারা আসবে তারা উদ্বাস্তু হিসেবে গণ্য হবে কি না হবে সেটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ার, সেদিন কেন্দ্রীয় সরকারে যাঁরা ছিলেন তাঁরা সে তারিখটা বদলাননি কেন? আমি অনুযোগ বা অভিযোগ করছি না—ভাবতে বলছি, হঠাৎ কেন এত উদ্বাস্তু দরদী হচ্ছেন? যে ভূমিকা অতীতে ছিল তাই যদি করেন তাহলে মানুষ আপনাকে ভুলতে পারবে না, কিন্তু সেই পারার সুযোগ আপনিই করে দিচ্ছেন। আমরা অনেকবার সি. এম. ডি. এ. সহ আলোচনার জন্য গিয়েছিলাম কিন্তু কাকস্য পরিবেদনা সেখানে কোনও আলোচনাই হয়নি। আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যা প্রতিশ্রুতি দিয়েছিলাম, আমাদের ৩৬ দফা কর্মসূচির মধ্যে আছে পশ্চিমবঙ্গের সমস্ত অংশের মানুষের সাধারণ মানুষের জন্য এবং উদ্বাস্তু ত্রাণখাতে আমাদের যা সীমিত টাকা তা থেকেই আমরা যা করার, তা করব।

[7-00 — 7-14 p.m.]

আসাম উদ্বাস্তুদের সম্বন্ধে বলেছেন বলে বলছি যে সাধারণভাবে তারা মাসে ৮ কে. জি. করে গম, অথবা ১০ টাকা শহরাঞ্চলে পায়। আসামের যে সমস্ত উদ্বাস্তু জলপাইগুড়ি এবং কুচবিহার জেলার জোড়াইতে আছে তারা সপ্তাহে ৫ টাকা মজুরি এবং আড়াই কে. জি. করে গম পাচ্ছে। তাদের বাংলা বই দিচ্ছি। ডাক্তার, নার্স পাঠিয়েছি, জলকলের ব্যবস্থা করেছি, ক্যাম্প করেছি। অর্থাৎ মানবিক দিক দিক থেকে যা করা দরকার তাই করেছি। এজন্য কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়া উচিত। আমাদের ত্রাণ ও স্বাস্থ্যদপ্তর থেকে ৯০ লক্ষ থেকে ১ কোটি টাকা খরচ করেছি। আমরা কেন্দ্রীয় সরকারকে এ বিষয়ে চিঠি দিয়েছি, কিন্তু তার কোনও উত্তর নেই। আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন যে আসাম থেকে উদ্বাস্তু যারা আবার আসামে ফিরে যাবেন তাদের জন্য আমরা লক্ষ লক্ষ টাকা খরচ করেছি তার কি হবে? কিন্তু তার উত্তর এলে আমরা খতিয়ে দেখছি। কিন্তু তাঁরা একটা পয়সাও দেয়নি। অথচ হরিপদবাবু এ সম্বন্ধে একটা কথা বললেন না। ভারতবর্ষ রাজনৈতিকভাবে বিভক্ত হবার পর কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে পূর্ববঙ্গ থেকে আগত যে সমস্ত উদ্বাস্তু আসবেন তাদের পুনর্বাসনের দায়িত্ব তাঁরা নেবেন, কিন্তু তাঁরা তা নিচ্ছেন না। আমরা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংগ্রাম করেছি। আমরা এজন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে ৫০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চেয়েছি। আমরা এ বিষয়ে পূর্ণ তথ্য সংগ্রহ করার জন্য এম. পি. সমর মুখার্জির নেতৃত্বে একটা কমিটি করেছিলাম। তাঁরা তাদের পূর্ণাঙ্গ রিপোর্ট দিয়েছেন।

এখন আমরা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে মোকাবিলা যখন করব, তখন আশা করব হরিপদবাবু নিশ্চয় আমাদের সাথী হবেন। সর্বশেষে আমি আশা করছি এই ব্যয়বরাদ্দকে সকলে সমর্থন করবেন এবং আমি যেসমস্ত ছাটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি।

**Demand No.44**

The motion of Shri Radhika Ranjan Banerjee that a sum of Rs.13,78,13,000 be granted for expenditure under Demand No.44, Major Heads: "288-Social Security and Welfare (Relief and Rehabilitation of Dispalced Persons and Repatriates), 488-Capital Outlay Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation) of Displaced Persons)", was then put and a division taken with the following result:

**AYES**

Abdul Quiyom Molla, Shri

Banerji, Shri Radhika Ranjan

Barma, Shri Manindra Nath

Basu, Shri Nihar Kumar

Bhattacharyya, Shri Gopal Krishna

Bisui, Shri Santosh

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jnanendranath

Bose, Shri Ashoke Kumar

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chattapadhyay, Shri Sailendra Nath

Chowdhury, Shri Sibendranarayan

Chowdhury, Shri Subhendu Kumar

Ghosh, Shri Sambhu Charan

Goppi, Shrimati Aparajita

Hira, Shri Sumanta Kumar

Khan, Shri Sukhendu

Let (Bara), Shri Panchanan

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Pananlal

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malakar, Shri Nani Gopal

Mandal, Shri Sukumar

Mondal, Shri Ganesh Chandra

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Rabin

Panda, Shri Mohini Mohan

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Tarak Bandhu

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshi Narayan

Santra, Shri Sunil

Sarkar, Shri Ahindra

Sarkar, Shri Sailen

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Lakshmi Charan

Sen, Shri Sachin

Singh, Shri Chhedilal

Sk. Siraj Ali, Shri

Tudu, Shri Bikram

**NOES**

Bharati, Shri Haripada

the Ayes being 46 and the Noes 1, the motion was carried.

**Demand No.47**

**Mr. Deputy Speaker :** There are cut motions on this Demand but as the mover is not present the cut motions are not moved. So I put the main Demand No. 47 to vote.

The motion of Shri Radhika Ranjan Banerjee that sum of Rs.13,60,00,000 be granted for expenditure under Demand No.47, Major Head : "289-Relief on account of Natural Calamities was then put and agreed to.

## LEGISLATION

### The Kalayani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 and place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Deputy Speaker :** There is a Statutory Resolution in the name of Shri Rajani Kanta Doloi. Since he is not present in the House his Resolution falls through. I now request Shri Sambhu Charan Ghosh to move the motion for consideration of the Bill.

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Deputy Speaker, Sir, I beg to

move that The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, be taken into consideration.

The motion was then put and agreed to.

### Clauses 1 to 3 and Preamble

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7.14 p.m. till 1 p.m. on Saturday, the 21st March, 1981 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 21st March, 1981 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah.) in the Chair, 12 Ministers, 4 Ministers of State and 86 Members.

[1-00 – 1-10 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার** : স্যার, জেল খানার কয়েদীদের মতো আর কত দিন আমাদের এখানে আসতে হবে।

**শ্রী সন্তোষকুমার দাস** : কিছুই হয়নি আমাদের।

(গোলমাল)

**ADJOURNMENT**

**মিঃ স্পিকার** : বসুন, আপনি তো এখানে আসতে পেরেছেন, আর বেশি কিছু বলতে চাই না, আমি এইটুকু বলতে চাই যে একজন মেম্বার যদি Continuously disobedience of the Speaker তার কি কর্তব্য স্পিকারের কি কর্তব্য তার সম্বন্ধে আপনার কি বক্তব্য আছে সেটা জানলে তবে আমি অন্য কিছু শুনতে রাজি আছি। আমার দেখার কোনও ব্যাপার নয়। when you make reference in this House you must also know that somebody has flouted the decision of the Speaker. How to control that erring member?—That suggestion you can give in this House. Enlighten not only me but also the House.

আজ আমি শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়দের কাছ থেকে দুটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দলুই বিদ্যুৎ সঙ্কটের জন্য পশ্চিমবঙ্গের মানুষের দুরবস্থা এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী মৈত্র মালদহ জেলায় পানীয় জলের সঙ্কট সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

সদস্য মহাশয় আগামী বিদ্যুৎ বরাদ্দের উপর বিতর্কের দিন প্রথম প্রস্তাবের বিষয়টি

আলোচনা করতে পারবেন। দ্বিতীয় প্রস্তাবের বিষয়টি সদস্য মহাশয় দৃষ্টি আকর্ষণী বা প্রশ্নের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর নজরে আনতে পারেন।

তাই আমি দুটি প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলো পাঠ করতে পারেন।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter or ungent public importance and of recent occurrence, namely :-

In convenience to public due to prolonged power cut.

The people of West Bengal in general and of Calcutta in particular are suffering from prolonged and widespread power cuts due mainly to low generation of power at the power plants of West Bengal State Electricity Board, Durgapur Projects Ltd. and Calcutta Electric Supply Corporation Ltd. Due to sharp increase in inter union rivalry, inefficient management and unwanted political interference in administrative matters, the Durgapur Projects Ltd. has failed to supply power to Calcutta even at reduced rate.

Inopt handling of the situation by Government and high officials of West Bengal State Elecrticity Board has resulted in deterioration in power generation in West Bengal State Electricity Board units. The Government has failed to take effective measure to save the people from the hardships.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ-

মালদহ জেলায় পানীয় জল সরবরাহে সঙ্কট।

মালদহ জেলায় প্রতি গ্রামেই পানীয় জল সঙ্কট একটি সমস্যা হইয়া দাঁড়াইয়াছে। অধিকাংশ টিউবওয়েল অচল হইয়াছে—গ্রাম পঞ্চায়েতের বা পঞ্চায়েত সমিতি গত এক বৎসর তিনটির বেশি টিউবওয়েল মেরামত করিতে পারেন নাই। কয়েকটি পুরাতন ২০০ বা ২৫০ ফুট গভীর নলকূপ তুলিয়া কেবল মাত্র ২০/২৫ ফুট পাইপ বসান হইয়াছে। অধিকাংশ পাইপ হয় বিক্রয় করা হইয়াছে অথবা কোনও গ্রাম পঞ্চায়েত সদস্য নিজের কাজে লাগাইয়াছেন।

বি.ডি.ও বা এস এ ই-রা অসহায় নির্বাক দর্শকের ভূমিকা গ্রহণ করিয়াছেন।

## Calling Attention to matters of Urgent Public Importance.

**মিঃ স্পিকার ঃ** আমি আজ নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ-

| | | |
|---|---|---|
| ১) | কলকাতা ও শহরতলীতে লোডশেডিং— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ২) | মেদিনীপুর সেন্ট্রাল জেলে কুয়োতে কয়েদীর মৃতদেহ— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৩) | ২৪ পরগনায় আমডাঙ্গাতে ব্যাঙ্ক লুঠ— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৪) | চোরাপথে বাংলাদেশে আঙুর পাচার— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৫) | মালদহ জেলার সীমান্তবর্তী এলাকায় ডাকাতি, রাহাজানির সংখ্যা বৃদ্ধি— | শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র, |
| ৬) | মালদহ জেলার ভালুকা মৌজায় স্যালো টিউবওয়েলের জল সরবরাহ বন্ধ— | শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র, |
| ৭) | মালদহ জেলার বরুই পাবলিক লাইব্রেরিকে সরকারি গ্রামীণ পাঠাগার রূপে রূপান্তরিত না করা— | শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র, |
| ৮) | ডিসরাপশন অব ট্রেন সার্ভিসেস অন শিয়ালদহ সাউথ সেকশন— | শ্রী রজনীকান্ত দলুই। |

আমি মেদিনীপুর সেন্ট্রাল জেলে কুয়োতে কয়েদীর মৃতদেহ বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আগামী ২৪শে মার্চ মঙ্গলবার।

## LEGISLATION

### The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to introduce the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, and to place a statement as required under rule 72(1) of the Rules of

Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**(Secretary then read the title of the Bill)**

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that this Assembly disapproves the North Bengal University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, be taken into consideration.

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি (টেম্পোরারি সুপারসেশান) (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮১, যেটা মাননীয় শিক্ষা মন্ত্রী আমাদের সামনে রেখেছেন আমি তার বিরুদ্ধে যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাব উত্থাপন করছি এই অর্ডিন্যান্স করে জোর করে যখন মাননীয় শিক্ষা মন্ত্রী এই ইউনিভার্সিটি টেম্পোরারি সুপারসেশান করেছিলেন তখন বলেছিলেন আমাদের যে ছয় মাস ছয় মাস করে এক্সটেনশন করা হবে, ২ বছরের মধ্যে তার নির্বাচন হবে। কিন্তু দেখা গেল দুই রছর পরে আবার উনি একটা বিল নিয়ে এসেছিলেন, তাতে এক বছর সময় বাড়িয়ে ছিলেন। আবার দেখা যাচ্ছে উনি এক বছর টাইম চাচ্ছেন, এই এক বছর টাইম নিয়ে উনি নির্বাচন ইত্যাদি করবেন। স্যার, পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থা নিয়ে যে আন্দোলন শুরু হয়ে গেছে তারই পরিপ্রেক্ষিতে আমাকে দু'চার কথা বলতে হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, দলবাজি চলছে। বামফ্রন্ট সরকার যেভাবে শিক্ষাকে কুক্ষিগত করার চেষ্টা করছেন তাতে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, দলবাজি চলছে, সে সম্বন্ধে বলতে গেলে দু'চার কথা বলতে হয়।

[1-10 – 1-20 p.m.]

এ সম্বন্ধে বলতে গেলে এটাই হচ্ছে তার প্রকৃষ্ট প্রমাণ। নর্থ বেঙ্গল এবং বার্ডওয়ান ইউনিভার্সিটির ক্ষেত্রে অর্ডিন্যান্স করার সময় জোর করে বলেছিলেন, ঠিকভাবে চলছেনা সেইজন্য অর্ডিন্যান্স করে ৬ মাসের জন্য গ্রহণ করছি, ম্যানেজমেন্টের দায়িত্ব নিচ্ছি। তারপর ৩ বছর চলে গেল এবং এবারে আবার বিল আনলেন এক বছরের সময় চেয়ে এবং বলছেন ইতিমধ্যে নির্বাচন করবেন এবং সেখানে একটা ইলেকটেড বডি বসবে। আমার মনে হয় আর যতদিন আপনারা আছেন এইভাবে সময় বাড়িয়ে বাড়িয়ে চালিয়ে যাবেন, নির্বাচন আর করবেন না। আপনাদের অক্ষমতা এবং অপদার্থতা ঢাকবার জন্য এরকমভাবে বারে বারে বিল আনছেন এবং আমাদের একটা স্ট্যাম্পিং মেশিনারি করে বিল পাস করিয়ে নিচ্ছেন। স্যার, আমি সেদিন বলেছিলাম গভর্নরের সঙ্গে এঁদের মনের মিল নেই, কনফ্রন্টেশন চলছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আপনারা জানেন গভর্নরের ইচ্ছা ছিলনা তৎসত্ত্বেও

সেখানে কনভোকেশন হয়ে গেল, যেটা কোয়াইট ইল্লিগ্যাল। আমি একটা কথা আপনাদের কাছে জিজ্ঞাসা করছি এই যে ৪ বছর কেটে গেল তাতে আপনারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কি করলেন? আপনারা কেন করতে পারলেন না, কি অসুবিধা ছিল তাও তো বলছেন না। আপনারা প্রতি বারে একটা করে বিল আনবেন এবং আমরা সেটা পাস করে দেব এ আমরা চাইনা, আমরা স্ট্যাম্পিং মেশিনারি হতে চাইনা। তাহলে উনি পরিষ্কার করে বলুন, ওঁরা যতদিন ক্ষমতায় থাকবেন এরকমভাবে অর্ডিন্যান্স করে করে কাটিয়ে দেবেন। আমরা তো দেখছি এঁদের আমলে শিক্ষার মান যেখানে ছিল তেমনি রয়েছে, মান বাড়ছেনা, কোনও উন্নতি হচ্ছেনা, বরং আরও ডেটোরিয়েট করেছে। এতদিন ধরে আপনারা কি করলেন? যা অবস্থা দেখছি তাতে আমি বলব, উনি কমপ্লিটলী ফেইল করেছেন। আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী একজন প্রবীণ অধ্যাপক কাজেই ওঁনার সম্বন্ধে আমার একটা ভাল ধারণা ছিল এবং আমি আশা করেছিলাম উনি কিছু কাজ করবেন। কিন্তু এখন দেখছি উনি কিছুই করতে পারছেন না পলিটিক্যালাইজেশনের জন্য। ফরওয়ার্ড ব্লকের মন্ত্রীকে যদি কিছু করতে হয় তাহলে ওই আলিমুদ্দীন স্ট্রিট থেকে তাঁকে পার্মিশন আনতে হবে। কাজেই এই নর্থবেঙ্গল ইউনিভার্সিটি (টেম্পোরারি সুপারসেশন) (অ্যামেণ্ডমেন্ট) বিল সম্বর্কে আমি ডিসঅ্যাপ্রুভাল জ্ঞাপন করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৮ সালে যখন এই বিল এনেছিলেন তখন আমি বলেছিলাম এই বিল আনার মানে হল কেবলমাত্র দলবাজি করা। এছাড়া আর কোনও কারণ নেই। শিক্ষামন্ত্রী মহাশয় তখন বলেছিলেন, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে অনেক অব্যবস্থা রয়েছে, অসুবিধা রয়েছে এগুলি আমরা দূর করব। প্রথমে ১৯৭৮ সালের মার্চ মাসে বিল এনেছিলেন এবং তারপর ১৯৮১ সালের মার্চ মাসে আবার বিল আনলেন। উনি সেখানে কিছু কিছু জিনিস যা ঢুকিয়েছেন তাতে দেখছি উনি অ্যাকাডেমিক কনসিডারেশন থেকে পলিটিক্যাল কন্সিডারেশন বেশি করে দেখেছেন। আমার প্রথম প্রশ্ন হচ্ছে, এই নর্থবেঙ্গল ইউনিভার্সিটি বিল আনতে উনি এত দেবি করলেন কেন? আমি আশা করি উনি জবাবি ভাষণে বলবেন সুপারসিড করবার পর তিনি কি কি উন্নতি সেখানে করেছেন এবং সুপারসিড না করলে কি হত? স্যার, মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সমস্ত মন্ত্রীরাই বলছেন শিক্ষা পলিটিক্স-এর বাইরে থাকতে পারেনা। তাহলে বোঝা যাচ্ছে শিক্ষার মধ্যে এঁরা পলিটিক্স ঢোকাবেন। আমার প্রশ্ন হচ্ছে, এই নর্থবেঙ্গল ইউনিভার্সিটিতে আপনারা কি কি ভাল কাজ করেছেন সেটা বলুন। আজকে অনেক কলেজে অধ্যক্ষ নেই, আপনারা দিতে পারেননি। যাঁরা অধ্যক্ষ হিসাবে কাজ করছেন, তাঁরা মন দিয়ে কাজ করতে পারছেন না, তাঁদের ভবিষ্যত কি তা তাঁরা জানেন না। আজকে কটা নূতন কলেজকে অ্যাফিলিয়েশন দেওয়া হয়েছে এই সুপারসেশন হওয়ার পর, এটা দয়া করে একটু বলবেন কি? আপনারা অনেক লোককে মেম্বার করেছেন, তাদের ঠিকানা হচ্ছে কেয়ার অব পার্টি অফিস, কারও সি. পি. এম. এর অফিসের ঠিকানা দেওয়া আছে, কারও ফরওয়ার্ড ব্লক পার্টি অফিসের ঠিকানা দেওয়া আছে নর্থ বেঙ্গলে।

আপনারা একটা কাজ করেছেন, সেটা হচ্ছে হেড একজামিনার রোটেট করতে হবে, তার ফল স্বরূপ আমরা কি দেখতে পাচ্ছি, হেড একজামিনার পাওয়া যাচ্ছে না, তারা হেড একজামিনার দিতে পারছেন না। নুতন কলেজ করা, নুতন কলেজের আবেদন করা, নুতন কলেজের জন্য আদৌ উৎসাহ দেওয়া হচ্ছে না। পরীক্ষার ব্যাপারে আর কি বলব, যে ভাবে পরীক্ষা চলছে, তাতে কংগ্রেসের আমলে যা ছিল, তার থেকে যদিও একটু ভাল হতে পারে, কিন্তু দলীয় লোক ছাড়া অন্য কেউ একজামিনার হওয়ার সুযোগ পাচ্ছেন না। সুতরাং আমি এই সুপারসেশনের বিরুদ্ধে। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী সম্বন্ধে আমার শ্রদ্ধা ছিল, তিনি সুভাষ বোসের দ্বারা গঠিত একটা পার্টির সঙ্গে জড়িত, তিনি যে এই ভাবে একটার পর একটা ইউনিভার্সিটিকে সুপারসিড করে নিজেদের কুক্ষিগত করবার চেষ্টা করবেন, তা আমরা কল্পনা করতে পারিনি, সেই জন্য আমরা দুঃখিত। এই সুপারসিড করার ফলে তাঁরা হয়তো সফল হয়েছেন, কারণ তাঁরা তাঁদের নিজেদের দলীয় লোক ঢুকিয়ে কার্য সিদ্ধি করছেন। এই আইন যখন হাউসে আসবে, তখন আলাপ আলোচনা করব। আমরা নীতিগত ভাবে সুপারসেশনকে সমর্থন করি না, সুপারসিড করে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির কোনও উন্নতি হয়নি। সেই জন্য এই বিলকে বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি একটি সংক্ষিপ্ত বিল। এটা যখন বিধানসভা ছিল না তখন অর্ডিন্যান্স আকারে চালু করতে হয়েছিল। সেটা এখন বিল আকারে হাউসে উপস্থিত করতে হচ্ছে। মাননীয় সদস্য বীরেন বাবু জানেন যে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় বিল সিলেক্ট কমিটিতে গিয়েছিল, উনি সেই সিলেক্ট কমিটির সদস্য ছিলেন এবং দীর্ঘদিন ধরে আলাপ আলোচনা করার পর সিলেক্ট কমিটির রিপোর্ট সহ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় বিল এই অধিবেশনেই আসছে। তখন নিশ্চিত ভাবে আরও ভাল ভাবে আলাপ আলোচনা করা যেতে পারবে। আমরা এই সংক্ষিপ্ত বিলটি এনেছি এই জন্য যে সিলেক্ট কমিটির রিপোর্ট সহ বিলটি হাউসে অনুমোদন করার পর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কমিটির নির্বাচন করতে কিছু সময় লাগবে, এক বছর সময় নাও লাগতে পারে, কিছু সময় লাগতে পারে, সেই জন্য আগাম কিছু সময় নেওয়া হচ্ছে। মাননীয় সদস্য রজনীকান্ত দলুই একই কথা বারবার বলে যাচ্ছেন। কিন্তু উনার জানা উচিত যে আমরা তো বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য যে সমস্ত সংস্থা ছিল, সেইগুলোকে যখন অধিগ্রহণ করি — কোথাও কোনও জোর করে অধিগ্রহণ করা হয়নি। সময় সীমা যখন অতিক্রান্ত হয়ে গিয়েছিল তখন নূতন আইনের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংস্থায় যাতে নির্বাচন হয় সেই উদ্দেশ্যে সরকারি তরফ থেকে সাময়িক ভাবে অধিগ্রহণ করা হয়। বোধ হয় মাননীয় সদস্য রজনী দলুই মহাশয়ের জানা নেই, উনি জেনে রাখুন যে কেন্দ্র শাসিত যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে, আমি একটা বিশ্ববিদ্যালয়ের নাম করছি বেনারস হিন্দু ইউনিভার্সিটি, সেখানে ২২ বছর ধরে বিশ্ববিদ্যালয়ের কোনও আইন নেই।

[1-20 – 1-30 p.m.]

বেনারস হিন্দু ইউনিভার্সিটি পরিচালনার জন্য ২২ বছর ধরে আইন সাসপেন্ড করে রাখা হয়েছে। যেহেতু এই প্রসঙ্গ তুললেন সেই জন্য শুধুমাত্র তার অবগতির জন্য জানালাম। কিন্তু পশ্চিমবাংলার কোনও বিশ্ববিদ্যালয়কে ঐ ধরনের দীর্ঘকাল ধরে সরকারি হাতে রাখার কোনও রকম অভিপ্রায় নেই। একটি গণতান্ত্রিক কাঠামোর মধ্য দিয়ে যাতে নতুন বিল হাউসে উপস্থাপন করতে পারি এবং তার মাধ্যমে যাতে করে নতুন সংস্থাগুলি নির্বাচিত হতে পারে সেই উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্য বীরেন বাবু কতগুলি অভিযোগ করলেন। আমার মনে হয় তার সঠিক তথ্য জানা নেই। উনি এমন কোনও নির্দিষ্ট অভিযোগ দিতে পারবেন না, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় কেন, কোনও বিশ্ববিদ্যালয় সম্বন্ধে যেখানে সরকার পক্ষ থেকে অথবা অন্য কোনও পক্ষ থেকে, কোনও মহল থেকে কোথাও অবৈধভাবে নিয়োগ করা হয়েছে বা সেখানে প্রশাসন ব্যবস্থার উপর হস্তক্ষেপ করা হয়েছে। অধ্যাপক বা অশিক্ষক কর্মচারী নিয়োগের জন্য বিশ্ববিদ্যালয়ের হাতে সমস্ত ক্ষমতা আছে। আমি তার দৃষ্টি আকর্ষণ করতে চাই — উনি উত্তরবঙ্গের মানুষ। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার আগে পর্যন্ত উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা কি অবস্থায় ছিল এবং বর্তমানে কি অবস্থায় আছে, এদিকে তাঁর দৃষ্টি আকর্যণ করছি। আপনি এটা তুলনা মূলক ভাবে বিচার করে দেখুন, তারপর নিশ্চয় আমার সাথে একমত হবেন। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আমরা গত ৩/৩।। বছরে যথেষ্ট ভালভাবে কাজ করতে পেরেছি। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটা পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টি করতে পেরেছি তা নয়, পরীক্ষা গ্রহণ থেকে শুরু করে আমরা সব কিছুই সুষ্ঠু ভাবে করতে পেরেছি। এখনও কিছু কিছু গলদ নিশ্চয় আছে। ছাত্র, শিক্ষক, অভিভাবক সকলের সহযোগিতা নিয়ে আমরা সেগুলি দূর করার জন্য চেষ্টা করছি। এই কথা বলে মাননীয় সদস্য রজনী দোলুই যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করছি।

The motion of Shri Rajani Kanta Doloi that this Assembly disapproves the North Bengal University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration, was then put and agreed to.

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিতে চাই যে প্রথম দিকে ইউনিভার্সিটিগুলি যখন টেক-ওভার করা হচ্ছিল অর্ডিন্যান্স বলে তখন বিরোধী দলের সকলে তার প্রতিবাদ জানিয়েছিলেন এবং শেষ পর্যন্ত ওয়াক আউট করেছিলেন। তার কারণ হিসাবে তারা বলেছিলেন, অর্ডিন্যান্স করে ইন্সটিটিউশন লাইক ইউনিভার্সিটি টেক-ওভার করা অন্যায়। আমরা বলেছিলাম, রিয়েল অবজেক্ট হচ্ছে এখানে একটা পলিটিক্যাল ইন্সটিটিউশন গড়ে তোলা এবং আজও দেখতে পাচ্ছি যে তাদের

মনের কোনও পরিবর্তন হয়নি। আমাদের শম্ভু বাবু বলেছিলেন, টেক-ওভার করার পর যা হয়েছে সেটা একটা উজ্জ্বল দৃষ্টান্ত। তাই যদি হয়ে থাকে তাহলে সেই ভাবেই রেখে দিন। আপনাদের যদি এই ধারণা হয়ে থাকে যে গভর্নমেন্ট নমিনি আর কতকগুলি দলীয় লোক থাকলেই ইউনিভার্সিটি চিরকালের মতন ভাল হয়ে থাকবে তাহলে নতুন আইন করার কি দরকার? এটাকেই আপনারা পার্মানেন্ট করে দিন। স্যার, আমি বুঝতে পারছি না অর্ডিন্যান্স করে যে জিনিস করতে হয়েছিল — সুপারসেশান, সেই অর্ডিন্যান্স করার পর তিন বছর হয়ে গেল, আর এক বছর হবে এই ৪ বছর একটা আইন করতে কেন সময় লাগবে। আমরা জানি, আসল উদ্দেশ্য হচ্ছে, ইউনিভার্সিটিগুলিকে করায়ত্ব করে রাখা। যতদিন পর্যন্ত এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকবে এই জিনিস তারা করবেন এটা আমরা জানি। কারণ তা যদি না হত তাহলে কবে আইন হয়ে যেত। লেজিসলেটিভ ডিপার্টমেন্টকে বললে একদিন সময়ের মধ্যেই তারা ড্রাফ্ট করে দিতে পারত এবং দিন ১৫-র মধ্যেই এটা হয়ে যেত। কিন্তু আজ পর্যন্ত তা হল না এবং না হওয়ার মধ্যে দিয়েই বুঝতে পারছি তখন হাউসকে একটা ভাঁওতা দেওয়া হয়েছিল। তখন ভাঁওতা দেওয়া হয়েছিল এই বলে যে আমরা সামান্য কয়েক দিনের জন্য এটা করছি এবং আমরা সমস্ত ম্যানেজমেন্ট ঠিক মতন করে দেব এবং তারপর একটা ডেমোক্রাটিক ইন্সটিটিউশান হিসাবে যেমন চলছিল তেমনি চলবে। প্রথম দিকে এ কথাটা বলা হলেও কার্যক্ষেত্রে তা কিন্তু হল না। প্রত্যেকটি ক্ষেত্রেই দেখতে পাচ্ছি অর্ডিন্যান্স করে নেবার সময় তড়িঘড়ি করা হয় কিন্তু তারপর আর প্রায় কখনও পার্মানেন্টলি সুষ্ঠুভাবে চালাবার ব্যবস্থা হয় না। আজকে প্রায় সমস্ত ইউনিভার্সিটি এদের কন্ট্রোলে। পশ্চিমবঙ্গ ছাড়া আর কোথাও এটা নেই। স্যার, ৭টির মধ্যে ৬টি ইউনিভার্সিটি এরা কুক্ষিগত করে রেখেছেন অথচ সে কথা বললে ওরা বলেন, না না, এটা ঠিক নয়, লজ্জা পেয়ে যান। সি.পি.এম.-এর এম.পি.-রা লোকসভায় বলেছেন, না, না, এটা ভুল বলছেন, এটা হয়নি, আপনার রিজাইন করা উচিত, প্রধানমন্ত্রীকে বলছেন। স্যার, নো বডি ইজ টেকিং কেয়ার, তার কারণ হচ্ছে, দলীয় স্বার্থে কব্জা করা হয়েছে। স্যার, যখন হাউস থাকে না তখন অর্ডিন্যান্স করা হয়। সেই অর্ডিন্যান্স করার পর ৪ বছর ধরেও ওরা কিছু করলেন না বা করতে পারলেন না। এটা তো তাহলে বলে দিলেই পারেন যে আমরা কিছু করতে পারব না, দলীয় স্বার্থ রক্ষা ছাড়া আমাদের কিছু করার ক্ষমতা নেই। এই জিনিসটাকে সুষ্ঠুভাবে দাঁড় করানোর জন্য কি করেছেন সে কথা মন্ত্রী মহাশয় একবারও বলেননি। আমার জিজ্ঞাস্য, কেন করতে পারেননি? অসুবিধা ছিল? আপনি যখন এতদিনের মধ্যে করতে পারেননি তখন কি এক বছরের মধ্যে করতে পারবেন? আর এক বছর বাদে আপনারা থাকবেন কিনা আমি জানি না। সরকার পক্ষ তো হরদমই বলে যাচ্ছেন আমাদের তাড়াচ্ছে, আমরা থাকব কিনা জানি না। যাই হোক, আপনি কতদূর কাজ করেছেন, কেনই বা আপনার আর এক বছর দরকার এটা আমরা জানতে চাই।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী

মহাশয় যে বিধেয়কটি নিয়ে এসেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, আমার প্রথম জিজ্ঞাস্য, একই মুরগি কতবার জবাই হয়? বিশ্ববিদ্যালয় অধিগ্রহণের ব্যাপারে যে অর্ডিন্যান্স সেটা সিদ্ধ করার জন্য বিধেয়ক আনা হয়েছে। এর সঙ্গে দেখলাম বর্ধমান বিশ্ববিদ্যালয়ের যে বিধেয়ক তার সম্বন্ধেও আলোচনা হল। স্টাটুটারি রেজলিউশান এল, আলোচনা হল এবং ভোটাধিক্যে অগ্রাহ্য হল। কল্যানী বিশ্ববিদ্যালয় বিলের দিন ওঁরা বেরিয়ে গিয়েছিলেন, সেদিন এমনিতেই পাস হল। আজকেও দেখছি সেই একই কথা, একই যুক্তি, একই চর্বিত চর্বন। রজনী বাবুর মুখে এবং অন্যদের মুখে সেই একই কথা শুনছি।

[1-30 – 1-40 p.m.]

সেদিন তো এ জিনিস হয়েছে। একটা বিশ্ববিদ্যালয়ের মেয়াদ ফুরিয়ে গিয়েছিল, সেটাকে অধিগ্রহণ করতে হয়েছে। তার সম্পর্কে যা যা যুক্তি, আপনি প্রসিডিংস মিলিয়ে দেখুন, বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্পর্কে আলোচনায় যা যা কথা ওরা বলেছিলেন, আজকে তোতা পাখির মতো সেই সব কথাগুলি বলে যাচ্ছে, কার্বন কপির মতো সেই সব কথা বলে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে, কেন এই অর্ডিন্যান্স করতে হয়েছে সেটা সকলেই জানেন। নির্বাচনের সময় পার হয়ে গিয়েছিল, মেয়াদ ফুরিয়ে গিয়েছিল সুতরাং করতে হয়েছে। এই মাত্র মাননীয় ভোলা বাবু যে ২/৩টি কথা বলেছেন, আমি তার সম্পর্কে একটু বলি। প্রথম কথা তিনি বললেন, বেশত, অনেক খারাপ ব্যাপার চলেছিল তখন, সময় ফুরিয়ে গিয়েছিল অর্ডিন্যান্স করে অধিগ্রহণ করেছিলেন। নুতন আইন করবেন বলেছিলেন, কিন্তু এত সময় কেন লাগবে? সময় কেন লাগল এটা পরিষ্কার। ভোলা বাবু বললেন যে লেজিসলেটিভ ডিপার্টমেন্ট আছে, একদিনে হয়। একদিনে কেন, এক মিনিটেও হয়। ওরা এই কাজ চালাতে অভ্যস্ত। শ্রীমতী ইন্দিরা গান্ধীর দলে আছেন তো, শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্দেশ হলেই সব হয়। কোনও সভা নেই, কোনও আলোচনা নেই, সবই তার নির্দেশে চলে। আমরা তো সেই ভাবে চলি না। আমরা গণতান্ত্রিক পথে চলি, গণতন্ত্রকে মেনে চলি। একনায়কতান্ত্রিক পদ্ধতিতে আমরা চলি না। আমরা অন্য পদ্ধতিতে চলি। ওরা চিরকাল বিশ্ববিদ্যালয় আইন করেছেন, কিন্তু কারোর সঙ্গে পরামর্শ করে করেননি। আমাদের পদ্ধতিটা কি? এখানে আইন করতে গেলে পরামর্শ করতে হয়। শিক্ষকদের সঙ্গে পরামর্শ করতে হয়, ছাত্রদের সঙ্গে পরামর্শ করতে হয়, কর্মচারিদের সঙ্গে পরামর্শ করতে হয় এবং সেই পরামর্শ চলছে। এটাই গণতান্ত্রিক পদ্ধতি। এই ইনভলভমেন্ট অফ অল সেকশন, এটাতে তারা অভ্যস্ত নন। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আইন করবার জন্য কলকাতার রাইটার্স বিল্ডিংস বসে সিদ্ধান্ত হয়নি। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে যেতে হয়েছে। সেখানে শিক্ষকদের সঙ্গে বসতে হয়েছে, আলোচনা করতে হয়েছে, সকলের মত নিতে নিয়ে তারপর করতে হয়েছে এবং এটা সিলেক্ট কমিটি না করে পাস করা যেত। কারণ এ পক্ষের সকলের মত নিয়ে বিল করতে হয়েছে। সিলেক্ট কমিটিতে ওরা ছিলেন, ওরা আলোচনায় অংশগ্রহণ করেছেন। ওরা জানেন যে সিলেক্ট কমিটির কাজ

শেষ হয়েছে এবং বিলটা এসেছে। তবু আজকে বলছেন যে এত বিলম্ব কেন? ভোলা বাবু বলছেন, আরও এক বছর কি আপনারা থাকবেন? সুতরাং ব্যাপারটা খুব পরিষ্কার। আমি উত্তরবঙ্গের মানুষ। ভোলা বাবুও উত্তরবঙ্গের মানুষ নন, রজনী বাবুও নন। বীরেন বাবু উত্তরবঙ্গের মানুষ। কিন্তু সেখানে কি অবস্থা সৃষ্টি হয়েছিল? উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রথম যখন তৈরি হয়েছিল, তখন যে উদ্দেশ্য নিয়ে এটা তৈরি হয়েছিল, সেই উদ্দেশ্য দিয়ে কাজ হচ্ছিল না, কোথাও কোনও রকম নিয়ম শৃঙ্খলা ছিল না। বিশেষ করে বিশ্ববিদ্যালয়ে দারুণ বিশৃঙ্খলা চলছিল। আজকে অধিগ্রহণ করার পরে সেখানে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে। ভোলা বাবু বললেন যে অধিগ্রহণে যদি ভাল হয় তাহলে নির্বাচনের কথা বলছেন কেন? অধিগ্রহণটা নুতন আইন করার জন্য করা হয়েছে, গণতন্ত্র প্রসারের জন্য করা হয়েছে এবং অবস্থার উন্নতি হয়েছে। পরীক্ষা ইত্যাদি সব কিছু স্বাভাবিক অবস্থায় চলছে। নুতন আইন তৈরি হয়েছে। ছাত্রদের থেকে আরম্ভ করে শিক্ষক, কর্মচারী সকলের অধিকতর অংশ গ্রহণের ব্যবস্থা হয়েছে, আয়োজন পর্ব পূর্ণ হয়েছে। আমি আবার ওনাকে জিজ্ঞাসা করি যে ওনারা কি নির্বাচনের জন্য তৈরি? ওদের বুদ্ধিজীবী, অশোক সেনের বাড়িতে বসে আলোচনা করছে। ওরা নির্বাচনে ফল পাচ্ছেন।

## Clauses 1 to 3 and Preamble

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**অধ্যক্ষ মহোদয় ঃ** এই বিধেয়কের উপর আলোচনার সময় নির্দিষ্ট আছে ১টা ২৬ মিনিট পর্যন্ত, কিন্তু আমি দেখছি যে এই সময়ের মধ্যে এই আলোচনা শেষ হবে না, সেই জন্য আমি আরও ১০ মিনিট সময় বাড়াবার জন্য সভার অনুমতি চাইছি। আমি আশা করছি, আমার এই প্রস্তাবে কারও আপত্তি নেই।

**(এই সময় আরও ১০ মিনিট সময় বাড়ানো হয়।)**

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মিঃ স্পিকার স্যার,

I beg to move that The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, as settled in the Assembly be passed.

মাননীয় স্পিকার মহোদয়, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি অধিগ্রহণ বিলের উপর একটি সংক্ষিপ্ত সংশোধনী এখানে এনেছি এবং এ বিষয়ের উপর যে আলোচনা হল তাতে লক্ষ্য করলাম যে, বিশেষ করে কংগ্রেস(ই)-র পক্ষ থেকে এটাকে সমালোচনা করা হচ্ছে, বিরোধীতা করা হচ্ছে। নিশ্চিত ভাবে একথা আমি স্বীকার করি যে, বিলটা যদি আরও আগে আনা যেত তাহলে সমীচীন হত। কিন্তু আমি কংগ্রেস(ই)-র পক্ষ থেকে এ ধরনের সমালোচনা

আশা করিনি বা তাঁদের কাছ থেকে এই সমালোচনা শোভন বলে মনে করি না। কংগ্রেস(ই) দলপতি মাননীয় ভোলানাথ সেন জানেন যে, যখন এই বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা অধিগ্রহণ করা হয়েছিল তখন সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিরই সময় সীমা অতিক্রম করে গিয়েছিল। তখন আমরা অত্যন্ত স্পষ্টভাবে ঘোষণা করেছিলাম যে, আমরা চাই নতুনভাবে বিল রচনা করতে, যে বিলের মধ্যে গণতান্ত্রিক ব্যবস্থা থাকবে। গণতান্ত্রিক বিধান রেখে আমরা বিল তৈরি করেছি, বিল আনা হচ্ছে, সিলেক্ট কমিটিতে আলোচনা হয়ে গেছে। তিনটি বিশ্ববিদ্যালয় বিল সিলেক্ট কমিটির রিপোর্ট সহ এই অধিবেশনেই আসবে, তখন নিশ্চিতভাবে আমরা বিস্তারিত আলোচনা করব। কিন্তু আমি ভোলা বাবুকে বলব যে, তাঁর দল বিভিন্ন রাজ্যে এবং কেন্দ্রে ক্ষমতায় আসীন আছেন, সুতরাং আমরা দেখছি তাঁর দলও বিভিন্ন বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করেছে। আমরা জানি তাঁর দলীয় সরকার সে সমস্ত জায়গায় সম্পূর্ণভাবে রাজনৈতিক কারণে বিশ্ববিদ্যালয়গুলি অধিগ্রহণ করেছিলেন। প্রসঙ্গক্রমে আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, জরুরি অবস্থার সময়ে বিহার রাজ্যের সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি যখন অধিগ্রহণ করা হয়েছিল তখন আমরা দেখেছিলাম রাজনৈতিক উদ্দেশ্যে এবং রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়েই তা করা হয়েছিল। এছাড়া আমি এর আগেও উল্লেখ করেছি যে, বেনারস হিন্দু ইউনিভার্সিটিতে কোনও বিধানই নেই, ২২ বছর ধরে কোনও আইন রচিত হয়নি। সেখানে যে অবস্থা চলছে সে অবস্থার কথা আমরা সেখানকার উপাচার্যের মুখ থেকেই জানতে পারি। সেখানে সুষ্ঠু প্রশাসন বলে কিছু নেই। উপাচার্যকে মিলিটারির পাহারায় থাকতে হয়। সমগ্র বিশ্ববিদ্যালয় চত্বরে দেখা যায় বিশৃঙ্খলা এবং নৈরাজ্যময় পরিবেশ। আমি মাননীয় সদস্য ভোলা বাবুকে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের এই বিশ্ববিদ্যালয়গুলি গত তিন বছর ধরে যেভাবে পরিচালিত হয়েছে, এর আগে ৭২ সাল থেকে বিগত দিনগুলি পর্যন্ত সেভাবে পরিচালিত হয়নি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠন বিঘ্নিত হয়েছিল, ঐ সময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার নামে প্রহসন অনুষ্ঠিত হত এবং ছাত্র ভর্তি করা হত অর্থের বিনিময়ে। এ সমস্ত কিছু ভোলা বাবু জানেন এবং এই সমস্তের মধ্যে উনি অন্তত অনেকাংশে এক মত হবেন যে, সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষা ব্যবস্থা বিধ্বস্ত হয়েছিল, রাজনীতির দ্বারা শিক্ষা ব্যবস্থা পরিচালিত হত। তবে একথা ঠিক যে, আজকে বিশ্ববিদ্যালয় কাউন্সিলে যে সমস্ত সদস্যরা আছেন, তাঁদের মধ্যে কেউ কেউ বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য। কেউ কেউ রাজনৈতিক দলের সদস্য হতে পারেন, কিন্তু একথা ভোলা বাবুর জানা উচিত ছিল যে, এর আগে বিশ্ববিদ্যালয়ে যে পরিচালন সমিতি ছিল সেই সমিতিতে তাঁরাও সদস্য হিসাবে ছিলেন। উদাহরণ হিসাবে আমি বলতে পারি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান কাউন্সিলে এমন কয়েকজন সদস্য আছেন, যাঁরা অতীতেও কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালন সমিতির সদস্য ছিলেন, সেনেটের সদস্য ছিলেন। নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও দেখবেন যে, যাঁরা শিক্ষা এবং শিক্ষা ক্ষেত্রের সঙ্গে সংযুক্ত আছেন, তাঁরাই পরিচালন ব্যবস্থায় আছেন। আমি তাঁকে অনুরোধ করব যে, তাঁর কাছে যদি এমন কোনও নির্দিষ্ট অভিযোগ থাকে এবং সেই অভিযোগের ভিতর দিয়ে তিনি যদি প্রমাণ করতে পারেন যে, বিশ্ববিদ্যালয়

পরিচালনার ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপ ঘটছে, তাহলে নিশ্চিত ভাবে তা আমরা বিবেচনা করব। কিন্তু আমি অন্তত তাঁর অবগতির জন্য জানাতে পারি যে, একটি দৃষ্টান্তও তিনি দিতে পারবেন না, যে রাজনৈতিক উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থায় হস্তক্ষেপ করা হচ্ছে বা কাউকে নিয়োগ করা হচ্ছে।

[1-40 - 1-50 p.m.]

আমি অপর দিকে বলতে চাই বিগত সাড়ে তিন বছর উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা এত সুচারু ভাবে সম্পন্ন হয়েছে, সেক্ষেত্রে সামগ্রিক ভাবে শিক্ষা জগতে একটা নূতন পরিবেশ সৃষ্টি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি আপনার মাধ্যমে সকলের কাছে আবেদন করব এই বিলটির উপর তাঁদের সম্মতি জ্ঞাপনের জন্য।

The motion of Shri Sambhu Charan Ghosh that the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## PRESENTATION OF REPORT

### Eightieth Report Of The Business Advisory Committee.

**মিঃ স্পিকার ঃ** আমি কার্য উপদেষ্টা কমিটির ৮০তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির অধিবেশন গত বৃহস্পতিবার ১৯শে মার্চ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২৪শে মার্চ হইতে ২৭শে মার্চ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিত ভাবে নির্ধারণের জন্য সুপারিশ করেছে।

| | | |
|---|---|---|
| Tuesday, 24-3-1981 | (i) Demand No. 59 | [314—Community Development (Panchayat)<br><br>363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution (Panchayat)<br><br>714—Loans for Community Development (Panchayat)]. |
| | (ii) Demand No.60 | [314—Community Development (Excluding Panchayats.)<br><br>514—Capital Outlay on Community Development |

| | | |
|---|---|---|
| | | (Excluding Panchayat)] **—4 hours.** |
| Wednesday, 25-3-1981 | (i) Demand No. 42 | (287—Labour and Employment) **—3 hours.** |
| | (ii) Demand No. 46 | [288—Social Security and Welfare (Excluding Civil Sup plies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, etc)] —$\frac{1}{2}$ hour. |
| | (iii) Demand No. 33 | [277—Education (Youth Welfare)] —$\frac{1}{2}$ hour. |
| | (iv) Demand No. 1 | (211—State Legislatures) |
| | (v) Demand No. 6 | (220—Collection of Taxes on income and Expenditure.) |
| | (vi) Demand No. 9 | (235—Collection of Other Taxes on Property and Capital Transactions.) |
| | (vii) Demand No. 10 | (239—State Excise) |
| | (viii) Demand No. 11 | (240—Sales Tax) |
| | (ix) Demand No. 13 | (245—Other Taxes and Duties on Commodities and Services) |
| | (x) Demand No. 14 | (247—Other Fiscal Services) |
| | (xi) Demand No. 16 | (249—Interest Payments) |
| | (xii) Demand No. 20 | (254—Treasury and Accounts Administration.) |
| | (xiii) Demand No. 22 | (256—Jails.) |
| | (xiv) Demand NO. 28 | (266—Pensions and other Retirement Benefits) |
| | (xv) Demand No. 30 | (268—Miscellaneous General Services.) |

| | |
|---|---|
| (xvi) Demand No. 32 | [(277—Education (Sports)] |
| (xvii) Demand No. 40 | (284—Urban Development. |
| | 484—Capital Outlay on Urban Development. |
| | 684—Loans for Urban Devel opment.) |
| (xviii) Demand No. 48 | (295—Other Social and Community Services. |
| | 495—Capital Outlay on other Social and Community Services. |
| | 695—Loans for other Social and Community Services.) |
| (xix) Demand No. 49 | (296—Secretariat Economic Services) |
| (xx) Demand No. 51 | (304—Other general Econimic Services) |
| (xxi) Demand No. 57 | (312—Fisheries |
| | 512—Capital Outlay on Fisheries |
| | 712—Loans for Fisheries) |
| (xxii) Demand No. 72 | (339—Tourism) |
| (xxiii) Demand No. 73 | (544—Capital Outlay on Other |
| | Transport and Communication Services. |
| | 744—Loans for other Trans- port and Communication Services.) |
| (xxiv) Demand No. 75 | (500—Investments in General Financial and Trading Institutions). |
| (xxv) Demand No. 84 | (766—Loans to Government Servants, etc. |

| | | |
|---|---|---|
| | | 767—Miscellaneous Loans.) |
| Thursday, 26-3-1981 | ...... | Discussion and Voting on Demands for Supplementary Grants for 1980-81 —4 hours |
| Friday, 27-3-1981 | (i) | The West Bengal Appropriation Bill, 1981 (Introduction, Consideration and Passing) |
| | | and |
| | (ii) | The West Bengal Appropriation (No. 2) Bill, 1981 (Introduction, Consideration and Passing) —3 hours |
| | (iii) | The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing) —2 hours. |

*N. B. :* There will be no mention Cases on Friday, the 27th March, 1981.

আগামী শুক্রবার ২৭শে মার্চ, ১৯৮১ তারিখে ৩৫১ নিয়মানুযায়ী কোনও উল্লেখের নোটিশ গৃহীত হইবে না।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা কার্য উপদেষ্টা কমিটির ৮০তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করবার জন্য সভায় পেশ করছি।

The motion was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 54 & 43

### Major Heads : "309 — Food, 509 — Capital Outlay On Food And 709 — Loans For Food".

**Shri Sudhin Kumar :**

Sir, On the recommendation of the Governor, I beg to move that

a sum of Rs. 12,16,00,000, a sum of Rs. 4,08,80,00,000 and a sum of Rs. 15,00,000 be granted for expenditure under **Demand No. 54 Major Heads : "309 — Food, 509 — Capital Outlay On Food, And 709 — Loans For Food"** respectively.

## Demand No. 43

## Major Heads : "288 — Social Security And Welfare (Civil Supplies)".

**Shri Sudhin Kumar :** Sir, On the recommendation of the Governor, I beg also to move that a sum of Rs. 44,46,000 be granted for expenditure under **Demand No. 43 Major Heads : "288 — Social Security And Welfare (Civil Supplies)"**.

মহাশয়, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৪৩ নং অনুদানের অন্তর্গত '২৮৮ — সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (অসামরিক সরবরাহ)' খাতে ৪৪ লক্ষ ৪৬ হাজার টাকা মঞ্জুর করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অনুদানগুলি মঞ্জুর করার অনুরোধ জানানোর সঙ্গে সঙ্গে আমি আমার দপ্তরের কাজকর্মের একটি বিবৃতিও এই সভায় পেশ করছি।

খাদ্য ও সরবরাহ বিভাগের দায়িত্ব হল, যতদূর সম্ভব উন্নতমানের খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক পণ্যসামগ্রী রাজ্যের সমস্ত মানুষের মধ্যে তাদের ন্যূনতম চাহিদার ভিত্তিতে সমানভাবে ন্যায্যদামে, নিয়মিত বন্টন করা এবং সবাই যাতে তা পান সেদিকেও লক্ষ্য রাখা। এ দায়িত্ব আমরা আমাদের যথাসাধ্য পালন করতে চেষ্টা করেছি। এই রাজ্যকে অধিকাংশ পণ্যসামগ্রীর বরাদ্দ ও সরবরাহের ব্যাপারে কেন্দ্র ও অন্যান্য রাজ্যের ওপর নির্ভর করতে হয়। একথা মনে রেখেই আমাদের কাজের বিচার করতে হবে।

বিগত সরকার বিধিবদ্ধ রেশন এলাকায় ও অংশত সংশোধিত রেশন এলাকায় শুধু খাদ্যশস্য ও চিনির বন্টনের দায়িত্ব নিয়েই তুষ্ট ছিলেন। আমরা সেক্ষেত্রে, এই রাজ্যের সমস্ত মানুষের মধ্যে আরও অনেক অত্যাবশ্যক পণ্যের বন্টন-দায়িত্ব নিয়ে বন্টনব্যবস্থাকে সম্প্রসারিত করেছি। বস্তুতপক্ষে, পণ্যমূল্যের বাজারে অর্থনৈতিক ভারসাম্য বজায় রাখতে আমরা রাজ্য সরকারের নিয়ন্ত্রিত অত্যাবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ কর্পোরেশনকে এক প্রত্যক্ষ প্রবহমান অর্থনৈতিক শক্তি হিসেবে কাজে লাগাচ্ছি।

আমাদের যেসব বাধা ও অসুবিধার মধ্যে কাজ করতে হয় সে সম্পর্কে না বললে আমাদের সাফল্য বা ব্যর্থতাও পরিমাপ করা সম্ভব নয়।

(১) বণ্টনব্যবস্থা বজায় রাখতে প্রয়োজনীয় সমস্ত ভোগ্যপণ্যের বেলাতেই পশ্চিমবঙ্গে দীর্ঘদিনের ঘাটতি।

(২) এইসব ভোগ্যপণ্য আমদানি করতে হয় অন্যান্য রাজ্য থেকে, এমন কি বিদেশ থেকেও।

(৩) এইসব ভোগ্যপণ্যের অনেকগুলির ক্ষেত্রে উৎপাদনকারী রাজ্যগুলি সাধারণত মূল্যনিয়ন্ত্রণ বা অন্য কোনও বিধিনিষেধ আরোপ করে না।

(৪) উৎপাদক রাজ্যগুলিতে গিয়ে বাজার থেকে কিনে এইসব ভোগ্যপণ্য সংগ্রহ করে পশ্চিমবঙ্গে এনে নয্যদামে বণ্টন করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এজন্য প্রয়োজন যথেষ্ট পরিমাণ ভুরতুকি—যার সংস্থান করা রাজ্য সরকারের সাধ্যের বাইরে।

(৫) যেসব ভোগ্যপণ্যের মূল্যনির্ধারণ ও নিয়ন্ত্রণ ভারত সরকারের সেখানে এই রাজ্যে তাদের বরাদ্দে রয়েছে বৈষম্য, শুধু পরিমাণে নয় পণ্যের গুণগত বিচারেও।

(৬) কিছু কৃষিজাত বা অন্যত্র প্রস্তুত ভোগ্যপণ্যের উৎপাদনে ক্রমাগত ঘাটতি ছাড়াও পরিবহন সমস্যার দরুন বরাদ্দ পণ্যও এসে পৌঁছচ্ছে না। যেমন খাদ্যশস্য কিংবা পোড়া কয়লা বা সিমেন্ট।

(৭) মুনাফাবাজী, মজুতদারীর ঢালাও কারবারের মধ্যে আমাদের পক্ষে বর্তমান পরিস্থিতিতে বিচ্ছিন্নভাবে ভোগ্যপণ্যের নিয়ন্ত্রিত মূল্য বা নিয়মিত পর্যাপ্ত সরবরাহের প্রতিশ্রুতি রাখা যাচ্ছে না।

(৮) তাছাড়া ভারত সরকারের রাজস্বনীতিগুলিও অত্যাবশ্যক পণ্যসামগ্রীর উৎপাদন ও মূল্যমান ক্রমাগত বিপর্যস্ত হতে সাহায্য করছে।

(৯) আবার ওদিকে, কেন্দ্রীয় সরকারের আগাম অনুমতি ছাড়া রাজ্য সরকার পণ্য চলাচলের ওপর কোনও বিধিনিষেধ বা তাদের বিধিসম্মত মূল্যনিয়ন্ত্রণ আরোপ করতে পারেন না। কেন্দ্রের দীর্ঘদিনের আশ্বাস সত্ত্বেও অত্যাবশ্যক ভোগ্যপণ্য আইনের ত্রুটি-বিচ্যুতি আজও সংশোধিত হয়নি।

(১০) সামগ্রিকভাবে ভোগ্যপণ্যের উৎপাদন ও বণ্টনের ব্যাপারটা বেশির ভাগই বেসরকারি। সুতরাং পণ্যমূল্য নিয়ন্ত্রণ এবং অত্যাবশ্যক পণ্যের যথেষ্ট সরবরাহ নিশ্চিত করতে আমাদের প্রচলিত বাণিজ্যিক ঘটনাস্রোতের বিরুদ্ধে কাজ করতে হচ্ছে।

(১১) খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক পণ্যের ব্যবসায় যে বিপুল পরিমাণ কালো টাকা খাটছে তাই রাজ্য সরকারের অত্যাবশ্যক ভোগ্যপণ্য সংগ্রহ ও ন্যায্যদামে বণ্টন ব্যবস্থার বড় অন্তরায়।

(১২) রাজ্য সরকারের যাবতীয় নিয়ন্ত্রণ কর্মসূচিকে বানচাল করে দিচ্ছে কেন্দ্রীয় সরকারের অপ্রতুল বরাদ্দ ও অনিয়মিত সরবরাহ।

এইসব কারণেই একমাত্র দায়িত্বসম্পন্ন, তৎপর কেন্দ্রীয় সরকারের সহযোগিতাতেই একটি সুষ্ঠু, ব্যাপক নিয়মিত বন্টন ব্যবস্থা রাজ্যের জনসাধারণের স্বার্থে বজায় রাখা সম্ভব। পণ্যসামগ্রী প্রয়োজন অনুসারে সকলের মধ্যে সমানভাবে বন্টন করার দায়িত্ব নিশ্চয়ই রাজ্য সরকারের। কিন্তু তার আগে কেন্দ্রীয় সরকারের প্রাথমিক দায়িত্ব হল রাজ্যকে নিয়মিত যথেষ্ট পরিমাণে ভোগ্যপণ্যের সরবরাহ নিশ্চিত করা।

বামফ্রন্ট সরকার এই রাজ্যে ক্ষমতায় আসার আগে, সরকার রাজ্যের সমস্ত মানুষকে শুধু লেভি চিনি বন্টনের দায়িত্ব নিয়েছিলেন। খাদ্যশস্য অর্থাৎ চাল ও গম নিশ্চিতভাবে তখন দেওয়া হত শুধু বিধিবদ্ধ রেশন এলাকায়। বাকী আর সবাই অর্থাৎ রাজ্যের মোট জন সংখ্যার পাঁচ ভাগের চার ভাগই পেতেন সপ্তাহে মাথাপিছু দু'শ থেকে পাঁচশ' গ্রাম খাদ্যশস্য। শিল্পজাত কিছু পণ্যও নিয়ন্ত্রণে এনে বণ্টন করা হয়েছিল। কেরোসিনও দেওয়া হত নিয়ন্ত্রিত দামে। কোরোসিনের খুচরা বিক্রির দাম নির্ধারিত হয় তেল কোম্পানিগুলির সরবরাহমূল্যের ভিত্তিতে—যা কেন্দ্রীয় সরকার স্থির করে দেন। একমাত্র কাণ্ডলা বন্দর ছাড়া সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গে কেরোসিনের এই সরবরাহমূল্য সবচেয়ে বেশি। সে জায়গায় বামফ্রন্ট সরকার এই রাজ্যের ভোগ্যপণ্য বণ্টনব্যবস্থায় এনেছেন সতেরোটি ভোগ্যপণ্য (১) চাল (২) গম (৩) গমজাত দ্রব্য (৪) ডাল (৫) ভোজ্যতেল (৬) চিনি (৭) নুন (৮) চা (৯) কেরোসিন তেল (১০) ডিজেল (এইচ এস ডি) (১১) পোড়া কয়লা (১২) সিমেন্ট (১৩) কন্ট্রোল ও জনতা কাপড় (১৪) খাতা (১৫) দেশলাই (১৬) গায়ে মাখার সাবান (১৭) কাপড় কাচার সাবান।

এবার প্রত্যেকটি পণ্যের সংগ্রহ ও বণ্টনে সরকারের কাজের পর্যালোচনা করা যাক।

**চাল ও গম**

বণ্টনের জন্য কেন্দ্রীয় ভাণ্ডার থেকে বরাদ্দের পরিমাণ ঃ

| | চাল | গম |
|---|---|---|
| ১৯৭৬ | ৫,৩১,১৭১ মেট্রিক টন | ১৩,৭৫,০০০ মেট্রিক টন |
| ১৯৭৭ | ৯,২৩,৬৪৪ মেট্রিক টন | ১৬,৮০,০০০ মেট্রিক টন |
| ১৯৭৮ | ১৫,৮২,০১৪ মেট্রিক টন | ২০,৩০,০০০ মেট্রিক টন |
| ১৯৭৯ | ১৭,৯০,১৮৫ মেট্রিক টন | ২৬,০০,০০০ মেট্রিক টন |
| ১৯৮০ | ১৯,২৫,০০০ মেট্রিক টন | ১৪,১৫,০০০ মেট্রিক টন |

এই তালিকা থেকে দেখা যাচ্ছে যে ১৯৮০ সালে ভারত সরকারের খাদ্যশস্যের বরাদ্দ, বিশেষত গমের বেলায় দারুণ কমে গেছে—প্রায় সাড়ে দশ লক্ষ মেট্রিক টন। বরাদ্দের তুলনায় প্রকৃতপক্ষে এসেছে আরও কম—মোট খাদ্যশস্য মাত্র ২১ লক্ষ মেট্রিক টনের মতো। এর মধ্যে কাজের বদলে খাদ্য প্রকল্পের জন্য এক লক্ষ আট হাজার মেট্রিক টনের মতো এবং প্রায় ৪৭ হাজার মেট্রিক টন ত্রাণকার্যের জন্য নির্দিষ্ট। ১৯৮০ সালে পাঁচ লক্ষ আটত্রিশ হাজার মেট্রিক টন গম বরাদ্দ করা হয়েছে ময়দাকলগুলিকে।

খাদ্যসশ্যের বরাদ্দের পরিমাণ হ্রাস পেলেও বিধিবদ্ধ বা সংশোধিত কোনও রেশনেই সপ্তাহে মাথাপিছু মোট খাদ্যশস্য পণ্টনের হার কমানো হয়নি।—তবে গমের বরাদ্দই বিশেষভাবে কমে গেছে বলে বিধিবদ্ধ ও সংশোধিত রেশনে গম বণ্টনের হার বাধ্য হয়েই কমাতে হয়েছে। সেই সঙ্গে বাড়িয়ে দেওয়া হয়েছে চালের বণ্টনের হার।

আমি অতীতেও বলেছি যে বণ্টনব্যবস্থার মাধ্যমে যে খাদ্যশস্য দেওয়া হয় তার গুণগত মানের ওপর প্রকৃতপক্ষে আমাদের কোনও হাতই নেই। তার কারণ, আমাদের প্রয়োজনের বেশিরভাগটাই মেটাতে হয় কেন্দ্রীয় খাদ্যশস্যের মজুতভাণ্ডার থেকে। আমরা নিজেরা যেটুকু উৎপাদন করি তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়।

১৯৭৭ সাল থেকে বিভিন্ন বছরে ধানের সংগ্রহমূল্য ছিল ঃ

প্রতি কুইন্টালে ঃ (কুইন্টাল প্রতি দর টাকায়)

| বছর | আউস ও বোরো | আমন সাধারণ | আমন মিহি | আমন অতিমিহি |
|---|---|---|---|---|
| ১৯৭৭ | ৭৩·৩৫ | ৭৭·০০ | ৮০·০০ | ৮৩·০০ |
| ১৯৭৮ | ৮১·০০ | ৮৫·০০ | ৮৮·০০ | ৯১·০০ |
| ১৯৭৯ | ৯০·৫০ | ৯৫·০০ | ৯৯·০০ | ১০৩·০০ |
| ১৯৮০ | ১০০·৩০ | ১০৫·০০ | ১০৯·০০ | ১১৩·০০ |

১৯৭৭ থেকে ১৯৮১ পর্যন্ত রাজ্যে ধানের ন্যূনতম পাইকারি গড় দাম ছিল ঃ

প্রতি বছর জানুয়ারির প্রথম সপ্তাহ ধরে (কুইন্টাল প্রতি দাম টাকায়)

| | |
|---|---|
| ১৯৭৭ | ১০৮·০৪ |
| ১৯৭৮ | ৮৬·০১ |

| | |
|---|---|
| ১৯৭৯ | ১০৪·০২ |
| ১৯৮০ | ১১৭·০৩ |
| ১৯৮১ | ১১০·২৮ |

১৯৭৭ থেকে ১৯৮১ পর্যন্ত রাজ্যে চালের ন্যূনতম খুচরা গড় দাম ঃ

প্রতি বছর জানুয়ারির প্রথম সপ্তাহ ধরে (কেজি প্রতি দর টাকায়)

| | |
|---|---|
| ১৯৭৭ | ১·৯৪ |
| ১৯৭৮ | ১·৬৫ |
| ১৯৭৯ | ১·৮৩ |
| ১৯৮০ | ২·১১ |
| ১৯৮১ | ২·০০ |

গত পাঁচ বছরে খোলাবাজারে ধানের দামের সঙ্গে কমবেশি সঙ্গতি রেখেই খোলাবাজারে চালের দাম বেড়েছে।

| | ধানের সংগ্রহমূল্য (কুইন্টাল প্রতি টাকায়) | খোলাবাজারে ধানের পাইকারী দাম (১লা জানুঃ) (কুইন্টাল প্রতি টাকায়) | খোলাবাজারে চালের খুচরা দাম (১লা জানুঃ) (কে জি প্রতি টাকায়) |
|---|---|---|---|
| ১৯৭৭ | ৭৪·০০ | ৮০·০০ থেকে ১১৭·০০ | ১·৬৮ থেকে ১·৯০ |
| ১৯৭৮ | ৮০·০০ + ২·০০ | ৭৫·০০ থেকে ৯৯·০০ | ১·৬৫ থেকে ১·৯১ |
| ১৯৭৯ | ৮৮·০০ + ৭·০০ | ৮৮·০০ থেকে ১১৫·০০ | ১·৮৩ থেকে ২·০৯ |
| ১৯৮০ | ৯৯·০০ | ৯০·০০ থেকে ১২৯·০০ | ২·১০ থেকে ২·৪১ |
| ১৯৮১ | ১০৯·০০ | ৯১·৪৩ থেকে ১৪৫·০০ | ২·০০ থেকে ২·৩৪ |

আবহাওয়ার অনিশ্চয়তা, সড়ক ও রেলপথে প্রায়শই পরিবহন ব্যবস্থার বিপর্যয় সত্ত্বেও চাল ও গমের দাম স্থির আছে। আমরা ইচ্ছে করেই বিধিবদ্ধ রেশনে প্রয়োজনের তুলনায় মাথাপিছু খাদ্যশস্য বণ্টনের পরিমাণ বাড়িয়ে রেখেছি এবং সংশোধিত রেশনে বণ্টনের হার আগেকার তুলনায় অনেক বাড়িয়ে দিয়েছি। এর সুফল হাতেনাতেই পাওয়া গেছে। গত চার

বছরে যেখানে প্রতি কুইন্টাল ধানের সংগ্রহমূল্য বত্রিশ টাকা বেড়েছে সেখানে খোলাবাজারে চালের দাম আনুপাতিক অনেক কম হারে বৃদ্ধি পেয়েছে। আগের তালিকা থেকেই তা বোঝা যাবে। এর অর্থ এই যে, সরকারি বণ্টনব্যবস্থার নানা ত্রুটি-বিচ্যুতি থাকলেও, এমনকি রেশনে বিশেষ করে সংশোধিত এলাকায় আংশিক বা সাময়িক ভাবে সরবরাহ ব্যাহত হলেও তা খাদ্যশস্যের মূল্যবৃদ্ধিতে সহায়তা করেনি।

কেন্দ্রীয় ভাণ্ডার থেকে যে চাল ও গম সরবরাহ করা হয় তার মান সম্পর্কে দীর্ঘদিন যাবৎ সঙ্গত অভিযোগ রয়েছে। যেহেতু আমরা কেন্দ্রীয় ভান্ডার থেকে সবচেয়ে বেশি খাদ্যশস্য পাই আমাদের তাই বেশি পরিমাণে পুরনো, খারাপ মানের চাল গছিয়ে দেওয়া হয়। কিন্তু মুশকিল হল কেন্দ্রীয় সংগ্রহ ও সংরক্ষণ দুটোই খুব নিম্নমানের। দেখে শুনে মনে হয় এটা যেন ইচ্ছাকৃত। উদ্বৃত্ত ও উৎপাদনকারী রাজ্যগুলো সংগ্রহ বা সংরক্ষণের গুণগত মান উন্নত করতে সচেষ্ট হননি। এইসব উৎপাদনের অধিকাংশই আতপচাল যার পুষ্টিগত মান খুবই খারাপ — এই রাজ্যের বাসিন্দাদের পক্ষেও তেমন গ্রহণযোগ্য নয়। আমরা বৃথাই বহু বছর ধরে এ নিয়ে আন্দোলন করছি। কিন্তু দুর্ভাগ্যক্রমে উদ্বৃত্ত রাজ্যগুলি মুরুব্বির জোরে আমাদের মতামত ছাপিয়ে তাদের ইচ্ছেকে খাটাতে পেরেছে। ফলে সংগ্রহ ও সংরক্ষণের মান, সিদ্ধ চাল উৎপাদনের পদ্ধতি বছর বছর নিচু মানেই অপরিবর্তিত রয়েছে। আশ্বাসের বিষয়, দয়ালু কেন্দ্রীয় সরকার এই অনুন্নতমানের সিদ্ধ চালের জন্য উদ্বৃত্ত রাজ্যগুলোকে যে ভরতুকি দিতেন তা সম্প্রতি প্রত্যাহার করেছেন। ফলে রেশন দোকানে আমরা যে খাদ্যশস্য বন্টন করি তার বেলায় আমাদের কোনও গত্যন্তর নেই।

এখনও পর্যন্ত, প্রতি মাসে আমাদের কমপক্ষে দুই থেকে আড়াই লক্ষ মেট্রিক টন খাদ্যশস্যের প্রয়োজনটা কেন্দ্রীয় সরকারকে বোঝাতে পেরেছি। ১৯৮০ সালে এই খাদ্যশস্যের বরাদ্দ বিশেষ করে গমের ক্ষেত্রে ন্যূনতম পরিমাণের চেয়েও কম হয়েছিল। ১৯৮০ সালের জুলাই মাস থেকে সরকারি বন্টন ব্যবস্থা এবং ময়দাকল দু ক্ষেত্রেই গমের বরাদ্দ দারুনভাবে হ্রাস পেয়েছে। ফলে সংশোধিত ও বিধিবদ্ধ দুই রেশন এলাকাতেই সপ্তাহে মাথাপিছু গম বন্টনের হার কমিয়ে গত ১৯শে জানুয়ারি থেকে আটশো গ্রাম করা হয়েছে। রেশনের মোট খাদ্যশস্য বন্টনের পরিমাণ একই রাখতে চালের বন্টন হার বৃদ্ধি করা হয়েছে। ময়দাকলে মাসিক বরাদ্দের পরিমাণে প্রায়ই হেরফের ঘটেছে গত বছর। ১৯৮০ সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত মাসে এই বরাদ্দের পরিমাণ ছিল গড়ে ৫৫ হাজার মেট্রিক টন। আগস্ট ও সেপ্টেম্বরে হঠাৎ নেমে গেল ২৬,৫৬০ মেট্রিক টনে, অক্টোবরে একটু বেড়ে হল ৩৬,২৭০ মেট্রিক টন, নভেম্বর আবার কমে হল ৩৩,০০০ মেট্রিক টন। শেষ পর্যন্ত ১৯৮০-র ডিসেম্বর থেকে এ পর্যন্ত ৩১,২৭০ মেট্রিক টনে নির্দিষ্ট রয়েছে। ফলে স্বাভাবিকভাবেই গমজাত দ্রব্যের বিশেষত ময়দার উৎপাদন কমেছে। রুটি, বিস্কুট প্রস্তুতকারক বা আর যাদের উৎপাদনে ময়দা লাগে তাদের প্রয়োজনে ঘাটতি হয়েছে। ১৯৮০-র আগস্ট থেকে চারশো গ্রাম পাঁউরুটির দাম

৯ পয়সা করে বাড়াতে হয়েছে। রুটি প্রস্তুতকারকদের উৎপাদন ও অন্যান্য খরচ বেড়ে যাবার দরুন আমাদের তাদের এই মূল্যবৃদ্ধির দাবি অনিচ্ছা সত্ত্বেও মেনে নিতে হল। তাহলেও অন্যান্য রাজ্যের তুলনায় এখনও পশ্চিমবঙ্গে পাঁউরুটির দাম কম। ময়দাকলে গমের বরাদ্দ বাড়াবার জন্য কেন্দ্রীয় সরকারকে আমরা ক্রমাগত চাপ দিচ্ছি। পাঁউরুটি আজ আর বড়লোকের নয়, সাধারণ মানুষেরই নিত্যপ্রয়োজনীয় খাদ্য। কিন্তু কেন্দ্রের মতিগতি বোঝা দায়। ছোট ময়দাকলগুলোকে লাইসেন্স দেবার ব্যপারে নিষেধাজ্ঞা জারি হওয়ায় জেলাগুলিতে বিশেষত উত্তরবঙ্গে সঙ্কট দেখা দিয়েছে।

গত ১৯৮০ সালে সারা বছরই খাদ্যশস্যের অনিয়মিত অনিশ্চিত আমদানি নিয়ে যথেষ্ট বেগ পেতে হয়েছে। মজার কথা হল ভারতের খাদ্য কর্পোরেশন (এফ.সি.আই) ও রেল কর্তৃপক্ষের মধ্যে খাদ্যশস্য চালাচল সংক্রান্ত কি কর্মসূচি নির্ধারিত হল তা পর্যন্ত সচরাচর আমাদের আগে থেকে জানানো হয় না। গত বছরের শেষ দিকে আমদানি পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছিল এবং সেজন্যই কিছু মজুত ভান্ডারও গড়ে তোলা সম্ভব হয়েছিল। কিন্তু যেহেতু বিভিন্ন সময়ে আমদানিতে কোনও সামঞ্জস্য ছিল না এবং সারা রাজ্যে সমান ব্যাপকভাবে তার বন্টন সম্ভব হয়নি সেজন্য খাদ্যশস্যের মজুত ভান্ডারের সুফল বিশেষভাবে সংশোধিত রেশন এলাকায় অধিকতর সুষ্ঠু বন্টনে পরিলক্ষিত হয়নি। মাসে মাসে কেমন ভাবে আমদানিতে হেরফের ঘটেছে তা বোঝা যাবে একটি তালিকা থেকে।

| সময় | আমদানি (রেকের হিসাবে) | উত্তরবঙ্গে আমদানি |
|---|---|---|
| জানুয়ারি '৮০ | ১১১ | ২২ |
| ফেব্রুয়ারি '৮০ | ৯৪ | ১১ |
| মার্চ '৮০ | ১২২ | ১০ |
| এপ্রিল '৮০ | ১১৩ | ২২ |
| মে '৮০ | ১১০ | ২১ |
| জুন '৮০ | ৯০ | ১৩ |
| জুলাই '৮০ | ৮৫ | ১৩ |
| আগষ্ট '৮০ | ১২২ | ১৯ |
| সেপ্টেম্বর '৮০ | ১১৫ | ১৬ |
| অক্টোবর '৮০ | ১১০ | ১৬ |

| | | |
|---|---|---|
| নভেম্বর '৮০ | ১০১ | ১৭ |
| ডিসেম্বর '৮০ | ১৩২ | ১২ |

উত্তরবঙ্গকে কিভাবে আমদানির খামখেয়ালির শিকার হতে হয়েছে তা স্পষ্টই দেখা যাচ্ছে। কোনও মাসেই ওখানে হিসেব অনুযায়ী প্রয়োজনীয় ৩০ রেক খাদ্যশস্য পৌঁছয়নি।

আমাদের অভ্যন্তরীণ সংগ্রহ নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী ভুল তথ্যের ভিত্তিতে সংসদে রাষ্ট্রপতির উদ্বোধনী ভাষণের প্রত্যুত্তরে অকারণে রাজ্য সরকারের সমালোচনা করেছেন। প্রকৃত তথ্য এই যে আমরা গত বছর এই সময়ে সংগ্রহের তুলনায় এ বছর তার চারগুণ পরিমাণ চাল সংগ্রহ করেছি।

বর্তমান সংগ্রহ মরশুমে আমরা সংগ্রহনীতিতে কয়েকটি নতুন বিষয়ের সংযোজনা করেছি। এর ফল সন্তোষজনক হবে বলেই আমাদের বিশ্বাস। এই প্রথম সমবায় বাজার সমিতিগুলি ছাড়াও পঞ্চায়েত সমিতি এবং নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলিকেও ধান চাল সংগ্রহের কাজে সরাসরি ক্রেতা-প্রতিনিধি হিসেবে নিয়োগ করা হয়েছে। এ ধরনের কাজে এঁরা নতুন একথা মনে রেখে বিচার করলে এ পর্যন্ত তাঁদের কাজ বেশ প্রশংসনীয়।

গতবারের মতো এবারও আমরা উৎপাদক এবং পাইকারদের ওপর কোনও লেভি করিনি। উৎপাদকের উদ্বৃত্তের ওপর লেভি আদায়ের পরিমাণ ক্রমশ কমে আসছিল। এক্ষেত্রে প্রশাসনিক ব্যয়ভার ও ঝক্‌কিঝামেলার হিসেব নিলে লাভ কিছুই দাঁড়ায় না।

যেমন ঃ (মেট্রিক টন চালের হিসেবে)

| | ১৯৭৩-৭৪ | ১৯৭৪-৭৫ | ১৯৭৫-৭৬ | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ |
|---|---|---|---|---|---|
| লেভি ধার্য হয়েছে এমন উৎপাদকের সংখ্যা ঃ | ৯৪,৯৯০ | ২,২৭,২৮৯ | ২,৩৩,৯৭৬ | ২,০৮,৬৬৬ | ৭৮,৩৬০ |
| মোট ধার্য লেভির পরিমাণ | ৯২,৮৫৮ | ১,৪৮,০৭৫ | ১,১৭,৩৬৭ | ৮২,১৩০ | ২৪,৭০৩ |
| মোট আদায়কৃত লেভির পরিমাণ | ৫০,৭৩৬ | ৭৫,৭৬০ | ৭৭,৮৪৯ | ৪৬,২৮৬ | ১৭,১২৭ |

একটা কথা ভুললে চলবে না যে মোট লেভির পরিমাণ নির্ধারণ করা হয়েছিল কৃষকদের আবাদী জমির পরিমাণের হিসেবের ভিত্তিতে — এর সঙ্গে কিন্তু প্রকৃত উৎপাদনের কোনও সম্পর্ক নেই। ফলে মামলা মোকর্দমা উঠেছে, সম্পন্ন চাষীরাও সেই সুযোগে পার

পেয়ে গেছে। বলতে গেলে এই লেভি আইন থেকে উকিল-মোক্তারদেরই পকেট ভারি হয়েছে।

পাইকারদের ওপর থেকেও লেভি আদেশ তুলে নেওয়া হয়েছে, অন্যাথায় ধান চালের বাজারে স্বাভাবিক আমদানি ব্যাহত হত। চাল কলের সঙ্গে পুরনো নিয়মে লেভি চুক্তিও আমরা বাতিল করে দিয়ে তার বদলে চাল কলের উৎপাদনের ওপর বর্ধিত শতকরা ৫৫ ভাগ হারে লেভি আরোপ করেছি।

আমাদের মত খাদ্যশস্যে ঘাটতি রাজ্যে স্বাভাবিকভাবে উল্লেখযোগ্য সংগ্রহের আশা করা নিতান্তই অযৌক্তিক। কেন্দ্রীয় ভান্ডারে যখন খাদ্যশস্যের পর্যাপ্ত মজুতের অভাব তখনই জোরদার অভ্যন্তরীণ সংগ্রহের কথা চিন্তা করা যেতে পারে। সেজন্য নানা কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হয়, যেমন — রাজ্যের উদ্বৃত্ত অঞ্চলের চারপাশে কর্ডনিং, মজুত-উদ্ধার অভিযান ইত্যাদি। এ ব্যবস্থা গ্রাম বাংলার মানুষকে শুধু যে বিক্ষুব্ধ করে তাই নয়, খাদ্যশস্যে উৎপাদনের পরিমাণ বৃদ্ধিতে নিরুৎসাহিত করে। অভ্যন্তরীণ সংগ্রহ কাজে আমরা কেন আরও কঠোর মনোভাবাপন্ন হচ্ছি না তা নিয়ে অনেকেই হামেশা আমাদের সমালোচনা করেন। এখনও করছেন। আমরা আগেও অনেকবার বলেছি যে আমাদের আন্তরিক প্রয়াস ও একান্ত সদিচ্ছা সত্ত্বেও শুধু অভ্যন্তরীণ সংগ্রহ ভান্ডার থেকে আমাদের প্রয়োজনীয় খাদ্যশস্যের খুব সামান্যই মেটানো সম্ভব। আমাদের সংগ্রহ কর্মসূচি বস্তুত মূল্যমানের স্থিতিশীলতাকে বজায় রাখতেই সাহায্য করছে। ভবিষ্যতেও এর লক্ষ্য হবে তাই — যাতে কৃষিজীবীদের অভাবজনিত বিক্রয় হ্রাস পায় এবং খাদ্যশস্যের দাম কেন্দ্র নির্ধারিত সংগ্রহ মূল্যমানের নিচে না পড়ে যায়।

কেন্দ্রীয় সরকার বহুবার পশ্চিমবঙ্গকে নানাভাবে আশ্বস্ত করেছেন যে এই রাজ্যে সরকারি বন্টন ব্যবস্থা বজায় রাখার প্রাথমিক দায় দায়িত্ব তাঁদেরই — তাঁরা এ দায়িত্ব পালনে কখনও পিছপা হবেন না। সুষ্ঠু নিয়মিত সরকারি বন্টন ব্যবস্থার বিকল্প কোনও দমনমূলক নীতি নয়। অর্থনৈতিক রোগকে অর্থনৈতিক ওষুধেই সারাতে হবে। এটা পুলিশের কাজ নয়।

## ডাল

খাদ্য তালিকায় এরপর সবচেয়ে জরুরি হল ডাল। পশ্চিমবঙ্গে বাৎসরিক ৬ লক্ষ মেট্রিক টনের মতো ঘাটতি রয়েছে ডালে। গত বছরও অবস্থার পরিবর্তন ঘটেনি। তার ওপর অন্যান্য রাজ্যে ডালের উৎপাদন হ্রাস পেয়েছে, এবং ডাল উৎপাদনকারী রাজ্যগুলিতেও গোড়া থেকেই ডালের বাজার দাম অবাধে চড়তে শুরু করেছে। ১৯৮০ সালে সারা বছর ধরেই সব রকম ডালের দাম ধাপে ধাপে বেড়েছে।

(টাকায় দাম প্রতি কেজিতে)

| | মসুর | মুগ | অড়হর | ছোলা | কলাই |
|---|---|---|---|---|---|
| '৮০-র ফেব্রুয়ারি | ৩·০০-৪·০০ | ৪·৮০-৫·৫০ | ৪·৫০-৫·৫০ | ২·৯০-৩·৮০ | ৩·০০-৩·৮০ |
| '৮১-র ফেব্রুয়ারি | ৬·০০-৭·০০ | ৫·৪০-৬·২০ | ৪·০০-৫·০০ | ৪·৮০-৫·৮০ | ৪·৩০-৫·৫০ |

**ডালের দামের এই উর্দ্ধগতি, উৎপাদনে ঘাটতি ঃ—** ডাল উৎপাদনকারী রাজ্যগুলো থেকে সংগ্রহের নানা অসুবিধা সত্ত্বেও প্রভূত পরিমাণে ভরতুকি দিয়ে আমরা সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে গত বছর ২০ হাজার মেট্রিক টন ডাল বন্টন করেছি। ১৯৮০ সালের ১লা জানুয়ারি থেকে সরকারি বন্টন ব্যবস্থায় ডালের বন্টন মূল্য সামান্য বাড়িয়ে মসুর, মুগ ও অড়হর কেজি প্রতি ৩.২৫ টাকা এবং ছোলা ও কলাই ডাল কেজি প্রতি ২.৫০ টাকা করতে হয়েছে। সামগ্রিক ডালের ঘাটতির খুব সামান্য অংশই সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে পূরণ করা সম্ভব হয়েছে এটা স্বীকার করেও বলা যায় যে, খোলা বাজারে ডালের অত্যধিক চড়া দামের মোকাবিলায় জনসাধারণকে কিছুটা স্বস্তিও দিয়েছে। আগেই বলেছি ১৯৭৯ সালের ডালের সংগ্রহ ও ৩৭ হাজার মেট্রিক টন বন্টনের তুলনায় গত বছর নানা অসুবিধার জন্য উল্লেখযোগ্য ফললাভ হয়নি। ডালের বাজারে সর্বভারতীয় চেহারাটাও দিন দিন হতাশাব্যঞ্জক হয়ে উঠেছে। উৎপাদনে অনগ্রসরতা বা হ্রাসের চিত্র সমস্ত উৎপাদনকারী রাজ্য জুড়েই। এই রাজ্যের জনসাধারণকে প্রোটিনযুক্ত পুষ্টিকর খাদ্য হিসেবে ন্যায্য দামে ডাল বন্টন করতে হলে আমাদের রাজ্যে ডালের ফলন বাড়াতে সচেষ্ট হতে হবে, অন্যান্য উৎপাদনকারী রাজ্য ও অন্যান্য সূত্র থেকে যতদূর সম্ভব ডাল সংগ্রহের পরিমাণ বাড়াতে হবে। এজন্য দরকার হলে বর্তমান উচ্চহারে ভরতুকি বজায় রাখতে এমন কি বাড়াতেও হবে।

## ভোজ্য তেল

খাদ্য তালিকায় আরেকটি প্রয়োজনীয় দ্রব্য হল ভোজ্য তেল। সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে ভোজ্য তেলের চাহিদাও আমরা অংশত মেটাবার চেষ্টা করেছি। আমাদের তৈলবীজের অভ্যন্তরীণ উৎপাদনের ঘাটতি ন্যূনতম চাহিদার তুলনায় বছরে এক লক্ষ মেট্রিক টনের বেশি। অন্যান্য উৎপাদনকারী রাজ্য থেকে আমদানি করে এই ঘাটতি পোষাতে হয়। অন্যান্য উৎপাদনকারী রাজ্যের খোলা বাজারে তেল বা সরষে বীজের আমদানি ও দামের ওপর আমাদের কোনও নিয়ন্ত্রণ নেই। বাদাম তেল এবং বনস্পতির মতো আর সব ভোজ্য তেলের দাম ও সরবরাহের ক্ষেত্রে কিছু করতে পারি না। ১৯৭৭-৭৮ থেকে অবশ্য কেন্দ্রীয় সরকারের সাহচর্যে আমরা বিদেশ থেকে ভোজ্য তেল — বিশেষ করে রেপসিড তেল আমদানি করছি।

ক্রমশ এই রাজ্যের অধিবাসীরা ও জাতীয় ভোজ্য তেল গ্রহণ করতে বেশ ভাল রকম অভ্যস্ত হয়ে উঠেছেন। ১৯৭৯ সালের মত গত ১৯৮০ সালেও একা পশ্চিমবঙ্গবাসী বাকি সারা ভারতের সমপরিমাণ এ জাতীয় তেলের ব্যবহার করেছেন। সরকারি বন্টন ব্যবস্থায় গত বছর মোট দেওয়া হয়েছে ঃ— পরিশোধিত রেপসিড তেল — ৪১,৯২২ মেট্রিক টন এবং আর বি ডি পাম তেল — ১২,৪৩৮ মেট্রিক টন। ১৯৭৯ সালে যে পরিমাণ তেল ব্যবহার হয়েছে এই পরিমাণ প্রায় তার তিনগুণ। আমরা এ জাতীয় ভোজ্য তেলের ব্যবহারের ব্যাপক সম্ভাবনার কথা ভেবে বরাদ্দ বাড়াবার দাবি জানিয়েছি। সেই অনুযায়ী ক্রমে ক্রমে বরাদ্দ ও বন্টন বেড়েছে। ১৯৮০ সালের ডিসেম্বরে অভূতপূর্ব পরিমাণে তা বাড়ল। প্রায় ১০ হাজার মেট্রিক টন পরিশোধিত রেপসিড তেল ও আর বি ডি পাম তেল বরাদ্দ করা হয়েছিল কিন্তু সরবারাহ হয়েছিল ৬ হাজার মেট্রিক টন যা বন্টন হয়েছিল সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে। তবু ঠিক তারপরই ভারত সরকার রাজ্যে রেপসিডের বরাদ্দ দারুণ কমিয়ে দিলেন, অদূর ভবিষ্যতে যে তা আবার আগের জায়গায় ফিরে যাবে তেমন লক্ষ্যণও দেখা যাচ্ছে না। ভারত সরকারের প্রস্তাবিত হ্রাসপ্রাপ্ত বন্টন হারে অর্থাৎ প্রতি মাসে পরিবার পিছু ২ কিলোগ্রাম দিতে আমাদের সমস্ত লোক সংখ্যার হিসেবে অন্ততপক্ষে ২০ হাজার মেট্রিক টন আমদানিকৃত ভোজ্য তেল দরকার। এটা খুবই পরিতাপের ব্যাপার এবং অস্বস্তিকরও যে এই জাতীয় ভোজ্য তেল রাজ্যের জনসাধারণের মধ্যে আমরা জনপ্রিয় করে তোলার পর সরকারি বন্টন ব্যবস্থাকে উপযুক্ত বরাদ্দের অভাবে ভুগতে হচ্ছে।

## চিনি

গুরুত্বের দিক থেকে এরপর আসে চিনি, পশ্চিমবঙ্গে যার উৎপাদন মোটেই উল্লেখযোগ্য নয়। ন্যূনতম প্রয়োজন ধরলে সপ্তাহে মাথাপিছু একশ গ্রাম হিসেবে আমাদের মাসে মোট দরকার ২৫ হাজার মেট্রিক টন চিনি। এর সবটাই বাইরের রাজ্যগুলো থেকে আমদানি করতে হয়। আলোচ্য বছরে কেন্দ্রীয় সরকারের চিনি সংক্রান্ত নীতি বহুবার অদল বদল হয়েছে, আমাদের রাজ্যের জনসাধারণের পক্ষে সব সময় যে তা সুবিধাজনক হয়েছে তাও নয়।

১৯৮০ সালে মোট বরাদ্দ ২.৭২ লক্ষ মেট্রিক টনের জায়গায় লেভি চিনির প্রকৃত আমদানির পরিমাণ ২.০৭ লক্ষ মেট্রিক টন — প্রায় ৬৫ হাজার মেট্রিক টন বাকি। ভারতের খাদ্য কর্পোরেশন ও রেল কর্তৃপক্ষ দুজনেই আমদানিতে এই ঘাটতির জন্য দায়ী। আমরা ন্যায় সঙ্গত ভাবেই দাবি জানাতে পারি যে চলতি মাসিক বরাদ্দের সঙ্গে আগেকার বরাদ্দের এই বাকিটুকুও পাঠাবার ব্যবস্থা করতে হবে কেন্দ্রীয় সরকারকেই। যেটুকু আমদানি হয়েছে তাও রাজ্যের বিভিন্ন স্থানে ঠিকমতো পৌঁছয়নি। বিশেষত সংশোধিত রেশন এলাকায় অনিয়মিত সরবরাহের দরুন কখনও কখনও চিনি মজুত প্রায় নিঃশেষ হয়ে গেছে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য, ১৯৮০ সালের সেপ্টেম্বর থেকে নভেম্বরের মাঝামাঝি এই আড়াই মাস চিনি উৎপাদনকারী রাজ্যে অবস্থিত চিনিকলগুলির এক প্রস্তাবের ভিত্তিতে ভারত সরকারের

ঘোষিত নীতি অনুযায়ী কিছু পরিমাণ আমদানিকৃত চিনি ও লেভিমুক্ত চিনি জনসাধারণের মধ্যে নির্দিষ্ট হারে নিয়ন্ত্রিত বন্টনের দায়িত্ব আমরা পালন করেছি। এই প্রকল্পে মোট চিনির বরাদ্দের পরিমাণ উল্লেখিত সময়ে এই রাজ্যে ছিল ২৬,৫০০ মেট্রিক টন। বিভিন্ন বাণিজ্যিক সংস্থার সহযোগিতায় আমরা প্রায় ২৫,৪০০ মেট্রিক টন চিনি এনে বন্টন করতে পেরেছি। বিভিন্ন সূত্রে আমদানি করা এই চিনি একই দাম কিলোগ্রাম প্রতি ৫.৯৭ টাকা রাখার ফলে বিশেষ করে তখন শারদীয়া উৎসবের মরশুমে ক্রেতা সাধারণের সুবিধাই হয়েছে বলে বিশ্বাস করি। সরকারি বন্টন ব্যবস্থায় নিয়মিত প্রাপ্য ছাড়াও এই বাড়তি চিনি ওই সময় নির্দিষ্ট ন্যায্য দামে পেয়ে সকলে খুশি হয়েছেন। ব্যবসায়ী সমিতি ও সংস্থার সক্রিয় সহযোগিতার ওপর অনেকটা নির্ভর করে এই প্রকল্প রূপ দিয়েছি বলে অনেকেই আমাদের বিরূপ সমালোচনা করেছেন। কিন্তু আমি এই সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই যে একা সরকারি কোনও সংস্থার পক্ষে সারা দেশের এখানে-ওখানে ছড়িয়ে-ছিটিয়ে থাকা প্রায় ৪৩টি চিনির কল থেকে চিনি সংগ্রহ করে আনা সম্ভবপর ছিল না। সীমিত সময়ের মধ্যে স্টেট ট্রেডিং কর্পোরেশনের কাছ থেকে বিদেশের আমদানিকৃত চিনি তোলা এবং এ সব কিছুর জন্য প্রয়োজনীয় অর্থের লেনদেনও একা এত তাড়াতাড়ি কোনও সরকারি সংস্থার পক্ষে করা কঠিন হত। লেভিমুক্ত চিনির এই নিয়ন্ত্রিত বন্টন না হলে গত বছর আমাদের দারুণ সঙ্কটের মুখে পড়তে হত। মাঝে মধ্যে একটু অসুবিধা হলেও এবং কম করে হলেও আমরা তাই নিয়মিত ভাবেই বিধিবদ্ধ রেশনে সপ্তাহে মাথা পিছু একশ গ্রাম করে এবং সংশোধিত রেশনে সপ্তাহে মাথাপিছু পঁচাত্তর গ্রাম করে চিনি দিতে পেরেছি। আমরা জানি, দেশের অন্যান্য প্রান্তে চিনি বন্টনের হার আমাদের চেয়ে অনেক বেশি এবং এও জানি যে সেসব জায়গায় চিনি যথেষ্ট উৎপাদন হলেও বাজারে কিনতে পাওয়া গেলেও খোলা বাজারে চিনির দাম পশ্চিমবঙ্গের তুলনায় অনেক বেশি — যেমন উত্তরপ্রদেশে, যেমন মহারাষ্ট্রে।

## নুন

পশ্চিমবঙ্গে বছরে ১ লক্ষ মেট্রিক টন নুন শিল্প প্রকল্পের প্রয়োজন সমেত মোট নুনের প্রয়োজন হল ৪ লক্ষ মেট্রিক টন। ১৯৮০ সালে ৩.৪ লক্ষ মেট্রিক টনের বেশি পরিমাণ নুন পশ্চিমবঙ্গে আমদানি করা হয়েছে। সরবরাহের এই ঘাটতির কারণ রেল ও সমুদ্রপথে চলাচলে বিঘ্ন। এ বিষয়ে বারবার ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, রেলযোগে নুন আনার সম্পূর্ণ দায়িত্ব খাদ্য ও সরবরাহ বিভাগের অধীনস্থ পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ কর্পোরেশন-এর। এই কর্পোরেশন গত ১৯৮০ সালে বরাদ্দ ১.৪৪ মেট্রিক টনের মধ্যে ১.০৩ লক্ষ মেট্রিক টন রেলপথে এনেছে।

বেসরকারি ব্যবসায়ীদের হাত থেকে জাহাজে নুন আমদানির দায়িত্বও পুরোপুরি নিজেদের হাতে তুলে নেবার ইচ্ছে ছিল রাজ্য সরকারের। কিন্তু কলকাতা হাইকোর্টের একটি ইনজাংশন

জারির ফলে ব্যাপারটায় বেশি দূর এগুতে পারা যায়নি। তবু পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ্ কর্পোরেশন ১৯৮০-র অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত ৪ জাহাজ বোঝাই ২২ হাজার মেট্রিক টনেরও বেশি নুন আমদানি করেছে। হাইকোর্টের নির্দেশ মান্য করে কর্পোরেশনও বর্তমানে বেসরকারি ব্যবসায়ীদের সঙ্গে জাহাজে নুন আমদানি করছেন।

নুনের দাম প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, রেলে পরিবহন ব্যয়ের মতো জাহাজে পরিবহন ব্যয় নির্ধারণের বেলাতেও ভরতুকি দেবার সমনীতি গ্রহণের যৌক্তিকতা রাজ্য সরকার বেশ সাফল্যের সঙ্গেই ভারত সরকার নিযুক্ত নুন-অনুসন্ধান কমিটিকে বোঝাতে পেরেছেন। নুন-অনুসন্ধান কমিটির সুপারিশের ভিত্তিতে এ বিষয়ে ভারত সরকারের সিদ্ধান্ত অবশ্য এখনও জানা যায় নি। যখন পরিবহন ভরতুকির ক্ষেত্রে ভারত সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন এবং পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ্ কর্পোরেশন প্রয়োজনীয় নুনের সবটা জাহাজেও আমদানি করতে সক্ষম হবেন তখন রাজ্য সরকারের পক্ষেও সারা রাজ্যে নুনের মূল্য নিয়ন্ত্রণ করে একটা ন্যায্য দাম স্থির করা সম্ভব হবে।

## পোড়া কয়লা

খাদ্য বস্তুর পর পণ্য তালিকায় প্রথমেই আসে গৃহস্থালীর নিত্যপ্রয়োজনীয় জ্বালানি অর্থাৎ পোড়া কয়লার কথা। এখানেও আশ্বাস আর প্রকৃত আমদানিতে বিস্তর ফারাক।

আসবার কথা একেক মাসে একেক রকম — প্রতি মাসে ১,৫৯,০০০ মেট্রিক টন এবং ৫৪,০০০ মেট্রিক টনের মধ্যে যে কোনও পরিমাণ। সারা বছরে বরাদ্দ আর প্রকৃত আমদানির পার্থক্যের হিসেব কষলে দাঁড়ায় ১,৭০,০০০ মেট্রিক টনের বেশি — এটা রাজ্যের এক মাসের মোট প্রয়োজন প্রায় ১,৫০,০০০ মেট্রিক টনের চেয়েও বেশি। অনেক বলা কওয়ার পর কেন্দ্রীয় সরকার ও কোল ইন্ডিয়া পোড়া কয়লার খুচরা ব্যবসায়ীদের বিক্রি করতে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলসমূহে কয়েকটি ডাম্প খুলতে রাজি হয়েছে। এই প্রকল্পের সাফল্য মোটামুটি — কলকাতা-হাওড়া এলাকার প্রয়োজনের শতকরা ৫০ ভাগের বেশি পোড়া কয়লা কখনও এই ডাম্পগুলিতে আমদানি হয়নি। এই ঘাটতির সুযোগ সারা রাজ্যের ব্যবসায়ীরাই পুরোপুরি কাজে লাগিয়েছেন। পোড়া কয়লার খুচরা দাম প্রতি ৪০ কিলোগ্রামে ১৪ টাকা থেকে একলাফে বেড়ে ১৮ টাকা হয়েছে। আমাদের ক্রমাগত প্রচেষ্টা সত্ত্বেও রেল কর্তৃপক্ষ বা কোল ইন্ডিয়া কেউই রেলপথে পোড়া কয়লার ন্যূনতম আমদানি কার্যসূচি বজায় রাখতে পারেননি এবং কলকাতা ও জেলাগুলির প্রয়োজনে সরবরাহ্ বজায় রাখতে অনেক বেশি সড়ক পরিবহনের ব্যবস্থা করতে হয়েছে। কোল ইন্ডিয়ার এই ডাম্পের কার্যকারিতা সম্পর্কে একটা সিদ্ধান্ত গ্রহণের সময় এসেছে।

কেন্দ্রীয় সরকার কয়লার ব্যাপারে অনেক ভুল বোঝাবুঝি ও সেই সুযোগে দুর্নীতিকে

প্রকারান্তরে প্রশ্রয় দিয়েছেন। তারা যখন-তখন অবাধে কয়লা পাওয়া যাচ্ছে বলে ঘোষণা করেছেন, পারমিট প্রথা বিলোপের কথা বলেছেন, এইসব পরিস্থিতিতে ধুরন্ধর ব্যবসায়ীদের মধ্যে শৃঙ্খলা বজায় রাখা রীতিমতো দুঃসাধ্য। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নির্দেশে কয়লা খনি এবং কোল ইন্ডিয়ার ডাম্প থেকে পোড়া কয়লা বিক্রির দাম আবার বেড়েছে। খেলা বাজারে এর ফলে পোড়া কয়লার মূল্য বৃদ্ধি অনিবার্য। এখন পর্যন্ত রাজ্য সরকার পোড়া কয়লার বিধিবদ্ধ মূল্য নিয়ন্ত্রণ আরোপ করতে পারেননি। তার প্রাথমিক কারণ হল কয়লার অনিশ্চিত ও অপর্যাপ্ত সরবরাহ। কেন্দ্রীয় সরকারও এখন পর্যন্ত কলকাতা-হাওড়া অঞ্চলে পোড়া কয়লার খুচরা বিক্রয় মূল্য নির্ধারণের প্রস্তাব অনুমোদন করেননি।

## কেরোসিন তেল এবং ডিজেল

কেরোসিন তেল ও ডিজেল নিয়ে ১৯৮০ সালের শুরুতে কয়েক মাস যে তীব্র সমস্যার সৃষ্টি হয়েছিল পরবর্তী সময়ে তা বিভিন্ন মাসের বরাদ্দের বিপুল তারতম্য সত্ত্বেও অনেকটা সহজ হয়ে এসেছিল। আসাম থেকে তেল আসা বন্ধ ছিল বলেই সামগ্রিক ভাবে ঘাটতি দেখা দিয়েছিল। নিয়ন্ত্রিত বন্টনের ব্যবস্থা করে পরিমিত পরিমাণকেই সকলের মধ্যে ভাগ করে দিতে হয়েছে।

গত বছরে ডিজেলের মাসিক বরাদ্দের গড় ছিল ৫৫,০০০ মেট্রিক টনের মতো, সর্বাপেক্ষা প্রয়োজনের পরিমাণ যেখানে প্রায় ৬৫,০০০ মেট্রিক টন। কেরোসিন তেলের মাসিক বরাদ্দের গড় ছিল ৩৩,০০০ মেট্রিক টনের মতো। ইদানীং পোড়া কয়লা ও রান্নার গ্যাস সরবরাহে ঘাটতির দরুন, ডিজেল ও কেরোসিনের দামের তফাতের জন্য এবং কৃষি কাজে অধিকতর পরিমাণে কেরোসিন ব্যবহারের ফলে আমাদের কেরোসিন তেলের বরাদ্দের চেয়ে খরচ বা 'অফ টেক' প্রায়ই বেশি হয়ে থাকে, সাধারণত, কেরোসিন ও ডিজেল দু ক্ষেত্রেই আমাদের বরাদ্দ মহারাষ্ট্র, গুজরাট এবং তামিলনাড়ুর তুলনায় বৈষম্যমূলক। ক্রেতা সাধারণের সহযোগিতার ফলে আমাদের নিয়ন্ত্রিত বন্টন ব্যবস্থার মাধ্যমে যে সামান্য পরিমাণ দিতে পারি তা অন্যত্র চলে যায় না। তবে প্রতিবেশি রাজ্যগুলোতে এ দুটো জিনিসের অত্যধিক চড়া দামের প্রলোভন মাঝে মাঝে আমাদের নিয়ন্ত্রণ ব্যবস্থাকে অসুবিধায় ফেলতে চেষ্টা করে।

## সিমেন্ট

১৯৮০ সাল সিমেন্টের ব্যাপারে ১৯৭৯ সালের চেয়ে সামান্য একটু ভাল বলা চলে। নিজস্ব উৎপাদন এবং চাহিদার মধ্যে ফারাক, সময় মত প্রয়োজনীয় পরিমাণ সিমেন্ট আমদানিতে রেলের ব্যর্থতা, বিদেশ থেকে আমদানিকৃত সিমেন্টের অপ্রতুল বরাদ্দ — এই সব কিছু মিলে রাজ্যের নির্মাণ কাজে অগ্রগতির রাশ টেনে ধরেছে। বিভিন্ন সরকারি দপ্তর এবং উন্নয়ন সংস্থা বিশেষ ভাবে আলোচ্য সময়ে তাঁদের নানা প্রকল্প রূপায়ণের কর্মসূচি সংক্ষিপ্ত, করেছেন আবার সেচ এবং বিদ্যুৎ ও শক্তি দপ্তরের মতো যারা অগ্রাধিকার পান তাদের জন্য সংরক্ষিত

সিমেন্টও পুরোপুরি কাজে লাগানো হয়নি। বিভিন্ন ধরনের সিমেন্টের ক্রেতাদের মধ্যে সুষ্ঠু বন্টনের জন্য নতুন ভাবে চিন্তা করা হয়েছে। তাতে সুফলও পাওয়া গেছে।

১৯৮০-তে সিমেন্টের মোট বরাদ্দের পরিমাণ হল ১১.৭২ লক্ষ মেট্রিক টন — যেখানে আমাদের ন্যূনতম প্রয়োজন ২০ লক্ষ মেট্রিক টনের মতো। বস্তুত এসেছে আরও কম সিমেন্ট — সব মিলিয়ে ১০.৩২ লক্ষ মেট্রিক টন। সিমেন্টের নিয়ন্ত্রণ বিধি বলবৎ থাকলেও সিমেন্ট নিয়ে যে ঢালাও কালোবাজারি আছে তা অস্বীকার করবার উপায় নেই। আমাদের ধারণা, ডিলারদের 'ফ্রি-সেল কোটা' থেকে অথবা সরকারি দপ্তর বা সংস্থা নিযুক্ত ঠিকাদারদের থেকে, ব্যক্তিগত সিমেন্ট ক্রেতাদের একাংশ বা সরকার নিযুক্ত 'হ্যান্ডলিং এজেন্ট'দের মারফত কালোবাজারে সিমেন্ট যায়। সরকার এক তরফা কঠোর ব্যবস্থা নিলেই সিমেন্টের কালোবাজারি, চোরাকারবার বন্ধ হবে না। চাই ক্রেতা সাধারণের প্রতিরোধ — সরবরাহের যথেষ্ট উন্নতির ফলেই যা একমাত্র সম্ভব।

সিমেন্ট আমদানি নিয়ে কেন্দ্রীয় সরকারের ভবিষ্যত কর্মসূচির অনিশ্চয়তা অবিলম্বে দূর হওয়া দরকার। আলোচ্য বছরে আমরা কিছু আমদানিকৃত সিমেন্ট জাহাজে এনেছি। দুর্ভাগ্যবশত এর বেশির ভাগটাই এসে পৌঁছেছিল বর্ষাকালে। শুকনো মরশুমেও যদি আমাদের সিমেন্টের জাহাজ বরাদ্দ করা হত আমরা অনেক বেশি সিমেন্ট আনতে ও কাজে লাগাতে পারতাম।

## চা

খাদ্যশস্য, ভোজ্য তেল, ডাল, চিনি এবং নুনের সঙ্গে সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে আর যে পণ্য সর্বসাধারণের স্বার্থে দিতে চেষ্টা করছি তা হল চা। এখনও পর্যন্ত ভারত সরকারের সংস্থা টি ট্রেডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া যে সামান্য পরিমাণ চা বরাদ্দ করেন শুধু সেটুকু বন্টনের মধ্যেই আপাতত এই কর্মসূচি সীমাবদ্ধ আছে। রেশন দোকানের মাধ্যমে যে চা বিক্রি হবে ভোজ্য তেলের মতো তাকেও বিক্রয়কর থেকে রেহাই দিতে আমরা পরমর্শ দিয়েছি। আশা করা যায় এ ব্যাপারে আমাদের অনুকূলেই সিদ্ধান্ত নেওয়া হবে। সব শুদ্ধ, ১ লক্ষ কিলোগ্রামের কিছু বেশি পরিমাণ চা ১৯৮০ সালে রেশন দোকানের মাধ্যমে বন্টন করা হয়েছে। এর বেশির ভাগটাই দেওয়া হয়েছে বিধিবদ্ধ রেশন এলাকায়। গ্রামাঞ্চলের জন্য আমরা অন্য কোনও সূত্র থেকে সরবরাহকে কাজে লাগাতে চাইছি। বর্ধমান জেলায় সেই মর্মে কাজও শুরু হয়েছে।

## কন্ট্রোলের কাপড় এবং জনতা কাপড়

আলোচ্য বছরে এই রাজ্যে কন্ট্রোলের কাপড়ের বরাদ্দের কিছু উন্নতি হয়েছে। ১৯৮০ সালে মোট প্রায় ২৯,০০০ গাঁট কাপড় পাওয়া গেছে। চলতি ১৯৮১-র ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত মোট ৩২,৬৫৭ গাঁট এবং প্রতি মাসে গড় বরাদ্দ বেড়েছে প্রায় ২৫০০ গাঁট পর্যন্ত, এই সেদিনও যেখানে ছিল মাসে ১৮০০ গাঁট। কোনও কোনও মাসে বিশেষ করে ১৯৮০-

র মার্চ, মে, জুন এবং অক্টোবরে মাসে ৩৫০০ বেল ছাড়িয়া যায়। জুনের সরবরাহ ছিল সবচেয়ে বেশি, ৫৬৮৪ গাঁট। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছি যাতে রাজ্যে প্রতি মাসে বরাদ্দের আগেকার মাত্রা — ৩৬০০ বেল নিয়মিত বজায় থাকে যদিও এই পরিমাণ আমাদের প্রয়োজনীয় মাসে ৯০০০ বেলের চেয়ে অনেক কম। সীমিত পরিমাণ কন্ট্রোলের কাপড় যা এই রাজ্যের বরাদ্দ হিসেবে আসে তা যতটা সম্ভব দরিদ্র জনসাধারণের মধ্যে বন্টনের জন্য আমরা প্রাথমিক ভাবে গ্রামাঞ্চলেই কন্ট্রোল কাপড় বন্টনের সিদ্ধান্ত নিয়েছি। রেশন কার্ড দেখিয়ে কাপড় নিতে হবে। দরিদ্রতম মানুষেরাই যাতে এই কর্মসূচির সুবিধা পান সেজন্য আয় সংক্রান্ত কিছু শর্তও আরোপ করা হয়েছে। বন্টনের বর্তমান ব্যবস্থাতেই এই উদ্যোগ কার্যকর ও শক্তিশালী হয়ে উঠবে, যেখানে সম্ভব রেশন দোকানগুলোকেও এ কাজে লাগানো হবে।

রাজ্যের কো-অপারেটিভ হ্যান্ডলুম উইভার্স সোসাইটি সমূহের তৈরি জনতা শাড়িও আমরা কন্ট্রোল কাপড়ের সঙ্গে সরবরাহের ব্যবস্থা করতে পারি। এইসব শাড়ি দশটি জেলার সংশোধিত রেশন এলাকায় আপাতত বন্টন করা হবে। চলতি ১৯৮১ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত ২.৫০ লক্ষ শাড়ি এইভাবে বন্টন করা হয়েছে। আগামী বছরে এই প্রকল্প ব্যাপকতর হবে আশা রাখি।

### খাতা, দেশলাই, গায়ে মাখার সাবান ও কাপড় কাচার সাবান

অন্যান্য অত্যাবশ্যক পণ্যের মধ্যে খাতা, গায়ে মাখার সাবান, কাপড় কাচার সাবান ও দেশলাই রেশন দোকান মারফত বন্টনের চেষ্টা হয়েছে গত বছর। খাতা এবং দেশলাই-এর সরবরাহ কিছুটা স্থিতাবস্থায় এসেছে। বিশেষ করে খাতা যথেষ্ট পাওয়া যাচ্ছে যদিও কখনও কখনও তার কিছু সংখ্যক হোলসেল কো-অপারেটিভ বা রেশন দোকানদারদের মাধ্যমে অন্যত্র পাচার হয়ে যাবার অভিযোগও ওঠে। আমার সহকর্মী প্রাথমিক শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে রাজ্যস্তরের কমিটি খাতার কাগজ বন্টন পদ্ধতি দেখাশোনার দায়িত্ব বেশ সন্তোষজনক ভাবেই পালন করছেন। চলতি ১৯৮১ সালে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত ১.২৩ কোটি টাকা মূল্যের মোট ১.৫৩ কোটি খাতা রেশন দোকানের মাধ্যমে বন্টন করা হয়েছে।

দেশালাই-এর গুণগত মান নিয়ে অভিযোগ আছে। কে ভি আই সি এ ব্যাপারে বিশেষ কিছু করতে পারেননি। এক্ষেত্রেও আমাদের নতুন কয়েকটি সূত্রে সরবরাহের কথা ভাববার প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ কর্পোরেশন অদূর ভবিষ্যতে দেশলাই বন্টনের একচেটিয়া দায়িত্ব নিজেদের হাতে নিতে পারেন। সাম্প্রতিক রিপোর্টে দেখা যাচ্ছে যে উৎপাদন ও বন্টন প্রকল্পের আওতায় রেশন দোকানের মাধ্যমে যে দেশলাই বিক্রি করা হচ্ছে তার দাম প্রত্যেকটির ২ পয়সা করে বাড়িয়ে ১৫ পয়সা করতে হবে, কারণ এ ব্যাপারে কেন্দ্রের ভরতুকির পরিমাণের আংশিক হ্রাস ও কেন্দ্রীয় বাজেটে সব রকমের দেশলাইয়ের ওপর এক্সাইজ শুল্ক বৃদ্ধি।

আগামী বছরে আমরা আরও কয়েকটি পণ্য এই বন্টন প্রকল্পের কর্মসূচির অন্তর্ভুক্ত করতে চাই — যেমন মোমবাতি, টর্চের ব্যাটারি, গুঁড়ো দুধ ইত্যাদি। আশা করি জনতা শাড়ির সঙ্গে জনতা ধুতিও জেলার গ্রামাঞ্চলে বন্টনের জন্য জোগাড় করতে পারব। এখনও পর্যন্ত উৎপাদন ও বন্টন প্রকল্পের রূপায়ণে মূল সমস্যা হল যে কোনও পণ্যই এই রাজ্যে উপযুক্ত নির্দিষ্ট পরিমাণে নিয়মিত ন্যায্য দামে পাওয়া যায় না। উৎপাদকদের সঙ্গে আমাদের যোগাযোগ করতে হয় তারপর সম্পূর্ণ নিজেদের উদ্যোগে প্রয়োজনীয় পণ্যের সংগ্রহ ও বন্টনের ব্যবস্থা করতে হয়। এ ব্যাপারে ভারত সরকারের কোনও রূপ সাহায্য বা ভূমিকা নেই। আমাদের একান্ত সদিচ্ছা সত্ত্বেও এইসব পণ্যের বন্টন ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রচলিত দামে ক্রেতাদের মধ্যে বন্টন করা দিন দিন দুরূহ হয়ে পড়ছে।

গায়ে মাখার ও কাপড় কাচার সাবান এখন পর্যন্ত শুধু বিধিবদ্ধ রেশনেই অংশত দেওয়া সম্ভব হয়েছে। এ দুটি জিনিসই বেসরকারি প্রস্তুতকারকদের কাছ থেকে সংগ্রহ করতে হয়। তাই এদের দাম বা সরবরাহের পরিমাণের ওপর আমাদের কোনও নিয়ন্ত্রণই ছিল না। কথা ছিল, প্রতি মাসে প্রায় ১০ হাজার কার্টন বা বাক্স গায়ে মাখার সাবান পাওয়া যাবে। বাস্তবে প্রতি মাসে ২,৫০০ বাক্সের বেশি কখনও সরবরাহ হয়নি।

এক্ষেত্রে মূল সমস্যা মনে হয় এই যে প্রস্তুতকারক কোম্পানি অর্থাৎ হিন্দুস্থান লিভারকে অপেক্ষাকৃত কম দামে — (প্রতিটি 'সরল সাবান' এক টাকা দরে) এই সাবান সরবরাহ করতে যে হারে নিজেদের থেকে ভরতুকি দিতে হচ্ছে তা তাদের অন্যান্য পরিচিত ও সমতুল্য সাবানের বিক্রয় ও লাভের ওপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

বেসরকারি প্রস্তুতকারক এশিয়াটিক সোপ কোম্পানি থেকে সংগ্রহ করে কাপড় কাচার সাবান বণ্টনের কাজও শুরু হয়েছে। এখন পর্যন্ত প্রায় ৩০ লক্ষ টাকা মূল্যের ১৫ লক্ষের বেশি সংখ্যক সাবান বিক্রি করা হয়েছে। আমরা এই সাবান বিক্রির ক্ষেত্রে জনসাধারণের কাছ থেকে শুরুতেই যেভাবে সাড়া পেয়েছি তাতে আরও ব্যাপক কর্মসূচি গ্রহণের চেষ্টা করছি।

এবারে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

### খাদ্য কর্পোরেশন অধিগ্রহণ

প্রথমেই আসি রাজ্য সরকার কর্তৃক ভারতের খাদ্য কর্পোরেশনের এই রাজ্যে অভ্যন্তরীণ সংগ্রহ, সংরক্ষণ ও বন্টনের দায়দায়িত্বের আসন্ন অধিগ্রহণের বিষয়ে।

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, ১৯৬৬ সালে তদানীন্তন রাজ্য সরকার রাজ্যের অভ্যন্তরীণ সংগ্রহ, সংরক্ষণ ও বন্টনের দায়িত্ব একটা চুক্তি করে খাদ্য কর্পোরেশনের হাতে তুলে দেন। সেইমতো ব্যবস্থা চলে আসছিল ১৯৭৪ সাল পর্যন্ত। ১৯৭৪ সালে খাদ্য কর্পোরেশন

রাজ্য সরকারের উপর নোটিশ জারি করেন যে, পরের বৎসর থেকে তাঁরা ঐ চুক্তি বাতিল করতে চান। রাজ্য সরকার খাদ্য কর্পোরেশনকে চুক্তিমত দায়িত্ব পালন করে যেতে অনুরোধ করেন এবং খাদ্য কর্পোরেশনও অনুরোধ রক্ষা করেন। সেই থেকে প্রতি বৎসরই এইভাবে চলে আসছিল।

অবস্থা বদলে গেল ১৯৮০ সালে যখন কেন্দ্রে নতুন সরকার গঠিত হল। ১৯৮০ সালে খাদ্য কর্পোরেশন জিদ করে জানিয়ে দেন যে ১৯৮০, ১লা নভেম্বর থেকে তাঁরা চুক্তির দায়িত্ব ছেড়ে দেবেনই এবং রাজ্য সরকার সেই দায়িত্ব গ্রহণের ব্যবস্থা করুন।

রাজ্য সরকার স্থির করেন যে চুক্তিবদ্ধ দায়িত্ব ছাড়াও খাদ্য কর্পোরেশনের অন্য বিধিবদ্ধ দায়িত্ব আছে। সেই দায়িত্ব হচ্ছে কেন্দ্রের বরাদ্দমত শস্য ও চিনি রাজ্যের ভিতর সংরক্ষণ। সেই সময়ে রাজ্যের কেন্দ্রীয় বরাদ্দ ছিল মাসে ৩ লক্ষ ৫৫ হাজার মেঃ টঃ খাদ্যশস্য ও ২২ হাজার মেঃ টঃ চিনি। এই হিসাবে তিন মাসের বরাদ্দ রাজ্যে সংরক্ষণ না করলে রাজ্য সরকার খাদ্য কর্পোরেশনকে ১৯৫৬ সালের চুক্তি থেকে অব্যাহতি দিতে পারেন না। উল্লেখ থাকে যে খাদ্য কর্পোরেশন ১৯৮০ নভেম্বর নাগাদ রাজ্যে এক মাসের খাদ্য সংস্থানও রাখার ব্যবস্থা করেনি।

পরবর্তীকালে তিন মাসের বরাদ্দ সংরক্ষণ করার প্রতিশ্রুতিতে, খাদ্য কর্পোরেশনের বিধিবদ্ধ দায়িত্ব ও চুক্তিবদ্ধ দায়িত্ব ভাগবাটওয়ারা করার কাজ নিয়ে এক উচ্চক্ষমতাসম্পন্ন কমিটিতে আলোচনা শুরু হয়। যাতে কেন্দ্রীয় সরকার, খাদ্য কর্পোরেশন ও রাজ্য সরকারের প্রতিনিধিরা নিযুক্ত আছেন। এই কমিটিতে খাদ্য কর্পোরেশন জিদ করতে থাকেন যে ১লা এপ্রিল, ১৯৮১ থেকে রাজ্য সরকার অভ্যন্তরীণ দায়িত্ব পুনগ্রহণ করুন। অল্প সময়ের মধ্যে অধিগ্রহণের নানাবিধ ব্যবস্থা করা দুরূহ হলেও খাদ্য কর্পোরেশনের অনমনীয় মনোভাবের ফলে রাজ্য সরকার ১লা এপ্রিল, ১৯৮১ থেকে ১৯৬৬ সালে হস্তান্তরিত দায়িত্ব পুনগ্রহণের সিদ্ধান্ত নেন। এবং ঐ তারিখের আগেই রাজ্য সরকারের কর্মচারিদের ফিরিয়ে দেবার ব্যবস্থা করতে বলা হয়।

রাজ্য সরকারের যেসব কর্মচারী খাদ্য কর্পোরেশনে কাজ করছিলেন তাঁদের মধ্যে এক অংশ ইতিমধ্যেই আন্দোলন শুরু করেছিলেন যে তাঁদের খাদ্য কর্পোরেশনেই রাখা হোক। রাজ্য সরকার তাদের লিখিতভাবে জানিয়েছিলেন যে খাদ্য কর্পোরেশন যদি তাঁদের বহাল করেন তাতে রাজ্য সরকার রাজী আছেন। কিন্তু তা সত্ত্বেও খাদ্য কর্পোরেশনে নিযুক্ত রাজ্য সরকারের কর্মচারিরা খাদ্য কর্পোরেশন কর্তৃক রাজ্যের অভ্যন্তরীণ দায়িত্ব ছেড়ে দেওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে ফেব্রুয়ারি মাসের শেষের দিকে রেশন দোকানে খাদ্য সরবরাহ প্রায় বন্ধ করে দিয়েছিলেন। রেশন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়ার আশঙ্কায় রাজ্য সরকার অভ্যন্তরীণ রেশন বন্টনের দায়িত্ব অবিলম্বে অর্থাৎ বাজেট গৃহীত হবার পরদিন ১লা এপ্রিল থেকেই পুনগ্রহণের সিদ্ধান্ত নেন। ১০ই মার্চ দিল্লি এই সম্পর্কে আমাদের চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণার পর কেন্দ্রীয় সরকারের পক্ষ

থেকে জানানো হয় যে, যেহেতু রাজ্য সরকারের কর্মচারিদের এক আবেদনপত্র সুপ্রীম কোর্টের বিবেচনাধীন আছে সেহেতু সুপ্রীম কোর্টের সিদ্ধান্তের পূর্বে রাজ্য সরকারের কর্মচারিদের ফেরত দেওয়া সম্ভভ নয়। তখন রাজ্য সরকার জানান যে কর্মচারিদের খাদ্য কর্পোরেশনে রেখে দেওয়া হোক কিন্তু খাদ্য সম্পর্কিত দায়িত্বগুলি রাজ্য সরকারের হাতে ১লা এপ্রিলই তুলে দেওয়া হোক। কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিরা তাতেও অসম্মতি জানান।

আশ্চর্যের কথা, ঐ কর্মচারিদের সুপ্রীম কোর্টের আবেদনের কথা ১০ই ফেব্রুয়ারি কেন্দ্রীয় সরকার ও খাদ্য কর্পোরেশনের প্রতিনিধিদের জানিয়েছিলাম। তখন তাঁরা বলেন যে, যেহেতু কোনও স্থগিতাদেশ বা ইনজাংশন নেই ঐ কর্মচারিদের তাঁরা ফিরিয়ে দেবেন। এবং ২১ ও ২৮ ফেব্রুয়ারি দুই বৈঠকেই কেন্দ্রীয় সরকার ও খাদ্য কর্পোরেশনের প্রতিনিধিরা জিদ করেন যে নিশ্চিতই ১লা এপ্রিল থেকেই কার্যভার গ্রহণ করা হোক।

এরপর ২৩শে ফেব্রুয়ারি থেকে ১লা মার্চ পর্যন্ত খাদ্য কর্পোরেশন কর্মীদের দ্বারা রেশন ব্যবস্থা বিপর্যস্ত হওয়ার পর তাঁরা দায়িত্ব হস্তান্তর অনির্দিষ্টকালের জন্য স্থগিত করে দিলেন।

বিশেষভাবে লক্ষণীয় এই যে সারা '৮০ সাল এবং ১৯৮১-র ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত কেন্দ্রীয় সরকার ও তার খাদ্য কর্পোরেশন অবিলম্বে দায়িত্ব হস্তান্তরে দৃঢ়প্রতিজ্ঞ। হঠাৎ ১০ই মার্চ ১৯৮১ সালে জানিয়ে দিলেন হস্তান্তরে তাঁরা গররাজি। যেন সুপ্রীম কোর্টে বিচারাধীন আরজি তাঁদের অজ্ঞাত ছিল।

এটা এখন স্পষ্ট যে কেন্দ্রীয় সরকার ও তাঁর খাদ্য কর্পোরেশন আগে ভেবেছিলেন যে রাজ্য সরকার কোনমতে দায়িত্ব পালন করতে পারবে না অতএব দায়িত্ব একতরফাভাবে ছেড়ে দিলে রাজ্য সরকার বিপদেই পড়বে। তাই তখন ছেড়ে দেবার জিদ। তারপর যখন ওঁরা দেখলেন রাজ্য সরকার দায়িত্ব গ্রহণে প্রস্তুত অথচ দায়িত্ব যদি নিজেদের হাতে রাখা যায় এবং সেই কৌশলে রাজ্যের রেশন ব্যবস্থা বানচাল করে রাজ্য সরকারকে বিপদে ফেলা যায় তখন তাঁরা রাজ্য সরকারকে অপদস্থ করার এই যন্ত্রটি নিজেদের হাতে রাখা সাব্যস্ত করলেন। মনে রাখবেন যে রাজ্যের প্রায় ১ পঞ্চমাংশ অধিবাসী বিধিবদ্ধ রেশন ব্যবস্থার উপর নির্ভরশীল। সারা রাজ্যের চিনি সরবরাহ খাদ্য কর্পোরেশনের হাতেই আছে।

এই অবস্থায় আমরা নিশ্চিন্ত থাকতে পারি না। আমরা দায়িত্ব গ্রহণের সকল ব্যবস্থা পরিপূর্ণ করে চলব এবং জনসাধারণকে জানিয়ে দেব জনজীবনকে বিপর্যস্ত করার দায়িত্ব কার।

**হাস্কিং মেশিন ও ধানভানা কল**

গত কয়েক বছর ধরেই লাইসেন্সবিহীন হাস্কিং মিলের সমস্যাটা বেশ জটিল হয়ে উঠেছে। এ ব্যাপারে আইনগত পরিস্থিতি হল এই যে, রাইস মিলিং ইণ্ডাস্ট্রিস (রেগুলেশন)

অ্যাক্ট ১৯৫৮ অনুসারে কেন্দ্রীয় সরকারের হাতে হাস্কিং মিল সংক্রান্ত প্রয়োজনীয় ক্ষমতা রয়েছে কিন্তু সে ক্ষমতা রাজ্য সরকারের ওপর বর্তায়নি। এখনও আমাদের জেলা পর্যায়ের আধিকারিকরা এই অ্যাক্টের নির্দেশ ও বিধিনিষেধ অনুযায়ী কাজ করছেন কিন্তু তার কোনও আইনসম্মত ভিত্তি নেই। আসলে, এই নির্দেশনামাগুলো বিচার বিভাগীয় ঘোষণার ওপর প্রতিষ্ঠিত। ফলে জেলাগুলিতে বিপুল সংখ্যক লাইসেন্সবিহীন হাস্কিং মিল গজিয়ে উঠেছে। এ ব্যাপারে অবশ্যই কোনও সন্দেহ নেই যে এই মিলগুলিও কিছু কাজের কাজ করছে কিন্তু তাদের কাজের পরিমাণ, প্রত্যেক জেলায় তাদের ন্যূনতম প্রয়োজনীয়তা নিয়ে আমাদের কিছু বলবার উপায় নেই। আমরা পল্লী অঞ্চলে হাস্কিং মেশিন চালু রাখার বিপক্ষে নই। যতগুলো প্রয়োজন ততগুলোকেই দরকার হলে লাইসেন্স দিতে রাজি আছি। কিন্তু এগুলো যে বিপুল সংখ্যায় শহরনগর এলাকার চারপাশে আর রাজ্য সীমানা বরাবর বসছে সেটাই আমাদের দুশ্চিন্তার কারণ।

### ব্যক্তিগত রেশন কার্ড

গতবছরই আমি এই সভায় উল্লেখ করেছিলাম, যে আমরা সংশোধিত রেশন এলাকায় গ্রামবাংলার মানুষদের সাহায্যার্থে পারিবারিক রেশন কার্ডের পরিবর্তে ব্যক্তিগত রেশন কার্ড দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছি। আমাদের এই প্রয়াস সংশোধিত রেশন এলাকায় রেশন দোকানদারদের পক্ষে আদালতের এক ফতোয়ার ফলে স্থগিত রয়েছে। তবে এরই মধ্যে আমরা সাড়ে তিন কোটির বেশি ব্যক্তিগত রেশন কার্ড ছাপিয়ে ফেলেছি। তার মধ্যে ৩৯ লক্ষ কার্ড বিলি করাও হয়েছে। আরও সাড়ে উনিশ লক্ষ বিলি করার জন্য তৈরি হয়ে গেছে। আমরা আশা করি আইনগত বাধা খুব শীঘ্রই অপসারিত হবে এবং আমরাও এই কর্মসূচি নিয়ে অগ্রসর হতে পারব।

অত্যাবশ্যক পণ্য আইন এবং তার আওতায় বিভিন্ন নিয়ন্ত্রণ আদেশ লঙ্ঘন করার অর্থনৈতিক অপরাধের বিষয়ে আমাদের মনোভাব ব্যক্ত না করলে আমাদের দপ্তরের কার্যকলাপের বিবৃতি অসম্পূর্ণ থেকে যাবে। আমরা সব সময় মনে করি যে এসব ক্ষেত্রেও সাধারণ আইনের প্রয়োগই সমীচীন। যতটা সম্ভব চরম নিষ্ঠুর ও নির্মম আইন ব্যবস্থা পরিহার করাই উচিত। বিশেষত আমরা নিবর্তনমূলক নিবারক আইন এবং অন্যান্য নিপীড়নমূলক পদ্ধতি প্রবর্তনের বিরুদ্ধে। কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক অপরাধ দমনে এইসব ব্যবস্থার পক্ষে সুপারিশ করছেন। অত্যাবশ্যক পণ্য আইন ও তার আওতায় নিয়ন্ত্রণ আদেশগুলো অধিকতর কার্যকর করতে আমরা অত্যাবশ্যক পণ্য আইনের কিছু স্থানীয় সংশোধনের কথা বলেছি যাতে এতে শাস্তিবিধানের ক্ষমতাও সংযোজিত হয়। প্রায় একবছর পর ভারত সরকার আমাদের জানিয়েছেন যে অনুরূপ ব্যাপক কিছু সংশোধনের কথা তারা চিন্তা করছেন এবং সেই মর্মে সংসদের চলতি অধিবেশনেই একটি বিল উত্থাপনও করবেন।

**পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থা**

খাদ্য ও সরবরাহ বিভাগীয় কাজকর্মের বিবৃতির উপসংহারে পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থা সম্পর্কে দু'-একটি কথা বলা যুক্তিযুক্ত হবে বলে মনে করি। এই সভার মাননীয় সদস্যবৃন্দ জানেন যে এই কর্পোরেশন প্রতিষ্ঠার প্রাথমিক উদ্দেশ্য হল অত্যাবশ্যক পণ্য সংগ্রহ করে ন্যায্যমূল্যে তা সরকারি বণ্টনব্যবস্থার মাধ্যমে জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া। কালে কালে ব্যাপকভাবেই অত্যাবশ্যক পণ্যের বাজারে প্রতিক্রিয়া সৃষ্টিতে এক প্রধান শক্তি হিসেবে পরিগণিত হবে। এই সংস্থার কাজকর্ম গত ছ'বছরে উল্লেখযোগ্য দ্রুতগতিতে বৃদ্ধি পেয়েছে। বিগত কয়েক বছরের বিক্রির টার্নওভারের হিসেব ঃ

| | |
|---|---|
| ১৯৭৪-৭৫ সালে | ১২.৩১ কোটি টাকা |
| ১৯৭৫-৭৬ সালে | ২.৬৮ কোটি টাকা |
| ১৯৭৬-৭৭ সালে | ৩.৬২ কোটি টাকা |
| ১৯৭৭-৭৮ সালে | ১২.৬৮ কোটি টাকা |
| ১৯৭৮-৭৯ সালে | ৩৪.৮০ কোটি টাকা |
| ১৯৭৯-৮০ সালে | ৬৮.৬৫ কোটি টাকা |
| ১৯৮০-৮১ সালে | প্রায় ১০৬.০০ কোটি টাকা |

এবং ১৯৭৯-৮০তে ইকুইটি ক্যাপিটাল ৫৮ লক্ষ টাকা এবং ঋণ ৬৬ লক্ষ টাকা আর ১৯৮০-৮১ সালে যথাক্রমে ৭৯ লক্ষ টাকা ও ১০৬ লক্ষ টাকা। যদিও ১৯৭৯-৮০ সালের ইকুইটি ক্যাপিট্যাল ও রাজ্য সরকারের কাছ থেকে পাওয়া ঋণের পরিমাণ যথাক্রমে ৬৫ লক্ষ টাকা ও ৮৬ লক্ষ টাকার থেকে বেড়ে ১৯৮০-৮১তে যথাক্রমে ৭৯ লক্ষ টাকা ও ১০৬ লক্ষ টাকা হয়েছে, সংস্থার কাজের পরিধি যে আরও বিস্তৃত হয়েছে, আশাপ্রদ হয়েছে, সে কথাও ওই হিসেব থেকেই প্রমাণ হয়।

আলোচ্য বছরে, অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থার প্রধান কর্মসূচির মধ্যে ছিল ভোজ্য তেল, ডাল, সিমেন্ট, আর রেলপথে আনা নুন। আগামী বছরে এই কর্পোরেশন আরও কয়েকটি অত্যাবশ্যক পণ্যের ব্যাপারে এগিয়ে আসতে ইচ্ছুক—যেমন দেশলাই, কন্ট্রোলের কাপড়, চা, এবং গায়ে মাখার সাবান। একবার জেলাস্তরে প্রয়োজনীয় সাংগঠনিক কাঠামো তৈরি করতে পারলেই অত্যাবশ্যক পণ্য সরবরাহ কর্পোরেশনের পক্ষে সরকারি বণ্টন ব্যবস্থার প্রধান ধারার সঙ্গে যুক্ত হয়ে অধিকতর ব্যাপক ও ফলপ্রসু হয়ে ওঠা সহজ হবে। অদূর ভবিষ্যতে কর্পোরেশনের সম্ভাব্য কার্যসূচির মধ্যে আছে পরিশোধিত ভোজ্য তেল, ডাল এবং নুনের বণ্টনের জন্য প্যাকেজিং-এর সুব্যবস্থা গ্রহণ আর একটি সিমেন্ট তৈরির কারখানা

স্থাপন। 'সি' এবং'ডি' গ্রুপের কর্মচারিদের জন্য একটি আবাসন প্রকল্প রূপায়িত করারও ইচ্ছা আছে।

বিবৃতির শেষে আমি মাননীয় সদস্যদের এই বলে আশ্বস্ত করতে চাই যে আমাদের সামনে চ্যালেঞ্জ ও কর্তব্য বিষয়ে আমরা সম্পূর্ণ সচেতন। আমাদের সীমাবদ্ধতা ও বিচ্যুতি সত্ত্বেও আমরা যে বিগত বছরে সরকারি বণ্টনব্যবস্থাকে আরও ব্যাপক ও উন্নত করতে সচেষ্ট হয়েছিল একথা সবিনয়ে নিবেদন করি। একথা সত্য যে সারা বছর ধরে আমরা কেন্দ্রীয় ভাণ্ডার থেকে নিয়মিত সমানভাবে খাদশস্যের সরবরাহ নিশ্চিত করতে পারিনি, আমাদের পরিকল্পনামতো নিজস্ব মজুত ভাণ্ডারও গড়ে তুলতে সক্ষম হইনি। কিন্তু রাজ্যে খাদশস্যের বরাদ্দ ও সরবরাহ যথাসম্ভব বেশি ও নিয়মিত করার জন্য ক্রমাগত আমরা কেন্দ্রীয় সরকার, ভারতের খাদ্য কর্পোরেশন এবং রেল কর্তৃপক্ষের ওপর চাপ সৃষ্টি করেছি। শেষ পর্যন্ত আমাদের প্রচেষ্টা সম্ভবত সফল হয়েছে তাই তারই ফলস্বরূপ গত ডিসেম্বর, জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে খাদ্যশস্যের আমদানি নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। খাদশস্যের গুণগত মান খুবই অনিশ্চিত কিন্তু এ ব্যাপারটা যে এখনও আমাদের এক্তিয়ারের বাইরে, আশা করি আপনারা তা অনুধাবন করতে পেরেছেন।

সারা রাজ্যজুড়ে রেশন দোকানের মাধ্যমে নিয়মিতভাবে নির্দিষ্ট মোট পরিমাণ খাদশস্য বণ্টন করে আমরা যে খোলাবাজারে মূল্যস্তরকে কিছুটা নিয়ন্ত্রণ রাখতে পেরেছি এ দাবি অযৌক্তিক নয়। এই রাজ্যে প্রায় সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর প্রচুর ঘাটতি থাকা সত্ত্বেও সাধারণভাবে তাদের মূল্যমান অন্যান্য রাজ্যের তুলনায় সারা বছরই কর্ম ছিল। আগামী মাসগুলোতে এ ব্যাপারে আমাদের গুরুতর দায়িত্ব কাঁধে নিতে হবে। কারণ অভ্যন্তরীণ সংগ্রহ, সংরক্ষণ ও বণ্টনের বোঝা তো এরপর থেকে আমরাই বইব। আশা করি, আমরা আমাদের সংগ্রহ অভিযানকে, চাল ও গম দু'য়ের বেলাতেই এ রাজ্যে আগামী বছরগুলোতে, জোরদার করে তুলতে পারব। তবে এটা ভুললে চলবে না যে আমাদের রাজ্যকে সরকারি বণ্টনব্যবস্থা বজায় রাখতে হ'লে বহুলাংশেই কেন্দ্রীয় ভাণ্ডার থেকে খাদ্যশস্য সরবরাহের মুখাপেক্ষী থাকতে হবে। এমতাবস্থায়, আমরা যে চাল-গম পাব তার গ্রহণযোগ্য গুণগত মানের ব্যাপারে আমাদের পছন্দ-অপছন্দ বা মতামত নিতান্তই গৌণ। সুদূর অতীত কাল থেকেই আমরা আমাদের অভ্যন্তরীণ সংগ্রহের চালকে কেন্দ্রীয় ভাণ্ডারের অন্তর্গত করতে কেন্দ্রীয় সরকারকে রাজি করবার চেষ্টা করছি যাতে কেন্দ্রীয় ভাণ্ডারজাত খাদ্যশস্যের মতো এক্ষেত্রেও ভরতুকি দেওয়া হয়। আমাদের সংগ্রহের গ্রহণযোগ্য মান অত্যন্ত উঁচু এই অজুহাতে আমাদের অনুরোধ এখনও রাখা হয়নি।

অন্যান্য ভোগ্যপণ্যের বেলায়, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিভিন্ন রকম বরাদ্দ ও সামঞ্জস্যহীন বাজার পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আমাদের অবস্থা অনেকটাই নিরুপায়। আগেই বিস্তারিতভাবে বলেছি যে পরিবহন সমস্যার ফলে বরাদ্দ এবং প্রকৃত আমদানির মধ্যে বেশির

ভাগ ভোগ্যপণ্যের ক্ষেত্রেই অনেক পার্থক্য। তবু আমরা দৈনন্দিন প্রয়োজনের বহু সামগ্রী রেশন ব্যবস্থার মাধ্যমে জনগণের কাছে পৌছে দিতে চেয়েছি—এবং এইভাবেই ভোগ্যপণ্যের বাজারে প্রতিক্রিয়া সৃষ্টি করে মূল্যমানে সমতা রাখতে সচেষ্ট হয়েছি।

সারা দেশের অর্থনৈতিক পটভূমিতে এক অশুভ ছায়া লক্ষ্য করা যাচ্ছে। কেন্দ্রীয় সরকার এবং অধিকাংশ রাজ্য সরকার যেখানে সারা দেশব্যাপী অত্যাবশ্যক ভোগ্যপণ্যের অবাধ চলার ওপর সমধিক গুরুত্ব আরোপ করছেন তখন শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে সংগঠিত বা প্রভাবশালী কোনও কোনও গোষ্ঠীর চাপে পড়ে বাস্তবে এই নিরবচ্ছিন্ন গতিশীল ধারণা পদে পদে ব্যাহত হচ্ছে। এমন আমরা ঘটতে দেখেছি চিনিতে, ভোজ্য তেলে, সিমেন্টে। উৎপাদনকারি রাজ্যগুলির মধ্যে অনেক সময় আমাদের তাচ্ছিল্য করা বা দয়াদাক্ষিণ্যের মনোভাবও লক্ষ্য করেছি। এটা মনে রাখা দরকার যে, যেকোনও অর্থনৈতিক কাঠামোতেই ক্রেতাসাধারণ উৎপাদকদেরই সমান গুরুত্বপূর্ণ। তাছাড়া, এক রাজ্য থেকে আরেক রাজ্যে ভোগ্যপণ্যের অবাধ চলাচলে বাধা সৃষ্টি করলে তাতে সাময়িক লাভই হয়।

আলোচনার উপসংহারে যে কয়েকটি বিপদের সামনে আমরা উপস্থিত তার উল্লেখ একান্ত প্রয়োজনীয়। বিশদ বিশ্লেষণের প্রয়োজন নেই, কারণ সারা দেশ এই আলোচনায় মুখর। বিপদগুলি এই ঃ কেন্দ্রীয় বাজেটে ঘাটতি, যার ফলে বিরাট মুদ্রাস্ফীতি, টাকার মূল্য হ্রাস, সমস্ত সামগ্রীর মূল্যবৃদ্ধি অবধারিত। এর সঙ্গে আছে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর উৎপাদনে ঘাটতি। সেই ঘাটতি পূরণের প্রয়াসের থেকে কেন্দ্রীয় সরকারের মাথাব্যাথা রপ্তানিযোগ্য পণ্যের উৎপাদন বৃদ্ধি যার সমস্ত লাভ বৃহত্তম একচেটিয়া পুঁজিপতিদের। এছাড়া সমস্ত নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর উৎপাদন ব্যক্তিগত মালিকানায় এবং তার বাজার অনিয়ন্ত্রিত। যে কয়েকটির উপর শতছিদ্র নিয়ন্ত্রণ আছে তার মূল্য সম্প্রতি কেন্দ্রীয় সরকার নিজেই বাড়িয়েছেন। তেল, কয়লা লোহা, ইস্পাত, রেল সমস্ত খরচা বাড়ার ফলে উৎপাদন পরিবহন ও বণ্টন—সমস্ত খরচই বাড়বে। এবং দ্রুত মূল্যবৃদ্ধি অবধারিত। এই বৎসরের কৃষি উৎপাদনের সৌভাগ্য অনিশ্চিত। কারণ পর্যাপ্ত সেচের অভাবে সম্পূর্ণ কৃষিজাত দ্রব্য মৌসুমের উপর নির্ভরশীল। আগামী বছর বিশ্বজোড়া কৃষিপণ্যের উৎপাদন হ্রাসের আশঙ্কা বিশ্বসংস্থা ইতিমধ্যেই প্রকাশ করেছে।

এরই উপর আছে বিষফোড়া ২০-৩০ হাজার কোটি কালো টাকা—যা প্রধানত নিত্যপ্রয়োজনীয় সামগ্রী বণ্টনের বাজারে খাটে। সাদা টাকার সঙ্গে তা পাল্লা দিয়েই চলে—সাদা টাকা হবার কোনও গরজ তাদের নেই। কর ফাঁকি দেওয়াকে তোয়াজ করলেও কর ফাঁকি দেওয়া বাড়বে বই কমবে না।

কেন্দ্রীয় সরকারের এইসব নীতি সারা ভারতের সাধারণ মানুষের জীবনে আরও বিরাট বিপর্যয় এনে দেবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। মাত্র গত দুই বছরে টাকার মূল্য ৫০ পয়সা থেকে ২৪ পয়সায় নেমে এসেছে।

পশ্চিমবঙ্গের অবস্থা আরও সঙ্গীণ। মানচিত্রে দেখা যাবে দক্ষিণে সমুদ্র, পূর্বে ও উত্তরে পররাজ্য। উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমে ভারতের অঙ্গরাজ্য। অতএব দক্ষিণদিক ছাড়া তিন দিকেই মূল্য ব্যাপারে সম্পূর্ণ অরাজকতা বর্তমান। এই পরিস্থিতিতে বিরাট ঘাটতির বোঝা বহন করে বিবিধ নিয়ন্ত্রণের বেড়া দিয়ে মূল্যস্তর ঠিক ও সরবরাহ বজায় রাখার অতি দুরূহ কাজে পশ্চিমবঙ্গ সরকার ব্রতী। সহজ পথের খোঁজে কেউ বলেন, সব নিয়ন্ত্রণ তুলে দেওয়া হোক। কেউ বা বলেন, সমস্ত নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর পাইকারিবাজার রাষ্ট্রায়ত্ত করতে হবে। এটা ভেবে দেখেন না যে, সকল অত্যাবশ্যক পণ্যের বিরাট ঘাটতির বোঝা বহন করে নিয়ন্ত্রণের প্রচেষ্টা তুলে দিলে পশ্চিমবঙ্গের সমূহ সর্বনাশ ঘটবে। অন্যপক্ষে যাঁরা অত্যাবশ্যক সমস্ত পণ্যের পাইকারি বাজার রাষ্ট্রায়ত্ত করতে উপদেশ দেন তাঁদের খেয়াল নেই যে উৎপাদন যখন অন্য রাজ্যে এবং সেই সমস্ত রাজ্যে এমন কোনরূপ নিয়ন্ত্রণ ব্যবস্থা নেই যাতে ন্যায্যমূল্যে প্রয়োজনীয় পণ্য সংগ্রহ করা যায় সেখানে রাষ্ট্রায়ত্ত করতে গেলে শুধু শূন্যবাজার রাষ্ট্রায়ত্ত হবে—পণ্য তাতে থাকবে না।

মূল্যস্তর ঠিক রাখা প্রয়োজনীয় বস্তু ন্যায্যদামে সরবরাহ করা কোনও একটি রাজ্যের গণ্ডিতে সার্থক হতে পারে না। এরজন্য প্রয়োজন কেন্দ্রের এমন নীতিগ্রহণ যাতে অত্যাবশ্যক প্রয়োজনীয় সামগ্রীর উৎপাদন বাড়ে এবং ন্যায্যমূল্যে কেন্দ্র কর্তৃক তা সংগ্রহ এবং রাজ্যগুলিকে প্রয়োজনমতো বরাদ্দ যাতে রাজ্য সরকারগুলি একই দামে তা সর্বসাধারণকে বণ্টন করতে পারে।

সব কিছু সত্ত্বেও আমরা আশা করবো আগামী বছর আমরা এই রাজ্যের সরকারি বণ্টনব্যবস্থাকে আরও শক্তিশালী করে তুলতে ও বজায় রাখতে কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য রাজ্য সরকারের পূর্ণ সহযোগিতা ও সাহায্য পাব। আজ পর্যন্তও, সমগ্র দেশে আমাদেরই শুধু এত বড় ও ব্যাপক বণ্টনব্যবস্থা চালু আছে—আগামী বছরে আমরা তার অধিকতর উন্নতি সাধনে কোনও ব্যবস্থা নিতেই কার্পণ্য করব না।

[1-50 – 2-00 p.m.]

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার বিরোধীতা করছি। ১৯৭৮-৭৯ সালে এই খাদ্য বাজেটের বক্তৃতায় আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে গ্রামাঞ্চলের জন্য আরেক জন খাদ্য মন্ত্রী করুন। কারণ এই খাদ্য মন্ত্রী তখনকার পটভূমিকায় ছিলেন শহরাঞ্চলের খাদ্য মন্ত্রী। ১৯৮১ সালের বাজেট বক্তৃতা সম্পর্কে বলতে গিয়ে বলতে হচ্ছে শহরাঞ্চলের খাদ্য মন্ত্রী রয়ে গেছেন। সারা দেশের প্রেক্ষাপটে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের দেশের দানা জাতীয় খাদ্য শষ্যের উৎপাদন উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। ১৯৬৬-৬৭ সালে যেখানে ১ কোটি ৩৬ লক্ষ টন খাদ্য আমদানি করতে হত, আজকে সেখানে দানা জাতীয় খাদ্য উৎপাদন এত বেড়েছে যে রপ্তানি পর্যায়ে আমরা পৌছেছি। কিন্তু তা সত্ত্বেও অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আমাদের

পার-ক্যাপিটা অ্যাভেলিবিলিটি সিরিয়াল যা বাড়ছে যত বাড়ছে অনুরূপ ভাবে আমাদের দেশে খাদ্যে ক্যালোরি কনটেন্ড কমে যাচ্ছে, নিউট্রিশান কমে যাচ্ছে। ১৯৬১-৬২ সালকে বেস ইয়ার ধরলে কয়েকটি রাজ্যের ক্যালোরি কনটেন্ড কমছে না, অন্যান্য রাজ্যে এটা বেশি ছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে সারা রাজ্যে ক্যালোরি কনটেন্ড কম। ফুড নিউট্রিশান গ্রামের সঙ্গে যদি শহরের তুলনা করি তাহলে দেখব গ্রামের মানুষের খাদ্যের তালিকায় ক্যালোরি কনটেন্ড এবং ফুড নিউট্রিশান অনেক কম। কারণ ভারতবর্ষের জনসংখ্যা গ্রামাঞ্চলে যেভাবে বাড়ছে তাতে কৃষি মজুরের সংখ্যা অস্বাভাবিক ভাবে বেড়ে যাচ্ছে। সারা দেশের কৃষি মজুরের পরিমাণ বেড়েছে ১৬.৬ শতাংশ থেকে ৩৫ শতাংশের উপর। পশ্চিমবাংলায় যে ইকনমিক রিভিউ দিয়েছেন তাতে আমরা দেখছি ২৮৩.৮৫ থেকে ৩৩৩.৪৫ বেড়েছে। সেখানে গ্রামের লোকের সংখ্যা বেড়েছে। এগ্রিকালচারাল লেবার সেখানে বেড়েছে ১৭.৭২ থেকে ৩২.৭২। কৃষি মজুরের মজুরি যদি দেখি তাহলে পশ্চিমবাংলায় যেটা বেড়েছে তাতে জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে সেটার হিসাব দেখুন। ১৯৬১-৬২ সালের প্রাইস লেভেলের তুলনায় পশ্চিমবাংলায় কৃষি মজুরির বাড়েনি। এর সুযোগে আজকে রুর‍্যাল নিউট্রিশানের অবস্থা পার ক্যাপিটা অ্যাভেলিবিলিটি জিনিসপত্রের দাম এই তুলনায় গ্রামের মানুষের কনজ্যামশন যদি দেখেন তাহলে দেখবেন ১৯৫৬ সালে সারা ভারতবর্ষে ডাল এবং খাদ্যশস্য জাতীয় বিভিন্ন জিনিস-এর পার-ক্যাপিটা হিসাব ছিল ৭০ গ্রাম। ১৯৭৮ সালে সেটা হল ৪৪ গ্রাম। যে তথ্য আমি সংগ্রহ করছি সেটা ৪৪ গ্রামের চেয়েও কম হবে। ডাল, তেল জাতীয় জিনিসের কনজামশান যা তাতে চাহিদা যেখানে বেশি যোগান সেখানে কম। সেইজন্য একই ধরনের খাদ্য নীতি সারা রাজ্যে প্রচলিত হোক এটা পশ্চিমবাংলার জনসাধারণ আশা করবে। কিন্তু দেখা যাচ্ছে এই রাজ্যে বারবার মন্ত্রী মহাশয় একই কথা বলছেন। এখানে ২টি খাদ্য নীতি চলছে — একটা হচ্ছে স্ট্যাটুটারি রেশনিং এলাকার জন্য আরেকটা হচ্ছে এম.আর. এলাকার জন্য। ধান, চাল, দানা জাতীয় খাদ্যশস্যের উৎপাদন কৃষি মন্ত্রীর বিবৃতি অনুযায়ী বর্তমান আর্থিক বছরে প্রায় ৯২ লক্ষ মেট্রিক টন হয়েছে। এর মধ্যে ৭৬.১৮ লক্ষ টন দানা জাতীয় খাদ্যের উৎপাদন হয়েছে। আমি হিসেব করে দেখেছি যে সিরিয়াল সারা দেশের পার-ক্যাপিটা অ্যাভেলিবিলিটি অন্য খাদ্য শস্য ছাড়া ১ কে. জি. প্রত্যেকটি মানুষ-এর পাবার সুযোগ রয়েছে। এই হিসাবে আমি জানতে চাই কেন পশ্চিমবাংলায় একই ধরনের খাদ্যনীতি প্রচলিত হবে না? পশ্চিমবাংলায় স্ট্যাটুটারি রেশনিং সিস্টেম রয়েছে। এই স্ট্যাটুটারি রেশনিং সিস্টেমের মাধ্যমে কি কি নিত্যপ্রয়োজনীয় জিনিস দিতে যাচ্ছেন তা মন্ত্রিমহাশয়ের বক্তৃতার মধ্যে আছে। কিন্তু আমরা জানি অনেক কিছু পাওয়া যায় না। কিন্তু যা কিছু পাওয়া যায় স্ট্যাটুটারি রেশনিং এলাকায়, সংশোধিত এলাকায় তার কটা জিনিস পাওয়া যায়? সমস্ত চাল, শস্য এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্য যাই করুন না কেন যোগান সেখানে কম। সেখানে কে অগ্রাধিকার পাবে—শহরের লোক পাবে না গ্রামের রামা কৈবত্য, হাসিমশেখ পাবে? পাঞ্জাবে যখন কোয়ালিশন সরকার গঠিত হয়েছিল জনতা আকালী নিয়ে তখন সেখানকার খাদ্য মন্ত্রী হরবচন সিং পাঞ্জাবের দূরতম গ্রামের ভরতুকি দিয়েছিলেন এবং যেখানে দরিদ্রতম লোক বাস

করে সেই সব গ্রামে সাবসিডিয়ারি রেটে জিনিস সরবরাহ করেছিলেন। অথচ আমাদের এখানে শহর এলাকায় গিয়ে যদি কিছু উদ্বৃত্ত থাকে তাহলে সেটা গ্রামে যায়। ইকনোমিক রিভিউ এর মধ্যে ডিস্ট্রিবিউশন অফ লেভি সিসটেম ইন ওয়েস্ট বেঙ্গল সম্বন্ধে মন্ত্রী মহাশয় বলেছেন ডাল এবং অন্যান্য জিনিস গ্রামে যাচ্ছে। কিন্তু শহরে যেটা আসছে সেটা রেশনের মধ্যে দিয়ে, গ্রামে সেই পরিমাণে যাচ্ছে না এবং এই বিষয়ে কিভাবে দুর্নীতি হচ্ছে সেই সম্পর্কে আমি বলতে চাই। মন্ত্রী মহাশয়, অনেক কথা জানেন কিন্তু করতে পারছেন না বলে স্বীকার করবেন না। লেভি চিনি বণ্টনের ক্ষেত্রে যেখানে ১৩.১০ তারিখে স্ট্যাটুটারি এলাকায় দেওয়া হল ২০০ গ্রাম সেখানে, মডিফাইড এলাকায় গ্রামের মানুষকে ১০০ গ্রাম দেওয়া হল। ২০/১০ তারিখে শহরের লোক যদি পেয়ে থাকে ২৫০ গ্রাম, তবে গ্রামের লোক ঐ তারিখে পেয়েছে ১৫০ গ্রাম। ২৭/১০ স্টাটুটরি রেশনিং এলাকায় পেয়েছে ১০০ গ্রাম, আর মডিফায়েড রেশনিং এলাকার লোকে পেয়েছে ৭৫ গ্রাম। ৩/১১ তারিখে শহরের লোকে পেয়েছে ২০০ গ্রাম, গ্রামের লোক পেয়েছে ১০০ গ্রাম। ১০/১১ তারিখে শহরের লোক পেয়েছে ১০০ গ্রাম, গ্রামের লোক পেয়েছে ৭৫ গ্রাম। অর্থাৎ গ্রামে সব সময় কম করে দেওয়ার নীতি অনুসৃত হয়েছে। জনদরদী সরকার যাঁরা নিজেদের বামপন্থী বলে দাবি করে থাকেন, যাঁরা বৈপ্লবিক কর্মসূচির কথা বলে থাকেন, তাঁদের এই হল দৃষ্টিভঙ্গি। শুধু মাত্র আজকে নয়, এর আগেও আমি বলেছি যে, গ্রামের লোকের নিউট্রিশানের ভয়ানক অভাব, তারা অপুষ্টিতে ভুগছে। সেখানে চাল জাতীয়, তেল জাতীয় কোন দ্রব্য পাচ্ছে না। তার উপরে রয়েছে অপরিসীম মূল্যবৃদ্ধি, জিনিসপত্রের দাম দিনের পর দিন আকাশছোঁয়া দাম বৃদ্ধি পাচ্ছে। গ্রামের লোকেদের সেই বর্দ্ধিত দামে তাদের প্রয়োজনীয় সামগ্রী কিনতে হচ্ছে। সরকার কোথাও দাম কমাতে পারছেন না। সরকারের নীতি হচ্ছে শহরে আগে দাও, পরে অবশিষ্ট কিছু থাকলে পরে তা গ্রামে দাও। এবারে আমি লেভী ফ্রি চিনির কথায় আসছি। আমার সময় কম বলে হয়ত সব পয়েন্ট টাচ করতে পারব না। তবে মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতা থেকে বলছি যে, তিনি দাবি করেছেন, বিভিন্ন বাণিজ্যিক সংস্থার সহযোগিতায় আমরা ২৫,৫০০ মেট্রিক টন চিনি আনিয়ে বণ্টন করতে পেরেছি। তিনি বিভিন্ন সূত্র থেকে যে চিনি আমদানি করেছেন, তার দাম রাখা হয়েছিল ৫-৯৭ টাকা। এবং ঐ চিনি শারদীয়া উৎসবের সময়ে ক্রেতাসাধারণের মধ্যে বিক্রয়ের কথা ছিল, তা নাকি ঐ ন্যায্য দামেই বিক্রি করা হয়েছিল বলে মন্ত্রী মহাশয় দাবি করেছেন। কিন্তু আমি বলি কি, এর চাইতে নির্লজ্জ মিথ্যা আর কিছু হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহোদয় কেন্দ্রীয় সরকার লেভী চিনির ব্যাপারে যে নীতি ঘোষণা করেছিলেন, তার দ্বারা কখনই ৪২টি চিনিকল থেকে সারা রাজ্যে বণ্টন কখনই সম্ভব হতে পারে না। তাঁরা বিক্রির যে ব্যবস্থা করেছিলেন অর মধ্যে অধিকাংশ চিনি কালোবাজারিদের হাতে চলে গিয়েছিল। তাদের লাইসেন্স ছিল, ফলে তারা চিনি কিনতে পেরেছিল। কিন্তু কথা তা নয়, কথা হল—পশ্চিমবাংলায় কোথায় কি হয়েছে বা হচ্ছে তা জানতে চাই। আমি তো কোথাও ১০ টাকার কমে চিনি বিক্রি হতে দেখিনি। শারদীয়া উৎসবের সময়ে যে চিনি ৫-৯৭ টাকা দামে বিক্রি হবার কথা ছিল, সেই চিনি সব সময়েই ১০ টাকা দামের নিচে বিক্রি হয়নি।

অথচ সরকার অঙ্গীকারবদ্ধ ছিলেন ৫-৯৭ টাকা দামে চিনি বিক্রি করবেন। কিন্তু কোথাও সেই দামে বিক্রি হয়নি। শুধু তাই নয়, আজও কোথাও ৭-৮০, ৮-০০ টাকা দামের নিচে চিনি বিক্রি হয় না। গ্রামে গেলে ১০-০০ টাকা দাম, বা তার চেয়েও বেশি কোথাও কোথাও। অন্য রাজ্যের ব্যাপারে আমি যেতে চাই না, কারণ সবই তো বার্ডস অফ দি সেম ফেদার। কাজেই, একই ধরনের কালোবাজারি সারা দেশ জুড়ে চলছে দেখতে পাচ্ছি—কোথাও কম, কোথাও বেশি। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, আপনি যখন দাম বেঁধে দিলেন—লেভী ফ্রি চিনি একই দামে বিক্রি হবে বলে তখন কেন তা হল না? কিছু কিছু কালোবাজারি, মাড়োয়ারী ব্যবসাদার খোলা বাজার থেকে ঐ চিনি কিনে কোটি কোটি টাকা কামায়নি, একথা কি আপনি বলতে পারবেন? অন্য রাজ্যগুলির কথা ছেড়ে দিলেও, পশ্চিমবাংলাতে তো এই বিভিষিকা আমরা দেখতে পাচ্ছি। কয়লা সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের সঙ্গে একমত। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে রাজ্যের সঙ্গে বাংগলিং করে থাকেন। কিন্তু আপনার সরকার যে ডিলারদের লাইসেন্স দিয়েছেন, তারা কেন নির্দ্ধারিত দামে তা বিক্রি করছে না? অথচ নির্দ্ধারিত দামে বিক্রি করার জন্যই আপনি তাদের লাইসেন্স দিয়েছেন। এ ব্যাপারে তাদের নির্দ্ধারিত দামে বিক্রির জন্য কোথাও এনফোর্স করতে পারলেন না। সারা পশ্চিমবাংলাতে কোথাও নির্দ্দিষ্ট দামে কয়লা বিক্রি হচ্ছে না। গ্রামাঞ্চলে যে বিদ্যুৎ নেই বা অন্য কোনও ব্যবস্থা নেই, সেখানে কয়লা বিক্রি হচ্ছে ২০ টাকা। ৪০ কি.গ্রা. কয়লা বিক্রির জন্য সরকারের যে নির্দ্ধারিত দাম আছে, সে দামে কোথাও বিক্রি হচ্ছে না। অর্থাৎ সরকার একটা নির্দ্ধারিত দাম ঘোষণা করলেন, কিন্তু সেই দামে বিক্রির জন্য কোথাও ডিলারদের উপর এনফোর্স করতে পারলেন না—ঐ ল্যাকসিটির উপর সরকার কোনও ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছেন। আমি এ ব্যাপারে কিছুই বুঝে উঠতে পারছি না যে, সরকার বলছেন, সবই করবেন, কিন্তু কার্যতঃ দেখছি সরকার কিছুই করতে পারছেন না। কেরোসিনের ব্যাপারে সারা দেশের সঙ্গে পশ্চিমবাংলাতেও একটা হাহাকার চলছে। কিন্তু আগে যে অবস্থা ছিল, ঠিক সেই রকম অবস্থা বর্তমানে আর নেই। কারণ কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য একটা কোটা নির্দিষ্ট করে দিয়েছেন। এবং মাননীয় মন্ত্রিমহাশয় আজ আর বলতে পারবেন না যে তিনি কেরোসিনের যোগান ঠিকমতো পাচ্ছেন না।

[2-00 – 2-10 p.m.]

কেরোসিনের পুরো কোটা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়েছেন। কিন্তু পুরো তেল কোথায় পাওয়া গেছে? কেরোসিনের বণ্টন ব্যবস্থা কি ভাবে হচ্ছে? সরকারি নির্ধারিত দামে কোথায় পাওয়া যাচ্ছে? কলকাতায় যদি ২ টাকা দামে পাওয়া যায়, গ্রামে ২.৫০ কি ৩ টাকা আবার কোনও কোনও জায়গায় তার চেয়েও বেশি দামে কিনতে হয়। দুর্গম গ্রাম; যেখানে বিজলি নেই, যেখানে আলো বলতে ছেলে-মেয়েদের কেরোসিনই একমাত্র ভরসা, কিন্তু সেখানে কেরোসিন নিয়ে কি ভাবে ব্লাকমার্কেট চলছে। সেটা বুঝতে গেলে কেরোসিনের যে হোলসেল প্রাইস, সরকারি ডিলাররা যে দাম দিচ্ছে, বা ইণ্ডিয়ান ওয়েল যে দাম দিচ্ছে, তার মারজিন

প্রাইস এর ডিফারেন্সটুকু আপনাদের দেখতে হবে। অত্যন্ত নূনতম মার্জিনে ডিলারদের বিক্রি করতে বলা হয়েছে। ডিলারদের হয়ে উকালতি করছি না, কিন্তু প্রয়োজনে নিশ্চয়ই দাম বাড়াতে হবে, যাতে সেই দামে সারা পশ্চিমবঙ্গের মানুষ কেরোসিন পেতে পারে। একটা দাম বেঁধে দিলাম, আর কালোবাজারে যা খুশি দামে বিক্রি হবে, এই অবস্থা চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার মমিনপুরে যান, সেখানে একটা জায়গায় দেখবেন যে বাজারের চেয়েও সস্তায় পেট্রোল এবং ডিজেল তেল বিক্রি হচ্ছে। কি ভাবে ডিজেল বিক্রি হচ্ছে? এক, সরকারি গাড়ি থেকে পেট্রোল, ডিজেল চুরি করে। দুই, কেন্দ্র সরকারের এবং রাজ্য সরকারের গাড়িতে করে ডিজেল সেখানে আসে, পেট্রোল আসে, তদুপরি কেরোসিন মেশানো হচ্ছে। এখানকার ডিলাররা দুর্নীতি পরায়ন, সরকার যে কেরোসিন দিচ্ছে, সেখানে কেরোসিন না দিয়ে, কেরোসিনের সঙ্গে ডিজেল মিশিয়ে বর্ধিত দামে বাজারে আসছে। ডিজেলের দাম এবং কেরোসিনের দামের মধ্যে যে অসঙ্গতি রয়েছে সেই অসঙ্গতির জন্য এই দূর্নীতি চলছে। আজকে কেরোসিন ডিলারদের অনেক সমস্যা রয়েছে। রিটেলাররা বিক্ষুদ্ধ হয়েছে, ঢাকুরিয়া, খিদিরপুর, বিভিন্ন জায়গায় ডিলারদের উপর জুলুমবাজি হয়েছে, ছুরিকাঘাতের ঘটনাও ঘটেছে। অনেক ডিলার ছুরি বিদ্ধ হয়েছে। তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী কিছুটা কেন্দ্রীয় সরকার, কিছুটা দায়ী রাজ্য সরকার। এখন কেন্দ্রীয় সরকার পুরো কোটা দিয়ে দিয়েছেন কিন্তু কেরোসিনের কোন ডিস্ট্রিবিউশন সিস্টেম নেই। ডিলারদের বহুবিধ অসুবিধা আছে, যদি থাকে মন্ত্রীদের উচিত হচ্ছে ডিলারদের সঙ্গে বসে সমস্যার সমাধান করা। এই ভাবে যেটা হচ্ছে সেটা আইনভেন ডিস্ট্রিবিউশন। একটা বিরাট এলাকায় কোথায় দেওয়া হচ্ছে এক জন ডিলারের উপর আবার কোথাও সামান্য এলাকার জন্য একজন ডিলার। ডিলারদের যে পারমিট দেওয়া হচ্ছে সেটা আনইভেন, ফলে ডিস্ট্রিবিউশন ঠিকমতো হচ্ছে না এবং সারা রাজ্যে কেরোসিন নিয়ে কেলেঙ্কারি চলছে।

তারপর আমি সিমেন্ট নিয়ে কয়েকটা কথা বলতে চাই। সারা রাজ্য জুড়ে সিমেন্ট নিয়ে কেলেঙ্কারি চলছে। সরকার নির্ধারিত সিমেন্টের দাম হচ্ছে ২৭ টাকা করে। কিন্তু সেই দামে কোথায় সিমেন্ট পাওয়া যাচ্ছে? কালোবাজারে সিমেন্ট দ্বিগুন দামে বিক্রি হচ্ছে। যে সব লোকেরা বাড়ি করছে তারা দ্বিগুন দামে সিমেন্ট কিনছে, প্রায় ৫৪ টাকা ৬০ টাকা করে বস্তা। অথচ একটা সিমেন্ট কন্ট্রোল আছে, সেখানে সিমেন্ট কন্ট্রোলার আছেন, সরকারি বিভাগ আছে, জেলা এবং মহকুমার অফিসারেরা আছেন, ডিস্ট্রিক্ট এবং সাবডিভিশনাল অফিসার, ফুড এণ্ড সাপ্লাইজ অফিসারেরা আছেন তাদের মাধ্যমে সিমেন্ট ডিস্ট্রিবিউশন হবে। সরকারি নীতি হচ্ছে প্রায়োরিটির কোনও ব্যাপার থাকতে পারে না। শুধু সিনিয়ারিটি অনুযায়ী প্রায়োরিটি নির্ধারিত হবে। আমি দায়িত্বের সঙ্গে বলছি কোন ডিস্ট্রিক্ট, সাব-ডিভিসন কোথাও রোস্টার মেনটেন করা হয় না, অ্যাপ্লিকেশন গায়েব হয়ে যাচ্ছে। লোকে বলে শাসক দলের কিছু এম এল এ, কিছু পঞ্চায়েতের সভ্য তাঁদের না ধরলে ন্যায্য দামে পার্মিটে কখনও সিমেন্ট পাওয়া যায় না। এটা হচ্ছে নির্মম সত্য কথা এবং অ্যাপ্লিকেশনকে ম্যানিপুলেট করা হচ্ছে সব এম

এল এ কে বলিনি, কিছু কিছু এম এল এ কিছু কিছু জেলা পরিষদের মেম্বার, পঞ্চায়েতের মেম্বার এই জিনিস করছেন, স্পেসিফিক ইনফর্মেশন আছে, তাঁরা বলছেন এই দাম দাও আমি পাইয়ে দেব। এই পাইয়ে দেবার রাজনীতি দ্বিতীয় যুদ্ধের আমল থেকে শুরু হয়েছিল, কংগ্রেস আমলে ছিল, আপনাদের আমলেও সেই রাজনীতি চলছে। পঞ্চায়েতের মেম্বার, কিংবা জেলা পরিষদের মেম্বার কিংবা এম এল এ-রা গিয়ে প্রায়োরিটি চেঞ্জ করে দিচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে নির্দেশ গেছে রোস্টার মেনটেন করার, কিন্তু অ্যাপ্লিকেশনের রোস্টার মেনটেণ্ড হচ্ছে না, অ্যাপ্লিকেশন গায়েব হয়ে যাচ্ছে, হয়ত মাঝখানের অ্যাপ্লিকেশনের সিরিয়াল প্রায়োরিটি পাচ্ছে কালোবাজারে সিমেন্ট আছে, সেই সিমেন্ট দ্বিগুন দামে বিক্রি হচ্ছে এবারে আমি ময়দার কথা বলি। ময়দার কলগুলিতে যোগান কম দেওয়া হয়েছে ইত্যাদি ইত্যাদি কথা রয়েছে, দীর্ঘ বক্তৃতা, সমস্ত কথা খতিয়ে পড়ার সময় আমি পাইনি। যেটুকু পড়লাম তা থেকে কয়েকটি কথা আমি বলতে চাই। ময়দার মিলগুলিকে যে ময়দা দেওয়া হয় তার এক্স-মিল প্রাইস সম্ভবত ১৮৫ টাকা কুইন্টাল। কিন্তু ময়দা আজকে কলকাতা শহরে বিক্রি হচ্ছে কমপক্ষে ৩।। টাকা খোলা বাজারে, গ্রামের দিকে ৪/৪।। টাকা পর্যন্ত ময়দা বিক্রি হচ্ছে। কিভাবে এই ডিসক্রিপ্যান্সি হচ্ছে? এই ডিসক্রিপ্যান্সি আপনার অজানা নয়। চিনির ক্ষেত্রে যেটা হচ্ছে, কেরোসিনের ক্ষেত্রে যেটা হচ্ছে, ময়দার ক্ষেত্রেও তাই হচ্ছে। ডিলারদের কাছে এক দাম নেওয়া হচ্ছে, কিন্তু ক্যাশ মেমো দিচ্ছে রিয়েল প্রাইসের। চিনির ক্ষেত্রে কেরোসিনের ক্ষেত্রে এই বাঙ্গালিং হচ্ছে। মিলের সঙ্গে ডিলারদের অবৈধ যোগাযোগ হচ্ছে অত্যন্ত অন্যায়ভাবে তাদের এক দামে ময়দা দিচ্ছে, কিন্তু ক্যাশ মেমো দিচ্ছে আর একটা দামে। ফলে আজকে রুটির যে সমস্ত ছোট ছোট দোকানদার তাদের বেশি দামে ময়দা নিতে হচ্ছে এবং বাজারে জনসাধারণকে সাফার করতে হচ্ছে আজকে গমের ক্রাইসিস রয়েছে, আটা পাওয়া যাচ্ছে না, রেজাল্ট্যান্ট আটা যার ফুড ভ্যালু অনেক কম সেই রেজাল্ট্যান্ট আটা নির্ধারিত দামের চেয়ে অনেক বেশি দামে বিক্রি হচ্ছে। সেই রেজাল্ট্যান্ট আটা ২।। টাকা দামে বিক্রি হচ্ছে। সুজি, ময়দা, ভুষির ক্ষেত্রে এই রকম কেলেঙ্কারি হচ্ছে।

[2-10 – 2-20 p.m.]

একবছর আগে বীরেনবাবু দুর্নীতির একটা স্পেসিফিক অভিযোগ দিয়েছিলেন খাদ্যমন্ত্রীর কাছে। কিন্তু দুঃখের বিষয় তারজন্য কোনও এনকোয়ারী হলনা। স্থানীয় জনসাধারণ একটা মাস পিটিশন দিয়েছিলেন সাবডিভিসন্যাল কন্ট্রোলারের কাছে এবং সেটা নিয়ে যখন এনকোয়ারী করতে গেল তখন পঞ্চায়েতের লোকেরা তাঁকে তাড়িয়ে দিল। সাব-ডিভিসন লেভেলে ইন্সপেক্টর গিয়েছিলেন এনকোয়ারি করতে কিন্তু পঞ্চায়েতের লোকেরা তাঁকে মেরে তাড়িয়ে দিল। গ্রামের লোকেরা রেশন কার্ড পাচ্ছেনা—ডিলাররা এগুলি আটকে রেখেছে। ভোগ্যপণ্য নিয়ে যে প্রচণ্ড দুর্নীতি চলছে সেটা মন্ত্রী মহাশয় দেখছেননা। গ্রামের সাধারণ মানুষ চেষ্টা করেও রেশন কার্ড পাচ্ছেনা এরকম সব কেলেঙ্কারি খাদ্য বিভাগে রয়েছে। মন্ত্রী মহাশয় এই সাড়ে তিন বছরে সেই দুর্নীতি দূর করতে পারলেন না, বরং দেখছি এই দুর্নীতি উত্তরোত্তর বেড়েই চলেছে। এই

প্রেক্ষাপটে আমি তাঁর দাবি সমর্থন করতে পারছিনা। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সামসুদ্দিন আমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন তার সূত্র ধরে আমি কিছু বক্তব্য রাখছি। আমাদের কাছে যে বই দেওয়া হয়েছে তাতে দেখছি প্রথমেই তিনি বলেছেন, ''খাদ্য এবং সরবরাহ বিভাগের দায়িত্ব হল যতদূর সম্ভব উন্নত মানের খাদ্যশস্য এবং অন্যান্য অত্যাবশ্যক পণ্য সামগ্রী রাজ্যের সমস্ত মানুষের মধ্যে তাদের ন্যূনতম চাহিদার ভিত্তিতে ন্যায্য দামে বণ্টন করা এবং সকলে যাতে তা পান সেদিকে লক্ষ্য রাখা। এই দায়িত্ব আমরা যথাসাধ্য পালন করে চলেছি'' মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি লিখিতভাবে ঘোষণা করলেও আমার মনে হচ্ছে এগুলি সাইকোলজিক্যাল। তিনি কখন কখন চেতন মনে এবং কখন কখন অবচেতন মনে কথা বলেন। তাঁর নিজের কোনও সত্ত্বা আছে কিনা আমার সন্দেহ হয়। অর্থাৎ এই যে কথাগুলি তিনি বললেন এগুলি তাঁর নিজের কথা কিনা সে বিষয় আমার সন্দেহ রয়েছে। স্যার, শোনা যায় মন্ত্রী মহাশয় জ্যোতিবাবু এবং প্রমোদবাবুর পকেটের লোক এবং তাদের দ্বারাই উনি পরিচালিত হন। তিনি যখন পরিচালিত হন তখন তিনি অবচেতন মনে কথা বলেন এবং যখন তিনি নিজে কিছু বলেন তখন হয়ত একটু ভেবে চিন্তে বলেন। আমার মনে হয় এখানে তিনি অবচেতন মনে কথা বলেছেন। তিনি যেভাবে বললেন তাতে আমার মনে হয় আবদ্ধ কাকাতুয়া পাখীর মতো তিনি বক্তব্য বলে গেলেন। আজকে এই খাদ্য সরবরাহ বিভাগ কি দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছে সেটা আমরা গ্রামের লোক খুব ভালভাবেই জানি। উনি রেশন কার্ড সম্বন্ধে বলেছেন। এই ব্যাপারে আমি গ্রামের দিকে চলে যাচ্ছি। রেশন কার্ড সম্বন্ধে বলতে গিয়ে উনি বলেছেন বিধিবদ্ধ এলাকায় যেমন রেশন কার্ড প্রচলিত আছে ঠিক সেইরূপই নাকি গ্রামে রেশন কার্ড বিলি করা হয়েছে। আশ্চর্য কথা। গ্রামে কোথাও বিধিবদ্ধ এলাকার মতো রেশন কার্ড বিলি করা হয়না। আমি গ্রামের লোক, আমি ভালভাবে এই ব্যাপারটা জানি। গ্রামে এই রেশন কার্ডের সমস্যা একটা দারুণ সমস্যা। স্যার, সুধীনবাবু আর সি পি আই-র লোক। তাও মাত্র দুজন সদস্য নিয়ে এখানে আছেন, দয়ার উপর আছেন জ্যোতি বাবু এবং প্রমোদ বাবুর। আপনি বলছেন নিচের লোক মানুষ, খেটে খাওয়া মানুষ যারা শহরে থাকে, শহর-এ উৎপাদন হয়না বলে, শহরে বিধিবদ্ধ রেশন আছে। কিন্তু গ্রাম এলাকায় উৎপাদন হয় ঠিক, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে সেখানে শতকরা ৬০/৭০ ভাগ যেখানে ক্ষেত মজুর রয়েছে, যাদের জায়গা জমি নেই, যারা উৎপাদন করে না, তাদের কিন্তু নির্ভর করতে হয় ঐ রেশনের উপর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাই, গ্রামে হয়তো কোনও ফ্যামিলির বাবা মারা গেছেন, মারা যাবার পর একটা পরিবার ১০টি পরিবারে বিভক্ত হয়ে গেছে, কিন্তু সেখানে ঐ একটাই রেশন কার্ড রয়ে গেছে। যার ফলে ক্ষেত মজুর, তাদের বাজার থেকে অতিমূল্যে কিনে খাদ্য খেতে হচ্ছে। কারণ বিধিবদ্ধ রেশন এলাকায় যে ভাবে রেশন সরবরাহ ব্যবস্থা আছে, সেই রকম সরবরাহ তারা পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে লক্ষ লক্ষ রেশন কার্ড ছাপানো হয়েছে।

কিন্তু কেন বিলি করা হয়নি? আমি প্রশ্ন রাখছি যে বাধা নিষেধগুলো রেশন কার্ড করতে গেলে সাধারণ মানুষকে ভোগ করতে হয়। সেইগুলোর জন্য, ১৯৮১ সালে যে সেনসাস হয়ে গেল, তার ফলে প্রতিটি পরিবারের ছবি পরিষ্কার ভাবে ফুটে উঠল, আপনি তো অফিসে বসে বসেই রেশন কার্ড বিলি করতে পারেন পরিবার পিছু। আজকে গ্রাম এবং শহরকে যদি সমান চোখে না দেখেন, অর্থাৎ বিধিবদ্ধ রেশন এলাকাকে যে ভাবে দেখেন, সেই ভাবে যদি গ্রামে ক্ষেত মজুরদের না দেখেন, তাদের যদি একটা ক্যাটাগরির ব্যবস্থা না করেন তাহলে বাজার থেকে এই রকম অবস্থায় ক্ষেত মজুরদের কিনে খাওয়া সম্ভব নয়। তাদের রেশন কার্ড নেই, যদিও বা কারোর রেশন কার্ড রইলো, তাদের আংশিক সরবরাহ দ্বারা একটা পরিবার চলতে পারে না। সেইজন্য বলছি এই যে সেনসাস হল, তাতে একটা স্পষ্ট ছবি পাওয়া যাচ্ছে। আপনি যে লক্ষ লক্ষ রেশন কার্ড ছাপিয়ে রেখেছেন, সেইগুলো বিলি করার ব্যবস্থা করুন। আমি আর একটা জিনিস বুঝতে পারছি না মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে তাই মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি তিনি কেন একটা বিষয়ে উঠে পড়ে লাগলেন? এফ. সি. আই. কে সরাতে হবে, এটার উপর উঠে পড়ে লাগলেন কেন? আমি মেনে নিলাম যে উনি এফ. সি. আই. কে সরাবেন, কিন্তু চালাবেন কি করে? আমি আপনার মাধ্যমে একটি কথা বলতে চাই, বহুদিন ধরে এফ. সি. আই., তার বহু ত্রুটি বিচ্যুতি থাকা সত্ত্বেও একটা সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হিসাবে খাদ্য সরবরাহ করে আসছিলেন, যদিও পচা খাদ্য দ্রব্য তারা সরবরাহ করেছে। সেই রকম একটা সংগঠন যখন খাদ্য সরবরাহ করতে হিমসিম খাচ্ছে, তার পরিপুরক হিসাবে আপনি কি ভাবে কাজ করবেন? আপনি জানেন, ১৯৬৬ সালে এই পশ্চিমবঙ্গ সরকার বাধ্য হয়ে না পেরে এই এফ. সি. আই. এর হাতে পশ্চিমবঙ্গের খাদ্য সংগ্রহের ব্যবস্থাকে তুলে দিলেন। আজকে আপনি কি দেখলেন জানিনা এবং এটা অবচেতন মনে করলেন কি চেতন মনে করলেন জানিনা, আপনি সিদ্ধান্ত নিতে চাইলেন যে এটাকে নিয়ে নেওয়া হবে, তাতে কি হবে আমি বলছি। প্রায় পাঁচ হাজার ডেপুটেশনিস্ট অর্থাৎ আপনার কর্মচারিদের এফ. সি. আইকে দিয়ে খালাস হয়েছিলেন। ব্যয়ভার গ্রহণ করেছিলেন কেন্দ্রীয় সরকার। আপনি যখন এই সংস্থাকে নিয়ে নেবেন তখন তাদেরকেও ফিরিয়ে নিতে হবে, এর ফলে অতিরিক্ত ৫ কোটি টাকা বেশি খরচ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটে এই কথা লেখা নেই বলে এই বাজেটকে আমি অসম্পূর্ণ বাজেট বলে মনে করি।

[2-20 – 2-30 p.m.]

এই এফ. সি. আই. যদি নেন তাহলে আবার ৫ কোটি টাকার বাজেট বেড়ে যাবে। এই বাড়তি চাল আপনার ঘাড়ে এসে পড়বে। তাহলে বাজেট কোথায় গিয়ে দাঁড়াবে আমি বুঝতে পারছি না। সাধারণ বাজেট এমনিতেই ডেফিসিট। তার মধ্যে আবার পে-কমিশন ইত্যাদি ধরলে ডেফিসিট আরও বেড়ে ৩০০ কোটি টাকায় গিয়ে দাঁড়াবে। ডেফিসিট কত দূর গিয়ে দাঁড়াবে সেটা আমি জানি না। আপনি চালাবেন কি করে? আপনি হয়ত মনে করেছেন একটা কর্পোরেশন করে চালাবেন। কর্পোরেশন কথাটা শুনতে খুব ভাল। এশেনসিয়্যাল

কমোডিটিজ কর্পোরেশনের নমুনা তো আমরা দেখেছি। তার কর্মধারা তো আমরা দেখেছি। তাতে কি প্রমাণ হয়েছে? এই এশেনসিয়্যাল কমোডিটিজ কর্পোরেশনের কর্মধারা দেখে সবাই ছি-ছি করছে। আপনি কি করতে পেরেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুধীনবাবুর ব্যর্থতাকে ঢাকবার জন্য এফ. সি. আই. কে উঠিয়ে দিতে হবে, এই শ্লোগান তুলেছেন। মাননীয় খাদ্যমন্ত্রী ৫ লক্ষ টন টার্গেট খাদ্য শস্য সংগ্রহ করার জন্য এফ. সি. আই. এর বদলে কো-অপারেটিভ বা পঞ্চায়েতকে ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। তারা কত খাদ্য শস্য সংগ্রহ করেছিল? তারা মাত্র ৮ লক্ষ টাকার খাদ্য শস্য সংগ্রহ করেছিল, বাকি ১২ লক্ষ টাকা ফেরত দিয়েছিল। এই তো নমুনা আমরা দেখলাম। কাজেই এফ. সি. আই. কে তুলে দিয়ে আপনি করবেন কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পলিটিক্যালি বলতে চাইতাম না—একটি কথা বলতে চাই বর্তমানে ডেপুটেশনিস্ট যারা আছেন তারা কোনও সংস্থাকে সমর্থন করে না। কো-অর্ডিনেশন কমিটির চাপে তাদের যাতে কব্জায় আনা যায় সেই জন্য এফ. সি. আই.-কে সরানোর সিদ্ধান্ত নিয়েছেন। তাদের যেহেতু কব্জায় আনা যাচ্ছে না, কো-অর্ডিনেশন কমিটির সমর্থক নয় সেই জন্য এই চেষ্টা করা হচ্ছে। কেন একটা সংস্থার পরিবর্তন দরকার সেটা আমি বুঝতে পারছি না। এর দ্বারা সুধীনবাবু নতুন কি এমন জিনিস আনতে পারবেন সেটায় আমাদের সন্দেহ আছ। সুধীনবাবু দায়িত্ব নিয়ে বলতে পারবেন কি এই রকম সংস্থা গঠন করলে আমরা পচা চাল পাব না? এই প্রতিশ্রুতি আমরা পাব কি? অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্য আমরা সময় মতো সুচারুভাবে পাবার প্রতিশ্রুতি পাব কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রতিশ্রুতি দিতে পারবেন না। কারণ তিনি বিফল হয়েছেন। এসেনসিয়াল কমোডিটিজ কর্পোরেশন বিফল হয়েছে, পঞ্চায়েত, অন্যান্য সংস্থা বিফল হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুধীনবাবু এক চোখো হরিণের মতো চলছেন। হরিণ যেমন বাঘ দেখলে বনের মধ্যে ছুটতে থাকে এবং যেখানেই কোপ ঝাড় দেখতে পায় সেইখানেই মাথা গুঁজে বসে পড়ে, তার দেহটা বাইরে থাকে, বাঘ কিন্তু আক্রমণ করে শেষ করে, সুধীনবাবুও সেই রকম হরিণে পরিণত হয়েছেন। তিনি প্রমোদবাবু এবং জ্যোতিবাবু এই দুজনের চাপে পড়ে ওদের কথা মতো চলছেন। ওদের কথা মেনে না চললে মন্ত্রিত্ব থাকবে না, তাই মন্ত্রিত্বের লোভে দুজন মেম্বার নিয়ে মাথা গুঁজে, মুখ বুজে এক চোখো হরিণের মতো ছুটছেন। এইভাবে ছুটতে ছুটতে এক জায়গায় মাথা ঢুকিয়ে দিলেন। প্রাণ যাক সেও ভাল, কিন্তু মন্ত্রিত্ব কিছুতেই ছাড়বেন না। তাই ওদের চাপে পড়ে জঙ্গলের মধ্যে তিনি ঢুকেছেন। জঙ্গলের মধ্যে ঢুকে গিয়ে নিজের বিপদ বুঝতে পারছেন না। তিনি যে সিদ্ধান্ত নিতে যাচ্ছেন কিছুতেই সফল হতে পারবেন না। খাদ্য দপ্তর বর্তমানে কো-অর্ডিনেশন কমিটির চোখ রাঙানির দ্বারা চলছে। সুধীনবাবু সেই চোখ রাঙানির কাছে কিছুতেই চোখ খুলতে পারছেন না। সেখান থেকে যা বলে দেওয়া হচ্ছে তাই তিনি ঘোষণা করছেন।

এবারে আমি সিমেন্টের কথায় আসি। একটু আগে সন্দীপবাবু সিমেন্টের কথা বলেছেন, আমিও একটু বলি। সিমেন্ট সম্বন্ধে সুধীনবাবু অনেক কথা বলেছেন, আমি তাঁকে বলি, তিনি

আমাদের সঙ্গে ট্যুর করুন, আমি তাঁকে দেখিয়ে দেব ৫৬ থেকে ৬০ টাকা বস্তায় কালোবাজারে সিমেন্ট বিক্রি হচ্ছে। এত সিমেন্ট তারা কোথা থেকে পাচ্ছে এবং কেনই বা পাচ্ছে এই প্রশ্নটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। আপনি বলেছেন, সরবরাহ সীমিত, তাই যদি হবে তাহলে এত সিমেন্ট কালোবাজারে বিক্রির জন্য কোথা থেকে তারা পাচ্ছে? আপনি আমার সঙ্গে চলুন মালদাতে, আপনি যত সিমেন্ট চান ঐ ৫৬ থেকে ৬০ টাকা বস্তা দরে আপনাকে আমি কিনিয়ে দেব। তারপর এই সিমেন্টের পারমিটের প্রসঙ্গ আসি। সুধীনবাবুর অফিসে বে-নামা এই সমস্ত পারমিট তৈরি হচ্ছে জেলা স্তরের জন্য এবং রাজ্যস্তরের জন্য। ফ্রি স্কুল ষ্ট্রিটের অফিসের আলমারিতে অনেকগুলি পারমিট পড়েছিল, মালিক পাওয়া যাচ্ছিল না, পুলিশে খবর দেওয়া হল। কোথা থেকে আসছে এই সমস্ত পারমিট আমি জানতে চাই। আমি তাঁকে বলব, সীমিত নয়, অনেক পরিমাণে সিমেন্ট পাওয়া যাচ্ছে। আপনার বণ্টন ব্যবস্থা কি রকম দেখুন। আপনি নিয়ম করবেন এক আর অফিস থেকে সিমেন্ট বেনামে পাচার হয়ে যাবে এটা কেমন কথা? আপনি বলেছেন, প্রত্যেক মানুষের জন্য ব্যবস্থা নেবার আপনি চেষ্টা করছেন। কিন্তু কোথায় সেই ব্যবস্থা? আপনি চাল, চিনি, সিমেন্ট ইত্যাদির বিষয়ে নানান কথা বলেছে কিন্তু আসল কাজ কিছু হচ্ছে না। স্যার, এই সিমেন্টের পারমিটের ব্যাপারে আমি একটি ইন্টারেস্টিং খবর দিচ্ছি। আমাদের দলের এম. এল. এ সেখ ইমাজুদ্দিন সাহেব, তিনি সিমেন্টের জন্য দরখাস্ত করেছিলেন। তিনি যখন অফিসে গেলেন তখন তাঁকে বলা হল আপনার পারমিট ডাকে পাঠিয়ে দেওয়া হয়েছে, আপনি যদি চান একটি ডুপ্লিকেট পারমিট নিয়ে যেতে পারেন। তিনি ডুপ্লিকেট পারমিট নিয়ে নিলেন এবং তা দিয়ে সিমেন্টও তুলে নিলেন। সেই অরিজিন্যাল পারমিট ডাকে গেল না। একটি ভুতুড়ে লোক ঐ পারমিটটির অরিজিন্যাল নিয়ে হাজির হল। তাহলে সুধীনবাবু, দেখুন একজন এম. এল. এ'র পারমিট ডাকে গেল না, ইচ্ছাকৃতভাবে রেখে দেওয়া হল, সেখানে যেহেতু তিনি গিয়ে হাজির হয়েছেন সেই হেতু তাঁকে ডুপ্লিকেট পারমিট দেওয়া হল। একজন এম. এল. এ-র ক্ষেত্রে যদি এই ব্যাপার ঘটে তাহলে সাধারণ মানুষের ক্ষেত্রে কি ঘটছে সেই প্রশ্ন আমি সুধীনবাবুর কাছে রাখছি। স্যার. এরপর আমি দুর্নীতি সম্বন্ধে কয়েকটি কথা বলব। স্যার, দুর্নীতির জন্য কোনও ডিপার্টমেন্টকে যদি প্রাইজ দিতে হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকারের এই খাদ্য সরবরাহ বিভাগের নাম সেই প্রাইজের জন্য ঘোষণা করা যেতে পারে। সিমেন্ট থেকে আরম্ভ করে সব ক্ষেত্রে সেই দুর্নীতি চলেছে। সুধীনবাবু কাগজে কলমে হয়ত দেখছেন কিন্তু আসলে কিছুই দেখছেন না। তিনি ঘন্টার পর ঘন্টা অফিসারদের নিয়ে বসে মিটিং করে যাচ্ছেন, কখনও দেখবেন এসব? জ্যোতিবাবুও তাঁর মিটিং করা দেখে অসন্তুষ্ট হয়েছেন। সুধীনবাবু কিছুই দেখার সময় পাচ্ছেন না।

[2-30 – 2-40 p.m.]

আমি অনুরোধ করব যে আপনি ঐ অফিসে বসে মিটিং না করে ট্যুর করুন এবং জেলাগুলি ঘুরে দেখুন যে সেখানে কি হচ্ছে। ট্রাক বোঝাই করে ফলস পারমিটের সিমেন্ট

চলে যাচ্ছে এবং সেই সিমেন্ট ৫৬ টাকা বস্তা দরে বিক্রি হচ্ছে। তারপর রেশান বিলি সম্পর্কে গ্রামে ফাঁকিবাজি চলছে। রেশান দোকানে রেশান আনতে গিয়ে দেখা গেল যে বিলি নাকি শেষ হয়ে গেছে। সাধারণ মানুষ রেশান আনতে গিয়ে ফিরে এল। তারা ভাবল যে এই সপ্তাহে রেশান পেলাম না। আর সেখানে আপনি বলছেন যে নিয়মিত রেশান পাচ্ছে। কাজেই আপনাকে বলব যে এইগুলি আপনি দেখুন। এই ব্যাপারে আমার সাজেশন হচ্ছে, গ্রাম শহর এগুলি আপনি তুলে দিন যদি সম্ভব হয় এবং তুলে দিয়ে সব একাকার করে দিন। তা যদি না হয় তাহলে ভাগ করে দিন। যারা ক্ষেতমজুর তাদেরও শহরের মতো ব্যবস্থা করে দিন। আর বাকিগুলি যারা আংশিক উৎপাদনকারী তাদের জন্য একটা ব্যবস্থা রাখুন। সিমেন্টের কথা একটু বলি। বর্তমানে আপনার সরকারি দপ্তরও নাকি সিমেন্ট পাচ্ছে না। কেন পাচ্ছে না? বাজারে কেন পাওয়া যাচ্ছে? সুতরাং আপনি সুপারভিশনের ব্যবস্থা করুন এবং এমন ভাবে করুন যাতে বাজারে ৫৬ টাকা বস্তা সিমেন্ট কোথা থেকে এল সেটা জানতে পারেন। চিনির ব্যাপারে কি অবস্থা দেখা যাচ্ছে? চিনির ব্যাপারে আপনি যেটা বলছেন—আবার বাজারে কোনও কোনও সময় চিনি ৮ টাকায় উঠে যাচ্ছে, আবার কোনও সময় ৭ টাকায় নেমে আসছে। এটা কি আপনি চিন্তা করছেন? আপনি হয় সব ছেড়ে দিন, আর না হয় লেভী করে সব নিয়ে নিন এবং নিয়ে মানুষকে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষ কথা হাস্কিং মিল সম্পর্কে বলব। হাস্কিং মিল সম্পর্কে আপনি বলেছেন যে এটা বে-আইনি এবং কোর্ট নাকি আইন করে দিয়েছে। কোর্টতো আইন করে দেবেনা। কোর্টের সুযোগ নিয়ে দেওয়া হয়। আপনি বলেন, যে আইন প্রচলিত আছে তাতে আমাদের এক্তিয়ার নাই, কিন্তু এ জিনিস ঘটছে। প্রত্যেক জায়গা থেকে নুতন নুতন দরখাস্ত এসেছে ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের কাছে এবং ইন্টারভিউ হচ্ছে তাদের হাস্কিং মেশিনের লাইসেন্স দেবার জন্য। অথচ আপনি বলছেন যে হাস্কিং মেশিনের লাইসেন্স বেআইনি। আমি মাননীয় মন্ত্রী সুধীনবাবুর কাছে প্রশ্ন করছি এবং সাজেশন দিচ্ছি যে আপনি দয়া করে ঐ পকেট থকে বেরিয়ে আসুন। আপনি স্বাধীন ভাবে নজর দিন। আপনি মন্ত্রিত্ব খোয়াবার ভয় দূর করুন। আপনি অবচেতন মনে না থেকে একটু চেতন মনে আসুন। আপনার দপ্তরে যে ঘুঘুর বাসা আছে, যে দুর্নীতির বাসা আছে, যে ব্যর্থতা আছে, সেটাকে ঢাকবার জন্য আপনি এফ. সি. আই-এর দিকে নজর নিয়ে যাচ্ছেন কাজেই আপনি যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, সেটা আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী সরল দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করতে গিয়ে দু'চারটি কথা বলব। আমি বিরোধী দলের বক্তব্য শুনলাম। তারা দুর্নীতির কথা বলেছেন। হঠাৎ যেন মনে হল দুর্নীতি আকাশ থেকে নেমে এসেছে, দুর্নীতি আমাদের দেশে ছিল না। দ্বিতীয় মহাযুদ্ধের সময় থেকে যে দুর্নীতি শুরু হয়েছে আমাদের পাস্ট লিগেসিতেও দুর্নীতি ছিল এবং সেই দুর্নীতি আমাদের মাথায় চেপে বসেছে। দুর্নীতি সেদিন কংগ্রেসেও ছিল, আজও তা আছে। ওরা

যতদিন ক্ষমতায় ছিল সেদিনও দুর্নীতি ছিল। আমাদের নির্বাচনী প্রতিশ্রুতিতে আমরা ওকথা বলিনি, আমরা বলে এসেছিলাম, "আমরা স্বচ্ছ প্রশাসন ব্যবস্থা জনগণকে উপঢৌকন দেব"। কিন্তু আমরা সে কাজে প্রতি পদে পদে বাধা পাচ্ছি। এই কিছু দিন আগে কেন্দ্রীয় সরকার আমাদের বলল যে, এফ.সি.আই.-র দায় দায়িত্ব ৩১শে মার্চের মধ্যে তোমাদের নিয়ে নিতে হবে। এত দিন রাজ্য সরকারের হাতে এফ.সি.আই.-র দায়িত্ব ভার ছিল না, কিন্তু সেই দায়িত্ব ভার নিতে আমরা রাজি হয়েছিলাম এবং বলেছিলাম যে, রাজ্য সরকারের যে সমস্ত কর্মচারিরা এফ.সি.আই-তে ডেপুটেশনে আছে, তাদের রাজ্য সরকারের কাছে ফেরত দিয়ে দিতে হবে, তখন ওখানে কংগ্রেস(ই)-র নেতৃত্বে সেই সমস্ত কর্মচারিদের নিয়ে আন্দোলন শুরু হয়ে গেল এবং এখন আবার কেন্দ্রীয় সরকার বলছে, এটা তোমাদের হাতে দেব না, আমাদের হাতেই রাখব। এই সব অদ্ভুত জিনিস হচ্ছে। তারপরে বিরোধী পক্ষ থেকে শহর ও গ্রামের মধ্যেকার বৈষম্যের কথা বলা হল। প্রফুল্ল সেন মহাশয় যখন খাদ্যমন্ত্রী ছিলেন তখনও এই বৈষম্য ছিল এবং বৈষম্য আজও আছে, এটা আমরা জানি। সেই জন্যই আমাদের সরকারি সদস্যরা বিভিন্ন সময়ে খাদ্যমন্ত্রীকে বলেছেন, গ্রাম এবং শহরের ব্যবধান দূর করার কথা আপনি চিন্তা করুন। আজকে এখানে মূল অসুবিধা হচ্ছে এসব ক্ষেত্রে রাজ্য সরকারের হাতে বিশেষ কোনও ক্ষমতা নেই। বেশির ভাগ ক্ষেত্রেই আমাদের বাইরের উপর নির্ভর করতে হয়। এটা সবাই জানেন যে, আমাদের রাজ্যে যে পরিমাণ ডালের প্রয়োজন তার শতকরা ৭৫ ভাগ অন্য রাজ্য থেকে আমদানি করতে হয়, সুতরাং এ বিষয়ে আমাদের অন্য রাজ্যের উপর নির্ভর করতে হয়। সেই জন্য বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর বামফ্রন্ট সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে ১৪টি নিত্য প্রয়োজনীয় দ্রব্য একই দামে সারা দেশে সরবরাহ করবার কথা বলা হয়েছিল, কিন্তু কেন্দ্র সে ব্যবস্থা করেনি। তারপরে বিরোধী পক্ষ থেকে লেভি চিনির কথা বলা হয়েছে, আমরা জানি ঐ চিনি আমাদের এখানে এসেছে, কিন্তু আমাদের যে প্রশাসন ব্যবস্থা সেই প্রশাসন ব্যবস্থার মাধ্যমে সেই চিনি তাড়াতাড়ি জনগণের কাছে পৌঁছে দেওয়া সম্ভব ছিল না। তথাপি এই চিনিটা আমাদের দেওয়ার কথা ছিল ২.৭২ মেট্রিক টন, কিন্তু দিয়েছে ২.০৭ মেট্রিক টন, ফলে প্রায় প্রতি মাসে ৭৫ হাজার মেট্রিক টন ঘাটতি রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, "খাদ্য ও সরবরাহ বিভাগের দায়িত্ব হল, যতদূর সম্ভব উন্নতমানের খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক পণ্য সামগ্রী রাজ্যের সমস্ত মানুষের মধ্যে তাদের ন্যূনতম চাহিদার ভিত্তিতে সমান ভাবে ন্যায্য দামে, নিয়মিত বন্টন করা এবং সবাই যাতে তা পান সেদিকেও লক্ষ্য রাখা এ দায়িত্ব আমরা আমাদের যথাসাধ্য পালন করতে চেষ্টা করেছি"। খাদ্য মন্ত্রীর এই বক্তব্য সম্পর্কে কংগ্রেস(ই)-র পক্ষ থেকে বক্রোক্তি করা হয়েছে। তারপরে আমাদের পশ্চিম বাংলায় ৪ লক্ষ মেট্রিক টন নুনের প্রয়োজন, অথচ অধিকাংশটার জন্যই আমাদের বাইরের উপর নির্ভর করতে হয়। আমাদের এখানেও নুনের উৎপাদন বাড়ানো যায় কিনা সেটা একটু ভাবনা চিন্তা করে দেখবার জন্য আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি। যদি মাদ্রাজ এবং অন্ধ্রের কোস্টাল বেল্টে নুন উৎপাদন হতে পারে তাহলে পশ্চিমবাংলার সুন্দরবন এবং মেদিনীপুরের কোস্টাল বেল্টে এটা

করা যাবে না কেন? এ বিষয়ে একটু সচেষ্ট হবার জন্য আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি। এখানে বিরোধী দলের সদস্যরা জানেন যে, আমাদের রাজ্য গম উৎপাদনের ক্ষেত্রে স্বয়ং সম্পন্ন নয়। কেন্দ্রীয় বরাদ্দের উপর আমাদের নির্ভর করতে হয়, কিন্তু কেন্দ্রীয় সরকার ১৯৮০ সালের জন্য আমাদের যে ন্যূনতম বরাদ্দ তার চেয়ে অনেক কম গম সরবরাহ করার ফলেই ঘাটতি দেখা দিয়েছে এবং রেশনের মাধ্যমে সরবরাহের পরিমাণ কমাতে হয়েছে। ১৯শে জানুয়ারি থেকে আমাদের গম সরবরাহের পরিমাণ ৮০০ গ্রাম করে করতে হচ্ছে। এর কারণ হচ্ছে, ১৯৮০ সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত প্রতি মাসে বরাদ্দের পরিমাণ ছিল ৫৫ হাজার মেট্রিক টন, কিন্তু আগস্ট থেকে সেপ্টেম্বর পর্যন্ত সেটা কমে হয়েছিল প্রতি মাসে ২৩,৫৬০ মেট্রিক টন, তার পরে মাসে একটু বেড়ে হয়েছিল ৩৬,২৭০ মেট্রিক টন, কিন্তু নভেম্বরে সেটা আবার কমে গিয়ে হয়েছিল ৩৩,০০০ মেট্রিক টন। এর থেকেই দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় সরবরাহ নিয়মিত ভাবে হচ্ছে না, ফলে এই অবস্থা হচ্ছে। যেহেতু আমরা এবিষয়ে কেন্দ্রের উপর নির্ভরশীল সেহেতু এ বিষয়ে আমাদের এখন পর্যন্ত বিশেষ কিছু করবার নেই। তারপরে এখানে সিমেন্টের কথা তোলা হয়েছে, কিন্তু এটাও আমরা জানি যে, পশ্চিমবাংলা সিমেন্টে স্বয়ং সম্পূর্ণ নয়, এ বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। তারপরে এখানে সিমেন্টের চোরাকারবারের কথা বলা হয়েছে। তা আমি কংগ্রেস(ই) বন্ধুদের বলি, আপনারা তো সেদিন পর্যন্ত ক্ষমতায় ছিলেন ১৯৭৭ সাল পর্যন্ত ক্ষমতায় ছিলেন, তখন ঘুষ দিয়ে সিমেন্ট নেওয়া হত না? সিমেন্ট নিয়ে চোরাকারবার ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত হয়নি? সেদিন হত এবং আজও হচ্ছে। তবে এ অবস্থা আপনাদের সৃষ্টি, এই অবস্থার জন্য আপনারা দায়ী। এই অবস্থার সম্পূর্ণ দায় দায়িত্ব আপনাদের।

[2-40 – 2-50 p.m.]

কিন্তু লিগেসি অফ দি পাস্ট-এর জন্য সমস্ত দায় দায়িত্ব আমাদের ঘাড়ে পড়েছে, লিগেসি অফ দি পাস্ট, আপনাদের কৃতকর্মের ফল আমরা ভুগছি। আমি ভোজ্য তেলের ব্যাপারে একটি কথা বলে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গে চার হাজার মেট্রিক টন রেপসিড যা আপনি আনেন — কিন্তু দুর্ভাগ্যবশত গত বাজেটে আমাদের অর্থমন্ত্রী যখন বললেন রেপসিডের সেল ট্যাক্স কমিয়ে দিন তখন বড় বড় কালোবাজারি যাঁরা বড় বাজারে থাকেন তাঁরা কি করলেন, এডিবল অয়েল, রেপসিড লুকিয়ে বিক্রি করলেন এবং রাজ্য সরকারকে বঞ্চিত করলেন। এডিবল অয়েল আপনি বড় বাজারে অঢেল পাবেন, এটা বন্ধ করবার জন্য আমি খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আর একটি কথা বলছি, কয়লা। কয়লা নিয়ে বিধানসভায় বহু আলোচনা হয়েছে। সকলেই জানেন, যে ওটা রাজ্যের হাতে নয় ওটা কেন্দ্রের ব্যাপার, বিধানসভার চত্বরে দাঁড়িয়ে একথা তো বার বার বলা হয়েছে রাণীগঞ্জ, ওতো পাঞ্জাবী মোড়, মুখ্যমন্ত্রী মহাশয়ও বলেছেন। একটা ইন্টারন্যাশনাল চোরা চালানের জায়গা। কংগ্রেস(আই)-য়ের বন্ধুরা বলেছেন, তাঁদেরই দলের লোক বরকত সাহেব, তিনি ১৩৩ জনকে কয়লার পারমিট দিলেন, তাদের নাম ঠিকানা নেই,

গোত্র বিহীন, চোরাকারবার করার জন্য এই কাজ করা হয়েছে। কিন্তু ওঁরা বলছেন যে সুধীন বাবু করেছেন। আমি আশা করেছিলাম যে বিরোধী দলের সদস্যরা এগুলো একটু বিবেচনা করে বলবেন। সঙ্কট আছে, কয়লার সঙ্কট আছে, কেরোসিনের সঙ্কট আছে, ডিজেলের সঙ্কট আছে, সিমেন্টের সঙ্কট আছে, পশ্চিমবঙ্গের মানুষ এ ব্যাপার শুনছে, জানে, কিন্তু এর জন্য কে দায়ী? কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাব, সেই মনোভাবের জন্য পশ্চিমবঙ্গে সমভাবে বন্টন হচ্ছে না, এবং তারই জন্য সঙ্কট সৃষ্টি হয়েছে। তার হিসাব আমাদের সুধীন বাবু দিয়েছেন। যেমন উনি বলেছেন কোরোসিনের কথা। গত বছর ডিজেলের মাসিক বরাদ্দ ছিল ৫৫ হাজার মেট্রিক টন, কিন্তু এখানে প্রয়োজন হয়েছে ৬৫ হাজার মেট্রিক টনের তাও সকল সময়ে পাওয়া যায় না। চাহিদার তুলনায় সরবরাহ কম, এগুলি পুঁজিপতি সমাজ ব্যবস্থার জন্য ঘটছে। কাজেই দুর্নীতি থাকবে, দুর্নীতি হবে, এগুলি বন্ধ করবার জন্য আমাদের সার্বিক ভাবে চেষ্টা নিতে হবে, অপোজিশন মানেই শুধু অপোজিশন নয়, তারও যে কিছু কিছু দায়িত্ব আছে সেগুলি পালন করবার চেষ্টা করুন। আর একটি ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কনজিউমার্স কো-অপারেটিভের একটা ব্যবস্থা আমাদের দেশে চালু আছে, তাতে যেসব কন্ট্রোলড ক্লথ আছে, সেই কন্ট্রোলড ক্লথগুলি কনজিউমার্স কো-অপারেটিভের মারফতে এগুলি বিলি করবার ব্যবস্থা করতে হবে, বন্দোবস্ত ঠিকই আছে, কিন্তু অনেক সময় আলটিমেটেলি দেখা যায় তাদের কাছে কনজিউমার কন্ট্রোলড ক্লথ গিয়ে পৌছায় না, চোরাপথে সব বিক্রি হয়ে যায়। এই ব্যাপারে একজন একজিকিউটিভ অফিসার জড়িত ছিলেন। সরকার ছাত্রদের জন্য কাগজ দেন কিন্তু কনজিউমার্স কো-অপারেটিভ থেকে পাওয়া যায় না, চোরাপথে বিক্রি হয়। আমি বারাসতে দেখেছি। এর জন্য আমি কংগ্রেস(আই) বন্ধুদের বলব গভর্নমেন্ট যে নীতি তৈরি করেছেন, গভর্নমেন্ট সেই নীতিকে রূপ দেবার জন্য চেষ্টা করেছেন। তাকে রূপায়ণের যে বাধাগুলি আছে তাকে অপসারণ করা দরকার। অফিসারদের মধ্যে দুর্নীতি থাকলে তাদের সাসপেন্ড করা দরকার। কিন্তু তাতে কি, হচ্ছে, ভোলা বাবুরা হাইকোর্টে চলে যাচ্ছেন। রেশনের কথাই ধরুন, আমরা ইন্ডিভিজুয়াল কার্ডের ব্যবস্থা করলাম, ওঁরা সঙ্গে সঙ্গে হাইকোর্টে যে প্রচেষ্টা নিতে চলেছেন তাতে প্রতি পদে পদে বাধা হচ্ছে।

আমি খাদ্য মন্ত্রীকে বলব পশ্চিমবাংলার রেশন ডিলারদের কংগ্রেস আমলে কমিশন কম করে দিয়ে বলা হত তোমরা চুরি কর এবং তারা তা করত। সেইজন্য বলছি রেশন ডিলারদের কমিশন একটু বাড়িয়ে দিন এবং সঙ্গে সঙ্গে চুরি বন্ধ করবার জন্য ভিজিলেন্স এর ব্যবস্থা করুন। পশ্চিমবাংলার এসেন্সিয়াল কমোডিটিস সম্বন্ধে বলব যে সেপ্টেম্বর ও নভেম্বরের মাঝামাঝি ৫.৯৭ পয়সা চিনি বিক্রি করবার ব্যবস্থা করেছিলেন সেটা ঠিকমতো বিলি হয়েছে কিনা, তার দায়িত্ব গ্রহণ করবেন। কয়লা সম্পর্কে বলেছেন যে ১৪ টাকায় ৪০ কেজি কয়লা পাওয়া যাবে, কিন্তু সেটা পাওয়া যাচ্ছে না। অবশ্য এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। ১ লক্ষ ৫৯ হাজার মেট্রিক টন পাবার কথা সেটা কোনও মাসেই পাব না। অথচ আমাদের সারা বছর এর হিসাব অনুযায়ী ১ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন চাহিদা। কিন্তু তার

অধিকাংশেই চোরা বাজারে চলে যাচ্ছে। এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই করবার প্রয়োজন আছে। আমাদের রাজ্য সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে আমরা ইকোলাইজেশন অফ প্রাইজ অ্যান্ড ফ্রেটের কথা বলেছি। কারণ এর জন্য দামের তারতম্য হচ্ছে। ডাল, তেল ও গুড়ের ব্যাপারে আমরা অন্য রাজ্যের উপর নির্ভরশীল। কিন্তু সেখানে যে ফ্রেটের বৈষম্য আছে সেটা দূর না করলে পশ্চিমবঙ্গের অসুবিধা হবে। মাদ্রাজ, দিল্লি ও বম্বে ইত্যাদি রাজ্যে মানুষগুলো একই দামে কয়লা পাচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে অন্য ব্যবস্থা। পশ্চিমবাংলার মানুষের যে চাহিদা সেই অনুযায়ী এডিবল অয়েল তৈরি হয় না, ফলে হায়ার ফ্রেট দিয়ে আনতে হয়। কয়লার ক্ষেত্রে যেমন সমস্ত রাজ্যের জন্য দেওয়া হবে এক দাম সেই অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের ক্ষেত্রে তাই করা হোক। এই কথা আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রকে বলেছি। কিন্তু ভোলা বাবুরা এই বিষয়ে কিছু বলছেন না। কারণ উত্তরপ্রদেশ, বিহারে চোরা কারবারিদের স্বার্থে ইকোলাইজেশন অফ ফ্রেট অ্যান্ড প্রাইজের কথা বলবেন না। ওঁরা বলছেন পশ্চিমবাংলায় ৬০-৬৫ টাকা দামে সিমেন্ট চোরাকারবারে বিক্রি হচ্ছে। আমি বিহার উড়িষ্যায় দেখেছি সেখানে ৬৫।৭০ টাকার নিচে চোরাকারবারি ছাড়া সিমেন্ট পাওয়া যায় না। চিনি বিহারে পাওয়া যায় না। এই বৈষম্য দূর না করতে পারলে দুর্নীতি চলবে। পশ্চিমবাংলা সরকার সীমিত ক্ষমতার মধ্যে ইতিমধ্যে প্রায় ১৬।১৭টা জিনিস রাজ্য সরকার সরবরাহ করছেন, যদিও তা প্রয়োজনের তুলনায় কম। আরেকটি কথা হচ্ছে হ্যাস্কিং মেশিন সম্বন্ধে। পশ্চিমবাংলায় যত হ্যাস্কিং মেশিনের লাইসেন্স দেওয়া আছে তার তুলনায় লাইসেন্স বিহীন হ্যাস্কিং মেশিনের সংখ্যা অনেক বেশি। তাদের ধরতে গেলে তারা হাইকোর্ট করছেন। এবং ভোলা বাবুরা তাদের বিফ্র নিচ্ছেন। বেআইনি যে হাজার হাজার হ্যাস্কিং মেশিন পশ্চিমবাংলায় চলছে এ সম্পর্কে একটা নীতি ঠিক করা দরকার। অথচ হ্যাস্কিং মেশিন সম্পর্কে হাইকোর্টে ইনজাংশন করে সরকারের কাজে বাধা সৃষ্টি করছে। সর্বশেষে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 – 3-00 p.m.]

**শ্রী হেমেন মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি। পশ্চিমবাংলায় ঘাটতি রাজ্য। এই রাজ্যে দীর্ঘদিন ধরে খাদ্য নিয়ে নানা রকম রাজনীতি চলছে। এবং কংগ্রেসিরা এই রাজনীতির মূল নায়ক হিসাবে কাজ করেছেন। এক সময় ছিল ডিলারদের হাতে যখন কংগ্রেসি মেম্বারশিপের ফর্ম দেওয়া হত এবং এই সম্পর্কে খাদ্যনীতি যুক্ত ছিল বলে ১৮ হাজার কোটি টাকা ব্যাঙ্ক লোন ব্যবসায়ীদের দেওয়া হত। আমাদের যেখানে সামগ্রিক ভাবে সামন্ত প্রথা উচ্ছেদ হয়নি এবং যেখানে খাদ্য নিয়ে অনেক দুর্নীতি চলছে তখন একটা নুতন ব্যবস্থা করা যে রাজ্য সরকার চেষ্টা করছেন তখন এর বিরুদ্ধে অভিযোগ তারা করবেনই। ১৯৫৪ সালে তারা রেশন ব্যবস্থা তুলে দিলেন জোতদারদের পাইয়ে দেওয়ার জন্য। আবার ১৯৬৫ সালে চালু করলেন এবং ১৯৬৬ সালে খাদ্যমন্ত্রী এফ.সি.আই.-কে খাদ্য সংগ্রহের দায়িত্ব দিলেন। ওঁরা লিখিত ভাবে বলেছেন শতকরা

৪০ ভাগ খুঁদ, কুড়ো খাদ্যের মধ্যে দিয়ে নেওয়া যাবে এবং সেটাই আইনত গ্রাহ্য হবে। এইভাবে তারা পশ্চিমবাংলায় খাদ্য সরবরাহের দায়িত্ব নিয়েছিলেন। রাজ্য সরকার বলছেন এই দায়িত্ব আমরা নিতে চাই এবং আমরা এটাকে কন্ট্রোলের ভেতর নিয়ে যেতে চাই। তখনই তারস্বরে চিৎকার আরম্ভ হয়ে গেছে। কারণ খাদ্য ব্যবসার সঙ্গে যারা যুক্ত তারাই ওঁদের পার্টি এবং ইলেকশন ফান্ডে টাকা দিতেন। সেইজন্য ওদের তোয়াজ করতে হবে বলে তারা এত কথা বলছেন। এদিকে চাষী দরদী সেজে ইন্দিরা গান্ধী বলছেন বুকের রক্ত ঢেলে দিতে তারা রাজি আছে। কিন্তু দাম বাড়াতে তারা রাজি নন। ধাপে ধাপে দাম বাড়ালে অন্য দিক থেকে ব্যবসায়ীরা সেটা পুষিয়ে নেন। এইভাবে খাদ্য নিয়ে ওঁরা রাজনীতি করছেন। নিত্য প্রয়োজনীয় জিনিস সরবরাহ করছেন না, রেশনে খাদ্যশস্য সরবরাহ করছেন না। ২৯টি আইন আছে যেগুলি কেন্দ্র দ্বারা পরিচালিত। এই আইন পরিবর্তন করবার ক্ষমতা রাজ্য সরকারের নেই। স্বাভাবিক ভাবে এই আইনগুলি আমাদের মেনে নিতে হচ্ছে যার ফলে ফাটকাবাজি চোরাকারবারী বেড়ে যাচ্ছে।

আপনারা দেখেছেন ফুড কর্পোরেশনকে নিয়ে নানা প্রশ্নে কেন্দ্র আজকে ডিফেন্ড করছেন। আমি কংগ্রেসি সদস্যদের জিজ্ঞাসা করতে চাই যে, পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান জ্যোতির্ময় বসু যে রিপোর্ট পেশ করেছেন তাতে তিনি নানা রকম দুর্নীতির কথা বলেছেন, যানবাহনের নানা সমস্যার কথাও তিনি দেখিয়েছেন এবং যে বিভিন্ন কেলেঙ্কারির কথা উল্লেখ করেছেন, সেগুলির উপর কোনও গুরুত্ব দিচ্ছেন না। আমরা দেখতে পাচ্ছি ঐ রিপোর্টে আরও দেখা গেছে যে এই খাদ্য ব্যবস্থার উপর কেন্দ্রীয় সরকারের কোনও কন্ট্রোল পর্যন্ত নেই। এই রকম যে একটা অবস্থা বর্তমান, সেই সময়ে প্রাক্তন জনতা সরকার ক্ষমতায় এসে খাদ্য শস্যের বিনিয়ন্ত্রণ করে দিতে চেয়েছিলেন। অথচ পশ্চিমবঙ্গে পাট উৎপাদন হয় বেশি করে, এখানে খাদ্যশস্য খুব কম পরিমাণে উৎপন্ন হয়ে থাকে। সেজন্য রাজ্য সরকার স্বভাবতই সঙ্গত কারণে এর বিরোধীতা করেছেন, কিন্তু তৎসত্ত্বেও জোরের সঙ্গে বর্তমান কেন্দ্রীয় সরকার জোর করে এই ব্যবস্থা চাপিয়ে দিয়েছেন। আমরা ১৯৬৭ সালের ইন্দিরা গান্ধীর সরকারের কথা ভুলে যাইনি। সেই সময়ে আমাদের সরকারের পক্ষ থেকে খাদ্যের জন্য দিল্লিতে গিয়ে ধর্না দিতে হয়েছিল। আজও সেই খাদ্য নিয়ে পশ্চিমবাংলা সরকারের উপর একটা সমস্যা কেন্দ্রীয় সরকার চাপিয়ে দিতে চাইছেন। সুতরাং আমরা জানি যে, খাদ্য নিয়ে আগেও রাজনীতি হয়েছে, বর্তমানেও তা অব্যাহত। এই খাদ্য নিয়ে বিভিন্ন দেশে রাজনীতি করবার চেষ্টা হয়েছে আমাদের এখানেও তা করা হচ্ছে। এ কোনও নূতন ব্যাপার নয়, আমরা সোভিয়েত রাশিয়াতেও এই রাজনীতি দেখতে পেয়েছি — সেখানে প্রতিক্রিয়াশীল চক্র গম প্রভৃতি খাদ্য বাজারে দাম উর্ধ্বগতি রাখবার জন্য মজুত করা সমস্ত খাদ্যশস্যকে পুড়িয়ে দেওয়া হয়েছিল। সেখ মুজিবর রহমান যখন বাংলাদেশ স্বাধীন হবার পর ক্ষমতায় বসেছিলেন — তখনও আমরা এই জিনিস দেখতে পেয়েছি। সেই সময়ে ঢাকায় অবস্থিত মিশনারি প্রতিষ্ঠানগুলি বাজার থেকে চাল গম কিনে নদীতে ফেলে দিয়েছিল, যাতে করে দেশের

মানুষের মধ্যে একটা বিক্ষোভ শুরু করা যায়। আজকে পশ্চিমবাংলার উপরেও এই রকম নানা প্রয়োগ পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে যে স্যাম্পেল সার্ভে করেছি তাতে দেখেছি এফ.সি.আই. থেকে যে চাল বা খাদ্যশস্য সরবরাহ করা হয় তা খাদ্য হিসাবে কখনই ব্যবহার করা যায় না। এ ব্যাপারে কিন্তু ঐ সমস্ত বিরোধী পক্ষ সদস্যদের কোনও বক্তব্য নেই। ওঁদের এ ব্যাপারে লজ্জা হওয়া উচিত। আমরা লক্ষ্য করেছি যে, এফ.সি.আই. ২।৩ রকম ভাবে খাদ্যশস্যের উপর লাভ করে থাকে। একদিকে তারা চাষীদের কাছ থেকে কম দামে শস্য ক্রয় করে থাকে, অপর দিকে সেই সমস্ত ক্রীত সামগ্রী আমাদের কাছে অনেক বেশি দামে রেশন ব্যবস্থা মারফৎ বিক্রি করে থাকে। এফ.সি.আই. নানাভাবে পাট্টা ইত্যাদি প্রয়োগের মাধ্যমে চাষীদের কাছ থেকে কম দামে খাদ্যশস্য ক্রয় করে থাকে। এদের এই প্রকার কাজকর্মকে কখনই অস্বীকার করা যায় না — তারা আমাদের উপর দুবার করে অর্থের বোঝা চাপিয়ে দিচ্ছে। রাজ্য সরকারের পক্ষ থেকে একদিকে এফ.সি.আই.-কে অন্যদিকে কেন্দ্রীয় সরকারকে তার সংগ্রহ মূল্যের জন্য মূল্য দিতে হচ্ছে। এমনই এক অসহনীয় পরিস্থিতির মধ্যে দিয়েও আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকারকে জোরের সঙ্গে রেশন ব্যবস্থা চালিয়ে যেতে হচ্ছে। এবং রাজ্য সরকার গ্রাম পর্যন্ত এই রেশন ব্যবস্থা বিস্তৃত রেখে তাঁর কাজ চালিয়ে যাচ্ছেন। আমাদের পক্ষ থেকে আইটেম অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছে ৫০০ কোটি টাকা ভরতুকি দেবার জন্য দাবি জানিয়েছিলাম। আমরা সারা দেশে এই সমস্ত নিত্যপ্রয়োজনীয় সামগ্রী একই দামে পাওয়ার ব্যাপারেও কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছিলাম। আমরা কেন্দ্রকে কেরোসিনের অনিয়মিত যোগানের ব্যাপারেও জানিয়েছি। কিন্তু কোনও সুরাহা নাই। কেন্দ্রীয় সরকার এই কেরোসিন, সিমেন্ট, কয়লা প্রভৃতি নিয়ে নিত্য নূতন কান্ডকারখানা করে চলেছেন। কেন্দ্রীয় শক্তি মন্ত্রী নিজের নির্বাচন কেন্দ্র মালদায় কয়েক হাজার পারমিটের ব্যবস্থা করেছেন কয়লার উপরে। আমার জিজ্ঞাস্য, একজন মন্ত্রী তিনি কি ভাবে এই প্রকার আচরণ করতে পারলেন? কেন্দ্রীয় মন্ত্রী নিজের এলাকাকে হাতে রাখবার জন্য, ভোট কেন্দ্রকে হাতে রাখবার জন্য এই প্রকার কাজ করলেন — এ ব্যাপারে ঐ সমস্ত কংগ্রেসি বন্ধুদের লজ্জা পাওয়া উচিত।

[3-00 – 3-10 p.m.]

কিন্তু স্যার, এসব সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি আজ পর্যন্ত সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবাংলার প্রাইস ইন্ডেক্স নিচুতে আছে। ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্সের যে তথ্য তাতে দেখা যাচ্ছে ১৯৭৭/৭৮ সালে কলকাতায় যেখানে প্রাইস ইন্ডেক্স ৩৯৮ সেখানে সারা ভারতবর্ষে সেটা হচ্ছে ৪২১। ১৯৭৯/৮০ সালে যেখানে কলকাতার প্রাইস ইন্ডেক্স ৪৬৮ সেখানে সারা ভারতবর্ষের ক্ষেত্রে সেটা হচ্ছে ৪৯১। এসব কথা কিন্তু ওঁরা উল্লেখ করলেন না। এই অবস্থার মধ্যে এই দপ্তরকে ৫।। কোটি মানুষের খাদ্যের দায়িত্ব নিতে হয়েছে। এই দপ্তরের যে অনেক সমস্যা আছে সে সম্বন্ধে আমরা ওয়াকিবহাল আছি। স্যার, ওঁরা এই খাদ্য দপ্তরের কথা বলতে গিয়ে দুর্নীতির কথা বললেন, এই প্রসঙ্গে আমার একটি

সাইন বোর্ডের কথা মনে পড়ছে। বেশ কিছুদিন আগে কংগ্রেস আমলে আমার এলাকা বারুইপুরে একটি সাইন বোর্ড দেখেছিলাম, তাতে লেখা ছিল "এখানে সুলভে রেশন কার্ড তৈরি করা হয়"। স্যার, যাঁদের আমলে এই জিনিস চলেছিল তাঁরাই দেখছি আজকে এখানে দাঁড়িয়ে দুর্নীতির কথা বলছেন। আমি ওঁদের জিজ্ঞাসা করতে চাই, এই দুর্নীতি কি আজকে অকস্মাৎ আকাশ থেকে পড়েছে, না, একটা দুর্নীতিগ্রস্ত ব্যবস্থার মধ্যে আমরা দায়িত্ব নিয়েছি সেটা নিজেরা চিন্তা করে দেখুন। আজকে এই দুর্নীতির রাজত্ব ওঁরা সারা ভারতবর্ষে চালিয়ে যাচ্ছেন। স্যার, যারা সারা ভারতবর্ষে দুর্নীতির রাজত্ব চালিয়ে যাচ্ছেন তাঁরাই আজকে দেখছি দুর্নীতির কথা বলে আমাদের বিরুদ্ধে প্রচার চালিয়ে যাচ্ছেন। কাশী বাবু এখানে বসে থাকেন, ভূষি কেলেঙ্কারির যে নীতি তিনি নিয়েছিলেন সেই দায়িত্ব কি তিনি অস্বীকার করতে পারেন? সন্দীপ বাবু বলেছেন, ভূষির ব্যাপারে কাশী বাবুর দায়িত্ব নেই, আমি তাঁকে জিজ্ঞাসা করি, ভূষির ব্যাপারে যে নীতি তিন গ্রহণ করেছিলেন সেই নীতির ফলে যে কেলেঙ্কারি ঘটেছিল তার জন্য তাঁর যদি দায়িত্ব না থাকে তাহলে সে দায়িত্ব কার? স্যার, আমার সময় শেষ হয়ে গিয়েছে সেইজন্য আর বিশেষ কিছু বলতে পারছি না, পরিশেষে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই দপ্তরের যে সমস্ত ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি যাতে দ্রুত দূর হয় সে দিকে আপনি দৃষ্টি দিন। এই প্রসঙ্গে আমি রেশন কার্ড অনিয়মিত সরবরাহের ব্যাপারে কয়েকটি কথা বলেই আমার বক্তব্য শেষ করতে চাই। পারিবারিক রেশন কার্ড বন্ধ হয়ে গিয়ে ব্যক্তিগত রেশন কার্ড ছাপার ব্যাপারে নাকি ইনজাংশন হয়েছে, ফলে স্বভাবত কিছু অন্তত পারিবারিক রেশন কার্ড চালু করার দরকার হয়ে পড়েছে। তা ছাড়া খাদ্যশস্য সরবরাহের ব্যাপারে লক্ষ্য রাখা দরকার এবং এই বিভাগকে একটা গণতান্ত্রিক আবহাওয়ার মধ্যে দিয়ে আসা দরকার। এই বিভাগের অফিসার এবং কর্মচারিদের উপর একটা লক্ষ্য রাখার ব্যবস্থা সমবেত ভাবে যদি করতে পারা যায়, যা অন্য দপ্তরে আছে তাহলে অনেকাংশে দুর্নীতি কমিয়ে দেওয়া যায়। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারকবন্ধু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য ও সরবরাহ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই দাবি আমি সর্বান্তকরণে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, বিরোধীদলের মাননীয় সদস্যদের বক্তৃতা আমি খুব মনোযোগ সহকারে শুনেছি। স্যার, ওঁরা বলেছেন, একটা দুর্নীতিগ্রস্ত ব্যবস্থার মধ্যে দিয়ে এই বিভাগ কাজ করে চলেছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে আগাগোড়াই বা জন্ম থেকেই এই দপ্তর একটা দুর্নীতিগ্রস্ত ব্যবস্থার মধ্যে আছে। মাননীয় সদস্য সন্দীপ দাস মহাশয় গ্রাম শহরের বিধিবদ্ধ এবং সংশোধিত রেশন এলাকার কথা বলেছেন। সেখানে যে রেশনকার্ড সিস্টেম্ব চালু রয়েছে সেটা কংগ্রেস আমলেই সেই সিস্টেম চালু হয়েছিল। সেখানে ভূমিহীন লোক, যাদের জমি নেই তারা 'ক' শ্রেণীভুক্ত হবে এবং সারা বছর সে চাল পাবে। আমরা সরকারে এসে দেখলাম এটা একটা কঠিন ব্যাপার হয়ে আছে। যারা লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার ব্যবসা করছে অথচ তাদের জমি নেই সেইজন্য তারা 'ক' শ্রেণীভুক্ত হয়ে আছে

এবং সারা বছর চাল পাবার অধিকারী হয়ে আছে। আবার গ্রামের যারা অত্যন্ত দরিদ্র মানুষ, যাদের সারা বছর কাজের সংস্থান হয়না, যারা সারা বছর খেতে পায়না সেও 'ক' শ্রেণীভুক্ত হয়ে আছে। কাজেই এটা তাঁদের পক্ষেই সম্ভব। তাঁরা ঐসব বড় বড় মজুতদার, ব্যবসায়ী তাদের প্রতিনিধিত্ব করছেন, সেই রকম তাঁরা আইন করেছেন। আমরা এসে সেটা বন্ধ করি। রেশন কার্ডে ক, খ, গ, শ্রেণী যে চাল পাচ্ছে সেটা তো তাঁরা বললেন না। সেজন্য আমরা বলছি যে দুর্নীতিগ্রস্ত ব্যবস্থাটা আমরা নিয়েছি। মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তাঁর কাছে বলছি নতুন রেশন কার্ড দেওয়ার যে ব্যবস্থা আছে—সরল দেব মহাশয় ব্যক্তিগত রেশন কার্ড দেওয়ার ক্ষেত্রে ইনজাংশন হয়েছে সেকথা বলেছেন, ভোলা বাবু নাকি সেই মামলা করছেন, আমি সেদিকে যাচ্ছি না, কিন্তু পারিবারিক রেশন কার্ড আমরা ঠিকমতো দিতে পারিনি। ওর একটা এরিয়া ঠিক করা আছে, তারজন্য অফিসার আছে, কিন্তু সেই অফিসারকে সব সময় পাওয়া যায় না। ফলে যাঁরা দিন মজুর তাঁদের দিনের পর দিন ঘুরতে হচ্ছে রেশন কার্ড পাবার জন্য। এটা দেখতে হবে যাতে গরিব মানুষরা রেশন কার্ড পায়। এই সঙ্গে আর একটা কথা রেশনের ইউনিট বাড়ছে, কমছে, এটাও ঠিক করতে পারছে না অফিসার থাকা সত্ত্বেও। এটাও দেখতে হবে। তারপর স্বল্পকালীন রেশন কার্ড যে কোন বিধান সভার সদস্য নিতে পারেন, তার মেয়াদ ১ থেকে ৩ মাস, এই মেয়াদ পার্মানেন্ট করার ব্যাপারে নজর রাখতে হবে। ওঁরা দুর্নীতির কথা বলেছেন। আগে ডিলাররা মাল তুলত, ডি. ও. স্লিপ নিত হোল সেলারের কাছ থেকে যেসব মাল তুলত তার। তারপর পঞ্চায়েতকে জানাতে হবে কত মাল তুলেছে, কত বিলি করেছে। ১৯৭২ সালে ওরা ঐ সিস্টেম তুলে দিলেন, কারণ, দেখলেন যে এতে অসুবিধা হচ্ছে, দুর্নীতি করা যাচ্ছে না। কাজেই দুর্নীতিতে কারা মদত দিচ্ছে এর থেকে স্পষ্ট বোঝা যায়। আমার কাছে অভিযোগ আছে ওঁদের আমলে তৎকালীন কোনও কোনও ডিলার ডি. ও. স্লিপ নিয়ে মাল গ্রামে যায়নি, বণ্টন হয়নি, সেখান থেকে বিক্রি করে দিয়েছে। এরপর আমি এফ. সি. আই. এর কথা বলি। মাননীয় মন্ত্রী মহাশয় সংগ্রহ এবং বণ্টনের কথা বাজেট স্পিচে দিয়েছেন। স্যার, ওঁরা মনোযোগ সরকারে সেটা পড়েননি। উনি লিখেছেন দ্বিতীয় পৃষ্ঠায়—মুনাফাবাজি, মজুতদারীর ঢালাও কারবারের মধ্যে আমাদের পক্ষে বর্তমান পরিস্থিতিতে বিচ্ছিন্নভাবে ভোগ্যপণ্যের নিয়ন্ত্রিত মূল্য বা নিয়মিত পর্যাপ্ত সরবরাহের প্রতিশ্রুতি রাখা যাচ্ছে না। তারপর বলেছেন তাছাড়া ভারত সরকারের রাজস্বনীতিগুলি ও অত্যাবশ্যক পণ্য সামগ্রীর উৎপাদন ও মূল্যমান ক্রমাগত বিপর্যস্ত হতে সাহায্য করছে। আবার, ওদিকে, কেন্দ্রীয় সরকারের আগাম অনুমতি ছাড়া রাজ্য সরকার পণ্য চলাচলের উপর কোনও বিধিনিষেধ বা তাদের বিধিসম্মত মূল্য নিয়ন্ত্রণ আরোপ করতে পারেন না। কেন্দ্রের দীর্ঘদিনের আশ্বাস সত্ত্বেও অত্যাবশ্যক ভোগ্যপণ্য আইনের ত্রুটি-বিচ্যুতি আজও সংশোধিত হয়নি। আমি উদাহরণ দিয়ে বলি উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলায় আমার বাড়ি, আমার কনস্টিটিউয়েন্সি ময়নাগুড়ি, সেখানে যে ধান সংগ্রহ হল সেই ধান চলে গেল শিলিগুড়িতে। তারপর চাল যখন দরকার হল তখন চলে আসল ভদ্রাপুরে। কুচবিহারে রেশন দরকার হল, কলকাতা থেকে কুচবিহারের জন্য রেশন আসছে। এই যে এক জায়গা থেকে

আর এক জায়গায় যাতায়াত এর একটা খরচ আছে। সুতরাং সংগ্রহ এবং বণ্টন ব্যবস্থার মধ্যে এই যে ত্রুটি-বিচ্যুতি এটা সংশোধন হওয়া দরকার। কেননা, এতে সংগ্রহ খরচের একটা ব্যাপার আছে।

[3-10 – 3-20 p.m.]

তাছাড়া আমরা বলেছি এঁরা মুনাফাবাজ এবং বড়লোকদের প্রতিনিধিত্ব করে এবং আমরা সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করছি। আমরা এফ. সি. আই-কে বলি কৃষকের ঘরে যে ধান আছে সেটা তোমরা কিনে নাও। কিন্তু আমরা দেখছি সেটা নিয়ে তারা ভয়ানক টালবাহানা করে। বহু মাননীয় সদস্য বলেছেন, এফ. সি. আই. কি কাণ্ড এবারে করেছে। আমরা জানি কৃষকের শীতের দিনে কাপড় কিনতে হয়, গরু কিনতে হয়। কিন্তু আশ্চর্যের ব্যাপার তারা যখন বাজারে ধান নিয়ে এল তখন সেটা তারা কিনল না। এদিকে কৃষকও তার ঘরে ধান রাখতে পারেনা, প্রয়োজনে তাকে ধান বিক্রি করতে হয়। এই সুযোগে মজুতদার, মুনাফাখোর, বড়লোকরা সেই ধান অল্প দামে কৃষকের কাছ থেকে কিনে কত রকম টালবাহানা করে। তারা সেই ধান কিনে নিয়ে মজুত করে এবং এইভাবে কৃষকের হাত থেকে ধান চলে যায় মজুতদারের হাতে। তারপর এফ. সি. আই যখন ধান কেনার পার্মিশন পেল তখন তারা ওই মুনাফাখোর, মজুতদারদের কাছ থেকে তাদের মজুত করা ধান কিনল এবং এতে দেখা গেল কৃষক তার ফসলের ন্যায্য দাম পেলনা। আমি মনে করি এই জিনিসটা ভালভাবে দেখা দরকার। এই প্রসঙ্গে আমি ময়নাগুড়ির কথা কিছু বলব। সেখানে দেখা যায় চালের হোলসেলার মাত্র দুজন, অথচ সেখানে ২ লক্ষ লোক বাস করে। যখন অ্যাডভার্টাইজ করে তখন ইনজাংশন করে সেটা বন্ধ করে। তারপর, সিমেন্টের ব্যাপারে দেখছি ২ লক্ষ লোক যেখানে রয়েছে সেখানে ১৪/১৫ জন মাত্র ডিলার। এটা যেন তাদের মনোপলি হয়ে গেছে, এটা বন্ধ করা দরকার। সিমেন্টের ক্ষেত্রে যে আইন রয়েছে তাতে দাম ঠিক করবার একটা ব্যাপার রয়েছে, আমি সেদিকে যাচ্ছিনা। সিমেন্টের ক্ষেত্রে নিয়ম হল সিমেন্টের কোটা যেটা পাবে তার শতকরা ৭৫ ভাগ ব্যয় হবে ডেভেলপমেন্টের ক্ষেত্রে এবং বাকি ২৫ ভাগ ডিলার ব্যয় করবে। তাহলে দুর্নীতির কথা কোথা থেকে আসছে যে দুর্নীতির কথা সামসুদ্দীন সাহেব বললেন? তবে একথা ঠিক ওই ২৫ ভাগ সিমেন্ট যা থাকে সেটা ওই ডিলাররা, বড়লোক গোষ্ঠীরা প্রচুর দামে বিক্রি করে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব গোটা ব্যবস্থাটা আমাদের হাতে নিতে হবে। অর্থাৎ এফ. সি. আই-র মতো একটা সংস্থা করে নিত্য প্রয়োজনীয় যে ১৪টি জিনিস রয়েছে সেটা সরকারি ভরতুকি দিয়ে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে। আপনি বলেছেন সরকার সংগ্রহ এবং বিলি বন্টনের চেষ্টা করছে। এটা যদি করতে পারেন তাহলে আমরা যাদের প্রতিনিধিত্ব করছি তাদের জন্য কিছু করতে পারব। একথা বলে এই বাজেট সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিজয় বাউড়ি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সে সম্বন্ধে আমি দু—একটা কথা বলব। এই বাজেটের উপর বলতে গিয়ে সর্বপ্রথম যে কথাটা এসে যায় সেটা হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধি। অবশ্য এই দ্রব্যমূল্য বৃদ্ধির ব্যাপারটা আজকের ব্যাপার নয়, বিগতদিনে যখন কংগ্রেস সরকার ক্ষমতায় ছিল তখন থেকেই এই জিনিসটা ঘটছে। সেই সময় পশ্চিমবাংলার জনসাধারণ এই দ্রব্যমূল্য রোধ করবার জন্য মূল্যবৃদ্ধির পক্ষে সহায়ক যে সমস্ত নীতি এবং পরিকল্পনা তৎকালীন সরকার গ্রহণ করেছিলেন সেটা বদলের দাবিতে এবং জনসাধারণের পক্ষে সহায়ক এই রকম নীতি অবলম্বনের দাবিতে আন্দোলন করেছিল। সেই আন্দোলনকে দমন করার জন্য লাঠি, গুলি, টিয়ার গ্যাস, সমস্ত কিছু চলেছে। মানুষকে প্রান বিসর্জন পর্যন্ত দিতে হয়েছে এবং আমরা সকলেই জানি যে এই আন্দোলনের পথেই আজকে .পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে। তাই স্বভাবিক ভাবে পশ্চিমবাংলার জনসাধারণ আশা করেছিলেন এই বামফ্রন্ট সরকার অন্তত পক্ষে মূল্য বৃদ্ধি রোধ করার একটা চেষ্টা করবেন, খাদ্য দ্রব্য-এর মূল্য বৃদ্ধি রোধ করার চেষ্টা করবেন। কিন্তু গত চার বছর ধরে আমরা লক্ষ্য করছি এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আগেকার দিনের কংগ্রেসি সরকারের মতো নীতিই তারা গ্রহণ করে চলেছেন, যার ফলে মূল্য বৃদ্ধি ঘটে চলেছে। আমরা বিভিন্ন সময় শুনি সরকার পক্ষ থেকে বলা হয়, এই মূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারই দায়ী। আমরা মনে করি, কেন্দ্রীয় সরকারের যে নীতি সেটা নিশ্চয়ই মূল্য বৃদ্ধির জন্য দায়ী কিন্তু বর্তমানে যে রাজ্য সরকার পশ্চিমবাংলায় রয়েছে, তাঁদের নীতিও এই মূল্য বৃদ্ধির ক্ষেত্রে দায়ী। সেটা আমি উদাহরণ দিয়ে আপনার কাছে প্রমাণ করতে পারি। কারণ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মধ্যে কেরোসিন নিয়ে এখানে আলোচনা হয়েছে, এই কেরোসিনের দাম যখন কেন্দ্রীয় সরকার বৃদ্ধি করেছেন, তারপর তার উপর রাজ্য সরকারও দাম বৃদ্ধি করেছেন। পেট্রল, ডিজেল এর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যখন দাম বৃদ্ধি করেছেন তারপর পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার উপরও দাম বৃদ্ধি করেছেন। তেমনি রেশনে যে সমস্ত খাদ্যের দাম বিভিন্ন সময়ে বৃদ্ধি করা হয়েছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে, চাল, গম, চিনি প্রভৃতি এই সমস্ত জিনিসের দাম পশ্চিমবঙ্গ সরকারও বাড়িয়েছেন। শুধু তাই নয় এই সরকার এই সমস্ত জিনিস বিক্রি করার জন্য যাদের লাইসেন্স দিয়ে থাকেন একটা সরকারি নির্ধারিত দামে বিক্রি করার জন্য, সেই লাইসেন্সধারী ব্যক্তিরা সেই সরকারি নির্ধারিত দামে সেই সমস্ত জিনিস বিক্রি করেন না। যেমন কেরোসিন তেলের জন্য যে সরকারি নির্ধারিত মূল্য করা হয়েছে, তার থেকে দুগুন, তিনগুন দামে সেই সমস্ত লাইসেন্সধারী ব্যক্তিরা বিক্রি করেন। কিন্তু সরকার থেকে সেই সমস্ত বন্ধ করার কোনও ব্যবস্থা নেই। সিমেন্টের জন্য যে নির্ধারিত দাম, তার দুগুন তিনগুন বেশি দামে লাইসেন্সধারী ব্যক্তিরা বিক্রি করছেন কিন্তু সরকারের তরফ থেকে তা বন্ধ করার কোনও ব্যবস্থা নেই। আর একটা জিনিস লক্ষ্য করছি, সরকারের বিভিন্ন জিনিসের উপর যে পরোক্ষ কর, এই পরোক্ষ করও রাজ্য সরকার মূল্য বৃদ্ধি ঘটানোর ক্ষেত্রে সাহায্য করছে। রাজ্য সরকারের যেটা করণীয় ছিল যে এই সমস্ত ব্ল্যাক মার্কেটিয়ার যারা ব্ল্যাক করছে যে সমস্ত লাইসেন্সধারী, যারা সরকারি

নির্ধারিত যে দাম তার চেয়ে অনেক বেশি দামে বিক্রি করছে যে সব মুনাফাখোর, ফাটকাবাজ, যারা কৃত্রিম অভাব সৃষ্টি করে জিনিসপত্রের দাম দুগুন তিন গুন বৃদ্ধি করে বিক্রি করেন, সেই সব ব্যবসায়ীদের কঠোরহস্তে দমন করার জন্য এই সরকারের হাতে যে আইন আছে, অত্যাবশ্যক পণ্য আইন এবং অতিমুনাফা নিরোধক আইন, এই আইন প্রয়োগ করা কিন্তু এই সরকার সেই ভাবে তাদের দমন করার চেষ্টা করেননি। গত বছর খাদ্যমন্ত্রী তাঁর বাজেটে এই ব্যাপারে একটা হিসাব দিয়েছিলেন, এই আইন প্রয়োগ করে কতগুলো কেস হয়েছে, কতগুলোকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু বর্তমান বাজেটে সেই জনিস আমরা দেখতে পেলাম না। আমরা গত বছর বলেছি বক্তব্যের সময়, এই যে আইন প্রয়োগ করা হয়েছিল কাদের উপর প্রয়োগ করা হয়েছিল? যারা পশ্চিমবাংলার ছোট ছোট ব্যবসায়ী, ছোট ছোট দোকানদার তাদের উপর প্রয়োগ করা হয়েছিল। এই বছর কিন্তু কোনও ব্যবসায়ীকেই গ্রেপ্তার করা হয়নি। গ্রেপ্তার করার কোনও নজির এই খাদ্যমন্ত্রীর বক্তব্যের মধ্যে দেখতে পেলাম না।

[3-20 – 4-00 p.m.](including adjournment)

এই ক্ষেত্রে মাননীয় খাদ্যমন্ত্রীর সমস্ত আইন কঠোরভাবে প্রয়োগ না করার ফলে মুনাফাখোর, ফাটকাবাজ, জোতদার, মজুতদার ব্যবসায়ীদের লুঠ করার একটা স্বর্গরাজ্য তৈরি হয়েছে। পশ্চিমবাংলায় যে সমস্ত খাদ্য শস্য ডিসট্রেস সেল হয়, অভাবী বিক্রি হয় সেই সময় সংগ্রহ অভিযান জোরদার করে অধিক খাদ্য শস্য সংগ্রহ করে সরকারি দোকান মারফত ন্যায্য দামে বিক্রি করলে মুনাফাখোর ব্যবসায়ীদের মোকাবিলা করা যেত। এটা করার দরকার ছিল, কিন্তু সেই জিনিস আমরা দেখতে পাইনি। আপনাদের সংগ্রহের লক্ষ্যমাত্রা আমরা দেখতে পাচ্ছি না এবং কত কি সংগ্রহ করেছেন না করেছেন, সেটাও এই বাজেট বক্তৃতার মধ্যে পরিষ্কার দেখতে পেলাম না। সংগ্রহ নীতি ঠিক না থাকার জন্য দ্রব্যমূল্য অস্বাভাবিক বৃদ্ধি হয়েছে। সংগ্রহ নীতি ঠিক থাকলে মূল্যবৃদ্ধি অনেকাংশে রোধ করা যেত এবং জনসাধারণকে কিছুটা রিলিফ দিতে পারতেন। আমাদের দেশের গরিব চাষীরা তাদের সংসারের আর পাঁচটা জিনিসের প্রয়োজনে ধান, গম ডিসট্রেস সেল করে থাকে এবং তারা ন্যায্য দাম থেকে বঞ্চিত হয়। গরিব চাষীরা ন্যায্য দাম পেল না, অথচ জোতদার, ফাটকাবাজ মুনাফাখোর অসাধু ব্যবসায়ীরা তাদের সমস্ত ডিসট্রেস সেল কিনে নিয়ে স্টক করে রেখে দিল। পরবর্তীকালে বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে নিজের মত করে ৩/৪ গুন দাম বাড়িয়ে বিক্রি করল। তারা কিন্তু অধিক মুনাফা লাভ করল, অথচ গরিব চাষীরা কিছুই পেল না, ফসলের ন্যায্য দাম পেল না। আপনারা এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের মুনাফা লুটতে সুযোগ করে দিয়েছেন। সংগ্রহের ক্ষেত্রে জোতদার, বড় জমির মালিকদের উপর যে লেভি ছিল, বামফ্রন্ট সরকার সেই লেভি তুলে দিয়েছেন। তাদের লেভি তুলে দিয়ে আপনারা জোতদারদেরই স্বার্থ রক্ষা করেছেন। অর্থাৎ বামফ্রন্ট সরকার পরোক্ষভাবে কংগ্রেস আমলের মত জোতদার, ফাটকাবাজ, মুনাফাখোরদের মুনাফা লুটতে সাহায্য করেছেন। এফ. সি. আই. সম্পর্কে আমি দু একটি কথা বলতে চাই। এই এফ. সি. আই. তুলে দেওয়াকে কেন্দ্র করে পশ্চিমবাংলার প্রায় ৫ হাজার কর্মচারী

একটা সমস্যার মধ্যে পড়েছে। এই সমস্যাকে কেন্দ্র করে বহু ঘটনা ঘটেছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এই এফ. সি. আই. এর কর্মচারিরা রাজ্য সরকারের কর্মচারী ছিলেন। তারা ডেপুটেশনে কাজ করার জন্য এফ. সি. আই. তে গিয়েছিলেন। বর্তমানে এফ. সি. আই. তুলে দেবার কথা হচ্ছে। আমরা সকলে জানি এখানে কর্মরত অবস্থায় যারা ছিলেন তারা বিভিন্ন সময়ে সংগ্রাম করে কিছু কিছু দাবি আদায় করেছেন। এই সমস্ত কর্মচারিদের যদি আবার ফিরিয়ে নিয়ে আসা হয় তাহলে তারা দীর্ঘদিন সংগ্রাম করে যে সমস্ত ন্যায্য দাবি আদায় করেছেন সেইগুলি না দিলে তার থেকে বঞ্চিত হবেন। সেই সমস্ত সুযোগ সুবিধা থেকে তারা যাতে বঞ্চিত না হন তার জন্য তারা আন্দোলন করছেন। তারা কয়েকদিন আগে একটা বিক্ষোভ মিছিল করেছিলেন। কর্মচারিদের সেই আন্দোলনকে বানচাল করার জন্য, ভাঙ্গার জন্য রাজ্য কো-অর্ডিনেশন কমিটির নেতা বা সমর্থকরা সেখানে হাজির হলেন। এফ. সি. আই. এর কর্মরত কর্মচারিরা বিক্ষোভ মিছিল করে মন্ত্রীর কাছে ডেপুটেশন দিতে গিয়েছিলেন। সেখানেও কো-অর্ডিনেশন কমিটির নেতারা তাদের ডেপুটেশনকে বানচাল করে দেবার জন্য হাজির হলেন। আমরা অবাক হয়ে গেলাম কো-অর্ডিনেশন কমিটির নেতাদের উপস্থিতিতে এফ. সি. আই. কর্মচারিদের উপর পুলিশ দিয়ে লাঠি চার্জ করা হয়েছে।

পরবর্তীকালে যখন আহত অবস্থায় একজন পিওনকে আর একজন কর্মচারী দেখাবার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে নিয়ে যান তখন কো-অর্ডিনেশন কমিটির কর্মচারী তাদের ধাক্কা দিয়ে ফেলে দেয় এবং তাদের মারধোর পর্যন্ত করা হয়। স্যার, বামফ্রন্ট সরকার যেখানে শ্রমিক কর্মচারিদের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলন থেকে পুলিশকে মুক্ত রাখার কথা বলেন, গণতান্ত্রিক আন্দোলন সমর্থন করার কথা বলেন এবং শ্রমিক কর্মচারিদের স্বার্থ রক্ষা করার কথা বলেন সেখানে এই সরকার কি মনে করেন এই ফুড কর্পোরেশনের কর্মচারী, যারা আজকে ন্যায্য দাবির ভিত্তিতে আন্দোলন করছেন, তারা যে সুযোগ সুবিধা পেয়ে আসছেন সেই সুযোগ সুবিধা থেকে যাতে তারা বঞ্চিত না হন তারজন্য যে আন্দোলন করছেন সেই আন্দোলন কি অন্যায় আন্দোলন? আপনারা কি বলতে পারেন তারা অযৌক্তিক আন্দোলন করছেন? আজকে তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই ফুড কর্পোরেশন তুলে দিয়ে রাজ্যসরকারের আণ্ডারে যদি সেটা নিয়ে নেন তাহলে এই যে সুযোগ সুবিধা থেকে তাদের বঞ্চিত হবার আশঙ্কা রয়েছে, পে প্রটেকশনের ব্যাপার রয়েছে সেটা আপনারা বিবেচনা করবেন কিনা সেটা তাঁর জবাবি ভাষণে বলবেন। পরিশেষে আমি বলতে চাই, বিগত দিনের কংগ্রেস সরকারের আমলের যে খাদ্যনীতি, যে খাদ্যনীতি পশ্চিমবাংলার জনসাধারণের মধ্যে ব্যাপক আন্দোলন সংগঠিত করেছিল আজকেও সেই জোতদার, মজুতদার, ফাটকাবাজ এবং মুনাফাখোরদের স্বার্থ রক্ষা করার খাদ্যনীতিই চলছে এবং সেইজন্যই আমরা দেখছি এই সমস্যার সমাধান হয়নি এবং এই সমস্যা একটা প্রচণ্ড ভয়াবহ আকার ধারণ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে বলতে চাই যে আজকে এই পুঁজিবাদি সমাজ ব্যবস্থায় যদি একটি সঠিক খাদ্যনীতি গ্রহণ করা হয় তাহলে এই

মূল্যবৃদ্ধির চাপকে অনেকটা রোধ করা যায়। আজকে যে স্বর্গরাজ্য করে দিয়েছেন লুঠ করার আমাদের দেশের ফাটকাবাজ, মজুতদারদের তার থেকেও মানুষকে অনেকটা রেহাই দেওয়া যায়। এটা হচ্ছে, খাদ্যদ্রব্যের সর্বাত্মক রাষ্ট্রায়ত্ত বাণিজ্য চালু করা। আগামী দিনে জনসাধারণের বৃহত্তর স্বার্থে আপনারা সমস্ত খাদ্যদ্রব্যের সর্বাত্মক রাষ্ট্রীয় বাণিজ্য চালু করার কথা ঘোষণা করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 4-00 p.m.)

[4-00 – 4-10 p.m.](including adjournment)

**শ্রী নিরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যানটিনে কোনও খাবার নেই। আমরা সকাল বেলায় আসি এখানে খাবো বলে কিন্তু এখানে কোন খাবার নেই। ক্যানটিনে যদি কোনও খাবার না থাকে তাহলে এটা আছে কি করতে? এর আগেও আমরা বলেছি, আজকেও আমাদের অনেকে সেখানে কোনও খাবার পেলাম না। এটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর একটা ব্যবস্থা করা হয় এখানে খাবারের ব্যবস্থা করা হোক, না হয় এটা তুলে দেওয়া হোক।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি শুনেছি। আপনারা খেয়ে আসবেন বলে একটা থেকে হাউস করেছি। যাই হোক, আমি দেখব।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সকালে আসতে হয়। ক্যানটিনে কোনও খাবার না পাওয়া গেলে আমাদের কষ্ট হয়। অনেকদিন এই ধরনের অভিযোগ করা হয়েছে কিন্তু কিছুই হয়নি। এর একটা ব্যবস্থা না হলে আমাদের খুব অসুবিধা হচ্ছে। এর একটা ব্যবস্থা করা দরকার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা বলেছেন, আমি দেখব কি করা যায়।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করছি। এখানে কিছু বড় বড় কথা বলা হয়েছে যে পুরানো আমলের নীতি বাজেটে রাখা হয়েছে এবং দুর্নীতি আছে, সব কিছু আছে, তাড়ানো যায়নি এবং বামফ্রন্ট সরকারের কাছ থেকে তারা নাকি অনেক কিছু আশা করেছিলেন, কিন্তু সব আশা পূরণ হবে না। এখানে নীতিটা কি? আমাদের দেশের সাধারণ মানুষের ৬০ থেকে ৬৫ ভাগ মানুষের অধিকাংশ ব্যয় হচ্ছে খাদ্যের জন্য, ভাত বা রুটির জন্য তাদের ব্যয় করতে হচ্ছে। সেই চাল বা গমের দাম কি অবস্থায় আছে, মানুষ কি পাচ্ছে, এটাই হচ্ছে বড় কথা। সংগ্রহ নীতিই বলুন, আর বন্টন নীতিই বলুন অধিকাংশ মানুষকে আজকে বেশি দামে চাল, গম কিনতে হচ্ছে। অন্যান্য জিনিসের দামও বাড়ছে। কিন্তু চাল গমের দাম কতটা বেড়েছে? সাধারণ মানুষ যে অর্থ ব্যয় করে — তাদের রুজি

রোজগারের অধিকাংশ অর্থ অর্থাৎ প্রায় ১২ আনা তারা খাদ্যের জন্য ব্যয় করেন, খরচ করেন। তারা কি পাচ্ছে? এই মানুষগুলিকে একটু সান্ত্বনা দেওয়া, একটু নুন ভাতের ব্যবস্থা করা, যেটা পেলে তারা বাঁচতে পারে। আজকে অধিকাংশ মানুষ যাতে মোটামুটি সুখে থাকতে পারে, তারা বেশি কিছু চায় না, কিন্তু সেদিকে ওদের দৃষ্টি দেখছি না। এবং সেই সঠিক নীতির দিকটা কি, না মানুষের ভোগ্য পণ্য ন্যায্য দামে যতটা সম্ভব মানুষের কাছে পৌঁছে দেওয়া, এটাই হচ্ছে আমাদের কথা। তাহলে এটা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে আটকাচ্ছে কোথায়? কেন্দ্র নিয়মিত সরবরাহ করতে না পারার জন্য, কখনও কখনও কম সরবরাহ করার জন্য আটকাচ্ছে। তবে এ কথাটা আমরা বোঝাতে চাইছি শুধু মাত্র চাল এবং গমের ক্ষেত্রে। অন্য জিনিসগুলির ক্ষেত্রে মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতির মধ্যে বলেছেন যে, পশ্চিমবাংলায় সেগুলি হয় না বা সামান্য হয়, সুতরাং ভারতের অন্যান্য রাজ্য থেকে সেগুলি আমাদের আনতে হয়, এমন কি বিদেশ থেকেও কিছু কিছু আনতে হয়। শুধু সমাজতান্ত্রিক সরকারের কথাই বলব না, যে কোনও একটা গণতান্ত্রিক সরকারেরও কর্তব্য হচ্ছে ভোগ্য পণ্যগুলি সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া এবং তার জন্য সরকারি বন্টন ব্যবস্থা চালু থাকা দরকার। সেই ব্যবস্থার প্রসার ঘটানো হচ্ছে এবং সে জন্য এশেনসিয়াল কমোডিটি কর্পোরেশন করা হয়েছে। সেখানে একটার পর একটা নতুন নতুন আইটেম নথি ভুক্ত করা হয়েছে। কিন্তু সেগুলি তো পাওয়া দরকার, সব কিছু তো পশ্চিমবাংলায় হয় না, যার ফলে সব কিছু পাওয়াও যায় না, সব কিছু পেতে গেলে কেন্দ্রীয় সরকারের সাহায্যের প্রয়োজন এবং সে সাহায্য নিয়ে ভারতের বিভিন্ন রাজ্যে যেগুলি হয় সেগুলি সংগ্রহ করতে হবে এবং বাইরের দেশ থেকে যেগুলি আনতে হয় সেগুলিও সংগ্রহ করতে হবে পশ্চিমবঙ্গ সরকার সে কাজ করবার জন্য সাংগঠনিক ব্যবস্থাকে ক্রমাগত প্রসারিত করছে। কিন্তু আজকে জনগণের কাছে সব কিছু পৌঁছে দেবার সম্পূর্ণ দায়িত্বটা পশ্চিমবঙ্গ সরকারের নয়। কেন্দ্রীয় সরকারের যেগুলি দেবার কথা সেগুলি যদি তারা না দেয়, তাহলে রাজ্য সরকার কোথা থেকে সেগুলি পাবেন? দ্বিতীয় হচ্ছে, আমরা বলি না দুর্নীতি নেই। দুর্নীতি আছে। এ বিষয়ে আমরা নিজেদের মধ্যেও আলোচনা করি, খাদ্য মন্ত্রীর সঙ্গে আলোচনা করি, বামফ্রন্টের মধ্যে আলোচনা হয়। কিন্তু কেন আছে? আমরা দেখি অনেক কংগ্রেসি মানুষ, ধনী মানুষরা বিভিন্ন দপ্তরে যান, পুলিশের কাছে যান, বিভিন্ন সেক্রেটারিদের কাছে যান, এস.ডি.ও.-দের কাছে যান, ডি.এম.-দের কাছে যান, সাবডিভিসনাল কন্ট্রোলারদের কাছে যান, বিভিন্ন অফিসে যান এবং ঘুস দিয়ে আসেন। আমরা দেখেছি তারা কায়দা করে ঘুস দিয়ে হ্যাস্কিং মেশিন চালান। ক্লার্ক বা হেড ক্লার্কের মারফতে টাকা দিয়ে বিভিন্ন কাজ করিয়ে নেন। আমি ভুক্তভোগী, আমি নিজে দেখেছি, টাকা দিলে বিভিন্ন লাইসেন্স ইত্যাদি পাওয়া যায়। তাঁরা এটা কেন করতে যান? আমরা দেখেছি একদিকে গরিব মানুষ পয়সার অভাবে কোর্ট কাছারি করতে পারে না, অপর দিকে খুন করেও ধনী লোকেরা পুলিশকে পয়সা দিয়ে পার পেয়ে যায়। যাদের হাতে টাকা পয়সা আছে তারা টাকা দিয়ে দুর্নীতিকে প্রশ্রয় দেয়। এটা আজও আটকানো যায়নি। ধরা পড়লেও মামলা হয়, আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যায়, জামিন নিয়ে বেরিয়ে যায়। আমি নিজে ১০০ বস্তা

সিমেন্ট ধরেছিলাম, কিন্তু শেষ পর্যন্ত কিছু করা গেল না। তবে যে শতকরা ২৫ ভাগ সিমেন্ট খোলাবাজারে জনসাধারণের মধ্যে বিক্রি করা হয় সেটার সম্বন্ধে আমি আমাদের শান্তিপুরের সিমেন্ট ডিলারদের ডেকে বলেছিলাম আপনাদের সরকার নিয়ন্ত্রিত দামে এটা বিক্রি করতে হবে। বুঝিয়ে এবং জনসাধারণের আন্দোলনের দ্বারা আমি তাদের রাজি করিয়েছিলাম এবং আমাদের কাছে যে দরখাস্তগুলি এসেছিল সেগুলি দেখে এনকোয়ারি করে প্রয়োজন অনুযায়ী বিক্রি করা হয়েছিল। কিন্তু বাকি ৭৫ ভাগের ক্ষেত্রে ওখানেও দুর্নীতি হচ্ছে, একজন সাব-ইন্সপেক্টরের যোগসাজসে ঐ সমস্ত জিনিস হচ্ছে।

[4-10 – 4-20 p.m.]

এই সব ঘটনা ঘটে, এবং সেটা রুখতে গেলে আন্দোলন ছাড়া দ্বিতীয় কোনও পথ নেই। আইনের ফাঁক দিয়ে পার হয়ে যায়। ঐ যে সিমেন্ট যেটা ধরলাম, কোথা থেকে একটা চালান জোগাড় করে নিয়ে এল, বে-আইনি জিনিসটাকে আইনে পরিণত করল, রোখা গেল না, সেটাকে ছেড়ে দিতে হল। এই যদি হয়, তাহলে কি করবেন? আইনের ব্যবস্থার মধ্যে রয়েছে গলদ, এবং সেজন্য সমস্ত ব্যবস্থাটাকে বদলে দিতে হবে। সেটা বদলাবার জন্য প্রভুত আন্দোলন প্রয়োজন, এবং সেই প্রয়োজনটা সৃষ্টি করাই আমাদের কাজ। দুর্নীতি রয়েছে, সমস্ত দুর্নীতি দূর করতে পারব না। দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে হবে। লড়াই চলেছে, কিন্তু অন্য একটা পক্ষ রয়ে গেছে, শ্রেণী বিভক্ত সমাজ কথাটা এখানে ঐ জন্যই বার বার বলা হয়েছে। এক শ্রেণী টাকা নিয়ে কালোবাজারিদের ২০/৩০ হাজার টাকা, সেই টাকাটা কাজ করছে এবং সেই টাকা নিয়ে সিমেন্ট বিলি হচ্ছে। আপনি জানেন নানা জায়গার সিমেন্ট মিলিটারি সিমেন্ট আসে, কার হাত দিয়ে আসে? বড় লোকরা এর সঙ্গে জড়িত। সিমেন্ট আসে, তার সঙ্গে গঙ্গা মাটি মেশানো হয় পরে সেগুলো বিক্রি হয়। উল্টোডাঙ্গার একটি জায়গায় ঐসব হচ্ছে, ধরতে গেলে উধাও হয়ে যাচ্ছে, কার সাহায্যে হচ্ছে, অদ্ভুত ব্যাপার। সমগ্র ব্যবস্থাটাতেই একটা পচন ধরেছে, সেই ব্যবস্থার বিরুদ্ধে লড়াই করতে হবে। সেটা করছেন না, শুধু মুখেই বলছেন। অনেকেই আছেন যাঁরা বাইরে গিয়ে এই দুর্নীতির সুযোগটুকু গ্রহণ করছেন। ঘুষ দিয়ে নিজের কাজগুলো উদ্ধার করছেন, বে-আইনি কাজে লিপ্ত হচ্ছেন। এগুলিকে রোধ করতে গেলে সামগ্রিকভাবে লড়াই করতে হবে এবং আমরা সেটা করছি। সিমেন্টের থেকে যাঁরা কালোবাজারি করেন তাদের কাছ থেকে টাকা নিয়ে নির্বাচনী তহবিল পূরণ করেন। তারা এই সুযোগগুলির সৃষ্টির ভিতর দিয়ে দুর্নীতির বোঝাটাকে আরও বড় করেছেন আরও ব্যাপক করেছেন, কাজেই এর বিরুদ্ধে লড়াইয়ে নামতে চান না, আসুন সকলে মিলে নামি। সুতরাং এত সমালোচনা করে লাভ নেই। কাজ কিছুই হয়নি কিন্তু যেটুকু হয়েছে সেটুকু কেন স্বীকার করছেন না? গরিব মানুষ — ডাল টা পায় না, একটু নুন ভাত তো খেতে পাচ্ছে তারপর তাদের ছেলে মেয়েদের জন্য কিছু কিছু বই, খাতা ইত্যাদি দেবার চেষ্টা হচ্ছে। না পেলে কি করা যাবে? সেটার দায়িত্ব কেন্দ্রের, অন্য রাজ্য থেকে সমস্ত জিনিস জোগাড় করার। এই কথা বলে খাদ্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে

আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন স্যার, সামসুদ্দিন সাহেব তাঁর বক্তৃতা দেবার সময় আমার নাম উল্লেখ করেছিলেন। এবং একটা কথা বলেছিলেন। তার উত্তরে আমি বলছি। কথা হচ্ছে যে — ১৫.১১.৮০ তারিখে আমি বহরমপুর সাব-ডিভিসনাল কন্ট্রোলার অফিসে গিয়ে আমার সিমেন্টের পারমিট হয়েছে কিনা জিজ্ঞাসা করি। তখন তাঁরা বলেন, আপনার নামের পারমিট পাঠিয়ে দেওয়া হয়েছে, আপনি পাননি? আচ্ছা এই ডুপ্লিকেট পারমিট নিয়ে আপনি সিমেন্ট নিন এবং আমাকে ডুপ্লিকেট পারমিট দেওয়া হয়। আমি সেটা ১৫ তারিখে নিয়ে ১৬ তারিখে বহরমপুর পঞ্চাননতলার কুন্ডু হার্ডওয়ার — এইখান থেকে সিমেন্ট নিই। ৪/৫ দিন পরে পোস্ট অফিসে খবর নিই আমার নামে পারমিটটা এসেছে কিনা, শুনলাম আসেনি। সাব-ডিভিসনাল কন্ট্রোলারের ওখান থেকে পারমিটটা পেলে সেটা ছিঁড়ে ফেলার জন্য বলা হয়েছিল, পোস্ট অফিসে খবর নিয়ে জানলাম যে পারমিট আসেনি, পরে শোনা গেল কে একজন ঐ অরিজিনাল পারমিট নিয়ে ঐ কুন্ডু হার্ডওয়ারে সিমেন্ট নিতে গেছে, ওঁরা বলেছেন যে এ তো এম.এম.এ. সাহেবের পারমিট, তিনি তো সিমেন্ট নিয়ে গেছেন, সেই কথা শুনে সেই অজ্ঞাতনামা ব্যক্তি পালিয়ে গেছেন। আমার ধারণা যে পারমিট অফিস থেকে কারচুপি করা হয়েছে তাকে দেওয়া হয়নি।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্য মন্ত্রী যে বাজেট পেশ করছেন তাকে সমর্থন করতে গিয়ে প্রথমেই আমার মনে পড়ে কয়েক বছর আগে যখন কংগ্রেস রাজত্ব করছিল তখন খাদ্য বাজেট যেদিন উপস্থিত করা হোত সেদিন এই হাউসের এবং লবির অবস্থা নিশ্চয় সকলের জানা আছে। আজকে দেখলাম বিরোধী পক্ষের কেউ নেই। এ থেকে বোঝা যায় খাদ্য নীতি সম্পর্কে ওদের বলবার কিছু নেই। ওঁদের বক্তৃতায় আসল কথা কেউ বলে নি। সন্দীপ বাবু যা বললেন তাতে মনে হচ্ছে যেন এই সরকার আসার পরই ম্যাল নিউট্রিশন হয়েছে। কিন্তু সারা ভারতবর্ষে নিউট্রিশনের বন্যা যে বয়ে যাচ্ছে তা আমরা কেউ দেখতে পাইনি। এই বিধানসভায় সর্ব সম্মতিক্রমে একটি প্রস্তাব পাস হয়েছে যে খাদ্য সমস্যার সমাধান করতে গেলে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের সরবরাহ এবং সংগ্রহের ব্যবস্থা কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে এবং রাজ্য সরকারের মাধ্যমে একই দামে সারা ভারতবর্ষে বন্টন করতে হবে। কিন্তু এ সম্পর্কে বিরোধী পক্ষ থেকে কেউ কিছু বললেন না জনতা পার্টির সময়ে তারা এ বিষয়ে কিছু করেননি। ইন্দিরা গান্ধী, যার গরবের নামে চোখের জল ভেসে যায় এবং যিনি দিল্লিতে কিষান সম্মিলন করলেন — জ্যোতি বাবুর কাছ থেকে শুনলাম মেঘালয় থেকে হেলিকপ্টার করে নিয়ে আসা হয়েছিল — সেই ইন্দিরা গান্ধী যদি ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের ব্যবস্থা করতে পারতেন তাহলে আজ চোখের জন ফেলতে হত না। সন্দীপ বাবু রাজ্য সরকারের দুর্নীতির কথা বললেন। কিন্তু আমি বলছি দুর্নীতির আসল ঘাঁটি হচ্ছে দিল্লি যেখানে ৩০ বছর ধরে কংগ্রেসি শাসন করে আসছেন। ৩০ থেকে ২৫ হাজার কোটি টাকার কালো টাকাকে সাদা টাকা করবার জন্য বন্ডের ব্যবস্থা তারাই

করলেন — ফাঁসি দিলেন না। পরশু দিন কেন্দ্রীয় অর্থমন্ত্রী বললেন বন্ডের ব্যাপারে যে সুপ্রীম কোর্ট এটা যদি বাতিল করে দেন তাহলে ৫০০ কোটি ট্যাক্স বসাবেন। অর্থাৎ এর ফলে জিনিসপত্রের দাম আরও বাড়ল। সুতরাং দুর্নীতি এবং মূল্যবৃদ্ধি সম্পর্কে এখানে না বলে সেখানে গিয়ে বললে ভাল হয়। এইভাবে আসল কথা না বলে ওঁরা চর্বিত চর্বন করে যাচ্ছেন। অর্থাৎ হাতির রচনা এবং কলাগাছের রচনা একই ভাবে লিখছেন। দুর্নীতি নিশ্চয় আছে কিন্তু সেটা আমরা আস্তে আস্তে দূর করার চেষ্টা করছি। সিমেন্টের ব্যাপারে কোনও প্রায়রিটি করা হয় না বলে সন্দীপ বাবু বললেন। হাওড়া জেলার ক্ষেত্রে আমি জানি প্রায়রিটির বাইরে সিমেন্ট দেওয়া হয় না। তবে সি.এম.ডি.-এর যেখানে যেখানে কাজ হচ্ছে তাদের সিমেন্ট বাজারে বিক্রি হয় — তার জন্য আমরা কি করব? আমরা জানি দরখাস্ত করলে ৬।৮ মাসের মধ্যে সিমেন্ট পাওয়া যায়। এই ব্যবস্থার মধ্যে দাঁড়িয়েও সাড়ে তিন বছরের মধ্যেও ১৭টি পণ্যকেও ন্যায্য মূল্যে দেবার ব্যবস্থা করছি। খাদ্য মন্ত্রীকে আরেকটা কথা বলব দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে গেলে বর্তমান অবস্থার মধ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণের দরকার আছে। সেইদিক থেকে বলব পঞ্চায়েতের হাতে কিছু কিছু ক্ষমতা দেবার ব্যবস্থা করুন। ফুড ডিপার্টমেন্টের ক্ষমতা পঞ্চায়েতের হাতে কিছু নেই। এমন কি পঞ্চায়েতের মিটিং ফুড ডিপার্টমেন্টের অফিসারদের ডাকলেও তারা আসেন না এই পঞ্চায়েতের কাজ সারা পশ্চিমবাংলায় একটা বিপ্লব সৃষ্টি করেছে। আমতা থানায় সিরাজবাটি অঞ্চলে ৩ কিলোমিটারের একটা খাল পঞ্চায়েত থেকে রি-অক্সকাভেশান করা হয়েছে। এবং এর জন্য ২২ হাজার টাকা লেগেছে। কংগ্রেস আমলে এটা করতে হয়ত দেড় লক্ষ টাকা লাগত। সেজন্য বলব পঞ্চায়েতের হাতে আরেকটু ক্ষমতা দেবার ব্যবস্থা আপনারা করুন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

[4-20 – 4-30 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্য মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার ঘোরতর বিরোধীতা করছি। আগে খাদ্য বাজেটের আলোচনা যেদিন হত সেইদিন দর্শক ভর্তি থাকত কিন্তু এখন যেহেতু দর্শক নেই সেহেতু ওদের সাফল্য এটা কিছুতেই সমর্থনযোগ্য নয়। প্রফুল্ল সেনের আমলে ধান যে প্রক্রিয়ায় করা হত বর্তমান খাদ্য মন্ত্রী তার ৫ ভাগের এক ভাগও প্রক্রিয়া করতে পারেননি। দেশি-বিদেশি বৈজ্ঞানিকদের প্রচেষ্টায় উচ্চ ফলনশীল ধান গমের ফলন বেশি হওয়ায় উৎপাদন বেশি হয়েছে। সুতরাং এর কৃতিত্ব তাদের নয়। জনতা সরকার কর্ডনিং তুলে দিয়েছিলেন অবাধে খাদ্য শস্যের চলাচলের ব্যবস্থা করেছিলেন এবং এরই ফলে সারা ভারতবর্ষে থেকে খাদ্য শস্য আসার ফলে অভাব দেখা যায়নি।

তাছাড়া, আর একটি ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রীকে সাহায্য করেছেন তাঁর বন্ধুরা, সেই বন্ধুগণ হলেন ঐ সমস্ত চোরাকারবারিরা। বন্ধু আমি এই জন্য বলছি যে, আমরা জনতা পার্টির লোকেরা মন্ত্রী মহাশয়কে কর্ডনিং ব্যবস্থা তুলে দেওয়ার কথা বলেছিলাম, কিন্তু এঁরা তা বজায় রাখলেন। আর সেই সুযোগে ঐ সমস্ত চোরাকারবারিরা শহরের বিভিন্ন স্থানে তা

বিক্রি করে চলেছে অবাধে। যেমন দেখা যাচ্ছে আমাদের বিধানসভার সামনে ঐ হাইকোর্টের পাশে অবাধে, অবৈধ ভাবে ফলাও চাল বিক্রি হচ্ছে। এই ভাবে তামাম শিল্পাঞ্চলে বিক্রি হচ্ছে। আজকে দেখছি, এই শনিবারে খাদ্য বাজেট পেশ করা হয়েছে — শনিবারের বারবেলায়। খাদ্য মন্ত্রীর উপর আসলে শনির দৃষ্টি পড়েছে, এবং স্বভাবতই খাদ্যের উপরে শনির দৃষ্টি পড়েছে। যেমন দেখতে পাচ্ছি সিমেন্ট, কয়লা প্রভৃতির উপরে এই দৃষ্টি গিয়ে পড়েছে। আগে যখন ডিলারদের মাধ্যমে পারমিটে এই সমস্ত জিনিস দেওয়ার ব্যবস্থা ছিল, তখন ওঁরা বলতেন যে — ওটা বুর্জোয়া ডিলারদের মাধ্যমে করা হচ্ছিল। কিন্তু বর্তমানে যখন ওদের প্রলিটেরিয়াথ ডিলাররা এই ব্যাপারে হাত দিলেন, তখন আমরা দেখতে পাই সেগুলি আর বাজারে পাওয়া যাচ্ছে না। আমাদের কাঁথি মহকুমার একজন জেলা পরিষদের সভাধিপতি, একজন গ্রাম পঞ্চায়েত প্রধান পুলিশের হাতে ধরা পড়েছেন। তাঁদের অপরাধ ছিল — তাঁরা গোপনে চোরাপথে সিমেন্ট পাচার করতে দিয়েছিলেন। অর্থাৎ গোরা বৈষ্টম মুর্গি খেলে দোষ নেই, তবে সেটার একটা বিশেষ ব্যবস্থা আছে। সেই ব্যবস্থা হল — ঐ মাংসে একটু তুলসি পাতা আর একটু গঙ্গা জল দিয়ে নিলে আর কোনও দোষ থাকে না। আজকে ওঁদের ব্যবস্থাপনায় দেখতে পাচ্ছি সর্বত্র খোলাবাজারে বেশি দামে চাল বিক্রি হয়ে চলেছে। আমরা এই ব্যাপারে বার বার করে বলেছি, বহু অভিযোগও পেশ করেছি, কিন্তু ফল কিছুই গ্রহণ করা হয়নি। আজকে দুমাস যাবৎ গ্রামে গ্রামে চিনি পাওয়া যাচ্ছে না, রেশনের কোনও জিনিস পাওয়া যাচ্ছে না। বারে বারে আমরা এ ব্যাপারে অভিযোগ করেছি, বিধানসভাতে আমরা মূলতুবি প্রস্তাবও দিয়েছি, কিন্তু প্রতিকার কিছু হয়নি। আমাদের কাঁথি মহকুমাতে একটুও চিনি দেওয়া হচ্ছে না, অথচ শহরের বুকে তা নিয়মিতই দেওয়া হচ্ছে, ডাল, তেল চাল — সবই ঠিকমত সরবরাহ করা হচ্ছে। এই ব্যাপারে আমি মাননীয় খাদ্য মন্ত্রীকে বলি — তিনি যে পুস্তিকা আমাদের কাছে বিতরণ করেছেন, তাতে অনেক কিছুই দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, সেগুলি আপনি গ্রামের মানুষদের কাছে বিতরণ করবার ব্যবস্থা করুন। তাহলে তারা অন্তত ভাববার সুযোগ পাবে যে, মন্ত্রী মহাশয় অনেক কিছুই দিয়েছেন, এবং শীঘ্রই আমাদের দেবেনও — যদিও তারা জানে যে তারা কিছুই পাচ্ছে না, এটাই হচ্ছে তাদের নৈমিত্তিক ঘটনা। মন্ত্রী মহাশয় আর একটি বিষয়ের উল্লেখ করেছেন, সেটি হল — ধানের পাইকারি মূল্য অনেক কমে গেছে। উনি বলেছেন, গত ১৯৭৯ সালে এই দাম যা ছিল, ১৯৮০ সালে অনেক কমে গেছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি — বর্তমানে ধানের উৎপাদন খরচা কি কমে গেছে, সারের, বীজের দাম এবং দৈনিক মজুরি কি কমে গেছে? বাস্তবে কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, সব কিছুরই দাম বেড়ে গেছে, আর সে তুলনায় ধানের পাইকারি মূল্য কমে গেছে। এ ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ না দিয়ে পারছি না, কিন্তু সঙ্গে সঙ্গে তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, এই নীতির ফলে আসল ক্ষতিটা কাদের হচ্ছে? সেই গরিব চাষীরাই আসলে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তারা যে সামগ্রী উৎপাদন করল বেশি দামে, সেটাকেই তাদের বিক্রি করতে হচ্ছে অনেক কম মূল্যে। এই ব্যাপারে আপনাকে বলি — আপনারা পাটের নির্দিষ্ট দাম হয়ত বাঁধতে পারেন না, সে

ব্যাপারে অনেক অসুবিধা আপনাদের আছে স্বীকার করি, কিন্তু চালের বা ধানের দাম নির্ধারণ করবার ব্যাপারে তো আপনাদের কোনও বিধি নিষেধ নেই। আমরা অন্যান্য রাজ্যে দেখতে পাচ্ছি তাঁরা এই দাম নির্দিষ্ট করে দিয়েছেন, গুজরাটে ১৩০ টাকা দাম স্থির করে দিয়েছে। কিন্তু আপনারা এই ব্যাপারে নীরব, আসলে আপনাদের কিছু করবার ইচ্ছাই নেই, আপনারা করবেন কি করে? আমাদের খাদ্য মন্ত্রীর আসলে নীতিটাই হচ্ছে — তিনি চান সব কিছুকে অবাধে চালু হোক, কিন্তু তা করতে গিয়ে তিনি চোরাকারবারিদেরই বেশি করে সাহায্য করে ফেলছেন। আপনারা যে অবস্থায় আছেন সেই অবস্থায় অতি সুকৌশলে অবাধ বাণিজ্যের নাম করে চোরাকারবারিদের ব্যবসায়িকে আরও সাহায্য করে চলেছেন, আর বহুতর প্রতিশ্রুতি, আশার বাণী দিয়ে চলেছেন। এটা না করলেই ভাল হত না কি?

এইসব না করে যাতে চোরাবাজারে জিনিসপত্র না যায় এবং যারা চোরাকারবারি করছে তাদের ধরে অন্তত ২/৪টি ক্ষেত্রে যদি ভাল মতন তাদের শাস্তির ব্যবস্থা করতে পারতেন তাহলে লোকের মনে একটা আস্থার ভাব আসত বলেই আমি মনে করি। এটা করলে লোকে ভাবত বামফ্রন্ট সরকার তাদের জন্য চিন্তা করছে এবং কিছু করার চেষ্টা করছে। এটা আপনারা করতে পারেননি সেজন্য আমি দুঃখিত এবং দুঃখিত বলেই এই বাজেটকে আমি সমর্থন করতে পারলাম না।

[4-30 – 4-40 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয় আজ যে বাজেট উপস্থিত করেছেন তা আমি সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, বারীন বাবু খুব সঙ্গত ভাবেই বলেছেন যে খাদ্য বিতর্ক আগের দিনের সেই উত্তেজনা হারিয়েছে। এর কারণ হচ্ছে, কংগ্রেস আমলে সমস্ত পশ্চিমবাংলা জুড়ে যে দুর্ভিক্ষের অবস্থা বছরের পর বছর ধরে চলত এবং যার জন্য গ্রামের মানুষকে লড়াই করতে হত সেই পরিবেশ আজকে আর নেই। স্যার, আজকে সকাল বেলাতে বিধানসভার কার্য বিবরণী যখন পড়ছিলাম তখন দেখছিলাম যে বিগত সিদ্ধার্থশংকর রায়ের মুখ্যমন্ত্রিত্বের আমলে খাদ্য বিতর্কে যোগ দিয়ে সেদিনকার সদস্য শ্রী গৌতম চক্রবর্তী বলছেন, মালদার লোক খাদ্য পাচ্ছে না, তারা শাক, পাতা খেয়ে থাকছে। স্যার, এই যেখানে অবস্থা ছিল সেখানে আজকে আমরা দেখতে পাচ্ছি গ্রামের মানুষরা অন্তত দুবেলা দুমুঠো খেতে পাচ্ছেন, তাদের কাজেরও সংস্থান কিছু হচ্ছে। আজকে এটাই হচ্ছে বাস্তব অবস্থা। স্যার, সেইজন্য দেখবেন, সংবাদপত্র থেকে আরম্ভ করে বিভিন্ন মহল যারা বামফ্রন্টের বিপক্ষে অনেক কথা বলেন তারা কিন্তু এ কথাটা কেউ বলেন্ না যে পশ্চিমবাংলায় খাদ্য সঙ্কট চলছে বা খাদ্যের জন্য মানুষ আন্দোলন করছে। এরপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অন্য প্রসঙ্গে কয়েকটি কথা বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় ফুড কর্পোরেশন অধিগ্রহণ করার জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন সাহসিকতার সঙ্গে তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এটা অবশ্য তাঁকে কিছুটা অনন্যপায় হয়েই

করতে হয়েছে। কারণ, কেন্দ্রীয় সরকার নাকি বলেছেন, এফ.সি.আই.-এর দায়িত্ব তারা ছেড়ে দেবেন এবং রাজ্য সরকারকেই সেখানে সমস্ত দায় দায়িত্ব নিতে হবে। এস.ইউ.সি.আই.-এর একজন মাননীয় সদস্য বললেন, এখানে নাকি কো-অর্ডিনেশন কমিটির স্বার্থেই এই ফুড কর্পোরেশনকে রাজ্য সরকার নিয়ে নিচ্ছেন। এ ক্ষেত্রে আমি বলব, কেন্দ্রীয় সরকার সেখানে সুস্পষ্ট ভাবেই বলেছেন, তারা দায় দায়িত্ব নিতে পারবেন না, এস.ইউ.সি.আই.-এর মাননীয় সদস্যকে বলব, তাদের সঙ্গে তো কংগ্রেস(ই) ভাল সম্পর্ক আছে, তাদের বলে দেখুন না এর দায় দায়িত্ব তারা নিতে পারেন কিনা। মাননীয় মন্ত্রী মহাশয় আজ এ সম্পর্কে যে সাহসিকতার সঙ্গে পদক্ষেপ গ্রহণ করেছেন সেজন্য আবার তাঁকে অভিনন্দন জানিয়ে কয়েকটি সমস্যার কথা বলব। এই যে তিনি অধিগ্রহণ করছেন, এই অধিগ্রহণ করার সঙ্গে সঙ্গে সেখানে যে ৫ হাজার ডেপুটেশনিস্ট কর্মী আছেন তাদের সবাইকে কি একসঙ্গে ফিরিয়ে নেবার ব্যবস্থা করছেন? তারপর যদি অধিগ্রহণ করেন তাহলে সেখানে স্টোরেজ, প্রকিওরমেন্ট, ট্রান্সর্পোটেশন, ডিস্ট্রিবিউশন এই ৪টে কি নিতে পারছেন? তারপর এফ.সি.আই.-এর এই সমস্ত কর্মচারিরা, যারা রাজ্য সরকারের কর্মচারিদের চেয়ে ২/৩শো টাকা বেশি পান তারা যদি রাজ্য সরকারে ফিরে আসেন তাহলে এই টাকাটা কি তারা পাবেন? তা ছাড়া অধিগ্রহণের পর ৪র্থ শ্রেণীর কর্মচারিরা যে প্রচন্ড রকমের ক্ষতিগ্রস্ত হচ্ছেন — সেখানে তারা রাজ্য সরকারে চলে আসলে তারা যে পোষাক পরিচ্ছদ ধোলাই ইত্যাদি বাবদ বাড়তি টাকাটা পান সেটা কি এখানে এলে তারা পাবেন? এই সমস্ত প্রশ্নের একটা মীমাংসা হওয়া দরকার। এফ.সি.আই.-এর যারা কর্মচারী তাদের মধ্যে যে ক্ষোভ দানা বাঁধছে সেটা হচ্ছে মূলত এইসব প্রশ্ন নিয়ে। রাজ্য সরকারে ফিরে আসতে তাদের যে খুব একটা বাধা আছে সেটা আমি মনে করি না কিন্তু অর্থনৈতিক দিক থেকে তারা যে ক্ষতিগ্রস্ত হবেন বলে মনে করছেন সে বিষয়টাও ভাবা দরকার। তারপর ঐ ডিপার্টমেন্টে যে সমস্ত লেবার রয়েছে তাদের অবস্থা কি হবে বা তাদের দায় দায়িত্ব কে নেবে সেটাও ভেবে দেখা দরকার। তারপর অন্য একটি বিষয় সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি কথা জানতে চাই। হ্যাস্কিং মেশিন বা ধান ভাঙ্গা কল সম্বন্ধে আপনি খুব সঙ্গত ভাবেই আপনার বক্তব্যে বলেছেন যে গ্রামাঞ্চলে আমরা আরও হ্যাস্কিং মেশিন দিতে চাই। এবং সে ক্ষেত্রে আপনার দৃষ্টিভঙ্গি অভিনন্দনযোগ্য। আমি বলব আজকে যে পদ্ধতিতে হ্যাস্কিং মেশিনের লাইসেন্স দেওয়া হয়, সরাসরি ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের মাধ্যমে যে ইন্সপেকশন হয় তার মধ্যে প্রচন্ড দুর্নীতির সুযোগ থেকে যায়। আমি আপনাকে বলব কোন মৌজা থেকে হ্যাস্কিং মেশিনের লাইসেন্স পাবে এটা পঞ্চায়েত সমিতির উপর ছেড়ে দিন, অথবা বি.ডি.ও. বা স্থানীয় বিধানসভার সদস্যকে যদি যুক্ত করেন তাহলে ভাল হয়। আজকে যে পদ্ধতিতে লাইসেন্স দেওয়া হয় এটার সঙ্গে দুর্নীতি জড়িয়ে থাকা অস্বাভাবিক নয়। যদি দায়িত্ব শুধু অফিসারের উপর থেকে যায় তাহলে সেই সুযোগ থেকে যাবে, দুর্নীতি হতে বাধ্য। সেই কারণে জনপ্রতিনিধিদের উপর দায়িত্ব ছেড়ে দিন, তাঁরা ঠিক করে দেবেন কোন মৌজায় কে লাইসেন্স পাবে, কারা ভাল লোক, সৎ লোক তিনি ঠিক করে দেবেন। এই দিকে দৃষ্টি দেবার জন্য আপনাকে অনুরোধ করব। সঙ্গে সঙ্গে সামগ্রিক ভাবে আপনার খাদ্য নীতি

সফল হয়েছে পশ্চিমবঙ্গে, সেদিক থেকে বামফ্রন্ট সরকার এবং আপনি উভয়েই অভিনন্দন পাবার যোগ্য, আপনাকে অভিনন্দন জানিয়ে বাজেট বিবৃতিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ছোবন গাজি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে রেখেছেন আমি সর্বতোভাবে তাকে সমর্থন করছি। এই বাজেট সম্পর্কে বিরোধী দল যে সমস্ত বক্তব্য তাঁরা রাখুন না কেন মূলত তাঁরা এই বাজেটের বিরোধীতা করতে ব্যর্থ হয়েছেন। যদিও পার্টির নির্দেশে তাঁরা এটার বিরোধীতা করে গেলেন কিন্তু বক্তব্যের মধ্যে সত্যিকারের কোনও বিরোধীতা দেখাতে পারলেন না। বস্তুতঃ পক্ষে যে বক্তব্যগুলির উপর তাঁরা সমালোচনা করেছেন এই বক্তব্যগুলি তাঁরা আগে বারে বারে বলেছেন। আজকে জনতা দলের মাননীয় সদস্য জন্মেজয় ওঝা খাদ্য মন্ত্রী প্রফুল্ল সেনের উল্লেখ করেছেন। সুতরাং সেই প্রসঙ্গে আমাকে দু একটা কথা বলতে হচ্ছে। খাদ্য মন্ত্রী প্রফুল্ল সেন ১৯৭৪ সালে কংগ্রেসি মন্ত্রী হিসাবে এখানে পেশ করা যে বাজেট সেই বাজেট সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেছেন — আমি মনে করি এই মূল্য বৃদ্ধির জন্য খাদ্য মন্ত্রীকে দোষ দিয়ে কোনও লাভ নেই, ৫ জন হোর্ডারকে ধরে কোমরে দড়ি দিয়ে নিয়ে গিয়েও কিছু হবে না বা ভূষি কেলেঙ্কারিতেও কিছু হবে না। ইনফ্লেশন হচ্ছে আমাদের দেশের সর্বনাশের কারণ। ১৯৬৭ সাল পর্যন্ত যেখানে ৫ হাজার কোটির বেশি নোটস ইন সার্কুলেশন ইন পাবলিক ছিল সেটা এই কয়েক বছরের মধ্যে ১০ হাজার কোটি হয়েছে এবং তাছাড়া ডেফিসিট ফাইনান্সিং আছে, বরোয়িংস ফ্রম দি ব্যাঙ্ক আছে। কাজেই এই ইনফ্লেশন যদি বন্ধ করতে না পারেন তাহলে প্রফুল্ল কান্তি ঘোষের ক্ষমতা নেই এই মূল্য বৃদ্ধি রোধ করা। তিনি প্রফুল্লকান্তি ঘোষকে সন্তুষ্ট করার জন্য এই বক্তব্য রেখেছেন। প্রফুল্লকান্তি ঘোষ নিজে কি বলছেন — সারা দেশে ক্রমাগত মুদ্রাস্ফীতির জন্য এইসব দ্রব্যের সরবরাহ শুধু ব্যাহত হয়নি উপরন্তু তাদের মূল্যও ক্রমাগত বেড়ে চলেছে, যার ফলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষকে যথেষ্ট কষ্ট স্বীকার করতে হচ্ছে। এই অবস্থার প্রকৃত প্রতিকার হতে পারে যদি দ্রব্য মূল্য স্থিতিশীল করা যায় এবং কেন্দ্রীয় সরকারের আনুকূল্যে এক সর্বভারতীয় নীতি গ্রহণ করে যথেষ্ট সংখ্যক ভোগ্য পণ্য সার দেশে ন্যায্য মূল্যের দোকান থেকে গ্রাহকদের কাছে বন্টন করা যায়। এইরূপ সর্বভারতীয় পরিকল্পনা পশ্চিমবঙ্গের মতো ঘাটতি রাজ্যের পক্ষে সহায়ক হবে এবং রাজ্যে যে ব্যাপক সরকারি বন্টন ব্যবস্থা চালু আছে তা দিয়ে এই পরিকল্পনার সার্থক রূপায়ণও সহজ সাধ্য হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু এই কথা বলতে চাই যে বস্তুতপক্ষে মাননীয় খাদ্যমন্ত্রী আজকে যে বক্তব্য রেখেছেন বাজেটের মধ্য দিয়ে তাকে কিছুতেই ওঁরা অস্বীকার করতে পারেন না।

[4-40 – 4-50 p.m.]

সেদিনও এই বক্তব্য সমর্থন করেছিলেন এবং কংগ্রেস(আই) ও জনতা পার্টি যাঁরা বর্তমানে বিরোধী পক্ষের নেতৃত্ব দিচ্ছেন তাঁরা এটা সমর্থন করেছিলেন এবং সেদিন তাঁরা

বলেছিলেন, খাদ্য মন্ত্রী, মুখ্যমন্ত্রী আমাদের আশ্বাস দিন, আমরা আমাদের এলাকায় গিয়ে, দেশে গিয়ে জনসাধারণকে কি বলব? এই ধরনের একটা আকুতি তাঁদের বক্তব্যের মধ্যে সেদিন যেমন ফুটে উঠেছিল আজকেও দেখছি বিরোধী দলের বক্তব্যের মধ্যে সেই ধরনের কথা ফুটে উঠেছে। আমাদের খাদ্য মন্ত্রী যে খাদ্য নীতি গ্রহণ করেছেন তাতে দেখছি তিনি গ্রাম বাংলার সাধারণ মানুষের জন্য কিছু খাবারের ব্যবস্থা করেছেন এবং তাদের ক্রয় ক্ষমতার মধ্যেই এটা করতে পেরেছেন এবং সেকথা তাঁরাও স্বীকার করেছেন। স্যার, এবারে আমি এস.ইউ.সি. সম্বন্ধে কিছু বলব। এই এস.ইউ.সি. দল নিজেদের বিপ্লবী বলে দাবি করে। কিন্তু আমি তাঁদের একটা বক্তব্যের প্রতিবাদ না করে পারছি না। তাঁরা বলেছেন দ্রব্য মূল্য বৃদ্ধির জন্য এই সরকারই দায়ী। এঁরা যদিও নিজেদের বিপ্লবী বলে দাবি করে কিন্তু আমি তাঁদের বিপ্লবের চিন্তা ধারা বুঝতে পারছি না। আমি জিজ্ঞেস করি, এই যে দ্রব্য মূল্য বৃদ্ধি হয়েছে এটা কোনও রাজ্য সরকারের ক্ষমতার মধ্যে আছে কি? স্যার, কিছুদিন আগে নির্মল বাবু তাঁদের সম্বন্ধে বলেছিলেন, ওঁরা কি বলেন তা শুধু ওঁরা নিজেরাই জানেন, ওঁদের বক্তব্যগুলো যদি বাইরে জনসাধারণের কাছে প্রচার করা হয় তাহলে জনসাধারণই তাঁদের কথার জবাব দেবে। আমিও তাঁদের সম্বন্ধে সেই কথাই বলি। একথা বলে খাদ্য মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আজকে আলোচনার জন্য যে সময় ঠিক করা হয়েছে সেটা ৪টা ৪৭ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। এখনও মন্ত্রী মহাশয়ের জবাবী ভাষণ বাকি রয়েছে কাজেই আমি রুল ২৯০ অনুসারে আপনাদের কাছে আরও আধ ঘন্টা সময় চেয়ে নিচ্ছি।

আমি আশা করি আপনারা এটা অলাউ করবেন। **(ভয়েস — এগ্রিড)** হাফ অ্যান আওয়ার টাইম ইজ এক্সটেন্ডেড।

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি বলেছেন আমার বলা জন্য কিছু সময় লাগবে। কিন্তু আমি কিসের জবাব দেব? জবাব তো শুধু এঁদের কাছে নয়, জনসাধারণের কাছে জবাব দিতে হবে যেহেতু আমরা কাজের দায়িত্ব নিয়েছি। কাজেই কেন কাজ করতে পারিনি, কি কি অসুবিধা রয়েছে সেটা আমাকে দেশের লোকের কাছে বলতে হবে এবং জনসাধারণের প্রতিনিধি এখানে যাঁরা রয়েছেন তাঁদের কাছে বলতে হবে। এখানে তর্ক যা উঠেছে তার জবাব দেবার দরকার নেই, ঠিকভাবে যদি প্রশ্ন কেউ করেন তাহলে একটার পর একটা জবাব দেব। এখানে আলোচনার মাধ্যমে যে সব কথা উঠেছে তাতে এটুকু বলতে পারি আমার ওই ধরনের কথা বলার অভ্যাস নেই। যা হোক, আমি গোড়া থেকে শুরু করছি। খাদ্য এবং নিত্য প্রয়োজনীয় সামগ্রীর বন্টনের ব্যাপারে কেন্দ্রে যে মুখ্যমন্ত্রীদের সম্মেলন হয়েছিল তাতে বক্তব্য রেখেছিলেন আমাদের মুখ্যমন্ত্রী নিজে এবং সেখানে তিনি বলেছিলেন, আমাদের দেশের অন্ততপক্ষে শতকরা ৫০ জন মানুষ যেখানে খেতে পায় না এবং বর্তমান সমাজ ব্যবস্থায় তাদের যখন বাঁচবার উপায় নেই তখন অন্তত একান্ত প্রয়োজনীয়

সামগ্রীগুলি ন্যায্য দামে এবং একই দামে সারা দেশে বিক্রি করা হোক এবং তারপর তিনি বলেছিলেন, যদি ১৫/১৬টি জিনিস না পারেন তাহলে অন্তত ১০টি জিনিস দিন এই সমস্ত কথা মুখ্যমন্ত্রীদের সম্মেলনে হয়েছিল এবং এই কথাগুলি লিপিবদ্ধ করা আছে। গত ৩।। বছরে বারে বারে মুখ্যমন্ত্রী সম্মেলনে আমরা এই সমস্ত কথা রেখেছি। এই কথাগুলো পালন করার জন্য সেখানে কি কি ব্যবস্থা নেবার কথা বলেছি, সেইগুলো একের পর এক আমাদের কাছ থেকে ডিকটেশন নিয়ে টুকে নেওয়া হয়েছে, তদানিন্তন প্রধানমন্ত্রী, বর্তমান প্রধানমন্ত্রী এবং তার সংশ্লিষ্ট বিষয়ক মন্ত্রীরা একের পর এক আমরা বলেছি, তাঁরা একের পর এক টুকে নিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত সেই বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাঁর সিভিল সাপ্লাইজ মিনিস্টার কোনও ব্যবস্থা এতদিন পর্যন্ত নিতে পারেননি। তার ফল স্বরূপ আপনারা শুনেছেন যে সিভিল সাপ্লাই মিনিস্টারকে প্রধানমন্ত্রী বরখাস্ত করেছেন। কিন্তু আমার বক্তব্য কিন্তু সেখানেই শেষ হয়নি। আমরা আমাদের সীমিত ক্ষমতা থাকা সত্ত্বেও চেষ্টা করব, সেই প্রতিশ্রুতি আমরা দিয়েছি। সেই প্রতিশ্রুতি রক্ষা করতে গিয়ে আমরা যে অনেক দূর অগ্রসর হয়েছি, সেই দাবি আমরা করি না, তবে কিছুটা যে অগ্রসর হয়েছি সেই দাবি আমরা করেছি। সেই দায়িত্ব গ্রহণ করার ফলে, এখানে উল্লিখিত হয়েছে যে সারা ভারতবর্ষের মূল্য সূচক যেভাবে বেড়েছে, পশ্চিমবঙ্গেও বেড়েছে, কিন্তু বেড়েছে তার থেকে কম।

(**এ ভয়েস ঃ—** এটা তো কলকাতার হোলসেল প্রাইসের কথা বলা হয়েছে।)

কলকাতা হোল সেল প্রাইস মানে আপনার বোঝা উচিত, সেটা অনেকখানি বিরাট এলাকা, আপনি তো চৌরঙ্গিতে থাকেন, অতএব এটা খেয়াল করবেন — কলকাতার হোলসেল প্রাইস অনুসারেই পশ্চিমবাংলার এবং আরও বৃহত্তর ক্ষেত্রে তা প্রযোজ্য। আগেকার কালে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে বিধিবদ্ধ রেশন এলাকায় রেশন দেওয়া হত। এবং যেটা বিধিবদ্ধ এলাকা নয়, সেই এলাকায় কি দিতেন? সামান্য দুশত গ্রাম করে গম দিতেন এবং সামান্য চিনি দিতেন, এই অবস্থা ছিল। তারপর এই অবস্থার বদল করার চেষ্টা করা হয়েছে, সম্পূর্ণ বদল আমরা করেছি, এই কথা আমরা কোনও দিন বলি না। ঐ ধরনের অসত্য কথা বলা বা প্রতিশ্রুতি দেওয়ার অভ্যাস আমাদের নেই। মানুষ যা দেখতে পাচ্ছে, তার থেকে আলাদা কথা বলে নিজেদের হাস্যস্পদ হওয়ার মতো বোকামি আমরা করি না। যাঁরা এই জিনিস করেন তাঁদের আজ অবশ্য দেখা যাচ্ছে না, একজন মাত্র আছেন। উদাহরণ হিসাবে আমি এটা উল্লেখ করছি, ধরুন, আমরা যে বলেছিলাম ১০টি বস্তুর দায়িত্ব আমরা নেব রাজ্য সরকারের পক্ষ থেকে। আমরা কটিকে নিয়েছি? চালের দায়িত্ব নিয়েছি, গমের দায়িত্ব নিয়েছি, চিনির দায়িত্ব নিয়েছি, নুনের দায়িত্ব নিয়েছি, ভোজ্য তেলের দায়িত্ব নিয়েছি, ডালের দায়িত্ব নিয়েছি, কেরোসিন বিতরণও রেশন ব্যবস্থার মধ্যে এনেছি, এইচ.এস.ডি.-র দায়িত্ব আমরা নিয়েছি, কন্ট্রোলড ক্লথের ব্যবস্থা করেছি এক্সাসাইজ বুকের দায়িত্ব নিয়েছি, ম্যাচ বক্স, সিমেন্ট এই সবের দায়িত্ব নিয়েছি। তারপর কাপড় কাচা সাবান, গায়ে মাখা সাবান, এই

সবের দায়িত্ব আমরা নিয়েছি। এছাড়াও আরও অনেক নিত্য প্রয়োজনীয় জিনিস এর ভার নেওয়ার পরিকল্পনা আমাদের আছে। বাকি আছে শুধু টর্চ লাইট। কিন্তু এই টর্চ লাইট সারা ভারতের অন্যান্য নানা জায়গায় উৎপাদন হয়, সেই সব জিনিসের দাম স্থির করবার ক্ষমতা রাজ্য সরকারের নেই। সেই ন্যায্য মূল্য স্থির করার কথা কেন্দ্রীয় সরকারের, আমাদের নয়, যদি কেন্দ্রীয় সরকার এগিয়ে আসেন এবং দাম স্থির করেন, তাহলে আমরা তা সংগ্রহ করে সরবরাহ করতে পারি। সেখানেও আমাদের বিপুল ঘাটতি। যে কটা বস্তুর আমি উল্লেখ করলাম এর প্রত্যেকটি কেন্দ্র কর্তৃক স্বীকৃতি আমাদের প্রয়োজন। তাদের গুদামে থাকা সত্ত্বেও সেইগুলো তাঁরা সরবরাহ করতে পারেন না। ধরুন চালের ক্ষেত্রে কেন্দ্র আমাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন — যে অ্যালটমেন্ট করেছেন, মাসে ১।। লক্ষ টন, তা কখনও তাঁরা দিতে পারেননি। তাঁরা স্বীকার করেছেন যে আমাদের ১।। লক্ষ টন গম প্রয়োজন, ফ্লাওয়ার মিলের জন্য ৫৫ লক্ষ টন দরকার।

[4-50 – 5-00 p.m.]

এটা হচ্ছে কেন্দ্রের অ্যালটমেন্ট এবং সেই অ্যালটমেন্টের তুলনায় তারা সরবরাহ করেছেন অনেক কম। যেখানে তাদের ১৮ লক্ষ টন সরবরাহ করার কথা সেখানে ৯ লক্ষ টন সরবরাহ করেছেন এবং যেখানে ২৪ লক্ষ টন সরবরাহ করার কথা সেখানে মাত্র ১২ লক্ষ টন সরবরাহ করেছেন। আমাদের চিনি ৪০ হাজার মেট্রিক টন প্রয়োজন, সমান অবস্থা আনতে গেলে। গ্রাম এবং শহরের পার্থক্যের কথা উল্লেখ করলেন। সেই পার্থক্য বর্তমানে কতটা আছে সেটা একটু হিসাব করলেই দেখতে পেতেন। আমরা ২২ হাজার মেট্রিক টন চিনি পাই। সকলকে সমান ভাবে দিতে গেলে একটু ফ্রাকশন হয়ে যায়। সেই জন্য ভাগ করতে গিয়ে ১০০ আর ৭৫ করতে হয়েছে। সকলকে ১০০ করে দিলে হয় না, আবার ৭৫ করে দিলে উদ্বৃত্ত থেকে যায়। তাই ফ্রাকশনাল হয়ে যাওয়ায় একটু মুশকিল হয়ে যায়। সেই জন্য পারসিয়্যাল না করে পুরোপুরি বাড়াতে চেয়েছি, সেটা তারা দেননি। সেই জন্য আমাদের অনিচ্ছা সত্ত্বেও ১০০ আর ৭৫ করে রেখিছি। ৭৫ গ্রাম ছিল, বলতে শুনি অনেকে পান নি চিনি। কারণ, এফ.সি.আই.-এর কাছে আমাদের মাসে ৬৪ হাজার মেট্রিক টন চিনি পাওনা, তারা আমাদের ২২ হাজার মেট্রিক টন বরাদ্দ করেন। দিল্লির বরাদ্দ এর ২।। গুণ। সেখানে একজন পান ২২৫ গ্রাম। আর আমাদের সর্বসাকুল্যে সকলকে দিতে গেলে মাথা পিছু ৮৭ গ্রামের বেশি দেওয়া যায় না তার মধ্যে আবার আমাদের এখানে ৩ মাসের চিনি পাওনা বাকি আছে। তার মধ্যে আবার যদি আনলেন তো এমন একটা জায়গায় এনে বললেন সেখানে পৌঁছাল না। কলকাতায় চিনি এসেছে, কিন্তু গ্রামে চিনি যায়নি। তারা রোড মুভমেন্ট করবেন না। রোড মুভমেন্ট করলে খরচ বেড়ে যাবে। সরকার থেকে বার বার বলা সত্ত্বেও কোথাও কোথাও — অনেক জায়গায় চিনি পৌঁছায়নি। এটা আমরা জানি। আমরা তো ধামা চাপা দিইনি। কোথায় দোষ আমরা জানি। কলকাতায় চিনি এসে গেল, খালাস করতে পারব

না, গুদাম ভর্তি হয়ে গেছে। এখান থেকে রোড মুভমেন্ট করে গ্রামে চিনি প্রয়োজন, আমাদের হুকুম দেওয়া সত্ত্বেও তারা চিনি নিয়ে যেতে চাননি। এই তো অবস্থা হয়েছে। এর জন্য দায়ী এফ.সি.আই.। এফ.সি.আই.-এর কন্ট্রোলিং ডিপার্টমেন্ট হল কেন্দ্রীয় সরকারের ফুড ডিপার্টমেন্ট। তাদের কাছে বলা সত্ত্বেও তারা এই বিষয়ে কিছুই করেননি। শুধু তাই নয়, যেখানে আমাদের মাসিক বরাদ্দ ২২ হাজার মেট্রিক টন, সেখানে ১৩ হাজার মেট্রিক টন লিফ্ট, রিলিজ করতে বলেছেন। এর থেকে এই জিনিসগুলি আসছে। কেন্দ্রীয় সরকার তাদের কি রকম দায়িত্ব পালন করছেন দেখুন। আপনাদের কাছে এই জিনিসগুলি তুলে ধরলাম — তর্ক করার জন্য বলিনি, এটাই হচ্ছে বাস্তব ঘটনা আপনাদের সকলের এটা জানা উচিত। এগুলি জানলে প্রতিকারের রাস্তা উঠবে। নুনের ব্যাপারটা দেখুন। আমাদের বছরে ৪ লক্ষ টন চাহিদা। সেটা সমস্তই ব্যবসায়ীদের হাতে বাধ্যতামূলক ছিল এবং সবটাই জাহাজে আনতে হবে। একমাত্র পশ্চিমবঙ্গকে মাদ্রাজের তিউতিকোরিন থেকে জাহাজে নুন আনতে হবে, রেলে আনলে চলবে না। ভারতবর্ষের অন্য কোনও রাজ্যের প্রতি এই নিষেধাজ্ঞা কোনও দিন ছিল না। আমরা প্রথম এসে দাবি করে আদায় করি অন্তত অর্দ্ধেকটা রেলে আনব, আমাদের রেলে আনতে দাও, আমাদের সরকারি প্রতিষ্ঠান স্টেট ট্রেডিং কর্পোরেশনের হাতে তুলে দেব। সমস্ত নুন যদি আমাদের জাহাজে আনতে হয় তাহলে সেই দায়িত্ব আমরা নেব, এই কথা বলতে কোর্ট থেকে নিষেধাজ্ঞা এসেছে। তবে আমরা ব্যবসায়ীদের সঙ্গে পাল্লা দিয়ে জাহাজে নুন আনতে শুরু করেছি এবং আশা করছি আদালতে মামলার চূড়ান্ত নিষ্পত্তি হয়ে যাবে এবং আমাদের পক্ষেই যাবে। তখন ১৬ আনা নুন আমরা আমাদের নিজেদের দায়িত্বে আনতে পারব এবং সমস্ত বাজারে নুনের দাম আমরা কমাতে সক্ষম হব। আমাদের মাসে ২ লক্ষ টন তেল দরকার। আমাদের এখানে কম উৎপন্ন হয়। আমদানি করা তেল আমরা বিতরণ করেছি ৫৪ হাজার ৪১০ মেট্রিক টন বিলি করেছি গত বছর। ভারতবর্ষের অন্যান্য সমস্ত রাজ্য যতটা আমদানি করা তেল বিক্রি করেছে আমাদের রাজ্য ঠিক ততটা করেছে।

আমরা যখন শুরু করেছিলাম তখন এই হাউসেই আমি হাসাহাসি শুনেছি প্রথম মাসে আমরা ৩৮ মেট্রিক টন বিক্রি করেছিলাম এবং গত ডিসেম্বর মাসে আমরা ৬ হাজার মেট্রিক টন বিক্রি করেছি। এই বিক্রি করার মধ্যে আমি জানি কতকগুলি ফাঁক আছে আইনের। এই আইনের ফাঁক থাকার জন্য আমরা যেখানে পাঠালাম সেখানে হয়ত গিয়ে পৌঁছাল না। আমি বলছি, জেলায় গিয়েছে সেখানে হিসাবও আমার কাছে আছে, কে নিয়ে গিয়েছে তাও আমি বলে দিতে পারি কিন্তু জেলাতে এমনই ব্যবস্থা যে সেখানে যার কাছে গিয়ে রিপোর্ট করার কথা সেই রিপোর্ট তারা পেলেন কিনা সেই খবরটা আমরা ঠিকমতো পাই না। এই যে প্রশাসনিক দুর্বলতা এর জন্য আপনারা নিশ্চয় বামফ্রন্ট সরকারকে দায়ী করতে পারেন যেহেতু আমরা সরকারে আছি কিন্তু আপনাদের মনে রাখা দরকার এই প্রশাসনটা কারা তৈরি করে রেখে গিয়েছেন এবং কি ভাবে প্রশাসনকে নিষ্কর্মা করে রাখা হয়েছিল গত ৩০ বছর ধরে। সেখানে দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে প্রশাসনকে সম্পূর্ণ পঙ্গু করে দেওয়া হয়েছিল বিশেষ

করে সিদ্ধার্থ রায়ের আমলে। আমরা প্রফুল্লচন্দ্র সেনের আমলের থেকে যে রকম অ্যাডমিনিস্ট্রেশন পেয়েছিলাম এবারে সে রকমও পাইনি নতুন ভাবে এবারে গভর্নমেন্টে এসে। আমরা ১৯৬৭ এবং ১৯৬৯ সালে সরকারে এসেছি কিন্তু আমরা দেখেছি তারা পর্যায়ক্রমে অ্যাডমিনিস্ট্রেশনের এমন অবস্থা করেছেন যে তার ভেতর দিয়ে যে কাজ আমাদের পাবার কথা সেই কাজ আমরা পাইনি। সেই জন্যই দেখছি, বিলি করা সত্ত্বেও যেখানে যাবার কথা সেখানে হয়ত গেল না। তারপর আর একটা কথা বলা হয়েছে যে বাইরে থেকে তেল এখানে এসে বিক্রি হয়। অন্যান্য রাজ্যে যেখানে বিদেশ থেকে আমদানি করা তেল বিক্রি হয় না কেন্দ্রীয় সরকার সেই সমস্ত রাজ্যে এই তেল ব্যবসাদারদের বিক্রি করেছেন এবং ব্যবসাদাররা সেই তেল এখানে এনে বিক্রি করেছেন। কেন্দ্রে যখন জনতা সরকার ছিলেন তখন তারা এই ব্যবস্থা করেছিলেন যে এইসব বস্তুর চলাচলে কোনও বিধি নিষেধ থাকবে না। যেমন ধরুন কেন্দ্র হয়ত অন্ধ্রে এই তেল ৫ লক্ষ টন দিলেন, সেটা সেখানে খরচ না হয়ে সেটা যদি পশ্চিমবঙ্গে আসে তাহলে সেই তেল এখানে বিক্রি হবে। আমাদের তেলের দাম ৮।। টাকা কিন্তু সরবরাহ সীমিত। যেখানে ওরা বলেছিলেন মাসে মাথা পিছু দুশো গ্রাম দিতে সেখানে সেটুকুও আমরা পুরো পাইনি, আমরা তার থেকে অনেক কম পেয়েছি। কিন্তু অন্যান্য রাজ্যকে তারা দিয়েছেন যেখানে সেটা খরচ হয় না। তারা দিয়েছেন গুজরাটে যেখানে গুজরাটেব লোকেরা কেউ এই রেপসিড তেল খায় না, সেখানে তারা বাদাম তেল খেতে অভ্যস্ত বা অন্য তেল খেতে অভ্যস্ত, সেখানে গত দু বছরে এই রেপসিড অয়েলের অ্যালটমেন্ট প্রচুর দেওয়া হয়েছে। এইরকম ভাবে অন্যান্য রাজ্য যেখানে এই তেল ব্যবহার হয় না সেখানে এইভাবে অ্যালটমেন্ট দেওয়া হয়েছে। ফলে সেখানে সেই তেল খরচ না হয়ে সেই তেল এখানে আসছে। আমাদের অ্যালটমেন্ট ছিল ১০ হাজার টন কিন্তু গত ডিসেম্বর মাসে এবং জানুয়ারি মাসে সেটা কেটে অর্ধেক করা হয়েছে। সেখানে সেটা করা হয়েছে ২।। হাজার টন রেপসিড এবং ১।। হাজার টন পাম অয়েল। তারপর কেন্দ্রীয় সরকারের সঙ্গে অনেক লাঠালাঠি করার পর সেটা ৫ হাজার টনে দাঁড়িয়েছে। এই হচ্ছে অবস্থা। তারপর ডালের কথা বলি। সারা ভারতবর্ষে ডালের সঙ্কট চলেছে। আপনারা জানেন এ বছর খোলা বাজারে ডালের দাম সারা ভারতবর্ষে কি ভাবে বেড়েছে। আমরা গত বছর যে পরিমাণ সংগ্রহ করতে পেরেছিলাম এ বছর সে পরিমাণ সংগ্রহ করতে পারিনি। গত বছর দাম সহায়ক ছিল এ বছর দাম সহায়ক নেই কিন্তু তা সত্ত্বেও আমরা সংগ্রহ করেছি। আমাদের ক্রয় করা কিছু কিছু ডাল উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে পড়ে আছে রেলের মারফতে তা এখনও এখানে এসে পৌছায় নি। যেটুকু এসেছে তার মধ্যে আমরা বিক্রি করেছি ১৯ হাজার ৩৬০ মেট্রিক টন, গত বছরের তুলনায় এটা কম। কিন্তু তা হলেও এই প্রকল্প আমরা চালিয়ে যাব, এই প্রকল্প থেকে আমরা বিচ্যুত হব না। আমাদের সরকার ডালকে সহজলভ্য করার জন্য কি পরিমাণ টাকা ভরতুকি দিচ্ছেন সেটা বাজেটে দেখেছেন। তারপর কেরোসিন তেলের কথায় আসি। আমাদের দরকার ৪০ হাজার মেট্রিক টন কমপক্ষে। আমাদের এখানে নানা রকমের সঙ্কট চলছে। বিদ্যুৎ সঙ্কটের ব্যাপারে আমি যাব না কিন্তু সঙ্কট আছে। কয়লার সঙ্কট আছে, গ্যাসের সঙ্কট আছে। এ

ছাড়া বোঝার উপর শাকের আঁটি ডিজেলের দামটা ওরা বাড়িয়ে দিলেন। ডিজেলের সঙ্গে কেরোসিন মেশানোর কথা বলা হয়েছে।

[5-00 – 5-10 p.m.]

এখানে ব্যাপার কি? ব্যাপার হচ্ছে, এই যে কেরোসিনের সঙ্গে ডিজেল মেশানোর রাস্তাটি তৈরি করে দিলেন, এর জন্য কেরোসিনের টান পড়ছে। এখানে যে ডিলাররা আছে, সেই ডিলারদের কারা অ্যাপয়েন্ট করেছে? এরা সমস্ত কেন্দ্রীয় সরকারের সংস্থা, ইণ্ডিয়া অয়েল কর্পোরেশন অ্যাপয়েনটেড এজেন্ট। তাদের সঙ্গে ডিলারদের ব্যবস্থা আছে। আমরা লাইসেন্স দিয়েছি লাইসেন্স ক্যান্সেল করতে পারিনা। লাইসেন্স ক্যান্সেল করতে গেলে কোর্ট এবং কোর্ট করতে গেলে ঐ দোকানটি বন্ধ। কাজেই আমাদের উভয় সঙ্কট। আমরা দেখছি কেউ কেউ বলছেন, বোধ হয় সন্দীপবাবু বলছেন যে ডিলাররা কম পায়, তাদের একটু বাড়িয়ে দেন। সন্দীপবাবু কি তার নেতার কথা ভুলে গেলেন? বহুগুনা সাহেব এই দমদম এয়ার পোর্টে এসে কি বলেছিলেন? আমরা সেখানে ডিলারদের বাড়িয়েছিলাম ১.২৫ অর সামথিং। কেন্দ্রীয় সরকার বাড়িয়েছিলেন। আমরা ডিলারদের এইটুকু মাত্র বাড়িয়েছিলাম, এক পয়েন্টের কিছু বেশি, পুরো দুই পয়সাও নয়। ভারতবর্ষের মধ্যে সবচেয়ে একস-ইনস্টলেশন প্রাইস অব কোরোসিন ইজ হাইয়েস্ট ইন ওয়েস্ট বেঙ্গল একসেপ্ট কানলা। সেই সঙ্গে পশ্চিমবঙ্গে কেরোসিন তেলের দাম অন্যান্য রাজ্যের চেয়ে বেশি এবং সেখানে আমরা জানি যে ডিলারদের মার্জিন খুব কম। আমরা বেশি বাড়াইনি। কারণ গ্রাহকদের উপর চাপ পড়ে, কেরোসিন যারা ব্যবহার করেন তাদের উপর চাপ পড়ে। আমাদের দেশের দারিদ্রের প্রভাব আছে, দারিদ্রের চাপ আছে। আমরা জানি যে আর একটু বাড়ালে ভাল হয় কিন্তু আমরা সেখানে করিনি। কেরোসিনের ব্যাপারে ঘাটতি আছে—বারেবারে দেখা যায় যে কেরোসিন যেটা আমাদের প্রাপ্য সেটা ঠিক সময়ে পেলাম না। আবার কখনও একটা ইণ্ডাস্ট্রিয়াল গণ্ডগোল ঘটলো তার ফলে দেরি হল। তার ফলে যেখানে ঘাটতি থাকে সেখানে যদি ঠিক সময় মতো জিনিসটা না এসে পৌছায় তাহলে যেটুকু ব্যবস্থা করা যায় সেটাও বানচাল হয়ে যায়। পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য যেখানে কেরোসিন রেশনে পাচ্ছে। ভারতবর্ষের কোথাও এই জিনিস হয়নি। এইচ. এস. ডি. হাই স্পিড ডিজেল সম্পর্কে সেই একটা কথা। আমাদের প্রয়োজন ৬৫০০০ মেট্রিক টন, সেটা আমরা কখনও পাইনা। খরার সময়ে আর একটু ডিজেল পেলে সেচের ব্যবস্থা আর একটু ভাল ভাবে করা যেত কিন্তু সেটাও আজ পর্যন্ত পাইনি। সেটা না পাওয়া সত্ত্বেও ডিজেলের ব্যাপারে আমরা একমাত্র রাজ্য যে কেন্দ্রের ইচ্ছার বিরুদ্ধে ডিজেলকে রেশন করেছি। বাস বন্ধ হয়ে যাচ্ছে—এই সব কথা ২/১ দিন শুনা গেছে। আজকে আর শুনতে পান? আজকে আর শুনতে পান না। পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য যেখানে এইচ. এস. ডি. হাই স্পিড ডিজেলে এবং কেরোসিনের গোলমাল আছে। আমরা জানি গ্যাস সাপ্লাই বাড়ছে এবং এখন কেরোসিন একটু সহজ হয়েছে। সন্দীপবাবু নিশ্চয়ই কেরোসিন কেনেন না, কিনলে জানতে পারতেন যে কেরোসিন তেলে বর্তমানে সেই সঙ্কট আর নেই। কাপড়ের সম্পর্কে এই কথা বলব যে

আগে আমরা কন্ট্রোল ক্লথ ৩৬০৪ বেল পেতাম। এখন তার অর্ধেক হয়েছে। কো-অপারেটিভের মাধ্যমে কাপড় শহরে বিলি হয়ে যেত। কো-অপারেটিভের অধিকাংশ আউট লে গ্রামে নেই। যেকোন লোক এই কন্ট্রোল্ড ক্লথ কিনবে এবং তারপরে খোলাবাজারে চড়া দামে সেই কাপড় বিক্রয় করবে, এটা হতে পারেনা। এই জিনিস বন্ধ করতে হবে। সে জন্য আমরা এখন ঠিক করেছি যে একমাত্র রেশন দোকানের মাধ্যমে এবং তার আয়ের উপর নির্ভর করে দেওয়া হবে। তাতে যদি আমাদের জেলা বদল করে বারে বারে বদলে দিতে হল তাহলে সেই ভাবে কন্ট্রোল্ড ক্লথ দেব। আমাদের প্রয়োজন যেখানে ৯ হাজার বেল, সেখানে আমরা পাই মাত্র ১ হাজার ৮০০ বেল বছরে। যেটুকু কাপড় বিক্রয় হয় সেটা যদি পশ্চিমবঙ্গের সব জায়গায় বিক্রয় করতে হয় তাহলে একটা রুমালও বিক্রয় করা যাবে না। অতএব আমাদের ঘুরে ঘুরে করতে হবে। আপনি একটু হিসাব করে দেখবেন যে ১ হাজার ৮০০ বেল কাপড় কয়জন লোক পেতে পারে এবং কতটুকু পেতে পারে। কাজেই আমাদের ঘুরে ঘুরে বিক্রয় করতে হবে। তারপর একসারসাইজ বুক সম্পর্কে বলব যে এগুলি আমরা যথেষ্ট পরিমানে বিলি করার চেষ্টা করেছি। একটা ব্যাপারে বলেন যে শহরাঞ্চলে আগে হয়। কেন হয় জানেন? একটা জিনিস বিলি করতে গেলে তার একটা ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে হল। কলকাতা শহরে একটা ইনফ্রাস্ট্রাকচার আছে এবং তার পরে গ্রামে চলে যেতে হল। এখানে এফ. সি. আই সম্পর্কে বলা হয়েছে। এফ. সি. আই এর দায়িত্ব সম্পর্কে আমি পরে বলবো। এফ. সি. আই-এর দায়িত্ব আমাদের ঘাড়ে এসে পড়ায় আমাদের একটা মস্তবড় লাভ হয়েছে। অর্থাৎ সারা পশ্চিমবাংলায় আমাদের হাতে অন্তত ১৬০টি গুদাম চলে আসছে। ফলে আমাকে নতুন করে গুদাম ভাড়া করতে হবে না, নতুন লোক রাখতে হবে না, নতুন ম্যানেজার রাখতে হবে না, নতুন হিসাব পরীক্ষক রাখতে হবে না এবং আমরা এসব জায়গায় অন্তত আমাদের জিনিসগুলি রাখতে পারব। এখন কি অবস্থা হচ্ছে? আমাদের রাখার জায়গা নেই। প্রত্যেক জায়গায় গুদাম ভাড়া করে সারা বছর বসে থাকা সম্ভব নয়, সেভাবে গভর্নমেন্ট চলতে পারে না, পাবলিক মানি দিয়ে সেভাবে কাজ হয় না। শুভ-বুদ্ধি সম্পন্ন মানুষ একথা ভাবতে পারে না, ভাবা উচিত নয়। এখানে কাপড়ের কথা বলা হয়েছে। আমরা যখন বলেছি প্রথম গ্রামের গরিব মানুষদের কাপড় দেওয়া হোক, তখন আমাদের বলা হচ্ছে, কলকাতায় কি গরিব নেই? হ্যাঁ কলকাতায় গরিব আছে। কিন্তু আমি তো আগেই বলেছি, সব জায়গায় দেবার মতো অবস্থা নেই, সেইজন্য একটা জায়গা থেকে শুরু করতে হবে। এই প্রসঙ্গে আমি বলব যে, আপনারাই তো গরিবের কথা ভেবে ১৯৫৬ সালে কলকাতা থেকে স্ট্যাটুটরি রেশনিং তুলে দিয়েছিলেন! এখন একটু চিন্তা করে দেখবেন স্ট্যাটুটরি রেশনিং থাকা দেশের পক্ষে উপকারের, না অপকারের। তারপরে ম্যাচবক্স যথেষ্ট পরিমাণে সরবরাহ নাই বলা হয়েছে। আমরা যতটুকু পাচ্ছি ততটুকুই ছড়িয়ে দিচ্ছি। যদি গুদামগুলি আমাদের হাতে আসে তাহলে এব্যাপারে আমাদের কাজের সুবিধা হবে। তবে দেশলাই, গায়ে মাখার সাবান, কাপড় কাচার সাবান এবং চা-এর ক্ষেত্রে খানিকটা এক্সপেরিমেন্ট আমাদের করতে হয়। লোকে কিনবে কিনা, তাদের আমাদের নির্ধারিত দামে এগুলি পছন্দ হবে কিনা, সেটা একটা প্রশ্ন।

আমাদের দেশলাই জনসাধারণ ব্যবহার করবে কিনা, গায়ে মাখা সাবান, জনসাধারণের পছন্দ হবে কিনা, কাপড় কাচা সাবান জনসাধারণ নেবে কিনা দেখতে হবে। সুতরাং যে কোনও জিনিস ছড়িয়ে দিলেই হয় না, এগুলি আগে একটু বিচার করতে হয়, এক্সপেরিমেন্ট করতে হয়। চা-এর ক্ষেত্রে যেমন আমাদের চা মানুষ খাবে কিনা, খোলা-বাজারের চা-এর বদলে এই চা ব্যবহার করবে কিনা, এটা বিচার করতে হবে। সরকার তো বাধ্য করতে পারে না, জনসাধারণের প্রতি অবিচার করবার কোনও অধিকার আমাদের নেই। সুতরাং যেখানে ইনফ্রাস্ট্রাকচার আছে সেখানে প্রথমে এক্সপেরিমেন্ট করে তারপরে গ্রামে ছড়িয়ে দিতে হবে। সেই হিসাবে আমরা প্রথমে কলকাতায় কিছুটা এক্সপেরিমেন্ট করে তারপরে পুরুলিয়া এবং কুচবিহার বাদে—ঐ দুটি জায়গায় কিছু বিশেষ অসুবিধা আছে—সমস্ত জেলায় ছড়িয়ে দিয়েছি। সন্দীপবাবু ওখান থেকে হাত নাড়ছেন, হাত নেড়ে লাভ নেই, চৌরঙ্গিতে বসে গ্রামের কথা জানা যায় না। উনি আমাকে বললেন শহরের মানুষ। আমি ওঁকে বলি, উনি তো সেদিনের লোক কতটুকু জানেন। আমি স্বামী সদানন্দের সঙ্গে গ্রামে ঘুরেছি, ইন্দুলাল যাজ্ঞিক-এর সঙ্গে ঘুরেছি, বঙ্কিম মুখার্জির সঙ্গে গ্রামে গ্রামে ঘুরেছি। আপনি এসব জানেন না, আপনি তখন রাজনীতিতে আসেননি। তারপরে সিমেন্টের ব্যাপারে অবশ্য দুর্নীতি একটু আছে এবং এটা আমরা জানি। সিমেন্টের ব্যাপারে দুর্নীতি থাকার কারণ চাহিদা অনুপাতে যোগানের বিরাট অভাব। তারপরে আমাদের প্রতিটি বিন্দু সিমেন্ট ব্যবহার করা হয় কন্ট্রাক্টরের মাধ্যমে, সেটা সরকারি ডিপার্টমেন্টেই হোক বা বেসরকারি ক্ষেত্রেই হোক, কন্ট্রাক্টরের মাধ্যমে সিমেন্ট ব্যবহার করা হয়। এর ফলে হচ্ছে কি, যেখানে সিমেন্ট চার বস্তা লাগবে সেখানে ২ বস্তা ২।। বস্তা সিমেন্ট ব্যবহার করে এবং বাকিটা নিয়ে দুর্নীতি করে, কালোবাজারি করে। সারা দুনিয়ার এই জিনিষ চলছে। অবশ্য এসব আপনারা যদি জানতে না চান, তাহলে আপনাদের কেউ জানাতে পারবে না। বাকি সিমেন্টটা কন্ট্রাক্টরের মারফত ব্যাপক-ভাবে চুরি হয়। সিমেন্ট বণ্টনের ক্ষেত্রে ২৫% ফ্রি রাখা হয়েছে যেখানে আমাদের রাজনৈতিক নেতারা এবং অ্যাডমিনিস্ট্রেশন নজর দিতে পারছে না। রাজনৈতিক নেতাদের নিশ্চয়ই নজর দেওয়ার অধিকার আছে।

[5-10 – 5-20 p.m.]

সেখানে তাঁরা বলতে পারেন না, অ্যাডমিনিস্ট্রেশনকে বলতে পারেননা। কথা উঠেছে পঞ্চায়েতকে কেন দায়িত্ব দেওয়া হচ্ছে না? পঞ্চায়েতকে দায়িত্ব দিলে একটা মুশকিল আছে, মহামান্য হাইকোর্ট আছেন। পঞ্চায়েতের মাধ্যমে আমরা হাস্কিং মেশিন সম্পর্কে একটা কাজ করতে গিয়েছিলাম, আমরা ঠিক করেছিলাম যে প্রত্যেক মৌজায় একটা করে দিয়ে পঞ্চায়েতকে জিজ্ঞাসা করে দেখব যে কোথায় কত লাগবে বা আর লাগবে কিনা? কিন্তু কি ব্যাপার—এটা যদি বিরোধীদলের পঞ্চায়েত হত তাহলে পঞ্চায়েতের পরামর্শ নিলে হাইকোর্ট হয়ত কিছু বলতেন না।

**শ্রী সন্দীপ দাস ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি

ভাষণে অনেক অবজেকশনেবল কথা বলেছেন আমার সম্পর্কে কিন্তু হাইকোর্টের জাজমেন্ট সম্পর্কে তিনি বলছেন যে বিরোধীপক্ষের পঞ্চায়েত হলে Is it with in the Jurisdiction of the Hon'blee Minister to make aspertions on the Hon'blee High Count ?

**Mr. Deputy Speaker :** I know what is what. please take your seat.

**শ্রী সুধীন কুমার ঃ** বিধানসভায় সবকিছু খুলে বলবার অধিকার সকলের আছে। শুধু মন্ত্রী নয় সকল মাননীয় সদস্য এমনকি সন্দীপ দাস মহাশয়েরও আছে যে কথাটা হয়ত তিনি বাইরে বলতে পারবেন না এখানে স্বাধীন ভাবে বলার অধিকার আছে। কাজেই সেই স্বাধীন সত্য কথাটা জানিয়ে রাখা ভাল—হাস্কিং মেশিনের ব্যাপারে অসুবিধা হয়েছিল বলেই আমরা কোন জায়গাতেই পঞ্চায়েতকে দায়িত্ব দিতে চাইনা। কারণ সেটা সরকারি বিভাগ নয়, অতএব সরকারি বিভাগের কর্মচারী ঐ বি. ডি. ও. আছেন, এবং আমরা আইনের সম্বন্ধে খোঁজ খবর নিয়ে ঐ বি. ডি. ও. কে ক্ষমতা দেওয়া হয়েছে। আমরা পঞ্চায়েত সদস্যদের দিতে পারছি না আইনের বাধা আছে এতএব পঞ্চায়েত এবং সরকারি কর্মচারী বি. ডি. ও'র হাতে এই ক্ষমতা দেওয়া হয়েছে। যদি আপনারা সেই রাজনৈতিক ক্ষমতা ব্যবহার করতে পারেন তার থেকে ভাল কথা আর কিছু নেই। আপনারা দেশের নেতা, জনসাধারণের প্রতিনিধি। যাই হোক সিমেন্টের ব্যাপারে আজকে যদি কন্ট্রাক্টরের মাধ্যমে দিয়ে ব্যবহার না হত, গভর্নমেন্ট কন্ট্রাক্টর ব্যবহার করে, ব্যক্তিও কন্ট্রাক্টর ব্যবহার করে, আর একজন বিধানসভার সদস্য তাঁকে সম্মান করে ডুপলিকেট দিয়েছে, সম্মান করতে গিয়ে হয়ত অপরাধ করেছে, এখানে ডুপলিকেট বা অরিজিনাল তাঁর কাছে দেওয়া হয়েছে তাতে দুটো জিনিসই এক জায়গায় গেছে কিনা সেটা অনুসন্ধান করতে হবে, দুটোই এক জায়গায় দুটো সিমেন্টই এক জায়গায় উদ্ধার হয়েছে কিনা সেটা দেখতে হবে। আপনাদের জেনে রাখা দরকার আমরা একটা ভীষণ বিপদে পড়েছি, সফট কোকের ব্যাপারে। মহামান্য কোল ইণ্ডিয়া লিমিটেড, মহামান্য হাইকোর্ট, মহামান্য রেলওয়ে ব্যবস্থা আরও অনেক মহামান্য ব্যক্তি আপনাদের মধ্যে জড়িত হয়ে রয়েছেন। এই কয়লা বিতরণের ব্যাপারে কিছু বিপর্যস্ত করছেন। কয়লা সম্পর্কে যাঁরা ঠিক করেছেন কলকাতাকে কয়লা কোলিয়ারী থেকে দেবেন না এখানে ডাম্প করে জনসাধারণকে সস্তায় বিক্রি করার জন্য দেবেন। ডাম্প এখানে নেই, সেখানে কোলিয়ারী থেকে কয়লা কলকাতা ও হাওড়ার জন্য যা প্রয়োজন তার অর্ধেকও আসেনা। দ্বিতীয়ত জেলার মধ্যে যা দিয়েছেন হাওড়ায় তা দেবেন না, তৃতীয়ত কেন্দ্রের গভর্নমেন্টের কাছে আমরা বার বার লিখেছি যে স্ট্যাটুটারী প্রাইস কন্ট্রোল অন কোলিয়ারী করার অনুমতি দিন।

[5-20 – 5-30 p.m.]

আপনাদের জানা দরকার কোনও বস্তুর প্রয়োজনে প্রাইস ফিক্স করতে গেলে সেটা

অনুমোদন সাপেক্ষ। আমরা সেই অনুমোদন চেয়েছি কিন্তু সেটা গ্রাহ্য হয়নি। এইভাবে দিনের পর দিন দাম বেড়ে যাচ্ছে। তারা বলেছিলেন কোল প্রাইসেস স্ট্যাটুটারি কন্ট্রোল করবেন। আমি আর দু তিনটি কথা আপনার সামনে রাখব।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ৫টা ১৭ মিনিটে শেষ হয়ে যাচ্ছে কিন্তু মন্ত্রী মশায় বলছেন আরও কিছু কথা বলবেন। সেজন্য ২৯০ ধারা অনুযায়ী আরও ১০ মিনিট টাইম চেয়ে নিলাম।

**শ্রী সুধীন কুমার ঃ** যদি সমস্ত জিনিসের দাম কেন্দ্রীয় সরকার বাড়িয়ে দিয়ে থকেন এবং তারা যদি সর্বভারতীয় ক্ষেত্রে বাড়িয়ে দেন তাহলে আমাদের এখানে দিনের পর দিন দাম বেড়ে যাচ্ছে আপনারা সেই হিসাবটা একটু দয়া করে শুনুন। যেটা গত ২ বছরের হিসাব চরণ সিং মন্ত্রিত্বের সময় এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীর সময়। গ্রামের কি অস্বাভাবিক অবস্থা হয়েছে কেন্দ্রীয় সরকারের ইকনোমিক রিভিউর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। চরণ সিং-এর আগের বছর থেকে ২১.৪ পারসেন্ট দাম বেড়ে গিয়েছিল এবং ইন্দিরা গান্ধীর এক বছরের মধ্যে বেড়েছে ১৯.১ পারসেন্ট। প্রাইমারী আর্টিকেল চরণ সিং-এর আগের বছরে বেড়েছে ১৯.৪, শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমলে ১৮.৭। ফুড আর্টিকেল চরণ সিং-এর সময় বেড়েছে ১১.৩ ইন্দিরা গান্ধীর সময় ১৩.২। মাছ, মাংস এবং ডিম চরণ সিং-এর সময় ১৪.৫ পারসেন্ট ইন্দিরা গান্ধীর সময় ১৭.৮। ফুয়েল, পাওয়ার, লুব্রিকেশন চরণ সিং-এর সময় ২০.৭। সুগার চরণ সিং-এর সময় বেড়েছিল তার আগের বছরের তুলনায় ৭৩.৪—ইন্দিরা গান্ধীর সময় ৪৯.৩ পারসেন্ট। এডিওবেলওয়েল চরণ সিং-এর সময় ২৫.৯ পারসেন্ট, ইন্দিরা গান্ধীর ২০.৭ পারসেন্ট। ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার চালের দাম বাড়িয়েছেন। আমরা গতকাল সংবাদ পত্রে দেখলাম গমের দাম যেভাবে বেড়েছে ১৪৫ প্লাস আরও হবে ইসু প্রাইস এর ফলে পাউরুটির দাম আরও ২৫ পয়সা বেড়ে যাবে। ময়দার দাম বাড়লেই পাউরুটির দাম বাড়বে। কেরোসিন ও ডিজেলের দাম বেড়েছে। রেলের বিষয়ে আমি একটা স্টেটমেন্ট পরে দিয়ে দেব। রেলের প্রতিটি আইটেমের যতদুর যাবে তার পরিবহন খরচা অতদূর বেড়ে যাবে। তাছাড়া লোহার দাম বেড়েছে, কয়লা ২০ পারসেন্ট বেড়েছে এই অবস্থার মধ্যেও আমাদের এখানে প্রাইসের স্ট্যাবিলিটি আছে। এটা ব্যক্তিগত কৃতিত্বের প্রশ্ন নয় প্রশ্নটা হচ্ছে নীতির এবং জনসাধারণের সমর্থনের প্রশ্ন। অর্থাৎ আমাদের কর্মীর কর্ম ক্ষমতার প্রশ্ন এর সঙ্গে জড়িত। পশ্চিমবাংলার ভোগ্য পণ্যের মূল্য যে স্তরে আছে সেটা সুখকর। ভারতবর্ষের অন্যান্য রাজ্য বিহার, ইউ. পিতে গিয়ে দেখুন সেখানে বলবার কিছু নেই অথচ আমাদের এখানে বলবার রাস্তা আছে। পঞ্চায়েত সম্বন্ধে এখানে এনকোয়ারির কথা উঠেছে। এবং পঞ্চায়েতের উপর ওদের যত রাগ। অথচ ওরা সবাই জন প্রতিনিধি। আমাদের কোন ক্রটি নেই এই কথা আমি বলছি না। সাড়ে ৫ কোটি লোকের একান্ত প্রয়োজনীয় জিনিসের সরবরাহের দায়িত্ব কম নয়। ক্রটি আছে এই কথা আমরা স্বীকার করি। কিন্তু ক্রটি আমাদের কতটা আর যারা ৩০ বছর ধরে দুর্নীতি অরাজকতার সৃষ্টি করে গেছেন তাঁরা কতটা দায়ী

সেটা বুঝতে হবে। প্রফুল্ল সেন মহাশয় ৫ লক্ষ টন প্রোকিওরমেন্ট করে ছিলেন। এবং প্রোকিওরমেন্ট করে কেন্দ্রের কাছ থেকে কত নিয়েছিলেন তার হিসাবটা একটু দেখবেন। কিন্তু আমরা কেন্দ্রের উপর কম নির্ভরশীল। আজকে চালের দাম একটা স্থিতাবস্থায় আছে বর্ষিয়ান নেতা যতই প্রোকিওরমেন্ট করুন না কেন তাঁর সময়ে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরতা অনেক বেশি ছিল। সিদ্ধার্থ রায় মহাশয়ের আমলেও অনেক বেশি ছিল। কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে কেন্দ্রের উপর নির্ভরতা অনেক কম। অথচ আমরা দামের স্থিতাবস্থা বজায় রাখছি। এই কথা বলে আমি শেষ করছি এবং অনুরোধ করছি আপনারা এই বাজেট অনুমোদন করবেন।

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs. 44,46,000 be granted for expenditure under Demand No. 43, Major Head :

"288-Social Security and Welfare (Civil Supplies)"., was then put and agreed to.

### Demand No. 54

**Mr. Deputy Speaker :** There is one cut motion but as the member s absent the cut motion is not moved.

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs. 4,21,11,00,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "309-Food, 509—Capital Outlay on Food and 709—Loans for Food", was hen put and agreed to.

### Demand No. 55

**Major Heads : 310–Animal Husbandry and 510–Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)**

**Shri Amritendu Mukherjee :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 14,39,95,000 be granted for xpenditure under Demand No. 55, Major Heads : "310–Animal Husandry and 510–Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)".

### Demand No. 56

**Major Heads : 311–Dairy Development, 511–Capital Outlay Dairy Development (Excluding Public Undertakings), and**

**711–Loans for Dairy Development (Excluding Public Undertakings)**

**Shri Amritendu Mukherjee :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 25,32,40,000 be granted under Demand No. 56, Major Heads : "311–Dairy Development, 511–Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings), and 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings)".

পশ্চিমবঙ্গর প্রধানত গ্রামীণ ও কৃষি অর্থনীতিতে পশুপালনের বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকার কথা অস্বীকার করা যায় না। যেসমস্ত লক্ষ লক্ষ অর্ধনিযুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং কৃষি শ্রমিক দারিদ্রসীমার নিচে জীবনধারণ করছেন; পশুপালন ও সংশ্লিষ্ট কার্যসূচি তাদের সামনে আংশিক কর্মসংস্থান ও পরিপূরক আয়ের সুযোগ সৃষ্টি করে এবং একই সঙ্গে মাংস, দুধ ও ডিমের মতো অবশ্য প্রয়োজনীয় উচ্চশ্রেণীর প্রোটিন খাদ্যের উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করে। এই প্রোটিন চাহিদা শহরে ও গ্রামাঞ্চলে উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলেছে। এই রাজ্যের পশুপালন অধিকার ১৯৮১-৮২ সালের জন্য, এই উদ্দেশ্যে ৩ কোটি ২৫ লক্ষ টাকার কর্মসূচি প্রস্তুত করেছেন। এই টাকার পরিমাণ ১৯৮০-৮১ অপেক্ষা ১১ লক্ষ ৬৭ হাজার টাকা বেশি।

গো-উন্নয়ন

দেশি গরুর দুধ উৎপাদনের গড় খুবই অল্প। এই পরিমাণ বছরে মাথা পিছু ২৮০-৩০০ লিটার মাত্র। দেশি গরু সাড়ে তিন বছর বয়স হলে প্রসবোপযোগী হয় এবং দুই বিয়ানের মাঝের বিরতিকাল প্রায় ১৮ মাস।

দেশি গরুর দুধ উৎপাদনক্ষমতা বৃদ্ধির জন্য—বিদেশী উন্নতজাতের ষাঁড়ের সাহায্যে দেশি গরুর বংশধারার উন্নতি বিধানের উদ্দেশ্যে বিস্তৃত কর্মসূচি গ্রহণ করা হয়েছে এই কর্মসূচির উদ্দেশ্য হল একদিকে বিদেশি গরুর অধিক দুধ উৎপাদনক্ষমতা এবং দেশি গরুর রোগ প্রতিরোধ ক্ষমতা ও স্থানীয় জলবায়ুকে মানিয়ে নিয়ে চলবার ক্ষমতার মিশ্রণ ঘটিয়ে এক উন্নত বংশধারাব সৃষ্টি করা। এই ভাবে যে সংকর গরু জন্মেছে সেগুলি গড়ে বছরে ১,৫০০ থেকে ২,০০০ লিটার পর্যন্ত দুধ দেয়। এই গরুগুলি সাড়ে তিন বছরের জায়গায় আড়াই বছরের মধ্যে দুধ দেবার উপযোগী হয়। এদের দুই প্রসবকালের ব্যবধান ১৮ মাসের জায়গায় ১৩-১৪ মাসে নেমে এসেছে।

নিবিড় গো-প্রজনন প্রকল্প, কী ভিলেজ প্রকল্প, এবং পার্বত্য এলাকা উন্নয়ন ও খরাপীড়িত অঞ্চল উন্নয়ন কর্মসূচি প্রভৃতি বিশেষ প্রকল্পের মাধ্যমে গো-উন্নয়নের সমগ্র পরিকল্পনা রূপায়িত হচ্ছে।

এ পর্যন্ত ৭টি নিবিড় গো-প্রজনন প্রকল্প চালু করা গিয়েছে এবং ১৯৮০-৮১ সালের শেষে এরূপ আরও দুটি প্রকল্প চালু করার প্রস্তাব রয়েছে। এর ফলে অতিরিক্ত ১ লক্ষ ৪৮ হাজার গাভীকে সংকর প্রজননের আওতাভুক্ত করা যাবে। ১৯৮১-৮২ সালে বাঁকুড়া জেলায় আরও একটি নিবিড় গো-প্রজনন প্রকল্প স্থাপন করার প্রস্তাব রয়েছে। উদ্দেশ্য আরও ৬০ হাজার গাভী সংকর প্রজনন ব্যবস্থায় আওতাভুক্ত হবে। ৮১-৮২ সালের শেষে নিবিড় গো-প্রজনন প্রকল্পের সংখ্যা ১০টিতে গিয়ে দাঁড়াবে। এখানে আমি উল্লেখ করতে চাই যে ১৯৭৭ সালে যখন বর্তমান সরকার শাসনক্ষমতায় আসেন তখন এই প্রকল্পের সংখ্যা ছিল ৪টি মাত্র। বর্তমান বৎসরে এই প্রকল্পের জন্য বরাদ্দ রয়েছে ৫২ লক্ষ টাকা ১৯৮১-৮২ সালে এই বাবত ৬০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব রয়েছে।

অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে সুবিস্তৃতভাবে সঙ্কর গো-প্রজননের কাজ চালাতে হলে, বিদেশি উন্নত পুংবীজের প্রক্রিয়ণ, সংরক্ষণ ও বিতরণের বিশেষ ব্যবস্থা থাকা আবশ্যিক। সেজন্য প্রতি ১০,০০০ গাভী পিছু একটি করে সঙ্কর প্রজননকেন্দ্র এবং প্রতি ১,০০০ গাভী পিছু একটি করে উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। ১৯৭৭ সালে যেখানে ২২টি কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র, ৯৩টি গো-প্রজনন কেন্দ্র এবং ৮১৪টি উপকেন্দ্র ছিল, সেক্ষেত্রে এ পর্যন্ত ৩৫টি কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র, ১১৯টি গো-প্রজনন কেন্দ্র ও ১০৯৩টি উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। এর দ্বারা ১০ লক্ষ ৬৯ হাজার গাভীকে সংকর প্রজননের আওতাভুক্ত করা গিয়েছে।

গত ডিসেম্বর মাস পর্যন্ত ২,৬০,০০০টি গাভীকে নিষিক্ত করা হয়েছে। এর ফলে ৮৩,০০০টি উন্নত গো বৎস জন্মেছে। বর্তমান আর্থিক বৎসরের শেষে এই সংখ্যা যথাক্রমে ৩ লক্ষ ১০ হাজার এবং ৯০ হাজারে পৌঁছাবে বলে আশা করা যায়।

এই সুবিস্তৃত সঙ্কর গো-প্রজনন কর্মসূচির সকল রূপায়ণের জন্য বিদেশি ষাঁড়ের সরবরাহ অব্যাহত থাকা প্রয়োজন। এই উদ্দেশ্যে শালবনীতে একটি বিদেশি ষণ্ড উৎপাদন খামার স্থাপন করা হয়েছে। ভারত সরকারের মাধ্যমে অস্ট্রেলীয় সরকারের নিকট থেকে প্রাথমিক সরবরাহ পাওয়া গেলেই খামারটি চালু করা সম্ভব হবে।

যাতায়াতের অসুবিধার জন্য যে সমস্ত অঞ্চলে বৈজ্ঞানিক গো-প্রজননের কাজে উন্নত গো-বীজ সরবরাহ করার ব্যবস্থা করা সম্ভব নয়, সে সব অঞ্চলে প্রাকৃতিক উপায়ে গো-প্রজননের উদ্দেশ্যে হরিণঘাটা কল্যাণী খামার থেকে বিনামূল্যে ষাঁড় বিতরণ করা হয়। বর্তমানে বছরে ১২৭টি ষাঁড় বিতরণ করা হচ্ছে। আগামী বছরে ১৫০টি ষাঁড় বিতরণ করা হবে। বিশেষ কোনও ব্যক্তির কাছে না রেখে ভবিষ্যতে পঞ্চায়েতের মাধ্যমে ষাঁড় বিতরণের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

কৃত্রিম গো-প্রজননের কাজের সুযোগ সম্প্রসারণের জন্য গ্রামের যুবকদের কৃত্রিম প্রজনন

বিষয় প্রশিক্ষণ দেবার প্রস্তাব রয়েছে, যাতে তারা সর্বনিয়োগের ভিত্তিতে এই কাজ সম্পন্ন করতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিমায়িত পদ্ধতির সাহায্যে গো-বীজ সংরক্ষণের জ্ঞান পৃথিবীব্যাপী উন্নত দেশগুলি গ্রহণ করেছে। হল্যাণ্ড সরকারের সহায়তায় আমরাও এই পদ্ধতি গ্রহণ করবার সিদ্ধান্ত নিয়েছি। প্রথম হিমায়িত গো-বীজ সংরক্ষণ কেন্দ্রটি মেদিনীপুর জেলায় স্থাপন করা হবে। এর জন্য হল্যাণ্ড সরকারের সাহায্য ছাড়াও অতিরিক্ত মোট ১৫ লক্ষ ৩০ হাজার টাকা ১৯৮১-৮২ সালে ব্যয় করা হবে।

দেশি গরুর তুলনায় সঙ্কর গরু প্রতিপালন বেশি কঠিন। এদের বাড়বাড়ন্ত বেশি। অল্প দিনেই বাচ্চা দেবার ক্ষমতা অর্জন করে। দুধ উৎপাদনের সামর্থ্য ও অধিক। তাই দেশি গরুর তুলনায় সঙ্কর গরু প্রতিপালনে খরচও বেশি। ফলে ক্ষুদ্র, প্রান্তিক চাষী এবং কৃষি মজুরদের আর্থিক কাঠামোয় সঙ্কর গরুর জন্ম থেকে প্রথম দুধ দেবার সময়কাল পর্যন্ত সুষ্ঠু প্রতিপালন সম্ভব নয়। এ কারণে বিশেষ পশুপালন প্রকল্প এবং খরা পীড়িত অঞ্চল প্রকল্প মারফত ঐ শ্রেণীর খামারীদের সঙ্কর জাতের বক্না পালনের জন্য অনুদান দেবার ব্যবস্থা করা হয়েছে। এই প্রকল্পের অধীনে ৪ মাস বয়স থেকে ২৮ মাস বয়স পর্যন্ত বক্না প্রতিপালনের জন্য খরচের ৫০ শতাংশ সরকারি অনুদান হিসেবে যোগ্য খামারীদের দেওয়া হয়। অবশিষ্ট খরচ ব্যাঙ্ক ঋণ থেকে মেটাবার ব্যবস্থা রয়েছে। ১৯৮০ সালের নভেম্বর পর্যন্ত ১,৭৩৬টি বক্না এই কর্মসূচির অন্তর্ভুক্ত হয়েছে; আরও ৯৭২টি ক্ষেত্রে নির্বাচন এবং ৪১৬টি ক্ষেত্রে ঋণদানের বিষয়টি ব্যাঙ্কের বিবেচনাধীন রয়েছে। ১৯৮১-৮২ সালে এই প্রকল্পটি চালু রাখার জন্য বাজেটে ১০ লক্ষ টাকা রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপজাতি শ্রেণীর আর্থিক উন্নতি বিধানের জন্য এবছরে ২টি করে গাভী নিয়ে ১টি ইউনিট হিসেবে মোট ৯০ ইউনিট 'হাউস ডেয়ারী' স্থাপন করা হচ্ছে। পশুমূল্যের ৫০ শতাংশ এবং খাদ্যবাবত দুমাসের খরচ, পরিবহণ খরচের ১০ শতাংশ এবং বিমা খরচ অনুদান হিসেবে দেওয়ার প্রস্তাব রয়েছে। একই ধরনের প্রকল্প তফসিলি শ্রেণীর কল্যাণে নেওয়া হয়েছে। এক্ষেত্রে একটি করে সঙ্কর গাভী নিয়ে মোট ২৯৯টি ইউনিট স্থাপনের ব্যবস্থা করা হচ্ছে। সরকারি অনুদানের হার উপজাতি কল্যাণের জন্য যেরূপ নির্ধারিত হয়েছে এক্ষেত্রেও তাই রাখা হয়েছে। এছাড়া, তফসিলি শ্রেণীর কল্যাণে পশুপালন ও পশুচিকিৎসা সংক্রান্ত বিশেষ প্রকল্প রূপায়ণের জন্য কেন্দ্রের সহায়তা হিসেবে প্রাপ্তব্য ৬০ লক্ষ টাকা সম্প্রতি রাজ্যের তফসিলি ও উপজাতি কল্যাণ দপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে। এই টাকা প্রাপ্তব্য মোট সাহায্যের শতকরা ৫০ ভাগ। এই টাকা কালেক্টর এবং সকল জেলা পরিষদের নির্বাহী আধিকারিকদের নিকট ন্যস্ত করা হয়েছে।

১৯৭৬-৭৭ সালে এই রাজ্যে দুগ্ধ উৎপাদনের পরিমাণ ছিল ১০.৬৪ লক্ষ মেট্রিক টন। ১৯৮০-৮১ সালে এই রাজ্যে দুধের উৎপাদন ১২.৮০ লক্ষ মেট্রিক টন হবে বলে আশা করা

যায়। ১৯৮১-৮২ আর্থিক বছরে দুধ উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৩.৩৮ লক্ষ মেট্রিক টনে ধার্য করা হয়েছে।

**পশু খাদ্য উন্নয়ন**

গো-উন্নয়ন কর্মসূচির সফলতা উন্নত ধরনের পশুখাদ্য শস্য উৎপাদনের সাফল্যের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। এতদ্ব্যতীত দুধের দাম সাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে ধরে রাখা সম্ভব নয়। বর্তমান বছরে হরিণঘাটা-কল্যাণী কমপ্লেক্সে পশুখাদ্য শস্য চাষ নিবিড়তর করা হচ্ছে। চাষযোগ্য মোট জমি অর্থাৎ প্রায় ১,০০০ একর পরিমাণ জমিতে জলসেচের সুযোগ সম্প্রসারণের ব্যবস্থা হচ্ছে। এজন্য দুটি গভীর নলকূপ খননের ব্যবস্থা হচ্ছে। পুরানো ট্রাক্টরগুলির পরিবর্তে নূতন ট্রাক্টর কেনার ব্যবস্থা করা হয়েছে। শালবনী খামারে চাষযোগ্য জমির পরিমাণ প্রায় ১,১০০ একর। এই খামারে সেচের ব্যবস্থা প্রসারের জন্য খামারের পার্শ্ববর্তী নদীর সাহায্যে 'লিফ্‌ট ইরিগেশন' এর ব্যবস্থা করার প্রস্তাব করেছে। ১৯৮১-৮২ সালের বাজেটে এজন্য অর্থ বরাদ্দ করা হয়েছে।

উন্নতজাতের বীজের অভাবে এরাজ্যে পশুখাদ্য শস্য চাষ বিশেষ ভাবে ব্যাহত হচ্ছে। ১৯৮০-৮১ সালে বিভিন্ন সরকারি খামারে ৩০.৬ মেট্রিক টন উন্নত শস্যবীজ এবং ১৯,৮০৪.৬ মেট্রিক টন কাঁচা ঘাস প্রভৃতি উৎপাদিত হয়েছে যে সব অঞ্চলে উপযুক্ত সংখ্যক সংকর গরু রয়েছে সে সব স্থানে উদ্বৃত্ত কাঁচা পশুখাদ্য উচিতমূল্যে বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। বিগত আর্থিক বছরে খামারীদের মধ্যে ২,৭৮৬ মেট্রিক টন কাঁচা শস্য এবং সংরক্ষিত শস্য খামারীদের মধ্যে বিক্রয় করা হয়েছে।

পশুখাদ্য শস্য চাষে উৎসাহ বৃদ্ধির জন্য ১৯৮০-৮১ সালে খামারীদের মধ্যে ৫,৩৫৮টি 'মিনিকিট', ৬৪৭.৭৫ কুইন্টাল শস্যবীজ এবং চারা, ৩১০টি খড় কাটার যন্ত্র বিতরণ করা হয়েছে। এছাড়া খামারীদের নিজ নিজ জমিতে ৪৫টি কূপ খনন করা হয়েছে এবং ১২,২৯৫ কাঠা জমিতে প্রদর্শন খামার স্থাপন করা হয়েছে। পশুখাদ্য শস্য চাষের জন্য বর্তমান বছরের বাজেট বরাদ্দের ৬ লক্ষ ৮২ হাজার টাকার পুরোটাই খরচ হয়ে যাবে বলে আশা করা যায়। পশুখাদ্য শস্য চাষের বিষয়টির গুরুত্ব বিবেচনা করে, ১৯৮১-৮২ সালের বাজেটে এ বাবত ২২ লক্ষ ১৬ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। এ ছাড়া খরাপীড়িত এলাকা উন্নয়ন প্রকল্পের অধীনেও ৩ লক্ষ ৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। পশুখাদ্য বিজ্ঞানীদের তত্ত্বাবধানে দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে পশুখাদ্য চাষের উন্নতিবিধানের জন্য আনুমানিক ১৩ লক্ষ টাকা ব্যয়ে একটি বিশেষ পশুখাদ্য উন্নয়ন ইউনিট স্থাপনের প্রস্তাব রয়েছে।

**মুরগি পালন**

ছোট বড় নিয়ে পশ্চিমবঙ্গে মোরগ-মুরগির সংখ্যা বর্তমানে ১.৫৪ কোটি। দেশি মুরগির মাথাপিছু বছরে ডিম উৎপাদনের ক্ষমতা গড়ে প্রায় ৭০টি। মুরগি শিল্পের উন্নতির জন্য

প্রয়োজন মুরগির উৎপাদন ক্ষমতা বাড়ানো। উপযুক্ত রক্ষণাবেক্ষণ এবং নিয়মিত ও নির্ভরযোগ্য বিপনন ব্যবস্থা চালু করা। আমাদের মুরগি-উন্নয়ন প্রকল্পে আছে উন্নতজাতের বাচ্চা ও ডিমপাড়া মুরগি সরবরাহ, আদর্শ পরিচালনপদ্ধতি প্রদর্শন এবং বিপননের সুনিশ্চিত ব্যবস্থা।

পশ্চিমবঙ্গে বর্তমানে ১৩টি রাষ্ট্রীয় মুরগি খামার, দুইটি মুরগি পরিবর্ধন কেন্দ্র, চারটি আঞ্চলিক খামার, নয়টি মুরগি সম্প্রসারণ কেন্দ্র ও ১০টি ব্লক মুরগি খামার আছে। এখানে উন্নতজাতের মুরগি উৎপাদন করা হয় এবং আদর্শ প্রতিপালন পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা আছে। টালিগঞ্জ রাষ্ট্রীয় খামারে মুরগির উৎপাদন সামর্থ বাড়ানোর উদ্দেশ্যে নির্বাচিত (সিলেকটিভ) প্রজনন কর্মসূচি চালু করা হয়েছে। এই খামারে উৎপাদিত উন্নত মুরগি গ্রামাঞ্চলে মুরগি উন্নয়নের কাজে ব্যবহার করা হবে। বিশেষ পশুপালন কর্মসূচির আওতায় বর্তমান আর্থিক বছরের নভেম্বর পর্যন্ত (প্রতিটি ইউনিটে ৫০—১০০টি হিসাবে) ৪,৫৬৯টি ইউনিট—ডিপ-লিটার পদ্ধতিতে চব্বিশ-পরগনা, হুগলি ও নদীয়া জেলার স্থাপন করা হয়েছে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিকদের জন্য নির্দিষ্ট এই কর্মসূচিতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর ক্ষেত্রে শতকরা ২৫ ভাগ এবং কৃষিশ্রমিকদের ক্ষেত্রে শতকরা ৩৩.৫ ভাগ সাবসিডি দেবার ব্যবস্থা রয়েছে।

উপজাতি শ্রেণীর কল্যাণের জন্য ''ইনটিগ্রেটেড ট্রাইবাল ডেভেলপমেন্ট'' প্রকল্পের অধীনস্ত দার্জিলিং, বাঁকুড়া, বর্ধমান, মালদহ, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, চব্বিশ-পরগনা এবং হুগলি জেলায় পরিবার-পিছু ৫৫টি হিসেবে মুরগি দিয়ে ডিপ-লিটার পদ্ধতিতে মুরগি খামার স্থাপন করার প্রস্তাব রয়েছে। খরচের ৫০ শতাংশ সরকারি অনুদান দেওয়া হবে। তফসিলি শ্রেণীর কল্যাণের জন্য 'ব্যাকইয়ার্ড' প্রথায় ১,৫০০ উনিট মুরগি খামার স্থাপন করার প্রস্তাব রয়েছে। প্রত্যেক ইউনিটে ২০টি করে মুরগি থাকবে। এই কর্মসূচিতে পাখীর মূল্যের ৫০ শতাংশ সাবসিডি হিসাবে, পরিবহন খরচ বাবত ৩০ টাকা এবং বিমা খরচ অনুদান হিসেবে দেওয়া হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৭ সালে যখন বর্তমান সরকার শাসনভার গ্রহণ করেছিলেন তখনকার তুলনায় ডিম ও মুরগির উৎপাদন ও বিতরণ উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। ১৯৭৭ সালে ৩১শে ডিসেম্বর পর্যন্ত যেখানে ৪ লক্ষ মুরগি-বাচ্চা বিতরণ করা হয়েছিল সেক্ষেত্রে বর্তমান আর্থিক বছরে এই সংখ্যা ৪.৭০ লক্ষে পৌছাবে বলে আশা করা যায়। ১৯৭৭ সালে ডিম উৎপাদিত হয়েছিল ৬৭ কোটি ৬০ লক্ষ। বর্তমান আর্থিক বছরে ডিম উৎপাদনের পরিমাণ ৮২ কোটি ১০ লক্ষ হবে বলে আশা করা যায়। ১৯৭৭ সালে পোলট্রি মার্কেটিং প্রকল্পের অন্তর্গত খামারগুলি থেকে যথাক্রমে ৩৪ লক্ষ ডিম এবং ২৮ মেট্রিক টন মাংস বিক্রয় করা হয়েছিল। বর্তমান আর্থিক বছরের প্রথম ৮ মাসে প্রায় ৪৮.১৮ লক্ষ ডিম এবং ২৭ মেট্রিক টন মাংস বিক্রয় করা হয়েছে। ১৯৮১-৮২ সালে আমাদের লক্ষ্য হল ৪.৮০ লক্ষ মুরগি-বাচ্চা বিতরণ এবং ৮৪ কোটি ৮০ লক্ষ ডিম উৎপাদন করা। এজন্য বাজেটে ১ কোটি ৮ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

এই রাজ্যে ৫টি ডিম সংগ্রহ ও বিপণন কেন্দ্র আছে। এই বিপনন প্রকল্পের রেজেস্ট্রিকৃত খামারীদের উচিত মূল্যে সুষম মুরগি-খাদ্য সরবরাহ করা হয়। বর্তমান আর্থিক বছরে নভেম্বর মাস পর্যন্ত ১,২০০ জন রেজেস্ট্রিকৃত খামারীর কাছ থেকে ৪০.১৯ লক্ষ ডিম এবং ২৭ মেট্রিক টন ভোজ্য মাসে সংগ্রহ করা হয়েছে। এর বিনিময়ে তাদের ১,৯২০ মেট্রিক টন মুরগি-খাদ্য সরবরাহ করা হয়েছে। আমি এখানে উল্লেখ করতে চাই যে কলকাতার সমস্ত হাসপাতাল এবং জেলগুলিতে প্রয়োজনীয় ডিম এবং মুরগি-মাংস সরকারি বিপনন প্রকল্প থেকে সরবরাহ করা হয়।

প্রারম্ভিক খরচ কম হওয়ার কারণে ক্রমশ বেশি লোক 'ব্যাক ইয়ার্ড' প্রথায় মুরগি পালনের দিকে ঝুঁকছেন। এই প্রথায় মুরগি পালনের জন্য পরিবার পিছু ১০টি হিসেবে ২,৫০০ মুরগি বিনামূল্যে দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে বিতরণ করা হচ্ছে। খরাপীড়িত এলাকা কর্মসূচির অধীনে বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতেও ঐ একই হারে ৯,৫০০ মুরগি বিতরণ করা হচ্ছে। ১৯৮১-৮২ সালে একটি উল্লেখযোগ্য মুরগি উৎপাদন প্রকল্প শুরু করার প্রস্তাব রয়েছে। এই প্রকল্পের 'ব্যাক ইয়ার্ড' প্রথায় মুরগি পালনকে মাঝারি আকারের খামারের সঙ্গে যুক্ত করা হবে এবং গ্রাম পঞ্চায়েত ও আই.আর.ডি.পি. থেকে প্রাপ্ত সুযোগের সাহায্যে প্রকল্পটি চলবে। এই প্রকল্পের উদ্দেশ্য হল প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতের অধীনে একটি করে মুরগি খামারিদের সমবায় সমিতি গড়ে তোলা। এই সমবায় সমিতিগুলিকে ডিম পাড়া মুরগি সরবরাহ করা হবে। তাছাড়া চিকিৎসা এবং খামারিদের প্রশিক্ষণের ব্যবস্থাও করা হবে।

**শূকর উন্নয়ন**

হরিণঘাটা আঞ্চলিক শূকর প্রজনন খামারে বাচ্চা সহ বর্তমানে ১,২৩৫টি শূকর রয়েছে। এছাড়া রাজ্যে আর চারটি শূকর খামার রয়েছে। এর তিনটি আছে দার্জিলিং জেলায়। অপর খামারটি প্রথমে বাঁকুড়া জেলায় স্থাপন করা হয়েছিল কিন্তু পরবর্তীকালে সেটি হরিণঘাটা খামারে স্থানান্তরিত হয়েছে। গ্রামাঞ্চলের শূকর খামারিদের প্রতিপালিত শূকর উন্নয়নের জন্য উন্নত জাতের শূকর সরবরাহ করা হয়। উদ্বৃত্ত শূকর হরিণঘাটা বেকন ফ্যাক্টরিতে সরবরাহ করা হয়। বর্তমান আর্থিক বছরে নভেম্বর মাস পর্যন্ত ৩২৯টি শূকর প্রজননের কাজে খামারিদের সরবরাহ করা হয়েছে এবং ৮৩টি সরবরাহ করা হয়েছে বেকন ফ্যাক্টরিতে।

বিশেষ পশুপালন প্রকল্পের অধীনে ২৪-পরগনা জেলায় ক্ষুদ্র প্রান্তিক চাষী এবং কৃষি মজুরদের সহায়ক আয়ের জন্য ১০টি করে 'ফ্যাটেনার' নিয়ে ৫ বছর সময়ের মধ্যে ৫০০টি শূকর খামার স্থাপনের লক্ষ্য স্থিরিকৃত হয়েছে। শূকরের দাম, ঘর তৈরি ও খাবার বাবদ মোট ব্যয়ের ২৫ শতাংশ অনুদান ক্ষুদ্র/প্রান্তিক চাষীকে এবং সাড়ে ৩৩ শতাংশ অনুদান কৃষি মজুরদের দেওয়া হবে। ১৯৮০ সালের নভেম্বর মাস পর্যন্ত এরূপ ৪৯টি ইউনিট এই প্রকল্পের আওতায় স্থাপিত হয়েছে।

এছাড়া বর্তমান আর্থিক বছরে জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মেদিনীপুর, ২৪-পরগনা ও হুগলি জেলায় নিবিড় উপজাতি উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত এলাকায় উপজাতি শ্রেণীর অর্থকরি কল্যাণের জন্য ৫০টি শূকর ইউনিট রাজ্য পরিকল্পনা মারফৎ এবং ৩০টি ইউনিট বিশেষ কেন্দ্রীয় সহায়তায় স্থাপনের প্রস্তাব করা হয়েছে। প্রতি ইউনিটে চারটি শূকরি ও একটি শূকর থাকবে। শূকরের দাম ও ঘর নির্মাণ খরচের ৫০ শতাংশ অনুদান দেওয়া হবে। এছাড়া প্রতি ইউনিটের জন্য খাবার বাবদ ৩০০ টাকা, পরিবহন বাবদ ৭০ টাকা, ঔষধপত্র এবং বিমা বাবদ ৭০ টাকা অনুদান দেওয়া হবে। খরচের বাকি অংশ লগ্নিকারি প্রতিষ্ঠান 'ল্যাম্পস'-এর কাছ থেকে পাওয়া যাবে।

ঐ একই ধরনের কর্মসূচি এ রাজ্যের তফসিলি শ্রেণীর আর্থিক কল্যাণের জন্য রাজ্য পরিকল্পনা এবং কেন্দ্রীয় সহায়তায় গ্রহণের প্রস্তাব রয়েছে। এই কর্মসূচিতে ১২৫টি শূকর উৎপাদন খামার স্থাপন করা হবে। এ বিষয়ে সরকারি অনুমোদনপত্র পাওয়া গিয়েছে। খামারি নির্বাচনের কাজ চলছে। বিশেষ কেন্দ্রীয় সহায়তায় ১৯৮১-৮২ সালে দার্জিলিং জেলায় দুইটি শূকর খামার স্থাপন করা হবে। এছাড়াও ঐ বছরের পরিকল্পনা খাতে ১.৫০ শতক টাকা শূকর উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়েছে।

**মেষ এবং ছাগ উন্নয়ন**

মেষ ও ছাগ গ্রামীণ অর্থনীতিকে এক বিশিষ্ট ভূমিকা পালন করে। গ্রামাঞ্চলে মেষ উন্নয়নের প্রয়োজনে মেষের চাহিদা পূরণের জন্য হরিণঘাটায় একটি এবং দার্জিলিং জেলার পেডং-এর একটি, মোট দুইটি মেষ খামার রয়েছে। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, মালদা এবং মুর্শিদাবাদে অবস্থিত মেষ সম্প্রসারণ কেন্দ্রগুলিতে উন্নত জাতের মেষ প্রজনন কার্যে ব্যবহারের জন্য রাখা আছে। এই মেষগুলি খামারিদের মেষ উন্নয়ন কার্যে ব্যবহারের জন্য প্রজনন ঋতুতে ঋণ হিসাবে তদারককারিদের দেওয়া হয়ে থাকে।

হরিণঘাটা এবং দার্জিলিং জেলার পেডং-এ একটি করে মোট দুইটি ছাগ উৎপাদন খামার রয়েছে। এছাড়া বীরভূম জেলার সিউড়িতে একটি এবং বাঁকুড়া জেলার রঞ্জিতপুরে একটি, মোট দুইটি ছাগ প্রদর্শন কেন্দ্র রয়েছে। উপজাতি অধ্যুষিত অঞ্চলে উন্নত ধরনের ছাগের চাহিদা পূরণের কাজে এবং উপজাতি শ্রেণীর খামারিদের ছাগ পালন বিষয়ে প্রশিক্ষণ দানের জন্য কেন্দ্র দুটি ব্যবহার করা হয়। বর্তমান আর্থিক বছরে শতকরা সাড়ে ৩৩ ভাগ অনুদানের ভিত্তিতে ছাগ বিতরণের জন্য ১২১টি ক্ষুদ্র/প্রান্তিক চাষী ও কৃষি-শ্রমিক পরিবারকে নির্দিষ্ট করা হয়েছে। এরূপ প্রত্যেক পরিবারকে ৫টি করে ছাগী এবং ১টি ছাগ দেওয়া হবে। এই প্রকল্পটির উদ্দেশ্য হল, পরিবারগুলির জন্য বাড়তি আয়ের সুযোগ করে দেওয়া। একই ভাবে তফসিলি শ্রেণীর কল্যাণের জন্য বর্তমান আর্থিক বছরে ৩৯০টি ছাগ-পালন ইউনিট স্থাপন করার প্রস্তাব রয়েছে। এই প্রকল্পের মাধ্যমে প্রত্যেক তফসিলি পরিবারকে ১০টি ছাগী এবং একটি ছাগ দেওয়া হবে। তফসিলি শ্রেণীর ক্ষেত্রে পশুর মূল্য, ঘর তৈরি এবং খাদ্য

বাবদ খরচের ৫০ শতাংশ এবং পরিবহন, ঔষধপত্র এবং বিমা বাবদ খরচের সম্পূর্ণ অংশই সরকারি অনুদান হিসেবে দেওয়া হবে। এই কর্মসূচি সম্প্রতি সরকারি অনুমোদন লাভ করেছে। যে সমস্ত পরিবারকে সাহায্য দেওয়া হবে, তাদের বাছাই করার কাজ চলছে। উপজাতিদের ক্ষেত্রে ৫টি করে ছাগী ও একটি করে ছাগ দেবার প্রস্তাব রয়েছে। এক্ষেত্রে পশু মূল্যের ৫০ শতাংশ, ৯০ টাকা ঔষধপত্র ও বিমা প্রভৃতি বাবদ এবং ১০০ টাকা পরিবহন খরচ হিসেবে অনুদান দেওয়া হবে। তাছাড়া প্রকল্পটি সফল করতে পারলে প্রত্যেক পরিবারকে 'ইনসেনটিভ' হিসেবে আরও ৩০ টাকা দেওয়া হবে।

খরা পীড়িত এলাকা উন্নয়ন কর্মসূচির অধীনে মেদিনীপুর জেলায় বর্তমান আর্থিক বছরে ১২৫টি ছাগ ইউনিট স্থাপনের জন্য ৬২৫টি ছাগী ও ৫০টি ছাগ বিতরণের প্রস্তাব রয়েছে। প্রত্যেক ইউনিটে ৫টি করে ছাগী ও একটি করে ছাগ থাকবে। একই ভাবে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলার খরা পীড়িত এলাকায় ক্ষুদ্র/প্রান্তিক চাষী এবং কৃষি শ্রমিকদের কল্যাণে ২৫৬টি মিশ্র 'করিয়াডেল' শ্রেণীর মেষ এবং ৭১টি শংকর ষাঁড় বিতরণের কাজ শুরু হয়েছে। এ পর্যন্ত ১৭৬টি মেষ এবং ৫২টি শংকর ষাঁড় বিতরণ করা হয়েছে। ১৯৮১-৮২ সালেও এরূপ প্রকল্প রূপায়নের প্রস্তাব রয়েছে।

**শিক্ষা ও প্রশিক্ষণ**

পশু পালন বিষয়ে অগ্রগতির সঙ্গে সঙ্গে পশু পালনের দিকে ঝোঁক আছে, এরূপ বহু বেকার যুবক এবং খামারি নিজ নিজ খামার স্থাপনের জন্য এগিয়ে আসছেন। এই সমস্ত উৎসাহী খামারিদের পশু পালন, খামার পরিচালনা, পশু খাদ্য ও প্রজনন বিষয়ে কার্যকর প্রাথমিক জ্ঞান লাভের প্রয়োজন। কতকগুলি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ ছাড়া তাঁদের পক্ষে বিজ্ঞান ভিত্তিক পশু পালন করা সম্ভব নয়। এরই পরিপ্রেক্ষিতে পশু পালন অধিকার নিম্নলিখিত প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে খামারিদের প্রশিক্ষণ দেবার কর্মসূচি গ্রহণ করেছেন ঃ—

| | | | |
|---|---|---|---|
| ১। | সরকারি মুরগি খামার, টালিগঞ্জ | .. | মুরগি প্রতিপালন |
| ২। | সরকারি মরগি খামার, মেটিনীপুর | .. | ঐ |
| ৩। | সরকারি মুরগি খামার, কাসিয়াং | .. | ঐ |
| ৪। | হরিণঘাটা-কল্যাণী খামার | .. | গো-পালন |
| ৫। | ডেয়ারী ডিমনস্ট্রেশন-কাম-ফার্মার্স ট্রেনিং সেন্টার সেন্ট মেরি'স, কার্শিয়াং। | .. | ঐ |
| ৬। | আঞ্চলিক শূকর প্রজনন খামার, হরিণঘাটা | .. | . শূকর পালন। |
| ৭। | মেষ প্রজনন খামার, কল্যাণী | .. | মেষ ও ছাগ প্রতিপালন |

বর্তমান আর্থিক বছরে নভেম্বর পর্যন্ত ৮০৭ জন শিক্ষার্থীকে পশু পালন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আশা করা যায় ৮০০ জন তফসিলি শ্রেণীর খামারি সমেত ১,১১৭ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দিতে পারা যাবে। ১৯৮১-৮২ সালে প্রশিক্ষণ দেবার লক্ষ্য ১,২০০ শিক্ষার্থী।

**পশু চিকিৎসা**

পশু পাখির স্বাস্থ্য ও উৎপাদন ক্ষমতা অক্ষুণ্ন রাখার ব্যাপারে পশু পাখির রোগ নিয়ন্ত্রণ, রোগ প্রতিরোধ ব্যবস্থা ও অসুস্থ পশু পাখির চিকিৎসার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই উদ্দেশ্যে, সাধারণ ভাবে পশু পাখির মালিকদের জন্য, বিশেষ ভাবে তফসিলি জাতি ও উপজাতির কল্যাণের জন্য পশু চিকিৎসা অধিকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন। আমি এখানে শুধু কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের কথাই বলব।

**পশু চিকিৎসা সাহায্য ও সেবা**

বর্তমানে ব্লক ডিসপেন্সারি, পশু চিকিৎসা সহায়ক কেন্দ্র ও ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্রের মাধ্যমে গ্রামবাসীর কাছে পশু চিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। এছাড়া জেলা ও মহকুমার সদর শহরে ও পশুপালনের উন্নতির সম্ভাবনা আছে এমন জায়গায় স্থাপিত হয়েছে সরকারি পশু চিকিৎসালয় (হাসপাতাল)। ১৯৭৭ সালে যখন বর্তমান সরকার কার্যভার গ্রহণ করেন তখন এই রাজ্যে ৭৬টি পশু চিকিৎসা হাসপাতাল, ৩৩৫টি ব্লক ডিসপেন্সারি, ৫২০টি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্র এবং ৩০টি ভ্রাম্যমাণ চিকিৎসালয় ছিল। এখন এই রাজ্যে ৯৩টি পশু চিকিৎসা হাসপতাল রয়েছে। ধুপগুড়ি, চাঁচল, লালবাগ, বারুইপুর, ইন্দাস, ও গুসকরায় একটি করে আরও ৬টি হাসপাতাল প্রতিষ্ঠার কথা সরকার সক্রিয়ভাবে বিবেচনা করেছেন। এছাড়া আগামী আর্থিক বৎসরে আরও ৬টি হাসপাতাল প্রতিষ্ঠার পরিকল্পনা আছে। সঙ্গে সঙ্গে চালু হাসপাতালগুলির আধুনিকীকরণ ও সম্প্রসারণের দিকেও লক্ষ্য রাখা হচ্ছে। এজন্য ১৯৮১-৮২ সালের বাজেটে ৪৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব আছে।

গত বৎসরের বাজেট বক্তৃতায় আমি বলেছিলাম যে, গ্রামাঞ্চলে পশু চিকিৎসার উন্নতির জন্য ২১০টি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্রকে অতিরিক্ত পশু চিকিৎসা ডিসপেন্সারিতে পর্যায়ক্রমে উন্নীত করা হবে। ১৯৮১-৮২ সালে জেলা পরিষদের সুপারিশ অনুযায়ী এই ডিসপেন্সারিগুলির স্থান নির্ণয়ের কাজ শেষ হয়েছে। সেই সঙ্গে ২১০টি অতিরিক্ত পশু চিকিৎসক পদের সরকারি মঞ্জুরি পাওয়া গিয়েছে। এই পদগুলি পূর্ণ করার জন্য পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশমতো নিয়োগ চলিতেছে। আরও ৪০টি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্রকে অতিরিক্ত পশু চিকিৎসা ডিসপেন্সারিতে উন্নীত করার প্রস্তাব রয়েছে।

১৯৭৭ সালে যেখানে ৫২০টি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্র ছিল, সেখানে ১৯৭৯-৮০-র শেষে কেন্দ্রের সংখ্যা দাঁড়িয়েছে ৫৯৭টি। তারপর থেকে ৮২টি ব্লকে সম সংখ্যক অতিরিক্ত পশু চিকিৎসা সহায়ক কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে। আরও কতকগুলি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্রের স্থান নির্বাচনের কাজ চূড়ান্ত হলেই সেগুলির জন্য অর্থ মঞ্জুর করা হবে। ১৯৮১-৮২ সালে আরও ৯০টি পশু চিকিৎসা কেন্দ্র স্থাপনের জন্য বাজেটে টাকা ধরা হয়েছে।

অসুস্থ পশুকে চিকিৎসা কেন্দ্রে নিয়ে আসা পল্লীগ্রামে একটি গুরুতর সমস্যা। এজন্য গ্রামাঞ্চলে ভ্রাম্যমাণ পশু চিকিৎসালয়ের সংখ্যা ৮২টি অর্থাৎ ১৯৭৭ সালের তুলনায় ৪৯টি বেশি। ১৯৮০-৮১ সালে আরও ৮টি ভ্রাম্যমাণ পশু চিকিৎসা কেন্দ্র খোলার প্রস্তাব ছিল। এজন্য ১৯৮১-৮২ সালের বাজেটে ১০.৮০ লক্ষ টাকা ধরা হয়েছে।

**পশু স্বাস্থ্য কার্যক্রম**

পশু পালনের ক্ষেত্রে উন্নতির সঙ্গে সঙ্গে পশু পাখির স্বাস্থ্য রক্ষার জন্য সব রকম সাহায্য দেবার গুরত্ব খুবই বেড়েছে। একথা গ্রামের পশু পাখির প্রাথমিক স্বাস্থ্য রক্ষার ক্ষেত্রে বিশেষ ভাবে প্রযোজ্য। পশু পাখির স্বাস্থ্য রক্ষার জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধা সুদূর গ্রামাঞ্চলে পৌঁছে দেওয়াই আমাদের প্রস্তাবিত কর্মসূচির লক্ষ্য। ধাপে ধাপে প্রত্যেক গ্রাম পঞ্চায়েত স্তরে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা সামনে রেখে আমরা এগিয়ে চলেছি।

গ্রামাঞ্চলে বিভিন্ন পশু চিকিৎসালয়ে ঔষুধপত্র ও চিকিৎসার সাজ সরঞ্জাম প্রয়োজনের তুলনায় যথেষ্ট নেই। অবিলম্বে এগুলি বাড়ানো দরকার। আমরা বিষয়টি নিয়ে গুরুত্ব সহকারে চিন্তা করছি এবং এ ব্যাপারে সম্ভাব্য সব রকম ব্যবস্থা নেওয়া হবে।

(ক) **পশুরোগ নিয়ন্ত্রণ ও পশুরোগ প্রতিরোধ ঃ—** পশুরোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। ভাইরাস-জনিত কিছু কিছু রোগ মাঝে মাঝে মহামারী রূপে দেখা যায় এবং বহু পশু ও পাখির মৃত্যু ঘটায়। এই সব রোগের চিকিৎসার নির্ভরযোগ্য পদ্ধতি এখনও অজ্ঞাত থাকায়, ব্যাপক ভাবে টিকা দেওয়া ও রোগ অনুসন্ধানের উপর জোর দেওয়া চলছে। এতে বেশ ভাল ফল পাওয়া যাচ্ছে। গবাদি পশুর মারাত্মক ব্যাধি 'রিন্ডারপেস্ট' সম্পর্কে অনুসন্ধান ও টিকাদান কর্মসূচির জন্য ১৯৮০-৮১ সালে ১.৯২ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এই রোগ নির্ণয়ের জন্য বারাসতে ১১.১৯ লক্ষ টাকা ব্যয়ে একটি আধুনিক পরীক্ষাগার স্থাপনের প্রস্তাব আছে। এই দুইটি প্রকল্পের কাজ ১৯৮১-৮২ সালেও চলবে। হাঁস মুরগির একটি ভয়ানক রোগ রাণীক্ষেত প্রতিরোধের জন্য ব্যাপক ভাবে টিকাদানের কাজ

চলছে। টিকাদানের ফলে হাঁস মুরগির রোগ প্রতিরোধ ক্ষমতা কতদূর বেড়েছে এ ব্যাপারে একটি সমীক্ষার প্রয়োজন আছে। এজন্য বর্তমান বৎসরের বাজেটে ০.৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং আগামী বৎসরে ০.৫৮ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব আছে।

'ফুট অ্যান্ড মাউথ ডিসিজ' একটি অত্যন্ত সংক্রামক রোগ যা গবাদি পশুর বিশেষ করে বিদেশি ও শংকর জাতের পশুর প্রচুর ক্ষতি করে। এই রোগে মৃত্যুর হার অপেক্ষাকৃত কম হলেও আক্রান্ত পশুর স্বাস্থ্য ও উৎপাদন শক্তির প্রচন্ড ক্ষতি হয়। এই রোগের জন্য টিকাদানের যে কর্মসূচি আছে তাতে কম দামে টিকা দেওয়ার ব্যবস্থা আছে। এজন্য ১৯৮০-৮১ সালের বাজেটে ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং পরবর্তী বৎসরে ১.০৮ লক্ষ টাকা খরচ করবার প্রস্তাব রয়েছে। গবাদি পশুর যক্ষা ও ব্রুসেলোসিস রোগ নিয়ন্ত্রণের ব্যবস্থা নেওয়া হচ্ছে। শিলিগুড়ি, বর্ধমান ও কলকাতায় একটি করে, মোট তিনটি যক্ষা নিয়ন্ত্রণ কেন্দ্র কাজ করছে।

ব্রুসেলোসিস রোগ গবাদি পশুর বন্ধ্যাত্ব ঘটায়। এই রোগ সম্পর্কে অনুসন্ধানের জন্য বর্ধমান ও জলপাইগুড়িতে দুটি কেন্দ্র স্থাপনের অনুমোদন গত বৎসরেই দেওয়া হয়েছিল। বর্তমান বছরে ঐরূপ আরও একটি কেন্দ্র স্থাপন করবার পরিকল্পনা আছে। ১৯৮১-৮২ সালে ব্রুসেলোসিস ও যক্ষা রোগের অনুসন্ধানের জন্য আরও কয়েকটি কেন্দ্র স্থাপিত হবে।

প্যারাসাইটিক জীবাণুঘটিত রোগ পশুর মৃত্যু ঘটায় ও তাদের উৎপাদন শক্তির প্রচন্ড ক্ষতি করে। এ জাতীয় রোগের নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য ১৯৭৬-৭৭ সালে ৯টি কেন্দ্র ছিল। তার পরে আরও ১১টি কেন্দ্র স্থাপতি হয়েছে। এ বছর হুগলিতে আরও একটি কেন্দ্র স্থাপনের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। এ জাতীয় রোগ সম্পর্কে অনুসন্ধানের জন্য আরামবাগে ১১ লক্ষ টাকা ব্যয়ে একটি পরীক্ষাগার নির্মণের পরিকল্পনা আছে।

(খ) **জৈব দ্রব্য সমূহের উৎপাদন ও বন্টন ঃ—** বিভিন্ন রোগের টিকা উৎপাদনের ব্যাপারে স্বনির্ভরতা অর্জনের উদ্দেশ্যে বায়োলজিক্যাল প্রডাক্টস ল্যাবরেটরিগুলির সম্প্রসারণ ও আধুনিকীকরণের জন্য বর্তমান আর্থিক বৎসরে ২৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। আগামী বছরেও এই কাজ চলবে।

**কেন্দ্রীয় ঔষধালয়**

১৯৭৭ সালে কেন্দ্রীয় ঔষধালয়ের ৭টি ডিপো ছিল। এসব ডিপো থেকে পশু চিকিৎসা হাসপাতাল, ডিসেপেন্সারি ও সাহায্য কেন্দ্রে ঔষধ সরবরাহ করা হত। তারপর থেকে আরও ৭টি ডিপো স্থাপিত হয়েছে। হাওড়া ও কাঁথিতে একটি করে আরও দুটি সাব ডিপো স্থাপনের প্রস্তাব সরকার বিবেচনা করছেন।

**তফসিলি জাতি ও উপজাতিদের কল্যাণের জন্য প্রকল্প**

রাজ্য সরকার তফসিলি জাতি ও উপজাতিদের কল্যাণের জন্য বিরাট কর্মযজ্ঞ হাতে নিয়েছেন। এই বিভাগের কিছু কিছু প্রকল্পের জন্য আমরা তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মারফৎ কেন্দ্রীয় সাহায্য পেয়েছি। এই সব প্রকল্পের মধ্যে আছে তফসিলি উপজাতি অধ্যুষিত জেলাগুলিতে ৪টি সরকারি পশু চিকিৎসা হাসপাতাল, চারটি রোগ অনুসন্ধান ও নিয়ন্ত্রণ পরীক্ষাগার ও ১২টি সহায়ক কেন্দ্র স্থাপন। সরকারের গৃহীত নীতির ভিত্তিতে পরিকল্পনা খাতে মোট ব্যয় বরাদ্দের শতকরা ৬ ভাগ উপজাতি প্রধান এলাকায় খরচ করা হবে। জলপাইগুড়িতে ১৪ লক্ষ টাকা ব্যয়ে একটি পশু স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করার প্রস্তাব আছে। উপজাতি প্রধান অঞ্চলের জন্য ১৯৭৯-৮০ সালে অনুমোদিত ৭০টি সাহায্য কেন্দ্রের রক্ষণাবেক্ষণের জন্য ২ লক্ষ টাকা খরচ করা হবে।

**প্রশিক্ষণ**

(ক) কম্পাউন্ডার ও ড্রেসারদের জন্য এক বৎসরের কোর্স হরিণঘাটায় পুনরায় চালু করা হবে। এই কোর্স আগে বেঙ্গল ভেটেরিনারি কলেজে প্রচলিত ছিল, কিন্তু পরে বন্ধ হয়ে যায়। প্রতি পাঠ্যবর্ষে ৩০ জন করে ছাত্র থাকবে। আমরা আগেই ছাত্র ভর্তির জন্য দরখাস্ত চেয়ে বিজ্ঞাপন দিয়েছি।

(খ) ভেটেরিনারি ফিল্ড অসিস্ট্যান্টদের ট্রেনিং কোর্সের মেয়াদ ৬ মাস থেকে বাড়িয়ে এক বছর করা হয়েছে। প্রতি বছরে ৫০ জনের বদলে এখন থেকে ১০০ জন ভেটেরিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্টকে প্রশিক্ষণ দেওয়া হবে। নূতন পাঠ্যক্রম অনুসারে নূতন ট্রেনি কোর্স ১-৭-৮০ থেকে কার্যকর হয়েছে।

**কসাইখানাগুলি আধুনিকীকরণ**

কসাইখানাগুলির আধুনিকীকরণের কাজ পশ্চিমবঙ্গ লাইভস্টক ডেভেলপমেন্ট কর্পোরেশনের উপর ন্যস্ত আছে। আন্দুল মৌরিগ্রামে একটি আধুনিক কসাইখানা স্থাপন ও দুর্গাপুরে একটি মিট প্রসেসিং প্ল্যান্ট তৈরির কাজ চলছে। দুর্গাপুরে মিট প্রসেসিং প্ল্যান্টের বাড়ি তৈরির ৮০ শতাংশ কাজ শেষ হয়ে গেছে। বর্তমান আর্থিক বৎসরে কর্পোরেশনের ৩৫ লক্ষ টাকা শেয়ার কেনার প্রস্তাব আছে। কর্পোরেশন যাতে তার কাজকর্ম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে পারে, এজন্য আগামী বৎসরেও সরকার কর্তৃক ৩৫ লক্ষ টাকার শেয়ার কেনার পরিকল্পনা আছে।

**আলিপুর চিড়িয়াখানা**

১৯৮১ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত ২১ লক্ষ ৪৬ হাজার দর্শক আলিপুর চিড়িয়াখানায়

এসেছিলেন এবং টিকিট বিক্রি থেকে চিড়িয়াখানার আয় হয়েছিল ১৩ লক্ষ ৩৮ হাজার টাকা। বর্তমানে চিড়িয়াখানায় প্রায় ২৬১টি স্তন্যপায়ী প্রাণী, ১৭১৪টি পাখি এবং ১১৭টি সরীসৃপ আছে। একটি হাতির দ্বারা একজন মাহুতের দুঃখজনক মৃত্যুর পর দুইটি বয়স্ক হাতিকে বিক্রি করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের বন বিভাগ চিড়িয়াখানাকে একটি বাচ্চা হাতি দিতে রাজি হয়েছেন। হাতিটি শীঘ্রই পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। সম্প্রতি চিড়িয়াখানার কর্তৃপক্ষ কয়েকটি দুষ্প্রাপ্য বিদেশি পাখি কিনেছেন। এর মধ্যে আছে অস্ট্রেলিয়ান ক্যাসোয়ারি, রেণবো লরিকিট ও চিন দেশিয় সোনালী ফেসান্ট। এছাড়া কিছু দেশি পাখিও কেনা হয়েছে। খরচ পড়েছে মোট ৩৪ হাজার টাকা। ভারত সরকার বন্য জন্তুর রপ্তানি সম্পূর্ণ নিষিদ্ধ করায়, বিদেশি চিড়িয়াখানার সঙ্গে আলিপুর চিড়িয়াখানার বিনিময় বন্ধ ছিল। কিছু কিছু বিদেশি জীবজন্তু কেনার জন্য আলিপুর চিড়িয়াখানা কর্তৃপক্ষ ভারত সরকারের কাছে ৫ লক্ষ টাকার বৈদেশিক মুদ্রার জন্য আবেদন জানিয়েছিল। সম্প্রতি ভারত সরকার বিদেশি চিড়িয়াখানার সঙ্গে বিনিময়ের অনুমতি দিয়েছেন। চিতা, পুমা প্রভৃতি ছোট জাতের মাংসাশি প্রাণীদের স্থানাভাবের জন্য অনুমিত ৮ লক্ষ ৩৮ হাজার টাকা ব্যয়ে ঐসব প্রাণীদের জন্য নতুন ভবন নির্মাণের কাজ চলছে। কাজটি আগামী আর্থিক বৎসরে শেষ হবে বলে আশা করা যায়। অনুমিত ২ লক্ষ টাকা ব্যয়ে চিড়িয়াখানার পশু হাসপাতাল সম্প্রসারণের কাজও চলছে। এ কাজও আগামী আর্থিক বৎসরে শেষ হবে বলে আশা করা হচ্ছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বর্তমান আলিপুর চিড়িয়াখানার আর সম্প্রসারণমূলক ব্যবস্থার উপায় না থাকায় এবং এই চিড়িয়াখানার জীব জন্তুদের সুস্বাস্থ্যের কারণে বিশ্রাম ও কতকগুলি জন্তু প্রজননের স্বাভাবিক পরিবেশ সৃষ্টির লক্ষ্য নিয়ে একটি 'সাবসিডেয়ারি' চিড়িয়াখানা স্থাপনের প্রস্তাব সরকারের সক্রীয় বিবেচনাধীন আছে। ১৯৮০-৮১ সালে চিড়িয়াখানার কর্মচারিদের জন্য গৃহ নির্মাণের উদ্দেশ্যে ১২ লক্ষ টাকার একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। এই চিড়িয়াখানার ব্যয় বরাদ্দের দাবি উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর উপস্থিত করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৯৮০-৮১ সালে পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের কাজের সংক্ষিপ্ত বিবরণ দিয়েছি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের নীতি হল পশ্চিমবঙ্গের অর্থনৈতিক প্রগতির সঙ্গে সঙ্গে সাধারণ মানুষ, বিশেষ করে প্রত্যন্ত ও গরিব চাষী, ভূমিহীন চাষী, এবং গ্রামাঞ্চলে দুর্বলতর শ্রেণীর মানুষের আর্থিক অবস্থার উন্নতি করা। এই উদ্দেশ্যে বামফ্রন্ট সরকার 'অপারেশন বর্গা' সহ ভূমিসংস্কার কর্মসূচি, গৃহহীন কৃষি মজুরদের জন্য গ্রামাঞ্চলে গৃহ নির্মাণ প্রভৃতি উন্নয়নমূলক প্রকল্পে হাত দিয়েছেন। সেই সঙ্গে আমাদের পশু সম্পদের উন্নতি ও বৃদ্ধিরও অত্যন্ত গুরুত্ব রয়েছে। এর ফলে দুধ, ডিম ও অন্যান্য জন্তুর প্রোটিন খাদ্যের-উৎপাদন বৃদ্ধি পাবে এবং বলদ ও মোষের সংখ্যা বৃদ্ধি হওয়ায় চাষ ও গাড়িটানার কাজে গ্রাম বাংলার জনসাধারণ খুবই উপকৃত হবেন।

আমাদের কর্মসূচির সার্থক রূপায়ণে আমি পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সদস্যদের কাছে এবং পশ্চিমবঙ্গের জনগণের কাছে পর্ণ সহযোগিতা প্রার্থনা করে আন্তরিক আবেদন

**১৯৭৬-৭৭ থেকে ১৯৮০-৮১ পর্যন্ত পশুচিকিৎসা অধিকারের কাজকর্ম**

| ক্রমিক সংখ্যা | বিষয় | ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ (বন্যার বৎসর) | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (৩০-১২-৮০ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | কতগুলি পশুপাখির চিকিৎসা করা হয়েছে— | | | | | |
| | বহির্বিভাগে .. .. | ৩২,১৯,৪৬৯ | ৩৫,৭৩,০২৯ | ৪৩,৯২,৭৮৮ | ৩৯,৩৭,৯৩১ | ১৪,৩৮,৭৪৭* |
| | অন্তর্বিভাগে .. .. | ৪৩,৩৫৬ | ২৪,১৫১ | ১৩,৭৫০ | ৮,০৪১ | ১,৩৬১* |
| ২ | রোগে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে— | | | | | |
| | পশু .. .. | ৮৯২ | ৭৬০ | ১,০৮৯ | ৮৩৬ | ৩৯০ (পশু ও পাখি সমেত) |
| | পাখি .. .. | ২২৩ | ২২৮ | ২৯৬ | ৭৭৭ | |
| ৩ | টিকা দেওয়া হয়েছে— | | | | | |
| | পশু .. .. | ২৪,৪২,৯৯৪ | ৩০.৬১,১২৫ | ৪২,৬০,০১৮ | ২১,৯৬,৩৭২ | ২০,৫১,০০৮ (পশু ও পাখি সমেত) |
| | পাখি .. .. | ৫৮,৮২,৩১২ | ৪৮.৭৬,২৫৯ | ৫২,১২.৩৪৮ | ৫৯,৫০,৯৪১ | |

*সম্পূর্ণ রিপোর্ট পাওয়া যায় নি।

রাখছি। আমি আশা করি পশু পালন ও পশু চিকিৎসা দপ্তরের প্রত্যেকটি কর্মচারী পরিকল্পনা ও প্রকল্পগুলিকে সার্থক করে তুলতে তাঁদের দায়িত্ব সঠিক ভাবে পালন করবেন।

মহাশয় আমি প্রস্তাব করছি যে, ৫৫ নং দাবির অন্তর্ভুক্ত "৩১০ — অ্যানিম্যাল হাজব্যান্ড্রি ৫১০ — ক্যাপিট্যাল আউটলে অন অ্যানিম্যাল হাজব্যান্ড্রি (এক্সক্লুডিং পাবলিক আন্ডার টেকিংস) ও ৭১০ — লোনস ফর অ্যানিম্যাল হাজব্যান্ড্রি" খাতে ১৯৮১-৮২ সালের জন্য ১৪ কোটি ৩৯ লক্ষ ৯৫ হাজার (চৌদ্দ কোটি উনচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হোক।

সরকারি সরবরাহ ব্যবস্থার মাধ্যমে জনসাধারণকে স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত দুগ্ধ সরবরাহের জন্য সরকারি দুগ্ধ প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ তথা চালু রাখা এবং এই রাজ্যে দোহ প্রকল্পগুলির রূপদানের জন্য এই ব্যায়মঞ্জুরির প্রয়োজন।

বর্তমানে চারটি তরল দুগ্ধ উৎপাদন কেন্দ্র এবং একটি বহুমুখী দুগ্ধ উৎপাদনকেন্দ্র দ্বারা স্বাস্থ্যসম্মত উপায়ে দুগ্ধ প্রস্তুত করা হয়। এইগুলির মধ্যে চারটি কেন্দ্র এই রাজ্যের জনসাধারণকে সরবরাহের জন্য পুষ্টিকর দুগ্ধ উৎপাদন করে।

**বৃহত্তর কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প**

এই প্রকল্পে দুটি দুগ্ধ উৎপাদন কেন্দ্র আছে—একটি বেলগাছিয়ায় এবং অপরটি হরিণঘাটায়। মোট ৩.৫০ লক্ষ লিটার উৎপাদনক্ষম এই দুটি কেন্দ্র কলিকাতা এবং শহরতলি অঞ্চলে প্রায় ২৬৬,০০০ ক্রেতাকে দৈনিক গড়ে ২০৭,০০০ লিটার দুগ্ধ সরবরাহ করে। এই মহানগরীর দুগ্ধ-ক্রেতাকে ৭৫৮টি সরকারি দুগ্ধ বিতরণ কেন্দ্রের মাধ্যমে দুগ্ধ সরবরাহ করা হয়। আগামী আর্থিক বৎসরে আরও অধিক জনসাধারণকে দুগ্ধ সরবরাহের জন্য নতুন ৫০টি দুগ্ধ বিতরণ কেন্দ্র পর্যায়ক্রমে খোলা হবে। কলিকাতার বাহিরের জনসাধারণকে কমিশন-ভিত্তিক এজেন্টের মারফত দুগ্ধ সরবরাহ করা হয়। ক্রেতা-সমবায় এবং ক্রেতা-সমবায় এজেন্সির সংখ্যা দুগ্ধের চাহিদা অনুযায়ী পর্যায়ক্রমে বৃদ্ধি করা হবে।

তরল দুধ ছাড়া এই দুটি উৎপাদনকেন্দ্রে সীমিত পরিমাণে ঘি এবং সুগন্ধি দুধ জনসাধারণকে সরবরাহের জন্য উৎপাদন করা হয়।

এই প্রকল্পের উৎপাদনকেন্দ্র দুটির উন্নয়নের জন্য এবং সঞ্চালন-ক্ষমতা বৃদ্ধির অসমাপ্ত কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এই ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই দুটি কেন্দ্রের উৎপাদনক্ষমতা দৈনিক ৩ লক্ষ লিটারে বাড়ানো হবে। যন্ত্রপাতির আধুনিকীকরণ এবং নবীকরণের জন্য বিদেশ থেকে নানাবিধ প্রয়োজনীয় যন্ত্রাংশ আনা হবে। আরও সুষ্ঠু এবং উন্নত উৎপাদনের জন্য নতুন নতুন যন্ত্রাংশ দিয়ে পুরানো যন্ত্রাংশ দিয়ে পুরানো যন্ত্রাংশ আগামী আর্থিক বৎসরে পালটানো হবে। বেলগাছিয়াস্থিত কেন্দ্রীয় দুগ্ধশালাতে পলিথিনের থলিতে দুধবিতরণের জন্য "স্যাচেট ফিলিং মেশিন" বসানোর ব্যবস্থা নেওয়া হয়েছে। উৎপাদনকেন্দ্র থেকে বিতরণকেন্দ্রে দুধ আনার ব্যবস্থার উন্নতির জন্য সল্টলেক অঞ্চলে গাড়ি

মেরামত ও রাখবার জন্য একটি 'গ্যারেজ তথা-কারখানা' স্থাপন করা হবে। এর জন্য আগামী আর্থিক বৎসরে ২০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ রাখা হয়েছে।

উৎপাদিত দুগ্ধের চাহিদা মেটানোর জন্য এই প্রকল্পের অধীনে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় দৈনিক ১ লক্ষ লিটার দুগ্ধ উৎপাদনক্ষম আরও একটি উৎপাদনকেন্দ্র স্থাপন করা হবে। এই অতিরিক্ত পরিমাণ দুধ দেশের মাথাপিছু গড় ব্যবহৃত দুধের পরিমাপের প্রায় ৮.৩০ লক্ষ লোকের দৈনিক প্রয়োজন মেটাবে। এই কাজের জন্য আগামী আর্থক বৎসরে ২০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ রাখা হয়েছে।

**দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প**

দৈনিক ৫০,০০০ লিটার উৎপাদনক্ষম দুর্গাপুর ডেয়ারি থেকে বর্তমানে প্রায় ২০ হাজার ক্রেতাকে দৈনিক গড়ে ১৪ হাজার লিটার দুধ সরবরাহ করা হচ্ছে। এই ডেয়ারি দুধ ছাড়াও 'হীম-ক্রীম' উৎপাদন করে এবং গ্রীষ্মকালে এজেন্ট মারফত জনসাধারণের কাছে বিক্রয় করা হয়। ষষ্ঠ পরিকল্পনাকালে এই ডেয়ারির উৎপাদনক্ষমতা দৈনিক ৪০ হাজার লিটার পর্যন্ত বাড়বে বলে আশা করা যায়।

বর্তমান পরিকল্পনায় এই ডেয়ারিতেও 'স্যাচেট ফিলিং মেশিন' স্থাপন সহ উৎপাদনকেন্দ্রে যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আধুনিকীকরণ ও নবীকরণের প্রস্তাব রয়েছে। এর জন্য আগামী আর্থিক বৎসরে আনুমানিক ৫ লক্ষ টাকা ব্যয়ে নানাবিধ যন্ত্রাংশ বিদেশ থেকে আমদানি করা হবে। এখানে অফিসার ও কর্মচারিদের বসবাসের জন্য বাসগৃহ নির্মাণের সংস্থান করা হয়েছে। এই প্রকল্পের অধীনে আগামী আর্থিক বৎসরে গ্রাম থেকে কাঁচা দুধ সংগ্রহের উদ্দেশ্যে নতুন দুগ্ধ সংগ্রহ তথা-শীতলীকরণ কেন্দ্র' স্থাপনের জন্য ২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

**বর্ধমান দুগ্ধ সরবরাহ প্রকল্প**

দৈনিক ৫০ হাজার লিটার উৎপাদনক্ষম বর্ধমান ডেয়ারি নির্মাণের ভার 'টার্ন-কি' ভিত্তিতে ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের উপর দেওয়া হয়েছে। এই বোর্ড কারখানাগৃহ স্থাপন ও যন্ত্রপাতি স্থাপনের কাজ প্রায় শেষ করেছে বর্ধমান শহর এবং এর সংলগ্ন অঞ্চলের অধিবাসীদের স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত দুগ্ধ সরবরাহের জন্য এই দুগ্ধ উৎপাদনকেন্দ্রে শীঘ্রই উৎপাদন আরম্ভ হবে। আগামী আর্থিক বৎসরে অফিসার ও কর্মচারিদের বাসগৃহ নির্মাণ এবং সামান্য অসমাপ্ত যন্ত্রপাতি স্থাপনের উদ্দেশ্যে ২৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের সংস্থান রাখা হয়েছে।

**কৃষ্ণনগর দুগ্ধ সরবরাহ প্রকল্প**

দৈনিক ৫০ হাজার লিটার দুগ্ধ উৎপাদনক্ষম কৃষ্ণনগর ডেয়ারি নির্মাণের ভার ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের উপর 'টার্ন-কি' ভিত্তিতে দেওয়া হয়েছে। মাননীয় রাজ্যপাল মহাশয় গত বছরের নভেম্বর মাসে এই ডেয়ারির শিলান্যাস করেছেন। কারখানা গৃহ স্থাপনের

প্রাথমিক কাজ আরম্ভ হয়েছে। আশা করা হচ্ছে, আগামী আর্থিক বৎসরের মধ্যে নির্মাণের বেশির ভাগ কাজ শেষ হবে। এই উদ্দেশ্যে আগামী আর্থিক বছরে ২৫ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের সংস্থান রাখা হয়েছে।

**অন্যান্য দুগ্ধজাত দ্রব্য উৎপাদন**

দোহশালায় সংগৃহীত উদ্বৃত্ত ও নিম্নমানের দুধের অর্থকরী ব্যবহারের জন্য যে গবেষণা প্রকল্পের কাজ তা চালু থাকবে। সেখানে বিস্কুট, টফি, ইণ্ডাস্ট্রিয়াল কেসিন প্রভৃতি তৈরি করে কিছু পরিমাণ নষ্ট দুধ কাজে লাগানো সম্ভব হয়েছে। চলতি আর্থিক বছরে এ পর্যন্ত ১,৪০০ কেজি কেসিন প্রস্তুত করে বিক্রয় করা হয়েছে, এ বাবত ২০,৮০০ টাকা আয় করা গেছে। এ ছাড়া কিছু পরিমাণ নষ্ট দুধ শূকরখাদ্য হিসাবে ব্যবহার করা হয়। বাণিজ্যিক ভিত্তিতে এগুলো উৎপাদন করা যায় কি না তা খতিয়ে দেখা হচ্ছে এই গবেষণার জন্যে আগামী আর্থিক বছরের বাজেটে ৭০ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে।

ব্যবসায়ের ক্ষেত্রে ঘি উৎপাদন এবং ঘি-এর মান নির্দিষ্ট করণের জন্য আরও একটি প্রকল্পের কাজ চলছে। এই গবেষণা প্রকল্পের ব্যয়ের পঞ্চাশ শতাংশ ভারতীয় কৃষি-গবেষণা পর্ষদের কাছ থেকে পাওয়া যায়। আগেই আমি বলেছি যে, এই ঘি সীমিত পরিমাণে উৎপন্ন হয় এবং সেটা আমাদের বিতরণকেন্দ্র মারফত গ্রাহকদের নিকট সরবরাহ করা হয়।

লবণ হ্রদে আইসক্রীম, দীর্ঘস্থায়ী জীবাণুমুক্ত দুধ এবং অন্যান্য দুগ্ধজাত দ্রব্য উৎপাদনের জন্য একটি উৎপাদনকেন্দ্র স্থাপনের কথা বিবেচনা করা হচ্ছে আগামী আর্থিক বছরে এই কেন্দ্রের জন্য অধিগৃহীত ৫ একর জমির চারিদিকে প্রাচীর নির্মাণের কাজ আরম্ভ হবে। এর জন্য বাজেটে ১০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে।

**দুগ্ধ প্রকল্পগুলির জন্য কিছু কর্মসূচি**

সরকারি আওতায় দুগ্ধ প্রকল্পগুলির সুষ্ঠু পরিচালনের জন্য কিছু কর্মসূচি ঃ

(ক) **প্রযুক্তিবিদ্‌দের চাকুরিকালে প্রশিক্ষণ ব্যবস্থা ঃ** দুগ্ধ-উৎপাদন শিল্পে আধুনিকতর উৎপাদন ও পরিচালন সম্বন্ধে জ্ঞানলাভের উদ্দেশ্যে এই বিভাগের প্রযুক্তিবিদ্‌দের চাকুরিরত অবস্থায় প্রশিক্ষণের সুযোগ-সুবিধা দেওয়া হয়ে থাকে। এইসব প্রযুক্তিবিদ্‌দের দেশে এবং বিদেশে নানাবিধ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য প্রায়ই পাঠানো হয়। বর্তমান বৎসরের ন্যায় পরবর্তী আর্থিক বৎসরেও এই বিভাগের অন্যান্য প্রযুক্তিবিদ্‌দের প্রশিক্ষণ কার্যসূচিতে অংশগ্রহণের জন্য পাঠানো হবে। সেই উদ্দেশ্যে বাজেটে ২০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) **জরিপ এবং পরিসংখ্যান তত্ত্ব ঃ** এই রাজ্যে দোহ উন্নয়ন এবং সম্প্রসারণ সম্বন্ধে তথ্য সংগ্রহের উদ্ধেশ্যে জরিপের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এই কর্মসূচি রাজ্যের বিভিন্ন জেলায় দুগ্ধাঞ্চল এবং কাঁচা দুগ্ধক্রয় কেন্দ্র স্থাপনের কাজে সাহায্য করবে। এই কর্মসূচি

ব্যাপকভাবে সম্পাদন করা হচ্ছে, যার জন্য আগামী আর্থিক বছরের বাজেটে ৮০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে।

(গ) **গ্রামীণ দোহ সম্প্রসারণ ঃ** বৃহত্তর কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প এবং দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্পের অধীনে বিভিন্ন দুগ্ধ উৎপাদন কেন্দ্রে এই রাজ্যে বিভিন্ন জেলা থেকে সংগৃহীত দুগ্ধ যোগানের জন্য বর্তমানে ২০টি দুগ্ধ সংগ্রহ-তথা-শীতলীকরণ কেন্দ্র চালু আছে। এই কেন্দ্রগুলির দুগ্ধ-সঞ্চালন ক্ষমতা বর্তমানে দৈনিক ৩০,৫০০ লিটার। আশা করা হয় যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে সঞ্চালনক্ষমতা বেড়ে দৈনিক ৫০ হাজার লিটার হবে। এ ছাড়া দৈনিক মোট ২০ হাজার লিটার দুগ্ধ-সঞ্চালন ক্ষমতাসম্পন্ন আরও ৫টি অনুরূপ নতুন কেন্দ্র গ্রামীণ বাংলার দুগ্ধাঞ্চলে স্থাপন করা হবে। এর জন্য আগামী আর্থিক বছরে বাজেটে ১০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

(ঘ) **অন্তবর্তী পরিবহন ঃ** দুগ্ধ সংগ্রহ-তথা-শীতলীকরণ কেন্দ্রে দুগ্ধ সংগ্রহের উদ্দেশ্যে এই রাজ্যের বিভিন্ন জেলার সুদূর অঞ্চল থেকে দুধ আনার জন্য একটি পরিবহন ব্যবস্থার দরকার। এই সংগৃহীত দুগ্ধ উৎপাদন কেন্দ্রগুলিতে প্রসেসিং-এর জন্য পরিবহন মারফত আনা হয়। এর জন্য কিছু সংখ্যক গাড়ি কেনা হবে। বর্তমান আর্থিক বছরে গাড়ি কেনার জন্য ১৪ লক্ষ টাকা এবং পরবর্তী আর্থিক বছরে ৫ লক্ষ টাকা ব্যয় করা হবে।

(ঙ) **ঋণ এবং অনুদান ঃ** হরিণঘাটা মিল্ক কলোনিতে যাদের দুগ্ধবতী গাভী ও মহিষ রাখা আছে, তাদের দুগ্ধহীন গাভীর পরিবর্তে দুগ্ধবতী গাভী ও মহিষ ক্রয়ের জন্য ঋণদানের ব্যবস্থা চালু আছে। সেহেতু গাভীর মালিকেরা সমস্ত উৎপাদিত দুধ দুগ্ধ উৎপাদন কেন্দ্রে সরবরাহ করে। এই ঋণদানের খাতে আগামী আর্থিক বছরের বাজেটে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

নতুন দুগ্ধ সমবায় স্থাপন এবং পুরানো দুগ্ধ সমবায় ও ইউনিয়নের সুষ্ঠু পরিচালনের জন্য ঋণ দেওয়া হয়। সাধারণত দুগ্ধ সমবায় এবং ইউনিয়নগুলিকে অর্থনৈতিক সাহায্য হিসাবে অনুদান দেওয়া হয়। এই খাতে চলতি আর্থিক বছরে ১৯.৬৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং পরবর্তী আর্থিক বছরের জন্য ২ লক্ষ টাকা ধরা হয়েছে।

**বিশ্বখাদ্য কর্মসূচির ৬১৮নং প্রকল্প**

বিশ্ব খাদ্য কর্মসূচির ৬১৮ নং প্রকল্পের (অপারেশন ফ্লাড-১) অধীনে এই রাজ্যে দোহ উন্নয়ন ও দুগ্ধ বিপণন সংক্রান্ত বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে। এই বিভাগের অধীন প্রোজেক্ট অফিসের উপর এই প্রকল্পটি রূপায়ণের দায়িত্ব ন্যস্ত আছে।

১৯৮০-৮১ সালে ডানকুনিস্থিত মাদার ডেয়ারির দুগ্ধ সরবরাহের পরিমাণ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। এই ডেয়ারি থেকে দুধ সরবরাহের পরিমাণ বর্তমানে দৈনিক গড়ে প্রায় ১ লক্ষ

লিটার। এই দুধ 'মিনি-ডেয়ারি' (বাল্ক ভেণ্ডিং বুথ) ও পলিথিনের মোড়ক মাধ্যমে সরবরাহ করা হয়ে থাকে। কিছু পরিমাণ দুধ 'ভেণ্ডিং' পদ্ধতিতেও সরবরাহ করা হয়। বর্তমানে ১৫টি 'মিনি-ডেয়ারি' চালু আছে। আরও ২০টি অনুরূপ 'মিনি-ডেয়ারি' শীঘ্রই চালু করা হবে। পশ্চিমবঙ্গে দুগ্ধ বিতরণের এই ব্যবস্থা সম্পূর্ণ নতুন এবং ইহা ক্রেতাসাধারণের মধ্যে ক্রমেই জনপ্রিয়তা অর্জন করছে। সর্বসাকুল্যে ২০০টি 'মিনি-ডেয়ারি' স্থাপন করার প্রস্তাব আছে এবং এইগুলির জন্য স্থান নির্বাচনের কাজ চলছে। বর্তমানে পাঁচটি 'মিনি-ডেয়ারি' নির্মাণের কাজ এগিয়ে চলেছে এই দুধের অধিকাংশই ৫০০ মিলি-এর পলিথিন মোড়কে বিক্রয় করা হয়। ২৯ জন পাইকারি বিক্রেতা, ২২৭ জন খুচরা বিক্রেতা ও ৮ জন সাইকেল-ফেরিওয়ালার মাধ্যমে এই দুধ ক্রেতাসাধারণের কাছে পৌঁছে দেওয়া হয়। ১৯৮১-৮২ সালে 'মাদার ডেয়ারি' থেকে দুগ্ধ সরবরাহের পরিমাণ দৈনিক গড়ে ২ লক্ষ লিটারে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

বর্তমানে দুগ্ধ-উৎপাদকদের সমবায় ইউনিয়ন ও ডানকুনির আশেপাশে সংগঠিত সমবায় সমিতিগুলির মাধ্যমে মাদার ডেয়ারিতে প্রতি মাসে ২ লক্ষ লিটারেরও অধিক পরিমাণ দুগ্ধ সংগৃহীত হয়ে থাকে। ইহা ছাড়া, জাতীয় দুগ্ধ ভাণ্ডারের মাধ্যমে গুজরাট ও অন্ধ্রপ্রদেশ থেকেও মাদার ডেয়ারি অধিকাংশ দুগ্ধ সংগ্রহ করে।

বহরমপুরে দৈনিক ১ লক্ষ লিটার দুগ্ধ-উৎপাদন ক্ষমতা বিশিষ্ট একটি শাখা ডেয়ারি স্থাপনের কাজ এগিয়ে চলেছে। ১৯৮১ সালের ডিসেম্বর মাসে এই ডেয়ারি চালু করার কথা আছে। এই ডেয়ারিটির আনুমানিক ব্যয় ২ কোটি ৮ লক্ষ টাকা।

বেলডাঙ্গা চিলিং প্ল্যান্ট সম্প্রসারণের কাজ শীঘ্রই শেষ হবে, আশা করা যায়। মেদিনীপুরে একটি শাখা ডেয়ারি স্থাপনের প্রস্তাব আছে। এজন্য প্রয়োজনীয় জমিও অধিগ্রহণ করা হয়েছে এবং পরবর্তী আর্থিক বৎসরেই এই ডেয়ারির নির্মাণকার্য শুরু করা হবে। চন্দ্রকোণা রোডে একটি চিলিং প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। এটি চালু করার অপেক্ষায় আছে। ইতিপূর্বে ভাড়াবাড়িতে যে চিলিং প্ল্যান্ট চালু করা হয়েছিল, সেটি এখনও চলছে মেদিনীপুর দুগ্ধ-উৎপাদনক সমবায় ইউনিয়ন এই প্ল্যান্টটি চালাচ্ছেন। এখানে দৈনিক গড়ে ২,০০০ লিটার দুধ সংগৃহীত হয়।

সংকর প্রজননের কাজে ব্যবহারের উদ্দেশ্যে তরল নাইট্রোজেন উৎপাদনের জন্য প্রতি ঘণ্টায় ৬ লিটার উৎপাদন-ক্ষমতাবিশিষ্ট মাটিগাড়া ও বেলডাঙ্গায় দুটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে এই প্ল্যান্টগুলি দুটি সমবায় দুগ্ধ ইউনিয়ন কর্তৃক পরিচালিত হচ্ছে। মেদিনীপুর দুগ্ধ-উৎপাদক সমবায় ইউনিয়নের অধীনে অনুরূপ আরও একটি প্ল্যান্ট স্থাপনের কাজ বর্তমানে চলছে।

এ ছাড়া, মাটিগাড়ায় প্রতি ঘণ্টায় ৪৫ লিটার উৎপাদনক্ষম আরও একটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপন করা হবে। এই প্ল্যান্টের জন্য যন্ত্রপাতি বসানোর কাজ চলছে। শুক্র পুংবীজের

মাধ্যমে সংকর প্রজনন ব্যবস্থা প্রবর্তনের এটাই প্রথম পদক্ষেপ। আগামী পাচ বৎসরের মধ্যে রাজ্যের ব্যাপক অংশে এই ব্যবস্থা প্রবর্তন করা সম্ভব হবে বলে আশা করা যায়।

অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ সমস্যার পরিপ্রেক্ষিতে ডানকুনি মাদার ডেয়ারি, মাটিগাড়ার পরিপূরক ডেয়ারি ও শিলিগুড়িস্থিত পশুখাদ্য উৎপাদন কারখানাতে বিদ্যুৎ উৎপাদন যন্ত্র (জেনারেটার) বসানো হয়েছে।

১৯৮১-৮২ সালের মধ্যে শিলিগুড়িতে একটি শুষ্ক পুংবীজ কেন্দ্র চালু করা সম্ভভ হবে বলে আশা করা যায়।

নিবিড় গো-উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দুগ্ধ-উৎপাদন বৃদ্ধি করার উদ্দেশ্যে 'আমুল' এর অনুকরণে চারটি সমবায় দুগ্ধ ইউনিয়ন গঠন করা হয়েছে এবং এগুলির কাজকর্ম সন্তোষজনকভাবে চলছে। দাজলিং, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া চব্বিশ পরগনা ও মেদিনীপুর জেলা এই প্রকল্পের আওতাভুক্ত। "কিষাণ দুগ্ধ-উৎপাদক সমবায় ইউনিয়ন লিমিটেড" এই নামে সর্বশেষ দুগ্ধ ইউনিয়নটি রেজিস্ট্রি-ভুক্ত করা হয়েছে। নদীয়া ও চব্বিশ পরগনা জেলার সংলগ্ন চারটি থানা এই ইউনিয়নের আওতাভুক্ত।

বর্তমান বৎসরে এই চারটি দুগ্ধ ইউনিয়নের কাজকর্মের একটি বিবরণ নিম্নে দেওয়া হল ঃ—

| | | হিমুল | ভাগীরথী | মেদিনীপুর | কিষাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ইউনিয়ন রেজেস্ট্রিভুক্তির তারিখ | ১৩ই জানুয়ারি ১৯৭৩ | ৭ই অক্টোবর ১৯৭৪ | ১০ই আগষ্ট ১৯৭৭ | ২৫শে সেপ্টেম্বর ১৯৮০ |
| ২। | বর্তমান বৎসরে সমিতি সমূহের রেজেষ্ট্রিভুক্তির সংখ্যা। | ১৭ | ১৯ | ১৭ | ৩৪ |
| ৩। | মোট গবাদিপশু আওতাভুক্তির সংখ্যা। | ২৪,৩৪৫ | ৩৪,৭৫০ | ১৩,৪২০ | ৭,৮১৪ |
| ৪। | বর্তমান বৎসরে তালিকাভুক্ত কৃষকের সংখ্যা। | ৩৫৩ | ১,১৪৬ | ১,০০২ | ১,৫৭৭ |
| ৫। | দৈনিক গড়ে দুগ্ধসংগ্রহের পরিমাণ। | ১৫,২০৩ কেজি | ৮,৪২৯ কেজি | ২,৩২১ কেজি | আগামী এপ্রিলমাস থেকে দুগ্ধ-সংগ্রহের কাজ শুরু হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬। | সঙ্কর বাছুর জন্মের সংখ্যা | ৫৩৫ | ৪৫৭ | ১,৫০৬ | ... |
| ৭। | প্রতি মাসে চিকিৎসা করা হয় এমন গবাদিপশুর সংখ্যা(গড়ে) | ৩৩৫ | ১,১০০ | ৬০০ | ... |
| ৮। | কৃত্রিম প্রজননের সংখ্যা | ২,২৬০ | ১০,২৮২ | ৪,৫৭৮ | ... |

হিমালয় দুগ্ধ-উৎপাদক সমবায় ইউনিয়ন লিমিটেডের অধীনে ডেয়ারিতে পলিথিন মোড়কে দুধ ভরার যন্ত্রপাতি বসানো হয়েছে। পলিথিন মোড়কে বর্তমানে শিলিগুড়ি ও জলপাইগুড়ি শহরেও দুধ সরবরাহ করা হয়। উত্তরবঙ্গের সেনানিবাসগুলিতেও 'ক্যান' ও ট্যাঙ্কারে দুধ সরবরাহ করা হয়ে থাকে।

এ ছাড়া মাটিগাড়া ডেয়ারিতে একটি 'হোমোজিনাইজার' যন্ত্র বসানো হয়েছে। এখানে সংমিশ্রিত দুগ্ধ উৎপাদিত হবে।

শিলিগুড়িস্থিত দৈনিক ১০০ মেট্রিক টন উৎপাদনক্ষম পশুখাদ্য কারখানাটি চালু করা হয়েছে এবং এখানে পশুখাদ্য উৎপাদন শুরু হয়েছে বিভিন্ন দুগ্ধ ইউনিয়নের মাধ্যমে কৃষক-সদস্যদের মধ্যে পশুখাদ্য-বীজ ও চারা বিতরণের এক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কাঁচা ঘাসের উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে প্রশিক্ষণ খামারও চালু করা হয়েছে। এগুলি ছাড়াও দুগ্ধ ইউনিয়নের অধীন কৃষক-সদস্যদের মধ্যে স্বল্পমূল্যে সঙ্কর বাছুর ও পশুখাদ্য বিতরণ করা হয়।

শহরের খাটাল থেকে অপসারিত গবাদিপশুর পুনর্বাসনের জন্য কলকাতার উপকণ্ঠে চারটি উপ-দুগ্ধ কলোনি স্থাপনের কাজ অগ্রসর হচ্ছে। ১৯৮১ সালের জুন মাসের মধ্যে গঙ্গানগরে অনুরূপ কলোনি স্থাপনের প্রকল্পটি শেষ হবে বলে আশা করা যায়। গার্ডেনরীচ, পূর্ব কলকাতা ও হাওড়ায় আরও তিনটি পুনর্বাসন কলোনি স্থাপনের কাজও অগ্রসর হচ্ছে। এই চারটি স্থানে শহর থেকে অপসারিত মোট ১৪ হাজার গবাদি পশুর, অনুগামী সহ, পুনর্বাসন করা হবে। এই চারটি কলোনি স্থাপনের আনুমানিক ব্যয় ৭ কোটি ৩৬ লক্ষ টাকা। এই ব্যায়ের মধ্যে পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের দেয় অর্থের পরিমাণ ৩ কোটি টাকা। সি এম ডি এ-র দেয় অর্থ ১ কোটি ৩৬ লক্ষ টাকা এবং বাকি ৩ কোটি টাকা পাওয়া যাবে হল্যাণ্ড সরকারের আর্থিক সহায়তার মাধ্যমে। গঙ্গানগর কলোনিতে দৈনিক ১০ হাজার লিটার দুগ্ধ-উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি চিলিং প্ল্যান্ট স্থাপন করা হবে। হাওড়া কেন্দ্র ছাড়া অন্য দুটি কেন্দ্রেও চিলিং প্ল্যান্ট স্থাপন করা হবে।

**"অপারেশন ফ্লাড-২" প্রকল্প**

রাজ্য সরকার এই রাজ্যে "অপারেশন ফ্লাড-২" প্রকল্পটির অনুগামী হিসাবে "অপারেশন ফ্লাড-২ প্রকল্পটি কার্যকরি করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উদ্দেশ্য হল, এই রাজ্যে 'সঙ্কর

জাতীয় উন্নত জাতের পশুসম্পদ বৃদ্ধি করা এবং দুগ্ধ-উৎপাদন মাত্রা বাড়িয়ে দুগ্ধে ঘাটতি পশ্চিমবঙ্গ রাজ্যকে দুগ্ধ-উৎপাদনে সমৃদ্ধ করা।

**ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যাণ্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড**

দোহ উন্নয়ন সংক্রান্ত দাবির অধীনে ১৯৮১-৮২ আর্থিক বছরে রাজ্যসরকার এই কর্পোরেশনের শেয়ার ক্রয় করার জন্য ২০ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করেছেন। এই কর্পোরেশনের পরিচালকমণ্ডলীর অনুমোদন সাপেক্ষে নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়ণের জন্য এই টাকা খরচ করা হবে ঃ

(লক্ষ টাকার হিসাবে)

| প্রকল্প | | | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ |
|---|---|---|---|---|
| ১। কল্যাণী ফিড মিলিং প্ল্যান্ট | .. | .. | ১৮.০০ | ... |
| ২। হাওড়া ফিড প্ল্যান্ট | .. | .. | ১০.০০ | ১০.৫০ |
| ৩। কোল্ড স্টোর | .. | .. | ... | ৫.০০ |
| ৪। ক্যাট্‌ল স্ট্যাক ইয়ার্ড | .. | .. | ৬.০০ | ... |
| ৫। মিলটন প্রোজেক্ট | .. | .. | ১৪.০০ | ৫.০০ |
| | | | ৪৮.০০ | ২০.৫০ |

রাজ্যসরকার এই কর্পোরেশনকে হাওড়া জেলায় এ আর ডি সি পোলট্রি প্রোজেক্ট রূপায়ণের জন্য ৫ লক্ষ টাকা 'সিড মানি' দিয়েছেন। এই কর্পোরেশন স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার আর্থিক সহায়তায় এই প্রকল্পটি পরিচালনা করছেন। এই প্রকল্পের অধীনে মোট ২০০টি পোলট্রি ইউনিট স্থাপন করা হবে, তার মধ্যে শতকরা ৩৫টি ক্ষেত্রে প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে এবং ঋণ দেওয়া হয়েছে। আশা করা যায়, বাকি ইউনিটগুলি স্থাপনের কাজ আগামী বছর শেষ করা যাবে।

এই কর্পোরেশন দৈনিক ৫০ মেট্রিক-টন উৎপাদনক্ষম দ্বিতীয় 'ফিল্ড মিলিং প্ল্যান্ট' হাওড়া জেলায় স্থাপন করবে। এই প্ল্যান্ট হাওড়া এবং হুগলি জেলার গো এবং মুরগী-পালকদের চাহিদার আংশিক প্রয়োজন মেটাবে। আশা করা যায়, এই প্ল্যান্টের নির্মাণকার্য ১৯৮৩-৮৪ সালের মধ্যে শেষ হবে।

এককালীন এক লক্ষ ডিম এবং মাংস সংরক্ষণের উদ্দেশ্যে এই কর্পোরেশনের একটি হিম-ঘর স্থাপন করার প্রস্তাব আছে। বর্তমানে এই কর্পোরেশন পোলট্রি-জাত দ্রব্য কেনাবেচায়

নিয়োজিত আছে। হাওড়া জেলায় এ আর ডি সি পোলট্রি প্রোজেক্ট পুরোদমে চালু হলে, ডিম এবং মাংসের সরবরাহ এত বেড়ে যাবে যে, কর্পোরেশনের নিজস্ব হিম-ঘর ছাড়া সরবরাহ করা ডিম এবং মাংসের সংরক্ষণ অসম্ভব হয়ে পড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। এই প্রকল্প বাবত খরচ ২০ লক্ষ টাকা ধরা হয়েছে।

এ ছাড়া এই কর্পোরেশন একটি মিলটন ডেয়ারি প্রোজেক্ট স্থাপনের প্রস্তাব নিয়েছে। এর জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে এবং এই প্রজেক্টের নির্মাণকার্য আগামী আর্থিক বছরের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়। এই প্রকল্পের অধীনে ভেজিটেবল প্রোটিনসমৃদ্ধ টোণ্ড-মিল্ক উৎপন্ন হবে।

এই কর্পোরেশন গত ডিসেম্বর মাস পর্যন্ত ৮,০০০ মেট্রিক-টন 'এপিক' পশুখাদ্য উৎপাদন করেছে আগামী আর্থিক বছরের শেষে পশুখাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৫ হাজার মেট্রিক-টন ধার্য করা হয়েছে। সেইহেতু কল্যাণী ফিড মিলিং প্ল্যান্ট-এর সম্প্রসারণ এবং অতিরিক্ত একটি গুদাম নির্মাণের প্রস্তাব আছে। গত খরার সময় এই কর্পোরেশন খরাপীড়িত অঞ্চলে ৩১৬ মেট্রিক-টন পশুখাদ্য সরবরাহ করেছে।

মেদিনীপুর জেলার খড়গপুর এবং হলদিয়া অঞ্চলে এবং কলকাতার পার্শ্ববর্তী অঞ্চলে এই কর্পোরেশন গত ডিসেম্বর মাস পর্যন্ত প্রায় ১৩.৮৫ লক্ষ লিটার দুধ বিক্রয় করেছে। যাই হোক, বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত কর্পোরেশন দুধ বিক্রয় ব্যবস্থা চালিয়ে যাবে।

যদিও ওয়েষ্ট বেঙ্গল ডেয়ারি এবং পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশনের জন্য বরাদ্দকৃত অর্থ এই দাবির অন্তর্ভুক্ত করা হয়েছে, তা সত্ত্বেও এই কর্পোরেশনের কাজের বিস্তার দোহ উন্নয়ন ও পশুপালন—উভয় ক্ষেত্রেই চলছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের অধীনস্থ দোহ উন্নয়ন অধিকার বিশ্ব খাদ্য কর্মসূচির ৬১৮ নং প্রকল্পের অফিস ওবং ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি ও পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড চলতি আর্থিক বছরে দোহ উন্নয়ন সংক্রান্ত যেসমস্ত কাজ করেছে এবং আগামী আর্থিক বছরে এই রাজ্যে দোহ উন্নয়ন সংক্রান্ত যেসমস্ত কর্মসূচি গ্রহণের প্রস্তাব আছে, সে সম্পর্কে আমি একটি সংক্ষিপ্ত বিবরণ দিলাম।

এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই যে, গত বছরে দুধের বোতলের ঢাকনি সংক্রান্ত যে সমস্যা দেখা দিয়েছিল, সেটা কাটিয়ে ওঠা গেছে। বর্তমানে অ্যালুমিনিয়াম ফয়েলের নিয়মিত সরবরাহের মোটামুটি ব্যবস্থা করা গেছে। কিন্তু দুধ বিশুদ্ধীকরণ, পরিবহণ ও সরবরাহ সংক্রান্ত কাজকর্মের মধ্যে মাঝে মাঝে নানা জটিলতার সৃষ্টি হয়। ফলত, এই বিরাট ব্যবস্থার কোনও কোনও জায়গায় কিছু কিছু বাধার সৃষ্টি হয়, যার ফলে গ্রাহকের কাছে দুগ্ধ-সরবরাহ অনিয়মমিত হয়ে যায়। স্বভাবতই গ্রাহকেরা বিরক্ত হন ও অভিযোগ করেন। দুটি প্রকল্পের অধীনস্থ ডেয়ারীগুলির কর্তব্যনিষ্ঠ ও দক্ষ কর্মীদের আন্তরিক কর্মপ্রয়াসের সাহায্যে ক্রেতাসাধারণের

এইসমস্ত অভিযোগ সমাধানের আমরা যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছি।

আমি এই সভায় বৃহত্তর কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প এবং দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প সম্বন্ধে কয়েকটি বক্তব্য পেশ করতে চাই। এই প্রকল্প দুটি যেমন একদিকে দক্ষতার সহিত পরিচালিত হওয়া বাঞ্ছনীয়, তেমন অপরদিকে এ কথা মনে রাখা প্রয়োজন যে, এগুলি সমাজকল্যাণমূলক প্রকল্প এবং দুধের মতো একটি অত্যাবশ্যক সামগ্রী সরবরাহ করা ছাড়াও এই প্রকল্পগুলি খোলাবাজারে দুধের মূল্যের ঊর্দ্ধগতি রোধে বিশেষ সহায়তা করছে। এই পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আর্থিক দিক বিচার করলে প্রকল্প দুটির নির্ভুল মূল্যায়ন করা যাবে না। দেশের মধ্যে আমরাই দুধের সর্বাধিক সংগ্রহমূল্য দিয়ে থাকি। দুধ তৈরির ব্যাপারে আমরা মাখনতোলা গুঁড়ো দুধ এবং বাটার অয়েলের উপর নির্ভরশীল। বিগত চার বছরে দুধের উৎপাদনমূল্য বৃদ্ধি সত্ত্বেও আমরা এর বিক্রয়মূল্য বৃদ্ধি করা থেকে বিরত রয়েছি—এ বিষয়ে সকলেই অবগত আছেন, বিস্তৃতভাবে বলার প্রয়োজন নেই। কর্মীদের কল্যাণের ব্যাপারে আমরা প্রগতিশীল নীতি অনুসরণ করছি এ বিষয়গুলি কেবলমাত্র ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে না দেখে এর গুরুত্বপূর্ণ সামাজিক ও অর্থনৈতিক দিকগুলিও বিবেচনা করতে হবে। এই পরিপ্রেক্ষিতে এই প্রকল্পগুলির মধ্যে কিছু পরিমাণ ভরতুকি বা সরকারি আনুকূল্য থাকা অপরিহার্য।

এখানে আমি উল্লেখ করতে চাই যে, নানাবিধ অসুবিধা থাকা সত্ত্বেও বৃহত্তর কলকাতা ও দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প দুটির কাজ চালু রাখার ব্যাপারে দোহ উন্নয়ন অধিকারের সকল শ্রেণীর কর্মচারী এবং দুধের ডিপোগুলি ও 'সুরভি'তে কর্মরত মেয়েরা উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে।

আমি আশা করি যে, ১৯৮১-৮২ সালে যেসমস্ত কর্মসূচি গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে, সেগুলির রূপায়ণে মাননীয় সদস্যবৃন্দ তাঁদের সহযোগিতার হাত প্রসারিত করবেন। আমি এটাও আশা করি যে, দোহ উন্নয়ন অধিকারের সমস্ত অফিসার ও কর্মী এই কার্যসূচির লক্ষ্যপূরণে কর্তব্যসচেতন হবেন।

মহাশয়, আমি প্রস্তাব করছি যে, ৫৬ নং দাবির অন্তর্ভুক্ত "৩১১—ডেয়ারি ডেভেলপমেন্ট", "৫১১—ক্যাপিটাল আউটলে অন ডেয়ারি ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)" এবং "৭১১—লোনস ফর ডেয়ারি ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)" খাতে ১৯৮১-৮২ সালের জন্য ২৫,৩২,৪০,০০০ (পঁচিশ কোটি বত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করা হোক।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। পশুদের মধ্যে গরু বিশেষ ভাবে আমাদের প্রয়োজন মিটিয়ে থাকে। গরুর কাছ থেকে আমরা দুধ, ঘি, ছানা ইত্যাদি সামগ্রী আমরা পেয়ে থাকি। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, ১৯৮১-৮২ সালে যে ব্যয় বরাদ্দ এই পশু পালনের

ক্ষেত্রে ধরা হয়েছে তা গত বছরের বরাদ্দের চাইতে অনেক কম ধরা হয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, পশ্চিমবাংলায় কি জনসংখ্যার হার ক্রমশ কমে যাচ্ছে, যাতে করে তিনি এই বরাদ্দ কম করলেন? জনসংখ্যা যদি বৃদ্ধি হতে পারে, এবং মানুষের ব্যাপারে যদি ব্যয় বৃদ্ধি ঘটতে পারে, তাহলে তো পশুর সংখ্যা — গরু, মহিষ ইত্যাদির সংখ্যা বৃদ্ধির অনুপাতে বরাদ্দ বেশি হওয়া উচিত ছিল। দেখা যাচ্ছে পশ্চিমবাংলাতে এক বছরে জনসংখ্যা ১০ লক্ষ করে বাড়ছে, তাহলে পশু পালন দপ্তর এই ব্যয় বরাদ্দ কম করলেন? তাহলে আমি কি ধরে নেব বর্তমান অবস্থায় সরকার গ্রামের মানুষদের উপর তাঁর দূরদর্শিতা দেখিয়েছেন?

[5-30 – 5-40 p.m.]

অথচ আপনারা গ্রামের ঐ আদিবাসী, তফসিলি মানুষদের দুর্দশার কথা বলে অনেক মায়াকান্না কাঁদেন।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাউসে কোরাম নেই, আমি এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি গুণে দেখলাম হাউসে কোরাম আছে, নানু বাবু আপনি বলুন।

**শ্রী নানুরাম রায় ঃ** স্যার, আমরা এই বামফ্রন্ট সরকারের ৩/৪টি বাজেট দেখলাম কিন্তু তাতে গ্রামের মানুষের কথা ওঁরা চিন্তা করছেন বলে মনে হয় না। ১৯৮০/৮১ সালের বাজেটে আমরা দেখেছি ভেটেরেনারি মোবাইল ইউনিয়ের ব্যাপারে ১২ লক্ষ টাকা বরাদ্দ ছিল কিন্তু এ বছর দেখা যাচ্ছে সেটা কমিয়ে করা হয়েছে ১০ লক্ষ টাকা ৮০ হাজার টাকা। এই যে বাজেট কমিয়ে দেওয়া হল এতে কি আমরা ধরে নেব এইসব জিনিসের আর পশ্চিমবাংলায় প্রয়োজন নেই? তারপর দেখছি সেন্ট্রাল মেডিক্যাল স্টোরসের ব্যাপারে ১৯৮০/৮১ সালে বরাদ্দ ছিল ৫ লক্ষ টাকা সেটা এবারে কমিয়ে করা হয়েছে ৪ লক্ষ ২৫ হাজার টাকা। এইভাবে প্রতিটি ক্ষেত্রে আমরা দেখছি বাজেটের বরাদ্দ এই সব ক্ষেত্রে কমিয়ে দেওয়া হয়েছে। আপনারা বলেন আপনারা নাকি গ্রামের প্রান্তিক চাষীদের জন্য খুবই চিন্তা করেন, তা যদি সত্যিই করতেন তাহলে এই বিভাগের বিভিন্ন খাতে এইভাবে টাকা কমিয়ে দিতেন না। এইভাবে যদি টাকা কমিয়ে দিতে থাকেন তাহলে প্রান্তিক চাষীদের গরু, মোষ চাষের কাজের জন্য দেবেন কি করে? অনুরূপভাবে আমরা দেখছি যেটা হিল এলাকা সেই হিল এলাকার ব্যাপারে ১৯৮০/৮১ সালে বরাদ্দ ছিল ৯৮ হাজার টাকা, এবারে সেটা কমিয়ে করা হয়েছে ৯৭ হাজার টাকা, এখানেও এক হাজার টাকা কমিয়ে দেওয়া হয়েছে। তারপর পোলট্রির ব্যাপারে ১৯৮০/৮১ সালে বরাদ্দ ছিল ৩০ লক্ষ টাকা, এবারে ১৯৮১/৮২ সালে সেটাও কমিয়ে দিয়েছেন। পোলট্রি কো-অপারেটিভ ব্যাপারে ১৯৮০/৮১ সালে বরাদ্দ ছিল ৩৫ লক্ষ টাকা, এবারে ১৯৮১/৮২ সালে সেটা কমিয়ে করেছেন ২ লক্ষ টাকা। কাকদ্বীপ এবং

নিমপীঠে যে পোলট্রি ফার্ম আছে সেখানে ১৯৮০/৮১ সালে বরাদ্দ ছিল ২।। লক্ষ টাকা। এবছর সেখানে একদম বরাদ্দ করেন নি। সুন্দরবনে ১৯৮০-৮১ সালে বরাদ্দ ছিল ৫০ হাজার টাকা, এই বছরে তার বরাদ্দ খাতে এক নয়া পয়সাও নেই। টাকা আপনাদের পকেটে চলে যাচ্ছে। ছাগল চাষে ১৯৮০-৮১ সালে বরাদ্দ ছিল ৮০ হাজার টাকা, ১৯৮১-৮২ সালে দেখছি এক পয়সাও ঐ বাবদ ধরা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটে উল্লেখ করা হয়েছে যে বীরভূমের সিউড়িতে একটি এবং বাঁকুড়া জেলার রঞ্জিতপুরে একটি মোট দুইটি ছাগ প্রদর্শন কেন্দ্র রয়েছে। উপজাতি অধ্যুষিত অঞ্চলে উন্নত ধরনের ছাগের চাহিদা পূরণের কাজে এবং উপজাতি শ্রেণীর খামারিদের ছাগ পালন বিষয়ে প্রশিক্ষণ দানের জন্য কেন্দ্র দুটি ব্যবহার করা হয়। এইভাবে আরও একটা জায়গায় বলেছেন একইভাবে তফসিলি শ্রেণীর কল্যাণের জন্য বর্তমান আর্থিক বছরে ৩৯০টি ছাগ-পালন ইউনিট স্থাপন করার প্রস্তাব রয়েছে। পরিকল্পনা আপনাদের আছে, থাকবে, কিন্তু বাস্তবায়িত কতটুকু হচ্ছে? আর একটা জায়গায় দেখছি খরা পীড়িত এলাকায় মেদিনীপুর জেলায় বর্তমান আর্থিক বছরে ১২৫টি ছাগ ইউনিট স্থাপনের জন্য ৬২৫টি ছাগ এবং ৫০টি ছাগ বিতরণের প্রস্তাব রয়েছে। আপনারা বিতরণ করতে পারবেন কিনা সন্দেহ আছে। ৪ বছরের মধ্যে ঠিকমতো আপনারা কাজ করতে পারলেন না। আপনাদের প্রস্তাব রয়েছে, প্রস্তাব হবে, কিন্তু করতে পারবেন না। শূকর চাষে আপনাদের ১৯৮০-৮১ সালে বরাদ্দ ছিল ৫০ হাজার টাকা, ১৯৮২ সালে কোনও বরাদ্দ নেই, অথচ শূকর চাষের কথা বলেছেন। হরিণঘাটা আঞ্চলিক শূকর প্রজনন খামারে বাচ্চা সহ ১২৩৫টি শূকর রয়েছে, এছাড়া রাজ্যে আরও চারটি শূকর খামার রয়েছে। এর তিনটি আছে দার্জিলিং জেলায় এবং অপর খামারটি প্রথমে বাঁকুড়া জেলায় স্থাপন করা হয়েছিল, পরে সেটা হরিণঘাটায় নিয়ে এসেছেন। পরের প্যারাগ্রাফে আরও বলেছেন ২৪-পরগনা জেলায় ক্ষুদ্র প্রান্তিক চাষী এবং কৃষি মজুরদের সহায়ক আয়ের জন্য ১০টি করে ফ্যাটেনার নিয়ে ৫ বছর সময়ের মধ্যে ৫০০টি শূকর খামার স্থাপনের লক্ষ্য স্থিরিকৃত হয়েছে। অবাক হয়ে যাচ্ছি বাজেটে কোথাও টাকা নেই, অথচ কাজ করবেন বলে পরিকল্পনা হচ্ছে। তফসিলিদের কথা এখানে উল্লেখ করেছেন যে রাজ্যের তফসিলি শ্রেণীর আর্থিক কল্যাণের জন্য রাজ্য পরিকল্পনা এবং কেন্দ্রীয় সহায়তা গ্রহণের প্রস্তাব রয়েছে। অথচ আপনারা জন্মের দিন থেকে বলে আসছেন কেন্দ্রীয় সরকার সহায়তা করছেন না। ১৯৮০-৮১ সালে এই বাবদ বরাদ্দ ছিল ২৮ লক্ষ ৮৭ হাজার টাকা, সেটা ১৯৮১-৮২ সালে হয়ে গেল ২০ লক্ষ টাকা — কম হয়ে গেল। আবার বলেছেন প্রান্তিক চাষীদের কো-অপারেটিভের মাধ্যমে গোদান তারপর পশু স্বাস্থ্য কার্যক্রমে বলছেন ধাপে ধাপে প্রত্যেক গ্রাম পঞ্চায়েত স্তরে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা সামনে রেখে আমরা এগিয়ে চলেছি। স্যার, পঞ্চায়েতের কথা শুনলে গ্রামের মানুষ আঁতকে উঠে। এমনি পঞ্চায়েতের মহিমা। আর একটা জায়গায় উল্লেখ আছে ভ্রাম্যমাণ চিকিৎসকের। ব্লকে যেসব চিকিৎসক আছে গ্রামের মানুষ তাদের দেখতে পায় না। ভ্রাম্যমাণ চিকিৎসকদের জন্য সরকার থেকে টাকা খরচ হয়, অথচ গ্রামের মানুষ তাদের চোখে দেখে না, অথচ ভ্রাম্যমাণ চিকিৎসক আছে।

[5-40 – 5-50 p.m.]

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এবারে আমি চিড়িয়াখানা সম্বন্ধে কিছু বলব। সেখানে যে আবহাওয়া তাতে এমনিতেই লোকে সেখানে যেতে পারে না, তদুপরি শুনলাম চিড়িয়াখানার মাঝখানে নাকি একটা হোটেল তৈরি করা হবে। আমি অবাক হচ্ছি ওই বিষাক্ত আবহাওয়ায় তাঁরা আবার হোটেল তৈরির পরিকল্পনা কেন করলেন? আমি মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাচ্ছি কারণ তিনি এবারে ডেয়ারির ব্যাপারে টাকা কম ধরেছেন। ১৯৮০-৮১ সালে ছিল ৪২ হাজার টাকা, কিন্তু এবারে দেখছি ৩০ হাজার টাকা দেওয়া হয়েছে। তবে কি এখন থেকে আমাদের নিজেদেরই ঘি এনে মাননীয় সদস্যদের দিতে হবে? আপনারা জানেন কুকুর আমাদের প্রচুর উপকার করে। কুকুর গ্রামের লোকদের পাহারা দেয়, ক্রিমিন্যালদের গ্রেপ্তার করে। কিন্তু এত বাজেট এখানে পেশ হয়ে গেল অথচ দেখলাম না এই কুকুরের জন্য কি ব্যবস্থা বাজেটে করেছেন। কসাইখানা সম্বন্ধে আমার কিছু বলার ছিল কিন্তু সময় অভাবে বলতে পারলাম না। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের যে পশু পালন এবং পশু চিকিৎসা দপ্তর রয়েছে তাঁরা ঠিকমতো কাজকর্ম করেন না এবার দেখেছি টাকা পয়সা যা বরাদ্দ করা হয় সেটা ঠিকভাবে খরচ করা হয় না এবং সময় মত কাজও করা হয় না। মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, গ্রাম পঞ্চায়েতের অধীনে ষাঁড় দেবেন। আমি জিজ্ঞাসা করছি, এতগুলো যে গ্রাম পঞ্চায়েত রয়েছে সেখানে এই ষাঁড়ের খরচ কে বহন করবে? কাজেই যে সমস্ত টাকা ধরা হয়েছিল সেগুলি ব্যয় না হবার জন্য এবং সামান্য মাত্র কাজ হয়েছে সেইজন্য আমি এই বাজেটের বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী ননীগোপাল মালাকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এই সভায় উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকারের এই যে পশু পালন এবং পশু চিকিৎসা বিভাগ এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ। এটাকে একটা সেবামূলক প্রতিষ্ঠান বললেও অত্যুক্তি করা হবে না। কারণ এই বিভাগের উদ্দেশ্য হচ্ছে পুষ্টিকর খাদ্য দুধ, মাংস, ডিম সমাজে সরবরাহ করা। দুধ সরবরাহ করতে হলে আজকের দিনে, আমাদের যে অতীতে দেশী গরু ছিল, সেই গরুর মাধ্যমে আজকের দিনে দুধ সরবরাহ করা সম্ভব নয়। সেই জন্য উন্নত ধরনের গরু দরকার এবং সেই উন্নত ধরণের গরু, শংকর জাতের গরু এবং তার প্রয়োজনীয় খাদ্য এবং তার প্রয়োজনীয় চিকিৎসা, এই সমস্ত কিছু করার মধ্যে দিয়ে। বিগত সরকার গত ৩০ বছরে কংগ্রেস সরকার আমাদের দেশে ছিল, পশ্চিমবাংলায় ছিল, তারা এই উদ্দেশ্য সফল করার জন্য যে উপযুক্ত ব্যবস্থা নেওয়া দরকার সেটা তারা নেননি। সেইজন্য আমরা দেখতে পাচ্ছি যে এখনও আমাদের দেশে বিশেষ করে পশ্চিমবাংলায় বাইরের দেশ থেকে গুঁড়া দুধ এবং বাটার অয়েল এনে বৃহত্তর কলকাতায় এবং শহরাঞ্চলে সরবরাহ করা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে কংগ্রেস লবিতে কেউ নেই, একজন মাত্র আছেন এবং জনতা পার্টির যিনি

এখানে বক্তব্য রাখলেন, নানু বাবু, তিনি বাজেটের ধারে কাছে যাননি, তিনি কি বললেন তা আমরা বুঝতে পারলাম না, উনি নিজেই বুঝতে পেরেছেন কি না জানি না, কারণ এই দপ্তর সম্পর্কে বলতে গেলে খানিকটা অভিজ্ঞতা থাকা দরকার। গত ৩০ বছরের মধ্যে এই দপ্তরের যে কাজ কর্ম এবং এই দপ্তরের মধ্য দিয়ে গ্রাম বাংলার যে অগণিত কৃষক, ক্ষেত মজুর, ভাগচাষী, মাঝারি কৃষক, ছোট কৃষক, তাদের যদি উন্নত ধরনের গরু সরবরাহ করা যেত, এবং সেই দপ্তর থেকে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হত এবং পশু খাদ্য সরবরাহ করার যদি ব্যবস্থা করা হত তাহলে পশ্চিমবাংলার বিশেষ করে গ্রাম বাংলার যে অভাব অনটন, লক্ষ লক্ষ মানুষ বেকার, আজকে এই অবস্থার মধ্যে তাদের পড়তে হত না, তাদের একটা কর্ম সংস্থানের ব্যবস্থা হত, তাদের আর্থিক কিছুটা উন্নতি হত। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমাদের দেশে কংগ্রেস সরকার সেই দিকে লক্ষ্য দেননি। তাদের লক্ষ্য ছিল গ্রামের যারা বড় বড় লোক, জমিদার জোতদার তাদের স্বার্থ রক্ষা করা। তাদের জন্য যত কিছু আইন, সব কিছু তারা করে গেছেন। সেই জন্য আজকে আমাদের এই অবস্থা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই অবস্থার মধ্যে আমাদের বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর, তাদের যে উদ্দেশ্য এবং লক্ষ্য, সাধারণ মানুষের স্বার্থ রক্ষার জন্য কাজ করা, তা তারা করছে। এই যে দুগ্ধ প্রকল্প এবং পশু চিকিৎসা বিভাগ, নেই বিভাগের মধ্যে দিয়ে অন্তত পক্ষে শহরাঞ্চলে এবং বৃহত্তর কলকাতায় দুধ সরবরাহ যাতে বাড়ানো যায় এবং পশু পালন ব্যবস্থা যাতে উন্নত করা যায়, যার মধ্যে দিয়ে গ্রামের মানুষের আর্থিক স্বচ্ছলতা আসবে পশু পালন বাড়ানোর মধ্যে দিয়ে, তাদের চিকিৎসা এই সমস্ত দিকে বামফ্রন্ট সরকার নজর দিচ্ছেন এবং তাঁরা এই ব্যাপারে কাজ করছেন।

[5-50 – 6-00 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতা থেকে আমি একটি পরিসংখ্যান দিচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সালে কৃত্রিম প্রজনন কেন্দ্র মাত্র ৪টি ছিল। বামফ্রন্ট সরকার ৪ বছরের মধ্যে আরও ৫টি চালু করেছেন। আগামী বছর আরও একটি চালু হবে। বিগত কংগ্রেস সরকার ৩০ বছর রাজত্বের মধ্যে যা করতে পারেননি, আমরা ৪ বছর সময়ের মধ্যে সেটা করতে সক্ষম হয়েছি। শংকর জাতীয় প্রকল্পের মধ্যে ১০ লক্ষ ৯০ হাজার গরুকে আনা হয়েছে। ১৯৭৭ সালে উৎপাদন কেন্দ্র ছিল ৯৩টি, এখন সেটা বেড়ে ১২৯টি হয়েছে। ১১৪টি সেন্টার যেখানে ছিল এখন ১ হাজার ৯৩টি হয়েছে। ৬৭ হাজার ৬৬০টি শংকর জাতীয় বাছুর জন্মেছে। সিমেন সংগ্রহ প্রকল্পের মধ্য দিয়ে আমাদের সামগ্রিক সাফল্য এসেছে। আগে ২২টি ছিল এখন ৩৫টি হয়েছে। মোটামুটি ৪।। বছর রাজত্বের মধ্যে আমাদের অনেক উন্নতি হয়েছে। বৃহত্তর কলকাতায় আগে যেখানে ২ লক্ষ লিটার দুধ সরবরাহ করা হত, এখন সেখানে ৩।। লক্ষ লিটার সরবরাহ করা হচ্ছে। পশু পালন, পশু চিকিৎসা এবং সবুজ ঘাসের উৎপাদন বৃদ্ধি হয়েছে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শনিবার বার বেলায় দেখা যাচ্ছে হাউসের কোরাম কখন থাকছে, কখন থাকছে না, বাইরে থেকে সদস্যদের ডেকে আনতে হচ্ছে কোরামের জন্য। কাজেই এই অবস্থায় আলোচনা করার সুযোগ কম। তাই আমি সংক্ষেপে আমার বক্তব্য শেষ করব। আমি ৫৫ এবং ৫৬ নং দাবির সমালোচনা করে কিছু বলব। এই ব্যয় বরাদ্দের দাবির মধ্যে দেখা যাচ্ছে উনি প্রায় প্রতি পৃষ্ঠাতেই ৬/৭ বার করে বলেছেন, বিবেচনা করা হচ্ছে, প্রস্তাব করা হয়েছে, বিবেচনাধীন আছে ইত্যাদি ইত্যাদি এই বলে পাতা ভরিয়েছেন। তিনি নিজেই স্বীকার করেছেন কিছুই করতে পারেননি, গত ৪ বছরে কিছুই হয়নি। ব্লকে ব্লকে পশু পালন হাসপাতাল হয়নি, করতে পারেননি। ভেটেরিনারি ডিসেপন্সারি করা হয়েছে নামে মাত্র, সেখানে ঔষধ পাওয়া যায় না, ডাক্তার থাকে না, চিকিৎসার জন্য পশু নিয়ে গেলে ফিজ দিয়ে দেখাতে হয়।

গ্রামে গ্রামে তারা প্রাইভেট প্রাক্টিস করেন। সেখানে ডাক্তারদের কল দিলে কোথাও ৫০/৬০ টাকা আবার কোথাও বা ১৫/২০ টাকা তাদের ফ্রি দিতে হয়। তা ছাড়া কমপাউন্ডার যারা আছেন তাদেরও ৫/৭ টাকা করে ভিজিট দিতে হয়। যে ঔষধ তারা লিখে দেন সেগুলি হাসপাতালে পাওয়া যায় না, ডিসপেন্সারিতেও থাকে না, তারা সেখানে বলে দেন অমুক দোকান থেকে এই ঔষধ কিনে নিন। এতে মনে হয় সেই ঔষধের দোকানের সঙ্গে তাদের কিছু কমিশনের ব্যবস্থা আছে। এইভাবে চিকিৎসা ব্যবস্থা সমস্ত জায়গায় অব্যবস্থা এবং দুর্নীতি রয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় এর কোনও সুরাহা করতে পারেননি। তারপর পশু খাদ্য নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় অনেক কথা লিখেছেন। স্যার, গত বন্যার সময় এবং এ বছর এই পশু খাদ্য নিয়ে কি কালোবাজারি এবং দুর্নীতি চলেছে সেটা আমরা দেখেছি। স্যার, এই বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসেন তখন আমার মনে আছে তাঁরা সুস্পষ্ট ভাবে বলেছিলেন আমাদের সরকারের প্রথম এবং প্রধান কাজ হবে পশ্চিমবঙ্গ থেকে কন্ট্রাক্টরি সিস্টেম তুলে দেওয়া এবং সরকার নিজেই যাতে সেই কাজ করতে পারেন তার ব্যবস্থা করা। কিন্তু স্যার, ৪ বছর এই সরকারের হয়ে গেলেও এই সিস্টেম পাল্টানো হল না। আমার মনে হয় কন্ট্রাক্টররা এদের দলে টেনে নিয়েছেন এবং সেখানে কিছু লেনদেনের ব্যবস্থা হয়েছে। আমরা দেখছি আগের তুলনায় এখন কন্ট্রাক্টররা বেশি লাভ করছে। কমলনাথ, সিদ্ধার্থ রায়ের আমলে পশ্চিমবঙ্গে ব্যবসা করে যে লাভ করেছেন এখন এই বামফ্রন্ট সরকারের আমলে তার দুগুণ লাভ করেছেন — একথা কমলনাথ দিল্লিতে প্রকাশ করেছেন। বড় বড় পুঁজিপতি, কন্ট্রাক্টর এদের গায়ে এই সরকার হাত দেননি — মুখে তারা যতই বড় বড় কথা বলুন, কাজে কিছুই করেননি। আমি সরকার পক্ষের মাননীয় সদস্যদের বলছি, জনগণের আস্থা আর আপনাদের উপর নেই সেটা আপনারা আগামী নির্বাচনেই বুঝতে পারবেন। এরপর স্যার, আমি কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের দোষ ত্রুটি নিয়ে কয়েকটি কথা বলব। স্যার, সেখানে আজকে যে ঘটনাটি ঘটেছে সেটা আমি বলব — মৃদুল ভৌমিক বলে সি.পি.এম.-এর একজন

কর্মী এবং ঐ অঞ্চলের একজন গুন্ডা বলে পরিচিত সেই মৃদুল ভৌমিক এই কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের একজন কর্মী, তাকে আজকে সকালে গ্রেপ্তার করা হয়েছে। এরজন্য সেখানে কাজকর্ম বন্ধ হয়ে গিয়েছে এবং সেখানে অফিস তছনছ করা হয়েছে এই খবর আমি পেলাম। আজকে বিকেলে আর দুধ সরবরাহ হবে না। সেখানে সিটুর কর্মী যারা আছেন তারা সেখানকার সব কাজ অচল করে দিয়েছেন। স্যার, আপনি জানেন, ৭৫টি রুটে সরকারি ট্রান্সপোর্টের মাধ্যমে দুগ্ধ সরবরাহ করা হয়। তার মধ্যে দেখা যায় ৫/৭টি রুট প্রতিদিন বন্ধ থাকে ফলে সেখানকার ডিপোগুলি দুধ পায় না — এই অবস্থা চলেছে। তারপর স্যার, আরও খবর আছে কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে প্রতিদিন ৩/৪ হাজার লিটার দুধ নষ্ট হয়ে যায়। স্যার, যেখানে দুধের এত ঘাটতি সেখানে প্রতিদিন যে এইভাবে ৩/৪ হাজার লিটার দুধ নষ্ট হয়ে যাচ্ছে সেটা মন্ত্রী মহাশয় দেখেন না। তা ছাড়া স্যার, এই কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের নিজেদের গাড়ি থাকা সত্ত্বেও আমরা দেখছি প্রতিদিন বাইরে থেকে গাড়ি হায়ার করা হচ্ছে অপ্রয়োজনীয় ভাবে। সেখানকার কর্মীরা বলছেন, সেখানে গাড়িগুলি অচল হয়ে পড়ে আছে ফলে তার কর্মীরাও বসে থাকছেন এবং এইভাবে ট্রাক হায়ার করা হচ্ছে। স্যার, আমাদের আশঙ্কা রয়েছে যে মন্ত্রী মহাশয়ের দলের নেতারা এর সঙ্গে যুক্ত আছেন এবং এর মাধ্যমে তাদের হাতে কিছু পয়সা আসছে এবং তার থেকে পার্টি ফান্ডে কিছু যাচ্ছে। তারপর স্যার, এঁরা নিয়ম করেছেন যে কোনও চাকরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হবে।

[6-00 – 6-10 p.m.]

আমি দেখেছি ক্যালকাটা মিল্ক ডেয়ারিতে যে লোক নেওয়া হয়েছে সেটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেওয়া হয় নি, বাইরে থেকে নেওয়া হয়েছে এবং উইদাউট এনি নোটিশ নেওয়া হয়েছে। এই ব্যাপারে আপত্তি করেছিল বলে আই.এন.টি.ইউ.সি.-র নেতার উপর হামলা করা হয়েছে। আমি সময় অভাবে এখানে নামগুলো বলতে পারলাম না। আর একটা খবর শুনলে আপনারা বিস্ময়ে অভিভূত হয়ে পড়বেন এবং সেটা হচ্ছে, সিটুর সদস্য এরকম কিছু লোক কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে রয়েছে যারা অফিসে গিয়ে শুধু নাম সহি করে বাড়ি চলে আসে, কোনও কাজ করে না। আবার কেউ কেউ আছে যারা অফিসে যায় কিন্তু সহি করে না। আবার কেউ কেউ আছে মাসে ১/২ সপ্তাহ যায় এবং মাসের পুরো মাইনে নেয়। শুধু মাইনেই নয়, তারা ওভার টাইম পর্যন্ত পাচ্ছে এবং কোনও কাজ করে না। এই যে দুর্নীতি ওখানে চলছে আমি আশা করি এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় আমাদের কাছে কিছু বলবেন। তারপর এই দুগ্ধ সরবরাহ প্রকল্পে যে সমস্ত কর্মী রয়েছে তাদের প্রমোশন কিছু কিছু ক্ষেত্রে হচ্ছে কিন্তু সিনিওরিটির ভিত্তিতে সেই প্রমোশন হচ্ছে না। এঁদের দলের লোকদের প্রমোশন হচ্ছে, কিন্তু যাঁরা অন্য দল করেন বা ফেডারেশন করেন তাদের প্রমোশন হচ্ছে না। এই ধরণের দুর্নীতিও সেখানে চলছে। আর একটা ঘটনা শুনলে আপনারা অবাক হবেন। স্বয়ং

মিল্ক কমিশনার, যিনি সরকারি কর্মচারী তিনি সিটুর মিটিং-এ লাল পতাকা তলে দাঁড়িয়ে ভাষণ দিলেন। আমার মনে হয় এই জিনিস কোনও দেশে হয় না। একজন সরকারি কর্মচারী কি করে একটা রাজনৈতিক দলের পতাকা তলে দাঁড়িয়ে ভাষণ দেন সে সম্বন্ধে তদন্ত করা দরকার। তারপর, দেখা যায় ডেয়ারির যে সমস্ত গাড়ি আছে তার কিছু কিছু গাড়ি নিজেদের পার্টির ক্যাডারদের নিয়ে চলাচল করে। এই প্রকল্পে ভয়ানক ভাবে যে দুর্নীতি চলছে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় আশা করি জবাব দেবেন। শুধু তাই নয়, ওখানে যারা অন্য ইউনিয়ন করে, সিটু করে না তাদের ট্রান্সফার করা হচ্ছে। এই প্রকল্পের জন্য বিদেশ থেকে যে টাকা আসছে তার সদ্ব্যবহার হচ্ছে না কাজেই আমি এই বাজেট সমর্থন করতে পারছি না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি তাতে বিরোধী পক্ষের তরফ থেকে মাননীয় সদস্য নানুরাম রায় সমালোচনা করে বলেছেন বাজেট বরাদ্দ কমেছে। আমি বলব উনি ভাল করে দেখেননি। ১৯৭৬/৭৭ সালে ৫৫ নং খাতে ৮ কোটি ৭৩ লক্ষ টাকা ধার্য হয়েছিল, ১৯৭৭/৭৮ সালে ১০ কোটি ৪৭ লক্ষ ৫২ হাজার টাকা ধার্য হয়েছিল, ১৯৭৮/৭৯ সালে ১১ কোটি ৫৫ লক্ষ ৩৩ হাজার টাকা ধার্য হয়েছিল, ১৯৭৯/৮০ সালে ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা ছিল এবং ১৯৮১/৮২ সালে ১৪ কোটি ৪৯ লক্ষ ২৪ হাজার টাকা ছিল। কাজেই দেখা যাচ্ছে টাকার অঙ্ক ক্রমশই বাড়ছে। সেই সম্পর্কে জবাব দেবার কিছু নেই। আপনি দয়া করে একটু বাজেটটা পড়ে দেখবেন। হসপাতাল ছিল ২২টা হয়েছে ৩৫টা। এ.আই. সেন্টার ছিল ৮০০ হয়েছে হাজারের উপর। এগুলি সব লেখা আছে, আমি আর বিশদ ভাবে এখানে বলতে চাই না। সামসুদ্দিন সাহেব যে কথা বলেছেন, আমি তার একটু জবাব দিতে চাই। আমরা দুধ উৎপাদন বাড়াতে চাই এবং দুধের উৎপাদন ক্রমশঃ বাড়ছে। আমি তথ্য দিয়েছি সেটা দেখলে আপনি বুঝতে পারবেন। ১৯৭৬-৭৭ সালে এই রাজ্যে দুধের উৎপাদন ছিল প্রতিদিন ১০.৬৪ লক্ষ মেট্রিক টন। ১৯৮০-৮১ সালে এই রাজ্যে দুধের উৎপাদন হচ্ছে ১২.৮৯ লক্ষ মেট্রিক টন এবং ১৯৮১-৮২ সালে আমরা যে লক্ষ্য মাত্রা ধার্য করেছি এবং আশা করি ১৩.৩৮ লক্ষ মেট্রিক টন হবে। এতেও সন্তুষ্ট হতে পাচ্ছেন না। কাজেই পশ্চিমবঙ্গে দুধের উৎপাদন আরও বৃদ্ধি করতে হবে। মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে বলেছেন যে আমার সরকারের লক্ষ্য হচ্ছে পশ্চিমবঙ্গে দুধের উৎপাদন বৃদ্ধি করা। ২৮০ থেকে ৩০০ লিটার যে দুধ আসে সেটা আরও বাড়বে এবং সেই দিকে আমাদের নজর আছে। এগুলি বাড়াতে গেলে যে কাজগুলি করা প্রয়োজন সেই সম্পর্কে আমি লিখেছি। এই সম্পর্কে আমি বিস্তৃত বিবরণের মধ্যে যাচ্ছি না। পশু খাদ্যের ভাল ব্যবস্থা আমরা করেছি। পশু খাদ্য উৎপাদন করার জন্য পশু খামারকে উৎসাহিত করবার চেষ্টা করছি। শেখ ইমাজুদ্দিন সাহেব বলেছেন যে পশু খাদ্য নিয়ে বন্যার সময়ে কালোবাজারি হয়েছে। তার কথা আদৌ সত্য নয়। আমি তার কথার প্রতিবাদ করছি।

ভারতবর্ষে এই প্রথম বন্যার সময়ে খরার সময়ে পশ্চিমবঙ্গে ক্যাটেল ফডার দেওয়া হয়েছে যা কোনও রাজ্যে দেওয়া হয়নি এবং পশ্চিমবঙ্গে কখনও দেওয়া হয়নি। আর এই পশু খাদ্য সরকার নিয়ন্ত্রণ করেন না। আপনাদের সময়ে ভূষি নিয়ন্ত্রণ হয়েছিল এবং তা নিয়ে কেলেঙ্কারি হয়েছিল। আমরা পশু খাদ্য নিয়ন্ত্রণ করি না। আমরা চাই পশু খাদ্য ভাল করে উৎপাদন হোক এবং কৃষকরা যাতে সেই খাদ্য উৎপাদন করে তার জন্য আমরা কর্মসূচি নিয়েছি। আমরা তাদের সাহায্য দেবার ব্যবস্থা করছি এবং সেই সাহায্য উত্তরোত্তর বাড়বে। এখানে নানা রকম পশু খাদ্য তারা তৈরি করছে। যদিও এই ব্যাপারে সমস্যা রয়েছে। মাননীয় সদস্য ননী মালাকার যে কথা বলেছেন যে পশু খাদ্য উৎপাদনের জন্য শুধু পশু পালন বিভাগই নয়, কৃষি বিভাগ, ভূমি রাজস্ব বিভাগ এবং পশু পালন বিভাগ এক সঙ্গে বসে পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকে কি করে পশু খাদ্য বিতরণ কেন্দ্র খোলা যায় এবং চাষীরা যাতে বেশি করে উৎপাদন করতে পারে তার জন্য ব্যবস্থা করতে হবে। তিনি পশু চিকিৎসার কথাও বলেছেন। পশু চিকিৎসা বেড়েছে। ইমাজুদ্দিন সাহেব বলেছেন যে হাসপাতালেও ঔষধ খুব কম। আমি তাকে এই কথা বলব যে বাজেটটা একটু পড়ে দেখবেন। সেখানে বলা হয়েছে যে বরাদ্দ বাড়ান দরকার। কি পরিমাণ বাড়ানো দরকার সেটা পরে ঠিক করা হবে। তবে এই কথা ঠিক যে হাসপাতালে ঔষধ বাড়ান দরকার, হেলথ সেন্টার বাড়ানো দরকার এবার সেটা আমরা করব। ইমাজুদ্দিন সাহেব বলছেন যে ডাক্তার পাওয়া যায় না। আমি তাকে বলব যে দয়া করে ডাক্তারদের নিয়ে রাজনীতি করবেন না। কারণ ডাক্তার বদলি করা হয়েছিল। সেখানে শেখ ইমাজুদ্দিন সাহেবের দল, তারা চেষ্টা করে ভেটেরেনারি অ্যাশোসিয়েশনকে নিয়ে রাজনীতি করছেন। আমি জানি না ইন্দিরা কংগ্রেস করছেন কিনা, আমি সমালোচনা করতে চাই না। তবে ওরা উস্কানি দিয়েছেন যে গ্রামে যেওনা। তারা মামলা করেচিলেন কিন্তু মহামান্য হাইকোর্টে হেরে গেছেন। গত বছর মামলা করে এই সমস্ত বদলি বন্ধ করে দিয়েছিলেন। গ্রামে ডাক্তাররা যাচ্ছে না, তারা বাধার সৃষ্টি করেছিলেন। বেশির ভাগ পশু চিকিৎসক তারা জনসাধারণের স্বার্থে বদলি হতে চান। কিছু পশু চিকিৎসক, তারা ঐ শেখ ইমাজুদ্দিন সাহেবের দলের নেতৃত্বে সুপ্রিম কোর্টে গিয়েছেন এবং সেখানে গিয়ে বদলির আদেশ বন্ধ করবার চেষ্টা করছেন। সে জন্য ইমাজুদ্দিন সাহেবকে বলব যে একটা জিনিস বলুন — হয় বলুন পশু চিকিৎসকরা গ্রামে যান এবং তারপর সমালোচনা করুন। তাদের গ্রামে বাধা দেবেন, আর এখানে সমালোচনা করবেন — যে তারা গ্রামে চিকিৎসা করছে না — এই দুই পথে যাওয়া চলে না। একটা পথ নিন। একটা পথ নিলে দেখবেন পশু চিকিৎসা আমরা ভাল ভাবে করতে পারব।

[6-10 – 6-20 p.m.]

আমি আর একটা নূতন কথা ঘোষণা করছি। দুগ্ধ উৎপাদন প্রকল্পে নূতন হিসাবে আমরা অপারেশন ফ্লাড — ১ এর অংশীদার হয়েছিলাম। সম্প্রতি বিশ্ব খাদ্য সংস্থার

প্রতিনিধিরা এসেছিলেন, তাতে বাঙালি কেউ ছিলেন না, সমস্তই ইউরোপীয়ান এবং বিভিন্ন দেশ থেকে যাঁরা এসেছিলেন তাঁরা আমাদের প্রশংসাপত্র দিয়েছিলেন। আমাকে তাঁরা চিঠি লিখেছিলেন যে ৭৮ এর অপারেশন ফ্লাডের সময় পশ্চিমবঙ্গ রাজ্য সরকার যে ভাবে কাজ করেছেন সেটা খুবই প্রশংসনীয়। অপারেশন ফ্লাড ২ শুরু হবে, আজকে দ্বিতীয় বারের সিদ্ধান্ত নিয়ে বুঝেছি পশ্চিমবঙ্গের তরফ থেকে অপারেশন ফ্লাড ২ সম্বন্ধে আইন সংগঠিত কথা নিয়ে এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে কোনও আলোচনা করেননি। আমি দিল্লি গিয়েছিলাম, আই.সি.আর.-র মিটিংয়েতে। সেখানে আলোচনাতে আমার যে ধারণাটা হয়েছিল সেটা নিয়ে আমি সভাপতি রাওবীরেন্দ্র সিংয়ের সঙ্গে কথা বলেছিলাম যে অপারেশন ফ্লাড ২ কার্যকর করতে গেলে বিভিন্ন রাজ্যে সেটা কিভাবে কার্যকর হবে তার পদ্ধতি কি হবে, কত টাকা খরচা হবে, কিভাবে ব্যয় করা যাবে সেটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে বসে একটা জাতীয় ভিত্তিতে আলোচনা করতে সমস্ত রাজ্য সরকারের সঙ্গে। কারণ সমস্ত রাজ্যই চান অপারেশন ফ্লাড ২ কি করে কার্যকর হবে তা নিয়ে একটা জাতীয় স্তরে আলোচনা হোক। ইমাজুদ্দিন সাহেব — একটু দয়া করে দিল্লিতে আপনাদের মন্ত্রীদের বলুন যে আলোচনাটা একটু তাড়াতাড়ি করা দরকার। তাহলে অপারেশন ফ্লাড ২ তে আমরা যোগদান করতে পারি সেটা করলে দুধ উৎপাদন আরও বাড়বে এবং পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় দুধ সরবরাহ করার ব্যবস্থা করা যাবে। আপনারা যে ডেয়ারিগুলি করে গিয়েছিলেন সেগুলি পুরনো হয়ে গেছে ভেঙ্গে পড়ছে, আমরা নতুন ব্যবস্থা নিয়েছি, এগুলি বিকেন্দ্রীকরণের ব্যবস্থা নিয়েছি। আমরা বর্ধমানে ডেয়ারি করেছি, সেটা চালু হবে, বহরমপুর, মুর্শিদাবাদে, মেদিনীপুরে যেসব ডেয়ারি করছি সেগুলিও শীঘ্রই চালু হবে। কলকাতায় আরও যাতে বেশি দুধ সরবরাহ করা যায় এবং উৎপাদন করা যায় সে প্রস্তাব রাখছি। কলকাতার উপকণ্ঠে দক্ষিণ দিকে আমরা আর একটি নূতন ডেয়ারি প্রকল্প যাতে করতে পারি তার জন্য ব্যবস্থা করছি। এইভাবে ডেয়ারি করে আরও দুধ উৎপাদন কেন্দ্র, দুধ বিশুদ্ধিকরণ কেন্দ্র করবার চেষ্টা করছি, যেটা ওঁরা করে গিয়েছিলেন, যেটা এখন ভেঙ্গে পড়ছে আমরা সেটার উপর ভরসা করতে পারি না তবু আমরা সেগুলি মেরামত করে যাতে আরও ভাল করে কাজ করতে পারি, এ.আই. সেন্টার করতে পারি তার চেষ্টা করছি। পশু চিকিৎসা সম্পর্কে একটা নীতি আমরা নিয়েছি, আমরা হাসপাতালের সংখ্যা বৃদ্ধি করেছি, কৃত্রিম গো প্রজননের সংখ্যা বৃদ্ধি করেছি। হেলথ সেন্টার বৃদ্ধি করেছি। প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে, ৩২৪২টি গ্রাম পঞ্চায়েত পশ্চিমবঙ্গে আছে এখানে প্রাথমিক স্তরে পশু চিকিৎসা কেন্দ্র প্রস্তুত করার ব্যবস্থা আমরা করব, এটা একদিনে হবে না, এই ষষ্ঠ পরিকল্পনার মধ্যে ৬ বছরে আমরা ক্রমশ করব তারপর গ্রামাঞ্চলে যাতে গরিব চাষীরা তাদের চাষের হালের বলদের এবং দুধাল গাইয়ের চিকিৎসা করতে পারে তার জন্য আমরা ব্যবস্থা করব এবং আমরা সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থাই করব। নানু বাবুকে বলছি, অনুগ্রহ করে বইটা পড়বেন, দেখবেন। সন্দীপ বাবু চিড়িয়াখানার প্রশ্ন আমাকে করেছেন,

নিশ্চয় আমাকে জবাব দিতে হবে। কলকাতার চিড়িয়াখানা অনেক দিনের, ৩০/৩২ বছরের রাজত্বে তো কই একথা কেউ ভাবেননি, ১০৫ বছরের পুরনো চিড়িয়াখানা, এটার একটা পরিবর্তন করতে হবে। যে পশুগুলি সেখানে আছে তাদের একটু শান্তি, সুস্থতা, বিশ্রাম ইত্যাদির প্রয়োজনের কথা কেউ স্বীকার করেছিলেন? এসব আপনারা কল্পনাও করেননি। আমরা সাবসিডিয়ারি জু করছি। সন্দীপ বাবু জিজ্ঞাসা করছিলেন, আমি জবাবে বলেছি সাবসিডিয়ারি জু কলকাতার উপকণ্ঠে যে কোনও জায়াগায় করব তবে এক লাগোয়া অন্তত পক্ষে ২০০ একর জমি চাই, ৫০০ বিঘা। উনি যেটা বলেছেন এখানে নাকি হোটেল করা হবে আমি সে বিষয়ে জানি না, এবং যে ম্যানেজিং কমিটি আছেন তাঁরাও কিছু বলেননি। গুজব নানা রকম শুনি, ঐ জমিটা পড়ে আছে, এর সদ্ব্যবহার কি করে করা যায় সেটা আমি দেখব।

আজ নানা রকম আশঙ্কা যে হচ্ছে এটা কল্পনা ছাড়া আর কিছু নয়। দিল্লি মিল্ক সাপ্লাই স্কীমে কি হচ্ছে? দিল্লিতে একটা মিল্ক সাপ্লাই স্কীম আছে সেটা সরকার পরিচালনা করেন, কিন্তু সেটা আজ ভাঙ্গনের মুখে এসে দাঁড়িয়েছে। এটাকে ভাল করতে হবে জনসাধারণের জন্য। অথচ দিল্লিতে যে ন্যাশন্যাল মিল্ক ডেভেলপমেন্ট বোর্ড আছে তাদেরই আমরা ডানকুনি পরিচালনা ভার দিয়েছি। আমরা আশা করছি ২ লক্ষ লিটার দুধ সরবরাহ করতে পারব। এখন আমরা গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাইতে ১ লক্ষ সরবরাহ করছি। তবে আমরা আরও বেশি করে করতে চাই। দিল্লির মিল্ক সাপ্লাই যাতে মাদার ডেয়ারির পরিচালনায় থাকে তার চেষ্টা করা হচ্ছে। এ নিয়ে কোনও রাজনীতি করা উচিত নয়। এই সাজেশন আমি প্রণব মুখার্জিকে এবং প্রধানমন্ত্রীকে দেব। অর্থাৎ দিল্লির মিল্ক সাপ্লাই স্কীম যেন নষ্ট না হয় দলীয় রাজনীতির জন্য তা দেখা উচিত। বেলগাছিয়া সম্বন্ধে বলে ভালই করেছেন। মৃদুল সম্বন্ধে যে কথা বলেছেন তাতে বলব যে সে আমাদের সরকারি কর্মচারী নয়। রঙ্গনের ব্যাপার নিয়ে গোলমাল হয়েছিল বলে মৃদুলকে পুলিশ গ্রেপ্তার করেছে। যে সরকারি কর্মচারী নয়, সে বাহিরের ছেলে, তবে তার এক ভাই আমাদের সরকারি কর্মচারী। সেখানে সমাজ বিরোধীরা আছে তারা আমাদের ডেয়ারি ওয়ার্কারদের মারধোর করেছে। আমি মিল্ক কমিশনারকে বলেছি একটা তদন্ত করতে এবং কেউ যদি অন্যায় করে থাকে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। তবে সমাজ বিরোধীরা যদি অন্যায় করে থাকে তাহলে পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ এর জবাব দেবে। আমরা বলছি ও পথে আপনারা যাবেন না। এই কথা বলে আমার ব্যয় বরাদ্দ অনুমোদন করার কথা বলে আমি শেষ করছি।

**Demand No.55**

The motion of Shri Amritendu Mukherjee that a sum of Rs. 14,39,95,000 be granted under **Demand No.55, Major Heads : "310 — Animal Husbandry and 510 — Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)"**, was then put and agreed to.

**Demand No.56**

The motion of Shri Amritendu Mukherjee that a sum of Rs. 25,32,40,000 be granted for expenditure under **Demand No.56, Major Heads : "311 — Dairy Development, 511 — Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings), and 711 — Loans for Dairy Development (Excluding Public Undertakings)"**, was then put and agreed

**Adjournment**

The House was then adjourned at 6.20 p.m. till 1 p.m. on Monday, the 23rd March, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 23rd March, 1981 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 5 Ministers of State and 129 Members

[1-00 —1-10 p.m.]

### Held Over Starred Questions
### (to which oral answers were given)

### Monthly salary of part-time craft Teachers of Kajlagarh M.S.B.C.M. High School

*77. (Admitted question No *342.) **Shri Haripada Jana (Bhagabanpur) :** Will the Minister-in-charge of Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state—

(a) if it is a fact that the part-time craft teachers of Kajlagarh M.S.B.C.M. High School in the district of Midnapore are still getting Rs. 25 per month as their monthly salary ; and

(b) if so, whether the Government has instructed the department concerned and the school authority to pay Rs. 100 per month as per U.O. No. B 1324, dated the 23rd April 1979?

**Shri Partha De :**

(a) Yes.

(b) No; their cases do not come under the purview of the Government order referred to.

### বীরভূম জেলায় কলহপুর এইচ. এম. কে. জুনিয়র হাই মাদ্রাসা

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩।) ডাঃ মোতাহার হোসেন ঃ শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার জন্য সরকার মনোনীত পরিদর্শক দল উক্ত জেলার কলহপুর এইচ. এম. কে. জুনিয়র হাই মাদ্রাসাকে হাই মাদ্রাসায় উন্নীত করিবার জন্য সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে সুপারিশ করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত মাদ্রাসা হাই মাদ্রাসায় উন্নীত হইবার অনুমোদন লাভ করিয়াছে কি না?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** টপ প্রায়রিটি এবং প্রায়রিটির মধ্যে মাদ্রাসা নেওয়া হয়েছে কি?

**শ্রী পার্থ দে ঃ** ১৯৭৯ ওই জেলা থেকে ৪টি মাদ্রাসার নাম এসেছিল। মারগ্রাম হাই মাদ্রাসা, পাইকার হাই মাদ্রাসা, খন্ডগ্রাম দাসপুর সালকা হাই মাদ্রাসা, লাভপুর হাই মাদ্রাসা। তারপর ১৯৭৯ সালের আগস্ট মাসে আরেকটা তালিকা তৈরি হয় সেটার প্রথম হচ্ছে কলহপুর এইচ. এম. কে. এইচ. হাইমাদ্রাসা, কেন্দ্র ডাঙ্গাল হাই মাদ্রাসা এই হিসাবে দেখতে গেলে ঐটি ৫ম প্রায়রিটি এবং আরও অনেকগুলি আছে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এটা হওয়ার সম্ভবনা আছে কি এবং কতদিন নাগাদ হতে পারে?

**শ্রী পার্থ দে ঃ** যে যে জেলাগুলিতে সম্ভব সেখানে একটা জুনিয়ার হাই এবং হাই মাদ্রাসা করা হবে। তবে কবে হবে সেটা ঠিক বলা যাচ্ছে না। এবং এই তালিকা বাতিল করা হবে না, এর থেকেই ভবিষ্যতে স্বীকৃতি দেওয়া হবে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** আগে কটা হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ** ঠিক কটা হয়েছে বলতে পারব না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** প্রায়রিটি লিস্ট কটা হয়েছে বলতে পারবেন না?

**শ্রী পার্থ দে ঃ** আলাদা কোয়েশ্চেন করুন তবে জানিয়ে দেব।

## Relieving of Peasants' Debts

***186**. (Admitted question No. *701.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Finance Department be pleased to state—

(a) what kinds of reliefs are proposed to be given by the State Government to relieve the peasants of the burden of debts ;

(b) whether the Government has obtained information about the reliefs provided by the other State Government to the peasants of their State ; and

(c) if so, to what extent of loans of the peasants in those States have been waived and/or repaid by the State Governments?

**Dr. Ashok Mitra :**

(a) & (b)

রাজ্য সরকার সার, বীজ এবং কীটনাশক ক্রয়ের, জন্য কৃষকদের স্বল্পকালীন ঋণ দিয়ে আসছেন।

এই ঋণ বাবদ মোট বকেয়া পাওনা সুদে আসলে দাঁড়িয়েছে প্রায় ৩৬ কোটি টাকার মতো। এই বকেয়া পাওনার একটি বড় অংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের দায়ভার। সাম্প্রতিক মূল্যবৃদ্ধি এবং ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যা ও পরের বছরের খরাজনিত ক্ষয়ক্ষতির ফলে দরিদ্র কৃষকদের পক্ষে এই ঋণ পরিশোধ করা দুঃসাধ্য পরিস্থিতি পর্যালোচনা করে রাজ্য সরকার ক্ষুদ্র চাষীদের ঋণমুক্ত করার উদ্দেশ্যে নিম্নলিখিতভাবে ঋণ মকুব অথবা ছাড় দেবার সিদ্ধান্ত নিয়েছেন।

অসেচ যোগ্য এলাকায় ৬ (ছয়) একর পর্যন্ত এবং সেচযোগ্য এলাকায় ৪ (চার) একর পর্যন্ত জমির অধিকারী যেসব কৃষকের এই ধরনের ঋণ বকেয়া রয়েছে অবিলম্বে তাহাদের সেই ঋণ পুরাপুরি মকুব করা হবে।

উপরে বর্ণিত পরিমাণ জমির বেশি জমির অধিকারি কৃষকদের ক্ষেত্রে দুটি আলাদা প্রস্তাব রাখা হচ্ছে। অনাদায়ী মূলধনের টাকা বার্ষিক পাঁচটি কিস্তিতে ফেরত দিতে তাদের অনুরোধ জানানো হবে ; এই কিস্তিগুলি যদি সময়মতো দেওয়া হয়, তাহলে তাদের ক্ষেত্রে ধার্য সুদ ছাড় দেওয়া হবে। অথবা এই কৃষকরা যদি ১৯৮১ সালের ডিসেম্বর মাসের মধ্যে তাদের অর্ধেক ঋণ শোধ করে দিতে প্রস্তুত থাকেন তাহলে বকেয়া ৫০ শতাংশ মকুব করা হবে।

১৯৭৫ এবং ১৯৭৬ সালে জোরদার খাদ্য উৎপাদন কর্মসূচির (Accelerated Food Production Programme) শর্তানুসারে প্রধানত খরার সাহায্য দানের উদ্দেশ্যে, রাজ্য সরকার অগভীর নলকূপ পাম্পসেট প্রভৃতি বসানোর জন্য যে ঋণ দিয়াছিলেন, সেই ঋণের ক্ষেত্রেও রাজ্য সরকার অসেচযোগ্যর এলাকায় ৬ (ছয়) একর এবং সেচযোগ্য এলাকায় ৪ (চার) একর পর্যন্ত জমির অধিকারী কৃষকদের ঋণ মকুব করার সিদ্ধান্ত নিয়েছেন। অন্যান্যদের ক্ষেত্রে পাঁচটি বার্ষিক বকেয়া কিস্তিতে মূলধন শোধ করা হলে দেয় সুদ মকুব করা হবে।

এছাড়া এই কর্মসূচির মাধ্যমে বসানো অগভীর নলকূপ এবং পাম্পসেট যদি কাজে লাগানো সম্ভব না হয়ে থাকে তবে সেক্ষেত্রে অনুসন্ধান করবার পর উচিত মনে হলে ঋণ মকুব করা হবে। এইসব সিদ্ধান্তের ফলে অন্তত ৪০ কোটি টাকার মতো কৃষিঋণ সরকার কর্তৃক ছাড় দেওয়া হবে।

এছাড়া আরও একটি বিষয়ের উল্লেখ করা যেতে পারে। ১৯৭৮-৭৯ সাল থেকে আমরা বাণিজ্যিক ব্যাঙ্ক সমবায় সমিতি ইত্যাদি বিভিন্ন আর্থিক সংস্থা মারফৎ ক্ষুদ্র ও মাঝারি কৃষক ভাগচাষী ও স্বনির্ভর কর্মে নিযুক্ত ব্যক্তিদের ঋণের ব্যাপারে কিছু কিছু আর্থিক সাহায্য দিয়ে আসছি। এসব ক্ষেত্রে যদি ঋণগ্রহীতারা যথা সময়ে আসল ঋণ পরিশোধ করে থাকেন সেক্ষেত্রে সুদ বাবদ দেয় সম্পূর্ণ অর্থ সরকার দিয়ে থাকেন।

এ সম্পর্কে আমাদের কাছে কোনও তথ্য নাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বলছেন ৩৬ কোটি টাকা কৃষি ঋণ মকুব করছেন এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকেও কিছু কিছু সাহায্য দেওয়া হচ্ছে কিন্তু কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং সমবায় ব্যাঙ্ক থেকে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীরা যে ঋণ নিয়েছেন সেই ঋণ মকুবের কি ব্যবস্থা করেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আমাদের সমবায় ব্যাঙ্কের উপর কোনও অধিকার নেই। প্রত্যক্ষভাবে আমরা সমবায় ঋণ ছাড় দিতে পারি না। কিন্তু গরিব মানুষের সুবিধার্থে আমরা কিছু কিছু জিনিস বিবেচনা করে একটা সিদ্ধান্তে পৌঁছে আপনাদের জানিয়ে দেওয়া হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি যে সমস্ত সুযোগ-সুবিধার কথা আপনার রিপ্লাইতে বলেছেন, সেটা কি কি ধরনের সুযোগ সে সম্বন্ধে পরিষ্কার ভাবে জানাবেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** এ সম্বন্ধে মাননীয় সদস্য আমার বাজেট বিবৃতি দেখলে তা বুঝতে পারবেন, এবং তার নিশ্চয়ই জানা আছে যে ১৯৭৮ সাল থেকে যে সমস্ত কৃষিঋণ ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের দেওয়া হয়েছে সেগুলি যদি তারা সময়মতো পরিশোধ করেন তাহলে আমাদের সরকারের পক্ষ থেকে ঐ সমস্ত দেয় ঋণের সুদের টাকা দিয়ে দিই।

## শিক্ষা দপ্তরে বরাদ্দকৃত ব্যয়

***১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১১৫।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষা দপ্তরের ১৯৮০-৮১ সালের বরাদ্দ অর্থের কি পরিমাণ এ পর্যন্ত খরচ হইয়াছে ;

(খ) সকল জেলায় পরিকল্পনা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও শিক্ষক নিয়োগ, করা হইয়াছে কি না ; এবং

(গ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ১৯৮০-৮১ সালে বরাদ্দের পরিমাণ ২৪৭ কোটি ৫১ লক্ষ ৩২ হাজার টাকা। ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বরাদ্দের মধ্যে ১৮৮ কোটি ১৬ লক্ষ ৯৬ হাজার ৯৮৭ টাকা খরচ হইয়াছে।

(খ) ২৪-পরগনা জেলার গ্রামাঞ্চল ছাড়া সব জেলাতেই পরিকল্পনা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও শিক্ষক নিয়োগের কাজ চলিতেছে। ২৪ পরগনা জেলার পৌর এলাকাতেও পরিকল্পনা অনুযায়ী কাজ চলিতেছে।

(গ) ২৪-পরগনা জেলার গ্রামাঞ্চলে উক্ত কাজ বন্ধ আছে। কারণ মহামান্য উচ্চ আদালতে এখন কিছু মামলা রুজু করা আছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** আপনি বলেছেন যে ২৪-পরগনার গ্রামে গ্রামে সমস্ত কাজ এখন বন্ধ হয়ে আছে, সেগুলি কি আদালতের মামলা-মোকর্দ্দমার জন্য বন্ধ হয়ে আছে?

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, তাই বলেছি।

**শ্রী নীহারকুমার বসু ঃ** এই সমস্ত মামলা-মোকর্দ্দমাগুলি কি সরকারের পক্ষ থেকে যথাযথ ভাবে তদ্বির-তদারকি করা হচ্ছে কি?

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, নিশ্চয়ই করা হচ্ছে।

## পুরুলিয়া জেলায় জগন্নাথ কিশোর কলেজের ছাত্রাবাস নির্মাণ

***১৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৪।) **শ্রী শান্তিরাম মাহাতো ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে জগন্নাথ কিশোর কলেজে ছাত্রদের জন্য ছাত্রাবাস তৈয়ারির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতদিনের মধ্যে উক্ত ছাত্রাবাসের কাজ আরম্ভ হইবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) কলেজের অধ্যক্ষের চিঠিতে জানা যায় যে তারা পঞ্চম পরিকল্পনা কালে বর্ধমান বিশ্ববিদ্যালয় মাধ্যমে বিশ্ববিদ্যালয় মজুরি কমিশনের নিকট এইরূপ প্রস্তাব পেশ করেছিলেন মঞ্জুরি কমিশন তাদের জানিয়েছেন যে ষষ্ঠ পরিকল্পনাকালে তাদের নির্দেশসূচি অনুযায়ী তারা এ বিষয়ে বিবেচনা করবেন।

রাজ্য সরকার এ ব্যাপারে মঞ্জুরি কমিশনের ষষ্ঠ পরিকল্পনাসূচি চূড়ান্ত হওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(খ) আগেই উত্তর দেওয়া হয়েছে?

## পুরুলিয়া জেলায় বান্দোয়ান ও মানবাজার ব্লকে প্রাথমিক পশুচিকিৎসা কেন্দ্র

***২৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৮।) **শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান ও মানবাজার ২নং ব্লকের মধ্যে কয়টি গ্রাম পঞ্চায়েত প্রাথমিক পশুচিকিৎসা কেন্দ্র আছে ; এবং

(খ) উক্ত ব্লকে যে সকল গ্রাম পঞ্চায়েত প্রাথমিক কেন্দ্র নাই সেসব এলাকায় পশুচিকিৎসা কেন্দ্র স্থাপনের জন্য কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান ব্লকের অন্তর্গত তিনটি গ্রাম পঞ্চায়েত তিনটি এবং মানবাজার ২ নং ব্লকের তিনটি গ্রাম পঞ্চায়েতে তিনটি প্রাথমিক পশুচিকিৎসা কেন্দ্র আছে। এগুলির নাম Vety Aid Centre.

কয়েকদিন আগে আমার বাজেট বরাদ্দ পেশের সময়ে এই প্রস্তাব আমি রেখেছি।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** কোন কোন ব্লকে প্রাথমিক কেন্দ্র নেই, সেগুলো জানাবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** নোটিশ চাই।

## Starred Questions
## (to which oral answers were given)
## Collection of Octroi

***445**. (Admitted question No. *133.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Finance Department be pleased to state—

(a) the total amount realised as Octroi at the entry check points on the day of Bangla Bandh called by Left Front on November 27, 1980 ; and

(b) the average daily collection of Octroi Tax from the entry check points during November, 1980?

[1-10 —1-20 p.m.]

**Dr. Ashok Mitra :**

(a) Rs. 1,43,809.75 upto 6 A.M.; no amount was realised thereafter on theat date.

(b) Rs. 12,41,044.17.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ২৭শে নভেম্বর বাংলা বন্ধের দিন। আপনাদের অক্ট্রয় থেকে ১,৪৩,৮০৯.৭৫ টাকা কালেকশন হয়েছে। সেখানে প্রতিদিন অ্যাভারেজ ১২,৪১,০৪৪.১৭ টাকা, এইভাবে কালেকশন হত। এই যে প্রায় ১ লক্ষ টাকা কম কালেকশন হল এতে ফাইনান্সের দিক থেকে কোনও ক্ষতি হয়েছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা সবাই জানেন যে কেন্দ্রের অনাচারের প্রতিবাদে ২৭শে নভেম্বর সমস্ত যান-বাহন বন্ধ ছিল, সুতরাং প্রবেশ পণ্য কর কালেকশন করার প্রশ্ন ওঠে না, গাড়ি-ঘোড়া বন্ধ ছিল, ধর্মঘট হয়েছিল। কোনও ক্ষতি হয়নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনার কাছে যে হিসাব আছে তাতে ফাইনান্সের দিক থেকে কত ক্ষতি হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি তো বলেছি কোনও ক্ষতি হয়নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এখানে দেখা যাচ্ছে ১১ লক্ষ টাকা এক দিনে ক্ষতি হয়েছে।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় সদস্যের উপলব্ধি জ্ঞান যদি সীমিত হয় তাহলে আমি অসহায়।

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমাদের উপলব্ধি জ্ঞান সীমিত একথা বলার কি অধিকার আপনার আছে, আপনাকে এই কথা উইথড্র করতে হবে।

**ডঃ অশোক মিত্র ঃ** আপনাদের নেতা ভোলা সেন একটু আগে বলেছিলেন আমাদের বুদ্ধি, জ্ঞান সীমিত। এতটা স্পর্শকাতর হওয়া চলে না। কোনও ক্ষতি হয়নি, কারণ, গাড়ি-ঘোড়া বন্ধ ছিল।

### সংগঠিত প্রাথমিক বিদ্যালয়

***৪৪৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সংগঠন প্রাথমিক বিদ্যালয়গুলিকে (অর্গানাইজড প্রাইমারি স্কুল) স্বীকৃতিদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হইতেছে ;

(খ) সত্য হইলে, কোন সাল পর্যন্ত এবং কতগুলি উক্ত সংগঠিত বিদ্যালয়কে স্বীকৃতিদানের সিদ্ধান্ত লওয়া হইয়াছে ; এবং

(গ) উক্ত বিষয়গুলি সম্পর্কে সংগঠক প্রাথমিক শিক্ষক সংস্থার সহিত আলোচনান্তে কি কি সিদ্ধান্ত স্থিরীকৃত হইয়াছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) নূতন কোনও সিদ্ধান্ত হয় নাই। মুখ্যমন্ত্রীকে প্রেরিত দুটি আবেদন পত্র পরীক্ষা করে দেখা হচ্ছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই বিদ্যালয়ের সংখ্যা কত?

**শ্রী পার্থ দে ঃ** সেটা বলতে পারব না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যদি বলেন, কারণ, আমরা এই বিষয়ে আপনার কাছে অনেকবার বলেছি। ছেলেদের সামনে অন্য কোনও পথ না থাকায় বহু ছেলে প্রাথমিক স্কুলগুলি অর্গানাইজ করেছেন, স্কুল দেবেন বলেছেন, ক্রিটিক্যাল গ্যাপ যেখানে আছে সেখানে করেছেন। এই সম্বন্ধে যাতে সহানুভূতিসূচক মনোভাব গ্রহণ করেন সেইজন্য অনুরোধ করছি।

**শ্রী পার্থ দে ঃ** এই বিষয়টা সম্পর্কে বহু আলোচনা হয়েছে, সেই আলোচনায় যা বলা হয়েছিল তার বাইরে নতুন কিছু বলতে পারব না। এই ধরনের ব্যবস্থাটা সম্পর্কে ১৯৭১ সালে তদানীন্তন পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তর একটা সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সেই সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী পর্যায়ে কাজ চলার ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা দেখা দিয়েছিল। এই কারণে আমরা রাজ্য সরকারে আসার পর বলেছিলাম যে ১৯৭১ সালের সিদ্ধান্তের যে মূল কথা সেই মূল কথাটা ঠিক ছিল, কিন্তু তা সত্ত্বেও এই ধরনের কিছু কিছু দরখাস্ত তখন পর্যন্ত সরকারি বিভিন্ন স্তরে বিবেচনাধীন ছিল। যে দরখাস্তগুলি বাস্তবে বিবেচাধীন ছিল এবং তাদের জন্য সুনির্দিষ্ট কোটা ছিল তাদের আমরা পুরান নিয়ম অনুযায়ী বিবেচনা করার জন্য নির্দেশ দিয়েছি স্বীকৃতি দেওয়া হয়েছে। সে পর্ব শেষ হয়ে গেছে। তারপরে মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করে তারা বলেন যে আমাদের আরও কিছু ছিল যেগুলি বিবেচিত হয়নি।

সরকারি দপ্তরে যে হিসেব ছিল তাতে দেখছি সব বিবেচিত হয়েছিল। আর যা ছিল সেটা বিবেচনা করবার প্রশ্ন ছিল না। তা সত্ত্বেও একথা বলার পর তাদের বলা হয় আপনারা কিছু তথ্য দিন যেগুলি বিচার করা যেতে পারে। তাতে দুটি আবেদনপত্র অনুমোদনের জন্য জমা দেওয়া হয়েছে এবং সেগুলি পরীক্ষা করা হচ্ছে। এই পরীক্ষা হয়ে গেলে আমরা জানিয়ে দেব।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** এই আবেদন পত্রে কি বক্তব্য ছিল, কি দাবি ছিল?

**শ্রী পার্থ দে ঃ** এটা পরীক্ষাধীন রয়েছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** কবে নাগাদ পরীক্ষা শেষ হবে?

**শ্রী পার্থ দে ঃ** একটু সময় লাগবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সংগঠক শিক্ষকদের যে ডেপুটেশন এসেছিল তাদের কাছে মুখ্যমন্ত্রী বলেছিলেন আপটু নাইনটিন সেভেন্টি থ্রি যারা স্কুল চালিয়েছিলেন তাদের স্কুল অ্যাপ্রুভ করা হবে, এ খবর আপনি জানেন কি?

**শ্রী পার্থ দে ঃ** মুখ্যমন্ত্রী কি বলেছিলেন সেটা তার কাছে জিজ্ঞাসা করুন।

**শ্রী খগেন্দ্রনাথ সিনহা ঃ** মন্ত্রী মহাশয় কি জানেন এই সমস্ত স্কুল যারা অর্গানাইস করেছে বা করেছিল তাদের অধিকাংশই হচ্ছে গ্রামের জোতদারদের ছেলেপুলে?

**শ্রী পার্থ দে ঃ** এরকম প্রশ্নের উত্তর দেবার প্রয়োজন নেই?

**কলকাতা বিশ্ববিদ্যালয়ের আর্থিক সঙ্কট**

*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহ কি সত্য যে, বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয় আর্থিক সঙ্কটের সম্মুখীন ;

(খ) সত্য হইলে, এই সঙ্কটের মোকাবিলার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) ইউ. জি. সি. গত তিন বছরে উক্ত বিশ্ববিদ্যালয়কে পৃথক পৃথক ভাবে কত টাকা দিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সরকার ইউ. জি. সি.-র কাছে পাওয়া সাহায্যের অনেক বেশি অনুদান দেবার ব্যবস্থা করেন। এই ১৯৮০-৮১ সালেই ইউ. জি. সি. যখন ৩০.২১ লক্ষের মতো টাকা দিয়েছেন তখন কলকাতা বিশ্ববিদ্যালয়কে ইতিমধ্যেই রাজ্য সরকার দিয়েছেন ৪.৭৩ কোটি টাকা। এছাড়া সরকার ইউ. জি. সি.-র সঙ্গেও অধিকতর সাহায্যের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা চালাচ্ছেন।

(গ) ইউ. জি. সি. কর্তৃক সাহায্যের পরিমাণ নিম্নে দেওয়া হল।

১। ১৯৭৮-৭৯ সালে—১,০৭,১১,৪৩৪.৮৩

২। ১৯৭৯-৮০ সালে—১,২১,১৬,০২৯.৯৩

৩। ১৯৮০-৮১ সালে—৩০,২০,৭৫৮.১৮

**শ্রী নীহারকুমার বসু ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমান বছরে কলকাতা বিশ্ববিদ্যালয় ইউ. জি. সি.-র কাছে কত টাকা দাবি করেছিল?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** ষষ্ঠ পরিকল্পনাকালে ৭ কোটি টাকা দাবি করেছিল।

**শ্রী নীহারকুমার বসু ঃ** কত টাকা অনুমোদন করেছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আপাতত জানা গেছে তারা ১ কোটি টাকা মঞ্জুর করেছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** পঞ্চম পরিকল্পনাকালে কত টাকা ইউ. জি. সি.-র কাছ থেকে পেয়েছে জানাবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** পঞ্চম পরিকল্পনাকালে কলকাতা বিশ্ববিদ্যালয় ইউ. জি. সি.- কাছ থেকে ৩ কোটি ৬৯ লক্ষ টাকা পেয়েছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** কলকাতা বিশ্ববিদ্যালয়ের চেয়ে বেশি টাকা ভারতবর্ষের কোন কোন বিশ্ববিদ্যালয়কে দিয়েছে এবং কেন দিয়েছে সেটা জানাতে পারবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটা কেন্দ্রীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করবেন।

**বীরভূম জেলার মুরারইতে চিলিং প্ল্যান্ট**

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৪।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারইতে চিলিং প্ল্যান্ট তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত চিলিং প্ল্যান্টটি স্থাপিত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) উপস্থিত নাই। তবে বীরভূম জেলার বিভিন্ন স্থানে সরকারের দোহ উন্নয়ন বিভাগ দুগ্ধ উৎপাদন ও যোগান সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কাজ চালাচ্ছেন।

(খ) এ প্রশ্ন উঠে না।

[1-20 —1-30 p.m.]

**ডাঃ মোতাহার হোসেন ঃ** বিগত সরকার ১৯৭৭ সালের মার্চ মাসে চিলিং প্ল্যান্ট করার সিদ্ধান্ত নিয়েছিলেন কিনা?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** আমি এই সম্পর্কে কোনও রেকর্ড খুঁজে পাইনি, আমি যেটা পেয়েছি, আমরা সেখানে সার্ভে করছি যদি দুধ বেশি পাওয়া যায়, মাননীয় সদস্য যদি সরকারের সঙ্গে সহযোগিতা করেন, সেখানে চিলিং প্ল্যান্ট করব। দুর্গাপুরে যে ডেয়ারি আছে সেটা এখান থেকে ১২০ কিঃ মিঃ দূরে, বর্ধমানে ডেয়ারির দূরত্ব কিছু কম হবে, সেদিক থেকে সেখানে চিলিং প্ল্যান্ট করার আমাদের ঝোঁক আছে। যদি মাননীয় সদস্য সহযোগিতা করেন তো চিলিং প্ল্যান্ট সেখানে করতে পারব।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** উনি বলেছেন রেকর্ডে দেখতে পাচ্ছেন না রেকর্ড মিসপ্লেসড হওয়ার সম্ভাবনা আছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** ডঃ মোতাহর হোসেন বলছেন—ওর একটা চিঠি আছে, আমি অনেক অনুসন্ধান করেও সেটা খুঁজে পাইনি আমার দপ্তরে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই চিলিং প্যান্টগুলি ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যান্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর সেট আপ করার দায়িত্ব ছিল, সুতরাং চিলিং প্ল্যান্ট এস্টাব্লিশমেন্ট ডাইরেক্টলি নট রিলেটেড টু গভর্নমেন্ট, ডিরেক্টোরেট, ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন এগুলি করে থাকে, উনি যদি তাই সেখানে খোঁজ করে দেখেন তাহলে আর কোনও চিলিং প্ল্যান্ট করার প্রস্তাব থেকে থাকে তা পাবেন, তাই সেখানে খোঁজ করবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** ডাঃ জয়নাল আবেদিন সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন ডেয়ারি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন তার বিভাগের অধীনে ছিল। আমরা এখন একটা বোর্ড করেছি, তাতে হাউসের মাননীয় সদস্য অনেকেই আছেন, শ্রী নিখিল দাস তাতে আছেন, আমরা খোঁজ করে দেখেছি এই রকম ধরনের কোনও প্রস্তাব ডেয়ারি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে মন্ত্রী জয়নাল সাহেব কোনও স্কীম নেননি। আমি ২১শে তারিখে বাজেট পেশ করেছি, বিধানসভা অনুমোদন দিয়েছেন, মাননীয় সদস্য জয়নাল সাহেব উপস্থিত ছিলেন না। আমরা ৫টি চিলিং প্ল্যান করব বলে প্রস্তাব করেছি, এক একটি প্ল্যান্টে দু লক্ষ টাকা করে খরচ হবে, এটা আমার বাজেট প্রস্তাবে আছে এবং তার জন্য ডেয়ারি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন করবে না, ডেয়ারি ডেভেলপমেন্ট ডিরেক্টার করবেন ; স্টেট ডেয়ারি করতে গেলে চিলিং প্লান্ট করতে গেলে যদি প্রয়োজনীয় দুধ পাওয়া যায়, মাননীয় সদস্যরা যদি সাহায্য করেন ডেয়ারি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট বার্ডওয়ান ডেয়ারি করতে পারবেন।

## নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সার্ভিস বুক

*৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষিকাদের 'সার্ভিস বুক' চালু করার কোনও প্রস্তাব সরকারের আছে কি?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) বর্তমানে চালু আছে ; নূতন করে চালু করার প্রশ্ন ওঠে না।

## নূতন কলেজ স্থাপন

*৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১লা জুলাই, ১৯৭৭ হইতে ৩১এ ডিসেম্বর, ১৯৮০ সাল পর্যন্ত মোট কতগুলি নূতন কলেজ প্রতিষ্ঠিত হইয়াছে ; এবং

(খ) ঐসব কলেজগুলি কোন কোন জেলায় এবং কিসের ভিত্তিতে প্রতিষ্ঠিত হইয়াছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) ৬টি।

(খ) কলেজগুলি নিম্নেবর্ণিত জেলায় প্রতিষ্ঠিত হইয়াছে ঃ—

| | |
|---|---|
| ১। হুগলি | ২টি |
| ২। বর্ধমান | ২টি |
| ৩। বীরভূম | ১টি |
| ৪। বাঁকুড়া | ১টি |
| | ৬টি |

সরকারের নীতি হইল যে সব তফসিল ও আদিবাসী অধ্যুষিত এলাকায় কলেজ নাই এবং যে সব এলাকায় মহিলা কলেজ নাই সেইসব এলাকায় নতুন কলেজ স্থাপনের অনুমতি দেওয়া। ইহার ভিত্তিতেই ঐসব নতুন কলেজগুলি স্থাপিত হইয়াছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** সরকারের কাছে আরও নূতন কলেজ করার কোনও প্রস্তাব আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** প্রশ্নটা ছিল ১৯৮০ সাল পর্যন্ত। তার পরবর্তীকালে আরও ৭টি কলেজের অনুমতি দেওয়া হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি আরও ৭টি কলেজের অনুমতি দিয়েছেন, আরও অনুমতি দেবার পরিকল্পনা আছে কিনা এবং ঐ ৭টি কলেজ কোথায় কোথায় অনুমতি দিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** একটি হাওড়ায়, একটি হুগলি, তৃতীয়টি দার্জিলিং, চতুর্থটি কুচবিহারে, ৫ম হল বর্ধমানে, ষষ্ঠটি হল পুরুলিয়ায়, আর ৭ম হল জলপাইগুড়িতে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আরও আবেদন বিবেচনা করার স্কোপ আছে কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এখন ৭টির অনুমোদন দেওয়া হয়েছে। পরে যদি প্রস্তাব আসে তা বিবেচনা করছি এবং করব।

**শ্রী সুন্দর হাজরা ঃ** ২৪-পরগনার বারুইপুর বা সোনারপুরে কোনও কলেজ করার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

## শালবনী ফোডার ফার্মের হেড অফিস

***৪৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *২২০৪।) **শ্রী সুন্দর হাজরা ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা সি সত্য যে, মেদিনীপুর জেলার শালবনী ফোডার ফার্মের হেড অফিস মেদিনীপুর হইতে শালবনীতে স্থানান্তরিত হওয়ার আদেশ হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, কবে উক্ত হেড অফিস মেদিনীপুর হইতে শালবনীতে স্থানান্তরিত হইবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন রহিয়াছে এবং এই সম্পর্কে প্রয়োজনীয় সরকারি নির্দেশ এখনও জারি করা হয় নাই।

(খ) এখন এই প্রশ্ন উঠে না।

**শ্রী সুন্দর হাজরা ঃ** মেদিনীপুরে শালবনী ফোডার ফার্মের বহু মূল্যবান জিনিস নষ্ট হচ্ছে এটা মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মূল্যবান জিনিস নষ্ট হচ্ছে না। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন আমি জানি উনি কিছু অতিরিক প্রশ্ন করবেন। আমি সবটা বলে দিই, আমি জানি ওখানে একজন অ্যাসিস্টেন্ট অ্যাগ্রোনমিস্ট পাঠানো হচ্ছে। উনি যেটা চাইছেন যে ওখানে ঐ মেদিনীপুরের জয়েন্ট ডিরেক্টার আছেন তাকে ওখানে পাঠানো হক। কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ দিক থেকে জয়েন্ট ডিরেক্টারকে পাঠানোর অসুবিধা আছে। কারণ উনি ড্রইং অ্যান্ড ডিসবার্সমেন্ট অফিসার এবং তিনি একজন সাবিডিভিসনাল অফিসার। তাই ডেপুটি ডিরেক্টারকে ওখানে পাঠানোর অসুবিধা আছে। তাই আমি ঠিক করেছি যে সেখানে একজন অ্যাসিস্টেন্ট অ্যাগ্রোনমিস্ট পাঠানো হবে। তিনি অবিলম্বেই ওখানে যোগদান করবেন।

## হলদিয়ায় হাইস্কুল স্থাপন

***৪৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৪।) **শ্রী শিবনাথ দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় ১৯৮১ সালের মধ্যে কতগুলি হাইস্কুল স্থাপনের সরকারের পরিকল্পনা আছে ;

(খ) দুর্গাচকে কলোনিতে পুনর্বাসন স্কুলটিকে হাইস্কুল করার কোনও প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতদিনে অনুমোদন দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ২টি।

(খ) এরূপ প্রস্তাব সরকারের নিকট এখনও আসে নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

## বীরভূম জেলায় বয়স্ক শিক্ষা প্রকল্পে পরিদর্শক নিয়োগ

***৪৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৪।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় যে চারটি ব্লকে কেন্দ্র ও রাজ্য সরকারের উদ্যোগে বয়স্ক শিক্ষা প্রকল্পের কাজ চালু করা হইয়াছে তাহাতে অনুমোদিত পরিদর্শক পদের সংখ্যা কত ;

(খ) উক্ত পরিদর্শকের সমস্ত পদগুলি কি পূরণ করা হইয়াছে ;

(গ) না করা হইয়া থাকিলে, তাহার কারণ কি এবং কবে নাগাদ পূরণ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) কুড়ি।

(খ) এগারটি পদ পূরণ করা হইয়াছে।

(গ) মোট পদের কিছু পদ সংরক্ষিত ; যোগ্য প্রার্থীর অভাবে ঐ সব পদ পূরণে কিছু বিলম্ব হইতেছে। পদ পূরণ ত্বরান্বিত করা হইতেছে।

(No Supplementaries)

## Additional resources mobilisation

***456**. (Admitted question No. *742) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) If it is a fact that the Sixth Five-Year Pan calls for additional resource mobilisation by the State Government ; and

(b) if so—

(i) the amount of additional resource mobilisation envisaged in the Sixth Plan for West Bengal, and

(ii) how the equisite additional resources are proposed to be raised?

**Dr. Ashok Mitra :**

(a) Yes.

(b) (i) the amount of additional resource mobilisation envisaged in the Sixth Plan (1980-85) for West Bengal is Rs. 512.33 crores.

(ii) The measures already undertaken for the requisite additional resources in 1980-81 will be available from the budget statement for the years 1980-81 and 1981-82 respectively.

[1-30 —1-40 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় শুধু ১৯৮০-৮১ সালের বাজেট স্টেটমেন্টের কথা বললেন, বাট সিক্সথ প্ল্যান এক্সটেন্ডস বিয়ন্ড ১৯৮০-৮১, এই সময়টার কিছু ইঙ্গিত আপনি দিচ্ছেন না—

**ডঃ অশোক মিত্র ঃ** আমি আগামী বছর কি রাজস্ব সংগ্রহ করব বা করতে পারব, তা আগাম কি করে বলব?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তাহলে এই প্রশ্নটা আসা উচিত ছিল না।

**ডঃ অশোক মিত্র ঃ** তবে একটা কথা বলতে পারি, আমি বাজেট বিবৃতিতেও বলেছিলাম ১৯৮০-৮১ সালে গোটা ভারতবর্ষের ২২টি রাজ্যে যা সংগ্রহ হয়েছিল, পশ্চিমবাংলায় তার অর্ধেক সংগৃহীত হয়েছে। এতগুলো যে বাজেট পেশ করা হয়েছে বিভিন্ন রাজ্যে, তা থেকে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের প্রতিশ্রুতি সবচেয়ে বেশি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনার কাছে কতটা প্রতিশ্রুতি ছিল কালেকশনের ব্যাপারে এবং কতটা কালেকশন করতে পেরেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** সমস্ত হিসাব তো আমার বাজেট বিবৃতিতে দেওয়া আছে।

**কোচবিহার জেলায় শিক্ষা বিভাগ পরিচালিত অনাথ আশ্রম**

*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৬।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় শিক্ষা বিভাগের পরিচালনাধীনে কোনও অনাথ আশ্রম আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত আশ্রমের সংখ্যা এবং কোথায় কোথায় অবস্থিত?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) হ্যাঁ।

(খ) একটি। কুচবিহার শহরের নিউ টাউন এলাকায়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি নিশ্চয়ই জানেন যে, ১৯৭৭ সালের ২২শে জুনের পরে এই রাজ্যে বহু অনাথ বৃদ্ধি পেয়েছে, আর যেখানে যেখানে অনাথ আশ্রম নেই, সেখানে করবার কি আপনি চেষ্টা করছেন?

**শ্রী পার্থ দে ঃ** এখন যে নুতন অনাথ আশ্রম তৈরি করা হচ্ছে, সেইগুলো সমাজ কল্যাণ দপ্তর করছে। আগে থেকে যেগুলো শিক্ষা দপ্তর চালিয়ে আসছে, সেইগুলো শিক্ষা দপ্তরই মেন্টেন করে যাবে। নুতন যে সব অনাথ আশ্রম হচ্ছে বা ভবিষ্যতে হবে সেইগুলো সমাজ কল্যাণ দপ্তর থেকে করছেন বা করবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ১৯৮২ সালে তো অনেকেই অনাথ হয়ে যাবে আমরা দেখতে পাচ্ছি, তখন সেই সব অনাথদের জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী পার্থ দে ঃ** যারা অনাথ করবেন বলে বলছেন, তাদের বিরুদ্ধে কতকগুলো ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছি এবং আপনারা হয়ত জানেন যে অনাথ আশ্রমগুলো আমরা চালাচ্ছি, এদের প্রত্যেকের ভরণ পোষণের জন্য মাসিক ৪০ টাকা বরাদ্দ করা ছিল, এটা আমরা এসে আশি টাকা করেছি এবং অনেক সুযোগ সুবিধা তাদের বাড়িয়ে দিয়েছি। এবং অনাথের সংখ্যা বাড়ানো হয়েছে এবং ভবিষ্যতে অনাথ আশ্রমের সংখ্যা আরও বাড়ানো হবে। আর একটা কথা বলি, যারা অনাথ করবার চেষ্টা করছেন, তারা কিন্তু সাফল্যমন্ডিত হবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে এখানে অনেক ভলান্টারি অর্গানাইজেশন আছে, ফিলানথ্রপিক অর্গানাইজেশন আছে, যারা অনাথ আশ্রম চালায়, অর্ফানাজ হিসাবে তারা চালায়, সরকার থেকে তাদের কি কিছু অনুদান দেওয়া ব্যবস্থা আছে?

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, নিয়মিত সাহায্য দেওয়া হয়।

**বর্ধমান জেলার শ্যামসুন্দর কলেজে কমার্স বিভাগ**

***৪৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৫।) **শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার শ্যামসুন্দর কলেজে কমার্স সেকশন খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাদ উক্ত কমার্স সেকশন খোলা হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) কলেজ হইতে ঐরূপ একটি প্রস্তাব আসিয়াছিল এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়কে এই ব্যাপারে কলেজ পরিদর্শন করিয়া একটি রিপোর্ট দিতে অনুরোধ করা হইয়াছিল। বিশ্ববিদ্যালয়ের রিপোর্ট সম্প্রতি পাওয়া গিয়াছে।

(খ) বিষয়টি বর্তমানে বিবেচনাধীন আছে।

**বারাসত এন্ট্রিট্যাক্স চেকপোস্ট হইতে বাৎসরিক আয়**

***৪৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০২।) **শ্রী সরল দেব ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসত এন্ট্রিট্যাক্স চেক পোস্ট হইতে এন্ট্রিট্যাক্স বাবদ বাৎসরিক গড়ে কত আয় হয় ;

(খ) উক্ত চেক পোস্ট-এ কিছু দিন ধরিয়া দুর্নীতি চলিতেছে এইরূপ কোনও সংবাদ সরকারের নিকটে আছে কি ; এবং

(গ) থাকিলে, উহা বন্ধ করার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) বিগত তিনটি আর্থিক বৎসরের হিসেব ধরিয়া নোয়াপাড়া (বারাসাত) রোড পণ্য প্রবেশকর চেকপোস্টের বাৎসরিক গড় আয় ৬৩,৩৬,৪৭৭ (তেষট্টি লক্ষ ছত্রিশ হাজার চারশত সাতাত্তর) টাকা।

(খ) না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই বৃত্তি কর থেকে কি রকম আয় হচ্ছে বলতে পারবেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার যত দূর মনে হচ্ছে ১২/১৩ কোটি টাকার মতো আয় হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বৃত্তি কর ফাঁকি দেওয়ার কোনও কেস অভিযোগ, অ্যালিগেশন আপনার কাছে এসেছে?

**ডঃ অশোক মিত্র ঃ** মাঝে মাঝে আমার কাছে অভিযোগ আসে। সেগুলি অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** তার বিরুদ্ধে আপনি কি অ্যাকশন নিচ্ছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আইন অনুযায়ী কি ব্যবস্থা আছে?

**ডঃ অশোক মিত্র ঃ** আইনটা আপনি দয়া করে পড়ে নেবেন, কি কি ব্যবস্থা নেওয়া হয় সেটা লেখা আছে।

## বৃত্তি কর

*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৯।) **শ্রী নিরোদ রায়চৌধুরি ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বৃত্তি কর হইতে আয় কোন খাতে কত ব্যয় করা হয়?

**ডঃ অশোক মিত্র ঃ**

বৃত্তি কর থেকে সংগৃহীত রাজস্ব মূল সরকারি তহবিলে (Consolidated Fund) জমা হয় এবং প্রয়োজন অনুযায়ী সেই মূল তহবিল থেকে বিভিন্ন খাতে ব্যয় করা হয়।

## বেতন মুকুবের ফলে বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তির সমস্যা

*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৭।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের বেতন মুকুবের ফলে পল্লীর বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে এবং ইহার ফলে বিদ্যালয়গুলিতে স্থান সংকুলান না হওয়ার দরুন বিভিন্ন শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির সমস্যা দেখা দিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) হ্যাঁ, তবে স্থান সংকুলান না হওয়ার জন্য কোনও ছাত্র বা ছাত্রীকে ভর্তি করা যায় নাই এরূপ ঘটনা জানা নাই।

(খ) সরকার এই সমস্যার স্থায়ী সমাধানের জন্য নিম্নলিখিত ব্যবস্থা লইয়াছেন ঃ

(১) যে সব বিদ্যালয়ে বর্তমানে স্থান সংকুলান সম্ভব এবং যেখানে পর্যাপ্ত শিক্ষক। শিক্ষিকা আছেন সেই সব বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যার সর্বোচ্চ সীমা শিথিল করা।

(২) বিভিন্ন শ্রেণীর অতিরিক্ত শাখা খুলে এবং প্রয়োজনানুসারে অতিরিক্ত শিক্ষক। শিক্ষিকা নিয়োগ করে বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করা।

(৩) যে সমস্ত বিদ্যালয়ে স্থানাভাবে অতিরিক্ত শাখা খোলার সুযোগ হয় সেই সব বিদ্যালয় ভবনগুলির সম্প্রসারণের জন্য বিশেষ অনুদান মঞ্জুর করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(৪) এই ব্যাপারে সহযোগিতা করার জন্য জেলাশাসক, জেলা পরিষদ ও পৌর সংস্থাগুলিকে সরকারের পক্ষ থেকে অনুরোধ করা হইয়াছে।

(No Supplementaries)

**পুরুলিয়া জেলায় বিভিন্ন স্কুলে শিশু খাদ্য বিতরণ**

***৪৬৫**। (অনুমোদিত প্রশ্ন নং *২০১১।) **শ্রী গোবিন্দ বাউরি :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর সার্কেলাধীন স্কুলগুলিতে শিশু খাদ্য বিতরণ সম্পর্কে কোনও অভিযোগ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) অভিযোগ থাকিলে, উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শ্রী পার্থ দে :**

(ক) হ্যাঁ।

(খ) অভিযোগের বিষয়বস্তু তদন্ত করে দেখা হচ্ছে।

(No Supplementaries)

**Financial assistance for Sanskrit Pandits in Midnapore district**

***469**. (Admitted question No. *2271.) **Shri Dhirendra Nath Sarkar and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Education (Primary and Library Services) Department be pleased to state—

(a) whether the State Government has received any complaint alleging irregularities in the disbursement of financial assistance to Sanskrit Pandits and/or for development of Sanskrit education in Midnapur district; and

(b) if so, the action taken by the present Government in the matter?

**Shri Partha De :**

[1-40 —1-50 p.m.]

(a) A complaint has been received regarding distribution of grant to Sanskrit Tolls.

(b) Enquiry is being held.

[1-40 — 1-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মেদিনীপুর জেলাতে অনেক ভুয়া টোল যাদের এগজিস্টেন্স নেই তারা সরকার থেকে গ্রান্ট নিয়ে যাচ্ছে—এই রকম অভিযোগ মাননীয় মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রী পার্থ দে ঃ** আমি আগেই বলেছি যে আমরা অভিযোগ পেয়েছি এবং সেই সমস্ত অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করে দেখা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কতদিন আগে এই অভিযোগ পেয়েছেন এবং এই অনুসন্ধানের কাজ কবে শেষ হবে?

**শ্রী পার্থ দে ঃ** আমার যতদূর জানা আছে তাতে বলতে পারি, অল্পদিন হ'ল পেয়েছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মেদিনীপুর জেলাতে এই যে সংস্কৃতের পন্ডিতরা টোল নিয়ে বিভিন্ন ধরনের করাপশনে লিপ্ত রয়েছেন এবং সে সম্পর্কে যে অভিযোগ আপনি পেয়েছেন, আপনি বলবেন কি,এই অভিযোগ ঠিক কিনা?

**শ্রী পার্থ দে ঃ** এ সম্পর্কে রজনীবাবু বোধ হয় আমার চেয়ে বেশি জানেন। উনি যদি আমাকে সাহায্য করেন তাহলে কিছুটা কাজ হতে পারে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর সঙ্গে আপনার দপ্তরের অফিসাররা জড়িত আছেন এই অভিযোগ সত্য কিনা?

(নো রিপ্লাই)

## হাওড়া জেলায় প্রাইমারি স্কুল

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৯।) **শ্রী নিতাইচরণ আদক ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় কতগুলি প্রাইমারি স্কুল আছে ;

(খ) এই বছরে উক্ত প্রাইমারি স্কুলের ছাত্রছাত্রীদের সমস্ত বই দেওয়া সম্পূর্ণ হয়েছে কি; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর যদি 'না' হয়, তাহলে কতদিনের মধ্যে দেওয়া হবে বলে আশা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ১৯৮০ সালের সেপ্টেম্বর পর্যন্ত ২,১০০ টা।

(খ) না।

(গ) পুস্তক বিতরণ সাধারণত তিন কিস্তিতে সম্পূর্ণ করা হয়। ইহার মধ্যে দুই কিস্তির পুস্তক জেলায় দেওয়া হয়েছে। তৃতীয়, কিস্তি বিতরণ বর্তমানে চলছে। আশা করা যাচ্ছে যে, শীঘ্রই বিতরণ সম্পূর্ণ করা হবে।

**শ্রী নিরোদ রায়চৌধুরি ঃ** কিশলয় দ্বিতীয় ভাগ আমরা কবে নাগাদ পেতে পারি মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** শীঘ্রই পাবেন।

৪৭১ (হেল্ড ওভার)

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### Sales-tax exemption for goods purchased for Sikkim

***449**. (Admitted question No. *310.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of Finance Department be pleased to state—

(a) if it is a fact that following a request from Centre in 1975, West Bengal was exempting goods purchased in Calcutta for Sikkim from payment of sales-tax; and

(b) if so, why the State Government has decided to withdraw the exemption?

**Minister-in-charge of the Finance Department :**

(a) Yes. The State Government exempted sales of goods ments for despatch to Sikkim both under the State and Central Sales Tax Acts even ofter it became a State of India; this exemption covered the period from 13.6.1975 to 30.11.1980.

(b) The exemption was withdrawn on and from 1. 12. 1980 in the interest of revenue of the State and instead, a low rate of tax of 4% was prescribed with effect from 9. 12. 80 (as is applicable on sales of goods to a registered dealer and Government in the course of inter-State trade) under the Central Sales Tax Act, 1956 on sales of goods to Sikkim except in the cases of cigars, motor parts etc. which would be taxed at full rates.

**মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য সার্ভিস কমিশন**

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৩।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনও সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি না?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলিতে Public Service Commission এর মাধ্যমে শিক্ষক নিয়োগ করা হয় কিন্তু বে-সরকারি বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এরূপ কোনও কমিশন নাই সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির পরিচালন সমিতি আইন অনুযায়ী শিক্ষক নিয়োগ করিয়া থাকেন।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

**সরকারি ও বেসরকারি কলেজসমূহে অধ্যক্ষের শূন্য পদ**

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯।) **শ্রী রজনীকান্ত দলুই ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারি ও বেসরকারি কলেজসমূহে কিছু লেকচারার ও অধ্যক্ষের পদ বেশ কিছুদিন যাবত শূন্য আছে ; এবং

(খ) যদি সত্য হয়—

(১) ৩১এ জানুয়ারি ১৯৮১ তারিখে ঐ রকম শূন্য পদের সংখ্যা, ও

(২) ঐ পদগুলিতে নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থী নির্বাচনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) সরকারি কলেজ—৩২৯, সরকারি কলেজ—১১৯।

(২) পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। কলেজ সার্ভিস কমিশনকে শূন্য পদগুলিতে নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থী নির্বাচনের জন্য অনুরোধ করা হইয়াছে।

## Shipping Development Fund Committee

**202.** (Admitted question No. 123.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) if it is a fact that the Shipping Development Fund Committee has offered finance for equipping the small fishermen of West

Bengal with imported trawlers through co-operatives and State Fisheries Corporation ; and

(b) if so,—

(i) the salient features of the of the offer of the Shipping Development Fund Committee, and

(ii) the action taken by the State Government in the matter?

**Minister-in-charge of the Fisheries Department :** (a) No.

(b) (i) and (ii) Do not arise.

### Financial assistance to industrial concerns

**203**. (Admitted question No. 258.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the amount of assistance sanctioned to the industrial concerns in West Bengal from 1st July, 1977 to January, 1981 by the West Bengal Financial Corporation ; and

(b) the amount of sanctioned assistance actually utilised by the industrial concerns during the period mentioned above ?

**Minister-in-charge of the Finance Department :** (a) Rs. 3,222.52 lakhs.

(b) Rs. 1,631.21 lakhs.

### Establishing Co-operative Banks in every block

**204**. (Admitted question No. 338.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of Finance Departement will be pleased to state—

(a) if it is a fact that the State Government has asked the Central Co-operative Banks and the units of West Bengal State Co-operative Bank Ltd. to open at least one branch in each of the blocks for mobilising more rural deposits; and

(b) if so,—

(i) the number of branches opened by these banks during 1979-80 and 1980-81 (up to year 1981), and

(ii) the number of blocks in West Bengal (as on 31st January, 1981) where there are no branches of these banks?

**The Minister-in-charge of Finance Department :** (a) There was a target to open one branch in each block during the Fifth Five-year Plan period.

(b) (i) four branches opened during 1979-80 and one branch during 1980-81.

(ii) 198.

## গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮২।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা** ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কি পরিমাণ খাদ্য ও আর্থিক সাহায্য পাওয়া গিয়াছে ; এবং

(খ) উক্ত প্রকল্প অনুযায়ী কর্মসূচি রূপায়ণে এ পর্যন্ত মোট কত ব্যয় হইয়াছে?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এখন পর্যন্ত ১৯৮০-৮১ সালে ৫০ হাজার মেট্রিক টন খাদশস্য এবং আংশিক পারিশ্রমিক বাবদ ১,৬৮,১০,০০০ টাকা ও দ্রব্যাদি কেনার জন্য ৫,২৫,০০,০০০ টাকা পাওয়া গেছে। আরও ৩০,০০০ মেট্রিক টন খাদ্যশস্য মঞ্জুর হয়েছে, কিন্তু এখনও হাতে পাওয়া যায়নি।

(খ) ডিসেম্বর পর্যন্ত ১৯৮০-৮১ আর্থিক বছরে ৭৩,৮১১ মেট্রিক টন খাদ্যশস্য ব্যয়িত হয়েছে।

## রাজ্য লটারির প্রশাসনিক কাঠামো

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য লটারির প্রশাসনিক কাঠামো কিভাবে গঠিত ;

(খ) এই সংস্থায় কোন শ্রেণীর কত সংখ্যক কর্মচারী কাজ করেন এবং তাদের জন্য সরকারের আর্থিক ব্যয় কত ;

(গ) এপ্রিল, ১৯৮০ থেকে ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত কত টাকার টিকিট বিক্রি হয়েছে এবং তার জন্য কমিশন বাবদ সরকারের কত টাকা ছাড় দিতে হয়েছে;

(ঘ) ঐ টিকিটের জন্য প্রাইজ বাবদ কত টাকা খরচ হয়েছে ; এবং

(ঙ) প্রাইজ বাদে নিট লাভের অঙ্ক কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্য লটারির প্রধান হচ্ছেন অধিকর্তা (ডাইরেক্টর)। তিনি অর্থ (কর) দপ্তরের উপ-সচিব এবং পদাধিকারবলে রাজ্য লটারির অধিকর্তা। রাজ্য লটারি অফিসে এ ছাড়া আছেন একজন উপ-অধিকর্তা, একজন সহ-অধিকর্তা, একজন গণনাধিকারিক ও একজন অতিরিক্ত গণনাধিকারিক। রাজ্য লটারি অফিসে বর্তমানে তৃতীয় শ্রেণীর কর্মীর সংখ্যা ৫৪ জন ও চতুর্থ শ্রেণীর কর্মীর সংখ্যা ১০ জন। রাজ্য লটারির প্রধানই রাজ্য লটারি অফিসে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মী নিয়োগ ক'রে থাকেন। রাজ্য অর্থ দপ্তরের একটি শাখা অধিকার হিসাবে কাজ ক'রে যাচ্ছে।

(খ) বর্তমানে রাজ্য লটারিতে বিভিন্ন শ্রেণীর কর্মীর সংখ্যা নিম্নরূপ ঃ

প্রথম শ্রেণী—৩ জন।

দ্বিতীয় শ্রেণী—১ জন।

তৃতীয় শ্রেণী—৫৪ জন।

চতুর্থ শ্রেণী—১০ জন।

এ বাবদ বার্ষিক ব্যয় আনুমানিক ৪,৫৯,১৬০ টাকা।

(গ) ঐ সময়ের মধ্যে টিকিট বিক্রি হয়েছে ৫,০২,৯১,৭৬৯ টাকার এবং ঐ টিকিট বিক্রির জন্য কমিশন দেওয়া হয়েছে আনুমানিক ১,২৫,৭২,৯৪৩ টাকা।

(ঘ) ঐ টিকিট বিক্রির জন্য ২,৩২,০৪,৪০০ টাকার প্রাইজ দেওয়ার কথা। কিন্তু এপ্রিল, ১৯৮০ থেকে জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত প্রাইজ দেওয়া হয়েছে ১,৭৭,৯৯,৬৯৪ টাকা।

(ঙ) প্রাইজ বাদে লাভের অঙ্ক ২,৭০,৮৭,৩৬৯ টাকা।

**বেসরকারি শিল্প প্রতিষ্ঠানে কর্মবিনিয়োগ কেন্দ্র মারফত লোক নিয়োগ**

**২০৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৫২৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার হইতে বেসরকারি শিল্প প্রতিষ্ঠানগুলিকে "এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির" মাধ্যমে লোক নিয়োগের নির্দেশ বা আবেদন করেছেন ; এবং

(খ) সত্য হইলে, এ পর্যন্ত (৩১এ জানুয়ারি, ১৯৮১) কয়টি বেসরকারি প্রতিষ্ঠানে কতজনের কর্মসংস্থান হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আবেদন করা হয়েছে।

(খ) প্রতিষ্ঠানের সংখ্যা হাতের কাছে নাই। নিয়োগের সংখ্যা নিম্নে দেওয়া হল ঃ

১৯৭৭—৪,৮৯৩ জন

১৯৭৮—৫,৪৯২ জন

১৯৭৯—১,৭০৭ জন

১৯৮০—৩০৩ জন (প্রভিশনাল)।

**প্রাক বুনিয়াদি বিদ্যালয় স্থাপন**

২০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩।) **শ্রী নানুরাম রায় ঃ** (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় প্রাক্ বুনিয়াদি বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) না থাকিলে, কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) নাই।

(খ) ১৯৬৪ সালের সিদ্ধান্ত অনুসারে প্রাক-বুনিয়াদি বিদ্যালয় স্থাপন করা হবে না।

**হোমগার্ডের জন্য খরচ**

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭২।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমগার্ডের জন্য ১৯৭৯-৮০ সালে কোনও জেলায় কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) এই হোমগার্ডদের স্থায়ীভাবে নিয়োগ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) হোমগার্ড নিয়োগের ক্ষেত্রে কি কি যোগ্যতা থাকা প্রয়োজন?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক)

| | | ১৯৭৯-৮০ খরচ টাকা |
|---|---|---|
| (১) কলকাতা | .. .. .. .. | ২৮,৫৬,৯৩৪.১০ |
| (২) পুরুলিয়া | .. .. .. .. | ৪৩,৯২৮.০০ |
| (৩) বাঁকুড়া | .. .. .. .. | ৬,৯৮,৯৩৬.৬৬ |
| (৪) বর্ধমান | .. .. .. .. | ১৫,৯৬,৫৩৭.৯২ |
| (৫) বীরভূম | .. .. .. .. | ৭,৫৮,০৬৫.৮৮ |

| | ১৯৭৯-৮০ খরচ টাকা |
|---|---|
| (৬) হুগলি .. .. .. .. | ৩৩,৭১,২৫৫.০৮ |
| (৭) মেদিনীপুর .. .. .. .. | ২৩,৫৫,৫৫৮.৪৮ |
| (৮) হাওড়া .. .. .. .. | ২৮,৬৮,৮৯০.০২ |
| (৯) ২৪-পরগনা .. .. .. .. | ৫৪,৩২,৯৯৩.৩৪ |
| (১০) মুর্শিদাবাদ .. .. .. .. | ১৭,০৭,৫১২.২৫ |
| (১১) নদীয়া .. .. .. .. | ১৯,০৪,৩০০.০০ |
| (১২) জলপাইগুড়ি .. .. .. .. | ১৭,১৪,৫৪৫.৫১ |
| (১৩) পশ্চিম দিনাজপুর .. .. .. .. | ১১,৬৯,০৮৪.২৬ |
| (১৪) মালদহ .. .. .. .. | ৯,১৭,৪২৯.৯৯ |
| (১৫) কোচবিহার .. .. .. .. | ৮,৫৮,৫৩৯.৯১ |
| (১৬) দার্জিলিং .. .. .. .. | ১০,৬৮,৬০৭.২৭ |
| (১৭) পশ্চিমবঙ্গ পুলিশ আধিকারিক .. .. .. | ১,৪৪,৬৩০.৯৫ |

(খ) হোমগার্ড একটি স্বেচ্ছাসেবক সংস্থা। বর্তমানে সরকারের এমন পরিকল্পনা বিবেচনাধীন নাই।

(গ) হোমগার্ড নিয়োগের ক্ষেত্রে দৈহিক মান—

উচ্চতা—৫ ফুট ৪ ইঞ্চি

বুকের ছাতি—৩২ ইঞ্চি/৩৪ ইঞ্চি

শিক্ষাগত যোগ্যতা—৮ম শ্রেণী পাশ।

কলকাতায় কমিশনার অব পুলিশ এবং জেলায় সুপারিনন্টেডেন্ট অব পুলিশ উক্ত যোগ্যতাসম্পন্ন যুবকদের হোমগার্ড কমান্ডান্ট ও এস. পি.-দের সুপারিশ অনুযায়ী উপযুক্ত মনে করিলে নিয়োগ করিয়া থাকেন।

## Special Development Programme

**210.** (Admitted question No. 741.) **Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Development and Planning Department be pleased to state—

(a) if it is a fact that following the guidelines, prepared by Social Welfare Ministry of the Government of India, the State Government in collaboration with the UNICEF has

finalised special development programme for some specific areas ; and

(b) if so,—

(i) the salient features of the programme ; and

(ii) the areas that have been selected for the special programme ?

**Minister-in-charge of the Development and Planning Department :** (a) Yes.

(b) (i) UNICEF assistance would be available to the State Government for social inputs in area Development Programme. This assistance is primarily to meet the needs of children and women belonging to the weaker sections of the society with special emphasis on those belonging to Scheduled Castes and Scheduled Tribes, preference being given to Integrated Child Development Projects (ICDP) in the framework of the community projects. UNICEF would make available cash grants for the social and community or voluntary services organisations and conduct training programmes for both officials and non-officials, who will motivate the public and provide incentive to the villagers. UNICEF assistance is provided in the formulation of viable programme, like sinking of tubewells, improved pisciculture, development of poultry, goatery scheme, Kitchen garden, development of fruit-bearing trees, construction of latrines, construction of community centres and demonstration of feeding programmes for the vulnerable group of children of 0-6 age group, lactating and nursing mothers, etc. UNICEF will also provide assistance towards the cost of inputs like feeds, equipments and appliances and materials necessary for any production unit.

(ii) Districts of Jalpaiguri, 24-Parganas (South), Nimpith (24-Parganas), Purulia, Malda, Drought/Flood-prone blocks of Bankura, Purulia and Jalpaiguri, rural areas of 24-Parganas and Midnapore districts, rural areas of existing ANP blocks of different districts. Besides, 13 projects as detailed below have been selected for UNICEF assistance in nine districts.

| Districts | Projects (Blocks) |
|---|---|
| (1) Purulia | Saharjor |
| (2) Darjeeling | (i) Siliguri |
| | (ii) Naksalbari |
| | (iii) Kalimpong-I |

| Districts | Projects (Blocks) |
|---|---|
| (3) West Dinajpur | (i) Goalpokhur-II |
| | (ii) Kaliaganj |
| (4) Jalpaiguri | Falakata |
| (5) Cooch Behar | Balarampur |
| (6) Birbhum | Nalhati-I |
| (7) Bankura | Sonamukhi |
| (8) Midnapore | (i) Debra |
| | (ii) Tamluk-I |
| (9) 24-Parganas | (i) Deganga |
| | (ii) Gaighata |

The proposals have been submitted to the government of India and awaiting their approval.

**Appointement in Groups "B" and "C" posts under Commercial and Industries Department**

**211.** (Admitted question No. 761.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) the number of persons appointed to Group "B" and Group "C" posts under the Commerce and Industries Department and Directorates during the period from February, 1980 to January, 1981 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :** (a) 89.

(b) (i) Eight.

(ii) Four.

(iii) One.

## Appointment in Groups "B" and "C" posts under Fire Services Directorate

**212.** (Admitted question No. 764.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) the number of persons appointed to Group "B" and Group "C"posts under the Fire Services Directorate during the period from July, 1977 to January, 1981 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim community?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** (a) The number of persons appointed to Group "B"—6, Group "C"—992.

Group "B" : (i) Scheduled Castes—Nil, (ii) Scheduled Tribes—Nil, and (iii) Muslim community—Nil.

(b) Group "C" : (i) Scheduled Castes—127, (ii) Scheduled Tribes—31, and (iii) Muslim community—36.

## Selection for Nursing Training

**213.** (Admitted question No. 797.) **Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Health and Family Wel'are Department be pleased to state—

(a) the number of persons selected for nusing training during the tenure of the present Government (up to January, 1981) ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :** (a) A.NM.—5,961, G.N.M.—4,439, Total—10,400.

(b) (i) A.N.M.—500, G.N.M.—280, Total—780.

(ii) A.N.M.—54, G.N.M.—22, Total—76.

(iii) A.N.M.—59, G.N.M.—6, Total—65.

[A.N.M.=Auxiliary Nursing Midwifery]

[G.N.M.=General Nusing Midwifery]

**Officers in the Employment Exchanges**

**214**. (Admitted question No. 803.) **Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) the number of officers posted in the Employment Exchanges in West Bengal as on 31st January, 1981 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community.

**Minister-in-charge of the Labour Department :** (a) 117.

(b) (i) Six.

(ii) One.

(iii) Three.

**Staff position in the directorate of National Employment Service**

**215**. (Admitted question No. 814.) **Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) the number of staff posted in the Directorate of National Employment Service as on 31st January, 1981 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community?

**Minister-in-charge of the Labour Department :** (a) The total number of staff (both Class III and Class IV) in the Directorate of National Employment Service, West Bengal was 141 (one hundred and forty-one) as on 31st January, 1981.

(b) (i) Seven.

(ii) Two.

(iii) Three.

## Industrial disturbances

**216.** (Admitted question No. 820.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of cases of strike, lock-out, lay-off and retrenchment during the tenure of the present Government (up to January, 1981); and

(b) the number of men involved in them?

**Minister-in-charge of the Labour Department :** (a) Strike—461, lock-our—453, lay-off—847, retrenchment—344.

(b) Men involved in strike—6,04,555, lock-out—2,66,713, lay-off—2,53,303, retrenchment—5,096.

## বীরভূম জেলায় সুপার মার্কেট

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭২।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বীরভূম জেলার কোন কোন ব্লকে সুপার মার্কেট আছে ;

(খ) উক্ত জেলার কোন ব্লকে নূতন সুপার মার্কেট সংস্থাপিত করার পরিকল্পনা আছে;

(গ) নলহাটি ১নং ও ২নং ব্লক উক্ত পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইবে কি না ; এবং

(ঘ) হইলে, কবে নাগাদ উহার কাজ শুরু করা হইবে আশা করা যায়?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কৃষি দপ্তর সুপার মার্কেট সংস্থাপন করেন না। এই দপ্তর নিয়ন্ত্রিত বাজার এলাকা প্রজ্ঞাপিত করিয়া সেই বাজার এলাকার জন্য বাজার

কমিটি গঠন করেন। বর্তমানে বীরভূম জেলার একমাত্র বোলপুর মহকুমাতেই একটি নিয়ন্ত্রিত বাজার কমিটি গঠিত হয়েছে।

(খ) উক্ত জেলায় বোলপুর ছাড়াও রামপুরহাট ও সিউড়ি মহকুমায় একটি ক'রে নিয়ন্ত্রিত বাজার কমিটি সংগঠিত ক'রে উহাদের অধীনে একটি ক'রে প্রধান বাজার চত্বর ও প্রয়োজনীয় সংখ্যক উপবাজার চত্বর তৈরীর পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(গ) রামপুরহাট মহকুমায় যে বাজার সমিতি গঠন করা হবে তার অধীনে নলহাটি থানায় বাজার চত্বর স্থাপন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) এখনই উহার সঠিক উত্তর দেওয়া সম্ভবপর নয়।

**পুরুলিয়া জেলায় সোশ্যাল এডুকেশন এক্সটেনশন অফিসারের শূন্য পদ**

**২১৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৯১১।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বর্তমানে কয়টি সোশ্যাল এডুকেশন এক্সটেনশন অফিসার-এর পদ খালি আছে ;

(খ) কতদিন থেকে ঐ পদগুলি খালি আছে ;

(গ) (১) উক্ত পদগুলি পূরণের কথা সরকার চিন্তা করছেন কি ; এবং

(২) ক'রে থাকলে, কবে নাগাদ পূরণ হবে ব'লে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে পুরুলিয়া জেলায় বিভিন্ন ব্লকে আটটি সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের এবং ১০টি মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ খালি আছে।

(খ) (১) আরশা ব্লকের মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ আট বৎসর যাবৎ খালি আছে।

(২) বলরামপুর ব্লকের মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ৭ই জুন, ১৯৮০ হইতে খালি আছে।

(৩) বরাবাজার ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ২রা মার্চ, ১৯৭৪ তারিখ হইতে এবং মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ৮ই জানুয়ারি, ১৯৭৪ হইতে খালি আছে।

(৪) বানদোয়ান ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১লা জুন, ১৯৮০ তারিখ হইতে এবং মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১১ই সেপ্টেম্বর, ১৯৭৫ তারিখ হইতে খালি আছে।

(৫) হুরা ব্লকের মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ২রা ডিসেম্বর, ১৯৭৫ তারিখ হইতে খালি আছে।

(৬) জয়পুর ব্লকের সমাজশিক্ষা সম্প্রাসরণ আধিকরিকের পদ ২১এ জানুয়ারি, ১৯৭৪ তারিখ হইতে খালি আছে।

(৭) ঝালদা ১নং ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১লা আগস্ট, ১৯৮০ হইতে এবং মহিলা সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১লা নভেম্বর, ১৯৮০ হইতে খালি আছে।

(৮) ঝালদা ২নং ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১৯৭৫ সাল হইতে খালি আছে।

(৯) মানবাজার ১নং ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ২৫এ আগস্ট, ১৯৭২ তারিখ হইতে খালি আছে।

(১০) পুঞ্চা ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ছয় বৎসর যাবৎ খালি আছে।

(১১) পারা ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ১৬ই সেপ্টেম্বর, ১৯৭৮ হইতে খালি আছে।

(১২) রঘুনাথপুর ১নং ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদ ২১এ মার্চ, ১৯৮০ তারিখ হইতে খালি আছে।

এছাড়া জেলা সমাজশিক্ষা অফিসের হেডকোয়ার্টার সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকের পদটি ৩০এ সেপ্টেম্বর, ১৯৮০ হইতে খালি আছে।

(গ) (১) হ্যাঁ। শূন্য পদগুলি জেলাভিত্তিক নির্বাচনের মাধ্যমে পূরণ করার সরকারের বিবেচনাধীন রয়েছে।

(২) এই মুহূর্তে বলা সম্ভবপর নয়।

**প্রাথমিক বিদ্যালয়ে রুটি বিতরণ**

**২১৯**। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিতভাবে রুটি বিতরণ করা হচ্ছে না ;

(খ) সত্য হ'লে তার কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কেবল কলকাতা অঞ্চলে রুটি বিতরণ কিছুদিনের জন্য বন্ধ ছিল।

১৯৭৮—২৬,৩৮০ জন, ১৯৭৯—২৭,৩৫০ জন, ১৯৮০—*৩৩,৩৫৩ জন (*প্রভিশনাল)।

(খ) তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ব্যক্তিদের মধ্যে কতজনের নাম পাঠানো হয়েছিল তার হিসাব হাতের কাছে নাই।

রাজনৈতিক নির্যাতীত কর্মীদের পরিবার, কর্তব্যরত অবস্থায় মৃত ব্যক্তিদের পরিবার এবং সরকারি প্রকল্পে বাস্তুচ্যুত ও জমিচ্যুত ব্যক্তিদের পরিবার সম্বন্ধে কোনও বিবরণ কলকাতা আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্রে রাখা হয় না। কলকাতা আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্রে প্রতিবন্ধীদের নামও নথিবদ্ধ করা হয় না।

**পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন**

**২২১।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৫) **শ্রী অনিল মুখার্জি ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন (১) কোন সালে প্রতিষ্ঠিত হয় ও (২) কিভাবে গঠন করা হয় ;

(খ) বিভিন্ন জেলায় উক্ত কর্পোরেশন কর্তৃক কতগুলি এজেন্সি দেওয়া হইয়াছে ;

(গ) উক্ত কর্পোরেশনে ১৯৭৭ সাল হইতে ১৯৮০ সালের মার্চ মাস পর্যন্ত (১) মোট কত টাকার কাঠ বিক্রয় করিয়াছে ও (২) কত টাকা লাভ হইয়াছে ; এবং

(ঘ) উক্ত কর্পোরেশন উক্ত সময়ে (১) কিভাবে ও (২) কোন কোন সংস্থাকে বনজ সম্পদ বিক্রয় করিয়াছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) (১) পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম লিমিটেড ইংরেজি ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হয়।

(২) ইংরেজি ১৯৫৬ সালের কোম্পানির আইন মোতাবেক ইহা গঠিত হয়।

(খ) এই নিগমের চেরাই কাঠ বিক্রয়ের জন্য ৪৪টি এজেন্সি দেওয়া হইয়াছে।

জেলাওয়ারি হিসাব নিম্নে দেওয়া হইল ঃ—

| | |
|---|---|
| কলকাতা .. .. .. .. | ১১টি |
| ২৪-পরগনা .. .. .. .. | ৫টি |
| হাওড়া .. .. .. .. | ৩টি |
| হুগলি .. .. .. .. | ২টি |

| | |
|---|---|
| বর্ধমান .. .. .. .. | ২টি |
| মেদিনীপুর .. .. .. .. | ১টি |
| বীরভূম .. .. .. .. | ১টি |
| মুর্শিদাবাদ .. .. .. .. | ১টি |
| পশ্চিম দিনাজপুর .. .. .. .. | ৩টি |
| দার্জিলিং .. .. .. .. | ১টি |
| কোচবিহার .. .. .. .. | ২টি |
| জলপাইগুড়ি .. .. .. .. | ১১টি |
| মালদহ .. .. .. .. | ১টি |
| মোট .. | ৪৪টি |

(গ) (১) ইংরেজি আর্থিক বৎসর অনুযায়ী এই নিগমের কাঠ বিক্রয়ের হিসাব নিম্নে দেওয়া হইল ঃ

| ইংরেজি আর্থিক বৎসর | বিক্রিত অর্থের পরিমাণ (লক্ষ টাকার অঙ্কে) |
|---|---|
| ১৯৭৬-৭৭ .. .. .. .. | ১০২.৭৯ |
| ১৯৭৭-৭৮ .. .. .. .. | ১৩২.৭৪ |
| ১৯৭৮-৭৯ .. .. .. .. | ১৯৪.৯৬ |
| ১৯৭৯-৮০ .. .. .. .. | ২২১.২১ |

(২) ইংরেজি আর্থিক বৎসর অনুযায়ী আয়কর প্রদানের পূর্বে এই নিগমের নীট লাভের হিসাব নিম্নে দেওয়া হইল ঃ

| ইংরেজি আর্থিক বৎসর | নীট লাভের পরিমাণ (লক্ষ টাকার অঙ্কে) |
|---|---|
| ১৯৭৬-৭৭ .. .. .. .. | ১.২৮ |
| ১৯৭৭-৭৮ .. .. .. .. | ১.২৮ |
| ১৯৭৮-৭৯ .. .. .. .. | ১.৩১ |
| ১৯৭৯-৮০ .. .. .. .. | ৪.৩৪ |

(ঘ) (১) এই নিগম নিলামে এবং মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে বনজ সম্পদ বিক্রয় করিয়াছে।

(২) কাঠ ব্যবসায়িদের কাঠ, কাগজ কোম্পানিদের বাঁশ প্রভৃতি, চায়ের বাক্স ব্যবসায়িদের প্লাই কাঠ, প্লাই কাঠ ব্যবসায়িদের প্লাই কাঠ, দিয়াশলাই কোম্পানিদের দিয়াশলাই-এর কাঠ, সরকারি সংস্থা এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারি বিভাগকে চেরাই কাঠ, এজেন্টদের চেরাই কাঠ, পার্বত্য অঞ্চলের চা-বাগিচা ও শহর এবং শহরতলির বাসিন্দাদের জ্বালানি কাঠ, পার্বত্য অঞ্চলের বাসিন্দাদের কাঠ কয়লা, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদকে শালের খুঁটি।

**কলকাতায় সরকারি বিদ্যালয়**

**২২২**। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৬।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় মোট কতগুলি সরকারি বিদ্যালয় আছে ;

(খ) ঐসব সরকারি বিদ্যালয়ের মধ্যে কোন বিদ্যালয়ে কয়টি সরকারি বাসের ব্যবস্থা আছে ;

(গ) ১৯৭২-৭৭ সালে মোট বাসের সংখ্যা কত ছিল ; এবং

(ঘ) ১৯৭৭ হইতে ১৯৮০-র ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি বাস সরকার বৃদ্ধি করিয়াছেন?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১০টি।

(খ) বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুল—৪, বেথুন স্কুল—৩, সখাওয়াত মেমোরিয়াল গভর্নমেন্ট গার্লস স্কুল—৪, মালটিপারপাস গভর্নমেন্ট গার্লস স্কুল (হেস্টিং হাউস)—৩।

(গ) ১৪টি।

(ঘ) বাসের সংখ্যা বৃদ্ধি করা হয় নাই।

**স্নাতক শ্রেণীতে বিনা বেতনে পড়ার প্রস্তাব**

**২২৩**। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫০।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্নাতক শ্রেণীতে বিনা বেতনে পড়ার কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কতদিনে ঐ প্রস্তাব বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**ডায়মন্ড হারবার মহকুমায় মৎসজীবীদের সংখ্যা**

**২২৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৯।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মন্ড হারবার মহকুমার বিভিন্ন ব্লকে মৎস্যজীবীদের সংখ্যা কত ;

(খ) উক্ত মহকুমায় মৎস্যজীবী সমবায় সমিতির সংখ্যা ও সদস্য সংখ্যা কত ; এবং

(গ) উক্ত সমবায় সমিতিগুলির কোনটির কাছে কত টাকা সরকারি ঋণ অনাদায়ী আছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ঐ মহকুমায় ১৩টি ব্লকে মৎস্যজীবীর সংখ্যা বারো হাজার সাত শত আটানব্বই জন।

(খ) ঐ মহকুমায় আটত্রিশটি প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি ও একটি কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি আছে। প্রাথমিক সমিতিগুলির মোট সদস্য-সংখ্যা তিন হাজার পাঁচ শত বত্রিশ।

(গ) তেরটি সমবায় সমিতির নিকট মোট অনাদায়ী ঋণের পরিমাণ ২ লক্ষ ৭৬ হাজার ৯ শত টাকা। এতদসম্পর্কিত বিশদ বিবরণী দেওয়া হইল ঃ

Satement referred to in clause No. 'ga' of question No. 224 (Admitted question No. 1179)

| ব্লকের নাম | সমিতির নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। মথুরাপুর ১ নং | নালুয়া মৎসজীবী সমবায় সমিতি লিঃ .. | ৬,৩৭৫.০০ |
| ২। ডায়মন্ডহারবার ১নং | নৈনান মৎসজীবী সমবায় সমিতি লিঃ .. | ১০,৫০০.০০ |
| ৩। নামখানা .. | নামখানা ইনল্যান্ড ও কোস্টাল মৎসজীবী সমবায় সমিতি। .. | ১৬,৭৭৫.০০ |
| ৪। নামখানা .. | রাজনগর শ্রীনাথ গ্রাম মৎসজীবী সমবায় সমিতি লিঃ। | ৭,৫০০.০০ |
| ৫। নামখানা .. | মৌসুমী মৎসজীবী সমবায় সমিতি লিঃ .. | ৯,০০০.০০ |
| ৬। নামখানা .. | বাঘডাঙা মৎসজীবী সমবায় সমিতি লিঃ .. | ৭,৫০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ৭। ডায়মন্ডহারবার ২নং | নুরপুর সমবায় সমিতি লিঃ | .. | ৩,৩৭৫.০০ |
| ৮। কাকদ্বীপ .. | দক্ষিণ সুন্দরবন মৎসজীবী সমবায় সমিতি লিঃ | | ১৩,১২৫.০০ |
| ৯। ডায়মন্ডহারবার ১নং | ২৪-পরগনা দক্ষিণ কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ | | ১,৭৮,৩৭৫.০০ |
| ১০। নামখানা .. | এভারগ্রীন মৎসজীবী সমবায় সমিতি লিঃ | .. | ১১,২৫০.০০ |
| ১১। সাগর .. | বচকিসনজার কলোনি মৎসজীবী সমবায় সমিতি লিঃ | | ১,৮৭৫.০০ |
| ১২। মথুরাপুর ২নং | জটা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | .. | ১,২৫০.০০ |
| ১৩। কুলপি .. | মসামারি কলোনি মৎসজীবী সমবায় সমিতি লিঃ | | ৯,০০০.০০ |
| | মোট—১৩টি | .. | ২,৭৬,৯০০.০০ |

**বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা**

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮০।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে ১৯৮১ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত রেজিস্ট্রিকৃত মোট বেকারের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে (১) মাধ্যমিক এবং (২) উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন শারীরিক প্রতিবন্ধি ব্যক্তির সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ২৬,২৪,৫০০ (প্রভিশনাল)—৩১এ ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত।

(খ) কলকাতায় অবস্থিত প্রতিবন্ধিদের নিমিত্ত বিশেষ কর্মবিনিয়োগ কেন্দ্রে শিক্ষাগত যোগ্যতা অনুসারে রেজিস্ট্রিকৃত প্রতিবন্ধিদের সংখ্যা নিম্নরূপ ঃ

(১) মাধ্যমিক বা অনুরূপ পরীক্ষায় উত্তীর্ণ—৩৯৮ জন।

(২) উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন—১,৫০০ জন।

অন্যান্য কর্মবিনিয়োগ কেন্দ্রে ঐ সংখ্যা কত সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হইতেছে।

**ডায়মন্ড হারবার ও নুরপুর অঞ্চলে মৎস্য ধরার ব্যবস্থা**

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মন্ডহারবার ও নুরপুর অঞ্চলে মৎস্যজীবীদের সুবিধার্থে ও মৎস্য ধরার সুবিধার্থে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(খ) উক্ত দুই স্থানে মৎস্যজীবীদের সুবিধার্থে কেন্দ্রীয় সরকার কি কি প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ করেছেন ; এবং

(গ) ডায়মন্ডহারবারস্থিত ডেপুটি অব ফিসারিজ এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) মৎস্যজীবীদের সুবিধার্থে ঐ অঞ্চলে নয়টি নলকূপ বসানো হয়েছে এবং ৪.৫ কিমিঃ রাস্তা তৈরি করা হয়েছে। মাছ ধরার সুবিধার্থে মৎস্যজীবীদের সমবায় সমিতির মাধ্যমে সরকারি ঋণ ও অনুদান প্রকল্পে যন্ত্রচালিত নৌকা ও মাছ ধরার সরঞ্জাম বিতরণ করা হয়েছে।

(খ) ১৯৭৭-৭৮ সালে সমুদ্রে মাছ ধরার সুবিধার্থে মৎস্যজীবীদের জন্য একটি প্রকল্পের (ডেভেলপমেন্ট অব ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিস ইন মেরিন ফিশিং ভিলেজেস) অধীনে কেন্দ্রীয় সরকার পানীয় জল সরবরাহ, রাস্তা নির্মাণ, নৌকা মেরামতি ও ওয়ার্কশপ নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করেছেন।

(গ) নলকূপ বসানো, রাস্তা নির্মাণ প্রভৃতি কাজ করেছেন এবং নৌকা মেরামতি কারখানা স্থাপন, মৎস্য বিক্রয় কেন্দ্র নির্মাণ, কমিউনিটি হল নির্মাণ প্রভৃতি কাজগুলি হাতে নিয়েছেন।

## তফসিলি ও আদিবাসীদের জন্য শিল্প শিক্ষণ কেন্দ্র

**২২৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৩।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিম বাংলার কোন কোন জেলার কোন কোন স্থানে তফসিলি ও আদিবাসীদের জন্য শিল্প শিক্ষণ তথা উৎপাদন (ট্রেনিং-কাম-প্রডাকশন) কেন্দ্র আছে?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বর্তমানে পশ্চিমবংলার নিম্নলিখিত জেলাগুলির উল্লিখিত স্থানে, তফসিলি ও আদিবাসীদের জন্য শিল্প শিক্ষণ তথা উৎপাদন (ট্রেনিং-কাম-প্রডাকশন) কেন্দ্র আছে ঃ

| জেলার নাম | | কেন্দ্রের নাম |
|---|---|---|
| (১) ২৪-পরগনা | .. | (১) কাকদ্বীপ, (২) লবণ হ্রদ, (৩) পশ্চিম কোদালিয়া, নব বারাকপুর, (৪) দক্ষিণ বারাসাত (লক্ষ্মীকান্তপুরের সন্নিকটে), (৫) শ্রীখন্ডা, সোনারপুর, (৬) জয়গাছি, হাবড়া, (৭) কুলতলি, (৮) সোদপুর, (৯) চার্চ রোড, চম্পাহাটি, (১০) ধোলাহাট, (১১) বাদুড়িয়া। |
| (২) মেদিনীপুর | .. | (১) পাঁশকুড়া, (২) আসন্দা, লালনগর, (৩) বেলপাহাড়ি (৪) কাশীপুর, (৫) বিদিশা, (৬) নয়াগ্রাম, (৭) শিলদা, |

| | | |
|---|---|---|
| | | (৮) চন্দ্রকোণা সাতবাঁকুড়া, (৯) গোপীবল্লভপুর, (১০) ঘাড়তোলা। |
| (৩) হাওড়া | .. | (১) উলুবেড়িয়া, নোনা, (২) জগাছা, জি. আই. পি. কলোনি, (৩) ডোমজুড়। |
| (৪) হুগলি | .. | (১) শ্রীপুর, শ্রীপুরবাজার, (২) পান্ডুয়া। |
| (৫) দার্জিলিং | .. | (১) ঘালেতোর, সিটং, (২) হিলকার্ট রোড, সোনাদা, (৩) সিম্নদেপং, (৪) গয়াগঙ্গা, কমলাবাগান। |
| (৬) কোচবিহার | .. | (১) এস. এন. রোড (বারভূঁইয়া কলোনির সন্নিকটে), (২) এস. এন. রোড। |
| (৭) পুরুলিয়া | .. | (১) 'দি ড্রিম', দেশবন্ধু রোড, (২) চাইবসা রোড। |
| (৮) বীরভূম | .. | (১) আবদারপুরডাঙ্গা, পোঃ সিউড়ি। |
| (৯) বাঁকুড়া | .. | (১) নূতনচটি (২) মাটগোদা। |
| (১০) বর্ধমান | .. | (১) বিধাননগর, দুর্গাপুর, (২) বার্ণপুর, আসানসোল, (৩) শক্তিগড় (৪) ধাদকা। |
| (১১) জলপাইগুড়ি | .. | (১) ম্যাল, নালবাজার, (২) রাজগঞ্জ, (৩) চালসা, (৪) কামাখ্যাগুড়ি। |
| (১২) নদীয়া | .. | (১) নদেরপাড়া, কৃষ্ণনগর। |
| (১৩) মুর্শিদাবাদ | .. | (১) নবগ্রাম, (২) সাহাপুর। |
| (১৪) পশ্চিম দিনাজপুর | .. | (১) বাঘন, কালিয়াগঞ্জ, (২) কংগ্রেসপাড়া রোড, বালুরঘাট। |
| (১৫) মালদহ | .. | (১) মহেশমাটি (২) কাদুবাড়ি, গাজোল, (৩) সালালপুর, পোঃ পাকুয়াহাট। |

## কর্মরত অবস্থায় আত্মীয়দের চাকুরি

**২২৮**। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৪।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ হইতে ১৯৮০ সালের জানুয়ারি মাস পর্যন্ত বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্র ও অন্যান্য মারফত কতজন কর্মরত অবস্থায় মৃতের আত্মীয় সরকারি চাকুরি পাইয়াছেন ; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে গণতান্ত্রিক আন্দোলনে ক্ষতিগ্রস্ত পরিবারের কতজন চাকুরি পাইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কর্মরত অবস্থায় মৃত সরকারি কর্মচারিদের পুত্র, কন্যা বা আত্মীয়দের সরাসরি চাকুরিতে নিয়োগ করা হয়, কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে নয়। বিভিন্ন বিভাগে ঐরূপ কতজন ব্যক্তিকে চাকুরিতে নিযুক্ত করা হইয়াছে সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হইতেছে।

(খ) ১৯৭০ সাল হইতে গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণের ফলে নিহত ব্যক্তিদের পরিবারভুক্ত ৩০৯ জনের চাকুরির ব্যবস্থা করা হইয়াছে।

**দন্ডকারণ্য উন্নয়ন**

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৫।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দন্ডকারণ্যের উন্নয়ন সম্পর্কে সাম্প্রতিক অবস্থা রাজ্য সরকারের গোচরে আছে কি;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, ঐ অবস্থা কি ; এবং

(গ) দন্ডকারণ্য উন্নয়ন সংস্থার সদস্য হিসাবে রাজ্য সরকার দন্ডকারণ্যের বর্তমান সমস্যার সমাধানে কি কর্মসূচি বা প্রস্তাব পেশ করিয়াছেন?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) উন্নয়ন এবং উদ্বাস্তু পুনর্বাসনের কাজ সুপরিকল্পিতভাবে অগ্রসর হচ্ছে। ২২ হাজার ৯ শত, ৭৯টি উদ্বাস্তু পরিবারের ইতিমধ্যেই পুনর্বাসন হয়েছে এবং আরও ২ হাজার ১৬টি পরিবার পুনর্বাসনের জন্য অপেক্ষা করছে। উন্নয়ন প্রকল্পের বাধাবিঘ্ন দূর করার জন্য যথাসাধ্য চেষ্টা চালানো হচ্ছে।

(গ) সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি ও মতামত দন্ডকারণ্য উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিটি অধিবেশনেই সম্যকভাবে জানানো হয়।

**রামপুরহাট শহরের রাজ্য সড়কের পার্শ্বস্থ বিদ্যুৎবাহী খুঁটির বিপজ্জনক অবস্থা**

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৭।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট শহরের রাজ্য সড়কের পাশে যে উচ্চশক্তিবাহী বিদ্যুৎ লাইন গিয়াছে তাহার অধিকাংশ খুঁটিই বিপজ্জনক অবস্থায় আছে, এ রকম কোনও খবর রাজ্য সরকারের জানা আছে কি ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রামপুরহাট শহরের উচ্চশক্তিবাহী বিদ্যুতের লাইন প্রধানত রেলখুঁটি দ্বারা নির্মিত এবং এগুলি বিপজ্জনক অবস্থায় নাই। তবে শহরের

নিম্ন চাপের (এল. টি.) লাইন কাঠের ও স্টিল টিউবের খুঁটি দ্বারা নির্মিত। এই সকল খুঁটির মধ্যে কিছু কিছু খারাপ আছে।

(খ) ক্রমে ক্রমে খারাপ খুঁটিগুলি পরিবর্তন করে নতুন খুঁটি দেওয়া হবে। ইতিমধ্যেই অনেকগুলি পরিবর্তন কর হয়েছে।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, আমার একটি মোশন আছে।

**মিঃ স্পিকার ঃ** আমি এখনও আপনার মোশনটা দেখিনি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, আমি বিফোর টাইমেই আমার মোশন অফিসে জমা দিয়েছি, আমাকে আমার মোশনের টেক্সটা পড়তে দিন।

**মিঃ স্পিকার ঃ** আমি অ্যাট অল অ্যালাউ করব কিনা মোশনটা সেটা তো আমাকে দেখতে হবে। আপনি যা বলছেন সেরকম কোনও বিধি নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমি তো অন্যভাবে আর একটা মোশন এনেছি।

**মিঃ স্পিকার ঃ** আমাকে দেখতে হবে হোয়েদার আই অ্যালাও দি মোশন অর নট।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমি রুল ৩৪৮ অনুসারে মোশন দিয়েছি।

**মিঃ স্পিকার ঃ** রুল ৩৪৮ এ একটা মোশন ডিসকাশড হয়েছে। I say that this cannot be discussed twice.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমি তো অন্যভাবে মোশন আনতে পারি।

**Mr. Speaker :** A motion, once it is discussed in the House cannot be discussed twice.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, পার্লামেন্টারি প্র্যাকটিস কন্ডাক্ট অব দি মেম্বারস সম্পর্কে যা বলা হয়েছে—পার্লামেন্টে যা হয়েছিল, সেখানে টাইম দিয়ে, ডেট দিয়ে বলা আছে সেখানে ডিসকাশনের সময় যারা ডিসঅনার করেছিল, ডিসরেসপেক্ট করেছিল তারজন্য একটি কমিটি হয়েছিল এবং তাতে তার বিরুদ্ধে কি অ্যাকশন নেওয়া হবে, না হবে ঠিক হয়েছিল। আপনার কাছে রিভোক করার জন্য শ্রীমতী সুব্বার.....

**Mr. Speaker :** The question of revocation does not arise. You have discussed it on the termination matter.

**মিঃ স্পিকার ঃ** আমি আজকে শ্রী রজনীকান্ত দলুই এবং শ্রী সামসুদ্দিন আহমেদের কাছ থেকে ২টি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী দলুই উত্তরবঙ্গের

মালবাজারে ওদলাবাড়িতে হাঙ্গামা এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী মহম্মদ সমগ্র উত্তরবঙ্গে নকশালি সন্ত্রাসের সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। ২টি প্রস্তাবের বিষয়বস্তু আইন শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। কাজেই প্রচলিত আইনের মাধ্যমে এর প্রতিকার সম্ভব। সেজন্য আমি ২টি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত অংশটুকু পাঠ করতে পারেন।

এই সেশানে ঐ জিনিস আর ডিসকাশড হবে না। আপনি একটা ইন্ডিপেন্ডেন্ট রেজলিউশন আনবেন। কিন্তু রেজলিউশন অব টার্মিনেশন আন্ডার রুল ৩৪৮-তে we have allowed your another resolution. You party brought it and discussed it for more than an hour and the matter was decided. It cannot be brought twice. বারবার একটা জিনিস চলে না। তবে আপনার যদি অন্য কোনও প্রস্তাব থাকে সেটা আমি দেখব। কিন্তু termination of a motion as adopted by the House or the decision of the speaker.

....(গোলমাল)....

**শ্রী রজনীকান্ত দলুই :** দার্জিলিংয়ের একজন মেম্বারকে সাসপেন্ড করা হয়েছে। তার পরিপ্রেক্ষিতে দার্জিলিং বন্ধ হচ্ছে, কালকে বাংলা বন্ধ হবে। তাকে রিমুভ করার জন্য এই রকম একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। এই রকম নজির এখানে আছে। আপনি দয়া করে এটা করবেন।

**মিঃ স্পিকার :** রিমুভ করা যায় না, এই কথা আমি বলিনি। এই ম্যাটারটা ডিসকাশড হয়ে গেছে। This House discussed it and over threw this resolution. It is now property of the House. Why do you bring it again?

**শ্রী রজনীকান্ত দলুই :** আজকে দার্জিলিং বন্ধ হচ্ছে। এই ধরনের ঘটনা ঘটছে, একটা অচল অবস্থার সৃষ্টি হচ্ছে।

....(গোলমাল)....

**মিঃ স্পিকার :** নো, আই ক্যান নট এন্টার ইনটু দিস কন্ট্রোভার্সি। আপনি বসুন।

**শ্রী গোপাল বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা প্রসিডিওরের প্রশ্ন হাউসে তুলছি। এটা প্রস্তাবের প্রিভিলেজের ব্যাপার, অত্যন্ত ইম্পর্টেন্ট প্রশ্ন। কিছু দিন ধরে দেখছি যে আপনি যখন দাঁড়িয়ে থাকেন তখন যে কোনও একজন মেম্বার উঠে দাঁড়িয়ে এখানে তর্ক বিতর্ক করেন। আমরা জানি যে স্পিকার দাঁড়ালে অন্য মেম্বাররা তক্ষুনি বসে পড়বে। কিন্তু এখানে দেখছি যে স্পিকার বলছেন এবং সঙ্গে সঙ্গে মেম্বারও বলছেন। আরও অদ্ভুত প্রিভিলেজ যে তাকে ওখান থেকে মাইকও দেওয়া হচ্ছে। এই জিনিস হাউসে আর কতদিন চলবে? এটা আপনার নজরে আনছি এবং ইমিডিয়েটলি এর অবসান দাবি করছি।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার :** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি।

১) হাওড়ার শ্যামপুরে সন্ত্রাস—শ্রী রজনীকান্ত দলুই,

২) নিউমার্কেটে বিদ্যুৎ চুরি—শ্রী রজনীকান্ত দলুই,

৩) কলকাতার চেতনা ও যতীন্দ্রমোহন এভিনিউতে বোমাবাজি ও শিশু জখম হওয়া—শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী সামসুদ্দিন আহমেদ,

৪) অধ্যক্ষ ও প্রবীণ শিক্ষকদের প্রস্তাবিত আন্দোলন—শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী সামসুদ্দিন আহমেদ,

৫) নবদ্বীপে ৪০০ হ্যান্ডলুম ইউনিট বন্ধ হওয়া—শ্রী রজনীকান্ত দলুই,

৬) ২৩. ৩. ৮১ তারিখে দার্জিলিং বন্ধ—শ্রী রজনীকান্ত দলুই,

৭) কলকাতা ও হলদিয়া বন্দরে জাহাজ অবরোধ—শ্রী রজনীকান্ত দলুই,

৮) শিলিগুড়ির মালবাজার থানা চড়াও পুলিশের গুলি চালনা—শ্রী রজনীকান্ত দলুই,

৯) সুন্দরবনের কুমীর প্রকল্পের কুমীরের ডিম ইঁদুরের পেটে—শ্রী রজনীকান্ত দলুই,

১০) রাণাঘাটে ছাত্র বিক্ষোভ ও পুলিশের লাঠিচার্জ—শ্রী রজনীকান্ত দলুই,

১১) হোলির দিনে কলকাতায় পুলিশের গুলি ও বোমার লড়াই—শ্রী রজনীকান্ত দলুই,

১২) ১৯. ৩. ৮১ তারিখে লিন্ডসে স্ট্রিটে বিক্ষোভ সৈনিকদের বাঁচাতে গিয়ে পাইলট জখম—শ্রী রজনীকান্ত দলুই,

১৩) বীরভূমের ইলামবাজার দুই রাজনৈতিক দলের সংঘর্ষে এক ব্যক্তির মৃত্যু—শ্রী রজনীকান্ত দলুই,

১৪) ২২/৩/৮১ তারিখে জলপাইগুড়ি জেলার মালবাজারে পুলিশের গুলি চালনা—শ্রী আবদুল করিমচৌধুরি, শ্রী সামসুদ্দিন আহমেদ,

১৫) নির্দেশ ব্যতিরেকে ঢালাও হোমগার্ড নিয়োগ—শ্রী সামসুদ্দিন আহমেদ,

16) Labour unrest in Haldia in Fertiliser Factory—Shri Rajani Kanta Doloi, Shri Shamsuddin Ahmed,

17) Alleged death of one person in clash between two groups of people at Malbazar and Odlabari on 21. 3. 81—Shri Chowdhury Abdul Karim and Shri Manohar Trikey.

**মিঃ স্পিকার ঃ** আমি ২২/৩/৮১ তারিখে জলপাইগুড়ি জেলার মালবাজারে পুলিশের গুলি চালনা বিষয়ের উপর শ্রী সামসুদ্দিন আহম্মদ কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন, অথবা বিবৃতি দিবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী অশোক বোস ঃ** ২৫ তারিখ।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** স্যার, আমি বলতে চেয়েছিলাম নকশালের ছদ্মবেশে সুপরিকল্পিতভাবে সমগ্র উত্তরবঙ্গে সন্ত্রাস চলছে। কিন্তু এখানে এডিট করে সমস্ত ব্যাপারটাই পাল্টে দেওয়া হয়েছে।

**অধ্যক্ষ মহোদয় ঃ** যা লেখা আছে তাই পড়ুন, ওসব কথা আপনি বলতে পারেন না।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

"সমগ্র উত্তরবঙ্গে নকশালি সন্ত্রাস"

সমগ্র উত্তরবঙ্গে নকশালি সন্ত্রাস চলিতেছে। সুপরিকল্পিতভাবে হত্যা, লুণ্ঠন, ডাকাতি, বন্দুক ছিনতাই, প্রভৃতি ক্রিয়াকলাপ চলিতেছে। বহু ক্রিমিনাল ব্যক্তিদের দ্বারা সংগঠিত এই নুতন নকশালেরা তাদের কার্যক্ষেত্র পশ্চিম দিনাজপুর ছাড়িয়ে মালদহ জেলায় বিস্তারিত করেছে। তারা রামনগোলা থানায় কয়েকটি হত্যা করেছে, হবিবপুর, গাজোল, বামনগোলা এমনকি মুর্শিদাবাদ জেলার সীমান্তে কালিয়াচক থানাতেও হত্যা, ডাকাতি, বন্দুক ছিনতাই, প্রভৃতি সংঘটিত করেছে। উর্ধ্বতন প্রশাসন এখন পর্যন্ত এর কোনও হদিস করতে পারেনি। ফলে মানুষ দুশ্চিন্তায় কাল কাটাচ্ছে।

স্যার, আমি বলতে চেয়েছিলাম নকশাল নয়, নকশালের ছদ্মবেশে এই কাজ হচ্ছে।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আপনাকে আমি ইতিপূর্বে রিকোয়েস্ট করেছি যে, আপনি এভাবে বক্তৃতা করবেন না, আপনি আমার কথা না শুনে আবার সে কাজ করছেন। আপনি বসুন। এখন আমি স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে সাম্প্রতিককালে কলকাতার ট্র্যাফিক জ্যাম সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। শ্রী রজনীকান্ত দলুই, ১৩ই মার্চ, ১৯৮১ তারিখ উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Mohammed Amin :** Mr. Speaker Sir, In response to the calling attention motion moved by Shri Rajani Kanta Doloi I have to make the following statement.

In order to understand the present traffic problems of Calcutta, it is necessary first to understand certain features which are peculiar to Calcutta. The population of the Calcutta Metropolitan District increased from 2.69 million in 1951 to 5.96 million in 1980 and the number of vehicles operating in Calcutta in course of the last 10 years only has gone up from 1 lakh to 1.61 lakhs, while road mileage has remained for all practical purposes static for the reason that the growth of Calcutta has been such that there was no room for the expansion of roads. The result of this total imbalance in the growth of the human and the vehicular population against an almost inelastic road capacity has been the acute traffic congestion that we experience everyday and which tends to get aggravated with the growth in population.

2. Admittedly, a situation which is already had, is made worse by the digging up of road surfaces on major thoroughfares. These disturbances are unavoidable because they are necessitated by important development projects like improvement of the underground drainage and sewage systems, laying of underground water mains etc. The temporary inconvenience that we now feel is the price that we have to pay for long-term, substantial benefits to be derived in the not distant future. The spheres in which development activity is now being witnessed were sadly neglected in the past. We have thus to make up for lost time. Therefore, activity which could have been gradually paced out if it had taken place at the appropriate time, has of necessity become intense now.

3. I have already made the point that there is hardly any scope for the expansion of the roads of Calcutta. Subject to this limiting factor, roads have been, and are being widened wherever possible to permit a larger flow of traffic. Furthermore, through other traffic engineering schemes efforts are constantly being made for increasing the flow of traffic. The fly over near the Howrah Bridge can be cited as an example of this. A similar fly over is under construction at Sealdah. Then, we have devised some one-way systems. These appreciably accelerate the flow of traffic to case the congestion of goods vehicles in Calcutta, we are contemplating the establishment of a truck terminal in the outskirts. A suitable provision for this purpose has already been made in the budget of the Home (Transport) Department. When this terminal is set up, much of the pressure of goods vehicles on the traffic of Calcutta will be taken off.

It being practically impossible to add either to the number of roads in Calcutta or to their length, and the scope for expanding their width

fast declining, the only option available to us is to relieve the congestion of traffic through proper management processes in which we are now engaged. In these management processes the public also have to play a vital role. There has to be discipline in the us of roads and this discipline will have to be self-inculcated. In fact an appreciable part of our problems can be solved once proper discipline is introduced.

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা যদি সার্কুলেট করে দেন তাহলে ভাল হয় আর দ্বিতীয় কথা হচ্ছে, উনি বললেন কিছুই করতে পারব না, তাহলে কি করা যাবে?

**মিঃ স্পিকার :** এই বিবৃতির উপর কোনও আলোচনা হতে পারে না।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি প্রিভিলেজের প্রশ্ন তুলতে চাই। আজকে কয়েকটি সংবাদ পত্রিকায় বিশেষ করে সত্যযুগ কাগজে বেরিয়েছে, পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস সভাপতি তিনি বলেছেন রেণুলীনা সুব্বার বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা অবৈধ।

## POINT OF ORDER

**শ্রী রজনীকান্ত দলুই :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, উনি এই রকম ভাবে বলতে পারেন না....

(গোলমাল)

**শ্রী অমলেন্দ্র রায় :** আমি নিয়ম ভিত্তিকভাবে প্রিভিলেজের প্রশ্ন তুলছি আপনার অনুমতি নিয়ে। আমি মোশনটা পড়ছি না, আমি আপনাকে নোটিশ দিয়েছি, আমি তিনজনের বিরুদ্ধে নোটিশ দিয়েছি, শ্রী অজিত পাঁজা, শ্রী কে. বি. ছেত্রী এবং শ্রীমতী রেণুলীনা সুব্বা।

[2-00 —2-10 p.m.]

তারা যে বিবৃতি দিয়েছেন সে কথা কাগজে বেরিয়েছে, সেটা সত্য বলে আমরা ধরে নেব এবং তাই যদি হয় তাহলে এই বিধানসভার মান হানি করা হয়েছে। সেটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক, এবং বিচার করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, অমলবাবু রেফার করেছেন সত্যযুগকে। আপনার কাছে আমার সাবমিশন এই যে শ্রীমতী রেণুলীনা সুব্বার ব্যাপারটা এখানে বিতর্কিত হয়েছে, আমরা সবাই একমত হতে পারিনি, ভোট হয়েছে, আমি নিজে বক্তব্য রেখেছি যে এটা অবৈধ হয়েছে কিন্তু এটাতে বাইরের কেউ বললে এটায় অসুবিধা আছে, আপনি রুলিং দেবেন, না হলে সাংঘাতিক ব্যাপার হয়ে যাবে।

**মিঃ স্পিকার :** আমি নিশ্চয় রুলিং দেব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, ইট ইজ নট এ স্মল থিং। যার যা খুশি তাই প্রিভিলেজে আনা হবে?

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন, দেয়ার ইজ নো পয়েন্ট।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই সিদ্ধান্তের বিরুদ্ধে বনধ ডাকা হয়েছে। তার বিরুদ্ধে কি অ্যাকশন নেবেন? এ প্রিভিলেজ হতে পারে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, উনি কিসের উপর বলছেন? He has no right to deliver a speech here. আমি প্রিভিলেজে দিয়েছি, প্রিভিলেজ কমিটিতে যাবে, তারা যা করবার করবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** বাইরে কে কি স্টেটমেন্ট করেছেন, সেটা প্রিভিলেজে আনা যায় না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয় দেখবেন।

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা প্রিভিলেজ কোয়েশ্চেন। আমি এ সম্বন্ধে আপনার কাছে দুটো কথা বলতে চাই। এটা একটা serious question of privilege. অমলবাবু একটা কথা তুলেছেন, জয়নাল সাহেব তার বিরোধিত করেছেন। বাইরের কোনও একজন যদি এখানকার প্রসিডিওর সম্পর্কে কোনও মন্তব্য করেন এবং কোনও সদস্য মনে করেন যে সেই মন্তব্যে এখানকার প্রিভিলেজ নষ্ট হয়েছে তাহলে উনি সেটা তুলতে পারেন। তখন সেটা হাউসের এবং আপনার বিচার্য বিষয় হবে, আপনি দেখবেন সেটা প্রিভিলেজ কোয়েশ্চেনের সঙ্গে ইনভলভ কিনা? শান্তিপূর্ণভাবে আলোচনা করুন। গন্ডগোল করবেন না। প্রিভিলেজ আপনারা আনতে পারেন এবং হাউস সেটা বিচার করবে **(নয়েজ)** রজনীবাবু এবং জয়নালবাবু যেকথা বলছেন সেটা ঠিক নয়। আমরা তাকে সামন করতে পারি এবং করে তাকে পানিশমেন্ট দিতে পারি। **(নয়েজ)**

**(শ্রী রজনীকান্ত দলুই বলিতে উঠিলেন)**

আই অ্যাম আমার কথা শেষ হয়নি। হাউসে এ জিনিস চলবে না। আগে আমি আমার কথা বলব, তারপর আপনি বলবেন। বারবার এইভাবে বলতে উঠে ইন্টারভেন্ট করবেন না। এইভাবে রাওডিজিম করবেন না। আমি ২৫ বছর এখানে আছি এইরকম জিনিস দেখিনি। আমি আপনার প্রটেকশন চাইছি। এটা হাউসের একটা প্রিভিলেজ। আমি যখন বলতে উঠেছি No other member should be allowed to stand up unless I sit down কাজেই অমলবাবু যে প্রশ্ন করেছেন সেই প্রশ্ন তিনি করতে পারেন এবং আপনারা আপত্তি করতে পারেন। অমলবাবু যে প্রশ্ন তুলেছেন সেটা প্রিভিলেজের বিষয়। এটা এইভাবে বাইপাস করা যায় না।

**মিঃ স্পিকার ঃ** আমি এটা বিবেচনা করে দেখব কারণ এটা প্রসিডিওরাল কোয়েশ্চেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ডেপুটি স্পিকার বলেছেন কংগ্রেস এই সংবাদ এবং ফটোগ্রাফ দিয়েছেন। এই বলে তিনি কংগ্রেসর বিরুদ্ধে অভিযোগ করেছেন। এ বিষয়ে আমি একটা

প্রিভিলেজ দিয়েছি সেটা আপনি দেখবেন। এই প্রিভিলেজ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আমি আনতে চাই। কারণ তিনি বলছেন এর সঙ্গে কংগ্রেসের যোগাযোগ আছে। তা যদি হয় তাহলে মুখ্যমন্ত্রীর প্রিভিলেজ হওয়া উচিত যেহেতু তিনি কংগ্রেসকে সম্পূর্ণভাবে অ্যাকুইজ করেছেন। এইভাবে হাউসকে মিসলিড করেছেন বোথ ডেপুটি স্পিকার অ্যান্ড চিফ মিনিস্টার। সুতরাং দুজনের এক সঙ্গে প্রিভিলেজ হওয়া উচিত।

**শ্রী নিখিল দাস :** যে কোনও মেম্বার আপনার পারমিশন নিয়ে প্রিভিলেজের নোটিশ দিতে পারেন। সেটা আপনি গ্রহণ করবেন কিম্বা সেটা আপনার উপর নির্ভর করে। অমলবাবু প্রিভিলেজের নোটিশ দিয়েছেন এবং কি আছে তাও বলেছেন। ওরা এত এতে চিৎকার করছেন কেন—যদি এর মধ্যে সাবস্ট্যান্স অব প্রিভিলেজ থাকে তাহলে আপনি সেটা অ্যাকসেপ্ট করতে পারেন। সত্যবাবু যে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন তারমধ্যে যদি সাবস্টেন্স অব প্রিভিলেজ থাকে তাহলে স্পিকার উইল অ্যাকসেপ্ট দেট।

**শ্রী রজনীকান্ত দলুই :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ সেদিন মিসেস সুব্বার উপর যে আচরণ করা হয়েছিল... **(নয়েজ)**

**মিঃ স্পিকার :** প্লিজ সিট ডাউন। আমি এটা অ্যালাউ করব না।

## SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 1980-81

**Dr. Ashok Mitra :** Sir, I present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 1980-81.

## Mention Cases

[2-10 —2-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** স্যার আজকে ২৩শে মার্চ গোর্খা লিগ দার্জিলিং বন্ধ ডেকেছে। তাদের বন্ধ ডাকার উদ্দেশ্য হচ্ছে যেহেতু মিসেস সুব্বা আমাদের এখানকার এম. এল. এ. তাকে সাসপেন্ডে করা হয়েছে এবং বামফ্রন্টের পুলিশ তাকে লাঞ্ছিত করছে আমাদের হাউসে এরকম নজির নেই। তারই বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আজকে দার্জিলিং বন্ধ ডাকা হয়েছে। এবং বন্ধ শান্তিপূর্ণভাবে চলছে। এই বন্ধ যাতে তারা না করতে পারে সেইজন্য ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে এবং বামপন্থীকর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে। সেখানে মারামারি হচ্ছে এবং একটা কমিউনাল ব্যাপার সৃষ্টি হতে চলছে। বন্ধ শান্তিপূর্ণভাবে যাতে পালিত হয় সেই চেষ্টা সকলেরই করা উচিত। বন্ধ বাঞ্চাল করবার জন্য চক্রান্ত চলছে এবং পুলিশকে সেইভাবে ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে। সেখানে মারামারি শুরু হয়েছে। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলব দয়া করে এটা বন্ধ করুন এবং শান্তি ফিরিয়ে আনুন।

**(নয়েজ)**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে আজকে বিধানসভায় আসার আগে সকালে শ্রীমতী সুব্বা আমার ঘরে এসে বললেন যে

গতকাল রাত্রে তার ঘরের দরজায় তিনবার নক করা হয়েছে এবং ডাকা হয়েছে তিনি ঘরে আছেন কিনা জানার জন্য। সাদা পোশাকে পুলিশ সব সময় তাকে ঘিরে রেখেছে। নিউ মার্কেটে তখন তিনি গিয়েছিলেন তখনও তার পেছনে পুলিশ ঘুরছে; তিনি আমাকে আপনার মাধ্যমে বলতে বলেছেন যেহেতু তিনি বিধানসভায় আসতে পারছেন না। তার পেছনে পুলিশের লোক দিয়ে তাকে ফল করা হচ্ছে। রাত্রিবেলা ভদ্রমহিলা ঘুমতে পারছেন না। এবং তিনবার তার ঘুমের ব্যাঘাত করা হয়েছে এবং জানতে চাওয়া হয়েছে তিনি ঘরে আছেন কিনা। আপনি কাস্টডিয়ান অব দি হাউস, আপনি দেখবেন যে বিধানসভার সদস্যাদের যেন পুলিশ ঘুমের ব্যাঘাত না করে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাতে চাই যে, মাননীয়া সদস্যা শ্রীমতী ছায়া ঘোষ তাকে বলেছেন যে, 'আমি তোমার সব জানি, আমরা তোমাকে দেখে নেব।' পরে আমি আপনাকে জানাতে চাই যে, আগামী ৩০শে মার্চ আমাদের পক্ষ থেকে বিধানসভা অভিযানের কর্মসূচি নির্দিষ্ট আছে, সেটি যাতে বাণ্চাল হয়ে যায় সেজন্য বিভিন্ন প্রকার ষড়যন্ত্র চালানো হচ্ছে।

(গোলমাল)

**(শ্রীমতী ছায়া ঘোষ কিছু বলবার জন্য উঠে দাঁড়ালেন)**

**মিঃ স্পিকার ঃ** আপনারা সবাই বসুন। I have asked him to speak. Please take your seat.

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আসন্ন বিধানসভা অভিযান বাণ্চালের উদ্দেশ্যে ইতিমধ্যে বেহালাতে আমাদের সমর্থক ১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। সি. পি. এম. কর্মীরা পুলিশের জিপে করে বিভিন্ন জায়গায় ঘুরছে। যাদবপুর এলাকা থেকে আমাদের ৩ জন কর্মীকে গ্রেপ্তার করেছে, টালিগঞ্জ থেকে ২ জনকে গ্রেপ্তার করেছে। এই সমস্ত কর্মীদের গ্রেপ্তার করে তাদের নামে মিথ্যা কেস দিয়ে দেওয়া হয়েছে। এই সমস্ত কাজ সি. পি. এম.-এর কর্মীরা পুলিশের জিপে চড়ে করে বেড়াচ্ছে।

(গোলমাল)

**শ্রী ননী কর ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে, আপনি একজন মেম্বারকে মেনশন বলতে দিয়ে কতগুলি বিষয়ের উপর বলতে দেবেন?

**মিঃ স্পিকার ঃ** আমি কি করছি না করছি তা আমাকে ভাবতে দিন। এটা আমি দেখব, আপনি বসুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এই ভাবে আমাদের কংগ্রেস কর্মীদের বিভিন্ন স্থানে গ্রেপ্তার শুরু হয়ে গিয়েছে। এর চেয়েও বড় কথা হল—পুলিশের গাড়ি চেপে সি. পি. এম.-

এর লোকেরা বিভিন্ন পাড়াতে বাড়িতে বাড়িতে গিয়ে ৩০ তারিখের অভিযানের ব্যাপারে শাসাচ্ছে।

(গোলমাল)

স্যার, পার্টির তরফ থেকে গোটা পশ্চিমবাংলাতে এইরকম ভাবে প্রচেষ্টা চালানো হচ্ছে। মুখ্যমন্ত্রী এখানে আছেন, তিনি গণতান্ত্রিক আন্দোলন করতে গেলে কোনও হস্তক্ষেপ করা হবে না বলে থাকেন—অথচ আমাদের গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করবার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা গ্রহণ করবার প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। শুধু তাই নয়, পুলিশি গাড়ি চেপে, প্রশাসন যন্ত্রকে ব্যবহার করে আমাদের গণতান্ত্রিক মুভমেন্টকে সি. পি. এম. ক্যাডারকে দিয়ে বন্ধ করবার চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। এগুলি যাতে বন্ধ করা হয় সেজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তা না হলে মুখ্যমন্ত্রী along will be responsible for this. এই কথাগুলি আমি মুখ্যমন্ত্রীকে জানাতে চাইছি।

(গোলমাল)

**শ্রী গোপাল বসু :** I rise on a point of order. স্যার, মাননীয় সদস্য শ্রী ননী কর মহাশয়কে বলতে দিলেন না। আমি এই হাউসে বহু দিন ধরে আছি, আমি নিয়ম-কানুন সব জানি। অপোজিশন পার্টিকে আপনি সুযোগ-সুবিধা দিচ্ছেন, তা দিন কিন্তু যদি কেউ পার্টিনেন্ট কোয়েশ্চেন তোলেন, তখন যদি কেউ অ্যাজ এ মেম্বার প্রিভিলেজ তোলেন তখন সেই মেম্বারকেই আগে শুনতে হবে, কিন্তু স্যার, আপনি ওদের প্রোটেকশন দিয়ে যাচ্ছেন। তাহলে কি ধরে নেব যে আপনি আমার পয়েন্ট অব অর্ডার আপনি তুলতে দেবেন না। কিন্তু কেউ যদি পয়েন্ট অব অর্ডার বা পয়েন্ট অব প্রিভিলেজ তুললে অন্য মেম্বার যে অবস্থায় থাকুন না কেন তাকে বাদ রেখে আগে তো যিনি পয়েন্ট অব অর্ডার তুলছেন তার কথা শুনবেন। He must take his seat. Two members cannot stand on their legs at a time. এই আপিল আমি আপনার কাছে রাখছি, আপনি বিষয়টি একটু বিবেচনা করুন।

**মিঃ স্পিকার :** সে ব্যাপারে আমার যা দেখার, তা আমি দেখছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী তারকবন্ধু রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের, সাথে সাথে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার জলপাইগুড়ি জেলার মালবাজার ওতলাবাড়িতে কংগ্রেস (আই) এর একদল দুষ্কৃতকারি দলকে কেন্দ্র করে যে অবস্থা ওখানে সৃষ্টি করেছে তাতে রতন চ্যাটার্জি, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, নিহত হয়েছেন এবং আরও বহু লোক আহত হয়েছেন। প্রচুর ঘর-বাড়ি, দোকান, হোটেল পুড়ে গেছে। আগুন নেভানোর দমকল বাহিনী জল দিতে পারেনি, তাদের টিউব কেটে দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলার প্রশ্ন, আমি এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস (আই)-এ দুষ্কৃতকারি সমাজ বিরোধী একদল লোক এই কাজ

করেছে এবং তারা প্রচেষ্টা করছে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা বাঁধাবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় রিপোর্টারদের কাছে একটা অনুরোধ রাখছি সেটা হচ্ছে আজ কয়েকদিন ধরে আমার নামটা বিকৃত আকারে বার বার পেপারে লেখা হচ্ছে—আর. এস. পি. সদস্য তারক মজুমদার, তিমির মজুমদার, কোনওদিন তারক বন্ধু রায়। আমি রিপোর্টারদের কাছে বলতে চাই আমি আর. এস. পি. সদস্য তারকবন্ধু রায়।

**श्री रवी शंकर पान्डे :** माननीय अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से मुख्य मंत्री, जो गृहमंत्री भी है, उसका ध्यान वड़ा वजार आंचलकी ओर आकृष्ट करना चाहुँगा। वड़ा वाजार थाना, हेयर स्ट्रीट थाना और वेहाला थाने में गुण्डें का आतंक फैला हुआ है। लोगो को मारते-पीटते है और तलवार भुजाली चमकाते है। २-३ रोज में ४-६-१० आदमी घायल होते है। इन इलाको में मुड़ी मुड़की की तरह वम चलते है। आभी कलही वड़ा वाजार अंचल के वड़तल्ला स्ट्रीट में वम पड़ा और उससे ९ लड़के घायल हुया ३ ता० को ७ आदमी कैनिंग स्ट्रीट और नेताजी सुभाष रोड के संयोग स्थल पर घायल हुए। लेकिन वहाँ की पुलिस गुण्डे को पकड़ने के वजाय साग-सब्जी खरीदने वालो को पकड़ती है। गुण्डे तो खुले आम ५ वजे शाम को शराव पीकर गद्दियो, दुकानो और मकानो में घुसकर चन्दा वसुलते है। इस तरह पुलिस की निष्क्रियता और गुण्डा गर्दी के प्रतिवाद में एक नागरिक कमेटी का गठन २४ मार्च को किया गया। गुण्डो और पुलिस की आमदनी नष्ट हो जाने की सम्भावना से गुण्डो ने २१ मार्च को जव लोग फगुआ माना रहे थे, वहाँ पर गुण्डे जाकर ठेल को छीना और उनसे पैसा माँगा। पैसा न देने पर गुण्डें ने नारायण राय जैसे एक निरीह मोटिया को घायल कर दिया। यह खवर पाकर नागरिक कमेटी के लोग घटनास्थल पर पहुँचे। लेकिन पुलिस उन गुण्डे को पकड़ने के वजाय, नागरिक कमेटी के सचिव श्री सरजुप्रसाद शंकर, सोसलिस्ट पार्टिके रास्ट्रीय प्रतिनिधि राजेन्द्र सिंह के साथ-साथ १६ आदमियो को ग्रिप्तार किया। वड़ा वाजार की पुलिस सामाजिक विरोधियो का दमन करने के वजाय समाज-सेवियो और खटकर खाने वाले मेहनती आदमियो का दमन करती है।

पिछले साल १३ आगस्ट एक सेट के समर्थन में पुलिस ने मजदुरों पर लाठियाँ चलाई। स्वतंत्रता-संग्रामियो को भी पीटा। हमें भी ग्रिप्तार करके अपमानित किया। विधान सभा में मुख्य मंत्री ने इसपर वक्तव्य भी दिया। हमने भी मुख्यमंत्री को चुनौती देते हुए कहा था कि यदि आपका वक्तव्य सही होगा तो मैं रीजाइन करुँगा, अन्यथा आपको रीजाइन करना पड़ेगा। मुख्य मंत्री ने जाँच का निर्देश दिया था लेकिन अभीतक इस घटना की कोई इन्कुारी नही हुई। मुख्यमंत्री को समझना चाहिए कि वे जहाँ से चुनकर आये है या जहाँ से लेफ्टफ्रन्ट के लोग चुनकर ओय है, वही के सिर्फ

मुख्य मंत्री नही है। वे तो पुरे वंगाल के मुख्यमंत्री है। इसलिए मैं कहुँगा कि वड़ा वाजार के साथ जो सौतेला व्योहार चल रहा है, उसे वन्द कीजिए। अन्यथा मुझे वाध्य होकर सदनमें उनशन करना पड़ेगा।

मैंने २४ परगना के वेहाला थाना वुरो शिवतल्ला, सहायक पाड़ा, पोगला पाड़ा, भाटी खाना, चरक तल्ला, भाषा पाड़ा, काला वगान की अशान्ति को लेकर हमारे पास २५ आदमी आए। मैंने वहाँ के एस०पी० को फोन किया। लेकिन उन्होने कहा कि अशान्ति तो पुरे वंगाल में चल रही है। इसमे मैं क्या कर सकता हुँ?

इसलिए मैं माननीय मुख्यमंत्री से अनुरोध करुँगा कि कठोरता के साथ गुण्डागर्ति का दमन करें और समाज विरोधी वक्ती से साँट-गाँट करने वाले अफिसारों को मुआचल करे। उनका ट्रान्सफर करे-उनको दण्डित करें।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেসিরা কিভাবে দলবদ্ধভাবে আমার এলাকায় অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করছে তার একটা ঘটনা আপনার মাধ্যমে রাখতে চাই। গত ২০শে মার্চ আমতা থানার ধুরখালি গ্রামে কংগ্রেসিরা দলবদ্ধভাবে নিরিহ মানুষদের আক্রমণ করে এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যকে এমনভাবে মেরেছে যে তাকে পঞ্চু কোলে নামে এক ভদ্রলোক তার জমিতে বেড়া দেয়, কিন্তু কংগ্রেসিরা দলবদ্ধভাবে এসে তার সেই বেড়া ভেঙ্গে দেয় এবং পুলিশ গিয়ে দুজনকে গ্রেপ্তার করে। এরপরই তারা দলবদ্ধভাবে এসে বাড়ি বাড়ি আক্রমণ করে এবং গ্রাম পঞ্চায়েতের মেম্বারকেও মারধোর করে। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, এই ব্যাপারে যে সমস্ত আসামী হয়েছে তার মধ্যে মাত্র ৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে কাজেই অবিলম্বে বাকি আসামীদের গ্রেপ্তার করা হোক এবং সেখানে এমন ব্যবস্থা অবলম্বন করা হোক যাতে কংগ্রেসিরা এরকমভাবে আর গোলমাল করতে না পারে।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদা জেলার কংগ্রেসের সাধারণ সম্পাদক একখানা চিঠি লিখেছেন, তার একটা কপি আমাকে এম. এল. এ. হিসাবে দিয়েছেন, আমি সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি হয়ত জানেন মালদা জেলায় নকশাল ছদ্মবেশে সমাজ বিরোধীদের অত্যাচার খুব বেড়ে চলেছে। উনি গাজোল থানা থেকে লিখেছেন—ওর নিজের বাড়ি ঘেরাও হয়েছে এবং ঐ এলাকার লোক ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। আমি অ্যাড্জোর্নমেন্ট মোশন দিয়েছি এ সম্বন্ধে। যাহ হোক এই সমাজ বিরোধীরা নকশাল ছদ্মবেশে নানা রকম অস্ত্র শস্ত্র নিয়ে ঘেরাও করছে এবং বেনামি চিঠি দিয়ে হামলা শুরু করেছে। মাসুদুর রহমানের বাড়ি ঘেরাও হয়েছে এবং নকশাল ছদ্মবেশে সমাজ বিরোধীরা তৎপরতা চালিয়ে যাচ্ছে। কিন্তু পুলিশকে এই সমস্ত সম্বন্ধে জানানো সত্ত্বেও তারা কোনও রকম ব্যবস্থা অবলম্বন করছেন না। অনেকগুলি বেনামি চিঠিও থানায় দাখিল করা হয়েছে।

আসলে এরা নকশাল নয়, ঐ এলাকার সমাজবিরোধী, তারা জানা লোক, কিন্তু কোনও বাধা না পেয়ে এই কাজ করে যাচ্ছে। পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ শেল্টার দিতে পারছে না। গাজোল থানায়, হবিবপুর থানায়, বামুনগোলা থানায় বহু চিঠি জমা পড়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে এই সমস্ত থানায় কত বেনামি চিঠি জমা পড়েছে এবং সেই চিঠি পাওয়া সত্ত্বেও পুলিশ কতখানি ব্যবস্থা নিয়েছে, এটা আমাদের জানা দরকার আছে। এটা আমাদের ফান্ডামেন্টাল রাইট। আমার সম্পত্তি আজকে বিপন্ন হবে চোখের সামনে দেখব লুট পাট হচ্ছে, পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ আমাকে শেল্টার দিতে পারছে না, দেবে না, তাহলে তো আমার ফান্ডামেন্টাল রাইটস ক্ষুণ্ণ হচ্ছে। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে তিনি এদিকে দৃষ্টি দিন। নকশাল হাওয়া তুলে সমাজ বিরোধীরাই এই কাজ করছে। মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই বিষয়ে দৃষ্টি দেন। আমি আপনার কাছে এই চিঠিটি জমা দিচ্ছি স্পিকার মহাশয়।

**শ্রী শিবনাথ দাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় রাজস্ব মন্ত্রী এবং মাননীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল হলদিয়া পেট্রোকেমিক্যাল এরিয়াতে ৫১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের কি অপরাধ ছিল। তারা এখানকার অধিবাসী, তাদের ঘরবাস্তু রয়েছে, তারা এখানে যে কাজ শুরু হয়েছে, সেই কাজে মাটি কাটার কাজ চেয়েছিল এবং এই অধিকার চেয়ে দাবি রেখেছিল, আগে থেকে মন্ত্রী মহাশয় কথাও দিয়েছিলেন যে জমি এবং বাস্তু তাদের এক সঙ্গে নেওয়া হবে এবং তাদের কাজ দেওয়া হবে, কিন্তু তাদের জমি এবং বাস্তু এক সঙ্গে নেওয়া হল না, তাদের শুধু জমিটা নেওয়া হয়েছে, ফলে তারা বাস্তুতে থাকতে অসুবিধা বোধ করছে জমি এবং বাস্তু এক সঙ্গে না নেওয়া হওয়ায়। তাছাড়া মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বর্গাদারদের পেমেন্ট করবেন, কিন্তু বর্গাদারদের পেমেন্ট করা হয়নি, অথচ বর্গাদাররা যে জমির উপর চাষ করত সেই জমির উপরেই কাজ হচ্ছে, তারা বলছে আমাদের পেমেন্ট করে দিন, যে কাজ হচ্ছে তাতে আপত্তি জানানোর দরুন তাদের অ্যারেস্ট করা হয়েছে, এক দেড় হাজার লোক উপস্থিত হয়েছে প্রচন্ড বিক্ষোভ দেখা দিয়েছে, এই ব্যাপারে কালকে হাজার হাজার লোক মিটিং করেছে, তারা স্থির করেছে তারা বাধা দেবে যদি তাদের দাবি পূরণ করা না হয়। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি যে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, দয়া করে তা পালন করুন এবং পেট্রোকেমিক্যালের কাজটা যাতে হতে পারে তার জন্য ব্যবস্থা করুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী আছে, সম্ভবত উনি পশ্চিম দিনাজপুর যাবেন। আমাদের ওখানে পুলিশ কিছু তৎপর হয়েছে কিছু বন্দুক উদ্ধার হয়েছে। কিন্তু মূল কথা যে মানুষগুলো পুলিশের সঙ্গে যোগাযোগ করে এই সব সংবাদগুলি দিচ্ছে তাদের প্রোটেকশনের ব্যবস্থা না করলে কাজের অগ্রগতি সম্ভব হবে না। পুলিশই শুধু যে ঘুরে দেখছে তা না—লোকে আইডেন্টিটিফাই করে দিচ্ছে যে এখানে এই ঘটনা ঘটছে এর বাড়িতে বন্দুক আছে, পুলিশ সেখানে গিয়ে হামলা করছে—ওরা মাঠে গিয়ে সেগুলি ফেলে রাখছে। কাজেই মুখ্যমন্ত্রী আছেন আমি এটা জানতে চাই যারা ধরা পড়ছে যাদের কাছ থেকে এই সব জিনিস বেরুচ্ছে তারা কিন্তু সবাই নকশাল নয় এবং এদের যে উগ্রপন্থী বলা হচ্ছে

তাও নয়। এরা যদি এখন কনভার্ট হয়ে থাকে তাহলে বলার কিছু নেই। কিন্তু ঐসব মানুষদের ধরা হচ্ছে তাদের কিছু আবার ছেড়ে দেওয়া হচ্ছে। আমি অনুরোধ করব যেন হাফ এনকোয়ারি না হয় যেন হাফ ডান কাজ না হয় তাহলে কিন্তু অসুবিধা হবে, যেখানে ১৫টি বন্দুক আছে স্বীকারউক্তি করছে যে এই বাড়িতে ১৫টি বন্দুক আছে সেখানে ১০ ধরা হল ৫টি ধরা হল না। আবার তাকে ধরে নিয়ে গিয়ে ছেড়ে দেওয়া হল। যদি ইনভেস্টিগেশনের কোনও এই রকম স্ট্যাটাজি থাকে সেটা আমার জানা নাই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই জিনিস। কারণ কিছু সংবাদ আমি সরবরাহ করেছি মানুষের কাছ থেকে পেয়ে। তাই আমি বলতে চাচ্ছি কিছু আতঙ্ক সেখানে হয়েছে মানুষের বিপদ হলে মানুষ বিপদে আর ছুটে আসছে না। সবাই রেসিস্ট করেনি তা নয় যারা রেসিস্ট করেছে তারা অন্যের সাহায্য পায়নি। সেইজন্য সাধারণ মানুষের উপর যে অত্যাচার হচ্ছে তাদের অন্যরা কেউ সাহায্য করতে পারছে না, সে বাড়িঘর ছেড়ে চলে আসছে। তাই আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এই ব্যাপারে তদন্ত করে বিহিত ব্যবস্থা করুন, তাহলে দেশের মানুষ শান্তিতে বসবাস করতে পারবে।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু হুগলি জেলায় নয় বিভিন্ন জায়গায় কংগ্রেস(ই) লোকজন আজকে অ্যাসেম্বলির ভিতর এবং বাইরে একটা বিশৃঙ্খলার সৃষ্টি করার চেষ্টা করছে, সামান্য ঘটনাকে কেন্দ্র করে। বাইরে তারা একটা অরাজকতার সৃষ্টি করতে চাইছে, খুন খারাপি নানা রকম অত্যাচার তারা চালিয়ে যাচ্ছে। সরকারি এবং বেসরকারি ইউনিয়নভুক্ত কর্মচারিদের উপর তারা হামলা চালাচ্ছে। তারা তাদের বলছে বর্তমান সরকারের কোনও নীতি বা নির্দেশ যেন না মানা হয় এবং কোনও কাজকর্ম যেন না হয়। সমস্ত কাজকর্ম বন্ধ করে দেবার জন্য তারা পদক্ষেপ নিচ্ছে। এই ঘটনা আমরা হুগলি জেলাতেও দেখতে পাচ্ছি। হুগলি জেলাতে একটা স্কুল বোর্ড আছে। সেই স্কুল বোর্ডে ওদের পরিচালিত একটা ইউনিয়ন আছে। সেই ইউনিয়নের কোনও দাবি-দাওয়া নেই। কিন্তু তারা কোনও রকম কাজকর্ম করছে না। ফলে স্কুল বোর্ডের অধীনে যে কয়েক হাজার প্রাথমিক শিক্ষক রয়েছে তাদের বেতন পাওয়ার অসুবিধা হচ্ছে এবং নানা রকম অসুবিধার মধ্যে তারা পড়ছে। যদিও কিছু কিছু বোর্ডের কর্মী তারা কিছু কিছু কাজকর্ম করছে। কিন্তু কংগ্রেস(আই) পরিচালিত ইউনিয়ন তারা শুধু স্কুল বোর্ডে নয়, বিভিন্ন সরকারি অফিসগুলিতে ওদের ইউনিয়নভুক্ত লোকজন সমস্ত কাজকর্ম বাঞ্চাল করে দিচ্ছে। যত ইলেকশন এগিয়ে আসছে পরাজয়ের ভয়ে ভীত হয়ে তারা এই সব কাজ করছে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 67

### Major Heads : 334—Power Projects and 734—Loans for Power Projects

**Shri Jyoti Basu :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,75,71,000 be granted for expenditure

under Demand No. 67, Major Heads : "334—Power Projects and 734—Loans for Power Projects".

২। এই সরকার বিদ্যুতের উপর খুবই বেশি অগ্রাধিকার দিয়ে আসছেন। ১৯৭৭ সাল থেকে প্রতি বছরই বিদ্যুতের জন্য বর্ধিত হারে ব্যয় বরাদ্দে করা হচ্ছে। ১৯৭৭-৭৮ সালে বাজার থেকে ঋণ সহ এই বাবদ পরিকল্পনার অন্তর্ভুক্ত ব্যয় বরাদ্দ ছিল ৯৯.৮১ কোটি টাকা। ১৯৭৮-৭৯ সাল, ১৯৭৯-৮০ সাল এবং ১৯৮০-৮১ সালে এই ব্যয় বরাদ্দ ছিল যথাক্রমে ১১৫ কোটি ৫০ লক্ষ, ১৫৬ কোটি ১০ লক্ষ এবং ১৩৩ কোটি ১৪ লক্ষ টাকা। পাঁচ বৎসরের এই সরকারে বিদ্যুতের জন্য পরিকল্পনা খাতে ৬৫০ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করেছেন। এই ব্যয় বরাদ্দ ১৯৭৭ সাল পর্যন্ত এই রাজ্যে বিদ্যুতের জন্য মোট ব্যয় অপেক্ষা অনেক বেশি।

৩। যদিও বৃহদাকার বিদ্যুৎ উপাদনকারি প্ল্যান্টের জ্বালানি খরচ কম এবং উৎপাদন ক্ষমতা বেশি, ইদানিংকালে এরূপ প্ল্যান্ট স্থাপন অত্যন্ত ব্যয়সাপেক্ষ ও সময়সাপেক্ষ। সেজন্য বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করতে হলে দীর্ঘমেয়াদি সুষ্ঠু পরিকল্পনার প্রয়োজন। অধিকতর উৎপাদন ক্ষমতা সৃষ্টি করা ব্যতীত পশ্চিমবঙ্গের বর্তমান বিদ্যুতের অভাব মেটানো সম্ভব নয় এই বিষয়ে পূর্বতন সরকার যথেষ্ট সচেতন ছিলেন না। বিভিন্ন কারণে বর্তমানে চালু প্রকল্পসমূহ রূপায়ণের জন্য আমাদের প্রচেষ্টা কার্যকর হতে পারেনি। প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরকারি ও বেসরকারি উৎপাদনসংস্থা সময়মতো সরবরাহ করতে পারেনি। যদিও সাঁওতালডিহির চতুর্থ এবং ব্যান্ডেলের পঞ্চম ইউনিটের অধিকাংশ কাজ শেষ পর্যায়ে পৌঁছেছে, কিন্তু I. L. Kota-র কর্মীদের ধর্মঘট মেটাতে অস্বাভাবিক সময় লাগায় এই দুটি ইউনিটের কাজ বিশেষভাবে বিলম্বিত হয়েছে। বর্তমানে সাঁওতালডিহির চতুর্থ ইউনিয়েটর কার্যক্ষমতা পর্যবেক্ষণ করা হচ্ছে এবং আশা করা যায় শীঘ্রই এই ইউনিটটি এই গ্রীষ্মে চালু করা যাবে। আশা করা যায় ব্যান্ডেলের ২১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন পঞ্চম ইউনিটটির বয়লারে এপ্রিলের শেষাশেষি বা মে-র প্রথমে অগ্নিসংযোগ করা সম্ভব হবে এবং সেপ্টেম্বরে এই ইউনিটটি বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে।

টিটাগড় এবং কোলাঘাট প্রকল্পের ইউনিটগুলি চালু হ'লে বর্তমান উৎপাদন ক্ষমতার সঙ্গে আরও শক্তি সংযোজিত হবে। ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের টিটাগড় প্রকল্পে আমরা অংশ নিয়েছি। এই প্রকল্পটির কাজ মোটামুটি নির্দিষ্ট নির্ঘন্ট অনুযায়ী চলেছে এবং আশা করা যায় এর ৬০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন চারটি ইউনিট ১৯৮২-৮৩ সাল নাগাদ চালু হয়ে যাবে। কোলাঘাট প্রকল্পের প্রথম ইউনিটটিও ১৯৮২ সালের শেষ নাগাদ শেষ হবে ব'লে আশা করা যায়। ডি. পি. এল.-এর ষষ্ঠ ইউনিটের কাজও ১৯৮২-র শেষভাগে সম্পন্ন হবে ব'লে আশা করা হচ্ছে। পরবর্তীকালে ফরাক্কায় জাতীয় তাপবিদ্যুৎ কর্পোরেশনের বৃহৎ তাপবিদ্যুৎ প্রকল্পটি রূপায়িত হ'লে এর উৎপাদনের অংশ আমরা পাবার আশা রাখি। শেষ পর্যন্ত যোজনা কমিশন ৬৩০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন কোলাঘাট প্রকল্পের দ্বিতীয় পর্যায় নির্মাণে অনুমোদন দিয়েছে। দু'বছর আগে এই অনুমোদন পাওয়া গেলে দ্বিতীয় পর্যায়ের নির্মাণকার্য অনেক আগেই শুরু হতে পারত। এখন, ষষ্ঠ পরিকল্পনাকালের মধ্যে দ্বিতীয়

পর্যায়ের কাজ শেষ করা কঠিন হবে। তবুও আমরা চেষ্টা করব যাতে ক'রে দ্বিতীয় পর্যায়ের কাজ স্বল্পতম সময়ের মধ্যে সম্পন্ন হয়।

৪। নির্মীয়মান এবং নব-অনুমোদিত প্রকল্পগুলির কাজ শেষ ব'লে পশ্চিমবঙ্গে মোট বিদ্যুৎ উৎপাদনক্ষমতা (দামোদর ভ্যালি বাদে) ১৯৮৯-৯০ সাল নাগাদ দাঁড়াবে ৩,১৬৬ মেগাওয়াটের মতো। তদুপরি ফরাক্কা থেকে আমাদের অংশ হিসেবে ২০৪ মেগাওয়াট পাওয়া যাবে। শতকরা ৬০ ভাগ উৎপাদন ধরলে সর্বোচ্চ পরিমাণ বিদ্যুৎ পাওয়া যাবে ২,০২২ মেগাওয়াট। অপরপক্ষে আমাদের হিসাবে ১৯৮৯-৯০ সাল নাগাদ সর্বোচ্চ চাহিদা দাঁড়াবে ৩,১৬৭ মেগাওয়াট। অতএব ঘাটতি দাঁড়াবে ১,১৪৫ মেগাওয়াট। কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের হিসাবে চাহিদা বৃদ্ধির হার কম ধরা হয়েছে, কারণ বর্তমানে পশ্চিমবঙ্গে উৎপাদন ঘাটতি ও বিধিনিষেধ আরোপের ফলে চাহিদা যে অনেকখানি সংকুচিত সেটা তার বিবেচনা ক'রে দেখেননি। অতএব সপ্তম পরিকল্পনাকালের মধ্যে উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন প্রকল্প রচনার কাজ অত্যন্ত জরুরি। ষষ্ঠ পরিকল্পনার কাজ শেষ হবার পূর্বেই একাজ শুরু করা দরকার।

৫। অল্প সময়ের মধ্যে অবস্থায় উন্নতি বিধানের জন্য একদিকে যেমন ব্যয়বাহুল্য সত্ত্বেও তাৎক্ষণিক ব্যবস্থা হিসাবে গ্যাস টারবাইন বসানো হয়েছে, অপরদিকে চালু ইউনিটগুলির কাজকর্মের উন্নতির জন্য পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। আমি সানন্দে বলতে পারি যে, এই পরিকল্পনা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে। পর পর চার মাস অর্থাৎ ১৯৮০-র জুলাই থেকে অক্টোবর পর্যন্ত এ রাজ্যের কেন্দ্রগুলিতে উৎপাদন ছিল সারা দেশের মধ্যে সর্বোচ্চ। বস্তুত, সারা ভারতের গড় হিসাবে এ রাজ্যের গড় উৎপাদন ছিল শতকরা ১৫ থেকে ২০ ভাগ বেশি। বিভিন্ন ইউনিটকে বাধ্যতামূলকভাবে বসিয়ে দেওয়াকে রাজ্য বিদ্যুৎ পর্ষদ সাফল্যের সঙ্গে নিয়ন্ত্রণ করেছে। ফলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মকান্ড বহুল পরিমাণে বিশ্বস্ততা অর্জন করতে পেরেছে। পর্ষদের উৎপাদন একনাগাড়ে বেড়ে চলেছে। ১৯৭৭-৭৮ সালে দক্ষিণবঙ্গে বিদ্যুৎ পর্ষদের মোট উৎপাদন ছিল ২,৪৮৬ মিলিয়ন ইউনিট, ১৯৭৮-৭৯-তে তা বেড়ে দাঁড়ায় ২,৬৭৬ মিলিয়ন ইউনিটে। ১৯৭৯-৮০-তে উৎপাদন হয় ২,৮০৭ মিলিয়ন ইউনিট এবং আশা করা যায়, বর্তমান বছরে উৎপাদিত হবে ২,৯৬০ মিলিয়ন ইউনিট। অতএব দেখা যাচ্ছে যে তিন বছরের মধ্যে পর্ষদের উৎপাদন বেড়েছে শতকরা ১৯ ভাগ। কিন্তু রাজ্য বিদ্যুৎ পর্ষদের এই বর্ধিত উৎপাদনের সুফল দক্ষিণবঙ্গে মোট প্রাপ্ত বিদ্যুতের ওপর আশানুরূপ প্রভাব ফেলতে পারেনি তার কারণ ডি. পি. এল. ও ডি. ভি. সি-র উৎপাদন হ্রাস। ১৯৭৭-৭৮-এ ১,০০২ মিলিয়ন ইউনিটের তুলনায় বর্তমান আর্থিক বছরে ডি. পি. এল.-এর উৎপাদন ৭০০ মিলিয়ন ইউনিটে দাঁড়াবে ব'লে মনে হয়। বর্তমান আর্থিক বছরে কলকাতায় ডি. ভি. সি.-র সরবরাহ হবে সাম্প্রতিককালের মধ্যে সর্বনিম্ন ৩০০ মিলিয়ন ইউনিটে, ১৯৭৭-৭৮-এ এর পরিমাণ ছিল ৫০৩ মিলিয়ন ইউনিট। এমন কি গত বছর অর্থাৎ ১৯৭৯-৮০ সালে অত্যন্ত অপ্রতুল উৎপাদন সত্ত্বেও ডি. ভি. সি. ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে ৩৭৩ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ দিয়েছে। যদি এই দুই সংস্থা অর্থাৎ ডি. পি. এল. ও ডি. ভি. সি. তিন বছর আগে যে পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করত সেই পরিমাণ বিদ্যুৎ দিতে পারে তা হ'লে পরিস্থিতির অনেক উন্নতি ঘটবে। এই প্রসঙ্গে আমার অভিমত এই একদিন পর্যাপ্ত

উৎপাদন ক'রে পরবর্তী দিনগুলিতে উৎপাদন হ্রাস করার চেয়ে একনাগাড়ে স্থিতিশীল সরবরাহ অনেক কাম্য। রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদনের উন্নতির ধারা অব্যাহত থাকবে ব'লে আশা করা যায়। সাঁওতালদির চারটি ইউনিটই অবিলম্বে সক্রিয় হয়ে উঠবে। একমাত্র প্রশ্ন সেখানকার কর্মীরা বিদ্যুৎকেন্দ্র চালু রাখতে পূর্ণদ্যমে নিজেদের নিয়োজিত করবেন কিনা। দুর্ভাগ্যবশত সাঁওতালদিতে কিছু বিভ্রান্ত কর্মী আছেন যারা কাজে বাধা সৃষ্টির চেষ্টা করেন, কর্মে অবহেলা করেন এবং এমনকি অপরের কাজেও বাধা দেন। জনগণের স্বার্থরক্ষার পদ্ধতি এ নয়। এই সরকার সর্বদাই শ্রমিকদের অসন্তোষকে সর্বাধিক গুরুত্ব দিয়ে দেখেন এবং সমস্ত ন্যায্য দাবিদাওয়া সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। তা সত্ত্বেও যদি কিছু কর্মচারী কর্তব্যে শৈথিল্য বা অবহেলা দেখান এবং বাধার সৃষ্টি করেন তা হ'লে তাদের বিচ্ছিন্ন করা হবে এবং উৎপাদন যাতে ব্যাহত না হয় তার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। নানা সময়ে বিদ্যুৎ পর্ষদের যেসব ভিত্তিহীন সমালোচনা করা হয়েছে সে-প্রসঙ্গে আমি পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ কেন্দ্রগুলি সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। ব্যান্ডেলের ৭৫ মেগাওয়াট উৎপাদনক্ষম চারটি ইউনিট আছে, মোট উৎপাদনক্ষমতা ৩০০ মেগাওয়াট। এই কেন্দ্রের সব কটি ইউনিটের পূর্ণ মেরামতির পর ১৯৮০-র ১লা অক্টোবর এখানে ৩০৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয়েছে অর্থাৎ ক্ষমতার শতকরা ১০১ ভাগ। এই কেন্দ্রের উৎপাদনক্ষমতা উচ্চ পর্যায়ের। অধিকাংশ দিনই সর্বোচ্চ চাহিদার সময়ে এই কেন্দ্র ২৫০ মেগাওয়াট-এর ওপর উৎপাদন করেছে। অর্থাৎ সর্বোচ্চ চাহিদার সময়ে ক্ষমতার শতকরা ৮০ ভাগ সদ্ব্যবহার করা হয়েছে। ১৯৮০-র এপ্রিল থেকে ১৯৮১-র জানুয়ারির শেষ পর্যন্ত ব্যান্ডেলের লোড ফ্যাক্টর (যার দ্বারা উৎপাদিত বিদ্যুতের পরিমাপ করা হয়) ছিল শতকরা ৬৩ ভাগ। এ হচ্ছে সারা দেশের কয়লাভিত্তিক ৭৫ মেগাওয়াট ও তদূর্ধ্ব বিদ্যুৎ উৎপাদনক্ষম ইউনিটের ক্ষেত্রে সর্বোচ্চ। আমি নির্দ্বিধায় বলতে পারি, ব্যান্ডেলের কর্মিগণ তাদের এই কাজের জন্য উচ্চ প্রশংসার দাবি রাখেন।

৭। সাঁওতালদির কাজকর্মের পর্যালোচনা করতে গেলেও আমাদের এখানকার উৎপাদনকেন্দ্র * ও যন্ত্রপাতি, পারিপার্শিকতা' কর্ম পরিবেশ ও কিছু বিভ্রান্ত বিঘ্নসৃষ্টিকারি কর্মী সমস্যারা কথা মনে রাখতে হবে। এই কেন্দ্রের প্রারম্ভ থেকে যন্ত্রপাতির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের যে সমস্যসমূহ এতাবৎকাল চলে আসছে সেগুলিকে দুর করার জন্য এখানকার কর্তৃপক্ষ ও কর্মিগণ সুসংহতভাবে যে প্রয়াস চালিয়ে যাচ্ছেন তা অবশ্য প্রশংসনীয়। পারিপার্শ্বিক অবস্থা ও কর্ম-পরিবেশের প্রতি নজর দেওয়া হয়েছে। পর্যাপ্ত আবাসনের ব্যবস্থা করা হচ্ছে। বিদ্যালয়, চিকিৎসাকেন্দ্র ও পরিবহনের ব্যবস্থাদি করা প্রয়োজন। আমার দৃঢ় বিশ্বাস, অদূর ভবিষ্যতে সাঁওতালদির কাজকর্ম অতীতের চেয়ে উন্নততর হয়ে উঠবে।

৮। উত্তরবঙ্গে বিদ্যুৎ সরবরাহের বিষয়টা আমাদের কাছে উদ্বেগের হয়ে দাঁড়িয়েছে। জলে প্রভূত পলি জমার জন্যে জলঢাকা প্রকল্প বিপর্যস্ত। এতে ক'রে টারবাইনের ক্ষতি হচ্ছে। ফলস্বরূপ এখানকার তিনটি ইউনিটের মধ্যে একটি অথবা দুটি চালু থাকছে। জমা পলি কমাবার জন্য 'ইনটেক'-এর পুনর্বিন্যাস করা হয়েছে এবং পলিমুক্ত করার ব্যবস্থা গ্রহণের

কথা পরীক্ষা ক'রে দেখা হচ্ছে। ৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনক্ষম দুই ইউনিট বিশিষ্ট জলঢাকা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ আগামী বছরে প্রায় শেষ হয়ে যাবে ব'লে আশা করা যায় এবং ১৯৮২—র মার্চে প্রথম ইউনিটটি চালু হবার কথা। গত বছর সেপ্টেম্বরে প্রবল ধ্বস নামার ফলে ১২.৫ মেগাওয়াট উৎপাদনক্ষম ৪ ইউনিট বিশিষ্ট রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্পের কাজ বিশেষভাবে ব্যাহত হয়েছে। আশা করা যায়, ১৯৮৪-৮৫ সাল নাগাদ এর কাজ শেষ হয়ে যাবে। গত বছর শিলিগুড়িতে গ্যাস টারবাইন বসানোর ফলে উত্তরবঙ্গে বিদ্যুৎ সরবরাহ অনেকখানি নির্ভরতা পেয়েছে। যেহেতু এ অঞ্চলে জলবিদ্যুতের বিকাশে আরও কিছু সময় লাগবে সেইজন্যে শিলিগুড়িতে আরও একটি গ্যাস টারবাইন বসানোর প্রস্তাব আমাদের ছিল—সেই সঙ্গে উৎপাদন খরচ কমাতে একটি 'হিট রিকভারি ইউনিট'। দেশে ডিজেলের অভাবের জন্য কেন্দ্র আমাদের এই প্রস্তাব নাকচ ক'রে দিয়েছেন। কিন্তু প্রকৃত তথ্য এই যে, উত্তরবঙ্গে মোট ১৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য আমাদের অনেকগুলি ছোট ছোট ডিজেল সেট চালাতে হবে। তাতে ক'রে সমপরিমাণ কিংবা কিছু বেশিই ডিজেল লাগবে। যা হোক, কেন্দ্র যখন নাকচ ক'রে দিয়েছেন তখন এ ব্যাপারে আমাদের আর বেশি কিছু করার নেই। আমরা অবশ্য পুনরায় অনুরোধ জানিয়েছি। উত্তরবঙ্গে একটি কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য আমাদের প্রস্তাব সম্পর্কেও আপত্তি তোলা হয়েছে। এ অঞ্চলের প্রস্তাবিত জলবিদ্যুৎ প্রকল্পগুলির পক্ষে প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রটি অত্যন্ত সহায়ক হতে পারত।

৯। নতুন ইউনিটগুলি চালু হ'লে উৎপাদিত বিদ্যুতের সুষ্ঠু সরবরাহ ও বন্টন ব্যবস্থার বিশেষ প্রয়োজন। রাজ্যবাপী এই উৎপাদিত বিদ্যুৎ সুষ্ঠুভাবে সরবরাহ ও বন্টনের ব্যবস্থা না হ'লে গ্রাহক এই উৎপাদনের সুযোগ লাভ করতে পারবে না। গত বৎসর সাঁওতালডিহি থেকে কসবা পর্যন্ত ২২০ কেভি ডবল সারকিট (Doube circuit) লাইনের কাজ শেষ হয়েছে। এর ফলে, সাঁওতালডিহ ও দুর্গাপুরে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহের পথে যে বাধা ছিল তা অপসারিত হয়েছে। এখন সাঁওতালডিহির চারটি ইউনিটে উৎপাদিত বিদ্যুৎ এবং দুর্গাপুরের উৎপদিত বিদ্যুৎ দক্ষিণবঙ্গের বিভিন্ন স্থানে সরবরাহের ব্যবস্থায় একটি স্থিতিশীলতা এনেছে। প্রয়োজনে দামোদর ভ্যালির উৎপাদিত বিদ্যুৎও এই পথে কলকাতায় সরবরাহ করা যাবে। ফরাক্কার অপর পারে মালদা পর্যন্ত ১৩২ কেভি লাইন সম্প্রসারিত হয়েছে এবং দক্ষিণবঙ্গ বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার সঙ্গে পর্যায়ক্রমে উত্তরবঙ্গের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার সংযুক্তিকরণ করা সম্ভব হয়েছে। আশা করা যায়, আগামী জুন মাসের মধ্যে ডালখোলা পর্যন্ত এই সরবরাহ লাইন স্থাপনের কাজ শেষ হবে। ডালখোলা থেকে শিলিগুড়ি পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আছে। বর্তমানে, ঐ লাইনের মাধ্যমে বিহার থেকে আমরা কিছু পরিমাণ বিদ্যুৎ পাই। আশা করি দুর্গাপুর-বিষ্ণুপুর ১৩২ কেভি লাইন স্থাপনের কাজ আগামী জুন মাসে শেষ হবে। এর ফলে, বাঁকুড়া জেলায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার বিশেষ উন্নতি হবে।লবণ হ্রদে সরবরাহকারি ১৩২ কেভি লাইনের কাজও জুন মাসের মধ্যে শেষ হবে আশা করা যায়। এর ফলে, ভাবা অ্যাটোমিক রিসার্চ সেন্টার ও লবণ হ্রদের ক্রমবর্ধমান চাহিদা মেটানো সম্ভব হবে। হাওড়া-কোলঘাট ২২০ কেভি লাইন স্থাপনের কাজও চলছে এবং আশা করা যায়, আগামী মার্চ মাসের মধ্যে শেষ হবে। জিরাটে প্রস্তাবিত ৪০০ কেভি সাব-স্টেশন ও

কোলাঘাট-জিরাট ৪০০ কেভি লাইন স্থাপনের কাজ শীঘ্রই শুরু করা হবে।

১০। উৎপাদন এবং সরবরাহের উন্নতির পরিপ্রেক্ষিতে আমরা পূর্বারোপিত বিদ্যুৎ ব্যবহারের নিয়ন্ত্রণ কিছু শিথিল করেছি। ১৯৭৯ সালের এপ্রিলে আরোপিত নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়েছে। যে সমস্ত শিল্পে সর্বসময়ই বিদ্যুতের প্রয়োজন তাদের ক্ষেত্রে পূর্বনির্দিষ্ট সীমার উপর ১৫ শতাংশের অধিক বিদ্যুৎ ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। আমরা আশা করব যে, তারা রাত্রিকালে অধিকতর বিদ্যুৎ ব্যবহার করবেন। অদূর ভবিষ্যতে সরবরাহ ব্যবস্থার উন্নতি হ'লে নিয়ন্ত্রণ আরও শিথিল করা যায় কিনা দেখা হবে।

১১। দৈনন্দিন বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। এ বৎসর ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই এলাকায় এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ এলাকায় যথাক্রমে ১২,০০০ ও ৩০,০০০০ ব্যক্তিকে নতুন গ্রাহক করা হয়েছে। বেশ কিছু শিল্পসংস্থায় নতুন উচ্চচাপের সরবরাহের ব্যবস্থাও করা হয়েছে। এই সমস্ত নুতন গ্রহকদের চাহিদা মেটানোর জন্য বছরে অতিরিক্ত ৪০ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হবে। ঘাটতি পূরণের জন্য কতকগুলি "Captive Generating set" স্থাপন করা হয়েছে। বর্তমানে মোট ৫৯৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনক্ষম প্রায় ২,২০০টি ডিজেলচালিত জেনারেটিং সেট চালু করার অনুমোদন দেওয়া হয়েছে। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি হ'লে এই সমস্ত সেটের ব্যবহার কমবে এবং বহুল পরিমাণে ডিজেল বাঁচবে।

১২। আমাদের মনে রাখা দরকার যে, গৃহস্থলি, শিল্প ও বিভিন্ন দোকান-সংস্থার ক্ষেত্রে বিদ্যুতের ব্যবহারে আমাদের অনেক বেশি মিতব্যায়ী হওয় দরকার। অনেক গ্রাহকেরই বিদ্যুতের ব্যবহার কমাবার সুযোগ রয়েছে এবং তার ফলে এই অমূল্য শক্তিসম্পদকে যথাযথভাবে ব্যবহার করার সম্ভাবনা আছে। গার্হস্থ্য ও বাণিজ্যিক গ্রাহকগণ বিদ্যুতের ব্যবহার কমিয়ে এ ব্যাপারে সাহায্য করতে পারেন। আলোকসজ্জার যথেচ্ছ ব্যবহার পরিহার করা দরকার।

১৩। গ্রামীণ এলাকা বৈদ্যুতিকরণের ব্যাপারে আমাদের প্রগতি আশানুরূপ হয়নি। এই বৎসরে ১৯৮১ সালের ফেব্রুয়ারি অবধি ১,১৪৯টি মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং আশা করা যায়, এই বৎসরের মধ্যে ১,৪০০টি মৌজা বৈদ্যুতিকরণ করা সম্ভব হবে। বছরের গোড়ার দিকে প্রয়োজনীয় ইস্পাতের নিদারুণ ঘাটতি এ ব্যাপারে প্রধান বাধা হয়েছে। খুঁটি, তার এবং ট্রান্সফরমার ব্যাপক চুরি হওয়ার ফলে এই কাজ ব্যাহত হচ্ছে। আমরা যদিও পুলিশি ব্যবস্থা জোরদারের কথা চিন্তা করছি, কিন্তু সাধারণ করা সম্ভব নয়। নতুন কোনও আইন দ্বারা এই সমস্ত চুরি বন্ধ করা সম্ভব কিনা তা বিবেচনা করা হচ্ছে। এই বৎসরে ৭৫২টি পাম্প সেট বৈদ্যুতিকরণ করা হয়েছে। চুরি বা অন্য কোনও কারণে সরবরাহ ব্যবস্থা ব্যাহত না হ'লে এই সমস্ত গ্রামে আমাদের বিদুৎ সরবরাহ তুলনামূলকভাবে সন্তোষজনক। সাধারণত ভারতবর্ষের অন্যান্য প্রদেশের গ্রামাঞ্চলে ৬-৮ ঘন্টা ন্যূনতম বিদ্যুৎ সরবরাহ করা হয়ে থাকে। হরিজন বস্তি বৈদ্যুতিকরণের কাজ খুবই মন্থর গতিতে হচ্ছে। পশ্চিমবঙ্গের হরিজন সম্প্রদায়ের লোকেরা কোনও নির্দিষ্ট এলাকায় বসবাস করেন না, তাদের বাসস্থান বিক্ষিপ্তভাবে থাকায় এ ব্যাপারে অসুবিধা দেখা যাচ্ছে। অঞ্চল পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটির ন্যায় স্থানীয় সংস্থা এইসব হরিজন বস্তির রাস্তায় আলো দেবার ব্যাপারে উদ্যোগ হ'লে বিদ্যুৎ

পর্ষদের পক্ষে এ সমস্ত কাজ হাতে নেওয়া যেতে পারে।

১৪। আগামী বৎসর ১,৬২০টি মৌজা বৈদ্যুতিকরণ ও ৯,৬৬০টি পাম্প সেট বিদ্যুৎচালিত করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। পর্ষদ এলাকায় বাড়িতে বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে প্রায় ৯০,০০০ দরখাস্ত জমা হয়েছে। এখন বিভিন্ন সামগ্রি সরবরাহ ব্যবস্থার উন্নতি হওয়ায় আশা করা যায় আগামী বৎসরে এই সমস্ত বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

১৫। উল্লেখ করা যেতে পারে যে, হুগলি জেলায় হরিপাল-সিঙ্গুর এলাকার বিদ্যুৎ সরবরাহের ভার একটি সমবায় সংস্থার উপর ন্যস্ত করা হয়েছে। গ্রাহকগণ প্রত্যক্ষভাবে এর সঙ্গে যুক্ত থাকার ফলে এর মাধ্যমে উন্নততর সেবা ও সরবরাহ পাবেন। বিশেষ আইনবলে পশ্চিমবঙ্গের অবশিষ্ট দুইটি অনুৎপাদনকারী বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান অধিগ্রহণ করা হয়েছে এবং ঐ এলাকায় পর্ষদ সরাসরি বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব গ্রহণ করেছে।

১৬। বিদ্যুৎ উৎপাদন ও বন্টন ব্যবস্থা পদ্ধতির ক্রমবর্ধমান জটিলতা ও সূক্ষ্মতার পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ পর্ষদের কর্মীদের দক্ষতার মান উন্নয়নের প্রয়োজন। গত বৎসর পর্ষদের উৎপাদন এবং বন্টনব্যবস্থাকে পৃথকীকরণের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তা কার্যকর করা বিশেষ প্রয়োজন। পর্ষদের শূন্যপদে নিয়োগের কাজ ত্বরান্বিত করা প্রয়োজন। পর্ষদের উৎপাদনকেন্দ্রে নিযুক্ত কর্মীদের প্রয়োজনীয় শিক্ষাদানের জন্য ব্যান্ডেলে একটি শিক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্তমানে এই কেন্দ্রে এক সঙ্গে ১০০ জন কর্মীর শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। সাঁওতালডিহি, ব্যান্ডেল এবং কোলাঘাটের জন্য যে অতিরিক্ত কর্মীর প্রয়োজন হবে এই প্রতিষ্ঠান সে ব্যাপারে বিশেষ সহায়ক হবে।

১৭। সরকার কর্মবিনিয়োগ কেন্দ্রের মধ্যে কর্মী নিয়োগের পদ্ধতি অনুসরণ করেন। বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র স্থাপনের জন্য প্রচুর পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে। বিভিন্ন শূন্যপদের শতকরা ৩০ ভাগ ক্ষেত্রে নিয়োগের ব্যাপারে এই সমস্ত অধিগৃহীত জমির মালিকের পরিবারবর্গকে অগ্রাধিকার দেওয়া হয়। ইদানিং, বিভিন্ন ঠিকাদারি সংস্থার কর্মীরাও পর্ষদে নিযুক্তির জন্য দাবি তুলছেন। কোনও প্রকল্পের কাজ শেষ হ'লে সেই প্রকল্পের সঙ্গে যুক্ত ঠিকাদারের কর্মীদের সকলের ঐ প্রকল্পের কর্মসংস্থান করা সম্ভব নয়। সমস্ত বিষয়টি বিশেষভাবে বিবেচনার পর স্থির হয়েছে যে, কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে যে শূন্যপদগুলি পূর্ণ করা হবে তার শতকরা ২০ ভাগ এই সমস্ত ঠিকাদারের কর্মীদের থেকে নেওয়া হবে। যে সকল কর্মী ন্যূনতম ২৪০ দিন সন্তোষজনকভাবে কাজ করেছেন তারা নিয়োগের জন্য বিবেচিত হবেন।

১৮। আমি পুনরায় বলতে চাই, এই সরকার সকল শ্রেণীর কর্মীর ন্যায্য দাবিদাওয়ার ব্যাপারে সর্বদাই মনোযোগী। আমরা বিশ্বাস করি, বেশির ভাগ কর্মীই যথেষ্ট সচেতন যে বিদ্যুৎ উৎপাদন ও বন্টনের ব্যাপারে বৃহত্তর জনস্বার্থ জড়িত। আশা করি যে, তারা এ ব্যাপারে সর্বতোভাবে পূর্ণ সহযোগিতা করবেন। অধিকতর ও স্থিতিশীল উৎপাদন ক্ষমতা এবং সম্প্রসারিত বন্টন ব্যবস্থার মাধ্যমে এ রাজ্যের জনগণের বিদ্যুতের চাহিদা মেটানো যাবে।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বিদ্যুৎ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী সভার কাছে ৬৭ কোটি ৭৫ লক্ষ ৭১ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, আমি সেই দাবি সমর্থন করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিকল্পিত যে কোনও অর্থনীতিতে বিদ্যুতের গুরুত্ব অপরিসীম, এটা বক্তৃতা করে বলার কোনও অবকাশ নেই। একটা অর্থনীতিতে পার ক্যাপিটা কনজাম্পশন কত হচ্ছে ইলেক্ট্রিসিটি, তার উপর সেই দেশের বা সেই এলাকার অর্থনৈতিক প্রগতি নির্ধারিত হয়। আপনি জানেন যে আমাদের এই রাজ্য পশ্চিমবাংলা ভারতবর্ষের এক সময় পার ক্যাপিটা কনজাম্পশনের দিক থেকে শীর্ষ স্থানে ছিল। ১৯৬০-৬১ সালে যখন অন্যান্য রাজ্যে বিদ্যুতের পার ক্যাপিটা কনজাম্পশন অনেক কম ছিল তখন আমাদের ছিল ৮৪ ইউনিট। দ্বিতীয় স্থানে ছিল মহারাষ্ট্র তাদের পার ক্যাপিটা কনজাম্পশন ছিল ৭৩ ইউনিট, অর্থাৎ পশ্চিমবাংলার সব সময় অন্যান্য রাজ্যের চেয়ে শীর্ষে ছিল। কিন্তু আজকে দেখা যাচ্ছে আমাদের এই রাজ্যের চেয়ে পিছনে পড়ে গেছে। যদি লেটেস্ট হিসাব নিয়ে দেখেন তাহলে দেখবেন, মুখ্যমন্ত্রীর কাছেও সেই তথ্য আছে, আমাদের কাছে যে লেটেস্ট হিসাব আছে তাতে দেখছি গুজরাট ১১৪, মহারাষ্ট্র ১১৯-এর বেশি কিন্তু পশ্চিমবাংলার সেই ৮৪ থেকে এই পর্যন্ত বাড়েনি। যেখানে অন্যান্য রাজ্যে আজকে গুজরাটে পার ক্যাপিটা কনজাম্পশন ২২৫ ইউনিটে গিয়ে দাঁড়িয়েছে মহারাষ্ট্র এবং অন্যান্য রাজ্য ২১০, ২১৫-য় গিয়ে পৌঁচ্ছে, সেখানে পশ্চিমবাংলার পার ক্যাপিটা কনজাম্পশন ইলেক্ট্রিসিটিতে পিছিয়ে পড়েছে। আমাদের ইকনমিক রিভিউতে কয়েকটি তথ্য আছে, তথ্যটা কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত দিয়েছেন, যেখানে গুজরাট ১৮০, মহারাষ্ট্র ১৭০, সেখানে পশ্চিমবাংলা ১১০। তারপর এতদিনে নিশ্চয়ই কিছুটা উন্নতি হয়েছে, কিন্তু তার কোনও উল্লেখ নেই। তাহলে বুঝতে হবে এই বামফ্রন্ট সরকারের আমলে বিদ্যুতের অধোগতি হয়েছে। আমি যে কথা বলতে চাইছিলাম, সেটা হচ্ছে যে আমাদের পাওয়ার শর্টেজ ক্রমবর্ধমান। এখনও আমাদের শর্টেজ অত্যন্ত বেশি রয়েছে এবং লোডশেডিং এখনও নিয়মিত হচ্ছে, ডি. ভি. সি.-র উৎপাদন বাড়া সত্ত্বেও এবং মার্জিনাল ইম্প্রুভমেন্ট হয়ত এস. ই. বি.-তে কিছুটা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমাদের শর্টেজ দেখানো হচ্ছে। সেটা হচ্ছে রেগুলেটেড শর্টেজ, অর্থাৎ বিদ্যুতকে যথেষ্ট পরিমাণে নিয়ন্ত্রণ করা হচ্ছে, কিন্তু রিয়াল শর্টেজ অনেক বেশি। কেন্দ্রীয় সরকারের যে বিদ্যুৎ সমীক্ষার সংস্থা আছে, তারা পর্যবেক্ষণ করে যা বলেছেন, তারা বলেছেন ষষ্ঠ পরিকল্পনার সময় আমাদের বিদ্যুৎ শর্টেজ অন্তত ২৪৪ মেগাওয়াট হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় অন্তত একটা বিষয়ে সচেতন, তিনি স্বীকার করেছেন, আমাদের প্রকৃত ঘাটতি ১৯৮৯-৯০ সালে দাঁড়াবে ১ হাজার ১৪৫ মেগাওয়াট। অর্থাৎ যে সমস্ত পরিকল্পনা আমাদের হচ্ছে, সেইগুলো যদি যথাযথভাবে কার্যকর হয় এবং সমস্ত প্ল্যান যদি ভাল ভাবে কাজ করে, অর্থনীতির স্বাভাবিক নিয়ম অনুযায়ী যে বিদ্যুতের চাহিদা বেড়ে যাবে ৩ হাজার ১৬৭ মেগাওয়াট। আমাদের চাহিদা বাড়ছে কিন্তু সেই তুলনায় জোগান থাকছে না।

কাজেই সর্বগ্রাসী এই সংকট আমাদের সামনে রয়েছে। এই সংকট সম্পর্কে মুখ্যমন্ত্রী পূর্বতন সরকার বা কেন্দ্রীয় সরকারের ঘাড়ে সমস্ত দায়িত্ব দিয়ে বলছেন তারা এই বিষয়ে

সচেতন ছিলেন না। আমি বলতে চাই-ছি না যে পূর্বতন সরকার যথেষ্ট সচেতন ছিলেন, এই বিষয়ে তার সঙ্গে একমত। কিন্তু আমার বক্তব্য হচ্ছে তার সরকারও এই বিষয়ে সচেতন নন। আমাদের যে ক্রমবর্দ্ধমান বিদ্যুৎ সংকট রয়েছে, তা ছাড়া ষষ্ঠ পরিকল্পনার শেষে ১৯৮৯/৯০ সালে বিদ্যুতের চাহিদা অনেক বেড়ে যাবে মেট্রোরেল চালু হয়ে গেলে, সেই চাহিদা কিভাবে মেটানো হবে তার জন্য কোনও অ্যাপ্রোচ বিদ্যুৎ দপ্তরের নেই, মুখ্যমন্ত্রীরও নেই। বলা হয়েছে বিদ্যুতে আমরা অন্যান্য বছরে অনেক খরচ করেছি, কিন্তু এইবারে টাকা কম—হঠাৎ টাকা কম হল কেন সেটা আমি বুঝতে পারছি না। নির্ভরযোগ্য সূত্রে শুনেছি বিদ্যুৎ দপ্তরের জনৈক কর্তা ব্যক্তি নাকি বলছেন আমাদের শুধু প্রেজেন্ট মিট করলেই চলবে, ফিউচার মিট করার দরকার নেই। এই যদি বক্তব্য হয় তাহলে মুখ্যমন্ত্রী কি করে দাবি করতে পারেন তিনি সমস্যা সম্পর্কে সচেতন আছেন? লং টার্ম পারস্পেকটিভ আছে? যা কিছু করেছেন সমস্তই শর্ট টার্ম, লং টার্ম পারস্পেকটিভ নিয়ে কিছু করেননি। এইচ. এম. প্যাটেল, অবিভক্ত বম্বে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যান ছিলেন। তার ইমাজিনেশন, অ্যাপ্রোচের সঙ্গে দেখছি মহারাষ্ট্র, গুজরাট বিদ্যুতের ক্ষেত্রে অনেকটা এগিয়ে গেছে। কেবল যোগ্যতাসম্পন্ন লোককে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যান করে দিলেই সমস্যার সমাধান হয় না, যার উপর দায়িত্ব দেবেন, তাকে পুরোপুরি কাজ করার দায়িত্ব দেবেন। আজকে আমরা দেখছি অধিকাংশ ক্ষেত্রেই সেটা হয় না, পলিটিক্যাল ইন্টারফেয়ারেন্স তার উপর হচ্ছে। কাজেই আমরা নির্দ্বিধায় বলব এইচ. এম. প্যাটেলে বিদ্যুতের ক্ষেত্রে মহারাষ্ট্র এবং গুজরাটে যুগান্তর এনেছেন। বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে অন্যান্য রাজ্য যেভাবে চিন্তা করছে আমাদের এখানে সেই ভাবে চিন্তা করা হচ্ছে না। বুরোক্র্যাট দিয়ে এই সমস্যার সমাধান হয় না। অধিকাংশ রাজ্যেই স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানকে পাওয়ার সেক্রেটারি করা হচ্ছে। আমি বুঝতে পারি না আমাদের রাজ্যে কেন হবে না—স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানের যদি যোগ্যতা থাকে তাহলে তার উপর নির্ভর করুন, তিনি কো-অর্ডিনেট করতে পারেন। আজকে কো-অর্ডিনেশনের অভাব দেখা যাচ্ছে। ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই-এর সঙ্গে এস. ই. বি.-র, ডি. ভি. সি.-র সঙ্গে এস. ই. বি.-র কো-অর্ডিনেশনের অভাব দেখা যাচ্ছে। পাওয়ার সেক্রেটারির সঙ্গে হয়ত এস. ই. সি. বি.-র চেয়ারম্যানের সমন্বয়ের অভাব দেখা যাচ্ছে। সি. ই. এস. সি. থেকে দু বার মাত্র এস. ই. বি.-কে জানানো হচ্ছে তারা কত পাওয়ার দিচ্ছে। সকাল ৯টা একবার জানাল, সন্ধ্যা ৬টায় একবার জানাল। সকালে তারা জানাল ২১০ মেগাওয়াট বিদ্যুৎ দেওয়া হল, বিকালে জানাল ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ দেওয়া হল। কিন্তু তার এক দু ঘন্টা পরেই দেখা গেল লোড নেমে যাচ্ছে, পাওয়ার কাট করে দেওয়া হচ্ছে। কো-অর্ডিনেশনের অভাব দেখা যাচ্ছে। বিদ্যুত সমস্যার সমাধান যদি করতে হয়, তাহলে দৃঢ় ভাবে অর্গানাইজেশনাল নেট ওয়ার্ক তাকে ঠিক করতে হবে। খালি বোর্ড পাল্টালেই সমস্যার সমাধান হয় না। যদি মনে করেন যোগ্যতাসম্পন্ন লোক নিয়ে বোর্ড করেছেন, তার উপর যদি কনফিডেন্স থাকে তাহলে সেই বোর্ডের উপর পুরোপুরি ক্ষমতা দিতে হবে। লেবার প্রবলেমস থেকে আরম্ভ করে সমস্ত রকম প্রবলেমস ডিল করার দায়িত্ব তাদের দিতে হবে। পলিটিক্যাল ইন্টারফেয়ারেন্স থাকলে কাজ করা সম্ভব হতে পারে না। কাজেই যারা আছেন তাদের ফেয়ার ট্রায়াল দিতে হবে। এর আগের আমলে পূর্বতন পাওয়ার সেক্রেটারি থাকতে এই ইন্টারফেয়ারেন্স ছিল, আমরা দেখেছি। এই আমলেও অ্যাপয়েন্টমেন্ট হয়েছে—হঠাৎ এস. ই. বি.-র মেম্বার করা হল এবং তারপর তাকে সরিয়ে

আনা হল এবং অ্যাডভাইসার টু দি মিনিস্ট্রি করা হল। কি তার যোগ্যতা এবং যোগ্যতার কোনও নিরিখে তাকে করা হল এবং তার চেয়ে যোগ্যতর লোক আছে কিনা, সেটা বিচার করা যাচ্ছে না। শুনেছি তিনি আবার নাকি ডি. ভি. সি.-তে ওয়েস্ট বেঙ্গলে প্রতিনিধি হয়ে যাবেন।

[2-50 — 3-00 p.m.]

হঠাৎ হঠাৎ করে অনেক অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এস. ই. বি.-র সঙ্গে পরামর্শ না করেই পাওয়ার ডিপার্টমেন্ট থেকে একজন ইঞ্জিনিয়ারকে ৪টে পোস্ট টপকে অনেক উপরে তুলে দেওয়া হ'ল। তিনি হয়ত টেকনিক্যালি ইক্যুইপইড কিন্তু এতবড় অর্গানাইজেশন ম্যানেজ করার অভিজ্ঞতা তার আছে কিনা সেটা বিচার করা হয়নি। অনেক জায়গায় তারজন্য গোলমাল হয়েছে। এই ভদ্রলোক যার কথা বলছিলাম, যিনি এখন অ্যাডভাইসার, তিনি এস. ই. বি.-তে থাকাকালীন জেনারেশন ইঞ্জিনিয়ার্সদের মধ্যে যে বাইফারকেশন করেছিলেন—জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন—তা অনেক প্রবলেম ক্রিয়েট করেছে এবং তাদের মধ্যে যে ভারসাম্য রাখা সেটা তখন এস. ই. বি.-তে ছিল না। বারবার আমরা দেখেছি সমস্ত অর্গানাইজেশনের মরাল ভেঙ্গে গিয়েছে। এখানে যেটা আশঙ্কার কথা সেটা হচ্ছে, কোলাঘাটও হয়ত সাঁওতালদির পথেই যাচ্ছে। কোলাঘাটের জেনারেল ম্যানেজার হিসাবে একজন ভদ্রলোককে নিয়োগ করা হয়েছে। তাকে কি যোগ্যতায় করা হয়েছে জানি না, অন্য কোনও প্ল্যান্টে তিনি এই কাজ করেছেন কিনা জানি না, আমার প্রশ্ন, এর চেয়ে যোগ্য লোক আর কি পশ্চিমবাংলায় ছিল না? আমি শুনেছি, আপনাদের পলিটব্যুরোর সদস্য হরকিষণ সিং সুরজিতের প্রার্থী হিসাবে তিনি কোলাঘাটের জেনারেল ম্যানেজার হয়েছে। তাকে অনেক রকমের সুযোগ সুবিধা দেওয়া হয়েছে। তাকে যে সব সুযোগ সুবিধা দেওয়া হয়েছে তা এস. ই. বি.-র কোনও চিফ ইঞ্জিনিয়ার পান কিনা জানি না। শুনছি তিনি এখন চলে যাবার কথা বলছেন। এটা তিনি সুযোগ সুবিধা আরও বাড়িয়ে নেবার জন্য বলছেন কিনা আমি জানি না। এরপর আমি যন্ত্রপাতির কথায় আসি। যন্ত্রপাতিগুলি পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। সাঁওতালদিতে ফোর্থ ইউনিটের জন্য যে সব যন্ত্রপাতি এসেছিল সেগুলি ফার্স্ট, সেকেন্ড এবং থার্ড ইউনিটের স্পেয়ার হিসাবে ব্যবহার করা হয়েছে। কোলাঘাটের কাজের ব্যাপারেও একই অবস্থা। স্যার, এই যেখানে অবস্থা সেখানে কোলাঘাট ও সাঁওতালদির পথে যাচ্ছে এই আশঙ্কা করার যথেষ্ট কারণ রয়েছে। তারপর স্যার, আমরা জানি পাওয়ার প্ল্যান্টে শ্রমিকদের অনেক সমস্যা আছে। সেখানে শ্রমিকরা এবং ম্যানেজমেন্ট বসে আলাপ আলোচনার মাধ্যমে যদি সমস্যার সমাধানের চেষ্টা করতেন তাহলে ভাল হ'ত কিন্তু আমরা দেখছি সেখানে আউট-সাউড ইন্টারফারেন্সের জন্য বারবার সেই কাজ বিঘ্নিত হচ্ছে। স্যার, ১৯৮০ সালের টাওয়ার কোলাপসের ব্যাপারটাকে সরকার থেকে স্যাবোটেজ বলা হয়েছিল কাগজে দেখেছি কিন্তু সেখানে ইউনিয়নের সেক্রেটারি পরিমল দাশগুপ্ত তিনি আর এক রকমের বিবৃতি দিয়েছেন। আজকে যে ইউনিয়ন দখলের লড়াই চলছে সেই প্রসঙ্গে আমি বলবও, ওদের লড়াই শুধু কংগ্রেস, নকশাল বা অন্য পার্টির ইউনিয়নের সঙ্গে নয় সেখানে বহু জায়গায় আমরা দেখছি সিটুরই দুটি দলের মধ্যে রাই ভালরি চলছে এবং তারজন্য পাওয়ার জেনারেশন অ্যাফেক্ট করছে। সাঁওতালদিতে এটা হয়েছে—সাঁওতালদিতে সিটুর দুটি ইউনিয়নের মধ্যে এই ঘটনা হয়েছে। সেখানে টেকনিক্যাল

ওয়ার্কার্স ইউনিয়ন বলে একটা ইউনিয়ন হ'ল, জানি না সেটা অ্যাফিলিয়েটেড কিনা, সেটা বিক্ষুব্ধ গোষ্ঠীর ইউনিয়ন এবং এই ইউনিয়ন সাঁওতালদিতে পাওয়ার জেনারেশন অ্যাফেক্টেড হবার ক্ষেত্রে যতটা বাধার সৃষ্টি করেছে আর কোনও ইউনিয়ন ততটা করেনি, এমন কি নকশাল ইউনিয়নও এতটা করেনি। সেখানে টেকনিক্যাল ওয়ার্কাস ইউনিয়ন এই বাধার সৃষ্টি করছে। ব্যান্ডেলে ফিফথ ইউনিট নির্ধারিত সময়ের মধ্যে হবে কিনা সে সম্পর্কে যথেষ্ট আশঙ্কার কারণ রয়েছে। এটা নির্ধারিত সময়ে শেষ হবে না।

কিন্তু সেখানেও এ. ভি. পি.-র দুটো ইউনিয়ন আছে এবং একই ইউনিয়নের লোকাল নেতৃত্বের সঙ্গে কলকাতার নেতৃত্বের সংঘর্ষ চলছে, প্রতিযোগিতা চলছে। কাজেই ব্যান্ডেলের ফিফথ ইউনিটের কাজ ব্যাহত হচ্ছে এবং এটা যদি অবিলম্বে দুর করা না হয় তাহলে এ. ভি. পি.-র দুটো ইউনিয়নের রাইভ্যালরির জন্য স্থানীয় নেতৃবৃন্দ এবং প্রাদেশিক নেতৃবৃন্দের যে সংঘাত তার ফলে ব্যান্ডেলের ফিফথ ইউনিটের জেনারেশন বিঘ্নিত হতে বাধ্য। আমি একটা ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে মৌখিক স্বীকৃতি দিচ্ছি। তিনি বলেছেন যে সাঁওতালদির অনেকগুলি সমস্যা আছে, শ্রমিকদের অনেক সমস্যা রয়েছে। এটা শুধু আমি নয়, মাননীয় মুখ্যমন্ত্রীও এই সব কথা বলেছেন। আপনারা আমাকে টিটকারি দিচ্ছেন, মুখ্যমন্ত্রীর বলার সময় টিটকারি দেবেন। মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্যে সাঁওতালদি সম্পর্কে প্রশ্ন করেছেন। তিনি প্রশ্ন করেছেন যে কর্মীরা বিদ্যুৎ কেন্দ্রকে চালু রাখতে নিজেদের সেখানে নিয়োজিত করবেন কি না? সাঁওতালদিতে যারা কাজে বাধা সৃষ্টির চেষ্টা করেন, কর্মে অবহেলা করেন, এমন কি অন্যের কাজে বাধা দেন। এটা আমরা বক্তব্য নয়, এটা মুখ্যমন্ত্রীর বক্তব্য। সাঁওতালদিতে আজকে কাজের পরিবেশ ফিরিয়ে আনতে হবে। ওয়ার্কারদের সুযোগ-সুবিধা দিন, কিন্তু পাওয়ার প্ল্যান্টের কাজ যাতে নিরবিছিন্ন ভাবে চলতে পারে সেই ব্যবস্থা করতে হবে। ওভার টাইম হতে পারে কিন্তু এটা কোনও ধরনের ইউনিয়নের ব্যবস্থা যে ওভার টাইমের আগে নেগোসিয়েশন চলে? যতদিন নেগোসিয়েটেড ওভার টাইম থাকবে ততদিন পাওয়ার প্ল্যান্টে কোনও কাজ করবে না। আজকে অনেক এমপ্লয়ির মূল বেতনের চেয়ে ওভার টাইম অনেক বেশি এবং কাজ হবে কিনা, ওভার টাইম ঠিক করার পর কাজের সময় ঠিক হবে বা দায়িত্ব যারা পালন করবে তাই ঠিক হবে। এতকাল সাঁওতালদিতে কি হয়েছে? কয়লার অভাব, ওয়াগনের অভাব, সব ঠিক। কিন্তু যে কয়লা, যে ওয়াগন আসে সেটা কি খালাস হচ্ছে? যদি ওভার টাইম পাই তাহলে এতটা আমরা খালাস করব, যদি ওভার টাইম না পাই তাহলে তার চেয়ে কম করব, বা করব না। এই অবস্থার জন্য কত ওয়াগন পড়ে আছে সাঁওতালদিতে সেটার বিচার বিবেচনা করে দেখবেন। মুখ্যমন্ত্রী কর্মীদের সুযোগ সুবিধার কথা বলেছেন। আমি তাকে সাধুবাদ দিচ্ছি। সাঁওতালদিতে যে ভাবে কর্মীরা আছে—ইঞ্জিনিয়ার বলুন, আর ওয়ার্কারই বলুন, কারও লিভিং কন্ডিশনস যদি ফুলফিল না করে তাহলে তারা সেখানে কি করে থাকবে? এতবড় একটা পাওয়ার প্লান্ট যেখানে আছে সেখানে কোনও রাস্তা নেই, কলকাতা থেকে বোধহয় একটি মাত্র বাস আরামবাগ হয়ে যায়। সেখানে স্কুলের কোনও সুবিধা নেই, হাসপাতাল নেই, দোকানপাট নেই, চিকিৎসার কোনও সুযোগ-সুবিধা নেই, বাজারের সেই রকম কোনও ব্যবস্থা নেই। কাজেই কর্মীরা সেখানে থাকবে কি করে? আজকে যদি মনে করি যে সমস্ত সমস্যার সমাধান ওভার টাইম দিয়ে পুষিয়ে নেব, প্রথম থেকে যদি এই রকম

একটা মানসিকতার সৃষ্টি করা হয় তাহলে সত্যি কাজের অসুবিধা হবে। সমস্ত অসুবিধা শুধুমাত্র ওভার টাইম দিয়ে সমাধান হতে পারে না। আজকে কর্মীদের মনোবল ফিরিয়ে আনতে হবে। আজকে ইঞ্জিনিয়ারদের মধ্যে, অফিসারদের মধ্যেও অনেক প্রবলেম আছে। কিন্তু তাদের মধ্যে যে প্রবণতা বেড়েছে, প্ল্যান্টের কাজ ফেলে রেখে ঘনঘন কলকাতায় চলে আসা, এগুলি যদি চলতে থাকে তাহলে সাঁওতালদির উন্নতি কখনও হতে পারে না। আমি এই কথা বলতে চাই যে পঞ্চাশ দশকের যে কাজের পরিবেশ, সেই পরিবেশে আজকে শ্রমিকরা কাজ করতে পারে না। আজকে বিভিন্ন দেশে পাওয়ার প্লান্টগুলি অনেক উন্নতি হয়েছে। গতানুগতিক কাজের ধারাকে রিপ্লেস করতে হবে। নুতন নুতন মেথড আনতে হবে। কেমিক্যাল ডিটারজেন্ট, থার্মেল শপ প্রভৃতি আরও অনেক মডার্ন মেথডস আছে, যে মেথডগুলির কাজ হচ্ছে ড্রাজারিকে নষ্ট করা। এর ফলে অনেক জায়গায় পাওয়ার প্লান্টের কাজের একঘেয়েমি থেকে মুক্ত করা যায়। বিভিন্ন দেশে অনেক রকম পদ্ধতি অ্যাপ্লাই করা হচ্ছে।

[3-00 — 3-10 p.m.]

কিন্তু আমাদের এখানে এখনও স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড বা ক্যালকাটা ইলেক্ট্রি সাপ্লাই কেউ এসব সম্পর্কে কিছু ভাবছে কিনা জানি না। প্ল্যান্টকে পরিচ্ছন্ন রাখার জন্য এবং কর্মীদের জীবন-যাত্রার উন্নয়নের জন্য কারখানার সামগ্রিক পরিবেশের উন্নয়ন ঘটাবার দিকে পাওয়ার ডিপার্টমেন্ট দৃষ্টি দিয়েছে বলে আমরা জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৪৮ সালে, দ্বিতীয় বিশ্ব মহাযুদ্ধের পরবর্তী পরিস্থিতিতে ইংলন্ডে অভাবনীয় বিদ্যুৎ সংকট হয়েছিল এবং তার ফলে তারা সমগ্র পাওয়ার বিষয়টাকেই ন্যাশনালাইজ করেছিল। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে সেখানে গিয়ে সেখানকার সমস্ত কিছু দেখে এসেছেন, কিন্তু বিদ্যুৎ মন্ত্রী হবার পরে তিনি ইংলন্ডের পাওয়ার প্ল্যান্টগুলি স্টাডি করে এসেছেন কিনা জানি না। তবে তারা তারপরে তাদের সমস্যার অনেকটাই সমাধান করেছে। তারা টিম স্পিরিট তৈরি করেছে এবং টেকনিক্যাল ইম্প্রুভমেন্ট করেছে। আমাদের এখানে সেরকম কিছু করা হচ্ছে না। মুখ্যমন্ত্রী দু-এক মাসের হিসাব দিয়ে দাবি করেছেন যে, অন্যান্য রাজ্যের চেয়ে অনেক ভাল পাওয়ার জেনারেশন আমাদের রাজ্যে হয়েছে। কিন্তু আমি বলব যে, এস. ই. বি.-র বিবৃতি অনুযায়ী ইউটিলাইজেশন অফ টোটাল ক্যাপাসিটি সব সময়ই তারা ৫০%-এর নিচে পড়ে আছে। অপর দিকে অন্যান্য রাজ্যে আমরা কি দেখছি, আমেদাবাদে ৭৫% উৎপন্ন হচ্ছে, অমরকন্টকে ৭৬%, ভূষোয়ালে হচ্ছে ৮৪.৭৫%, আই. পি. স্টেশনে ৭৫%, টোটাল ক্যাপাসিটির উৎপন্ন হচ্ছে। আর ডি. ভি. সি.-র লেটেস্ট ফিগার বলতে পারব না, তাবে অনেক ইম্প্রুভমেন্ট হয়েছে, সেটা আমরা সকলেই জানি এবং প্রত্যক্ষ করছি। আমার বক্তব্য হচ্ছে নিশ্চয়ই আমরা থার্মাল প্ল্যান্ট ইমপ্রুভ করব এবং নতুন থার্মাল প্ল্যান্ট করতে হবে, কারণ যেখানে অতি সহজ কয়লার যোগান রয়েছে। প্রচুর কয়লা-খনি পশ্চিমবাংলায় রয়েছে, কাজেই এখানে থার্মাল প্ল্যান্ট করার যুক্তিকতা নিশ্চয়ই রয়েছে। এখানে থার্মাল প্ল্যান্টের রেকারিং খরচ অ্যাটোমিক বা অন্য কিছুর চেয়ে তুলনা-মূলক ভাবে কম এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচারও অনেক কম। কিন্তু আমাদের স্থায়ী সমাধানের দিকে যেতে হলে হাইড্রাল প্রোজেক্ট-এর দিকে যেতে হবে। কিন্তু আজকে সেই মনোভাব পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ মন্ত্রী নিয়েছেন বলে কোনও পরিচয় আমরা পাচ্ছি না। এস. ই. বি.-র কাছ থেকে এ বিষয়ে কোনও রিপোর্ট

নিয়ে তা তলিয়ে দেখছেন বলেও কোনও খবর নেই। এস. ই. বি.-র প্রতিবেদনে বলা হয়েছে ২,৬৫০০ মেগাওয়াট জল বিদ্যুতের সম্ভাবনা রয়েছে পশ্চিমবাংলায়, কিন্তু আমরা এ পর্যন্ত মাত্র ৩৪ মেগাওয়াট এক্সপ্লোর করেছি। সুতরাং এই রিপোর্ট থেকেই বোঝা যাচ্ছে যে, আমাদের যে বিরাট রিসোর্স রয়েছে সেই রিসোর্সকে কাজে লাগাচ্ছি না, এদিকে আমরা কোনও নজর দিচ্ছি না। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী, পূর্বতন সরকার এ বিষয়ে সচেতন ছিল না একথা বলে নিজের ব্যর্থতা ঢাকতে পারেন না। আমি বলব বিদ্যুৎ-মন্ত্রী হিসাবে মুখ্যমন্ত্রী ব্যর্থ। জলবিদ্যুৎ এক্সপ্লোর করার প্রচুর সুযোগ আমাদের এই রাজ্যে রয়েছে। জলঢাকার কথা তার বক্তৃতার মধ্যে রয়েছে, কিন্তু সেখানে কি নতুন প্ল্যানিং আছে, তা তার বক্তৃতার মধ্যে দেখছি না। তারপরে ফাজি, লিটল রঙ্গিত, বিজনবাড়ি, সিদরপঙ, রামন প্রভৃতি জায়গায় অনেক কাজ করার সুযোগ রয়েছে, কিন্তু এগুলি সম্বন্ধে এস. ই. বি.-র কোনও ব্লুপ্রিন্ট আছে কিনা জানি না, পাওয়ার ডিপার্টমেন্টের কোনও ইন্টারফেয়ারেন্স আছে কিনা জানি না। পাওয়ার ডিপার্টমেন্ট এবং এস. ই. বি., সব মিলিয়ে জলবিদ্যুৎ প্রকল্পের জন্য কোনও ব্লুপ্রিন্ট আছে কিনা জানি না। তারপরে তিস্তায় হাই ড্যাম এবং ক্যানেল মিলিয়ে ৬৭৫ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়ার সম্ভাবনা রয়েছে। বালাশন, লোদাশা, নিওরো, মহানন্দা, সব মিলিয়ে উত্তর বাংলায় জলবিদ্যুতের বিরাট সম্ভাবনা রয়েছে। পুরুলিয়ায় এস. ই. বি.-র হিসাব অনুযায়ী ১,৫০০ মেগাওয়াট জলবিদ্যুতের সম্ভাবনা রয়েছে। কংসাবতী, ময়ূরাক্ষী এবং ম্যাসেঞ্জোরের কথা আছে। কংসাবতীতে এক্সপ্লোর করার সুযোগ রয়েছে বলে আমার মনে হয়। আমি সেই কথা সুস্পষ্টভাবে মুখ্যমন্ত্রী তথা সবার কাছে নিবেদন করতে চাইছি, জলবিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে কোনও মাস্টার প্লান এখনও পর্যন্ত হয়নি। আপনারা হয়ত বলবেন কেন্দ্রের কাছে গেছে কিন্তু কেন্দ্র কটা খতিয়ে দেখবেন, কিভাবে হবে, ষষ্ঠ পরিকল্পনায় কটা হাইড্রেল প্রোজেক্টে হাত দিতে পারবেন, সপ্তম পরিকল্পনায় কি করতে পারবেন—এইসব কিছুই নেই। কারণ, পাওয়ার বিভাগের বড় কর্তা বলেছেন আমাদের প্রেজেন্ট জেনারেশন দেখলেই চলবে, ফিউচার না দেখলেও চলবে। উৎপাদনের ক্ষেত্রে অ্যাটোমিক পাওয়ার প্ল্যান্টের অসুবিধা রয়েছে—এটা আমরা জানি। কস্ট বেনিফিট অ্যাটোমিক পায়ার প্ল্যান্ট থেকে পাওয়া যাবে না। গৌরী সেনের টাকা আছে সুতরাং অ্যাটোমিক পাওয়ার প্ল্যান্ট করা হোক—একথা আমি বলব না। কিন্তু ছোট ছোট ইউনিট যেমন, বায়ু শক্তি চালিত বিদ্যুতের সুযোগ পশ্চিমবাংলায় রয়েছে। চীন দেশে এই ধরনের দূর দূর গ্রামে বায়ু শক্তি চালিত বিদ্যুৎ কেন্দ্র তারা করেছেন। আমাদের সুন্দরবনে দুর-দূরান্তে এই ধরনের বায়ু শক্তি চালিত বিদ্যুৎ ইউনিট স্থাপন করা সম্ভব। যারা চীন দেশে গেছেন তারা হয়ত দেখে আসতে পারেন যে এই রকম ইউনিট দূর গ্রাম-গ্রামান্তরে করা সম্ভব। এতে করে কি সুবিধা হতে পারে? এই রকম স্মলার ইউনিট হলে চোট ছোট কুটির শিল্প হতে পারে। গ্রামে-গ্রামান্তরে বাড়িতে বাড়িতে বিদ্যুৎ দেওয়া সম্ভব হতে পারে। চীন দেশে বায়ু কেন্দ্রগুলি করার জন্য কৃষি ক্ষেত্রে পাওয়ার জেনারেশন দিতে সম্ভবপর হয়েছে। সব চেয়ে বড় কথা হচ্ছে, দুর-দূরান্তে অল্প বিদ্যুতের জন্য যে কস্ট পড়ে ওভারহেড ডিস্ট্রিবিউশন লাইন করার জন্য সেটাকে অ্যাভয়েড করা যাবে। এই ধরনের স্কীম সুন্দরবন অঞ্চলে দূর-দূরান্তে করা সম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাইছি, মুখ্যমন্ত্রীর বিদ্যুৎ বিভাগ যদি বর্তমানের চাইতে ভবিষ্যতে প্রপার অ্যাপ্রোচ থাকত তাহলে এইরকম গ্যাস টারবাইন করে একটা স্টান্ট পশ্চিমবাংলায় দিতেন না। আমি এটা বলছি, টু দি গ্রেটেস্ট

নুইসেন্স গ্যাস টারবাইন। এতে যে টাকা বরাদ্দ করা হয়েছে, আমি বলব না সেই টাকা জলে গেছে কিন্তু এটাকে অ্যাভয়েড করা যেত। পূর্বতন এস. ই. বি.-র চেয়ারম্যান বললেন, উত্তর বাংলায় উন্নয়নের ক্ষেত্রে নতুন সুযোগ আসছে সেইজন্য ২০ মেগাওয়াট গ্যাস টারবাইন বসিয়ে দিলেন কিন্তু ছোট হাইডেল প্রোজেক্ট দিয়ে উত্তরবাংলায় হাইডেল প্রোজেক্টকে আরও ভায়াবেল করা যেত। আমি বলছি, এই যে গ্যাস টারবাইন বসানো হয়েছিল যাদের সাহায্যে সেই জন ব্রাউন ইঞ্জিনিয়ারিং লিমিটেড—তারা বলেছিলেন এই টারবাইন চালাতে গেলে যে ফুয়েলের দরকার সেই ফুয়েল হচ্ছে হাই স্পিড ডিজেল এবং অ্যাভিয়েশন ফুয়েল। এইসব ফুয়েল ছাড়া টারবাইন চলবে না। এইগুলি চালাতে গেলে বিদেশির মুখাপেক্ষী হয়ে থাকতে হতে পারে। আমাদের অল্প কয়েকদিন সময় দিন আমরা ফ্লেক্সিবল করে দিতে পারি যাতে সব রকমের ওয়েল মানে যে কোনও ডিজেল দিয়ে টারবাইন চলতে পারে। কিন্তু আপনারা ভবিষ্যতের কথা না ভেবে এখনই বসিয়ে দিলেন। ঐ কোম্পানি রাজি ছিল, তারা সময় চেয়েছিল কিন্তু আপনারা সেই সময় দিলেন না। ফ্লেক্সিবিলের সুযোগ না দিয়ে ঐ প্রচুর দামের হাই স্পিড ডিজেল, ঐ অ্যাভিয়েশন ফুয়েল দিয়ে করা হল। সি. ই. এস. সি. বলছে এমারজেন্সি মিট করার জন্য ৩৯৫ মেগাওয়াট জেনারেশন বসানো হচ্ছে কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতায় দেখছি তিনি বলছেন ৫৯৫ মেগাওয়াটের ক্যাপটিভ জেনারেশন সেন্টারের লাইসেন্স দেওয়া আছে।

[3-10 — 3-50 p.m.](Including adjournment)

এই যে ডিজেল চালিত ক্যাপটিভ জেনারেটিং সেট তাদের পার ইউনিট কস্ট কি হচ্ছে? পার ইউনিট কস্ট এক টাকার বেশি নয়, কিন্তু গ্যাস টারবাইন যে আছে তাতে পার ইউনিট কস্ট এক টাকার বেশি পড়ছে, অন্তত এক টাকা দশ পয়সা পড়ে যাচ্ছে। যদি আপনি গ্যাস টারবাইন না করে ইন্ডাস্ট্রিগুলোকে বলতেন যে তাদেরকে বাধ্যতামূলক ভাবে জেনারেটর চালাতে হবে তাহলে লোডশেডিং হত না, গৃহস্থ এবং ছোট ছোট দোকানগুলি লোডশেডিংয়ের হাত থেকে অব্যাহতি পেত। ইন্ডাস্ট্রি সাফার করত না, প্রয়োজন হলে আপনি তাদেরকে সাবসিডি দিতে পারতেন। হাইস্পিড ডিজেল আপনাদের অঢেল আছে—সেটাকে কিছুটা পরিমাণে নিয়ন্ত্রণ করা যেত—যদি তাদেরকে সাবডিসি দেওয়া যেত এবং যদি কস্ট বেনিফিট ক্যালকুলেট করা হত। আমি প্রতিটি ক্ষেত্রে দেখেছি কস্ট বেনিফিট ক্যালকুলেশন পাওয়ার ডিপার্টমেন্টে করছে না। যদি কস্ট বেনিফিট ক্যালকুলেশনে আসত তাহলে এই ধরনের ক্যাপিটাল ইন্টেনসিভ, রেকারিং এক্সপেন্সেস, বড় বেশি, কাজেই এই ধরনের টারবাইন না করে তাদের লংটার্ম পারস্পেক্টিভ ভাবে, এটা করা হত তাহলে প্রত্যেকটি প্ল্যান্ট ৩/৪ বছর লাগতে পারে, ইনস্টলেশনের জন্য বার বার তারিখ পাল্টাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেছেন টিটাগড় নির্দিষ্ট সময়ের মধ্যে হচ্ছে, আমরা দেখছি বার বার তারিখ পাল্টাচ্ছে। জানি না, ১৯৮২/৮৩ সালের মধ্যে হবে কিনা? টিটাগড় সি. ই. এস. সি.-তে পাওয়ারের কাজ যত দেরি হচ্ছে, ইনস্টলেশনের কাজে যত দেরি হচ্ছে তত খরচা বাড়ছে। টিটাগড়ের খরচার হিসেব আমার কাছে আছে। যেখানে তারা বলেছিলেন ১৯৭৯-৮০ সালে তাদের খরচা যেখানে বলা হয়েছিল ১১৯ কোটি টাকা আজকে আমি জিজ্ঞাসা করতে চাই ১৮০ কোটি টাকার কমে টিটাগড়ের সি. ই. এস. সি.-র কাজ কি করে শেষ হতে পারে? গৌরী সেনের

টাকা লেগে যাচ্ছে। প্রপার প্ল্যানিং যদি থাকত তাহলে মুলজোর—এটার পুরা দায়িত্ব বর্তমান সরকারের নয়, আগেকার সরকারের। মুলাজোর সাউদার্ণ, ওখানে যে সমস্ত বয়লার জ্বলে না তাদের কস্ট আরও বেশি, সেগুলির জন্য ভাল বয়লার দরকার আছে। সাউদার্নে ফুয়েল কস্ট আরও বেশি, ইকনমিক রিপোর্টের মধ্যে আছে, এগুলি অ্যাভয়েড করার সুযোগ নেই। আমি একটা কথা বলতে চাই—ব্যাড মেন্টেনেন্স দিয়ে কখন কোনও প্ল্যান্ট বয়লার তৈরি হতে পারে না। আজকে আমরা দেখছি সমস্ত বয়লারের ওভার হ্যান্ডলিং ঠিকমতো হচ্ছে না। অনেক জায়গায় বয়লার ঠিকমতো পরীক্ষা না করে থার্ড ইউনিটের বয়লার বসানো হয়েছিল, কিন্তু ব্যাড মেনটেনেন্স কিভাবে হচ্ছে? কয়লার দোষ নিশ্চয় আছে, কিন্তু সবটাইতো কয়লার দোষ নয়, কারণ এটা বড় আকারে প্ল্যান্ট বসানো হয়েছিল, বয়লারগুলো বসানো হয়েছিল সেই বয়লার বসানোর সময় সেগুলি নিকৃষ্ট মানের বয়লার ছিল, সেই বয়লার চলে না, সেভাবে প্ল্যান্টগুলির প্ল্যানিং হয়েছিল—আজকে যদি কোনও ইঞ্জিনিয়ার বলেন অ্যাস কনটেন্ট বাড়ছে মোয়েশ্চার বাড়ছে অ্যাজ ইফ আমাদের কয়লার অ্যাস থাকত, কয়লার ডায়ামটার বেড়েছে গেছে। মেশিন নষ্ট হয়ে গেছে। ডি. ভি. সি.-র এস. ই. বি.-র একই অবস্থা আমার দেখছি যে আনবার্নট কয়লা অ্যাসের সঙ্গে চলে যাচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি সেগুলি বাজারে আসে, অ্যাসের সঙ্গে আনবার্ন্ট ভাল কয়লা দেওয়া হচ্ছে, সেগুলি বাজারে আসছে।

নতুন যে বয়লারগুলি হয়েছে সেগুলিতে কয়লার কাজ করতে পারত। কিন্তু তা হচ্ছে না। আগে সি. ই. এস. সি. প্রতিটি সিফটে কয়লার হিসেব মেনটেন করত যা এখন হচ্ছে না। এর ফলে এস. ই. বি. এবং সি. ই. এস. সি. আনবার্ন্ড কয়লা ফেলে দেওয়া হচ্ছে এবং বাজারে সেগুলি চলে যাচ্ছে। এইভাবে একটা দুর্নীতির চক্র প্রতিটি পাওয়ার প্ল্যান্টে গড়ে উঠেছে। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ব্যাপার তার ব্যর্থতার কথা। কিন্তু তার ব্যর্থ কতটা সেটা যেন তিনি স্বীকার করুন। কিন্তু গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে তার ব্যর্থতা ভীষণভাবে আমরা দেখছি। এর কারণ হচ্ছে ৮৫ ভাগ কন্ট্রাক্টার করছে আর ১৫ ভাগ বোর্ড করছে। তিনি বলছেন এই পর্যন্ত মাত্র গ্রামের ৩৮,৫০০ গ্রামের মধ্যে ১১৫৪০টি গ্রামে বৈদ্যুতিকরণ সম্ভব হয়েছে। অর্থাৎ লক্ষ্যমাত্র পূরণ হয়নি। ১৯৭৮-৭৯ সালে ২৫.৭, ১৯৭৯-৮০ সালে ৩৫.১ পারসেন্ট হয়েছে এবং রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন ফর এগ্রিকালচার যদি দেখি তাহলে দেখব পশ্চিমবাংলায় ২.৩৭ ভাগ বড়জোর তিন ভাগ এগ্রিকালচারের উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছে। গ্রামীণ বৈদ্যুতিকরণের আরেকটা সমস্যা হচ্ছে কোল। তার চুরি হচ্ছে এটা আমরা জানি কিন্তু কোলগুলি পরীক্ষা করা হয়নি বলে তা যেভাবে ব্যবহার করা হচ্ছে তাতে গ্রামীণ বৈদ্যুতিকরণ হতে পারে না। এস. ই. বি. পরিচালন ক্ষেত্রে ব্যবসা ভিত্তিক নয়। ট্যারিফ রেট সম্বন্ধে কাকে কোনও সময় কনসেশন দেওয়া হল তা জানা যাবে না। হঠাৎ বিড়লাকে কেন দেওয়া হল তা বুঝতে পারলাম না। এইভাবে দেখা যাচ্ছে এই সংস্থা ব্যবসায়িক ভিত্তিতে জিনিসটাকে দেখছে না। কাজেই যতই পাওয়ার প্ল্যান্ট করুন না কেন মডার্ন এফিসিয়েন্ট পাওয়ার প্লান্ট করুন না কেন এফিসিয়েন্ট টেকনিক্যাল স্টাফ দিয়ে রক্ষণাবেক্ষণ না করতে পারলে কিছু হবে না। রজনীবাবুর একটা মুলতুবি প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে বলেছিলাম নিউ কাশীপুর প্ল্যান্ট যেটা একটা বিদেশি মালিকানায় করা হয়েছিল তারা নির্দিষ্ট সময়ের অনেক বেশি দিন আগে নিউ জেনারেশন কমপ্লিট করেছিল

একটা স্পিরিট নিয়ে। সুতরাং এফিসিয়েন্ট মডার্ন মেশিন বসালেই সমস্যার সমাধান হবে না যদি না প্রপারলি মেনটেন করা যায়। মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্যে এগুলি দেখছি না বলে আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

(At this stage the House was adjourned till 3.50 p.m.)

(After adjournment)

[3-50 — 4-00 p.m.]

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মিঃ স্পিকার স্যার, সন্দীপবাবু কয়েকটি ঠিক কথা বলেছেন। প্রথম কথা যেটা তিনি বলেছেন তা হল একটা সময় ছিল ইস্ট জোন বিদ্যুতের দিক থেকে এগিয়ে ছিল। এখন সে অনেকখানি পিছিয়ে গেছে। কংগ্রেস দল ৩০/৩২ বছর ধরে পূর্বাঞ্চলে রাজত্ব করে গেছেন। তাদের দায়িত্বজ্ঞানহীনতা এবং দুরদর্শিতার অভাবে যেটা ছিল সেটাও রক্ষা করতে পারেননি এবং চাহিদা অনুযায়ী নতুন নতুন বিদ্যুৎ প্রকল্প করতে পারেননি। ডাক্তার রায় যখন মুখ্যমন্ত্রী হিসাবে ক্ষমতায় ছিলেন তখন তিনি কিছু কিছু করে গেছেন এবং ভেবেছেন। এরপর থেকে যারা মুখ্যমন্ত্রী হয়েছেন, তারা ভেবেছেন এই ৫ বছর আমার আয়ুর মধ্যে আমার এবং আমার পরিবার এবং বন্ধু-বান্ধবদের কিছু পাইয়ে দাও। গত ৩/৪ বছর ধরে এই কথাটা বিরোধী দলকে বোঝাবার চেষ্টা করছি যে এই যে অবস্থা সৃষ্টি হয়েছে এর জন্য বামফ্রন্ট সরকার দায়ী নয়। এই অবস্থার জন্য কংগ্রেস অপদার্থতাই কারণ। দ্বিতীয় কথা তিনি বলেছেন গ্যাস টারবাইন সম্পর্কে, এ সম্পর্কে আমার বিশেষ জানা নাই। তিনি একটি কথা বলেছেন পশ্চিমবাংলার সরকার বিদ্যুতের ব্যাপারে খুব সচেতন নয়। বিরোধী দল প্রথমে ভেবেছিলেন যে বিদ্যুৎ নিয়ে তারা বাজিমাৎ করবেন। এবং তারা জনসাধারণকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে এমনভাবে উত্তেজিত করবেন যাতে বিদ্যুৎ নিয়ে আন্দোলন সৃষ্টি করে তারা ফিরে আসতে পারে। এই বলে তারা নিজেরা হাতে হারিকেন নিয়েছিলেন কিন্তু তাদের সেই আশা পূরণ হয়নি। কারণ জনসাধারণ বুঝেছেন বিদ্যুৎ সংকটের জন্য কংগ্রেস সরকার দায়ী। সেইজন্য এখন অন্য কিছু না পেয়ে শিক্ষা ব্যবস্থাকে ধরেছেন। পশ্চিমবাংলা এমন একটা জায়গা যেটা বৃটিশ বিরোধী আন্দোলনের একটা প্রধান জায়গা। এখানে প্রথম শহিদ হয়েছিল। স্বাধীনতার ৩২/৩৩ বছর পরেও প্রাথমিক স্তর পর্যন্ত ইংরাজি চলছে যা অন্যান্য প্রদেশে নেই। এখানে শিক্ষাবিদদের নিয়ে একটা সিলেবাস কমিটি হয়েছিল তাদের সুপারিশ গ্রহণ করে কি খুব অন্যায় করেছি? এটা নিয়ে তারা বাজিমাৎ করবার চেষ্টা করছেন। কিন্তু বিদ্যুতের ব্যাপারে তারা কিছু করতে পারছে না বলে দুঃখিত।

ওদের দুঃখ হওয়ার কারণ যদি আমরা খুঁজতে যাই তাহলে দেখব যে, ১৯৭৬-৭৭ সালের তুলনায় ১৯৭৯-৮০ সালে বিদ্যুৎ উৎপাদন বা তাপবিদ্যুৎ উৎপাদনের বৃদ্ধির হার ছিল ২৫ শতাংশ। এবং গত ৩ বছরে গড় বৃদ্ধির হার হচ্ছে ১৯ শতাংশ। ওদের চিন্তা হচ্ছে, এটা বাড়ল কেন? ওরা আরও হতাশ হয়ে পড়েছেন, কারণ ব্যান্ডেলের মতো একটা বৃহৎ কেন্দ্রে ওরা চেষ্টা করেছিলেন প্রায় প্রতি মাসে একটা করে ধর্মঘট করতে এবং স্যাবোটেজ করে উৎপাদনকে বন্ধ করবার প্রচেষ্টা ওরা নিয়েছিলেন, কিন্তু ওরা তা করতে সমর্থ হননি। হয়ত এই স্যাবোটেজের পেছনে অন্য কারুর হাত ছিল। ওরা ভেবেছিলেন, এই কেন্দ্রটিকে

বন্ধ করে দিতে পারলে ৩/৪ মাস বা আরও বেশি দিন রাজ্যের বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ব্যাঘাত সৃষ্টি করতে সমর্থ হতে পারবেন। এখানে আশার কথা হচ্ছে ওরা তা পারেননি, এবং তা না করতে পেরে ওরা আরও হতাশ হয়ে পড়েছেন। ব্যান্ডেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র যে দেশের মধ্যে একটা অন্যতম বৃহৎ প্রকল্প এবং বিদ্যুৎ উৎপাদনের হার যে এখানে অন্যান্য স্থানের চাইতে অনেক বেশি তা জ্যোতিবাবু তার বিবৃতিতে বলেছেন। সুতরাং সেটি পড়ে দেখলে তা সহজেই বুঝতে পারা যাবে। সুধু তাই নয়, কংগ্রেস বা বিরোধীদের দুঃখের আরও কারণ হল—সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির গত অক্টবর মাসের হিসাব হচ্ছে ১৯৭৮ সালে এই পশ্চিমবঙ্গে বিদ্যুতের অ্যাভেলেবিলিটি ছিল ৭৮ শতাংশ। গত ১৯৭৬-৭৭ সালে বিদ্যুতের উৎপাদন ছিল ২,১৯৮ মিলিয়ন ইউনিট, ১৯৭৭-৭৮ সালে ছিল ২,২৭৬ মিলিয়ন ইউনিট, ১৯৭৮-৭৯ সালে ছিল ২,২১৪ মিলিয়ন ইউনিট। অর্থাৎ এই হিসাব থেকে দেখা যাচ্ছে বিদ্যুতের উৎপাদন প্রতি বছরই বেড়ে চলেছে। পরের হিসাবগুলো আমার কাছে না থাকার জন্য দিতে পারলাম না। ওরা এইভাবে বিদ্যুতের উৎপাদন বেড়ে যাওয়ার জন্য আর হৈ-হল্লা করতে পারছেন না—এটি নিয়ে হৈ-চৈ ওদের একেবারে বন্ধ হয়ে গিয়েছে। কংগ্রেস দল ভাবতে পারছে না যে কি করে এত স্বল্প সময়ের মধ্যে ৫টি গ্যাস টারবাইন বসানো সম্ভব হল—তারা জনগণকে এ ব্যাপারে ভুল বোঝাতে বা লাইট আপ করতে পারছেন না। শীঘ্রই ব্যান্ডেলের আরও কিছু ইউনিট বসানো সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে। আরও কয়েকটি, যেমন কোলাঘাটে, টিটাগড়ে, ফারাক্কাতে, জলঢাকাতে এবং ডি. পি. এল. এই সব জায়গাতে একটি করে ইউনিট শীঘ্রই চালু করার জন্য কাজ হচ্ছে। আমি কংগ্রেসিদের জিজ্ঞাসা করতে চাই যে, তারা কি এমন ভাবে পশ্চিমবঙ্গে বিদ্যুতের প্রসারকল্পে কিছু করতে পারতেন বা এমনি ভাবে কোনও কালে ভাবতে তারা চেয়েছেন? শুধু তাই নয়, আমরা এটিও চিন্তা করেছি যে, আগামী দিনগুলিতে বিদ্যুতের চাহিদা আনুপাতিক হিসাবের চাইতেও বেশি হবে এবং এই চিন্তা করেই সমস্ত পরিকল্পনাগুলির কাজ সেভাবেই হাতে নেওয়ার চেষ্টা চলছে। কোলাঘাটে ২১০ মেগাওয়াটের জন্য কাজে হাত দেওয়া হয়েছে। সাঁওতালদিতে চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ ইউনিট স্থাপনের কাজ করবার প্রচেষ্টা হচ্ছে। উত্তরবঙ্গে ৬০ মেগাওয়াটের ৪টি ইউনিট এবং ২১০ মেগাওয়াটের আরও কয়েকটি ইউনিট এবং ষষ্ঠ পরিকল্পনায় কয়েকটি গ্যাস টারবাইন বসানো সম্ভব হবে। এছাড়া, পুরুলিয়াতে জলবিদ্যুৎ কেন্দ্র তৈরি করে বিদ্যুৎ উৎপাদনের জন্য কাজ হাতে নেওয়া হবে—এইভাবে কমার্শিয়াল প্রডাকশনকে আর সিংক্রোনাইজ করা সম্ভব হবে।

[4-00 — 4-10 p.m.]

জল বিদ্যুত সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে সংগঠন আছে তাদের তত্ত্বের উপর ভিত্তি করে আমাদের ঠিক করতে হবে যেটা আমরা জলঢাকাতে করেছি। জলঢাকায় তাদের উপর ভিত্তি করেই করা হয়েছে। এখন দেখা যাচ্ছে ঐ জলঢাকাতে যে জল আসছে সেই নেপাল থেকে এবং সেখানে দুটি নদী থেকে জল আসে। তার মধ্যে একটি নদীতে প্রাকৃতিক বিপর্যয়ের জন্য হক আর যে কোনও কারণে হোক এমন বালি আসছে যে সেখানে উৎপাদন খুব কম হচ্ছে। সেখানে আবার নূতন করে ভাবতে হচ্ছে যে এই বালিটাকে কি করে ফিল্টার করা যায়। এই অবস্থার কথা সন্দীপবাবু জানেন এবং যারা একটু খবর রাখেন তারাও

জানেন। কিন্তু তারা স্বীকার করবেন না এবং সেখানে দ্বিতীয় ইউনিট করা হচ্ছে দ্বিতীয় স্থানে আবার একটা করা হচ্ছে। এই যে করা হচ্ছে এবং তার জন্য বর্তমানে যে কাজ হচ্ছে সেটা আগামী দিনে বিদ্যুতের যে চাহিদা বাড়বে এই দিকে দৃষ্টি রেখেই আরও কিছু পরিকল্পনার কথা ভাবা হয়েছে। কেন্দ্রের কাছে বিবেচনার জন্য দেওয়া হয়েছে। কংগ্রেসি বন্ধুরা পশ্চিমবাংলার জন্য যদি কিছু করতে চান তাহলে সেখানে একটু পরিশ্রম করা দরকার। কারণ এই কেন্দ্রীয় সরকার এরা আমাদের বিভিন্নভাবে ভাতে মারার চেষ্টা করছে, রেশন যাতে ফেল করে ফুড ফর ওয়ার্কের কাজ না হয়, বিদ্যুতের দিক থেকে যাতে আমরা অসুবিধায় পড়ি, এইসব নানাভাবে তারা চেষ্টা করছে। কারণ তারা চেষ্টা করছে কিভাবে তারা পশ্চিমবাংলায় ক্ষমতায় আসে। এবং সেটার জন্য এত মাথা ব্যাথা যে পশ্চিমবঙ্গবাসী তাতে যদি ক্ষতি হয় সেই ক্ষতি তাদের কাছে বড় কথা নয়। সেইজন্য তারা এই সব করছে। এবং এ সত্ত্বেও আমরা মনে করি যে আমরা যেভাবে অগ্রগতি করছি তা আজ কারও অজানা নাই। আমরা চাই এবং আশা করি যেভাবে হবে ঠিক সেইভাবে হচ্ছে না। এবং সেইভাবে যে হচ্ছে না তার কারণ কি? না হবার কারণ অনেকগুলি। আপনি জানেন এই সভায় অলোচনাও হয়েছে যে এর আগে যে সরকার ছিলেন তারা সব এমন লোকদের ওখানে ঢুকিয়েছেন ১২ হাজার লোক তারা গুন্ডাই হক আর অসামাজিক লোকই হোক তাদের যদি একটু ট্রেনিং দিতেন টেকনিক্যাল কাজে তাহলে অনেক ভাল কাজ করতেন। কিন্তু তাদের সেই ট্রেনিং দেওয়া হয়নি। তাদের বুঝিয়ে দিয়েছে বলে দিয়েছে যে তোমরা যেখানে যাচ্ছ তোমরা মস্তান হিসাবে থাকবে আর মাসে মাসে মাইনে পাবে। সুতরাং সেই ১২ হাজারকে এখন আমাদের সামলাতে হচ্ছে। এবং অনেকে আছেন যাদের সার্টিফিকেট দিয়েছেন জাল, স্কুল ফাইনাল পাশ করেনি স্কুল ফাইনালের সার্টিফিকেট দিয়েছেন আবার অনেক লোক আছেন যাদের নামে ৪/৫টা খুনের মামলা এখনও আছে। এই সব লোক ১২ হাজারের মধ্যে আছে, তারা এখানে ঢুকেছে। চাকুরি পেয়েছে আমাদের তাতে কোনও আপত্তি নেই। আমরা ছাঁটাই করতে চাই না। শুধুমাত্র তারা যাতে কাজ করে এই পরামর্শ যদি দেন তাহলে অনেক উপকার করা হবে। কাজেই এই সমস্যা হবে। এ ছাড়া যারা ইঞ্জিনিয়ার আছে ১৯৭৪ সালে তারা একটা আন্দোলন করেছিল এবং আন্দোলন করে তারা এমন কতকগুলি দাবি শুধু তাদের জন্য তাদের সুবিধার জন্য আদায় করে নিল যাতে তাতে মাহিনা বেড়ে গেল। আর একটা দাবি আদায় করে নিল যে বিদ্যুত পরিষদে ঐ চেয়ারম্যানই বলুন আর সেক্রেটারিই বলুন ইঞ্জিনিয়ার ছাড়া কেউ হতে পারবে না। সেখানে যদি সেরকম যোগ্য ব্যক্তি নাও পাওয়া যায় তাহলেও ঐ ইঞ্জিনিয়ার ছাড়া হবে না। এবং এই দাবি আদায় করার পর ওখানকার ইঞ্জিনিয়ারদের সঙ্গে শ্রমিক কর্মচারিদের মধ্যে একটা বিরোধের সৃষ্টি হল। ১৯৭৪ সালে তাদের মাহিনার সুবিধা হল কিন্তু কর্মচারিদের কোনও সুবিধা হল না। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর আমাদের করতে হল ঐ শ্রমিক কর্মচারিদের জন্য পে-কমিশন বসাতে হল এবং পে-কমিশন বসিয়ে তাতের সর্বনিম্ন মজুর আড়াই শো টাকার কম নয় বোধ হয় এবং এর থেকে ৩০০/৪০০ টাকা পর্যন্ত বেড়েছে। এই ইঞ্জিনিয়াররা যারা হয়ত অনেকে যোগ্যতার পরিচয় দিয়েছে, দুরদর্শিতার পরিচয় দিয়েছেন, অনেকে থাকতে পারেন, কিন্তু তারা যে কাজ পরিষদে করেছে এবং যে যোগ্যতা ঐ বোর্ডে বলুন আর পরিষদে বলুন তাদের থাকা দরকার সেটা প্রমাণিত হয়েছে যে তাদের সেই যোগ্যতা নাই।

উদাহরণ হিসাবে বলতে পারি সাঁওতালদির কথা। তারা নিশ্চয়ই এই প্ল্যান্টগুলি চালাচ্ছেন, কিছু কাজ করছেন, অনেক জিনিসের এক্সপেরিমেন্ট চলছে, কিন্তু এর জন্ম থেকে ব্যাধির সৃষ্টি হয়েছে। এটা জেনে শুনে করা হয়েছে। আমি মনে করি এটা করা দরকার। বিদেশের উপর নির্ভর না করে দেশের জিনিসের উপর নির্ভর করে উৎপাদনের দিকে যাওয়ার যে প্রচেষ্টা কংগ্রেস থেকে করা হয়েছিল এটাকে সমর্থন করি। কিন্তু সেই ব্যাধিটা তখন থেকে শুরু হয়েছিল, সেই ব্যাধিটা এখনও চলছে, পুরাপুরি সারাতে পারিনি। এর একটা ব্যাধি হচ্ছে টেকনিক্যাল ব্যাধি, আর একটা ব্যাধি হচ্ছে মানুষের ব্যাধি। ওখানকার শ্রমিক কর্মচারী ইঞ্জিনিয়ারদের মাথায় ঢোকানো হয়েছে যে কাজ না করে পয়সা পাওয়া যায়, ওভারটাইম পাওয়া যায়। ওখানে ড্রাইভার যারা ড্রাইভ করে ২৪ ঘন্টা তার হাতে গাড়ি থাকবে, তিনি যখন ঘুমোন তখনও তার ওভারটাইম চলবে। এটা বন্ধ করা উচিত ছিল, কিন্তু বন্ধ করতে পারেননি। ঐভাবে অ্যাডমিনিস্ট্রেশন চালাচ্ছেন, সেজন্য তারা নিশ্চয়ই সমালোচনার যোগ্য। এছাড়া ইঞ্জিনিয়াররা কিভাবে বিদ্যুত পর্ষদে চলেন তার একটা উদাহরণ আমি দিতে পারি। বোর্ড ঠিক করলেন যেখানে ইঞ্জিনিয়ার বা অফিসাররা কাজ করবেন সেখানে যিনি পরিচালনা করবেন তিনি বললেন সকলকে হারিজা দিতে হবে সেটা ইঞ্জিনিয়ারদের পছন্দ হল না, সেই অফিসাররা, ইঞ্জিনিয়াররা সেই সিদ্ধান্তকে বাঞ্চাল করে দিলেন, মানলেন না। তার বিরুদ্ধে বোর্ড কিছু করেনি। কিছু করেছেন বলে আমি জানি না। এছাড়া ইঞ্জিনিয়ার যারা আছেন তাদের মধ্যে কতিপয় ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার অবহেলার জন্য ১৯৭৯ সালের ১৬ই মে ব্যান্ডেলের ৪টি ইউনিট ১৬ ঘন্টার মধ্যে ২ বার বন্ধ হয়ে গেল। কি কারণে বন্ধ হল, তারজন্য কোনও অবহেলা আছে কিনা, ত্রুটি আছে কিনা, বা এর থেকে কিছু শিক্ষার দরকার আছে কিনা ইত্যাদি ব্যাপারে কোনও অনুসন্ধান করা হল না, আমি উল্টে দেখলাম এই ঘটনাকে কি করে চাপা দেওয়া যায় তার চেষ্টা করলেন, তারা অন্য কিছু করলেন না। এই যে কিছুদিন আগে ইঞ্জিনিয়ারা ওয়ার্ক টু রুল করলেন, কংগ্রেসি নেতারা বিবৃতি দিলে তাকে সমর্থন করলেন। নানাভাবে উসকানি দিলেন, শোনা যায় গনিখানের তাতে আর্শীবাদ ছিল, তারা ২৫ দিন কাজ করলেন না। বোর্ডের সিদ্ধান্ত হল কেউ যদি কাজ না করে তাহলে পয়সা পাবে না, কিন্তু ঐ যে ২৫ দিন কাজ করলেন না তারজন্য কোনও পয়সা কাটা হয়নি। কিন্তু আবার দেখুন এরা কত তৎপর—সিটুর একটা অংশ তাদের পাওনা ছুটি নিয়ে ১৯৭৯ সালের ২১-শে নভেম্বর ওখানে যে গণডেপুটেশন দিয়েছিলেন তারজন্য তাদের মাইনে কাটা হয়েছে। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে ইঞ্জিনিয়াররা ইঞ্জিনিয়ারিং দিক থেকে যোগ্যতার পরিচয় দিলেও অ্যাডমিনিস্ট্রেশন পরিচালনার ব্যাপারে যোগ্যতার পরিচয় দেননি, টাকা অপচয় রোধ করার ক্ষেত্রে যোগ্যতার পরিচয় দেননি। ওখানে যে ক্যাশিয়ার্স অ্যাশোসিয়েশন আছে তার সদস্য ২-শোর বেশি নয়, তারা গতবার ১৩ই অক্টোবর অনারেরিয়াম দাবি করলেন এবং পর্ষদের যিনি সেক্রেটারি তিনি অত্যন্ত দ্রুততার সাথে ১৫ তারিখে ঘোষণা করলেন যে সকলকে ৩৫০ টাকা অনারেরিয়াম দেওয়া হবে। কিন্তু এই অনারেরিয়াম কাদের দেওয়া হবে, কাদের দেওয়া হবে না তার সম্বন্ধে নির্দিষ্ট বক্তব্য বোর্ডের আছে। কিন্তু তিনি এইসব তোয়াক্কা করলেন না।

[4-10 — 4-20 p.m.]

তা করে দিয়ে যাতে কর্মচারিদের মধ্যে বিরোধ বাড়ে, পরস্পরে বিক্ষোভ হয়, তার ক্ষেত্র করে দিলেন এবং এইভাবেই তারা করেছিলেন এবং বামফ্রন্ট সরকারকে বললেন ব্রিটিশ আমল থেকে কলকাতায় ইলেক্ট্রিক সাপ্লাই উদ্যোগ সৃষ্টি করে দিয়ে থাকে, আজকে কেন করা যাচ্ছে না এর উত্তরে বলা যায় যে আজকে করার জন্যই তো পে কমিশন বসিয়ে শ্রমিক কর্মচারিদের মজুরি বাড়ানো হয়েছে এবং কারুরই ২৫০ টাকার কম হয়নি এবং এই যে পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত করেছেন যে এখানকার কর্মচারিদের ডি. এ.-র হার কেন্দ্রীয় হারে হবে, তাতে ইঞ্জিনিয়ারদের কিছুটা বেড়েছে, অফিসারদেরও কিছুটা বেড়ে গিয়েছে। শুধু তাই নয় এই ইঞ্জিনিয়ার এবং অফিসারদেরও প্রমোশনের ক্ষেত্র আছে। এখন যিনি সেক্রেটারি এক সময়ে তিনি ছিলেন—অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং যিনি এখন চিফ ইঞ্জিনিয়ার তিনি এক সময়ে ছিলেন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, আজকে তিনি আস্তে আস্তে চিফ ইঞ্জিনিয়ার হয়েছেন। নিশ্চয়ই তাদের যোগ্যতা আছে। এবং এই সব দিক থেকে উৎসাহ সৃষ্টি করার দিক থেকে শ্রমিক কর্মচারিরা লাভবান হয়েছে। কি ইঞ্জিনিয়ার কি অফিসার কোনও দিক থেকেই পশ্চিমবঙ্গ সরকারের কোনও ত্রুটি আছে বলে জানা নাই। কিন্তু ঘটনা হচ্ছে যেই কাজ করতে যাবে, আপনি দেখবেন একজন আর একজনের কথা বলছেন। সুতরাং এই যে ঘটনা এই যে অ্যাডমিনিস্ট্রেশন এটাতো পশ্চিমবঙ্গ সরকার করেন না, এটা করে বোর্ড এবং বোর্ড যেভাবে চালিয়ে যাচ্ছে তাতে তারা কিন্তু সমালোচনার উর্ধ্বে নয়, সেদিকটা ভাবা দরকার। এর পরে বলা যায় ট্রান্সমিশনের কথা এবং ডিস্ট্রিবিউশনের কথা। বিদ্যুৎ যেটা উৎপন্ন হবে সেটা বন্টন করতে হবে। সন্দীপবাবু ঠিকই বলেছেন কংগ্রেস আমলে তারা এমন ব্যবস্থা করেছেন যে লোহার তার দিয়েছেন কোথাও কোথাও গ্যালভেনাইজড, এমন অবস্থা আনচেইন্ড পোস্ট যেটা নষ্ট হয়ে যাচ্ছে, ফলে বিদ্যুৎ যেমন উৎপাদন করেন না তেমনি দেখেশুনে যে এই সমস্ত লাইন পরিবর্তন করবেন, সেটাও করা হয় না। কিন্তু এই তিন বছরে সেটা কিন্তু হওয়া উচিৎ ছিল, তা কিন্তু হয়নি। ফলে এমন একটা অবস্থা এমন একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে যে বড় ঝড় হলে পর, অনেক জায়গায় বিদ্যুৎ বিপর্যয়ের সৃষ্টি হয়, কংগ্রেসিরা যা করে গেছিলেন তার ফলে কয়েক ঘন্টা তার জন্য বিদ্যুৎ পাওয়া যায় না, লোকে ভাবে বুঝি লোডশেডিং, কিন্তু সেটা মোটেই লোড শেডিং নয়, আসলে সেটা যান্ত্রিক গোলযোগ। এ ছাড়া আছে ভোল্টেজের ব্যাপার, এমন অবস্থা যে ১০০ পাওয়ারের বাল্ব লাগালেও পড়া যায় না, এর কারণ হচ্ছে সময়মতো ট্রান্সফরমার পরিবর্তন না করা। এই সব ব্যাপারে উচিত ছিল পুরানো ট্রান্সফরমার পরিবর্তন করে নতুন নতুন ট্রান্সফরমার বসানো, কিন্তু তা করা হয়নি, আগে যে অফিসাররা ছিলেন করেননি, করা উচিত ছিল, বর্তমানে বোর্ড পরিচালনা করছে, তারাও করছেন না ফলে এই গাফিলতিতে উৎপাদিত বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে নানা অসুবিধার সৃষ্টি হয়েছে নানা দিক থেকে। এ ছাড়া গ্রামাঞ্চলের মানুষ পয়সা দিয়ে কানেকশন নেবে কিন্তু তারা ৬ মাস এমন কি কোনও কোনও ক্ষেত্রে দু বছর পর্যন্ত সেই কানেকশন পাচ্ছে না। কর্তৃপক্ষে কখনও বলছেন পোল নাই, কখনও বলছেন, অ্যালুমিনিয়াম কন্ডাক্টার নাই, কখনও আবার বলছেন মিটার নাই, ফলে তারা কানেকশন পায় না এবং গ্রামে যারা বিদ্যুৎ নিতে চায় নিতে পারে না, নানা অজুহাত সৃষ্টি করে তাদের তা দেওয়া হচ্ছে না, এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে

এবং এই পরিস্থিতিই চলেছে। কিছু পূর্বপেক্ষা উন্নতি হয়েছে কিন্তু সম্পূর্ণ হয়নি।

আপনারা জানেন গ্রামীণ বৈদ্যুতিকরণের নামে কংগ্রেসিরা সস্তায় নাম কিনতে চেয়েছিল। একটি গ্রামে হয়ত কোনও বিদ্যুতের ব্যবস্থা নেই, শুধুমাত্র ডিপ টিউবওয়েল বা স্যালো টিউবওয়েল হয়েছে বা ১টি বা ২টি পয়েন্ট হয়ত হয়েছে, এতেই ধরে নেওয়া হল যে গ্রামটির বৈদ্যুতিকরণ হয়ে গেল। কিন্তু আসলে সত্যিকারের বৈদ্যুতিকরণ হল কিনা সেটা দেখার দরকার নেই। তবে একথা ঠিক যে গ্রামে বৈদ্যুতিকরণ ব্যবস্থা যেভাবে হওয়া উচিত ছিল এই বোর্ড তা করতে পারছে না। আমি ব্যক্তিগত ভাবে মনে করি এই পঞ্চায়েতকে আমরা রাস্তাঘাট করা, সেচ ব্যবস্থা করা, শিক্ষার ব্যাপারটা দেখা ইত্যাদি যেসব দায়িত্ব দিয়েছি তাতে এটাই প্রমাণিত হয়েছে যে, জনগণের সাহায্য নিয়ে গ্রামের বৈদ্যুতিকরণের ব্যবস্থাটাও আমাদের দেখতে হবে। শুধুমাত্র অফিসারদের উপর নির্ভর করলে এটা হবে না এই জিনিসটা আমাদের ভেবে দেখতে হবে। আপনারা জানেন এবং কাগজেও দেখেছেন কুরি কমিশন নামে একটা কমিশন বসেছিল এবং তারা সুপারিশ করেছিলেন পরীক্ষামূলকভাবে কিছু কো-অপারেটিভ করা হক। এটা পশ্চিমবাংলাতে করার নির্দেশ তদানিন্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় দিয়েছিলেন। কিন্তু তখন সেটা করা হয়নি। আমরা যখন এটা করতে চাইলাম তখন ইঞ্জিনিয়াররা বললেন এটা করা ঠিক হবে না। হরিপাল সিঙ্গুর এই নামে একটা কো-অপারেটিভ হয়েছে। ওখানে যে কোল্ড স্টোরেজ আছে তারা হচ্ছে বাল্ক কনজিউমার এবং তারা মাসের পর মাস, বছরের পর বছর কম পয়সা দিয়ে এই স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের অবস্থা খারাপ করে দিয়েছে। এটা কো-অপারেটিভের হাতে গেলে ওই জিনিস ধরা পড়বে সেইজন্য কিছু কিছু ইঞ্জিনিয়ার এতে আপত্তি করলেন। এখানে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের অর্ধেক শেয়ার রয়েছে। তারা সহযোগিতা করছেন না, স্যাবোটেজ করছেন যাতে কো-অপারেটিভ বিদ্যুৎ না পায়। আমি আশা করি এই সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া নূতন নূতন যে সমস্ত প্রাইভেট কোম্পানি ছিল যেগুলো কংগ্রেস আমলে কংগ্রেসিরাই নিয়েছিল তারা তাদের দায়িত্ব পালন করেনি। এই সমস্ত প্রাইভেট কোম্পানিগুলো নেওয়া হয়েছিল ১০/১৫/২০ বছর আগে। কিন্তু সেখানে যে সমস্ত কর্মচারিরা রয়েছেন তাদের প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ইত্যাদির ক্ষেত্রে তাদের যে অধিকার সেদিকে তারা দৃষ্টি দেননি। আজকে বামফ্রন্ট সরকার যখন এগুলি নিয়েছেন তখন কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি এবং কনজিউমারদের যে সমস্ত টাকা পাওনা আছে সে সম্বন্ধে ব্যবস্থা করা দরকার। বিরোধীদল মনে করেছিল বিদ্যুৎ নিয়ে হৈ হুল্লোড় করে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে একটা কিছু করবেন। কিন্তু সেটা না করতে পেরে এখন তারা আইন শৃঙ্খলা এবং শিক্ষার কথা বলে বাজার গরম করবার চেষ্টা করছেন। একথা বলে আমি এই বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** স্যার, আমার একটা পার্সনাল এক্সপ্ল্যানেশন আছে। গতকাল খবরের কাগজে বিশেষ করে অমৃতবাজার পত্রিকায় "সুব্বা স্পিকস আউট" বলে একটা খবর ছাপা হয়েছে। শ্রীমতী রেণুলিনা সুব্বার এক্সপালশনের পরে যে সমস্ত ঘটনা ঘটেছে সে সম্বন্ধে যা লেখা হয়েছে সেটা আদৌ সত্য নয় এবং আমি বলব খুব বিকৃতভাবে লেখা হয়েছে। সামবিয়াং টি এস্টেট-এ যখন একজন লোক খুন হয়েছিল তখন আমি সেখানে

ছিলাম। কিন্তু এই কাগজে লিখেছে আমি নাকি একটা কোর্ট অব এনকোয়ারি বসিয়েছিলাম। একথা আদৌ সত্য নয়। তারপর লিখেছে, আমার সঙ্গে নাকি খুনিরা ছিল। আমি বলছি একথাও আদৌ সত্য নয়।

[4-20 — 4-30 p.m.]

এটা সত্য কথা নয়। তারপর উনি বলেছেন যে খুন হয়েছে তাতে আমি নাকি বলেছি ১৯৭১ সালে মালদায় এবং ২৪-পরগনায় যে খুন হয়েছিল এটা তার প্রতিশোধ। এটা সম্পূর্ণ অসত্য কথা। মানুষকে বিভ্রান্ত করার জন্য এটা ছাপা হয়েছে এই কথা আমি বলতে চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার বাইরে কে কি বলল এই হাউসের মধ্যে সেটা কি করে হতে পারে। স্যার, এ জিনিস রেকর্ড করা যেতে পারে না।

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বাইরে মিসেস সুব্বা কি বলেছেন সেটা এই হাউসে কি করে রেকর্ড হবে।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মেম্বারের বিষয়ে যদি কিছু বলা হয়—আমার পারসোনাল এক্সপ্ল্যানেশনে সেটা বলার অধিকার আছে।

**Mr. Speaker :** Mr. Doloi, I am not compelled to agree with you every time whenever rise on a point of order.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার মাননীয় বিচার দপ্তরের মন্ত্রী আইনজ্ঞ কিনা। উনি আজকে বাইরের একটা ঘটনা এই বিধান সভায় টেনে নিয়ে এলেন এবং সেই বাইরের ঘটনা হাউসের মধ্যে টেনে নিয়ে এসে ওর নিজের সেফ গার্ড করার জন্য একটা পারসোনাল এক্সপ্ল্যানেশন দিয়ে দিলেন যেটা এই হাউসের সঙ্গে কোনও সম্পর্ক নেই। আমি বলছি উনি যেটা বললেন সেটা একবার দার্জিলিংয়ে গিয়ে বলে আসুন।

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিদ্যুৎ দপ্তরের অধগতি দিনের পর দিন দেখতে দেখতে আজকাল প্রায় হতাশার শেষ সীমায় এসে পৌছেছি। এমন কি দেখলাম ওনাদের দলের প্রবীরবাবুও এই বিদ্যুৎ সম্বন্ধে ধিক্কার জানিয়ে গেলেন। তিনি বলেছেন বোর্ডের এটা করা উচিত ছিল ইঞ্জিনিয়ারদের এটা করা উচিত ছিল। কিন্তু তিনি এটা বলেননি যে তার দলের নেতা বিদ্যুত মন্ত্রীর এটা করা উচিত ছিল দেখা উচিত ছিল। মন্ত্রীর কাজ হচ্ছে ডিপার্টমেন্ট ভাল করে চলে যাতে সেখানে যে অকাজ হচ্ছে সেটা যাতে পুনরায় না হয়। ইঞ্জিনিয়াররা স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের সব এই সমস্ত ওভার টাইম নিচ্ছে অথচ কাজ করে না এই সব কথা বললেন তাহলে জ্যোতিবাবু কি করছেন? তার দেখা উচিত ছিল যাতে তার দলের সদস্য এই সব কথা বলতে না পারে। এই রকম কাজ করা ওর উচিত ছিল

যাতে ওর দলের সদস্যরা বলতে পারে যে সব কাজ ঠিকমতো তারা করছে। এই স্বীকারোক্তি, এটা আমার কথা নয়, এটা ওদের কথা। তবে উনি অনেক কথা বলতে ভুলে গেছেন, সেই কথাগুলো আমি একটার পর একটা জানিয়ে দেব। দুর্গাপুরে প্রোজেক্ট, উনি বলবেন এটা আমার কনসার্ন নয়। কিন্তু আমি বলব, উনি যখন বিদ্যুৎ মন্ত্রী, সেখানে যখন বিদ্যুৎ উৎপাদন হয়, সে সম্বন্ধে উনার কনসার্ন সেখানে রয়েছে। উনি বলেছেন খবরের কাগজে যে ডি. পি. এল.-এ কোনও প্রশাসন নেই, যদিও এটা কানাইবাবুর দপ্তর। আমার কাছে যে লিস্ট এসেছে, ইনফর্মেশন এসেছে তাতে দেখতে পাচ্ছি, গত ৬ মাস ধরে ম্যানেজিং ডিরেক্টারের পোস্ট ভ্যাকেন্ট। কে একজন অফিসিয়েট করছেন, সেক্রেটারি না কি আমরা জানি না। গত ৩ বছর ধরে দুর্গাপুর প্রোজেক্টসে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টারের পোস্ট ভ্যাকেন্ট, গত ১।। বছর ধরে ওয়ার্কস ম্যানেজারের পোস্ট ভ্যাকেন্ট। সুপারিন্টেন্ডেন্ট কোক ওভেন তার পোস্ট ভ্যাকেন্ট, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট এর পোস্ট ভ্যাকেন্ট, প্রায় পাঁচ বছর ধরে ভ্যাকেন্ট। অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট কোক ওভেন, সেই পোস্টও ভ্যাকেন্ট, সুপারিন্টেন্ডেন্ট, ইলেক্ট্রিক্যাল, এটাও ভ্যাকেন্ট রয়েছে, কারণ যিনি কাজ করছিলেন তিনি রিটায়ার করেছেন বলে। সিনিয়র মেন্টিন্যান্স ইঞ্জিনিয়ার এর পোস্ট ভ্যাকেন্ট, ট্রাফিক সুপারিন্টেন্ডেন্টের পোস্ট ভ্যাকেন্ট, র-মেটিরিয়াল অফিসার, সেই পোস্টও ভ্যাকেন্ট। সুপারিন্টেন্ডেন্ট, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন, এই যে অফিসার তাকে ট্রান্সফার করে আনা হয়েছে কলকাতায় অ্যাজ এ কন্ট্রোলার অব স্টোর্স অ্যান্ড পার্চেজ। কারণ জ্যোতিবাবু বুঝেছেন যে আর ট্রান্সমিশনের কোনও প্রয়োজন নেই, তিনি চেষ্টা করলেও তা করতে পারবেন না। ঐ সুপারিনটেন্ডেন্টকে প্রমোশন দিয়ে কলকাতায় এনে বসিয়ে দেওয়া হয়েছে। কিন্তু পোস্ট যে সব জায়গায় খালি আছে তা নয়। সেই পোস্টে প্রমোশন দেওয়া হবে না। কারণ সেই পোস্টে প্রমোশন দিতে গেলে সিনিয়ারিটি প্লাস কোয়ালিফিকেশন অ্যান্ড এফিসিয়েন্সি চাই। সুতরাং রেগুলার প্রমোশন দিতে গেলে তো তার লোকেদের দেওয়া যাবে না, দলবাজি করা যাবে না। আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি, জ্যোতিবাবুর দলের লোক না হলে এই বামফ্রন্ট সরকারের দলীয় লোক না হলে কোনও প্রমোশনের সুব্যবস্থা নেই, যদিও পোস্ট ভ্যাকেন্ট আছে। কিন্তু অফিসিয়েট করতে গেলে এই জাতীয় জিনিসের কোনও প্রয়োজন নেই, সিনিয়ার লোক অফিসিয়েট করছে। শুধু এখানেই নয়, দেখা যাক, কি পোস্ট দেওয়া হল কোলাঘাটে, সন্দীপবাবু যেটা বলেছেন, আমি অন্তত এই রকম শুনিনি এই জিনিস, সেই অফিসারকে যা যা সুবিধা দেওয়া হচ্ছে—নাম মোহন সিং, তিনি জেনারেল ম্যানেজার হয়েছেন, সেই মোহন সিংকে যে সব সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে, এই কথা জীবনে শুনেছি কি না জানি না। এই রকম কোনও প্রিসিডেন্ট নেই। কি দেওয়া হচ্ছে মাইনে যা আছে আছে একস্ট্রা ফেসিলিটি দেওয়া হচ্ছে, ফেসিলিটিজ ফর বোর্ডস রেন্টেড হাউস ইন ক্যালকাটা, কিন্তু তিনি থাকেন কোলাঘাটে, তার জন্য কলকাতায় রেন্টেড হাউস ইন ক্যালকাটা। তারপর হচ্ছে আউট ফিট অ্যালাউয়েন্স, জামা কাপড় এর অ্যালাউয়েন্স দেওয়া হচ্ছে। তারপর হচ্ছে ওয়াইফস অ্যালাউয়েন্স ফর মেন্টেনিং সোশ্যাল কন্ট্যাক্টস, কোনও লোক পাচ্ছে, আমি তো শুনিনি, আপনারা শুনে থাকতে পারেন। তারপর কি প্রিভিলেজ আছে? প্রিভিলেজ অব ইউজিং বোর্ডস কার ফর পার্সনাল ইউজ ফর পেয়িং রুপিজ টু হান্ড্রেড পার মান্থ। সরকারি গাড়ি ব্যবহার করার জন্য ২০০ টাকা। এ হেন মানুষ, যাকে এই সব দেওয়া হচ্ছে, তিনি দরিদ্র নিশ্চয়ই নন, সর্বহারা নন, একে ওয়াইফস অ্যালাউয়েন্স

দেওয়া হচ্ছে। তিনি কি করেছেন? করেছেন এই একের পর এক মেশিন সাঁওতালডিতে পার করে দিয়েছেন যাতে সাঁওতালডির ফোর্থ ইউনিট চালু হয়। এই জন্য আমরা টাকা দিচ্ছি এবং তার স্ত্রীকে সোশ্যাল কন্ট্যাক্ট, এর জন্য টাকা দিচ্ছি। আমি জানি না, এর পরিচিতি কি, কোথা থেকে এলেন, তার পাস্ট এক্সপিরিয়েন্স কি, কোন পাওয়ার প্ল্যান্টে কাজ করেননি।

[4-30 — 4-40 p.m.]

তাকে দিতে হবে। নিশ্চয় অন্য লোকে কিছু তদ্বির করেছে—রাজনৈতিক কারণ না হলে হয় না। কোলাঘাটের ১ কোটি টাকা খরচ করে নেতাজী সুভাষ ইন্ডোর স্টেডিয়াম করা হয়েছে, ১৯৭৭ সালে এই কথা শুনেছিলাম। খুব বড় বড় বক্তৃতা দেওয়া হয়েছিল। আজকে সেই স্টেডিয়ামে প্রতিদিন নাচ গান হচ্ছে, মানুষ আনন্দ পাচ্ছে, সরকার সেখানে ব্যবস্থা করছেন। চাইনিজরা এই স্টেডিয়ামে এসে শো করে গেছে। বিনা পয়সায় এম. এল. এ.-রা টিকিট নিয়ে সেখানে ছুটছেন। তিনি বলছেন অমুক খেলা দেখতে যাব আমাকে একটা টিকিট দিন। আপনারা সেখানে যাবেন না, ছেড়ে দিন। টেবল টেনিস দেখতে যাব আমাকে একটা টিকিট দিন, এম. এল. এ.-রা এই কথা বলছেন। আনন্দ করুন, আপত্তি করব না, কিন্তু তখন বড় বড় কথা বলা হয়েছিল। আজকে এই টাকা খরচ হচ্ছে প্রতিফলন কবে হবে কেউ জানেন না। শ্রেণী বিভক্ত দেশে কংগ্রেসি ৩০ বছরের অপশাসন, সীমিত ক্ষমতার কিছুই করা যায় না ইত্যাদি ইত্যাদি—দেখা যাক ওরা কি করেছেন। আমি ডি. পি. এল.-এর কথায় ফিরে যাই। ডি. পি. এল.-এর ১ নং ইউনিট ১৫ টু ২০ মেগাওয়াটের বেশি জীবনে দেয়নি, বামফ্রন্ট সরকার আসার পরে, ৩০ মেগাওয়াট ক্যাপাসিটি। ইউনিট নং ২ আউট অব অর্ডার, ইউনিট নং ৩—বয়লার রানিং টারবাইন আউট অব অর্ডার ফর ২ ইয়ারস, ইউনিট নং ৪—বয়লার আউট অব অর্ডার ফর টু ইয়াস, ইউনিট নং ৫.৭৫ মেগাওয়াট রানিং তার থেকে ৬৫ মেগাওয়াট তৈরি হচ্ছে। অর্থাৎ ২৮৫ মেগাওয়াট তৈরি করবার ক্ষমতা, কিন্তু খুব বেশি হলে ১৩০ থেকে ১৪৫ মেগাওয়াট বিদ্যুৎ তৈরি হচ্ছে। কখন কখন একেবারে শূন্য পাওয়া যায়। এটা হল শ্রেণী বিভক্ত সমাজ বা সীমিত ক্ষমতার একটা উদাহরণ। আজকে টারবাইন হবে না, ইউনিট নং ৩ সারানো হবে না, ইউনিট নং ৪ বয়লার সারানো হবে না ২ বছর ধরে। উনি নিজে যেটা দেখেন সেটা একটু দেখা যাক সেখানে কি রকম রাজনীতি চলছে। ইউনিট নং ২ সাঁওতালদি—সেখানে অ্যানুয়াল ওভারহলিং করতে লাগে ২/২।। মাস, কিন্তু ৪।। মাস হয়ে গেল ওভারহলিং কমপ্লিট হয়নি। ব্যান্ডেল থার্মাল পাওয়ার প্ল্যান্টের ইউনিট নং ১ ইজ ইন অপারেশন সিন্স ১৮থ নভেম্বর ১৯৭৮, অ্যানুয়াল ওভারহলিং হয়নি। আপনারা যতদিন গদিতে থাকবেন ওভারহলিং বন্ধ থাকবে মিউনিসিপ্যাল ইলেকশনের মতো। হলদিয়া গ্যাস টার্বাইনের অনেক কেচ্ছা শুনছেন। অরবিন্দবাবু মারা গেছেন। অরবিন্দবাবু বলেছিলেন রিজেকটেড মাল কেনা হয়েছে। কার স্বার্থে হয়েছে আমি জানি না।এই হলদিয়া গ্যাস টার্বাইনে কি হচ্ছে? ৩০ ক্রোরস খরচ হয়েছে। ওখানে কি হচ্ছে? ওয়ান অব দেম ইজ রিমেনিং আইডেল সিন্স নভেম্বর ১৯৮০। জন ব্রাউন কোম্পানিও জানে না এটাকে কিভাবে আবার চালু করা যাবে। কিনেছেন কে? বিরাট মানুষ এই বামফ্রন্টের নেতা। তিনি হুকুম দিয়েছেন, যাও কিনে নিয়ে এস। তারপর তিনি বিলেতে গেছেন। জন ব্রাউন তাকে কি অ্যাসিওরেন্স দিয়েছে আমি জানি না। কিন্তু সেই জন ব্রাউন আজকে ঐ ইউনিট চালু করতে

পারেনি। দেশি ইঞ্জিনিয়ার নয়, দেশি ম্যানুফ্যাকচারার নয়, তারা চালু করতে পারেনি সিক্স ১৯থ নভেম্বর ১৯৮০। এক বছরের উপরে হয়ে গেল তারা কিছু করতে পারছে না। এটা শুনতে খুব খারাপ লাগবে, লজ্জার কথা যে জ্যোতিবাবুকে প্রশ্ন করার মতোন আপনার সাহস নেই। তা করলে পার্টি থেকে তাড়িয়ে দেওয়া হবে। এখানে আমাদের ফোর্থ ইউনিট প্রায় কমপ্লিট হতে যাচ্ছে, হয়ত ২/১ মাসের মধ্যেই ফোর্থ ইউনিট সাঁওতালদিতে চালু হবে। স্যার, যে কোনও ইউনিট চালু করতে গেলে নরমালি তার টেন টাইমস কয়লার প্রয়োজন। ১২০ মেগাওয়াটের ইউনিট যদি হয় তাহলে কয়লার প্রয়োজন এক হাজার ২০০ টন পার ডে। তিনটি ইউনিট এখানে আছে ১২০ মেগাওয়াটের, ফোর্থ ইউনিট আসছে সেটাও ১২০ মেগাওয়াটের কিন্তু সেখানে কয়লা কত আনা হচ্ছে? জ্যোতিবাবু যদি খবর নেন যে সাঁওতালদিতে কতদিনের স্টক আছে কয়লার তাহলে আমরা খুশি হ'ব। কিন্তু আমি বলছি, সেখানে স্টক নেই। দৈনিক আনলোডিং হচ্ছে ১,৫৪০ মেট্রিক টন, যেখানে দৈনিক হওয়া প্রয়োজন ৩ হাজার ৩০০ মেট্রিক টন। সুতরাং ফোর্থ ইউনিট আসলেও যদি কয়লা এই থাকে ১,৫৪০ মেট্রিক টন তাহলে আমরা বিদ্যুৎ পাব না। টাকা খরচ হবে, চাকরি হবে, সবই হবে কিন্তু বিদ্যুৎ পাব না। শুনে রাখুন ১৯৭৬ সালে সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি বলেছিলেন Santaldihi is the best operated unit in India. আর আজকে কি দেখতে পাচ্ছি best talk-ative chief Minister is the power Minister not doing any work but only doing politics—no work no work. স্যার, এক কান কাটা গ্রামের বাইরে দিয়ে যায় আর দু কান কাটা শহরের মধ্যে দিয়ে যায়। আর সে যদি মুখ্যমন্ত্রী হয় তাহলে বিধানসভায় বসে বড় বড় বক্তৃতা দিয়ে যায় কংগ্রেসি অপশাসন, ইন্দিরা গান্ধী দোষী, কেন্দ্রীয় সরকার দোষী এইসব কথা বলে যান। তারপর স্যার, আর একটি কথা বলছি। ৫ মাস আগে ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাইকে মোটামুটি একটা অ্যাসিওরেন্স দেওয়া হয়েছিল ৪০০ মেগাওয়াটের একটা স্কীম বা প্ল্যান্ট করার জন্য খিদিরপুরের কাছে, ৫ মাস আগে সেই স্কীম দেওয়া হয়েছিল পশ্চিমবঙ্গ সরকারকে কিন্তু আজ পর্যন্ত সেটাতে হাত পড়েনি। সময় কোথায়? দলাদলি করবেন, না, কাজ করবেন? স্যার, দলাদলির আরও উদাহরণ দিই—৯ই জুন, ১৯৮০ তারিখে হাইকোর্ট একটা অর্ডার দিলেন যে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার্স এবং ডিপ্লোমা হোল্ডারদের মধ্যে মাহিনার ব্যাপারে তফাৎ চলবে না। ৫ই নভেম্বর ১৯৮০ সালে একটা অর্ডার বেরুল যে বি. এস. সি. পাশ গ্র্যাজুয়েটদের সমান মাহিনা করে দেওয়া হল ডিপ্লোমা হোল্ডারদের সঙ্গে। সঙ্গে সঙ্গে ব্যান্ডেলে স্ট্রাইক এই বলে যে ওদের কেন মাহিনা বাড়ানো হবে। ব্যান্ডেলে সি. আই. টি. ইউ.-এর ইউনিয়ন আর সাঁওতালদিতে আই. এন. টি. ইউ. সি.-র ইউনিয়ন। জ্যোতিবাবু কি করবেন—যদিও অর্ডার ছিল ইউ আর হেয়োরবাই অ্যাপয়েন্টেড কিন্তু সঙ্গে সঙ্গে টেলেক্স করে বলা হল এক মাসের জন্য this order is to be kept in abeyance. এই হচ্ছে আপনাদের মুখ্যমন্ত্রী, যিনি ভেবে কাজ করেন না, কাজ করে ভাবেন। দেখলেন ব্যান্ডেল স্ট্রাইক করেছে সুতরাং তার দল স্ট্রাইক করেছে তাই এক মাসের জন্য অ্যাপয়েন্টমেন্ট দেবার পরও বললেন কেপ্ট ইন অ্যাবায়েন্স। ইংরাজিতে যে কি করে এটা হয় আমি জানি না। উনি ইংরাজি জানেন, উনি এটা নিজে পড়েছেন কিনা আমি জানি না।

[4-40 — 4-50 p.m.]

তারপর এক মাস বাদেও কিন্তু সি. আই. টি. ইউ. তৈরি হতে পারেনি মামলা করার জন্য। তারপরেও কিছু করা হল না, উইথড্রন। এক মাস মাইনা দেওয়া হল না। তারপরে সি. আই. টি. ইউ.-র লোক দিয়ে মামলা করা হল এবং স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড থেকে পিটিশন তৈরি করে দেওয়া হল। গভর্নমেন্ট উকিল বললেন যে হুজুর, ঠিকই আছে, এই অর্ডারটাই হওয়া উচিত। চমৎকার। এটা যদি রাজনীতি না হয় তাহলে আর কোনটা রাজনীতি? মাইনা বাড়ায়, অর্ডার দেবার পরে আবার অ্যাবায়েন্স। ইউ আর হেয়ারবাই অ্যাপোয়েনটেড-ব্যাস। ১৯৭৯ সালে রাইটার্স বিল্ডিংস থেকে, ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে একটা অর্ডার গেল যে consumption of petrol./diesel per car/vehicle should not normally exceed 8 litres per working day. অর্থাৎ ৮ লিটারস পার ওয়ার্কিং ডে, এর বেশি কোনও গাড়ির হওয়া উচিত নয়। তারপর ১১ই এপ্রিল ১৯৮০ সালে একটা অর্ডার এল। সেটাতে বলা হয়েছে যে Daily log books shall be signed by controlling officer. Issue of petrol should be restricted to 15 litres per day unless there is outside journey. কলকাতার মধ্যে যেটুকু জার্নি করা হবে, ১৫ লিটার তেল প্রতিদিন পাবে। আসে যায়—অডিট ডিপার্টমেন্ট, ফাইনান্স ডিপার্টমেন্ট, শুনে রাখ, তোমাদের অর্থমন্ত্রী তোয়াক্কা করে না—১৫ লিটার তেল পার ডে। আমিও গাড়ি ব্যবহার করি। আমি জানি কত লাগতে পারে। ১৫ লিটার তেল পার ডে ৭৫ টাকার উপর পার ডে। যে অফিসার ব্যবহার করছেন, তার গাড়ির খরচ মাইনার চেয়ে বেশি। খরচ হোক বা না হোক ১৫ লিটার তেল পার ডে। আরও মজার ব্যাপার হচ্ছে, এই পার্টি শক্তের ভক্ত আর নরমের যম। তারপর ১৩০ কিলোমিটার তার তৈরি হয়েছিল দুর্গাপুর থেকে না কি সাঁওতালদি থেকে কসবা আসার জন্য সেই তার চুরি গেল। চমৎকার আইন শৃঙ্খলা, সব তার চুরি হয়ে গেল। তখন অর্ডার ছিল ৫ হাজার টাকা পার কিলোমিটার দেওয়া হবে। যখন চুরি গেল তখন সেই কন্ট্রাক্টরকে বলা হল যে তুমি আবার লাগাও। যদি৲ কন্ট্রাক্ট অনুসারে কমপ্লিট করার পর হ্যান্ডওভার করার কথা, তার আগে পর্যন্ত তার দায়িত্বে। তাসত্ত্বেও তাকে বলা হল তুমি আবার লাগাও। তিনি বললেন যে এ ৫ হাজার টাকায় পারব না। শেষ পর্যন্ত বোর্ডে ঠিক হল যে ৯ হাজার টাকা তাকে দেওয়া হবে পার কিলোমিটার। কিন্তু আবার প্রয়োজন হয়ে পড়ল এই অশুভ এবং অসৎ কাজ করার জন্য বদলি হলেন মিঃ সুকমল ঘোষ, যার বিরুদ্ধে ডিসঅনেস্টির একটা চার্জও কোনও দিন হয়নি। তারপর কি হল? তারপরে উনি চলে যাবার পরে এই সেক্রেটারি যিনি প্রেসার দিচ্ছিলেন ২৫ হাজার টাকা করে দাও, সেই পাওয়ার সেক্রেটারি—ভারমা—সেই পাওয়ার সেক্রেটারির জন্য, আজ পর্যন্ত আমি যতদূর শুনেছি যেটার অরিজিনাল কস্ট ছিল ৫ হাজার টাকা পার কিলোমিটার, হয়ত ২/১ হাজার টাকা ভুল হতে পারে, ২৫ থেকে ২৭ হাজার টাকা পার কিলোমিটার তাকে দেওয়া হল। কেন? না, ৫ হাজার ছিল সেটা হাওয়া হয়ে গেল এবং এই সুকমলকান্তি ঘোষ, তিনি বলেছিলেন যে এখানে অনেক চুরি-জোচ্চুরি হচ্ছে এবং একটা কাগজে পরপর ৩টি আর্টিকেল দেখলাম। একটা দৈনিক বাংলা কাগজে সেই সম্পর্কে অনেক কিছু লেখা হয়েছে যে টাকা-পয়সার ছয়-

নয় হয়েছে। আমি জানি না যে সেটা কতটা কারেক্ট, আর কতটা ইনকারেক্ট, সেটা অ্যাডমিনিস্ট্রেশন জানেন কিন্তু যে জিনিস খবরের কাগজে বেরিয়েছে, যে জিনিস মানুষ জানতে পারল যে, একজন মানুষ বোর্ডের মেম্বার ছিলেন, যার বিরুদ্ধে অসাধুতার কোনও অভিযোগ নেই, যিনি নিজেই বলছেন, আপনারা কমিশন বসিয়ে তদন্ত করে দেখুন, অথচ সরকার কোনও ব্যবস্থা নিচ্ছে না, চুপ করে আছে। কেন আপনারা চুপ করে গেলেন? পত্রিকা যে ব্যাপারে রাইট-আপ করতে পারে, সে ব্যাপারে আপনারা কার স্বার্থে এনকোয়ারি করছেন না? আপনাদের কোনও জবাব নেই কেন? কার স্বার্থে এনকোয়ারি হবে না, জানতে পারি কি? প্রতিষ্ঠান চলছে আমাদের টাকায়, সে প্রতিষ্ঠানের বোর্ডে একজন ছিলেন, যিনি বলছেন, এখানে জোচ্চুরি হচ্ছে, পত্রিকার লোক সেকথা লিখছে, টাকা তছনছ হচ্ছে। আজকে কাকে ঢাকবার জন্য এনকোয়ারি বন্ধ রাখা হয়েছে?

তারপরে আমাদের এখানে ফ্যাক্টরিস অ্যাক্ট বলে একটা জিনিস আছে। এখানে একটা ছোট কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির শ্রমিকদের ৪৮ ঘন্টা কাজ করবার হুকুম দেওয়া হয়েছে। এর ফলে সেখানে শনিবার হাফ ডে ছুটি ছিল, কিন্তু পরের দিনই কাজ করতে হবে একই মাইনে-তে। সেই ফ্যাক্টরিটির ইউনিয়ন সিটু দখল করতে পারেনি, সেইজন্য তাদের এই শাস্তি ভোগ করতে হবে। ফ্যাক্টরি অ্যাক্ট অনুযায়ী ৯ ঘন্টা ম্যাক্সিমাম কাজ করানো যেতে পারে—a workman can be allowed to work for 9 hours maximum. কিন্তু 48 hours maximum in a week. আর স্ট্যাগার করে দেওয়া যেতে পারে ইনক্লুডিং টিফিন ১২ ঘন্টা ম্যাক্সিমাম, কিন্তু ম্যাক্সিমাম্ নম্বর অফ আওয়ার্স হচ্ছে ৪৮ ঘন্টা। পাওয়ার প্ল্যান্ট যারা বিদ্যুৎ উৎপাদন করে তাদের ৪৮ ঘন্টা কাজ করতে হয়। কিন্তু এখানে কি হচ্ছে? দিনের পর দিন সবাই ৯ ঘন্টা, চুপ করে বসে থেকে তারপরে ওভার টাইম পাচ্ছে, ১২ ঘন্টা বসে থেকে ওভার টাইম পাচ্ছে। অফিসারদের কোনও ক্ষমতা নেই, কারণ রাইটার্স' বিল্ডিংস-এ মামা-রা দাদারা বসে আছে। মাননীয় সদস্য প্রবীর-বাবু বললেন যে, কংগ্রেসি জমানা থেকেই এটা হয়ে আসছে। কিন্তু আমি তাকে বলি, কি হল ডি. ভি. সি.-তে? অনেক জমানাই তো দেখে এলাম, শুধু তাই নয় লজ্জার কথা একজন জেনারেল ম্যানেজার মিঃ লুথার, তাকে অ্যাট্যাক করা হল, কিন্তু তাকে রক্ষা করবার জন্য পুলিশ দেওয়া হল না। আরও লজ্জার কথা ডি. ভি. সি.-র অফিসে গিয়ে দু' দুজন মন্ত্রী বক্তৃতা করে এলেন লেবারদের স্বার্থে। তারপরে একজন সদস্য এখানে বলেছিলেন, ওর বিরুদ্ধে প্রিভিলেজ আনা হবে, কেন না, ২,০০০ টাকা দামের চেয়ার কিনেছে। এদের লজ্জা নেই, একজন মানুষ, ৮০০ মেগাওয়াট পার ডে দিচ্ছে ঐ একই লোক দিয়ে, একই ট্রাডিশন দিয়ে। কি করে তিনি করছেন? তিনি করতে পারছেন, কারণ আপনারা রাজনীতি করেন, সে ভদ্রলোক রাজনীতি করেন না। এই হল ঘটনা। আজকে ব্যান্ডেল প্ল্যান্টের অবস্থা কি? আজকে যে কোনও লোক ছেলেপুলে, খাবার-দাবার নিয়ে সোজা ঢুকে যেতে পারেন, কেউ বাধা দেবে না। একটা কাগজে দেখলাম, কর্মচারিরা সবাই সেখানে টিফিন খেতে যায়, এক টাকায় দুপুর বেলা লুচি-তরকারি খেয়ে চলে যায়, অথচ তারা ওভার টাইম পাচ্ছে। তারপরে ঐ মিঃ লুথারের অফিসে গিয়ে পি. ডাব্লু. ডি. মিনিস্টার এবং লেবার মিনিস্টার গিয়ে বক্তৃতা করেছেন। ওকে পুলিশি সাহায্য

পর্যন্ত দেননি, ওর বিরুদ্ধে যাচ্ছেতাই সব কারবার করেছেন। অথচ ওরই জন্য আজকে পশ্চিমবাংলার মানুষ শ্বাস ছেড়ে বেঁচেছে। একটা মানুষ একই লোক দিয়ে, একটা মানুষ একই ট্রেডিশন দিয়ে এটা করতে পারেন, মানুষের মধ্যে ডিসিপ্লিন আনতে পারেন, তাহলে আপনারা তা পারেন না কেন? আর কেউ যদি তা আনতে চায় তাহলেই আপনারা বলবেন লেবারদের সঙ্গে কনফ্রনটেশন হচ্ছে। আমি বলতে চাই লেবারের আগে জনগণ, লেবারের আগে দেশের স্বার্থ। কিন্তু আপনাদের কাছে সব কিছুর আগে দলের স্বার্থ, লেবারের আগে দলের স্বার্থ, এমন কি জনসাধারণের আগেও দলের স্বার্থ। তারপরে কথায় কথায় এখানে বলবেন আমাদের বামফ্রন্ট সরকার। 'বামফ্রন্ট সরকার' কি কথা? এটা 'পশ্চিমবঙ্গ সরকার'। আপনারা কি কনস্টিটিউশনের নির্দেশও মেনে চলবেন না? বামফ্রন্ট সরকার, উত্তরফ্রন্ট সরকার, দক্ষিণফ্রন্ট সরকার। এসব কি? এসবের মানে আমি বুঝি না। আমি বুঝি বাম-দল বামফ্রন্ট দল, যারা কোনও দিন দক্ষিণে যাবে না। আমি বুঝি না 'বামফ্রন্ট সরকার'।

[4-50 — 5-00 p.m.]

আজকে নেট রেজাল্টটা কি? এই পশ্চিমবঙ্গের মন্ত্রীরা উস্কানি দেওয়া সত্ত্বেও মন্ত্রীদের নাক ঘষে দিয়ে আজকে ৮০০ মেগাওয়াট তৈরি করেছে এই লুথার। এই দলবাজ মন্ত্রিসভা এই দলবাজ পার্টি উস্কানি দিয়ে আজকে দেশকে ধ্বংসের পথে নিয়ে গেছেন। তাদেরই নাকের ডগার সামনে প্রমাণ করে দিয়েছেন এই ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করে। আর একদিকে কি দেখতে পাচ্ছি, সিনিয়র এক্সপেরিয়েন্সিভ ইঞ্জিনিয়াররা চলে যাচ্ছেন। শ্রী বি. কে. সেনগুপ্ত (জেনারেল সুপারিনটেন্ডেন্ট) সাঁওতালডিহি চলে যাচ্ছেন, শ্রী পি. কে. চক্রবর্তী, সিনিয়র সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, সেন্ট্রাল সার্ভিস অর্গানাইজেশন, চলে যাচ্ছেন, শ্রী ডি. কে. রায় সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, (গ্যাস টারবাইন প্রোজেক্ট) চলে যাচ্ছেন। কেন এরা চলে যাচ্ছেন? কেন সবাই চলে যাচ্ছেন? এইরকম ডি. পি. এল থেকে চলে যাচ্ছেন কেন? আপনি তো পরোক্ষভাবে ডঃ কানাইলাল ভট্টাচার্যকে সেনসার করলেন কিন্তু আপনাকে কে সেনসার করবে জ্যোতিবাবু? আপনি কি করতে পেরেছেন আজ পর্যন্ত? আমাদের সময়ে ১২০ মেগাওয়াট করে দুটি মেশিন গড়পড়তা ২০০ মেগাওয়াট করে বিদ্যুৎ তৈরি করত আর আপনাদের সময়ে ৩টি মেশিন কখনও ১৩০, কখনও ১৪০, কখনও ১৫০, কখনও ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করছে। আমি কোনও কথা বললেই জ্যোতিবাবু বলেন ভোলাবাবুর সময় নেই, উনি পড়েন না, উনি খবর রাখেন না—এইসব কথা বলেন কিন্তু আমি জ্যোতিবাবুকে প্রশ্ন করি, এত খেটে-খুটে লক্ষ লক্ষ টাকা খরচ করে এই যে বইগুলি ছাপা হয় এই বইতে দেখছি শেষ ফিগার ছাপা হয়েছে ১৯৭৮/৭৯ সালের কিন্তু ১৯৭৯/৮০ সালের ফিগার ছাপার সময় হয়নি। আমার মনে হয়, হয় সময় হয়নি না হয় সত্যি কথা গোপন করবার জন্য লেখেননি। বাসি খবরগুলোর সব ফিগার দেওয়া আছে। ১৯৮০ সাল শেষ হতে চলেছে, অ্যাপ্রোপিয়েশন বিল আসছে সুতরাং কেন ছাপা হয়নি? কি কাজ করেছেন? কোন জায়গায় দক্ষতা দেখিয়েছেন? এই যে ইকনোমিক রিভিউ যেটা দিয়েছেন ১৯৮০/৮১ সালের কথা তাতে নেই কেন? আপনারা অপদার্থতার পরিচয় দিচ্ছেন। আপনারা নিজেরাও করবেন না এবং অপরকেও করতে দেবেন না। বইটি দিলেন ১৯৮০/৮১ সালের আর লাস্ট ফিগার দেওয়া আছে

১৯৭৮/৭৯ সালের। সাঁওতালডিহিতে ১৯৭৬/৭৭ সালে আমাদের সময়ে যা উৎপাদন হত তা আজও পর্যন্ত হয় না। এখন উনি যদি বলেন আমরা অনেক বেশি করেছি তাহলে আমার বলার কিছু নেই। উনি যদি বলেন বইতে না পান তো আপনি সাঁওতালডিহির অফিসে যান না, সেখানে গিয়ে মেগাওয়াটটা কেন যোগ করেন না। আমি জ্যোতিবাবুকে বলব, আপনি নিজেই করুন, আমি খুশি হব, আপনি অসীম ক্ষমতাবান মানুষ, আপনাদের গরিবের জন্য প্রাণ কেঁদে যায়, বেকারি দূর করবার নামে আসলে কি কাজ করেন সেটা আমরা দেখেছি।

এটা হল ঐ হেলথ সেন্টার ইলেক্ট্রিফায়েড। ১৯৭৯-তে ৩৮৫, আপটুডেট। ১৯৮০-তে ৩৮৫ আপ টু ডেট, জুলাই, ১৯৮০ পর্যন্ত ৩৮৮, তিনটি বেড়েছে। হরিজন বস্তি—ওখানে পড়ে না, কত যাচ্ছে, আমরা জোতদারের দালাল, ওরা সর্বহারার নেতা, তা তারা শুনে রাখুন ঐ হরিজন বস্তি ইলেক্ট্রিফায়েড ১৯৭৯-তে ১১৫, ৮০-তে ঐ একই ফিগার। ১৯৮০-র জুলাইয়ে ঐ একই ফিগার, ১১৫। গরিব দরদী বন্ধুরা শুনে রাখুন যাদের সাহস হয়নি বলবার যে ১৯৮০-র জুলাইয়ের পর কি হল? ১৯৮১-র মার্চ শেষ হতে চলল, বলবার সাহস আপনাদের নেই। জ্যোতিবাবু সবেতেই চক্রান্ত দেখেন—৩/৩ বার বোর্ড চেঞ্জ হল, কেন? আসলে তো হচ্ছে ম্যানেজমেন্ট। সুতরাং উনি মনে করলেন কংগ্রেসিরা যে বোর্ড রেখেছেন তাতে কংগ্রেসি বেশি আছে, তাই তাদের তাড়িয়ে বোর্ড চেঞ্জ হল। নিজের বন্ধুকে আনা হল, তাকে সরাবার পর একজন এলেন, তারপর আর এক জন, তাকেও সরাবার চেষ্টা করছেন, এর বিরুদ্ধে একটি ডিসঅনেস্টির চার্জও নেই। জ্যোতিবাবু ক্ষমতায় আছেন, তাই সরাচ্ছেন—আমাদের ক্ষমতা আছে জ্যোতিবাবুকে সরাবার। ম্যানেজমেন্টই যখন সব, জ্যোতিবাবুতো ম্যানেজমেন্ট নং ১, উনি কেন সরছেন না? দেশের স্বার্থে, মানুষের স্বার্থে—উনি বা ওর পাওয়ার সেক্রেটারি ম্যানেজমেন্টের অঙ্গ, তাদের বদলাতে হবে, কেন উনি দিচ্ছেন না আর কারও হাতে? উনি তা দেবেন না। জ্যোতিবাবু বুঝতে পেরেছেন এই অবস্থায় যদি জ্যোতিবাবু বিরোধীদলে থাকতেন আর ঐ খানে ডাঃ বিধানচন্দ্র রায় থাকতেন তাহলে তিনি কি বলতেন? দেশের মানুষ, সারা পশ্চিমবঙ্গের মানুষ বুঝতে পারছেন আজ সমস্ত অর্থনীতি বাণ্ডাল হতে যাচ্ছে। কয়লার উৎপাদন কমে গেছে, কারখানার উৎপাদন কমে যাচ্ছে, কৃষি উৎপাদন কমে যাচ্ছে ঐ একটা মানুষের অপদার্থতার জন্য। আপনারা কেন বুঝছেন না, কেন সরাচ্ছেন না, দেশে জিনিস হলে সকলেরই তো সুবিধা। খালি মিথ্যা কতকগুলি ফিগার দিয়ে যাচ্ছেন। গতবারে একটা ফিগার দেওয়া হয়েছিল, কোন কোন জায়গায় কিছু কিছু উৎপাদন হয়েছে, তাদের মধ্যে বেশ কায়দা কানুন করে হাইড্রাল প্রোজেক্ট, থার্মাল প্রোজেক্ট সব ঢুকিয়ে বাণ্ডাল করে খোলা হয়নি, আমরা বেশি করেছি। এটা বলেন না যে আমাদের থার্মাল বৃষ্টির উপরে নির্ভর করতে হয় না, ডি. ভি. স.-র যে হাইড্রেল আছে তাদের থার্মাল আছে, একটা লোক বদলি হয়েছে—দেখুন না কারা বেশি? আপনাদের দলাদলি বন্ধ করতে পারেন না। উনি বললেন লুথার হিসেব দেয়নি, একখানা চেয়ার দু' হাজার টাকায় কিনেছেন।

[5-00 — 5-10 p.m.]

সুতরাং ওদের লজ্জা নেই। কতখানি চাটুকারিতা করবেন জ্যোতিবাবু এবং প্রমোদবাবু সেটা আপনারা বিচার করুন। আপনাদের বাড়ির পরিবার ছেলেমেয়ে কেউ আপনাদের এজন্য

সম্মান করবে না। সবচেয়ে মজার ব্যাপার হচ্ছে আর. এস. পি. এবং ফরওয়ার্ড ব্লক তারা পায়ে পড়ে যাচ্ছেন ১৯৮২ সালের নির্বাচনের জন্য, যেমন জ্যোতিবাবু চরন সিংকে বলেছিলেন আমার হাত ধরে নিয়ে চল আমি যে পথ চিনি না। আপনাদের লজ্জাহীনতার সাক্ষী পশ্চিমবাংলার মানুষ আছে। সুতরাং আপনারা পার্টি তুলে দিয়ে বলছি যে আপনারা সি. পি. এম. হয়ে যান এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বাজেট বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় বিরোধী দলের নেতার কাছ থেকে গঠনমূলক ভাষণ শুনব আশা করেছিলাম কিন্তু তার বক্তৃতা শুনে মনে হল যেন যাত্রা দলের সঙ্গের কথা শুনছি। যেদিন ভোলাবাবু মন্ত্রী ছিলেন সেদিন পশ্চিমবাংলায় তাদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা ছিল। বিরোধীবিহীন বিধানসভায় ডাক্তার রায় মারা যাবার পর আমরা দেখেছি পশ্চিমবাংলার জন্য ওরা কিছু করেননি। প্রফুল্ল সেন থেকে সিদ্ধার্থবাবু পর্যন্ত নিজেরা শুধু গুছিয়ে গেছেন। এ বিষয়ে আমি একটা তুলনামূলক ফিগার দিতে চাই পাওয়ার টেবিল ৭(২) থেকে দেখাতে চাই যে ১৯৬৫-৬৬ সালে যেখানে ১,২৪৩ মেগাওয়াট পাওয়ার জেনারেট করেছে। সেখানে ১৯৭০-৭১ সালে ১৫৩০.২, ১৯৭৩-৭৪ সালে ১,৫৬৪.৮, ১৯৭৪-৭৫ সালে ১,৫৩৫.১, ১৯৭৫-৭৬ সালে ১,৬৩৯.২। এই যখন উৎপাদনের অবস্থা সেখানে গুজরাটে ১৯৬৫-৬৬ সালে ৬৫০.৬, ১৯৭৫-৭৬ সালে তা বেড়ে গিয়ে হল ১৩৬১.৪—অর্থাৎ ডবলের উপর হয়ে গেল। অথচ পশ্চিমবাংলায় ওরা কিছু করলেন না। মহারাষ্ট্রে ১৯৬৫-৬৬ সালে যেখানে ১৩০৪.৫ সেখনে ১৯৭৫-৭৬ সালে ২৪৮০.৪ কিলোওয়াট বেড়ে যাচ্ছে। অর্থাৎ ১৯৬৫-৬৬ সাল থেকে ১০৬ থেকে ১৭৮ দাঁড়াল। কর্ণাটকে কংগ্রেস শাসিত রাজ্যে ১৯৬৫-৬৬ সালে ৪৪১.২, সেখানে ১৯৭৫-৭৬ সালে হল ১০৫৫.৭ অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে ৫৫ কিলোওয়াট থেকে বেড়ে ১৯৭৫-৭৬ সালে ১৪২ হল—অর্থাৎ ডবলের ওপর হয়ে গেল। তামিলনাডুতে ১৯৬৫-৬৬ সালে ১৩১৪.২ থেকে বেড়ে ১৯৭৫-৭৬ সালে ১৭৬৪.০ হল অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে কিলোওয়াট ৭৯ থেকে বেড়ে গিয়ে ১৯৭৫-৭৬ সালে ১৪২ কিলোওয়াট হল। ঠিক সেই সময়ে পশ্চিমবঙ্গে ১৯৬৫-৬৬ সালে ১,২৪৩.০ থেকে বেড়ে গিয়ে ১৯৭৫-৭৬ সালে সেটা হল ১,৬৩৯.২। লুথারের প্রশংসায় ওরা পঞ্চমুখ হয়ে তারা তার বেতন বৃদ্ধি করেছেন তারজন্য লোন নিয়ে, হেলিকপ্টার কিনে দিয়েছেন। আমাদের গ্রামে একটা প্রবাদ আছে যার এক কান সে টাকা গ্রামের বাইরে দিয়ে যায় আর যার দু-কান কাটা সে গ্রামের ভেতর দিয়ে যায়। ভোলাবাবুরা হচ্ছেন তাই। সেজন্য ওদের লজ্জা বলতে কিছু নেই। এরপর টেবিল ৭.৪ থেকে আমি একটু পড়ে দেখাতে চাই। ওরা বললেন সাঁওতালডি উৎপাদন কমে যাচ্ছে। আমি বলতে চাই সাঁওতালডি ইতিমধ্যে সেখানে ১২০ মেগাওয়াট কমিশন হয়ে গেছে।

রিংচিংটন কমিশন হয়ে গেছে। গ্যাস টারবাইন থেকে ১০০ মেগাওয়াট পাওয়ার জেনারেট করছে। সাঁওতালডির ৪র্থ নং ইউনিট এই মার্চের মধ্যে চালু হবে। ব্যান্ডেলের পঞ্চম ইউনিট থেকে ২১০ মেগাওয়াট তৈরি হয়ে সেপ্টেম্বরে চালু হবে। এইভাবে আমরা একটা দীর্ঘস্থায়ী পরিকল্পনা করছি যেটা ১৯৬২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত পশ্চিমবাংলার জন্য করেননি। জলঢাকা সেকেন্ড স্টেজ হাইডেল বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব। কিন্তু সেই সব তারা সেই সময়ে না দেখায় সেখানে পলি পড়ে যাচ্ছে। তা সত্ত্বেও আমরা জলঢাকা সেকেন্ড স্টেজ

থেকে ১৯৮২ সালের জুন মাসের মধ্যে ৮ মেগাওয়াট কমিশন করব। কোলাঘাটে ১৯৮৩ সালের ডিসেম্বরের মধ্যে ২১০ মেগাওয়াট উৎপাদন হবে। টিটাগড় থেকে ১৯৮২-৮৩ সালের মধ্যে ১৮০ মেগাওয়াট পাওয়া যাবে। রাম্মামে সেকেন্ড স্টেজে ১৯৮৪-৮৫ সালের মধ্যে ২৫ মেগাওয়াট পাওয়া যাবে ১৯৮৩-৮৪ সালের মধ্যে কার্শিয়াং থেকে ২ মেগাওয়াট পাওয়া যাবে। ১৯৮৩-৮৪ সালের মধ্যে টিটাগড় থেকে ৬০ মেগাওয়াট পাওয়া যাবে। ফারাক্কা থেকে ওই সময়ের মধ্যে ২০০ মেগাওয়াট পাওয়া যাবে। সাঁওতালডি, রিংচিংটন এবং গ্যাস টারবাইন থেকে যা পাচ্ছি তা হল ২২২ মেগাওয়াট। এ সত্ত্বেও ওরা বলছেন যে আমরা নাকি কিছু করছি না। জ্যোতিবাবু দেশকে জাহান্নামে দিচ্ছে। টেবিল ৭.৫ থেকে দেখতে পাই সারা ভারতবর্ষের অ্যাভারেজ যেখানে অল ইন্ডিয়া অ্যাভারেজ ৬২.৭ সেই সময় পশ্চিমবাংলায় ৮২.২। ১৯৮০ সালে অল ইন্ডিয়া অ্যাভারেজ যেখানে ৬২.২ সেখানে পশ্চিমবাংলায় আগস্টে ৭৬.২, সেপ্টেম্বরে ৭৪.২, অক্টোবরে ৭৮.০। ঠিক ওই সময়ে অল ইন্ডিয়া অ্যাভারেজ ৬১.২, ৬৫.৩, ৬৭.৬ আজকে একই সময়ে মহারাষ্ট্রে দেখেছি ৮২.৬, তামিলনাড়ুতে ৭৯.৩, হরিয়ানায় ৭৯.৮, মধ্যপ্রদেশে ৮৯.২, মহারাষ্ট্রে ৭৮.৭। এই ফিগার থেকে কি মনে হচ্ছে? ১৯৭৮-৭৯ সালে পাওয়ার জেনারেশন এস. ই. বি. হোক, ডি. পি. এল. হোক সেখানে উন্নতি হয়েছে এবং সি. ই. এস. সি. মার্জিনাল উন্নতি হয়েছে। এ সত্ত্বেও ওরা বলছেন পাওয়ার জেনারেশন হয়নি। আমরা স্বীকার করি বিদ্যুৎ একটা জাতীয় জীবনে মূলধন। সুতরাং ওয়ার ইমারজেন্সির দিক থেকে এটাকে দেখা উচিত। কিন্তু ১৯৭২-৭৬ সাল থেকে কংগ্রেস এটার ওপর কোনও গুরুত্ব দেয়নি।

[5-10 — 5-20 p.m.]

অপরপক্ষে আমরা ৩।।—৪ বছরে এই দপ্তরে খুব গুরুত্ব দিয়েছি। তা সত্ত্বেও আমরা জানি যে সংকট অনেক আছে—এ কথা আমরা কখনও অস্বীকার করি না। ওরা বিদ্যুৎ দপ্তরের দুর্নীতি নিয়ে বলছিলেন, কিন্তু এই দুর্নীতি তো তাদের আমল থেকেই এসেছে। কিন্তু আমরা যা বলে থাকি তা করবার চেষ্টা করি। এই ব্যাপারে আমি একটি উদাহরণ দিচ্ছি—আমার এলাকাতে একজন কন্ট্রাক্টর আছেন, যিনি ১৯৬২ সালেও আমার কাছ থেকে জি. আর. নিয়েছেন তিনি একজন সামান্য কন্ট্রাক্টরির কাজ করে ওদের আমলে মার্বেল পাথরের বাড়ি তৈরি করে ফেলেছেন, অ্যাম্বাসাডর গাড়ি কিনেছেন—এ আমার চোখে দেখা ব্যাপার স্যার। ওরা মুখে খুব বড় বড় কথা বলেন, অথচ ওদেরই আমলে এই রকম ব্যাপার ঘটেছে। ইকনমিক রিভিউ-এর টেবল ৭(৬)-তে দেখা যাচ্ছে এখানে অ্যাবনর্মাল পাওয়ার বৃদ্ধি পেয়েছে। এখানে কাজের স্টিম রোলার চালিয়ে মাত্র ১/২ মাসের মধ্যে এই ভাবে পাওয়ার জেনারেট বৃদ্ধি করা সম্ভব হয়েছে। ১৯৮০-৮১-তে ইকনমিক রিভিউয়ের টেবল (৬) এ দেখা যাচ্ছে ঐ ডি. ভি. সি.-তে ১,২৭৩ মেগাওয়াট উৎপাদন হবে। ১৯৭৯-৮০ সালে উৎপাদন ছিল ৮৮৩ মেগাওয়াট। আমাদের ৩।।—৪ বছরে বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি পেয়েছে ১৯ শতাংশ। এ সত্ত্বেও আমরা এটাকে যথেষ্ট বলে মনে করি না। এই যে একটা গুরুত্বপূর্ণ দপ্তর এখানে আরও ডেডিগেটেড মানুষকে পাঠানো দরকার। বিদ্যুতের উৎপাদন অ্যাভারেজে আমাদের এখানে কিছু বৃদ্ধি পেয়েছে ঠিকই কিন্তু আরও বেশি ডেডিগেটেড মানুষ এই সমস্ত সিক ইন্ডাস্ট্রিতে পাঠানোর দরকার আছে। জনতা সরকারের আমলে তারাও এটা করতে

পারেননি—তাদের সময়ে দেখা গেছে, কলকাতাতে বসে ডি. ভি. সি. কাজ পরিচালনা করবার চেষ্টা তারা করেছিলেন। কিন্তু এই ভাবে পরিচালনা কখনই সম্ভব হতে পারে না, এই সমস্ত টপ পর্যায়ের অফিসারদের আরও করে ডেডিগেশন দেখাতে হবে। ওরা ডি. পি. এল. সম্বন্ধে অনেক কথা বলেছেন, সেখানে ইন্টার ইউনিয়ন রাইভালরির কথা বলেছেন। কিন্তু আমরা দেখতে পাই সেখানে আপনাদেরই আই. এন. টি. ইউ. সি.-র লোকেরাই বিভিন্ন কাজকর্ম করে দ্বন্দ্বের সৃষ্টি করেছেন। ভোলাবাবুরা বলেছেন যে, লুথার আসার পরেই ডি. ভি. সি.-তে নর্ম ফলো করা সম্ভব হয়েছে, অথচ ঐ লুথার ইউনিয়নের ব্যাপারে একটা ইউনিল্যাটারাল সিদ্ধান্ত গ্রহণ করেছেন, সেখানে কোন রকম আরবিট্রারি মেজার তিনি গ্রহণ করলেন। আর ভোলাবাবুরা তাকে সাপোর্ট করলেন—তাকে ট্রান্সফার করা গেল না, বললেন—গণতান্ত্রিক কাজই লুথার করেছেন। আর জ্যোতিবাবুর ব্যাপারে আপনারা বলে চলেছেন উনি ডিক্টেটর, স্বৈরতন্ত্রী—এ এক অদ্ভুত কথা। ঐ ব্যক্তিটি ইউনিয়নকে ডিরেকগনাইজ করলেন, তাকে আপনারা সাপোর্ট করলেন। আমরা ১৯৭৮-৭৯ সালে বিদ্যুতের ব্যাপারে খরচ করেছি ১১৫ কোটি ৫০ লক্ষ টাকা, ১৯৭৯-৮০-তে তা ছিল ১৫৬ কোটি ১০ লক্ষ টাকা এবং ১৯৮০-৮১-তে এই বরাদ্দ আছে ১৩৩ কোটি ১৪ লক্ষ টাকা অর্থাৎ টোটাল খরচের হিসাবে দেখা যায় যে তাদের আমলের চাইতে অনেক বেশি পরিমাণে এই খরচা ধরা হয়েছে। আমাদের দেশে একটা কথা প্রচলিত আছে যে—চোরের মায়ের বড় গলা, তাই এরা বড় বড় কথা বলেন। কিছুক্ষণ আগে বলে গেলেন যে, "তোমরা আর. এস. পি. ফরোয়ার্ড ব্লক'-এর লোকেরা জ্যোতিবাবুর প্রশস্তি গাও, তা না হলে তোমরা থাকতে পারবে না।" এ ব্যাপারে ভোলাবাবুকে জানিয়ে দিতে চাই যে, তাদের এ দম্ভ থাকবে না, আমরা এদের দয়ায় এখানে আসিনি, আমরা জনগণের দয়াতে এসেছি এবং পশ্চিমবাংলাতে বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠিত করেছি। সেই জন্য তাকে বলতে চাই যে, এই দম্ভের জবাব আপনারা ১৯৭৭ সালে পেয়েছেন এবং আগামী ভোটেও আবার পাবেন—পশ্চিমবাংলার মানুষ আপনাদের দম্ভের জবাব দেবেন। বিদ্যুতের ব্যাপারে আমরা আশা করছি যে, ১৯৮৯-৯০ সাল নাগাদ ৩,১৬৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হব। এ সত্ত্বেও আমাদের এখানে যে হারে চাহিদা বৃদ্ধি ঘটছে তাতে দেখা যাচ্ছে ১,১৪৫ মেগাওয়াটের মতো ঘাটতি থেকে যাবে। সেজন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে জানাতে চাই যে, কানাডায় ছোট ছোট প্রকল্প আছে, সেখানে কোথাও ১ মেগাওয়াট, কোথাও ১/২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে বেশ কিছু ইন্ডাস্ট্রিকে ফিড তারা করে চলেছে। অনুরূপ ভাবে আমাদের এখানেও কিছু করবার জন্য বিদ্যুৎমন্ত্রীকে আমি একটি সাজেশন রাখছি।

ওরা বলছেন, ডি. ভি. সি. থেকে নাকি অনেক বিদ্যুৎ সরবরাহ করেছেন। এখানে যা হিসাব আছে তাতে দেখতে পাচ্ছি ডি. ভি. সি. ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাইকে যা সরবরাহ করেছেন ১৯৮০ সালে সেটা হচ্ছে, জুলাই মাসে ৩৮১.৪৭ এ ওরা দিয়েছেন ২৭.৮ অর্থাৎ ৭.২ পারসেন্ট, আগস্ট মাসে ৩৬০.৮৭, সেখানে ওরা সি. ই. এস. সি.-কে সরবরাহ করেছেন ২৩.৫ অর্থাৎ ৬.৫ পারসেন্ট, ডিসেম্বর মাসে ৪৬৭.৬০, সেখানে সি. ই. এস. সি.-কে সাপ্লাই করেছেন ২০.১ অর্থাৎ ৪.৯ পারসেন্ট। এই হচ্ছে অবস্থা। স্যার, আমরা জানি এর আগে কেন্দ্রের অনুমোদন পেতে দেরি হবার ফলে আমাদের সাঁওতালদি প্রকল্পের কাজ খানিকটা

ব্যাহত হয়েছে। দেশ বিভাগের পর পশ্চিমবাংলার যা অবস্থা তাতে শিল্প ও কৃষির উন্নতি করতে গেলে বিদ্যুতের প্রয়োজন আছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তো ওদের মতোন বড় বড় প্রতিশ্রুতি দেন না, যা পারা যাবে সেটার কথাই উনি বলেন। এর আগে আমরা দেখেছি এখানে যখন বিদ্যুৎ মন্ত্রী ছিলেন বরকত সাহেব তখন তিনি বলেছিলেন ১০ হাজার গ্রামে আমরা বিদ্যুৎ দেবার ব্যবস্থা করেছি। তার কি অবস্থা সেটা আমরা সকলেই জানি। সেখানে পাশাপাশি আমাদের বর্তমান বিদ্যুৎমন্ত্রী বলেছেন, গ্রামীণ এলাকায় বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আমরা ১৯৮১ সালের ফেব্রুয়ারির মধ্যে ১ হাজার ১৪৯টি মৌজায় বৈদ্যুতিকরণ করেছি এবং আশা করছি ১ হাজার ৪০০টি মৌজায় বৈদ্যুতিকরণ করা সম্ভব হবে। তিনি কিন্তু ওদের মতোন ভোটে জেতবার জন্য কখনই বলেননি আমরা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ দিয়েছি। ভোলাবাবু গ্রামের হরিজন বস্তির কথা বললেন। হরিজন বস্তিতে বৈদ্যুতিকরণের কাজ মন্থরগতিতে হলেও আমরা সেই কাজে হাত দিয়েছি যে কাজ আপনারা অতীতে করেননি। এখনও প্রায় ৯০ হাজার দরখাস্ত জমা হয়ে আছে এবং আমরা আশা করছি আগামী বছর ১ হাজার ৬২০টি মৌজায় বৈদ্যুতিকরণ করা যাবে এবং ৯ হাজার ৭০০টি পাম্পে বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা যাবে। তারপর বিদ্যুৎ প্রকল্পে লোক নিয়োগের ক্ষেত্রে আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে গুরুত্ব দিয়েছি। সেখানে যে লোক নিয়োগ করা হবে তারমধ্যে ডাই ইন হারনেস অথবা কোনও সরকারি প্রকল্পে যাদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাদের পরিবারের লোক থেকে সেখানে শতকরা ৩০ ভাগ লোক নিয়োগ করা হবে। সেখানে বরকত সাহেবের আমলে আমরা দেখেছি ১০ হাজার লোককে তিনি চাকরি দিয়েছিলেন। সেখানে কোনও নর্মস ফলো করা হয়নি। তা ছাড়া সেই সময়কার দুর্নীতির কথাও ফলাও করে আমরা দেখেছি সংবাদপত্রে ছাপানো হয়েছিল। বরকত সাহেবের ক্রমবর্ধমান বোতলের চাহিদা মেটানোর জন্য আমরা দেখেছি তিনি ধারে স্লিপে বোতল পাঠাও বলে অর্ডার করতেন। এইসব কথাগুলি কি আজকে ওদের মনে পড়ে না? ভোলাবাবু এই সভায় দাঁড়িয়ে কোক ওভেনের কথা এবং সাঁওতালদি প্রকল্পের কথা বলেছেন এবং তা বলে বলেছেন সেখানে বিদ্যুতের অধোগতি হচ্ছে এবং এরজন্য তিনি বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন। আমি এখানে একটার পর একটা ফিগার তাকে দেখিয়ে বলতে পারি, সেখানে বিদ্যুতের ব্যাপারে ক্রমেই উন্নতি হচ্ছে সেখানে দুর্নীতির কথা ওরা বলেছেন। আমি বলব, সেটা আমরা পাস্ট লিগেসি হিসাবে পেয়েছি এবং সেই দুর্নীতির পঙ্ক থেকে আমরা উদ্ধার পাবার চেষ্টা করছি। আমরা যখন সেখানে আঘাত হানতে গিয়েছি তখন দেখেছি কংগ্রেস(ই) তার বিরুদ্ধে নেতৃত্ব দিচ্ছে। ইঞ্জিনিয়ারদের যে ওয়ার্ক টু রুল সেখানে আমাদের বিদ্যুৎ দপ্তর দক্ষতার সঙ্গে তার মোকাবিলা করেছে। তারপর ইন্টার ইউনিয়ন যে রাইভালরি সেটার জন্য ওরা শুধু সিটুর উপর দোষ দিয়ে বাঁচবার চেষ্টা করেছেন। এই প্রসঙ্গে আমি বলব, এই যে একটা জাতীয় সংকট আসুন এই সংকটের মোকাবিলা করার জন্য আমরা সকলে একযোগে কিছুদিনের জন্য এই ইনটার ইউনিয়ন রাইভালরি বন্ধ করি। আসুন ইনটার ইউনিয়ন রাইভালরি বন্ধ করে এই জাতীয় সংকটের হাত থেকে রক্ষা পাবার জন্য আমরা ঐক্যবদ্ধভাবে চেষ্টা করি।

[5-20 — 5-30 p.m.]

দেশ দলের চেয়ে অনেক বড় এই কথা ভোলাবাবু তো একবারও বলেননি। উনি বিদ্যুৎ

মন্ত্রীর পদত্যাগ চেয়েছেন, ওর দয়ায় বিদ্যুৎ মন্ত্রী পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসেননি, বিদ্যুৎ মন্ত্রী ক্ষমতায় এসেছেন পশ্চিমবঙ্গের ৫ কোটি মানুষের আশীর্বাদ নিয়ে। সুতরাং তিনি জবাবদিহি করবেন পশ্চিমবঙ্গের মানুষের কাছে, ভোলাবাবুর কাছে তিনি জবাবদিহি করবেন না।

পরিশেষে ৬৭ নং বাজেট বরাদ্দকে সমর্থন করে যে বক্তব্য রাখছি সেটা হচ্ছে ডি. পি. এল. সম্বন্ধে। ডি. পি. এল.-র মাঝখানে যে অবস্থা হয়েছিল তার চেয়ে খানিকটা উন্নতি হলেও ডি. পি. এল.-এ তিনি যেন দক্ষ প্রশাসক নিয়োগ করেন। সেখানে ওভারটাইম নিয়ে যে বিশৃঙ্খলা চলছে সেই বিশৃঙ্খলা দূর করে শৃঙ্খলা আনার প্রচেষ্টা করতে হবে। কংগ্রেস (আই) সেখানে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে, তার ফলে সেখানে উৎপাদন ব্যহত হচ্ছে। সেজন্য ডি. পি. এল.-এ দক্ষ প্রশাসক নিয়োগ করা প্রয়োজন। কারণ, ডি. পি. এল. আরও বেশি পাওয়ার জেনারেট করতে পারে। এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ মন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, তার বাজেট ভাষণে তিনি যে সমস্ত কথা বলেছেন সেই সমস্ত কথা নানা দিক থেকে সমর্থনযোগ্য নয়। প্রথমত, তিনি বলেছেন যে অধিকতর উৎপাদন ক্ষমতা সৃষ্টি করা ব্যতীত পশ্চিমবঙ্গে বর্তমানে বিদ্যুতের অভাব মেটানো সম্ভব নয়। প্রথম কথা, একথা সত্য নয়। কারণ, তারই সরকারি যে সমীক্ষা বেরিয়েছে তাতে যে টেবিল ৭(১)-পেজ ৫২, সেখানে তিনি বলছেন আমাদের পোটেন্সিয়াল ডিমান্ড অব ইলেক্ট্রিসিটি হচ্ছে ১২ শো মেগাওয়াট, আর এই জায়গায় আমাদের যে নিহিত ক্ষমতা, ইনস্টল্ড ক্যাপাসিটি—এটা ঠিকই ইনস্টল্ড ক্যাপাসিটি আমরা বার বার চেয়েছি, সেটা চেপে রাখার চেষ্টা হয়েছে, তা সত্ত্বেও আমি এই সমীক্ষা থেকে যে ডাটা বের করেছি তাতে ১৯৭৬-৭৭ সালে ইনস্টল্ড ক্যাপাসিটি ছিল ১৬২৫ মেগাওয়াট, আর এখানে যেটুকু পাচ্ছি শিডিউল্ড অ্যাডিশন টু ইনস্টল্ড ক্যাপাসিটি ইন ওয়েস্ট বেঙ্গল ফ্রম ১৯৭৮-৭৯ টু আপটু ডেট ২২২ মেগাওয়াট, এই দুটো যোগ করলে হয় ১৮৪৭ মেগাওয়াট। এটাকে যদি ইনস্টল্ড ক্যাপাসিটি ধরি তাহলে আমাদের যা চাহিদা ১২ শো মেগাওয়াট তার থেকে বেশি। এই ইনস্টল্ড ক্যাপাসিটি ইউজ করলে বিদ্যুতের অভাব হওয়া দূরে থাকুক বিদ্যুৎ উদ্বৃত্ত হওয়ার কথা। কিন্তু সেখানে হচ্ছে না। ক্লেম করা হয়েছে তার বাজেট ভাষণে যে তারা সামগ্রিক উৎপাদন ধরলেন সারা দেশে সর্বোচ্চ ১৯৮০ সালে। কোথা থেকে এই হিসাব দেন আমি জানি না। কিন্তু এই সমীক্ষা থেকে যে হিসাব বের করলাম তাতে ক্যাপাসিটি যদি ১৮৪৭ মেগাওয়াট হয় এবং অ্যাভেলিবিলিটি অব ইলেক্ট্রিসিটি যদি ৯৪৮ মেগাওয়াট হয় তাহলে পারসেন্টেজ আসছে ৫১ পয়েন্ট সামথিং। অথচ বলছেন যে সামগ্রিকভাবে ভারতবর্ষের অন্যান্য রাজ্যকে ছাড়িয়ে গেছে। ফলে এগুলি অসত্য ভাষণ, এটা ঠিক নয়। দ্বিতীয় কথা হচ্ছে সাঁওতালদির যে ধরনের পারফরমেন্স আমি সে সম্বন্ধে বলতে চাই। ওরা এতদিন ডি. ভি. সি. দেখিয়ে দায় স্খালন করতেন, ডি. ভি. সি. ঠিকমতো সাপ্লাই করে না, ফলে কলকাতায় লোডশেডিং হচ্ছে, বিদ্যুৎ ঘাটতি হচ্ছে।

প্রথমত একথা ঠিক নয় কারণ ৫৬০ মেগাওয়াট যেটা কলকাতার প্রয়োজন তার ৬ ভাগের ১ ভাগ আমরা ডি. ভি. সি. থেকে পাচ্ছি। অর্থাৎ দেখা যাচ্ছে তাদের যে ৯৫

মেগাওয়াট আমাদের দেবার কথা সেটা ডি. ভি. সি. আমাদের দিচ্ছে। কাজেই কলকাতার জন্য ডি. ভি. সি.-কে দায়ী করা ঠিক নয়। ডি. ভি. সি. সম্পর্কে কয়েক মাস ধরে কাগজে দেখছি এবং জ্যোতিবাবুও বলছেন, তাদের পারফর্মেন্স ভাল। ডি. ভি. সি.-র বক্তব্য হচ্ছে তাদের যে ধার্য কোটা আছে সেটা তারা কলকাতাকে সরবরাহ করছে এবং তার থেকে বাড়তিও দিচ্ছে। কিন্তু আমাদের প্রশাসনের এমনই কর্মদক্ষতা, কর্মকুশলতা যে তারা সেটা নিতে পারছে না। ডি. ভি. সি. আমাদের বাড়তি বিদ্যুৎ দিচ্ছে অথচ এখন এই গরম আরম্ভ হতে না হতেই দেখছি লোডশেডিং শুরু হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, কেন এই অবস্থা হবে? আমাদের রাজ্যে বিদ্যুৎ পর্ষদের পারফর্মেন্স অত্যন্ত মিজারেবল, অত্যন্ত শোচনীয়। সাঁওতালদিহিতে ৩টি ইউনিট আছে এবং তাদের ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ৩৬০ মেগাওয়াট। কিন্তু সাঁওতালদিহির কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা অত্যন্ত মারাত্মক। তারা এখন উৎপাদনের লক্ষ্যমাত্রা কমিয়ে দিয়েছেন—অর্থাৎ উৎপাদন কমানোর নীতি, আন্ডার—বাজেটিং এটা তারা করছেন। সিটু বাদে সকলেই বলেছেন, আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতি হচ্ছে উৎপাদন যন্ত্রের সিক্সটিওয়ান পারসেন্ট ইউটিলাইজড হওয়া উচিত। কাজেই সেদিক থেকে সাঁতালদিহিতে যখন ৩৬০ মেগাওয়াট উৎপাদন হওয়ার কথা সেখানে ওই সিক্সটিওয়ান পারসেন্ট হলে দৈনিক সেখানে ২২০ মেগাওয়াট উৎপাদন হওয়া উচিত। কিন্তু আমরা দেখছি সেখানে দৈনিক মাত্র ১০০/১১৫ মেগাওয়াট উৎপাদন হচ্ছে। তারপর প্রতি কিলোওয়াটে যেখানে ৫ হাজার ৩৪৩ ইউনিট উৎপাদন মাত্রা ধার্য করা উচিত সেখানে দেখছি মাত্র ২ হাজার ৯০৫ ইউনিট ধার্য করা হয়েছে। এর ফলে এই সমস্ত বিপর্যয় হয়েছে। ওখানে যে কোল হ্যান্ডলিং প্ল্যান্ট রয়েছে তারা ১৪০ ওয়াগন কোল ইউটিলাইজ করতে পারে। কিন্তু বাস্তবে দেখছি তারা সেখানে মাত্র ৩০ ওয়াগন কোল ইউটিলাইজ করছে এবং তার কারণ হচ্ছে লক্ষ্যমাত্রা কমিয়ে দেওয়া হয়েছে। অথচ এদিকে কাগজে বলছে কোল-এর সাপ্লাই নাকি হচেছ না। কোল ইন্ডিয়া লিমিটেডের অ্যাবান্ড্যান্ট সাপ্লাই রয়েছে এবং সেই কোল আনলোড হচ্ছে না। যেখানে ৭০ ওয়াগন কোল আনলোড হবার কথা সেখানে মাত্র ২৫ ওয়াগন কোল আনলোড হচ্ছে। আমাদের বিদ্যুৎমন্ত্রী নিজে স্বীকার করেছেন, গ্রামীণ এলাকায় বৈদ্যুতিকরণের ব্যাপারে আমাদের প্রগতি আশানুরূপ নয়। কৃষি, শিল্প, ক্ষুদ্র সেচ প্রকল্প এবং কুটির শিল্পের যদি উন্নতি করতে হয়, গ্রামীণ অর্থনীতির যদি উন্নতি করতে হয় তাহলে বাংলাদেশের সর্বত্র বৈদ্যুতিকরণ করা উচিত এবং যুদ্ধকালীন অবস্থা মনে করে এই কাজ করা উচিত। আমি স্বীকার করি কংগ্রেসের পারফর্মেন্স অত্যন্তই খারাপ ছিল। কিন্তু আমি পরিসংখ্যান দিয়ে দেখাব গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে কংগ্রেসের যে পারফর্মেন্স ছিল বামফ্রন্ট সরকারের পারফর্মেন্স তার চেয়েও ওয়ার্স।

[5-30 — 5-40 p.m.]

এই দেখুন ইকনমিক রিভিয়্যুতে বলেছে, ১২৮ পৃষ্ঠায় টেবল সেভেন পয়েন্ট টু-তে, ১৯৭৬-৭৭ সালে অর্থাৎ কংগ্রেস আমলের শেষ বছরে বিদ্যুৎ চালিত গভীর নলকূপ বিভিন্ন গ্রামে বসানো হয়েছিল ১৯৫টি, সেই জায়গায় বামফ্রন্ট সরকার ১৯৮০ সালের মার্চ মাসে পর্যন্ত অর্থাৎ তিন বছরে বসিয়েছে বিদ্যুৎ চালিত গভীর নলকূপ ২১৪টি, অ্যাভারেজ ধরলে ৭১টি, ওয়ারস পারফরমেন্স, ওদের থেকে ও ওয়ারস, দ্বিতীয়ত, বিদ্যুৎ চালিত অগভীর নলকূপ কংগ্রেস আমলে ১৯৭৬-৭৭ সালে, তাদের লাস্ট ইয়ারে এক বছরে গ্রামবাংলায়

বসিয়েছিল ৬,৮২৬, আর বামফ্রন্ট সরকার তিন বছরে ১৯৮০ সালের মার্চ পর্যন্ত বসিয়েছে ৬৬১০টি মাত্র অগভীর নলকূপ। কংগ্রেস এক বছরে যা বসিয়েছে এরা তিন বছরেও তা করতে পারেননি। স্বাস্থ্য কেন্দ্র ব্যাপারে ১৯৭৬-৭৭ সালে এক বছরে কংগ্রেস ৪৮টি স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুৎ পৌঁছে দিয়েছিল, আর বামফ্রন্ট সরকার ১৯৮০ সালে মার্চ মাস পর্যন্ত ৩ বছরে মাত্র ১৮টি স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুত পৌঁছে দিয়েছে অবস্থাটা দেখুন। আদিবাসী গ্রামে, হরিজন গ্রামে ১৯৭৬-৭৭ সালে কংগ্রেস এক বছরে যেখানে ১২টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছিল সেখানে এরা ১৯৮০ সালের মার্চ মাস পর্যন্ত তিন বছরে ২২টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন অর্থাৎ অ্যাভারেজে বছরে ৭টি গ্রামে। তাহলে দেখুন তাদেরই দেওয়া পরিসংখ্যান অনুযায়ী কংগ্রেসের পারফরমেন্স চেয়ে অনেক ওয়ারস, তাহলে হাউ ক্যান ইউ ক্লেইম আগের তুলনায় অবস্থার উন্নতি হয়েছে? দ্বিতীয়ত, আজকে বিদ্যুতের অভাবের দরুন ক্ষুদ্র সেচ প্রকল্প উঠে যেতে বসেছে। আজকে মার্চ মাসে কি অবস্থা, গ্রামবাংলায় গভীর নলকূপগুলি বিদ্যুতের অভাবে অচল, গভীর নলকূপগুলি বিদ্যুতের অভাবে অচল, রিভারলিফট পাম্প অচল, ফলে মার্চ মাসে ৭ লক্ষ একর জমিতে বোর ধানের চারা নষ্ট হয়ে গেছে। ভেবে দেখুন এর ফিনান্সিয়াল ইমপ্লিকেশন কি। ৭ লক্ষ টন বোর চাল যেখানে উৎপন্ন হতে পারত, সেটা হল না, কোথায় গিয়ে দাঁড়াচ্ছে, এটা কি বিদ্যুত ঘাটতি বলা উচিত, ক্ষুদ্র সেচ প্রকল্প মুর্শিদাবাদ নদীয়া এবং হুগলিতে তিনটি জেলায় মারাত্মক অবস্থা, এ ছাড়া ২৪ পরগনার কিয়দংশ, বীরভূম, মেদিনীপুরে সমস্ত ক্ষুদ্র সেচ প্রকল্প-র শোচনীয় অবস্থা। আজকে সেখানে সেখানে গভীর নলকূপগুলি বহু ক্ষেত্রে লো-ভোল্টেজের জন্য পাম্প নষ্ট হয়ে যাচ্ছে, এভাবে লক্ষ লক্ষ টাকার জিনিস নষ্ট হয়ে যাচ্ছে। শুধু তাই নয় আজকে চাষী গ্রামবাংলায় বোর চাষের জন্য কর দিচ্ছে এবং সরকার তাদের সঙ্গে চুক্তিবদ্ধ যে প্রয়োজনবোধে বোর চাষের জন্য তাদের জল দেবে কিন্তু তাদের সেই জল দিতে পারছেন না। সুতরাং সরকার কি চুক্তি ভঙ্গের অপরাধে অপরাধী নয়? এই যে চাষের ক্ষতি হচ্ছে তার জন্য কি তারা ক্ষতিপূরণ করবেন? আজকে এই পরিস্থিতিতে এসেছেন। আজকে বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলার ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প নিয়ন্ত্রিত হচ্ছে—৬টা থেকে ১০টা পর্যন্ত বিদ্যুত নিয়ন্ত্রণ, এর ফলে সমস্ত শিল্প আজকে উঠে যেতে বসেছে।

আমাদের হোসিয়ারি শিল্প একেবারে অন্তিম অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে এই বিদ্যুৎ সংকটের জন্য। এই অবদান আজকে ওনারা আমাদের দেশকে দিয়েছেন। প্রশাসনিক ব্যর্থতার কথা বলি। এই সাঁওতালদিতে কি রকম জিনিস চলেছে। সেখানে চূড়ান্ত দলীয় পৃষ্ঠপোষকতা ইউনিয়নবাজি দলবাজি চলেছে। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন আমাদের বিদ্যুৎ মন্ত্রী নিজে ১৬ই মার্চ তারিখে একটি লিখিত প্রশ্নের জবাবে বলেছেন এই বিধানসভায় যে সাঁওতালদিতে শ্রমিকদের বেতন বাবদ মাসিক খরচ হয় ১২ লক্ষ ৩০ হাজার টাকা আর ওভারটাইম বাবদ খরচ হয় ৬ লক্ষ ৬০ হাজার টাকা। কি বিপুল পরিমাণ টাকা ওভারটাইমে ব্যয় হয়। অথচ নূতন লোক নিয়োগ করা হচ্ছে না। এইভাবে এফিসিয়েন্সি নিশ্চয় কমে যাচ্ছে উৎপাদন ব্যাহত হচ্ছে। সেখানে সত্যিকারের কাজের লোককে কাজ করতে দেওয়া হচ্ছে না। নিজেদের দলের লোকদের রাখা হচ্ছে। এই জিনিসের প্রতিবাদ করলে শ্রমিক কর্মচারিদের উপর প্রচন্ড আক্রমণ নেমে আসে। এইজন্য সাঁওতালদি আজকে একটা জেলখানায়

পরিণত হয়েছে। ১,৬০০ কর্মীর উপর স্টেট আর্মড ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স সি. আর. পি. বিশ্বকর্মা ব্যাটেলিয়ান ফোর্স নামানো হয়েছে। সেখানে শ্রমিকদের বিকল্প কাজ করানো হচ্ছে। আর বিশ্বকর্মা ব্যাটেলিয়ান ফোর্সকে দিয়ে কাজ করানো হচ্ছে। যে শ্রমিকরা দিনে ৫০/৬০ ওয়াগন আনলোড করতে পারত সেখানে ঐ বিশ্বকর্মা ব্যাটেলিয়ান ফোর্স দিনে ১০-এর বেশি কয়লা তুলতে পারছে না। এর ফলে বেশি টাকা খরচ, হচ্ছে অপব্যয় হচ্ছে। এইভাবে এই প্রকল্পে অপব্যয় হচ্ছে। আজকে বিদ্যুৎ মন্ত্রী তার ভাষণে যে বক্তব্য রেখেছেন তা আমি সমর্থন করতে পারছি না, এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। এবং সমর্থন করতে উঠে আমাকে কয়েকটি কথা বলতে হবে, বিশেষ করে বিরোধীদলের বক্তা ভোলানাথ সেন যেসব কথা বললেন তার কিছু উত্তর দিয়েই আমি প্রথমে শুরু করছি। উনি ব্যবসায়ী হিসাবে ব্যারেস্টার, উনি কার পক্ষে দাঁড়াবেন—যে কোন লোকের পক্ষে দাঁড়াতে পারেন ডিফেন্সলেস অফিসারের বিরুদ্ধে দাঁড়াতে পারেন আবার পক্ষেও দাঁড়াতে পারেন। উনি লুথার সাহেবের পক্ষে কথা বলেছেন। কথা শুনে মনে হল মিঃ লুথারকে ডিফেন্স করেছেন। বাংলা ভাষায় একটা কথা আছে শালুক চিনেছে গোপাল ঠাকুর। এই ব্যাপারে ঠিক তাই-ই দেখলাম—গোপাল ঠাকুর ঠিক চিনেছেন। তিনি নাকি ডি. ভি. সি.-র খুব উন্নতি করেছে উনি খুব প্রতিভাসম্পন্ন ব্যক্তি।

[5-40 — 5-50 p.m.]

৮০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছেন তিনি, কোনকালে হয়নি, এত যোগ্য অফিসার। এর আগে এই কথা উঠেছে ইরিগেশন বাজেটের সময়, আজকে উনি তো উল্টোভাবে আমাদের সরকারকে দায়ী করলেন, আমরা নাকি কারেন্ট স্ট্যাটিসটিক্স দিইনি। ইনট্রোডাকশনে সমস্ত বলা আছে, কোনগুলো দেওয়া যায়, কোনগুলো দেওয়া যায় না, এই সব তো উনি দেখবেন না। কিন্তু এই যে লুথার সাহেব, যা পশ্চিমবাংলার বিধানসভায় হয়নি যে একটা স্ট্যাচুটারি রেসপনসিবিলিটি তাদের। Damodar Valley Corporation presents annual report for the year 1978-79 in terms of section 45 of the Damodar Valley Corporation Act. প্রায় প্রত্যেক বছর বাজেটের সময় এই কাগজ দিয়েছেন, তা নাহলে বুঝব 'কি করে, কি করেছে তারা এবং আগে কি হয়েছে। কোথায় পেলেন এই সব কথা? এটা তো আমরা পাইনি এবার? এটা গুরুতর ব্রিচ অব প্রিভিলেজ হচ্ছে। আমি তুলেছি, এই কথা তিনি বলেছেন। এখানেও যেটুকু আমরা দেখেছি, এখানে যে চার্ট আছে এই পুরানো বইতে, ডি. ভি. সি.-র উৎপাদন, যেটাকে আমরা জেনারেশনের অ্যাকচুয়াল বেস ধরি, সেখানে দেখা যাচ্ছে, চন্দ্রপুরা থার্মাল পাওয়ার, বোকারো থার্মাল পাওয়ার মোটামুটি একটা জায়গায় আছে, দুর্গাপুরে শুধু কম বেশি আছে। চার্ট আমার কাছে আছে, ভোলাবাবু দেখতে পারেন। কোথাও ১৯/২০ দেখাতে পারবেন না। ৮০০ মেগাওয়াট উৎপাদন বৃদ্ধি করে লুথার সাহেব এমন কিছু বড় কাজ করেননি। যা ঘটনা ঘটেছে, সেটা একটু অন্তর্নিহিত ব্যাপার। সেটা একটু বুঝতে হবে এবং এটা যে ইতিপূর্বে হয়েছে এবং হচ্ছে, সেটা আমাদের বাজেটে পাওয়া যায়। ১৯৮০-৮১ সালে আমাদের সেচমন্ত্রী যে কথা বলেছিলেন, আমি বলি

সেটা উনি বলেছিলেন, The capacity of the D.V.C. power generating units being 1421 megawatts notwithstanding this year power generation is expected to rise to about 980 megawatts. এটা হচ্ছে ১৯৮০-৮১ সালে আমাদের সেচমন্ত্রী প্রভাস চন্দ্র রায় মহাশয়ের বাজেট বক্তৃতার ৯৮০ মেগাওয়াট হয়েছে অ্যাডমিট করেছেন এটা। তারপর অ্যানুয়াল রিপোর্ট আগেকারগুলো যদি ধরা যায় তাহলে সেখানে আমরা পাচ্ছি—১৯৭৫-৭৬ সালের রিপোর্টে ওরা বলেছেন, generation of power exceeded the target for the year not only was unrestricted supply of power maintained to the D.V.C. consumers but etc. প্রভাবশালী লুথার সাহেব এসেছেন বলে হচ্ছে, এটা সত্য কথা নয়। ১৯৭৮-৭৯ সালে আমরা বেশি পাচ্ছি, কেন বেশি পাচ্ছি, সেই ব্যাপারে আসছি। ১৯৭৮-৭৯ সালে অ্যানুয়াল রিপোর্টে ওরা বলছেন, The Corporation achieved record generation of power this year etc. বেশি পড়ার দরকার নেই, তাহলে এখন বিচার্য্য বিষয় হচ্ছে এই, উনি কি বিরাট একটা কিছু করেছেন? ১৪২১ যেখানে ইনস্টলড্ ক্যাপাসিটি, এই কয় মাসে তিনি দেখাতে পারবেন, Is there any figure, any, statistics to prove. যে বিষয়ে উনি অ্যাভেলেবিলিটি বাড়াতে পেরেছেন, রিলেটিভলি? নিয়ে আসুন তো দেখি সেই ফিগারটা? কেন হলো এটা তাহলে? ৯৫ মেগাওয়াট অ্যাজ পার কন্ট্রাক্ট পাচ্ছি, ওখানে একজন বললেন, আরও নাকি দিতে চাইছেন, আমরা নাকি এত অপদার্থ যে নিতে পারছি না। ডি. ভি. সি.-র পাওয়ার হরির লুঠের মতো বিলোন পাওয়ার নয়। পার্মিশন অব দি গভর্নমেন্ট, সেটা আছে এবং সেটা অ্যাকর্ডিং টু টার্মস অ্যাণ্ড কন্ট্রাক্ট, সেই বিদ্যুৎ বিলি হয়। পার্সেন্টেজ বলা আছে। এত পার্সেন্টেজ বিদ্যুৎ উৎপাদন হলে, এই পারসেন্টেজ পশ্চিমবঙ্গ পাবে। আমরা সেটা পাচ্ছিলাম না এবং সেটা না পাবার ফলে আজকে আমাদের আন্দোলন হচ্ছে, আমাদের সরকারের তরফ থেকে আমরা যে আন্দোলন করেছি, তার সামনা সামনি আর একটা ঘটনা এসে গেল। ডি. ভি. সি.-র ভিতর শ্রমিক এবং কর্মচারিদের সঙ্গে ঐ লুথার সাহেবের। ২০ হাজার লোক যেখানে কাজ করে—অদ্ভুত থিয়োরী, উনি বললেন যে লুথার সাহেব সব করে দিচ্ছেন। ২০ হাজার শ্রমিক এবং কর্মচারিরা যদি সহযোগিতা না করে, একজন লুথার সাহেব যদি করেন তাহলে সারা ভারতবর্ষে ঐ রকম কয়েক ডজন লুথার সাহেব বসালে তো বিদ্যুৎ সমস্যা সারা ভারতবর্ষে আর থাকবে না। ওকে নিয়ে যান না, নিয়ে গিয়ে দিল্লিতে বসান না। ঐ কাপুর সাহেবের জায়গায়? বিদ্যুৎ সচিব করে বসিয়ে দিন। এত সহজ ব্যাপার নয়। কাজে কাজেই বোঝা দরকার যে কেন এটা হল। সেটা আমি একটু বলতে চাই।

ডাইভারসান অব পাওয়ার করা হচ্ছে নিশ্চয়। কারণ উনি ফিগারটা জানেন না, উনি কম ফিগার দিলেন। আজকে জেনারেশন হচ্ছে, আমরা পাচ্ছি কেন? হোয়ার ইজ দি রুট? আমরা বিষয়টি তুলেছিলাম, মুখ্যমন্ত্রীকে বলেছিলাম। ২০ তারিখে অ্যাসেম্বলিতে প্রথম ডি. ভি. সি. পাওয়ার নিয়ে কোয়েশ্চেন উঠেছিল। তারপর পাওয়ার সিচুয়েশন ইমপ্রুভ করেছে। ১৮/১৯/২০ এইভাবে বাড়তে শুরু করেছে এবং সেই ইমপ্রুভমেন্ট এখনো বজায় আছে। এর মাঝখানে একটি ঘটনা ঘটে গেছে। এখানে মিনিস্টার, বড় বড় অফিসারদের পাওয়ার নিয়ে একটা কনফারেন্স হয়ে গেল। সেখানে বিদ্যুৎ সচিব কাপুর সাহেবও এসেছিলেন। কাপুর সাহেব প্রেস কনফারেন্সে বক্তৃতা দেন। সেই কনফারেন্সে পশ্চিমবাংলার প্রেস করেসপনডেন্টরা চেপে

ধরেছিলেন, "বিদ্যুৎ দেবার ব্যাপারে কি কোনও কন্ট্রাক্ট আছে, যেটা মানতে হবে?" সেখানে কাপুর সাহেব যা বলেছিলেন সেটা আমি পড়ে দিচ্ছি, আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। এক প্রশ্নের জবাবে তিনি স্বীকার করেন—সি. ই. এস. সি.-র সঙ্গে ডি. ভি. সি.-র চুক্তিমতো দৈনিক ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দেওয়াটা আবশ্যিক—স্যাল হ্যাভ টু গিভ—যে সময় বাড়ে নভেম্বর, ডিসেম্বর মাস, ডি. ভি. সি. ভাল কাজ করেছে তখনও দৈনিক গড়ে ২৭ থেকে ৩০ মেগাওয়াটের বেশি দিতে পারেনি—সেখানে তিনি বলছেন স্যাল হ্যাভ টু গিভ। ঐখানে বিদ্যুৎ সচিব আসল কথা দিয়েছিলেন বলে, অন্যদিকে শ্রমিক কর্মচারিদের আন্দোলনের ঘটনা বেড়েছে বলে সেটার মোকাবিলা করতে গিয়ে আজকে হয়ত পাওয়ার ডিস্ট্রিবিউশন এমনভাবে করেছেন যাতে করে আমাদের ভাগটা আমরা পাচ্ছি। তার মানে এই নয় যে এই মহান প্রতিভা সম্পন্ন ব্যক্তি ডি. ভি. সি.-র ২০ হাজার শ্রমিক কর্মচারী সংস্থাকে এমনভাবে পরিচালিত করতে পারেন যাতে করে ইনস্টলড ক্যাপাসিটির কাছাকাছি যাবে—এটা সম্ভবপর নয়। কাজেই এটা নিয়ে খুব বড় গলায় ওকালতি করার কিছু আছে বলে মনে হয় না। যেটা হয়েছে সেটা কাকতালিয় বলে মনে হয়েছে। তারজন্য এটাকে ডিফেন্স দেবার কিছু আছে বলে মনে হয় না। এটা কেউ মানবে না। এইরকম লুথার সাহেব এসে এত বড় বড় সংস্থাকে ঠিক করে দেবেন, শ্রমিক কর্মচারিদের সহযোগিতা ছাড়া এটা মেনে নেওয়া যাচ্ছে না। বাস্তব জমির উপর দাঁড়িয়ে তিনি কথা বলছেন না এটা পরিষ্কার ভাষায় বলতে হবে। ভোলাবাবুর বক্তৃতা শুনলাম। তিনি কিন্তু আসল কথায় গেলেন না। প্রবলেমটা কোথায়? আমাদের জেনারেশন একেবারে ফার্স্ট প্ল্যান পিরিয়ড যে স্পিডে হওয়া উচিত ছিল—কুইক পেসে হওয়া উচিত ছিল, তা হয়নি। তা হওয়া তো দূরের কথা, এত স্লো পেসে আমাদের জেনারেশন বেড়েছে, যার ফলে আমরা কোনও কিছুই ব্যবস্থা করতে পারিনি। কাজেই প্রথম কথা হচ্ছে কুইকার পেসে জেনারেল ইনস্টলড ক্যাপাসিটি বাড়াতে হবে। আর একদিকে ইনস্টল্ড ক্যাপাসিটি যা আছে অ্যাভেলে-ভেলিবিটি যেন সেইরকম হয়। ইনস্টল্ড ক্যাপাসিটি আছে, কিন্তু অ্যাভেলেভেলিবিটি এত নিচে নেমে গেছে যে গ্যাপ পূরণ করা যাচ্ছে না, গ্যাপ ক্রমাগত বেড়ে যাচ্ছে। তার ফলে প্ল্যানিং সাকসেসফুল হতে পারে না। আমরা এখন ৬ নং প্ল্যানে আছি, ৭ম প্ল্যান কাছেই আছে। এই ৬ষ্ঠ প্ল্যানে আমাদের বিদ্যুৎ নিয়ে যদি কিছু করতে হয় তাহলে সেটা এখনই করতে হবে। কিন্তু ভোলাবাবু তো সে বিষয়ে একটি কথা বললেন না। স্টেটসম্যান পত্রিকায় কয়েকদিন আগে বেরিয়েছিল, "স্টেটস প্রোপোজাল অন থার্মাল প্রোজেক্টস রিজেকটেড"—ব্যাণ্ডেলে একটা চেয়েছি, সাঁওতালদিতে ২ চেয়েছি, ইসলামপুরে একটি চেয়েছি, সেটা রিজেক্ট করে দিয়েছেন।

[5-50 — 6-00 p.m.]

এটা কি ভাল কাজ হয়েছে? ভাল কাজ হচ্ছে? ভাল কাজ হবে? আজকে পজিশনটা কি? সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির যিনি চেয়ারম্যান মিঃ এস. এস. রায় তিনি কি বলেছেন কনফারেন্সে এসে, কাপুর সাহেব কি বলেছেন? তিনি বলেছেন, ১৯৮৫ সালে আর পশ্চিমবাংলায় বা পূর্বাঞ্চলে বিদ্যুৎ ঘাটতি থাকবে না। ঐ চেয়ারম্যান সাহেব, তিনি বললেন, ষষ্ঠ যোজনার শেষে পশ্চিমবঙ্গের মোট উৎপাদন ক্ষমতা বেড়ে দাঁড়াবে ২ হাজার ৯৫৪ মেগাওয়াটে। এরমধ্যে ১৬০০ মেগাওয়াট অন্তত উৎপন্ন হওয়া উচিত। এই সময় পশ্চিমবঙ্গে

দৈনিক গড় চাহিদা হবে ১৫৪০ মেগাওয়াট। কিন্তু আমাদের ইঞ্জিনিয়াররা একথা মানেন না বা স্বীকার করেন না। স্টেটসম্যানে যে খবর বেরিয়েছিল তাতে আমাদের ইঞ্জিনিয়াররা যে কথা বলেছেন সেটা পরিষ্কার করে দেওয়া হয়েছে। সেখানে বলা হচ্ছে, Engineer of the Board estimated that the demand would reach 2000 megawatt all over the State. Calcutta area alone requiring around 100 megawatt by the end of 1985. But the supply of power would not be more than 1400 megawatt assuming that all ongoing projects would be completed by that time. এই হচ্ছে পরিস্থিতি। আজকে সেখানে ইন অ্যাডভান্স যে পরিকল্পনাগুলি রাজ্য সরকার নিচ্ছেন আমাদের সেই ইনস্টলড ক্যাপাসিটি উইকার স্পেসে বাড়িয়ে যেতে হবে, তা না হলে শুধু গালাগালি করে সমস্যার সমাধান করা সম্ভব হবে না। পাওয়ার স্টেশন যেটা করা হচ্ছে তার সমালোচনায় তো ওরা একেবারে পঞ্চমুখ। সুনীতিবাবু বললেন, খুব খারাপ কাজ হয়েছে, ভোলাবাবুও তাই বললেন। সরলবাবু হিসাব দিয়েছেন, আমার কাছেও হিসাব আছে যে ১১ বছর প্রাক্তন সরকার কতটা বাড়িয়েছিলেন আর আমরা কি করেছি। ১১ বছরে ওরা পশ্চিমবঙ্গে ৩৮২ মতন করলেন আর আমরা খুব খারাপ কাজ করলাম, দু বছরে ১০০ মেগাওয়াট বাড়িয়ে—ইনস্টলড ক্যাপাসিটি। খুব খারাপ কাজ হয়েছে নিশ্চয় তার কারণ আমরা ১১ বছরে ৩৮২-র বেশি যেতে পারলাম না আর ওরা দু বছরে ১০০ মেগাওয়াট বাড়িয়ে দিলেন। তাছাড়া যে সময় এই ৩৮২-র মেগাওয়াট অ্যাচিভ করা হল এই পশ্চিমবাংলায় সেই সময় সারা ভারতবর্ষে কি কাণ্ডটা হয়েছে? এই যে বলা হয় এইচ. এম. প্যাটেল দয়া করে দেয় বা লুথার সাহেব করে দেয় আমি বলব, এটা খুব ভুল ধারণা, এইভাবে ভাবা উচিত নয়। It is not because of H. M. Patel but because of policy of the Central Government আজকে যেভাবে ইস্টার্ন সেক্টারকে স্টার্ভ করা হচ্ছে, যদি এই মূল নীতির পরিবর্তন না হয় এবং যদি ইনস্টলড ক্যাপাসিটি উইকার স্পেসে বাড়াবার ব্যবস্থায় তারা এখনও বাধা হয়ে দাঁড়ায় তাহলে কিছুই হবে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলতে পারবেন, তিনি ঐ কনফারেন্সে ছিলেন, কাগজে যা রিপোর্ট দেখেছি তাতে দেখেছি তিনিও অবাক হয়ে গিয়েছেন যে এইরকম টল প্রমিসেস—কি ব্যাপার? কাগজে দেখেছি, তিনি বলেছেন, ঠিক আছে আপনারা ঢালোয়া প্রতিশ্রুতি দিচ্ছেন, দিন, আমি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে মিটিং-এ এটা বাড়িয়ে নেব। গনিখান চৌধুরি মহাশয় বললেন, কোনও চিন্তা নেই, সব ঠিক হয়ে যাবে। তারপর দেখা গেল যদি টেকনিক্যাল ক্লিয়ারেন্সও হয় তাহলেও হবে না। শুধু আমি বলছি না, সংবাদপত্রগুলিতে একথা লেখা হয়েছে, অনেকেই প্রকাশ্যে একথা বলছেন যে আগের মতই অন পলিটিক্যাল কনসিডারেশন ইস্টার্ন সেক্টারকে এইরকমভাবে স্টার্ভ করানো হচ্ছে। স্টেটসম্যান পত্রিকাতেও সেকথা বলা হয়েছে যে যদিও তারা বলছেন অন টেকনিক্যাল গ্রাউন্ড রিজেক্ট করা হয়েছে কিন্তু আসলে তা নয়, এটা পলিটিক্যাল কন্সিডারেশন থেকে করা হয়েছে।

উনি বললেন যে, এইচ. এম. প্যাটেল করেছেন, কিন্তু এইচ. এম. প্যাটেল করেননি। যেভাবে বেড়েছে, অত্যন্ত আশ্চর্যজনকভাবে বেড়েছে। আমি এ কথা বলছি না যে গনিখান চৌধুরি মন্ত্রী ছিলেন বা ওরা তখন কংগ্রেসে থেকে রাজত্ব চালাচ্ছিলেন, কাজেই পুরো দোষটা ওদের। দোষটা কেন্দ্রীয় সরকারের সমধিক পরিমাণে ছিল। কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ

আচরণ করেছিলেন বলে, অন্যান্য অঞ্চলের দিকে বেশি দেখেছিলেন বলে আমাদের দিকে দেখেননি বলে আজকে এই অবস্থা হয়েছে। যেখানে গুজরাট ৭১০ মেগাওয়াট, সেখানে আমরা পেলাম ৩৮৯ মেগাওয়াট এবং সেই সময়ে মহারাষ্ট্র ১১৭৫ মেগাওয়াট। এটা কি এইচ. এম. প্যাটেল করেছিলেন? দিল্লি যদি ক্লিয়ারেন্স না দেয় তাহলে আর উই প্রসিড উইথ এনি প্রোজেক্ট? এটা কি করে হবে আমি বুঝতে পারছি না। আমরা যদি টাকা ঢেলে দিই, যদি ক্লিয়ারেন্স তারা না দেন, যদি যেকোনও ছুঁতোয় প্রিটেকস্টে চেপে ধরেন তাহলে হাউ ক্যান উই প্রোসিড? এটা কোনও লুকাবার ব্যাপার নয়, এগুলিইতো বেসিক কথা। হাউ টু জেনারেট মোর পাওয়ার? অ্যাভেলএ্যাবিলিটি কি করে বাড়াতে হবে এবং দেখতে হবে কি করে ইনস্টল ক্যাপাসিটি বাড়ানো যায়। এইসব বিষয়ে ভোলাবাবু একটা কথাও বললেন না। সিক্সথ প্ল্যান স্কীমেও নেওয়া হচ্ছে না, একথা তিনি বললেন না। এটা আজকের কথা নয়, আমরা ফার্স্ট প্লানেও মার খেয়েছি, সেকেন্ড প্ল্যানেও মার খেয়েছি, থার্ড প্ল্যানেও মার খেয়েছি, ফোর্থ প্ল্যানও মার খেয়েছি, ফিফথ প্ল্যানেও মার খেয়েছি। প্রত্যেকটি প্ল্যানে মারা হয়েছে এবং সেদিন ওরা সেকথা বলেননি। আজকে জ্যোতিবাবু সেকথা বলেছেন, অশোকবাবু সে কথা বলেছেন, আমরা সেকথা বলছি কারণ মুখ বুজে মেনে নিতে আমরা রাজি নই। এইখানে তাদের সঙ্গে আমাদের তফাৎ। জানি না এর ফল কি হবে। এই অসহায় জায়গাটা যদি আমরা ধরতে না পারি এবং এখানে যদি বিচার না পাই তাহলে শুধু এই অফিসারকে, ঐ অফিসারকে গাল দিয়ে বা টিংকারিং করে, কখনও লুথারকে বড় করে, কখনও আর একজনকে বড় করে দিলাম, এটা কোনও প্রবলেম নয়, এই সব করে কিছু করা যাবে না। আজকে এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, বিদ্যুৎ মন্ত্রীকে একথা বলব যে বেসিক প্রবলেম, সেই বেসিক প্রবলেমের দিকে নজর দিতে হবে। যদিও আমরা জানি যে এই বেসিক প্রবলেমের দিকে নজর দেওয়া বড় কঠিন কাজ। আমি ঘাটতি সম্পর্কে একটা কথা বলব। আমাদের ঘাটতি কি ভাবে আসছে? আজকে প্ল্যানের ঘাটতি যদি দেখি বিদ্যুতের উৎপাদনের ক্ষেত্রে তাহলে অবাক হতে হবে। প্রথম প্ল্যানে ঘাটতি ছিল ১৩ লক্ষ কিলো ওয়াট। দ্বিতীয় প্ল্যানে ঘাটতি ১১ লক্ষ কিলো ওয়াট। তৃতীয় প্ল্যানে সেই ঘাটতি হল ২৫ লক্ষ কিলো ওয়াট এবং চতুর্থ যে প্ল্যান, সেই প্ল্যানে সারা ভারতবর্ষকে অন্ধকারের মধ্যে নিয়ে গেছে, ৫০ পারসেন্ট টার্গেটও অ্যাচিভ করতে পারেনি এবং সেই ফোর্থ প্ল্যান থেকে আমরা লোডশেডিংয়ে ডুবেছি, সারা ভারতবর্ষ ডুবেছে, একথা ঠিক নয়। যদি বাইরে কোনও জায়গায় যান তাহলে দেখবেন যে সমস্ত জায়গায় লোডশেডিং আছে, কোথাও কম, কোথাও বেশি কিন্তু লোডশেডিং ছাড়া কোনও স্টেট নেই। যদি বলেন যে আছে তাহলে সেটা সম্পূর্ণ অসত্য কথা বলবেন। সত্যি কথা হচ্ছে যে যদি টোটাল প্ল্যানিংয়ের এই অবস্থা হয় ফোর্থ প্ল্যানে ঘাটতি হল ৪৯ লক্ষ কিলো ওয়াট, অর্থাৎ সেখানে ৫০ পারসেন্টও অ্যাচিভ করতে পারেনি। এই অবস্থায় যদি সারা দেশ অন্ধকারে ডুবে যায় তাহলে স্কোপ গোট খুঁজে বার করে সেই সমস্যার সমাধান হবে না। এই কথা বিরোধী দলের নেতা এবং গোটা বিরোধী দলকে স্মরণ করিয়ে দিয়ে, এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি প্রসঙ্গক্রমে মাননীয়

মুখ্যমন্ত্রীকে একটা স্পষ্ট প্রশ্ন করেছিলাম যে, পশ্চিমবাংলার বিদ্যুৎ বেহালের জন্য, লোডশেডিং-এর জন্য, বিদ্যুতের ঘাটতির জন্য আপনি কি পূর্বতন কংগ্রেস সরকারকে দায়ী করেন? তিনি প্রসঙ্গক্রমে বলেছেন, আমি কখনও একথা বলিনি। কিন্তু সরকার পক্ষের সদস্য প্রবীর সেনগুপ্ত বললেন, এরজন্য একমাত্র কংগ্রেস সরকারই দায়ী। বিদ্যুৎ সংকটের জন্য দায়ী মন্ত্রীর সঙ্গে তার দলের যদি এরকম তফাৎ হয় তাহলে সেই দলকে আর সমালোচনা করা যায় না। স্যার, এরা প্রসঙ্গক্রমে দাবি করেছেন গ্রামের উন্নতির জন্য এরা এদের ব্যয়ের শতকরা ৭০ ভাগ ব্যয় করেন। মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি কারণ তিনি তার বক্তব্যের ১৩ প্যারাতে একটা সত্য কথা বলেছেন। তিনি বলেছেন, ১৯৮১ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১১ হাজার ৪৯টি মৌজায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা হয়েছে। আমরা এখন ষষ্ঠ প্ল্যানে দাঁড়িয়ে আছি—উই আর অন দি সিক্সথ প্ল্যান। তা যদি হয় তাহলে সেন্ট পারসেন্ট ভিলেজ ইলেক্ট্রিফিকেশনে আমাদের কতদিন লাগবে। সেই সরাসরি প্রশ্নটি আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। আমরা শুনি গ্রামের লোক যারা মুখ্যমন্ত্রীকে ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছে, লেফট ফ্রন্টকে ক্ষমতায় বসিয়েছে তাদের প্রতি এরা নাকি খুব উদার। কিন্তু গতকালই শুনলাম এ পর্যন্ত তারা নাকি ১২ হাজার দিয়েছেন এবং কলকাতায় ৩০ হাজার কানেকশন দিয়েছেন। এদের দাবি হচ্ছে ৯০ হাজার। আমি এখানে সরাসরি প্রশ্ন করি, তাদের এই দাবি মেটাতে তাহলে কতদিন লাগবে? বিদ্যুতের ৪টি অ্যাস্পেক্টস আছে এবং তার মধ্যে মেইন হচ্ছে জেনারেশন এবং ইনস্টল্ড ক্যাপাসিটি। ইকনমিক রিভিউর টেবেল নং ৭৪-এ আপনি যে ফিরিস্তি দিয়েছেন তাতে দেখছি টিটাগড় ফাইনাল হয়নি। তাহলে আপনি বলুন আদার দ্যান গ্যাস টার্বাইন অ্যান্ড টিটাগর আপনার নিউ অ্যাডিশন কোথায়? আমি তো দেখছি এর সবগুলি কংগ্রেস আমলে স্বীকৃত, অনুমোদিত, আলোচিত। এই প্রকল্পে আপনি নূতন সংযোজন করতে ব্যর্থ হয়েছেন। আপনি জোর দিয়েছেন অদূর ভবিষ্যতে আপনার সাড়ে তিন হাজার মেগাওয়াট বিদ্যুৎ লাগবে। জেনারেশনের সেই প্ল্যান আপনার কোথায়? তারপর, ন্যাশনাল ইলেক্ট্রিক গ্রিড যেটা কেন্দ্রীয় সরকার করবে বলছেন সেখানে পশ্চিমবাংলার অংশ কি হবে, পাওনা কি হবে সে সম্পর্কে আপনি কিন্তু নীরব। আপনাদের অত্যন্ত প্রিয়, পেয়ারের, আদরের জায়গা উত্তরবঙ্গ সম্পর্কে দেখলাম একটা লাইনেই সব সেরে দিলেন। আমরা উত্তরবঙ্গের জন্য একটা প্রকল্প চেয়েছিলাম, আপনারা দেননি। আমরা জানি ১ পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল বলে অতীতে আপনারা অনেকগুলো ট্রাম পুড়িয়েছিলেন। কিন্তু এই উত্তরবঙ্গ যেখানে সেভেনটিন পারসেন্ট অব দি পপুলেশন বাস করে সেখানে বলছেন জল ঢাকা পলি দিয়ে নষ্ট হয়ে যাচ্ছে, জেনারেশন বাড়ছে না।

শিলিগুড়িতে গ্যাস টার্বাইন বসিয়েছেন কিন্তু তার অবস্থার কোনও উন্নতি হয়নি। তারপর, কৃষি দপ্তর থেকে ফার্ম ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে বোরো চাষ যেন ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল এরিয়ায় না করে কারণ জেনারেশন নেই, ট্রান্সমিশন নেই, সাপ্লাই নেই। অর্থাৎ দেখা যাচ্ছে ডিপ এবং শ্যালো টিউবওয়েল এরিয়ায় বোরো চাষ বন্ধ। উত্তরবঙ্গ যেখানে কোনও ইন্ডাস্ট্রি নেই, যেখানকার লোক মূলত কৃষির উপর নির্ভরশীল সেখানে যদি আপনারা এই এমবার্গো চাপান তাহলে সেখানকার অবস্থা কি হবে? ওয়ানথার্টি কে. ভি. লাইন মালদহ পর্যন্ত সম্প্রসারিত হয়েছে এবং আপনি আশা করছেন এটা ডালখোলা পর্যন্ত

সম্প্রসারিত হবে। কিন্তু তার বেনিফিট উত্তরবঙ্গবাসী কি পাচ্ছে? আমরা আপনার কাছে একটা ইউনিট চেয়েছিলাম যেটা নিয়ে আমাদের আমল থেকে কথা হচ্ছিল। তখন প্ল্যানিং মিনিস্টার মারা গেলেন, কিন্তু তার প্রতিশ্রুতি ছিল ডালখোলায় ১১০ মেগাওয়াটের জেনারেটিং সেট বসবে, একটা থার্মাল প্ল্যান্ট বসবে।

আপনারা তো বিরোধীদের তোয়াক্কা করেন না, কেন্দ্রের এই অবিচারের জন্য—উত্তরবঙ্গ কেন সারা পশ্চিমবাংলার জন্য—দক্ষিণ বঙ্গের কথাও আপনারা ব্যবহার করেছেন—সারা পশ্চিমবাংলার জন্য কেন্দ্রের কাছে রিপ্রেজেন্টেশনের দাবি কেন করলেন না? কেন চুক্তি কি হয়ে গেছে আপনাদের গদি রাখার ব্যাপারে? গদি রাখার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কি সহবস্থান হয়ে গেছে? সুতরাং কেন দাবি করলেন না? উত্তরবঙ্গে বিদ্যুতের যে দাবি ছিল সেটা কি উল্লেখ ছিল? ইসলামপুরে থার্মাল প্ল্যান্ট যেটা চাওয়া হয়েছে সেটা এখনও পাওয়া যায়নি। আপনাদের কথা এবং কাজের মধ্যে দেখছি বিরাটা ফারাক, বিরাট কন্ট্রাডিকশন। আজকে দেখছি এমপ্লয়মেন্টকে সংকুচিত করা হচ্ছে। ১৯৭৭ সালে ৬ লক্ষ থেকে ৭ লক্ষ ছিল রেজিস্টার্ড আন-এমপ্লয়েড। শ্রমমন্ত্রী মহাশয় সেদিন বললেন ২৬ লক্ষ লোক আন-এমপ্লয়েড। আজকে বড় বড় শিল্প যেখানে চাকুরি দিতে পারছে না সেখানে কুটির শিল্পকে প্রাওরিটি দিতে হবে। সেই প্রাওরিটির কথা একবারও বললেন না। আজকে এমপ্লয়মেন্ট পোটেন্সিয়াল বাড়াতে গেলে স্মল স্কেল, কটেজ ইন্ডাস্ট্রিকে প্রাওরিটি দিতে হবে। কিন্তু এই প্রাওরিটি কোথাও দেখতে পাচ্ছি না। আপনি নিজেই বলেছেন ১২০ কিলোমিটারের মতোন তার চুরি হয়ে গেছে। তার চুরি হয়ে যাচ্ছে, ট্রান্সফরমার চুরি হয়ে যাচ্ছে। আপনার নিজের কাছেই তো বিদ্যুৎ দপ্তর আর পুলিশ প্রশাসন সুতরাং কেন এটাকে বন্ধ করতে পারছেন না? পক্ষান্তরে আপনি আস্ফালন করেন, আমাদের লক্ষ লক্ষ মানুষ আছে। সেইসব মানুষদের কো-অপারেশন নিয়ে কেন এইসব চুরি বন্ধ করতে পারছেন না—সেই প্রশ্ন আপনাদের করি। বারবার আপনারা দাবি করেন সব মানুষই আপনাদের সমর্থক সুতরাং এই যে চুরি হচ্ছে ব্যাপকভাবে এই ট্রান্সমিশন আদার দ্যান লিকেজ—এটা কেন বন্ধ হতে পারে না? ডিস্ট্রিবিউশনের ব্যাপারে আমি বারবার বলেছি কেন এটাকে রেশনালাইজ করা যাচ্ছে না? এগ্রিকালচার, কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি যাতে প্রাওরিটি পায় এই আবেদন আমি বারবার করেছি। আপনারা ক্যাপটিভ জেনারেটিং সেট, ডিজেল জেনারেটিং সেট দিয়েছেন। আমি দেখতে পাচ্ছি রেশনালাইজেশন অব ডিস্ট্রিবিউশন আপনাদের আমলে হয়নি। স্মল স্কেল, কটেজ, এগ্রিকালচার, পাম্প, শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এগুলির ক্ষেত্রে মাসের পর মাস দেখতে পাচ্ছি বিদ্যুৎ যাচ্ছে না। কেন্দ্রীয় মন্ত্রী নাকি হুমকি দিয়েছেন এগ্রিকালচার বিদ্যুৎ পাচ্ছে না বলে রুর‍্যাল ইলেক্ট্রিককে কর্পোরেশন কোনও কন্ট্রিবিউশন দেবে না। এই ব্যাপারে সরকার কোনও নির্দেশ পেয়েছেন কিনা জানি না। আপনাদের এই ব্যাপারে কি নীতি তা আমি জানি না। প্রাইভেট সেক্টরে যে ইউনিটগুলি ছিল সেগুলি আপনারা নিয়েছেন, সি. ই. এস. সি.-র সঙ্গে কোলাবোরেশনে গেছেন, ভাল কথা। কিন্তু ডিস্ট্রিবিউশনকে রেশনালাইজ করবেন না কেন? কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিস এগ্রিকালচার কোনও প্রাওরিটি পায়নি। কেন চালের জন্য গমের জন্য কেন্দ্রের মুখাপেক্ষী হতে হবে? কেন পুরো Governnor সম্ভব করতে পারেননি? এই ফার্ম ইনস্ট্রাকশন কেন যায় সেই প্রশ্ন করতে ইচ্ছা হয়?

[6-10 — 6-20 p.m.]

আপনি যদি র‍্যাশনালাইজেশন অব ডিস্ট্রিবিউশন না করতে পারেন তাহলে এই যে অরাজকতা চলছে সেই অরাজকতাই চলবে। আপনাদের সমস্ত সরকারপক্ষের বক্তব্য যা শুনলাম তাতে এখানে এফিসিয়েন্সি জেনারেশন বাড়ছে, অনেকটা সমস্যা মোকাবিলা করেছেন। ডি. ভি. সি. পারফরমেন্ট আগে আমরা আমাদের অভিজ্ঞতায় দেখেছি পশ্চিমবঙ্গ অন্ধকার বঙ্গ ছিল। আজকে জেনারেশন যদি বেড়ে থাকে—আপনারা যেখানে বলেছেন আপনাদের পিক আওয়ার ডিমান্ড ৬০ পারসেন্ট, ১৪০, ২২০ মেগাওয়াট অ্যাডিশন করছে। ডিস্ট্রিবিউশন র‍্যাশনালাইজেশন করলে, যদি আপনারা করেন, বিদ্যুত র‍্যাশেনিং ফার্মাল চালু করেন আপনাকে রিকোয়েস্ট করব ফ্রিজ আফটার সার্টেন আওয়ারস এইসব শৌখিন জিনিসগুলো ব্যবহার না করা হয় তাহলে আমরা লোডশেডিংয়ের জ্বালা থেকে একটু বাঁচব। আপনাকে অনুরোধ করব এই প্রাওরিটি নিশ্চিহ্ন করুন, নিউজ পেপার এসেনসিয়েল, সকালে খবরের কাগজ পড়লে দেখা যায় যে কোনও কোনও জায়গায় ছাপা হয়েছে, আবার কোনও কোনও জায়গায় হয়নি, বলে লোডশেডিংয়ের জন্য এই অবস্থা হয়েছে। হসপিটালে ডাক্তার অপারেশন করছেন, ফ্রিজে যেখানে ভ্যাকসিন থাকে বিদ্যুতের অভাবে সেগুলো চলে যাচ্ছে। এইসবগুলিই ভাইটাল ইনস্টলেশন। ট্রাম লাইনে দাঁড়িয়ে থেকে অনেক সময় দেখা যায় ঐ বিদ্যুতের জন্য ট্রাম সময়ে আসে না। ডিস্ট্রিবিউশন র‍্যাশনালাইজেশন করলে এগুলি বোধহয় হবে না। আপনি একাধারে অসীম ক্ষমতার অধিকার পেয়েছেন, আপনাদের সঙ্গে কংগ্রেস (আই)-য়ের সঙ্গে আপনাদের পীরিত যদি আরও বেশি, আরও ঘন হয় তাহলে অনেক সুযোগ আপনি পাবেন। সে ক্ষেত্রে অনুরোধ করব ফর দি ফিউচার ইয়ার্স ডিমান্ড যা আপনারা এনভিসেজ করেছেন ৩৫০ হাজার মেগাওয়াট ন্যাশনাল গ্রিডের সঙ্গে সম্পর্ক রেখে পশ্চিমবঙ্গের দাবি রেখে একটা ফার্ম প্ল্যান করে দিয়ে যান। যেখানে ভবিষ্যতে প্ল্যানিংয়ের ক্রুটির জন্য এটা হয়েছে এই বক্তব্যের প্রকাশ না থাকে। তাতে যেন সেন্টারের প্রচার না থাকে—সেন্টার যদি আপনাকে কোথাও কোনও ঘা দিয়ে থাকে আপনার দাবি অনুমোদন না করে থাকে আপনি পশ্চিমবঙ্গের মানুষের প্রতিনিধি এবং অন্যতম নেতা, আদার দ্যান চিফ মিনিস্টার, সবাইকে নিয়ে আমাদের এটার বিরুদ্ধে দাবি আদায়ের জন্য আমাদের কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করব আজকে প্রাওরিটি সেক্টরগুলি চিহ্নিত করে তাতে যেন এই ইনস্ট্রাকশন না যায় যে তোমরা বোরো চাষ করতে পারবে না। এই আনঅ্যাটেন্ডেডের বিরুদ্ধে প্রম্পট অ্যাকশন নিন, এবং যে চুরি হচ্ছে সেই চুরিটা বন্ধ করার জন্য আবার অনুরোধ করে এবং এই ঘটনাগুলির জন্য আপনার এই বাজেট বরাদ্দ সমর্থন করতে পারছি না, তাই এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতি বসু যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার সমর্থন করতে উঠে আমি একটা কথা বলতে চাই। বিরোধী দলের লোকেরা যখন সমালোচনা করেন তখন সত্যই আমাদের খুব হাসি পায়। আমরা ভাবি আশ্চর্য হয়ে যে এরা যত অপরাধ, অন্যায় করেছেন, গোটা দেশটাকে অন্ধকারে ডুবিয়ে দেবার পরিকল্পনা করেছেন তার পরেও দোষ স্বীকার না করে তারা এখানে—যারা এই অবস্থা থেকে মুক্তি দেবার চেষ্টা করছেন, জ্যোতি বিকিরণের চেষ্টা

করেছেন তাদেরকে তারা অভিযুক্ত করেছেন। আমি প্রথমে দু-একটা কথা বলতে চাই যে লোডশেডিং আছে। আর কোথাও লোড শেডিং আছে কি ভারতবর্ষে? এগুলি পুরনো কথা, পুরনো তথ্য বলার দরকার নেই তবুও আরেকবার মনে করিয়ে দিচ্ছি। দিল্লি-পাঞ্জাব Jammu and Kashmir peak period restriction—hundred per cent cut on heavy and large industry; Uttar Pradesh—peak period restriction; Gujarat—20 to 50 per cent cut ; Madhya Pradesh—15 to 30 per cent cut ; Maharashtra—15 to 30 per cent cut and also peak period restriction ; Tamil Nadu—50 per cent and peak period restriction ; West Bengal—10 to 23.5 per cent cut on high tension industries and also peak period restriction.

আসাম ২৫ পারসেন্ট পিক পিরিয়ডে রেশট্রিকশন, নাগাল্যাড ২০ পারসেন্ট। অথচ এদের এনারজি ৪০ পারসেন্ট। মণিপুর, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি জায়গায় কোন সময় পাওয়ার আসে, কোন সময়ে যায় কেউ জানে না। বিহারে কোনও নোটিফিকেশন হয় না, পাওয়ার কাট বলা হল। বিহার, হরিয়ানা, চন্ডিগড়, অন্ধ্র, অরুনাচল ইত্যাদি সব জায়গায় বিনা নোটিশে পাওয়ার কাট। অথচ আমাদের অনেক পরিকল্পনা হয়েছে—৬নং পরিকল্পনা চালু হয়েছে এবং এইসব পরিকল্পনার জন্য হাজার কোটি টাকা আমাদের রক্ত নিংড়ে কংগ্রেস সরকার আদায় করেছেন। এই পরিকল্পনার টাকা কোথায় গেল? সারা ভারতবর্ষে ৬টা পরিকল্পনা হবার পরেও সমস্ত অন্ধকার। ছোট বড় কারখানা চলছে না রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন হচ্ছে না। এর জন্য দায়ী কে? বড়দের কথা আমি পরে বলব। পরিকল্পনার নামে কংগ্রেস সরকার দেশকে ধোঁকা দিচ্ছেন এবং বড়দের সেবা করছেন। মেন কনস্ট্রেন্ট কি তা এই বইতে বলা হয়েছে। মহারাষ্ট্রে এবং ওয়েস্টবেঙ্গলে জুন মাসে ভারচুয়ালি সমস্ত ইন্ডাস্ট্রিতে Acute shortage of coal stocks, inadequancy of Wagon supply and movements and Industrial unrest were some of the reasons for the shortfall in power generation আবার কি আশ্চর্যের ব্যাপার সমস্ত ইনটার লিংক। পাওয়ার গ্রিড যদি কোল না পায় তাহলে পাওয়ার জেনারেশন হবে না। আবার পাওয়ার জেনারেশন না করতে পারা যায় তাহলে কোল রেজ করতে পারা যাবে না। Power, coal steel and transportation are closely inter linked sectors. While the shortage of coal affects power generation, power shortage by itself also affects power generation, power shortage by it self also coal mining operations. The DVC is the principal source of power supply of the coal mining operations in Bihar and West Bengal Coalfield. While supply of coal to power stations has increased during April and December, 1979, inadequacy of wagon supply and scarcity of diesel during the period have caused serious transport problems to the industries in the eastern regions particularly in West Bengal.

[6-20 — 6-30 p.m.]

এই বইটা যেটা আপনি সমস্ত সদস্যদের দিয়েছেন তাতে এইসব আছে। পাওয়ার নেই

বলে কোল হল না। গত ৩ বছর ধরে কোল স্ট্যাগনেন্ট হয়ে গেছে। এর ফলে ১০০ মিলিয়নের বেশি কয়লা রেজ হচ্ছে না। যদিও পাওয়ার স্টেশন বাড়ছে, পাওয়ারের ডিমান্ড বাড়ছে কিন্তু কিছুই হচ্ছে না। যদিও আমরা কোলের জন্য পাওয়ার পাচ্ছি, কিন্তু ওয়াগান নেই। ১৯৬৯ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ওয়াগানের কোনও অর্ডার আমাদের এখানে প্লেস করা হয়নি। ওয়েস্ট বেঙ্গলে যে সব কারখানা আছে রেলের ওয়াগান কবার জন্য এই ভাবে তাদের ভাতে মারা হচ্ছে, হাতে মারা হচ্ছে। যদিও অর্ডার আসে তাও সামান্য। অথচ পশ্চিমবাংলায় সব চেয়ে বেশি বিল্ডিং হয়। আপনারা ট্রাকে করে নিয়ে যাবেন, সেখানে ডিজেল নেই। ডিজেল নিয়ে চোরাকারবারি চলছে এবং পশ্চিমবাংলায় ডিজেল রেশন হয়েছে। বিহার ইত্যাদি সমস্ত জায়গায় রেশন হয়েছে। রেশনটা কংগ্রেসের কাছ থেকে আমরা পেয়েছি। চাল, ডাল, তেল, কেরোসিন, পেট্রোল সমস্ত কিছুই রেশন। পরে আর একটা উপহার পেয়েছি সেটা হচ্ছে বিদ্যুৎ এর রেশন। কংগ্রেস সরকার পশ্চিমবঙ্গে ও সারা ভারতবর্ষে এটা চালু করেছিল। আমাদের বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী জ্যোতি বসুকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে তিনি এই অবস্থা থেকে আমাদের অনেকখানি বাঁচাবার চেষ্টা করেছেন। আমি একটা ফিগার দিচ্ছি ১৯৭২-৭৩ সালে ১৬৭৩ মিলিয়ন ইউনিট জেনারেশন হয়েছিল। কিন্তু ১৯৭৫-৭৬ সালে ১৮৩৮ মিলিয়ন ইউনিট জেনারেশন হল। অর্থাৎ ৪ বছরে কংগ্রেস বাড়িয়ে ছিল ১৬০ মিলিয়ন ইউনিট, সেখানে মুখ্যমন্ত্রী বিদ্যুৎ দপ্তবের মন্ত্রী হবার পর ১৯৮০-৮১ সালে ২৯৬০ মিলিয়ন ইউনিট জেনারেশন করলেন অর্থাৎ কংগ্রেস আমলে যেখানে বাড়িয়ে ছিলেন ১৬০ সেখানে তিনি ৫০০ ইউনিট বাড়ালেন। এই সাফল্য কি ওরা দেখতে পারছেন না? আমরা আরও পারতাম—পারলাম না ডিভিসি-র জন্য। ডিভিসি ১৯৭৫-৭৬ সালে যেখানে ৬৮৪ ১৯৭৩.৭৭ ৫৫০ ১৯৭৭-৭৮ ৫০৭, ১৯৭৮-৭৮, ৫১৮ ১৯৭৯-৮০, ৩৭২ সেখানে ১৯৮০.৮১ সালে ৩০০। এইভাবে ডিভিসি দেশের সর্বনাশ করছে। আমাদের কন্ট্রাক্ট ছিল যা ডিভিসি-র সঙ্গে তা আমরা পাইনি। আমাদের দাবি ছিল অন্য পাওয়ার প্ল্যান্টের জন্য তারা আমাদের দেবে। এই ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল তখন তারা দাবি করেছিল সাঁওতালডিহি প্রোজেক্ট এর জন্য, কিন্তু তখন ইন্দিরা গান্ধী বলেছিলেন আমরা দেব না যার জন্য সাঁওতালডিহি পিছিয়ে গেল। দুর্গাপুরে ৩টি স্টিল প্ল্যান্ট আছে—অ্যালয় স্টিল প্ল্যান্ট, দুর্গাপুর স্টিল প্ল্যান্ট, বার্ণপুর ইস্কো। স্টিল প্ল্যান্ট হচ্ছে একটা জাতীয় অর্থনীতির ভিত্তি। এই ৩টি স্টিল প্ল্যান্ট মার খেয়ে গেছে দুর্গাপুরের জন্য। দুর্গাপুরের জন্য যেখানে ৫০ মেগাওয়াট দরকার সেখানে তারা পেয়েছে ১০/১৫ অ্যালয় কিছু পায়নি। অক্সিজেন পায়নি—.২ অক্সিজেন কারখানাতে সরবরাহ দিতে পারেনি ডি. ভি. সি.-র জন্য যার জন্য বার্নপুর কারখানা চলতে পারেনি। এরফলে দেখা যাচ্ছে ৮০ কোটি টাকার মতো লোকসান হচ্ছে। ভিলাই রাউরকেল্লা এখানেও বিদ্যুৎ সংকট চলছে। কেন্দ্রীয় সরকার এর জন্য দায়ী। এই কথাটা দেশের মানুষের কাছে বলা দরকার। কাগজে যে সমস্ত খবর পড়ি তাতে সাধারণ মানুষ বিভ্রান্ত হয়। আরেকটা কথা বলব দুর্গাপুর সিমেন্ট সম্বন্ধে। আজকে চারিদিকে সিমেন্ট-এর হাহাকার। দুর্গাপুরের এই সিমেন্ট কারখানার জন্য মাত্র যেখানে ৫ মেগাওয়াট পাবার দরকার। সেখানে ডি. ভি. সি. দিচ্ছে ২, আড়াই, ৩। যদি ৮ মেগাওয়াট পাওয়া যেত তাহলে সিমেন্টের জন্য এত কস্ট হত না এবং ৯০ পারসেন্ট সমস্যা লাঘব হত। কে তার দিকে দৃষ্টি দিচ্ছে? আজকে ডি. ভি. সি.-র উৎপাদন বাড়ল তার জন্য লুথার সাহেব হয়ে গেলেন

কিং মেকার। কিন্তু এই ভদ্রলোক কি রকম সেটা আপনাদের একটু বলি। কয়েকদিন আগে ডি. পি. এল. একটা টেন্ডার দিয়েছিল কোল হোল্ডিং প্ল্যান্টের জন্য এবং সেটা প্রায় ৩ লক্ষ টাকা হবে। এই কাজটা প্রাইভেট সেক্টর করত কিন্তু লুথার সাহেব বললেন যে এম. এ. এম. সি. আগে একটা এ বিষয়ে চিঠি দিয়েছি। এ যেন ঝড়ে কাক মরে ফকিরের কেরামতি বাড়ার মতো। আমরা জানি তিনি যখন ডি. ভি. সি.-তে জয়েন করেন তখন ডি. ভি. সি.-র উৎপাদন কয়েক বছরের মধ্যে নেমে গিয়েছিল ৩০০ টনে কিন্তু তিনি জয়েন করার পর ৭০০/৮০০ টনে হল। এত করা তার ক্ষমতা নেই এটা আমরা জানি কিন্তু তাহলেও হল। আজকে ডি. ভি. সি.-র জন্য দরকার ছিল রিহাবিলিটেশন প্রোগ্রাম। সেই প্রোগ্রাম একের পর এক শেষ হয়ে গেল। বোকারো প্রোগ্রামও কমপ্লিট না হলে তিনি কিছু করতে পারেন না। সেইজন্য লুথার সাহেব এমন পলিটিকস করছেন। এবং Luthar is the rule maker গত ডিসেম্বরে তিনি সাড়ে সাতশ করেছিলেন কিন্তু কলকাতায় দিয়েছেন ৩০/৩৫। তার আগে কম দিয়েছিলেন ১০/১৫। আজকে সাড়ে ৭০০/৮০০ দিচ্ছেন কলকাতার মানুষকে চমক লাগিয়ে দেবার জন্য। কিন্তু সেখানে কোনও আইন নেই, যা আছে তা হল লুথারের আইন। লুথার যেভাবে চলাচ্ছেন তাতে ডি. ভি. সি.-র সর্বনাশ হয়ে যাবে। শ্রমিক কর্মচারিদের তিনি আজকে যেভাবে রিহেবিলিটেড করছেন তাতে রাজ্য সরকারের সর্বনাশ তিনি করে দেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডি. পি. এল. সম্বন্ধে বলা হচ্ছে—ডি. পি. এল. সর্বনাশ যে তারা আগে থেকে করে গেছেন সে সম্বন্ধে আমি একটি রিপোর্ট পড়ছি। ১৯৭৫-৭৬ সালে সেখানে কোনও ওভারহলিং, কোনও মেন্টেন্যান্স করা হয়নি। তখন ডবলু, বি. এস. ই. বি. থেকে একটা নির্দেশ দেওয়া হয়েছিল, সেখানে যেন কিছু না করা হয়। কেবল উৎপাদন যেন বাড়িয়ে যাওয়া হয় শুধুমাত্র লোককে চমক দেওয়ার জন্য। লোককে ইমারজেন্সির শুভফল বোঝাবার জন্য এবং সবাই যেন বুঝতে পারে যে, ইমারজেন্সি ছাড়া কোনও কিছু সম্ভব হয় না। অর্থাৎ ইমারজেন্সিই যেন মানুষকে বেশি করে বিদ্যুতের যোগান দিচ্ছে। আমি রিপোর্ট থেকে পড়ছি—"The total generation during the year under review was 10,01,891 M.W. hrs. as against 11,15,780 M.W. Hrs during the previous year, thus registering a downward trend by 10.2%. This was due to various constants e.g. during the last 2 years some of the units were over run for longer periods deferring the vital maintenance of equipments like overhauling of boilers etc. at the instance of W.B.S.E.B. to meet the shortfall in supply to Calcutta. As a result, there was not only huge back long of preventive maintenance of may vital equipments but the performance of many important equipments and auxiliaries like P.F. Mills etc. also deteriorated. As a matter of fact, there were consecutive failures of P. F. Mill Rings pertaining to Unit Nos. 3 & 4 especially supplied by indugenous firms, like M/s. Electro Steel Casting. As a result, there was huge shortfall in generation from these two units for many months. Although orders were placed on M/s. A. V. B. and B. H. E. L. but the position could not be improved." আজকে এখানে যিনি বসে আছেন, সেই সময়ে তিনি মন্ত্রী ছিলেন, তিনি সে সময়ে বলেছিলেন, "উৎপাদন বাড়াও,

ইন্দিরা গান্ধীর কাছ থেকে নির্দেশ এসেছে।" তিনি আরও বলেছিলেন যে, মানুষকে আমাদের দেখাতে হবে উৎপাদন বেড়েছে, সমস্ত কলকারখানা চলছে। সুতরাং তখন উৎপাদন বাড়াবার চেষ্টা হয়েছিল অ্যাট দি কস্ট অব ফাইভ ইউনিটস্ অব ডি. পি. এল.। এর ফলে আজকে সেই সমস্ত যন্ত্রপাতি ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। আমরা এক্সপার্ট নিয়োগ করে ডি. পি. এল.-এ কি করা যায় জানতে চেয়েছি, তিনি দেখেশুনে বললেন, সবই জরাজীর্ণ অবস্থায় আছে, এগুলিকে জোড়াতালি দিয়ে কিছু করতে গেলে ফল ভাল হবে না। আমরা সর্ট টার্মের জন্য কিছু ব্যবস্থা নিয়েছি, আমাদের সমস্ত কর্মীরা সেখানে হাতে হাত মিলিয়ে কাজ করে চলেছেন। আমরা আশা করছি—আমরা যখন দরকার হবে তখন ৩০/৪০, ৭০/৮০ মেগাওয়াট বিদ্যুৎ যোগান দিতে পারব। আমরা শর্ট টার্ম মেনটেন্যান্স-এর ব্যবস্থা নিয়েছি, এবং লং টার্মের জন্য প্ল্যানিং কমিশনের কাছে রিপোর্ট পাঠিয়েছি—এই হচ্ছে আমাদের পরিকল্পনা। আমরা অনুমোদন পাওয়ার ব্যাপারেও উল্লেখ করেছি। লং টার্মের জন্য গৃহীত ব্যবস্থাদি প্ল্যানিং কমিশন অনুমোদন করেছেন, এবং ৮ কোটি টাকা দিয়েছেন, আরও ৭ কোটি টাকা স্যাংশন করেছেন, আর ৪ কোটি টাকা পরে দেওয়ার কথা বলেছেন। সুতরাং এটা আমাদের কাছে একটা বিরাট অ্যাচিভমেন্ট। লং টার্মের ব্যাপারে আমাদের ১২ কোটি টাকা দরকার হবে এবং ৩৬ মাস সময় এখানে দরকার হবে, ততদিন পর্যন্ত মানুষকে যন্ত্রণা ভোগ করতে হবে। ডি. পি. এল. সম্বন্ধে অনেক কথাই বলা হয়েছে—১৯৭৩ সালে এ. ভি. বি.-কে অর্ডার দেওয়া হয়েছিল ইকুইপমেন্টের যোগান দেওয়ার জন্য। কিন্তু ১৯৭৫ গেল, ৭৬ গেল, ৭৭ গেল কিছুই করা হয়নি। আমাদের গভর্নমেন্ট আসার পর প্ল্যানিং কমিশনের কাছ থেকে অ্যাপ্রুভ করেছেন এবং সেখান থেকে ফান্ড অ্যালটমেন্টের ব্যবস্থা করা হয়েছে। ওরা যখন ক্ষমতায় ছিলেন, তখন যদি ঠিক ঠিক ভাবে এগুলি ওরা করতেন, তাহলে ডি. পি. এল. থেকে শিডিউল বিদ্যুৎ জেনারেশন করা সম্ভব হত, কিন্তু তখন কিছুই করা হয়নি। আগামী বছর থেকে আমরা সেখান থেকে বিদ্যুৎ ঠিকমতো পাব বলে আশা করছি। সাঁওতালদির ব্যাপারে আমার কাছে একটি রিপোর্ট আছে—মিঃ গুরি, যিনি সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির মেম্বার, তিনি কিছুদিন আগে হিন্দু পত্রিকায় একটি আর্টিকেল লিখেছিলেন। সেখানে তিনি বলেছেন যে, আমাদের দেশে যে সমস্ত ইকুপমেন্ট তৈরি করা হয় সেগুলো স্টেবল ইকুপমেন্ট নয়। এখানে যে ধরনের ইকুপমেন্ট দেওয়া হয়েছে সেগুলো আদৌ কাজ করছে না। ফলে সাঁওতালদিতে আমরা এত যন্ত্রণা ভোগ করে চলেছি। প্রায় ৩০/৩২ বছর ধরে কংগ্রেসের হাতে রাজত্ব ছিল। এত দীর্ঘ সময়ের মধ্যেও তারা সেখানে একটা পাওয়ার প্ল্যান্ট মেশিন তৈরি করেননি—এটা অত্যন্ত লজ্জার বিষয়। সাঁওতালদিতে যে ওয়ার্কার কাজ করছেন, তাদের সম্বন্ধে নিশ্চয় বুঝতে পারছেন। যে ১২ হাজারকে ওরা নিয়োগ করেছিলেন, তার মধ্যে ৫০ পারসেন্ট আছে ঐ সাঁওতালদিতে। আপনারা নিশ্চয়ই জানেন যে কিভাবে ঐ ১২ হাজারকে ওরা রিক্রুট করেছিলেন—গৌতম চক্রবর্তী নামের একজন এম. এল.-কে রিক্রুটমেন্টের দায়িত্ব দিয়ে নিউ সেক্রেটেরিয়েটের একটি ঘরে বসানো হয়েছিল। এবং রিক্রুটমেন্ট করা হয়েছিল সেই সমস্ত ছেলেকে যারা বেশি পরিমাণে খুন করতে পেরেছিল, ছুরি মারতে পেরেছিল। ওরা যোগ্যতা হিসাবে দেখেছিলেন কে কত এই সমস্ত কাজ করতে পেরেছে—তাদেরই ওরা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন। এই সমস্ত বোমাবাজদের, খুনিদের ওরা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন দুটি করে—একটি দেওয়া হয়েছে মন্ত্রীর পক্ষ থেকে, অপরটি দেওয়া হয়েছে এম. এল. এ. তরফ থেকে। এ সমস্ত অ্যাপয়েন্টমেন্ট

পেয়ে একই বাড়ির দুভাই এক সঙ্গে জয়েন করেছিল কাজে। ঐ ১২ হাজারের জন্ম হয়েছিল অন্ধকারের মধ্যে দিয়ে। অন্ধকারের মধ্যে দিয়ে যাদের জন্ম হয়েছিল, তাদের কাছে আমরা কি করে আশা করতে পারি বিদ্যুতের, তারা কি করে দেবে আলো? আজকে ঐ ১২ হাজারের অর্দ্ধেক আছে সাঁওতালদিতে। তারা সেখানে সব সময়ে মারপিট করে চলেছে, তাদের কোনওভাবে ট্রান্সফার করা যাচ্ছে না। কোনও কাজ তারা সেখানে করতে দিচ্ছে না, ওয়াগন আনলোড করতেও দিচ্ছে না। ওভারটাইমকে সেখানে তারা রাইট হিসাবে প্রতিষ্ঠিত করতে চাইছে। সেজন্য আমি মাননীয় জ্যোতিবাবুকে অনুরোধ করি, আপনি এত নরম হবেন না ওদের উপর।

[6-30 — 6-40 p.m.]

আমি জানি আপনাদের বিবেকে বাধে। কিন্তু আমি বলতে চাই যে এটা ট্রেড ইউনিয়ন মুভমেন্ট নয়। ট্রেড ইউনিয়ন মুভমেন্ট আমরাও করি আমরাও লড়াই করি। কিন্তু এই যে আই এন. টি. ইউ. সি. যারা আছে যারা আজকে আপনাদের সর্বনাশ করছে দেশের সর্বনাশ করছে তাদের প্রতি কঠোরভাবে ব্যবস্থা নেবার জন্য আমি আবেদন করব দেশের স্বার্থে। আপনারা তাদেরকে ওস্কানি আস্কারা দেবেন না। কারণ তারা সর্বনাশ করছে গোটা দেশের। আমি এই কথা আপনাদের বলেতে চাই যে আজকে কি হচ্ছে ফরাক্কায় কি হচ্ছে এবং সেটা কেন হল? নদীর এপারে টাউনশিপ অপর পারে কারখানা ১০ মাইল দূরত্ব, জনস্বার্থের দিকে তাকিয়ে দেশের স্বার্থের দিকে তাকিয়ে আপনারা চলুন। মালদার অধিপতি কয়েক দিন আগে সেখানে একটা অর্ডার দিয়েছে কন্ট্রাক্টর এনলিস্টমেন্ট করার জন্য? কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল তারিখ শেষ হয়ে গিয়েছে যারা যারা টেন্ডার দেবার তারা তাদের কাগজপত্র পাঠিয়ে দিয়েছে। মালদার অধিপতি এলেন দিল্লি থেকে এবং এসে তিনি বললেন আমার কাছে মালদার লোকরা বলছে যে তারা কোনও সুযোগ পাননি তাদেরকে সুযোগ দিতে হবে। ডেট এক্সটেন্ড করতে হবে এবং তার ফলে ২/৩ শত অ্যাপ্লিকেশন দেওয়া হল কাগজে কোনও নাম ঠিকানো নাই। হবে ফরাক্কার বিদ্যুৎ উৎপাদন? আর রিক্রুটমেন্ট সেখানে হচ্ছে ঐ সমস্ত অ্যান্টি সোশ্যাল এলিমেন্টগুলি যাদের ওরা প্রতিশ্রুতি দিয়েছিলেন চাকুরি দেবেন। তারা তাদের বলেছে ঐ বামপন্থীদের কচুকাটা কর এবং এই স্বার্থে তাদের চাকুরি দেওয়া হবে। এই রকম নোংরামি সেখানে চলছে। আমি বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে যে আপনি এগুলি দেখুন সমস্ত কিছু। আজকে ব্যান্ডেল ব্যাপারে আমরা গর্ব করে বলতে চাই যে ব্যান্ডেল আজকে একটা ভারতবর্ষের মধ্যে স্থান অর্জন করেছে মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ মন্ত্রীর নেতৃত্বে। ভারতবর্ষের মধ্যে কেউ বলতে পারেনি যে ৮০/৯০% অর্থাৎ এমন কি সেখানে ৩১০ মেগাওয়াট জেনারেট করা যায়। কেউ বলতে পারেনি উনি সেটা এজন্য আমি তাকে অভিনন্দন জানাই। আমি এই কথা বলতে চাই যে ব্যান্ডেলে যে ব্যান্ডেলে সাবটেজ করার চেষ্টা হচ্ছে। আপনি সাবধান হন। ওরা ভাবছেন ব্যান্ডেলে সাঁওতালদিতে সাবটেজ করবেন। এবং তা করে পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকট সৃষ্টি করবেন। আপনারা মানুষের ভোট পাবেন? এখনও আপনাদের শিক্ষা হয়নি? মানুষ আপনাদের ছুঁড়ে ফেলে দেবে। জনগণের কাছে সমস্ত চক্রান্ত ষড়যন্ত্র ব্যর্থ হবে। আমি এই কথা বলতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিভাবে আমাদের বঞ্চিত করা হচ্ছে আজকে গোটা ভারতবর্ষের অ্যাসেসমেন্ট অব পাওয়ার কোনও রাজ্যের জন্য কত

পাওয়ার দরকার এবং সেন্ট্রাল ইলেক্ট্রিক্যাল অথরিটি কি অ্যাসেসমেন্ট করেছে সেটা বলছি। এল ইন্ডিয়া হচ্ছে মাথাপিছু ইউনিট .০৪০। তাতে ওরা মহারাষ্ট্রকে দিয়েছে .০৬০ গুজরাটকে দিয়েছে .০৭৫ আর পশ্চিমবঙ্গকে দিয়েছে .০৩৫। এবার দেখুন মাথাপিছু কি রকম মাথাপিছু পার ক্যাপিটা কাকে কত মেগাওয়াট বিদ্যুৎ অ্যালটমেন্ট করেছে। মহারাষ্ট্রে ৫ লক্ষ ৯৫ হাজার লোক তার মহারাষ্ট্র পেয়েছে ৩৫৪৭ মেগাওয়াট গুজরাট ৩ কোটি ২১ লক্ষ লোক তারা পেয়েছে ২ হাজার ৪০৪ মেগাওয়াট আর আমাদের পশ্চিমবাংলায় লোকসংখ্যা হচ্ছে ৫ কোটি ৪৬ লক্ষ লোক আমরা পেয়েছি ১,৯০০ মেগাওয়াট। আরও দেখুন নর্দান রিজিয়নে ১৭ কোটি লোক তারা পেয়েছে ৭৫০৭ মেগাওয়াট সাউদার্ন রিজিয়নে ১৫ কোটি লোক তাদের ৬৮৭০ মেগাওয়াট ওয়েস্টার্ন রিজিয়নে ১৪ কোটি ৩০ লক্ষ লোক তারা পেয়েছে ৭৩১৯ মেগাওয়াট আর আমাদের ইস্টার্ন রিজিয়নে ১৪ কোটি ৭৩ লক্ষ লোক ওয়েস্টার্নের চেয়ে বেশি লোক আমরা পেয়েছি ৪৪৯৬ মেগাওয়াট। এই হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের রাজনীতি। এই হচ্ছে রাজনীতি সেন্ট্রাল গভর্নমেন্টের। ওরা কি জবাব দেবেন আমার এখানে কেন নিউক্লিয়ার থার্মাল প্রোজেক্ট হল না? আমি দেখতে পাচ্ছি নর্দান রিজিয়ন পেয়েছে, ওয়েস্টার্ন রিজিয়ন পেয়েছে, মহারাষ্ট্র, গুজরাট পেয়েছে, আমাদের পশ্চিমবঙ্গে একটা করার কথা ছিল, আমরা পাচ্ছি না কেন? ১৯৮৯-৯০ সালে আমাদের ৩ হাজার মেগাওয়াট বিদ্যুতের দরকার হবে, আমাদের কত ইনস্টল্ড ক্যাপাসিটি হলে ৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে পারি—৬ হাজার মেগাওয়াট ইনস্টল্ড ক্যাপাসিটি হলে। ঐ ৩ হাজার মেগাওয়াটের জায়গায় বড় জোর অ্যাভেলেবল হবে ২ হাজার মেগাওয়াট। তাহলে ১৯৮৯-৯০ সালে ১ হাজার মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি থাকবে। তাহলে এই অ্যাসেসমেন্টে কারচুপি কেন? কেন বিমাতৃসুলভ ব্যবহার করা হবে পশ্চিমবঙ্গের প্রতি? পশ্চিমবঙ্গের মানুষ এরজন্য লড়াই করবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গোটা ভারতবর্ষে ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ২৬ হাজার ৫৭১ মেগাওয়াট। গোটা ভারতবর্ষে প্রায় ৭০ কোটি লোক, আর গোটা ভারতবর্ষের ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ২৬ হাজার ৫৭১ মেগাওয়াট। ইন্দিরা গান্ধী একটা কথা অনুমোদন করেছেন যে দারিদ্র্য সীমার নিচে ৭০ ভাগ মানুষ বাস করে, আমরা বিদ্যুতের দুর্ভিক্ষের স্তরে আছি। ইউ. কে.-তে যেখানে ৫/৬ কোটি লোক সেখানে ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ৭৫ হাজার মেগাওয়াট, আর আমাদের ভারতবর্ষে ৭০ কোটি লোকের জন্য ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ২৬ হাজার মেগাওয়াট। আর একটা কথা ইউ. কে.-তে যেখানে ইনস্টল্ড ক্যাপাসিটি হচ্ছে ৭৫ হাজার মেগাওয়াট সেখানে আমরা শুনেছি ওদের রিকয়ারমেন্ট হচ্ছে মাত্র ২৮ হাজার মেগাওয়াট। স্যার, বিদ্যুৎকে স্টোরেজ করা যায় না। কয়লার ঘাটতি হতে পারে, ন্যাচারাল ক্যালামিটি হতে পারে, সেজন্য বিদ্যুতের সব সময় স্টেডি সাপ্লাই করার জন্য যা রিকয়ারমেন্ট তার ২।। গুণ, ৩ গুণ, বেশি করে রাখা উচিত। আমাদের ব্যান্ডেলের ৩ শো মেগাওয়াট ইনস্টল্ড ক্যাপাসিটি, দিল ৩ শো মেগাওয়াট। ডি. পি. এল.-এর ২৮৫ মেগাওয়াট ইনস্টল্ড ক্যাপাসিটি, দি ২৮৫ মেগাওয়াট।

আমি পরিশেষে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। অল ইন্ডিয়ায় আমরা মাথা উঁচু করে দাঁড়াব। গত জুলাই, আগস্ট, সেপ্টেম্বর এবং অক্টোবর এই ৪ মাসে অল ইন্ডিয়ার যে ফিগার ছিল বিদ্যুতের উৎপাদনের দিক থেকে, সব দিক থেকে আমরা

রেকর্ড করেছিলাম—মেগাওয়াটের দিক থেকে এবং এনারজির দিক থেকে। সময় থাকলে আমি মেগাওয়াট এবং এনার্জির মধ্যে যে পার্থক্য সেটা বুঝিয়ে বলতাম। আর আমি বেশি সময় নিতে চাই না, আমি এই কথা বলব যে আমরা পশ্চিমবঙ্গে সরকারে আসার পর ১১৭০ মেগাওয়াট জেনারেশনের পরিকল্পনা দিয়েছি—তার মধ্যে আছে ১০০ মেগাওয়াট গ্যাস টার্বাইন, টিটাগড়ে ১৮০ মেগাওয়াট জেনারেশনের পরিকল্পনা এই বামফ্রন্ট সরকার দিয়েছেন, ফরাক্কায় ২০০ মেগাওয়াট এবং কোলাঘাটে ৬৩০ মেগাওয়াটের পরিকল্পনা এই বামফ্রন্ট সরকার করেছেন। আমরা শুনতে পাচ্ছি সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে এইসব কেটে দেওয়ার চেষ্টা হচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন, বামফ্রন্ট সরকার চাপ সৃষ্টি করুন পশ্চিমবঙ্গকে বিদ্যুত সংকটের হাত থেকে বাঁচাবার জন্য। সেই অবস্থায় পশ্চিমবঙ্গ যাতে না যেতে পারে তারজন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের পরিকল্পনা কেটে দেওয়ার জন্য মরিয়া হয়ে চেষ্টা করছে। পশ্চিমবঙ্গের মানুষের কাছে সমস্ত ঘটনা তুলে ধরুন কিভাবে পশ্চিমবঙ্গের ন্যায্য দাবিকে নস্যাৎ করা হচ্ছে। সমস্ত ঘটনা তুলে ধরে মানুষকে ডাক দিন, মানুষ প্রস্তুত আছে, কেন্দ্রের সঙ্গে লড়াই করে আমরা আমাদের দাবি ছিনিয়ে আনব। এই কথা বলে আপনি যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিদ্যুৎ মন্ত্রী আজকে যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার পরিপ্রেক্ষিতে সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের অনেকেরই বক্তৃতা আমি শুনলাম এবং খুব বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম যে, সরকার পক্ষ কেন্দ্রীয় সরকারকে দোষ দিচ্ছেন, আর ঐ দিকে বিরোধী পক্ষে যারা বসে আছেন, তারা এই রাজ্য সরকারকে দোষ দিচ্ছেন। মোটামুটি এই হচ্ছে টানাপোড়েন অবস্থা। কিন্তু বাস্তব পটভূমিতে দাঁড়িয়ে ক্রাইসিসের কথা যেভাবে চিন্তা করা উচিত সেভাবে চিন্তা করার কোনও চেতনাই আমি দেখতে পেলাম না, এর জন্য আমি দুঃখিত। যাই হোক, মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন এবং এই হাউসে যে—সমস্ত অনারেবল মেম্বাররা আছেন তারা নিশ্চয়ই জানেন যে, একটা অর্থনীতি বিদ্যুতের উপর বিশেষভাবে নির্ভরশীল, সেটা কৃষি কার্যের ক্ষেত্রেই হোক, কুটির শিল্পের ক্ষেত্রেই হোক, ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রেই হোক বা যে কোনও বড় শিল্পের ক্ষেত্রেই হোক। এই পরিপ্রেক্ষিতে আজকে আমাদের দেশের যেভাবে বিদ্যুত ক্রাইসিস চলছে তাতে অর্থনীতির উপর হ্যামারিং হচ্ছে, এটা অস্বীকার করা যায় না। আজকে সরকার ডাউন ট্রোডেন পিপল-এর কথা বলেন এবং গ্রামে-গঞ্জে বিদ্যুত পাঠিয়ে দেবার কথা বললেন। কিন্তু আজকে সেই সমস্ত মানুষরা যে অন্ধকারময় অবস্থার মধ্যে পড়ে আছে, সেই অবস্থা থেকে তাদের তুলে আনবার জন্য বিশেষ কিছুই করা হয়নি। বলা হয় যে, তাদের অবস্থার আস্তে আস্তে ইম্প্রুভমেন্ট করা হবে, কিন্তু এখন পর্যন্ত বিশেষ কিছুই করা হয়নি, সেদিক থেকেও এই সরকার ব্যর্থ। আমার সময় অল্প, আমি বিস্তারিত আলোচনার মধ্যে যাব না, একটা বিষয়ের উপর আমি আলোচনা করব। তবে এ বিষয়ের উপরও দীর্ঘ আলোচনা করা দরকার। বিষয়টা হচ্ছে "কোলাঘাট তাপ বিদ্যুৎ প্রকল্প"। ১৯৭৯ সালে মাননীয় মুখ্যমন্ত্রী একটা বক্তৃতায় বলেছিলেন এবং আমরা সেটা 'পশ্চিমবঙ্গ' পত্রিকায় পড়েছিলাম, পূর্বেকার সরকার যন্ত্রপাতিগুলি যেভাবে

রক্ষণাবেক্ষণ করা উচিত ছিল সেভাবে করেননি, তাদের নেগলিজেন্সির জন্য আজকে বিভিন্ন প্ল্যান্টের এই অবস্থা হয়েছে, এর ফলে লিকেজ ইত্যাদি হচ্ছে এবং এর ফলেই পাওয়ার জেনারেশনে আমাদের এত ক্রাইসিস দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রথম কথা হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী বার বার বলছেন যে, ১৯৮২ সালে কোলাঘাট তাপ-বিদ্যুৎ প্রকল্প থেকে বিদ্যুৎ উৎপাদন করতে পারব, এর মধ্যে সেখানে ইউনিটগুলি চালু হয়ে যাবে। এর ফলে পশ্চিমবঙ্গে অর্থনৈতিক দিক থেকেও অনেক ইম্প্রুভমেন্ট হবে এবং আমরা অনেকটা এগিয়ে যেতে পারব। আমি খুব একটা অপ্রিয় হলেও তাকে একটা সত্যি কথা বিনয়ের সঙ্গে বলব যে, তার প্যারাডাইস লস্ট হবে, ১৯৮২ সালে তিনি ওখানে পাওয়ার জেনারেশন করতে পারবেন না। প্রথম কারণ হচ্ছে, ওখানে যে সমস্ত অফিসারদের তিনি নিয়োগ করেছেন, তারা অপদার্থ। ভোলাবাবুর বক্তৃতায় শুনলাম ওখানকার জেনারেল ম্যানেজার মিঃ এম. এন. সিং সোশাল কন্ট্রাক্ট-এর জন্য অ্যালাউন্স পান। আমার মনে হয় এই পয়সা যদি জলে ফেলে দেওয়া হত তাহলেও একটা সান্ত্বনা থাকত। ঐ ভদ্রলোকের সামান্যতম রুচিবোধ পর্যন্ত নেই, উনি ভদ্রলোকের সঙ্গে কিভাবে কথা বলতে হয় পর্যন্ত জানেন না। এখানে আমি একটা দুঃখের ঘটনার কথা বলি, ১৯৮০ সালে মাননীয় মুখ্যমন্ত্রী গ্যাস টারবাইন উদ্বোধন করতে হলদিয়ায় গিয়েছিলেন, মুখ্যমন্ত্রী যেদিন গিয়েছিলেন, তার দু' তিন দিন আগে—আমাদের ওখানে সরকারের তরফ থেকে একটা লোকাল অ্যাডভাইসারি কমিটি করে দেওয়া হয়েছে—সেই কমিটির মিটিং-এ হঠাৎ ঐ ভদ্রলোক গিয়ে আমাদের বললেন, 'মুখ্যমন্ত্রী আসছেন, আপনারা খেতে যাবেন'। সেখানে জনপ্রতিনিধিরা ছিলেন, আরও অন্যান্য ভদ্রলোকেরা ছিলেন, সেখানে গিয়ে কোনও ভদ্রলোক এইভাবে কথা বলতে পারে, এটা আমরা ভাবতেও পারিনা। সেখানে সরকারি দলের লোকেরাও ছিলেন, কেউ কোনও প্রতিবাদ করলেন না। সেখানে ডি. এম. নিজে ছিলেন এবং আমাদের খুবই ঘনিষ্ট বন্ধু, ওখানকার সি. পি. এম. দলের এম. পি. সাহেব পর্যন্ত উপস্থিত ছিলেন। এবং আমাদের ওয়ার্কিং কমিটির চেয়ারম্যান উপস্থিত ছিলেন, কিন্তু কোনও প্রতিবাদ হল না। এটাই কি নিয়ম? এটাই কি উচিত তার? স্বাভাবিক রীতি নীতিবোধ যার নাই তাকে এই রকমভাবে অ্যালউয়েন্স দিলে অসামাজিক কাজগুলি বাড়তে পারে, তাই কেন তাকে এই অ্যালউয়েন্স দেওয়া হচ্ছে? আমি সবিনয়ে মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। এটা আমাদের সৌভাগ্য যে তিনি আমার কেন্দ্রে গিয়েছিলেন কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র দেখতে, সেখানেও আমি একই কথার রিপিটিশন করতে চাই এবং একথা বন্ধুবর দীনেশ মজুমদারকেও বলেছিলাম, তিনি আজকে আর আমাদের মধ্যে নাই, এই প্রশ্নে আমি দুঃখের সঙ্গে বলছি এক সময়ে আমি বলেছি—আপনি আমার কেন্দ্রে যাচ্ছেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আপনি, আমি বিরোধী দলের সদস্য বলে কি আমি আপনাকে রিসিভও করতে পারি না? তিনি তখন আন্তরিকতার সঙ্গেই বলেছিলেন—আবার গেলে নিশ্চয়ই আপনাকে খবর দেব। তার জেনারেল ম্যানেজারের কাছ থেকে কি খবর পেলাম? মহাদেবের মতো যে প্লেস করেছেন নন্দীকে, তার অ্যাক্টিভিটি এই রকম। গত ৯ই তারিখে মার্চ মাসে মিটিং হল এল এ কমিটির কোলাঘাট থার্মাল পাওয়ার প্রোজেক্টে লোকেদের চাকুরি দেবার জন্য, দুঃখের কথা, কোলাঘাট থার্মাল পাওয়ার প্রোজেক্টের সেই মিটিং-এ সমস্ত মেম্বার আমরা উপস্থিত কিন্তু ম্যানেজমেন্টের তরফ থেকে ও এস. ডি. বা জেনারেল ম্যানেজার কেউ থাকলেন না, বেলা ১১টা থেকে বসে বসে ১২টা পর্যন্ত জানা গেল তিনি গেছলেন ইংলিশ মিডিয়াম

স্কুল ওপেন করতে, কিন্তু এম. এল. এ., এম. পি. আদার অনারেবল মেম্বার যারা আছেন, তাদের তো একটা ইনফর্মেশন দেওয়া উচিত, তাদের কেউ হাউস কামাই করে বসে আছেন, আমরা সেখানে মিটিং করতে গেলাম কিন্তু মিটিং হল না। জানি না এই খবর মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছেছে কিনা। পদে পদে এই ধরনের অপমান চলছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে ১৯৭৯ সালে রাইটার্স বিল্ডিংসে কথাবার্তা হয়েছিল, তখন আন্তরিকতাপূর্ণভাবে তিনি বলেছিলেন কোলাঘাট কেন্দ্র যাতে হয় স্বদেশবাবু একটু দেখুন। আমি তখন আপনাকে বলেছিলাম—আমি বলে যাচ্ছি যতদূর সহযোগিতা করা যায় করব। উনি চাইলে কি হবে মুশকিল হচ্ছে ওরা গ্রহণ করেন না। একটা বিষয় খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই বলে থাকেন ষড়যন্ত্র চলছে, আমি বলি ইয়েস ষড়যন্ত্র চলছে, কিন্তু সেই ষড়যন্ত্র বাইরের লোক করছে না, করছে তার দলের লোকেরাই। প্রয়োজন হলে বাকি সমস্তই আমি বলব। যদি কোনও রেফারেন্স দিতে চাই কি পরিমাণ সংকোচ এবং অনীহা প্রকাশ করেন তা আর কি বলব। এই যদি অবস্থা হয় তাহলে কি থার্মাল প্রোজেক্ট চলবে? জ্যোতিবাবুর প্রতি ব্যক্তিগত এফিনিটি থাকতে পারে কিন্তু তাতে করে তো তিনি সব কিছু করতে পারবেন না। তিনি সহযোগিতা চেয়েছেন, অনুরোধ করেছেন। যাই হোক আমি এটা বলে যাচ্ছি যে মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে তার দলের লোকের ষড়যন্ত্র চলেছে।

**(শ্রী রবীন মুখার্জি ঃ আপনি রক্ষা করুন)**

আমার রক্ষা করার ক্ষমতা নাই। আর একটা কথা আজ থেকে ১১ দিন থার্মাল প্রোজেক্টের কাজ বন্ধ। উদ্বাস্তুরা ল্যান্ড লুজাররা ১৯৭৮ সালে দাবি জানাতে গেছল তখন ১৬৩ জনকে জেলে পুরা হয়েছিল, আবার নতুন কমিটি হল, সেই কমিটিতে ২৩ জন মেম্বার ১১ জন জনপ্রতিনিধি আর বাকি অংশ হচ্ছে সরকারি কর্মচারী—ডি. এম. থেকে আরম্ভ করে সবাই, আর. এম. এল. এ. মেম্বারদের ১১ জনের মধ্যে ৮ জনই সি. পি. এম., তারাই চালিয়ে যাচ্ছেন, চালান কিন্তু এফিসিয়েন্সি এবং শুভবুদ্ধি সম্পন্ন চিন্তা থাকা দরকার। সেখানে তা নাই। আমি মাননীয় মুখ্যমন্ত্রী কাছে সবিনয়ে জানাই যে ঐ এলাকার মানুষের ৯২৭ জনের জমি নেওয়া হয়েছে, ৮৬৯ জন ল্যান্ড লুজার, সেই উদ্বাস্তুদের দাবি হচ্ছে আমাদের চাকুরি দিন, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন কিন্তু চাকুরি তারা পায়নি ১৯৮০ সাল থেকে আজ পর্যন্ত।

[6-50 — 7-00 p.m.]

১৯৮০ সালের পর থেকে আজ পর্যন্ত তারা চাকুরি পায়নি। চাকুরি তারা কেন পাচ্ছে না—বিদ্যুৎ পরিকল্পনার মধ্যে আছে চাকুরি দেবার কথা, কিন্তু কেন তারা চাকুরি পাচ্ছে না। এই কারণে পাচ্ছে না যে সেখানে যে ১০০ নাম প্যানেল করা হয়েছিল তার মধ্যে একটিও সি. পি. এম.-এর লোক নাই। হাই কোর্টে ইঞ্জাংশন হয়েছে এবং সেই ইঞ্জাংশনের পরিপ্রেক্ষিতে আমরা বার বার বলেছি যে এই ইঞ্জাংশন বৈধ কি অবৈধ সেটা মুভ করুন। আমাদের বার বার জানানো সত্ত্বেও তার কোনও উত্তর নাই। তারা আজকে খেতে পাচ্ছে না, তাদের বাড়ি নেই। এখন তারা অ্যাজিটেশন শুরু করেছে। ওখানে একজন স্পেশ্যাল অফিসার আনা হয়েছে মেদিনীপুরের কন্টাইয়ের এস. ডি. ও. শ্রী জ্যোর্তিময় ঘোষ। তিনি এসে এমন অবস্থার সৃষ্টি

করেছেন যে ওখানে ঐ সব সি. পি. এম. যা হোক সব কাজ করছিল ঐ লোকটির সঙ্গে যোগসাজস করে এমন অবস্থার সৃষ্টি করল যে তাদের দুরবস্থার আর শেষ রইল না। ঐ ভদ্রলোক তাদের বলল যে তোমরা যদি এই রকম কর তাহলে পুলিশ দিয়ে তোমাদের ঠিক করে দেব। এই কথা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নিশ্চয় বলবেন না কোনও জনপ্রতিনিধি এই কথা বলতে পারে না, তিনি কিন্তু এই সব কথা বলছেন। আজকে কোলাঘাট থার্মাল পাওয়ার প্ল্যান্টের কাজ বন্ধ। আমি কন্ট্রাক্টরকে জিজ্ঞাসা করে দেখলাম, তিনি বললেন টাকা নাই পেমেন্ট হচ্ছে না। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে সত্যিই কি টাকা নাই? টাকা আছে কি না সেটা স্পষ্ট করে বলুন। আর একটা কথা বলব আমি যে চিন্তা নিয়ে এত দিন যাবৎ সহযোগিতা করেছিলাম ঐ দুর্দশাগ্রস্ত মানুষদের যদি প্রতিবিধান না করা হয় তাহলে আমাদের মতো লোকও নামতে বাধ্য হব। আমার মতো লোক আমি এখানে কোনও কথা বলি না আমাকেও জেহাদ ঘোষণা করতে বাধ্য হতে হবে। আপনারা ওখানে এক ইঞ্চি কাজ করতে পারবেন না। আগে ঐ সমস্ত ক্ষতিগ্রস্ত মানুষদের দাবি দাওয়া মেটান। সবচেয়ে বড় কথা আজকে ওখানে বামফ্রন্ট সরকারের ভাবমূর্তি একেবারে নষ্ট হয়ে গেছে এবং আপনারা যাদের ওখানে রেখেছেন তারা আপনাদের ভাবমূর্তি নষ্ট করছে। যে টারগেট ছিল ১৯৮২ সালে ওখান থেকে বিদ্যুৎ পাওয়া যাবে তা কোনও মতেই হবে না। আজকে যে অবস্থায় যন্ত্রপাতিগুলি পড়ে আছে বিগত সরকারের আমল থেকে এই সরকারের সময় পর্যন্ত অত্যন্ত অযত্নে পড়ে আছে। আমরা বার বার জানিয়েছি অ্যালিগেশন করেছি, ওখানে যে এল এ কমিটি আছে তারা বহু রেজলিউশন করে পাঠিয়েছে জানি না পেয়েছেন কিনা, সেইসব যন্ত্রপাতি যদি আজকে কাজে লাগান তাহলে কি অবস্থা হবে আপনারাই বুঝুন। আমি মুখ্যমন্ত্রীকে বিশেষভাবে বলব আপনি একটু এই বিষয়ে দেখুন। আজকে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কিন্তু মানুষ জ্যোতি বসুর মানসিকতার দিক থেকে আপনি চিন্তা করুন। আপনি আন্তরিকতার সঙ্গে চেষ্টা করুন যাতে তাড়াতাড়ি সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। যদি প্রয়োজন মনে করে আপনি ওখানে একবার গিয়ে দেখুন, আপনার প্রতি ওদের আস্থা আছে। দলমত নির্বিশেষে আপনাকে অভিনন্দন জানাবে। আপনি রিপোর্ট জানেন দু-তিন হাজার এর মধ্যে আছে। আমরা চাই পশ্চিমবাংলার দুরবস্থার অর্থনৈতিক দিক থেকে ইম্প্রুভমেন্ট হোক। আজকে লাস্ট রেকর্ড টাইম অনেক এগিয়ে গিয়েছে। খুব কম সময় এই দিকে একটু তাকাবেন। এই সমস্ত লোকদের দুরবস্থা আপনারা দূর করতে পারেননি। এটা যদি করতে পারতেন তাহলে আমি আপনার বাজেটকে সাপোর্ট করতাম। কিন্তু আপনি তা পারেননি বলে আমি এই বাজেট সমর্থন করতে পারছি না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, পাওয়ার ডিপার্টমেন্টের বাজেটের জন্য যে শিডিউল টাইম ফিক্স ছিল সেটা ৭.১০ মিনিটে শেষ হয়ে যাবে। এখনও মুখ্যমন্ত্রীর জবাবি ভাষণ বাকি আছে। সুতরাং রুল ২৯০ অনুসারে আরও ৪০ মিনিট টাইম আমি আপনাদের কাছ থেকে চেয়ে নিচ্ছি। আশা করি, আপনারা অনুমতি দেবেন। ফর্টি মিনিটস টাইম ইজ এক্সটেন্ডেড।

**শ্রী জ্যোতি বোস ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি যে প্রস্তাব বিধানসভায় রেখেছি আমার ব্যয় বরাদ্দ সম্বন্ধে, তার সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। কোনও কাটমোশন বোধ

হয় নেই, সেইজন্য সেই ব্যাপারে বলার কোনও প্রয়োজন নেই। তবুও বক্তব্য যারা রেখেছেন, আমাদের পক্ষের মাননীয় সদস্যরা এবং বিরোধী পক্ষের কিছু সদস্য, আমি যতটা পারি অল্প সময়ের মধ্যে সেইগুলোর উত্তর দেবার চেষ্টা করব। প্রথমে আমি আরম্ভ করছি, ডাঃ জয়নাল আবেদিন, যে কথাটা বলেছেন—তিনি বলেছেন যে, তিনি নাকি আমাকে জিজ্ঞাসা করেছিলেন, এই যে বিদ্যুৎ সংকট চলছে, এর জন্য কি প্রাক্তন সরকার দায়ী? আমি নাকি বলেছিলাম, প্রাক্তন সরকার দায়ী নয়। এই হাউসে আমি তো বলিনি, খুঁজে বার করুন। আমি যা বলেছিলাম, যদি আপনি বুঝতে না পেরে থাকেন তাহলে আর একবার বলে দিচ্ছি। সেটা হচ্ছে বারবার বলছি যেদিন থেকে আমরা সরকারে এসেছি যে মূলত এই যে বিদ্যুৎ সংকট, তার জন্য আপনারা যে সরকারে ছিলেন, তারাই দায়ী, প্রাক্তন সরকার দায়ী। কিন্তু তার সঙ্গে সঙ্গে, আমরা যেহেতু আপনাদের মতো রাজনীতি করি না এবং মানুষের কাছে কিছু লুকোতে চাই না, সেইজন্য এটা বলেছি বারেবারে, লিখিত আছে যে আমাদের কিছু দুর্বলতা আছে। আমাদের কিছু ক্ষেত্রে দেরি হয়েছে, সেইগুলো মানুষের কাছে আমরা লুকিয়ে রাখিনি। আমরা পরিষ্কার করে মানুষের কাছে বলেছি। কাজেই যেটা বুঝলেন, সেটা ভুল বুঝলেন। মূলত, আমি আবার বলছি, আপনারা দায়ী, আপনাদের সরকার দায়ী। আপনারা এমন সব কান্ড কারখানা করেছেন বা করেননি, যার জন্য পশ্চিমবাংলার সর্বনাশ হয়েছে, এই কবছর ধরে যেটা আমরা দেখছি। তারপর আমি এটা বলতে চাই, দিলীপ মজুমদার, অমলেন্দ্র রায়, সরল দেব, তারা বিভিন্ন বিষয়ের উপর বক্তব্য রেখেছেন। কিছু পরিসংখ্যান এখানে তারা পরিবেশন করেছেন। কাজেই আমার কাজটা একটু সহজ হয়ে গেছে। সেই ব্যাপারে আমি বিশেষ কিছু বলব না। হয়ত একটু পুনরাবৃত্তি হতে পারে। আমি আবার বলব, যা প্রতি বছর বলতে হচ্ছে এই কথাটার জের টেনে, ডাঃ জয়নাল আবেদিন যা বললেন, যে আমাদের ধারণা এবং আমরা সেটা প্রমাণ করেছি অঙ্কের ভিতর দিয়ে, আজও শুনলেন তার কিছু কিছু যে বিদ্যুৎ সম্পর্কে সর্ব ভারতীয় ক্ষেত্রে পরিকল্পনা সঠিকভাবে হয়নি। কেউ বিচার করেননি ঠিক ভাবে যে কত কত বাড়বে আমাদের বিদ্যুত চাহিদা। কোন ক্ষেত্রে কত বাড়বে, কি ভাবে আমাদের টাকা নিয়োগ করতে হবে, পুঁজি নিয়োগ করতে হবে, এই সব ভারতবর্ষব্যাপি ঠিক হয়নি, যেটা স্বীকৃত। এখন যে সরকার দিল্লিতে আছেন, তারা এটা স্বীকার করেছেন। সেই জন্য এখন অন্তত আমরা দেখেছি, আমরা সম্পূর্ণ ভাবে খুশি হতে না পারলেও আমাদের কথা ছেড়ে দিন, সাধারণ ভাবে যা পুঁজি নিয়োগ আগে হয়েছে, তার থেকে অনেক অনেক বেশি পুঁজি ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নিয়োগ হচ্ছে। তার থেকেই বোঝা যায় এবং তাদের যে সব পর্যালোচনা হয়েছে যে সঠিকভাবে আগে এই সব বিচার বিবেচনা করা হয়নি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে। তারপর হচ্ছে বিদ্যুত সম্পর্কে ইস্টার্ন রিজিয়নে বিদ্যুৎ সম্পর্কে বিশেষ করে কেন এটা হল? অন্যান্যদের তুলনায় আমাদের যেখানে আগে অবিচার করা হয়েছে, সেখানে সুবিচার কেন করা হল না? এবারে অন্তত সুবিচার করা উচিত ছিল। যদি এটা ধরা পড়ে থাকে যে গলদ আছে। অন্যায় যা হয়েছে আমাদের প্রতি—এখন তো হল না? ষষ্ঠ পরিকল্পার ক্ষেত্রে সেটা দেখলাম না তো? আমরা অঙ্কের হিসাব দিয়ে দেখিয়েছি, এই ব্যাপারে পুনরাবৃত্তি করে কোনও লাভ নেই।

[7-00 — 7-10 p.m.]

আপনারা জানেন। সে বিষয়ে যেটা ঠিক হয়েছে কি বেঠিক হয়েছে, কি করা উচিত ছিল, একটি কথাও সেখানে নেই। আমার বক্তৃতায় আমি আরও বলেছি সেই আগের দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন কেন্দ্র আমাদের সঙ্গে। ১৯৮৯/৯০ সালে কি হবে এই প্রোজেকশন হয়নি। আমাদের সঙ্গে মিলছে না, ১ হাজার মেগাওয়াটের পার্থক্য থেকে যাচ্ছে। এই বিষয়ে কিছু বলার নেই, বিরোধী দলের। তারা কিছু কিছু জানেন, কিন্তু বলবেন না। ১৯৯০ সালে তো আমাদের ঘাটতি থেকে যাবে। এখানে যেভাবে বলা হচ্ছে পুঁজি নিয়োগ হবে, যা তারা করবেন—আমাদের পরিকল্পনা মানছেন না, রিজেক্ট করে দিচ্ছেন। আর কিছু বলছেন দেখছি, পরবর্তীকালে করব। আমাদের হিসাব মিলছে না, সেটা বক্তব্যের মধ্যে লিখেছি। আমি আর একবার সেটা বলে দিয়েছিলাম, তারপরেও এখানে বলেছি—অঙ্কের কিছু হিসাব দেওয়া হয়েছে পার ক্যাপিটা ইনস্টল্ড ক্যাপাসিটির ব্যাপার—দু একজন মাননীয় সদস্য বলেছেন। এই সব উদ্ধৃতি দেওয়ার আমার এত সময় নেই। সেই সব পরিসংখ্যানের কথা আপনারা শুনলেন যে কত কম—কেন কম পশ্চিমবাংলার জন্য, ইস্টার্ন রিজিয়নের জন্য কেন কম, অন্যের তুলনায়? এত অঙ্কের হিসাব—এইগুলিতে আপনাদের কিছু বলবার নেই। এতেই বোঝা যাচ্ছে আপনাদের ঐসবের কোনও উদ্দেশ্যে নেই যে এখানে বিদ্যুতের উন্নতি হোক, আমাদের কৃষি, শিল্প, সাধারণ নাগরিকদের সুবিধা হোক—এসব কোনও কথা আপনাদের মনের মধ্যে নেই। খালি যে কোনও ব্যাপারে যেমন আধা সত্য নিয়ে আমাদের আক্রমণ করা—কি আর আশা করতে পারি? কিছুই আশা করতে পারি না। তারপর একজন বলেছেন—আমি সেটা বলে দিই, যে আমাদের নাকি কোনও পরিকল্পনা নেই, দীর্ঘমেয়াদি কিছু নেই। গ্যাস টারবাইন করেছি তাতে উনি রাগ করছেন। গ্যাস টারবাইন কেন করলাম, এত খরচ? কি করব? এদিকে বলবেন কিছুই করলেন না শর্ট টার্মে—আর শর্ট টার্মে যেটা হয় সেটা করে দিলাম ৮/৯ মাসের মধ্যে, সেটা নাকি অপরাধ হয়ে গেছে। এখন আমাদের দেখে, কেন্দ্রীয় সরকার যেহেতু কিছু করতে পারছেন না, সেই জন্য হলদিয়ার ব্যাপারে একটা গ্যাস টারবাইন আনবেন বলছেন। সেই বিষয়ে কিছু বলার নেই। যিনি বলেছেন তিনি অবশ্য কংগ্রেসের নন—তার কিছু বলার নেই, এটা আমরা দেখেছি। আমরা যা করতে পেরেছি এই অল্প সময়ের মধ্যে সেটা করেছি, বাকিটা দীর্ঘমেয়াদি। তিনি বলেছেন আপনাদের কোনও দীর্ঘমেয়াদি পরিকল্পনা আছে? থাকবে না কেন? আমি একটি চিঠি লিখেছিলাম, বাড়িতে গিয়ে ভাল করে পড়ে নেবেন, ২৩-শে সেপ্টেম্বর ১৯৮০—আমি প্রাইম মিনিস্টারাকে লিখেছিলাম, we are in the process of finalising sixth plan as also annumal plan for the next year. এই পরিপ্রেক্ষিতে লিখেছিলাম, আমাদের যে অসুবিধাগুলি আছে সেগুলি আপনি দেখবেন। আমি এত পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না। আমি যা বলেছিলাম আগে সেটা আবার বলছি, Practically all the installed capacity in West Bengal is coal-based which puts us under to further handicap in respect of available capacity. The thermal stations are prone to more breakdown and rapid reduction of capacity. The net result is that even with the best efforts there is a big gap between the supply and demand. In this connection I may mention that according to the Review on the thermal stations in the

country for July, 1980 published by the Central Electricity Authority the plan availability in West Bengal was 82 per cent, the highest in the country, the next being Delhi 73 per cent and Maharashtra 70 per cent. I mention this just to indicate that our performance is much better than others in the country. The problem of shortfall is immense. My purpose of writing to you is to seek your help so that similar errors as in the past are not committed while fixing the programme for in the 6th plan and subsequent plans. Considering the long gestation period of power plants we should indeed review the matter in 20-year perspective.

এটা একটু শুনে নেবেন। মাননীয় সদস্য যারা বলেছেন আমরা নাকি কিছুই করিনি, বলিনি, তাদের অবগতির জন্য জানাচ্ছি যে ২০ ইয়ারস পারস্পেক্টিভের কথা বলেছি, শুধু ৫ বছর বলিনি। সেই পরিপ্রেক্ষিতে আমি আগেই সেটা বলেছি প্রাইম মিনিস্টার যখন ডেকেছিলেন এবং সেখানে তিনি যেটা বলেছিলেন সেটা উদ্ধৃতি দিয়ে বলেছি—You have asked that 10 per cent should be provided as a cushion so that the crippling effect of energy shortfall is not felt again. I would very much appreciate if this direction is observed by the Central authority which was concerned with planning of electricity. Unfortunately this direction had not been observed as far as we are concerned. ওয়েস্ট বেঙ্গল পত্রিকাতে এটা পাবলিশ করা হয়েছে, আপনারা সেটা দেখে নিতে পারেন। তারপর আমি সেটা বলতে চাই সেটা হচ্ছে, ওরা অনেক কথা ভুলে যান, বিশে, করে কংগ্রেস (ই) বা কংগ্রেস (ইউ) বা কংগ্রেস (এস), আমি তাদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। এখানে একজন সদস্য ছিলেন, নাম দেখে মনে হচ্ছে নমিনেটেড মেম্বার, অ্যাংলো ইন্ডিয়ান, শ্রী জর্জ উইলশন ডিরোজ, তিনি ১৯৭৪ সালে একটা বক্তৃতায় এখানে বলেছিলেন, Sir, during the last two years the only thing that has really increased under the state electricity Board is the size of its ineffective clerical establishment. ঐ যে ১০/২০ হাজার নেওয়া হয়েছিল রাইটার্স বিল্ডিং-এ বসে তিনি বলছেন, According to the official Labour Department publication—Labour in west Bengal-in 1973, out of about 6 lakh 45 thousand 344 persons unemployed due to lay-offs in industrial establishments about 5 lakhs 35 thousand 799 persons, i. e. 85-8 per cent have been laid off due to failure of power supply. আমাদের সময় যতই দুর্দশা হোক এই লে অফ হয়নি বললেই চলে খুব অল্প সংখ্যক ক্ষেত্রে কিছু হয়েছে লে অফ কিন্তু সেটা খুবই খুবই কম। তিনি বলছেন, Sir, one of my friends in the House said that this department has given employment to ten thousand people. ঠিকই, এমপ্লয়মেন্ট দিয়েছিলেন। বাট Sir, on the other hand, it has created unemployment for $5^1/_2$ lakhs of people ইনি কংগ্রেসের একজন নমিনেটেড মেম্বার। তারপর আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, কতকগুলি প্রোজেক্ট সেন্টার বাতিল করেছেন, আমরা সেগুলি নিয়ে আবার সেন্টারের সঙ্গে আলোচনা করব যদি এগুলি তারা আবার গ্রহণ করেন। আমার কাছে আছে, আমি সবগুলির নাম

বলছি না। কতকগুলির ব্যাপারে তারা বলেছেন, প্রসেস করছেন, দেখছেন আবার কতকগুলি নতুন আমরা তাদের দেবার চেষ্টা করছি। কাজেই আমি আপনাদের বলব, এসব ব্যাপারে আমরা নজর রেখেছি। তারপর কোলাঘাটে যেটা পরে হবার কথা ছিল ফোর্থ, ফিফথ, সিক্সথ ইউনিট, সেগুলির ব্যাপারে দু বছর ধরে বলছি যে আপনারা এখনই আমাদের বলে দিন সেটা হবে। ওরা কোল আছে কিনা, অমুক আছে কিনা, তমুক আছে কিনা এসব বলে দু বছর কাটিয়ে দিলেন, কিছুদিন আগে আমাদের কাছে খবর এসেছে প্ল্যানিং কমিশন এটা অনুমোদন করেছেন। তারপর হাইড্রেলের কথা বলা হয়েছে, এটা আমরা জানি, এটা কিছু কিছু করতে হবে, আমরা এর ২/৪টে স্কীম পাঠিয়েছি এবং আরও স্টাডি হচ্ছে। আমরা খুব বেশি কিছু করতে পারব সেকথা বলছি না কিন্তু আমরা একথা বলব, এখনও পর্যন্ত যে স্টাডি আমাদের আছে তাতে এগুলি আমরা করতে পারব। তারপর ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের মেয়াদ ৩০ বছর বাড়ানো হয়েছিল। তারা বললে, আমরা পাওয়ার জেনারেট করতে চাই কিন্তু সেখানে দেখলাম কিছু করা হল না। আমরা এসে দেখেছি সেই ফাইলে ধুলো পড়ে গিয়েছিল। সেই ফাইল নিয়ে আমাকে ১।। বছর ধরে দিল্লিতে ঘুরতে হয়েছে এবং তারপর তারা সেটা অনুমোদন করেছেন। আপনারা যতই সন্দেহ প্রকাশ করুন টিটাগড়ে গিয়ে দেখে আসুন সেখানে কাজ হচ্ছে। নানা কারণে দু মাস লেট হয়েছে—কন্ট্রাক্টর ইত্যাদির ব্যাপারে—কিন্তু তারা কাজ করে যাচ্ছেন। আমরা সেখানে নজর রেখেছি এবং আমাদের সঙ্গেও তারা যোগাযোগ রেখে চলেছেন। তারপর কোলাঘাট মরুভূমি ছিল। ১৯৭৭ সালে এটা শেষ হয়ে যাবার কথা ছিল কারণ ১৯৭২/৭৩ সালে অনুমোদন পাওয়া গিয়েছিল কিন্তু তা হয়নি। কি করছিলেন তখন তৎকালীন সরকার? এক আমাদের লোককে খুন করা ছাড়া আর কিছু করছিলেন বলে তো আমার মনে হয় না। সেই সময় আমাদের ১১শো ছেলেকে তারা খুন করেছিলেন। এইসব তারা তখন করছিলেন কাজেই এই সমস্ত কাজ দেখার সময় তারা পাননি। সেই মরুভূমিতে এখন গিয়ে দেখুন কি কাজকর্ম সেখানে হচ্ছে। সেখানে অসুবিধা আমাদের অনেক ছিল কিন্তু সেই অসুবিধা দূর করে আমরা কাজ করার চেষ্টা করছি।

[7-10 — 7-20 p.m.]

সাঁওতালদি, ব্যান্ডেলে ঠিক তাই। ফোর্থ ইউনিট, ফিফথ ইউনিট অনুমোদন হয়েছিল। হাত দেননি কেন কাজে, কেন ফেলে রেখেছিলেন— এগুলি ফেলে রাখা ত ক্রিমিনাল অ্যাক্টিভিটি। আর এখন এখানে চিৎকার করে বলছেন যে বিদ্যুতের সংকট, নানা রকম কথা বলছেন। তখন মনে ছিল না যখন সরকারে ছিলেন? তখন তো এই সব জিনিসের কিছু করেননি? কোনও ইনভেস্টমেন্টের ব্যবস্থা দেখিনি, কোনও রকম তৎপরতা দেখিনি যে এগুলি যাতে সময়মতো পাওয়া যায়? আমাদের করতে হচ্ছে। এগুলিতো ম্যাজিক নয় যে ১/১ দিনের মধ্যে করে দিতে পারব। আমাদেরও সময় লেগেছে। এটাতো আমাদের কোনও অপরাধ নয়। দিল্লিতে দৌড়াদৌড়ি করে, সেখানে বলে আমাদের করতে হচ্ছে, টাকা-পয়সার ব্যাপার আছে। তবে অন্তত কাজটা আমাদের এগিয়ে গেছে, এইটুকু আমি বলতে পারি। তারপরে একটা কথা বলা হয়েছে এবং এটা বারে বারে বলা হয় যে লোডশেডিং, লোডশেডিং এবং সংবাদপত্রে সব সময়ে বের হয়। এটা যেন শুধু পশ্চিমবঙ্গেই আছে, আর অন্য জায়গায় নেই। এখানে তো কোনও ডিমান্ড সাপ্রেস করা হয়নি। এই বিষয়ে দিলীপবাবু বিভিন্ন প্রদেশ

সম্পর্কে বলে গেছেন। সমস্ত জায়গায়—মহারাষ্ট্রে বলুন, কর্ণাটকে বলুন—সেদিন আমি কর্ণাটকে গিয়েছিলাম। তারা একটা কারখানায় নিয়ে গিয়েছিলেন। সেখানে ম্যানেজমেন্ট, শ্রমিকরা বললেন যে আমরা মেশিন তৈরি করেছি, ফ্রান্স, জার্মান, ইংল্যান্ডে পাঠাবার জন্য। আমরা আরও দ্রুতগতিতে লোক নিয়ে, এমপ্লয়মেন্ট দিয়ে এই কাজ করতে পারি। কিন্তু ৩৫ পারসেন্ট পাওয়ার কাট হয়ে গেছে, আমরা পাচ্ছি না। ওদের হয়ত কিছু অসুবিধা আছে, আমি তার মধ্যে যাচ্ছি না, কারণ আমি সেটা স্টাডি করিনি। কিন্তু কথা হচ্ছে যে সমস্ত জায়গায় এটা হচ্ছে। অথচ সেটা সাপ্রেস করে রাখা হচ্ছে। কোথাও ২৫ পারসেন্ট, কোথাও ৩৫ পারসেন্ট, কোথাও ৫০ পারসেন্ট এবং কতকগুলি ক্ষেত্রে ১০০ পারসেন্টও আছে। এমন সব কথাবার্তা বলা হচ্ছে তাতে মনে হয় যে একমাত্র পশ্চিমবঙ্গেই এখন লোডশেডিং হচ্ছে, আগে ছিল না। তারপর আমি এই কথা বলতে চাচ্ছি যে সাধারণ কর্মী, যারা কাজ করেন আমাদের এইসব প্রকল্পে তাদের বেশির ভাগ সমর্থন আমরা পেয়েছি তাতে কোনও সন্দেহ নেই। কিছু হয়ত আছে যারা ভিন্ন মতের কিন্তু তারা মাইনরিটি। তাদের ট্রেড ইউনিয়নের নামে কোনও রকম দাবি-দাওয়া নেই। একটা দাবি তাদের আছে যে কন্ট্রাক্ট লেবারের কাজ যারা করছে সাঁওতালদিতে, সেই কন্ট্রাক্ট লেবারদের যখন কাজ হয়ে যাবে তখন সবাইকে অ্যাবজর্ব করতে হবে। এটা কি জাস্টিফায়েড? এটা কি সমর্থনযোগ্য? এটাকে কি সমর্থন করতে পারি? কংগ্রেস সরকার কোনওদিন এইসব করেননি। আমরা বুঝেছি যে ওদের দুঃখ আছে, আমরা সেজন্য বলেছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেবার সঙ্গে সঙ্গে ওদের থেকেও ২০ ভাগ নেবার প্রাইওরিটি থাকবে। কারণ ৪/৫ বছর ধরে তারা যদি কাজ করে থাকে তাহলে কিছু কাজ শিখেছে, শুধু ত আর মাটি কাটার কাজ নয়। তারা এতদিন যে কাজ করেছে, তারা কি পেয়েছে? কিন্তু আমরা তো আর সবাইকে নিতে পারি না। সব কন্ট্রাক্ট লেবার, সব জায়গায় কি আমরা অ্যাবজর্ব করতে পারি? কংগ্রেসের কোনও নীতি ছিল না। আমাদের একটা নীতি আছে। আমরা সেই নীতির ভিত্তিতে চলি। এদের দিকে কেউ কোনওদিন তাকায়নি। একজন এসে দাবি করলেন, যারা এখানে অফিসে কাজ করেন, তারা এই রিক্রুটেড, কংগ্রেসিরা রিক্রুট করেছেন, তাদের এম. এল. এ.-রা রিক্রুট করেছে, নানা টাকা-পয়সা চলেছে, দুর্নীতি ইত্যাদি মানুষের মধ্যে ঢুকেছে, সবাই না হলেও আছে এবং দাবি কি উঠেছিল? আমরা যারা অফিসে কাজ করি, আমাদের ওভার টাইম না হলেও ওভার টাইম দিতে হবে। আমরা তো সারা জীবন ট্রেড ইউনিয়ন করেছি কিন্তু এই রকম দাবি কখনও শুনিনি। কাজ করলে তারা ওভার টাইম পাবেন। কিন্তু যেখানে ওভার টাইমের দরকার নেই, সেখানেও ওভার টাইম দিতে হবে। ওভার টাইম করিয়ে করিয়ে এমন অভ্যাস করে দেওয়া হয়েছে যে যেখানে ওভার টাইম প্রয়োজন নেই, সেখানেও ওভার টাইম দিতে হচ্ছে। এখন কমেছে এবং যার জন্য আন্দোলন হচ্ছে। ওরা বলেছেন যে একটা করে দিনে চেক লিখলেও আমাদের ওভার টাইম দিতে হবে। মাল এসে সাঁওতালদিতে পড়ে আছে, আমরা আনতে পারছি না চেকের অভাবে। সেখানে চেক যাচ্ছে না, এইভাবে ডিলে হচ্ছে। এখন এগুলি হচ্ছে ট্রেড ইউনিয়ন ডিমান্ড। এই রকম অনেক বলতে পারি। আমরা এমন কোনও দাবি নেই, ট্রেড ইউনিয়নের যেগুলি মূলত মেনে না নিয়েছি, সমস্ত সেকশনের। এখন তাদের যে সব দাবি আছে, নুতন করে উঠেছে, সেগুলি আমরা দেখছি—কর্মীরা আছে, টেকনিক্যাল লোক আছে, ইঞ্জিনিয়ারস আছে—আমরা এগুলি দেখছি কি ভাবে কি করা যায়। আর একটা

কথা বলা হয়েছে, আমি একথা বলতে চাই যে সিটিতে এই রকম হতে পারে না যে দুটোই একই জায়গায় ইউনিয়ন, তারা বিভিন্ন নামে হোক বা একই নামে হোক, তারা সিটুর মেম্বার, এটা হতে পারে না। এটা কখনই হয় না, এটা চলতে পারে না, এটা ভাল করে জেনে নেবেন।

আমরা অবশ্য একথা সঙ্গে সঙ্গে বলব যে, অসুবিধা এখনও আছে এবং সেজন্য মানুষের কাছে আমরা কৃতজ্ঞ, নাগরিকদের কাছে আমরা কৃতজ্ঞ। কারণ বেশির ভাগ মানুষ এই অসুবিধা সহ্য করেছেন। তাদের সঙ্গে আমাদের যোগাযোগ আছে, তারা এই বুঝে সহ্য করেছেন যে, আমরা চেষ্টা করছি, সবটা পেরে উঠছি না। আমরা মানুষকে মিথ্যে কথা বলি না, সেটা তারা জানেন এবং সেইজন্যই তারা আমাদের সততার উপর বিশ্বাস রেখে, প্রচেষ্টার উপর বিশ্বাস রেখে সহ্য করেছেন এবং তারা আশা রেখেছেন যে, আস্তে আস্তে অবস্থার উন্নতি হয়। তারা বুঝেছেন অবস্থার কিছু কিছু উন্নতি হচ্ছে, আরও হবে। মেন্টেনেন্স-এর ব্যাপারে কথা হয়েছে, কিন্তু মেন্টেনেন্স হবে কি করে? ইমার্জেন্সির সময়ে সি. ই. এস. সি.-র কাছে পর্যন্ত অর্ডার চলে গেছিল যে, "মেন্টেনেন্স-এর দরকার নেই, ওভারহলিং-এর দরকার নেই, পাওয়ার দাও, পাওয়ার দাও।" If you flaw the machine like that will the machine work? After 18 or 20 months the machine will not work. সেই সর্বনাশ, সেই সমস্ত অপরাধমূলক যা কংগ্রেস করে গেছে। তার ফলে এস. ই. বি.-র ডি. পি. এল. টোটাল ব্রেকডাউন হয়ে গিয়েছিল। সেই সময়ে ওরা সি. ই. এস. সি.-কে পর্যন্ত চিঠি দিয়েছিল, আমরা তা দেখেছি তাদের বলেছিল, "কর, কর উৎপাদন কর, তার পরে দেখা যাবে।" এই রকম ঘটনা ঘটেছে। আজকে আমরা তার ভুক্তভোগী, আমরা অর্থে শুধু সরকার নয়, জনসাধারণ-ও। আজকে এটাও জনসাধারণের বোঝা দরকার। তবে রুর্যাল ইলেক্ট্রিফিকেশন সম্বন্ধে বলব যে, হ্যাঁ, কাজ একটু ধীর গতিতে হচ্ছে, যতটুক হতে পারত, আমাদের ধারণা ততটুকুও হয়নি। তবে এ বিষয়েও একটা কথা আছে, সেটা হচ্ছে, ঐ কংগ্রেসিরা ১০,০০০ গ্রামে বৈদ্যুতিকরণের প্রকল্প নিয়েছিল এবং সেই প্রকল্প অনুযায়ী সমস্ত আন্ট্রিটেড পোল গ্রামের মধ্যে বসিয়ে দিয়েছিল, অর্থাৎ আরও একটা অপরাধমূলক কাজ করেছিল। আমরা জানি না এর জন্য কত টাকা খরচ হয়েছিল, তবে অন্তত ১ কোটি থেকে দেড় কোটি টাকা আমাদের খরচ হয়েছে ঐগুলি রিপ্লেস করতে। কিন্তু আমরা অপরাধীদের ধরতে পারছি না, তাদের কেউ কেউ ঐদিকে আছেন, কেউ কেউ কেন্দ্রে চলে গেছেন, এদিক ওদিক চলে গেছেন। সুতরাং আমরা দেখতে পাচ্ছি ঐসব করে মানুষকে ভুল বোঝানোর চেষ্টা হয়েছিল, সমস্ত লোক দেখানো ব্যাপার হয়েছিল। আজকে আর. সি. সি. পোল তৈরি করবার জন্য ইউনিট সেট-আপ করতে হয়েছে এবং অন্যান্য নানারকম ইউনিটও হয়েছে। এখন যাতে দ্রুত গতিতে কাজ হয় তার জন্য আমরা চেষ্টা করছি। তারপরে চতুর্থ ইউনিট সাঁওতালদি এবং পঞ্চম ইউনিট ব্যান্ডেলের কথা আপনারা জানেন। আগেও অনেকবার বলা হয়েছে, যাতে আর দেরি না হয় তা দেখা হচ্ছে। তবে দেরি হওয়ার অনেক কারণ আছে, কিছু কর্মীদের গন্ডগোল, স্যাবোটেজ ইত্যাদি ছিল। তথাপি বলা হয়েছে, Bandel is one of the best run units in India. এটা শুনলে আমাদের আনন্দ হয়, আমরা খুশি হই, তাতে সেখানে আই. এন. টি. ইউ. সি.-র বন্ধুরাই থাকুন, আর. সি. আই. টি. ইউ.-র বন্ধুরাই থাকুন,

কংগ্রেস, বামপন্থী, দক্ষিণপন্থী, যারাই থাকুন, কথা হচ্ছে, তারা এই কাজ করেছেন, এ বিষয়ে সন্দেহ নেই। তাদের সহযোগিতা ছাড়া দু' চার জন অফিসাররা একাজ করতে পারত না। কিন্তু আমরা দেখেছি আই. আই. এল. (কোটা), যেখান থেকে জিনিস-পত্র আসবে, সেখানে ২।। মাস, ৩ মাস, ৪ মাস ধরে স্ট্রাইক চলেছে, অল ইন্ডিয়া স্ট্রাইক। আমি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের লেবার মিনিস্টার এবং ইন্ডাস্ট্রি মিনিস্টারকে বলেছি। এখানে যারা ঐ ইউনিটগুলি চালু করার জন্য কাজ করছিলেন তাদের আমি কাজের বিষয়ে জিজ্ঞাসা করেছিলাম, তারা আমাকে বলেছিলেন, আমাদের কাজ শেষ হয়ে গেছে, মাত্র ১০ দিনের কাজ বাকি আছে, কিন্তু আই. আই. এল.-এর ৪০ জন লোক বসে আছে, যার ফলে বাকি কাজটা শেষ হচ্ছে না। তখন তাদের আমি জিজ্ঞাসা করেছিলাম, তারা আমাকে বলেছিলেন যে, আমাদের অল ইন্ডিয়া স্ট্রাইক চলছে, কি করে আমরা কাজ করব? আমি দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রীদের বলেছিলাম যে, আপনারা ওদের সঙ্গে একটা সেটেলমেন্টে আসুন, তা না হলে ভারতবর্ষের সর্বনাশ হয়ে গেল। এখন ওদের কাছ থেকে চিঠি পাচ্ছি যে, বোম্বাইতে মাল-পত্র পাঠিয়েছে, কিন্তু জাহাজ-টাহাজ সব আটকে গিয়েছে, এই জন্য দেরি হচ্ছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, চেষ্টা করতে হবে, তাদের যে সমস্ত ন্যায্য দাবি-দাওয়া আছে সেগুলি মেটাবার জন্য ব্যবস্থা করতে হবে। তারপরে এখানে বলা হচ্ছে শিল্পে এবং কৃষিতে প্রোডাকশন কমে গেছে। আমি ওদের জিজ্ঞাসা করছি, কোথায় কমে গেছে একটু বলুন? কেন কমবে, পরিসংখ্যান তো রয়েছে। হয়ত ওরা বলবেন কমা উচিত, কিন্তু কেন কমা উচিত তা আমি বলতে পারব না। কারণ আমরা ডিজেল অপারেটেড জেনারেশন সেটের জন্য অনেক কনসেশন দিয়েছি, বড়দের দিয়েছি, বড়দের দিয়েছি, ছোটদের দিয়েছি, ছোটদের দেওয়ায় একটু অসুবিধা আছে, তবুও আমরা দিয়েছি।

[7-20 — 7-30 p.m.]

আমাদের কাছে তার ফিগার আছে। টেক্সটাইল দেখুন, রেয়নে দেখুন, জুটে দেখুন এবং অন্যান্য বিষয়ে দেখুন সবক্ষেত্রেই প্রডাকশন বেড়েছে। চোখের সামনে ফিগারস আছে। সুতরাং কি করে বললেন প্রডাকশন কমে গেছে? কৃষির ক্ষেত্রে অনেকগুলি অঞ্চলে এই রকম হয়েছে যে, ৩/৪/৫ ঘন্টা বিদ্যুৎ পায়নি ঐ লো-ভল্টেজের জন্য। এইটাই সব থেকে অসুবিধা হয়েছে, এইসব রিপোর্ট আমার কাছে এসেছে। তথাপি বাকি সময়ে বিদ্যুৎ দেওয়া হয়েছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে আমার কাছে ফাইল পাঠিয়েছে, তাতে ওরা বলছেন, ২ মাস ধরে সিচুয়েশনটা ইম্প্রুভ করেছে এবং অসুবিধা এখন আর ততটা নেই। একথা তারা বলেছেন। আপনারা শুনেছেন কৃষি বাজেট পেশ করবার সময়ে বলা হয়েছিল যে, আমাদের হায়েস্ট প্রডাকশন হয়েছে। তবে অসুবিধা যে নেই সেকথা বলছি না। বিশেষ করে স্মল স্কেল ইন্ডাস্ট্রির ক্ষেত্রে অসুবিধা আছে। তাদের যে কনসেশন দিই—ঐ স্মল স্কেল ইন্ডাস্ট্রি লোকেরা তারা অ্যাপ্লিকেশন করেছেন। এর মধ্যে ৭০টি অ্যাপ্লিকেশন অনুমোদিত হয়েছে, তারা কিনবেন এবং কিনে তারা লাভবান হবেন, তাদের প্রডাকশন যাতে ইম্প্রুভ করে তারজন্য তারা চেষ্টা করছেন। সুতরাং এক্ষেত্রে অনেক চাহিদা আছে সেটা দেখতে হবে। তারপর দেখছি ব্যক্তিগত আক্রমণ করে বলা হল। মনমোহন সিংকে হায়দ্রাবাদ থেকে এনেছি, সিভিল ইঞ্জিনিয়ার, বিরাট বিরাট

প্রোজেক্ট করেছেন। তাকে চিনতাম না যখন আনা হয়, নানাভাবে খবর এসেছে। কিন্তু এনারা এত দায়িত্বজ্ঞানহীন তা আমার জানা ছিল না। ওনারা বলছেন হরকিষণ সিং সুরজিৎ তার নাকি লোক, যেহেতু তিনি পাঞ্জাবি সেইজন্য পাঞ্জাবিকে আনা হয়েছে। কংগ্রেস এবং জনতা পার্টি তো এইরকম দুর্নীতি করতে অভ্যস্থ। সুতরাং এদের পক্ষে এইসব কথা বলাই স্বাভাবিক। জনতা পার্টি তো ২ বছর রাজত্ব করবার পর তাদের কোথাও দেখতে পাচ্ছি না। আপনারা নিজেদের এইভাবে সর্বনাশ করেছেন। সুরজিৎ কে কি কোনওদিন চেনেন? আমাদের এখানে তো পাঞ্জাবি পুলিশ অফিসার আছে। আমাদের সাধারণ কর্মচারিদের মধ্যে প্রায় ৬০ ভাগ লোক নন-বেঙ্গলি। আপনাদের মতোন প্রাদেশিকতা আমরা করি না। উত্তরবঙ্গে নেপালি বাঙালির মধ্যে ঝগড়া-বিবাদ আপনারা লাগিয়েছেন। এইসব পথে আপনারা যাবেন না। এতে করে ভারতবর্ষের কোনও মঙ্গল হবে না। যদি আপনারা মনে করে থাকেন এতে করে পার্টির মঙ্গল হবে না। তারপর এখানে বলা হল, ঐ ২ হাজার ৫০০ টাকা মাহিনা দিই, ডি. এ., অ্যাডিশনাল ডি. এ.—এই সমস্ত মাহিনা পায়। এইসব দিতে হবে। তারপর বলা হচ্ছে তার স্ত্রী নাকি সোশ্যাল কন্টাক্টের জন্য টাকা পান। ইফ আই ক্যান নট সে লাই দেন ইট ইজ আন-ট্রু। এইসব না জেনেশুনে আন-ট্রু করে বলা হচ্ছে। এইসব লোকেদের পানিশমেন্ট দেওয়া উচিত। এইসব কথা বলে জল ঘোলা করা হচ্ছে।

আমার আর সাধারণভাবে বিশেষ কিছু বলার নেই। তবে শ্রী ভোলানাথ সেন কোর্ট কেস, কাউন্টার কেস ইঞ্জাংশনের কথা বললেন, সেটা এখানে কেন আনছেন কাল কোর্টে পড়া আছে, ওখানে যান না, এখানে কেন আনছেন ওসব কথা? যে কোনও জিনিস হোক আমাদের কোর্টের অর্ডার মানতে হবে। আমরা যদি একমত নাও হই তবুও আমাদের মানতে হবে...

(নয়েজ)

এসব বাজে কথা এখানে বলবেন না, তারপর আর একটি কথা, ওয়ান মিঃ ঘোষ, বোর্ডে ছিলেন, আমি জানি, তিনি আমার কাছে এলেন, আমাকে বললেন রিঅর্গানাইজ করতে হবে, আমি রিজাইন করব। আমি বললাম সেটা আপনি বুঝুন, উনি কাগজে লিখলেন, আমরা কব্জা করলাম, কিন্তু আমার অনেক অভিযোগ আছে। আমি বলালম বোর্ড সম্বন্ধে অভিযোগ তো এতদিন বলেননি, এই সময়ে বলছেন, তা বেশতো কলকাতায় থাকবেন রিজাইন করার পর আপনি আমাদের কাছে আসবেন আমি আলোচনা করব। উনি তার দুদিনের মধ্যে গিয়ে সংবাদপত্রে এক তরফা অভিযোগ বলে দিলেন। এই লোকের সঙ্গে আমি কি কথা বলব, আমার কথা বলার প্রবৃত্তি হল না এবং আমি পরে দেখেছি বোর্ডের কাগজপত্র দেখবার জন্য ইউনানিমাসলি যেসব কথা পরে কাগজে বলেছেন যে এই অভিযোগ আছে, ঐ অভিযোগ আছে এইসব ইউনানিমাসলি হয়েছে, তিনি অভিযুক্ত হতে পারেন না? মনে করেছিলেন কাগজে তো সমালোচনা হল, কাগজে গিয়ে বলেছেন, লিখেছেন। যদি সততা থাকে, তাহলে তারা যে কথা বলেছিলেন সেকথা রাখতেন, আমাদের কাছে আসতেন। এরজন্য আমাকে তো আপনি দায়ী করতে পারেন না। বোর্ডের মধ্যে পরিসংখ্যানের কথা আছে, যদি মাইনরিটি থাকেন,

আমি না দেখে না শুনে কিছু কি জবাব দেব? আপনার কথাগুলি এখানে এসে বলছেন? ইন্দিরা কংগ্রেসের প্রতিনিধি এবং নেতা স্থানীয়দের উনি প্রশংসা করেছেন, যেখানে প্রশংসা করার কথা প্রশংসা করবেন, কিন্তু সবটা মিলিয়ে মিশিয়ে এমন দেখাতে চাইছেন যেন আমরা খুব অখুশি হয়েছি, এটা কোয়েনসিডেন্স হতে পারে। ওর কৃতিত্ব থাকতে পারে উনি আমাদের কাছে এসেছিলেন, আমাকে বলেছিলেন নানা কথা। কিন্তু তখন একটা কথা বললেন না যে একটা ইউনিয়ন ২৫/৩০ বছরের ইউনিয়ন তাকে ডিরেকগনাইজ করা হল কোন আইনে? কি ব্যাপার বুঝলাম না। এও আমি জিজ্ঞাসা করেছিলাম যে কি গোলমাল হয়েছে, কে আপনাকে মেরেছে, ৭ জনকে যে সাসপেন্ড করলেন, আপনি কি করে জানলেন উনি বললেন না, সেটা আমি ধরে নিচ্ছি। এই স্লেভ লেবার দিয়ে তাজমহল তৈরি করা যায়, কিন্তু সেটা অনুমোদন করতে হবে তার কোনও মানে নেই। এখন আর সে জিনিস চলে না। কাজেই এখন ট্রেড ইউনিয়নের অধিকার মর্যাদা এগুলি দিতে হবে, আপনি যদি সমস্ত কাজ ভাল করে করেন তাহলেও আমি বলব যে ঐ গণতান্ত্রিক অধিকার সেটা খর্ব করে যদি করেন সেটা ঠিক নয়। তার সঙ্গে আলোচনা হয়েছে, তিনি আমাকে বললেন, বাড়ি থেকে উৎখাত করবে। আমি তাকে বললাম যে ঐসব দিল্লিতে হয়, এখানে ওসব ভয় নেই। কাউকে বাড়ি থেকে উৎখাত করছে, কাউকে নোটিশ দিয়ে তাড়িয়ে দিচ্ছে এখানে ওসব হবে না, আপনি নিশ্চিন্ত হয়ে বাড়িতে যেখানে আছেন, সী রোডে সেখানেই থাকুন। অবিচার বা বে-আইনি যদি কিছু করেন এগুলি লিখে জানাব। অমলেন্দুবাবু আমার কছে যেটা বলেছিলেন আমি গনিখান চৌধুরি মহাশয়কে লিখে জানিয়েছি। এখানে আমার কথা হচ্ছে ৮০০ মেগাওয়াট—আমি বলছি রোজ ৮০০ মেগাওয়াট চুক্তি অনুযায়ী যা ওনারা দিলেন, আগে তো ৩০/৪০ এর বেশি কিন্তু পাইনি। একমাস ধরে পাচ্ছি, আমি অত্যন্ত আনন্দিত, কিন্তু একমাস ধরে দেখছি ৬০০ মেগাওয়াটে নেমে গেল, হয়ত কোনও কারণ আছে আমি বলতে পারি না, সেজন্য আমাদের নিরানন্দ হবার কিছু নেই। ওখানে উন্নতি হয় বা ডি. পি. এম এর মধ্যে দুর্বলতা যা আছে আমি আগেই বলেছি। আর আজকে কি সর্বনাশটা হল। জয়নাল আবেদিন সাহেব কি করে গিয়েছেন সেটা আপনারা শুনলেন দিলীপ মজুমদার মহাশয়ের কাছে। এখানে আমি খালি আর একটা কথা বলতে চাই, আর একটা কথা বলে শেষ করব স্বদেশরঞ্জন মাঝি মহাশয় আমার কাছে অনেকগুলি অভিযোগ করলেন সেগুলি আমি দেখব, কিছু জানি, কিছু জানিনা। কিন্তু একটা কথা যা আমাকে বললেন তাতে আমি আশ্চর্য হয়ে গেলাম।

[7-30 — 7-42 p.m.]

শ্রী স্বদেশ মাঝি কোলাঘাট সম্বন্ধে কতকগুলি কথা বলেছেন সেগুলি আমাকে দেখতে হবে। কিন্তু এটা ঠিক নয় যে ল্যাণ্ড লুজার্সদের স্বার্থ আমরা দেখছি না। সমস্ত জায়গায় আমরা দেখেছি। সাঁওতালদি এখন দেখছি, কোথায় কি আছে জানি না। প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তাদের ঘরের একটি করে ছেলের চাকরি দিতে হবে। কিন্তু তাদের লিস্ট পাওয়া যাচ্ছে না বলে কোলাঘাটের লিস্ট আমরা তৈরি করছি। বিকল্প ব্যবস্থা হিসেবে তিনি কিছু কিছু জমি দেবার কথা বলেছেন—বিশেষ করে একজন সম্বন্ধে। আমি ইঞ্জিনিয়ারদের বলেছি

আপনারা এটা করে দিন। তিনি বলেছেন তার ছেলে খুব ছোট, বড় হলে তাকে যেন চাকরি দেওয়া হয়—এটা করা যায় না। এই সব কথা বললে আমরা কি করতে পারি? ওদের ক্ষেপানোর জন্য নানারকম আন্দোলন হচ্ছে। আমরা বিকল্প না করে কাউকে ভোগাই না। এ ব্যবস্থা আমরা শিয়ালদাতে, হলদিয়াতে করেছি। ত্রুটি-বিচ্যুতি যদি কিছু থাকে আপনারা দেখিয়ে দেবেন। ভুল নাম ঢুকে যেতে পারে সেগুলি আমরা দেখব। তবে আন্দোলন না করে আপনারা এইসব কথা বলুন তাহলে আমরা একটা কিছু করতে পারি। কিন্তু কাজ আমরা বন্ধ হতে দেব না। কারণ তাঁরা আবার বলবেন কেন দেরি হচ্ছে। আমরা কারুর উপর স্টিম রোলার চালাতে চাই না। আমরা কংগ্রেসী নই। তারা দিল্লির ২০ হাজার হিন্দু মুসলমানের উপর স্টিম রোলার চাপিয়েছিলেন। সুতরাং কারা করছে তা আমাদের বলে দিন এবং আমাদের যদি কেউ করে থাকেন আমাদের ভাবমূর্তি নষ্ট করার তাহলে সেটা আমরা দেখব। আমরা প্রতিশ্রুতিবদ্ধ তাদের জন্য বিকল্প ব্যবস্থা করার। আমরা কংগ্রেসি মন্ত্রী নই যে ফারাক্কাকে সর্বনাশের দিকে তাদের মতন নিয়ে যাবো। লোক নেবার জন্য গনিখান চৌধুরির যে চিঠি তাতে কোনও নীতি নেই। সমস্ত নিজের লোক মালদহ থেকে হবে। কয়লার পারমিট মালদহের লোক পাবে। কেন পশ্চিমবাংলায় কি কোথাও লোক নেই?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার—

**Mr. Deputy Speaker :** Mr. Bapuli, please take your seat, I will not allow you to speak till Chief Minister finishes his speech.

**শ্রী জ্যোতি বসু ঃ** ওঁরা যার খুশি নাম বলে যাবেন—প্রমোদ দাশগুপ্তের নাম বলতে পারেন—আর আমরা বললেই পয়েন্ট অফ There is neither order nor privilege nor any other question. এসব খালি গোলমাল করার জন্য। ওরা এখানে গোলমাল করেন, বাহিরে গোলমাল করেন। কংগ্রেস (আই) লিডার বললেন যে দার্জিলিং-এ যে হরতাল, ধর্মঘট হচ্ছে তার সঙ্গে আমরা নেই। কিন্তু কাগজে বের হল ওঁদের কথা। এ পার্টির কি মূল্য আছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** অন এ পয়েন্ট অফ ক্ল্যারিফিকেশান, স্যার, মুখ্যমন্ত্রীর আমাদের কোনও গঠনমূলক সাজেশন অ্যাপ্রিসিয়েট না করার রাইট তার আছে। আমি যেকথা বলেছিলাম তাকে বিকৃতভাবে উত্থাপন করে দুর্নীতি, প্রাদেশিকতা ইত্যাদির কথা বললেন। আমি চ্যালেঞ্জ করছি আপনার যদি ক্ষমতা থাকে একটা প্রোডিউস করুন। আমি বলেছি কোলাঘাটে যাকে জেনারেল ম্যানেজার করা হয়েছে ঐ ধরনের যোগ্যতাসম্পন্ন লোক প্রচুর আছে। তাঁরজন্য পারক্যুইজিট যা আছে কোনও চিফ ইঞ্জিনিয়ার তা পায়নি। আমি শুনেছি তিনি হরকিষণ সিং সুরজিতের লোক। মুখ্যমন্ত্রীর এরকম বিকৃত জবাব দেওয়া উচিত নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার মুখ্যমন্ত্রী বলবার সময় গনিখান চৌধুরির প্রতি কটাক্ষপাত করেছেন। তিনি এই হাউসের মেম্বার নন। তিনি বক্তৃতা দেবার সময় অনেক অসভ্য ভাষণ দিয়েছেন। এটা একটা রাজনৈতিক বক্তৃতা।

**Mr. Deputy Speaker:** There is no point of order. Let the Chief Minister finish his speech first. Please take your seat.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এই হাউসে আপনার রুলিং আছে পয়েন্ট অফ অর্ডার যখন তোলা হবে সঙ্গে সঙ্গে বসিয়ে তাকে বলতে দেওয়া হবে। কিন্তু আজকে আমাকে তা বলতে দেওয়া হয়নি বলে এর একটা ব্যতিক্রম হল। মুখ্যমন্ত্রী শ্রী গনিখান চৌধুরির নাম করেছেন যিনি এই হাউসের সদস্য নন। সুতরাং এরকমভাবে বলা যায় না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি একজন সিনিয়ার মেম্বার হিসেবে ভালই জানেন যখন পাওয়ারের উপর ডিসকাশন যখন হচ্ছে তখন কেন্দ্রীয় পাওয়ার মন্ত্রীর নাম এসে যাবে। তিনি কি ভুলে গেছেন যে আমরা সেন্টারের সঙ্গে আছি, ওয়েস্টবেঙ্গল আলাদা হয়নি, হবে না। স্বাভাবিকভাবে চীফ মিনিস্টার যখন ভাষণ দিচ্ছেন তখন কেন্দ্রীয় মন্ত্রীর নাম তিনি নিশ্চয় নিতে পারেন। এর মধ্যে আশ্চর্যের ব্যাপার নেই। আপনি এবার বসে পড়ুন।

**শ্রী জ্যোতি বসু ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি আর কিছু বলতে চাই না। আমি যে ব্যয়-বরাদ্দ এনেছি বিদ্যুতের ব্যাপারে সেটা আপনারা সমর্থন করবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 67,75,71,000 be granted for expenditure under Demand No. - 67, Major Head: 334—Power Projects and 734—Loans for Power Project was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7.38 p.m. till 1 p.m. on Tuesday, the 24th March, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 24th March, 1981 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah.) in the Chair, 16 Ministers, 2 Ministers of State and 137 Members.

### OBITUARY REFERENCE

[1-00 – 1-10 p.m.]

**মিঃ স্পিকার ঃ** আজ আমি গভীর দুঃখের সঙ্গে স্মরণ করছি এই বিধানসভার প্রাক্তন সদস্য শ্রী শিশুরাম মণ্ডল মহাশয়কে। গত রবিবার বাঁকুড়ায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।

প্রয়াত শিশুরাম মণ্ডল মহাশয় ১৯০০ সালে বাঁকুড়া জেলায় জন্মগ্রহণ করেন। নারকেলডাঙ্গা জর্জ হাই ইংলিশ স্কুল ও মিত্র ইনস্টিটিউশনে লেখাপড়া শেষ করে তিনি বঙ্গবাসী কলেজে ভর্তি হন এবং ঐ কলেজ থেকেই বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হন।

কর্মজীবনে তিনি ছিলেন একজন আদর্শ শিক্ষক। ১৯৩০ সাল পর্যন্ত তিনি গঙ্গাজলঘাটী জাতীয় বিদ্যালয়ের প্রধান শিক্ষক রূপে এবং পরে ১৯৫২ সাল পর্যন্ত বাঁকুড়াস্থিত অমরকানন দেশবন্ধু বিদ্যালয়ের প্রধান শিক্ষকরূপে তিনি কাজ করেন।

বাঁকুড়া জেলার বহু জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গে তিনি যুক্ত ছিলেন বাঁকুড়া জেলা স্কুলবোর্ডের সভাপতিরূপে এবং ডিস্ট্রিবিউটরী অ্যাশোসিয়েশন, অ্যাডভাইসারি কাউনসিল জেলা সোশ্যাল এডুকেশন ও ট্রাইব্যাল ওয়েলফেয়ার কমিটির সদস্যরূপে তাঁর সমাজসেবার রূপটি সুপরিস্ফুট হয়েছিল।

প্রয়াত শিশুরাম মণ্ডল মহাশয় ১৯৫২ সালে সোনামুখী কেন্দ্র থেকে, ১৯৫৭ সালে বাঁকুড়া কেন্দ্র থেকে এবং ১৯৬২ সালে গঙ্গাজলঘাটি কেন্দ্র থেকে এই বিধানসভায় নির্বাচিত হয়েছিলেন।

এই নিরহঙ্কারী, শিক্ষাব্রতীর প্রয়ান এক গভীর শূন্যতার সৃষ্টি করেছে।

আমি প্রয়াত সদস্যের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

এখন আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা যেন নিজ নিজ আসনে দু'মিনিট দণ্ডায়মান থেকে প্রয়াত সদস্যের প্রতি শ্রদ্ধাপ্রদর্শন করেন।

**(সদস্যগণ নিজ নিজ আসনে দু'মিনিট দণ্ডায়মান থেকে নিরবতা পালন করেন)**

**মিঃ স্পিকার ঃ** ধন্যবাদ। বিধানসভার সচিব এই শোকবার্তার প্রতিলিপি প্রয়াত সদস্যের পরিবার বর্গের কাছে পাঠিয়ে দেবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা প্রস্তাব ছিল আপনি এই মাত্র একটা শোক প্রস্তাব নিলেন। আজ গ্রাম বাংলায় হাজার হাজার চাষী মা হারা। মা হচ্ছে তাদের চাষের জমি, সেই জমি তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। সেইজন্য তারা মা হারা। তাদের চোখের জল পড়ছে। তার জন্য আপনি দয়া করে একটা শোক প্রস্তাব নিন।

## Held over Starred Questions
## (to which oral answers were given)

### (A) Increase in daily earnings of the C. S. T. C.

***123.** (Admitted question No. *722.) **Shri Naba Kumar Ray** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) Whether there has been any increase in the average daily revenue earnings of the State Transport Undertakings as a result of the recent increase in fares; and

(b) if so—

(i) what is the average daily revenue earnings after the enhancement of the fares,

(ii) what was the average daily revenue earnings in a week prior to enhancement of the fares, and

(iii) to what extent this increase in daily revenue earnings is likely

to cover the additional expenditures which the State Transport Undertakings would have to incur due to recent increase in prices of petroleum products?

**Shri Mohammed Amin :**

(a) Yes, in all the State Transport Undertakings except in the DSTC where recent increase in fares has not been implemented as yet.

(b)

| | | | |
|---|---|---|---|
| i) | CSTC | — | Rs. 4,03,000.00 |
| | NBSTC | — | Rs. 1,27,891.00 |
| | CTC | — | Rs. 1,69,700.00 |
| ii) | CSTC | — | Rs. 3,88,000.00 |
| | NBSTC | — | Rs. 1,10,905.00 |
| | CTC | — | Rs. 1,46,483.00 |
| | DSTU | — | Rs. 34,475.00 |
| | (from 12.3.81 to 18.3.81) | | |
| (iii) | CSTC | — | 65% of the daily additional expenditure |
| | NBSTC | — | 81% of the additional expenditure. |
| | CTC | — | Almost 100% of the enhancement of the most of electricity since the last fare revision in 1975. |

**শ্রী রজনীকান্ত দলুই :** আপনি বললেন যে, সি এস টি সিতে রিসেন্টলি আপনারা

যে ফেয়ার ইনক্রিজ করেছেন সেটা ডি এস টি সিতে ইমপ্লিমেন্ট করতে পারছেন না এর কারণ কি?

**শ্রী মহঃ আমিন ঃ** ডি এস টি সিতে কিছু কমপ্লিকেশন আছে যারজন্য ওরা এখনও কিছু সিদ্ধান্তে আসতে পারেননি। তবে শীঘ্রই সেখানে এটা ইমপ্লিমেন্ট হয়ে যাবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই কমপ্লিকেশনগুলি কি?

**শ্রী মহঃ আমিন ঃ** সেটা আলাদা প্রশ্ন করলে উত্তর দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি রিপ্লাই-এ বলেছেন সি এস টি সিতে ভাড়া বেড়েছে—ডেলি অ্যাডিশানাল এক্সপেণ্ডিচার ৬০ পারসেন্ট হওয়ার জন্য। আবার সি টি সিতে বলছেন ১০০ পারসেন্ট, ওখানে ১০০ পারসেন্ট হল না কেন?

**শ্রী মহঃ আমিন ঃ** এক একটা সংস্থায় এক এক রকম এক্সপেণ্ডিচার বেড়েছে সেইজন্য সমহারে হতে পারে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাঃ মন্ত্রী মহাশয় কি জানাবেন ভাড়া বৃদ্ধি করে সি এস টি সির একমাত্র রেভিনিউ বাড়াবার পদ্ধতি কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** ভাড়া তো রেভিনিউ বৃদ্ধির জন্য করা হয়নি, ডিজেলের দাম বাড়ার জন্য যে খরচ বেড়েছে সেই খরচ যাতে সামলানো যায় সেই উদ্দেশ্যে ভাড়া বৃদ্ধি হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ভাড়া বাড়ানোর ফলে মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্তদের উপর কি রকম চাপ পড়েছে?

**শ্রী মহঃ আমিন ঃ** চাপ নিশ্চয়ই পড়েছে কেন না ৫ পয়সা করে ২ বারে ১০ পয়সা বাড়ার মানে হচ্ছে মাসে ২.৫০ পয়সা বেড়েছে। সেটা খুব দুঃখজনক। আমরা নিরুপায়। কেন্দ্রীয় সরকার তেলের দাম বাড়ানোর ফলে এটা করতে বাধ্য হয়েছি কারণ অন্য কোনও পথ আমাদের ছিল না।

### মিনি বাসের জন্য নূতন রুট পারমিট

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৩।) **শ্রী হরিপদ জানা ঃ** (ভগবানপুর) ঃ স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে আরও অধিক সংখ্যক মিনি বাস চালু করার জন্য সরকার নূতন রুট পারমিট দেওয়ার ব্যবস্থা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত পারমিট কবে নাগাত এবং কি পদ্ধতিতে দেওয়া হইবে?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) হ্যাঁ, কলকাতা সহ পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলায় আঞ্চলিক পরিবহন সংস্থাগুলি কোনও কোনও রুটে নূতন মিনিবাস পারমিট দেওয়ার ব্যবস্থা করিতেছেন।

(খ) এই সমস্ত নূতন পারমিট যত সত্বর সম্ভব দেওয়ার ব্যবস্থা করা হইবে। মোটরযান আইনের বিধিবদ্ধ রীতি অনুসারে বিভিন্ন আঞ্চলিক পরিবহন সংস্থা নূতন পারমিট দেওয়ার ব্যবস্থা করিবেন।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সম্পর্কে কোনও সংখ্যা নির্দিষ্ট করে দেওয়া আছে কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** সংখ্যাটি জেলার আর টি এ অবস্থা বুঝে নির্দিষ্ট করেন।

**বাতিল গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সংখ্যা**

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৬।) **শ্রী কিরণময় নন্দ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কতগুলি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিকে বাতিল করা হয়েছে;

(খ) পঞ্চায়েতগুলিকে বাতিল করার কারণ কি;

(গ) উক্ত পঞ্চায়েতগুলিতে কোন রাজনৈতিক দলের সংখ্যাগরিষ্ঠতা ছিল; এবং

(ঘ) কতগুলি পঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গিয়াছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) এ পর্যন্ত দুইটি গ্রাম পঞ্চায়েত বাতিল করা হয়েছে। কোনও পঞ্চায়েত সমিতিকে বাতিল করা হয়নি।

(খ) গ্রাম পঞ্চায়েত কর্তৃক সভা না ডাকা, বাজেট এবং কর নির্ধারণ না করা, ন্যস্ত প্রকল্প রূপায়িত না করা এবং জনৈক ট্যাক্স কালেক্টরকে চাকরিতে পুনর্নিযুক্ত না করে নির্ধারিত কর্তৃপক্ষের আদেশ অবমাননা করা ইত্যাদি।

(গ) বাতিলকৃত দুইটি গ্রাম পঞ্চায়েতেই সি. পি. এম. দল সংখ্যাগরিষ্ঠ ছিল।

(ঘ) এ পর্যন্ত ১৫৭টি গ্রাম পঞ্চায়েত এবং ২টি পঞ্চায়েত সমিতির বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাঃ মন্ত্রী মহাশয় বলেছেন ১৫৭টি গ্রাম পঞ্চায়েত ও ২টা পঞ্চায়েত সমিতির বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে, এ সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** ২টা গ্রাম পঞ্চায়েত বাতিল করা হয়েছে, অন্যগুলি সম্বন্ধে নানা রকম গুরুতর অভিযোগ এসেছে। এখন ১৫৭টির মধ্যে ১০০টির কয়েকটির সম্পর্কে অনুসন্ধান চলছে আবার কয়েকটি কেস আদালতে বিচারাধীন আছে এবং কয়েকটিকে গ্রাম পঞ্চায়েতকে অপসারণ করা হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি আরও কয়েকটি গ্রাম পঞ্চায়েত জব অ্যাসিস্ট্যান্ট যাদের নিয়োগ করা হয়েছে—তাদের অ্যাপয়েন্টমেন্ট দেননি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আমি আরও একদিন উত্তর দিয়েছিলাম যে ৩৩টা ক্ষেত্রে জব অ্যাসিস্ট্যান্টদের নিয়োগ মানা হয়নি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাঃ মন্ত্রী মহাশয় বললেন দুর্নীতির অভিযোগে বাতিল করা হয়েছে, এই ১৫৭টির বিরুদ্ধে কি ধরনের দুর্নীতির অভিযোগ আছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** দুর্নীতির অভিযোগ হচ্ছে সরকারি অর্থ তছরূপ, মিনি কীট বন্টনে দুর্নীতি, পঞ্চায়েতের তহবিল তছরূপ, ত্রাণ সামগ্রী বণ্টনে দুর্নীতি কাগজ পত্র খোয়া যাওয়া এই ধরনের দুর্নীতির অভিযোগ আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাঃ মন্ত্রী মহাশয় কি বলবেন খাদ্য প্রকল্প নিয়ে যে সমস্ত স্কীম হয়েছিল তার হাজার হাজার টাকা তছরূপ হয়েছে এইরূপ অভিযোগ হয়েছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** কয়েকটি ক্ষেত্রে এসেছে। আপনি স্পেসিফিক কোয়েশ্চেন দিলে উত্তর দেব।

**শ্রী নবকুমার রায় ঃ** মাঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সমস্ত গ্রাম পঞ্চায়েত সিলেকশন কমিটির নির্ধারিত জব অ্যাসিস্ট্যান্টকে অ্যাপয়েন্টমেন্ট দেয়নি তাদের বাতিল করবেন কিনা?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** ইতি মধ্যে ২টাকে নোটিশ দেওয়া হয়েছে, আরও কয়েকটিকে নোটিশ দেবার কথা ভাবছি।

**শ্রী নবকুমার রায় ঃ** অনেকগুলি হাইকোর্টের ইনজাংশন মানেনি তাদের ক্ষেত্রে কি পদক্ষেপ নেবেনে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** পদক্ষেপ নেওয়া হচ্ছে।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সমস্ত সিলেক্টেড জব অ্যাসিস্ট্যান্টকে এই সমস্ত গ্রাম পঞ্চায়েত অ্যাপয়েন্টমেন্ট দেননি সেই সমস্ত ক্যানডিডেটকে চাকরি দেবার কথা চিন্তা করছেন কিনা?

**Mr. Speaker :** This Question does not arise.

**শ্রী অশোক বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন উত্তর পর্বে আমার উল্লেখ করার ইচ্ছা ছিল না—আমি বলতে চাই না সাধারণত, আমি ভেবেছিলাম আপনার দৃষ্টি আকর্ষিত হয়েছে এই হাউসে একটা পোস্টার আনা হয়েছে। আমি বলতে চাই যে হাউসে কোন একজিবিট আনা যায় না। এই একজিবিট রিমুভ করা হোক। তা নাহলে হাউসের মর্যাদা ক্ষুন্ন হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজিবিট আনাটা একটা রেওয়াজে পরিণত হতে দেওয়া উচিত নয়। হাউসের মর্যাদা রক্ষা করার জন্য যে ব্যবস্থা আছে সেটা অবলম্বন করুন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এসব আলোচনা কোয়েশ্চেন আওয়ারের পরে করবেন।

**শ্রী অশোক বসু ঃ** হাউসের মধ্যে পোস্টার, একজিবিট—এসব তো নিয়ম বিরুদ্ধ এগুলি বলতেই হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। স্যার, যেখানে এতগুলো কোয়েশ্চেন রয়েছে সেখানে কোয়েশ্চেন আওয়ারে এইসব পয়েন্ট তুলে সময় নষ্ট করা যায়না।

**মিঃ স্পিকার ঃ** উনি তো শুধু দৃষ্টি আকর্ষণ করেছেন। এটাও করা যাবেনা?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনার হাতে অশেষ ক্ষমতা আছে কাজেই আপনি আমাকে সাসপেণ্ড করে দিন। দিস মাচ ইউ ক্যান ডু—নট মোর দ্যান দ্যাট। ইউ হ্যাভ দ্যাট পাওয়ার অ্যাণ্ড ইউ ক্যান সাসপেণ্ড মি অন অ্যাডভাইস ফ্রম দি চিফ মিনিস্টার। আই ডোন্ট কেয়ার অফ দিস।

### মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন স্থানে বাস স্ট্যাণ্ড নির্মাণ

*২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৩।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা সদর বহরমপুর এবং মহকুমা শহর লালবাগ, জঙ্গীপুর ও কান্দীতে বেসরকারি বাস স্ট্যাণ্ড নির্মাণের, সংস্কারের অথবা সম্প্রসারণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত পরিকল্পনা অনুসারে কি কি কাজের অগ্রগতি হইয়াছে; এবং

(গ) বহরমপুর বাস স্ট্যাণ্ড নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ**

(ক) বহরমপুর ও কান্দী বাসস্ট্যাণ্ড নির্মাণের কাজ ইতিমধ্যে হাতে লওয়া হইয়াছে। লালবাগ ও জঙ্গীপুরে বাসস্ট্যাণ্ড নির্মাণের কোনও প্রস্তাব এখনও সরকারের নিকট আসে নাই।

(খ) সদর বহরমপুর বাসস্ট্যাণ্ডের কাজের অনেকখানি অগ্রগতি হইয়াছে। কান্দী বাসস্ট্যাণ্ডের কাজ চলছে এবং ঐ বাবদ ৩,৯৩,০০০.০০ তিন লক্ষ তিরানব্বই হাজার টাকা দেওয়া হইয়াছে।

(গ) বহরমপুর বাসস্ট্যাণ্ড নির্মাণের জন্য মোট ২,১৯,০১২ টাকা বিভিন্ন দফায় সরকারি অনুদান হিসাবে দেওয়া হয়েছে এবং সম্পূর্ণ খরচ হয়েছে।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আপনি বলেছেন, লালবাগ এবং জঙ্গীপুরে বাসস্ট্যাণ্ডের জন্য কোনও প্রস্তাব আসেনি। ওখান থেকে যদি এরকম কোনও প্রস্তাব আসে তাহলে মন্ত্রী মহাশয় সেটা বিবেচনা করবেন কি?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** লালবাগ এবং জঙ্গীপুর থেকে কোনও এস্টিমেট বা প্ল্যান আসেনি। যদি সেরকম কিছু আসে তাহলে নিশ্চয়ই বিবেচনা করব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, বহরমপুর এবং কান্দি বাসস্ট্যাণ্ডের কাজ কতদিনে সম্পূর্ণ হবে?

**শ্রী শীবেন্দ্ররারায়ণ চৌধুরি ঃ** কাজ চলছে, এখনও কমপ্লিট হয়নি। বহরমপুরে ফার্স্ট ফেজ হয়ে গেছে, সেকেণ্ড ফেজ-এর জন্য টাকা চাওয়া হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এই যে বাসস্ট্যাণ্ডগুলো হচ্ছে এগুলি কি আপনার ডিপার্টমেন্ট থেকে করছে, না পি ডবলিউ ডি-র তরফ থেকে করা হচ্ছে?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** পি ডব্লিউ ডি ডিপার্টমেন্ট থেকে করা হয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আপনাদের সঙ্গে পি ডবলিউ ডি-র কো-অর্ডিনেশন আছে কি?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমরা ডি. এম-কে টাকা দেই।

**শ্রীমতী ছায়া ঘোষ :** বাসস্ট্যাণ্ড পরিকল্পনা রূপায়ণ করতে গিয়ে যে সমস্ত হকারদের উঠে যেতে হল তাদের জন্য কোন রকম অলটারনেটিভ ব্যবস্থার কথা ভাবছেন কি?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি :** এরকম কোনও সমস্যা আমাদের কাছে আসেনি।

**গ্রাম পঞ্চায়েতগুলিতে চৌকিদার ও দফাদারের শূন্য পদ**

***২৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭২।) **শ্রী মনোরঞ্জন রায় : পঞ্চায়েত ও সমষ্টি** উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতগুলিতে চৌকিদার ও দফাদারের কতগুলি পদ বর্তমানে খালি আছে;

(খ) এই পদগুলির নিয়োগকর্তা কে এবং এগুলি পূরণের জন্য সরকার কি কি পদ্ধতি অবলম্বনের সুপারিশ করেছেন; এবং

(গ) কবে নাগাত শূন্য পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :**

(ক) এ পর্যন্ত হাওড়া, হুগলি ও বর্দ্ধমান ব্যতীত ১২টি জেলা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে, ১৭৭২টি চৌকিদার ও ৫৪৭টি দফাদারের পদ বর্তমানে খালি আছে,

(খ) এই পদগুলির নিয়োগকর্তা হচ্ছেন সংশ্লিষ্ট জেলা শাসক বা জেলা শাসক কর্তৃক ভারপ্রাপ্ত কোনও আধিকারিক।

কোন গ্রাম পঞ্চায়েতের চৌকিদার ও দফাদারের কোনও পদ খালি হলে, সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত উক্ত ব্লকের পঞ্চায়েত পরিদর্শকের মাধ্যমে তা জেলাশাসককে গোচরীভুত করেন এবং সংশ্লিষ্ট খালিপদের জন্য জেলা শাসকের নিকট এ সম্পর্কে তাঁদের মনোনীত প্রার্থীর নাম প্রেরণ করেন। জেলা শাসক বা জেলা শাসক কর্তৃক এ বিষয়ে ভারপ্রাপ্ত আধিকারিক যোগ্য মনে করলে উক্ত মনোনীত প্রার্থীর অনুকূলে নিয়োগ পত্র প্রদান করেন।

(গ) গ্রাম পঞ্চায়েত পিছু চৌকিদার ও দফাদারের সংখ্যা এবং তাঁদের নিয়োগ পদ্ধতির সংশোধন-এর বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবার পর যথাশীঘ্র সম্ভব খালি পদগুলি পূরণ করা হবে।

[1-20 – 1-30 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, আপনি বললেন হাওড়া, হুগলি

ও বর্ধমানের তথ্য আপনার কাছে এসেছে। অন্য কোন জেলায় কত চৌকিদার ও দফাদারের পদ শূন্য আছে সে বিষয় আপনার দপ্তরের জানা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** ১২টি জেলা থেকে এসেছে। ১৭৭২টি চৌকিদার এবং ৫৪৭টি দফাদারের পদ শূন্য আছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, দফাদার ও চৌকিদার নিয়োগ খালি পদে বন্ধ করার জন্য কোনও সার্কুলার প্রধানদের কাছে গিয়েছে কিনা এবং গিয়ে থাকলে কবে গিয়েছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** নোটিশ চাই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে দফাদার ও চৌকিদারদের শূন্য পদে নিয়োগ এটা কতদিন ধরে বন্ধ আছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** প্রায় তিন বৎসর।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই তিন বৎসরের মধ্যে আপনারা কোনও সিদ্ধান্তে আসতে পারেননি তার কারণ কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** এদের বেতন, চাকরির শর্তাবলী এবং তারা সরকারি চাকুরিয়া বলে গণ্য হবে কিনা এই সমস্ত ব্যাপারটি পে কমিশনে থাকার জন্য তিন বৎসর অপেক্ষা করতে হয়েছে। এখন এই সম্বন্ধে দ্রুত সিদ্ধান্ত নেওয়া হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে বললেন দ্রুত সিদ্ধান্ত নেওয়া হবে, কত দিনের মধ্যে এটা সমাধান করতে পারবেন বলে মনে করছেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** তিন মাসের মধ্যে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই যে সার্কুলার দেওয়া হয়েছে নিয়োগ বন্ধ করার জন্য, মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে কংগ্রেস আমলে '৭৪ সালে যে সার্কুলারটা গিয়েছিল নিয়োগ বন্ধ করার জন্য সেই সার্কুলারেই কি এটা বন্ধ করা হয়েছে।

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** তাহলে মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৭৪ সাল থেকে এই সব খালি পদে নিয়োগ করা বন্ধ আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আমরা বন্ধ করেছি প্রায় সাড়ে তিন বৎসর আগে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** এই যে এতগুলি পদ—চৌকিদার ১৯৭২, দফাদার ৫৪৭, খালি আছে তাহলে তাদের কাজকর্ম চলছে কি করে?

(No reply)

**মিঃ স্পিকার :** এই রকমভাবে প্রশ্ন হয়না।

**ডাঃ জয়নাল আবেদিন :** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, পশ্চিমবঙ্গে যে সমস্ত সমস্যা আছে সেই সমস্যাগুলির মধ্যে আনএমপ্লয়মেন্ট ইজ দি বিগেস্ট প্রবলেম। এই সব চৌকিদার ও দফাদার যাদের চাকরিকে আনস্কীল্ড ও অলমোস্ট ইললিটারেট বলা যায়, এদের নিয়োগ বন্ধ করে সরকার জনবিরোধী কাজ করছেন কিনা?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :** না।

**ডাঃ জয়নাল আবেদিন :** তাহলে এটা জনস্বার্থের অনুকূলে কাজ করছেন বলে কি মনে করেন?

(নো রিপ্লাই)

**উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের জন্য নূতন বাস ক্রয়**

***২৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৮।) **শ্রী মনোহর তিরকী :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ (৩১শে জানুয়ারি পর্যন্ত) সালে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন-এর জন্য কতগুলো নতুন বাস কেনা হইয়াছে?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি :**

১৯৭৯-৮০ সালে ৩১টি ও ১৯৮০-৮১ সালে (৩১শে জানুয়ারি পর্যন্ত) ২৬টি নূতন বাস উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের জন্য কেনা হইয়াছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে বাসগুলি কেনা হয়েছে তার কতগুলি চালু হয়েছে?

**শ্রী শীবেন্দ্রনারায়ণ চৌধুরি :** যতগুলি কেনা হয়েছে তার সবগুলির বডি বিল্ডিং হয়নি বলে রাস্তায় নামেনি, কয়েকটি বাকি আছে।

**কাকদ্বীপ-ডায়মণ্ডহারবার, ডায়মণ্ডহারবার-রায়দীঘি প্রভৃতি সরকার-নির্ধারিত ভাড়ার হার**

***৩৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৭।) **শ্রী কৃষ্ণধন হালদার :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাকদ্বীপ-ডায়মণ্ডহারবার, ডায়মণ্ডহারবার-রায়দীঘি ঢোলা-লক্ষ্মীকান্তপুর প্রভৃতি বেসরকারি বাসরুটসমূহে সরকার নির্ধারিত ভাড়ার হার কিরূপ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত রুটগুলির ভাড়ার হার (মাইল অনুপাতে) অন্যান্য বেসরকারি রুটের (যথা ৭৬, ৮০, ইত্যাদি) ভাড়া হইতে দেড়গুণ বেশি; এবং

(গ) এই ভাড়া নির্ধারণের ক্ষেত্রে কি কি নিয়ম অনুসৃত হয়?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) উক্ত বেসরকারি বাসরুট সমূহের আঞ্চলিক পরিবহন সংস্থা, কলকাতা কর্তৃক নির্ধারিত ভাড়ার হারের সারণি নিচে সংযোজিত হইয়াছে।

(খ) বর্তমানে কোনও রুটে মাইল অনুপাতে ভাড়ার হার নির্ধারিত হয় নাই। অতএব এই প্রশ্ন ওঠে না।

(গ) ভাড়ার তালিকা সংশোধনের সময়ে নিম্নলিখিত নীতি সাধারণভাবে অনুসরণ করা হইয়াছে ঃ—

(১) ২৫ পয়সা হইতে ৪৫ পয়সা অবধি প্রচলিত ভাড়ার প্রতিক্ষেত্রে ৫ পয়সা করিয়া বর্দ্ধিত করা হইয়াছে।

(২) ৫০ পয়সা ও ৫০ পয়সার উর্দ্ধে প্রচলিত ভাড়ার প্রতিক্ষেত্রে প্রচলিত ভাড়ার দশ শতাংশ হারে বর্দ্ধিত করিয়া পাঁচ পয়সার পরবর্তী উচ্চতর গুণিতক স্তরে স্থির করা হইয়াছে।

**(Statement reffered to in relpy to claue (Ka) of Starred Question 1197)**

**FARE TABLE OF ROUTE NO. 89**

**DIAMOND HARBOUR TO KAKDWIP,**

**(REVISED BY THE R.T.A. CALCUTTA REGIONAL W.E.F. 27.1.81)**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Diamond Harbour | | | | | | | | | | | |
| 30 | Harar More | | | | | | | | | | |
| 30 | 30 | Ratneswarpur | | | | | | | | | |
| 30 | 30 | 30 | Narayanpur | | | | | | | | |
| 40 | 30 | 30 | 30 | Kanpur & Jamberia | | | | | | | |
| 40 | 40 | 30 | 30 | 30 | Hatuganj | | | | | | |
| 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Bagaria & Chandipur | | | | | |
| 50 | 50 | .40 | 40 | 30 | 30 | 30 | Jhaukhali | | | | |
| 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Kachuberia | | | |
| 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Charugram | | |
| 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Gopalnagar | |
| 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Kulpi |

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | | | | | | Srinagar & Ram Krishnapur |
| 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | | | | | Singherhat |
| 90 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | | | | Chakdulalpur |
| 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | | | Karanjali & Damadarpur |
| 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | | Belpukur |
| 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | | Khasmahal Kachari |
| 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | | Nischintapur |
| 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | | Dhalerkhal |
| 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | | Khiristala |
| 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | Bhutomollarpole |
| 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | Lot No.-5 Hat |
| 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | Shibkalinagar |
| 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | Kashinagar |
| 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | Lot No.8 |
| 165 | 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | Pukurberia |
| 175 | 165 | 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Kakdwip. |

## FARE TABLE OF ROUTE NO. 89A.

### DIAMOND HARBOUR TO RAIDIGHI VIA-MANDIR BAZAR.

### (REVISED BY THE R.T.A. CAL. REGION W.E.F. 27.1.81)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Diamond Harbour | | | | | | | | | | | | |
| 30 | Harar More | | | | | | | | | | | |
| 30 | 30 | Ratneswarpur | | | | | | | | | | |
| 30 | 30 | 30 | Narayanpur | | | | | | | | | |
| 40 | 30 | 30 | 30 | Kanpur & Jamberia | | | | | | | | |
| 40 | 40 | 30 | 30 | 30 | Hatuganj | | | | | | | |
| 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Sarberia | | | | | | |
| 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Ghatakpur | | | | | |
| 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Dipe | | | | |
| 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Mullickpur | | | |
| 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Mandir Bazar | | |
| 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Barchire | |
| 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Matilal |

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Bansberia | | | | | | | | | | | | | | | |
| 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Bakulnagar | | | | | | | | | | | | | | |
| 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Karbala | | | | | | | | | | | | | |
| 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Mathurapur | | | | | | | | | | | | |
| 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Bishnupur | | | | | | | | | | | |
| 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | Khutir Bazar | | | | | | | | | | |
| 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 40 | 30 | 30 | Belgachia | | | | | | | | | |
| 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 40 | 30 | 30 | Lalpur | | | | | | | | |
| 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Krishnachandrapur | | | | | | | |
| 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Katan Dighi | | | | | | |
| 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Kashinagar | | | | | |
| 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Khanrapara | | | | |
| 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Mandalpara | | | |
| 165 | 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Companir thek | | |
| 175 | 165 | 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Choudarashi | |
| 180 | 175 | 165 | 160 | 150 | 145 | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 85 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Raidighi. |

## FARE TABLE OF ROUTE NO. 89A.
## DIAMOND HARBOUR TO KARBALA, VIA-KULPI
## (REVISED BY THE R.T.A CAL. REGION W.E.F. 27.1.81)

| | Karbala. | Gopalnagar Rambati. | Ganjerhat. | Raghunathpur. | Bireswarpur. | Lakshmikantapur. | Polerhat. | Dayarampur. | Raghunathpur. | Tantirhat. | Mirzapur. | Kulpi. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Diamond Harbour | 145 | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 |
| Harar More | 135 | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 |
| Ratneswarpur | 130 | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 |
| Narayanpur | 130 | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 |
| Kanpur & Jamberial | 120 | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 |
| Hatuganj | 110 | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 |
| Bageria & Ch. Pur | 105 | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 |
| Jhankhali | 100 | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 |
| Kachuberia | 95 | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 |
| Charugram | 90 | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 |
| Gopalnagar | 80 | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 |
| Kulpi | 80 | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | |
| Mirjapur | 75 | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | |
| Tantirhat | 60 | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | |
| Raghunathpur | 60 | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | |
| Dayarampur | 50 | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | |
| Polerhat | 50 | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | |
| Lakshmikantapur | 40 | 40 | 30 | 30 | 30 | | | | | | | |
| Bireswarpur | 40 | 30 | 30 | 30 | | | | | | | | |
| Raghunathpur | 30 | 30 | 30 | | | | | | | | | |
| Gunjer Hat | 30 | 30 | | | | | | | | | | |
| Rambathi | 30 | | | | | | | | | | | |

**FARE TABLE OF LAKSHMIKANTAPUR TO DHOLARHAT**

**(REVISED BY THE R. T. A. CAL. REGION W.E.F. 27.1.81)**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Lakshmikantapur | | | | | | | | | |
| 30 | Polarhat | | | | | | | | |
| 30 | 30 | Gobberia | | | | | | | |
| 40 | 30 | 30 | Bhagabatipur | | | | | | |
| 40 | 40 | 30 | 30 | Siddhiberia | | | | | |
| 40 | 40 | 40 | 30 | 30 | Chunfuli | | | | |
| 50 | 50 | 40 | 40 | 30 | 30 | Patharberia | | | |
| 50 | 50 | 40 | 40 | 40 | 30 | 30 | Berjamalpur | | |
| 60 | 50 | 50 | 40 | 40 | 40 | 30 | 30 | Jagadishpur & Dholar Hat | |

## Starred Questions
### (to which oral answers were given)

### Unauthorised sale of truck and bus chassis

***472.** (Admited question No. *117.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that truck and bus chassis manufactured by TELCO are being unauthorisedly sold in West Bengal at prices higher than fixed prices; and

(b) if so, what action has been taken by the State Government in the matter?

**Shri Mohammed Amin :**

(a) No.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই :** টেল্কোর চ্যাসীসগুলি যা পশ্চিমবাংলার মানুষগুলি পাচ্ছে, তার উপর কোনও কন্ট্রোল আছে কি?

**শ্রী মহম্মদ আমিন :** রাজ্য সরকারের ডিস্ট্রিবিউশনের উপর কোনও কন্ট্রোল নাই, কেন্দ্রীয় সরকারেরও নাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই চ্যাসীসগুলি ব্ল্যাকে বিক্রি হচ্ছে এই ধরনের খবর জানা থাকলে কোনও স্টেপ নেবেন কিনা?

**শ্রী মহম্মদ আমিন ঃ** আপনার জানা থাকলে জানিয়ে যাবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** চ্যাসীস এলটমেন্ট কমিটির রেকমেণ্ডেশনে আনএমপ্লয়েড ইয়ুথ চ্যাসীস পায় এটা সত্য কিনা?

**শ্রী মহম্মদ আমিন ঃ** যে কমপ্লেন শোনা যাচ্ছে সেটা প্রমাণ করা যাবে না, তার কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকার কিছুদিন আগে অর্ডার দিয়েছিলেন নতুন চ্যাসীস কিনলে পরে দু বছরের মধ্যে তা বিক্রি করতে পারবেনা, এই অর্ডার ১৯৭৯ সালে দেওয়া হয়েছিল, তারপরে নতুন সরকার হওয়ার পরে মার্চ মাসে সেই অর্ডার তুলে দিয়েছেন তাতেই অসুবিধা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্টেট গভর্নমেন্ট থেকে আনএমপ্লয়েড ইয়ুথদের চ্যাসীস পাবার জন্য রেকমেণ্ড করবেন কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ডিস্ট্রিবিউশনের উপর সরকারের কোন হাত নাই, অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্লানে এনলিসটেড যারা তাদের মাসে ১০টি করে চ্যাসীস দেবার প্রমিস করেছিল টেলকো, কিন্তু সেই প্রমিস রাখতে পারেনি, কোনও মাসে দুটি কোনও মাসে তিনটি আসে, তাতে করে বেকার যুবকরা পাচ্ছেনা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন আপনারা যে বাসের পারমিট দিচ্ছেন, চ্যাসীস পাবার জন্য যে স্পেশ্যাল ব্যবস্থা করেছেন, তাতে আর টি এ থেকে প্রাইভেট পার্টি বাস প্লেস করার জন্য অর্ডার পাবার ক্ষেত্রে অগ্রাধিকার পাচ্ছে কিনা?

**শ্রী মহম্মদ আমিন ঃ** অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট-এর অন্তর্ভুক্ত যারা তাদের মাঝে মাঝে সিরিয়াল নাম্বার অনুযায়ী ডিস্ট্রিবিউট করা হয়, এই প্ল্যানের বাইরে ব্যক্তিগতভাবে যদি কেউ কিছু করে, তাদের বেলায় গভর্নমেন্ট থেকে কিছু করা যায়না যেহেতু চ্যাসীস সাপ্লাই হচ্ছেনা সেজন্য এটা নিয়ে অসুবিধা হচ্ছে।

### সাঁইথিয়ার অগ্নিদগ্ধ হিন্দুস্থান কোকোনাট অয়েল মিল

*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৩।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া শহরে অবস্থিত "হিন্দুস্থান কোকোনাট অয়েল" মিলটি ১৯৮০ সালের ২৮এ এপ্রিল অগ্নিকাণ্ডের ফলে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এরূপ কোনও সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি না;

(খ) আসিয়া থাকিলে, এ ব্যাপারে কোনও তদন্ত করা হইয়াছে কি না; এবং

(গ) তদন্ত করা হইলে, উক্ত তদন্তের ফলাফল কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) হ্যাঁ

(খ) হ্যাঁ, পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থা কর্তৃক তদন্ত করা হইয়াছে।

(গ) অগ্নিকাণ্ডের কারণ নির্ধারণ করা যায় নাই।

[1-30 – 1-40 p.m.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই অগ্নিকাণ্ডের অজুহাতে ওখানকার কিছু শ্রমিককে ছাঁটাই করা হয়েছে।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** না জানি না।

**শ্রী সুনীতিকুমার চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে রিপোর্ট পেয়েছেন সেই রিপোর্টে এমন কথা উল্লেখ আছে কিনা যে সি. আই. টি. ইউ-র এমপ্লয়ীজরা এই অগ্নিকাণ্ডের সঙ্গে যুক্ত আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা অসত্য কথা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ঐ হিন্দুস্থান কোকোনাট অয়েল মিলস-এ যেটা পুড়ে গেছে তার জন্য সাহায্য দেবার কোনও প্রপোজাল আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এমন কোনও প্রপোজাল আসেনি।

## ২৪-পরগনা জেলার নবপল্লী, নপাড়া ও মধ্যমগ্রামকে বিধিবদ্ধ রেশন এলাকার আওতাভুক্ত করা

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৯।) **শ্রী সরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বারাসাত, নবপল্লী, নপাড়া ও মধ্যমগ্রামকে বিধিবদ্ধ রেশন এলাকার আওতায় আনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) এইরূপ কোনও পরিকল্পনা আপাতত নাই।

(খ) এই প্রশ্ন ওঠে না।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে আমি যে এলাকাগুলির নাম করলাম যে নবপল্লী, বারাসাত, নপাড়া ও মধ্যমগ্রাম, এটা নন প্রডিউসিং এলাকা এবং এখানে যেসব মানুষ বসবাস করে তারা প্রায় সবাই চাকুরিজীবী, এর পাশের এলাকাগুলি বিধিবদ্ধ রেশন এলাকা বলে ঘোষণা করলেন আর ঐ এলাকাগুলি বিধিবদ্ধ রেশন এলাকা বলে ঘোষণা না করার কারণ কি?

**শ্রী সুধীন কুমার ঃ** ১৯৭৮ সালে ঐ এলাকাগুলি বিধিবদ্ধ রেশন এলাকাভুক্ত করা হয়। তার পর হাইকোর্টে মামলা হয় এবং সেই মামলায় আমরা জয়ী হই, তা সত্ত্বেও সেখানে আপীল হয়। এখন আইনানুগ অবস্থা পরিষ্কার যতক্ষণ না হচ্ছে ততক্ষণ অন্য কিছু বিবেচনা করার প্রশ্ন ওঠে না।

**শ্রী সরল দেব ঃ** আইনগত ব্যবস্থা হয়ে গেলে আমি যে এলাকাগুলির নাম করেছি সেগুলিকে বিধিবদ্ধ রেশন এলাকা বলে ঘোষণার কথা বিবেচনা করবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** বিবেচনা করতে কোনও বাধা নেই।

### উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্প

***৪৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্প কবে তৈরি হয়েছে;

(খ) এই প্রকল্পের প্রশাসনে কে বা কারা আছেন; এবং

(গ) এই প্রকল্পের অধীনে কি কি কৃষিভিত্তিক শিল্প স্থান পেয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) উত্তরবঙ্গ উন্নয়ণ প্রকল্পের খসড়া প্রথম তৈরি হয় ১৯৭৯ সালের নভেম্বর মাসে। পরিবর্তিতরূপে দ্বিতীয় খসড়াটি তৈরি হয়েছে জানুয়ারি ১৯৮১ সালে।

(খ) এখন পর্যন্ত এই প্রকল্পের অধীনে কোনও পদের সৃষ্টি হয়নি। কৃষি প্রশাসনের ব্যাপারে যাঁরা সদর দপ্তরে ও জিলাদপ্তরে সংশ্লিষ্ট আছেন তাঁরাই বর্তমানে এই প্রকল্পের প্রশাসনের দায়িত্ব পালন করছেন।

(গ) দ্বিতীয় খসড়া প্রকল্পে যে কয়টি কৃষিভিত্তিক শিল্প স্থান পেয়েছে তার নাম

(১) ডলোমাইট চুর্ণকরণ শিল্প,

(২) কম্পোজিটে জুট প্রসেসিং প্ল্যান্ট।

(৩) পাটকাঠি থেকে কাগজের মণ্ড ও কাগজ তৈরি শিল্প,

(৪) পাটকাঠি থেকে Particle/board-তে করার শিল্প, এবং

(৫) আদা থেকে শুকনো আদার গুঁড়া ও oboresin তৈরির শিল্প।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্পে কোন কোন এলাকা পড়ছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অনেকবার জানিয়ে দিয়েছি। আমি আবার বলছি। কুচবিহার জলপাইগুড়ি শিলিগুড়ি এবং দার্জিলিংয়ের সমতল ভুমি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এটা কুচবিহার উন্নয়ন পর্ষদ নাম না করে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ করলেন কেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এইজন্য নাম দেওয়া হোল যে কুচবিহার জলপাইগুড়ি শিলিগুড়িতে বিশেষ কৃষির ব্যবস্থা আছে বলে এই প্রকল্প নেওয়া হয়েছে। যদি এটা শুধু কুচবিহারের জন্য করতাম তাহলে নিশ্চয়ই কুচবিহার উন্নয়ন প্রকল্প করতাম।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে মালদা এবং পশ্চিম দিনাজপুর উত্তরবঙ্গের মধ্যে পড়ে কিনা এবং তা যদি পড়ে থাকে তাহলে মালদা এবং পশ্চিমদিনাজপুরকে এই প্রকল্প থেকে বাদ দেওয়া হল কেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এইজন্য হয়েছে যে এই বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে যে দেখা গেছে বন্যার সময় এবং বর্ষার পরে ঐ সব অঞ্চলে পাহাড়ের থেকে বালি ও পাথর এসে পড়ে ওখানকার জমিগুলিকে চাষের অযোগ্য করে দেয়। উত্তরবঙ্গেতে যত জমি আছে শিলিগুড়ি কুচবিহার জলপাইগুড়িতে মোট ১০ লক্ষের মধ্যে ৭ লক্ষ একর আর বাকি মালদা এবং পশ্চিম দিনাজপুরে। এই সব জমিতে চাষের জন্য এই পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিগত লোকসভার নির্বাচনে দুটি ইন্দিরা কংগ্রেস প্রার্থী জয়ী হওয়ার জন্য এবং কেন্দ্রীয় মন্ত্রী গনিখান চৌধুরি থাকার জন্য কি মালদহ জেলাকে বাদ দেওয়া হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মালদহ জেলায় পাহাড় থেকে পাথর এসে পড়ে না এবং মালদহের জমি অম্ল দ্বারা দুষিত নয় বলে নেওয়া হয়নি।

## Recruitment of Munsiffs

***478.** (Admitted question No. *1856.) **Shri Krishnadas Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) how many Munsiffs have been recruited during the tenure of the present Government (up to January, 1981); and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes and

(iii) Muslim Community?

**Shri Hashim Abdul Halim :**

(a) 84

(b)

(i) 9

(ii) 0

(iii) 7

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রিজার্ভেশনের রেশিওটা কি?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** এই ব্যাপারে একটা রেজলিউশন আছে, ১০ পারসেন্ট ফর শিডিউল্ড কাস্ট এবং ৫ পারসেন্ট ফর শিডিউল্ড ট্রাইব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এই যে মুন্সেফ অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে, এই অ্যাপয়েন্টমেন্ট কে করছে এবং কেমন ভাবে করছেন?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** প্রসিডিয়োর হচ্ছে, আমাদের সংবিধানে জুডিশিয়াল অফিসারদের রিক্রুটমেন্টের নিয়ম বলে দেওয়া হয়েছে। মুন্সিফ অ্যাপয়েন্টমেন্ট ফিফটি পারসেন্ট পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে হয় ফিফটি পারসেন্ট রিক্রুটমেন্ট হাইকোর্ট করে, বার থেকে হাইকোর্ট সিলেক্ট করেন, স্টেট গভর্নমেন্ট কোনও রিক্রুটমেন্ট করেন না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় ১০ পারসেন্ট বলছেন কেন শিডিউল্ড কাস্টের ব্যাপারে?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** জুডিশিয়ালের রুল অনুযায়ী ১৫ পারসেন্ট হচ্ছে টোটাল রিজার্ভেশন। ১০ পারসেন্ট হচ্ছে শিডিউল্ড কাস্ট, ৫ পারসেন্ট হচ্ছে শিডিউল্ড ট্রাইবস।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, যাদের বার থেকে রিক্রুট করা হয় তাদের নাম কে রেকমেণ্ড করেন, তাদের নাম কেমন করে হাইকোর্টে যায়?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** হাইকোর্ট থেকে একটা সিলেকশন কমিটি করা হয়, যারা অ্যাপ্লিকেশন করে, তাদের নাম সেই সিলেকশন কমিটি থেকে সিলেক্ট করে আমাদের কাছে সেই নাম পাঠিয়ে দেওয়া হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মুসলিম কমিউনিটির ক্ষেত্রে কোনও রিজার্ভেশন আছে কি?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** সংবিধানে এই জিনিস নেই। আপনি ইন্দিরা গান্ধীকে এই ব্যাপারটা বলবেন। তিনি যদি করে দেন তাহলে হতে পারে।

### Garden Reach Water Supply Scheme

***479.** (Admitted question No. *2311.) **Shri Sachin Sen** and **Shri Birendra Narayan Roy :** Will the Minister-in-charge of the Public Works (Metropolitan Development) Department be pleased to state—

(a) what is the present position of the Garden reach water Supply Scheme; and

(b) when it is going to be implemented?

**Shri Prasanta Kumar Sur :**

(a) The works of the Garden Reach Water Supply Scheme can be divided into the following units :

1. Raw Water Intake Structure,
2. Raw Water Pumping Station,
3. Raw Water Pumps,
4. River Water Raising Main,
5. Water Treatment Plant,
6. Underground Stornge Reservoir,
7. Clear Water Pumping Station,

8. Clear Water Pumps,

9. Primary Grid to feed the Calcutta System.

10. Primary Grid to feed nearby Municipalities including the South Suburban Municipality.

Cent percent work in respect of the units mentioned at sl. 1, 2, 6, & 7 and 50% to 99% of the works in respect of the other units have since been completed.

(b) The Garden Reach Water Supply Scheme is expected to be commissioned by March 1982.

**শ্রী শচীন সেন ঃ** এই গার্ডেনরীচ ওয়াটার সাপ্লাই স্কীম থেকে কি পরিমাণ জল দেওয়া হবে, কত মিলিয়ন গ্যালন জল কোন কোন এলাকার মানুষ পাবে বলবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ৬০ মিলিয়ন গ্যালন জল পাবে বজবজ মিউনিসিপ্যালিটি, গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটি, সাউথ-সুবারবন মিউনিসিপ্যালিটি এবং সাউথ ক্যালকাটা।

[1-40 – 1-50 p.m.]

**জেলাশাসক ও বি ডি ও-দের জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসার হিসাবে কাজ করিতে অসম্মতির অভিযোগ**

***৪৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৮।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলাশাসক ও বি ডি ও-রা যথাক্রমে জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসার হিসাবে কাজ করিতে অমত করিতেছেন, এরূপ কোনও তথ্য সরকারের গোচরে আসিয়াছে কি; এবং

(খ) যদি উপরের "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তাহা হইলে,—

(১) উহার কারণ কি, ও

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) না;

(খ) প্রশ্ন ওঠে না।

**(No Supplementary)**

**শ্রীরামপুর হইতে এসপ্ল্যানেড পর্যন্ত স্টেট বাস চালুর পরিকল্পনা**

***৪৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৯।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার শ্রীরামপুর হইতে এসপ্ল্যানেড পর্যন্ত স্টেট বাস চালু করিবার সিদ্ধান্ত চূড়ান্ত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত এই বাস চালু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এখন বলা সম্ভব নয়। কারণ এই বিষয়ে কোর্টের ইনজাংশন আছে।

**(No Supplementary)**

**Report of the three-man Committee on funds and personnel in Panchayat bodies**

***483.** (Admitted question No. *1752.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the MInister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has received the report of the three-man Committee appointed by the Government with the Additional Chief Secretary as Chairman, to report on funds and personnel to be transferred to the three-tier Panchayat bodies; and

(b) if so,—

(i) what are the salient features of the report, and

(ii) what action has been taken by the State Government in the matter?

**Shri Debabrata Bandyopadhyay :**

(a) Yes.

(b) (i) The 3-man Committee made two important recommendations :

(a) The Panchayat bodies should be vested with power and placed with funds to such on extent as would enable then to feel that they would be able to remove lec—problems by themselves

(b) The services of Government officials of different Department should also be placed at the disposal of the Panchayat Bodies for rendering adequate staff support.

(ii) Following the recommendations, schemes of different Department have been assigned to the Gram Panchayats, Panchayat Samitis and Zilla Parishads for execution and necessary funds have also been placed at the disposal of the Panchayat Bodies for the purpose.

The services of the village level staff Block level staff and district level staff of diffenent Departments have been placed at the disposal of the Gram Panchayats, Panchayat Samitis and Zilla Parishads respectively for rendering adequate staff support.

**চুঁচুড়ার গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্রটিকে কৃষি শিক্ষা কেন্দ্রে পরিণত করার পরিকল্পনা**

***৪৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩০।) **শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চুঁচুড়া গ্রামসেবক ট্রেনিং সেন্টার বা প্রশিক্ষণ কেন্দ্রটিকে কৃষি বিষয়ে উচ্চশিক্ষাদানের কেন্দ্র হিসাবে পরিণত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনে ঐ কাজ শুরু হইবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) এই প্রশ্ন ওঠে না।

**পঞ্চায়েত কর্মীদের সরকারি কর্মচারিরূপে গণ্য করা**

***৪৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৭।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** বিগত ২রা সেপ্টেম্বর, ১৯৮০ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *১৭১ (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৭) উত্তর উল্লেখপূর্বক পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত কর্মীদের সরকারি কর্মচারিরূপে গণ্য করার বিষয়ে সুপ্রীম কোর্টের রায়ের নকল সংগৃহীত হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, তার বয়ান কিরূপ?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) না;

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** ৪৪৭ নং প্রশ্নের উত্তর দেওয়া হয়েছিল খুব তাড়াতাড়ি সুপ্রীম কোর্টের নকল সংগ্রহ করা হবে। এখন আবার 'ক' প্রশ্নের উত্তরে বললেন 'না'—এই দুয়ের মধ্যে ফারাক হল কেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আমরা লিগ্যাল রিমেমরেন্সারকে আনতে বলেছিলাম, এখনও তিনি আনতে পারেননি।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** আনার জন্য কোন সময় নাগাদ সুপ্রিম কোর্টের কাছে রাজ্য সরকার থেকে লেখা হয়েছিল, জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

### হুগলি জেলার গোঘাট ব্লকে রিভার পাম্প ও ডিপ টিউবওয়েল

*৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৫।) **শ্রী নানুরাম রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার গোঘাট ব্লকে কয়টি (১) রিভার পাম্প ও (২) ডিপ টিউবওয়েল আছে;

(খ) উহাদের সব কয়টি চালু অবস্থায় আছে কি না; এবং

(গ) না থাকিলে, তাহার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) মুখ্য বাস্তুকার (কৃষির) অধীনে —

(১) ১১টি রিভার পাম্প ও

(২) ৭টি ডিপ টিউবওয়েল প্রকল্প আছে।

এ ছাড়া রাজ্য ক্ষুদ্র সেচ নিগমের অধীনে ১টি নদী সেচ ও ৪টি গভীর নলকূপ প্রকল্প নির্মীয়মান অবস্থায় আছে।

(খ) রাজ্য ক্ষুদ্র সেচ নিগম কর্তৃক নির্মীয়মান ১টি নদী সেচ ও ৪টি গভীর নলকূপ প্রকল্প ছাড়া বাকি সবগুলিই চালু অবস্থায় আছে।

(গ) মুখ্য বাস্তুকার (কৃষি) অধীনস্থ প্রকল্পগুলি সম্পর্কে এ প্রশ্ন ওঠে না।

এ.আর.ডি.সি.-র অনুমোদন ও ব্যাঙ্ক ঋণ পাওয়ার পর রাজ্য ক্ষুদ্র সেচ নিগম কর্তৃক নির্মীয়মান প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করার এবং যথা সময়ে সেগুলি চালু করার ব্যবস্থা হইবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** সবকটি রিভার পাম্প, ডিপ টিউবওয়েল চালু আছে, এই রিপোর্ট আপনাকে কে দিয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অফিসার যিনি দায়িত্বে আছেন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তিনি রিপোর্ট দিয়েছেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি স্পেসিফিক যদি কতগুলি টিউবওয়েলের নাম বলে দিই যেগুলি ৬ মাসের বেশি অচল হয়ে আছে, তাহলে আপনি কি সেই অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন?

**মিঃ স্পিকার ঃ** যদির উপর কোনও ব্যবস্থা গ্রহণ হয় না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নাম দিলে ব্যবস্থা গ্রহণ করবেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** যদির উপর কোনও প্রশ্ন হয় না। আপনি নাম দেবেন, তারপর উনি দেখবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় বিদ্যুতের অবস্থার চরম অবনতি ঘটার জন্য বিদ্যুতের অভাবে এগুলি অধিকাংশ বন্ধ হয়ে আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, বিদ্যুতের অভাবে বন্ধ হয়ে নেই। তবে যে সময় বিদ্যুৎ থাকে না সেই সময় বন্ধ থাকে এবং পরবর্তীকালে বিদ্যুৎ এলে সেগুলি চালু করা হয়।

**গ্রাম পঞ্চায়েতগুলিকে হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠার আবেদন**

***৪৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২০০৬।) **শ্রী জয়কেশ মুখার্জি ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'পশ্চিমবঙ্গের মোট কতগুলি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠার জন্য আবেদন এসেছে; এবং

(খ) গত ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ ও ১৯৭৯-৮০ সালে কতগুলি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় অনুমোদন করা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ৫৬৫টি গ্রাম পঞ্চয়েতে হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠার জন্য আবেদন পাওয়া গেছে।

(খ) গত ১৯৭৭-৭৮ সালে ৩৫টি, ১৯৭৮-৭৯ সালে ৮৪টি এবং ১৯৭৯-৮০ সালে ৭০টি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় অনুমোদন করা হয়েছে।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** পঞ্চায়েত থেকে যে দাতব্য চিকিৎসালয় করেছেন সেখানে সরকার থেকে ঔষধ সরবরাহের ব্যবস্থা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** হেলথ ডিপার্টমেন্ট ডাক্তার, কম্পাউন্ডার দেন। আমাদের খরচ দিতে হয় পঞ্চায়েত থেকে ঔষধ ইত্যাদির।

**শ্রী জয়কেশ মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এলাকা নির্বাচন কারা করে এবং কি পদ্ধতিতে করা হয়?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** বিস্তারিত জানতে হলে স্বাস্থ্য বিভাগকে জিজ্ঞাসা করুন।

**শ্রী জয়কেশ মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এমন কোনও নির্দেশ গিয়েছে কি যে আর কোনও দরখাস্ত নেওয়া হবে না?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আপনাদের জ্ঞাতার্থে জানিয়ে রাখি আমি যে হিসাবটা দিয়েছি তা ছাড়াও ২৭১টি সেন্টার নতুন ভাবে প্রসেস করছি। ১৯৮১-৮২ তে আরও ৭৮টি।

**শ্রী নিখিল দাস ঃ** এই দাতব্য ঔষধালয়গুলির জন্য ঘরের ব্যবস্থা করার কথা পঞ্চায়েত সমিতির। সেখানে ডাক্তার যারা আছেন তাদের কোয়ালিফিকেশন আগে ছিল ডি.এম.এস.। যদি পঞ্চায়েতের জন্য ডি.এম.এস. না পাওয়া যায় তাহলে রেজিস্ট্রিকৃত ডাক্তার হলে তাদের ব্যাপারটা আপনারা চিন্তা করবেন কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** ভাবনা চলছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** যেগুলি অনুমোদিত হয়েছে সেখানে যে ২৫০ টাকা এবং ১৫০ টাকা বেতন ধার্য হয়েছে সেই টাকাও গত ৫/৬ মাস ধরে পাচ্ছেন না — মন্ত্রী মহাশয় এটা জানেন কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :** ১৯৮০/৮১ সালটার পরীক্ষা চলছে, বাকিগুলির টাকা দেওয়া হয়েছে।

**শ্রী কৃষ্ণধন হালদার :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কংগ্রেস আমলে কোনও দাতব্য চিকিৎসালয় পঞ্চায়েত বিভাগ থেকে ছিল কিনা?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :** কংগ্রেস পরিকল্পনা করেছিলেন কিন্তু চালু করতে পারেন নি, আমরা চালু করেছি।

**শ্রী নিখিল দাস :** যদিও স্যার, এই সাপ্লিমেন্টারি প্রশ্ন এর থেকে আসে না তবুও জিজ্ঞাসা করছি, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, একথা কি সত্য, কংগ্রেস আমলে হোমিওপ্যাথি খাতে মাত্র ১৫ লক্ষ টাকা ছিল আর এই আমলে বেড়ে সেটা দু কোটি টাকা হয়েছে?

(নো রিপ্লাই)

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই দাতব্য চিকিৎসালয়গুলিতে কি সব জায়গায় ডি.এম.এস. ডাক্তার আছেন?

**মিঃ স্পিকার :** এর উত্তর হয়ে গিয়েছে।

**Abolition of inter State permit system**

***488.** (Admitted question No. *2263.) **Shri Dhirendra Nath Sarkar** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether there is any proposal to abolish the inter-State permit system for public carriers to ensure smooth goods movement; and

(b) if so, what is the present position in the matter?

**Shri Mohammed Amin :**

(a) No.

(b) Does not arise.

**(No Supplementary)**

**মুর্শিদাবাদ জেলার আহিরন গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ**

***৪৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৪৭।) **শ্রী মহম্মদ সোহরাব ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সুতি ১ নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত আহিরন গ্রাম পঞ্চায়েতের অপসারিত প্রধানের বিরুদ্ধে কয়েক হাজার টাকা তহবিল তছরূপের অভিযোগ আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত টাকা উদ্ধারের জন্য এবং উক্ত অপসারিত প্রধানের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অহিরন গ্রাম পঞ্চায়েতের নতুন প্রধান প্রাক্তন প্রধানের কাছ থেকে টাকা উদ্ধারের চেষ্টা করেছিলেন। কিন্তু তাঁর এই চেষ্টা ফলপ্রসু হয়নি।

অভিযুক্ত প্রধানের বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধি অনুসারে থানায় ডায়রি করার জন্য স্থানীয় ব্লক উন্নয়ন অফিসার বর্তমান প্রধানকে নির্দেশ দিয়েছেন।

[1-50 – 2-00 p.m.]

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ঐ ব্লক উন্নয়ন আধিকারিক, বি.ডি.ও. তিনি যখন এফ.আই.আর. করতে যাবেন তখন সেখানে সি.পি.এম.-এর লোকেরা ঘেরাও করার জন্য তিনি এফ.আই.আর. করতে পারেন নি। যদিও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ক্যাটাগোরিক্যালি বি.ডি.ও.-কে এফ.আই.আর. লজ করতে বলেছেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** সি.পি.এম. কিনা আমি জানি না। তবে একদল লোক সেখানে ঘেরাও করেছিলেন, সেই রিপোর্ট আমার কাছে আছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বর্তমান যে প্রধান তার উপর আপনারা এফ.আই.আর. লজ করতে বলেছেন, না বি.ডি.ও.-কে এফ.আই.আর. লজ করতে নির্দেশ দিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** বি.ডি.ও.-কে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, তাহলে গ্রাম পঞ্চায়েত প্রধান কি করে এফ.আই.আর. লজ করবেন সেটা জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** ডি.এম. গ্রাম পঞ্চায়েত প্রধানকে বলেছেন।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কত হাজার টাকা তছরূপের অভিযোগ ছিল?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আমার জানা নেই।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে অপসারিত প্রধান কোন দলের সদস্য ছিলেন?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আপনি নোটিশ দিলে জানিয়ে দেব।

**ফোর্ট প্লাস্টার গ্রাম পঞ্চায়েতের রাস্তায় পিচ ফেলার ব্যবস্থা**

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৩।) **শ্রী রাজকুমার মন্ডল ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ফোর্ট প্লাস্টার গ্রাম পঞ্চায়েতের তিনটি রাস্তা গত বৎসর সি.এম.ডি.এ. কর্তৃক ঝামা কন্সোলিডেশন হয়ে যাওয়া সত্ত্বেও পিচ ফেলা হচ্ছে না; এবং

(খ) অবগত থাকলে, উক্ত রাস্তাগুলি পিচ করার ব্যবস্থা গৃহীত হয়েছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) উক্ত রাস্তায় ওয়াটার বাউন্ড ম্যাকাডেম স্টেজ পর্যন্ত করে তার ওপর পিচের একটি স্টেবিলাইজিং কোট (প্রলেপ) দেওয়া হয়েছে। কিন্তু এরপর আরও পিচ ঢালাই করে রাস্তার উপরিভাগকে মসৃণ করা হচ্ছে না।

(খ) না।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি বললেন যে পিচ আর করা হবে না। কিন্তু এর ফলে ঐ রাস্তাগুলি যে অনুপযোগী হয়ে পড়ছে, এই সংবাদ আপনার কাছে আছে কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের সি.এম.ডি.এ.-র যে অঞ্চল কমিটি, তাদের সিদ্ধান্ত হল যে সব অঞ্চলে লরি, বাস এগুলি যাতায়াত করে না সেগুলির উপর একটা প্রলেপ দেবার পর কাজ শেষ হবে এবং সেখানে আর ঢালাই হবে না।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন, যদি অঞ্চল কমিটিগুলি

এই রকম সিদ্ধান্তে আসে যে এর উপর বিটুমিন দেওয়া হবে না তাহলে এর ফলে রাস্তাগুলি অনেকটা তার ভারসাম্য রাখতে পারছে না, সেখানে ভবিষ্যতে ভাল ব্যবস্থা নেবেন কি না। এবং বিটুমিন দেবার ব্যবস্থা করবেন কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** না, এই ধরণের বহু রিকোয়েস্ট এসেছে যে এই ধরনের রাস্তাগুলিকে বিটুমিন দিয়ে ভাল করে ঢালাই করা হোক। কিন্তু এটা করা সম্ভব নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ঝামা কন্সোলিডেশন করছেন এবং করার পরে পিচ দিচ্ছেন না, এর ফলে সেটা মেন্টেন্ড হচ্ছে না। এটা মেন্টেন্যান্স করার জন্য কোনও ব্যবস্থা আছে কি না জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা যে সিদ্ধান্ত করেছি যে পৌর এলাকায় যে কাজ হবে সেটা পৌরসভা রক্ষণাবেক্ষণ করবেন। যদি পঞ্চায়েত এলাকায় হয় তাহলে সেটা পঞ্চায়েত রক্ষণাবেক্ষণ করবে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পৌরসভায় মেন্টেনেন্সের অ্যারেঞ্জমেন্ট আছে, কিন্তু পঞ্চায়েতে সেই সুযোগ নেই। তারা কিভাবে মেন্টেনেন্স করবে?

**মিঃ স্পিকার ঃ** এটা সাপ্লিমেন্টারিতে আসে না।

### পুরুলিয়া জেলার কাশীপুর ব্লকে নুতন ব্লক উন্নয়ন অফিস

***৪৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৫।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশীপুর ব্লকে নুতন ব্লক উন্নয়ন অফিস তৈরির পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) অফিস বাড়ির তৈরির কাজ ইতিমধ্যেই আরম্ভ হইয়া গিয়াছে।

### জেল কোড সংশোধন

***৪৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮১।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেল কোড সংশোধনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) উক্ত কাজের জন্য ১৯৮১ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) জেল কোড কমিটি কোনও সুপারিশ করিয়াছে কি না?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) কমিটি প্রতিবেদনের প্রথম অংশ উপস্থাপিত করিয়াছেন। তাঁহাদের চূড়ান্ত প্রতিবেদন (দ্বিতীয় অংশ) শীঘ্রই উপস্থাপিত হইবে বলিয়া আশা করা হইতেছে।

(খ) ৭৩,৮৯২.৩৫ টাকা।

(গ) কমিটি নানা বিষয়ে সুপারিশ করিয়াছেন।

## Adjournment Motion

**অধ্যক্ষ মহোদয় ঃ** আজ আমি সর্বশ্রী রজনীকান্ত দলুই. কাজী হাফিজুর রহমন, সত্যরঞ্জন বাপুলি এবং জন্মেজয় ওঝা মহাশয়দের কাছ থেকে চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী দলুই, গত ২২শে মার্চে বরানগরে একটি জলসায় হাঙ্গামা, দ্বিতীয় প্রস্তাবে শ্রী রহমান মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২ নং ব্লকে আইন শৃঙ্খলার অবনতি, তৃতীয় প্রস্তাবে শ্রী বাপুলি সহজপাঠের অতিরিক্ত বই হিসাবে কিশলয়ের প্রবর্তন এবং চতুর্থ প্রস্তাবে শ্রী ওঝা ধানের মূল্যহ্রাস ও কৃষকদের দুর্গতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম ও দ্বিতীয় প্রস্তাবের বিষয়বস্তু আইন ও শৃঙ্খলা সম্পর্কিত। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার আছে।

তৃতীয় প্রস্তাবের বিষয়টি এমন জরুরি ও গুরুত্বপূর্ণ নয় যার জন্য সভার কাজ মুলতুবি রাখা যায়।

চতুর্থ প্রস্তাবের বিষয় সম্পর্কে সদস্য মহাশয় দৃষ্টি আকর্ষণী বা প্রশ্নের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

তাই আমি চারটি প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি।

সদস্যগণ ইচ্ছে করলে সংশোধিত প্রস্তাবগুলো সভায় পাঠ করতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে, আমাদের এম. এল. এ.দের কালকে 'কিশলয়' বই দেওয়া হয়েছে। অথচ আমি মাস্টার মশাইদের

জিজ্ঞাসা করে জানলাম যে, স্কুলে এখনো বই পাঠানো হয়নি। এই যদি অবস্থা হয় তাহলে ছেলেরা কবে বই পড়বে?

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন বিষয়টি হল—

**সহজপাঠের অতিরিক্ত বই বিসাবে কিশলয়-এর প্রবর্তন**

কিশলয় বইটি সরকার থেকে সহজপাঠের অতিরিক্ত বই বিসাবে ব্যবহার করার জন্য প্রবর্তন করা হয়েছে। কিন্তু কিছু মুষ্টিমেয় লোকের মতামতের উপর নির্ভর করে এবং জনমত যাচাই না করে ও শিক্ষক সমাজের মতামত না নিয়ে বহু টাকা খরচ করে সরকার সীমিত অর্থনৈতিক সচ্ছলতার মধ্যেও এই বই প্রচলন করেছেন যদিও সহজপাঠ আজও প্রাথমিক বিদ্যালয়ে পৌঁছে দিতে পারেননি।

স্যার, আমি যেটা বলতে চেয়েছিলাম যে, এই কিশলয়ের মান সহজপাঠের তুলনায় অত্যন্ত নিম্ন। এ ছাড়াও আরও অনেক শিশু সাহিত্য আছে। স্যার, আমি কয়েকটি বই এনেছি আপনাকে দেখাবার জন্য। অথচ এই বইটিকে রঙচঙে করা হয়েছে, কিন্তু এর চেয়ে ভাল আরও অনেক বই রয়েছে, অথচ এই বইটির পিছনে কোটি কোটি টাকা নষ্ট করা হচ্ছে। যেখানে রাজ্যের হাতে টাকা নেই, সেখানে এভাবে টাকা নষ্ট করা হচ্ছে।

[2-00 – 2-10 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

ধানের মূল্যহ্রাস ও কৃষকদের দুর্গতি।

কৃষির উৎপাদন মূল্যবৃদ্ধি এবং নিত্য প্রয়োজনীয় পণ্যমূল্যের উর্ধ্বগতির ফলে কৃষকদের জীবনে এসেছে হতাশা ও দুর্গতি। ভারত সরকার গমের কুইন্টাল প্রতি মূল্য ১৩ টাকা বৃদ্ধি করিয়াছেন কিন্তু ধানের সংগ্রহ মূল্য বৃদ্ধি না করায় পূর্বাঞ্চল বিশেষত পশ্চিমবঙ্গের কৃষক এই সুবিধালাভে বঞ্চিত। এদিকে বিভিন্নস্থানে শিলাবৃষ্টির ফলে বোরো ধান খুবই ক্ষতিগ্রস্থ। কৃষকদের ভরতুকি দান এবং ধানের সংগ্রহমূল্য বৃদ্ধি সম্পর্কে আলোচনার জন্য অদ্যকার সভা মুলতুবি রাখা হউক।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি একটি মোশান দিয়েছিলাম শ্রীমতী রেণুলীনা সুব্বার সাসপেনশানের অর্ডার সম্পর্কে। আপনি বলেছিলেন আলোচনার সুযোগ করে দেবেন।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** না, ফাইনাল অর্ডার আমি কিছু দিইনি।

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যে মোশানটা দিয়েছিলাম সেটা রিভাইসড করে কনসিডার করতে বলেছিলাম। শ্রীমতী সুব্বাকে আসতে দিন এবং এসে হাউসে এক্সপ্লেন করুক। কেননা একটা সাংঘাতিক অবস্থা সৃষ্টি হচ্ছে। গতকাল দার্জিলিং বন্ধ হয়েছে। বিধানসভার বাইরে তাঁকে অ্যারেস্ট করা হচ্ছে। কাইণ্ডলি এটা কনসিডার করুন। তাঁকে আসার আর একবার চান্স দিন এবং ১৫ জন মেম্বারকে নিয়ে একটা কমিটি করুন। এই ব্যাপারে আমি সিরিয়াস মোশন আমার কাছে দিয়েছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অফ ইনফরমেশন স্যার, আমি কাগজে দেখলাম এবং কাগজ দেখে আমার মনে হলো জনসাধারণের কাছে আপনাকে খেলো করার চেষ্টা হচ্ছে। কারণ মাননীয়া সদস্যা শ্রীমতী রেণুলীনা সুব্বাকে আপনি সাসপেণ্ড করেছেন এবং পুলিশ তাঁকে ঢুকতে দিচ্ছে না। কিন্তু আপনি কি বলেছেন, শ্রীমতী সুব্বা যদি আপনার সঙ্গে হাউসে এসে কথা বলেন তাহলে পুনর্বিবেচনা করবেন। তাঁকে ঢুকতে দেওয়া হচ্ছে না তবে কি তাঁর ভুত আসবে, তাঁর প্রেতাত্মা আসবে? আমি জানতে চাইছি,—এই যে কন্ট্রাডিকশন কাগজে বেরিয়েছে এর দ্বারা আপনাকে খেলো করা হচ্ছে। তাঁকে জ্যোতি বাবুর পুলিশ গেট থেকে বার করে দিচ্ছে, সেই মানুষ আপনার কাছে এসে কি করে কথা বলবে? আমার মনে হয় এইভাবে আপনাকে খেলো করছে ঐ সি. পি. এমের দল। আপনার চেয়ারকে অবমাননা করছেন ঐ সি. পি. এম-এর মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। আপনি যে অন্যায় করছেন সে কথা নয়, সে কথা বলার স্পর্দ্ধা আমার নেই।

**মিঃ স্পিকার ঃ** আপনার বক্তব্য বলা হয়েছে, আপনি বসুন।

(গোলমাল)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমার মনে হয় কোথাও দেখুন অন্যায় হচ্ছে। আপনি যদি এই ব্যাপারটা বিবেচনা না করেন এবং এই ব্যাপারে যদি স্টেপ না নেন তাহলে আমরা অন্য পথ ধরতে বাধ্য হব।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মিঃ স্পিকার স্যার, আমার একটা পয়েন্ট অফ প্রিভিলেজ আছে। রেণুলীনা সুব্বার ব্যাপার নিয়ে এই হাউসে বিস্তারিত আলোচনা হয়েছে অনেকবার করেই হয়েছে উনি হাউসের বাইরে কি করছেন না করছেন, হাউসের সঙ্গে তার কোনও সম্পর্ক নেই। আমি দেখছি মাননীয় সুনীতি চট্টরাজ মহাশয় হাউসে একটা পোস্টার নিয়ে এসেছেন, হাউসের রুলসে কোনও পোস্টার আনা যায় না। উনি বলছেন যে আমরা নাকি আপনাকে অপমান করেছি, হেয় করেছি। কিন্তু আজকে কংগ্রেস (আই) দলেরা ঠিক করেছেন

যে হাউস চলতে দেবেন না, কেননা উনি বলছেন যে ওঁকে সাসপেণ্ড করলে উনি গ্রাহ্য করেন না। আমি তাই অনুরোধ করব যে আপনি এই হাউসের সম্মান রক্ষা করার ব্যবস্থা করবেন।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুনীতি বাবু শ্রীমতী সুব্বার কথায় বললেন যে খবরের কাগজে বেরিয়েছে—উনি যদি আপনার সঙ্গে দেখা করেন তাহলে আপনি তাঁর ব্যাপারটি কনসিডার করবেন, এখন প্রশ্নটা এই দাঁড়াচ্ছে যে If she is not allowed to enter into the House how she can see you? এখন খবরের কাগজে বিভিন্ন রকমের খবর বেরোচ্ছে, এদের মধ্যে কন্ট্রাডিকশন আছে। আপনি তাঁকে আপনার সঙ্গে কথা বলতে বলছেন অথচ পুলিশ তাঁকে যদি ঢুকতে না দেয় তাহলে তিনি আপনার সঙ্গে দেখা করবেন কি করে? আর আমরা হাউস চলতে দেব না এ কথাটা ঠিক নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় আইন মন্ত্রী মহাশয় দাঁড়িয়ে বক্তব্য রাখলেন এবং বললেন কংগ্রেস (আই) হাউস চলতে দেবে না। এটা অত্যন্ত বেসলেস কথা। উনি আমাদের অপমান করেছেন।

**মিঃ স্পিকার ঃ** সুনীতি বাবু যদি ওপিনিয়ন রাখতে পারেন, উনি রাখতে পারেন না?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমরা আপনার অনুমতি নিয়ে বলছি, উনি কেন একথা বললেন?

**মিঃ স্পিকার ঃ** আপনারা অনেক সময় পারমিশন দিলেও বলেন, না দিলেও বলেন।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার পয়েন্ট অফ অর্ডারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমরা দেখতে পাচ্ছি বিগত কয়েকদিন ধরে যে ব্যবস্থা কংগ্রেস (আই) করার চেষ্টা করছে এবং তা চালিয়ে যেতে চাইছে। আমরা জানি, আমাদের সামনে সমস্ত লোক সুনীতি চট্টরাজের বাড়িতে বসে ঠিক করেছে যে গণ্ডোগোল বাধাবে। আমরা সমস্ত খবর জানি—কংগ্রেস (আই) পরিকল্পনা করেছে, ওদের প্ল্যান হচ্ছে যে হাউস চালাতে দেবে না এবং এর প্রমাণ আছে।

[2-10 – 2-20 p.m.]

**শ্রী সরল দেব ঃ** স্যার, আপনি শচীন বাবুকে বলবার জন্য অনুমতি দিলেন অথচ একসঙ্গে ৪ জন বক্তৃতা দিতে উঠলেন এ জিনিস চলতে দেওয়া যায়না। হাউস কি এইভাবে চলবে? এইভাবে ওঁরা প্রতিদিন বিশৃঙ্খলা সৃষ্টি করবেন তা হতে পারে না।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** স্যার, সুনীতি বাবু বক্তৃতা দেবার সময় আপনাকে থ্রেট করেছেন এটা প্রিভিলেজের প্রশ্ন বলে আমি বলছি যে আপনি রেকর্ড দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

(নয়েজ)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, সুনীতি বাবুর বক্তব্যের পরিপ্রেক্ষিতে জুডিশিয়াল মিনিস্টার যে বক্তব্য রেখেছেন তাতে আমার মনে হয় সমস্তটাই এক্সপাঞ্জ করা দরকার। তিনি বক্তব্য রাখবার সময়ে অকারণে কটু কথা বলেছেন প্রভোক করার জন্য যে সমস্ত কথা বলেছেন একটা মন্ত্রীর কাছ থেকে এইরকম আশা করা যায়না। বিশেষ করে আপনি যখন একটা ব্যাপার নিয়ে সহানুভূতি দেখানোর চেষ্টা করছেন সেই সময় উনি কংগ্রেসের নামে যেসব কথা বললেন সমস্ত অন্যায়।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আপনি হাউস চালান আমরা পার্টিসিপেট করতে চাই, বাদানুবাদ করে সময় নষ্ট করতে চাই না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, মাননীয় সদস্য সম্পর্কে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা ঠিকই নর্থ গেটে যেটা হচ্ছে সেটা লোক দেখানো।

**শ্রী হবিবুর রহমান ঃ** স্যার, আমি একটা বিষয়ে ক্ল্যারিফিকেশন চাই। এই সভা পরিচালনার একটা প্রণালী আছে। আপনার কাছে বিভিন্ন পয়েন্টের উপর পয়েন্ট অব অর্ডার পয়েন্ট অব প্রিভিলেজ তুলে আমরা রুলিং চাই। আপনি লিখিতভাবে অনেকসময় রুলিং দেন আজকে সুনীতি বাবু যে পয়েন্ট অব ইনফরমেশন তুলেছেন তার পরিপ্রেক্ষিতে আইনমন্ত্রী এখানে যা বললেন সেটা কোন পয়েন্টের উপর তিনি তার বক্তব্য রাখছেন।

( নয়েজ)

আমি জানতে চাইছি তার বলাটা বিধিসম্মত সঙ্গত হয়েছে কিনা আপনি বলুন?

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** আমি সমস্ত শুনেছি এখন আপনারা দুপক্ষ বলুন হাউস চালাবেন কিনা?

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

| | |
|---|---|
| ১) কলকাতা বিশ্ববিদ্যালয়ে ফেলকরা বি. এস. সি. ছাত্রকে পাশ করানো— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ২) বরানগরে 'রবীন্দ্র জৈন নাইট' এ তাণ্ডব— | শ্রী রজনীকান্ত দলুই, শ্রী সামসুদ্দিন আহমেদ, কাজি হাফিজুর রহমান এবং শ্রী হবিবুর রহমান, |

| | |
|---|---|
| ৩) নকশাল বাড়িতে আগুন লাগার ঘটনা— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৪) মেদিনীপুরের মহিসাদলে পণ বিবাহ— | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৫) উত্তর কলকাতার চিত্তরঞ্জন এভিনিউতে— সিনেমার টিকিট নিয়ে দুদলে সংঘর্ষের সংবাদ— | শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী কাজি হাফিজুর রহমান, এবং শ্রী হবিবুর রহমান, |
| ৬) ১২/৩/৮১ তারিখে এগরা এবং সাউথ পটাশপুরের কিছু অংশে প্রবল ঘূর্ণিঝড় ও শিলা বৃষ্টি— | শ্রী জন্মেজয় ওঝা, |
| 7) Closure of adolescent guidence centre at the Bureau of Educational and Psychological Research, Ballygunj— | Dr. Motaher Hossain, |
| 8) Reported Killing of a Congress(I) worker in Rajarhat— | Shri Rajani Kanta Doloi, |
| 9) Function of I.P.T.A. in Eden Gardens— | Shri Rajani Kanta Doloi, |
| 10) Ships stranded in Calcutta Port— | Shri Rajani Kanta Doloi and Shri Janmejay Ojha, |
| 11) Prolonged power cuts in the city— | Shri Rajani Kanta Doloi, |
| 12) Alleged clash between two groups at Kharagpur on 22.3.81— | Shri Janmejoy Ojha, |

আমি Closure of adolesecnt guidence Centre at the Bureau of Education + Psychological Research, Ballygunj. বিষয়ের উপর শ্রী ডাঃ মোতাহার হোসেন কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি :** আগামী ৩০শে মার্চ।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে রেলযোগে মালদহ

ইত্যাদি স্থান হইতে পশ্চিমবাংলায় বিভিন্ন স্থানে প্রচুর পরিমাণে কয়লা রপ্তানির সংবাদ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী সুধীন কুমার :** রেলের নিয়ম কানুন অনুযায়ী শুধু কয়লা খনি থেকেই রেল ওয়াগন ভর্তি কয়লা 'বুক' করা যাবে। কিন্তু ছোট ছোট বস্তায় অল্প পরিমাণ কয়লা রাজ্যের ভেতরে বা বাইরে এক স্টেশন থেকে আরেক স্টেশনে পাঠাবার ব্যাপারে রেলের কোনও বাধা-নিষেধ নেই। তবে বিভিন্ন জনের ছোট পরিমাণের বস্তা বোঝাই কয়লা একত্র করে ওয়াগন ভিত্তিতে বুকিং এর সুবিধা গ্রহণে রেলওয়ের আপত্তি আছে। কিন্তু কলকাতা হাইকোর্টের নির্দেশ অনুসারে এ ধরনের একত্রিত অল্প পরিমাণ কয়লার বস্তার ওয়াগন বুকিং দিতে রেল কর্তৃপক্ষ বাধ্য হয়েছেন। হাইকোর্টের এ রকম নির্দেশের ফলেই মালদা ও অন্যান্য জায়গা থেকে রেলওয়ে ওয়াগন ভর্তি কয়লা রাজ্যের বাইরে চলে যাচ্ছে।

এসব অবশ্য পোড়া কয়লা নয়—প্রধানত কাঁচা গুঁড়ো কয়লা (স্ল্যাক কোল) ও কাঁচা (স্টীম) কয়লা। এ জাতীয় কয়লার সরবরাহের উপর কোল ইণ্ডিয়ার কোনও বিধি নিষেধ নেই বলে মালদা এবং অন্যান্য অঞ্চলের ব্যবসায়ীরা এ জাতীয় কয়লা সরাসরি কয়লা খনি থেকে সংগ্রহ করে থাকেন। এবং রাজ্যের বাইরে রেল ওয়াগনে এই কয়লা ব্যবসায়ীরা বেনামে পাঠিয়ে থাকেন। এই রকম সরাসরি কয়লা সংগ্রহ ও বিভিন্ন রেল স্টেশন থেকে তা পাঠানোর ব্যাপারে রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। এরকম অবাধ চলাচলের ওপর নিয়ন্ত্রণের ক্ষমতা চেয়ে রাজ্য সরকার ভারত সরকারের কাছে আবেদন জানিয়েছেন। এছাড়া, বিভিন্ন রেলকর্তৃপক্ষ হাইকোর্টের নির্দেশ প্রত্যাহারের জন্য ব্যবস্থা নিয়েছেন এবং রাজ্য সরকার এ ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা করছেন।

**মিঃ স্পিকার :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে মেদিনীপুর সেন্ট্রাল জেলে কুয়াতে জনৈক কয়েদীর মৃতদেহ পাওয়া সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :** গত ১৯শে মার্চ, ১৯৮১ তারিখে সকাল ৭টা নাগাদ মেদিনীপুর সেন্ট্রাল জেলে ধোবী খানার কুয়োর জলে উক্ত জেলের সাজাপ্রাপ্ত বন্দি তাঁকে কুয়ো থেকে উদ্ধার করবার চেষ্টা করেন কিন্তু বিফল হয়। ফায়ার ব্রিগেডের কর্মীদের সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় এবং তাঁরা এসে উক্ত বন্দিকে কুয়ো থেকে তোলেন। বন্দিটিকে জেল হাসপাতালে পাঠানো হলে সেখানকার ডাক্তার তাঁর দেহ পরীক্ষা করেন এবং তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এই আকস্মিক মৃত্যুর বিষয় তদন্তের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ কারা বিধির ৮০৬ নং ধারা অনুযায়ী মেদিনীপুর জেলার অতিরিক্ত জেলা শাসককে একজন ম্যাজিস্ট্রেটকে প্রেন করতে অনুরোধ করা হয়। মেদিনীপুর সেন্ট্রাল জেলের সুপারিনটেণ্ডেন্ট-এর প্রেরিত প্রতিবেদন থেকে জানা যায় যে বন্দি বৈদ্যনাথ মাণ্ডি কুয়োর জলে ঝাঁপ দেন। ঘটনার দিন উক্ত বন্দি অন্যান্য বন্দিদের সঙ্গে ধোবীখানায় স্বাভাবিক কার্য সম্পাদনের উদ্দেশ্যে যান এবং কেহ কিছু বুঝবার আগেই কুয়োর জলে ঝাঁপ দেন। উল্লেখ করা যেতে পারে যে উক্ত বন্দি বিগত

১৯/৩/৮০ তারিখ থেকে মেদিনীপুর সেন্ট্রাল জেলের ধোবীখানায় কাজ করতেন। বন্দি বৈদ্যনাথ মাণ্ডি বিগত ২৯/১১/৭৯ তারিখে ভারতীয় দণ্ডবিধির ৩০৪(২) এবং ৩২৪ নং ধারায় বাঁকুড়া জেলার অতিরিক্ত দায়রা জজের এজলাসে দণ্ডিত হন এবং যথাক্রমে ৭ বৎসর ৬ মাস কারাদণ্ড (উভয় দণ্ডই একসঙ্গে কার্যকর) প্রাপ্ত হন। গত ১৭/৩/৮০ তারিখে তাঁকে বাঁকুড়া জেল থেকে মেদিনীপুর সেন্ট্রাল জেলে স্থানান্তরিত করা হয়। মৃত বন্দির আত্মীয় স্বজনদের থানার মাধ্যমে মৃত্যুর খবর জানানো হয়েছে। ঘটনার পূর্ণ তদন্ত করে একটি প্রতিবেদন পেশ করবার জন্য উপ-মহাকারা পরিদর্শক মহাশয়কে ইতিমধ্যেই মেদিনীপুর সেন্ট্রাল জেলে পাঠানো হয়েছে।

[2-20 – 2-30 p.m.]

## Eighty-first Report of Business Advisory Committee.

**মিঃ স্পিকার** ঃ আমি এখন কার্য উপদেষ্টা কমিটির ৮১তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক গতকাল ২৩এ মার্চ, ১৯৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২৬এ মার্চ, ১৯৮১ তারিখের বিধানসভার কার্যসূচি ও সময়সূচি নিম্নলিখিত ভাবে পরিবর্তনের সুপারিশ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| Thursday, .. 26-3-81 | (i) The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing). | |
| | (ii) The Bangabasi Group of Colleges (Taking over of Management) (Amendment) Bill, 1981. (Introduction, Consideration and Passing). | |
| | (iii) The Netaji Nagar College (Taking over of Management) (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing). | **1 hour.** |
| | (iv) The Birla College of Science and Education (Taking over of Management) (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing). | |
| | (v) Discussion and Voting on Demands for Supplementary Grants for 1980-81. | **4 hours.** |

**শ্রী ভবানী মুখার্জি ঃ** স্যার, ৮১তম প্রতিবেদনের যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় পেশ করছি।

The motion was then put and agreed to.

## Mention Cases.

**মিঃ স্পিকার ঃ** মাননীয়া সদস্যা শ্রীমতী ছায়া ঘোষ এম. এল. এ. হোস্টেল সম্পর্কে বলতে চেয়েছেন। কিন্তু এটি আমার জুরিসডিকশনের মধ্যে পড়ে, কাজেই আপনি এ বিষয়ে কিছু বলতে পারেন না।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আমি এম. এল. এ. হোস্টেল সম্পর্কে কিছু বলব না, আমি অন্য একটি বিষয় সম্পর্কে এখানে উল্লেখ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকদিন ধরে লক্ষ্য করছি যে, বিধানসভার মধ্যে এবং বাইরে প্রচণ্ড ভাবে একটা নাটক চলছে। এই নাটক যে শুধু মাত্র এখানে চলছে তা নয়, আমি যেখানে থাকি সেখানেও এই রকম একটা নাটক চলছে, সে নাটক এখানকার চাইতে আরও বেশি জমজমাট। সেই নাটক যে কি ধরণের সে কথা বলবার আগে আমি অন্য একটি বিষয় সম্বন্ধে কিছু বলছি। আমাদের স্মরণে আছে যে, মাননীয় সদস্য ডি. পি. রাই যখন বেঁচে ছিলেন তখন এই ধরনের নাটক চলত। উনি মারা যাবার পর আমরা যেখানে বাস করি—আমার শোবার ঘরের পাশে ভূতের খুব উপদ্রব ঘটেছে। রাত্রি ১/২টার সময়ে এই ধরনের নাটক শুরু হচ্ছে। আমাদের শোবার ঘরে কয়েকজন পার্টি কমরেডও ছিলেন, ফলে এই ভূত আমাদের দমাতে পারেনি। আমরা লক্ষ্য করলাম, ডি. পি. রাই মারা যাবার পর শেষ পর্যন্ত তাঁর ভূত নাটকের নায়িকার ঘাড়ে গিয়ে ভর করেছে, যা আপনি এখানে এবং বাইরে বার বার করে দেখতে পাচ্ছেন। আমাদের এম. এল. এ. হোস্টেলেও এই ভাবে ক্রমাগত নাটকের অবতারণা করা হয়েছে।

(গোলমাল)

আজকে আমি বিশ্বাস করছি যে ভূত আছে। কারণ, আমরা দেখেছি যে ডি. পি. রাই বেঁচে থাকতে, আমি তাঁর প্রতি শ্রদ্ধা নিয়ে বলছি, তিনি জানালার কাঁচ ভেঙ্গেছেন, যাঁরা ক্যান্টিনে কাজ করেন তাঁদের ছোরা নিয়ে মারতে গেছেন, দরজায় গিয়ে ধাক্কা দিয়েছেন। এখন আবার তার পুনরাবৃত্তি হয়েছে, সুব্বাকে আবার ভর করেছে এখন আমি বিশ্বাস করছি যে ভূত আছে। যাইহোক, আমাদের ওখানে যে লেডি অ্যাটেনডেন্ট আছেন তিনিও পাহাড়ী মহিলা, তিনি আমার কাছে দুঃখ করে বললেন—"দিদি, আমরা গরিব মানুষ, আমরা অ্যাসেম্বলিতে চাকরি করতে এসেছি পেটের দায়ে, আপনাদের বিধানসভার মাননীয় সদস্য যদি এইভাবে বলেন যে আমরা আপনাদের টাকা চুরি করে নিয়েছি তাহলে আমরা কোথায় দাঁড়াব"। গত শুক্রবার আমি মিসেস সুব্বাকে প্রশ্ন করেছি মিসেস সুব্বা, আপনি বললেন ৩ হাজার টাকা আপনার ব্যাগ থেকে ছিনিয়ে নিয়ে গেছে, আপনি কি বিধান সভায় এত হাজার

হাজার টাকা নিয়ে যান? তিনি বললেন ১০ হাজার টাকা, ব্যাগ ভর্তি গহনা নিয়ে আমি একা একা চলি। আমি প্রশ্ন করছি ১০ হাজার টাকা, ব্যাগ ভর্তি গহনা নিয়ে যে মহিলা একা একা দেশ দেশান্তরে ঘুরে বেড়াতে পারেন যে দেশে সেই দেশে কি ল এণ্ড অর্ডার ভেঙ্গে পড়েছে বলা যায়? আর একটা প্রশ্ন—আজ সকাল বেলায় কয়েকজন মহিলা আমার কাছে এসেছিলেন, তাঁদের বক্তব্য সমস্ত পশ্চিমবঙ্গের মেয়েদের কাছে উনি একটা লজ্জার বিষয়।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পিকার ঃ** আপনার বলা হয়ে গেছে, আপনি বসুন।

**শ্রী বদন বোরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর একটি বিশেষ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় যে পৌরসভা আছে সেই পৌরসভার ভেতরে এবং বাইরে কংগ্রেস (আই) দল যাঁরা এখানে আইনের কথা বলছেন, আইন নেই বিধান সভায় এই কথা বলছেন, তাঁরা কিভাবে নিজের দলের মধ্যে লড়াই করছেন এবং খুনোখুনি করছেন এবং সরকারি টাকা তছরূপ করছেন তার একটা বৃত্তান্ত আপনার কাছে রাখছি। বিষ্ণুপুরে যে পৌরসভা আছে সেই পৌরসভায় কংগ্রেস (আই) দল সংখ্যা গরিষ্ঠ তাঁরা নিজেদের পৌরসভার ভেতরে এবং বাইরে মারামারি করছেন। আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে নির্বাচনের পূর্বে ওখানে তিনি যদি হস্তক্ষেপ না করেন তাহলে ওঁরা নিজেরাই খুনোখুনি করবে এবং নিজেদের হাত রক্তে রাঙা করবে। বর্তমানে ঐ পৌরসভার সদস্য সংখ্যা হচ্ছে ১৬ জন, তার মধ্যে অনেকে পদত্যাগ করেছেন। বর্তমান চেয়ারম্যানের বিরুদ্ধে তাঁরা অনাস্থা নিয়ে এসেছেন, মাত্র ৭ জন সদস্য বিষ্ণুপুর পৌরসভা চালাচ্ছেন এবং এই ৭ জন সদস্য বে-আইনিভাবে শিক্ষক নিয়োগ এবং কর্মচারি নিয়োগ করছেন এবং সরকারি টাকা তছরূপ করছেন। তাই আমি পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করব অবিলম্বে যাতে সরকারি টাকা তছরূপ না করতে পারে তার ব্যবস্থা তিনি যেন করেন।

[2-30 – 2-40 p.m.]

**শ্রী এম আনসারউদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার ডোমজুড় থানায় কোনও অ্যাম্বুলেন্স নেই। এমন কি হাওড়া জেনারেল হাসপাতাল যেটা নাকি হাওড়া জেলার সবচেয়ে বড় হাসপাতাল সেখানেও কোনও অ্যাম্বুলেন্স নেই। গত ১৫ই মার্চ ডোমজুড় থানার স্বাস্থ্য কেন্দ্রের সামনে একটি লরি দুর্ঘটনায় ২ জন সঙ্গে সঙ্গে মারা যান এবং ৪৫ জনের মতো লোক আহত হন। এই মুমূর্ষু লোকেদের নিয়ে ওখানকার ছেলেরা ডোমজুড় স্বাস্থ্য কেন্দ্রে যান। সেখানে চিকিৎসার ব্যবস্থা করা সম্ভব হয়নি। কোনও ঔষধ সেখানে ছিল না, এমন কি ফার্স্ট এড দেবার ব্যবস্থা পর্যন্ত করা যায়নি। সেখানে ডেটল অবধি নেই, হাসপাতালের পাশে যারা বাস করেন তাঁদের বাড়ি থেকে ডেটল নিয়ে আসতে হয়। পববর্তী সময়ে হাওড়া

জেনারেল হাসপাতালে ঐ সমস্ত আহত মানুষকে নিয়ে আসার ব্যবস্থা করবার জন্য কোনও অ্যাম্বুলেন্স সেখানে ছিল না। মিনি বাস এবং ৬৩ নং রুটের দুটা বাস তারা ঐ সমস্ত আহত রুগীদের নিয়ে আসেন। তাদের মধ্যে ৯ জনের অবস্থা সঙ্কটজনক ছিলো তাদের এস এস কে এম হাসপাতালে এবং একজনকে মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে আসার ব্যবস্থা করতে হয়। সেখানেও খোঁজ করে দেখা গেল হাওড়া জেনারেল হাসপাতালে কোনও অ্যাম্বুলেন্স নেই। হাওড়া মিউনিসিপ্যালিটি থেকে ৩টা অ্যাম্বুলেন্স দিয়ে তারা ঐ সমস্ত রুগীদের সাহায্য করেন এবং তার ফলে ঐ সমস্ত মুমুর্ষু রুগীদের এস এস কে এম হাসপাতালে নিয়ে যাওয়া সম্ভব হয়। তাই আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে হাওড়া জেনারেল হাসপাতাল যা একটা জেলার মধ্যে গুরুত্বপূর্ণ হাসপাতাল সেখানে যাতে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা যায় সে ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—এবং যাতে ডোমজুড় স্বাস্থ্যকেন্দ্রে যাতে একটা অ্যাম্বুলেন্স এর ব্যবস্থা করা যায় সে উদ্যোগ নেবার ব্যাপারে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নিতাইচরণ আদক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি হাওড়া জেলার বাগনান এর ২নং ব্লকের অধীনে বাপুজা গ্রামের অধিবাসীরা তাদের গ্রামে হাসপাতাল করবার জন্য ১৯৭৫ সালে তাদের গ্রামে কয়েক একর জমি এবং ১০ হাজার টাকা তারা সরকারের হাতে দেয়। সরকার সে হাসপাতাল হবে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং তার ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও দেখা গেছে সে হাসপাতাল এখনও তৈরি হয়নি। কিন্তু পরে আবার দেখলাম ১৯৮০ সালের এপ্রিলে সেই হাসপাতাল নির্মানের জন্য একটা টেণ্ডার কল করা হয়েছে প্রায় ১০ লক্ষ ৮৫ হাজার টাকার মতো। কিন্তু আজ পর্যন্ত হাসপাতাল নির্মাণের কোনও কাজ সেখানে শুরু হয়নি। সেইজন্য অবিলম্বে এই অভাব দূর করার জন্য আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে নাকি শীঘ্র এর কাজ শুরু করা হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার সদস্য হিসাবে রেণুলীনা সুব্বার উপরে যে অত্যাচার গতকাল করা হয়েছে পুলিশ দিয়ে আমি আপনার মাধ্যমে সেটা রাখতে চাই। আজকে একজন সদস্য সে যে দলেরই হোন—সি পি এম দলের সদস্য হোন তাঁদের উপর অত্যাচার হলে আমরা সমর্থন করব না নিশ্চয়ই তার প্রতিবাদ করব। আমি জেনেছি এখানে নাটক করা ইত্যাদি সব কথা বলা হয়েছে। কেউ যদি কারুর উপর কোনও অবিচার হয়েছে মনে করেন—যদি তিনি মনে করেন অন্যায় হয়েছে গণতান্ত্রিক পদ্ধতিতে প্রতিবাদ করার ক্ষমতা তাঁর আছে। সেই হিসাবে একটা রাজনৈতিক দলের তিনি বিধান সভার সভ্য, তিনি যে পথ বেছে নিয়েছেন তা হয়তো মনোমতো হয়নি—আপনার আদেশ বা সিদ্ধান্ত যা নিয়েছেন তার প্রতিবাদ করার জন্য তাঁর পার্টি নির্দেশ দিয়েছেন। যেটা ভাল বুঝেছেন সেটা করেছেন, এটাকে এখানে আখ্যা দেওয়া হয়েছে এই সব বলে। বিধান সভার সদস্যরা বলেছেন এটা লজ্জার বিষয় আর একটা বিধান সভার সদস্যের বিরুদ্ধে যে নাটক

হচ্ছে—এটা অত্যন্ত অন্যায়। তিনি অন্য দলের লোক হতে পারেন, কিন্তু মাননীয় বিধান সভার সদস্যকে যদি পুলিশ হাত ধরে টানে, জল চাইলে না দেয়—যদি তার উপর অত্যাচার হয়, তার উপর মানসিক অত্যাচার করা হয়—আমি আপনার মাধ্যমে বলতে চাই বিধান সভার সদস্যদের কাছে—এই অনুরোধ করব আপনারা সকলে এর বিরুদ্ধে প্রতিবাদ করুন।

এই ব্যাপারে মাননীয় স্পিকার মহাশয়ের বিরুদ্ধে আমার কোনও বক্তব্য নেই। কিন্তু তাঁর উপর পুলিশ যেভাবে অত্যাচার করছে তাতে আমি মনে করি দলমত নির্বিশেষে আমাদের সকল সদস্যদের এরজন্য প্রতিবাদ করা উচিত এবং এই নজির বিধানসভায় থাকা উচিত। আজকে সি. পি. এম, ফরওয়ার্ড ব্লক বা আর এস পি দলের লোকের উপর এরকম অত্যাচার না হতে পারে কারণ তাঁরা সরকার পক্ষের লোক। কিন্তু আমাদের উপর বা অন্যান্য দলের লোকের উপর অত্যাচার হতে পারে। একজন বিধানসভার সদস্য লক্ষ লক্ষ লোকের প্রতিনিধি, কাজেই তাঁর উপর যদি এরকম অত্যাচার হয় তাহলে তো সেটা সাংঘাতিক কথা। ওই মাননীয়া সদস্যা তাঁর গণতান্ত্রিক অধিকার রক্ষা করবার জন্য গণতান্ত্রিক উপায়ে প্রতিবাদ করছেন। কিন্তু মাননীয়া সদস্যা শ্রীমতী ছায়া ঘোষ তাঁর সম্বন্ধে যে সমস্ত কথা বলেছেন তা অত্যন্ত অশালীন এবং আমি আপনাকে অনুরোধ করব ওই কথাগুলি আপনি অনুগ্রহ করে এক্সপাঞ্জ করে দিন প্রসিডিংস থেকে। আমি তাঁর উক্তিগুলিতে অত্যন্ত আপত্তি জানাচ্ছি তিনি রাত্রে ভূত দেখতে পারেন, সকলে দেখেননা। যে লোকটি মারা গেছেন তাঁকে নিয়ে এত নোংরা কাণ্ড কেউ করতে পারেন এ জিনিস ভাবা যায়না। যাহোক, ওই মাননীয় সদস্যার উপর পুলিশ যেন আর কোনও রকম হামলা না করে সেই ব্যবস্থা মুখ্যমন্ত্রী যেন করেন। এর পরও যদি তাঁর উপর অত্যাচার হয় তাহলে আমরা সমবেতভাবে তার প্রতিবাদ করব একথা আমি মুখ্যমন্ত্রীকে জানিয়ে রাখছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, জ্যোতিবাবুর পুলিশ এইরকম জঘন্য অত্যাচার করছে এই ব্যাপারে আপনার রুলিং চাই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। গত পরশু সন্ধ্যায় এগ্রা এবং পাশাপাশি পটাশপুর এলাকায় দারুণ ঘূর্ণিঝড় এবং শিলাবৃষ্টি হওয়ার ফলে ধান এবং অন্যান্য শাকশব্জীর দারুণ ক্ষতি হয়েছে। বহু ঘরবাড়ি নষ্ট হয়েছে, এমন কি টেলিগ্রাফের খুঁটি পর্যন্ত উপড়ে পড়েছে, লোকের ক্ষতির সীমা নেই। আমি মনে করি এই সমস্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্য করা উচিত এবং যাদের ঘরবাড়ি নষ্ট হয়েছে তাদেরও সাহায্য করা উচিত। আমি এই ব্যাপারে কৃষিমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাজি হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানার ২নং ব্লকের সরলপুর গ্রাম পঞ্চায়েতের এবং বালিগ্রাম গ্রাম পঞ্চায়েতের অধীন ডিহিপাড়া, রাজাবটি, পুড়ামাটি, হোসনাবাদ

গ্রামের শান্তিপূর্ণ মানুষ আজ সি. পি. এম-এর দুষ্কৃতকারীদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে পড়েছে। ওই সব গ্রামের কংগ্রেস (ই) লোকের বাড়িঘর ভাংচুর হচ্ছে, জিনিসপত্র লুঠ হচ্ছে। মানুষদের মারধোর করা হচ্ছে। পুলিশকে বলা সত্ত্বেও এর কোনও প্রতিকার হচ্ছে না। শুধু তাই নয়, প্রকাশ্য দিবালোকে মাঠের ফসল, গম প্রভৃতি কেটে নিয়ে যাছে। এসব এলাকার মানুষরা যাতে শান্তিতে নিজেদের ঘর সংসার করতে পারে তার ব্যবস্থা করার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং এই সঙ্গে আরও অনুরোধ করছি ওখানে অবিলম্বে পুলিশ ক্যাম্প বসানো হোক। ওই এলাকার জনসাধারণ কয়েকটি বিশেষ ঘটনা উল্লেখ করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রতিকার চেয়েছে। আমি তাদের সেই দরখাস্ত মুখ্যমন্ত্রীকে দেবার জন্য আপনার কাছে জমা দিচ্ছি।

[2-40 – 2-50 p.m.]

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমাকে আবার সেই প্রসঙ্গটাই বলতে হচ্ছে এই জন্য যে মাননীয়া সদস্যা রেণুলীনা সুব্বা সম্বন্ধে আপনি যে সিদ্ধান্ত করেছেন পশ্চিমবঙ্গের জনগণ বিধানসভার পবিত্রতা রক্ষা এবং গণতন্ত্র রক্ষার জন্য স্পিকার মহাশয়ের ভূমিকাকে অভিনন্দন জানাচ্ছে। এমন কি কংগ্রেস(আই) দলের নেতা সুব্রত মুখার্জি, তাঁকে ধন্যবাদ, ভাবতে অবাক লাগে ঐ দলের এক আধজন লোক আছেন যাঁদের বিবেকবোধ আছে যে একজন মহিলা নৃত্য করবেন, যা খুশি তাই করবেন এটা সমর্থন করা যায় না একথা সুব্রত মুখার্জি মহাশয় বলেছেন। আমরা তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আর এখানে যাঁরা আছেন তাঁদের সেই বোধ বা বিবেক নেই। মাননীয় স্পিকার মহোদয়, রেণুলীনা সুব্বা আজকে যে শুধু বিধানসভার মর্যাদা ক্ষুণ্ণ করেছেন তা নয় সঙ্গে সঙ্গে তিনি যে সব অভিযোগ করেছেন, প্রথমে তিনি বললেন যে তার গায়ে কোনও সদস্য হাত দেয়নি, তারপর দিন তিনি বিবৃতি দিলেন এখানে তাকে নাজেহাল করা হয়েছে, তার গায়ে হাত দেওয়া হয়েছে। এমন কি বিধানসভার কর্মচারী ও সদস্যদের উপর তার অভিযোগ হল যে তার ব্যাগ থেকে টাকা খোয়া গিয়েছে। এটা একেবারে উদ্দেশ্য প্রণোদিত, এটা সামগ্রিকভাবে বিধানসভার সদস্যদের মর্যাদাহানি করার জন্য, বিধানসভার কর্মচারিদের মর্যাদাহানি করার উদ্দেশ্য নিয়ে একথা বলা হয়েছে। আজকে বামফ্রন্ট সরকারের যে পুলিশ যে আচরণ করেছে, আজকে যেভাবে উনি এখানে আসেন, তাঁকে অত্যন্ত যত্নের সঙ্গে তাকে নিয়ে যাওয়া হয়, তাকে যেভাবে যত্ন করা হয়, তিনি যা চান তাই খেতে দেওয়া হয়, তাকে বাড়িতে পৌছে দেওয়া হয়, হোস্টেলে পৌছে দেওয়া হয়, বিরোধী সদস্যরা সঙ্গে যান এবং অনেক প্রভোকেশন সৃষ্টি করেন এসব আমরা জানি, কিন্তু তা সত্ত্বেও বামফ্রন্ট সরকারের পুলিশ তার সঙ্গে যে ব্যবহার করছে এবং আমরাও তার সঙ্গে যে ব্যবহার করছি এটা তাদের স্মরণ রাখতে বলি। শুধু নেপালির দোহাই দিয়ে দার্জিলিং-এ একটা সেন্টিমেন্ট উঠবে এই বলে যা খুশি তাই তিনি করে যেতে পারেন না। আমরা বিশ্বাস করি দার্জিলিং-এ বুদ্ধিজীবী মানুষ আছেন, তরুণ যুব সমাজ আছে, শ্রমজীবী মানুষ আছে, তারা কখনও এইরূপ আচরণ বরদাস্ত করতে পারেন না এবং সে

ক্ষেত্রেও সেখানে প্রতিবাদের ঢেউ উঠবে এই ব্যাপার নিয়ে তাতে কোনও সন্দেহ নেই। আমি আবার আপনি যে সিদ্ধান্ত বিধানসভার পবিত্রতা রক্ষা করার জন্য নিয়েছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। আজকে হাটে, বাজারে, রেলে, সর্বত্র মানুষ আপনার সিদ্ধান্তকে অভিনন্দন জানাচ্ছে। এই মহিলা সম্পর্কে আজকে মানুষের ধারণা স্পষ্ট হয়ে গিয়েছে। লোকে বলছে উনি দেবী চৌধুরানী, লোকে বলছে তিনি দেবী হিড়িম্বা, লোকে বলছে যে উনি বিদ্যুৎ কন্যা না, লোকে বলছে যে কোনও দ্রব্য গুণে পরিচালিত কন্যা। এইসব কথা লোকে বলছে তা জানিয়ে রাখা দরকার।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আইন মন্ত্রী ও ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার বাগনান থানার ব্যাড়াবেড়িয়া গ্রামে স্বর্গত রমেনচন্দ্র চক্রবর্তীর বিধবা শ্রীমতী নন্দরাণী চক্রবর্তী, তার মেদিনীপুর জেলার চন্দ্রকোণা থানার শিরপাই মিউনিসিপ্যালিটির অধীনে জমি জায়গা বিজয় চক্রবর্তী বলে এক ব্যক্তির দ্বারা প্রতারিত হয়ে ৯৮ হাজার টাকার সম্পত্তি বিক্রি হয়ে গেল এবং প্রায় ২৮ হাজার টাকা অর্থাৎ লক্ষাধিক টাকা প্রতারিত হয়েছেন। এখন এই বিধবা মহিলা নিঃস্ব। তিনি বারবার পঞ্চায়েত সমিতি এবং অন্যান্যদের কাছে আবেদন জানানোর পরও সেখানে যে সমস্ত ডিড হয়েছিল, এগ্রিমেন্ট হয়েছিল তা মানা হয়নি এবং প্রতারণার দায় থেকে তিনি তার হৃত সম্পত্তি উদ্ধার করতে না পেরে তিনি এমন জীবন যাপন করছেন যে আজকে তিনি মৃত্যু মুখে পতিত হতে চলেছেন। এই নিয়ে তিনি বারবার মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছেন, ভূমি সংস্কার মন্ত্রীর কাছে আবেদন করেছেন এবং ২০শে অক্টোবর সত্যযুগ পত্রিকায় এটা বেরিয়েছিল। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে ঐ সমস্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে এই প্রতারণার বিরুদ্ধে মামলা করার জন্য ভদ্র মহিলাকে লিগ্যাল এড দেওয়া হয় এবং তদন্ত করে এই মহিলাকে বাঁচাবার ব্যবস্থা করা হয়।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি একটু আগেও এখানে ছিলেন, বোধ করি তিনি তাঁর ঘরে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলের মানুষদের এখনও শতকরা ১৫ থেকে ২০ ভাগ লোকের রেশন কার্ড নাই। অথচ উনি বলেছিলেন বিধানসভার বিধায়করা বা পঞ্চায়েত সদস্যরা যদি রেকমেন্ড করেন তবে রেশন কার্ড দেবেন। সেই ভাবে নির্দেশও দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে জেলায় এবং সাব ডিভিসনে যারা খাদ্য বিভাগ পরিচালনা করছেন, তাঁরা এই সার্টিফিকেট বা দরখাস্তের কোনও তোয়াক্কা করছেন না। ফলে গ্রামের মানুষ রেশন কার্ড না পাবার ফলে তাদের খুব অসুবিধা হচ্ছে। বর্তমানে কেরোসিন এবং অন্যান্য ভোজ্য তেল ইত্যাদিও রেশন কার্ড মাধ্যমে দেওয়া হয়, কিছু কিছু শাড়ি, জনতা শাড়ি দেওয়া হয়, কিন্তু গরিব মানুষদের দেওয়া হয় না। বলা হচ্ছে আপনার নাম রেজিস্ট্রি করে আসুন। কিন্তু নাম লেখাতে গেলে কোনও মানুষকে ২০০ টাকার কমে নাগরিক হতে পারছে না, আর এই দুশত টাকা খরচ করে তারা নাগরিক হতে পারছে না। আমি তাই অনুরোধ

করছি যে এই গরিব মানুষদের তিনি রেশন কার্ড দেবার ব্যবস্থা করুন, গরিব মানুষদের কান্না তিনি শুনুন, এই বলে খাদ্য মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী হরিপদ জানা (পিংলা) :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নিকট একটা সমস্যা তুলে ধরছি। খড়গপুর সেকশনে বালিচক রেলওয়ে স্টেশনে লোক জন অত্যন্ত অসুবিধায় আছে, টিকিট না পাবার জন্য সেখানকার যাত্রী সাধারণের হয়রানি হচ্ছে, অনেক সময়ে ঘন্টার পর ঘন্টা স্টেশনে অপেক্ষা করতে হচ্ছে। এই অসুবিধার কারণ হচ্ছে বিভিন্ন রুটে থেকে বাসগুলি যখন এসে যায় তখন ট্রেন একই টাইমে লাইনে খুব ভীড় হয়। এ সম্বন্ধে স্টেশন মাস্টারের কাছে জানালে তিনি বলেন লোকের বড় অভাব, বার বার এ সম্বন্ধে বলেও কোনও সুরাহা হয়নি, আমি জানি এই ব্যাপারটা রাজ্য সরকারের এক্তিয়ারে নয়, তথাপি রাজ্য সরকার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরে যদি এই সংবাদ যায় যে এই রকম অসুবিধা হচ্ছে, তাহলে জনসাধারণের সুবিধা হবে। যাতে আপ অ্যান্ড ডাউন যাত্রীরা যাতে সুষ্ঠুভাবে টিকিট পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। নইলে এমন সময় আসবে যখন অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে। তার জন্য জনসাধারণ যাতে সুষ্ঠুভাবে টিকিট পেতে পারে, তার জন্য দুটি কাউন্টার করে আপ অ্যান্ড ডাউন যাত্রীদের যাতে সুবিধা করে তার জন্য যেন কেন্দ্রীয় সরকারকে জানানো হয়।

**শ্রী সন্তোষকুমার দাস :** মাননীয় স্পিকার মহোদয়, হাওড়া জেলার গোবিন্দপুর গ্রামে, এবং শুভআঁড়া গ্রামে — এই দুটি গ্রামে সন্ত্রাস সৃষ্টি করেছে এখানকার দুস্কৃতকারীরা এবং সমাজ বিরোধীরা। গোবিন্দপুরে নেতাজি সংঘের একটি গৃহ পরশু দিন ভেঙ্গে দেওয়া হয়েছে এবং এখানকার কর্মীকে মার ধোর করা হয়েছে, তার ফুল বাগান নষ্ট করে দেওয়া হয়েছে। এর মূলে আছে ওখানকার কংগ্রেস(আই) এর কয়েকজন নেতা, তারাই এসব পরিচালনা করছে। শুভআঁড়ার নিমাই ভূঁইয়ার মেয়ের উপর অতর্কিতে আক্রমণ করা হয়েছে গত দোলের দিনে এবং তাকে প্রচন্ড মারধোর করা হয়েছে। স্থানীয় ফরওয়ার্ড ব্লকের নেতাকে খুন করেছিল যে দুই আসামী তারা এখন কংগ্রেস(আই) এর পক্ষপুটে আশ্রয় গ্রহণ করেছে, করে এই অত্যাচার এখানে চালিয়ে যাচ্ছে এবং সন্ত্রাসের সৃষ্টি করছে এই গোবিন্দপুর এবং শুভআঁড়া গ্রামে। এই যে কংগ্রেস(আই)-এর লোকেরা এই অত্যাচার করছে, এর প্রতিবিধান করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে।

[2-50 – 3-30 p.m.(Including Adjournment)]

**শ্রী সন্তোষ রানা :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি অপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের রাজ্য সরকারের উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। ঝাড়গ্রামে একটি সরকারি কলেজ আছে ঝাড়গ্রাম রাজ কলেজ। সেই কলেজটি কয়েক দিন আগে কলেজের অধ্যক্ষ অনির্দিষ্ট কাজের জন্য বন্ধ ঘোষণা করেছেন। তার কয়েক দিন আগে পুলিশ ছাত্রদের লাঠি চার্জ করেছে এবং বহু ছাত্র আহত হয়েছে বহু ছাত্র জেলে গিয়েছে।

এমনিতেই ঝাড়গ্রামের সরকারি কলেজে শিক্ষকরা থাকে না এবং অধিকাংশ পদ খালি থাকে। তার উপর এই রকম কান্ড হওয়ায় পুলিশ লাঠি চার্জ করার পর যদি কলেজ বন্ধ হয়ে যাওয়ায় ছাত্রদের আরও ক্ষতি হচ্ছে। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে অবিলম্বে ঝাড়গ্রাম রাজ কলেজটি খোলার ব্যবস্থা হয় সেইজন্য অনুরোধ করছি।

**শ্রী সরল দেব ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মারফৎ স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারাসত মহকুমা হাসপাতাল কলকাতার প্রায় কাছে। এমনিতেই কলকাতা হাসপাতালে জায়গা দেওয়া যায় না। কিন্তু ওখানে ৩০০ বেড এবং রোগী ১৪০ জন। ওখানকার এস.ডি.এম.ও. দুর্নীতির পঙ্কিল সৃষ্টি করেছে। রোগী চিকিৎসা পাচ্ছে না, অ্যাম্বুলেন্স অচল। এবং এস.ডি.এম.ও. নিজের দুর্নীতিকে ঢাকবার জন্য জনসাধারণের কাছে প্রচার করছে তিনি স্বাস্থ্য মন্ত্রীর আত্মীয়। কিন্তু তা সত্য নয় এবং এস.ডি.এম.ও. ভাল ডাক্তারদের চক্রান্ত করে অপসারণ করছে। তাই আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে বারাসতের মহকুমার এস.ডি.এম.ও.-কে অপসারণ করা হোক। কয়েক দিন আগে আমি আমার পুত্রকে সেখানে নিয়ে গিয়েছিলাম। সেখানে দেখলাম সারা দিন সে আন অ্যাটেন্ডেড অবস্থায় থাকল। এই অরাজকতা সেখানে চলছে। এই অরাজকতা দূর করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি ঘটনার উল্লেখ করছি। আমার এলাকা ২৪-পরগনা জেলার কুলটি থানার লক্ষ্মীকান্তপুর ভোলাহাট অঞ্চলে একটি ৭ মাইলের রাস্তা আছে। সেখানে চারটি বাসের পারমিট দেওয়া হয়েছে। তার মধ্যে তিনটি বাস চলে। গতকাল সেখানে দক্ষিণ বারাসত কলেজের একটি ছাত্র—নাম সুশান্ত কামার বাসে উঠতে গিয়ে বাসের চাকায় পিষ্ঠ হয়ে সঙ্গে সঙ্গে মারা যায়। আমরা বার বার আর.টি.এ.ডি.এম.-কে বলার পরে এর কোনও কিনারা হচ্ছে না এই সাত মাইল রাস্তার মধ্যে ৪টি বাস চলার কথা। কিন্তু তিনটি চলছে, আবার কোনও কোনও দিন বিয়ের ভাড়ায় খাটবার জন্য একটি চলে যায় — দুটি করে চলে। চারটি পারমিট দেওয়া সত্ত্বেও তিনটি চলছে এবং এখানে আমাদের পরিবহন মন্ত্রী উত্তর দিয়েছেন যে এখানে কোনও মাইল অনুপাতে ভাড়ার ব্যবস্থা করা যায় না। এখানে ৭৬ এবং ৮০-তে যে ভাড়ার হার আছে এবং এই রুটটাতে কাকদ্বীপ ও ডায়মন্ডহারবার নয়াদীঘি এবং ডায়মন্ডহারবার লক্ষ্মীকান্তপুর এই সব রুটের থেকে তিন ডবল ভাড়া পশ্চিমবাংলায় যা আছে তার দেড় গুণ এখানে ভাড়া। এত বেশি ভাড়া দিয়েও মানুষের জীবন হাতে নিয়ে চলতে হয়। আমি ঐই রুটে চলাফেরা করি আমি কোনও দিন বাসের তলায় যেতে পারি। উপনির্বাচন আর হবে না, আপনি অন্তত পক্ষে একটা ব্যবস্থা করুন যাতে চার খানা বাস চলে এবং ভাড়া কবুল করেও মানুষ স্বচ্ছন্দে যেতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চুঁচুড়া ধনিয়াখালি এবং পোলবা বি.ডি.ও. অফিস থেকে ধনিয়াখালি রাস্তা জংশন রাস্তাটি গত ১৯৭৮ সালের বন্যার পর থেকে মেরামত ভাল ভাবে হয়নি। ফলে রাস্তার মধ্যে বিভিন্ন জায়গায় গর্ত হয়ে গিয়েছে এবং বন্যার সময় ঘটুগ্রাম থেকে হারিট পর্যন্ত ৮ মাইল রাস্তা প্রায় এক মাস জলে ডুবে ছিল। এবং মেরামতের অভাবে প্রায়দিন অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং যার ফলে বাসের কর্মী ইউনিয়ন ঘোষণা করেছে যে ২৬শে মার্চের পর থেকে তারা বাস চলাচল বন্ধ করে দেবে যদি না রাস্তা মেরামত হয়। এই দিক থেকে জেলা প্রশাসন উদাসীন। সেই আমি পূর্ত মন্ত্রীকে অনুরোধ করব অবিলম্বে যাতে রাস্তাটির মেরামতের ব্যবস্থা হয়। রাস্তার দুই ধারে স্টোন চিফ এবং পাথর পড়ে আছে — সেগুলো কন্ট্রাক্টররা নিয়ে যাচ্ছে কোথাও আবার রাখছে — কিন্তু কোনও কাজ হচ্ছে না — কোনও রাস্তা মেরামতের কাজ সেখানে হচ্ছে না এবং প্রতিদিন একটা না একটা অ্যাক্সিডেন্ট হচ্ছে লোক মরছে, বাস ভাঙ্গছে। এই ধরনের ঘটনা হয়ে চলেছে। আমি সেইজন্য অবিলম্বে এই গুরুত্বপূর্ণ রাস্তা চুঁচুড়া থেকে তারকেশ্বর ভায়া বনেখালি হয়ে — এটা ২।৩ বছর অবহেলিত হয়ে পড়ে আছে। আমরা কো-অর্ডিনেশন কমিটির মিটিংয়েও এই রাস্তা মেরামতের দাবি বিভিন্ন জেলার এম.এল.এ.-রা রেখেছিলাম। কিন্তু সেই ব্যাপারে কোনও রকম কার্যকর কিছু হয়নি। সেইজন্য আমি অনুরোধ করব অবিলম্বে যাতে এই রাস্তার মেরামত হয়। তা না হলে বাস কর্মীরা বাস চলাচল বন্ধ করে দেবে — একটা সমস্যার সৃষ্টি হবে যোগাযোগ বন্ধ হয়ে যাবে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে জ্যোতি বসু সরকারের বিদ্যুৎ গতিতে কাজ সম্পন্ন করার একটা নজির তুলে ধরছি। পশ্চিমবঙ্গ সরকারের হোম ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের একজন ড্রাইভার, তিনি ১০ মাস আগে আমার কাছে এসেছিলেন তার মেয়ের বিয়ের জন্য প্রভিডেন্ট ফান্ডের টাকা তোলার ব্যাপারে এম.এল.এ.-র সই দরকার হয়। তখন আমি তাকে বলেছিলাম যে মেয়ের বিয়ের তো এখনও অনেক সময় বাকি, দেরি আছে। তিনি বললেন যে আগে থেকেই দরখাস্ত করছি কারণ দেরি হয়ে যেতে পারে। সম্প্রতি তিনি এসে আমাকে বললেন, আপনাদের আশীর্বাদে মেয়ের বিয়ে হয়ে গেছে। কিন্তু প্রভিডেন্ট ফান্ডের টাকা এখনও পাইনি। এই নজির আপনার সামনে তুলে ধরলাম।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি গতকাল আমার নির্বাচন ক্ষেত্র থেকে এসেছি। আমার নির্বাচনী এলাকার বেতাহাল গ্রামে পূর্বতন কংগ্রেস কর্মী, বর্তমানে সি.পি.এম.-এর বিশিষ্ট নেতা শিবনারায়ন দাস, তার নেতৃত্বে সেখানে এক অরাজক অবস্থার সৃষ্টি হয়েছে। ঐ গ্রামে যত পুকুর আছে, সমস্ত পুকুর থেকে মাছ তুলে নিচ্ছে। একজন মুসলমান মহিলা বাধা দিতে এলে তিনি লাঞ্ছিত হন। তার ফলে সেখানে

একটা হিন্দু মুসলমান এর সেন্টিমেন্ট জেগেছে। মুসলমানরা বিক্ষুব্ধ। সেখানে পুলিশ যাচ্ছে না। আমি গতকাল আসার আগে এস.পি.-র সঙ্গে দেখা করেছি। তাই মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন, তা না হলে সেখানে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে পারে।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ভয়ঙ্কর একটা অবস্থার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসের মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয়, মাননীয় সদস্য ন্যাথেনিয়্যাল মুর্মু, তাঁদেরও এই ব্যাপারে অভিজ্ঞতা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া চক্রধরপুর এবং আদ্রা খড়গপুর, এই লাইনে একটা নৈরাজ্য চলছে। এই নৈরাজ্য এমন একটা পর্যায়ে এসে পৌঁচ্ছে — রিজার্ভেশন করার পর, এই হাউসের মাননীয় সদস্যরা, হরিপদ বাবু, আমি এবং ন্যাথেনিয়্যাল মুর্মু রিজার্ভেশন থাকা সত্ত্বেও আমাদের জায়গা দেওয়া হয় না। এই হাউসের মাননীয় সদস্যরা বার বার দক্ষিণ পূর্ব রেলের কর্তৃপক্ষের কাছে যেমন সাউথ ইস্টার্ন রেলের ম্যানেজার, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, এঁদের কাছে অভিযোগ করেছেন কিন্তু কোনও ফল হয়নি। এই লাইনে প্রশাসন বলে কোনও জিনিস নেই। রিজার্ভেশন থাকা সত্ত্বেও জনপ্রতিনিধিদের আসন দেওয়া হয় না। প্রতিবাদ করা সত্ত্বেও সেখানে কম্পার্টমেন্ট দখল করে থাকে রেলের কর্মচারিরা রেলের পাশ নিয়ে। রিজার্ভেশন থাকা সত্ত্বেও জন প্রতিনিধিরা সংরক্ষিত আসন পান না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিসটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেই জন্য আপনার সামনে এটা বলতে হচ্ছে। সেখানে প্রশাসন একেবারে ভেঙ্গে পড়েছে। সেখানে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে ঐ সব অঞ্চলের মানুষ এর অবস্থা অবর্ণনীয়। সেইজন্য আমি আপনার মাধ্যমে দাবি করছি অবিলম্বে এই বিষয়ে একটা এনকোয়ারি করার ব্যবস্থা করা হোক। এবং কেন্দ্রীয় রেল মন্ত্রীর কাছে এই অরাজক অবস্থার বিরুদ্ধে একটা অভিযোগ পাঠানো হোক আমাদের এই হাউসের তরফ থেকে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 59 & 60

### Demand No. 59

### Major Heads : 314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat) and 714—Loans for Community Development (Panchayat).

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, on the recommendation of the Governor, I beg to move the a sum of Rs. 16,61,10,000 be granted for expenditure under **Demand No. 59, Major Heads : "314—Com-**

**munity Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat)".**

**Demand No. 60**

**Major Heads : 314—Community Development (Excluding Panchayat), and 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)**

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, on the recommendation of the Governor, I beg to move the a sum of Rs. 15,53,46,000 be granted for expenditure under **Demand No. 60, Major Heads : "314 — Community Development (Excluding Panchayat), and 514 — Capital Outlay on Community Development (Excluding Panchayat)".**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৮১-৮২ সালের পঞ্চায়েত শাখার ব্যয়ের জন্য ৫৯ সংখ্যক অভিযাচনের অধীন মোট ১৬ কোটি ৬১ লক্ষ ১০ হাজার টাকার বরাদ্দের দাবি উত্থাপন করছি। উক্ত অভিযাচনের অধীন মুখ্য বাজেট শীর্ষকগুলি হচ্ছে—**"314— Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat)".** । ১৯৮১-৮২ সালের সমষ্টি উন্নয়ন শাখার ব্যয়ের জন্যও ৬০ সংখ্যক অভিযাচনের অধীন মোট ১৫ কোটি ৫৩ লক্ষ ৪৬ হাজার টাকার বরাদ্দের দাবি উত্থাপন করছি। এই অভিযাচনের অধীন মুখ্য বাজেট শীর্ষকগুলি হচ্ছে —**"314—Community Development (Excluding Panchayat), and 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)"**।

২.১। মাননীয় সদস্যগণ সুবিদিত আছেন যে, এই রাজ্যে নবগঠিত পঞ্চায়েতের মাধ্যমে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের ব্যবস্থা বর্তমান সরকারের একটি নির্ভীক পরীক্ষা। গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের জন্য অনেক বিভাগীয় কার্যক্রম পঞ্চায়েতের হাতে ন্যস্ত করা হয়েছে এবং এই কাজে পঞ্চায়েতিরাজ ব্যবস্থায় গ্রাম পঞ্চায়েত মুখ্য ভূমিকা পালন করছে। একথা অস্বীকার করার উপায় নেই যে, বস্তুত পক্ষে বর্তমান সরকারই পঞ্চায়েতিরাজ সংস্থার সম্ভাবনাগুলি অর্থনৈতিক ও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে খতিয়ে দেখেছে এবং গত তিন বছরে পশ্চিমবাংলার

গ্রামগুলিতে মৌলিক সামাজিক পরিবর্তন ঘটে গেছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের উত্তরাধিকার সূত্রে পাওয়া আমলাতান্ত্রিক কাঠামোর উল্লম্ব স্তর পরম্পরার প্রতিবন্ধকতা সত্ত্বেও এই সরকার প্রবলভাবে উন্নয়ন প্রশাসনের বিকেন্দ্রীকরণ সম্বন্ধে প্রচার চালিয়ে গেছে এবং মাটির কাছের সাধারণ মানুষের সক্রিয় সহযোগিতার পথ প্রশস্ত করেছে।

২.২। ১৯৭৮-৭৯ সালে গ্রাম পঞ্চায়েতগুলিকে তিনটি প্রধান কর্মসূচি রূপায়ন করতে দেওয়া হয়েছিল — যথা (১) কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প, (২) গ্রামোন্নয়ন কর্মসূচি প্রকল্প ও (৩) গ্রামীণ পুনর্গঠন প্রকল্প। এই প্রকল্পগুলি ১৯৮০-৮১ সাল পর্যন্ত চালু ছিল। ১৯৮০ সালের ডিসেম্বর মাসে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প, গ্রামোন্নয়ন কর্মসূচি প্রকল্প এবং খরাত্রাণ প্রকল্প (কাজের বিনিময়ে বিশেষ খাদ্য প্রকল্প)গুলির পরিবর্তে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প চালু করা হয়। এই প্রকল্পটিও পূর্বের মতই গ্রাম পঞ্চায়েত কর্তৃক রূপায়িত হচ্ছে।

২.৩। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ হোমিওপ্যাথিক চিকিৎসা কর্মসূচি প্রকল্প রূপায়ণ করার ব্যবস্থা করা হয়েছে। গ্রাম পঞ্চায়েতগুলি ঔষধের খরচ, জায়গা, আসবাবপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্রের ব্যবস্থা করবেন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর খন্ডকালীন সময় কাজ করার জন্য একজন হোমিওপ্যাথিক চিকিৎসক এবং একজন কম্পাউন্ডারের নির্দিষ্ট খরচ গ্রাম পঞ্চায়েতকে অনুদান হিসাবে দেবেন।

২.৪। ১৯৭৮-৭৯ সালে পঞ্চায়েত সমিতিকে প্রধান কাজ হিসাবে প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ ও ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম রূপায়ণের ও ব্লক এলাকায় ব্লক লেভেল ল্যান্ড রিফরমস অ্যাডভাইসারি কমিটির ভূমি সংস্কার বিষয়ে উপদেষ্টামূলক দায়িত্ব দেওয়া হয়। ১৯৭৯-৮০ সালে গ্রামীন জল সরবরাহ ও ভূমিহীন চাষীদের জন্য গ্রামীণ গৃহ প্রকল্প পঞ্চায়েত সমিতিকে রূপায়ণ করার দায়িত্ব দেওয়া হয়। ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সাল থেকে উপরোক্ত সমস্ত প্রকল্পগুলি এখনও পঞ্চায়েত সমিতি রূপায়ণ করে চলেছেন। ১৯৮০-৮১ সালে ৩০টি নির্বাচিত ব্লকে মাতৃ ও শিশুকল্যাণ প্রকল্প এবং কুটির ও ক্ষুদ্র শিল্পের উৎপাদিত সামগ্রীর বিক্রয় করার ব্যবস্থার দায়িত্বও পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়। ১৯৮০-৮১ সালের খারিফ মরসুমে সরকারি সরবরাহ ব্যবস্থাকে জোরদার করা ও ধান উৎপন্নকারি চাষীরা যাতে অভাবে পড়ে কম দামে ধান বিক্রি করতে বাধ্য না হন সেজন্য পঞ্চায়েত সমিতির সক্রিয় সহযোগিতায় ধান, চাল কেনার ব্যবস্থা করা হয়েছে। খাদ্য ও সরবরাহ বিভাগের এই মূল্য সমর্থন ব্যবস্থার (প্রাইস সাপোর্ট স্কীমের) আওতায় বীরভূম, মেদিনীপুর, ২৪-পরগনা, পুরুলিয়া, পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া, হুগলি, বর্ধমান ও মুর্শিদাবাদ মোট নয়টি জেলার ৯২টি পঞ্চায়েত সমিতিকে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার ডি.পি. এজেন্ট হিসাবে ১৯৮০-৮১ সালের খারিফ শস্য সংগ্রহের মরশুমে ধান চাল সংগ্রহ করার ব্যাপারে যুক্ত করা হয়েছে। পঞ্চায়েত সমিতি কর্তৃক সংগৃহীত ধানের পরিমাণ প্রায় ১৬ হাজার মেট্রিক টন।

২.৫। ১৯৭৮-৭৯ সালে জেলা পরিষদকে প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ প্রকল্প রূপায়ণের দায়িত্ব দেওয়া হয়েছিল ১৯৭৯-৮০ সালে জেলা পরিষদের হাতে যে প্রধান প্রকল্পগুলি রূপায়ণের দায়িত্ব দেওয়া হয় সেগুলি হল বন্যা বিধ্বস্ত এলাকায় নলকূপ খনন প্রকল্প, বিশেষ পুষ্টি প্রকল্প এবং বন্যা কবলিত এলাকায় গৃহ নির্মাণ ঋণ প্রদান প্রকল্প। ১৯৮০-৮১ সালে মাতৃ ও শিশুকল্যাণ প্রকল্পের প্রয়োজনে খাদ্য শস্য সংরক্ষণের উদ্দেশ্যে গুদাম ঘর নির্মাণের দায়িত্ব জেলা পরিষদের হাতে ন্যস্ত করা হয়।

১৯৭৮-৭৯ সালে কোচবিহার, দার্জিলিং ও পশ্চিম দিনাজপুর জেলা পরিষদ ব্যতীত অন্য জেলা পরিষদগুলিকে ১৯৭৮ সালের বন্যায় বিধ্বস্ত পঞ্চায়েতের সম্পত্তির সংস্কারের জন্য সাড়ে চার কোটি টাকা দেওয়া হয়। ১৯৮০ সালের বন্যায় ও ধ্বসে বিধ্বস্ত পঞ্চায়েতের সম্পত্তির সংস্কারের জন্য মালদা, মুর্শিদাবাদ এবং দার্জিলিং জেলা পরিষদকে ১৯৮০-৮১ সালে ৮৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

২.৬। জেলা পরিষদের সভাধিপতি/সহকারী সভাধিপতিকে চেয়ারম্যান করে মহকুমা স্তরে একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হয়েছে। গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিকে যে সমস্ত প্রকল্প রূপায়ণের দায়িত্ব দেওয়া হয়েছে এই কমিটি সেই সমস্ত প্রকল্পের সমন্বয় সাধন করবেন, কাজের অগ্রগতির উপর নজর রাখবেন ও কোনও স্থানীয় সমস্যার উদ্ভব হলে তা সমাধান করবেন। কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে রূপান্তরিত হয়েছে) সমন্বয় সাধন ও সুষ্ঠু রূপায়ণের উপর নজর রাখার জন্য প্রতি জেলায় জেলা পরিষদের সভাধিপতিকে চেয়ারম্যান হিসাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে।

৩। ১৯৭৮ সালের জুন মাসে পঞ্চায়েত সাধারণ নির্বাচন হবার পর মৃত্যু, পদত্যাগ ও অন্যান্য কারণে কিছু শূন্যপদের সৃষ্টি হয়। গ্রাম পঞ্চায়েতের ৭৮টি ও পঞ্চায়েত সমিতির ১১টি শূন্যপদ পূরণের জন্য ১১-৩-৭৯ তারিখে প্রথম উপনির্বাচন অনুষ্ঠিত হয়। গ্রাম পঞ্চায়েতের ২৯৩টি, পঞ্চায়েত সমিতির ৪৩টি ও জেলা পরিষদের ৪টি শূন্যপদ পূরণের জন্য ২০-৭-৮০ তারিখে দ্বিতীয় উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

৪। প্রত্যক্ষভাবে নির্বাচিত সদস্যদের মধ্যে তফসিল জাতি অথবা তফসিল উপজাতি এবং মহিলাদের যথাযথ প্রতিনিধিত্ব না থাকলে তাদের স্বার্থ দেখার জন্য রাজ্য সরকার পঞ্চায়েত আইন অনুসারে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদগুলিতে উপরোক্ত শ্রেণী থেকে দুজন প্রতিনিধি নিয়োগ করতে পারেন। প্রয়োজন অনুসারে পঞ্চায়েত সংস্থাগুলির সুপারিশক্রমে ২৮৬৬টি গ্রাম পঞ্চায়েত, ২৭৩টি পঞ্চায়েত সমিতি এবং ১৫টি জেলা পরিষদে এই নিয়োগ করা হয়েছে।

৫। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট/ডেপুটি কমিশনারকে তাঁদের নিজ দায়িত্ব সহ স্থানীয় জেলা পরিষদের নির্বাহী আধিকারিক হিসাবে ইতিমধ্যে নিয়োগ করা হয়েছে। তাঁদের পক্ষে নিজ দায়িত্ব পালনের

পর নির্বাহী আধিকারিক হিসাবে জেলা পরিষদের ক্রমবর্ধমান কাজের সুষ্ঠু সম্পাদনের জন্য প্রয়োজনীয় সময় দেওয়া ক্রমেই অসম্ভব হয়ে পড়ছে। সুতরাং অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মর্যাদার একজন অফিসারকে প্রতি জেলা পরিষদে অতিরিক্ত নির্বাহী আধিকারিক হিসাবে নিয়োগের প্রয়োজন অনুভব করা হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এইজন্যে ১৯৮০ সালে পঞ্চায়েত আইন সংশোধন করা হয়। স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের সঙ্গে পরামর্শ করে এই পদগুলি পূরণ করার জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থার সূচনা করা হয়েছে।

৬.১। গ্রাম পঞ্চায়েতের শাসন ব্যবস্থা জোরদার করার জন্য প্রতি গ্রাম পঞ্চায়েতে ১টি করে জব অ্যাসিস্ট্যান্টের পদ সৃষ্টি করা হয়েছে এবং এই পদগুলির অধিকাংশই ইতিমধ্যে পূরণ করা হয়েছে। পূর্বেই সিদ্ধান্ত করা হয়েছিল যে, যখনই কোনও বিভাগ কোনও প্রকল্প পঞ্চায়েত সংস্থাকে রূপায়ণের ভার দেবেন তখনই সেই বিভাগ পঞ্চায়েত সংস্থাকে সাহায্য করার জন্য তাঁদের স্থানীয় কর্মিদের পঞ্চায়েত সংস্থার অধীনে ন্যস্ত করবেন। সেই অনুসারে পঞ্চায়েত ও সমষ্টি বিভাগের সমষ্টি উন্নয়ন শাখার অধীন সমস্ত গ্রাম সেবককে এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অঞ্চল ডেভেলপমেন্ট ওয়ার্কারকে গ্রাম পঞ্চায়েতের অধীনে ন্যস্ত করা হয়েছে। পঞ্চায়েত সমিতি স্তরে বিভিন্ন বিভাগ যথা উন্নয়ন ও পরিকল্পনা, ত্রাণ ও কল্যাণ, পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের সমষ্টি উন্নয়ন শাখা ও কৃষি বিভাগের ব্লক স্তরের অফিসার ও কর্মিদের পঞ্চায়েত সমিতির অধীনে ন্যস্ত করা হয়েছে। অনুরূপভাবে উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের জেলা স্তরের অফিসারদের জেলা পরিষদের অধীনে ন্যস্ত করা হয়েছে।

৬.২। যাতে প্রতি ব্লক/পঞ্চায়েত সমিতিতে একজন করে জয়েন্ট বি.ডি.ও. থাকেন সেইজন্য অতিরিক্ত সংখ্যক জয়েন্ট বি.ডি.ও.-র পদ সৃষ্টি করা হয়েছে। বি.ডি.ও.-রা পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক হিসাবে এই ব্যবস্থায় পঞ্চায়েতের কাজে আরও অধিক সময় দিতে পারবেন। ব্লকের ক্রমবর্ধমান অর্থনৈতিক দায় দায়িত্ব বহন করার জন্যে হেড ক্লার্ককে সাহায্য করতে অ্যাকাউন্টস ক্লার্কের পদ সৃষ্টি করা হয়েছে। বি.ডি.ও.-র প্রশাসনিক নেতৃত্বে সামগ্রিক ব্লক প্রশাসন গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিকে সাহায্য করার কাজে নিয়োজিত হয়েছে।

৭। পঞ্চায়েত প্রশাসনের মধ্যে আর্থিক নিয়মানুবর্তিতা গড়ে তোলার কাজে সহায়তার জন্য ইতিমধ্যে একটি সন্নিবদ্ধ অ্যাকাউন্টস ও অডিটের সংস্থা সৃষ্টি করা হয়েছে। এই সংস্থার গঠন হল —

(১) গ্রাম পঞ্চায়েতের হিসাব ব্যবস্থার সৃষ্টি ও অভ্যন্তরীণ অডিটের জন্যে পঞ্চায়েত অ্যাকাউন্টস ও অডিট অফিসার।

(২) প্রতি মহকুমার অন্তর্ভুক্ত পঞ্চায়েত সমিতির হিসাব ব্যবস্থার সৃষ্টি ও অভ্যন্তরীণ

অডিটের জন্যে সমিতি অ্যাকাউন্টস ও অডিট অফিসার।

(৩) জেলার অন্তর্ভুক্ত পঞ্চায়েত সমিতিগুলির হিসাব সংরক্ষণ ও অভ্যন্তরীণ অডিটের তদারকি করার জন্যে পরিষদ অ্যাকাউন্টস ও অডিট অফিসার। এই অফিসার জেলা পরিষদের হিসাব রক্ষণের ব্যাপারে সহায়তা করবেন।

(৪) ডিভিসনের অন্তর্ভুক্ত জেলা পরিষদের হিসাব ব্যবস্থার সৃষ্টি ও অভ্যন্তরীণ অডিটের জন্যে রিজিওনাল অ্যাকাউন্টস ও অডিট অফিসার। এই অফিসার ডিভিশনের অন্তর্ভুক্ত পঞ্চায়েত সংস্থাগুলির হিসাব সংরক্ষণ ও অডিটের ব্যাপারে তদারকি করবেন, অ্যাকাউন্টস ও অডিট কর্মিদের প্রশিক্ষণ দেবেন ও অডিট রিপোর্টের উপর যথোপযুক্ত ব্যবস্থা নেবেন।

৮। ১৯৭৮ সালে জুন মাসে পঞ্চায়েত নির্বাচনের পর আর্থিক ব্যবস্থা, সম্পদ ও যোজন ব্যবস্থা ও প্রকল্প রূপায়ণ ব্যবস্থার উপর কল্যাণীতে অবস্থিত প্রধান প্রশিক্ষণ কেন্দ্র অরিয়েন্টেশন ও স্টাডি সেন্টারে, পঞ্চায়েতীরাজ প্রশিক্ষণ কেন্দ্রে জেলা স্তরে অথবা ব্লক স্তরে কয়েকটি প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করা হয়। পঞ্চায়েত প্রদাধিকারী, পঞ্চায়েত কর্মী ও সরকারি অফিসারগণ এই ট্রেনিং-এ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তির সংখ্যা মোটামুটি ভাবে ১৯৭৮-৭৯ সালে ৩৬০০, ১৯৭৯-৮০ সালে ১৮,০০০ ও ১৯৮০-৮১ সালে ২৩০০।

৯। এখন আমি ১৯৮১-৮২ সালে বাজেটে বিভিন্ন খাতে প্রস্তাবিত ব্যয় বরাদ্দের হিসাব পেশ করছি।

**(ক) পঞ্চায়েত শাখার জন্য ৫৯ নং অভিযাচন**

(১) সদর দপ্তরে পঞ্চায়েত আধিকারের অফিস পরিচালন বাবদ ১২ লক্ষ ৮৯ হাজার টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(২) অ্যাকাউন্টস ও অডিট সংস্থা সহ জেলা ও ব্লকস্তরে অফিস পরিচালন বাবদ ১ কোটি ৪৭ লক্ষ ১৫ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৩) বিভিন্ন পর্যায়ে পঞ্চায়েত প্রশাসন সুদৃঢ়করণের জন্য ২৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৪) পঞ্চায়েত সংস্থার পদাধিকারী, গ্রাম পঞ্চায়েত সচিব, জব অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্টস ও অডিট অফিসার ও সরকারি কর্মিদের প্রশিক্ষণ বাবদ মোট ২৪ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৫) গ্রাম পঞ্চায়েত সচিব/সহ-সচিব, জব অ্যাসিস্ট্যান্ট, চৌকিদার ও দফাদারের বেতন বাবদ প্রয়োজনীয় অনুদান গ্রাম পঞ্চায়েতগুলিকে দেওয়া হয়। এই সমস্ত বাবদ সরকারের

আনুমানিক ব্যয় ৭ কোটি ৬৪ লক্ষ ৩৯ হাজার টাকা ধরা হয়েছে।

(৬) উন্নয়নমূলক কাজের জন্য প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এবং যে সমস্ত অঞ্চল পঞ্চায়েত এখনও রয়ে গেছে এদের ১৩০০ টাকা করে বার্ষিক অনুদান দেওয়া হয়ে থাকে। এ বাবদ ৪২ লক্ষ ৪১ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে।

(৭) সরকার কর্তৃক সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে কর, অভিকর ও ফি বাবদ আদায়ীকৃত অর্থের সমপরিমাণ অনুদান (৫০০০ টাকায় সীমিত) দেওয়া হবে। যে সমস্ত পুরাতন অঞ্চল পঞ্চায়েত এখনও গ্রাম পঞ্চায়েতে পরিবর্তিত হয়নি সেক্ষেত্রেও পঞ্চায়েত কর আদায়ে উৎসাহ দেওয়ার জন্য অনুদান দেওয়া হয়। এ বাবদ মোট বরাদ্দের পরিমাণ ১ কোটি ১ লক্ষ টাকা।

(৮) সম্প্রতি সিদ্ধান্ত করা হয়েছে যে, গ্রাম পঞ্চায়েতে নির্দিষ্ট সংখ্যক কর আদায়কারীকে মাসিক ২০ টাকা হিসাবে একটি স্থায়ী ভাতা দেওয়া হবে এবং সরকার এর সমপরিমাণ অর্থ গ্রাম পঞ্চায়েতকে অনুদান দেবেন। এই বাবদ বরাদ্দের পরিমাণ ৮ লক্ষ টাকা।

(৯) গ্রামীণ জনস্বাস্থ্য, পরিবেশ উন্নয়ন যথা জল ও ময়লা নিষ্কাশনের জন্য পঞ্চায়েতগুলিকে অনুদান দেবার জন্য ৯ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।

(১০) রাজ্য সরকার জেলা পরিষদের কর্মিদের প্রাপ্য দুর্মূল্য ভাতার ৮০ শতাংশের সমপরিমাণ অর্থ জেলা পরিষদকে অনুদান মঞ্জুর করে থাকেন। এছাড়া ১৯৭১ সাল অথবা তারপরে জেলা পরিষদ কর্মিদের বেতনক্রম সংশোধনের ফলে জেলা পরিষদের বর্ধিত আর্থিক দায়িত্ব সরকার বহন করে থাকেন। এ বাবদ মোট ৬০ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।

(১১) পঞ্চায়েত সমিতিগুলির আর্থিক অস্বচ্ছলতার জন্য তাদের কর্মচারিদের বেতন দেবার দায়িত্ব সরকার নীতিগতভাবে গ্রহণ করে পঞ্চায়েত সমিতিগুলিকে আর্থিক অনুদান দিয়ে থাকেন। এ বাবদ প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ ৪১ লক্ষ ৪৪ হাজার টাকা।

(১২) গ্রামের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য গ্রামীণ পথ প্রকল্পের অধীন ৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(১৩) গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ সদস্যদের মিটিং-এ যোগদানের জন্য পথ খরচ ও রাহা খরচ বাবদ ও গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদগুলির পদাধিকারীদের সম্মানী ভাতা বাবদ মোট ১ কোটি ৭৯ লক্ষ টাকার বরাদ্দ করা হয়েছে।

(১৪) উন্নয়নমূলক কাজের মাধ্যমে স্থানীয় নেতৃত্ব বিকাশের জন্য ২ লক্ষ টাকার বরাদ্দ ধরা হয়েছে।

(১৫) গ্রাম পঞ্চায়েতগুলির নিজস্ব অফিসঘর তৈরি প্রকল্পের জন্য ২০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

(১৬) সামাজিক বনসৃজন পরিকল্পনার অধীনে গ্রাম পঞ্চায়েত কর্তৃক গ্রামবাসীদের চারাগাছ ও বীজ সরবরাহ করার উদ্দেশ্যে ২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(১৭) জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির অফিস সম্প্রসারণের জন্য ২৬ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(১৮) গ্রাম এলাকায় গ্রাম পঞ্চায়েত কর্তৃক হোমিওপ্যাথি ডিসপেনসারির বাড়ি তৈরির জন্য ৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(১৯) পঞ্চায়েত সংস্থাগুলিকে তাদের এলাকাস্থিত বিকাশশীল স্থানগুলির উন্নয়নের জন্য নিম্নকাঠামো সৃষ্টির উদ্দেশ্যে ও স্থায়ী সম্পদের উন্নতিসাধনের জন্য অনুদান দেবার ব্যবস্থা করা হয়েছে। এ বাবদ মোট ১০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

(২০) অন্যান্য রাজ্যে পঞ্চায়েতি সংস্থাসমূহের কাজকর্ম পরিদর্শন ও স্থানীয়ভাবে পঞ্চায়েত সম্পর্কে গবেষণা ও মূল্যায়নের জন্য মোট ২ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

(২১) "পঞ্চায়েতিরাজ" নামে মাসিক পত্রিকা প্রকাশনী, গ্রাম পঞ্চায়েতগুলিকে তাদের কর্মচারিদের পরিবারকে এক্সগ্রাসিয়া প্রদান ও অল ইণ্ডিয়া পঞ্চায়েত পরিষদকে অনুদান দেওয়া ইত্যাদি বাবদ মোট ২২ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

(২২) ১৯৮১-৮২ সালে পঞ্চায়েত নির্বাচন ও উপ-নির্বাচনের জন্য মোট ৫০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(২৩) জেলা পরিষদগুলিকে পথ উপকর ও পূর্ত উপকরের বিনিময়ে অনুদান দেওয়া হয়ে থাকে। এছাড়া জেলা পরিষদগুলিকে ভূমি রাজস্বের গত তিন বছরের চলতি দাবির উপর আদায়ের গড়ের ৫ শতাংশ অনুদান দেওয়া হয়ে থাকে। এ বাবদ মোট ১ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(২৪) প্রয়োজনবোধে পঞ্চায়েত সংস্থাগুলিকে ঋণ দেওয়ার জন্য প্রতীক সংস্থান হিসাবে ১০ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে।

**(খ) সমষ্টি উন্নয়ন শাখার জন্য ৬০ নং অভিযাচন**

(১) ব্লক প্রশাসনের জন্য ১০ কোটি ৯৩ লক্ষ ৮০ হাজার টাকার বরাদ্দ করা হয়েছে।

(২) সদর দপ্তরে কর্মিদের বেতন ইত্যাদি বাবদ ১৪ লক্ষ ৬০ হাজার টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

(৩) তিনটি প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ ব্যয় বাবদ ৫ লক্ষ ৯৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

(৪) মহিলা মণ্ডলের মাধ্যমে পুষ্টি সম্বন্ধে তথ্য প্রচার, মহিলা মণ্ডল সমূহকে উৎসাহদায়ক অনুদান, মহিলা মণ্ডল গুলিকে শক্তিশালীকরণ ও সম্মেলন ইত্যাদি অনুষ্ঠানের জন্য মোট ৪৪ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

(৫) পঞ্চায়েতের মাধ্যমে ভূমিহীন কৃষক ও ক্ষেতমজুরদের জন্য গ্রামীণ গৃহনির্মাণ প্রকল্পের অধীনে গ্রামাঞ্চলে প্রায় ১১ হাজার ২৫০টি গৃহনির্মাণ বাবদ ২ কোটি ২৫ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৬) প্রতি ক্ষেত্রে অনধিক ৩ লক্ষ টাকা ব্যয়ে ব্লক পঞ্চায়েত সমিতি অফিসগৃহ নির্মাণ বাবদ ৪৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**(গ) ৬০ নং অভিযাচনের অন্তর্ভুক্ত পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগ**

(১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে পানীয় জল সরবরাহের জন্য ৮ লক্ষ ৩৫ হাজার টাকার বরাদ্দ করা হয়েছে।

(২) মৎস্য বিভাগের অধীনে মৎস্যবীজ ও চারাপোনা উৎপাদনের জন্য ৪৯ লক্ষ ৮৭ হাজার টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৩) পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের অধীনে পশুচিকিৎসার জন্য ৪৬ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে।

(৪) কৃষি দপ্তরের অধীনে প্রশিক্ষণ তথা উন্নয়ন প্রকল্প কেন্দ্রের জন্য ৬ লক্ষ ১৮ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(৫) পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের অধীন পশুচিকিৎসালয় তৈরি করার জন্য ১১ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১০। ১৯৮১-৮২ সালে (ক) ৫৯ সংখ্যক অভিযাচনের অন্তর্ভুক্ত "314 Community Development (Panchayat)" খাতে ১৫ কোটি ৪১ লক্ষ টাকা, "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat)" খাতে ১ কোটি ২০ লক্ষ টাকা এবং "714-Loans for Community Development (Panchayat)" খাতে ১০ হাজার টাকা অর্থাৎ মোট ১৬ কোটি ৬১ লক্ষ ১০ হাজার টাকা, এবং (খ) ৬০ সংখ্যক অভিযাচনের অন্তর্ভুক্ত "314-Community Development (Excluding Panchayat)" খাতে ১৪ কোটি ৯৪ লক্ষ ৬৬ হাজার টাকা

এবং "514-Capital outlay on Community Development (Excluding Panchayat)" খাতে ৫৮ লক্ষ ৮০ হাজার টাকা অর্থাৎ মোট ১৫ কোটি ৫৩ লক্ষ ৪৬ হাজার টাকা ব্যয়ের জন্য আমি যে দাবি উত্থাপন করেছি তা মঞ্জুর করার জন্য আমি এখন সভাকে অনুরোধ করছি।

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

[3-30 – 3-40 p.m.] (After adjournment)

**Mr. Speaker :** All the cut motions are in order and are taken as moved.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 100/-.

**Shri Birendra Kumar Moitra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী আজকে সভার যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন সে সম্পর্কে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি স্যার, এই পঞ্চায়েত বিভাগের গুরুত্ব অপরিসীম, তার কারণ, পঞ্চায়েত বিভাগের সাথে ভারতবর্ষের শতকরা ৭৫ ভাগ লোকের ভাগ্য জড়িত। স্যার, স্বাধীনতার ৩০ বছর পরে ভারতবর্ষের গ্রামগুলির অবস্থা কি হয়েছে সেটা আপনি জানেন। গ্রামে শিক্ষার আলো নেই, গ্রামগুলি কুসংস্কারে আচ্ছন্ন, সেখানে একটা ভালো রাস্তা নেই, নেই চিকিৎসার ব্যবস্থা। সেখানে আছে শুধু শোষণ আর বঞ্চনা। স্বাধীনতার ৩৩ বছর পরেও সেই শোষণ, অবহেলা, বঞ্চনার অবসান ঘটল না। গ্রামের শতকরা ৯০ ভাগ লোক দারিদ্রসীমার নিচে বাস করছে। সেখানকার মানুষ কোনও আশার আলো আজ পর্যন্ত দেখতে পায়নি। এই দুর্বিষহ জীবন থেকে কি করে তারা মুক্তি পেতে পারে, কি করে তাদের অবস্থার পরিবর্তন ঘটতে পারে সে সম্পর্কে বলতে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধী যে পথ নির্দেশ করেছিলেন সেটা হচ্ছে এই গ্রামগুলিকে করতে হবে স্বনির্ভর, গ্রামগুলিকে করতে হবে কুসংস্কার থেকে মুক্ত। গ্রামের যা প্রয়োজন গ্রামেই তা তৈরি হবে বা গ্রামই গ্রামের প্রয়োজন মেটাবে। এটা করতে পারে একমাত্র পঞ্চায়েত। সুতরাং পঞ্চতায়েতকে বেশি ক্ষমতা দিতে হবে, বেশি অর্থ দিতে হবে এবং পঞ্চায়েতের গুরুত্বকে সকলকে স্বীকার করতে হবে। বামফ্রন্ট সরকার সেই উদ্দেশ্যের কথাই ঘোষণা করেছিলেন এবং পঞ্চায়েতমন্ত্রী এসে দ্রুত পঞ্চায়েত নির্বাচন করিয়েছিলেন এবং পঞ্চায়েতের পত্তন করেছিলেন। পঞ্চায়েত নির্বাচনের পর পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হল, ক্ষমতা দেবার পর অর্থেরও সাশ্রয় করা হল কিন্তু তারপর আমরা কি দেখলাম?

পঞ্চায়েত নির্বাচন দু বছর হয়ে গিয়েছে এবং তাদের অনেক কাজের দায়িত্ব দেওয়া হয়েছে কিন্তু আমরা দেখলাম তারা ক্ষমতা এবং অর্থ পেয়ে তা সম্পূর্ণভাবে অপব্যবহার করেছে। মন্ত্রী মহাশয় চেয়েছিলেন হয়ত শিব গড়তে কিন্তু হয়ে গিয়েছে বানর। মন্ত্রী মহাশয় নিজেই একথা স্বীকার করেছেন এবং প্রশ্নোত্তরের সময় তিনি বলেছেন—আগেই বলেছিলেন পঞ্চায়েতের বিরুদ্ধে প্রচুর অভিযোগ এসেছে এবং সেই অভিযোগের তদন্ত হচ্ছে, আজকে বলেছেন, ১৫৭টি গ্রামপঞ্চায়েত এবং দুটি পঞ্চায়েত সমিতির বিরুদ্ধে অভিযোগ এসেছে এবং তারমধ্যে দুটি গ্রামপঞ্চায়েতকে বাতিল করতে বাধ্য হয়েছেন। স্যার, যে যে অভিযোগের ভিত্তিতে এই দুটি গ্রামপঞ্চায়েত বাতিল করতে তিনি বাধ্য হয়েছেন অনুরূপ অভিযোগ বহু পঞ্চায়েতের বিরুদ্ধে আছে। সেগুলি যদি ভালো ভাবে তদন্ত করা যায় তাহলে দেখা যাবে সেই সমস্ত অভিযোগ সত্য বলে প্রমানিত হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, "পঞ্চায়েতি রাজ ব্যবস্থায় গ্রামপঞ্চায়েত মুখ্য ভূমিকা পালন করছে।" আজকে পঞ্চায়েত বিভাগে যে বিবরণী বেরিয়েছে তাতে বলা হয়েছে যে ৩,২৪২টি গ্রামপঞ্চায়েত। এখন পর্যন্ত ৯৭টি গ্রামপঞ্চায়েত—১৯৭৮-৭৯ সালে, ২,৯৫১টি গ্রাম পঞ্চায়েতের হিসাব দেওয়া হয়নি এবং জেলাপরিষদের মাত্র ৩টি ছাড়া আর কোনও জেলা পরিষদের ১৯৭৯-৮০ সালের প্রশাসনিক রিপোর্ট দেওয়া হয়নি। তাহলে এরা কি করে কাজ করছে? জেলাস্তর থেকে গ্রামপঞ্চায়েত পর্যন্ত একই অবস্থা গ্রামপঞ্চায়েত-এর অধ্যক্ষ যে সিলেকশন কমিটি করে কর্মচারী নিয়োগ করে দিলেন, জব অ্যাসিস্ট্যাট নিয়োগ করে দিলেন, অন্যান্য কর্মচারী নিয়োগ করে দিলেন, কিন্তু গ্রামপঞ্চায়েত সে সব মানছে না এবং আরও অনেক কিছু মানছে না। এই ঔদ্ধত্ত কেন হল? এর কারণ অনুসন্ধান করলে দেখা যাবে যে তারা খেয়াল খুশিমতো তাদের লোক নিয়োগ করছেন, আবার অনেককে টাকার বিনিময়ে নিয়োগ করছেন। অনেককে বেআইনি ভাবেও নিয়োগ করছেন এবং তাদের দিয়ে কাজ চালাচ্ছেন। সিলেক্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী যাদের নিয়োগ করার কথা, তাদের সেখানে ঢুকতে দেওয়া হচ্ছে না। এখানে আমাদের বামফ্রন্ট সরকারের বন্ধুরা অনেক সময় বড়াই করেন যে পঞ্চায়েত গঠন করেছি, গ্রামে ক্ষেতমজুর, ভূমিহীন কৃষক, তারা ক্ষমতা পেয়েছে এবং সেই ক্ষমতায় তারা পরিচালনা করছেন। কিন্তু আসলে কি হয়েছে? আমি ইকনমিক রিভিউ থেকে বলছি। এখানে গ্রামপঞ্চায়েতের সদস্য যারা নির্বাচিত হয়েছে তার যে সংখ্যা, ল্যাণ্ডলেস লেবার হচ্ছে শতকরা ৪.৮। আর বর্গাদার হচ্ছে ১.৮। আর ৫ একরের বেশি জমির মালিক যারা তারা নির্বাচিত হয়েছেন ২৯ শতাংশ। অর্থাৎ হিসাব করলে দেখা যাবে যে যাদের ৪/৫ একর জমি আছে, ২ একর জমি আছে, তারা ক্ষমতায় আসেনি। ক্ষমতায় এসেছে জমিওয়ালা লোকেরা। যারা এই ভাবে নির্বাচিত হয়েছে তাদের মধ্যে অধিকাংশ সদস্য দেখা যাচ্ছে যে জমিদার শ্রেণীর, তথাকথিত বুর্জোয়া শ্রেণীর। ১০ একরের বেশি জমির মালিক সাত ভাগের বেশি এসেছে এবং এরা অধিকাংশই হচ্ছে সি. পি. এম দলভুক্ত। কাজেই আজকে সি. পি. এম-এর দলে কারা গেছে? যারা এতদিন ধরে কৃষককে, বর্গাদারদের, ভূমিহীন কৃষকদের বঞ্চনা করে এসেছে, শোষণ [illegible] সেছে, তারা আজকে বন্ধু সেজে সি. পি. এম-এর মধ্যে ঢুকে গেছে, পঞ্চায়েতের মা[illegible] য়েছে।

তারপর তিনি কি বলেছেন? মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে বহু দুর্নীতি হচ্ছে, অনেক অভিযোগ আসতে পারেনি। আমার কাছে খবর আছে যে দুর্নীতির অভিযোগ করলে তার বিরুদ্ধে কি রকম ব্যাপক ব্যবস্থা নেওয়া হয়। তাদের প্রাণের আশঙ্কাও থাকে। ভগবানপুর থানার বোরোস গ্রাম পঞ্চায়েত, সেখানকার একটা যুবক সাহস করেছিল গ্রামপঞ্চায়েতের চুরি ধরিয়ে দেবার জন্য। গ্রামপঞ্চায়েতের টাকা চুরি করা হয়েছে, সেটা সে দেখিয়েছিল যে কালভার্ট করা হয়েছে, সেটা ভূয়া কালভার্ট এবং টাকাটা খরচ করা হয়েছে বলে লেখা হয়েছে। কিন্তু আসলে সেটা খরচ হয়নি। এই বিষয়ে অভিযোগ করার পরে সেখানে তদন্ত হয়েছিল এবং তদন্তে সত্য প্রমানিত হয়েছিল। তদন্তের শেষে যখন সেই যুবক বাড়ি যাচ্ছিলেন তখন তাকে খুন করা হয়েছিল। শুধু তাই নয়, এই রকম ঘটনা আরও আছে। ঐ থানার আর একটা অঞ্চলের গ্রাম পঞ্চায়েত সম্পর্কে মনি মাইতি নামে একটি যুবক অভিযোগ করেছিল। সেই অভিযোগের পরে তদন্তের ব্যবস্থা হয়েছিল। কিন্তু হঠাৎ দেখা গেল যে সে যুবক নৃশংস ভাবে নিহিত হয়েছে। তার মুণ্ডুটা এক জায়গায়, আর ধড়টা আর এক জায়গায় ফেলে দেওয়া হয়েছিল। কাজেই গ্রামপঞ্চায়েত সম্পর্কে অভিযোগ করলে এই রকম অবস্থা হচ্ছে। পটাশপুরের একজন গ্রামপঞ্চায়েত, প্রাক্তন প্রধান, তার বিরুদ্ধে নানা রকম অভিযোগ ছিল এবং সে জন্য তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছিল এবং তিনি হেরে গিয়েছিলেন।

[3-40 – 3-50 p.m.]

হেরে যাবার পরে যারা তার বিরুদ্ধে ভোট দিয়েছিল, তাকে ক্ষমতাচ্যুত করতে সাহায্য করেছিল ১৫ই মার্চ অতুল মাইতির বাড়িতে দল-বল নিয়ে জড়ো হয়ে তাদের বাড়ি আক্রমণ করে তাদের জোর করে ধরে নিয়ে এসে রাস্তার উপর তাদের বিচার করেছিল। বিচারে তাদের ৯,০০০ টাকা জরিমানা করা হয়েছিল, কিন্তু সেই টাকা না পেয়ে তাদের প্রচণ্ড মারধোর করে এবং সাদা কাগজের উপর টিপ সই করিয়ে নেয়। পুলিশের সামনে তাদের মারধোর করেছে। পরবর্তীকালে এই ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশকে জনসাধারণ ঘিরে রেখেছিল এবং এস. পি., ডি. এস. পি.-কে আসতে হয়েছিল এবং জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিতে হয়েছিল যে, অপরাধীদের ৭ দিনের মধ্যে গ্রেপ্তার করা হবে। আজকে এই তো অবস্থা। যারা একটু সাহস করে দুর্নীতি দূর করার চেষ্টা করতে যাচ্ছেন তাঁদের এই অবস্থা হচ্ছে। তারপর পঞ্চায়েতের হাতে উন্নয়নমূলক কাজের জন্য যে সমস্ত টাকা পয়সা দেওয়া হচ্ছে তার অধিকাংশই চুরি হচ্ছে। কালভার্ট করার বা রাস্তা করার জন্য যে টাকা দেওয়া হচ্ছে, তা চুরি হয়ে যাচ্ছে। অবশ্য সবটাই চুরি হচ্ছে বা সবাই চুরি করছে, একথা বলছি না, তবে বেশিরভাগই চুরি হচ্ছে। একজন মাননীয় সদস্য বললেন শতকরা ২৫ ভাগ মাত্র চুরি হলে, সেটা চুরিই নয়। আমি মনে করি শতকরা ২৫ ভাগ চুরিও চুরি এবং আপনারা স্বীকার করেছেন যে, শতকরা ২৫ ভাগ অন্তত চুরি হচ্ছে মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে, চুরি হচ্ছে এবং তিনি সি. পি. এম—দলের দুজন গ্রাম পঞ্চায়েতকে বাতিল করে দিয়েছেন। মাননীয় মন্ত্রী সেকথা আজকেও উল্লেখ করেছেন। কজেই চুরি ঢাকবার কিছু নেই। আপনাদের ভাষায় লুম্পেন্ট

প্রোলিটেরিয়েটেরা আপনাদের মধ্যে ঢুকেছে। কংগ্রেসি আমলে যারা চুরি-চামারি করত, তারা আপনাদের মধ্যে ঢুকেছে, ওরা কেন ঢুকেছে তা আপনারা কিছু দিন পারেই বুঝতে পারবেন। আজকে কথা প্রসঙ্গে প্রধানদের সম্পর্কে একটু আলোচনা করতে চাই। প্রধানদের আজকে কাজ হচ্ছে, ঝগড়া-ঝাটি মেটানো, শান্তি-শৃঙ্খলা রক্ষা করা, কিন্তু আমরা দেখছি প্রধানরা আজকে জমি দখলের কাজে, ধান লুঠ করার কাজে, খুন করবার কাজে নেতৃত্ব দিচ্ছে। এই কিছু দিন আগে হাওড়া জেলার ফরোয়ার্ড ব্লকের প্রাক্তন এম. এল. এ. রবীন মণ্ডল মহাশয় বিবৃতি দিয়েছেন যে, ফরোয়ার্ড ব্লকের অনেক কর্মীর ঘর-বাড়ি জ্বালিয়ে দেওয়া হচ্ছে, নৃশংস ভাবে খুন করা হচ্ছে হাওড়া জেলার শ্যামপুর থানার একটা গ্রামের গ্রাম প্রধানের নেতৃত্বে। আজকে গ্রামে সমস্ত রকমের গোলমালে গ্রাম পঞ্চায়েতের প্রধানরা নেতৃত্ব দিচ্ছে। আমরা এব্যাপারে কিছু দিনের মধ্যেই হোয়াইট পেপার বের করে দেখিয়ে দেব যে, যে কোন গ্রাম পঞ্চায়েতের সদস্য কি করছে এবং কোন কোন গ্রাম পঞ্চায়েতের সদস্যদের সদস্য হবার আগে কি সম্পত্তি ছিল, আর এই তিন বছরে কি পরিমাণ সম্পত্তি বাড়িয়েছে। তাতে আমরা দেখিয়ে দেব যে, যাদের কিছু ছিল না, তারাও ঘর-বাড়ির মালিক হয়েছে, বহু টাকার মালিক হয়েছে। কারোও হয়ত বিড়ির দোকান ছিল, এখন সে টেরিলিন, টেরিকট ছাড়া পরছে না, ঘর-বাড়ি করেছে, জমি জায়গা করেছে, শ্যালো টিউবওয়েল বসিয়েছে, মোটর সাইকেল কিনেছে। আজকে এই ভাবে আর কেউ প্রোলিটেরিয়েট নেই, সব বুর্জোয়া হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গ্রামাঞ্চলে দেখছি দলবাজি কি চূড়ান্ত আকারে রূপ নিয়েছে। যে যে গ্রাম পঞ্চায়েত বিরোধী দলের সদস্যরা নির্বাচিত হয়েছে এবং সেই সেই এলাকায় হয়তো গ্রাম পঞ্চায়েত প্রধান সি. পি. এম দলের লোক তারা এই সমস্ত অন্য দলের পঞ্চায়েত সদস্যদের কথা শুনছেন না। রিলিফ বন্টনের কথা শুনেন না, গ্রামে যে সমস্ত কাজ হবে, রাস্তা হবে তার কথাও শোনেন না। যেমন এখানে সরকারি দল এবং বিরোধী দল তৈরি হয়েছে ঠিক তেমনি গ্রাম পঞ্চায়েত সরকারি দল এবং বিরোধী দল তৈরি হয়েছে। এই সমস্ত গ্রাম পঞ্চায়েত প্রধানরা বিরোধী দলের পঞ্চায়েত সদস্যদের কথা কানে নেয় না। যারা হেরে গেছে ঐ কৃষক সমিতি করে, টাকা পয়সা মারে, লুঠ-পাট করে তাদের কথা শোনা হয়। নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সদস্যদের কথা শোনা হয়না। এর বিরুদ্ধে মাননীয় মন্ত্রীর কাছে সেইসব সদস্যরা চিঠি লিখেছে এবং অন্যান্য কর্তৃপক্ষের কাছেও চিঠি লিখেছে কিন্তু কোনও ফল হয়নি। এটা কেন হল? এর কারণ হচ্ছে, দল ভিত্তিক যদি নির্বাচন হয় তাহলে সেখানে দলবাজি হবেই। যে নির্বাচন হয়েছে সেটা দল ভিত্তিক ভাবে হয়েছে, দলীয় প্রতীক নিয়ে ভোট হয়েছে। তার ফলে প্রথম থেকেই দলবাজি করবার আকাঙ্খা প্রস্ফুটিত হয়েছে। সেইজন্য আমরা বিরোধিতা করেছিলাম এবং বলেছিলাম যে এইভাবে করলে দলবাজি হবে। আপনাদের এখানে যারা বসে আছেন হয়তো অনেক নেতা গ্রামে ভাল কাজ করেছেন সেই সুনামের জোরে গ্রামের কিছু দুর্নীতি পরায়ণ লোক ক্ষমতায় এসেছেন। কিন্তু সেই সুনামের অপব্যবহার করে চরম দুর্নীতি করছে, ক্ষমতার চরম অপব্যবহার করছে। যার ফলে গ্রামের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে, গ্রামের মধ্যে রক্তা-রক্তি মারামারি হচ্ছে। শহরের মধ্যে যেমন বিভিন্ন অ্যান্টি-

সোস্যালের মধ্যে রক্তা-রক্তি মারামারি হচ্ছে ঠিক তেমনি গ্রামাঞ্চলে খুনোখুনি, রক্তা-রক্তির পিছনে পঞ্চায়েত সদস্যরা নেতৃত্ব দিচ্ছেন। এটা আপনাদের জানা উচিত। এইসব দুর্নীতি লুম্পেন প্রলিটারিয়েটদের মধ্যে ঢুকেছে। প্রতিটি গ্রামের উন্নতি তো দূরে থাক শান্তি নষ্ট করে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চৌকিদার এবং দফাদার সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় আজকে বললেন, দুটি জেলা ব্যতিরেকে আজ পর্যন্ত ১৭৭২টি চৌকিদারের পদ খালি আছে আর ৫৪৭টি দফাদারের পদ খালি আছে। এত পদ যদি খালি থাকে তাহলে গ্রামাঞ্চলের কাজ কি করে চলবে? মাননীয় মন্ত্রী মহাশয় বললেন তার সরকার ৩ বছর সাড়ে ৩ বছর আগে সার্কুলার দিয়েছেন কিন্তু তাঁর অবগতির জন্য জানাই, ১৯৭৪ সালে কংগ্রেস সরকার সার্কুলার দিয়ে গেছেন যে নিয়োগ করা চলবে না। তখন থেকে নিয়োগ বন্ধ আছে। এবার আমি দেখছি পে কমিশনের রিপোর্টে বলছে চৌকিদার এবং দফাদাররা নাকি রুর‍্যাল পুলিশ নয়। সেই বৃটিশ আমল থেকে এদেরকে বলা হয়ে আসছে রুর‍্যাল পুলিশ আর আজকে পে-কমিশন বলছে যে এরা র‍্যুরাল পুলিশ নয়, এরা পার্টটাইম ওয়ার্কার, এদের চাকুরীর কোনও দরকার নেই, এদের ছেড়ে দেওয়া হোক। এদের সরকারি কর্মচারী রূপে গণ্য করার দরকার নেই। এটা পে-কমিশনের রিপোর্টে বেরিয়েছে। আমি অবশ্য মাননীয় মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দোষ দিইনা কিন্তু তবুও দোষ দেব এই জন্য মাননীয় মন্ত্রী মহাশয় কিম্বা তাঁর দপ্তর পে-কমিশনের রিপোর্ট বেরুবার আগে পে-কমিশনকে ঠিকমতো পয়েন্টস অফ রেফারেন্স দিতে পারেন নি, ভাল করে বোঝাতে পারেননি বলে এই রকম হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে তাহলে এই চৌকিদার এবং দফাদারদের কি হবে? তারা কি সরকারি কর্মচারী রূপে গণ্য হবে না? তাদেরকে কি চাকুরি থেকে ক্ষতম করে দেওয়া হবে? তাদের কি আমরা অন্য কোনও জায়গায় সুযোগ দেব না? এতকাল ধরে তারা যে সেবা করে এসেছে, তারা হয়তো ভাবল যাই হোক কিছু একটা হবে কিন্তু হওয়া তো দূরের কথা তাদের চাকুরি থাকে কিনা সন্দেহজনক।

[3-50 – 4-00 p.m.]

আমরা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তাদের যেন অবিলম্বে সরকারি কর্মচারী রূপে গণ্য করা হয়। তাদের যেন পার্ট টাইম ওয়ার্কার করে রাখা না হয়। অনেক কাজ তারা করে। কি কি কাজ করে তা আপনারা ভাল করে জানেন। অনেক কথা বলেন, চৌকিদার, দফাদারের সমাবেশ ঘটান, কিন্তু এখানে তো কই, কেউ বলেন না সেরকম কোনও কথা শুনতে পাইনা বা কোনও সংবাদ বহন করে আনেন না। পে-কমিশন তাদের শেষ করে দিয়েছে। তারপর পঞ্চায়েত সেক্রেটারি, জব অ্যাসিস্ট্যান্ট, পঞ্চায়েত সমিতির সেক্রেটারি কিম্বা জেলা পরিষদের সদস্যরা তাঁরা অনেক চেষ্টা করেছেন, এমন কি সুপ্রীম কোর্টে আবেদন করেছিলেন, সুপ্রীম কোর্ট তাদের সরকারি কর্মচারী বলে গণ্য করার জন্য রায় দিয়েছেন, আজ এক বছর হয়ে গেল, কিন্তু আজকের প্রশ্নোত্তরের সময় জানতে পারলাম যে সেই রায়ের কথা মন্ত্রী মহাশয় এখনও জানতে পারেননি, কেন পারেননি? শুধু তাই নয়, এই সব

কর্মচারীকে সরকারি কর্মচারী রূপে গণ্য করার দরকার ছিল। আপনারা এখানে তো কিছু বলেন না, কই সমস্বরে বলুন দেখি যে এদের সরকারি কর্মচারী রূপে গণ্য করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হোমিওপ্যাথি চিকিৎসার কথা বলছি। এটাও পঞ্চায়েত দপ্তর ব্যবস্থা করেছেন, সেজন্য মন্ত্রী মহাশয়কে অজস্র ধন্যবাদ জানাচ্ছি। কংগ্রেস আমলে নীতি স্থির হলেও এই মন্ত্রী মহাশয় কার্যকর করেছেন তার জন্য অজস্র ধন্যবাদ জানাচ্ছি এবং সাথে সাথে এ কথাও জানাচ্ছি যে পঞ্চায়েতগুলি যে ডিসপেনসারীগুলি চালাচ্ছে তাদের অধিকাংশতেই ঔষধ থাকেনা। সেসব জায়গায় ঔষধ দেবার কি ব্যবস্থা করেছেন? গ্রাম পঞ্চায়েতগুলিতে বলুন যে কত টাকার ঔষধ দেবেন? তারপর ডাক্তার এবং কমপাউণ্ডাররা যে মাইনে পান তাও নিয়মমতো নয়। তাঁরা তিন,চার এমন কি পাঁচ-ছয় মাস পরে তবে মাইনে পান, তাও অনেক তদ্বির তদারকের পর তবে পান। এজন্য অনেকে আমার কাছে এসেছিলেন, আমি ঘুরে ঘুরে তবে অনেক কষ্টে টাকাটা বার করতে পেরেছিলাম। প্রায় ৬ মাস সময় লেগেছিল। পঞ্চায়েত ডিপার্টমেন্ট বলে স্বাস্থ্য বিভাগ জানে, স্বাস্থ্য বিভাগ বলে ডাইরেক্টরেট জানে এই রকম অবস্থা। তাদের যে টাকাটা দেওয়ার ব্যবস্থা আছে সেটা সময় মতো দেওয়া ব্যবস্থা করেন না কেন? তারপর বড়ই দুঃখের সঙ্গে একটা কথা জানাচ্ছি মন্ত্রী মহাশয় বোধহয় জানেন না, ডাক্তারদের অভিযোগ এই যে, অনেক ক্ষেত্রে পঞ্চায়েতের প্রধানরা তাদের টাকা নিয়ে যান, এবং টাকাটা দিতে রাজি হন না, বলেন তোমাদের আর আসতে হবে না। দরকার নেই। যে টাকাটা পাবে সেটার অর্ধেক টাকা আমাকে দিয়ে দাও। ডাক্তররা যাতে রেগুলার তাঁদের সমস্ত টাকাটা ঠিকভাবে পান সেই রকম একটা ব্যবস্থা যেন নেওয়া হয়। পঞ্চায়েতের হাতে ক্ষমতা থাক কিন্তু টাকাটা যাতে ঠিকমতো ব্যয় হয় এবং ডাক্তারখানাগুলি ঠিকভাবে চলে এগুলি মন্ত্রী মহাশয়ের দেখা দরকার। তারপর মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে পঞ্চায়েতের হাতে ধান সংগ্রহের ভার দেওয়া হয়েছে, কিন্তু তারা মাত্র ১৬ হাজার মেট্রিক টন ধান সংগ্রহ করেছে, এটা একটা চরম ব্যর্থতার পরিচয়, দায়িত্ব নিয়ে দায়িত্ব পালন যদি না করতে পারে তাহলে এর মতো চরম ব্যর্থতার পরিচয় আর নেই। এতে অনেক অসুবিধা দেখা দেবে, আরও অসুবিধা দেখা দেবে চাষীদের, তারা অভাবের সময়ে বিক্রি করতে বাধ্য হয়েছিল কিন্তু ন্যায্য মূল্য পায়নি। পঞ্চায়েত সমিতি দায়িত্ব নিয়ে সেই দায়িত্ব পালন করতে পারেনি, তারপর হয়ত দেখা যাবে যে সংগ্রহ করবার জন্য যে টাকাগুলি দেওয়া হয়েছিল কি হয়েছে তার কোনও হিসেব নেই। এগুলি দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয় পঞ্চায়েত ব্যবস্থায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, বি. ডি. ও. কে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে জেলা পরিষদের সচিব এবং বি. ডি. ও.কে পঞ্চায়েত সমিতির সচিব করা হয়েছে। ভাল কথা আমি একটা কথা বলতে চাই কংগ্রেসের দলের ভিত্তিতে যে পঞ্চায়েত গঠিত হয়েছে, সেখানে দলবাজি চলেছে, এবং উচ্চপদস্থ সরকারি কর্মচারী যাদের নিরপেক্ষতা সকলে কামনা করে, তাদের সেই নিরপেক্ষতা ক্ষুন্ন হয়েছে, এবং এটা জনসাধারণের পক্ষে, মানুষের মনোভাবের পক্ষে খুব খারাপ হয়েছে।

বি. ডি. ও, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে পঞ্চায়েত থেকে বাইরে আনা উচিত এবং এরসঙ্গে আরেকজন জয়েন্ট বি. ডি. ও এবং পঞ্চায়েত সচিব নিয়োগ করতে পারেন। বি. ডি. ও-র অনেক কাজ আছে। পঞ্চায়েতের মধ্যে যে দলবাজি চলছে তাতে তার নিজের ভাবমূর্তি নষ্ট হতে পারে। ৫টি ব্লক এখনোও ভাগ হয়নি। ৫টি ব্লক সম্বন্ধে যুক্তফ্রন্ট সরকার ১৯৬৮ সালে সিদ্ধান্ত নিয়েছিলেন ভাগ করার জন্য। ১৯৬৮ সাল থেকে ৮১ সাল পর্যন্ত এই ব্লকগুলিকে কেন ভাগ করতে পারলেন না। তিনি বললেন আইনগত অসুবিধা আছে। এর আগে যখন এটা কৃষিমন্ত্রীর অধীন ছিল তখন তিনি হাউসে বারবার বলেছিলেন এই ব্লকগুলি বিভাজন হবে। তিনি আবার যাবার সময় বললেন পঞ্চায়েত মন্ত্রী এটা করবেন। পঞ্চায়েত মন্ত্রী বললেন পঞ্চায়েত নির্বাচনের পর এটা হবে। আবার এখন বলছেন আইনগত ত্রুটি আছে। আইনগত ত্রুটি যদি থাকে তাহলে বিধানসভায় যখন আইন তৈরি হয় তখন এটা দূর করা যেতে পারে। এই সমস্ত ব্লকগুলির বিভাজন না হবার ফলে সেখানকার লোকেরা দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসাবে অর্দ্ধেক সুবিধা পাচ্ছে। ব্লকগুলি ভাগ করলে ৬টি হাসপাতাল হতে পারত কিন্তু সেখানে ৩টি। নলকূপের বেলাও তাই হয়েছে। এই বঞ্চনার হাত থেকে রক্ষার জন্য অবিলম্বে এইসমস্ত ব্লকগুলি বিভাজন করা উচিত। কিন্তু এই কাজ আপনারা করতে পারেননি এবং যোগ্যতা আপনারা দেখাতে পারেননি বলে এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে পারছি না।

[4-00 – 4-10 p.m.]

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে প্রথমেই মাননীয় সদস্য জন্মেজয় ওঝা যেকথাগুলি বললেন তার উত্তর দেওয়া একান্ত আবশ্যক বলে আমি মনে করি এবং তারপর আমরা কি করতে পেরেছি সেটা বলব। মাননীয় সদস্য জন্মেজয় ওঝা বললেন যে মহাত্মা গান্ধী বলেছিলেন যে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে গ্রামীণ অর্থনীতি গড়ে তুলতে হবে। আজকে হঠাৎ কেন মহাত্মা গান্ধীর কথা মনে পড়লো জানিনা। কারণ দীর্ঘ ৩০/৩২ বছর ধরে পশ্চিমবঙ্গে এবং কেন্দ্রে যে সরকার চালাচ্ছেন তার কতটুকু গ্রামীণ অর্থনীতি গড়ে তুলতে পেরেছেন? সেইজন্য মহাত্মা গান্ধীজী পঞ্চায়েত রাজের কথা বলেছেন। আমাদের এই সরকার প্রথম চিন্তা করে গ্রামের মানুষের কাছে সমস্ত ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করে গ্রামীণ অর্থনীতি গড়ে তুলতে চেষ্টা করছেন। সেইজন্য আমরা নির্বাচিত পঞ্চায়েত গঠন করে তাদের দ্বারাই গ্রামীণ অর্থনীতি গড়ার প্রচেষ্টা করেছি। এবং সেখানে যতটা সম্ভব ক্ষমতা বিকেন্দ্রীকরণ করেছি। শুধু তাই নয় আমরা যে সমস্ত কর্মসূচি গ্রামে পাঠাই সেইগুলি সম্বন্ধে পঞ্চায়েতে নির্দেশ দেওয়া আছে যে তারা যেন জনসাধারণের সঙ্গে পরামর্শ করে তাদের মত নিয়ে এই সমস্ত কাজগুলি করেন। এইভাবে সেখানে কাজ করা হচ্ছে যার ফলে গ্রাম বাংলায় চাষী, ক্ষেতমজুর, কৃষক সকলেই বুঝতে পেরেছে যে পঞ্চায়েত রাজের রূপ কি। পঞ্চায়েত রাজ কতখানি উন্নতি করতে পেরেছে সে সমস্ত কথা পরবর্তীকালে বলব। তিনি বললেন আমরা নাকি বাঁদর গড়েছি। কিন্তু আপনারাতো

গ্রামের মানুষগুলোকে বাঁদর তৈরি করেছেন। সেই মানুষগুলি আজকে মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছে বলে আপনাদের এত ক্রোধ। আজকে তারা বুঝতে পেরেছে যে এই সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যে প্রচেষ্টা গ্রহণ করেছে তাতে উন্নতি করতে পারা যায়। সেইজন্য আমরা সত্যিকারের মানুষ গড়ার কাজে হাত দিয়েছি। ৩,২৪২টি পঞ্চায়েতের মধ্যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের উপর আক্রমণ করে বলেছেন যে এরা হিসেব দেয়নি। আপনারা জেনে রাখুন ১৯৭৯-৮০ সালের হিসাব মার্চ-এর মধ্যে দেওয়া হবে এবং তারপর আমরা সেগুলি পাঠিয়ে দেব। আপনার নিজের যে সংগঠন আছে সেখানেও দেখবেন সারা বছরের হিসাব এখনো তৈরি হয়নি। ২৫৮টি হিসাব দিয়েছে, জেলা পরিষদও কয়েকটা হিসাব দিয়েছে। একথা জোর করে বলতে পারি যে হিসাব কোনওদিন বাকি থাকবে না। সবচেয়ে ভালো হিসাব পশ্চিমবাংলা থেকে গেছে একথা কেন্দ্র স্বীকার করেছে। মুখ্যমন্ত্রী বারবার কেন্দ্রে চিঠি লিখেছিলেন যে আমরা যদি হিসেব না দিয়ে থাকি এবং যে এ বিষয়ে অসত্য কথা বলছেন কেন্দ্র না আমরা সেটা বিচারের জন্য সুপ্রীম কোর্টে পাঠানো হোক। অর্থমন্ত্রীর কাছ থেকে শুনেছি শতকরা ৯০ ভাগ হিসাব দিয়েছে। তা সত্ত্বেও ওঁরা বলছেন ৫০ ভাগের হিসাব দেওয়া হয়নি। তিনি ইকনমিক রিভিয়ু থেকে বললেন জমির মালিকরা নাকি সমস্ত পঞ্চায়েতের মেম্বার হয়ে গেছে এবং ল্যাণ্ড লেস ৫.৮ পারসেন্ট ৫একর-এর বেশি জমি যাদের আছে তারা ৪০ পারসেন্ট। আমার জেলায় আমি জানি ১৬৫ বিঘা জমি যার আছে সে কোনওদিনই জমিদার-জোতদার শ্রেণীর মধ্যে গণ্য হতে পারেনা। আমরা ৫ একর বা ১৫ বিঘা জমি পর্যন্ত ট্যাক্স তুলে দিয়েছি। কারণ ১৫ থেকে ১৮ বিঘা পর্যন্ত জমি যাদের আছে তাদের আমরা মধ্যবিত্ত চাষী এবং গরিব চাষী বলেই ধরে নিয়েছি। আজকের দিনে ১৫ বিঘা পর্যন্ত জমির মালিকরা কখনই জমিদার বলে গণ্য হতে পারে না—আমরা এটাই বিশ্বাস করি। আজকে পশ্চিমবাংলাতে কেউ বিশ্বাসও করবেন বলে মনে করি না। আপনারা যে জমিদার এবং জোতদারদের পক্ষে সমর্থন করছেন সেটা আজকে পরিষ্কার ভাবেই বোঝা যাচ্ছে। আপনারা বলছেন যে, দেশের সবত্র খুন ক্রমশ বেড়ে চলেছে—চুরি ধরতে গেলে খুন হয়ে যাচ্ছে, কিন্তু এটা কখনই হতে পারে না। এই খুন-খারাপি সম্বন্ধে আপনারা বলছেন যে, কোথাও খুন হলে সেগুলি সবই সি. পি. এমদের দ্বারাই ঘটছে, তারাই এসব করে চলেছে। আপনারা একথা বারেবারেই বলেছেন, অথচ আপনাদের এই সমস্ত কথা সবই অসত্য। আপনারা বারে বারে পঞ্চায়েতে চুরির ব্যাপারে বলেছেন। এ সম্বন্ধে আমি বলতে পারি, আমাদের যে সমস্ত মেম্বার এই পঞ্চায়েতের মধ্যে আছেন, সেখানে এরকম ঘটনা ঘটেনি। আমরা সমস্ত পঞ্চায়েতগুলির মাধ্যমে নূতন রূপে কাজ করে চলেছি। সুতরাং আমাদের মেম্বাররা যেখানে আছেন, সেখানে কখনও কোনদিন এরকম ঘটনা ঘটতে পারে না বলে আমরা নিশ্চিত। আমাদের পুরুলিয়াতে কতকগুলি পঞ্চায়েত আছে, সেখানে ১নং পঞ্চায়েত হচ্ছে কংগ্রেস (আই) দলের হাতে। আমাদের হাতে আছে ১৯টি পঞ্চায়েত। ওখানে গিয়ে দেখতে পাবেন কি ধরনের পার্থক্য আছে, আমাদের পঞ্চায়েতগুলি এবং ঐ কংগ্রেস (আই) পঞ্চায়েতটির মধ্যে। সেখানে দেখতে পাবেন কংগ্রেস আই দলের প্রধান এবং সমিতির সভাপতি কি ভাবে

দিনের পর দিন দুর্নীতি করে চলেছেন। এ সম্বন্ধে আমার কাছে একটি রিপোর্ট আছে। আমরা ঐ রিপোর্টের ভিত্তিতে আদালতে নিয়ে যাবার জন্য উদ্যোগী হচ্ছি। এই ভাবে এখানে ওখানে যেসব কংগ্রেস (আই) দলের প্রতিনিধি আছেন, সেখানেই এই সমস্ত দুর্নীতি ঘটে চলেছে। তবে আমাদের যে সমস্ত প্রতিনিধিরা আছেন, সেখানে হয়ত কিছু কিছু দুর্নীতি থাকতে পারে বলে আমরা স্বীকার করি—সেগুলির সম্বন্ধে আমাদের বামফ্রন্ট সরকার সর্বদা সচেতন আছেন, সেগুলি সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণেরও চেষ্টা চলেছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তাঁর ভাষণদান কালে সে সম্বন্ধে বিস্তারিত বক্তব্য আপনাদের সামনে রাখবেন। এই সমস্ত গ্রামপঞ্চায়েতে আগে কি ছিল এবং এখন কি অবস্থায় আছে, সে সম্বন্ধে আমি একটি পরিসংখ্যান দিয়ে বলছি। ১৯৬০-৬১ সালে আমরা দেখতে পাই মানুষের অবস্থা বিলো পভার্টি লাইনে ছিল ৪৪ পারসেন্ট, ১৯৭৩-৭৪ সালে ছিল ৬০ পারসেন্ট এবং আমরা ক্ষমতায় আসার পর এসে দেখেছি তা গিয়ে দাঁড়িয়েছিল ৭০ পারসেন্টে। খাদ্যাভাবে মানুষের অবস্থা সম্বন্ধে কিছু উল্লেখ করছি। ১৯৬৯-৭০ সালের তুলনায় পঞ্চায়েতে আমরা নির্বাচিত হবার পর এগুলির মাধ্যমে খাদ্যাভাবে মানুষ যাতে মারা না যেতে পারে সেজন্য আমরা যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করেছি। আমরা পঞ্চায়েতগুলিকে ২০০ কোটি টাকা দিয়েছি। পঞ্চায়েতগুলিও তাদের কাজ ইতিমধ্যে শুরু করে দিয়েছে। আমরা যখন গ্রামে এই ভাবে কাজ করা শুরু করে দিয়েছি, সেই সময়ে শ্রীমতী গান্ধী কালোবাজারিদের বিভিন্ন উপায়ে সুযোগ-সুবিধা দানের মাধ্যমে ২০/৩০ হাজার কোটি টাকা ছাড়ের সুযোগ করে দিচ্ছেন। সঙ্গে সঙ্গে তিনি পেট্রোল, ডিজেলের দাম বাড়িয়ে চলেছেন। কিন্তু এইভাবে যদি কালোবাজারিদের তিনি ছাড় না দিতেন, তাহলে পেট্রোল, ডিজেলের দাম বৃদ্ধি করবার প্রয়োজন হত না—কালোবাজারিদের কালো টাকা বাজেয়াপ্ত করলেই সেই টাকা তোলা সম্ভব হতে পারত।

[4-10 – 4-20 p.m.]

জিনিস পত্রের দাম এক করা যেত তাহলে এই টাকা গুলো এবং এই জিনিস পত্রের দাম আর বাড়ত না। ১৪টি জিনিস যদি এক দর করার ব্যবস্থা করা যেত সারা ভারতবর্ষে তাহলে ভালো হত। তারপর আমাদের পঞ্চায়েতের মাধ্যমে অফিস ঘর করা হয়েছে। আপনাদের কাছে সব চেয়ে বড় জিনিস, যেটা পঞ্চায়েতের মাধ্যমে আবার ফুড প্রোকিয়োরমেন্ট করা হয়েছে। আমরা পঞ্চায়েতের মাধ্যমে অন্তত ১৬ হাজার মেট্রিকটন খাদ্য শস্য সংগ্রহ করেছি। রুরাল হাউসিং স্কিমের মাধ্যমে ১২ হাজার ঘর করেছি, হোমিও ডিসপেনসারী ২৭২টা হতে চলেছে। এই চিন্তা ভাবনা কি ওদের ছিল? এই চিন্তা ভাবনা আপনারা কোন দিন করেন নি। সীমিত ক্ষমতা এবং সীমিত অর্থের মধ্যে দিয়ে এই জিনিস আমরা করেছি। তহশিলদার ও দফাদাররা কত টাকা বেতন পেতেন কংগ্রেস আমলে? মাত্র ২৭ টাকা। আর এখন তহশিলদার ও দফাদারদের মাইনে কম পক্ষে ১৩৫ টাকা হয়েছে। তহশিলদার ও দফাদারদের জন্য কোন পূর্ববর্তী মন্ত্রী চিন্তা ভাবনা করেননি। আমাদের সরকার এটা করেছেন, আমাদের পঞ্চায়েত মন্ত্রী ভাষণের মধ্যে রেখেছেন ১৩৫ টাকা তহশিলদার ও দফাদারদের মাইনে হবে।

আমরা রাস্তা করেছি, এবং গ্রামের মানুষদের জন্য আরও রাস্তা করা হবে। ৫০ হাজার মাইল রাস্তা তৈরি হবে এই পঞ্চায়েতের মাধ্যমে। গ্রামে ৯টি টিউবওয়েল তৈর হয়েছে,—পুরুলিয়া জল কষ্টের জন্য আপনাদের কোনও মাথা ব্যাথা ছিল না, আমরা সেখানে কষ্ট দূর করার জন্য চেষ্টা করেছি—আমরা গ্রামের মানুষদের জন্য ৫৬ হাজার নূতন টিউবওয়েল করেছি এবং আরও কিছু করা হবে। সুতরাং পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে দাবি উত্থাপন করেছেন সেই দাবি কিন্তু সমর্থন করতে পারছি না। প্রথমেই আমি একটা কথা বলতে চাই যে আমাদের মন্ত্রী মহাশয় কে দেখে মাঝে মধ্যে দুঃখ, করুণা জাগে তার কারণ তিনি যখন মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করলেন তখন বহরমপুরে একটা দৃশ্য দেখলাম এখানে তাঁকে কেউ বলে দেবব্রত দা, কেউ বলে দেবু দা, এই নাম আগে আমি জানতাম না। শুনলাম মন্ত্রী হিসাবে শপথ নেবার পর বহরমপুর খোল কর্তাল নিয়ে দেবু দা দেবু দা করছে। তার কারণ তিনি ভাল মানুষ, ভালো মানুষ হিসাবে তাঁর পরিচয় ছিল। তিনি পঞ্চায়েত দপ্তর পেয়েছেন, দেশের জন্য তিনি ভাল কাজ করবেন, এই জন্য সেদিন আনন্দ হয়েছিল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুঃখ এবং করুণা হয় এই জন্য যে এমন একজন ভালো মানুষ এমন একটা দলের কবলে পড়লেন যার ফলে তিনি মন্দ হয়ে যাচ্ছেন, তার কারণ পঞ্চায়েত ভালো বলে কিছু নেই। কিছুদিন আগে বহরমপুরে আধা মন্ত্রী এবং পূর্ণ মন্ত্রীর আলোচনা হচ্ছিল। আমাদের জেলাতে একজন আধা মন্ত্রী আছেন এবং একজন পূর্ণ মন্ত্রী আছেন। পূর্ণ মন্ত্রী হচ্ছেন দেবব্রত বন্দ্যোপাধ্যায়, ভাল মানুষ, যাঁর মন্ত্রী হবার সময় বন্দনা হচ্ছিল। এখন দেখছি তিনি পঙ্গু মন্ত্রীতে পরিণত হয়েছেন। যিনি তাঁকে পূর্ণ মন্ত্রী বলবেন তিনি দেশের কাছে অপরাধী বলে সাব্যস্ত হবেন। তাঁর বিরুদ্ধে বলার কিছু নেই, অতীতে তাঁর অনেক কথা শুনেছি সেদিন পশ্চিম দিনাজপুর সম্পর্কে পূর্ণ মন্ত্রী হিসাবে বক্তৃতা করলেন, জ্যোতি বাবু বললেন ও আবার কে? জ্যোতি বাবুর ক্যাবিনেটের একজন পূর্ণ মন্ত্রী তিনি, দেবু বাবু যদি সেকথা মেনে নেন তাহলে তাঁকে পঙ্গু মন্ত্রী ছাড়া আর কি বলা যেতে পারে? বহরমপুরে যে হকার্স অ্যাশোসিয়েশন আছে দেবু বাবু তার সভাপতি। বর্তমান সরকার সেখানে হকার উচ্ছেদ করছেন, সেই নিয়ম অনুসারে বহরমপুরে হকারদের রাত্রি বেলায় ঘরবাড়ি ভাঙ্গছে এস পি, ডি এম'র উপস্থিতিতে। সৌভাগ্যক্রমে পঙ্গু মন্ত্রী বলি, লোকে তাঁকে এই কথা বলছে, তিনি বহরমপুরে উপস্থিত ছিলেন। হকাররা তাঁদের সভাপতির কাছে গেলেন, গিয়ে বললেন আমাদের পুনর্বাসনের ব্যবস্থা না করে বামফ্রন্ট সরকার অতর্কিতে রাত্রি বেলায় এইভাবে আমাদের ঘরবাড়ি ভেঙ্গে দিচ্ছে, এটাকে বন্ধ করতে হবে। তিনি যেতে পারলেন না, তিনি ডি এম-কে চিঠি লিখে দিলেন। ডি এম বললেন সরকারি সিদ্ধান্ত মন্ত্রীর চিঠিতে বন্ধ করতে পারি না, আমি আমার কাজ চালিয়ে যাব। এইভাবে একজন পূর্ণ মন্ত্রীর চিঠিকে যদি জেলা প্রশাসক অমান্য করেন তাহলে তাঁর মন্ত্রিত্বের অস্তিত্ব কোথায় সেটা তাঁর কাছে আমার

জিজ্ঞাস্য। আর একটা ঘটনার কথা বলি—বন্যার সময় দেখেছিলাম এবারকার একজন আধা মন্ত্রী আমাদের রঘুনাথগঞ্জ ২ নং ব্লকে গেলেন। আমরা দেখলাম মন্ত্রীর গাড়ির সামনে পুলিশের গাড়ি সাইরেন বাজাতে বাজাতে যাচ্ছে। তিনি ফর্মান জারি করে এলেন যেখানে কংগ্রেস (আই) প্রধান আছে সেখানে ত্রাণ সামগ্রী বিলি বণ্টনের জন্য এ আর ও নিয়োগ কর। তার ২/৩ দিন পরে রবিবার ছিল, সেদিন দেবব্রত বাবু ঐ এলাকা পরিদর্শন করতে যান, সৌভাগ্যক্রমে আমি তাঁর সঙ্গে দেখা করি। আমি বি. ডি. ও অফিসে বললাম এই অবস্থা হচ্ছে, একটা নিয়মে কাজ চলতে থাকুক। একজন পূর্ণ মন্ত্রী হিসাবে যিনি শপথ গ্রহণ করেছেন তাঁর গাড়ি চলছে, সেখানে পুলিশের গাড়িতে সাইরেন নেই, মন্ত্রিত্বের কোনও নিশানা নেই, আর ২ দিন আগে একজন আধা মন্ত্রীর গাড়ির সামনে পুলিশের গাড়িতে সাইরেন বাজছে। এই রকম ব্যবস্থা কেন? কংগ্রেস (আই) প্রধান বলে বিলি বণ্টন এক রকম হবে, আর সি পি এম প্রধান বলে আর এক রকম বিলি বণ্টনের ব্যবস্থা থাকবে, এটা কেন হবে? একই নিয়মে সমস্ত কাজ করতে হবে।

[4-20 – 4-30 p.m.]

আমি এই ধরনের দাবি রেখেছিলাম। আমি তো একটা পঞ্চায়েতের কথা বলেছি কিন্তু যেখানে কংগ্রেস (আই) গ্রাম পঞ্চায়েত প্রধান আছে তাদের সব শেষ করে দিলেন। এই তো মন্ত্রী এই জন্যই আমি তাকে পঙ্গু মন্ত্রী বলেছি, আমি এই মন্ত্রীর যে ব্যয় বরাদ্দের দাবি সেটা সমর্থন বা বিবেচনা করা যায় কি না সেটা দেখুন। সেটা যায় না। ওরা আজকে বারবার বলছেন যে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পে কেন্দ্রীয় সরকার গম দিচ্ছে না টাকা দিচ্ছে না। কেন্দ্রীয় সরকার বলেছেন যে টাকা এবং গমের সঠিক হিসাব না দিলে অর্থ বা খাদ্য বরাদ্দ করা হবে না। এখানে মহাদেব বাবু বলেছেন যে আমরা শতকরা ৯০ ভাগের হিসাব দিয়েছি। কিন্তু সে হিসাব ভুল। আমি জিজ্ঞাসা করি এই অসত্য হিসাব আপনারা কোথায় পেলেন? অর্থমন্ত্রী মহাশয় বাজেট আলোচনার সময় এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে অসত্য কথা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের হিসাব দেওয়া হয়েছে। সেই হিসাব ভুলে ভরা—ভুল তথ্যে ভরা, যেটার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। মাননীয় জনতার সদস্য শ্রী জন্মেজয় বাবু যে কথা বলেছিলেন যে, সমস্ত পশ্চিমবঙ্গে যদি জেলা পরিষদগুলি হিসাব না দিয়ে থাকে, অধিক পঞ্চায়েত যদি হিসাব না দিয়ে থাকে তাহলে মাত্র কয়েকটি জেলা পরিষদ ঐ তিনটা না কটা হিসাব দিয়েছে—বাকি জেলা পরিষদ কোনও হিসাব দেয়নি, গ্রাম পঞ্চায়েত হিসাব দেয়নি—তাহলে কিসের ভিত্তিতে আপনারা হিসাব দিলেন? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের জেলার কথা বলছি। আমি আরও জিজ্ঞাসা করছি যে, আজকে গ্রাম পঞ্চায়েতের প্রধানদের হাতে কত টাকা থাকতে পারে তার তো একটা লিমিট আছে? ২৫০ টাকা কি ৩০০ টাকা থাকতে পারে। আমি সেখানে একটা মোটামুটি হিসাব পড়ছি। সেখানে লেফ্‌ট গভঃ আসার পর সেখানে হাজার হাজার টাকা এক একজনের হাতে রয়েছে এই টাকা তাদের কাছে মজুত থেকে যাচ্ছে। কি করে আপনারা আজকে সেখানে

মোটামুটি হিসাব দিতে পারেন? আমি হিসাব দিচ্ছি সেটা যাচাই করে দেখবেন যদি অসত্য হয় আমি চ্যালেঞ্জ করছি, ১.১.৮১ তারিখে আমি ফিগার দিচ্ছি ভগবানগোলা—১ নং ব্লকে ৬,৯৫৫.৫৭ ক্যাশ ইন হ্যাণ্ড রয়েছে তারপর ভগবানগোলা মহিষথলিতে ৭০ হাজার ১৩৫ টাকা ৬৭ পয়সা তারপরে আবার আসুন বেলডাঙ্গা টু তে—রামতারা ২ নং গ্রাম পঞ্চায়েতে ১২২৬৪ টাকা ৬৮ পঃ এবারে আসুন ভগৎপুর টু ও জিয়াবতপুর ১৮ হাজার ৪৩ টাকা, খড়গ্রামে পঞ্চায়েত সেখানে ১৫ হাজার ৪১৫ টাকা। এই ভাবে এত নাম বলতে গেলে আমার সময়ে কুলবে না আমি কয়েকটা নামই করেছি। এত টাকা গ্রাম পঞ্চায়েতের কাছে মাসের পর মাস বছরের পর বছর পড়ে আছে। কোন বেসিসে আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে হিসাব পাঠালেন সেটা জানতে চাই। একটা গ্রাম পঞ্চায়েতের নাম আমি করছি যেখানে বছরের পর বছর এই ধরনের টাকা পড়ে আছে। ভগবানগোলা ১, যে মহিষথলি গ্রাম পঞ্চায়েত আছে সেখানে ৩১.১.৮১ তারিখে ১৭৯৩৫ টাকা জমা আছে। সেখানে হাতে জমা ব্যাঙ্কে নয় ৩০.৩.৮০ তারিখে সেই ভদ্রলোকের কাছে ২৫ হাজার ৫১৪ টাকা আছে, আবার আসুন ২০.৫.৮০ তারিখে ২৭ হাজার ৮৩৩ টাকা, আরও বেশি টাকা ছিল। আমি যে এই হিসাব এর কথা বললাম এই যে টাকা গ্রাম পঞ্চায়েতের কাছে আছে বার-পনের-কুড়ি পঁচিশ পঁয়ত্রিশ ইত্যাদি সব যদি থেকে থাকে এবং খাদ্য শস্য যদি মজুত থাকে তাহলে কিসের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা সঠিক হিসাব পাঠালেন সেটা স্বভাবতই প্রশ্ন থেকে যায়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি ডিলারের কথা বলব ভগবানগোলা ব্লক১ মহম্মদপুর গ্রাম পঞ্চায়েতের সোলেমান মণ্ডল নামে একজন এম. আর ডিলার রয়েছেন তার কাছে ৭৯ সালের ফেব্রুয়ারি-মার্চে—৬২ কুইন্টাল গম মজুত ছিল। তাকে কোন টোকেন দেওয়া হয়নি সেই গম খেয়ে যাচ্ছে। তাদের সেখানে কোন রকম টোকেন দেওয়া হয়নি, ডিস্ট্রিবিউশন হয়নি অথচ সেই গম পোকাতে খেয়ে নিল। বহু আবেদন নিবেদন করার পর ১৯৭৯ সালের শেষের দিকে ২০ কুইন্টাল গম বিলি করা হল এবং এখনও তাদের কাছে প্রায় ৩০ কুইন্টাল গম মজুত রয়েছে। সেই গম মানুষ কেন, কোনও বন্য পশুতেও স্পর্শ করতে পারেনা। স্যার, এই হচ্ছে গ্রাম পঞ্চায়েতের অবস্থা। আমার ওখানে ইসমাইল বিশ্বাস এবং অনিল কোলের ঠিক এরকম ভাবে গম মজুত রয়েছে। জনসাধারণ আবেদন করেছেন বলেছে কিছু গম আমাদের দিন, কিন্তু আশ্চর্যের বিষয় সেই গম পোকাতে খেয়ে নিল অথচ তাদের মধ্যে বিলি করা হলনা। তারপর, স্কুলের ইলেকশনে তিনি একজন প্রার্থী হয়েছিলেন এবং সি. পি. এম প্রার্থীকে পরাজিত করে নির্বাচিত হয়েছিলেন এই অপরাধে তাঁকে বলা হল ১৬ আনা গম তোমাকে দিতে হবে। এই নির্বাচনে কংগ্রেস (আই) প্রার্থী পঞ্চায়েত সমিতির সদস্যকে গোহারা হারিয়েছিলেন এবং সেই অপরাধে বলা হচ্ছে তোমাকে ১৬ আনা গম দিতে হবে। বছরের পর বছর কেটে গেল, পোকায় খেয়ে নিল, নষ্ট হল এবং তারপর তাঁর উপর নোটিশ জারি করা হচ্ছে। আমি জানতে চাই, আপনারা কিসের ভিত্তিতে কেন্দ্রের কাছে হিসেব দিয়েছেন? মাননীয় সদস্য মহাদেববাবু যেকথা বলেছেন তারজন্য তাকে আমি সাধুবাদ দিচ্ছি। গ্রামীণ অর্থনীতিতে তাঁরা যে গান্ধীবাদকে মেনে নিয়েছেন, মার্ক্সবাদ মেনে

নেননি, গ্রামীণ অর্থনীতিকে তাঁরা জোরদার করতে চাচ্ছেন তারজন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। তবে কিভাবে এই অর্থনীতিকে স্বাবলম্বী করতে চলেছেন, কিভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করছেন, কিভাবে বিকেন্দ্রীকরণ করছেন তার উদাহরণ আমি দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা গণতন্ত্রের নামে এই পঞ্চায়েতের মাধ্যমে আজকে গ্রামাঞ্চলে অগণতান্ত্রিক কাজ করে স্বৈরতন্ত্র মতবাদকে সুপ্রতিষ্ঠিত করতে চলেছেন। আমি মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি, বহরমপুরে আপনার কাছে রঘুনাথগঞ্জ ২ নং ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং মেম্বারগণ এসেছিলেন, আপনার শরণাপন্ন হয়েছিলেন। ঘটনা হচ্ছে, গ্রাম পঞ্চায়েত নির্বাচনে যিনি সি পি এম সমর্থিত প্রার্থী ছিলেন তিনি একজন প্রভাবশালী লোক, বড় জোতদার, তিনি একজন প্রাক্তন এম এল এ, তাঁর ৩ তলা বাড়ি আছে—কিন্তু তাঁকে কংগ্রেস (আই)-র দিনখাটা, খেটে খাওয়া মানুষ ওই নির্বাচনে পরাজিত করলেন। তিনি গণতান্ত্রিক পথে নির্বাচিত হলেন, কিন্তু জ্যোতিবাবুর গণতন্ত্র সেটা মেনে নিতে পারলেন না এবং তাঁকে উতখাৎ করবার জন্য তার উপর নির্যাতন শুরু হল। প্রথম মিটিং—এই গ্রাম পঞ্চায়েতের প্রধানের পদত্যাগপত্র জোর করে লিখে নেবার জন্য তাঁকে মারধোর করা হল, জামা কাপড় কেড়ে নিল, তাঁর সাইকেল কেড়ে নিল এবং তারপর বাড়ি থেকে টেনে নিয়ে এসে অকথ্য নির্যাতন করা হল। আজকে সেই গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং রাজ্য কংগ্রেস (আই)-র সদস্যরা গৃহহারা হয়েছে। তাঁরা আপনার কাছে বিচার পেতে এসেছিলেন, তাঁরা বলেছিলেন আমরা গণতান্ত্রিক পথে নির্বাচিত হয়েছি, আমাদের আপনি রক্ষা করুন। শুধু তাই নয়, তাঁরা আরও বলেছিলেন, আমরা গণতান্ত্রিক পথে নির্বাচিত হয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করতে চাই, আমরা নিরাপদে নিজেদের বাড়িতে থাকতে চাই, আপনি ব্যবস্থা করুন। কিন্তু দুঃখের বিষয় মন্ত্রী মহাশয় আজও পর্যন্ত তাঁদের জন্য কোন ব্যবস্থা করতে পারেননি। এটা কি গণতন্ত্রের নজির? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্নীতি সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে এবং মন্ত্রী মহাশয় বলেছেন, গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে স্কুলের জন্য অনেক কাজ করা হয়েছে। এঁরা কি কাজ করেছেন সেটা আমি বলছি। সুতি ১ নং ব্লকে পঞ্চায়েত সমিতির মাধ্যমে যে সমস্ত স্কুল করা হয়েছে আমি সে সম্বন্ধে বলছি। আপনাদের দলের লোক আসরাবুদ্দীন সোনারপুর, নদাই, বেথুয়াতে প্রাইমারি স্কুল নির্মাণ করলেন এবং প্রতিটি স্কুলে ১৮ হাজার টাকা ব্যয় করলেন। কিন্তু দেখা গেল ঝড় নেই, বৃষ্টি নেই, বাতাসে গাছের একটা পাতাও নড়ল না অথচ তাঁর ওই ১৮ হাজার টাকা ব্যয় করা স্কুল পড়ে গেল।

[4-30 – 4-40 p.m.]

যদি দয়া করে—আপনি তো যান মাঝে মধ্যে, যদি মন্ত্রী মহাশয় দয়া করে আমাকে নিয়ে যান, রাস্তার ধারেই রয়েছে আপনার পঞ্চায়েত কেমন স্কুল তৈরি করেছে দেখবেন। এই ২নং ব্লকে পঞ্চায়েত সমিতির সভাপতি, সি. পি. এম.র তিনি গ্রামে একটা প্রাইমারি স্কুল ১৮ হাজার টাকা ব্যয় করে করলেন এবং সেখানকার জনসাধারণ সেই কাজ যেভাবে হয়েছে তা তদন্ত করবার জন্য আপনাকে চিঠি দিয়েছে কিন্তু তদন্ত করা হয়নি। তারা যেকথা আপনাকে

বলেছে তার একটা কপি আমার কাছে আছে আমি তা দিতে পারি। তারপর ঐ সূতী ২নং পঞ্চায়েত সমিতিতে একটা প্রাইমারী স্কুল তৈরি করলেন। স্কুল তৈরি হবার সঙ্গে সঙ্গে পরে ১৯/৩/ ৮১ তারিখে—খোঁজ নিয়ে দেখুন সেদিন আবহাওয়াটা কেমন ছিল, ঝড় বৃষ্টি ছিল কিনা, জোর হাওয়া ছিল কিনা, এই রকম শুষ্ক আবহাওয়ার মধ্যে ঐ স্কুলটা একেবারে ধূলিসাৎ হয়ে গেল। এই হল আপনার পঞ্চায়েতের নির্বাচিত সদস্যদের দ্বারা নির্মিত স্কুল তৈরি করার নমুনা। তারপর ফারাক্কায় আলীনগরে সি পি এম-এর সভাপতি কলিমুদ্দিন ১৮ হাজার টাকা ব্যয় করে তা অর্ধ সমাপ্ত থেকে গেল এবং তারপর তা উলটে পড়ে গেল। ঐ স্কুলে এখন টাকা নেই বলে আর সে স্কুলটা হবেনা। এই সব স্কুলের ছেলেমেয়েরা, আজকে স্কুল ঘর নেই অথচ আজকে জনসাধারণের হাজার হাজার টাকা পঞ্চায়েত সমিতির হাতে তুলে দিয়ে এই সব দুর্নীতি করে, তাদের গাছের তলায় বসিয়েছেন। আজকে ফুটপথে বসে তারা শিক্ষা গ্রহণ করছে এবং এই পরিবেশে তারা কতদূর শিক্ষিত হবে তা আপনাকে চিন্তা করতে বলি। আর একটা কথা বলি, সারা পশ্চিম বাংলায় এখন সি পি এম আমার এলাকার ব্লকেও, কাঁকিনাড়া গ্রাম পঞ্চায়েতে পঞ্চায়েত প্রধান এমন স্কুল তৈরি করলেন যে কোন হাওয়া বাতাস নেই অথচ সেই স্কুল উল্টে পড়ে গেল। আসলে এই স্কুলের সিমেন্টে প্রধান মহাশয়ের দোতলা বাড়ি হয়ে গেল। আপনি এটা অনুসন্ধান করবেন কি? সেই স্কুল ঘর উলটে পড়ে গেল কেন এবং প্রধানের বাড়িটা কোথা থেকে তৈরি হল এটা কি তদন্ত করে দেখবেন? এই সমস্ত ব্যাপারে আজকে প্রমাণ হয়ে যাচ্ছে যে আজকে পঞ্চায়েতের মাধ্যমে দুর্নীতিকে ওরা কায়েম করতে চাচ্ছেন একথা স্বীকার করতেই হবে। হয় আপনাকে স্বীকার করতে হবে—আপনার সদিচ্ছা আছে, আপনি ভাল মানুষ অস্বীকার করবোনা, আপনার যে সুনাম ছিল সেটা নষ্ট করতে চাই না, আজকে তাই আপনাকে মেনে নিতে হবে যে, হে বিপন্ন [illegible] আপনার সদিচ্ছা থাকলেও আপনার করবার কিছু নেই, যদি আপনি না মানেন [illegible] আপনাকে স্বীকার করে নিতে হয় আপনি দুর্নীতির মাস্টার। আজকে পঞ্চায়েতের অধিকর্তা হয়ে একটা পঞ্চায়েত একটার পর একটা দুর্নীতি করে যাবে সেইসব দুর্নীতির প্রতিকার আপনি করতে পারবেন না বা প্রতিকার করবেন না, আপনি দুর্নীতির মাস্টার একথা আপনাকে মেনে নিতে হবে। আজকে আপনি পঞ্চায়েত সমিতির গণতন্ত্র কেমন সেকথা বলেছেন, একটু দেখুন কিভাবে হচ্ছে। পঞ্চায়েতগুলিকে আপনি পঙ্গু করে দিয়েছেন। গণতন্ত্রে আজকে কংগ্রেস (আই)র যেখানে প্রধান আছে—এক কথায় আসি, পি. এম., যেখানে প্রধান রয়েছে সেখানে গ্রাম পঞ্চায়েতের কোনও কাজ করার সুযোগ নেই। আজকে বিভিন্ন সংস্থা রয়েছে যারা পঞ্চায়েতের মাধ্যমে কাজ করতে চায়। আপনি দেখবেন যে মিনিকিট গিয়েছে পঞ্চায়েতে, যেখানে কংগ্রেস প্রধান রয়েছে, তারা নির্বাচিত সদস্য, গণতন্ত্র মেনে নিয়েছেন, গণতন্ত্রের উপর নির্ভর করে নির্বাচিত হয়েছেন, আজকে তারা মিনিকিটের তালিকা করতে পারেনা, তারা আজকে মিনিকিট বণ্টন করতে পারেনা। আজকে পঞ্চায়েত সমিতির যারা অসদস্য তারা বিলি করবে কিন্তু নির্বাচিত সদস্যরা বিলি করতে পারবেনা। আজকে হাউস বিল্ডিং গ্রান্টের তালিকা কে করবে, না পঞ্চায়েতের সদস্যরা করবে। আজকে

সি. পি. এম.র সদস্যয়া করবে কিন্তু কংগ্রেস (আই)র সদস্যরা করতে পারবেনা একথা অস্বীকার করবেন? আমার কাছে সার্টিফায়েড কপি রয়েছে। আপনি যে সমস্ত গৃহ নির্মাণ করেছেন পঞ্চায়েতের মাধ্যমে, আপনি বাজেটে বলেছেন গ্রাম পঞ্চায়েতের গৃহ নির্মাণ প্রকল্প রূপায়ণের জন্য নিম্ন লিখিত সদস্যদের লইয়া কমিটি গঠন করা হল—শিস মহম্মদ, শাজাহান বিশ্বাস, জহর সরকার, আতোয়ার শেখ, আব্দুর রহিম, এটা হচ্ছে রঘুনাথপুর ৩নং ব্লকে। গ্রাম পঞ্চায়েতে যে সমস্ত নির্বাচিত প্রতিনিধি রয়েছেন, তাঁরা কাজ করতে পারেননা, যেহেতু তাঁরা অন্য দলের। কিন্তু সাজাহান বিশ্বাস গ্রাম পঞ্চায়েতের সদস্য আছেন, জহর সরকারও আছেন, তাঁরা যেহেতু সি পি এম সদস্য সেজন্য কাজ করতে পারবেন। আমাদের কংগ্রেস (আই) সদস্যের কথা বাদ, কিন্তু অবস্থাটা দেখুন, আব্দুর রহিম, শিস মহম্মদ, এঁরা কিন্তু কোনও পার্টির সদস্য নয়, কোনও গ্রাম পঞ্চায়েত সদস্য নয়, অথচ এদের বেনিফিশিয়ারী কমিটির সদস্য করা হয়েছে তেঘরী গ্রাম পঞ্চায়েতে গৃহনির্মাণ প্রকল্প রূপায়ণের জন্য। গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত যে প্রতিনিধি, তাঁদের কাজ করবার সুযোগ নাই, আপনাদের কমরেডদের নিয়ে সেই কমিটিকে রেখে কাজ করাচ্ছেন। এটা আমি গণতন্ত্র বিকেন্দ্রীকরণ যে কিভাবে করছেন, তার নজির হিসাবে তুলে ধরছি। এভাবে নাম করতে গেলে অনেক সময় লাগবে বলে আর বেশি নাম করতে চাইনা। সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতে গৃহনির্মাণ প্রকল্প রূপায়ণের জন্য গণপতি মণ্ডল এবং এসরাফল হককে বেনিফিসিয়ারি কমিটিতে নেওয়া হয়েছে, এরা কিন্তু কোনও নির্বাচিত সদস্য নয়, অথচ এদের নিয়েই কাজ করাচ্ছেন। এইভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চাইছেন। আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি দেখুন কোন প্রতিকারের ব্যবস্থা করতে পারেন কিনা এবং দুর্নীতি দুর করতে পারেন কিনা (লাল আলো জ্বালানো হয়) স্যার, আমাকে আরও একটু সময় দিতে হবে, আমার আরও অনেক কথা বলার আছে। জেলা পরিষদের কথা বলেছেন, জেলা পরিষদের মাধ্যমে অনেক কাজ করছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করতে পারি কি জেলা পরিষদের কাজ করবার নিয়ম কিছু আছে কিনা? কত টাকা পর্যন্ত সভাপতি এবং সহসভাপতি কাজ করতে পারেন? আমি মুর্শিদাবাদ জেলা পরিষদের কথা বলছি, সহ-সভাপতি লক্ষ লক্ষ টাকার কাজ, কন্ট্রাক্ট কমরেডদের দিয়ে করাচ্ছেন এবং এতে করে বহু টাকা আত্মসাৎ করেছেন। আপনার উপর শ্রদ্ধা থাকবে। যদি এই রকমভাবে বেনিয়ম কাজ, দুর্নীতি চলতে থাকে। এই যে চিত্র বলতে গেলে সারা পশ্চিম বাংলারই এই চিত্র, এর প্রতিকারের চেষ্টা নিতে হবে, এটাই আমি মাননীয় মন্ত্রীকে স্মরণ করতে বলি। আপনি কি কেন্দ্রের নির্দেশ মানেন? তিনি কি জানেন কেন্দ্রের কাছে এই সব দুর্নীতির খবর রয়েছে? আপনি আজকে পঞ্চায়েতের মাধ্যমে দুর্নীতি কায়েম করে দলবাজি করে দেশের অর্থনৈতিক বুনিয়াদকে চুরমার করতে চাচ্ছেন—এই খবর কেন্দ্রের কাছে আছে। আপনারা কেন্দ্রের কাছ থেকে টাকা নিয়ে দুর্নীতি করবেন? কেন্দ্রের কোন দায়িত্বশীল সরকার এটা মেনে নিতে পারেননা। কেন্দ্র নিশ্চয়ই টাকা দিবেন পশ্চিম বাংলার খেটে খাওয়া মানুষদের বাঁচাবার জন্য, কিন্তু যে টাকা দিচ্ছেন তার হিসাব ঠিক ঠিক দিতে হবে।

[4-40 – 4-50 p.m.]

কেন্দ্রীয় সরকার বলেছেন নিশ্চয় আমরা দায়িত্ব নিয়ে আছি গ্রামবাংলার মানুষদের খেটে খাওয়া মানুষদের আমরা সাহায্য দিয়ে যাব অনুদান দিয়ে যাব। কিন্তু তা সদ্ব্যবহারের দায়িত্ব পশ্চিমবাংলা সরকারকে নিতে হবে। কিন্তু আপনারা স্টিয়ারিং কমিটি করলেন সেখানে জেলা শাসককে নেতৃত্ব না দিয়ে সভাধিপতিকে নেতৃত্ব দিলেন। ৯ জন অফিসারকে নিয়ে স্টিয়ারিং কমিটি করলেন এবং এখানে একটা দুর্নীতির আড্ডাখানা তৈরি হল। আজকে সেখানে একটার পর একটা দুর্নীতি হয়ে যাচ্ছে। আপনারা সভাধিপতির নেতৃত্বে ৮ জন সরকারি কর্মচারিকে নিয়ে স্টেয়ারিং কমিটি করবেন। এবং এটাও ঠিক করলেন যে সভাধিপতি দরকার হলে মনে করলে আরও সদস্য নিতে পারবেন। সেখানে নির্বাচিত প্রতিনিধিরা স্থান পাবেন না সেখানে কংগ্রেস-ই সদস্যরা স্থান পাবেন না। আমি অভিযোগ করছি এবং দুর্নীতি ধরিয়ে দেবার দায়িত্ব নিচ্ছি—কিন্তু আমাদের সেখানে সদস্য করা হবে না। আপনারা আপনাদের সভাধিপতিকে ক্ষমতা দিচ্ছেন। এবং এই সব করে আপনি দুর্নীতি আরও প্রশ্রয় দিচ্ছেন এই কথা আমি মন্ত্রী মহাশয়কে ভাল করে ভেবে দেখতে অনুরোধ করি। আপনার এই স্টিয়ারিং কমিটিকে সংকোচন করবার চেষ্টা করুন। আপনি জমি বিলি বণ্টন করার ভার পঞ্চায়েতকে দিয়েছেন। এবার বলি কি করে জমি বিলি বণ্টন হচ্ছে মালদা জেলায় চাঁচর ব্লকে মালতিপুর থেকে চাম্পাই পর্যন্ত একটা রওড়া রাস্তা আছে। সেই রাস্তায় আপনাদের নেতৃত্বে আবাদ শুরু হয়ে গেছে। সেখানকার গাছগুলি কেটে বিক্রি করে দেওয়া হল। এবং সেই টাকা পঞ্চায়েতের তহবিলে ঢুকল না প্রধানের পকেটস্থ হল। মাইলের পর মাইল চওড়া রাস্তায় আবাদ করা হোল মানুষের চলাচল বন্ধ করে দিয়ে। এইভাবে জমি বিলি বণ্টন করবেন? কালিয়াচকের দুজন সি. পি. এম প্রধানের বিরুদ্ধে স্থানীয় এম. এল. এ অভিযোগ করল যে তারা হাউস বিল্ডিং গ্রান্ট প্রচুর পরিমাণে আত্মসাৎ করেছে। তার কোনও রকম ব্যবস্থা আপনি করেননি। এই সব কথা মন্ত্রী মহাশয়কে না বললে চলে না। এই কথা বলতে গেলে জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি বহু গৃহ নির্মাণের অর্থ মিনিকিট হোক আর যাই হোক বেনামীতে তারা আত্মসাৎ করেছে। সেই সব জিনিস যাদের নামে ড্র করা হয়েছে, আসল লোক যদি সেটা পেত তাহলে খুশি হতাম—কিন্তু তা না হয়ে তাদের নামে টাকা বের করে তারা আত্মসাৎ করেছে আমি মাত্র এই কয়েকটি অভিযোগ রাখলাম। এবং এই অভিযোগগুলি যদি অসত্য বলে মনে করেন তাহলে আপনাকে একটা অনুরোধ করি যে আপনি একটা অনুসন্ধান কমিটি করুন সর্বদলীয় লোক নিয়ে এবং অদ্যাবধি এই সমস্ত বিষয়ে আপনারা যেসব টাকা দিয়েছেন সে গৃহ নির্মাণের জন্যই বলুন বা অন্য যে কোন ব্যাপারেই হোক সেটা যথাযথ ব্যক্তির কাছে পৌছেছে কিনা সেটা দেখতে পাবেন। যোগ্যতা থাক বা না থাক তাদের নাম এনলিস্টেড হয়েছে এবং তাও সেই টাকা তাদের পাতে পড়েছে কিনা তাদের হাতে পড়েছে কিনা এটা তদন্ত করুন। আজকে দুর্নীতি কিভাবে হচ্ছে তা আপনি অনুমান করতে পারেন। আপনারা বলেন আমাদের আমলা তন্ত্রের দিকে নজর নেই। আপনারাই স্লোগান দেন আমরা

সমতা আনতে চাই। এই বিষয়ে পে কমিশন বসেছে। সে সম্বন্ধে আপনারা ঘোষণা করতে যাচ্ছেন। তাই সে সম্বন্ধে কিছু বলতে চাচ্ছি না। কিন্তু আপনাকে পঞ্চায়েত মন্ত্রী হিসাবে এই কথা বলতে পারি যে এই সব চৌকিদার যারা কম বেতনভুক্ত লোক যারা আপনার দপ্তরের পাশে বসে আছে তাদের আজ পর্যন্ত চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে গণ্য করতে পারলেন না। অথচ আপনারা নিজেদের মেহনতি মানুষের দরদী বন্ধু বলে পরিচয় দেন। কংগ্রেসি সরকার এদের সরকারি কর্মচারী হিসাবে গন্য করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছিলেন, কিন্তু সেই সিদ্ধান্ত তাঁরা নিতে পারেন নি বা নেবার সুযোগ পাননি। এই সচিবদের সরকারি কর্মচারী হিসাবে স্বীকৃতি দিতে পারলেন না। তাদের দিয়ে আপনারা দুর্নীতির হিসাব করিয়ে নেবেন কিন্তু তাদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করবেন না, এটা কখনও চলতে পারে না। চৌকিদার দফাদার, তারা অত্যন্ত নিম্ন শ্রেণীর কর্মচারী তাদের চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবেও আপনারা গণ্য করতে পারলেন না। অথচ আপনারা যারা আমলা, তাদের আপনি মাইনে বাড়িয়ে দিচ্ছেন, কয়েকদিন বাদেই পে কমিশনের রিপোর্ট বেরোবে, তাদের মাইনে অনেক বেড়ে যাবে। আর একটা কথা বলি, আপনারা যতই বি. ডি. ও. এবং অ্যাডিশনাল ডি. এম. এর পোস্ট ক্রিয়েট করুন না কেন, জেলা অধিকর্তা নিয়োগ করুন না কেন, আপনারা কিছুই করতে পারবেন না। আমি একটা উদাহরণ দিচ্ছি, আহীরণ ব্লকে সি. পি. এম. প্রধান ৫ হাজার টাকার ক্যাশ তছরূপ করল, গোটা ব্যাপারটা ধরা পড়ল। কিন্তু বি. ডি. ও., অ্যাডিশনাল ডি. এম. তারা এফ. আই. আর. করার সাহস পেল না। কারণ সেখানকার সি. পি. এম. গুণ্ডারা তাদের ধমক দিয়ে সাবধান করে দিল। সেই দুর্নীতিগ্রস্ত প্রধানের বিরুদ্ধে বি. ডি. ও. কিছু করতে পারলেন না। মাননীয় মন্ত্রী মহাশয় কি এই খবর জানেন? আপনাদের দলের খবর আপনি রাখতে পারেন না। এর পরও আপনি আপনার দপ্তরের ব্যয় বরাদ্দ দাবি করবেন, আর আমরা তা অনুমোদন করব তা কখনও হতে পারে না। সুতরাং মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন এই সব কারণে আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি তা সমর্থন করা আমার পক্ষে সম্ভব নয়।

[4-50 – 5-00 p.m.]

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে পুরোপুরি সমর্থন করে ২/৪টি কথা বলতে চাই। আপনারা সকলেই অবগত আছেন যে দীর্ঘদিন ধরে কংগ্রেসিরা পঞ্চায়েত দখল করে নিজেদের একাধিপত্য কায়েম করে রেখেছিলেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ভাবলেন জনগণের মঙ্গল করতে হলে এখনই পঞ্চায়েত-এর নির্বাচন করা দরকার। তাই নির্বাচন করে ৩ স্তরে পঞ্চায়েত গঠন করা হল। জনগণের সমর্থনে পঞ্চায়েত গঠিত হল এবং তাদের হাতে প্রচুর ক্ষমতা দেওয়া হল। আমি নিজের অভিজ্ঞতার কথা বলছি। প্রথম প্রথম বিধানসভায় নির্বাচিত সদস্য হয়ে এসে বিশেষ অসুবিধায় পড়তে আরম্ভ করেছিলাম। কিন্তু পঞ্চায়েতের নির্বাচন হয়ে যাবার পরে সেই অসুবিধার খানিকটা সুরাহা হল। জনগণের কাজ সুষ্ঠুভাবে

শৃঙ্খলার সাথে আরম্ভ হল। পঞ্চায়েতের সদস্যরা নিজেদের এলাকা উন্নয়নের কাজ শুরু করে দিলেন এবং সরকার তাদের হাতে ক্ষমতা ও অর্থ দিতে আরম্ভ করলেন। তার ফলে পঞ্চায়েতের নব নির্বাচিত সদস্যরা গ্রাম বাংলা নতুন ভাবে পুনর্গঠনের কাজে সচেষ্ট হতে আরম্ভ করলেন। কিন্তু তবু আমি বলব পঞ্চায়েতের সদস্যরা অনেক জায়গায় হয়ত ভুল করছেন। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা যেখানে নির্বাচিত হয়ে আছেন সেখানকার পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের অনেক কাজ ব্যাহত হচ্ছে এবং গ্রাম বাংলা পুনর্গঠনের কাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব পঞ্চায়েতের কাজকর্ম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সেদিকে তিনি যেন একটু নজর দেন। তারা কোথায় কি টাকা খরচ করছে সেই হিসাব দেখার ব্যবস্থা যেন করেন এবং যে টাকা দিচ্ছেন সেই টাকা অনুযায়ী কাজ করতে না পারলে তাদের শাস্তি দেওয়ার ব্যবস্থা যেন করেন। এই কাজ কর্ম পরিদর্শনের জন্য একটা কমিটি থাকা দরকার, যাতে করে আমরা গ্রাম বাংলাকে নতুন ভাবে গড়ে তুলতে পারি। গ্রাম পঞ্চায়েতের সদস্য, পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি ও সদস্যদের শুধু অর্থ দিয়ে যদি আমরা চুপচাপ বসে থাকি এবং সরকার যদি চুপ করে বসে থাকেন, দেখাশুনার ব্যবস্থা যদি না করেন তাহলে তারা বছরের পর বছর টাকা আত্মসাৎ করবেন। কংগ্রেস আমলে তারা যা করেছেন তাই করে যাবেন। দেখাশুনা করার ব্যবস্থা করুন এবং তাদের উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করুন। পঞ্চায়েত নির্বাচনের পর এফ.এফ.ডব্লিউ. ওয়ার্ক — কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের কাজ শুরু হয়েছে, এটা সত্যিই উল্লেখযোগ্য ঘটনা। এর ফলে গ্রাম বাংলায় আমরা নতুন নতুন রাস্তা করতে পেরেছি এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে সক্ষম হয়েছি। বামফ্রন্ট সরকার দিনের পর দিন জনগণের হাতে ক্ষমতা তুলে দেওয়ায় বিরোধী পক্ষের সদস্যরা পঙ্গু হতে চলেছেন। গ্রাম বাংলার মানুষ বুঝতে শিখেছে যে, তাদের হাতে ক্ষমতা এসেছে। তাই উন্নয়নের যে সমস্ত প্রকল্প নেওয়া হয়েছে সেগুলি যাতে ভালভাবে পরিচালিত করতে পারেন সেটা আপনি লক্ষ্য রাখুন। এদিকে দৃষ্টি দিলে গ্রাম বাংলা পুনর্গঠনের কাজ তরান্বিত হবে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষমতা ও দায়িত্বের বিকেন্দ্রীকরণ ও গণমুখীকরণের যে মহান আদর্শে অনুপ্রাণিত হয়ে পঞ্চায়েতিরাজ বা গ্রাম স্বরাজের কথা ভাবা হয়েছিল দুঃখের বিষয় মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর বাজেট ভাষণের পর আমাকে বলতে হচ্ছে, সেই আদর্শ থেকে আজকে বামফ্রন্ট সরকার অনেক দূরে সরে এসেছেন। কেবলমাত্র জনগণের মধ্যে উৎসাহ, উদ্দীপনার সঞ্চার করতে পারেননি তাই নয়, কেবলমাত্র আকাঙ্খিত জনতার সহযোগিতা এবং সহকর্মী রূপে তাদের পাবার সুযোগ করতে পারেননি তাই নয়, আজকে পঞ্চায়েতের প্রত্যাশিত বিস্তার এবং উদ্দীপনার সঞ্চার করতেও তারা অক্ষম হয়েছেন, তাই তাদের উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়েছে বলেই ব্যক্তিগত ভাবে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৮ সালের জুন মাসে যখন বর্তমান বামফ্রন্ট সরকার পঞ্চায়েতে নির্বাচনের

ব্যবস্থা করলেন, ১৫ বছর পর ঘুমন্ত পঞ্চায়েতগুলিকে যখন জাগ্রত করতে চাইলেন তখন আমি এদের সাধুবাদ জানিয়েছিলাম। আশা করেছিলাম পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠার দিকে তারা ধীরে ধীরে অগ্রসর হচ্ছেন এবং পঞ্চায়েতিরাজের আদর্শকে তারা বাস্তবে রূপায়িত করবেন। কিন্তু আজকে বলতে দ্বিধা নেই যে, পঞ্চায়েতিরাজের আদর্শ, উদ্দেশ্য সম্বন্ধে তারা তত বেশি সচেতন নন যত সক্রিয়, সচেতন এই পঞ্চায়েতগুলিকে তাদের শক্তি প্রসারের, শক্তি প্রতিষ্ঠার কেন্দ্র রূপে ব্যবহার করত। আজকে গ্রাম বাংলাতে বামপন্থী বন্ধুদের শক্তি নিঃসন্দেহে সংহত, প্রসারিত, সুপ্রতিষ্ঠিত। তার কারণ, ঐ পঞ্চায়েতগুলিকে তারা সেই শক্তি প্রসারের কাজে ব্যয় করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন ১৯৭৮ সালে নির্বাচনের ডাক এরা দিয়েছিলেন তখন মনে একটা সন্দেহ দেখা দিয়েছিল, যে, যে সরকার একের পর এক সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি অধিগ্রহণ করছেন এবং তা করে শিক্ষার ক্ষেত্রে সম্পূর্ণ ভাবে গণতন্ত্রকে বিধ্বস্ত করতে চাইছেন সেই সরকার কেন অকস্মাৎ গণতন্ত্রের বাজনা পঞ্চায়েতের জগতে বাজাতে চাইছেন — এ বিষয়ে আমাদের মনে সন্দেহ দেখা দিয়েছিল। আমাদের সন্দেহ যে অমূলক নয়, নিতান্তই বিরোধী দলের কপত কল্পিত নয় তার প্রমাণ আজকে পঞ্চায়েতের মাধ্যমে বামফ্রন্ট সরকারের গ্রামাঞ্চলে প্রতিষ্ঠা। নিঃসন্দেহে পঞ্চায়েতিরাজ, গ্রাম স্বরাজের উদ্দেশ্য এটা হতে পারে না। দলের পর দল আসবে, সরকারের রং-এর পরিবর্তন হবে কিন্তু তথাপি গ্রামগুলি স্বয়ংভর হবে, গ্রামের মানুষের উপকার হবে, উন্নতি হবে, গ্রামে ক্ষমতা তারা ধীরে ধীরে নিজেদের কাজে ব্যয় করবে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ সম্পূর্ণ হবে — এই উদ্দেশ্যই পঞ্চায়েতিরাজের পেছনে ছিল। কিন্তু কোনও দলের ক্ষমতা প্রসারের কেন্দ্র রূপে সেগুলি ব্যয়িত হবে নিঃসন্দেহে সেই উদ্দেশ্য ছিল না। কাজেই উদ্দেশ্য থেকে আপনারা অনেক দূর সরে গিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই প্রসঙ্গটা একটু পরে আপনার কাছে বিস্তারিত ভাবে রাখব কিন্তু তার আগে এই পঞ্চায়েতিরাজ প্রসঙ্গে এক বন্ধুর একটি উক্তি উপস্থিত করছি। বন্ধু বলেছেন, একটু অদ্ভুত ভাবেই বলেছেন যে, এই পঞ্চায়েতিরাজ হচ্ছে ধোপার বাড়ির জামা। কথাটা একটু বিশ্লেষণ করা দরকার। ধোপা নিত্য নতুন পোষাক পরে, নানা রং-এর পোষাক পরে, মূল্যবান সমস্ত পোষাক পরে এবং তা নিয়ে সর্বদা পরিপাটি দেখাতে পারে কিন্তু কোনও পোষাকই তার নিজের পোষাক নয়। গৃহীরা কাচবার জন্য যে সব জামা তাকে দেন সে সেগুলি পরে পরে তার শৌখিন প্রবৃত্তি চরিতার্থ করে। ঠিক তেমনি ভাবে আমাদের পঞ্চায়েতিরাজ, দেবব্রত বাবুর মানস সন্তান, তার এই রজক বাড়ির লোকের মতন। নিজের কোনও সম্পদ নেই, সম্পদ সৃষ্টিরও কোনও প্রয়াস নেই। বন্যা যদি হয় তাহলে অঢেল টাকা আসে, কিছু কেন্দ্র দেয়, কিছু মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আসে, খাদ্য আসে এবং সেই সমস্ত নিয়ে কর্মযজ্ঞ শুরু হয়। কিছু পরের পকেটে যায়, নিজের পকেটেও কিছু যায়। ঝড়ে উঠে যাওয়া আটচালাটা যেমন ছাওয়া হয় ঐ টাকায় তেমনি নিজের চালাটাও নতুন করে ছাওয়া হয়।

[5-00 – 5-10 p.m.]

আবার যদি কোথাও ঐ বন্যার পরে খরা দেখা দেয় তাহলে বন্যার পরে এই পঞ্চায়েতরাজে জরা উপস্থিত হয়, খরা এসে আবার জরা থেকে মুক্তি দেয়, যৌবনের সঞ্চার করে, আবার কিছু অর্থ আসে। মাননীয় কৃষি মন্ত্রী, কমল বাবু যদি তার বদান্যতায় কমলটি প্রস্ফুটিত করে ওদের হাতে তুলে দেন তাহলে কিছু সেবা করতে পারেন, পুষ্পাঞ্জলি দিতে পারে গ্রাম দেবতার। ঠিক তেমনি ভাবে স্বাস্থ্য মন্ত্রীকে যদি কিছু অর্থ দেন তাহলে গ্রামের স্বাস্থ্য ফেরাতে চেষ্টা করতে পারেন। পূর্ত মন্ত্রীকে যদি মাটিতে পুঁতবার জন্য কিছু টাকা দিতে পারেন তাহলে কিছু কাজ করতে পারেন। আজকে পঞ্চায়েতের অবস্থা কি? পঞ্চায়েতের নিজস্ব কোনও সম্পদ নেই, যে সম্পদের মাধ্যমে তাদের আদর্শকে বাস্তবে রূপদান করা যেতে পারে। যদি পঞ্চায়েত স্বয়ংম্ভর না হয়, অর্থনীতির দিক থেকে নিজের যদি কোনও বৃত্ত না থাকে তাহলে কেবল তাদের চিত্তের মধ্যে কতকগুলি আদর্শের অনুপ্রেরণা ফুৎকার দিয়ে কোনও লাভ হবে না। ঠিক তেমনি ভাবে একটা পঞ্চায়েতরাজ আপনারা প্রতিষ্ঠিত করতে চেয়েছেন। দায়িত্ব নিয়েছেন অনেক কিন্তু দয়া বিশেষ করেননি। এমন পঞ্চায়েত বাস্তবে কোনও কাজ করতে পারে না। আমি তার কথাই আপনাদের কাছে বলতে চাই। আমি এবারের বাজেট বক্তৃতা দেখেছি। তাতে পঞ্চায়েত মন্ত্রী মহাশয় অনেক টাকা এর জন্য বরাদ্দ করেছেন। আমি যখন সাধারণ বাজেট বিতর্কে যোগদান করেছিলাম তখন বলেছিলাম যে যেহেতু এই সরকারের সংবিধান সম্মত পরমায়ু নিঃশেষিত প্রায়। তাই, এই শেষ বাজেটে বদান্যতার বান ডাকিয়ে দিয়েছেন। দায় দায়িত্ব কমে গেছে এবং মানুষকে আকর্ষণ করার জন্য এই বাজেট বরাদ্দে অনেক কিছু অর্থের ব্যবস্থা রাখা হয়েছে। ঠিক তেমনি ভাবে পঞ্চায়েত মন্ত্রীর বাজেট বক্তৃতায় দেখেছি যে অনেক নুতন নুতন টাকার কথা তিনি বলেছেন যা অতীতে কখনও শুনিনি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই বাজেট শেষ বাজেট, এই সরকারের সংবিধান সম্মত হতে পারে। পূর্ণাঙ্গ বাজেট নুতন নির্বাচনের আগে হওয়ার কথা নয়। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের সঙ্গে সঙ্গে নিশ্চয়ই দোলায়িত হবে না? পঞ্চায়েত নিঃসন্দেহে তার কাজকর্ম স্থগিত করে রাখবে না? তার কর্মসূচিকে পরিচালিত করবে। তার কর্মস্রোতে তো ভাটা পড়তে পারে না। তা যদি হয় তাহলে তার উদ্দেশ্য সিদ্ধ হয় না। অথচ এমন ব্যবস্থা কোথায়? কোথায় এমন স্ট্যাটিউটরি ব্যবস্থা যে পঞ্চায়েত তার কাজকর্ম পরিচালনা করার জন্য একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ সম্পর্কে নিশ্চিত হবে? এই নিশ্চিত অর্থের ব্যবস্থা স্ট্যাটিউটরি ফিনান্স অ্যারেঞ্জমেন্ট, এটা মহারাষ্ট্রে আছে, গুজরাটে আছে। আমাদের বামফ্রন্ট সরকারের বন্ধুদের দ্বারা পরিচালিত, পশ্চিমবঙ্গে আমাদের মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় কর্তৃক পরিচালিত এই পঞ্চায়েত দপ্তরে তার ব্যবস্থা করতে পারেননি। অথচ অন্যান্য রাজ্যের তুলনায় অনেক বেশি এগিয়ে গেছেন—এমন কথাও মাঝে মাঝে আপনারা বলেন। আমি সেজন্য বলতে চাই যে মহারাষ্ট্রে যা পারে, গুজরাট যা পারে, তা যদি আপনারা না পারেন তাহলে আপনাদের কৃতিত্বের পরিচয় হিসাবে বক্তৃতা দেওয়া ছাড়া অন্য কিছু দেবার নেই। কাজেই আমি সেখানে বলতে চাই, যদি পঞ্চায়েতকে বাস্তবে রূপায়িত করতে চান, যদি তার আদর্শের কোনও মূল্য থাকে

তাহলে তার মধ্যে নিঃসন্দেহে এই ব্যবস্থা রাখবেন যাতে সেই নিশ্চিত একটা সম্পদ তৈরি করতে পারা যায়। শুধু সম্পদ কিছু পাওয়া নয়, সম্পদের কর্মস্রোতটা যাতে আসে এবং সেই সম্পদের মধ্যে দিয়ে আরও নুতন সম্পদ সৃষ্টি করবার ক্ষমতা যদি না থাকে, যদি নিছক কতকগুলি কাজ হয়, সেই কাজের মধ্যে দিয়ে নুতন নুতন কাজের সম্ভাবনা সৃষ্টি করতে না পারা যায়, যদি নিছক কতকগুলি কর্ম দিবস তৈরি করা হয়, সেই কর্ম দিবসের মধ্যে দিয়ে অধিক সংখ্যক কর্ম দিবসের সূত্রপাত করতে না পারা যায় তাহলে নিঃসন্দেহে পঞ্চায়েত বাজেট, পঞ্চায়েত পরিচালনা ব্যর্থ হয়ে যেতে বাধ্য। কিন্তু তেমন কোনও পরিকল্পনা, তেমন কোনও প্ল্যানিং কোথাও আছে বলে আমার মনে হচ্ছে না। আমি অন্তত সেটা দেখছি না। শ্রদ্ধেয় পান্নালাল দাশগুপ্ত মহাশয় একটা প্রবন্ধ লিখেছেন, সেটি আমি পড়েছি, সেই প্রবন্ধের মধ্যে তিনি বলছেন, কোথাও কোনও প্ল্যানিং নেই—জেলা স্তর থেকে আরম্ভ করে পঞ্চায়েত সমিতি পর্যন্ত কোথাও কোনও প্ল্যানিং নেই—আগামী দিনে কি করবে, প্রতিদিন কি করবে, কিভাবে বাৎসরিক কর্মসূচিকে পরিচালিত করবে। এসব সম্বন্ধে যদি কোনও প্ল্যান থাকত তাহলে এই পঞ্চায়েত অনেক কল্যাণ করতে পারত, স্বয়ংম্ভর একটা গ্রামীণ অর্থনীতি তারা তৈরি করতে পারত। তিনি একটা জেলার কথা লিখেছেন—আমি মাননীয় জয়নাল আবেদিন মহাশয়ের কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি, হয়ত তাঁর এলাকায় আমি একটু অনুপ্রবেশ করবার চেষ্টা করছি—পশ্চিম দিনাজপুরের কথা বলেছেন। পান্নালাল বাবু পশ্চিম দিনাজপুরের কথা বলতে বলেছেন, ৬২,০০০ হাজার, মজা পুষ্করিণী বর্তমানে এই জেলায় আছে, এগুলিকে সংস্কার করে প্ল্যান অনুসারে পঞ্চায়েত সমিতি যদি এদের কাজে লাগাতে পারত তাহলে এই দু বছর আড়াই বছরের মধ্যে ঐ ৬২,০০০ পুষ্করিণী হাজা মজা দীঘি এত দিনে প্রকৃষ্ট সেচের ব্যবস্থা করতে পারত এবং মৎস্য চাষের ব্যবস্থা করতে পারত, বিরাট সম্পদ সৃষ্টি করতে পারত, হাজার হাজার মানুষের কর্ম নিয়োগের ব্যবস্থা করতে পারত, জাতির কল্যাণ সাধন হত। কিন্তু সেসব কোনও ব্যবস্থা নেই। তাদের কাছে টাকা আসছে, তারা টাকা খরচ করছে, টাকা নেই তো টাকা খরচও করছে না, কর্মস্রোত বন্ধ। এই ভাবে আজকে চলছে। এই চলার মধ্যে দিয়ে আপনারা পঞ্চায়েতিরাজের কি অবস্থা করতে চাইছেন? আপনাদের প্রধান উদ্দেশ্য হয়ত ঐ সমস্ত করার ছিল না। আপনারা যা করতে চেয়েছিলেন তার খোঁজ পেয়েছেন এবং তা করছেন। আমি আগেই সেজন্য আপনাদের অভিনন্দন জানিয়েছি। এবারের বাজেটে যেমন নগর বন্দর শিল্পাঞ্চল ছেড়ে আপনারা দৃষ্টি দিয়েছেন গ্রামের দিকে যে উদ্দেশ্যে দিয়েছেন বোধ করি সেই উদ্দেশ্যকে এখানেও আপনারা স্থায়ী করতে চান, আজকে মধ্যবিত্ত মানসিকতার উপর বিশেষ ভরসা নেই, আস্থা নেই, হয়ত মনে করছেন তাদের সমর্থন যদি আর না পাই, তাই গ্রাম বাংলার দিকে গিয়েছেন। সেখানে ঐ পঞ্চায়েতিরাজগুলিকে শক্তিশালী বামফ্রন্ট দুর্গে পরিণত করেছেন। ঐ দুর্গগুলি আজকে আপনাদের রক্ষা করবে এবং আগামী দিনে আবার আপনাদের সরকার গঠনের সুযোগ করে দেবে, তারই ব্যবস্থা করেছেন। তা যদি করে থাকেন তাহলে আপনারা সম্পূর্ণ সার্থক হয়েছেন, কিন্তু প্রকৃত পঞ্চায়েতিরাজ যদি প্রতিষ্ঠিত করতে

আপনাকে সাধুবাদ দিতে পারি না। আর একটা কথা বলে আমি আজকের মতো আমার বক্তব্য শেষ করব। দুর্নীতির কথা অনেকে বলেছেন, আমি বিশেষ কিছু পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু দুর্নীতি ছড়িয়ে আছে পঞ্চায়েতের প্রতিনিধিদের মধ্যে। আজ পঞ্চায়েত সদস্যরা — তাদের মধ্যে আপনাদের অনেক সদস্য আছে, বামফ্রন্ট বন্ধুদের সদস্যরা যেভাবে আজকে নিজেদের সম্পদ বৃদ্ধি করেছে তাতে মন্ত্রী মহাশয়, আপনার ডিপার্টমেন্টকে হয়ত অ্যানিমিয়া রোগগ্রস্ত করে দিয়েছে, কিন্তু তারা নিজেরা রক্তের চাপ বৃদ্ধির ফলে রোগী হয়ে পড়েছে। আমি সেকথা এখানে আর আলোচনা করতে চাই না। কিন্তু আর এক ধরনের দুর্নীতি দেখা দিয়েছে, সে দুর্নীতি অত্যন্ত মারাত্মক। পঞ্চায়েত আজকে নিজেদের স্বরাজ ভাবতে শুরু করেছে — পঞ্চায়েতরাজ মনে করছে আজকে তাদের অসাধারণ ক্ষমতা, কোনও প্রতিদ্বন্দ্বিতা তাদের আহ্বান করতে পারে না, তারা মানুষের দন্ড-মুন্ডের কর্তা। আজকে তারা গ্রামে জমি বন্টন করছে। আপনারা অপারেশন বর্গার কথা বলেন, তাতে নিজেদের প্রশংসা করেন এবং কৃতিত্ব দাবি করেন। তথাপি সেই পরিপ্রেক্ষিতে সেই অপারেশন বর্গার মধ্যে পঞ্চায়েতের ভূমিকা অত্যন্ত নগণ্য, নিশ্চয়ই আপনারা বলতে চান।

[5-10 – 5-20 p.m.]

আমি বলব সেই ভূমিকা নগণ্য নয় কিন্তু সেই ভূমিকা নিঃসন্দেহে ক্লেদাক্ত, সেই ভূমিকার কথা স্মরণ করা দরকার। আজকে গ্রামের সমস্ত প্রকার অর্থনৈতিক অব্যবস্থার জন্য মূলত আমরা এই পঞ্চায়েতগুলিকে দায়ী করতে চাই। তারাই আজকে সম্পূর্ণ ভাবে দন্ডমুন্ডের কর্তা, আইন নেই, শৃঙ্খলা নেই, কিছু নেই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি বলেন আমরা পশ্চিমবাংলায় আইনের শাসন প্রতিষ্ঠা করতে চাই, ঐ কালা-কানুন, বিনা বিচারে আটক করার আইন মানি না তার জন্য তাঁকে সাধুবাদ জানাই কিন্তু সঙ্গে সঙ্গে দুঃখ পাই এই কথা ভেবে যাঁরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে চান, যাঁরা বিনা বিচারে অবরুদ্ধ না করে বিচারের মর্যাদা দিতে চান, তাঁদেরই ক্ষুদে ক্ষুদে সদস্যগুলি বসে রয়েছেন পঞ্চায়েতগুলিতে। তাঁরা আইন যা বলে, কোর্ট যা বলে তার সমস্ত আদেশকে পদদলিত করে নিজেদের ইচ্ছায় লোক মনোনয়ন করছেন। এই অবস্থা দিনের পর দিন চলেছে। গ্রামে বাংলায় আজকে যারা ছিন্ন-মস্তা, গ্রামের কৃষক কৃষকদের রক্ত প্রাণ করছে, সোনালী ধানের ক্ষেতে তাজা লাল রক্ত গড়িয়ে গড়িয়ে পড়ছে, তারই মধ্যে পঞ্চায়েতের ভূমিকা কতখানি সেই বিচার আপনারা করবেন। কাজেই পঞ্চায়েত আজকে ব্যর্থ হয়ে গেছে। যদিও সার্থকতার দ্বারা আপনারা উন্মুক্ত করেছেন, আপনারা গণতন্ত্রীকরণ করার চেষ্টা করেছিলেন, শুভ বুদ্ধি আপনাদের কিছু আছে, কিন্তু সঙ্গে সঙ্গে রাজনৈতিক আধিপত্য বিস্তারের দিকে লক্ষ্য রেখে এইসব দুর্নীতি করে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও একটি বামফ্রন্ট সরকারের নগ্ন রূপ পঞ্চায়েতের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করেছে। শরিকি শরিকি লড়াই এই পঞ্চায়েতের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করেছে। মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দোপাধ্যায় যে দলের সদস্য সেই দলের পঞ্চায়েত প্রধান যদি কোনও গ্রামে থাকেন তাহলে সেই গ্রামের সি.পি.এম. সদস্যরা নো-কনফিডেন্স এনে সমস্ত

উদ্দেশ্যকে নস্যাৎ করে দেন। আমি জানি না, হয়ত ক্ষমতার জন্যে এইরূপ করেন, কিন্তু মুশকিল হচ্ছে গ্রামের মানুষগুলি আজ পঞ্চায়েতের মুখ চেয়ে ব্যর্থ হয়েছে, সেখানে নিরাপত্তার দাবি উপেক্ষিত হয়েছে, ন্যায় বিচার নেই, এই কথা আপনার কাছে আমি নিবেদন করতে চাই। এই প্রসঙ্গে আমি বলতে চাই, আপনি পঞ্চায়েত মন্ত্রী, সৎ মানুষ হলেও, ব্যক্তিগত ভাবে শ্রদ্ধেয় মানুষ হলেও — এই আনীত ব্যয় বরাদ্দের দাবির বিরুদ্ধে বলা ছাড়া পক্ষে বলবার কিছু নেই। তাই ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ন্যাথানিয়েল মুর্মু ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী আজকে এই বিধানসভায় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি সেটাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। এই পঞ্চায়েত রাজ সম্পর্কে বিতর্কের অবকাশ নিশ্চয়ই আছে কারণ এই পঞ্চায়েত রাজ কায়েম করার ক্ষেত্রে দৃষ্টিভঙ্গির পার্থক্য এই বিধানসভায় বিভিন্ন বিরোধি দলের মধ্যে রয়ে গেছে। কাজেই বিতর্ক হবে। কিন্তু বির্তক চালাতে গিয়ে একটি কথা সব সময়ে খেয়াল রাখা দরকার সেটা হচ্ছে এই ভারতবর্ষে এই ধনবাদী ব্যবস্থায় এই বিরাট শাসন যন্ত্রকে কেন্দ্র করে যেখানে কালোবাজারি রয়েছে, যেখানে কেন্দ্রীয় সরকারের এই ব্যাপারে সমর্থন আছে সেই অবস্থার মধ্যে পঞ্চায়েত রাজের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যকে সুষ্ঠু ভাবে পরিচালিত করতে হলে বার বার বাধা প্রাপ্ত হবেই। এই জিনিসটা আমাদের খেয়াল রাখা দরকার। আজকে গ্রামাঞ্চলে পঞ্চায়েত রাজ নতুন উদ্দীপনা সৃষ্টি করেছে — এটা বিরোধি পক্ষের বন্ধুরা স্বীকার করেছেন।

গত নির্বাচনে যে ঘটনাটা ঘটেছে, যেটা জন্মেজয় বাবু উল্লেখ করেছেন খবরের কাগজে বেরিয়েছিল যে গ্রাম বাংলার অধিকাংশ পঞ্চায়েত নাকি জোতদারের দখলে চলে গিয়েছে। কিন্তু ইকনমিক রিভিউয়েতে অন্য তথ্য দেওয়া আছে, সে তথ্যের আর একটা দিক তাঁরা বলেননি, কোনও উল্লেখ করেননি এর মানে কি? জমির মালিকের ক্ষেত্রে ইকনমিক রিভিউয়েতে বলা হয়েছে, দুই একর থেকে কম এই রকম জমিওয়ালা লোক পঞ্চায়েত সদস্য হয়েছে প্রায় ৪৮ শতাংশ। দুই একরের চেয়ে কম জমি, এক বা দেড় একর জমির মালিক এরা জোতদার হয় — জন্মেজয় বাবু কি করে এই কথা বলেছেন, আর খবরের কাগজেই বা বলা হয়েছে কি করে আমি জানি না। প্রান্তিক চাষী দুই একর থেকে পাঁচ একর জমির মালিক এদের সংখ্যা হচ্ছে ২৮ শতাংশ। সুতরাং জমি থাকলেই জোতদার হয় না এবং এই ভাবে আমরা দেখছি যে প্রায় অধিকাংশ যারা পঞ্চায়েতের সদস্য হয়েছে তারা হচ্ছে প্রান্তিক চাষী, গরিব চাষী, ভাগ চাষী এবং দিন মজুর। এদের সংখ্যা বেশি অবশ্য কিছু বড় জোতদার আসে, তাদের সংখ্যা শতকরা বলতে গেলে পাঁচ ভাগ এর বেশি নয়, কাজেই এদিক দিয়ে জমির মালিক, গরিব মানুষের হাতে পঞ্চায়েতটা চলে গিয়েছে সেটা আজকে স্বীকার করতেই হবে। তাই এই পঞ্চায়েতের কাজের বিভিন্ন ফিরিস্তি দিয়েছেন, আমি সম্পূর্ণ বলছি না কিন্তু পঞ্চায়েতরাজের একটি কাজের জটিলতা প্রায় সম্পূর্ণ হতে চলেছে, সেটা হচ্ছে দীর্ঘ ৩০ বছর

ধরে কংগ্রেস শাসনে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে মানুষের পানীয় জলের কোনও রকম ব্যবস্থা করা সম্ভব হয়নি, আমি কিছুকাল আগে বাঁকুড়া জেলায় গিয়েছিলাম, তখন সেখানে পানীয় জলের কোনও ব্যবস্থা ছিল না, সালতোড়ার একটি ব্লক পাথুরে জায়গা, যেখান থেকে ডাঃ বিধানচন্দ্র দাঁড়িয়েছিলেন সেই সালতোড়ার মানুষদের জিজ্ঞাসা করেছি, তারা বললে, এই সালতোড়ার মতো জায়গাতেও পানীয় জল সরবরাহের সুষ্ঠ ব্যবস্থা পঞ্চায়েত থেকে করা হয়েছে, আমি ঘুরে ঘুরে দেখলাম সেখানে ব্যবস্থা হয়েছে। সারা পশ্চিমবাংলায় যেখানে যেখানে জল খাবার ব্যবস্থা ছিল না সেখানে টিউবওয়েল হয়েছে, পাইপওয়াটার দিয়ে পঞ্চায়েতের ডাইরেক্ট সুপারভিশন এই কাজগুলি হয়েছে, এর ফলে আজকে পানীয় জলের সমস্যাটা অনেকটা সমাধান হওয়া সম্ভব হয়েছে।

২ নম্বর হচ্ছে ঐ পঞ্চায়েতের হাতে জমি বন্টন করার যে অধিকার সেই অধিকার দেওয়ার ফলে আমলাদের হাতে যে একছত্র ক্ষমতা ছিল জে.এল.আর.ও. ইত্যাদির হাতে খাস, ভেস্ট, বেনামী জমি বিতরণের ব্যাপারে পঞ্চায়েত এদের মাধ্যমে বা ডাইরেক্ট করবে, গরিব মানুষদের হাতে যাওয়ার ফলে আজকে সেখানে সুষ্ঠ বিলি ব্যবস্থার প্রবর্তন হয়েছে। কিছু কিছু বিরোধ. কিছু কিছু সংঘর্ষ হয়েছে, কারণ জমির ব্যাপারে সেন্টিমেন্টের প্রশ্ন আছে, কেউ জমির দখল সহজে ছাড়তে চায় না, সেজন্য পঞ্চায়েতকে দায়ী করা উচিত নয়। এইভাবে সুষ্ঠ জমি বিলি বন্টনের ক্ষেত্রে পঞ্চায়েতরাজের যে ভূমিকা পশ্চিমবঙ্গ ছাড়া, সারা ভারতবর্ষের কোনও জায়গায় সম্ভব হয়নি।

তিন নম্বর কাজ হচ্ছে — গ্রামঞ্চলের মানুষদের এটা বিভিন্ন পরিকল্পনা নিয়েছে, তাদেরকে কাজ দেওয়া, যেমন ফুড ফর ওয়ার্ক, রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোজেক্ট এই সমস্ত, আরও কিছু কিছু পরিকল্পনা গ্রামের পঞ্চায়েতের হাতে থাকার ফলে — যেহেতু গরিব মানুষ পশ্চিমবঙ্গে আছে তারা এভাবে পরিকল্পনা করছেন, কাজ পাওয়ার ক্ষেত্রে গরিব মানুষের অধিকার, গরিব মানুষ যাতে কাজ পায় এবং আমরা দেখছি এতে অধিকাংশ গরিব মানুষ খুশি হয়েছে। হরিপদ বাবু একটা বলেছেন যেটা আমাদের মনেও রেখাপাত করেছে, তিনি বলেছেন পঞ্চায়েতরাজ কিছু কাজ করতে গেলে তার নিজস্ব ফান্ড থাকা দরকার, যেমন তিনি উল্লেখ করেছেন রিলিফের ব্যাপারে — পঞ্চায়েত কিছু রিলিফ দেওয়ার কার্যক্রম নিয়েছেন, কৃষি দপ্তর কিছু করতে পারছেন না, হরিপদ বাবু ভিন্নভাবে আমাদের মিসগাইড করেছেন, অর্থাৎ এই পঞ্চায়েত, কৃষি বা খাদ্য দপ্তর এরা যেন একা কিছু করে এদের মন্ত্রীমন্ডলী বলে কিছু নেই। ক্যাবিনেটে একটা ডিসিশন — পঞ্চায়েত মন্ত্রী ক্যাবিনেটে সমস্ত কথা বলেন এবং ক্যাবিনেট বা সমগ্র মন্ত্রী সভা এবং বামফ্রন্ট সরকারের পঞ্চায়েতকে অগ্রাধিকার দিচ্ছে এবং পঞ্চায়েতের দাবি দাওয়া সেগুলিকে অগ্রাধিকার দেবেন। এর মূল কথাটি থেকে হরিপদ বাবু আমাদের দৃষ্টিটাকে ডাইভার্ট করে দিয়ে অসহায় ভাবে এই কথাটা তিনি বলতে পারেন যে পঞ্চায়েতের কিছু করার নেই। অন্য মন্ত্রীরা সাহায্য না করে এদের যে কালেকটিভ রেসপন্সিবিলিটি কাজ করে এই কথাটি দীর্ঘ দিনের রাজনীতিবিদ যুক্ত অভিজ্ঞতা সম্পন্ন

হরিপদ বাবু কি করে বললেন? পান্নালাল দাশগুপ্ত মহাশয় উল্লেখ করেছেন পুষ্করিণীগুলি কোনও কাজে লাগে না, পশ্চিম দিনাজপুরের যে পঞ্চায়েত পুষ্করিণীগুলি কাজে লাগে না, এর পরিকল্পনা উনি করেছেন, আমি এ বিষয়ে ওনার সঙ্গে একমত। কিন্তু বাস্তব একটা ঘটনা পান্নালাল দাশগুপ্তকে সম্পূর্ণ দায়িত্ব নিয়ে জানাচ্ছি — আমার বিধানসভা কেন্দ্র বালাপুরে তারা একটা সোসাইটি করেছেন, টেগোর সোসাইটি এবং আপনারা জানেন, সমস্ত ভেস্টেড পুকুরগুলি পঞ্চায়েতের হাতে এসেছে, এই পান্না বাবুর সেই সোসাইটি সেই টেগোর সোসাইটি ১০টি পুকুর লীজ নিয়ে জবর দখল করে আছে, পঞ্চায়েত সমিতি ডাক দিয়েছেন, টেগোর সোসাইটি সেই পুকুরের দখল আজ পর্যন্ত দিচ্ছেন না, সেজন্য সেখানে একটা শান্তি ভঙ্গের আশঙ্কা রয়েছে।

[5-20 – 5-30 p.m.]

আমাদের জেলায় দুইজন ভারপ্রাপ্ত মন্ত্রী স্বাস্থ্য মন্ত্রী এবং বন মন্ত্রী সেখানে গিয়ে সমস্ত কথাবার্তা বলে এসেছেন। অথচ পঞ্চায়েত-এর সম্পদ সৃষ্টির যে সুযোগ সেই পুকুরগুলি দখল করে তারা থাকবে। পঞ্চায়েতের কাজের ক্ষেত্রে কিছু করা দরকার। কিন্তু আমরা দেখছি তারা একটা অসুবিধা লক্ষ্য করছে। এটা হচ্ছে পঞ্চায়েতের কাজ করতে গিয়ে বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় নেই। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে সমন্বয় সাধনের জন্য একটা ব্যবস্থা করার দরকার। দ্বিতীয় নম্বর হচ্ছে সামগ্রিক ভাবে গ্রামীণ উন্নয়নের জন্য একটা পর্যদ গঠন করা দরকার। অর্থাৎ রুর‍্যাল ডেভেলপমেন্ট পর্যদ বা রুর‍্যাল ডেভেলপমেন্ট বোর্ড এবং এর সঙ্গে সঙ্গে রুর‍্যাল ইঞ্জিনিয়ারিং সেল বলে একটা সংগঠন করা দরকার যাতে পরিকল্পনাগুলিকে তারা তাড়াতাড়ি রূপায়িত করতে পারে। আশা করি আপনি এগুলি বিবেচনা করবেন। সমাজের সবচেয়ে নিপীড়িত মানুষের যোগ্য প্রতিনিধি এখানে থাকা দরকার। গরিব মানুষের প্রতিনিধি এখানে আছে, কিন্তু গরিব ক্ষেত মজুরদের প্রতিনিধি সেখানে বিশেষ নেই। ইকনমিক রিভিউ-এর হিসাবে দেখবেন এদের প্রতিনিধিত্ব খুব কম হয়েছে। সেই প্রতিনিধির শতকরা ৪.৮ আমার মনে হয় এটা বৃদ্ধি করা দরকার। নির্বাচনের মাধ্যমে এটা বৃদ্ধি হবে বলে আমার মনে হয় না কারণ তাদের অত জোর নেই। কিন্তু সবচেয়ে বেশি নির্যাতিত তারাই। সুতরাং তাদের কথা অনুযায়ী যদি পরিকল্পনা হত তাহলে গ্রামীণ উন্নয়নের পক্ষে ভাল হত। সেজন্য অনুরোধ করব এইরকম একটা ধারা নির্বাচনের আইনে করা যায় কিনা যে শতকরা এতজন নির্বাচিত ক্ষেত মজুর না হলে সরকারের তরফ থেকে নমিনেশন দেওয়া হবে — যাতে একটা ব্যালেন্স ফ্যাক্টর হিসাবে ক্ষেত মজুর থাকবে। আমার এই সাজেশনটি গ্রহণ করবার জন্য অনুরোধ করছি। পঞ্চায়েতের যারা দীর্ঘদিন ধরে কাজ করছেন এবং আগেও যারা কাজ করতেন সেই পঞ্চায়েত সেক্রেটারিদের ৩য় শ্রেণীর সরকারি কর্মচারিদের মতো সুযোগ সুবিধা দেবার মতো দাবি করছি। তারা তাদের মতো মাইনে পাচ্ছে না, কোনও

রকম পেনসনের ব্যবস্থা নেই। আমি দেখেছি রিটায়ারমেন্টের পরে তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, কিংবা আত্মহত্যা করেছে। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এদের তৃতীয় শ্রেণীর কর্মচারিদের মতো পেনসন, গ্রাচুয়িটি এবং টি.এ.-র ব্যবস্থা করবেন যাতে তারা ভালভাবে কাজ করতে পারবে। আমরা জানি এম.এল.এ.-রা জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতিতে আছে, কিন্তু সেখানে যোগদান করতে পারি না। গ্রাম পঞ্চায়েতে যোগদান করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমি দাবি করছি যে গ্রাম পঞ্চায়েতের এম.এল.এ. প্রতিনিধিদের একটা ব্যবস্থা করুন। কারণ আমাদের বামপন্থীদের হাতে অধিকাংশ গ্রাম পঞ্চায়েত থাকায় বিরোধি পক্ষের কথা সেখানে বিবেচনা করা উচিত। প্রত্যকটি ক্ষেত্রে বিরোধিদের একটা ভূমিকা আছে। সেজন্য ওদের কথা বিবেচনা করে গ্রাম পঞ্চায়েতের এম.এল.এ.-দের একজন প্রতিনিধি থাকার সুযোগ করে দিলে ভাল হয়। হবিবুর রহমান সাহেবের সততার প্রতি বিশ্বাস আমার আছে। কিন্তু তাঁর দল যেভাবে টাকা নিয়ে নয় ছয় করেছেন সেটা সকলের জানা আছে। তারা এতগুলি টাকা পাচ্ছেন না বলে দুঃখ বোধ করছেন। আমার এলাকা বালুরঘাট সাব-ডিভিশনের কথা বলব সেখানে পঞ্চায়েতের যে টাকা বরাদ্দ করা হয়েছে তার পাই পয়সা ঠিকমতো খরচ করেছি — আরও টাকা পেলে আরও খরচ করতে পারতাম। কাজেই টাকার মিস অ্যাপ্রোপিয়েশন হচ্ছে এটা ঠিক নয়। সারা পশ্চিমবাংলায় ৩ হাজার গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৫৭টি গ্রাম পঞ্চায়েতের কথা তারা বলেছেন। এক আধটা জায়গায় যে ইরেগুল্যারিটি হবে না এটা ঠিক নয়। বামপন্থীদের সমস্ত লোকই যে সাধু তাও ঠিক নয় সেইদিক থেকে ১৫৭টি জায়গায় দুর্নীতি অভিযোগ থাকা স্বাভাবিক। সেই দিক থেকে আমার মন্ত্রী মহাশয় অত্যন্ত দৃঢ়তার সহিত অনেকগুলি পঞ্চায়েতকে এর জন্য বরখাস্ত করেছেন — যার মধ্যে বামফ্রন্টের পঞ্চায়েত আছে। কিন্তু কংগ্রেস আমলে দুর্নীতি হয়েছে কোটি কোটি টাকা চুরি হয়েছে অথচ সেই সময়ের মন্ত্রিসভা কোনও শাস্তিমূলক কাজ কারুর বিরুদ্ধে গ্রহণ করেননি। বামফ্রন্টের ক্ষেত্রে আমরা এইরকম একটা সততার দৃষ্টান্ত স্থাপন করলাম। এইভাবে আমরা পশ্চিমবাংলাকে পঞ্চায়েতরাজের মাধ্যমে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। গুজরাট, মহারাষ্ট্রে দীর্ঘদিন ধরে পঞ্চায়েতরাজ চলছে কিন্তু তিন সাড়ে তিন বছরে পশ্চিমবংলায় যা হয়েছে সেটা সকলেই স্বীকার করেছেন। পশ্চিমবাংলার পঞ্চায়েত বন্যা এবং খরায় কাজ করেছে। সুতরাং এই দিক থেকে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং এর কর্নধার মন্ত্রী মহাশয়কে সমর্থন করে আমি শেষ করছি।

**श्री हाजि सज्जाद हुसेन :** मिस्टर डिप्टी स्पीकर सर, मैं आपके माध्यम से पंचायत मिनिस्टर साहव से आपने सव-डिविजन इस्लामपुर के वारे में कुछ वातें कहना चाहता हूँ। यह इलाका विहार से आया है। पहले वह इलाका विहार में भी वैकवर्ड रहा

है और जव १-११-१९५६ में विहार से वंगाल में आया तो यहाँ भी वैकवर्ड ही रह गया है। विहार से आनेकेवाद इस इलाकें का आजतक किसी किस्म का डवलपमेन्ट नही हुआ। आभ÷ हम पंचायत वजट में देखते है कि यह वजट १६ कोटी ६१ लाख १० हजार का है। मैं कह सकता हूँ कि यह रकम वहुत वड़ी रकम है। मगर वहुत दुख के साथ कहना पड़ता है कि यह रुपया कौन खर्च करेगा और किस तरह से करेगी आपका पंचायत सिस्टम वहुत ही आच्छा है। दिल्ली कैविनेट, स्टेट कैविनेट, जिला कैविनेट, व्लाक कैविनेट, ग्राम कैविनेट सभी तो आच्छे है। आपने रुपयाभी गाँवो तक पहुँचा दिया है। मगर आपने क्या देखा है कि जितने भी पंचायत सदस्य है, वे क्या कर रहे है? हम क्रिटिसाइज नही करते फिरभी कहना चाहुँगा कि आप मेहरवानी करके देखें कि पंचायत राज्य में पंचायत का पैसा कैसे खर्च किया जा रहा है? अगर आप आच्छे ढंग से इसमें सुधार लायेंगे तो सही माने मे देश का सुधार हो सकेगा। यह देश पिछड़ा हुआ देश है। अभी तक दुख के साथ कहना पड़ता है कि ग्रामों में पिचसेड नही वन पाया है। यहाँ तक कि कच्चा रोड भी नही है, जिसपर साइकिल चल सके। इस लिए मै निवेदन करुँगा कि आप ग्राम की उन्नति की तरफ और उनकी सुधार की तरफ पुरा-पुरा ध्यान दें। लेकिन वहुत दुख के साथ कहना पड़ता है कि आप यह नही देखते हैं कि कहाँ किस तरह से किस इलाके में रुपया खर्च किया जा रहा है?

फुड फार वर्क का जो पैसा गयाथा, वह कहाँ गया, क्या आपने देखा है? वह रुपया किसके हाथ मे गया और कौन उस रुपये को खाया, आपने तो देखा नही। मगर वह रुपया गाँवो में गया जरुर। लेकिन दुख के साथ कहना पड़ता है कि वह रुपया ग्राम प्रधान साहव और कुछ मेम्वरों के वीच ७५ परसेन्ट वँटवारा हो गया। वाकी २५ परसेन्ट में कुछ काम हुआ। मैं नही कहता कि कांग्रेस रीजीम में चोरी नही हुई है। मगर चोरी की एक सीमा होती है। खाना उतना ही खाना चाहिए जितना हजम हो सके। ज्यादा खालेने से अपच हो जाता है। मैं कह सकता हुँ कि कांग्रेस ने तो ३०-३२ वर्ष तक खाया। उसका पेट आव भर गया है। आव वह ७५ प्रतिशत रुपया काम मे लगाएगी और हो सकता है कि २५ परसेन्ट खा सकती है। मगर आज देखा जाता है कि वामफ्रन्ट ८० परसेन्ट खा रही है। केवल २०-२५ परसेन्ट काम में ला रही है। इस तरह से आप वतावें कि देश की तरक्की किस तरह से होगी? चोर कौन नही होता? मगर कोई हीरा चोर होता है, कोई मुर्गा चोर होता है। चोर तो सभी कोई होता है। कोई आपनी पार्टि के लिए चोरी करता है और

कोई आपने लिए चोरी करता है। मै नहीं कहता हूँ कि कांग्रेसी लोग साधु हैं। मगर आपलोगो को अभी टाइम मिला है। आपलोगो को यहाँ का जनगण गद्दी पर वैठाया है। इसलिए आपलोगों को इमान्दारी से काम करना चाहिए। देश की उन्नति करने की दिशा में चिन्ता करनी चाहिए। मगर ऐसा कुछ भी नही देखा जा रहा है। सभी जगह केवल पार्टिवाजी हो रही है। मै नही कहता कि आपनी पार्टि के आप लायलन हो, हम भी आपनी पार्टि के समर्थक है। मगर आपलोगो को यह नही भुल जाना चाहिए कि पार्टि से वड़ी गवर्नमेन्ट है। आगर आपलोग सव समय पार्टिवाजि की वात करते रहेंगे तो आपकी गवर्नमेन्ट नही रह जायगी। सिर्फ पार्टि वाजी करते रहने से डवलपमेन्ट का काम किस तरह से होगा?

आपलोगों को याद होगा कि १९६७ में कांग्रेस को यहाँ की जनताने हटा दिया। फिर १९६९ में हटा दिया। फिर १९७१ में यहाँ की जनता ने कांग्रेस को पुन:प्रतिष्ठित किया। १९७७ में हमारे कांग्रेस के २१६ मेम्वर थे। फिर १९७७ के चुनाव में जनता ने हमारे २१६ मेम्वरों को हटाकर महज २० मेम्वरो को चुनकार यहाँ भेजा है। यह उलट-फेर तो हर समय देश मे होता रहता है। आपलोग भी उलट सकते है। इसलिए मै पंचायत मिनिस्टर साहव से रिक्रेस्ट करुँगा कि आप अपने डिपार्टमेन्ट के कामों की ओर ध्यान दे।

वह पिछड़ा इलाका जो विहार से ट्रान्सफर होकर वंगाल में आया है, उसकी तरफ आप लोगका ध्यान अभीतक नही गया है। आभीतक वहाँ के लोगों को आपलोग ननवंगाली ही समझते है। विहार में तो वह वैकवर्ड थाही लेकिन आभी भी वह वंगाल में भी वैकवर्ड ही रह गया है। मैं नही समझता कि आपलोग क्यो उसके साथ सौतेलापन का व्योहार कर रहे है? एलेकशन के समय सभी पार्टि वाले वहाँ जाते है और आशवासन देते है कि रास्ता वनवा देंगे - स्कुल वनवा देंगे, अस्पताल वनवा देंगे, वेकारों को नौकरी दिलवा देंगे लेकिन एलेकशन हो जाने के वाद किसी पार्टि वाले उस सव-डिविजन पर ध्यान नही देते है। स्कुल जो कुछ है, मगर आप भिजिट करके देंखेगे तो किसी स्कुल का छत नही है, किसी का साइडवाल नही है। पानी उपर से टपकता है। टीचरयों तो वहुत कम है फिर भी जो टीचर है, वो लोग पढ़ाते-लिखाते कुछ नही है। सिर्फ वेतन लेकर चले जाते है। सिर्फ पार्टि को वचाने के लिए ही काम होता है। मैं स्कुल वोर्ड का मेम्वर हुँ। लेकिन स्कुल वोर्ड में दो मेम्वरों को नहीं लिया गया। स्कुल वोर्ड के जो हेड है, उन्होने इन दो मेम्वरों को नही लिया। विना किसी पालिसी के, गवर्नमेन्ट पालिसी के खिलाफ लिया गया। हम चाहते है कि मिनिस्टर

साहव उसे देखें। हमारे व्लाक में करन दीधी व्लाक है। वहाँ १९-३-८० को ८२ वण्डल कारगेटेड सीट का लगभग २ हजार रुपये में आव-शन हुआ। हमें डाउट है कि वह दो हजार रुपया भी व्लाक मैं जमा करके नही रखा गया है। इसके लिए हमने इस हाउस में कोशचन भी किया था। नोटिश देने के लिए कहा गया था और अवडेट माँगा गया है। इस आव-शन में वित वहुत कम था और इस तरह से विटर को उस कारगेटेड सीट से काफी प्राफिट हुआ है। करन दीधी, रसखोला और दालखोला ये सव हमारी एरिया में है। आपलोगों को आपने सव-डिविजन के वारे में वार-वार वोलता आ रहा हुँ लेकिन आपलोगो के कान में जुँ ताक नही रेगता है। आप लोग सुनेंगे क्यों, उधर ध्यान क्यो देंगे? आपलोगों ने तो समझ लिया है कि सँइया भये कोतवाल, अव डर काहे का कारगेटेड सीट का वीट कम से कम ६०-६५ हजार रुपये का होने चाहिए था जवकि उसका वीट २५-३० हजार के अन्दर हुया। वह भी रुपया व्लाक में जमा नही है। जहाँ लीटर को ६०-६५ हजार रुपये का प्रफिट होता है, नही सरकार को कुछ भी प्रफिट नही होता, वाल्के घाटा होता है। मैं आपलोगों से पुछना चाहुँगा कि इस तरह की धाँधली क्यो हो रही है। इसे क्या रोका नही जा सकता है?

करन दीधी व्लाक में रानीगंज आंचल में भरादीधी वनाया गया। उसके लिए ३५ हजार रुपया खर्च दिखाया गया उसको वी०डी०ओ० और एस०डी०ओ० जाँच करने के लिए गए कम्पलेन करने के वाद। उसमें अपने एक आदमी को उतारा गया, यह देखने के लिए कि उसमें कितना पानी है? उतरने वाले ने कहा कि एक कमर पानी है। उतर कर दिखा दिया कि ६ हाथ पानी है। लेकिन सही वात यह है कि कुछ भी काम नही हुआ है। सव रुपया करीव-करीव खालिया गयया है। उसमें पानी घुटने भरभी नही है।

हरसाल हर प्रधान को एक लाख रुपया खर्च करने का अधिकार दिया गया है और वे इस रुपये को खर्च भी करते है। आपके जितने भी प्रधान है उनके संवंध में पुरानी रिपोर्ट अगर लीजिए, तो देखेंगे कि उनकी हालत फटे हाल थी। मगर अव उनकी हालत क्या है, जरा पता लगाकर देखिए। अव प्रधान लोगों की पव-की विल्डिंग वन गई है। जिस प्रधान के खानदान मे कभी वन्दुक नही थी, अव उसके पास वन्दुक हो गई है। उसने वन्दुक को खरीद लिया है। अव वह घड़ी-चशमा पहनता है। ८० र० का कुर्ता पहनता है। ये सव क्या हो रहा है जरा इसको गौर से देखें। मैं नही कहता कि कांग्रेस रीजीम में सभी लोग साधु थे और अव जितनी भी पार्टि है, सव

चोर है। लेकिन मैं इतना कह सकता हुँ कि जो भी रावन हरन करने जाता है, हनुमान होना चाहता है।

नर्थ वंगाल डवलपमेन्ट फण्ड में कांग्रेस रीजीम से ज्यादा रुपया आव जाता है। लेकिन उसका खर्च सही तरीके से नही किया जा रहा है। मैं तो कहुँगा कि एम०एल०ए० आपना हिस्सा लेकर उसका सही रीपार्ट प्रोडयुस करे। लेकिन वह रुपया नार्थवंगाल डवलपमेन्ट फण्ड का किस फण्ड में खर्च होता है, शायद आपको पता नही है। क्या कांग्रेस रीजीम मे टयुवेल नही वैठाए जाते थे, क्या लोग पानी नही पीते थे? क्या आव आपलोगों कही रीजीम में लोग पानी पी रहे है। क्या इसी रीजीम में टयुवेल वैठाये जा रहे है। आज सवाल कांग्रेस या सी० पी० एम० या फारवर्ड व्लाक या दुसरी पार्टियो का नही है। सवाल तो यह है कि जिस रुपये से टयुवेल वैठाएँ जाँय, उसका खर्च सही तरीके से हो ताकि लोगो को सुलभ तरीके से पानी मिल सके। लेकिन देखा जाता है कि टयुवेल के नाम पर रुपया प्रधानलोग खा जा रहे है। अभी तक गरीवो के गाँवो में टयुवेल नही वैठ पाया है। अगर टयुवेल वैठा है तो जितने मेम्वर है, उनके आँगन में, उनके दरवाजे पर। जहाँ टयुवेल ५०-५५ फ÷ट गाड़ने की वात है, वहाँ गरीवों के गाँव में महज २६ फ÷ट गाड़ा गया है। और वाकी पाइप का दाम लेकर दुसरो को देदिया जाता है।

आप लोग पट्टालोन दिलवा रहे है। अगर कोई आदमी पट्टेपर आपनी जमीन को धरा है तो पैसा लेकर जिसकी जमीन है, उसी को जमीन वापस कर दिया जाता है। आप जव जानते है कि आपके यहाँ करप्शन है, तो इन्कायरी क्यों नही करवाते है?

मेरा आपसे आखरी निवेदन है कि आप केवल आपनाही जिला मुर्शिदावाद को न देखते रहे। आप पंचायत मिनिस्टर केवल आपने जिले के ही नही है। आपतो पंचायत मिनिस्टर पुरे वंगाल के है। हमारे जिले को आप वहुत कम देखते है। वंगाल के जितने डिस्ट्रिक्ट है, उनपर आप ध्यान दीजिए। हम देखते है कि पंचायत मिनिस्टर सिर्फ आपने ही केन्द्र को देखते है। लेकिन मैं कहुँगा कि आप पुरे वंगाल को देखिए, उसे वचाइए। आप आपने केन्द्र में वोट तो पाइएगाही।

मैं पंचायत मिनिस्टर को निवेदन करुँगा कि कम से कम आप हमारे सव-डिविजन इस्लामपुर पर भी ध्यान दीजिए। यह इलाका विहार का वैकवर्ड इलाका था और वंगाल में आकरके भी वैकवर्ड ही रह गया है। आप जव कभी हमारे डिस्ट्रिक्ट हेडक्राटर

नाम्बुरघाट में जाते है तो डाक वंगले में रहकर चले आते है। मेरा निवेदन है कि आप सरकिट हाउस से चले न आया करे। जरा हमारी एरिया करन दीधी, दालखोला वैगरह मे भी चालिए। वहाँ के लोगो के दुख दर्द को सुनिए। मै आपके बजट का समर्थन नही कर सकता।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত মন্ত্রী এবং সমষ্টি উন্নয়ন মন্ত্রী যে বাজেট বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করবার জন্য উঠেছি এবং আমি যতগুলি কাট মোশন দিয়েছিলাম সেগুলিকে সমর্থন করছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে নীতিগত ভাবে সমর্থন করি। সমর্থন করি আরও এইজন্য এবং ধন্যবাদ দিই যে তিনি সাহস করে কয়েকটা দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতকে বাতিল করেছেন। আমার এই ধন্যবাদ দিতে কোনও দ্বিধা নেই। কারণ আজকালকার যুগে পঞ্চায়েত প্রধানকে বাতিল করার সাহস সমস্ত মন্ত্রী মহাশয়ের আছে কিনা জানি না। তবে ভবিষ্যতে আপনার চাকরি থাকবে কিনা জানি না। এই কারণে আমি পুনরায় তাঁকে ধন্যবাদ জানাই। আমি বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে আপনারা নির্বাচিত পঞ্চায়েতকে বিশ্বাস করে ক্ষমতা দিয়েছেন। গত ২০ বছর যে সরকার ছিল যারা আইন করেছিলেন এবং যাঁরা মহাত্মা গান্ধীর শিষ্য বলে দাবি করেন — আমিও সেই দলের, — কিন্তু যাঁরা আইন করেছিলেন তারা ইলেকশন করে তাদের হাতে ক্ষমতা দেননি — আপনারা বিশ্বাস করে তাদের হাতে ক্ষমতা দিয়েছেন।

[5-50 – 6-00 p.m.]

পঞ্চায়েতকে ক্ষমতা দিন তাতে আমার কোনও আপত্তি নেই, নিশ্চয়ই দেবেন। কিন্তু এই পঞ্চায়েতকে চালিত করবার ক্ষেত্রে আপনি কতটা স্বার্থক হয়েছেন সেটা আমাদের দেখতে হবে। পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হোক এটা আমরা চাই, গান্ধীজীও চেয়েছিলেন। কিন্তু আপনি তাঁদের যে ক্ষমতা দিয়েছেন সেটা তাঁরা আপনাদের দলের লোক বলে দিয়েছেন। তাঁরা যদি আপনাদের দলের লোক না হতেন তাহলে এই ক্ষমতা তাঁদের হাতে দিতেন কিনা সন্দেহ আছে। যেখানে সি.পি.এম.-এর প্রধান রয়েছে সেখানে বি.ডি.ও. কি করে কথা বলবেন? সমস্ত জায়গায় আপনারা জিতেছেন, আপনাদের লোক সমস্ত জায়গায় রয়েছে সেইজন্যই তাঁদের হাতে এত ক্ষমতা নিয়েছেন, নাহলে দিতেন না। কিন্তু এই ৩ বছরের পঞ্চায়েতের ইতিহাস কি? সেটা হচ্ছে ব্যর্থতার ইতিহাস, দুর্নীতির ইতিহাস, দলবাজির ইতিহাস। আপনারা এছাড়া আর কিছু করেননি। আমি জানি আপনি ভাল মানুষ, সৎ মানুষ, আপনার সদিচ্ছা আছে। কিন্তু এই ৩ বছরের মধ্যে আপনি রুলস ফ্রেম করতে পারলেন না, কোনও আইনে পঞ্চায়েত চলবে সেটা করতে আপনার ৩ বছর লেগে গেল। আপনি তো পার্ট বাই পার্ট রুলস করছেন। আজকে অমুক রুলস, কালকে তমুক রুলস — এই তো আপনি করছেন। আজকে কোনও পঞ্চায়েতের প্রধান চুরি করলে আপনি সমস্ত পঞ্চায়েতকে বাতিল করছেন। কেন এটা করবেন? কোনও প্রধান যদি আজকে কোর্টে অভিযুক্ত হয় তাহলে তাকে শাস্তি প্রদানের

ব্যবস্থা আপনার আইনে নেই। কোনও পঞ্চায়েতের প্রধান যদি চুরির দায়ে পড়ে তাহলে আপনি সমস্ত পঞ্চায়েতকে বাতিল করছেন অথচ সেই লোককে রিমুভ করার ক্ষমতা আপনার নেই এবং সেটা আপনি এই ৩ বছরের মধ্যেও করতে পারলেন না। আমি মনে করি এটা পঞ্চায়েতের একটা কলঙ্কময় ইতিহাস। তারপর, দুর্নীতি তদন্ত করবার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন? বি.ডি.ও., ই.ও.পি-কে ক্ষমতা দেবেন বলেছিলেন এবং আপনার ইচ্ছাও ছিল, কিন্তু সাব-কমিটি আপনাকে পার্মিশন দেননি এবং দেখছি বি.ডি.ও.-দেরও আজ পর্যন্ত কোনও ক্ষমতা নেই। কথাটা হয়ত আপনি বলবেন না আমি জানি, কিন্তু আপনি আপনার নিজের বুকে হাত দিয়ে বলুন তো, আপনি এই পঞ্চায়েতকে নিয়ে সন্তুষ্ট কিনা এবং আপনি যেটা চেয়েছিলেন সেটা করতে পেরেছেন কিনা? আপনারা নির্বাচনের সময় বলেছিলেন দলীয় প্রার্থী দেবেন। আমরা তাতে বারবার আপত্তি করেছিলাম। আমরা হেরে যাব সেইজন্য এটা আমরা বলিনি, আমরা বলেছিলাম এতে গ্রামের সর্বনাশ হবে। আজকে গ্রামগুলো ৩ ভাগ হয়ে গেছে — কংগ্রেস, সি.পি.এম. এবং জনতাদল। আপনারা কিভাবে জিতেছেন? গ্রামে বিভিন্ন লোক দাঁড়িয়েছে, জনতা দাঁড়িয়েছে — অবশ্য তাঁদের কোনও সিম্বল ছিল না — ভোট ভাগ হয়েছে এবং আপনারা জিতেছেন মেজোরিটি ভোট পেয়ে। আমি এই ঘটনা প্রমাণ করে দিতে পারি। যা হোক, আপনারা ভোটে জিতে পঞ্চায়েত গঠন করেছেন বটে, কিন্তু সেই পঞ্চায়েত তাদের কার্য রূপায়িত করতে পারেনি। সমস্ত লোকের উপর যদি কন্ট্রোল না থাকে, গ্রিপ না থাকে তাহলে আপনি কি করে পঞ্চায়েতের কাজ চালাবেন? পঞ্চায়েতের উদ্দেশ্য কি ছিল? গ্রামে গাছ লাগাবে এবং সেখানে বসে বিচার করবে, তুলোর গাছ লাগাবে এবং তা থেকে যে সুতো হবে তা দিয়ে কাপড় তৈরি করবে। কিন্তু আজকে কি অবস্থা, সেসব কি কিছু হয়েছে? আজকে গ্রামে গিয়ে দেখুন সি.পি.এম.-এর লোক নাহলে সে টিউবওয়েল থেকে জল খেতে পারে না। আপনি বলুন তো একটা পঞ্চায়েতও কি স্বয়ং সম্পূর্ণ হয়েছে? আপনি তো বারবার বক্তৃতা দিচ্ছেন যে পঞ্চায়েতে অনেক কাজ হয়েছে। কি কাজ হয়েছে? সরকারি টাকা সমস্ত পঞ্চায়েতে যাচ্ছে। আপনি দেখাতে পারবেন যে একটা ভাল কাজ হয়েছে, একটা পঞ্চায়েতের কাজ স্বয়ং সম্পূর্ণ হয়েছে? রাস্তা করেছেন, রাস্তা চিরকাল হয়েছে। পরাধীন দেশে যেটুকু রাস্তা ছিল না সেইটুকু রাস্তা হয়েছে। তখন অনেক কম চুরি হয়েছে, আজকে অনেক বেশি চুরি হচ্ছে। যে টাকা দিচ্ছেন তার জন্য একটা ইভ্যালুয়েশন কমিটি করুন। আপনার দলের লোক থাক আমরাও থাকি, আপনি দেখান কতটুকু কাজ হয়েছে। আজকে গ্রাম বাংলায় দেখবেন টাকা খরচ হয়েছে কিন্তু কাজ হয়নি। একটা পঞ্চায়েতকে স্বয়ং সম্পূর্ণ করতে পেরেছেন? ধরুন, একটা কথা বলি, নির্বাচন আসছে, ধরুন পশ্চিমবাংলায় আগে নির্বাচন হয়নি, আপনারা যদি না থাকেন আপনাদের যে পঞ্চায়েতগুলি আছে তাকে যদি অন্য ডিপার্টমেন্ট টাকা না দেয় একটা পঞ্চায়েত কাজ করতে পারবে? ৪ হাজার থেকে ৪।। হাজার টাকা একটা পঞ্চায়েতের ইনকাম, ৪০ টাকা করে যদি একটা চৌকিদারকে দেয় তাহলে তাদের ৪৮ হাজার টাকা চৌকিদারদের বেতন দেবার পরে দেখা যাবে যে তাদের এক পয়সাও নেই। যে টাকা দেন তাতে লেখা আছে 'মে' কিন্তু সেই 'মে'টা স্যাল হয়ে গিয়েছে।

যে কোনও ডিপার্টমেন্ট মে অ্যালট সাম মানি ফর এনি স্পেসিফিক পারপাস, এখন 'মে'টা তো স্যাল হয়ে গিয়েছে। এখন সরকার যদি টাকা না দেয় তাহলে পঞ্চায়েত চলবে না, আজ যদি পঞ্চায়েতকে টাকা না দেয় তাহলে কোনও কাজ হবে না। আপনাদের একটা স্কীম ছিল ক্রিয়েশন অফ রেমুনারেটিভ অ্যাসেটস, কোনখানে আপনারা তা করতে পেরেছেন? আজকে আমাদের ডিস্ট্রিক্ট কমিটির একটা মিটিং ছিল সেই মিটিং-এ কথা হয়েছে যে একটা বড় ট্যাঙ্ক পঞ্চায়েতকে দেওয়া হবে পঞ্চায়েত তার থেকে কিছু রোজগার করবে। এর আগেও আইন হয়েছে, আপনারাও স্বীকার করেছেন যত ট্যাঙ্ক সব পঞ্চায়েতে ভেস্ট করবে, ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটির মিটিং-এ ঠিক হল যত ট্যাঙ্ক গভর্নমেন্ট ভেস্ট করবে তা পঞ্চায়েতকে ভেস্ট করবে, তাতে তাদের নিজস্ব কিছু জিনিস হবে এবং সেগুলির দায়িত্ব তারা নেবে। আমি নিজে যাব দেখান আমাকে যে এই এই পঞ্চায়েত একটা ট্যাঙ্ক উন্নত করে এই ইনকাম করছে, এত হাজার টাকা ইনকাম করেছে। একটা পঞ্চায়েত করেছে? আমি দেখেছিলাম আমাদের ওখানে এর আগে পঞ্চায়েত একটা গ্রামসভাতে একটা পুকুরকে খুঁড়িয়ে সেটা পরিষ্কার করালাম এবং পরিষ্কার করিয়ে তাতে মাছ ছাড়া হল। পঞ্চায়েত কমিটির সভাপতি তিনি সি.পি.এম.-র লোক তাকে ডেকে নিয়ে গিয়ে ২২ কেজি ওজনের একটি মাছ পঞ্চায়েত প্রধানকে দিল। ২২ কেজি মাছ বিক্রি করলে খুব কম পক্ষে ২২০ টাকা হত। সেই ২২ কেজি মাছের মাথাটা পঞ্চায়েত সমিতির সভাপতি খেয়ে চলে গেলেন, আর সবটা ভাগ করে দেওয়া হল। এটা আমি স্পেসিফিকালি বলছি যে আজকে একটাও করতে পারেননি। আর একটা স্কীম ছিল সোসিয়াল ফরেস্ট্রি করার, কিছু টাকা বরাদ্দ ছিল, আপনারা এবারও কিছু টাকা বরাদ্দ করেছেন, একটা অঞ্চল পঞ্চায়েত তা করতে পেরেছে, সোসিয়াল ফরেস্ট্রির জন্য ক'খানা চিঠি এসেছে? এই একটা প্রবলেম, সেদিন আমাদের ওয়ার্ল্ড ব্যাঙ্কের লোকেরা গিয়েছিলেন, আমরা বসে আলোচনা করেছি সোসিয়াল ফরেস্ট্রি হবে, পঞ্চায়েত করবে। আমাদের সভাপতি খুব উৎসাহী লোক, তিনি বললেন আমরা করব। অনেক অ-কৃষি ল্যান্ড অনেক ভেস্ট হয়েছে পঞ্চায়েতে সেখানে সোসিয়াল ফরেস্ট্রি করতে পেরেছেন? পঞ্চায়েতকে স্বাবলম্বী করার জন্য সেখানে সোসিয়াল ফরেস্ট্রি করতে পেরেছেন? পঞ্চায়েতকে স্বাবলম্বী করার জন্য সেখানে কাজ কিছু করে দিয়েছেন? আজকে উদ্দেশ্যটা কি ছিল, লোকাল লিডারশিপ রেজ করবেন। কে করবে? গ্রামের লোক নির্বাচিত হবে পঞ্চায়েতে। ক্ষমতা দিয়েছিলেন কাজটা করবে কে, জেলা পরিষদ করবে। আজকে আপনার মোটরের তেল রেসট্রিকশন করে দিয়েছেন যে ১০ লিটার করে পাবে, খুব জোর ১৫ লিটার করতে পারে। আজকে জেলা পরিষদে কি হচ্ছে?

[6-00 – 6-10 p.m.]

খুব জোর যদি বাড়ে তো ১৫ লিটার, কিন্তু যেখানে জেলা পরিষদের একটা গাড়ি ছিল, জীপ গাড়ি, সেটাও ভাঙ্গা। আজকে সেখানে নূতন নূতন অ্যাম্বাসাডার গাড়ি হয়েছে। তেলের পেছনে, কি খরচ হচ্ছে? প্রতিদিন ৩৫/৪০ এমন কি ৫০ লিটার পর্যন্ত তেল

পোড়ানো হচ্ছে। আর একজন ড্রাইভার তার যতটা না বেতন তার চেয়ে বেশি পায় ওভার টাইম। কি কাজ করা হয়, কয়টি পঞ্চায়েত পরিদর্শন করা হয়? ঐ সব গাড়ি অধিকাংশ সময়ে পার্টির কাজে ঘুরে বেড়াচ্ছে। জেলা পরিষদের গাড়ির পেছনে কত বিল হয় এবং ড্রাইভার কত পরিমাণ ওভার টাইম পায় একবার খোঁজ নিয়ে দেখুন না। পঞ্চায়েতের উদ্দেশ্য ছিল আপনারা পঞ্চায়েতের কাজে গ্রামে লোকাল লিডারশিপ রেইজ করবেন, কিছু করতে পেরেছেন কি? গ্রামের কোনও উন্নতি করতে পেরেছেন? তার জন্য কি কোনও চেষ্টা হয়েছে, কোথাও কি কোনও প্ল্যান হয়েছে? গ্রামের যে প্রধান তিনি বুঝেই পান না কি করে কি কাজ করবেন। মালদা জেলার হরিশ্চন্দ্রপুরে একটি গ্রাম পঞ্চায়েতের (সুলতান নগর) প্রধান কি করেছেন দেখুন, সেখানে অ্যাকউন্টস অডিটই হয়নি, আপনাকে চিঠি লেখা হয়েছে দু তিনবার। তারপর উপর তলা থেকে সেখানে হিসাব দেখতে গিয়েছে, করল কি? ই.ও.পি. মাংস খাইয়ে ফলস ভাউচার করে অডিটের কাজ করিয়ে নিল। সেখানে যে অপোজিশন মেম্বার ছিলেন, তাঁর নাম অযোধ্যা সিংহ, তিনি বলেছিলেন আমি অডিটের সময় থাকব, অডিট দেখবার সুযোগ চাই, অ্যাকাউন্টস তো দেখতে পাইনি, অডিটের সময় ভাউচারগুলি দেখব। ই.ও.পি. বললেন আপনি থাকলে ল অ্যান্ড অর্ডার প্রবলেম দেখা দিতে পারে। তারপর দেখা গেল মুরগি মসল্লম খাইয়ে বলা হল, আজকে তো বাড়ি যান অডিট পরে দেখা যাবে। এই সব আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। আমি আপনাকে দোষ দিচ্ছি না। মাননীয় ন্যাথানিয়েল দাদা বলে গেলেন, এই যে এই সমাজ ব্যবস্থা তাতে এই হবে। যদি এই সমাজ ব্যবস্থায় এই হবেই এবং আপনারা কিছু নাই করতে পারেন তো, আপনারা সব ছেড়ে দিয়ে বনে চলে যান, আমরা চেষ্টা করি। আজকে জেলা পরিষদকে লাখ লাখ টাকা দেওয়া হচ্ছে। গতকাল মালদা জেলা কো-অর্ডিনেশন কমিটির সভায় মালদা জেলা পরিষদের সভাপতি বলেছিলেন, আমার কাছে ৮ লাখ টাকা এসেছে রাস্তা তৈরি করার জন্য। এই রাস্তা তৈরি করবে কে? পি.ডব্লিউ.ডি.-এর একজিকিউটিভ ইঞ্জিনিয়ার বললেন — রাস্তা তৈরি আপনারাই করবেন। সভাধিপতি জানেন না কি কাজ করবেন, অথচ তাঁর কাছে টাকা চলে গেল। প্ল্যান করে কটি কাজ করতে পেরেছেন? আমার কাছে এমন খবর আছে কোনও কোনও জেলা পরিষদের লক্ষ লক্ষ টাকা ব্যাঙ্কে জমা রাখে। একটি জেলা পরিষদ ৮০ লক্ষ টাকা ব্যাঙ্কে রেখে সেই টাকার সুদ জেলা পরিষদ খাচ্ছে। এই যে লক্ষ লক্ষ টাকা জমা রেখে দিচ্ছে ব্যাঙ্কে, তাতে কাজের কাজ কিছু হচ্ছে না, এই টাকা দিয়েছেন কি ব্যাঙ্কে জমা রেখে দেওয়ার জন্য না কাজ করার জন্য? তারপরে একটা জিনিস বলি, আপনার ডিপার্টমেন্টের কথা, হেড কোয়ার্টার ডিরেক্টোরেটের কথা বলছি, কোনও কো-অর্ডিনেশন নাই। হরিশ্চন্দ্রপুরে ২ নং ব্লকে মালিওর গ্রাম পঞ্চায়েত মেম্বাররা নমিনেট করে দিলেন দুজন মাইনরিটি মহিলা মেম্বারকে। ১৯৭৯ সালে এর বিরুদ্ধে আপনার কাছে অভিযোগ দেওয়া হয় এবং আপনার ঘরে গিয়ে আপনার হাতে দিয়েছি আমি নিজে। আপনি লিখলেন ইমিডিয়েটলি অ্যাকশন নেওয়া হোক। দরখাস্ত যাবে কোথায়? ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারকে দিলেন, তিনি কিছু করলেন না, তিনি দিলেন বি.ডি.ও.-র কাছে ফর রিপোর্ট, নাম পাঠালেন 'ডিস্পিউট' আছে মন্তব্য সহ। হোল ১৯৭৯

সালের মধ্যে রিপোর্ট এল না, কেন না বি.ডি.ও. চাকুরি করেন সভাপতির অধীনে। কিন্তু সেই ডিস্পিউট থাকা সত্ত্বেও পঞ্চায়েত ভবন থেকে তদ্বির করে হাতে হাতে সরকারি মনোনয়ন নিয়ে চলে গেল। আপনার কাছে চিঠি লিখেছি, কোনও ফল হয়নি। গোকুল কিশোর রায় নামে একজন পঞ্চায়েত সদস্য আপত্তি করেছিল, তাকে মিথ্যা মামলায় অ্যারেস্ট করা হল, আল্টিমেটলি সে মনের দুঃখে সুইসাইড করল। আপনি ইনকুয়ারি করে দেখুন। এতদিন পরে ১৯৭৯ সালে যে রিপোর্ট চাওয়া হয়েছিল এত দিন পরে, সেই রিপোর্ট এসেছে। কুশিদা গ্রাম পঞ্চায়েতের হরিশ্চন্দ্রপুর ব্লক নং-১ ব্লকের প্রধান সম্বন্ধে গত দিনেও বলেছিলাম যে প্রধানের উপর নো কনফিডেন্স মোশন হয়ে গেল। তার সেখানে মেম্বাররা মিটিং করতে গেল, মেম্বারদের মেরে শুইয়ে দেওয়া হল। আমি যখন তাদের পক্ষে বলতে গেলাম আমার বাড়িতে ৫ হাজার লোক দিয়ে ঘেরাও করা হল। আজকে সেই প্রধান যিনি বর্তমানে অত্যন্ত মেজরিটিতে আছেন তিনি বর্তমানে পঞ্চায়েতের অফিস থাকা সত্ত্বেও তিনি সেখানে যেতে পারেন না। বর্তমানে বাড়িতে অফিস করেছেন। আপনি এখন আইন করেছেন। আপনি সারকুলার দিয়েছেন শুনলাম যেখানে অফিস আছে সেখানে অফিস করতে হবে। কিন্তু তাকে এনফোর্স করতে পারেননি। তিনি অফিসে যায়নি। আমি দরখাস্ত দিয়েছি কিন্তু আপনি কিছু করেননি। এখানে যারা বসে আছে এল.আর. এবং আপনার আরও সব লোক আছে জুজুর ভয়ে কিছু করতে পারছেন না। হাইকোর্টে মামলা হয়েছে। কিন্তু হাইকোর্টে যে মামলা হয়েছে সেটা অন্য ব্যাপার। কিন্তু অফিসের ব্যাপারে কি অ্যাকশন নিয়েছেন? তাতে কোনও বাধা নাই। সুলতাননগর অঞ্চল পঞ্চায়েতে যখন নো কনফিডেন্স হয়ে গেল তখন সেই সেই প্রধানের বিরুদ্ধে মামলা হল এবং সেই লোক যিনি প্রধান হয়েছেন তিনিও সি.পি.এম.-এর লোক — কিন্তু বি.ডি.ও. বলছেন ওঁকে দিয়ে কাজ করা হবে না। জেলা পরিষদের সভাপতি হুকুম করে এলেন বি.ডি.ও. সাহেব ওকে রিজেক্ট করতে হবে ওকে সাসপেন্ড করার অর্ডার দিন। দেখা গেল লোক গেল সাসপেন্ড করার ফাইল তৈরি করে। শুনলাম সাসপেন্ড করার ফাইল এসেছে এবং বিনা কারণেই সাসপেন্ড করা হবে। আজকে এখানে নো-কনফিডেন্সের প্রধান কুশিদা গ্রাম পঞ্চায়েত, হরিশ্চন্দ্রপুর ব্লক নং-১ তিনিই ব্লক থেকে টাকা নিয়ে যাচ্ছে এবং মেজরিটি সদস্যের প্রধানকে বি.ডি.ও. টাকা দিচ্ছে না। আপনাকে লিখেও কোনও ফল পাওয়া যায় না। এই হচ্ছে পঞ্চায়েত ডাইরেক্টরেট। তার পঞ্চায়েতের ব্যাপারে কতগুলি মামলা হয়েছে। সবগুলি আমার কাছে নেই। কিছু কিছু আছে। হাইকোর্টে মামলা হয়েছে এবং তা তদ্বির করার জন্য আপনার লোক আছেন, শুনলাম সুশীল নিয়োগী মহাশয় গেছেন। তিনি এই খবর জানেন কিনা জানি না এক বছরের মামলা তিন বছরেও ডিসিশন হচ্ছে না। ২৪-পরগনার ১৪৪টি মামলা আছে মেদিনীপুরে ৪৬টি মামলা আছে পশ্চিম দিনাজপুরের ৪১টি, মালদার ৭টি মামলা আছে। আপনি এতগুলি মামলা নিয়ে যে বসে আছেন এই মামলাগুলি তোলবার একটা ডিসিশন যাতে তাড়াতাড়ি হয় তার চেষ্টা করছেন কি? একটা মামলার কথা বলি মাননীয় অনিল বাবু ছিলেন তার অ্যাপিয়ার পর্যন্ত হল না। দু বছর ধরে এই জিনিস চলছে। আমার বক্তব্য হচ্ছে গ্রাম পঞ্চায়েতকে যদি কাজ করতে হয় তাহলে এ সম্বন্ধে সজাগ

হতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে এই জল সরবরাহের ব্যাপার যেটা সাত্তার সাহেব বলেছেন। আজকে টিউবওয়েল নিয়ে দুর্নীতি আরম্ভ হয়েছে। নূতন টিউবওয়েল তো করতে পারছেন না দু তিনটি করেছেন। পুরানো টিউবওয়েলগুলি সারাবার কোনও তেমন ব্যবস্থা দেখছি না। নূতন টিউবওয়েলের ব্যাপারে আপনারা সমস্ত টিউবওয়েলগুলিকে দু তিন ভাগে ভাগ করে বসাচ্ছেন। ২০ থেকে ২৫ ফুট করে বসিয়ে দিচ্ছেন। আবার তাতে নাকি ৪।৫ শত টাকা খরচ হয়। এই প্রতিরোধ করার কোনও ব্যবস্থা নেই। আমাদের চোখের সামনে এই জিনিস হচ্ছে। আমরা দেখছি আপনার তো হাত পা বাঁধা। আপনার কিছু করবার নেই। আপনার ফুট নেই। আপনি তো একটা জিনিস করতে পারেন যে অডিট হবার সময় কেন বিরোধি দলের সদস্যরা সেখানে থাকবেন না? আপনি কেন এটা করছেন তা যে বিরোধি দলের সদস্যদের সামনে অডিট করতে হবে, তাদের অনুমোদন নিতে হবে। এটা কি আপনি করতে পারেন না। আপনাকে এটা চিন্তা করতে বলছি। আমি জানি আপনার সৎ প্রচেষ্টা আছে। আমরা এই সব যে বলছি শুধু বিরোধিতা করবার জন্য বলছি না। আজকে ভাউচার পাস অন্যভাবে করানোও হয়। আমরা দেখেছি অডিটের সময় একটা ভাউচার তৈরি করে লাগিয়ে দেওয়া হয়।

[6-10 – 6-20 p.m.]

তারপর আমি আমার কাট মোশনে বলেছি যে মুর্শিদাবাদের ১ নং পঞ্চায়েতের দুজন মহিলার নাম রেকমেন্ড হয়ে এসেছে ৬ মাস আগে। আজও তার নমিনেশন যায়নি। আজকে এই যে অবস্থা — কেন হচ্ছে না? তারা কেন ব্যবস্থা নিতে পারছে না? তারা কেন এত দুর্বল? আপনি তাদের বলুন, ন্যায্য কাজ করবেন, আমি আপনাদের পিছনে আছি। সেই কথাটা অন্তত তাদের বলুন। যদি মনে করেন যে পঞ্চায়েতকে সুষ্ঠুভাবে চালাবেন তাহলে চুরি বন্ধ করুন, আমি আপনাদের পিছনে আছি। এই সাহসটুকু তাদের দেবেন। আর একটা কথা বলি, টাকা যাচ্ছে। এডুকেশন ডিপার্টমেন্ট থেকে যাচ্ছে, হেলথ ডিপার্টমেন্ট থেকে যাচ্ছে, আপনাদের ওখানে কোনও কো-অর্ডিনেশন নেই। এই পঞ্চায়েত ডিপার্টমেন্ট জানে না কোথায় কত টাকা কোন ডিপার্টমেন্ট থেকে গেছে। কো-অর্ডিনেশনের কোনও ব্যবস্থা সেখানে নেই। কাজেই এটা আপনি একটু দেখবেন। আর একটা কথা বলি, সি.ডি. ডিপার্টমেন্ট সম্বন্ধে। কেন এই ডিপার্টমেন্টটাকে রাখছেন? এই ডিপার্টমেন্টটা তুলে দিন। কমিউনিটি ডেভেলপমেন্টের সব কাজ যখন বি.ডি.ও. এবং পঞ্চায়েতের আন্ডরে দিয়ে দিয়েছেন তখন সি.ডি. ব্লকগুলোতে রাখার দরকার কি? সি.ডি. ব্লকে করার ফলে সরকারের কিছু টাকা খরচ বাড়ল। গ্রাম সেবক যারা গ্রামে কাজ করতেন, এগ্রিকালচারের কাজ এবং অন্যান্য কাজ, আপনি সি.ডি. ডিপার্টমেন্টকে আলাদা করে গ্রাম সেবককে নিয়ে এলেন তার ফলে মাননীয় কমল বাবু বললেন তোমরা নিয়ে যাও এবং তিনি আলাদা লোক অ্যাপয়েন্টমেন্ট করবার ব্যবস্থা করলেন। আজকে গ্রাম সেবকরা কি করছেন? হাইকোর্টে মামলা করল, পঞ্চায়েতের অধীনে না যাবার জন্য। যদি পঞ্চায়েতের অধীনে না যায় তাহলে সে কি কাজ করবে? আগে ফোর্থ প্ল্যানে গ্রাম সেবক

নাম ছিল। আপনি বলে দিন এই গ্রাম সেবকরা পঞ্চায়েতের অধীনে কাজ করুক। তারা হাইকোর্টে মামলা করে বসে আছে এবং তারা আপনাকে ফাঁকি দিচ্ছে। যতক্ষণ পর্যন্ত না হাইকোর্টে ফয়সলা হচ্ছে যতক্ষণ কমল বাবু কৃষি সহায়ক নিযুক্ত না করতে পারছেন ততক্ষণ তাদের কৃষির কাজটা করতে বলুন। এই ব্যবস্থা আপনি করতে পারলেন না। আজকে সি.ডি.-র বিশেষ কোনও কাজ নেই। সি.ডি. ডিপার্টমেন্টের একমাত্র কাজ গৃহ প্রকল্প নির্মাণ। তারপর আপনি অনেক হিসাব দিয়েছেন, গরিব মানুষদের গৃহ প্রকল্পের কাজ কি রকম হচ্ছে, আমরা তো দেখছি টাকা যাচ্ছে, খরচ হচ্ছে না। তিন বছর ধরে হরিশ্চন্দ্রপুর ব্লকে ২০ হাজার টাকা পড়ে আছে। যেগুলো হচ্ছে, সেইগুলো মানুষের ব্যবহারের অযোগ্য বাড়ি তৈরি হচ্ছে। আমি আপনাকে বলব, এই গৃহ প্রকল্পের ব্যাপারটা আপনি একটু দয়া করে দেখবেন। গৃহ প্রকল্পের কাজগুলো সত্য সত্য হচ্ছে কি হচ্ছে না সেটা দেখবেন। দ্বিতীয় কথা, আগে থেকেই আছে — কিছু লেডি ডি.পি.ও. আছেন, গ্রাম সেবিকা, তাদের কাজ কি? আপনি জবাবি ভাষণে বলবেন। তাদের বাড়িতে ভাত রান্না করা ছাড়া আর কোনও কাজ আছে বলে আমার মনে হয় না। তারা একবার রিক্সা করে অফিসে যায় আর বাড়িতে এসে বসে থাকে। এই ভাবে সরকারি অর্থ কেন অপচয় হচ্ছে? গ্রাম সেবিকাদের স্পেসিফিক কোনও ডিউটি আছে কি? তারা আগে গ্রামে যেতেন, মহিলা সমিতি অর্গানাইজ করতেন, মহিলা সমিতির একটা দায়িত্ব ছিল। কিন্তু আজকে তাদের রেখেছেন কেন? ওদের অন্য ডিপার্টমেন্টে দিয়ে দিন। আমি আপনাকে বলছি, বি.ডি.ও. অফিসের টাকাগুলো যে সি.ডি. ডিপার্টমেন্ট থেকে দিয়েছেন দু বছর আগে, আপনার নিজের লোক নেই, এগ্রিকালচারাল অফিসারদের উপর নির্ভর করতে হচ্ছে, আবার বি.ডি.ও. অফিসে যে টাকা যাচ্ছে, কে কোথায় করবে, কেমন করে করবে তার কোনও ব্যবস্থা নেই। এগ্রিকালচার ডিপার্টমেন্ট তিন বছর আগে টাকা জমি দিয়েছেন কিন্তু সেই টাকা পড়ে আছে। আজও কিছু হচ্ছে না। আমি আপনাকে এইটুকু বলব পঞ্চায়েত ব্যবস্থার উন্নতি হোক আমরা এটা চাই, কিন্তু আমার বক্তব্য হচ্ছে দলের ঊর্ধ্বে যতদিন না পঞ্চায়েত উঠতে পারবে ততদিন গ্রামের, দেশের কোনও উন্নতি করতে পারবেন না। এখনও যেমন পারছেন না, ভবিষ্যতেও পারবেন না। কাজেই দলের ঊর্ধ্বে থেকে সমস্ত লোককে নিয়ে যাতে তারা কাজ করতে পারে, সেই রকম ব্যবস্থা আপনি নিন। আপনি অনেক জেলায় যান, দলের কাজে যান, কিন্তু কোনও দিন তো আমাদের নিয়ে পঞ্চায়েতের ব্যাপারে বসেননি? কোনও দিন তো আমাদের বলেননি যে পঞ্চায়েত সম্বন্ধে কিছু বলুন বীরেন বাবু, পঞ্চায়েত কেন হচ্ছে না? আপনি যদি সভাপতিকে নিয়ে বা অন্য মেম্বারদের নিয়ে বলেন, তাহলে আমরা বলতে পারি কেন হচ্ছে না। আমরা পঞ্চায়েতে একটা জিনিস দেখতে পাচ্ছি দলীয় কাজ ছাড়া জেলা পরিষদে একটা কাজও হচ্ছে না, পঞ্চায়েত সমিতিতে হচ্ছে না, গ্রাম পঞ্চায়েতেও হচ্ছে না। এটা কিন্তু বুমেরাং হয়ে আপনাদের বিরুদ্ধেই একদিন যাবে। এই কথা বলে আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খগেন্দ্রনাথ সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের

দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। উপাধ্যক্ষ মহাশয়, আজকে ওদের গায়ে জ্বালা ধরে গেছে। আপনি জানেন পঞ্চায়েতের নির্বাচনের আগেই ওরা চিৎকার শুরু করেছিলেন যে গ্রামে রাজনীতি টেনে নিয়ে যাবেন না। আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই বিধানসভার যখন নির্বাচন করেন তখন যে ভোটার আপনাদের ভোট দেন তারা তো একটা বিশেষ দলকেই ভোট দেন। তারপর তারা যখন পঞ্চায়েত নির্বাচনে একটি দলের প্রার্থীকে ভোট দেবেন তখন সেটা হবে গ্রামে দলবাজি হচ্ছে, গ্রামের সাধারণ মানুষের কাছে রাজনীতি টেনে নিয়ে যাওয়া হচ্ছে? বিধানসভার নির্বাচনে তারা তো আপনাদের দলকে ভোট দিচ্ছেন — আপনারা ভোট পাচ্ছেন না? কাজেই আপনারা চিৎকার শুরু করছেন কেন গ্রামে রাজনীতি টেনে নিয়ে যাবেন না? মাননীয় সদস্য জন্মেঞ্জয় ওঝা বলেছেন পঞ্চায়েতগুলি ধান লুঠ করে যাচ্ছে সমানে। ওদের গায়ে জ্বালা ধরার এটাই কারণ। সাধারণ মানুষ আজকে বুঝতে পেরেছে বামফ্রন্ট সরকার এই গরিব মানুষের পিছনে আছে, স্বভাবতই বর্গাদারদের স্বার্থ রক্ষিত হবে। ভূমিহীন চাষী যারা ভেস্টেড জমি চাষ করেন তারা ভাবছেন তাদের ফসল জোর করে জোতদাররা কেটে নিয়ে যেতে পারবে না এবং তাদের অধিকার তারা যখন প্রতিষ্ঠিত করতে যাচ্ছেন তখন গ্রামের কংগ্রেসি জোতদার যারা এতদিন ধরে পঞ্চায়েতকে এক একটি ঘাঁটি হিসাবে ব্যবহার করে আসছিলেন, তারা তো চিৎকার শুরু করবেনই। তারা ভেবেছিলেন এই ভাবে গ্রামে রাজনীতি না নিয়ে গিয়ে এই ঘাঁটিগুলিকে নিজেদের কব্জায় চিরদিন রেখে দেবেন এবং তাদের ফেভারে গ্রামের লোকজনদের রাখতে সমর্থ হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বভাবতই আজকে গ্রামের গরিব মানুষরা তাদের কথা শুনছেন না, জোর করে তাদের অধিকার প্রতিষ্ঠিত করতে যাচ্ছেন, তখন ওদের গায়ের জ্বালা তো ধরবেই। তাই ওরা চিৎকার শুরু করেছেন ধান লুঠ হয়ে যাচ্ছে বলে। স্যার, আপনি জানেন বর্গা রেকর্ড হয়ে গেছে। আমার কাছে অসংখ্য দৃষ্টান্ত আছে রেকর্ডেড বর্গাদারের জমি থেকে জোতদাররা জোর করে ধান কেটে নিয়ে গেছে। অনেক অভিযোগ আছে এবং থানায় ডায়রি করা হয়েছে কিন্তু পুলিশ কোনও অ্যাকশন নেয়নি। বিভিন্ন সদস্যরা যেসব কথা বলেছেন, আমিও বলব বিভিন্ন দপ্তরের সঙ্গে পঞ্চায়েতের একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। পঞ্চায়েত অনেক কাজ করতে চায় কিন্তু করতে পারছে না কো-অর্ডিনেশনের অভাবে। একজন রেকর্ডেড বর্গা চাষী পঞ্চায়েত সমিতির কাছে যাচ্ছে। অ্যাডভাইসারি কমিটি আছে। জে.এল.আর.ও. অফিস থেকে রিপোর্ট পাঠাচ্ছে। সেই রিপোর্টের ভিত্তিতে থানায় যাচ্ছে এনকোয়ারি করতে। একটা কাজ করতে কয়েক মাস সময় লেগে যাচ্ছে। এর একটা সুব্যবস্থা যাতে হয় সেটা আপনি চিন্তা করে দেখবেন।

[6-20 – 6-30 p.m.]

হরিপদ বাবু শ্রী পান্নালাল দাশগুপ্ত মহাশয়ের একটি উদ্ধৃতি দিয়ে আমার জেলার কথা বলেছেন যে সেখানে পশ্চিম দিনাজপুরে ৬২ হাজার পুকুর আছে। হ্যাঁ, ঠিক, অনেক পুকুর সেখানে আছে এবং সেগুলি সংস্কার করলে অনেক ভাল কাজ হতে পারে, ব্যাপক ভাবে মাছ

চাষ হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আগের যে পঞ্চায়েত ছিল সেই পঞ্চায়েত তখন এই বড় বড় পুকুরগুলি নেয়নি, জে.এল.আর.ও হাতে সেই সমস্ত পুকুরগুলি সমস্ত দায় দায়িত্ব ছিল। সেই সময় বড় বড় জোতদার এবং ধনী লোকেরা শহর থেকে গ্রামে গিয়ে সেই সমস্ত পুকুরগুলি লিজ নিয়েছিলেন। যেটা ১০ হাজার টাকায় লিজ নেওয়ার কথা সেটা তারা মাত্র ১০০ টাকায় লিজ নিয়েছিলেন। স্বভাবতই আজকে জে.এল.আর.ও.-রা সেই সমস্ত পুকুরগুলি পঞ্চায়েতের হাতে হ্যান্ড ওভার করতে পারছে না। ছোট ছোট পুকুর যেগুলি আছে, যেগুলিতে চাষ হয় সেই পুকুরগুলি পঞ্চায়েতের হাতে গিয়েছে। যেগুলি ভেস্টেড পুকুর, যেগুলিতে গরিব মানুষরা চাষ করে পঞ্চায়েতের পক্ষে সেগুলি লিজ দেওয়ার জন্য টেন্ডার কল করতে অসুবিধা হচ্ছে। তারপর স্যার, বিরোধি দলের মাননীয় সদস্যারা বলেছেন, কোনও প্ল্যানিং নেই। এটা কিন্তু ঠিক কথা নয়। ইতিমধ্যে অনেক গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি এই পুকুরগুলি নিজের হাতে নিয়ে কোথাও ছোট ছোট কো-অপারেটিভকে লিজ দিয়েছেন আবার কোথাও বা পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত নিজেদের হাতে রেখে সেই সমস্ত পুকুরে মাছ চাষ করছেন। তারপর আপনারা জানেন, পঞ্চায়েতের একটা প্রোগ্রাম ছিল আই.আর.ডি.পি.-র প্রোগ্রাম, সেটাও অনেক ক্ষেত্রে কার্যকর করা সম্ভব হচ্ছে না এবং সেখানে বাধা হচ্ছে ব্যাঙ্ক, ব্যাঙ্ক সেখানে সাহায্য করছে না। স্যার, আজকে গ্রামীণ অর্থনীতিকে স্বয়ম্ভর করার অনেক কথা বলা হচ্ছে কিন্তু আমি মনে করি এই আই.আর.ডি.পি. প্রোগ্রামের মাধ্যমে এটা করা সম্ভব। কিন্তু বাধা ব্যাঙ্ক। ব্যাঙ্ক সব সময় এ ব্যাপারে পঞ্চায়েত সমিতি বা পঞ্চায়েতগুলির সঙ্গে সহযোগিতা করছে না। আমি পঞ্চায়েত সমিতির একজন সদস্য হিসাবে দেখেছি অনেকবার পঞ্চায়েত সমিতিতে ব্যাঙ্কের লোকেদের ডাকা হয়েছে, তারা এসেছেন এবং এসে প্রতিশ্রুতি দিয়েছেন কিন্তু কার্যক্ষেত্রে দেখা গিয়েছে তারা প্রতিশ্রুতি পালন করেন নি। তাদের কথা হচ্ছে, আগে বিভিন্ন মৎস্য চাষীকে যে সমস্ত ঋণ দেওয়া হয়েছিল সেই ঋণের টাকা আজও উঠে আসেনি, কাজেই আমরা আর লোন দিতে সাহস করছি না। স্যার, আগে এই লোন কারা পেয়েছিল সেটা আপনি জানেন। জয়নাল সাহেব জানেন, রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ওঁর কন্সটিটিউয়েন্সির একজন ধনী চাষী একটি পুকুরের উপর ৩০ হাজার টাকা লোন নিয়েছিলেন মাছ চাষ করার জন্য। সেই জলাটা হচ্ছে ১০ একরের উপর। তিনি ৩০ হাজার টাকা লোন নিয়ে এক পয়সাও শোধ করেননি। সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এটা অ্যাকশন করতে চাচ্ছে কিন্তু তিনি হাইকোর্ট থেকে ইনজাংশন নিয়ে গিয়েছেন। এইভাবে আমরা দেখেছি তখনকার দিনে এই সমস্ত বেশি বেশি টাকা ব্যাঙ্ক ঐ সমস্ত বড় লোকেদের দিয়েছেন। আমি বলতে চাই, আই.আর.ডি.পি. পরিকল্পনাতে যদি ব্যাঙ্কগুলি সঠিকভাবে সহযোগিতা করে তাহলে এই সমস্ত পরিকল্পনা কার্যকর করা সম্ভব হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস(আই)-এর মাননীয় সদস্য, কাজী সাজ্জাদ সাহেব একটা কথা স্বীকার করেছেন। তিনি বলেছেন যে আমরা দুর্নীতি করেছি, আমাদের ভূড়ি মোটা

হয়েছে, আর প্রয়োজন নেই। তিনি স্বীকার করেছেন যে তারা দুর্নীতি করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে তাকে আমি এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে তারা দুর্নীতি করেছেন, ১৮ বছর যখন পঞ্চায়েত ছিল এই পশ্চিমবঙ্গে তখন একটাও দুর্নীতির তদন্ত করেননি বা কোনও পঞ্চায়েত প্রধানকে সাসপেন্ড করেননি। কিন্তু আজকে বামফ্রন্ট সরকারের এটা বলিষ্ঠ পদক্ষেপ। যদিও আমাদের পার্টি বা বামফ্রন্টের শরিক দলের কোনও প্রধান বা পঞ্চায়েতের সদস্য যেখানে দুর্নীতি ধরা পড়েছে তাকে বরখাস্ত করা হয়েছে। এই রকম দৃষ্টান্ত তারা রাখতে পারেননি। আমরা স্বীকার করি যে কিছু কিছু দুর্নীতি রয়েছে। এই সমাজ ব্যবস্থায় দুর্নীতি মুক্ত হতে পারে না। তারপর মাননীয় সদস্য, জন্মেঞ্জয় বাবু বলেছেন যে পঞ্চায়েতকে কাজ কর্ম করতে গিয়ে বি.ডি.ও.-কে অনেক অসুবিধায় পড়তে হয়। অসুবিধায় পড়তে হয় এটা ঠিকই। সে জন্য পঞ্চায়েত মন্ত্রী, তাঁর বক্তৃতায় বলেছেন যে একজন জয়েন্ট বি.ডি.ও. থাকবেন যিনি এই সমস্ত পঞ্চায়েত সমিতির কাজ কর্ম দেখাশুনা করবেন এবং সেই সঙ্গে তিনি আরও বলেছেন যে একজন অ্যাকাউন্টেন্ট, একজন ক্লার্ক পঞ্চায়েত সমিতিতে নিয়োগ করা হচ্ছে এবং অনেক ক্ষেত্রে নিয়োগ হয়ে গেছে। কাজেই এটা যে হয়নি তা ঠিক নয়। তারপরে চৌকিদার, দফাদারদের সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই সমস্ত গরিব লোক, যারা চৌকিদার, দফাদার-এর কাজ করেন, তাদের যাতে বরখাস্ত করা না হয়। তাদের যাতে একটা বেতন নির্ধারণ করে, তাদের একটা স্কেল দিয়ে চাকুরিতে ঠিকমতো রাখা যায় সেটা আপনি ভেবে দেখবেন। এই সঙ্গে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে আর একটা অনুরোধ করব ট্যাক্স সম্পর্কে। পঞ্চায়েতের কর যেটাকে বলা হয়, সেই কর নির্ধারণের ক্ষেত্রে আমি দেখেছি যে পঞ্চায়েতকে অসুবিধায় পড়তে হয়। কারণ যেখানে বলা আছে যে সম্পদের উপর পারসেন্ট ধরা হবে। সেখানে নিম্ন আয়ের লোক, যার অল্প সম্পদ আছে, তার যা হবে, আর যার বেশি সম্পদ আছে তারও সেই একই হারে হবে। আমি মনে করি এটা ঠিক নয়। যার কম সম্পদ আছে তার পারসেন্টেজ যাতে কম হয় এবং যার বেশি সম্পদ আছে তার পারসেন্টেজ যাতে বেশি হয় — এই রকম একটা ব্যবস্থা হওয়া উচিত। কাজেই এটা আপনি একটু চিন্তা করে দেখবেন। এই কথা বলে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষকুমার রানা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গের পঞ্চায়েতি কাজকর্ম সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এখানে বিগত ৩ বছর, ৩।। পঞ্চায়েত নির্বাচন হওয়ার সময় থেকে এবং বিশেষ করে পঞ্চায়েত নির্বাচন হবার পর থেকে পশ্চিমবাংলায় পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে অনেক আলোচনা হয়েছে এবং প্রত্যেক গ্রামে গ্রামে পঞ্চায়েত ভাল বা খারাপ এটা একটা জীবন্ত বির্তকের ব্যাপার। পঞ্চায়েত গঠন এবং তার কাজকর্ম সম্পর্কে আমার যা অবজার্ভেশন, আমি যেটুকু দেখেছি সেটা সম্পর্কে আমার বক্তব্য রাখব। প্রথম কথা হচ্ছে যে পঞ্চায়েতে কারা নির্বাচিত হয়েছে। আমাদের রাজ্য সরকারের তরফ থেকে ইকোনমিক রিভিউতে বিভিন্ন ক্লাশ থেকে কারা এসেছে তার ফিগার দেওয়া আছে।

ক্ষেত মজুর বা গরিব চাষী যারা অর্থাৎ যারা মজুরি খাটেন, জমি থাক বা না থাক, অল্প জমির মালিক, তাদের পঞ্চায়েতে যে পার্টিসিপেশন মোট জনসংখ্যার অনুপাতে অনেক কম এবং এটাই হওয়া স্বাভাবিক। কারণ যেখানে জমি আছে, জমির মালিকানা রয়েছে এবং সেই ভিত্তিতে আধা সামন্ততান্ত্রিক যে কাঠামো গ্রামাঞ্চলে বজায় আছে, সেখানে নির্বাচন হবে এবং ক্ষেতমজুররা রাতারাতি নির্বাচিত হয়ে যাবে, সেটা আশা করা যায় না।

[6-30 – 6-40 p.m.]

বড় জমির মালিক শতকরা ১০ ভাগ বা শতকরা ১২ ভাগ নির্বাচিত হয়েছে দেখা যাবে, কিন্তু শতকরা ১০ ভাগ, শতকরা ১২ ভাগ ব্যাপার নয়, জমির মালিকানার যে ব্যবস্থার ভিত্তিতে গড়ে ওঠা যে সামাজিক কাঠামো তাতে শতকরা ১০ ভাগ হলেও শতকরা ১০ ভাগ লোক ঐ শতকরা ১০০ ভাগকে নিয়ন্ত্রণ করবে এবং তাই করছে। সমগ্র পশ্চিমবাংলার পঞ্চায়েতগুলিকে বিশ্লেষণ করলে সমস্ত জায়গায় দেখা যাবে পঞ্চায়েতগুলি মূলত বড় জমির মালিকদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী বা তাদের স্বার্থ অনুযায়ী কাজ করে চলেছে। দুর্নীতি তার ফলেই দেখা দিয়েছে। দুর্নীতি কোনও একটা বিক্ষিপ্ত ব্যাপার নয়, দুর্নীতি একটা বিশেষ শ্রেণী স্বার্থের চিন্তা-ভাবনা, সমস্ত কিছুর প্রতিফলন। ফলে পঞ্চায়েতগুলি দুর্নীতিগ্রস্ত হয়েছে। তাহলে কি পঞ্চায়েত নির্বাচন করা ভুল হয়েছিল? অথবা পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা দেওয়া ভুল হয়েছিল? আমি তা মনে করি না। দুর্নীতির অভিযোগ থাকা সত্ত্বেও, এবং পঞ্চায়েতে দুর্নীতি হওয়া সত্ত্বেও আমি মনে করি যে, পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিয়ে ঠিক কাজই করা হয়েছে এবং আমি মনে করি আরও বেশি ক্ষমতা দেওয়া উচিত, এখন যে ক্ষমতা দেওয়া হয়েছে, এই ক্ষমতা যথেষ্ট নয়। আরও বেশি ক্ষমতা পেলে, আরও বেশি টাকা পয়সা সংগ্রহ করে কোনও পরিকল্পনা যদি তারা করতে পারত এবং পরিকল্পনা অনুযায়ী কাজ করতে পারত তাহলে আরও ভাল হত। পঞ্চায়েত দুর্নীতি করছে, সবাই স্বীকার করবেন যে, দুর্নীতি হচ্ছে। কিন্তু দুর্নীতি চেক করার কি ব্যবস্থা? এ বিষয়ে আমরা অনেক পরামর্শ শুনেছি, কেউ কেউ বলেছেন এটাকে ডি.এম. অথবা এস.ডি.ও. অথবা বি.ডি.ও.-র তত্ত্বাবধানে শক্তিশালী করা হোক। আমলাতান্ত্রিক তত্ত্বাবধানকে শক্তিশালী করলে দুর্নীতি দূর করা সম্ভব, এটা মোটেই সত্য কথা নয়। আমি এটাকে সমর্থন করি না। সমর্থন এই কারণে করি না যে, যেখানে সমস্ত কিছু আমলাদের হাতে আছে — পি.ডব্লি.ডি, ফুড অ্যান্ড সাপ্লাইস ডিপার্টমেন্ট বা অন্যান্য ডিপার্টমেন্ট বলুন সেখানে কি দুর্নীতি দূর হয়েছে? সেখানে কি রকম দুর্নীতি আছে, তা আমরা চোখের সামনেই দেখছি, সেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার দুর্নীতি হচ্ছে। পঞ্চায়েতের চোখে লাগছে এই কারণে যে, কয়েকজন গরিব মানুষ, যাদের কিছু ছিল না, তাদের জীবন যাত্রায় রিমার্কেবল চেঞ্জ এসেছে বলে। সেই কারণেই আজকে চোখে পড়ছে। কিন্তু আমলাতান্ত্রিক দুর্নীতির ধারে কাছেও তারা যেতে পারেনি। সুতরাং আমলাতান্ত্রিক সুপারভিশন, আমলাতান্ত্রিক তত্ত্বাবধান চাপিয়ে দিলে পঞ্চায়েত আরও দুর্নীতিগ্রস্ত হবে। তাহলে সমাধান কি? সমাধানের জন্য প্রকৃত পক্ষে পঞ্চায়েতকে আরও বেশি ক্ষমতা দিতে হবে সঙ্গে

সঙ্গে জনগণের তত্ত্বাবধানের ব্যবস্থার মাধ্যমে এই সমস্যার সমাধান করতে হবে। পশ্চিমবাংলার ভবিষ্যৎ যাদের হাতে তাদের হাতে আরও ক্ষমতা দিতে হবে। আমি এক জায়গায় দেখেছি প্রথম বছর পারেনি, কিন্তু পরের দু বছরের মধ্যে জনসাধারণ এই সমস্যার সমাধান করতে পেরেছে। আমি সেই জায়গার কথা এখানে উল্লেখ করছি। বীরভূম জেলার ইলামবাজার থানার বিলাতি অঞ্চলের অঞ্চল পঞ্চায়েতের কর্তারা হাজার হাজার টাকা চুরি করে। তখন সেই ঘটনা জনসাধারণের নজরে আসে এবং নজরে আসার পর জনসাধারণ নিজেরা সংগঠিত হয়ে চুরি করা টাকা জনসাধারণের হাতে ফেরৎ দিতে হবে এই দাবিতে আন্দোলন করে এবং তাদের বিরুদ্ধে সামাজিক বয়কট ইত্যাদি আন্দোলন শুরু করে দেয়। দুঃখের বিষয় হচ্ছে যখন এই আন্দোলন চলছিল, তখন, গত বছর ২৭শে মে তারিখে শান্তিপূর্ণ সংগঠিত আন্দোলনকারী জনতার উপর পুলিশ গুলি চালাল এবং একজন কৃষক মারা গেল, ১৭ জন আহত হল, তথাপি আন্দোলন চলেছিল। মানুষ সেখানে দমে যায়নি এবং তারা সাফল্য লাভ করতে সমর্থ হয়েছে। সেই সব চোরেরা পঞ্চায়েতের চুরির টাকা ফেরৎ দিতে বাধ্য হয়েছে। জনসাধারণ সেখানে বিভিন্ন গণ-কমিটি করে সেই টাকা দিয়ে ডেভেলপমেন্ট কাজকর্ম করছে। এখন কথা হচ্ছে এই কমিটিও যদি আবার চুরি করে তাহলে কি হবে? তাহলে আমার কথা হচ্ছে একমাত্র সচেতন জনগণই তাদের ঠিক পথে পরিচালিত করতে পারে। নির্বাচিত হোক বা নিয়োগ করা কোনও কমিটিই হোক তাদের উপর জনগণের যদি তত্ত্বাবধান থাকে, তাহলেই সব কিছু ঠিক থাকতে পারে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, আপনি যতই সদিচ্ছাপূর্ণ লোক হোন না কেন, আপনার যতই সদিচ্ছা থাকুক না কেন, উপর থেকে চাপিয়ে দেওয়া কোনও কিছু দিয়ে কিছু করা কখনই সম্ভব নয়।

রাজ্য সরকারের কাছে বিশেষ করে পঞ্চায়েত মন্ত্রীর কাছে আমার অনুরোধ ঐ ইলামবাজার অঞ্চলে বিলাতি গ্রামের কৃষকেরা যে নতুন পথ দেখিয়েছেন, ঐ দুর্নীতিগ্রস্থ পঞ্চায়েতের বিরুদ্ধে লড়াই করে সফলকাম হয়েছেন তার জন্য তিনি যেন তাদের কাছে একটা অভিনন্দন বার্তা পাঠিয়ে দেন। এছাড়া আমি আর একটি কথা বলছি, যে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিকে সুপারসিড করা হয়েছে তাদেরকে কোনও কাজ করতে দেওয়া হচ্ছে না। সেই সব গ্রাম পঞ্চায়েতগুলিতে সরকারি দলের সংখ্যা গরিষ্ঠতা নেই। সেইজন্য তাদের কাজ করতে দেব না, টাকা-পয়সা দেব না, মিনিকিট বিতরণ করতে দেব না, লিস্ট তৈরি করতে দেব না এমন কি কোনও কাজ করতে দেব না — সেক্ষেত্রে সরাসরি পঞ্চায়েত সমিতি থেকে করা হচ্ছে, গ্রাম পঞ্চায়েতকে করতে দেওয়া হচ্ছে না — এই জিনিসটা কি, এর অর্থটা কি এই ব্যাপারটি মাননীয় মন্ত্রী মহাশয় একটু বুঝিয়ে দেবেন। ব্যাপকভাবে এই জিনিস করা হচ্ছে। আর একটি কথা পঞ্চায়েত সম্পর্কে বলি। কিছু দিন আগে জব ওয়ার্কার নিয়োগ করা হল। ঐ নিয়োগের আগে ইন্টারভিউ বোর্ডে আমাকে ডাকা হল। আমি অবশ্য সব জায়গায় উপস্থিত থাকতে পারিনি, একটি জায়গায় উপস্থিত হয়েছিলাম। সেখানে ইন্টারভিউতে নম্বর যোগ করে করে যে সর্বোচ্চ নম্বর পেল তার নাম লিখে দিলাম। সর্বোচ্চ নম্বর যে পেল সে হচ্ছে

মেদিনীপুর জেলার সাঁকরাইল ব্লকের ১০ নম্বর অঞ্চলের লোক। মাস খানেক পরে আমি চিঠি পেলাম তাকে নিয়োগ পত্র না দিয়ে যে সেকেন্ড হয়েছিল, ২ নম্বর কম ছিল তাকে নিয়োগ পত্র দেওয়া হয়েছে। এই ব্যাপারটি কি তা আমি বুঝতে পারছি না। এই রকম ব্যাপার কেন হচ্ছে? পঞ্চায়েত সম্পর্কে আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে, জমির বন্টনের ক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা। পঞ্চায়েত জমি বন্টন করবে। আমি এই ব্যাপারে বিরোধি নই। খুব ভাল কথা। কিন্তু যেটা করা হচ্ছে সেটা হচ্ছে পঞ্চায়েত সমিতি দিয়ে করা হচ্ছে না। পঞ্চায়েত সমিতি থেকে নির্বাচিত একটা সংস্থা যেমন ধরুন যদি ২৫ জন নির্বাচিত সদস্য থাকেন তাদের মধ্য থেকে ৫ জনকে নিয়ে এই সমস্ত জমি বন্টন করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে গ্রাম পঞ্চায়েত কেন করবে না? জমি বন্টনের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতের। এদের সঙ্গে বিভিন্ন কৃষক সংগঠনের প্রতিনিধিদের নেওয়া উচিত। এদের ডেকে জমি বন্টন করা উচিত। ভূমি সংস্কার বাজেটের সময়ে এই ব্যাপারটি নিয়ে অনেকেই আলোচনা করেছেন এবং আমিও এ ব্যাপারে কিছু কথা বলেছি। সুতরাং এই জিনিসটা করা দরকার। সব থেকে নিচের তলার মানুষ তাদের যাতে পার্টিসিপেশন থাকে সেই জিনিসটা করতে হবে। যাই হোক, পঞ্চায়েত সম্পর্কে মোটামুটি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মণীন্দ্রনাথ জানা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলছি। পঞ্চায়েত সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিরোধিরা কিছু বক্তব্য রেখেছেন। সেটা শুনে মনে হল এই কয়েক বছরে পঞ্চায়েত হওয়ার পর দেশে বোধ হয় কোনও কাজকর্ম হয়নি। ১৯৭৪।৭৫ সালে যখন আমাদের বিরোধিরা সরকার ছিলেন সেই সময়ে শ্রী প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় পঞ্চায়েত মন্ত্রী ছিলেন। আমি তাঁরই একটি বাজেট দেখছিলাম। তাতে তিনি পঞ্চায়েত বাজেট ধার্য করেছেন ৩ কোটি ৭০ লক্ষ ৭১ হাজার টাকা। তখন যে ব্যবস্থা ছিল সমগ্র পশ্চিমবাংলায় তার মধ্যে জেলা পরিষদগুলিকে ১ লক্ষ ৮০ হাজার টাকা দেওয়া হয়েছে, আঞ্চলিক পরিষদগুলিকে ১ লক্ষ ৩৩ হাজার টাকা দেওয়া হয়েছে এবং পঞ্চায়েতকে অর্থাৎ অঞ্চল পঞ্চায়েতগুলিকে ১৩০০ টাকা করে দেওয়া হয়েছে। তখন চৌকিদারদের মাহিনা সাড়ে ২২ টাকা করে দেওয়া হয়েছে এবং দফাদারদের মাহিনা ৩২ টাকা করে দেওয়া হয়েছে। এই হচ্ছে ওনাদের আমলে পঞ্চায়েত বাজেটে টাকার ব্যবস্থা। আজকে বামফ্রন্ট সরকার যেভাবে পঞ্চায়েত চালাচ্ছেন তাতে বিরোধিরা বলতে চাচ্ছেন এই পঞ্চায়েতের মধ্যে খালি দুর্নীতি আছে এবং দলবাজি আছে। এছাড়া আর কিছু নেই। যখন পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তখন ঐ জনতা দলের প্রফুল্ল বাবু বললেন গ্রাম পঞ্চায়েতগুলি দলহীন হবে। কিন্তু কি দেখলাম? দলহীনের সঙ্গে ভিড়ে গিয়ে ঐ মিনিবাস মার্কা দিয়ে, ছাতা মার্কা দিয়ে, হ্যারিকেন মার্কা দিয়ে — এইসব দল তৈরি করে পঞ্চায়েত নির্বাচনে নেমেছে।

[6-40 – 6-50 p.m.]

কিছু কিছু জায়গায় তাঁরা জিতেছিলেন। আর অনেক জায়গায় পঞ্চায়েতের দোরগোড়ায়

আসতে পারেননি। এখানে আমরা দেখছি যে যাঁরা ঐ মিনিবাস, হ্যারিকেন, হাত ইত্যাদি নিয়ে জিতেছিলেন তাঁরা সকলেই এক জায়গায় গিয়ে হাজির হয়েছেন। তাঁরা পঞ্চায়েত গড়বার সময়ে বলেছিলেন যে আমরা দলবাজি করব না, এখন দেখা যাচ্ছে যে তাঁরাই দলবাজি করে বেড়াচ্ছেন। এটা ঠিক আমাদের বামপন্থী প্রগতিশীল প্রার্থীদের নিয়ে যে গ্রাম পঞ্চায়েত তৈরি হয়েছে — ওনাদেরও ১০০টির অধিক পঞ্চায়েত আছে, যেখানে ইন্দিরা কংগ্রেসের প্রধানরা আছেন, সেগুলির কথা ওনারা বললেন না, বামফ্রন্টের যে সমস্ত পঞ্চায়েতগুলি আছে সেগুলি খারাপ হয়ে গেছে, ওনাদের যেগুলি পঞ্চায়েত আছে সেগুলি খুব ভাল আছে এই কথাই বলেছেন। আমি জানি আমাদের হুগলি জেলার কয়েকটি এলাকায় ওনাদের যে পঞ্চায়েতগুলি আছে সেখানকার পঞ্চায়েতের সদস্যরা যাঁরা আছেন তাঁদের নিমন্ত্রণ করলেও তাঁরা পঞ্চায়েতের মিটিংয়ে যান না, তাঁদের হাতে কিছু কাজ দিলেও তা করেন না। তাঁরা উপর থেকে কোনও নির্দেশ পেয়েছেন কিনা জানি না তাঁরা পঞ্চায়েতের কাজ বয়কট করবেন। আজকে পঞ্চায়েত বাজেটে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যেটা উপস্থিত করেছেন — সকলে সেটা দেখেছেন সেটা ঐ তিন কোটি ৭০ লক্ষ টাকার জায়গায় ১৬ কোটি ৬১ লক্ষ টাকার পরিমাণ দেখানো হয়েছে। পরিমাণটা কম নয়, এবং সেটা শুধু গ্রাম বাংলার জন্য খরচ হচ্ছে। ওনাদের আমলে ওনারা যে টাকাটা দিতেন আমরা দেখেছি সেটা শুধু শহরতলীর দেড় কোটি লোকের জন্য খরচ করতেন, তাদের রাস্তাঘাট, পয়ঃপ্রণালী ইত্যাদির জন্য, এছাড়া সি.এম.ডি.এ.-র টাকাও ছিল, সে টাকার পরিমাণটা কম ছিল না। গ্রাম বাংলায় — যেখানে শতকরা ৭৫ ভাগ মানুষ বাস করে সেখানে অল্প টাকাই খরচ করা হত। দীর্ঘ ৩০ বছরের মধ্যে গ্রামের মাটি কাটা, বা মাটি ফেলা কিছুই করা হয়নি। কিন্তু আজকে এই ৩ বছরে গ্রাম বাংলার পঞ্চায়েতগুলি কাজ কর্ম করছে। ওনারা কোনও পঞ্চায়েত দেখেছেন, জানি না, হুগলি জেলার গ্রামে কয়েকটি পঞ্চায়েত তাঁরা নিজেদের রিসোর্স তৈরি করেছেন, এবং সেই বাড়ি তৈরি করে নিচে ব্যাঙ্ক তারা নিজেদের বাড়ি তৈরি করে সেই বাড়ির নিচে ব্যাঙ্ক ভাড়া দিয়েছেন এবং মাসে সেখান থেকে ৬০০ থেকে ৮০০ টাকার মতো ভাড়া পাওয়া যায় এবং সেই ভাড়ার টাকায় গ্রামের উন্নয়নমূলক কাজ কর্ম হয়। সব গ্রাম পঞ্চায়েতে নাও হতে পারে, কিছু গ্রাম পঞ্চায়েত খারাপ আছে বটে কিন্তু অনেক গ্রাম পঞ্চায়েতেই এই ভাবে নিজেদের উন্নত করার চেষ্টা করছেন। ওঁরা এরকম বলছেন, কারণ ওঁরা ভাষা নীতি এবং শিক্ষা নীতি নিয়েও অনেক কথা বলেছেন, হয়ত ঐ সাদা জামা কাপড় পড়া মানুষগুলি ভাবছেন যে এরকম করতে পারলে ওঁরা ক্ষমতায় এলে কাউকে ভাইস চ্যান্সলার বা কাউকে কমিশনার ইত্যাদি করে দেবেন। আমরা যখন পঞ্চায়েত নির্বাচন করেছি তখন ওঁদের দলের পঞ্চায়েত কোথাও কোথাও হয়েছে তারাই দুর্নীতি করছে, এবং যারা দুর্নীতির সঙ্গে যুক্ত সেইসব প্রধানদের শাস্তির ব্যবস্থার ব্যাপারে — আমরা দেখতে পাচ্ছি যে মন্ত্রী মহাশয় হস্তক্ষেপ করেছেন। সেইজন্য তাঁকে আমি সাধুবাদ জানাই। বিরোধি দলের সদস্যরা পঞ্চায়েত অ্যাক্ট সম্বন্ধে বলেছেন, কিন্তু তাতে পঞ্চায়েতের কাজ ভাল ভাবে চালানো যায় না পঞ্চায়েতের যে রুল — যে তথ্য আছে সেই রুল ৩ বছর না থাকার জন্যই পঞ্চায়েতের কাজে অসুবিধা হচ্ছে। এ ছাড়া

গ্রামের দিকে কয়েকটি গ্রাম পঞ্চায়েতে ৭ থেকে ১০টি ওয়ার্ড আছে, সেই সব ওয়ার্ডে আজ ৭ থেকে ১০ বছর দেখছি যে সব চৌকিদার মারা গেছে বা রিটায়ার হয়ে গেছে তাদের পরিবারের নূতন কাউকে নিয়োগ করা সম্ভব হয়নি।

একটা প্রশ্ন-উত্তরের সময় মন্ত্রী মহাশয় বলেছিলেন পশ্চিমবাংলায় ৩০০ বেশি চৌকিদারি পোস্ট খালি আছে। আমি আশা করব যাতে গ্রামে চৌকিদার তাড়াতাড়ি নিয়োগ করা যায় তার ব্যবস্থা করবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে দুই চারটি কথা বলতে চাই। পঞ্চায়েতের মাধ্যমে একটা নির্বাচিত সরকারের সঙ্গে পল্লী অঞ্চলে একটা যোগসূত্র স্থাপিত হয়েছে যা ইতিপূর্বে হয়নি। এটা পঞ্চায়েতের প্রধান কৃতিত্ব। আগে এটা হত সরকারি আমলাদের দ্বারাই যার ফলে গ্রামের লোকেরা জানত না যে একটা সরকার আছে। ৩৩ বছর ধরে স্বাধীনতার আস্বাদন তারা পায়নি। সি.পি.এম. বা বামফ্রন্ট পঞ্চায়েত পেয়েছে বলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে তা ঠিক নয়। আপনারা এই ক্ষমতা আগে দেন না কেন? এর কারণ হল আপনারা এটা চাইছেন না। পঞ্চায়েতগুলির সমস্ত ভাল হয়েছে তা নয় কিছু কিছু খারাপও হয়েছে। এটা সবে নূতন হয়েছে। অর্থাৎ সময় না গেলে কিছু বলা যাবে না। আগের সরকারের আমলে টিউবওয়েল করতে, পুকুর কাটাতে বা রাস্তা করতে গেলে অফিসারদের ৫সের করে তেল মাখাতে হত যেটা এখন আর হচ্ছে না। সুতরাং ক্ষমতা যেটা দেওয়া হয়েছে সেটা সঠিকভাবে দেওয়া হয়েছে। খারাপ কাজের জন্য গ্রামে তার বিরুদ্ধে প্রতিবাদ করছে এবং অনেক পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে কেন করা হয়েছে। আগে একটা পুকুর কাটাতে যেখানে ১০ হাজার টাকা লাগত সেখানে এখন পঞ্চায়েতের দ্বারাই কাজটা হচ্ছে কম টাকায়। ঘর বাড়ি তৈয়ারি করার ব্যাপারে পদ্ধতি হচ্ছে কন্ট্রাক্টারদের মাধ্যমে কাজ করান। আমি বলছি এটা পরিবর্তন করে যারা ঘর করবেন তাদের দিয়ে এটা করান। এফ.এফ.ডব্লিউ. সম্বন্ধে বলছি যে ৩০ বছর ধরে রাস্তায় কোনও মাটি পড়েনি, কিন্তু এখন এর মাধ্যমে কিছু কাজ গ্রামে হয়েছে। অর্থাৎ পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মধ্যে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে। এই কথা বলে এই দাবিকে সমর্থন করে আমি শেষ করছি।

[6-50 – 7-00 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মার্ক্সবাদের প্রবক্তা পঞ্চায়েত মন্ত্রী মহাত্মা গান্ধীর আদর্শে অনুপ্রাণিত হয়ে রিলিজিয়াসলি, মেটিকুলাসলি, এবং আরনেসলি পঞ্চায়েত ব্যবস্থাকে স্বার্থক করার জন্য যে উদ্যোগ নিয়েছেন তাকে তার জন্য ধন্যবাদ জানাই। আজকে অবিশ্বাস করার কোনও কারণ নেই যে তিনি কংগ্রেস প্রণীত আইন এবং প্রদর্শিত পথে পঞ্চায়েতের দায়িত্ব গ্রহণ করে এগিয়ে চলেছেন। তার আন্তরিক সদিচ্ছার প্রতি কোনও সন্দেহ না রেখে সরাসরি তাকে কয়েকটি প্রশ্ন করতে চাই। আপনি একাধিকবার এখানে দেখিয়েছেন

২০০ কোটি টাকা ব্যয় করেছেন। আমাদের প্রথম পরিকল্পনায় ছিল ৫৪ কোটি টাকা। আজকে টাকা মূল্য যদি ২৪ পয়সা হয় তাহলে প্রথম পরিকল্পনায় পশ্চিমবাংলায় ব্যয় হয়েছিল ৫ লক্ষ টাকা। অর্থাৎ আপনি ৩ বছর কম সময়ের মধ্যে এই টাকা ব্যয় করেছেন। জিজ্ঞাসা করতে পারি কি প্রথম পরিকল্পনায় পশ্চিমবাংলায় যে সম্পদ সৃষ্টি হয়েছিল, স্থানীয়সম্পদ, সেটাকে পঞ্চায়েতের মাধ্যমে বিকেন্দ্রীকরণ করে সেই সম্পদ গ্রামে সৃষ্টি করতে আপনি সমর্থ হয়েছেন কি—I say boldly no, if is a big no. আপনি আপনার বক্তৃতার ৭ প্যারাতে বলেছেন যে আপনি অতঃপর অডিটের কতগুলি ব্যবস্থা করেছেন যেগুলি ছিল না। পশ্চিমবাংলায় ২০০ কোটি টাকা ব্যয় হত—পাবলিক এক্সচেকার থেকে—সেখানে you have spent peoples money without any proper supervision. অথচ এই ২০০ কোটি টাকার করেসপণ্ডেন্স কোন অ্যাসেট তৈরি হয়নি—পারমানেন্ট অ্যাসেট, সেল্ফ রিলায়ান্সে এবং সেল্ফ সাফিসিয়েন্সীর দিক থেকে ২০০ কোটি টাকা পশ্চিমবাংলায় কোন সহায়তা আনতে পারেনি। এর ফলে Problem of poverty, problem of illiteracy, problem of unemployment. থেকে গেছে। আমি বলতে পারি চৌকিদার থেকে লাট সাহেব পর্যন্ত এই পঞ্চায়েত ব্যবস্থার দ্বারা এবং তার স্বার্থক রূপায়ণে কোনও পরিবর্তন এসেছে কি? আপনি বলছেন এসেছে কিন্তু আপনার এই কথার সঙ্গে একমত নই। বিগত ৩ বছরে পশ্চিমবাংলায় গ্রামগুলির মৌলিক সমাধানের দিক থেকে আপনি এই কথা বলতে পারেন It may be a bold attempt but it is infractuous altogether. আপনাকে সনির্বদ্ধভাবে একটা কথা বলব আপনি কি এটা ইভালুয়েট করবার চেষ্টা করেছেন? আপনি অডিট গঠন করেছেন—ইউ আর রিয়ালাইসিং দিস। কিন্তু যখন খরচ হয় তখন Neither you have plan nor any technical competence. আপনি separately for the State as a whole. একটা Advisory Planning Board for Panchayat করলেন, এবং Correspondingly District Co-ordination Committee. করলেন, এটি না করে District Planning Committee গঠন করুন, এ ব্যাপারে I advise you. I beseech you.

যদি ডিস্ট্রিক্ট প্ল্যান না থাকে, তাহলে পঞ্চায়েতগুলির কাজ ইনফ্রাকচুয়াস হতে বাধ্য। এখন অনেকেই পঞ্চায়েতের মধ্যে দুর্নীতির কথা স্বীকার করছেন। তবে এ সম্বন্ধে আমি ডিটেলস-এ যেতে চাই না। আপনাকে শুধু অনুরোধ করতে চাই—আপনি উৎসাহী মানুষ আপনি নিজেকে প্রায় আত্মসমর্পণ করে দিয়েছেন এবং আত্মত্যাগ করেছেন It is a mission. We admire it. You make frequent visits. আপনি শুধু মুর্শিদাবাদ নয়, যে সব জায়গাতে you took your sub-ordinate staff এবং তাদের প্রপার সুপারভিশন এবং মেন্টাল প্রিপারেশন নেওয়ার জন্য যে জিনিসগুলি করার দরকার ছিল তা হয়নি। পঞ্চায়েতগুলিকে শুধু দায়িত্ব দিলেই হয় না, তাদের কাজের প্রিপারেশান কি রকম হচ্ছে, তা দেখার দরকার আছে। কিন্তু আমরা দেখছি, কোথাও কোনও প্রিপারেশন নেই অথচ রেসপনসিবিলিটি দেওয়া হয়েছে তাদের উপর। তাই একটা বিরাট গ্যাপ দেখা দিয়েছে। I

should say it is total wastage. if not absolute wastage. It is possibly wastage of meagre resources. Compartmentalisation of works-এর উপর দাঁড়িয়ে কোথাও দেখছি—তারা প্রশ্ন করছে, কি ভাবে কাজ তারা করবে অথবা কোথাও কোথাও কাজ করতে অনীহা প্রকাশ করছে। elected representative নিয়ে একজিকিউটিভ বডির মধ্যে যদি একজিকিউটিভ অফিসার হিসাবে এস. ডি. ও. ডি. এম এবং বি. ডি. ও.দের রাখা হত তাহলে কোনও বিরোধের অবকাশ থাকতে পারত না। এবং ইলেকটেড রিপ্রেজেনটেটিভদের ক্ষেত্রে যদি should have the upper hand, strict compartmentalisation. তাহলে কোন বিরোধ দেখা দিতে পারত না। কিন্তু সে ক্ষেত্রেও Compartmentalisation of the duties and responsibilities দরকার আছে। এ ব্যাপারে বিরোধের বা সন্দেহের কোন অবকাশ নেই। আপনি যদি এই ভাবে দায়-দায়িত্ব ঠিক করে দিতে পারতেন, তাহলে বিপদের কোন আশঙ্কা দেখা দিত না এবং এর জন্য দরকার হচ্ছে অ্যাকোমোডেশনের। পঞ্চায়েতের মিটিং হচ্ছে প্রধানের দাওয়ায় কিম্বা বারান্দায় বসে—গাছের তলাতে মিটিং বসছে না, এ আমরা দেখছি। আপনি যদি Politicalisation of this institution. না দেন, তাহলে তো বিপদ ঘটতে বাধ্য। কারণ তাদের ইন্সটেড অব পারমানেন্ট অ্যাসেট তাদের কাজ করতে হচ্ছে। এদিকে আপনার দৃষ্টি দেওয়ার সময় এসেছে। কারণ তা না হলে আপনার সকল পরীক্ষাই ব্যর্থ হয়ে যাবে। আমি চাই না যে, আপনাদের এই পরীক্ষা ব্যর্থ হয়ে যাক। আমরা যতটুকু পারি বা যতটুকু চান, ততটুকু সাহায্য দিতে আমরা প্রস্তুত আছি। আপনার চারিদিক থেকে a permanent wall has been created at the village level. সেজন্য you are to seek to enlist co-operation and obtain co-operation from others. এবং It is a day of conversion. শুধু মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টে হলেই সবকিছু হয়ে গেল, এমন তো হতে পারে না। আজকে আমরা দেখতে পাচ্ছি, সবাই সি. পি. এম'এর ধ্বজাধারী হয়ে যাচ্ছে। আমার এলাকাতে এ রকম দেখেছি—আমার বহু ট্রাস্টেড ওয়ার্কার অন্য ব্যানারে দাঁড়িয়ে গেছে, অন্য সিম্বল তারা গ্রহণ করেছে। যারা এক সময়ে অন্য দলে ছিল, তারা এখন হাওয়া বদল দেখে অন্য দলের তলে চলে আসছে। এগুলি যাতে স্থায়ী ভাবে না ঘটতে পারে সেদিকে আপনার দৃষ্টি দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। এটা তো ধরে নেওয়ার দরকার নেই যে, আপনারা এজন্য একমাত্র দায়ী। আপনাকে সরাসরি জিজ্ঞাসা করতে পারি কি—Have you secured fifty per cent votes in Panchayet Elections? I boldly say-No. You have never secrured more than 44 per cent. In the Assembly you have secured more than 47 per cent votes. I would have been happy if you have secured more than fifty per cent votes.

[7-00 – 7-10 p.m.]

আমি আর দুটি কথা এখানে বলতে চাই। দু তিনটি সার্টেন কনডিশনের কথা আপনারা বলেছেন। আমি শুধু অনুরোধ করতে চাই যে দুটি এসেনশিয়াল জিনিস Cattle is the

main asset of the villagers. Main thing is development of the Cattle population. পপুলেশন। হোমিওপ্যাথিক ডিসপেন্সারি হচ্ছে মেন অ্যাসেট। তা আপনারা সাগরে হোমিওপ্যাথিক ঔষধ ঢালুন তাতে আমার কোনও আপত্তি নেই। কিন্তু মেন অ্যাসেট অফ ভিলেজার্স। অথচ intensive development of cattle and care and treatment of disease of the cattle population.

পপুলেশনের এপিডেমিক প্রিভেনশন পঞ্চায়েতকে ইনভলভ করুন ভিলেজ লেভেলে এই অনুরোধ আমি করি। একই সঙ্গে প্রাইমারী এডুকেশানকে আমার মনে হয় পার্থ বাবু এখানে নেই—পঞ্চায়েতের সুপারভিশনে আনা যায় কিনা অ্যাট দা ভিলেজ লেভেল, অ্যাট দা গ্রাসরুট লেভেল সেই জিনিসটা আপনাদের দেখতে অনুরোধ করছি। বিনয় বাবু এগ্রিকালচার ল্যাণ্ড হোল্ডিং যে নূতন ট্যাক্স প্রবর্তন করেছেন সেটা গ্রামপঞ্চায়েতের লেভেল থেকে, একাধিকবার এই বিষয়ে আলোচনা হয়েছে। ল্যাণ্ড রেভিনিউ এটা can it be permanently handed over to the Gram Panchayat? কারণ ট্যাক্স, রেন্ট এইগুলো অ্যাবলিশন হয় না এবং এখান থেকে টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশন যে রিয়ালাইজিং কস্ট তাতে কস্ট বেনিফিট পোষায় না। পঞ্চায়েতের হাতে এই পারমানেন্ট সোর্স অফ এসেটস, পারমানেন্ট সোর্স অফ ইনকাম ট্রান্সফার করতে পারেন কিনা এটা দেখলে খুবই ভাল হয়। স্যার, দুর্নীতির অনেক কথাই ওরা বলেছেন। আমি মাননীয় বন্ধুদের, বিশেষ করে সি. পি. এম বন্ধুদের একটা গল্প করি। আমি শুনেছি এটা, যদি মিথ্যা হয়, অসত্য হয় তাহলে আমি খুশি হব। আমাদের এই বামফ্রন্ট সরকারের চিফ মিনিস্টার মহোদয় ভগ্ন স্বাস্থ্য উদ্ধারের জন্য দিঘাতে যাচ্ছিলেন।

**Mr. Deputy Speaker :** If your speech is related to the Panchayat budget you are at liberty to do so. If it is not, I will not allow you. You are a senior member of the House. I request you not to speak anything irrelevant.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আই অ্যাকসেপ্ট ইয়োর রুলিং কিন্তু স্যার, বিশেষ করে এটা পঞ্চায়েত মন্ত্রীর নজর নেই, কিন্তু এটা এক্সক্লুসিভলি পঞ্চায়েতের। ভগ্ন স্বাস্থ্য উদ্ধারের জন্য নাকি দিঘা যায়, তাই ওরা যাচ্ছিলেন। বড় বড় গেট তৈরি হয়েছে, কিছু কিছু চকচকে কোর্ট-প্যান্ট পরা নূতন মানুষ এসেছে। জিজ্ঞাস করলাম, আপনারা কে? এরা বললেন—আমরা পঞ্চায়েতের সদস্য তোমাদের স্বাস্থ্য এত ভাল হলে কি করে? ওদের জিজ্ঞাসা করা হল। ওরা বললেন যে, সরকারের মিনিকিট এবং পঞ্চায়েতের দায়িত্ব আমাদের হাতে এবং জি. আর গুলোর দায়িত্ব আমাদের হাতে। এই যদি প্রকৃত রূপ হয় তাহলে আপনাদের সতর্ক হওয়া প্রয়োজন আছে not that everything is bad, but there is every reason in this poverty stricken state. স্ট্রাইকেন স্টেট দেখে রিসোর্স দিলে হবে না। ব্যক্তিগত ভাবে আপনি যে উৎসাহ নিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাই। এই হাউসে আমরা অপেক্ষা করব যে কবে দেবব্রত বন্দোপাধ্যায় পঞ্চায়েত বন্দোপাধ্যায় নামে খ্যাত হবে। এই আশা রেখে,

আপনাদের উদ্যোগের স্বার্থকতা কামনা করে, এর মধ্যে যে ত্রুটি গুলি রয়েছে, দোষ গুলি রয়েছে তার জন্য এই বাজেটকে বিরোধীতা করে আমার কথা শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জ্জি ঃ** আমার প্রিভিলেজ মোশনের ব্যাপারটা কি হল?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি আপনার প্রিভিলেজ নোটিশ পেয়েছি। আমি এটা প্রথমে একজামিন করব, তারপরে অ্যাপ্রোপিয়েট হলে অর্ডার দেব। Let me examine the notice first and then I will pass my order.

Now, the Hon'ble Minister may reply.

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, আজকে ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপন করার সঙ্গে সঙ্গে আপনাদের কাছে একটা পুস্তিকা আমি উপস্থাপিত করেছি। গত বছরও এই ব্যয় বরাদ্দ পেশ করার সময় আমি আপনাদের সমানে অনুরূপ ভাবে এই রকম ধরনের একটা পুস্তিকা উপস্থাপিত করেছিলাম—ওয়ারকিং অফ পঞ্চায়েত সিস্টেম ইন ওয়েস্ট বেঙ্গল ঃ ১৯৭৯-৮০, এবারেও ওয়ারকিং অফ পঞ্চায়েত সিস্টেম ইন ওয়েস্ট বেঙ্গল ঃ এ রিভিউ অফ দি মেন ইভেন্টস অ্যাণ্ড অ্যাকটিভিটিস ১৯৮০-৮১, এই পুস্তিকা থেকে আপনারা সকলেই জানতে পারবেন যে, পঞ্চায়েত এই দুই-আড়াই বছরের মধ্যে কি ধরনের কাজ করেছেন, কি কি সমস্যার সম্মুখীন আমরা হয়েছি এবং সেই সমস্যাগুলি মোকাবিলা করার জন্য কিভাবে আমরা চেষ্টা করছি আমি প্রতিবারই এই বাজেট পেশ করার সময় যে বক্তব্য রাখি সেই বক্তব্যের পুনরুক্তি করে এই কথা বলছি যে, আমাদের বামফ্রন্ট সরকারের পঞ্চায়েতের বিচার হবে তিনটি মাপ কাঠির উপর। প্রথমে যে কথা বলছি আমরা যখন ক্ষমতায় আসি তখন আমরা প্রতিশ্রুতিবদ্ধ ছিলাম যে, ক্ষমতা আমরা লোকেদের হাতে অর্পণ করব, ক্ষমতার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ করব। দু নম্বর চলতি সামাজিক অর্থনৈতিক কাঠামোর মধ্যে আমরা বেশিরভাগ জিনিস করতে পারব না জেনেও, মৌলিক সমস্যার সমাধান করতে পারব না জেনেও সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে ক্ষমতার ভারসাম্য কতখানি গ্রামের গরিব মানুষদের দিকে নিয়ে যাওয়া যায় সেটার চেষ্টা করব। সেই নিরিখে প্রথমে বিচার করা দরকার।

[7-10 – 7-20 p.m.]

সেই নিরিখেই বিচার করা দরকার। মনীন্দ্র জানা মহাশয় ঠিক কথাই বলেছেন। আপনারা যদি দেখেন তাহলে পাশাপশি দুটা ছবি দেখবেন। আমি যখন ভার পেলাম ঠিক তার আগের বছর যে বাজেট পেশ করেছিলেন তাতে ছিল ৩ কোটি ৭১ লক্ষ টাকা, কমিউনিটি ডেভেলপমেন্টে ৪ কোটি টাকা সর্ব মোট ৮ কোটি টাকার মতো। আর এই তিন বছর সাড়ে তিন বছরে সেই টাকা চার গুন বেড়ে ৩২ কোটি টাকা হয়েছে—অর্থাৎ চারগুন হয়েছে। এই পরিসংখ্যানটা সকলের জানা দরকার। আমি যখন মন্ত্রী হলাম তখন পঞ্চায়েত দপ্তরের পক্ষ থেকে একটা

পুস্তিকা বের হত, এবং পঞ্চায়েতের বর্ষপূর্তি উপলক্ষে সেই বই বার করতেন। তাতে কোন কোন প্রদেশ বা রাজ্য কি কি ভাবে টাকা খরচ করতেন তার চিত্র দিয়ে একটা পুস্তিকা বার হত। তাতে দেখা গেল যে গুজরাটে ৮৭ কোটি টাকা খরচ হতো ১৯৭৪-৭৫ সালে, তামিলনাড়ুতে তারা ১১৭ কোটি টাকা খরচ করতেন আর আমাদের পশ্চিমবঙ্গের বেলায় দেখতাম লেখা আছে এন এ অর্থাৎ ফ্যাকটস নট অ্যাভেলেবল। ফ্যাক্টস দিতে পারেন নি। পঞ্চায়েতে যে টাকা পয়সা খরচ করতেন সেখানে ডট ডট থাকত—ঐ এন এ, লেখা থাকত। আমি পঞ্চায়েত মন্ত্রী হিসাবে আমি এই কথা গর্বের সঙ্গে এই কথা বলব কিছু পঞ্চায়েত রাজ্য দেখবার সুযোগ আমার হয়েছে। সাম্প্রতিক কালে মহারাষ্ট্র, গুজরাট উত্তপ্রদেশে আমি গিয়েছিলাম, তামিলনাড়ু দেখার সুযোগ আমার হয় নি সম্প্রতি ইন্দিরা সরকার দিল্লিতে আসার পর সেখানে ইন্দিরা পরিপুষ্ট রামচন্দ্রন সরকার প্রতিষ্ঠিত হবার পর যে পঞ্চায়েত কায়েম হয়েছিল গোটা পঞ্চায়েত ব্যবস্থাকে সেখানে সুপারসিট করে দেওয়া হয়েছে। আজকে এই কথা জোরের সঙ্গে বলতে চাই যে দু আড়াই বছরের মধ্যে যেখানে বড়জোর আমি যেটুকু হিসাব পেয়েছি তাতে বলতে পারি তিন চার কোটি টাকা খরচ হত পূর্বতন সরকারের আমলে আজকে গুজরাট মহারাষ্ট্র, তামিলনাড়ু সকলের টারগেটকে অতিক্রম করে পশ্চিমবঙ্গে আমরা ২০০ কি সোয়া দুশো কোটি টাকা এমন কি ২৭৫ কোটি টাকা আমরা খরচ করেছি। আর একটা কথা আমি জোরের সঙ্গে বলতে চাই যে বামফ্রন্ট সরকারের পঞ্চায়েত আন্দোলনের অন্যতম প্রধান লক্ষ্য হল গ্রামের জনগণের হাতে ক্ষমতা দেওয়া, গ্রামীণ প্রশাসনে পঞ্চায়েত সাধারণ মানুষের অংশ গ্রহণ করা। পূর্বতন আমলে যে আমলাতান্ত্রিক ব্যবস্থা ছিল—যেখানে আমাদের পরিভাষায় বলে সেলফ রেসপনসিবল অ্যাডমিনিস্ট্রেশন—অর্থাৎ আমলাদের হাতে সমস্ত ক্ষমতা দেওয়া হল কাজের জন্য রেসপনসিবল থাকল না—আজকে সেই জায়গায় পশ্চিমবঙ্গে সাধারণ মানুষের কাছে দায়িত্ব বুঝিয়ে দেওয়া হচ্ছে, সেই জায়গায় আমরা পৌছাতে পেরেছি। আমি আরও কয়েকটি কথা আপনাদের সামনে নিবেদন করতে চাই—বিশেষ করে ডাঃ জয়নাল আবেদিন মহাশয় বলেছেন পঞ্চায়েতের ঘর, পঞ্চায়েত সমিতির ঘর, জেলা পরিষদের ঘর, ইনফ্রাস্ট্রাকচারের কথা তিনি বলার চেষ্টা করেছেন, আমি মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যখন পূর্বতন সরকার ছিল ১৯৭৭ সালে ৩২৪২টা গ্রাম পঞ্চায়েতের মধ্যে কয়টা জায়গায় পঞ্চায়েতের অফিস ছিল, কয়টা ঘর ছিল? সেখানে বামফ্রন্ট সরকার অত্যন্ত গর্বের সঙ্গে দাবি করতে পারে যে, এই তিন বছরে বামফ্রন্ট সরকারের আমলে ১২৬৯টা পঞ্চায়েতের ঘর ও অফিস নির্মিত হয়েছে। অনুরূপ ভাবে এই কথা বলতে পারি প্রায় দু তিন লক্ষ টাকা খরচ করে কম পক্ষে ৫৪টি পঞ্চায়েত সমিতির ঘর বামফ্রন্ট সরকারের আমলে নির্মিত হয়েছে। ডাঃ জয়নাল আবেদিন মহাশয় আর একটা কথা বলেছেন যে বন্যার সময়ে সবচেয়ে বেশি টাকা খরচ হয়েছে তখন অডিটের কি অবস্থা ছিল। আমি স্বীকার করি। রানিং ধারাবাহিক অডিট যেটা আমরা চালু করেছি সেটা এ বছর থেকে চালু করেছি। এ বছর থেকে সে ধরনের রানিং অডিট অরগানাইজেশন চালাচ্ছি মহারাষ্ট্র, গুজরাট ইত্যাদিতে যে অডিট অরগানাইজেশন আছে তার থেকে অনেক নিখুঁত ধরনের অডিট

অরগানাইজেশন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে গড়ে তুলতে পেরেছি।

তবুও এরকম একটা ধারণা বিরোধিপক্ষের সদস্যরা সৃষ্টি করতে চেয়েছেন যেন কোনও রকম অডিট হয়নি। স্ট্যাটুটরি অডিট অর্গানাইজেশন যেটা আমাদের এক্সটেনশন অফিসাররা করে থাকেন সেটা হয়েছে এবং তার ভিত্তিতে আমার হিসেব দেখে বোধ হয় এই সভায় একটা ভুল ধারণা সৃষ্টি হয়েছে। ১৯৭৯/৮০ সালে ২৪৯টির মধ্যে প্রায় শতকরা ৪০ ভাগ রিপোর্ট চলে এসেছে এবং আজ পর্যন্ত বলতে পারি ১৯৭৮/৭৯ সালের ৩ হাজার ২৪২টি পঞ্চায়েতের মধ্যে ৩ হাজার ১৭৫টির অডিট রিপোর্ট পাওয়া গেছে। তবে এই ৫০ থেকে ৬০টির রিপোর্ট যা পাওয়া যায়নি তারজন্য পঞ্চায়েতকে দোষ দিতে পারি না কারণ বহু জায়গায় বলতে গেলে এরজন্য আমি নিজেই দায়ী। বহু জায়গায় এবং বিশেষ করে জলপাইগুড়ি জেলার কথা বলতে পারি সেখানে আমরা অডিটের কাজ সম্পূর্ণ করতে পারিনি কারণ সেখানে এখনও পর্যন্ত এক্সটেনশন অফিসার, পঞ্চায়েতে এটা আমরা দিতে পারিনি বা দিতে পারলেও একজন ই ও পি—কে দুটি গ্রাম পঞ্চায়েতের অডিটের কাজ করতে হচ্ছে। তারপর, ৩নং সমালোচনা যেটা হয়েছে সেটা যথার্থ সমালোচনা হয়েছে এবং আমি সেটা গ্রহণ করেছি। অর্থাৎ এই রুলস ফ্রম করবার ব্যাপারে বীরেনবাবু এবং জয়নাল আবেদিন সাহেব যা বলেছেন তার মধ্যে যথার্থতা রয়েছে। তবে ইতিমধ্যে আমরা বিশেষ করে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ সম্পর্কে রুলস তৈরি করেছি এবং সবচেয়ে জটিল কাজ যেটা সেটা আণ্ডার পাবলিকেশন রয়েছে। আমি আশা করি ২/৩ মাসের মধ্যে দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাডমিনিস্ট্রেশন রুলস ১৯৮১ আপনাদের সামনে দিতে পারব। দ্যাট রুল ইজ আণ্ডার পাবলিকেশন। তারপর, ৪ নং সমালোচনা যেটা হয়েছে তার সঙ্গে আমি একমত নই। জনতা পার্টির হরিপদ বাবু এবং জয়নাল আবেদিন সমালোচনা করে বলেছেন, পঞ্চায়েতের মাধ্যমে সরকার ২৭৫ কোটি টাকা খরচ করে কি পার্মান্যান্ট অ্যাসেট তৈরি করেছেন? তাছাড়া বলেছেন, সরকার পঞ্চায়েতকে স্বয়ং সম্পূর্ণ করবার জন্য কি ব্যবস্থা করেছেন? স্যার আমি আপনার মাধ্যমে তাঁদের জ্ঞাতার্থে এইটুকু নিবেদন করতে চাই যে, ওই ২৭৫ কোটি টাকা খরচ করার সম্পূর্ণ হিসেব আমি এখনই দিতে পারছিনা কারণ ইভ্যালুয়েশন অ্যাসেসমেন্ট আইনত দরকার হয়। তবে একটা কথা ভেবে আমি গর্ব বোধ করতে পারি যে, এই ৩৫০টি ব্লকের মধ্যে আমি ২৭৫টি ব্লকে সরেজমিনে গেছি এবং দেখেছি ওই ২৭৫ কোটি টাকা খরচ করে বেশ কয়েক হাজার কোটি টাকার সম্পদ পঞ্চায়েত সৃষ্টি করতে পেরেছে। এ পর্যন্ত ১০০টি গ্রাম পঞ্চায়েতের ভূমিকা সার্ভে করে যে হিসেব পেয়েছি তাতে বলতে পারি আমরা ৭৬ হাজার কিলোমিটার নূতন রাস্তা নির্মাণ করেছি বা সংস্কার করেছি। এই জিনিসগুলি আপনাদের জানা দরকার। কংগ্রেস সরকার ১৯৬৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত এই ১৬ বছরে যেখানে মাত্র সাড়ে আট হাজার মাইল রাস্তা নির্মাণ বা সংস্কার করেছেন সেখানে বামফ্রন্ট সরকার এই তিন সাড়ে তিন বছরে ৭৬ হাজার কিলোমিটার রাস্তা নির্মাণ করেছেন। শুধু তাই নয়, ৫৬ হাজার নূতন টিউবওয়েল নির্মাণ করা হয়েছে অথবা সংস্কার করা হয়েছে।

পূর্বতন সরকারের আমলে এই সংখ্যা ছিল মাত্র ৯ হাজার। তাহলে দেখা যাচ্ছে বামফ্রন্ট সরকারের আমলে এই ৩ বছরে আগের চেয়ে ৭/৮ গুণ বেশি টিউবওয়েল নির্মাণ হয়েছে বা সংস্কার হয়েছে।

[7-20 – 7-28 p.m.]

আমি একথা বলছিনা যে সমস্তটাই স্থায়ী সম্পদ হয়েছে, সমস্ত রাস্তা যা তৈরি হয়েছে তা স্থায়ী সম্পদে পরিণত হয়েছে, সমস্ত টিউবওয়েল যা নির্মিত হয়েছে তা স্থায়ী সম্পদে পরিণত হয়েছে, কিন্তু একথা আমি জোরের সঙ্গে বলতে চাই যে হাজার হাজার ফিল্ড চ্যানেল, সেচের নালা, স্মল ইরিগেশনের যে ব্যবস্থা পঞ্চায়েত করেছে, বিশেষ ভাবে আমি ৩/৪টি জেলার কথা ভালভাবে জানি আমি নিজের চোখে দেখেছি, বর্দ্ধমান জেলা, বীরভূম জেলা, মেদিনীপুর জেলা, সেখানে অন্তত কোটি কোটি টাকার সম্পদ সৃষ্টি হয়েছে। আমি মাননীয় জয়নাল আবেদিন মহাশয়, এবং শ্রী বীরেন মৈত্র মহাশয়কে অন্তত এই তিনটি জেলায় যে স্থায়ী সম্পদ হয়েছে তা দেখবার জন্য অনুরোধ করছি। বিশেষ করে আজকে বিরোধী পক্ষের সদস্যরা যাঁরা এখানে সমালোচনা করছেন কিন্তু তাঁরা বোধ হয় জানেন না বা জেনেও হয়তো জ্ঞানপাপী হয়ে রয়েছেন, বিহার থেকে যে পঞ্চায়েত মন্ত্রী এখানে এসেছিলেন তিনি আর এস পি এবং সি পি এম-এর দলভুক্ত নন, সালাউদ্দিন আমেদ সাহেব, উত্তরপ্রদেশের পঞ্চায়েত মন্ত্রী, বাংলা দেশের পঞ্চায়েতি ব্যবস্থা দেখে গিয়েছেন, তিনিও আর এস পি, সি পি এম অথবা ফরোয়ার্ড ব্লকের সদস্য বা দলভুক্ত নন, তিনিও কংগ্রেস (আই) দলের সদস্য, তাঁরা দেখে গিয়ে পঞ্চায়েত সম্বন্ধে যে কথা বলেছেন আমি সেইগুলি বিরোধী সদস্যদের দেখবার জন্য অনুরোধ করছি। ৩ নং, আমি যে কথাটা বলতে চাচ্ছি, বিশেষ করে তিনটি জায়গায়, আমি আরও কয়েকটি হিসাব তুলনামূলকভাবে আপনাদের সামনে দিতে চাচ্ছি আপনারা হিসাব করে দেখবেন, বিশেষ করে বিরোধী দলের সদস্যরা, আপনাদের আমলেই এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল রুরাল হাউসিং স্কীম, যতদূর আমার স্মরণ আছে, ১৯৬৬ সালে আপনারা এই স্কীম গ্রহণ করেছিলেন, ১৯৬৬ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কয়টি বাড়ি আপনারা তৈরি করেছিলেন এবং ১৯৭৭ সাল থেকে এই ১৯৮০ সাল পর্যন্ত যে ৫৫ হাজার বাড়ি তৈরি হয়েছে তার মধ্যে আপনাদের ১৬ বৎসরে আপনাদের আমলে কতটুকু এবং এই ৩ বৎসরে আমাদের কতটুকু, একথা আমি খুব জোরের সঙ্গে বলতে চাই এই ৩ বৎসরে প্রায় ৩৭ থেকে ৩৮ হাজার বাড়ি এই বামফ্রন্ট সরকারের আমলে নির্মিত হয়েছে। আর একটি কথা আপনাদের সামনে বলা দরকার, বিশেষ করে গরিব চাষীদের প্রতি নজর দিয়ে আমরা যে পরিকল্পনা নিয়েছিলাম তা বলবনা সম্পূর্ণরূপে সার্থক হয়েছে। বিশেষ করে ধান সংগ্রহের ব্যাপারে আমরা টারগেট করেছিলাম, লক্ষ্যমাত্রা স্থির করেছিলাম যে অন্তত ১০০টি গ্রাম পঞ্চায়েত থেকে আমরা ৩০ হাজার মেট্রিক টন সংগ্রহ করতে পারব। এখন পর্যন্ত আমরা সংগ্রহ করতে পেরেছি ১৬ হাজার মেট্রিক টন। আমার নিজের ধারণা এটা খুব বেশি বাড়লেও ২০ হাজার মেট্রিক টনের বেশি যাবেনা। এটা প্রথম বৎসর বলেই আমরা এই

লক্ষ্যমাত্রায় পৌছেছি। তবুও একথা আমি জোরের সঙ্গে বলতে পারি আমরা পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম জেলা ঘুরে দেখেছি, বিশেষ করে, গরিব চাষীরা যারা চিরকাল ডিসট্রেস সেল করত, ধনী চাষীদের কাছে, মহাজনদের কাছে বিক্রয় করতে বাধ্য হত, কোনও দর পেতনা, সস্তা দরে বিক্রয় করতে বাধ্য হত আজকে তারা ১০৯,১১২,১০৫ টাকায় ধান বিক্রয় করার সুযোগ পেয়েছে। এটা কম কৃতিত্বের কথা নয়। আমি আপনাদের সামনে আর দু একটি কথা বলছি। আমি আমার পুস্তিকার মধ্যে দিয়েও বলেছি, যে অভিযোগটা বিশেষ করে কেন্দ্রীয় সরকার অসত্য ভাবে বারবার বলবার চেষ্টা করছে এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কৃষিমন্ত্রী বলছেন যে আমরা হিসাবপত্র দিচ্ছিনা। আমরা এই হিসাবপত্রের কথা বারবার বলবার চেষ্টা করেছি এবং বামফ্রন্ট সরকারের দায়িত্বশীল মন্ত্রী হিসাবে একথা বলছি এবং আপনারাও লক্ষ্য করেছেন যে আমরা কখনো পেছপা হইনি যেখানে দুর্নীতি দেখেছি সেখানেই ধরবার চেষ্টা করেছি এবং আজকে এই প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করেছি যে ১৫৭টি জায়গায় ধরবার চেষ্টা করেছি এবং ইতিমধ্যেই দুটি গ্রাম পঞ্চায়েতকে বাতিল করা হয়েছে। তা সত্ত্বেও এই কথা আজকে বলা হচ্ছে যে আমরা হিসাব দিচ্ছি না। আমি এই পুস্তিকায় শেষ দিকের পাতায় বিশেষ করে জেলাওয়ারী হিসাব ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম অ্যাণ্ড ড্রট রিলিফ ওয়ার্ক প্রোগ্রাম, একেবারে জেলাওয়ারী হিসাব যতদিন পর্যন্ত দিয়েছি তাতে দেখবেন '৮০ সালের নভেম্বর—ডিসেম্বর পর্যন্ত প্রগ্রেস অব ওয়ার্ক দিতে সক্ষম হয়েছি।

আজকে যেটুকু বাধা পাচ্ছি, আমরা দেখছি বিশেষ করে ফুড ফর ওয়ার্কে গম দেওয়ার ব্যাপারে আর ডব্লিউ পি-তে সাহায্য দেবার ব্যাপারে কেন্দ্র সাংঘাতিকভাবে চক্রান্ত করছে, আমাদের পঞ্চায়েতের কণ্ঠরোধ করার আপ্রাণ চেষ্টা করছে। তথাপি আমি মাননীয় সদস্যদের এই আশ্বাস দিচ্ছি যে কেন্দ্র যতই ষড়যন্ত্র করুক পঞ্চায়েত এর আন্দোলন, দীর্ঘদিন আন্দোলন হবে, পঞ্চায়েত বেঁচে থাকবে বিশেষ করে জনগণের উৎপীড়িত অংশ যারা দারিদ্র্য সীমার নিচে রয়েছে, তারা পঞ্চায়েতের নিচে মাথা উচু করে দাঁড়াবে। এই কথা বলে যে সমস্ত কাট মোশন এনেছেন তার বিরোধীতা করে, আশা করব যে সমস্ত দাবি আমি উত্থাপন করেছি, তা অনুমোদন করবেন।

**Demand No. 59**

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra and Shri Birendra Kumar Moitra that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of **Shri Debabrata Bandyopadhyay** that a sum of Rs. 16,61,10,000 be granted for expenditure under **Demand No. 59, Major Heads : "314—Community Development (Panchayat),**

**363—Compensation and Assignments to local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat)"**, was then put and agreed to.

## Demand No. 60

The motion of **Shri Debabrata Bandyopadhyay** that a sum of Rs. 15,53,46,000 be granted for expenditure under **Demand No. 60, Major Heads : "314—Community Development (Excluding Panchayat) and 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)"**, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7.28 p.m. till 1 p.m. on Wednesday, the 25th March, 1981, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 25th March, 1981 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Abdul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 3 Ministers of State and 137 Members.

## Held over Starred Questions
## (to which oral answers were given)

### তরাই বনাঞ্চলে বে-আইনি বৃক্ষচ্ছেদন

***১২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৭।) **শ্রী জন্মেঞ্জয় ওঝা ঃ** মাননীয় বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বনভূমির আয়তন (এরিয়া) কত ;

(খ) ১৯৮০ সালে এই আয়তন কত বাড়ানো হইয়াছে ;

(গ) ইহা কি সত্য যে, বিভিন্ন বনাঞ্চলে বিশেষত হিমালয় ও তরাই অঞ্চলে ব্যাপক বে-আইনি বৃক্ষচ্ছেদন হইতেছে ; এবং

(ঘ) সত্য হইলে, ১৯৮০ সালে অপহৃত বৃক্ষের অর্থমূল্য কত?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) ১১,৮৩,৭০০ হেক্টর।

(খ) বৃদ্ধি হয় নাই।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

### জয়দেবের জন্মস্থানে পর্যটনকেন্দ্র স্থাপন

***১৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪২।) **শ্রী সুনীল মজুমদার ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, বীরভূম জেলায় ইতিহাস প্রসিদ্ধ জয়দেবের জন্মস্থানটিকে আকর্ষণীয় করার জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** না।

**শ্রী হরিপদ জানা :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই যে বৃদ্ধি হয়নি—কেন হয় নি কারণ কি?

**শ্রী পরিমল মিত্র :** কারণ আবার কি পয়সা নাই—লোকে গাছ কেটে নিয়ে যাচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই যে হিমালয় ও তরাই অঞ্চলে এই যে ব্যাপক হারে বে-আইনিভাবে বৃক্ষচ্ছেদন হচ্ছে না বলেছেন কিন্তু কিছু কিছু যে হচ্ছে সেটা সম্বন্ধে কিছু করেছেন?

**শ্রী পরিমল মিত্র :** ছেদন হচ্ছে কি না কি করে বলব বলুন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** অন্য কোন কোন জায়গায় সেই ব্যবস্থা করেছেন?

**শ্রী পরিমল মিত্র :** নোটিশ চাই, দীর্ঘ ইতিহাস।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই জয়দেবের জন্মস্থানকে আকর্ষণীয় না করার কারণ কি?

**শ্রী পরিমল মিত্র :** তার কারণ অর্থ।

**শ্রী রজনীকান্ত দলুই :** অর্থ পেলে আপনি করবেন?

**শ্রী পরিমল মিত্র :** হ্যাঁ করব।

**Transfer of Forest Bungalows to Tourism Department**

***137.** (Admitted question No. *746) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Tourism Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has decided to transfer some Forest Bungalows to the Tourism Department ; and

(b) if so—

(i) the number of such Forest Bungalows which have been proposed to be transferred to the Department of Tourism, and

(ii) what action has so far been taken by the State Government to improve the conditions of these Bungalows?

**Shri Parimal Mitra**

(a) Yes,

(b) For the present only one Bungalow namely Forest Rest House

at Maithan is proposed to be transferred to the Tourism Department for conversion/expansion into a Tourist Cottage.

(c) As and when this bungalow is transferred to Tourism Department it will be suitably converted into an accommodation for tourists.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই ট্যুরিস্ট বাংলোগুলো, ট্যুরিস্ট কটেজগুলো করছেন, এইগুলো করার কারণ কি? কতগুলো করবেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** অন্যান্য প্রদেশে যা ট্যুরিস্টবাংলো আছে, ট্যুরিস্টদের ব্যবহারের জন্য, আমাদের পশ্চিমবাংলায় তার তুলনায় খুব কম আছে। ইরিগেশন বাংলো যেভাবে আপনারা বানিয়ে গেছেন বা অন্যান্য দপ্তরের যে সমস্ত বাংলো আছে, সেই বাংলোতে ট্যুরিস্টদের থাকতে দেওয়া হয় না। কোনও ট্যুরিস্ট তাতে অ্যাকমডেশন পায়না, সেই জন্য আমার ইচ্ছা আছে সমস্ত ডিপার্টমেন্টের সঙ্গে করসপনডেন্স করে, তাদের বাংলোগুলো যাতে ট্যুরিস্টরা ব্যবহার করতে পারে, তার ব্যবস্থা করার। ফরেস্ট বাংলোগুলো যেখানে যেখানে আছে, সেইগুলো সাধারণত জঙ্গলের মনোরম জায়গায় আছে, সেই সব জায়গায় ট্যুরিস্টরা যেতে চায়, সেইগুলোও ট্যুরিস্টরা যাতে ব্যবহার করতে পারে তার ব্যবস্থা করছি। মাইথনের যে বাংলোটা আছে ফরেস্ট ডিপার্টমেন্টের—সেটা ওখানে জঙ্গল ছিল সেই জঙ্গল ইন্সপেকশনের সুবিধার জন্য অফিসাররা ব্যবহার করতেন। বর্তমানে সেখানে এবং তার আশে পাশে বিশেষ বনাঞ্চল নেই, সেইজন্য ওটা ট্যুরিস্টদের জন্য রেনোভেট করে তাদের ব্যবহারের জন্য ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাইথনের যে ফরেস্ট হাউসটা রয়েছে, তাতে কতজনের থাকার ব্যবস্থা আছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** ঐ বাংলোটাকে আমরা রেনোভেট করছি, ওখানে ৬২ জন থাকার ব্যবস্থা হচ্ছে।

### নিম্ন-আয়ের লোকদের জন্য ট্যুরিস্ট লজ নির্মাণ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫।) **শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পরিচালিত ট্যুরিস্ট লজগুলির ভাড়া স্বল্প আয়ের লোকেদের পক্ষে বেশি;

(খ) সত্য হলে যে সমস্ত স্থানে সরকারের ট্যুরিস্ট লজ আছে সেই স্থানে স্বল্প আয়ের লোকদের জন্য কোনওরূপ লজ নির্মাণের পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি;

(গ) থাকিলে, কতদিনে উক্ত পরিকল্পনা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, বর্তমানে ট্যুরিস্ট লজগুলোর ভাড়া কত?

**শ্রী পরিমল মিত্র ঃ** এক এক জায়গায় এক এক রকম।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ট্যুরিস্ট লজগুলোর মিনিমাম ভাড়া কত?

**শ্রী পরিমল মিত্র ঃ** মিনিমাম ভাড়া ৪ টাকা আছে, তার বেশিও আছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মালদহের ট্যুরিস্ট লজে পার সিটের ভাড়া কত বলবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** ২০ টাকাও হতে পারে, ২৫ টাকাও হতে পারে, নোটিশ দেবেন, জানিয়ে দেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ট্যুরিস্ট লজে চার টাকা ভাড়া কোথায় আছে বলবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** চার টাকা ভাড়া বদ্রীতে আছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** স্বল্প আয়ের লোক বলতে মন্ত্রী মহাশয় কি বুঝিয়েছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** আমি কি বোঝাচ্ছি? স্বল্প আয় আর কার আয় বেশি তা তো আমি জানি না। আপনি যদি দার্জিলিং ট্যুরিস্ট লজে থাকেন তাহলে আপনি অর্থবান লোক, আর অন্য কেউ যদি না থাকতে পারেন, বা বারান্দায় থাকেন, তাহলে তিনি নিম্ন-আয়ের লোক হবেন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ট্যুরিস্ট লজগুলো কোথায় কোথায় আছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** সব জায়গায় আছে, আমার কাছে লিস্ট আছে, যদি তিনি জানতে চান তাহলে আসবেন, অমি একটা লিস্ট দিয়ে দেব।

স্যার অমলবাবু যে প্রশ্নটা দিয়েছেন সে বিষয়ে একটু বলার আছে। এ প্রশ্নটা Development Department-এ যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** 'ক' প্রশ্নের উত্তরে আপনি সোজাসুজি না বলে দিলেন। এই শ্রেণী বিভক্ত সমাজে যারা স্বল্প আয়ের মানুষ তাদের প্রতি আপনার দপ্তর এত বিরূপ কেন বলবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** ওয়েস্টবেঙ্গলে ট্যুরিস্ট লজ এবং ট্যুরিস্ট কটেজের সবচেয়ে কম ভাড়া ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** বহরমপুর এবং মালদা ট্যুরিস্ট লজে সাধারণ বেডের জন্য কত ভাড়া দিতে হয়, মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** এটা আমি বলতে পারব না, নোটিশ দেবেন বলব।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** আপনারা ক্ষমতায় আসার পরে ট্যুরিস্ট লজের ভাড়া বেড়েছে কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** বেড়েছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** কত বেড়েছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** নোটিশ দেবেন বলে দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বাড়ল কেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** বাড়ার কারণ হচ্ছে, আপনি বাড়িতে রোজ বাজার করেন, বুঝেছেন কেন বেড়েছে।

## সেটেলমেন্ট কর্মচারিদের সিলেকশন গ্রেড

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সেটেলমেন্ট বিভাগের কিছু কিছু কর্মচারীকে ১লা এপ্রিল, ১৯৭৪ তারিখ থেকে যে সিলেকশন গ্রেড দেওয়া হয়েছিল পরবর্তীকালে তা প্রত্যাহার করে নেওয়া হয় ; এবং

(খ) সত্য হ'লে,

(১) তার কারণ কি, ও

(২) কতজন কর্মচারীর ক্ষেত্রে উক্ত ব্যবস্থা নেওয়া হয়েছিল?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি**

(ক) হ্যাঁ।

(খ) (১) কেবলমাত্র একটি ছাড়া সবগুলি ক্ষেত্রেই অর্থ বিভাগের ৬।৫।১৯৭৮ তারিখের ৫৩৫৭(৩৫০)-এফ্ নম্বর আদেশানুযায়ি এই ব্যবস্থা নেওয়া হয়েছিল। একটি ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীকে পূর্ববর্তী সরকারের আমলে বাধ্যতামূলক অবসর গ্রহণ করানোর জন্য সিলেকশন গ্রেড প্রত্যাহার করে নেওয়া হয়েছিল।

(২) ২৩৭৫ জন।

**বক্রেশ্বর উষ্ণ প্রস্রবণে স্নানের জন্য ধার্য মূল্য**

*৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৩।) **শ্রী ধীরেন সেন ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বক্রেশ্বর উষ্ণ প্রস্রবণের জলে স্নান করার জন্য কোনও মূল্য ধার্য করা হইয়াছে কি না ;

(খ) করা হইয়া থাকিলে, কি হারে ধার্য করা হইয়াছে ; এবং

(গ) কি পদ্ধতিতে তা আদায় করার ব্যবস্থা আছে?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী ধীরেন সেন ঃ** উষ্ণ প্রস্রবণের ঐ জল পানীয় জল হিসাবে বিক্রি হয় কি না?

**শ্রী পরিমল মিত্র ঃ** পানীয় জল হিসাবে লোকে যা খায় সব লোকেই তা খেতে পারে। বিক্রি হয় কি না আমি জানি না।

**শ্রী ধীরেন সেন ঃ** বোতলে করে কলকাতায় বিক্রি হয় কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** সেটা আমি জানি না। তবে কেউ যদি এই রকম বিজনেস করে তাতে আমার আপত্তি নেই।

**শ্রী ধীরেন সেন ঃ** সরকার কর্তৃক বিক্রি হয় কিনা, আপনি জানেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** পশ্চিমবঙ্গ সরকার ওখান থেকে কোনও জল বিক্রি করেন না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কমার্স অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে এই রকম একটা ব্যবস্থা করা হয়েছিল। এখনো কি বোতলে করে জল বিক্রি করার ব্যবস্থাটা চালু আছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** সেটা কমার্স অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিজ মিনিস্টার বলতে পারবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বক্রেশ্বরের উষ্ণ প্রসবণে স্নান করলে রোগ জ্বালা দূর হয়, পুণ্য হয় কিনা, আপনি ওখানে স্নান করেছেন কিনা—এইরকম ঘটনা আপনি জানেন কি?

**শ্রী পরিমল্ মিত্র ঃ** রিসার্চ করা দরকার ঐ জলে স্নান করলে লোকের বুদ্ধি বাড়ে কি না—তাহলে বোতলে করে এনে—অন্তত ২৫ বোতল লাগবে, দিয়ে দেওয়া হবে।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** জল বিক্রি হয় এটা সত্যিই যদি প্রমাণিত হয় তাহলে আপনি বন্ধ করার চেষ্টা করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** যদি দিয়ে কোনও প্রশ্ন হয় না।

**শ্রী মীর ফকির মহম্মদ ঃ** দুর্নীতির দায়ে যারা মিশা খেটেছেন বক্রেশ্বরের জলে স্নান করলে তাদের পুণ্য হয়, না পাপ হয়?

**শ্রী পরিমল মিত্র ঃ** কালীবাড়ি গিয়ে সেটা জিজ্ঞাসা করবেন।

**শ্রী হরিপদ জানা ঃ** ঐ জল বিক্রির অভিযোগ যদি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে পৌঁছে দেওয়া যায় তাহলে আপনি সেটা বিচার-বিবেচনা করবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** আপনি যদি দেন আমি করব।

## Starred Questions
## (to which oral Answers were given)

### গ্রেট ইস্টার্ন হোটেলের "হোটেল অ্যাকাউন্ট"

*৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৫।) **শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রেট ইস্টার্ন হোটেলেতে "হোটেল অ্যাকাউন্ট" নামে কোনও খরচের হেড অফ অ্যাকাউন্ট আছে কি ;

(খ) থাকলে, এই খাতে কি কি বাবদ খরচ করা হয় ; এবং

(গ) (১) ১৯৭৯-৮০ সালে এবং (২) ১৯৮০-৮১ সালের ৩১এ জানুয়ারি অবধি ঐ খাতে কত টাকা খরচ হয়েছে?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) হ্যাঁ।

(খ) হোটেল ও বেকারিসহ সমগ্র প্রতিষ্ঠানের পক্ষে আপ্যায়ন ও আতিথেয়তা বাবদ ব্যয় এই অ্যাকাউন্ট হেড হইতে করা হয়।

(গ) ১৯৭৯-৮০ সালে—টা, ১০,০৬০.৩৬ ১৯৮০-৮১ সালে—টা ৯২৬২.৬৫ (জানুয়ারি ৮১ পর্যন্ত)

**শ্রী ধীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রীদের কতবার আপ্যায়ন করা হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তা বলবেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** মন্ত্রীদের করা হয়নি, একদিন এম. এল. এদের করা হয়েছে, সেটা ধরা হয়নি।

**শ্রী ধীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই বাজেট সেশনের শেষে আর একবার এম. এল. এদের আপ্যায়ন করার ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন কি?

(নো রিপ্লাই)

### আসানসোল-দুর্গাপুর অঞ্চলে পর্যটন ব্যবস্থার সম্প্রসারণ

*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৯।) **শ্রী সুনীল বসু রায় :** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় আসানসোল দুর্গাপুর অঞ্চলে পর্যটন ব্যবস্থার সম্প্রসারণের জন্য কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকিলে, কি কি পরিকল্পনা আছে?

**শ্রী পরিমল মিত্র**

(ক) হ্যাঁ।

আসানসোল নির্মীয়মান উপনগরীতে একটি হোটেল স্থাপনের পরিকল্পনা আছে। মাইথন বনবিভাগের মাইথনস্থিত রেস্ট হাউসকে একটি ট্যুরিস্ট কটেজে রূপান্তরিত করার প্রস্তাব আছে। এছাড়া পর্যটন উন্নয়ন কর্পোরেশনের অধীনে দুর্গাপুর পর্যটন আবাসের সম্প্রসারণের পরিকল্পনা আছে।

**শ্রী সুনীল বসু রায় :** এই মাইথন এবং পাঞ্চেতে যে দুটি পর্যটন কেন্দ্র আছে এখানে যাতায়াতের সুবিধার জন্য দিশেরগড়, পুরুলিয়া ও চিত্তরঞ্জনের মধ্যে সংযোগকারি রাস্তা করার প্রস্তাব আছে কি?

**শ্রী পরিমল মিত্র :** এই দপ্তরের ব্যয়-বরাদ্দ এক কোটি টাকাও নয় সেটা আপনারা জানেন, তার থেকে আপনি রাস্তা করতে বলছেন। এখনকার রাস্তা করতে ৭ লক্ষ টাকা পার কিলোমিটার ব্যয় আপনি জানেন, কাজেই কি করে আমি এটা দিয়ে করব? সুনীলবাবুর মতন বর্ষীয়বান নেতা এই কথা বলছেন। এটা যতীনবাবুকে জিজ্ঞাসা করবেন।

### Value of Wood and Timber in Darjeeling and Kalimpong Forests

***412.** (Admitted question No. *1857) **Shri Krishna Das Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Forests Department be pleased to state—

(a) whether the State Government has any assessment of the estimated value and quantity of wood and timber locked up in inacessible forests in Darjeeling and Kalimpong Forest Divisions;

(b) if so—

(i) what is the estimated quantity/value of wood and timber available in such inacessible forest;

(ii) what action has been taken by the present Government for devolopment of these forest areas; and

(iii) the total areas of accessible, partly accessible and inacessible forests in Darjeeling and Kalimpong Forest Divisions?

**Shri Parimal Mitra :**

| | | | |
|---|---|---|---|
| Timber | 33.331 lakh $M^3$ | Rs. | 1438.41 lakhs |
| Fire wood | 27.88 " " | Rs. | 163.59 " |
| | | Rs. | 1623.00 lakh |

West Bengal Forest Development Corporation Ltd. (A Govt. of West Bengal Undertaking) has been set up under the companies Act for all round development of the participation by the State Govt., Central Govt. and Bank Loan through ARDC.

| | |
|---|---|
| Acecssible Forest Area | 31,000 Hec. |
| Inacecssible Forest Area | 38,700 Hec. |
| Partly accessible Forest Area | 13,500 Hec. |
| | 83,200 Hec. |

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কি জানাবেন এই যে বিরাট এরিয়া ৩৮,৭০০ হেক্টর যেটা ইনঅ্যাকসেসেবল রয়েছে এবং আপনি ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের যে কথা বললেন যে কতগুলি ইনঅ্যাকসেসেবল এরিয়া রয়েছে। এটাকে পার্টলি অ্যাকসেসেবল করার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**Shri Parimal Mitra :** Road Constructed 12,040, total 154 Kelometres in dense forest areas for extraction of forest product.

## Ritz Continental Hotel

***503.** (Admitted question No. *2372.) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state—

(a) whether Government of West Bengal has received any proposal to take over the management of Ritz Continental Hotel; and

(b) if so, at what stage the proposal is lying ?

**Shri Parimal Mitra :**

(a) Yes.

(b) Legal opinion was sought in the matter from the Advocate General, West Bengal. It was opined by him that the State of West Bengal not being a creditor it could not intervene in the winding up proceedings of Ritz Continental Hotels Ltd. pending before the Hon'ble High Court. Because of the major creditors being institutions controlled by the Central Government like L.I.C., Industrial Finance Corpn. of India, Government of India in the Tourism Department was approached to move the Hon'ble High Court for taking over management of the Hotel through I.T.D.C or Hotel Corporation of India. Government of India, however, did not agree to the proposal. The matter is still being pursued.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই হোটেলটির ইকনমিক ভায়াবিলিটি পরীক্ষা করে দেখেছেন? এই কনস্ট্রাকশনটা এমন it will never be economically viable unit.

**শ্রী পরিমল মিত্র :** স্টাফ যা সেই স্টাফ রেখে হোটেলটির ভায়েবিলিটি নেই।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে যখন ইকনমিক ভায়েবিলিটি নেই, তখন নিতে যাচ্ছেন কেন?

**শ্রী পরিমল মিত্র :** এতে অন্য ভাবে অ্যারেঞ্জমেন্ট করা যায়। সেই অ্যারেঞ্জমেন্ট গভর্নমেন্ট অব ইন্ডিয়া করতে পারে। হোটেল বিল্ডিং হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার প্রপারটি, দ্যাট ইজ এল. আই. সি.-র প্রপারটি এবং ইনস্টিটিউশন অব ফিনান্স যেটা আছে, সেটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ফিনান্স কর্পোরেশন এবং অন্যান্য গভর্নমেন্ট অব ইন্ডিয়ার ইনস্টিটিউশন অব ফিনান্স আছে। অতএব সেই হিসাবে তারা পিছনের দিক বাড়াতে পারেন, কিছু স্ট্রাকচারাল ইম্প্রুভমেন্ট করতে পারেন তাহলে হোটেলটির ভায়েবিলিটি সম্ভব হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনি কোনও রেকমেন্ডেশন সেন্ট্রাল গভর্নমেন্টকে পাঠিয়েছেন কি না?

**শ্রী পরিমল মিত্র :** হ্যাঁ, পাঠানো হয়েছে। এ. পি. শর্মা যখন এখানে এসেছিলেন তখনও বলা হয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের লিখেছেন যে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল এটা টেক ওভার করে দিলে আমরা চালাতে পারি। কিন্তু গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল কি করে টেক ওভার করবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** টোটাল লায়াবিলিটি কত?

**শ্রী পরিমল মিত্র ঃ** টোটাল লায়াবিলিটিস কোর্ট যেটা জানিয়েছে সেটা সাড়ে নয় কোটি টাকার উপর।

## Transfer of Cinema to the Concurrent List

***493**. (Admitted question No. *159.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether the State Government has received any proposal from the Centre to transfer Cinema to the Concurrent list ; and

(b) if so, what action has been taken by the State Government in the matter ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সিনেমা ইন্ডাস্ট্রিকে কনকারেন্ট লিস্টে নিয়ে গেলে এর উন্নতি হবে, এটা কি মন্ত্রী মহাশয় স্বীকার করেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** না, স্বীকার করি না। উন্নতি হবে না, বরঞ্চ উল্টো ফলই হবে। একথাটা আজকের সংবাদপত্রে আছে বলেই উল্লেখ করতে চাই যে, বিগত দিল্লি সম্মেলনে এ বিষেয়ে আলোচনা হয়েছিল। তখন একটা প্রস্তাব রাখা হয়েছিল যে, সিনেমা ইন্ডাস্ট্রিকে রাজ্য তালিকা থেকে কনকারেন্ট লিস্টে নিয়ে নেওয়া হোক, তাহলে সমস্ত ব্যাপারটাই দিল্লির হাতে চলে যাবে। এই প্রস্তাবকে কিছু কিছু রাজ্য সমর্থন করেছিল, কিন্তু ৬-টি রাজ্য বিরোধিতা করেছিল এবং তার মধ্যে পশ্চিমবাংলা-ও ছিল। পশ্চিমবাংলার, কেরলা, তামিলনাড়ু, পাঞ্জাব, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যগুলি বিরোধিতা করেছিল। তখন কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। এখন খবরের কাগজের মাধ্যমে সিদ্ধান্তের কথা শুনছি। আমরা আপত্তি করেছি, প্রত্যেকটা রাজ্য এর ফলে ক্ষতিগ্রস্ত হবে এবং পশ্চিমবাংলার তথা পশ্চিমবাংলার চলচ্চিত্র বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমরা এ বিষয়ে আপত্তি জানাচ্ছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কিভাবে ক্ষতিগ্রস্ত হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের মতো দেশে চলচ্চিত্র শিল্পের জন্য কোনও জাতীয় নীতি হতে পারে না। আমাদের এখানে ১৬টি রাজ্য আছে—বিভিন্ন ভাষাভাষী রাজ্য, পশ্চিমবাংলার, তামিলনাড়ু, মহারাষ্ট্রের মতো রাজ্য রয়েছে—সুতরাং এক জায়গা থেকে এই শিল্প পরিচালিত হতে পারে না, গত ৩০ বছর ধরে এ জিনিস কেউ কল্পনাও করতে পারেনি। এখন এই জিনিস করবার চেষ্টা করা হচ্ছে, এর ফলে রাজ্যগুলির দারুণ ক্ষতি হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করছেন কনকারেন্ট লিস্ট-এ সিনেমাকে নিয়ে যাওয়ার যে পরিকল্পনার কথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী কুমুদ যোশি বলেছেন তার মধ্যে দিয়ে রাজ্যগুলির নিজস্ব সংস্কৃতিকে ধ্বংস করার জন্যই কেন্দ্রীয় সরকার প্রচেষ্টা নিচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা শুধু সংস্কৃতির প্রশ্ন নয়, এর সঙ্গে সাংবিধানিক প্রশ্নও জড়িত আছে। এটা করতে হলে সংবিধান পরিবর্তন করতে হবে। দ্বিতীয় ব্যাপার হচ্ছে, রাজ্য সরকারের আর্থিক প্রশ্নও এর সঙ্গে জড়িত আছে। অ্যামিউজমেন্ট ট্যাক্সটা এর পরে আর আমাদের হাতে থাকবে না। সেই সঙ্গে সংস্কৃতির প্রশ্নও আছে। প্রতিটি রাজ্যের সংস্কৃতির ক্ষেত্রে চলচ্চিত্রের আলাদা আলাদা অবদান থাকে এবং সেটা দিল্লি থেকে পরিচালনা করা সম্ভব নয়। সুতরাং সেদিক থেকেও আমরা ক্ষতিগ্রস্ত হই।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছে তা যদি সত্য হয় তাহলে একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে দেশের প্রচার যন্ত্রকে কুক্ষিগত করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের একটা পদক্ষেপ বলে কি মন্ত্রী মহাশয় মনে করছেন?

**অধ্যক্ষ মহোদয় :** এটা ওপিনিয়ন হতে পারে, কিন্তু এটা প্রশ্ন হতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন :** কাগজে বেরিয়েছে যে, আপনি একটা ড্রাফট প্রস্তাব পাঠিয়েছিলেন এবং তাতে আপনি বলেছিলেন, এখানকার সিনেমা হলগুলিকে বছরে ১২ সপ্তাহ বাংলা ছবি দেখাতে হবে। আপনার সেই প্রস্তাব নাকি কেন্দ্রীয় সরকার 'না' দিয়েছে এবং কালকে রেডিও-তেও সেই সংবাদ শুনলাম, এটা কি সত্য?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** ১৯৭৯ সালে আমরা বলেছিলাম যে, রাজ্যে যে চলচ্চিত্রগুলি প্রস্তুত হয় তার মধ্যে মাত্র ৮/১০-টি বইও প্রতি বছর রিলিজ করে না। সেইজন্য আমরা চেয়েছিলাম অন্তত ১২টি বই রিলিজ করতে হবে। আমাদের বক্তব্য হচ্ছে শুধু বংলা বই নয়, এই রাজ্যে তৈরি সমস্ত বই। এ বিষয়ে কেন্দ্রীয় তথ্য দপ্তর আমাদের সমর্থন করেছিল, কিন্তু আইন দপ্তর এটা স্বীকার করছে না। অথচ আমরা জানি এই নিয়ম কয়েকটি রাজ্যে চালু আছে, উড়িষ্যা গভর্নমেন্ট এবং কর্ণাটক গভর্নমেন্ট এই নিয়ম চালু করেছে। পশ্চিমবাংলার ক্ষেত্রে ওরা কেন আপত্তি দিচ্ছেন, তা আমরা বুঝতে পারছি না। আমরা ওদের কাছে আবার এ বিষয়ে চিঠি লিখেছি।

### Decline in realization of royalty on coal

***494.** (Admitted question No. *309.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) if it is a fact that the amount of royalty on coal realized by the State Government from the Centre has declined during the past few years ;

(b) if so—

(i) what are the reasons, and

(ii) what action has so far been taken by the State Government in the matter ?

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) No.

(b) Does not arise.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে হিউজ রয়ালটি বাকি আছে—৭০ কোটি এবং ১৪ কোটি—এটার সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এর আগে এই সম্বন্ধে একটা প্রশ্ন দিয়েছিলেন। যাই হোক আমি বলছি, এর দুটো ভাগ আছে। ন্যাশনালাইজেশনের আগে সেই রয়ালটি পূবর্তন জমিদারদের কাছ থেকে পাওনা এবং তার পরিমাণটা বেশি এবং সেটা হিসেবে ভুল ছিল—এটা একটা অংশ আর ন্যাশনালাইজেশনের পর সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে যে রয়ালটি বাকি সেই রয়ালটি আদায় করার চেষ্টা হচ্ছে এবং সেই রয়ালটির পরিমাণ বেড়েছে সাড়ে ৩ টাকা করে টন ছিল সেটা ৫ টাকা ৫০ পয়সা হয়েছে, ঐ ১২ই ফেব্রুয়ারিতে একটা সার্কুলার দেওয়া হয়েছে। আপনি যেটা বললেন সেটা ঠিক নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিফোর ন্যাশনালাইজেশন কোল-মাইনারসদের অনেকের হদিশ পাওয়া যাচ্ছে না—এটা কি আপনি জানেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আলাদাভাবে নোটিশ দিতে হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ন্যাশনালাইজেশনের আগে যে প্রচুর টাকা বকেয়া পাওনা সেই টাকাটা পাওয়ার আর কি কোনও উপায় আছে কারণ কমিশনার অফ পেমেন্ট লেনদেন করে দিয়েছেন। কেন্দ্রীয় সরকার ন্যাশনালাইজ করবার সময়ে পশ্চিমবঙ্গ সরকার এই টাকাটা সম্পর্কে বিশেষভাবে কোনও বিচার-বিবেচনা করেছেন কি কিংবা সরকারের তরফ থেকে জানানো হয়েছিল কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি স্পেসিফিক যদি কিছু জানতে চান তাহলে কোয়েশ্চেন দেবেন আমি সমস্ত ফিগার দিয়ে বলতে পারব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** রয়ালটির যে রেটটা ধার্য করা হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে তার চেয়ে কি বেশি চাওয়া হয়েছিল?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** হ্যাঁ, চাওয়া হয়েছিল এবং খুব শীঘ্র ইস্টার্ন জোনের সমস্ত স্টেট যৌথভাবে ১৫ পারসেন্ট দাবি করবে।

**লেটার্স অফ ইনটেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স**

*৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের জন্য যথাক্রমে বিগত ১৯৭৮, ১৯৭৯, ১৯৮০ ও ১৯৮১ সালে যতগুলি লেটার্স অফ ইনটেন্ট ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স মঞ্জুর করা হয়েছিল তাহার প্রাপকদের মধ্যে কতজন বাঙালি ও কতজন অবাঙালি এরূপ তথ্য সরকারের আছে কি ;

(খ) থাকিলে, তাহা কি ; এবং

(গ) ১৯৮০ সালের ফেব্রুয়ারি থেকে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত কতগুলি লেটার্স অফ ইনটেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স মঞ্জুর করা হয়েছিল?

**শ্রী কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) ও (খ) পশ্চিমবঙ্গের নূতন শিল্প স্থাপনের ক্ষেত্রে কোম্পানি আইনে জয়েন্ট স্টক কোম্পানির মাধ্যমে রূপায়িত হয়। এই সকল প্রকল্পগুলির উদ্যোক্তরা অধিকাংশই স্থানীয়।

(গ) ১৯৮০ সালের ফেব্রুয়ারি থেকে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত মোট ৫৩টি লেটার অফ ইনটেন্ট এবং ২৬টি ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পশ্চিমবঙ্গের জন্য মঞ্জুর করা হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন স্থানীয় ছেলেদের মধ্যে ব্যবসা-বাণিজ্য করার কি কোনও উদ্যোগ বা প্রবণতা দেখা দিচ্ছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সেই প্রবণতা দেখা দিচ্ছে কিনা আমি জানি না তবে আমরা চেষ্টা করছি। স্থানীয় মেধা যাতে আরও সরকারে পক্ষ থেকে সাহায্য পায় দেশের শিল্পায়ন করার জন্য সেইদিকে সরকার প্রচেষ্টা চালাচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৮০ সালের ফেব্রুয়ারি থেকে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত কতকগুলি ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স মঞ্জুর হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এর থেকে কতজন লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা হতে পারে সেই সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়-এর কি কোনও ধারণা আছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

**পশ্চিমবঙ্গ হ্যান্ডলুম ও পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ এর টাকা তছরূপ**

*৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮১।) **শ্রী গুনধর চৌধুরি ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৭৩ হইতে ১৯৭৭ সালের মধ্যে ভারতীয় যুব উদ্যোগ নামে একটি সংস্থার বিরুদ্ধে পশ্চিমবঙ্গ হ্যান্ডলুম ও পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড হতে ১ লক্ষ ১০ হাজার ৬২৬ টাকা ০৪ পয়সা তছরূপ করার অভিযোগ আছে ; এবং

(খ) সত্য হলে, এ ব্যাপারে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) উল্লেখিত সংস্থার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে যথাযথ মামলা দায়ের করা হয়েছে।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ভারতীয় যুব উদ্যোগ যে ১ লক্ষ ১০ হাজার ৬২৬ টাকা ৪ পয়সা তছরূপ করেছেন এটা কি উদ্দেশ্যে দেওয়া হয়েছিল এবং ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত হ্যান্ডলুম এবং পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান কে ছিলেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** বর্তমানে যেহেতু মামলাটি হাইকোর্টের বিচারাধীন আছে সেজন্য এ সম্পর্কে কোনও তথ্য আপাতত দেওয়া যাচ্ছে না।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই যে ভারতীয় যুব উদ্যোগ যে সংস্থা যারা এই বৃহৎ অঙ্কের টাকা তচরূপ করেছে এটা কি ইন্দিরা কংগ্রেস নেতা দ্বারা পরিচালিত এবং এর মধ্যে হাওড়ার কোনও নেতা জড়িত আছেন কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি বলেছি যে ব্যাপারটি বিচারাধীন, কাজেই এ সম্পর্কে তথ্য দেওয়া মুশকিল।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এটা সাব জুডিস ব্যাপার, আমি জানতে চাইছি ভারতীয় যুব উদ্যোগের যে কথা বললেন তা এই ভারতীয় যুব উদ্যোগের মধ্যে কোন কোন ব্যক্তি আছেন? এই সময়ে ১৯৭৩ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই দপ্তরের মন্ত্রী কে ছিলেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি আগেই বলেছি যে এখন বলা মুশকিল, আর একথা সবাই জানেন যে ঐ সময়ে ডাঃ জয়নাল আবেদিন সাহেব মন্ত্রী ছিলেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা কি মন্ত্রীর স্ট্যাটুটারি কর্পোরেশন? এতে কি মন্ত্রীর প্রত্যক্ষ দায়িত্ব আছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** না, সে ব্যাপার নয়, উনি দপ্তরের কথা জানতে চেয়েছিলেন।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** ওয়েস্ট বেঙ্গল পাওয়ার লুম এবং হ্যান্ডলুম কর্পোরেশনের চেয়ারম্যান ১৯৭৩ থেকে ১৯৭৭-এর মধ্যে যিনি ছিলেন তিনি কি বর্তমানে বিধানসভার সদস্য অতীশবাবু?

**(কোনও উত্তর নাই)**

**মিঃ স্পিকার ঃ** কেন বার বার জিজ্ঞাসা করছেন, উনি তো বলেছেন যে হাইকোর্টে এখন পেন্ডিং আছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আজকে আসবার সময় দেখলাম যে অ্যাসেম্বলির সমস্ত গেট বন্ধ, বাইরে বৃষ্টি হচ্ছে ; সারাক্ষণ ঘুরে একটা গেট দিয়ে তবে ঢুকতে পারলাম, সব গেট কেন বন্ধ থাকবে, হচ্ছেটা কি?

**(গোলমাল)**

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এটা কি সি. পি. এমের হাজত, যে গেট বন্ধ থাকবে? আমার গাড়ি আটকেছিল, চোখ রাঙানি দেওয়ায় তবে ছেড়ে দিয়েছে।

**(গোলমাল)**

**শ্রী বীরেন বোস ঃ** কাগজে প্রচারের জন্য এরা আজকে গোলমাল করছে।

**মিঃ স্পিকার ঃ** ওরা বৃষ্টিতে দাঁড়াতে পারছে না, তাই গেট বন্ধ করে এসেছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** একমাঘে শীত যায় না আমাদেরও দিন আসবে তখন আমরা আপনাদের বাইরে আটকে রাখব ভেতরে ঢুকতে দেব না। **(নয়েজ)**

**মিঃ স্পিকার ঃ** আমার ইনস্ট্রাকশনে এটা পালন করা হয়েছে।

**(নয়েজ)**

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, **(নয়েজ)**

**মিঃ স্পিকার ঃ** অন্য গেট সব খোলা আছে। এবং মেম্বারদের কোনও আসার অসুবিধা হয়নি। **(নয়েজ)**

**সরকারে ন্যস্ত অ-কৃষি জমি**

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৩।) **শ্রী গোপাল মন্ডল ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত সরকারে ন্যস্ত অ-কৃষি জমি পরিমাণ কত ;

(খ) এর মধ্যে (১) কতটা স্বল্প মেয়াদি এবং (২) কতটা দীর্ঘ মেয়াদি বন্দোবস্ত দেওয়া হয়েছে ; এবং

(গ) ঐ জমির মধ্যে কি পরিমাণ অ-কৃষি জমিকে কৃষি জমিতে (১) রূপান্তরিত করা হয়েছে এবং (২) রূপান্তরিত করার প্রস্তাব বিবেচনাধীন আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ৩১শে ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত সরকারে ন্যস্ত অকৃষি জমির পরিমাণ ১৫,৯০,৬৫৬.৮১ একর। এরমধ্যে ৯,৯৩,৮০২.২৬ একর জমি বনাঞ্চল। সুতরাং বনাঞ্চল ছাড়া ৫,৯৬,৮৫৪.৫৫ একর অকৃষি জমি ন্যস্ত হয়েছে।

(খ) এই সংক্রান্ত রাজ্যভিত্তিক তথ্য কখনও এই দপ্তরে রাখা হয়নি। বিভিন্ন জেলা থেকে তথ্য সংগ্রহ করতে সময় লাগবে।

(গ) (১) এই সংক্রান্ত কোনও নির্দিষ্ট তথ্য জানা নেই। তবে এ বিষয়ে কয়েকটি জেলায় নমুনা সমীক্ষা করা হয়েছে। ইতিমধ্যে কয়েকটি জেলা থেকে অন্তর্বর্তীকালীন রিপোর্ট পাওয়া গেছে। ঐ রিপোর্টে জানা যায় যে মালদা, বীরভূম ও বর্ধমান জেলায় মোট অকৃষি জমির প্রায় ২৬ শতাংশ কৃষি জমিতে রূপান্তরিত করা হয়েছে। অন্যান্য জেলাতেও ফল মোটামুটি একই হবে বলে মনে হয়।

(গ) (২) এ বিষয়ে এখন কিছু বলা যাচ্ছে না।

**Dr. Zainal, Abedin :** On a point of order, Sir.

(Dr. Kanailal Bhattacharya rose to speak)

**Dr. Zainal Abedin :** You have no right.

(Noise)

**কেন্দ্র কর্তৃক পশ্চিমবঙ্গে ভেষজ শিল্প স্থাপন**

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭০।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকরের অনুরোধ মতো কেন্দ্রীয় সরকার এই রাজ্যে কোনও ভেষজ শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন কি না ; এবং

(খ) নিয়ে থাকলে এর রূপায়ণ বর্তমানে কোন স্তরে আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(No supplementary)

(Noise)

**গঙ্গার চরায় নূতন বসতি স্থাপন রোধ**

*৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৬।) **শ্রী সরল দেব** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দক্ষিণেশ্বর এবং হালিশহরের নিকট গঙ্গার চরায় নূতন বসতি স্থাপন বন্ধ করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

না, সেরকম কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নেই। দক্ষিণেশ্বর এবং হালিশহরের নিকট গঙ্গার চর দেখা শুনার ভার কলকাতা উপর Commissioners এর ন্যস্ত আছে।

(No supplementary)

(Noise)

**জমির ক্ষতিপূরণের অর্থ প্রদানের পদ্ধতি**

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৩।) **শ্রী সন্তোষকুমার দাস** ঃ ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক অধিগৃহীত কৃষি ও বাস্তু জমির জন্য ক্ষতিপূরণের টাকা কোনও এজেন্ট ও উকিলের মাধ্যমের পরিবর্তে যাতে সরাসরি দাবিদারের হাতে যায় তার জন্য ব্যবস্থা গ্রহণের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) গত এক বছরে এই ক্ষতিপূরণ বাবদ কত টাকা রাজ্য সরকারের তহবিল থেকে খরচ হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) Law Acquisition Act এ জমি অধিগ্রহণ সংক্রান্ত ক্ষতিপূরণের টাকা সরাসরি দাবিদারদের দেবার ব্যবস্থা আছে।

(খ) চলতি আর্থিক বছরে এখন পর্যন্ত প্রায় ৫ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হয়েছে। সম্পূর্ণ আর্থিক বছরের হিসাব করা এখন সম্ভব নয়।

(No supplementary)

(Noise)

**দক্ষিণ ২৪-পরগনা অঞ্চলে নাট্যমঞ্চ স্থাপন**

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০২।) **শ্রী কৃষ্ণধন হালদার** ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মন্ডহারবার মহকুমার তথ্যকেন্দ্র হইতে সরকারি প্রচার পুস্তিকা ও বিজ্ঞাপন স্থানীয় বিধানসভা সদস্যদের নিকট পাঠানো হয় কিনা ; এবং

(খ) (১) দক্ষিণ ২৪-পরগনা অঞ্চলে নাট্যমঞ্চ ও (২) ডায়মন্ডহারবারে একটি মুক্তমঞ্চ তৈরী করার কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ডায়মন্ডহারবার মহকুমা তথ্যকেন্দ্র থেকে সরকারি প্রচার পুস্তিকা ও বিজ্ঞাপন স্থানীয় বিধানসভা সদস্যদের নিকট সাধারণত সরাসরি পাঠানো হয় না। কেন্দ্রীয় ভাবে এগুলি তথ্য ও সংস্কৃতি বিভাগের বিতরণ শাখা থেকে সদস্যদের নিকট পাঠানো হয়।

(খ) ১। দক্ষিণ ২৪-পরগনা অঞ্চলে নাট্যমঞ্চ ও ২। ডায়মন্ডহারবারে মুক্তমঞ্চে তৈরি করার কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের নেই।

(No supplementary)

(Noise)

### ক্ষুদ্র উদ্যোগে রাসায়নিক শিল্প স্থাপনে সরকারি সাহায্যের নীতি

*৫০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৬।) **শ্রী সন্দীপ দাস ঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র উদ্যোগে রাসায়নিক শিল্প প্রতিষ্ঠায় সরকারের সাহায্য দানের কোনও নীতি চালু আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কি ধরনের?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র উদ্যোগে রাসায়নিক শিল্প প্রতিষ্ঠায় সরকারি সাহায্য দানের কোনও বিশেষ নীতি চালু নাই, তবে সরকার বেসরকারি ক্ষেত্রে কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপনে উদ্যোগীদের উৎসাহ দানের জন্য এবং চালু শিল্পগুলির সামগ্রিক উন্নয়নের জন্য কতগুলি উৎসাহবর্দ্ধক প্রকল্প গ্রহণ করিয়াছেন। প্রয়োজনবোধে ক্ষুদ্র রাসায়নিক শিল্পগুলি এই উৎসাহ বর্দ্ধক প্রকল্পের আওতায় আসিতে পারে।

(খ) এই প্রকল্পগুলির মধ্যে প্রান্তিক অর্থ ঋণ, বি. এস. এ. আই. অ্যাক্ট অনুযায়ী স্বল্প সুদে একক ক্ষেত্রে পাঁচ হাজার টাকা ঋণ, অনুন্নত এলাকায় উৎসাহবর্দ্ধক আর্থিক অনুদান, যেমন বিনিয়োগকৃত স্থায়ী মূলধনের উপর ১৫% ভরতুকি, কার্যকরী মুলধনী ঋণের উপর প্রদত্ত সুদের উপর ৩% ভরতুকি, ইলেক্ট্রিসিটি বাদে ডিমান্ড চার্জসহ বিদ্যুৎ খরচের উপর ৩০% ভরতুকি, ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদক যন্ত্র

খরিদ ও সংস্থাপনের খরচের উপর ২০% ভরতুকি প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য রাসায়নিক শিল্প প্রতিষ্ঠায় উদ্যোগীগণও উপরোক্ত প্রকল্পগুলির সুযোগ সুবিধা গ্রহণ করতে পারেন।

(No supplementary)

(Noise)

### বিলি করা খাস জমির জন্য দেয় খাজনা ও সেলামির হার

*৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮০।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম ও শহর অঞ্চলের শিক্ষা, দাতব্য এবং সেবামূলক ইত্যাদি প্রতিষ্ঠানকে বিলি করা খাস জমির জন্য দেয় খাজনা ও সেলামির হার কত ; এবং

(খ) কোনও ব্যক্তিকে বিলি করা জমির ক্ষেত্রে দেয় খাজনা ও সেলামির হার ভিন্নরূপ কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) সরকারি খাস ও ন্যস্ত অকৃষি জমি দীর্ঘস্থায়ী বন্দোবস্ত দেওয়া হয় এবং সেক্ষেত্রে জমির বাজার দরের শতকরা ৪ ভাগ বাৎসরিক খাজনা হিসাবে এবং নির্ধারিত খাজনার ১০ গুণ সেলামি হিসাবে ধার্য কর হয়। শিক্ষা, দাতব্য এবং সেবামূলক ইত্যাদি প্রতিষ্ঠানের ক্ষেত্রেও অনুরূপ হারে খাজনা ও সেলামি ধার্য করা হয়।

(খ) না।

(No supplementary)

(Noise)

### হলদিয়ায় নতুন শিল্প স্থাপন

*৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৫।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কিছু কিছু সরকারি ও বেসরকারি শিল্প সংস্থা হলদিয়াতে নতুন শিল্প স্থাপনের জন্য বহুদিন যাবৎ লাইসেন্স পাওয়া সত্ত্বেও উক্ত শিল্পগুলি স্থাপনের কাজ আরম্ভ করে নাই ;

(খ) সত্য হইলে তাহার কারণ কি ; এবং

(গ) এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) এ পর্যন্ত হলদিয়াতে নূতন শিল্প স্থাপনের জন্য পাঁচটি শিল্প লাইসেন্স পাওয়া গিয়াছে। এগুলির মধ্যে দুইটি কেন্দ্রীয় মালিকানাধীন এবং তিনটি ব্যক্তিগত মালিকানাধীন।

কেন্দ্রীয় সরকারি উদ্যোগে যে দুইটি শিল্প লাইসেন্স পাওয়া গিয়াছে তন্মধ্যে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড তাহাদের এল. পি. জি. ইত্যাদি প্রকল্প ইতিমধ্যেই রূপায়িত করেছেন এবং অপরটি ফার্টিলাইজার কর্পোরেশন অফ ইন্ডিয়া-এর সার প্রকল্প উহা শীঘ্রই চালু হইবে।

ব্যক্তিগত মালিকানাধীনে মেসার্স হিন্দুস্থান লিভার লিমিটেড তাহাদের এস. টি. পি. পি. প্রকল্পের কাজ ইতিমধ্যেই রূপায়িত করেছেন। এবং মেসার্স ক্লোরাইড ইন্ডিয়া লিমিটেড তাহাদের ব্যাটারি তৈয়ারি প্রকল্প ও মেসার্স শ'ওয়ালেশ অ্যান্ড কোম্পানি তাহাদের পেস্টিসাইড তৈরির প্রকল্প, রূপায়ণের যথাযথ ব্যবস্থা নিচ্ছেন। আশা করা যাচ্ছে এই প্রকল্প দুইটি শীঘ্রই রূপায়িত হবে।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

(No supplementary)

(Noise)

**সারেঙ্গা গোড়া বাঁধের (সাঁকরাইল, হাওড়া) স্লুইস গেট**

*৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৪।) **শ্রী হারাণ হাজরা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক হাওড়া জেলার সাঁকরাইল থানার সারেঙ্গা গোড়া বাঁধের স্লুইস গেট তৈরী করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল ;

(খ) বরাদ্দকৃত টাকার কত পরিমাণ টাকা এ পর্যন্ত খরচ হয়েছে ;

(গ) উক্ত পরিকল্পনার কাজ কখন শুরু করা হয়েছিল ; এবং

(ঘ) কবে নাগাদ উক্ত স্লুইস গেট নির্মাণের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) উক্ত বাঁধে স্লুইস গেট নির্মাণ করার কোনও পরিকল্পনা বর্তমানে নেই। সুতরাং অর্থ বরাদ্দ করার প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(No supplementary)

(Noise)

**পাট্টা দেওয়া জমির হস্তান্তর**

*৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৯।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কিছু কিছু খাস জমির পাট্টা দেওয়ার পর জমিগুলি হস্তান্তরিত হইয়াছে ;

(খ) সত্য হইলে অনুরূপ জমির পরিমাণ কত ; এবং

(গ) এ ব্যাপারে রাজ্য সরকার কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) সরকারের কাছে এই ধরনের হস্তান্তরনের কোনও খবর নাই।

(খ) এবং (গ)—প্রশ্ন ওঠে না।

(No supplementary)

(Noise)

**পল্লী এলাকায় প্রেক্ষাগৃহ স্থাপন**

*৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৬।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পল্লী এলাকায় প্রেক্ষাগৃহের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সরকারের কিরূপ সুযোগসুবিধা দানের ব্যবস্থা আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) পল্লী অঞ্চলে সংশ্লিষ্ট জেলা শাসক প্রেক্ষাগৃহের লাইসেন্স প্রদান করে থাকেন। পল্লী অঞ্চলে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিশেষ সুবিধা দানের আলাদা কোনও ব্যবস্থা নাই।

(No supplementary)

(Noise)

**Equalisation of delivery price of raw materials, etc.**

***509**. (Admitted question No. *1770.) **Dr. Motahar Hossain** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage

and Small Scale Industries Department be pleased to state whether the State Government has requested the Centre to evolve a national policy for equalisation of the delivery price of all basic and strategic inputs and raw materials ?

**Shri Chittabrata Mazumdar :** Yes,

(No supplementary—Noise)

### জমির পাট্টা দেওয়ার ব্যাপারে দুর্নীতি

*৫১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৪।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত (১) পশ্চিমবঙ্গে ও (২) কোচবিহার জেলায় কতজনের মধ্যে জমির পাট্টা দেওয়া হয়েছে ;

(খ) এই পাট্টা দেওয়ার ব্যাপারে দুর্নীতি সম্বন্ধে সরকারের নিকট কোনও তথ্য আছে কিনা ; এবং

(গ) থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) পূর্ববর্তী সরকার এক সময় ঘোষণা করেছিলেন যে সমস্ত ন্যস্ত কৃষি জমি বিলি করা হয়ে গেছে এবং তার জন্য পাট্টা দেওয়া হয়েছে। এই সরকার ক্ষমতায় আসার পর অনুসন্ধান করে দেখেন যে এই তথ্য নির্ভরযোগ্য নয়। নতুন করে তথ্যাদি সংগ্রহ করতে সময় লাগে এবং অবশেষে একটি মোটামুটি গ্রহণযোগ্য পরিসংখ্যান সংকলন করা সম্ভব হয়। তদনুযায়ী জমিদারি অধিগ্রহণ আইনের পর থেকে ৩১/১২/৭৮ তারিখ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে ৬,১২,৫০৫ একর কৃষি জমি বিলির পাট্টা দেওয়া হয়েছিল ৯,৬২,৯০০ ভূমিহীন ও প্রান্তিক চাষীর মধ্যে। এর মধ্যে কুচবিহার জেলার ৪২,৬৩৭ একর কৃষিজমি ৫১,৩৬৯ জনের মধ্যে পাট্টা বিলি হয়েছিল।

(খ) এই বিষয়ে বর্তমান সরকারের কাছে কোনও নির্দিষ্ট তথ্য নেই ; এবং

(গ) প্রশ্ন ওঠে না।

(No supplementary—Noise)

### রায়না (বর্ধমান) স্থিত দামোদরের জমিদারি বাঁধ সংস্কার

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৫।) **শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না ১নং পঞ্চায়েত সমিতি এলাকাধীন দামোদর নদের দক্ষিণ তীরবর্তী জমিদারি বাঁধ সংস্কারের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ ঐ সংস্কারের কাজ শুরু করা হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) না। বর্তমানে এই রূপ পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(No supplementary—Noise)

**Revenue receipts from Oriental Gas Company**

***512**. (Admitted question No. *2267.) **Shri Dhirendra Nath Sarkar and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the revenue receipts from the Oriental Gas Company's Undertaking during the years 1978-79, 1979-80, and 1980-81, had been less than the receipts during 1977-78;

(b) if so, reasons thereof ; and

(c) the setps, if any, taken by the State Government to increase the same ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Yes.

(b) Revenue receipts of the Oriental Gas Company's Undertaking depends entirely on the sale of gas distributed by the said undertaking. As the supply of gas which is received from the Durgapur Projects Ltd. was less during the years in question, there was fall of revenue receipts in the said years.

(c) The Durgapur Projects Ltd. have been trying to increase the supply of gas to the Oriental Gas Company's Undertaking and the supply position had turned for the better from 1979-80. Besides, the Government of India have also decided to set up a low Temperature Carbonisation Plant at Dankuni, Dist. Hooghly. The entire gas that will be available form the said Plant will be distributed by the Oriental Gas Company's

Undertaking in greater calcutta area. On commission of the said Plant the total supply will increase by three times and the revenue receipts of the said Undertaking will increase proportionately.

(No supplementary—Noise)

**Land for coal-based project at Dankuni**

***513**. (Admitted question No. *1761.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) if it is a fact that the Centre has asked the State Government to provide land for the coal-based project at Dankuni ;

(b) if so—

(i) the total area of land required for the project,

(ii) the area of land so far made available by the State Government, and

(iii) when is the possesssion of the total required area likely to be obtained and released for the project ?

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) Yes, for Low temperature Carbonisation Plant at Dankuni, district Hooghly.

(i) Final requirement of Land not yet indicated by the Coal India Ltd.

(ii) 158.770 acres.

(iii) It depends on the Submission of the L. A. proposal by the Coal India Ltd.

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার :** আজ আমি সর্বশ্রী বলাইলাল দাস মহাপাত্র, সামসুদ্দিন আহম্মদ, রজনীকান্ত দলুই, বীরেন্দ্রকুমার মৈত্র এবং জয়নাল আবেদিন মহাশয়দের কাছ থেকে পাঁচটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী মহাপাত্র দৈনন্দিন পরিবহন দুরবস্থা এবং জনসাধারণের দুর্গতি ; দ্বিতীয়, প্রস্তাবে শ্রী আহম্মদ বিড়ি শ্রমিকদের ন্যায্য মজুরি থেকে বঞ্চিত হওয়া ; তৃতীয় প্রস্তাবে শ্রী দলুই বসুমতি সংবাদপত্রে সাংবাদিক ছাঁটাই ; চতুর্থ প্রস্তাবে শ্রী মৈত্র পৌর

এলাকাসমূহে পথিপার্শ্বস্থ জমি দখল ; এবং পঞ্চম প্রস্তাবে শ্রী আবেদিন হুগলি জেলার ঘিয়াকুন্তি নিকাশি প্রকল্পে বিনা নোটিশে জমি খনন ও পুলিশের গুলি চালনা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম চারটি প্রস্তাবের বিষয় সম্পর্কে সদস্যরা দৃষ্টি আকর্ষণী বা প্রশ্নের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

পঞ্চম প্রস্তাবের বিষয়টি আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনেই এর প্রতিকার আছে।

তাই আমি সবকটি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তাবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

শ্রী বলাইলাল দাস মহাপাত্র মহাশয় যদি বলতে চান বলতে পারেন।

শ্রী বলাইলাল দাস মহাপাত্র বলিবার জন্য উঠে দাঁড়ান.............(তুমুল গোলমাল)

**Dr. Zainal Abedin :** Sir, I rise on a point of order.

**মিঃ স্পিকার ঃ** আমি কোনও পয়েন্ট অফ অর্ডার গ্রহণ করছি না। I have disallowed it.

**Dr. Zainal Abedin :** I have raised it, how can you disallow it without hearing me.

(তুমুল গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন তার মুলতুবি প্রস্তাবটি ইচ্ছা করলে পাঠ করতে পারেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পিকার মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি ঃ হুগলি জেলায় ঘিয়াকুন্তী নিকাশি প্রকল্পে বিনা নোটিশে জমি খনন ও পুলিশের গুলি চালনা। হুগলি জেলায় ঘিয়াকুন্তী নিকাশি প্রকল্প রূপায়ণে বিনা নোটিশে চাষীদের জমি খনন করতে গিয়ে সরকারের পক্ষ হইতে বলপ্রয়োগ দুবার গুলি চালনা ও লাঠিচার্য করে মহিলাসহ বহু চাষীকে আহত ও নিগ্রহ করা হয় এবং মহামান্য হাইকোর্টের নিষেধাজ্ঞা অমান্য করা হয়। রাজ্য সরকার কর্তৃক ঐ এলাকায় গুরুতর শান্তিভঙ্গের প্ররোচনা যোগান হয়েছে। এখনও নিয়মিত পুলিশ প্রহরায় চাষীদের জমি খনন করা হচ্ছে এবং বাড়িঘর ভাঙ্গা হচ্ছে এবং অসত্য অভিযোগে চাষীদের নিগ্রহ করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—বসুমতি সংবাদপত্র সংবাদিক ছাঁটাই। সম্প্রতি পশ্চিমবাংলা সরকার পরিচালিত কাগজ দৈনিক বসুমতির মফঃস্বলের নিজস্ব সংবাদ দাতাদের ছাঁটাই শুরু হয়েছে। এমনিতেই আমাদের দলের সাংবাদিকদের বিশেষ করে ছোট কাগজের সাংবাদিকদের আর্থিক অবস্থা ভাল নয়।

এরপর যদি মফস্বলের সাংবাদিকদের চাকরি চলে যায় তাহলে অবস্থা খুব করুণ হয়ে পড়বে। এই ছাঁটাই সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি করেছে। পালেকর কমিশনের রায় অনুসারে সাংবাদিকদের যখন নূতন বেতন হার নির্ধারিত হওয়া দরকার তখন এই ছাঁটাই সত্যিই অভাবনীয়।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—দৈনন্দিন পরিবহন দুর্ঘটনা ও জনসাধারণের দুর্গতি।

রাজ্যের পরিবহন পরিচালনে অক্ষমতার ফলে বাস, ট্রাক, ট্যাক্সি দুর্ঘটনা দৈনন্দিন ব্যাপারে পরিমিত হইয়াছে। হাওড়া হইতে খড়গপুরের মধ্যে জাতীয় সড়কের উপর প্রায় প্রতিদিন বাস, ট্রাক ও ট্যাক্সি দুর্ঘটনা সংঘটিত হইতেছে। যাত্রী ড্রাইবার কন্ডাক্টারগণ অকালে প্রাণ হারাইতেছেন। লক্ষ লক্ষ টাকার জিনিসপত্র নষ্ট হইতেছে। অদ্য ডেবরা পুলিশ ফাঁড়ির কাছে জাতীয় সড়কের উপর দুইটি ট্রাক মুখোমুখি সংঘর্ষের ফলে একটি ট্রাকের ড্রাইভার ও ক্লিনার ঘটনাস্থলে প্রাণ হারাইয়াছেন এবং অন্য ট্রাকের ড্রাইভার গুরুতর আহত হইয়াছেন। প্রতিদিন বাসের অভ্যন্তরে, ছাদে পাদানিতে অতিরিক্ত যাত্রী বহন কঠোরভাবে নিষিদ্ধ করার এবং অপরাধীকে দন্ড বিধানের কোনও সক্রিয় ব্যবস্থা কার্যকর না হওয়ায় জনসাধারণের হয়রানি এবং দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাইতেছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ

১) ২৫/৩/৮১ তারিখে হাওড়া স্টেশন ও ব্রিজ এলাকায় পুলিশ ও ট্যাক্সি ড্রাইভারদের মধ্যে হাতাহাতির সংবাদ—শ্রী কাজি হাফিজুর রহমান, এবং শ্রী সামসুদ্দিন আহমদ,

২) মুন্সিগঞ্জের ড্রেনে যুবকের লাশ প্রাপ্তির সংবাদ—শ্রী সামসুদ্দিন আহমদ, শ্রী কাজি হাফিজুর রহমান এবং শ্রী হবিবুর রহমান,.

৩) গঙ্গায় জনৈক অজয় দে'র মৃতদেহ উদ্ধারের সংবাদ—শ্রী কাজি হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমদ, এবং শ্রী হবিবুর রহমান,

৪) হাওড়ার কাসুন্দিয়ায় বোমা তৈরির মশলা উদ্ধারের সংবাদ—শ্রী কাজি হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমদ, শ্রী হাবিবুর রহমান এবং শ্রী রজনীকান্ত দলুই,

৫) একটি নিকাশি প্রকল্পের টাকা হাতিয়ে নেবার অভিযোগের সংবাদ—শ্রী কাজি হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমদ, এবং শ্রী হাবিবুর রহমান,

৬) দুর্গাপুরে গৃহবধু খুন হওয়ার সংবাদ—শ্রী সামসুদ্দিন আহমদ, শ্রী কাজি হাফজুর রহমান এবং শ্রী হাবিবুর রহমান,

৭) ও. এন. জি. সি.-এর অফিসারের বাড়ি থেকে সরকারি টি. ভি. উদ্ধারের সংবাদ—শ্রী সামসুদ্দিন আহমদ, শ্রী কাজি হাফিজুর রহমান এবং শ্রী হাবিবুর রহমান,

12) Alleged demand of merchants for transfer of S.D.O. of Islampur—Shri Abdul Karim Chowdhury.

13) Alleged killing of three minors in Eastern Coalfield—Shri Rajani Kanta Doloi.

14) Erection of unauthorised buildings in Calcutta Corporation areas—Shri Rajani Kanta Doloi.

15) Alleged molestation in Santiniketan—Shri Rajani Kanta Doloi.

16) Backet in Cinema tickets—Shri Rajani Kanta Doloi.

আমি মালদহ্ জেলা রেশন কার্ড সপ্তাহে অক্ষমতা বিষয়ের উপর শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** ৩১-৩-৮১ তারিখ বিবৃতি দেওয়া হবে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** ১) স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ২২এ মার্চ, ১৯৮১ তারিখে জলপাইগুড়ি জেলার মালবাজারে পুলিশের গুলি চালনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

(শ্রী সামসুদ্দিন আহমদ, ২৩এ মার্চ, ১৯৮১ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।)

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I rise to make a statement in connection with the Calling Attention Notice of Shri Samsuddin Ahmed, MLA, regarding the police firing at Malbazar in the district of Jalpaiguri on 22.3.81.

2. On 21.3.81, there has been a few incidents of clashes following from brawals and scuffle between a group of Bengalees and some Nepalese over celebration of Holi. There were instances of arson. A bus with passengers was waylaid and the passengers assaulted, one of whom an Assistant Station Master Shri Rajat Subhra Chatterjee expired.

Police had intervened and arrested some persons belonging to both groups. Order u/s 144 Cr. P. C. was promulgated in Odlabari. On 22. 3. 81 at about 9.00 a.m. a violent mob of about fifteen hundred persons entered into the Mal PS compound, demanding unconditional release of Bengalees who had been arrested.

[2-10 — 2-20 p.m.]

D. C. and S. P. were then in Mal P. S. They tried to pacify the mob. This had no effect. The crowd suddenly forced their entry inside the Thana Building and started assaulting policemen on duty. They tried to snatch away accused persons from the Thana lock-up. They were however pushed out by the police. The mob started throwing brickbats, bombs, etc., towards the Thana. They also fired from pipeguns. One S.I., one A.S.I. and one Constable were injured. An executive Magistrate present in the Police Station was assaulted. The assembly was declared unlawful and asked to disperse. This was however not heeded to. Then five rounds of tear-gas shells were fired, which had no effect. There after, four rounds were fired from service rifles. After the firing, the crowd started fleeing away. One of the demonstrators was arrested with bullet injuries on his leg. Another person was admitted into the Mal Primary Health Centre with pellet injuries. Proper medical care was given to the injured persons. Prohibitory Order under section 144 Cr. P. C. was promulgated at Mal.

Soon after this incident, D.C. and S.P. contacted local political leaders and a Peace Committee comprising representatives of different communities was formed. This Committee had several sittings on 22.3.1981 and 23.3.1981. Nepalese families which had left the area in panic have all come back.

Adequate police arrangements have been made in the area with suitable re-inforcement from the State Headquarters. The situation is under control and normal now.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমার প্রিভিলেজটা হচ্ছে গত '৭৭-এর নির্বাচনে জনসাধারণ নির্বাচিত করেছিল, জ্যোতিবাবুর দয়ার নয়, প্রমোদবাবুর দয়ায় নয়, আপনারও দয়ায় নয়, আমি নির্বাচিত হয়ে এসেছি। আজকে যখন আমি গেটে ঢুকছি আমার গাড়ি ঐ গেটে আটকে দেয়। আমি যখন চক্ষুবর্ণ দেখাই মিস্টি ভাষায় তার ১০ মিনিট পর গেটটা খুলে দেয়। এই ১০ মিনিট আমাকে ওখানে দাঁড়িয়ে থাকতে হয়। এটা কি আলিপুরের হাজত স্যার, না এটা বিধানসভা আপনার কাছে জানতে চাই। জ্যোতিবাবু কি আমাদের এই বিধানসভার মধ্যে হাজত করে রাখতে চান? আমি বলে দিচ্ছি স্যার, এটা কিন্তু বুমেরাং হবে তখন আপনাদের দিক থেকে পারমিশন নিতে হবে।

[25th March, 1981]

## Mention Cases

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক বেদনাহত চিত্ত নিয়ে এবং প্রতিকূল অবস্থায় আমি আপনার মাধ্যমে একটি বিষয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কালকেও আমি নোটিশ দিয়েছিলাম কিন্তু মাননীয় সেচমন্ত্রী ছিলেন না, কাঠকুন্তি খাল কাটা নিয়ে সেখানের চাষীরা বিক্ষুব্ধ, গুলি ও লাঠি। আনন্দবাজার পত্রিকা একটি স্পেশ্যাল সাপ্লিমেন্ট বার করেছে। হুগলি জেলায় জনহিতকর প্রকল্প রূপায়িত হতে চলেছে। কিন্তু এই প্রকল্প এমনভাবে কাটছাঁট করা হয়েছে, এমনভাবে এটি মডিফাই করা হয়েছে যার জন্য মোর দ্যান ১৫৮ চাষী, ১৩৭ জন চাষী হাইকোর্টে অ্যাপিল করেছে, ইঞ্জাংশন প্রে করেছে এবং তারা ইঞ্জাংশন পেয়েছে। এটার কথাছিল ইনিসিয়ালি এই খালটা ৩০০ ফুট চওড়া করা হবে। সাবসিকোয়েন্টলি এটা ৭০০ ফুট চওড়া করা হয়েছে। এর ফলে অনেক মানুষের মূল্যবান জমি চলে যাচ্ছে। তাদে: কনফিডেন্স নেওয়া হয়নি। জনসাধারণের উপকারের জন্য এই খাল কাটা হচ্ছে অথচ জনসাধারণ বাধা দিচ্ছে। তাহলে বুঝতে হবে যে কোথায়ও একটা ত্রুটি রয়েছে যার জন্য আনন্দবাজারে এই সাপ্লিমেন্ট। আমি কালকেও নোটিশ দিয়েছিলাম, আজকে—সেচ মন্ত্রী মহাশয় চলে যাচ্ছেন, এই এত বড় একটা গুরুত্বপূর্ণ ঘটনা এখানে ঘটেছে। সেখানে মাঠে, বাগানে তাঁবু পড়েছে, ছাউনি পড়েছে, রাইফেল নিয়ে পুলিশ পাহারা দিচ্ছে এবং শিবানি ঘোষ এই নামে একজন মহিলাকেও লাঞ্ছিত করা হয়েছে, পাঁচ বিঘা জমি আছে এই রকম মানুষকে ও লাঞ্ছিত করা হয়েছে, অনেকের হাড় ভেঙ্গে দেওয়া হয়েছে। যাই হোক আমি—সেচমন্ত্রী পলায়ন করলেন, মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, বলছি যে এটা শুধু খালের প্রশ্ন নয় ল' অ্যান্ড অর্ডারের প্রশ্ন এসেছে, সবাইকে কনফিডেন্সে নিয়ে আমি লিখেছি যে, জনসাধারণের হিতার্থে আপনারা এই প্রকল্প করতে চাচ্ছেন অথচ জনসাধারণ বাধা দিচ্ছে As many as 137 people have prayed for injunction in the Hon'ble High Court. তাহলে বুঝতে হবে এটার একটা গুরুত্ব কোথায়ও ত্রুটি আছে, সেইজন্য আমি চাচ্ছি, আজকে একটা বিশেষ ক্রোড়পত্র বেরিয়েছে ইন ওয়ান অব দি লিডিং ডেলিস অব ক্যালকাটা, তাতেও যদি সরকারের টনক না নড়ে if the government persists to the unresponsive then the people would became violent. জ্যোতিবাবুর গুলি আছে এবং এখানে গেট বন্ধ করার প্রবৃত্তিও আছে সুতরাং অসুবিধা হবে না, আমি অনুরোধ করছি সরকার যেন এই বিষয়ে ধ্যান দেন।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটা দরখাস্ত পেয়েছি, তাতে বলা হয়েছে হাওড়া জিলার লিলুয়া থানার অধীনে বেলগাছিয়ায় বেনারস রোড এবং কৈ রোডের সংযোগ স্থলে একটা মসজিদ আছে, সেখানে সেই মসজিদের জায়গা জবর দখল করে মোহনা ক্লাব বলে একটা ক্লাব, একটা চার তলা বিল্ডিং তৈরি করছে, এক তলা পর্যন্ত হয়ে গেছে। আমি জেলা ম্যাজিস্ট্রেটের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করে চিঠি দিয়েছিলাম, কিন্তু কোনও ফল হয়নি। এভাবে যদি এখনও পর্যন্ত মসজিদের জমি জবর দখল হতে থাকে এবং একটা ক্লাব জবর দখল করে বাড়ি নির্মাণ করতে থাকে, তাহলে একটা অশোভন পরিস্থিতির উদ্ভব হবে। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে

ব্যবস্থা অবলম্বন করার জন্য। এলাকার লোকদের কাছ থেকে যে দরখাস্ত পেয়েছি সেটা আমি আপনার হাতে দিচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এ সম্বন্ধে আমি উনাকে স্পেশ্যালি বলে দিয়েছি, সব ব্যাপারে তো এক রকম হবে না, কতকগুলি জিনিস সেইভাবে বিবেচনা করার দরকার আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক ফেডারেশন-এর হুগলি জেলায় সপ্তম সম্মেলন হয়ে গেল গত ১৯শে মার্চ তারিখে। সেখানে বক্তা ছিলেন কমরেড জ্যোতি বসু, মুখ্যমন্ত্রী, কমরেড রতন মিত্র এবং কমরেড পার্থ দে প্রভৃতি। এই যে সম্মেলন হয়ে গেল, এই সম্মেলন উপলক্ষ্যে ধনিয়াখালির ১৭টি অঞ্চলে যে সন্ত্রাস চলেছে, জোর করে এক হাজার, দেড় হাজার, কারও কাছ থেকে ১৫০ কি ১২৫ টাকা আদায় করে নিয়েছে, সেই রসিদও আমার কাছে আছে, যারা কংগ্রেসি তাদের কাছ থেকে আদায় করেছে এক হাজার দেড় হাজার, যারা চাঁদা দেবে না তাদের কাছ থেকে আদায় করেছে ১৫০/১২৫, আর যারা চাঁদা দিতে চাচ্ছে না তাদের মঞ্জুরি বন্ধ করে দেওয়া হয়েছে এবং এই ভাবে সন্ত্রাসের সৃষ্টি করা হয়েছে, সেখানে ঘেরাও করে রাখা হয়েছে, জোরজুলুম এভাবে চলছে, অন্যায় তাদের উপর হচ্ছে, তাদের বলা হচ্ছে চাঁদা যদি না দাও তবে সমস্ত সম্পত্তি তোমাদের লুট করে নেব, তোমাকে মার্ডার করব, খুন খারাপির কথাও উচ্চারণ করা হয়েছে সেখানে, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, আমি আপনার কাছে রসিদগুলি দিচ্ছি, আপনি একটু দেখুন এই যে জোর জুলুম করে চাঁদা আদায় করা হচ্ছে, যদি আপনি এ ব্যাপারে একটা স্টেটমেন্ট করেন তো ভাল হয়। এই ধরনের জোর জুলুম বন্ধ করতে হবে। বিভিন্ন জায়গায় শুধু এই জোর জুলুম চলছে না, কি কৃষক সমিতি, কি যুব ফেডারেশন, যেখানে এই সম্মেলন হচ্ছে সেখানেই চাঁদার জন্য জোর জুলুম হচ্ছে এবং জোর জুলুম করে সারা পশ্চিমবাংলাতেই এই রকম চাঁদা আদায় করা হচ্ছে, সেখানে তারা নাটক করছে, সিনেমা করছে, মেলা হবে, প্রদর্শনী হবে এবং এই সব করা হচ্ছে সাধারণ মানুষের কাছ থেকে চাঁদা আদায় করে। এর প্রতিবাদে আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব এ বিষয়ে শীঘ্র ব্যবস্থা অবলম্বন করার জন্য।

**শ্রী মহম্মদ সোরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কিভাবে ঘেরাওয়ের বহর চলেছে এবং এই সমস্ত প্রতিষ্ঠানের যারা প্রধান তাদের উপর কিভাবে অত্যাচার চলছে তার একটি নমুনা আমি তুলে ধরছি ও মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই ব্যাপারে বিহিত ব্যবস্থা গ্রহণ করার জন্য। এর আগে সাধনা সরকার মারা গেছেন, তারপর আবার মমতা অধিকারিকে নয় ঘন্টা ঘেরাও করে রাখা হয়েছিল। বর্তমানে হুগলি জেলার পাণ্ডুয়া থানার ভিটাসিন গার্ল জুনিয়ার হাইস্কুলের হেড মিস্ট্রেস জারিনা খাতুনকে চার ঘন্টা ঘেরাও করে রেখে দেওয়া হয়েছিল। আমার কাছে তার একটা দরখাস্ত আছে তিনি কতকগুলি নামও করেছেন, এটা আমি আপনার কাছে দিচ্ছি। গত ২২/৩/৮১ তারিখে ওখানকার কিছু সি. পি. এম.-এর লোক যার সঙ্গে এম. এল. এ. দেবনারায়ণ চক্রবর্তীও উপস্থিত ছিলেন ৪ ঘন্টা তাকে ঘেরাও করে রেখেছিলেন। কারণ হচ্ছে কোর্টের অর্ডারের জন্য তিনি ম্যানেজিং কমিটির ইলেকশন বন্ধ রেখেছিলেন। যদিও কোর্টে কেস আছে ইঞ্জাংশন আছে তবুও ইলেকশন করতে হবে। এই অবস্থায় ইলেকশন যদি করতে না পার তাহলে রেজিগনেশন

লেটার দিতে হবে এবং সেখানে রেজিগনেশন লেটার লিখে নেবার ব্যবস্থা করে। মুখ্যমন্ত্রী এখানে আছেন আমি অনুরোধ করছি তিনি এই ব্যাপারে একটা এনকোয়ারি করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত মন্ত্রী এখানে উপস্থিত নেই। আমি আপনার মাধ্যমে তাকে জানাতে চাই যে মালদহ জেলার কালিয়াচক থানার অধীন ৩৪নং জাতীয় সড়ক থেকে গোলাপগঞ্জ পর্যন্ত স্টেট হাইওয়ে আছে। কিন্তু ঐ স্টেট হাইওয়ের মাঝে পাগলা নদী মজমপুরে ঢোকার ফলে যানবাহন চলার জন্য একটি কাঠের সেতু সরকার তৈরি করেছিলেন উহা গত ১৯৭৮ সালের বন্যায় সামান্য ক্ষতিগ্রস্ত হয়ে চলাচলের বাধা সৃষ্টি হয়। সামান্য টাকায় মেরামতের অভাবে সেতুটির দ্রুত ক্ষতি হতে থাকে এবং গত ১৯৮০ সালের বন্যায় সেটি সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে যায়। যার ফলে ঐ স্টেট হাইওয়ে দিয়ে চলাচলকারী কালিয়াচক ৩নং ব্লকের অধীন ৬টি গ্রাম পঞ্চায়েতের হাজার হাজার জনসাধারণ যাদেরকে ঐ এক মাত্র রাস্তা দ্বারাই কালিয়াচক সদর হাট বাজার মালদহ শহরে যাতায়াত করতে হয়। তারা আজ ভীষণ বিপদের সম্মুখীন। কাঠের সেতু থাকাকালীন গোলাপগঞ্জ পর্যন্ত একটি প্রাইভেট বাস, একটি স্টেট বাস ও দুটি মিনিবাস যাতায়াত করত। ঐ গুলি এখন অর্দ্ধরাস্তা পর্যন্ত অর্থাৎ মজমপুর যাতায়াত করে। প্রায় ৫ বৎসর পূর্বেই ঐ মজুমপুর ঘাটে একটি পাকা সেতু নির্মাণের জন্য অর্থ বরাদ্দ হওয়া সত্ত্বেও কাজ আরম্ভ হয় অতি বিলম্বে দুই বছর আগে। কিন্তু দুই বৎসর কাজ আরম্ভ হওয়ার পর থেকেই অতি ঢিমে তালে কাজ চলছে এবং কাজের যা গতি তাতে আর কতদিন লাগবে জানি না। তাই আমি পূর্ত মন্ত্রীর কাছে আবেদন রাখছি যাতে তিনি নিজে থেকে এর ব্যবস্থা করেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** [* * * *]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** স্যার, এটাও কি আপনি মেনশনে অ্যালাউ করবেন?

**মিঃ স্পিকার ঃ** এটা মেনশনের ব্যাপার নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** [* * * *]

**মিঃ স্পিকার ঃ** যা খরচ হয়েছে তা গভর্নমেন্টের খরচ হয়েছে।

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** [* * * *]

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** If any member wants to raise any matter about the conduct of a minister he must notify earlier so that the minister can make a statement in the House about the position. The member will have to give a notice earlier.

Note : * Expunged as ordered by the Chair.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** [* * * *]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে রুলিং দিলেন সেই ব্যাপারেই আমি বলতে চাইছিলাম। এই সব এখানে মেনশন করা যায় না, আগে থেকে নোটিশ না দিয়ে। আপনি যে রুলিং দিলেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং সত্য বাপুলি মহাশয় যে বক্তব্য এখানে রেখেছেন, ওটা পুরো এক্সপাঞ্জ করে দিন।

**মিঃ স্পিকার ঃ** সত্যবাবু, এটা এইভাবে মেনশন করা যায় না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যা বলেছেন এবং রুলস্ অব প্রসিডিয়োর আছে, তাতে ঐভাবে মেনশন হয় না। সেইজন্য সত্য বাপুলি মহাশয় মেনশনের নাম করে যা বললেন সেটা আপনি এক্সপাঞ্জ করে দিন, এটাই আমার অনুরোধ।

**মিঃ স্পিকার ঃ** নিশ্চয়ই এক্সপাঞ্জ করা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বললেই এটা বলবেন, কিন্তু দিস ইজ এ ফ্যাক্ট। অনেক টাকা নয়ছয় হয়ে গেছে। অনেক টাকা মিস ইউজ হয়েছে।

(গোলমাল)

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় বিরোধী দলের সদস্যদের যদি সেইরকম কোনও সাহস থাকে যে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ আনবেন তাহলে এখানে নিয়মের যে রাস্তা দেখানো আছে, সেই রাস্তায় তাদের আনতে হবে। কিন্তু রোজ রোজ মেনশনের নাম করে ওরা এই জিনিসগুলো রেকর্ড করাচ্ছেন। মেনশনে এইগুলো আসে কি না তা বিশেষভাবে আপনি বিচার করবেন। মেনশনের নাম করে ওনারা ইনস্ট্যানটেনিয়াসলি যা ইচ্ছে বলে যান, জবাব দেবার স্কোপ থাকে না। উই হ্যাভ এ রাইট টু ডিফেন্ড আওয়ারসেলভস্। সেই রাইটটা আমরা পাচ্ছি না। নিয়ম অনুযায়ী কাজ না করাটা বিরোধী দলের সদস্যদের একটা রেওয়াজ হয়ে গেছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটু বলার আছে। মাননীয় সদস্য সত্য বাপুলির এটা একটা স্বভাবে পরিণত হয়েছে যে রোজই উঠে দাঁড়িয়ে একটি করে অভিযোগ পেশ করছেন।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** আমার যা বলার আমি বলেছি, আপনি বসুন।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় সদস্যের স্বভাবই হচ্ছে এই, যখনই কংগ্রেস(ই)-র তরফ থেকে কোনও একটা ঘটনা উল্লেখ করা হয়—মাননীয় মন্ত্রী সম্বন্ধে কিংবা কোনও বিষয় সম্বন্ধে, তখনই উনি অপোজ করেন উঠে দাঁড়িয়ে।

(গোলমাল)

Note : * Expunged as ordered by the Chair.

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** আমি তো অপোজ করবই। সব সময় অপোজ করব।

**শ্রী মহম্মদ সোহরাবঃ** মাননীয় সদস্য সত্য বাপুলি মাননীয় মুখ্যমন্ত্রী সম্বন্ধে একটি ঘটনা উল্লেখ করেছেন। মুখ্যমন্ত্রী পরবর্তীকালে তার প্রতিবাদ করতে পারেন।

(গোলমাল)

**মিঃ স্পিকারঃ** সাধারণভাবে কোনও মেম্বার কিংবা মিনিস্টার সম্বন্ধে কিছু বলতে গেলে, অন্তত যারা এই হাউসে আছেন, তাদের একটা অপারচুনিটি দিতে হবে। ফট্ করে এক একটি অ্যালিগেশন করা হয়, এটা অস্বীকার করা যায় না আমি কারো নাম করে বলছি না—কিন্তু এইরকম করাটা ঠিক নয়। একটা নোটিশ দিতে হবে এবং দরকার হলে সেই নোটিশের রিপ্লাই যাতে দিতে পারেন সেই সুযোগ দিতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার।

**(এ ভয়েস ঃ ছোট লোক)**

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ** স্যার, ছোট লোক বলতে পারেন?

**শ্রী নীরোদ রায়চৌধুরিঃ** ছোট লোককে ছোট লোক বলা হবেই।

(তুমুল গোলমাল)

**শ্রী রজনীকান্ত দলুইঃ** [* * * *] মত কথা বলছেন।

(গোলমাল)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাসঃ** স্যার, আমাকে বলতে দিতে হবে, তা নাহলে আমি কাউকে বলতে দেব না।

(গোলমাল)

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** স্যার, মাননীয় সদস্য সত্য বাপুলির এটা বোঝা উচিত হাউসটা তার প্রপার্টি নয় যে যখন তখন যা খুশি তাই বলে যাবেন।

(তুমুল গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ** স্যার, মাননীয় সদস্য অমল রায় সত্য বাপুলির নাম করে এইমাত্র যে উক্তি করলেন সেই বিষয়ে একটু বলতে চাই। আমি একটি নির্দিষ্ট ঘটনা আপনার বিবেচনার জন্য হাউসে রেখেছি। এখানে আমার বলার অধিকার আছে। যদি কোথাও কোনওরকমভাবে অসৎভাবে খরচ হয়, দুর্নীতি হয়, মুখ্যমন্ত্রীই হোন আর যেই হোন, সেই কথা বলার অধিকার আমার আছে।

---

Note : * Expunged as ordered by the Chair.

**মিঃ স্পিকারঃ** বলার একটা পদ্ধতি আছে। আপনি বলতে পারেন, কিন্তু বলার যে পদ্ধতি আছে সেটা আপনাকে মেনে চলতে হবে। আপনাকে আগে একটা নোটিশ দিতে হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি এখানে উল্লেখ করতে চাই, প্রশ্নত্তোরের সময় সেটা নিয়ে একটুখানি আলোচনা হয়েছে এবং সেই সময় মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী দ্বিধাহীন কণ্ঠে বলেছেন কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করতে যাচ্ছেন সিনেমা যেটি রাজ্য তালিকাভুক্ত ছিল এখন যুগ্ম তালিকাভুক্ত করা হচ্ছে। আমরা মনে করছি এর পিছনে একটা অভিসন্ধি আছে। কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা এবং রাজ্যগুলির ক্ষমতা কমানোর একটা সুপরিকল্পিত চক্রান্ত করছেন, ষড়যন্ত্র করছেন। আজকের সংবাদপত্রে এটা সুস্পষ্ট ভাষায় বেরিয়েছে।

(তুমুল গোলমাল)

**মিঃ স্পিকারঃ** আপনি বসুন, এই বিষয়ে মন্ত্রী যা বলার বলেছেন।

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে পশ্চিমবাংলায় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কি জিনিস চলেছে তারই একটি দৃষ্টান্ত দিচ্ছি। স্যার, একটি স্কুলের পরিচালক সমিতির স্বেচ্ছাচারিতার ফলে আজ খুব বড় বড় দুটি স্কুলে প্রধান শিক্ষক নেই। এই দুটি স্কুল হচ্ছে—বজবজে পি. কে. ইন্সটিটিউশন এবং ২৪ পরগনার অন্তর্গত দেশপ্রিয় বিদ্যানিকেতন (বালক বিভাগ)। স্যার, এই দুটি স্কুল এখন হেড মাস্টার ছাড়াই চলছে? দেশপ্রিয় বিদ্যানিকেতনের (বালক বিভাগ)-এর পরিচালক সংস্থা গত ২১.১২.৮০ তারিখে বজবজের পি. কে. ইন্সটিটিউশনের হেডমাস্টারকে প্রধান শিক্ষক হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দেন। ঐ পি. কে. ইন্সটিটিউশনের প্রধান শিক্ষক গত ১২.১.৮৯ তারিখে বজবজ স্কুল থেকে কোন ছাড়পত্র বা রিলিজ অর্ডার না নিয়ে এবং এল. পি. সি. না নিয়েই ঐ বেলঘরিয়া দেশপ্রিয় বিদ্যানিকেতনে জয়েন করেন। তিনি সেখানে অবৈধভাবে জয়েন করেন এবং তা করে ১২ থেকে ১৯ তারিখ পর্যন্ত কাজ করেন এবং তারপর ২০.১.৮১ তারিখ থেকে ১.৩.৮১ তারিখ পর্যন্ত উইদাউট পে লিভ দেন। এ দিকে পি. কে. ইন্সটিটিউশনের যিনি অ্যাডমিনিস্ট্রেটার, তিনি দেশপ্রিয় বিদ্যানিকেতনের পরিলক সংস্থার কাছে এ সম্পর্কে অভিযোগ করেন এবং বলেন আপনারা উইদাউট রিলিজ অর্ডার কি করে তাকে অ্যাপয়েন্টমেন্ট দেন। তখন ২৯.১.৮১ তারিখে দেশপ্রিয় বিদ্যানিকেতনের ম্যানেজিং কমিটি তার ঐ ছুটি নাকচ করে দেন। এর ফলে এখন দুটি স্কুলেই প্রধান শিক্ষক নেই এইরকম অবস্থা হয়েছে। অথচ স্যার, দেশপ্রিয় বিদ্যানিকেতন (বালক বিভাগ)-এর যিনি অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার, শ্রী বিমল সেনগুপ্ত, তিনি ওখানে ২৫ বছর ধরে যোগ্যতার সঙ্গে কাজ করা সত্ত্বেও এবং তার কোয়ালিফিকেশন থাকা সত্ত্বেও এবং তিনি সিনিয়ারমোস্ট টিচার হিসাবে সেখানে ঐ পদের জন্য অ্যাপ্লাই করা সত্ত্বেও তাকে সেখানে প্রধান শিক্ষক হিসাবে নিয়োগ করা হয়নি যেহেতু তিনি একটি বিশেষ দলভুক্ত নন। স্যার, এই বেলঘরিয়া দেশপ্রাণ বিদ্যানিকেতন, যারা এই অবৈধ কাজ করেছেন সেই স্কুলের পরিচালক সংস্থা সি. পি. এম প্রধান পরিচালক সংস্থা। এ ব্যাপারে স্যার, কর্তৃপক্ষের

দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজ পর্যন্ত কিছু হয়নি। ঐ ম্যানেজিং কমিটির স্বেচ্ছাচারিতার ফলে দুটি স্কুলই আজ প্রধান শিক্ষকহীন বা অভিভাবকহীন হয়ে পড়েছে এবং সেখানে একটা নৈরাজ্য চলেছে। এ ব্যাপারে স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার তেহট্ট থানার অন্তর্গত কুষ্ঠিয়া গ্রামে কয়েক বছর আগে একটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার তৈরি হয় কিন্তু ডাক্তারের অভাবে সেটা চালু করা যায়নি। শেষ পর্যন্ত তেহট্ট থেকে ডাঃ নৃপেন্দ্রকৃষ্ণ বিশ্বাসকে ঐ হেলথ সেন্টারে সাময়িকভাবে নিয়োগ করা হয়। কিন্তু স্যার, ঐ ভদ্রলোক হাসপাতালে যাবার পর থেকেই ওখানকার জিনিসপত্র এধার-ওধার, রোগিদের সঙ্গে দুর্ব্যবহার করা ইত্যাদি নানা রকমের অভিযোগ ওঠে। পরবর্তীকালে তাঁকে ঐ পদ থেকে অপসারিত করা হয়। দুঃখের কথা গত ১৮ই মার্চ তারিখে ঐ ডাক্তার ভদ্রলোকটি কিছু অ্যান্টি-সোশ্যাল সহ ঐ ডাক্তারখানায় অনধিকারভাবে প্রবেশ করে এবং ঐ ডাক্তারখানার ৭টি বৈদ্যুতিক পাখা খুলে নিয়ে পালাবার চেষ্টা করে। সেই সময় গ্রামবাসীরা তাদের ধরে ফেলে। পরবর্তীকালে ঐ ডাক্তার ভদ্রলোককে চৌকিদার এবং দফাদারের হেফাজতে রাখা হয় কিন্তু শেষ পর্যন্ত তাদের মারধোর করে তারা পালিয়ে যায়। এখন গ্রামবাসীদের নানারকমের মিথ্যা মামলায় জড়িত করার হুমকি দেওয়া হচ্ছে। মানুষকে বিপদে ফেলার চেষ্টা করছে। আমি এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এইরকম অসৎ সমাজবিরোধী ডাক্তারদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। এই ব্যাপার পুলিশকে জানানো হয়েছে কিন্তু এখনও পর্যন্ত কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি এই জরুরি বিষয়টি এখানে উল্লেখ করছি এবং এই বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশ এবং শ্রমমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় তাদের নজরে আনতে চাইছি। যদিও পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোককে না নিয়ে অন্য লোক নিয়োগ হচ্ছে এবং এই বিষয়ে আমি ট্রান্সপোর্ট বাজেটে এবং অন্য বাজেটে বলেছি। সম্প্রতি পুলিশ সার্জেন্ট নিয়োগ হয়েছে। তার জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম আসেনি এবং তার কোনও ইন্টারভিউও নেওয়া হয়নি। সেই অর্ডার নং হচ্ছে ২৯৫ ই. এ. আই. সি - ২১/৮০। এই অর্ডারে একজন পুলিশ সার্জেন্ট নিয়োগ হয়েছে। তার কোনও ইন্টারভিউ হয়নি এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকেও নাম আসেনি। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড-এর ১৮ই মার্চ তারিখের নিউজে আছে মিনিস্টার ইন মেন মেড পুলিশ সার্জেন্ট। কাজেই সরকার নিয়ম করবেন, আবার সরকারই সেই সব নিয়মভঙ্গ করবেন। এই যে স্বজনপোষণ, ইন্টারভিউ ছাড়াই নিয়োগ, এই জিনিস যদি চলতে থাকে তাহলে দেশের প্রশাসন কোথায় যাবে সেটা আপনি বিচার করে দেখবেন।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলা সমবায় সমিতির যারা পরিদর্শক, তাদের অ্যাশোসিয়েশন থেকে একটা ডেমনেস্ট্রেশন নিয়ে এসেছেন এবং তারা এসপ্ল্যানেড ইস্টে অপেক্ষা করছেন। আপনি অনুগ্রহ করে সমবায় মন্ত্রী মহাশয়কে বলুন তাদের সঙ্গে দেখা করার জন্য এবং তাদের দাবি-দাওয়ার বিষয়টি আলোচনা করার জন্য।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় আমাদের যে জল কষ্ট, সেই জলকষ্ট সম্পর্কে এই বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওখানে যে কিছু কিছু টিউবওয়েল আমরা করেছি, সেগুলির বেশিরভাগই নষ্ট হতে বসেছে এবং পুরুলিয়া শহরে আরো কিছু কিছু টিউবওয়েল করা দরকার। আমরা জানি বিগত সরকার কিছুই করেনি। যা করা হয়েছে সেটা আমরাই করেছি এবং আরো করা হবে। সেজন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুরুলিয়া শহরে এবং ব্লকে আরো টিউবওয়েল করা যায় অর্থাৎ আমাদের যে টার্গেট সেটা যেন করা হয়।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায়. এই গণতন্ত্রকে কিভাবে কবর দিচ্ছে এবং শিক্ষা জগতে কিভাবে নৈরাজ্যের সৃষ্টি করছে, তার একটা নজির এখানে উল্লেখ করে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সান্তা থানার চিনুরি হাইস্কুল আছে। সেই স্কুলে কয়েকজন শিক্ষককে ঢুকতে দেওয়া হচ্ছে না। সেখানকার সি. পি. এম.-এর গুণ্ডাবাহিনী লোক নিয়ে যাচ্ছে এবং শিক্ষকদের ভয় দেখাচ্ছে। সেই শিক্ষকদের অপরাধ যে তারা স্থানীয় কংগ্রেস (আই) সংগঠনের দলভুক্ত এবং স্থানীয় কংগ্রেসের নেতৃত্ব দেন। তিনুরি এই স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচনে সি. পি. এম. প্রার্থীরা কংগ্রেস(ই) প্রার্থীদের কাছে গোহারা হেরেছে। হেরে তাদের মাথা খারাপ হয়ে গেছে, পাগলা কুকুরের মতো যেখানে সেখানে ছোবল মারছে। ঐ স্কুলের যে সমস্ত শিক্ষকরা কংগ্রেস(ই) করেন তাদের আজকে স্কুলে ঢুকতে দেওয়া হচ্ছে না। যার ফলে সেখানে ছাত্ররা পড়াশুনা করতে পারছে না, শিক্ষকরা ছাত্রদের শিক্ষা দিতে পারছেন না। সেখানে এক অরাজক অবস্থার সৃষ্টি হয়েছে। অবিলম্বে নৈরাজ্য দূর করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে এনে ছাত্রদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করার জন্য আমি বিষয়টির প্রতি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে আমি ইতিপূর্বে অনেকবার বলেছি এবং আজকে আবার বলতে বাধ্য হচ্ছি। বিষয়টি হচ্ছে হাওড়া জেলার ৫৭-এ নম্বরের একটি বাসরুট আছে। সেখানে সরকারি বাস দেওয়া যায় কিনা সেটা দেখতে আমি মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, কিন্তু এখন পর্যন্ত তা দেওয়া হয়নি। তাই আমি আবার আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এটা দেবার জন্য। যদি তা না দেওয়া যায় তাহলে বর্তমানে যে বাস আছে সেটাকে টিকিয়াপাড়া রেলওয়ে স্টেশন পর্যন্ত সম্প্রসারিত করা হোক যাতে সাউথ ইস্টার্ন রেলওয়ে যাত্রীদের একটু সুবিধা হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অনিল মুখার্জিঃ** স্যার, আমি আপনার সময় বেশি নেব না। কো-অপারেটিভ ইন্সপেক্টর-রা তাদের দাবি-দাওয়া নিয়ে এখানে এসেছেন। তাদের দাবিপত্র আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী মহাশয়ের কাছে জমা দিচ্ছি।

**অধ্যক্ষ মহাশয়ঃ** একটি ঘোষণা। বিধানসভার কার্যপরিচালন নিয়ম অনুযায়ী আজ রাত আটটা পর্যন্ত সভার কাজ চলবে। আমি সন্ধ্যা ৭-টার সময় গিলোটিন প্রয়োগ করবার কথা ঘোষণা করছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** স্যার, আমি ২২৬-এর একটি নোটিশ দিয়েছি। আপনি অন ১৮.৩.৮১ আণ্ডার রুল ৩৪৮ একটা সিদ্ধান্ত নিয়েছেন এই হাউসে, কিন্তু ঐ সিদ্ধান্তে একথা ছিল না যে, অতপর অ্যাসেম্বলির সব গেট খোলা থাকবে। আপনার কোনও অর্ডার ডিসওবেড হলে There are specific rules here. এবং আণ্ডার রুল ৩৫২ এবং যেটা অয়ট কোটেড বাই জ্যুডিসিয়াল মিনিস্টার—রুল ৩৬৪ অনুযায়ী আপনি ব্যবস্থা নিতে পারেন। কিন্তু এখানে কনভেনসন হচ্ছে ইউ উইল হ্যাভ টু অ্যানাউন্স ইট ইন দি অ্যাসেম্বলি। প্রতিটি গেট বন্ধ থাকবে এই কথাটা আজ পর্যন্ত হাউসে কোনও অ্যানাউন্সমেন্ট হয়নি। আমার স্পেসিফিক ডিমাণ্ড হচ্ছে, হাউসে এই সম্বন্ধে কোনও অ্যানাউন্সমেন্ট হয়নি তাসত্ত্বেও উই আর বিয়িং প্রিভেনটেড ফ্রম এনটারিং দি হাউস.....

**Mr. Speaker :** But I find you everybody present here.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** After being searched and interrogated. Our privilege has been curtailed. ...। আপনার ক্ষমতা আছে, আপনি প্রতিটি গেট বন্ধ রাখতে পারেন কিন্তু তার আগে হাউসে অ্যানাউন্স করতে হবে কিন্তু সেই অ্যানাউন্সমেন্ট হয়নি। তাহলে কি বুঝে নেব কোনও অলিখিত আদেশ যেটাতে সরকারের কোনও দুর্বলতা আছে যারজন্য এই আদেশ ঘোষিত হচ্ছে না? There is no announcement in the House in this regard.

(গোলমাল)

I would again say that we are being prevented in the gate. Sir, yesterday they saved the Taimur, Ministry in Assam. So it seems that the Ministers & Members are bold today.

**শ্রী মহম্মদ সোহরাবঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কাস্টোডিয়ান অফ দি হাউস। আমাদের এখানকার সদস্যদের কোনও অসুবিধা হলে সেটা আপনার কাছে বলব। আপনি চেয়ারম্যান আছেন, আমাদের কথা আপনি শুনবেন।

**মিঃ স্পিকারঃ** আমি তো বলেছি, বৃষ্টির জন্য চলে এসেছে সেইজন্য গেটগুলি বন্ধ রাখা হয়েছিল।

**শ্রী মহম্মদ সোহরাবঃ** আজকে প্রশ্নোত্তরের সময়ে যেটা হল সেটা হচ্ছে মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয় বললেন কেবল গেটটি বন্ধ আছে। সুনীতিবাবুও বললেন ওনার গাড়িটিকে চেক করা হয়েছিল। আমরা কি চেয়েছি? আপনি হঠাৎ বলে ফেললেন। আপনার

[2-50 — 3-00 p.m.]

অর্ডার ক্যারি-আউট হোক এটা আমরা চাই কিন্তু তার আগে অ্যানাউন্স করবেন তো? আমরা কেউই চাইনা যে আপনার অর্ডার ক্যারি-আউট হবে না, আপনার অর্ডার কেউ শুনবে না। আপনি যদি বলতেন বৃষ্টির জন্য হয়েছে তাহলে তো কোনও গণ্ডগোল হত না। আমরা চাই স্পিকারের অর্ডার মাস্ট বি ক্যারেড-আউট।

(গণ্ডগোল)

(কিছু সংখ্যক কংগ্রেস আইয়ের সদস্যরা বলতে আরম্ভ করল)

**মিঃ স্পিকার ঃ** আমি তো বলেছি আপনাদের কথা শুনব না। বার বার একই জিনিস চলে না।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ফরওয়ার্ড ব্লকের এম. এল. এ. শ্রীমতী ছায়া ঘোষ, মাননীয়া সদস্যা শ্রীমতা রেণুলীনা সুব্বার সম্বন্ধে যে কথাগুলি বলেছেন— যেহেতু উনি সাসপেন্ডেড, সেহেতু হাউসে আসতে পারছেন না। উনি আমার কাছে লিখিতভাবে যেটা দিয়েছেন আমি সেটা আপনার কাছে কনভে করছি। উনি বলেছেন—According to a section of Press, Mrs. Chhaya Ghosh, a Forward Block M.L.A. allegedly mentioned in the West Bengal Assembly yesterday, which I strongly deny that I have created disorderly situation in the form of vandalism and chesing the night guard with a dagger. This is nothing but a motivated attempt to drive me out the M.L.A. Hostel also.

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

## DEMAND NO. 42

Major Head : 267 — Labour and Employment

**Shri Krishna Pada Ghosh :** Mr. Speaker, Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,06,97,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "267—Labour and Employment".

2. I am indeed happy to be in a position to present before the Hon'ble Members a brief account of the significant achievement in the field of labour administration during the last year, keeping in view the policy objectives of our Government. I intend briefly to present a comparative picture of our achievements during the last four years as against the position obtaining since 1970, and to focus attention on some of the major constraints towards realisation of our objectives. The main thrust of our efforts has continued to be industrial relations consistent with the aims and aspirations of the working class. Simultaneously, it has been our endeavour to improve social security and welfare measures

for the toiling masses. Employment is another important field which continued to engage our attention during the year.

3. As Members are aware the year under review witnessed a significant improvement in all spheres of industrial relations. It is worthwhile to note that while Industry-wise agreements could be effected in the Plantation Industry and Goods Transport Undertakings through conciliation and collective bargaining, generally speaking, there has been no noticeable work-stopage in any major industry during the period under review on Bonus and other related issues. There was a marked decline in the incidence of not only Strikes and Lock-outs but also of Closure, Lay-off and Retrenchment. The total effect was a sharp decline in the number of mandays lost. As in the previous years, the document, "Labour in West Bengal" for the year 1980 has been placed before the Hon'ble Members. *A comparative study of the statistical data given in detail in the said document brings out certain illuminating revelations. The figure for work-stoppage in 1980 in relation to number of cases and number of men involved were the lowest in the last seven years. The number of cases of Closure and men affected therefor was the lowest in the last eleven years. The number of persons retrenched was the lowest in the last nine years. The number of cases of Lay-off as well as number of persons laid off was the lowest in the last eleven years.*

4. In 1980 there were 213-cases of Work-stoppage against 290 during the previous year. 3,392 men were affected by Closure of 50 units against 5,423 men of 83 units in 1979. Of the 50 units closed during the year 8 were reopened by fiting 612 persons. Besides these 8 units, 6 other units closed prior to 1980 were reopened during the year under review benefiting 2,016 men. 1,043 persons were retrenched during 1980 as against 1,120 persons in the preceding year. Only 14,848 workmen were laid-off for varying periods during the year 1980 in 106 cases against 199 cases affecting 66,551 men in 1979.

5. Members are well aware about the impact of the Industrial Relations policy being vigorously pursued by this Government. As already pointed out the main thrust of our Labour Policy has been to help the growth of a healthy and strong Trade Union Movement which is responsive to the needs and aspirations of the working class. With the assumption of office by this Government the working class got back its cherished rights of free organisation and unhindered movement, where necessary to ventilate their grievances. This Government extended its unstinted support to the cause of working class unity and struggle for

betterment of their living and working conditions. We sought to ensure that their real wages and emoluments keep up with rising prices. *Members will kindly recall in this connection the organised Industry-wise Settlements effected during the last few years in major industries like Jute, Engineering, Cotton Textile etc., providing for substaintial wage increase and other benefirts to lakhs of industrial workers in this State without much industrial unrest. Hundreds of unit-wise steelements could also be effected during this period accuring substantial benefits to several thousands of workers. At the same time we have persistently followed a policy of encouraging collective bargaining as a mode of settlement of disputes. It is to be appreciated that conciliation and collective bargaining has beyond doubt come to stay as the most effective instrument for settlement of industrial disputes in West Bengal. A realistic appraisal of the objective conditions prevailing in this State in the field of Industrial Relations during the past few years will bear this out.*

6. The State Government has also from time to time taken initiative in resolving various issues relating to the functioning of the Calcutta Port. At the instance of the State Government, the Government of India has appointed a High Power Committee with a State Government representative to consider important issues relating to labour relations. The problem relating to holding up of the ships at the port in conjunction with the genuine grievances of the workmen was also taken up with the Government of India for a satisfactory solution. The problem relating to the erstwhile Tea Workers Board was also taken up by the State Government for an effective solution.

7. As members are aware Bonus generally proves to be a major cause of industrial strike. However, during the period under review in most cases the Bonus issue was settled through conciliation and negotiation at bipartite and tripartite levels. Mention may be made in this connection of the Industry-wise agreement over Bonus covering the Jute Industry which conferred additional benefits over and above the statutory minimum Bonus in the shape of ad-hoc payment of 1.5% of the wages earned for the year 1978 and 4.67% of the wages earned for the year 1979. In the Tea Industry also, bipartite and tripartite agreements resulted in higher payment of Bonus than the statutory minimum rate. It is worthwhile to mention in this connection of the unique feature in the matter of upward revision of plucking task in quite a number of tea gardens arrived at through bilateral discussions.

8. Honourable Members will kindly remember that in my Budget statement last year I had indicated that the State Government would bring in suitable amendments of important labour laws in the interest of the working class. The Industrial Disputes Act, 1947 was amended in its application to West Bengal to bring supervisory staff drawing wages up to Rs. 1,000/- per month within its purview instead of Rs. 500/- as at present. The Act was already been enforced after obtaining President's assent. The West Bengal Workmen's House Rent Allowance Act, 1974 has also been amended which not only provides for enhanced rate of house rent allowance but also, for computing the number of workmen employed in any Industry for the purpose of the Act, provides for taking into considertion the number of workmen employed in all the units and the branches of the Industry in the outside West Bengal. During the year under review a Bill amending the Industrial Disputes Act, 1947 in its application to West Bengal for the second time was passed in the West Bengal Legislative Assembly. The Bill has amended the Act extensively with a view to removing the lacunae found in course of the administration of the Act over the years and providing better benefits and protection against arbitrary action of the employers. Provision has also been made for time-bound concilition and expeditious adjudication proceedings. The Bill is still pending for assent of the President. The definition of "Commercial Establishment" in the West Bengal Shops and Establishments Act, 1963 has been amended by a Bill of 1980 with a view to bringing a large number of establishments under additional coverage of the Act. The Bill has been recently passed by the Legislative Assembly and is being referred to the President for his assent.

9. During the year under review the Committee on Grades and Scales of Pay in relation to the Jute Industry set up in terms of the tripartite industry-wise settlements submitted its report. The comments of the signatory Trade Unions and Indian Jute Mills Association have been obtained. These are being processed for finalisation of a decision in the matter in terms of the settlement. The other Expert Committee regarding work-load in Jute Industry and the Expert Committee relating to Grades and Scales of Pay in Cotton Textile Industry have not yet submitted their reports. The Committee regarding work-load in Cotton Textile Industry has submitted its report a few days back.

10. A Committee is being set up to oversee and advise the State Government on implementation of the decisions of the Central Government

on the recommendations of the Palekar Tribunal in relation to the Working Journalists and Non-Journalists under the Working Journalists Act.

11. During the year under review the State Government fixed minimum rates of wages in two employments viz. Saw Mills and Iron Foundry and revised minimum rates of wages in Chaki Mills. Enforcement of minimum rates of wages in agriculture received special attention of the Government. The number of prosecution cases in agricultural sector in 1980 is the highest ever and appreciably higher than that of the previous year.

12. The welfare programmes and developmental activities in the Labour Sector have also been stepped up considerably during the last few years. During the last three years i.e. 1978-79 to 1980-81 the total amount of expenditure incurred on Plan schemes was of the order of Rs. 190.35 lakhs as against Rs. 72.70 lakhs incurred during the preceding three years i.e. 1975-76 to 1977-78. During the current financial year alone, an estimated amount of about Rs. one crore is likely to be incurred for this purpose. During the period under review the stipend to the Trainees under the Craftsman Training Scheme has been enhanced from Rs. 25/- to Rs. 40/- per month and has been made available to 50% of the Trainees as against 1/3rd of the Trainees previously. Arrangements for permanent water supply to the Hostel Buildings attached to ITI Jhargram have since been completed. Under the scheme of Advanced Vocational Training System classes have been started in four trades within the premises of ITI Durgapur and 66 trainees have already completed their training in these trades. The construction of the Madati Labour Welfare Centre in the district of Darjeeling is expected to be completed by the end of the current financial year. The Annual Plan Outlay for 1981-82 is of the order of Rs. 150 lakhs. Provision has been made for setting up of Model Labour Welfare Centres. Holiday Homes and Agricultural Labour Welfare Centres. Rs. 1 lakh has been allotted for the welfare of Bidi workers and fishermen. Two Coaching-cum-Guiding Centres are proposed to be set up for the Scheduled Caste candidates. Construction of Hostel Buildings and Libraries at the existing Industrial Training Institutes is also proposed. Under the ESI Schemes opening of one Central Blood Bank, one Central Pathological Laboratory, a few Occupational Therapy Units and some other sub-schemes is proposed. For the Sixth Plan Period i.e. 1980-85 we have projected a total outlay of Rs. 700 lakhs. The total outlay for the Fifth Plan Period i.e. 1974-79 was around Rs. 190 lakhs.

13. Under the Employees' State Insurance Scheme an estimated amount of Rs. 76 lakhs, including the ESI Corporation's share of expenditure is likely to be incurred during the current financial year on Plan schemes. In the non-Plan sector the expenditure under this Social Security Scheme during the year is likely to be around Rs. 13 crores including the ESI Corporation's share of expenditure. The scheme was first introduced in this State in 1955 extending benefits to about 3,50,000 workers employed in factories in Howrah and Calcutta. Subsequently the scheme was extended to the districts of 24-Parganas, Hooghly and Nadia For many years, extension of the scheme was confined, only to those areas. I take this opportunity of informing the Hon'ble Members that *with effect from 1st February, 1981, the scheme has also been extended to Asansol Raniganj areas in the Burdwan district.* The ESI Hospital at Asansol has also been commissioned with effect from the same date. Since inception, outdoor treatment under the scheme was being rendered exclusively through the panel system. *With the opening of ten Service Dispensaries during the period under reviews, Service System has been introduced for the first time in this State. This indeed is a notable achievement.* Sites for opening a few more Service Dispensaries and new RBOs in addition to the existing 43 RBOs, have also been selected and are expected to be opened within the current financial year. In this connection, I must appreciate the valuable services rendered by the High Power Committee on ESI set up by this Government in the matter of implementation of various schemes and in bringing substantial improvements upon the existing arrangements. The construction of the 25-bedded hospital at Bandel is nearing completion and steps are being taken for opening the hospital as early as possible. Steps have been initiated for construction of a hospital at Shyamnagore, 24-Parganas and another at Thakurpukur. The question of starting a 200-bedded ESI Hospital at Taratola is also under consideration. A plot of land measuring about 10.00 acres has been allotted to this Department by the Salt lake Authorities, and steps have been initiated for setting up of a Nurses Hostel. Nurses' Training Centre and Staff Quarters on the said plot of land.

14. Shortage of qualified nursing personnel is an All India feature and a notable constraint in the administration of the Medical Benefit Scheme. We have made a dent in this area by opening a Nurses' Training Centre at ESI Hospital, Budge Budge. We intend to extend this training facility further. The proposed Nurses' Training Centre at the ESI Hospital, Manicktala is likely to be commissioned during the next financial year.

15. Arrangements have been made for supply of artificial limbs to the beneficiaries under the scheme from the ESI Unit at NRS Hospital with effect from August, 1980. At present, all types of Orthopaedic appliances except upper limbs area being supplied. Arrangements have also been made for supply of spectacles to eye injury cases.

16. With the effect from 1st April, 1980, the rate of capitation fees per IP Unit payable to the Insurance Medical Practitioners has been enhanced from Rs. 30.00 to Rs. 40.00 A Refresher Training Course system has been introduced for the IMPs. The West Bengal ESI (MB) Rules, 1974, are being suitably amended to include a provision for nomination by the IMPs, in case of their death, of suitable persons to receive their dues from the Government.

17. The volume of unemployment in this State is staggeringly large. The Live Register figure alone of the Employment Exchanges in this State has of late shot up to more than 26 lakhs. Nearly 6.15 lakhs of unemployed persons registered themselves in 1980 alone. *With the opening of 9 more Employment Exchanges in the remaining Sub-Divisions the State Government commitment to cover all the Sub-Divisions by opening up Employment Exchanges has been fully implemented.* During the period under review, more than 14,000 unemployed persons could be placed in employment through Employment Exchanges in this State. As part of the programme of streamlining the functions of the Employment Exchanges I would like to draw the kind attention of the Hon'ble Members to the recent important Government decision of asking the Employment Exchanges to display the names of the candidates submitted by them every month, along with the basis of selection.

18. It is however, observed that most of the Central Government Establishments in West Bengal do not follow the instructions issued by the Ministry of Finance regarding compulsory recruitment through Employment Exchange to posts in the Central Government Undertakings in this State. This is also reflected in the sector-wise placement figures as complied by the Directorate of National Employment Service in West Bengal. A comparative study of the figures has revealed a declining trend in the matter of placement in Central Government Establishments in this State during the last few years. Recruitment through the Employment Exchanges has shown a sharply deteriorating trend in the Private Sector Establishments from 5,492 in 1978 and 1,640 in 1979 to only, 300 in 1980. In this context it is pertinent to indicate that the question of making recruitment through Employment Exchanges compulsory

up to specified levels of employment has been under consideration at the National level for quite some time. From time to time the Hon'ble Members also expressed their deep concern over this issue.

19. As Members are aware, 1981 is being observed all over the world as the International Year of the Disabled Persons. In order to make this Programme a success in this State and to focus attention on the need to provide adequate employment opportunities for this category of persons we have initiated some concrete steps. I have already met the representatives of the Central Trade Union Organisations in this regard and impressed upon them the need for persuading the employers to recruit handicapped persons in their establishments. I also propose to meet the various Chambers of Commerce shortly and urge upon them the necessity for creating more employment opportunities for the disabled in the private sector establishments. A separate cell is being set up under my department to monitor employment of the physically handicapped persons in different Government establishments and also to pursue the matter with the private sector.

20. The Unemployment Assistance Scheme introduced by the State Government with the effect from 1st April, 1978 is definitely no substitute for gainful employment. However, successful continuation of the scheme would appear to be a significant factor in partially mitigating the massive unemployment problem and in increasing employment opportunities in this State. The introduction of the scheme has certain implications on the backlog of unemployment, to the extent that the scheme provides for payment of the specified amount of assistance to the unemployed persons registered as such for 5 years or more, for a limited period. The scheme, *Iinter alia*, provides for participation by an individual beneficiary in any Government sponsored work attachment programme for 100 days in a year. As a result the recipients will get an opportunity for development of certain job / social skills, and in its turn they are likely to increase their employment opportunities. Around 3 lakhs unemployed persons were covered under the Unemployment Assistance Scheme during the period under review. Expenditure to be incurred on this score has been estimated to be around Rs. 18.65 crores. As already indicated by the Finance Minister in his Budget Statement those beneficiaries who have been receiving assistance under this scheme since inception i.e. continuously for the last 3 (three) years will cease to do so from the next financial year, in terms of the basic provision made in this respect in the scheme itself. Details with regard to the special schemes for these beneficiaries, announced by the Finance Minister, are being worked out. It is, however, absolutely necessary at the same time that the

Central Government come forward to significantly contribute to this important Social Assistance Scheme.

21. In the preceding paragraph, I believe, I have been able to place before the Hon'ble Members a realistic account of the notable features obtaining in this State in the field of labour administration. Organised Trade Union movements had displayed due sense of responsibility and restraint in maintaining a healthy atmosphere and harmonious relationship in the realm of industrial relation without in any way limiting the rights of workers or throwing overboard their hard-earned privileges. How long the prevailing situation will continue is however difficult to say. Organised Trade Union movement cannot but take note of the gravity of the alarming situation arising out of the worsening socio-economic crisis the country has plunged into, particularly after the announcement of the Central Budget. Consequent upon the sharp rise in the prices of basic and essential commodities as also the spiralling process of high inflationary pressures the working class are becoming restive especially due to the significant erosion in the value of their real wages. They are confronted with the formidable problem of maintaining their purchasing power and the real value of the benefits earned through continuous struggles. The entire burden of the crisis is also being sought to be passed on the working class in various other ways such as, wage freeze, increased work-load, change of work and norm and work pattern without necessary change in the method of production.

22. Hon'ble Members will kindly recall that in my last year's Budget Statement I sounded a note of warning about the impending dangers looming large upon the living and working conditions as also the democratic rights of the toiling masses. In this context no one can overlook the recent developments in various parts of the country arising out of the menacing attacks upon the wage-earners. The long-standing legitimate demands of the Loco running staff have been met with utter vengeance. Instead of making any attempt for redressal of their just grievances the machinery of oppression has been let loose upon them. The Life Insurance Corporation Ordinance purported for steamlining the wage-structure of the Life Insurance Corporation employees is again a blatant attack on the Trade Union movements and is apprehended to be ultimately directed against all wage-earning people. It is also to be noted that while peoples anger burst forth against menacing unemployment, price-hike and other manifestations of the crisis, the forces of reaction have taken recourse to nefarious and divisive tactics vitiating the social fabric of our country. The recently enacted National Security Act, which dangerously stares at the faces of all fighting people, has been prescribed as a panacea for this malady. It is necessary to point out the superficiality of the Act and the danger it portends for the democratic and Trade Union movements of the country which in fact are the only

guarantees for unity of the working class, for unity of the entire country. We are happy to note the surging tide of mass struggles and solidarity action gaining momentum, cutting across all barriers against the onslaught of capital on the living and working conditions of the teeming millions. The conscious working class who braved untold torture and oppression in the past are determined to meet the challenge of anti-working class policies from any quarters on a united platform. We pledge to continue our active support and co-operation to the cause of the working class unity and struggle.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**Mr. Speaker :** There are cut motions in the name of Shri Kiranmay Nanda and Shri Ronupada Halder. Since Shri Kiranmay Nanda is not present in the House, his cut motion is not moved. The other cut motion in the name of Shri Renupada Halder is in order and taken as moved.

**Shri Renupada Halder :** Mr. Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**श्री रविशंकर पाण्डे :** श्रद्धेय अध्यक्ष महोदय, श्रम और रोजगार बजट पर मै कुछ तथ्य आपके माध्यम से सदन में रखना चाहूँगा। पशिचम बंगाल में बामपंथी मोर्चे की सरकार के गठन के बाद श्रमिकों और मेहनती मजदूरों का जो संग्राम चल रहा है उसको किस तरह से कुचला जा रहा है किस तरह से दबाया जा रहा है इसका अध्ययन श्रम मंत्री स्वयं करें, यह मेरा उनसे निवेदन है। आज देखा जा रहा है कि श्रमिक आन्दोलनों को कुचलने का रवैया अखितयार किया गया है। श्रम मंत्री अच्छी तरह से जानते है कि अभी जहाँ सी० आई० टी० यु० की युनियन नहीं था उसी जगह पर नीलरतन हास्पीटल के मजदूरों के घरों को तोड़ किया गया। आज वे कर्मचारी खुले आकाश के नीचे बैठे हुए है। वे लोग गृहहीन होकर बेसहाय हो गये है। उनके लिए कहाँ तक आप लोग आवाज देंगे, घर बनवाएगे और सुविधाएं प्रदान करेंगे जबकि वे लोग जिस घर में रहते थे, उसे आपलोगों ने उजाड़ किया।

समझ में नही आता है कि सरकार मे जाने के बाद गरीबों की बातों को सुनने के बजाय, उनके दु:ख-दर्द मिटाने के बजाय, उनका मजाक उड़ाने लगे है। मालिक मजदूरों को खटाता है और उनको खाने भर के लिए पारिश्रमिक नही देता है, फिर भी आप लोग मालिक लोगों का पक्ष लेते है। आपको शर्म नहीं आती है। उल्टे मजदूरों का मजाक उड़ाते है। हरिजनों के मकानों को तोड़वाते है। उनको उपर उठाने के बजाय, उन्हे कुचलते है। आपको तो उन्हे उपर उठाना चाहिए।

हम तो पहले से उजड़े हुए है। हम तो सर्वहारा है। हमारे पास रहने के लिए कोई घर-बार नहीं है। लेकिन आप लोग सर्वहारा नेता बनने का दावा करते है, आपको शर्म आनी चाहिए। सर्वहारा के नाम पर आपलोग कलंक है। मै चाहुँगा कि अब भी समय है आपलोग श्रमिक कल्याण की ओर ध्यान दें। कुछ दिन पहले मै भी आपलोगों के साथ

कंधेसे कंधा मिलाकर लड़ा था। इमरजेन्सी के समय मै भी ज्योति बाबु के साथ जेल गया था। हम भी उनके साथ जेल में थे। लेकिन आज गद्दी पाकर हमलोगों की बातों को आपलोग अनसूनी कर दे रहे है।

पशिचम बंगाल में आज श्रमिक कर्मचारियों को कुचला जा रहा है। श्रम मंत्री के निर्बाचन क्षेत्रों में अभी उनकी अपनी युनियन नहीं है। तो वहाँ के गरीब मजदुरों और कर्मचारियोंपर अत्याचार किया जा रहा है। उनको उजाड़ा जा रहा है। अगर उनकी यूनियन नहीं है और हिन्द मजदूर की युनियन है तो उसे उखाड़ फेकने की चेष्टा की जा रही है। आपकी सरकार ने डी० पी० सी० में जो आर० एस० पी० की युनियन थी, उसे समाप्त कर दिया। आर० एस० पी० हाई कोर्ट के माध्यम से विरोध कर रही है। आपकी सरकार संग्रामी मेहनती कर्मचारियों के हथियार को तोड़कर रखा देने की चेष्टा कर रही है। मजदूरों और जन-आन्दोलन को आज कुचला जा रहा है। अगर आप इसी तरह से मजदूर आन्दोलनों को जन-आन्दोलनों को कुचलते रहेंगे और मजदूरों के दुःख दर्द को नहीं सुनेगे तो देश का कल्याण कैसे होगा। अगर आप युनियनों को दबोचते रहेगे, जैसा कि आपने आर० एस० पी० की युनियन को दबोचा है, तो श्रमिक कल्याण कैसे होगा।

माननीय मुख्य मंत्री के लड़के का कारखाना, विस्कुट का कारखाना दुर्गापुर में है। वहाँ एस०यु०सी० जो हमारे पीछे बैठे हुए है, उनकी युनियन थी। मजदूर एस०यु०सी० के झण्डे को लेकर आन्दोलन कर रहे थे किन्तु पुलिस वहाँ पहुंचकर उनके झण्डे को नष्ट कर दिया, उनको उखाड़ दिया। आज पुलिस मजदूरों और मालिकों की लड़ाई में मालिको का पक्ष लेकर पहले पहुच जाया करती है मजदूरों के साथ अन्याय करती है। उनके साथ मार-पीट करती है। युनियन के झण्डे को नष्ट कर देती है। प्रदर्शन करने बाले मजदुरों पर लाठी प्रहार किया जाता है। उनको उजाड़ कर फेकने का प्रयास किया जाता है, उनको घायल किया जाता है।

श्रम मंत्री श्रमिक और मजदूरों का ख्याल नहीं कर रहे हैं। वे केवल सी० आई० टी० यु० के ही श्रम मंत्री नही है। वे तो सभी लोगों के लिए श्रम मंत्री है। मै माननीय श्रम मंत्री से निवेदन करना चाहूँगा कि आप दया करके सभी श्रमिकों के हितों को देखे जो मजदूर उजाड़े जा रहे है उनको फिर से बसाने के लिए कोशिश करें। इस तरीके से अगर आप काम करते रहेगे तो लोग आप पर हंसेगे। एक तरफ तो आप मजदूरों को उजाड़ रहे है दूसरी तरफ आप हांकरों के लिए दूकाने बना रहे है। यह आपका रवैया मेरी समझ में नही आ रहा है। मजदूरों के आन्दोलन को कुचला जा रहा है। उनके झण्डे को फाड़ दिया जा रहा है। मालिकों के स्वार्थ रक्षा के लिए श्रमिकों पर गोली चलाई जा रही है।

दूसरी बात मै कहना चाहता हूं, वह यह है कि मजदूरों का सबसे अधिक खून हुआ है पोर्ट में। दार्जिलिंग के चाय बगानों में खुन हुआ है। जहाँ सी० आई० टी० यु० श्रमिक यूनियन नही है। वहाँ पर कही १५ कहीं १० कहीं २० कहीं २ कहीं एक आदमी का खून हुआ है। रहा है। गुण्डे मार रहे है साथ ही साथ पुलिस भी मार रही है। इसी बात को सम्भवतः माननीया सदस्या रेनु लीना सूब्बा इस सदन में उठाना चाहती थी जिसे उठाने नहीं दिया गया। आपको सोचना चाहिए कि श्रमिकों का कल्याण कैसे किया

जाय, उनकी हितों की बातों को आपको सोचना चाहिए। आपको श्रमिकों की भलाई के लिए एतिहासिक काम करना चाहिए। श्रमिक और मालिकों के झगड़े में पुलिस को जाने से रोका जाना चाहिए। जिस पार्टी की युनियन जहाँ पर है, उसकी रक्षा करना आपका कर्तव्य है।

नदिया जूट मिल में दो यूनियनों का झगड़ा चल रहा है। वहाँ के मैनेजर का खुन हूआ है। "ओर कोई अपराध करे, दण्ड पावे कोई और" बाली कहावत वहाँ चरितार्थ हो रही है। मालिक ताला बन्द करके मजदूरों को बेकार कर देता है, मजदूर फूटपाथ पर भूखों मरते है। लेकिन बामपन्थी मोर्चे की सरकार इस ओर कोई ध्यान नहीं दे रही है।

शाप स्टेलिंग एक्ट के बारे में कहना ही क्या है। उसमें जो धांधली चल रही है उका बर्णन करना कठिन है। इन्सपेक्टर जरुर है और वे घूमते भी रहते है। किसी दुकानदार के उपर कोई एकशन नहीं लेते हैं। घूस खाकर चूप-चाप बैठ जाते है। मालिक नियम-कायदा को कुछ भी नहीं मानता है। इस पर भी मालिक को सजा न देकर कर्मचारियों को ही सजा दी जाती है। इन्सपेक्टर तो मालिक से पैसा वसूल करके कर्मचारियों को तबाह करता है। अगर कोई कर्मचारी कहीं पर ४० वर्ष से काम करता है तो उसका कोई अटेण्डेन्स रजिस्टर नहीं है, कोई वेतन रजिस्टर नहीं है। इसलिए मालिक उसे यह कहकर निकाल देता है कि तुमने दो वर्ष काम किया है। शाप एक्ट को ठीक से पालन न करने के कारण कर्मचारी काम से निकाल दिया जाता है और वह वेकार होकर भूखो मरता है। यह विभाग निकम्माा हे गया है। मै श्रम मंत्री से अनुरोध करुगा कि इसे गतिशील कीजिए।

मंहगाई घोड़े की चाल मे वढ़ रही है और आमदनी चीटी की चाल से भी नही बढ़ रही है। नये दायरे में कुछ लोगों को टूका दिया गया है। जो ट्रस्ट में काम करते है। पशिचम बंगाल की सरकार अपने को मजदुर कल्याणकारी सरकार कहलाने का दावा करती है। लेकिन बड़े दुख के साथ कहना पड़ता है कि आज भी यहां दाम प्रथा चालू है। घरों मे काम करने बाले घरेलू नौकरों को आज भी २४ घण्टे काम करना पड़ता है। बारह बजे रात में दमदम और डावड़ा स्टेशन जाना पड़ता है। मालिक का देह दवाना पड़ता है। उनको तेल लगाना पड़ता है। सैकड़ों कपड़े रोजाना साफ करना पड़ता है जबकि एक कपड़ा की धुलाई ६० पैमा होता है। इस तरह से मालिक घरेलू नौकरों को दास बनाकर रखा है। दुनिया में दास प्रथा काअन्त हो रहा है किन्तु यहाँ पर अभी भी जोरो से चालू है। उनसे १६ घण्टा - १८ घण्टा काम लिया जाता है और इतने पर भी मालिक जब चाहता है, उन्हे धक्का मारकर काम से हटा देता है। इस तरह से घरेलू नौकर अपनी बुढ़ौती में भूखों मरते है। हमने एक यूनियन बनाई है और वह यह है, कलकत्ता घरेलू कर्मचारी पंचायेत। अभी तक इनकी कोई यूनियन नहीं थी। श्रम मंत्री को चाहिए कि वह इनकी समस्याओं की ओर ध्यान दे।

[3-10 — 3-45 p.m.](including adjournment

पुलिस मालिकों का पक्ष लेती है। पुलिस तो सेठों के प्रति वफादार है। और रुपनारायण जो रोटी बनाने वाला था, उसको पुलिस ने पीटा। स्वतंवता सेनानियों को पीटा गया और

मुझे भी अपमानित करके जेल मे भेज दिया गया, फिर से जांच के लिए अध्यक्ष महोदय ने आदेश दिया था, लेकिन मुख्यमंत्री ने अभी तक जांच नही करवाई। आपलोग दीषारोपण करते है कि हमलोग अध्यक्ष महोदय के आदेश का अवहेलना करते है किन्तु मै तो देखता हूं कि सरकार पक्ष के लोग ही उनके निर्देश को नहीं मानते है। आज मालिकों की दलाली पुलिस कर रही है और मजदूरो के उपर लाठी चला रही है। पुलिस मजदूरों के खिलाफ रिपोर्ट देती है और सरकार उसी रिपोर्ट को सही मानकर व्याज दे देती है।

मै चाहता हूं कि देश समता और सम्पन्नता की दिशा में आगे बढ़े। श्रम मंत्री को चाहिए कि मुख्य मंत्री से बात चीत करके बेकार लोगों को काम पर लगावे ताकि देश की शाक्ति, देश की समृद्धि मे सहायक हो सके। और देश मे समता और सम्पन्नता का प्रादुभार्व हो सके। आज ३५ हजार लोग बेकार है। १५५ कल-कारखाने बन्द है। श्रम मंत्री को चेष्टा करनी चाहिए कि इन बेकारो को नौकरी मिले और १५५ बन्द कल-कारखाने पुनः खुले। और भी नए-नए कारखाने खोलने की चेष्टा करनी चाहिए ताकि नये कर्म संस्थान की सृष्टि हो सके। बेकारों की बेकारी दूर हो सके।

वंग परम्परा के अनुसार पिता के रिटायरमेन्ट के पशचात उनके पुत्र को नौकरी मिलनी चाहिए। लेकिन मालिक उल्टा काम करता है। बाप के नौकरी से चले जाने के बाद पुत्र को नौकरी नही देता है। मै बड़े जोरदरा शब्दों मे कहना चाहता हूँ कि यदि बाप मर गया या नौकरी से रिटायर कर गया तो उसके लड़के को नौकरी क्यो नही मिलेगी। मै श्रम मंत्री से निवेदन करुगा कि वे एसा कानून बनाए ताकि एक आदमी के मर जाने पर उसके वारिस को नौकरी मिल सके। इसकी व्यवस्था दुनियां के हर कोने मे है।

मै श्रम मंत्री से निवेदन करुँगा कि वे श्रमिकों के बच्चों को पढने के लिए नये-नये स्कुल खोले। हिन्दी भाषियो के लिए स्कुल बहुत कम है। बैरकपूर-भाटपाड़ा आदि हिन्दी भाषा-भाषी अंचलों में हिन्दी स्कूल खोलना बहुत ही आवश्यक है। ताकि श्रमिकों के बच्चे पढ़-लिखकर देश की उन्नति में सहायक बन सके। वे गुण्डे और आवारा न बने। आसनसोल में जहाँ केन्द्रीय सरकार के कल-कारखाने है वहॉ पर भी नये-नये स्कूल और श्रमिक अंचलों में अस्पताल खोलने की व्यवस्था करनी चाहिए। आसनसोल में केन्द्रीय सरकार के कल-कारखाने हो सकते हैं। किन्तु वह तो बंगाल का ही एक अंग है। श्रमिकों के जीवन में सुधार लाने के लिए श्रम मंत्री को प्रयास करना चाहिए। उनको यह ख्याल करना चाहिए कि सभी लोग समता और सम्पन्नता की दिशा में आगे बढ़े। केवल सी० आई० टी० यु० की यूनियन की उन्नति का काम नहीं करनी चाहिए। चाहे आर० एस० पी० का यूनियन हो चाहे एस० यु० सी० की यूनियन हो, चाहे हिन्द मजदूर की यूनियन हो उनपर डण्डे न बरसा कर श्रमिक हित के लिए सभी यूनियनों की रक्षा करनी चाहिए। श्रम मंत्री को चाहिए कि श्रमिकों के कल्याण की बातों को वे सोचे।

यह बजट केवल बजट के रुप में सदन में रखा गया है, अतएव इससे श्रमिक वर्ग का कल्याण होने वाला नहीं है। इसे सुधारने की चेष्टा करें यह हमारा आपसे निवेदन है।

(At this Stage the House was adjourned till - 3-45 p.m.)

[3-45 — 3-55 p.m.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার, স্যার, পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রী আজকে মালিকদের পক্ষে যে বাজেট পেশ করেছেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন করতে পারছি না। তবে একটা কথা, আজকে মালিক পক্ষের বাজেট পেশ করলেও কৃষ্ণপদ ঘোষকে ব্যক্তিগতভাবে এন এল সি সি'র সভাপতি হিসাবে ধন্যবাদ জানাচ্ছি। কারণ, তিনি বাজেট পেশ করেছেন হয়ত জ্যোতিবাবুর ক্যাবিনেটের চাপে, হয়ত শ্রমিকদের সমস্ত কথা তিনি উল্লেখ করতে পারেননি, কিন্তু তাঁর মন শ্রমিকদের দিকে আছে। এটা আমি প্রমাণ পেয়েছি ট্রান্সপোর্ট কর্পোরেশন যখন বন্‌ধ হতে চলেছিল তখন কৃষ্ণপদ ঘোষ সঙ্গে সঙ্গে শ্রমিক বন্ধুদের ডেকে তাদের সঙ্গে কথা বলে মালিকদের বিপক্ষে গিয়ে ট্রান্সপোর্ট খুলিয়ে দিয়েছেন। কিন্তু মাননীয় স্পিকার মহাশয়, লেবার মিনিস্টারের অন্তরটা লেবারদের দিকে থাকলেও এই লেবার মিনিস্টার প্রমোদ দাসগুপ্তের লোক যার জন্য জ্যোতিবাবুর দল এবং জ্যোতিবাবুর বাহিনী আজকে কৃষ্ণপদ ঘোষকে হেকেল করছেন, কল-কারখানার মালিকদের সন্তুষ্ট করার চেষ্টা করছেন, ইনটেনশনালি কল-কারখানার ম্যানেজমেন্টের সঙ্গে হাত মিলিয়েছেন যেহেতু আজকে পশ্চিমবঙ্গে শ্রমিকদের স্বার্থে লেবার মিনিস্টার চেষ্টা করছেন। কিন্তু তথাপি আমি কতকগুলি প্রমাণ দেব। প্রথম প্রমাণ দিই ইউনিয়ন কার্বাইডের। লেবার মিনিস্টারের কাছে বলছি অ্যাজ প্রেসিডেন্ট এন এল সি সি তিনি ইউনিয়ন কার্বাইডে ৮।। ঘণ্টা খাটিয়ে যখন ৮ ঘণ্টার মজুরি দিয়েছিল তখন তাদের ম্যানেজমেন্টকে ডাকবার চেষ্টা করেছেন। কিন্তু এটাও আমি জানতে পেরেছি ওদের ম্যানেজমেন্ট সি পি এম-এর ইলেকশন ফাণ্ডে মোটা টাকা গচ্ছিত দিয়েছেন আলিমুদ্দিন স্ট্রিটে যার জন্য কৃষ্ণপদ ঘোষ মালিকদের বিপক্ষে যেতে পারেননি। স্যার, আজকে আমি যদি একটার পর একটা ফ্যাক্টরির নাম করি তাহলে রাত ভোর হয়ে যাবে, আগামীকাল ভোর পর্যন্ত যদি বলি তবুও ফ্যাক্টরির নাম শেষ করা যাবে না। আমি একটা নাম দিলাম, বাকি হাজার হাজার দরখাস্ত ওঁর দপ্তরে জমা আছে।

আমি আর একটা একজাম্পেল দিচ্ছি। ব্যাণ্ডেল থার্মাল-এ লেবাররা একটা বয়লারের মধ্যে গণ্ডগোল করল। এন. এল. সি. সি ও আই এন. টি. ইউ. সি জয়েন্টসে লেবারটাকে অ্যারেস্ট করল যে তুমি ন্যাশনাল প্রপার্টি নষ্ট করেছে। তুমি ন্যাশনাল প্রপার্টি নষ্ট করেছ কেন? পুলিশে হ্যাণ্ডওভার করা হল। শ্রী কৃষ্ণপদ ঘোষ ফোন করলেন না পশ্চিমবাংলার মহাপুরুষ শ্রী জ্যোতি বসু বা তার কোনও কর্মী ঠিক নাম আমার জানা নেই—তাকে কেন ফোন করে ছাড়িয়ে দিল। এটা যদি আর কেউ হত এন. এল. সি. সি বা আই. এন. টি. ইউ . সি. হত তাহলে সঙ্গে সঙ্গে জ্যোতি বসু মহাশয় তাকে ফাঁসি কাঠে ঝুলিয়ে দিতেন যেমন রেণুলীনা সুব্বাকে আপনি ঝোলাচ্ছেন। কথা হচ্ছে এই লেবার আনরেস্ট পশ্চিমবাংলা হচ্ছে—যা আমি ব্যাণ্ডেলের একজাম্পেল দিলাম। আমি মার্কসিজুম ভাল জানি না—পণ্ডিত নই, একটা কথা আছে মানি এণ্ড পাওয়ার মেকস্ এ ম্যান কোরাপ্ট। আমার সি পি এম সম্বন্ধে আগে ধারণাটা ভাল ছিলো যতদিন না তারা সরকারে এসেছিল। এটা হচ্ছে ঐ যারা বলছেন তাই নাব্বির দল—যা গুছিয়ে নিচ্ছেন। এরা মালিকদের বাইরে শ্রমিকদের দিকে যেতে পাচ্ছেন না। আমি ভদ্রলোককে বলছি যতদিন আছেন...আর তো ক দিন, যতদিন আছেন ঐ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের মতো শক্ত হাতে মোকাবিলা করুন। কেন জ্যোতিবাবু আপনার মন্ত্রিত্ব খাবে? রিজাইন দিয়ে চলে যান তবু পশ্চিমবাংলায় আপনার নাম থাকবে যে লেবারদের জন্য

লড়ে গেছেন। তাই আমি যে কথা বলছিলাম। আমি স্ট্যাটিসটিক দিয়ে ভারাক্রান্ত করতে চাই না। আপনারা ইকনমিক রিভিউ যে স্ট্যাটিসটিকস দিয়েছেন এখানে সাপ্রেশন অফ ফ্যাক্টস্—১৯৭৭-৭৮ ফ্যাক্টরি এণ্ড আদার এমপ্লয়মেন্টের এক জায়গায় আছে তার যে ফ্যাক্টস্ দিয়েছেন ইকনমিক রিভিউ ১৯৭৭-১৯৮০ আপনি স্টাটিসটিকস দেখবেন ১৯৭৭-১৯৮০ যে সংখ্যা দেওয়া হয়েছে.....আমি দায়িত্ব নিয়ে বলছি This is no proper, you know statistics are not correct. I feel you. আপনার কাছে আমি লিখিত দিয়েছি। এই পাতাটা লক্ষ্য করলে দেখবেন আপনি টেবিলটা লক্ষ্য করলে দেখবেন—সেই ইকনমিক রিভিউ দেখলে সব দেখতে পাবেন। জ্যোতিবাবুর মতো বড় নেতা নই—তিনি শুধু স্ট্যাটিসকস্ দিয়ে লোককে ধাপ্পা দেন। আমি স্ট্যাটিসটিকস্ নয় ঘটনার কথা বলব। বেকার ভাতার যে কথা বলা হয়েছে ইকনমিক রিভিউ ১৯৮০-৮১ গভঃ অফ ওয়েস্ট বেঙ্গল এটা লক্ষ্য করলে দেখবেন সেখানে লেখা আছে যে পরিমাণ বেকারদের দেখিয়েছেন—আপনার ইনটেনশন আছে কিন্তু বাধা পাবেন ডঃ অশোক মিত্র আছেন যিনি বলেছেন বাজেটে যে, ভাতা বন্ধ হয়ে যাবে। আমরা এইরূপ ইঙ্গিত পেয়েছি—তা হলে আপনি চেষ্টা করছেন সার্টেন ইনডিসেন্ট ওয়েতে বেকার ভাতা দেবার এত চেষ্টা করছেন কিন্তু জ্যোতিবাবুর লোক ডঃ অশোক মিত্র তা বন্ধ করবেন। আজকে চিন্তা করে দেখবেন কি হচ্ছে? আমি অন্য ব্যাপারে যাচ্ছি, আমি বিড়ি শ্রমিকদের কথা বলছি। সামসুদ্দিন সাহেব, হবিবুর রহমান এরা বিভিন্ন বিড়ি শ্রমিকদের নিয়ে কাজ করেন এই শ্রমিকদের নেতা তিনি। কিন্তু সেখানে কি দেখছি? দেখা যাচ্ছে সেখানে ধাপ্পা দেওয়া হচ্ছে ঠিকমতো মজুরি দেওয়া হচ্ছে না। রিপিটেডলি বলা সত্ত্বেও অ্যাকচুয়েল মজুরি তারা পাচ্ছে না। আমরা দেখছি অশোকবাবু is the bump Jyoti Basu is the rogue & you are the trump? আমাদের আই. এন. টি. ইউ. সি ও এন. এল. সি. সি. সেখানে ইউনিয়ান আছে তাদের প্রেসিডেন্ট হচ্ছে সোরাব সাহেব কিন্তু তারা অ্যাকচুয়াল মজুরি পাচ্ছে না। একটা অ্যাডজোর্নমেন্ট মোশন আমরা দিয়েছিলাম দৃষ্টি আকর্ষণ করবার জন্য। আমি এখন সেটা পড়তে বাধ্য হচ্ছি। বিড়ি শ্রমিকরা রাজ্য সরকারের নির্দ্ধারিত মজুরি তো পায়ই না উপরন্তু সাপ্তাহিক মজুরি এক নাগাড়ে চার পাঁচ সপ্তাহ বাকি পড়লে সেই শ্রমিকেরা আন্দোলন করলে ওই মালিকরা বাহিরে কারখানা স্থানান্তর করে নিয়ে গিয়ে বিড়ি তৈরি করে নিজের বাজার ঠিক রাখছে কিন্তু, শ্রমিকরা ন্যায্য কাজ বা মজুরি থেকে বঞ্চিত হচ্ছে।

[3-55 — 4-05 p.m.]

এই বিড়ি শ্রমিকদের অপরাধ তারা ইলেকশন ফাণ্ড-এ টাকা দিতে পারেনি, তাদের অপরাধ তারা গরিব, তাদের অপরাধ তারা সি. পি. এম. জিন্দাবাদ বলেছেন, তাদের অপরাধ চন্দন বোসকে ফ্যাক্টরি করবার জন্য টাকা দিতে পারেনি, তারা জ্যোতিবসুকে প্রণামী দিতে পারেনি। মাননীয় স্পিকার মহাশয়, লেবার মিনিস্টার তার বুকে হাত দিয়ে বলুন তো, একমাত্র ট্রান্সপোর্ট ছাড়া গরিব মানুষের স্বার্থে এই কবছর ধরে তারা কি কাজ করেছেন? স্যার, এরা ঈশ্বর মানেনা, ধর্ম মানে না। আমরা বলি ভগবান, ওঁরা বলেন অপদার্থ। আমি ভগবানের নামে শপথ করে বলছি, ধর্মের নামে শপথ করে বলছি, এরা মুখে গরিবের বলেন কিন্তু আসলে গরিব লোকের জন্য এঁরা চোখের জল ফেলেন না। আমি আজকে ভুরি ভুরি ঘটনা বলবার জন্য তৈরি হয়ে এসেছিলাম, কিন্তু সময়ের অভাবে খাপড়াছা খাপছাড়া কিছু

ঘটনা শুধু বলছি। আমাদের দলের এম. এল. এ নবকুমার রায় একটা টেলিগ্রাম পেয়েছেন তাতে বলেছে, Labour's illegal agitation Close-up 300 families wearing factory of Ganghrampore please save our family president Gagnghpur than, Hastachalita Tatbatrl Utpadak Samity.

এই যে ঘটনা ঘটছে তাতে আমরা বুঝছি মালিকের যারা দালাল তারা মালিকের পক্ষে কথা বলছে। মালিকের দালাল ইলেকশনের জন্য ২০০০০ টাকা জ্যোতিবাবুকে তাদের পকেট থেকে দেবে না, সেটা তারা মালিকের কাছ থেকেই নেবে। আজকে আমাদের একটা জিনিস পশ্চিমবাংলায় দেখতে হবে, হোয়াট ইজ দি রিজন বিহাইন্ড দিস্ লেবার আনরেস্ট? আজকে আমরা দেখছি প্রোডাকশন কমে যাচ্ছে, ল অ্যাণ্ড অর্ডার ডেটোরিওরেট করছে। প্রোডাকশন কেন কমছে? প্রধান কারণ বিদ্যুতের অভাব। এই যে কনক্রিট ডেটোরিয়েটেড পজিশন হয়েছে তার কারণ শ্রমিক এবং মালিকের মধ্যে যে ঐক্য ছিল সেটা নষ্ট হয়ে গেছে। আমাদের সময় আমরা একটা কো-অর্ডিনেসন কমিটি করেছিলাম এবং তাতে মালিক এবং শ্রমিকের পক্ষ থেকে লোক নিয়েছিলাম। কিন্তু এঁরা সেটা ভেঙ্গে চুরমার করে দিয়েছে। মালিক এবং শ্রমিক যদি একসঙ্গে মিলে প্রোডাকশন করে তাহলে তো মার্কসিজম আসবে না। দেশ থেকে যদি অন্ধকার ঘুচে যায় তাহলে মার্কস, লেনিন পেছিয়ে যাবে কাজেই এরা চাচ্ছেন যত অভাব থাকবে, যত অন্ধকার থাকবে ততই মার্কসবাদ, লেনিনবাদ এগিয়ে আসবে। আমি পশ্চিমবঙ্গ সরকারের স্বার্থে লেবার মিনিস্টার সম্বন্ধে বলছি, হি ইজ এ গুড ম্যান বাট হি ইজ নট কনট্রোলড বাই গুড মেন। দ্যাট ম্যান, যাঁর হাতে আজকে অ্যাডমিনিস্ট্রেশন রয়েছে, পশ্চিমবাংলা রয়েছেন তিনি পশ্চিমবাংলার সর্বনাশ করে দিচ্ছেন এবং মাঝে মাঝে আমাদের নেতা ইন্দিরা গান্ধীকে তৈল মর্দন করতে যাচ্ছেন।

কিন্তু আমি বলব এই তৈল মর্দন লেবারকে কেন করা হচ্ছে না? সি. এস. টি. সি., ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, সেখনে রিকগনাইজড্ ইউনিয়ন ছিল এন. এল. সি.-র মেজরিটি ওয়ার্কার, মাননীয় শ্রমমন্ত্রী লিখে দিন, আমাদের কন্ট্রোলে ছিল, এই গভর্নমেন্ট আসার পরে এই ইউনিয়নের স্বীকৃতি কেড়ে নেওয়া হল। কি কারণে? আর্টিকেল নাইন্টিন অব দি ইণ্ডিয়ান কন্সটিটিউশন ভাইওলেট করা হল, কন্সটিটিউশনকে হিট করা হল, কন্সটিটিউশন এঁরা মানেন না, কন্সটিটিউশন এঁরা পুড়িয়েছেন। স্যার, আমার কথাটা একটু ধৈর্য্য ধরে শুনুন, আমি যেকথাটা বলছিলাম, এঁরা রিকগনাইজড ইউনিয়নের স্বীকৃতি উইথড্র করলেন লেবারদের বিপক্ষে গিয়ে। পশ্চিমবাংলার কতটুকু লাভ হল? আমি জানি হাজার হাজার লেবার সি এস টি সি-তে ইউনিয়ন করতে যেয়ে তারা ইউনিয়নের ঘরে ঢুকতে পারছে না, ঘরে তালা লাগিয়ে দরজা বন্ধ করে দেওয়া হল, ফলে তারা মালিকের সঙ্গে বসতে পারছে না, কথাবার্তা বলতে পারছে না। আমি কি ধরে নেব বামফ্রন্ট তথা সি পি এম-এর বিরুদ্ধে যারা সেই শ্রমজীবী মানুষদের উপকার করবেন না, জ্যোতি বসু এবং প্রমোদবাবুর ক্যাম্পে যারা নন, তাদের উপকার করবেন না? ইজ ইট লেবার পলিসি? নো দিস ইজ নট লেবার পলিসি, দিস ইজ সামথিং এলস। দিস ইজ ডেসট্রয়িং ওয়েস্ট বেঙ্গল, আজকে পশ্চিমবাংলার চিত্র কি? আপনাদের মধ্যে তো এত পণ্ডিত আছেন, বুকে হাত দিয়ে বলুন তো কেন

পশ্চিমবাংলায় ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ হয়নি? হোয়াট দি রিজন? কৃষ্ণবাবুকে ল্যাং মারতে চাওয়া, তাই পাওয়ার অপদার্থতা দেখছি। ইণ্ডাস্ট্রিয়েলাইজড় এক্সটেনশন হচ্ছে না, লেবার আনরেস্ট এবং ম্যানেজমেন্ট এবং শ্রমিকের এত দ্বন্দ্ব হচ্ছে, লে অফ, রিট্রেঞ্চমেন্ট, লক আউট, ফ্রিঞ্জ প্রোডাকশন, ফিজড় এক্সটেনশন হচ্ছে না। এক্সটেনশন ইণ্ডাস্ট্রির হচ্ছে কোথায়? মহারাষ্ট্রে যোকা ইউনিভার্সাল ইলেক্ট্রিক-এর এক্সটেনশন হল গুজরাট, কোথায় চাকুরি পেল? সেখানে, ১৫০০ হাজার লোকের চাকুরি হল, আর এঁরা নাকে তৈল দিয়ে ঘুমুচ্ছেন, হাততালি দিচ্ছেন আর ১৯৮২ সালে ইলেকশনে রিগিং করার কথা চিন্তা করছেন। আজকে চিন্তা করার দিন এসেছে। এখানে কিছু ওদের মধ্যে মেকী লেবার লিডার আছেন। আজকে পশ্চিমবাংলার যে সর্বনাশ হয়ে যাচ্ছে তাতে কৃষ্ণপদ ঘোষ মহাশয় অসহায় বোধ করছেন, তিনি ইচ্ছা থাকলেও কাজ করতে পারছেন না, এর কারণ হচ্ছে ওদের মধ্যে গ্রুপিজম্। প্রমাণ দেব? লিপটনে দুটি ইউনিয়ন মারামারি করছিল সিটু-তে, আমরা গিয়ে সেখানে মিটমাট করলাম। দিস ইন ফ্যাক্টরি, আমাদের মা, পশ্চিমবাংলার বাইরে চলে যাবে? তাহলে আপনারা ১৪ জন বিরোধী পক্ষে আসবেন, আমরা ইণ্ডাস্ট্রি পণ্ড করতে দেব না। রবীনবাবু, প্রবীরবাবু আপনারা জানেন পোর্ট এলাকায় ফ্যাক্টরি খুলবার জন্য কত আলোচনা হয়েছে, রবীনবাবু, প্রবীরবাবু বিশেষ করে দাঁড়িয়ে সমর্থন করুন আমি ঠিক বলছি কিনা। রবীনবাবু জানেন আজকে ইল্লিগল লক আউট হওয়ার জন্য হাজার হাজার শ্রমিক বসে আছে, তারা বলেছেন—সুনীতিবাবু আমরাও চাই কারখানা খুলুক কিন্তু আমরা অসহায়। সাহস থাকে তো অস্বীকার করতে পারেন?

[4-05 — 4-15 p.m.]

ওনার যদি ধর্মে বিশ্বাস থাকে উনি অস্বীকার করুন, তাহলে বুঝব। ওখানে সি. আই. টি. ইউ সঙ্গে সি. আই. টি. ইউ.-এর দ্বন্দ্ব, জ্যোতিবাবুর সঙ্গে প্রমোদবাবুর সঙ্গে দ্বন্দ্ব। সাঁওতালদিতে কেন বিদ্যুৎ কমে গেল। তার প্রধান কারণ হলো লেবার ট্রাবল। সেখানে সি. আই. টি. ইউ.-এর দুটি ইউনিয়ন তাদের মধ্যে পরস্পরের ঝগড়া। একটি প্রমোদবাবুর ইউনিয়ন এবং আর একটি জ্যোতিবাবুর ইউনিয়ন। প্রমোদবাবুর ইউনিয়ন জ্যোতিবাবুর ইউনিয়নকে বরখাস্ত করার চেষ্টা করার জন্য এই অবস্থা। এই লেবার আনরেস্ট—এর জন্য আজকে সাঁওতালডিতে এই অবস্থা হয়েছে। তাকে প্রতিরোধ না করতে পেরে সেখানে মিলিটারি পাঠিয়ে দিলেন, পুলিশ পাঠিয়ে দিলেন কমরেড মুরশেদকে পাঠিয়ে দিলেন সেই সি. আই. টি. ইউ.-এর সি. আই. টি. ইউ-এর সঙ্গে ঝগড়া মোকাবিলা করার জন্য। আপনারা শ্রমিকদের ডেমোক্রেটিক রাইট সিজ করে দিয়েছেন। তারা ধর্মঘট করলে পুলিশ গিয়ে তাদের খেদায় এই বামফ্রন্ট সরকারের পুলিশ সেটা এই মালিক ফ্রন্ট সরকারের আমলে আমরা দেখলাম। কলকাতা পোর্ট-এ আমরা দেখেছি একটি নয় দুটি নয় পাঁচটিকে আপনারা গুলি করে মেরেছেন। তারা ধর্মঘট করেছিল। মন্ত্রী মহাশয়কে বললে তিনি আমাদের বলবেন আমি কি করব সুনীতিবাবু জ্যোতিবাবুর পুলিশ মেরেছে। আমি বলবো আপনি রিজাইন ইন প্রোটেস্ট এই বলে যে আই রিজাইন ফ্রম মাই মিনিস্ট্রি কারণ আমার লেবারের উপর গুলি চালিয়েছে পুলিশ। Have you got that courage? আর যদি মন্ত্রিত্বের স্বপ্ন দেখেন যে মন্ত্রী হয়ে জন্মেছি এবং মন্ত্রী হয়ে মরব তাহলে অন্য কথা। আমি একটা কথা বলে যাই শ্রমমন্ত্রীকে আপনার মাধ্যমে আপনার ঐ ৫টি শ্রমিককে হত্যা করেছেন এবং পশ্চিমবাংলার লক্ষ লক্ষ শ্রমিকের রক্ত এই খুনে সরকার

যে হোলি খেলেছেন সেই হোলি খেলার দিন আজকে বন্ধ হয়ে শেষ হয়ে আসছে। আজকে পশ্চিমবাংলার জনগণ আমাকে বলতে বলেছে যে আজকে শ্রম মন্ত্রীকে আপনারা বলুন যে ডেমেক্রাটিক রাইট দিয়ে শ্রমিকরা যখন হরতাল বা ধর্মঘট বা ঘেরাও করতে যাবে শ্রমিকরা তখন যেন পুলিশ সেখানে ইনটারফেয়ার না করে। তা না হলে সব কন্ট্রোলের বাইরে চলে যাবে না যতই আপনারা সি. পি. এম.-এর দোষ দিন না কেন? আমরা দেখেছি সাঁওতালদিতে যখন লাল ঝাণ্ডা নিয়ে মিছিল করা হলো তখন পুলিশ গেল না আর কংগ্রেস যখন মিছিল করে গেল তখন তাদের উপর পুলিশ লাঠি চার্জ করল, লাল পতাকার দিকে নয় ইজ ইট পলিটিক্স? তাই আমি শ্রম মন্ত্রীকে বলছি তিনি এই যে মালিক পক্ষের বাজেট এনেছেন তাতে পশ্চিমবাংলার শ্রমিকদের মঙ্গল হবে না, আগামী দিনে পশ্চিমবাংলারও মঙ্গল হবে না এবং পশ্চিমবাংলার শিল্পোৎপাদনও বৃদ্ধি হবে না। এতে সি. পি. এম-এর আলিমুদ্দিন স্ট্রীটে বস্তা বস্তা টাকা জমা হবে।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পারসোনাল এক্সপ্ল্যানেশন আছে। উনি যে লিপটনের কথা বললেন, আমি জানি ওখানে ৫।৬টি ইউনিয়ন আছে। ওনাদের যে ইউনিয়ন সেটা দালাল ইউনিয়ন বলে পরিচিত।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মালিকদের দালাল শ্রমিকদের সম্বন্ধে কথা বলেন আপনাদের লজ্জা করে না।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের ব্যয়-বরাদ্দ যা এখানে উপস্থিত করা হয়েছে, আমি তা সমর্থন করতে উঠে কয়েকটি কথা আপনার সামনে বলছি। একটু আগে জনতা পার্টির একজন সদস্য এবং কংগ্রেস আই-এর একজন সদস্য তাদের বক্তব্য এখানে উপস্থিত করলেন। জনতা পার্টির পক্ষ থেকে যিনি বললেন, তাঁর বক্তব্যের কোনও উত্তর দেওয়ার দরকার আছে বলে মনে করি না। কিন্তু মুশকিল হচ্ছে আমরা এর আগে এই বিধানসভায় যে চারবার বাজেট পাস করেছি, সেই সব বাজেট বক্তৃতার সময় কিন্তু ওঁদের কোনও ট্রেড ইউনিয়নের নেতা বা কর্মীকে দেখেননি। ওঁরা বলতেন যে ওঁদের কোনও ট্রেড ইউনিয়ন কর্মী এখানে সভায় আসেননি। কারণ সমস্ত শ্রমিক অঞ্চল থেকেই দেখা গেছে ওদের কেউ নির্বাচিত হতে পারেননি। যে দুই ভদ্রলোক এখানে শ্রমিকদের সম্বন্ধে তাদের বক্তব্য রাখলেন তারা কিন্তু কেউ শ্রমিক দ্বারা নির্বাচিত নন। একজন বড়বাজার থেকে নির্বাচিত হয়েছেন, এবং অন্যজন বীরভূম থেকে নির্বাচিত হয়ে এখানে এসেছেন। হঠাৎ তারা লেবার দপ্তর সম্বন্ধে এবং ট্রেড ইউনিয়ন সম্পর্কে এখানে বলতে আরম্ভ করেছেন, আমি মনে করি এটা তাদের পক্ষে সমীচিন নয়। ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত না হলে এখানে লেবার বাজেট সম্পর্কে বলা সমীচিন নয়, তারা বলছেন সম্প্রতি তারা সেই ছাপটা তারা লাগিয়ে এখানে এসেছেন, সেটা ভাল। খারাপ নয়। ১৯২৮ সাল থেকে আমি ট্রেড ইউনিয়নের সঙ্গে জড়িত, ওনাদের অনেক আগে থেকে আমি ট্রেড ইউনিয়ন করছি, সেটা আলাদা কথা। হাসপাতালের কর্মচারিদের উচ্ছেদ সম্পর্কে, এক কারকাখানায় একই পদে বংশ পরম্পরায় থাকার দাবি জন্মেঞ্জয়বাবু সমর্থন করেন কি না জানি না। তাহলে লেবার এমপ্লয়মেন্ট কি করে হবে। বড় বড় শিল্পও কি বাসভিত্তিক চিরস্থায়ী বন্দোবস্ত চালু হবে? মানুষের যোগ্যতার

বিচার কি করে হবে? যোগ্যতার বিচার করে নেওয়ার ক্ষেত্র কোথায় থাকবে, সেটা আলোচনা করছি না। সুনীতিবাবু এবং এন. এল. সি. সি.'র লক্ষ্মীবাবু, তিনি অবশ্য এখানে নেই, তারা কতখানি কে, শ্রমিকদের পক্ষে কে, কে মালিকপক্ষে কে আমি জানিনা। ব্যাণ্ডেলে এইরকম কোনও ঘটনা হয়েছে এইরকম আমার জানা নেই, যে সি. আই. টি. ইউ.-র কোনও কর্মী সেখানে অভিযুক্ত হয়েছে বলে কারুর জানা নেই, তবে আমার উল্টোটা জানা আছে। আমি সেই ব্যাপারেও যাচ্ছি না। সময় কম তাই আমি অন্য দুটো বিষয় নিয়ে তথ্য রেখে আমার বক্তব্য আমি বলব। একটা অভিযোগ করা হয়েছে যে শ্রমিকরা কাজ করেন না, শ্রমিকদের অ্যাবসেনটিজম্, তাদের অনুপস্থিতি, সেটাই একটা কারণ। যদি অন্যান্য রাজ্যের সঙ্গে মিলিয়ে দেখা যায় তাহলে দেখব, অন্যান্য রাজ্যে, যেমন ধরুন, মহারাষ্ট্র, সোলারপুর, আমেদাবাদ, কর্ণাটক, কানপুর, এই সমস্ত জায়গায় দেখা যাচ্ছে ২০ শতাংশ অনেক সময় ২৬ শতাংশ এমন কি ৩০ শতাংশ পর্যন্ত শ্রমিকদের অনুপস্থিতির হার হয়। অথচ পশ্চিমবাংলার—সমগ্র পশ্চিমবাংলা জুড়ে দেখা যাবে অনুপস্থিতির হার ১০ শতাংশ কোনও সময় হয়নি। এবং এটা আগে যা ছিল এখনও তাই আছে। এই যে মিথ্যা দোষারোপ করা হয় শ্রমিকদের বিরুদ্ধে এটা মালিকদের কথা, শ্রমিকদের কথা নয়। যদি শ্রমিকরা কাজে না যান তাহলে তো নিজে থেকে আর উৎপাদন হতে পারে না। রিপোর্টে দেখা যাচ্ছে যে কিরকমভাবে উৎপাদন বেড়ে যাচ্ছে এবং সেই উৎপাদন বাড়ছে অথচ শ্রমিকরা ঢিলেমি দিয়েছেন, শ্রমিকরা কাজ করছে না এই ঘটনা হতে পারে না। দেখা যাচ্ছে উৎপাদন ক্রমশ বেড়ে যাচ্ছে। ধরুন চটকলের ক্ষেত্রে আগে ভারত বিভক্তির আগে ৯ লক্ষ টন উৎপাদন হত, এখন সেখানে বাংলাদেশ বাদ দিয়ে কম শ্রমিক নিয়ে বছরে ১২ লক্ষ টন উৎপাদন হচ্ছে।

[4-15 — 4-25 p.m.]

সারা ভারতবর্ষে যেখানে ৯ লক্ষ টন উৎপাদন হয় সেখানে পশ্চিমবাংলায় ১২ লক্ষ টন উৎপাদন হচ্ছে। কাজেই উৎপাদন দারুণভাবে বেড়ে যাচ্ছে। শ্রমিকরা কাজ করছে বলেই এটা সম্ভব হচ্ছে। বিধানবাবুর সময়ে যা শিল্প বিস্তার হয়েছিল, তারপর আর শিল্প বিস্তার হচ্ছে না, এটা আমরা লক্ষ্য করেছি। তার পরবর্তীকালে প্রফুল্ল সেনের সময় শিল্প বিস্তার হয়নি, সিদ্ধার্থবাবুর সময় একেবারে বন্ধ হয়ে গিয়েছিল। সেই সময় বিশৃঙ্খলা এবং মানুষ খুন ছাড়া আর কোনও কাজ, অন্য কোনও উৎপাদন হত না। ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ ইন ওয়েস্টবেঙ্গল রিভিউ, কিছুদিন আগে কানাইবাবুর বাজেটের দিন দেওয়া হয়েছিল। তার থেকে আমরা দেখতে পাচ্ছি ১৯৭৯ সালে ১১৬টি নতুন কারখানা খুলেছে এবং ৪ হাজার ৩২৮ জন কর্মচারীর কাজ হয়েছে। নেট ক্যাপিটাল জয়েন্ট স্টক কোম্পানির প্রসার ঘটেছে। যে হলদিয়া মৃতপ্রায় হয়ে পড়েছিল সেখানে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স হচ্ছে। কেন্দ্রীয় সরকার সেখানে রেলওয়ে ওয়াগন তৈরির কারখানা এবং জাহাজ তৈরির কারখানা করার অনুমতি দিলে আমরা দেখতে পেতাম শ্রমিক সংখ্যা অনেক গুণ বেড়ে গেছে। এর ফল স্বরূপ দেখতাম ১ লক্ষ মানুষ কাজ পেয়েছে। সরাসরি ৪০ হাজার এবং ৪০ হাজার বিভিন্ন অ্যানসিলারি কারখানায় কাজ পেত। কিছুদিন ধরে কংগ্রেসি প্রধানমন্ত্রী বলছেন এখন আমরা ভীষণভাবে সংকটের মধ্য দিয়ে চলেছি। সেইজন্য আমাদের ধর্মঘট চিরতরে বন্ধ করতে হবে। ধর্মঘট বন্ধ করার জন্য যদি বিনা বিচারে আটক করে রাখতে হয়, যদি লাঠি, গুলি চালাতে হয়

তাহলেও আমরা ধর্মঘট সহ্য করব না। সুনীতিবাবু হয়ত জানেন না, তাদের কথা শুনতে পাননি বা বুঝতে পারেননি, সেটা হতে পারে—কিন্তু এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের শ্রম নীতি। এর আগের দিন বলেছিলাম আমাদের দেশ হচ্ছে পুঁজিবাদি দেশ। এটা করা ছাড়া তাদের কাছে অন্য পথ নেই। বৃটেন, জার্মানি, আমেরিকায় দেখুন কি হচ্ছে—সেই সমস্ত দেশে একটা দারুণ অর্থনৈতিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। সেই সংকটের মধ্যে দুটি স্লোগান শোনা যাচ্ছে। একটি হল যে কোন উপায়ে উৎপাদন বাড়াতে হবে এবং কোনও রকম আন্দোলন বরদাস্ত করা হবে না। এই স্লোগান ইন্দিরা গান্ধীও নিয়ে এসেছিল। আজকে নানারকম পোষাক করে সেটার মোকাবিলা করবার চেষ্টা করছেন। কিন্তু এটা ন্যায় সঙ্গত হবে না। আমরা লক্ষ্য করে দেখলাম ইদানিংকালে ব্যাঙ্গালোরে সরকারি প্রকল্পগুলির ধর্মঘট ভাঙলেন, এল. আই. সি. কর্মচারিদের বোনাস বাঞ্চাল করে দিলেন। আজকে সুপ্রীম কোর্ট আবার নতুন করে তাদের ন্যায্যতা স্বীকার করে নিয়েছে। আমরা দেখতে পাচ্ছি সরকার সেটাও মানতে চাইছেন না। লোকোরানিং স্টাফরা ধর্মঘট করেছিলেন। সেটা কিভাবে গুঁড়িয়ে পিষে দিতে হয় ইন্দিরা গান্ধীর সরকার সেটা দেখিয়ে দিয়েছে। পাশাপাশি পশ্চিমবঙ্গ সরকারের অবস্থাটা একটু বিচার করে দেখুন। সুনীতিবাবু বললেই সুনীতিবাবুর কথায় ইতিহাস মসিলিপ্ত হয়ে যাবে? ইতিহাসে আমরা কি দেখতে পাচ্ছি? পশ্চিমবঙ্গ সরকার যখন থেকে ক্ষমতায় এলেন তখন থেকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে একটা নতুন ইতিহাস সৃষ্টি হতে চলেছে। ১৯৬৯ সালে প্রথম যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন। সেই সময় শ্রমিক কর্মচারিরা হাঁফ ছেড়ে বাঁচলেন। ধর্মঘট করে তাদের বেতন বৃদ্ধি করতে পেরেছিলেন। পরবর্তীকালে দেখা গেল ১৯৭০/৭১ সালে সেই সরকারকে ভেঙে দেওয়া হয়েছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আবার ক্ষমতায় এলেন। তার আগের ছবি এবং পরবর্তী ছবিটা একটু দেখুন।

লেবার ইন ওয়েস্ট বেঙ্গল এই বইটির প্রতি যদি দৃষ্টি দেওয়া যায় তাহলে দেখা যাবে ১৯৭৩/৭৪/৭৫ এমন কি ১৯৭৬ সালে সেই সময় স্ট্রাইক ক্রমশ বেড়েই চলেছিল। ১৯৭৬ সালের পর ১৯৭৭ সাল, ১৯৭৮/৭৯ সাল এবং বর্তমানে আমরা দেখতে পাচ্ছি সেই স্ট্রাইকের সংখ্যা ক্রমশই কমছে। তার পাশাপাশি লক আউটের ব্যাপারে দেখা যাচ্ছে মালিকরা শ্রমিকদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। সেখানে দেখা য়াচ্ছে জবরদস্তি করে মালিকরা কারখানা বন্ধ করে দিচ্ছে। ১৯৭৯ সালে আমাদের এখানকার চটকল মালিকরা এই সরকারকে বুঝে নিতে চেয়েছিল। চটকল মালিকরা সব সময়ই শক্তের ভক্ত। শ্রমিকরা সেখানে যে ন্যায্য দাবি উপস্থিত করেছিল সেই ন্যায্য দাবির পক্ষে সরকার কতখানি শ্রমিকদের পাশে দাঁড়ান সেটা তারা তখন দেখে নিচ্ছিলেন। সেই কারণে আমরা দেখেছি চটকল শ্রমিকদের ৫০ দিন ধরে ধর্মঘট করতে হয়েছিল। শেষ পর্যন্ত চটকল মালিকরা সেই দাবি মেনে নিতে বাধ্য হলেন, অনেক বেশি মেনে নিতে বাধ্য হলেন। এর ফলে ইঞ্জিনিয়ারিং কারখানা, সূতাকল, ইস্পাত কারখানা এবং অন্যান্য ছোট ছোট কারখানার শ্রমিকরা লাভবান হয়েছিলেন মালিকদের সঙ্গে পাঞ্জা কষে। একমাত্র ১৯৭৯ সালে আমরা দেখেছি অনেক বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে তার কারণ অনেক দিন ধরে ধর্মঘট চলেছে। এটা বাদ দিলে আমরা দেখতে পাব ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে আমাদের অবস্থা অনেক ভাল। ভারতবর্ষের অন্যান্য জায়গায় আমরা দেখতে পাচ্ছি কলকারখানায় অশান্তি, শ্রমিক কর্মচারিরা সেখানে দিনরাত চিৎকার করছে।

স্যার, পি.ইউ. সি.-র তরফ থেকে আমাদের গুজরাটে যাবার সুযোগ হয়েছিল, সেখানে দেখেছি বি. এস. সি. পাশ ইঞ্জিনিয়ার, তারা সেখানে ৩০০/৩৫০/৪০০ টাকার বেশি মাহিনা পান না আর এখানে একটি বড় কারখানার একজন ঝাড়ুদারও ৫৫০ টাকা বর্তমানে পান। এই যে ব্যবধান হয়েছে শ্রীমতী গান্ধী এটা নামাতে চাইছেন। সেইজন্য ইমারজেন্সির মতোন করে সমস্ত রাজ্যে রাজ্যে বলে বেড়াচ্ছেন এদের দমন কর। বামফ্রন্ট সরকার কিন্তু শ্রীমতী গান্ধীর এই উপদেশে কর্ণপাত করেননি। আজকে প্রতিটি ক্ষেত্রে বামফ্রন্ট সরকার শ্রমিক কর্মচারিদের সঙ্গে আলোচনা করে সমস্ত বিরোধের মীমাংসা করার চেষ্টা করছে। আজকে শ্রমিক কর্মচারিরা একথাটা বুঝেছেন যে এই সরকার সমাজতন্ত্র করে দিতে পারবে না ঠিকই, এই সরকার এই পুঁজিবাদী কাঠামোর মধ্যে থাকবে ঠিকই এবং এখানে বেকারি থাকবে ঠিকই কিন্তু তা সত্ত্বেও আমাদের কথা শোনার ও বোঝার মতোন একটা সরকার এখানে হয়েছে। স্যার, আমরা দেখেছি, পৃথিবীর সেই সমস্ত দেশে যেখানে পুঁজিবাদ রয়েছে সেখানে লক্ষ লক্ষ বেকার বাড়ছে। আমাদের দেশেও বেকার বাড়ছে। আমাদের সরকার বেকারভাতার প্রবর্তন করেছেন। স্যার, শ্রীমতী গান্ধীর নীতির ফলে সমস্ত ভারতবর্ষে কলকারখানাগুলি উঠে যাবার উপক্রম হয়েছে এবং তার ফলে বেকারের সংখ্যা আমাদের দেশে বেড়েই চলেছে। কম লোক দিয়ে বেশি উৎপাদন করার ব্যবস্থা করে শ্রমিক, কর্মচারিদের ছাঁটাই করা হচ্ছে। নতুন মেশিন ডিভাইস করা হচ্ছে। কম্পিউটারের দ্বারা মানুষ ছাড়াই যাতে উৎপাদন করা যায় সেই দিকে তারা যাচ্ছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আসামে ইন্দিরা গান্ধীর দলকে সমর্থন করেছেন।

**শ্রী কমল সরকার ঃ** জয়নাল আবেদিন সাহেবের কথার কোনও জবাব দেওয়া উচিত নয়। কারণ যে ভদ্রলোক পিছনের দরজা দিয়ে ইন্দিরা গান্ধীর কাছে নিজের খুঁটি গাড়বার চেষ্টা করেছেন, তার কথার কোনও জবাব দিতে চাই না। আমরা একথা গর্বের সঙ্গে বলতে পারি যে ভারতবর্ষের মার্ক্সবাদীরা কখনও কোনও বুর্জোয়া সরকারের কাছে নতি স্বীকার করবে না। আসামে যা করেছি, সেটা উচিত কাজ মনে করেই করেছি। আমরা আসামে মনে করেছিলাম যে কোনও একজন ব্যক্তি, এল. পি. সিনহা, তার সরকার থাকবে, সেটা আমরা চাইনি। আমরা চাই নির্বাচিত সরকার থাকবে। দুটোর মধ্যে পার্থক্য হচ্ছে যে আমরা ব্যক্তিগত লোভে পড়ে কোনও কাজ করি না। ডাঃ জয়নাল সাহেব যা করছেন, আমরা সেই ভাবে যাই না। পশ্চিমবাংলার ৪ বছরের ইতিহাস এবং ইতিপূর্বে ২-টো যুক্তফ্রন্ট সরকারের শাসনকালে যা করেছি তা থেকে এটা প্রমাণ পাওয়া যায়। ১৯৭২ সালে যে কালো ৫ বছর এসেছিল, সেই কালো ৫ বছরের শাসনকালে আমাদের ১১ শত কর্মীকে ঐ জয়নাল আবেদিন সাহেবের দল, সত্য বাপুলি সাহেবের দল খুন করেছিল এবং ৩ শত ট্রেড ইউনিয়ন ভেঙ্গে ছিল এবং দখল করেছিল। এই অতি বৃদ্ধ জরাগ্রস্ত ডাঙ্গে সাহেব আজকে জয়নাল আবেদিন সাহেবের সঙ্গে সুর মিলিয়ে বলছেন যে সি. পি. এম-রা চটকলের শ্রমিকদের পক্ষে না গিয়ে মালিকদের পক্ষ নিয়েছে। তারা যে এই সব কথা বলছেন, এর সঙ্গে আসল ঘটনার কোনও মিল নেই। আজকে বামফ্রন্ট সরকার তাদের উপর উপর্যুপরি আঘাত হেনে তারা শ্রমিকদের পাশে এসে দাঁড়িয়েছে। আমরা দেখেছি, সাম্প্রতিক চটকলে যে গ্রেড স্কেল কমিটি হয়েছে, তারা যে রায়

দিয়েছে চটকল মলিকের বিরুদ্ধে, সেই রায় কার্যকর হবে। আজকে শ্রমিকরা চিনতে পেরেছ কে তাদের বন্ধু, আর কে তাদের শত্রু। তারা যে আপনাদের চিনতে পেরেছে সেটা প্রমাণ হয় হাউসে আপনাদের প্রতিনিধিত্বের সংখ্যা থেকে। ১৯৮২ সালে আবার যদি সঠিক পন্থায়, গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হয় তাহলে যে প্রতিনিধিত্ব এখনও আছে, সেটাও থাকবে না। আজকে আপনাদের কার্যকলাপ আনন্দবাজার পত্রিকার মাধ্যমে ভারতবর্ষের মানুষ দেখছে। শ্রমিকদের সম্পর্কে আপনাদের যে মতামত, সেটা তারা প্রকাশ করে আমাদের উপকার করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক কিছু বলার ছিল। কিন্তু সময় না থাকায় আমি আপনার আদেশ মেনে নিয়ে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা, বিশেষ করে ইন্দিরা কংগ্রেসের নেতা শ্রমমন্ত্রীকে শুধু ব্যক্তিগত গালাগালি করলেন, তা ছাড়া আর কিছু বললেন না। আমরা গাঁয়ের পুকুর পাড়ে দেখেছি মেয়েরা ঝগড়া করার সময়ে বক্তব্য না থাকলে গালাগালি শুরু করে। অর্থাৎ ইংরাজিতে যাকে বলে এমটি ভেসেলস সাউন্ড মাচ, খালি কলসির শব্দ বেশি। সেরকম ওদের যখন বামফ্রন্টের শ্রম নীতির বিরুদ্ধে কিছু বলার থাকছে না তখন ঐ ভাবে ব্যক্তিগত গালাগালির মধ্যে বক্তব্যকে আটকে রাখছেন। যাদের নিজেদের চালুনির মতো শত ছিদ্র রয়েছে তারা ছুঁচের ছিদ্র খোঁজার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা জ্যোতিবাবু এবং প্রমোদবাবুর মধ্যে দ্বন্দ্বের কথা, গ্রুপপিজম-এর কথা বলে গেলেন। অথচ আজকে সারা ভারতবর্ষে ইন্দিরা কংগ্রেসের যে চিত্র সেই ছবির কথা মনে পড়লে মনে হয় চালুনি ছুঁচের বিচার করছে। ঐ সম্বন্ধে "নিউ দিল্লি" পত্রিকায় লিখছে, who is afraid of Mrs. Gandhi? They all praise her but the way her party men fight behind the back, it seems no-body is really afraid of her. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওরা জ্যোতিবাবু এবং প্রমোদবাবুর দ্বন্দ্ব খুঁজেছেন, অথচ ওরা সারা ভারতবর্ষে নিজেদের দলের মধ্যে যে দ্বন্দ্ব রয়েছে সেটা দেখতে পাচ্ছেন না। আজকে ভারতবর্ষের প্রতি রাজ্যে ইন্দিরা গান্ধীর নিজের দলের মধ্যে অন্তর্দ্বন্দ্ব চলছে। যেমন আমরা দেখছি, Gundu Rao vs. Bangarappa in Karnataka, Abdur Rahman Antulay vs. Premalata Chavan and Vasantrao Patil in Maharastra, Jagannath Pahadia vs Mohan Lal Sukhadia, Harideo Joshi and others in Rajasthan; Madhavsing Solanki vs Yogendra Makwana and Ratubhai Adani in Gujarat; Darbara Sing vs Zail Singh in Punjab; VP Singh vs Lokpati Tripathi in Uttar Pradesh, Jagannath Mishra vs Kedar Pandy in Bihar; Arjun Singh vs PC Sethi and VC Shukla in Madhya Pradesh; Pranab Mukherjee vs Abdul Ghani Khan Choudhury in West Bengal; Mufti Mohammed Syed vs Syed Mr Quasim in Kashmir. এই ছবির কথা ওরা ভুলে গিয়ে আমাদের বিরুদ্ধে ব্যক্তিগত গালাগালি করছেন। আজকে ওদের আমাদের শ্রম নীতিকে সমালোচনা করবার কোনও ক্ষমতা নেই, সেইজন্য ওরা ঐ সব করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ইন্দিরা গান্ধী যে শিল্প নীতি এবং শ্রম নীতি গ্রহণ করেছিলেন, সেই শিল্প এবং শ্রম নীতির একটা ছবি আমি আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি। এ বিষয়ে একটা এক্সপার্ট ওপিনিয়ন আমি উল্লেখ করছি। এ

বিষয়ে ডঃ এন. এল. গুজরাল একটা বই লিখেছিলেন, আমি সেই বই-টির একটা জায়গা একটু পড়ে দিচ্ছি, West Bengal had witnessed a 40 per cent decline in industrial production during the period 1965-66 and 1976-77. অর্থাৎ ওদের সময়ে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ৪০% ডিক্লোইন হয়েছিল এবং ওভার ৩০% ফ্রম ১৯৭২-৭৭ ডিক্লোইন হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ছাড়া Jute, Textiles and heavy engineering which comprised 60. p. c. in industrial production showed precariously declining trend. এটা ওদের সময়ে হয়েছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যখন ইন্দিরা গান্ধী জরুরি অবস্থার মধ্যে ওরা এই পশ্চিমবাংলায় ক্ষমতায় ছিলেন—ওরা দাবি করেন—তখন ওরা নাকি শ্রমের এবং শ্রমিকদের অনেক উন্নতি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আমি আপনার মাধ্যমে ওদের জানাচ্ছি যে, Along with the decline in production, the rate of investment in industries also went doner all through.

[4-35— 4-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের সময়ে আন-এমপ্লয়মেন্ট প্রোগ্রাম যেটা ছিল সেটা কিভাবে বেড়েছে, বেকার কিভাবে বেড়েছে তা আমি বলছি। Unemployment increased from 9 lakhs in 1971 to 1.8 million i.e. 18 lakhs, in 1976. ১৯৭১ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ১৮ লক্ষ বেকার এই পশ্চিমবাংলায় কংগ্রেসিরা বৃদ্ধি করেছে। কংগ্রেসের শ্রমনীতি, কংগ্রেসের শিল্পনীতি সম্পূর্ণ ব্যর্থ। এটা পশ্চিমবাংলার মানুষ জানে। সেইজন্য তাদের ১৮ জনকে পাঠিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের লোকেদের অবস্থা কি করেছিল সেটা একটু দেখুন। Rural sector 30% of the agriculturists remained landless and the size of the holdings of the share-croppers became smaller. Also, as the majority of the population spent its income on foodgrains only. কংগ্রেসিরা পশ্চিমবাংলায় ক্ষেত-মজুরের সংখ্যা বাড়িয়েছে। জোতদারদের জমি দিনের পর দিন বেড়েছে। বহু জমি রেকর্ড করেনি। ফলে হয়েছে কি? ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে stagnation both in industry and agriculture stalks the land. সারা পশ্চিমবাংলায় কৃষি ক্ষেত্রে কিংবা শিল্প ক্ষেত্রে সমস্ত উৎপাদন শ্লথ হয়ে গেছে এই ব্যর্থ শ্রমনীতি এবং শিল্পনীতির ফলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জরুরি অবস্থায় সময়ে আমরা দেখেছি জি. ডি. বিড়লা বলেছিল অর্গানাইজড প্রাইভেট সেক্টরে আনএমপ্লয়মেন্ট বেড়েছে। জি. ডি. বিড়লা এফ. আই. সি. সি. আই. গোল্ডেন জুবিলিতে বক্তৃতা করেছিলেন। সেখানে তিনি বলেছিলেন that the employment situation in organised private sector should not improve during the past seven years i.e. 1970-77. কি পাবলিক সেক্টরে আর কি প্রাইভেট সেক্টরে ঐ ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কোনও সেক্টরে এমপ্লয়মেন্ট বাড়েনি, আন-এমপ্লয়মেন্ট বেড়েছে, এমপ্লয়মেন্ট অপারচুনিটিকে বন্ধ করে দিয়েছে। কংগ্রেসিদের লজ্জা করা উচিৎ। কংগ্রেসিরা জানে না পশ্চিমবাংলায় ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত যে শ্রমনীতি নেওয়া হয়েছে তারফলে আজকে কি উন্নতি হয়েছে পশ্চিমবাংলায়। লক-আউট কমে গেছে, রিট্রেঞ্চমেন্ট কমেছে। এইসব তথ্য

ওনারা বলেননি। সুনীতিবাবু বললেন আমি কয়েকটি খাপ ছাড়া কথা বলছি। ওরা খাপ ছাড়া কথা ছাড়া খাপ ঢাকা কথা কোনওদিনও বলেননি, কোনওদিনও খাপ ঢাকা কথা বলতে পারেন না। দু-একটি তথ্য দিয়ে আমি পরিসংখ্যান দিতে চাই। এই ১৯৭৭ সাল থেকে ১৯৮১ সালের এই মার্চ মাস পর্যন্ত বিভিন্ন জায়গায় কিভাবে আজকে এমপ্লয়মেন্ট অপারচুনিটিস বেড়েছে সেটা আমি দেখাতে চাই। এখানে daily employment in registered working factories is and annual earning of factory workers in West Bengal. সেখানে রয়েছে ১৯৭৭ সালে রেজিস্টার্ড ওয়ার্কিং ফ্যাক্টরিস হচ্ছে ৫ হাজার ৮৩৭, ১৯৭৮ সালে হচ্ছে ৫ হাজার ৯৬৭ আর ১৯৭৯ সালে হচ্ছে ৬ হাজার ১৪৪। আর অ্যাভারেজ ডেলি এমপ্লয়মেন্ট ১৯৭৭ সাল হচ্ছে ৮২৬, ১৯৭৮ সালে হচ্ছে ৮৩৯ এবং ১৯৭৯ সালে হচ্ছে ৮৫৭। অর্থাৎ এমপ্লয়মেন্ট অপারচুনিটিস এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে এই সরকার আস্তে আস্তে বাড়িয়ে চলেছেন। কংগ্রেসিদের নৈরাজ্য, কংগ্রেসিদের অরাজকতা কাটিয়ে তারপর সুস্থ শ্রমনীতি তৈরি হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহশয়, লে অফ অ্যান্ড রিট্রেঞ্চমেন্টে ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৭৭ সালের রিট্রেঞ্চমেন্ট ২,১১৭, ১৯৭৮ সালের ২,১০৯, ১৯৭৯ সালের ১,১২০ এবং ১৯৮০ সালের ১,০৪৩। লে-অফের ব্যাপার দেখুন—১৯৭৭ সালের ১,২২,০৪৪, ১৯৭৮ সালে ৯১,৭৯৭, ১৯৭৯ সালে ৬৫,৫৫১ এবং ১৯৮০ সবচেয়ে কম ১৪,৮৪৮। লেবারদের সুবিধার জন্য আমরা লে অফ কমিয়ে, রিট্রেঞ্চমেন্ট কমিয়ে এমপ্লয়মেন্ট অপারচুনিটিস বাড়িয়ে সমস্ত দিকে শিল্পের চেষ্টা করা হয়েছে। আমরা যে নীতি নিতে চাই সেটা আমরা পারছি না, কেননা শিল্পনীতির অনেকটাই নির্ভর করে কেন্দ্রীয় সরকারের উপর। বিড়ি শ্রমিকদের কথা বলেছেন, ওরা জানেন না—সিগারেট অ্যান্ড বিড়ি ওয়ার্কারস অ্যাক্ট এর উপর কেন্দ্রীয় আইন আছে, রাজ্য সরকারের কিছুই করার থাকে না। সমস্ত বিড়ি শিল্পের আইন কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করেন। আজকে বিড়ি শ্রমিকদের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন, অথচ এই বিড়ি শ্রমিকরা ৩০ বছর ধরে আপনাদের মধ্যস্থতার ফলে মার খাচ্ছে। ওরা সমস্ত অসত্য তথ্য দিয়েছেন। কাজেই মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ আমার সঙ্গে সহযোগিতা করবেন। এটা শেষ করে আমাকে সাতটার মধ্যে গিলোটিন করতে হবে।

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি শ্রম মন্ত্রী কর্তৃক আনীত ব্যয় বরাদ্দকে সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা বলছি। না বলে পারছি না, তার কারণ শ্রম আইন রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত নয়। শ্রম আইন হল কনকারেন্ট, এবং যা কিছু করবার তা কেন্দ্রীয় সরকার করেন এবং আমরা সেটাকে ইমপ্লিমেন্ট করি, রুলসগুলি আমরা কিছু অ্যামেন্ড করি—এটা আপনাদের জানা থাকা উচিত। এমন কি মিনিমাম ওয়েজের আলোচনা করেছেন, এগুলি কিন্তু সেই কেন্দ্রীয় সরকারের মিনিমাম ওয়েজেস অ্যাক্ট অনুযায়ী আমাদের করতে হয়—কাজেই আপনারা যেটা জানেন না, কখনও করেননি, কেবল রাজনীতি করেছেন কাজেই চুপ করে আমরা যেটা বলছি সেটা শুনুন। কনকারেন্ট লিস্ট যেটা আছে, সেই কনকারেন্ট লিস্টের ভিতর আমাদের ট্রেড ইউনিয়ন, লেবার ডিসপিউটস যেগুলি আছে

সেগুলি পার্লামেন্ট এবং স্টেট এর অধিকারের ভিতর। সেজন্য এখানে ভি. ভি. গিরি—আপনারা কেউ অস্বীকার করতে পারবেন না, এই ভি. ভি. গিরি যার জন্য আপনারা কংগ্রেস (আই) হতে পেরেছেন সেই ভি. ভি. গিরির উদ্ধৃতি দিয়ে আপনাদের বলছি—Among the subjects in the Concurrent List are trade unions, national labour disputes, welfare of workers including conditions of work. Both Parliament and the State Legislatures have powers to make laws with respect to these matters. But in the event of a conflict the law made by Parliament prevails.

[4-45 — 4-55 p.m.]

তারপর যারা যা বলেছেন সেটা মার্কসের কথা নয় ভি. ভি. গিরির কথা। "The Administration of the labour laws relating to matters included in the concurrent list is vested upon the state government even though the law may be enacted by the Parliament. পার্লামেন্ট অ্যাক্ট করলে উচিত হচ্ছে স্টেট গভর্নমেন্টের হাতে এই ল প্রণয়ন করার অধিকার দেওয়া। রেল, পোস্ট অ্যান্ড টেলিগ্রাফ এবং ডিফেন্স সর্বত্র ইউনিয়নের একটা অধিকার দেওয়া হয়েছে। এটা ঠিক, দেখা যায় যে যদিও এটা স্ট্যাটুটারি অধিকার নয়, তবু কেন্দ্রীয় সরকার বাই প্র্যাকটিস সেই অধিকার দিয়েছেন। ১৯৬৮ সালে পি. অ্যান্ড টি. ২০টি ইউনিয়ন ছিল সেগুলি ক্যান্সেল করা হয়। পরে ৮টিকে স্বীকৃতি দেওয়া হয়। ১৯৬৮ সালে যখন পি. অ্যান্ড টি.-তে স্ট্রাইক হয় তখন ২০টি ইউনিয়নকে ক্যানসেল করে পরে একটিকে স্বীকৃতি দেওয়া হয়। কিন্তু ভি. ভি. গিরির ব্যাপারে দেখা যাচ্ছে তারা অনীহা প্রকাশ করবেন। ডি. ভি. সি. যখন কর্পোরেশন হল তখন সেন্ট্রাল গভর্নমেন্ট ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট এবং বিহার গভর্নমেন্ট এই তিনটি এমপ্লয়ার নিয়ে দামোদর ভ্যালি কর্পোরেশন সৃষ্টি হল। এই তিনটি গভর্নমেন্টের কোনও রকম পরামর্শ না নিয়ে অ্যান্টি লেবারের কোনও কাজ করা যায় কিনা আমার জানা নেই। ১৯৪৮ সালে ডি. ভি. সি.-র বোর্ড তৈরি হল এবং ১৯৫৮ সালে কোড তৈরি হল। ১৯৫৮ সালের পরে কতগুলি আইন প্রণয়ন করা হল। সেটা সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কোনও রেজলিউশন বা প্রস্তাব নেই। তবে বিহার সরকার ১৯৭৫ সালে একটা রেজলিউশন নিয়েছিল। তবে রেজলিউশনের ফলে তারা বলছেন কোনও সংস্থাকে কোনও সময় উইদাউট শোয়িং প্রপার রিজিন্স তাকে ক্যানসেল করা যাবে না। রেকগনিশন কে ডিরেকগনিশন করা যাবে না। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই রকম কোনও প্রস্তাব নেওয়া হয়নি। বিহার সরকার ২৫শে নভেম্বর, ১৯৭৫ সালে যে প্রস্তাব নিয়েছিল সেটা আজকে আমরা পেলাম কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির মাধ্যমে। সেইজন্য আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি তিনি তাদের জিজ্ঞাসা করুন কোন অধিকারের বলে তারা এটা করলেন? পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে সম্মতি নেওয়া হল না। অনুরূপভাবে বিহার গভর্নমেন্টের কাছেও সম্মতি নেওয়া হল না। পশ্চিমবঙ্গ সরকারের এই ব্যাপারে এই স্টাফ অ্যাশোসিয়েশন ডিরেকগনাইজ হল। এই স্টাফ অ্যাশোসিয়েশন বিহারে আছে তাদের রেকগনাইজ করা যাবে না অ্যাকরডিং টু দি রেজুলিউশন। কাজেই আপনার কাছে অনুরোধ কেন্দ্রীয় সরকারের প্রতিভূ যিনি আছেন তার কাছে জিজ্ঞাসা করুন

যখন বিহার সরকার ডি-রেকগনাইজ করতে পারছে না, সেখানে বিহার সরকারের যে সভ্য আছে তাকে সরিয়ে দিতে পারছে না তখন কি করে পশ্চিমবাংলা স্টাফ অ্যাশোসিয়েশনকে ডিরেকগনাইজ করেন? আর একটা অনুরোধ করব অসংগঠিত লেবার যারা মিনিমাম ওয়েজের অ্যাক্টের জন্য আন্দোলন করছে তখন এর বিরুদ্ধে হাইকোর্টে মামলা হচ্ছে। হাইকোর্টে মামলা মানে তারা কোনওদিনই মিনিমাম ওয়েজেসের সুবিধা পাবে না। সেজন্য অনুরোধ করব হাইকোর্টে অসংগঠিত লেবারের বিরুদ্ধে, মিনিমাম ওয়েজেসের বিরুদ্ধে যে কেসগুলি রয়েছে সেগুলি যত তাড়াতাড়ি সম্ভব সিদ্ধান্ত করুন না হতে তারা অসুবিধায় পড়ে যাবে। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার ঃ** অধ্যক্ষ মহাশয়, শ্রম বাজেটের স্বপক্ষে সরকার পক্ষের কয়েকজন বলেছেন যে আগের থেকে লে অফ, লক আউট, ধর্মঘট কমে গেছে। এর কতকগুলি কারণ আছে। এই সরকারের যে শ্রম নীতিটাতে ন্যায় সঙ্গত আন্দোলন হচ্ছে কিনা সেটা না দেখে আইন সম্মত হচ্ছে কিনা সেটাই লক্ষ্য করা হচ্ছে এবং তারা আইন সম্মতভাবে তাকে সালিশিতে পাঠিয়ে দিচ্ছেন। সেজন্য মীমাংসা হতে দেরি লাগছে। এর ফলে শ্রমিকদের আন্দোলন করার যে মানুষিকতা তা নষ্ট হয়ে যাচ্ছে এবং এর পেছনে সরকারের একটা অবদান আছে। শ্রম মন্ত্রী অনেকবার বলেছেন মালিকদের জন্য মীমাংসা হচ্ছে না, কারণ তারা কোর্টে কেস করছে, ইঞ্জাংশন করছে এবং এর ফলে ন্যূনতম মজুরি আইন কার্যকর করা যাচ্ছে না। কিন্তু যে ব্যবস্থা গ্রহণ করলে কার্যকর করা যায় তা গ্রহণ করা হচ্ছে না। মুখ্যমন্ত্রী কয়েকটা জায়গায় বলেছেন শ্রমিকদের লক্ষ্য করে যে তাদের বোঝা উচিত ফ্যাক্টরীর বা কারখানার সমস্যা কি এবং তারপর তাদের দাবি দাওয়া করা দরকার। বেশির ভাগ ক্ষেত্রে তিনি বলেছেন এই সব ক্ষেত্রে যেন তারা চাপ সৃষ্টি না করে এবং আপোষ আলোচনার মাধ্যমে যেন মীমাংসা করা হয়। এই ব্যবস্থা গ্রহণ করলে শ্রমিকদের ন্যায় সঙ্গত দাবি দাওয়া কার্যকর হবে না। শ্রমিকরা যে সমস্ত দাবি দাওয়া নিয়ে আন্দোলন করছে সেক্ষেত্রে তাদের সজাগ করা দরকার, সর্বক্ষেত্রে করা ঠিক হবে না।

[4-55 — 5-05 p.m.]

এই সমস্ত ক্ষেত্রে মালিকদের তিনি আশ্বাস দিচ্ছেন। এইসব জায়গায় শ্রমিকদের যে সমস্ত সংগঠন আছে, তাদের আন্দোলনের ক্ষেত্রে, ন্যায়সঙ্গত আন্দোলনের ক্ষেত্রে সরকার পক্ষ থেকে কোনও প্রকার সহযোগিতা করা হচ্ছে না। এরকম ব্যাপার সর্বত্রই ঘটছে। অন্যদিকে মালিকদের যে সংস্থা আছে, তারা সবাই, কে. কে. বিড়লা পর্যন্ত বলছেন যে, ওয়েস্ট বেঙ্গলে যে একটা বামফ্রন্ট সরকার আছেন, তারা যে কমিউনিস্ট সরকার তা তারা বুঝতে পারছেন না। অর্থাৎ তারা নিশ্চিত যে, এদের দিক থেকে তাদের কোনও প্রকার ক্ষতি হওয়ার আশঙ্কা নেই। তার উপর তারা আরও ভাল ভাবে বুঝতে পেরেছেন যে, শ্রমিকদের পক্ষ থেকে কোনও প্রকার দাবি-দাওয়া আদায়ের ঝামেলা তাদের পোহাতে হবে না। ফলে কলকারখানায় লক আউট, লে-অফ, ক্লোজার হচ্ছে না কোথাও, সেটা যে কমে গেছে তার একমাত্র কারণ হচ্ছে এই আশ্বাস বাণী। আজকে সর্বত্র ন্যায়সঙ্গত আন্দোলনে পুলিশি আক্রমণ হচ্ছে। বারবার করে সরকারের পক্ষ থেকে ন্যায়-সঙ্গত আন্দোলনে পুলিশি আক্রমণ হবে না বলা

সত্ত্বেও তা হচ্ছে। দুর্গাপুরে যে বিড়লা হিন্দুস্তান ন্যাশনাল গ্লাস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আছে, সেখানে শ্রমিকদের আন্দোলনকে ভেঙ্গে দেওয়ার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। সেখানে যে একটা দালাল ইউনিয়ন আছে, তাদের লোকজনকে পুলিশ গাড়িতে করে বাড়িতে নিয়ে যাচ্ছে ও অফিসে নিয়ে আসছে, যাতে মালিকরা তাদের কারখানা চালু রাখতে পারে সেজন্যই এই ব্যবস্থা সেখানে গ্রহণ করা হয়েছে। এবং ধর্মঘটি শ্রমিকদের বিরুদ্ধে পুলিশ নানা প্রকার মিথ্যা কেস দায়ের করছে। বিহার ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানির সঙ্গে যুক্ত হয়ে পুলিশ ওখানকার আন্দোলনকারী বিরুদ্ধে স্টেট ভারসাস কেস থানাতে করা হচ্ছে। পুলিশ মিথ্যা করে শান্তি শৃঙ্খলা ও আইন-শৃঙ্খলার নাম করে শ্রমিকদের বিরুদ্ধে সমস্ত ব্যবস্থা নিচ্ছে। কোথাও শ্রমিকদের আন্দোলনকে ও শ্রমিকদের রক্ষা করা হচ্ছে না। ইস্টার্ন বিস্কিট কোম্পানি বলে একটি কোম্পানি দুর্গাপুরে আছে। এটির মালিক হচ্ছেন জ্যোতিবাবুর পুত্র শ্রী চন্দনকুমার বসু। সেখানে ৬০ জন যারা কারখানা থেকে ছাঁটাই হয়েছেন, তাদের আন্দোলনের উপর পুলিশ গিয়ে লাঠি চার্জ করেছে এবং অত্যাচার চালিয়েছে। এখন শ্রী চন্দন বসু বলছেন যে, শ্রমিকরা যদি আন্দোলন তুলে নেন, তাহলে তাদের সঙ্গে তিনি আলোচনা করতে প্রস্তুত আছেন। ঠিক যেমন টাটা, বিড়লার কারখানাতে ঘটে থাকে, তেমনি এক অবস্থা এখানেও চলছে। জ্যোতিবাবুর পুত্র যে এরকম আচরণ করবেন, তা যেন ভাবাই যায় না। আজকে সর্বত্র দেখতে পাচ্ছি কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে—এর ফলে শ্রমিকদের মধ্যে একটা আশঙ্কার সৃষ্টি হয়েছে। কৃষি শ্রমিক ও বিড়ি শ্রমিকদের ব্যাপারে একটা ন্যূনতম মজুরি আইন আছে, কিন্তু তা কার্যকর করার ব্যাপারে কোনও ব্যবস্থা সরকার পক্ষ থেকে গ্রহণ করা হচ্ছে না। এ ব্যাপারে আইন-ই শুধু মাত্র আছে, কার্যকর করার কোনও ব্যবস্থা আসলে নেই। বেকারদের চাকুরি দেওয়ার ব্যাপারে বলেছেন যে, এমপ্লয়মেন্টে নাম রেজিস্ট্রি করতে হবে। তারা বলেছেন যে, এর দ্বারা সরকার বেকারত্ব দূর করবার ব্যবস্থা সুষ্ঠুভাবে করতে সমর্থ হবেন—কিন্তু এ পর্যন্ত যা করতে পেরেছেন, তা অতি নগণ্য। বেকাররা যারা এতদিন ভাতা পেয়ে আসছিলেন, তাদের ৩১শে মার্চের পর থেকে আর তা দেওয়া হবে না। এদের সংখ্যা প্রায় দু লাখের মতো হবে। ঐ তারিখের পর থেকে ঐ সমস্ত বেকাররা ঐ ভাতা পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবেন। আবার সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে, এদের মধ্যে যাদের বয়স ৪০ হয়ে গেছে, তাদের ক্ষেত্রে ব্যাঙ্ক থেকে লোনের ব্যবস্থা করা হবে, যাতে তারা ব্যবসা-বাণিজ্যের সুযোগ পেতে পারে। শুধুমাত্র এই আশ্বাসের কথা ছাড়া আর কোনও সুযোগ-সুবিধা তাদের দেওয়া হবে না। সংবিধানে স্বীকৃতি আছে যে, বেকারদের কাজ দিতে হবে, এই সমস্ত বেকাররা এখন থেকে এই ব্যবস্থাকে কার্যকর করার ব্যাপারে আন্দোলনের পথে পা বাড়াতে বাধ্য হচ্ছেন। সুতরাং, আমি অনুরোধ করতে চাই—এদের সম্পর্কে বিবেচনা করুন।

কন্ট্রাক্ট লেবারদের সম্পর্কে দীর্ঘদিন ধরে বলে আসা হচ্ছে যে তাদের সম্পর্কে একটা বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে কিন্তু আজ পর্যন্ত এই কন্ট্রাক্ট লেবারদের আইনের আওতায় এনে তাদের জন্য কোনও ব্যবস্থা করা হয়নি। আজও তারা বোনাস থেকে মিনিমাম ওয়েজ থেকে এবং সরকারি আইনের সুযোগসুবিধা থেকে বঞ্চিত হয়ে আছে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের আওতায় মধ্যে তাদের যাতে অন্তর্ভুক্ত করা যায় সে ব্যবস্থা করা দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন মাননীয় মন্ত্রী মহাশয় সেই বাজেটকে সমর্থন করে আমি খুব সংক্ষেপে কয়েকটি কথা বলছি। এখানে কিছু সাফল্যের কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে আছে। গতবারের তুলনায় এবারে তিন ভাগের এক ভাগ শ্রমদিবস নষ্ট হয়েছে। ক্লোজার, লে-অফ, লক-আউট ইত্যাদি অনেক কমেছে বলা হয়েছে। এগুলি কিছুটা সাফল্য নিশ্চয়। কিন্তু সঙ্গে সঙ্গে আমি যেটা বলব সেটা হচ্ছে এই যে শোষণ যেভাবে চলেছে তাতে বেকারের সংখ্যা বাড়ছে এবং এইভাবে চলতে থাকলে তা আরও বাড়বে। এই অবস্থায় আন্দোলন বাড়তে পারে, ধর্মঘট বাড়তে পারে, বিক্ষোভ বাড়তে পারে, এইসব হতে পারে। সুতরাং শোষণের সঙ্গে এইসব বাড়ার সম্পর্ক রয়েছে, আন্দোলন বৃদ্ধির সম্পর্ক রয়েছে। সরকারে এসে আমরা শ্রমিকদের পক্ষ থেকে এ ব্যাপারে তাদের কতটা সহায়তা করলাম সেটাই হচ্ছে দেখার কথা। আমি অন্য প্রসঙ্গে যাব না, কেবল দু/একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করব। প্রথম কথা হচ্ছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি কিন্তু ঠিক ঠিক কাজ করছে না। সিনিয়ারিটির ভিত্তিতে চাকরি দেবার যে ব্যবস্থা আছে সে ক্ষেত্রে অনেক জায়গায় দেখা যাচ্ছে যারা ১০ বছর ধরে বেকার হয়ে বসে আছে তাদের নাম না গিয়ে যারা মাত্র ২ বছর নাম লিখিয়েছে তাদের নাম চলে যাচ্ছে। এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কঠোর দৃষ্টি দেবার প্রয়োজন আছে বলেই আমি মনে করি। তারপর বেকারভাতা যারা পাচ্ছে সে ক্ষেত্রে দেখা যাচ্ছে যারা চাকরি পেয়ে গিয়েছে এমন অনেক লোক নাম কাটিয়ে দেয়নি। সেখানে তারা চাকরি পাওয়া সত্ত্বেও বেকার ভাতা পেয়ে যাচ্ছে। কয়েকটি ক্ষেত্রে আমি বোর্ডে ইন্টারভিউ নিতে গিয়ে দেখেছি এই জিনিস হচ্ছে। যে প্রতিষ্ঠান চাকরি দিচ্ছেন তাদের সঙ্গে সঙ্গে এটা জানিয়ে দেওয়ার ব্যবস্থা আছে জানি, আমি বলব, এটা আর একবার তাদের ভালোভাবে স্মরণ করিয়ে দেওয়া দরকার আছে। এটা না হলে যারা প্রকৃত বেকারভাতা পাবার যোগ্য তারা বেকারভাতা পাবে না অথচ যাদের চাকরি হয়ে গিয়েছে তারা বেকারভাতা পেয়ে যাবে। তারপর ৫০০ টাকার উপরে যাদের পারিবারিক আয় তাদের এই বেকারভাতা পাওয়ার কথা নয় কিন্তু সেরকম লোকও কিছু পাচ্ছে এরকম হয়ে গিয়েছে, এগুলি অনুসন্ধান করে দেখা দরকার। এরপর আমি আর একটি বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। আমার এলাকা শান্তিপুরে সুশ্রী সিনেমাটি একটি সামান্য অজুহাতে বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে কোনও কর্মচারীকে সাসপেন্ড করে ছাঁটাই করতে গেলে প্রতিবাদ হওয়ায় সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। এটা একটা ছোট প্রতিষ্ঠান, এখানকার কর্মচারীর সংখ্যা কম, তারা দীর্ঘদিন ধরে আন্দোলন করতে পারে না, তাদের অর্থবল কম, এই অবস্থার প্রতি দৃষ্টি দেওয়া দরকার।

[5-05 — 5-15 p.m.]

কিভাবে এদের বাধ্য করা যায়, এর অন্য পন্থা আছে কিনা সেটা ভেবে দেখতে হবে। একটা অদ্ভুত জিনিস দেখছি রাণীগঞ্জের বিড়ি শ্রমিকদের ক্ষেত্রে। সেখানে বাইরে উড়িষ্যা থেকে বিড়ি এনে পুরানো লেভেল মেরে বিক্রি হচ্ছে, এই সমস্যার কথা শ্রমমন্ত্রী জানেন। ফলে ওখানকার যারা বিড়ি শ্রমিক তারা কর্মচ্যুত হচ্ছে, তাদের রুজি-রোজগারের রাস্তা থাকছে না। এই অবস্থাগুলির কি করে সমাধান করা যায় সেটা সরকারের তরফ থেকে দেখতে হবে। হাওড়ায় ঢালাই কারখানার পার্মানেন্ট শ্রমিক যারা তাদের ক্রমাগত সংখ্যা কমিয়ে দিয়ে

পুরানো প্রথায় কাজ হচ্ছে। এইভাবে পার্মানেন্ট শ্রমিক থাকলে শ্রম আইনে তাদের নানা সুযোগ সুবিধা দিতে হবে। সেজন্য কন্ট্রাক্ট শ্রমিকদের দিয়ে কম মজুরিতে কাজ করাচ্ছে। একটা বড় কারখানা ছিল—রেমন কারখানা, তারা ওয়াগন তৈরি করত। সেই কারখানাটা অনেকদিন বন্ধ থাকার পর অন্য একজন কিনে নিল। সেখানে যে শ্রমিকরা কাজ করতেন তারা কি পূর্বেকার সুযোগ পাবেন? তাদের চাকরির যে গ্যারান্টি, কন্টিনিউয়িটি অব সার্ভিস যেগুলি তাদের পাওয়ার কথা সেগুলি কি তারা পাবেন? এই প্রশ্ন সেখানে উঠেছে। অন্য কেউ কিনে নিলে শ্রমিকরা তাদের ন্যায্য দাবি পাবেন নিশ্চয়ই তার গ্যারান্টি থাকা দরকার। এই দিকে শ্রম মন্ত্রীকে দৃষ্টি রাখতে অনুরোধ করব। এখানে লেবারের যে বইটা বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে আনএমপ্লয়েডের সংখ্যা ক্রমাগত বাড়ছে। ৩ লক্ষ আনএমপ্লয়েডের সুবিধার জন্য ৮ কোটি ৬৫ লক্ষ টাকা খরচ করা হয়েছে। ভাল কথা। কিন্তু কতজন আনএমপ্লয়েডকে কাজ দিতে পেরেছি? রেজিস্টার্ড আনএমপ্লয়েড যারা তাদের সংখ্যা হচ্ছে ২৬ লক্ষ, ১৯৮০ সালে হয়েছে ৬ লক্ষ ১৫ হাজার। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ভেতর দিয়ে ১৪ হাজারকে চাকরি দেওয়া গেছে। নতুন ইন্ডাস্ট্রি খোলার ব্যবস্থা না থাকলে আর দেওয়া যাবে না। অনেক বন্ধ কারখানা খোলার চেষ্টা হয়েছে, কিন্তু এতেও হয়নি। অনেক কারখানা তৈরি করতে হবে এবং তৈরি করতে গেলে তার মার্কেট কোথায়? অধিকাংশ মানুষের ক্রয় ক্ষমতা বাড়েনি, এইজন্য যে অর্থনীতির প্রয়োজন যে অর্থনীতি চলছে সেই অর্থনীতিতে বাড়ানো যাবে না। সুতরাং স্ট্রাইক আরও অনেক বেশি বাড়তে পারে, আন্দোলন বাড়তে পারে। পুঁজিবাদী শোষণ যত বাড়বে আন্দোলন ক্রমাগত বাড়বে। আন্দোলন কিছু কমেছে, সেখানে মীমাংসার চেষ্টা বামফ্রন্ট সরকার নিশ্চয়ই করেছেন, করবেন। একট জিনিস করেছেন সেটা হচ্ছে মস্তানরা কলকারখানায় গিয়ে মালিকদের জুলুম করত, আবার তাদের দালালিও করত। মালিক মস্তানদের সহায়তায় শ্রমিকদের উপর হামলা করত, তাদের পিটিয়ে মারত, এটা কমেছে। আমি বলব না শ্রমিকরা আন্দোলনের সুযোগ পেলে সেখানে মস্তানদের করার কিছু নেই, কিন্তু পুলিশকে সম্পূর্ণ নিরস্ত্র করা গেছে, যেটুকু পারা গেছে সেইটুকু নিরস্ত্র করা গেছে। এর মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার শ্রমিকদের পাশে দাঁড়িয়েছে এটাই বড় কথা। এই কথা বলে ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করি লেবার বলতে কি শহরের কারখানা-র লেবার বোঝায়—এগ্রিকালচারাল লেবার কি লেবার দপ্তরের আওতায় নয়? লেবার ডিরেক্টোরেটের কি কোনও কর্তব্য নেই—লেবার মন্ত্রীর কোনও দায়িত্ব নেই—সরকারের কোনও দায়িত্ব নেই। হিসাব করলে দেখা যাবে শতকরা ৭৭টি লেবার ঐ এগ্রিকালচারাল লেবার। তাদের কথা কিন্তু নেই। মাননীয় শ্রমমন্ত্রী মহোদয়, বাজেট বক্তৃতায় এক লাইন এক প্যারা ও বা ওয়ার্ড তাদের নেই। There is not a single word about agricultural labourer here লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ২৫ টাকা দাম, অ্যাবাউট এগ্রিকালচারাল লেবার ইন ইন্ডিয়া—ইকনমিক রিভিউর ৪০ পাতায় আমরা দেখতে পাচ্ছি সেখানে নাকি ৬.৭৫ টাকা অ্যাভারেজ ইনকাম—অন পেজ ৪০ ইকনমিক রিভিউ স্ট্যাটিস্টিকস—তাতে দেখছি—আমি আপনাকে জিজ্ঞাসা করি এই কলেবর বৃদ্ধি যে করেছেন কুম্ভিরাশ্রু ফেলে ঐ ৪০ কোটি গ্রামের মানুষ যাদের বিনয়বাবু ২ টাকা দেবার কথা বলেছিলেন

সরকারের ঐ ৬ টাকা ৭৫ পয়সা বিলি করা সম্ভব হল না? হোয়াট অ্যাবাউট ফর দেম যে দেশে শতকরা ৭০ জন মানুষ উইদাউট এনি নলেজ অ্যান্ড উইদাউট এনি এডুকেশন সে দেশে আপনাদের অরাজকতার ফলে এভরিথিং ইজ আনসার্টেন সেখানে সরকারের দায়িত্ব আছে কিনা আন অর্গানাইজ সেক্টারকে অর্গানাইজ করে তাদের পাওনা পাইয়ে দেওয়া? সেখানে আপনারা কি কর্তব্য পালন করেছেন? তাদের হাতে ঝান্ডা আর ডান্ডা দুটা ধরিয়ে দিয়েছেন। কিছুই তো করেননি তাদের জন্য। আজকে এ প্রশ্ন সরাসরি আপনাকে জিজ্ঞাসা করি অন্য কোনও মন্ত্রী—কমলবাবু হলে আমি প্রশ্ন করতাম না—কিন্তু আপনি দরদী মানুষ—প্রবীণ বিচক্ষণ মানুষ বলে আমি জিজ্ঞসা করি। আমরা লেফট ফ্রন্টের সব লিডারকে সমান চোখে দেখি না—আপনার সম্বন্ধে আমাদের আশা আছে—আপনি গভীরে যান কিন্তু তা সত্ত্বেও (গোলমাল)—আমি ওদের কথা কি বলব কাল রাত্রে আসামে গিয়ে পায়ের উপরে পড়ে—নিচে পড়ে—এ জিনিস তো দেখিনি ডবল স্ট্যান্ডার্ড তো দেখিনি, ওরা যা করছে করুক—আপনার কাছে জিজ্ঞাসা ৪০ লক্ষ কি ৪২ লক্ষ যারা আছেন তাদের আদম সুমারি পর্যন্ত করেনি, আপনারা তাদের জন্য কি করেছেন? (গোলমাল) আমরা অমন গিয়ে পায়ে ধরি না। আমি আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই যে আমরা দেখতে পাচ্ছি পূজার সময় ডেকরেটারদের কারখানায় স্ট্রাইক হল কিন্তু বিড়লার জুট মিলে বা টেক্সম্যাকোতে কি স্ট্রাইক হয়েছে? আপনাকে সরাসরি রহস্যটা জিজ্ঞাসা করি তাহলে কি বড় বড় বৃহৎ মালিক বিড়লা ইত্যাদি মনোপলি হাউসদের তোয়াজ করাই কি বামফ্রন্ট সরকারের এক মাত্র কর্তব্য। আমরা বড় কারখানায় ধর্মঘট দেখিনি। যারা প্যান্ডেল তৈরি করে তাদের ধর্মঘট দেখেছি। আমি আর একটা কথা জিজ্ঞাসা করি আপনারা খুব কম প্যাক্ট দল—আপনাদের অভিন্ন হৃদয়, আপনাদের গোঁদলপাড়া জুট মিল বন্ধ আছে কেন? এই কথা কি একজন চন্দননগরের বা হুগলির মন্ত্রীর ইন্টারফিয়ারেন্স এর জন্য? তিনি কি সেই কারণে হস্তক্ষেপ করতে সাহস করছেন না। এটা বন্ধ আছে কেন? আর একটা কথা জিজ্ঞাসা করি এই জুট ব্যারনদের তো কাজ করতে করতে সি. পি. এম. লেফট ফ্রন্টের অনেক কলেবর বৃদ্ধি পেয়েছে। আমি আরও একটা কথা বলি রেজিস্টার ঠিক করে দেবার জুট ওয়ার্কারদের আপনি—জুট ওয়ার্কার্সদের পে স্কেল আপনি ঠিক করে দেবেন এই ওয়ার্ড দিলেন না কেন? এই ডিক্লারেশন দিলেন না কেন? এই বিষয় ঘোষণা বা অ্যানাউন্সমেন্ট হল না কেন তা আমি জিজ্ঞাসা করি। শেষ কথা, আমাদের দলের কথা, আপনি জানেন আই. এন. টি. ইউ. সি. দু ভাগ হয়ে গেছে এবং আমরা যে রাজনৈতিক প্রতিষ্ঠানের সদস্য তাদের আই. এন. টি. ইউ. সি. এখানে পঃ বাংলায় তিনটা কাজ করছে। আপনার কাছে সরাসরি প্রশ্ন করি আপনি কাদের রেকগনাইজ করেন—কাকে করেন না—কি কারণে করেন না এই কথাটা জানতে ইচ্ছা করছে। আমার আর কিছু বলার নেই। কমলবাবুর বড় জ্বালা মনোপলি। এরা আছে—মন্ত্রিসভা করতে পারে না চুল পাকিয়ে ফেলেছে গ্রামের মানুষের ভোট নিয়ে এসেছে, ওদের প্রতিশ্রুতি দেন আর ওদের জন্য কিছু করেন না। কুম্ভিরাশ্রু বাজেটে গ্রামের মানুষের সঙ্গে চিরকাল ডবল স্ট্যান্ডার্ড বেইমানি চালিয়ে যাচ্ছেন, আজকে সেইজন্য কিছু বলার নেই। (গোলমাল) আর আসামের কথা? দিল্লিতে কি ঘোষণা হয় দেখুন—আমরা শুনি তারপর আমরা জানি অক্সিজেন দিয়ে বেশি দিন জীবন বাঁচানো যায় না। আমরা পায়ে ধরে বাঁচতে পারব না কমলবাবু। এই কথা বলে আমি শেষ করছি।

[5-15 — 5-25 p.m.]

**শ্রী ধীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কমলবাবুর বক্তৃতা শুনে মনে হল যারা ট্রেড ইউনিয়ন করেন না, যারা ট্রেড ইউনিয়ন করতে গিয়ে শ্রমিকের কথা বলে কিন্তু মালিকের কাছ থেকে ঘুষ নিতে পারেন না তারা এখানে বক্তৃতা দিতে পারবেন না। এক কথায় বলতে গেলে বলতে হয় যারা ট্রেড ইউনিয়ন করেন একমাত্র তারাই শুধু এই লেবার বাজেটে বলবেন। আমি একথা বিশ্বাস করি না যে, ডাক্তার না হলে মেডিক্যাল বাজেটে বক্তৃতা দেওয়া যাবে না। স্যার, আমি সেদিন বলেছিলাম, গ্রামের অর্গানাইজড লেবারদের সম্বন্ধে সরকারের কি কর্তব্য আছে? কথাটা আমি লেবার মিনিস্টারকেই বলেছিলাম। ৮ টাকা ১০ পয়সা সকলকেই দেবেন বলেছেন। কিন্তু আপনাদের ইকনমিক রিভিউতে দেখছি, ১৯৭৬/৭৭ সালে মালদহতে পেয়েছে ৪ টাকা ৫০ পয়সা, ১৯৭৯/৮০ সালে ৪ টাকা ৩৫ পয়সা। পুরুলিয়ায় ১৯৭৬/৭৭ সালে পেয়েছিল ৭ টাকা, কিন্তু ১৯৭৯/৮০ সালে পেয়েছে ৫ টাকা ১৫ পয়সা। তাহলে এই ৩ বছর ধরে আপনারা এগ্রিকালচারাল লেবারদের জন্য কি করলেন? আমরা শুনেছিলাম কয়েকজন ইন্সপেক্টর নিয়োগ করা হবে এবং সেদিক থেকে দেখছি ১ বছর আগে ইন্টারভিউ হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কোনও ব্লকে তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি। কয়েকটি অ্যাপয়েন্টমেন্ট যা দিয়েছেন তা শুধু নিজেদের দলের লোককে দিয়েছেন—অধিকাংশ ক্ষেত্রেই দেননি। আমার বক্তব্য হচ্ছে একজন ১৮ টাকা বেতনের লেবারের যদি কাজ করতে করতে হাতের একটা আঙ্গুল কেটে যায় তাহলে তার চিকিৎসার ব্যবস্থা আছে, তার ছুটির ব্যবস্থা আছে। কিন্তু একজন এগ্রিকালচারাল লেবারের যদি কোদালের ঘায়ে একটা পা কেটে যায় তাহলে তারজন্য চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। ই. এস. আই. হাসপাতাল আছে, কিন্তু সেখানে আলো জ্বলে না, গন্ধে যাওয়া যায় না। সেদিন দেখলাম একজন রোগীকে নিয়ে গেছে ভর্তির জন্য, বললে জায়গা নেই। তখন রোগীটি বলল, কোথায় যাব? বললে, মানিকতলায় যেতে হবে। কিন্তু এমনই আশ্চর্য ঘটনা রোগীকে নিয়ে যাবার জন্য একটা অ্যাম্বুলেন্স নেই। আপনারা বড় বড় কথা বলেন আর কংগ্রেসকে গালাগাল দেন, অথচ আপনাদের অ্যাম্বুলেন্স নেই। কমলবাবু বললেন, লোকো স্ট্রাইকের কথা। লোকো স্ট্রাইক নাকি কেন্দ্রীয়সরকার দমন করেছে। তাদের প্রতি আমার সহানুভূতি আছে। কিন্তু একটা কথা বলি, যেখানে সিটুর অর্গানাইজেশন রয়েছে সেখানে যদি অন্য দলের লোক স্ট্রাইক করে তাহলে আপনারা কিভাবে তাদের দমন করেন? রেলওয়েতে দুটি রিকগনাইজড আছে অথচ কতগুলি কাউন্সিল তৈরি করে রেখেছে। তাহলে সেখানে কার কথা শুনবে? সেখানে যদি সিটুর ইউনিয়ন থাকত তাহলে তাদের কথাই শোনা হত। তারপর, পোর্টে পুলিশ কিভাবে শ্রমিকদের দমন করেছে সেটা আপনারা জানেন।

আপনি এক এক ক্ষেত্রে এক এক রকম, পশ্চিমবাংলায় এক রকম অন্য জায়গায় আর এক কথা বলেন। দুটি রিকগনাইজড ইউনিয়ন বাদ দিয়ে কাউন্সিল সাপোর্ট করতে হবে, এই ব্যাপারে আপনার সঙ্গে একমত হতে পারি না। আপনি বলছেন ঘেরাও কমেছে। ঘেরাও তো কম নেই। ৩৫টি ঘেরাও হয়েছে, এটাই তো লজ্জার বিষয়। ঘেরাও চালু করেছিলেন এবং সমর্থন করেছিলেন আপনারাই, আমরা ঘেরাও সমর্থন করিনি। আপনাদের রাজত্বে যা হয়েছে এটাই তো লজ্জার কথা। একটাও তো হওয়া উচিত নয়। আজকে পশ্চিম বাংলায় কোন

কোন ইন্ডাস্ট্রি বেড়েছে, কত লোকের এমপ্লয়মেন্ট বেড়েছে সেটা চিন্তা করে দেখুন, কি পরিকল্পনা আপনাদের? আজকে গেঞ্জির কারখানা উঠে গিয়েছে, ইঞ্জিনিয়ারিং কারখানা লোডশেডিং-এর জন্য বন্ধ হয়ে যাচ্ছে, এটা আপনাদের কাগজই বলছে। আর এগ্রিকালচারাল লেবার, তাদের ৮ টাকা ১০ পয়সা করে সবসময় দিতে পারবেন না, আপনারা যতই বলুন না কেন? খাদ্য প্রকল্পে এন. বি. পি. করেও সমস্ত দলের লোক কাজ পাচ্ছে না। আপনাদের দলের লোক কিছু পাচ্ছে দেখছি, কিন্তু তাদের চিকিৎসার কি ব্যবস্থা, তারা কিভাবে বাঁচবে ভাবুন। তাদের উন্নতি যদি না করতে পারেন তাহলে কি করে হবে? তাদের সোশ্যাল লাইফে বাঁচবার কথা কি চিন্তা করছেন বলবেন কি? গ্রামে কোনও লোকের কাজ না থাকলে আগেকার দিনে গভর্নমেন্টের কাছে গেলে জি. আর. খেয়ে বাঁচতে পারত, কিন্তু আজকে লোক অনাহারে মরছে, এগ্রিকালচারাল লেবারদের দেখবার কেউ নেই, আজকে তাদের জন্য কি করবেন সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। আপনি গতবারে বলেছিলেন ব্লকে ব্লকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের শাখা খুলবেন, কিন্তু খুলতে পারেননি, মালদা জেলা ৫টি শাখা খুলবেন বলেছিলেন, সেটা করতে পারেননি। সমস্ত লোককে হেড অফিসে দিয়েছেন, লোক ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে দাঁড়িয়ে তিন দিন পরে নাম রেজিস্ট্রি করে। ক' হাজার লোক চাকুরি পেয়েছে? কত লোক নাম রেজিস্ট্রি করেছেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বাড়াবার কি ব্যবস্থা করেছেন? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কাজের কি পদ্ধতি? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জেই আজকে পোস্ট ভ্যাকেন্ট পড়ে থাকে, কেন সেগুলি পূরন হচ্ছে না? গ্রামে গ্রামে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ করবেন বলছেন, যে পোস্ট ভ্যাকেন্ট আছে সেগুলি কেন দু বছরেও পূরণ করতে পারছেন না। আমার বক্তব্য হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ব্লকে ব্লকে হওয়ার কথা ছিল, সেগুলির কি ব্যবস্থা হয়েছে? এখনও অফিসার পাঠাবার ব্যবস্থাই হয়নি, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে কাজ সুষ্ঠু করা হোক, সেখানে যে নামগুলি যাচ্ছে, আমি কমিটি মিটিং-এ বলেছিলাম সিনিয়রিটি মেন্টেইন করা হোক, মেন্টেইন করা হচ্ছে না। গভর্নমেন্টের নিজের অফিসে, সেখনে কি হচ্ছে? কপিস্ট অ্যাপয়েন্ট করা হচ্ছে রেজিস্ট্রি অফিসে সেখানে কি আপনারা ৮ টাকা ১০ পয়সা করে তাদের দিতে পেরেছেন? দেবার ব্যবস্থা নাই, সেখানে ৪ টাকা করে দেওয়া হচ্ছে, সেখানে কি ব্যবস্থা করেছেন? মিনিমাম ওয়েজ ৮.১০ টাকা এনফোর্স করার কি চেষ্টা করেছেন, আশা করি আপনি সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। একথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-25 — 5-35 p.m.]

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে সমস্ত প্রশ্ন উঠেছে আমি সংক্ষেপে সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। আমি প্রথমে এই কথা বলছি যে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব উঠেছে আমি তার প্রত্যেকটির বিরোধিতা করছি এবং আমার ব্যয় বরাদ্দ গৃহীত হোক এই কথা বলে আমি শুরু করছি। যারা প্রশ্ন উত্থাপন করেছেন—সুনীতি চট্টরাজ মহাশয় তার থাকা উচিত ছিল, তিনি বলে চলে গেলেন কেন? যিনি শ্রমিক সম্পর্কে কিছু জানেন না শ্রমিক আন্দোলন সম্পর্কে শ্রমিক আইন সম্পর্কে তাকে বলতে দিলেন আপনারা। তিনি যা খুশি তাই বলে চলে গেলেন। তিনি প্রথমে চেষ্টা করলেন জ্যোতি বসু এবং প্রমোদ দাশগুপ্ত একটা পৃথক পার্টি। এইটাই তিনি দেখাতে চেষ্টা করলেন। তা আমাকে কেন্দ্র করে দেখালেন

কেন। এই অলীক প্রশ্ন বার বার করে থাকেন। বার বার জনগণ তার জবাব দিয়েছে। এটা পৃথক নয় এবং তিনি ক্যাপিটাল করলেন স্ট্রাইক লক আউট কমে গেল কেন। গত বারে কি বলেছিলেন? স্ট্রাইক বাড়ছে বলে দেশে ক্যাপিটাল আসছে। স্ট্রাইক লক আউট কমে গেল এখন কি বলবেন ক্যাপিটাল ইনভেস্টমেন্ট হচ্ছে না কেন। এ কথার কোনও জবাব নাই। আমি যেটা বলেছি আমার বাজেট বক্তৃতায় লিখিতভাবে যে ৭ বছরে এত কম ধর্মঘট হয়নি ১১ বছরে এত কম লক আউট হয়নি। অভিযোগ তাই কম হোল কেন, দিল্লি বলে এতে বেশি হল কেন আর এখানকার দিল্লির প্রতিনিধি তিনি বলেন এত কম হল কেন। আসল কথা হল এটা তো অস্বীকার করতে পারেন না প্রত্যেকটি শ্রমিকদের মাইনে বেড়েছে, গত তিন বছরে আমি বলতে পারি তিন হাজারের মতো এগ্রিমেন্ট হয়েছে। এবং এই এগ্রিমেন্টে শ্রমিকরা আনন্দিত সেটা তারা স্বীকার করেছেন। এটা কিসের পরিচয়? তবে আমি একথা বলছি না যে আমরা সব কিছু করে দিয়েছি—এবং তা সম্ভব নয়। কিন্তু এটা আমরা বলতে চাই যে যেটা অ্যাচিভমেন্ট সেটা অ্যাচিভমেন্ট আর যেটা অ্যাচিভমেন্ট নয় সেটা অ্যাচিভমেন্ট নয়। বিড়ি শ্রমিকদের কথা—আগে যার বলার কথা ছিল তিনি বললে ভাল হত—যা হক সুনীতিবাবু বললেন। সামসুদ্দিন সাহেব তিনি আমার সঙ্গে দেখা করেছেন আমাদের এম. এল. এ.-রাও ছিল আমি চিন্তা করেছিলাম। বিড়ি শ্রমিকরা তাদের যে ন্যূনতম মজুরি সেটা মালিকরা দেয় না যা আইনের ভিতর আছে। কিন্তু ঐ সব ফ্যাক্টরির মালিকরা বলে তারা ফ্যাক্টরির মালিক নয়, এমপ্লয়াররা নয়, তারা হচ্ছে মারর্চেন্টে। মার্চেন্ট হলে এই আইন প্রয়োগ করা যায় না। এর জন্য আন্দোলন করতে হবে। আমি তাদের অভিনন্দন জানিয়েছিলাম মুর্শিদাবাদের সকলে মিলে এসেছিলেন এই মিনিমাম ওয়েজ সম্বন্ধে। ওরা অভিযোগ করছে যে মালিকরা পালিয়ে যাচ্ছে বিহারের পাকুড়ে। এটা বন্ধ করা যায় কিনা। বিহারে বর্তমানে যে গভর্নমেন্ট রয়েছে আপনারা বিহার গভর্নমেন্টকে বলুন পশ্চিমবাংলার এবং বিহারে যদি মজুরির রেট এক হয় তাহলে তো আর এ জিনিস হবে না। আগে জনতা গভর্নমেন্ট যখন ছিলেন তখন তাদের এ কথা বলেছিলাম। তারা বলেছিলেন যে দুই গভর্নমেন্টরই করা উচিত এবং একটা রেট করা উচিত। জনতা গভর্নমেন্ট চলে যাবার পর, এখন তো কংগ্রেস আই সেখানে রাজত্ব করছেন, তাদের তো উদ্যোগ নেওয়া উচিত। আমরা বসতে রাজি আছি। এই যদি হয়, একটা রেট বিহার বর্ডারে যা রেট করবে, একই রেট পশ্চিমবঙ্গ করবে, তাহলেই শ্রমিকদের পক্ষে দাবি করা সম্ভব হবে। জয়নাল আবেদিন সাহেব বললেন এবং আরও একজন বলেছেন এগ্রিকালচার লেবার—উনি হয়ত জানেন না, ইন্ডাস্ট্রিয়াল লেবারাররা পেয়েছেন, এটা অস্বীকার করতে পারেন না। এটা তারা স্বীকার করেছেন, বহু শ্রমিক পেয়েছে, বহু চটকল শ্রমিক সব পেয়েছে। যে চটকলে কোনওদিন গ্রেড স্কেল চালু ছিল না, এখনও নেই, সেই চটকল শ্রমিকদের জন্য গ্রেড স্কেল চালু করার জন্য যে কমিটি হয়েছিল, সেই কমিটি একটা রেকমেন্ডেশন দিয়েছেন, অ্যাকর্ডিং টু এগ্রিমেন্ট—সেই এগ্রিমেন্ট মালিকরা মানবেন কি না জানি না, অর্থাৎ উভয় পক্ষ এর মতামত নেওয়ার পর কমিটি যে রায় দেবে সেই রায় যেভাবে আসবে আমি শ্রম মন্ত্রী হিসাবে বলছি, আমি তা মেনে নেব। উভয় পক্ষই এটা মানবে, উভয় পক্ষের যে মিটিং হয়েছিল তাতে মালিকরা এই কথা বলেছিল। কিন্তু বর্তমানে যেটা বুঝেছি, চটকল মালিকরা যে কথা দিয়েছিলেন এগ্রিমেন্টে, সেটা বর্তমানে তারা মানতে রাজি হবেন না। আমি এই হাউসে দাঁড়িয়ে বলছি, আগামী দু সপ্তাহের মধ্যে চটকলে গ্রেড স্কেল এর জন্য

আমার সুপারিশ আমি শ্রমিকদের সামনে উপস্থিত করব। শ্রমিকদের আন্দোলন করার অধিকার আছে, তারা যদি এই ব্যাপারে আন্দোলন করে তাহলে আমি সেই আন্দোলনকে সমর্থন করব। এবার ধরুন এগ্রিকালচার লেবার, কিছু করা হয়নি? আইন করা হয়েছে। মিনিমাম ওয়েজ ফিক্স করা হয়েছে ৮ টাকা ১০ পয়সা। এখন পাওয়া উচিত আমাদের হিসাব মতো ৯ টাকা ৩ পয়সা। কিন্তু তারা তা পায় না। হাইকোর্টে অনেকগুলো মামলা করা হয়েছে, ইঞ্জাংশন দেওয়া হয়েছে। সেই ইঞ্জাংশন থাকলে গভর্নমেন্ট অপারেট করতে পারে না, যতই ইন্সপেক্টার নিয়োগ করুন। কিন্তু সেখানকার এগ্রিকালচার লেবাররা যদি আন্দোলন করে তাহলে তাদের গভর্নমেন্ট সমর্থন করতে পারে কারণ ইঞ্জাংশন অন দি গভর্নমেন্ট বাট ইঞ্জাংশন নট অন দি ওয়ার্কার্স! আমি জয়নাল আবেদিন সাহেবকে এবং আর যারা বললেন তাদের, যে সমস্ত শ্রমিক সংগঠন আছে যে সমস্ত কৃষক সভা আছে তারা মিলিতভাবে এগ্রিকালচার লেবারদের ন্যায্য দাবি আদায় করার জন্য আন্দোলন করুন, আমরা তা সমর্থন করব আমি সমর্থন কর~ এটা বলতে পারি এর বেশি কিছু বলতে পারি না। এখন বাধা দিচ্ছেন যারা, তারা হচ্ছে' জোতদার শ্রেণীর লোক। এই জোতদার শ্রেণীর লোকেদের বিরুদ্ধে কংগ্রেস আই এবং কংগ্রেস ইউ আন্দোলন করতে পারেন, এই বিশ্বাস আমার নেই। তা সত্ত্বেও যদি তারা এই শ্রেণীর বিরুদ্ধে আন্দোলন করেন তাহলে আমি সমর্থন করব। আর একটা কথা জয়নাল আবেদিন সাহেব তুলেছেন। আমি বলি ওদের একটা সংগঠন আছে আই. এন. টি. ইউ. সি. (আই) আবার একটা হয়েছে আই. এন. টি. ইউ. সি. (ইউ)। ওরা বলছেন আমাদের ঐ দুটো সংগঠন আমরা মিলিত হয়ে গেছি। কিন্তু কয়েক জায়গায় আবার ওরা বলছেন, এই দুটো সংগঠন আমরা মিলিত হয়নি।

[5-35 — 5-45 p.m.]

আমাদের নামটা দিয়েছেন, কিন্তু মেলেনি। আমি কি করব বলুন—আমি তো আর মেলাতে পারি না। কংগ্রেস আই (১) এবং কংগ্রেসে আই (২)-কে তো আমি মেলাতে পারি না। ওরা যদি মেলেন তাহলে তো ওদেরই প্রতিনিধি আছেন আই. এন. টি. ইউ. সি.-র সৌগত রায় এবং আপনাদেরই প্রাক্তন শ্রমমন্ত্রী। তারা তো আমার কাছে এসেছিলেন। আমি বলেছি আপনারা যে মেম্বারশিপ লিস্ট দিয়েছেন তা খুব কম, কিন্তু তাসত্ত্বেও বিবেচনা করব। তার জন্য তো সময় লাগবে, আজকেই তো বলা যায় না। আপনারা দয়া করে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বলে যে ইনফরমেশন ডকুমেন্ট বেরিয়েছে সেটা একটু পড়ুন। তাতে প্রকৃত ঘটনা আছে, বিকৃত কিছু নেই। আমরা এই কথা বলেছি লক আউট, স্ট্রাইক, ক্লোজার অনেক কমেছে। ক্লোজার সম্পর্কে তো আইন আছে। ভোলানাথ সেন মহাশয় তো এখানে বসে আছেন তিনি তো হাইকোর্টে অনেক কেস করেন। উনি তো জানেন মালিক যদি ক্লোজার ডিক্লেয়ার করেন তাহলে সুপ্রিম কোর্টের ডিসিসন হচ্ছে তাকে চ্যালেঞ্জ করা যায় না। তাহলে শ্রম দপ্তর কি করবে? আইন যদি মালিকের পক্ষে হয় তাহলে শ্রম দপ্তর কি করবে? ন্যায্য শ্রমিক আন্দোলনকে দমন করার জন্য কোথাও পুলিশ নিয়োগ হয়েছে? আজকে আমি জোর করে এই কথা বলতে পারি যে কোথাও পুলিশ নিয়োগ করা হয়নি। তবে নতুন কিছু ঘটনা শুরু হয়েছে, সেটা আমি একটু বলতে চাই। আই. এন. টি. ইউ. সি.-(১) এর পক্ষ থেকে তাদের সমর্থক লোকদের দ্বারা বিভিন্ন মিল বা কয়েকটি মিলে গুন্ডামি শুরু হয়েছে। একটি

জুট মিলে আই. এন. টি. ইউ. সি.-(১) বলে যারা পরিচিত তাদের লোকেরা মিলের মধ্যে ঢুকে একজন অফিসারকে হত্যা করেছে। পি. কে. কানোড়িয়া মিল, রিলায়েন্স জুট মিল যেটা, সেখানে পুলিশ দেওয়া হবে কিনা—ওখানে ন্যায় সঙ্গত আন্দোলন হবে কি হবে না—যেখানে ন্যায় সঙ্গত ট্রেড ইউনিয়নের নামে গুন্ডামি হবে সেখানে নিশ্চয় পুলিশ দেব—পুলিশ দেওয়া দরকার, সময়মতো পুলিশ থাকা দরকার। নৈহাটি জুট মিলের একজন অফিসারকে হত্যা করতে গিয়েছিল। সে পালিয়ে বেঁচেছে। কিন্তু একজন সিকিউরিটি স্টাফের থাই (পা) বল্লম দিয়ে আঘাত করা হয়েছে। আমি জিজ্ঞাসা করব আপনারা এই আন্দোলন সমর্থন করেন? ক্রমশ ডেনজার বাড়ছে। কালকেই খবর পেলাম বজবজে একটি মিটিং হচ্ছিল আই. এন. টি. ইউ. সি.-র আর একটি অংশের। সেই মিটিং করতে দেওয়া হয়নি, ভেঙ্গে দেওয়া হয়েছে। আই. এন. টি. ইউ. সি.-(১) নেতা নয়, আই. এন. টি. ইউ. সি.-(২)-র নেতাকে খুব মেরেছে। তার নাম হচ্ছে শিশির গাঙ্গুলি। তিনি আমাদের লোক নন, সি. পি. এম.-এর লোক নন। যদি গণতান্ত্রিক ন্যায় সঙ্গত দাবি দাওয়া মানতে চান, যদি গণতান্ত্রিক আন্দোলন সমর্থন করতে চান তাহলে শিশির গাঙ্গুলিকে মারার দরকার কি?

তাদের কথা তাদের বলতে দিন, আপনাদের কথা আপনারা বলুন। সুতরাং আমি এটা বলতে চাই ন্যায়সঙ্গত দমন করার জন্য পুলিশ নিয়োগ করা হয়নি, হয়নি বলেই মালিকরা কম্প্রোমাইজিং ইন মুড যদি এই সমস্ত ন্যায়সঙ্গত আন্দোলন দমন করার জন্য পুলিশ নিয়োগ করা হ'ত তাহলে চটকলে এগ্রিমেন্ট হ'ত না, চা বাগানের শ্রমিকদের ব্যাপারে এগ্রিমেন্ট হ'ত না, ইঞ্জিনিয়ারিং শিল্পে এগ্রিমেন্ট হ'ত না, এবারে যে ভাবে বোনাস এগ্রিমেন্ট হয়েছে সেটা হ'ত না বা সর্বোপরি যে ভাবে মাহিনা বেড়েছে সেইভাবে বাড়ত না। বহু জায়গায় মাহিনা বেড়েছে, এমন কি ছোট ছোট কারখানাতেও মাহিনা বেড়েছে। ইঞ্জিনিয়ারিং শিল্পে যে সমস্ত ছোট ছোট কারখানা আছে, যেখানে ৫০ জনেরও কম লোক কাজ করেন সেখানে প্রায় ১০/১৫ বছর ধরে তাদের বেতন বাড়েনি। এবারে তাদের মিনিমাম ওয়েজেস অ্যাক্টের আওতায় এনে তাদের একটা বেতন স্থির করা হয়েছে। আমি জানি না মালিকরা এর বিরুদ্ধে হাইকোর্টে যাবেন কিনা। এখন এই কাজ যদি করা হয় এবং আপনারা যদি এই কাজে সমর্থন করেন তাহলে শ্রমিক অসন্তোষ বাড়বে এবং সেই ধরনের অসন্তোষের জন্য যদি তারা সংগঠিত আন্দোলন করেন তাহলে নিশ্চয় আমরা সেই আন্দোলন সমর্থন করব। ই. এস. আই. সম্পর্কে কিছু কথা উঠেছে। আমি এটা বলতে চাই যে আগের তুলনায় ই. এস. আই.-এ খানিকটা উন্নতি হয়েছে কিন্তু তা সত্ত্বেও বলব ই. এস. আই.-এ এখনও অনেক গলদ আছে, সেই গলদ রিমুভ করতে হবে। প্যানেল সিস্টেম অব ট্রিটমেন্ট এবং সার্ভিস সিস্টেম অব ট্রিটমেন্টের ভেতরে আমি নিজে মাদ্রাজ টাউনে গিয়ে দেখেছি সার্ভিস সিস্টেম অব ডিসপেন্সারি অনেক ভাল। এখানে অনেকে আছেন যারা এটার বিরোধিতা করেছেন। আমরা রোগীর খাদ্যের ব্যাপারে কোনও সীমা নির্ধারণ করিনি, ৩ টাকা লাগুক বা ৪ টাকা লাগুক বা ১০/২০ টাকাই লাগুক ডাক্তাররা যা বলবেন তাই দেওয়া হবে। অপারেশনের জন্য যদি রক্তের প্রয়োজন হয় তাহলে সেই রক্তও দেওয়া হবে। আমাদের ব্লাড ব্যাঙ্ক শুরু হয়েছে কিন্তু সেখানে পর্যাপ্ত পরিমাণে রক্ত নেই। রক্তের ব্যাপারে আগে বলা হ'ত তোমাকে রক্ত এনে দিতে হবে কিন্তু আমাদের বামফ্রন্ট সরকার বলছেন, শ্রমিকরা যখন ই. এস. আই. ফান্ডে

কন্ট্রিবিউট করছেন এবং সেই সাথে মালিকরা করছেন তখন সেই রক্ত আমাদেরই কিনে দিতে হবে। প্রত্যেক হাসপাতালে নির্দেশ দেওয়া হয়েছে সেই রক্ত আপনারাই কিনে দেবেন। সুতরাং খানিকটা ইম্প্রুভমেন্ট হয়েছে। প্রত্যেকটি হাসপাতালে একটি করে আমি কমিটি করতে চাই যেমন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ক্ষেত্রে করা হয়েছে। অবশ্য এক আধটা জায়গায় করা হয়নি। তারপর গাফিলতি এবং দুর্নীতির কথা বলা হয়েছে। দুর্নীতি, গাফিলতি এত আমাদের আমলে সৃষ্টি হয়নি। যারা আজকে আমাদের সমালোচনা করছেন তারা একবার নিজেদের চেহারার দিকে তাকিয়ে দেখুন যে কি পরিমাণে দুর্নীতি এবং গাফিলতি আপনারা সৃষ্টি করে গিয়েছেন। আমরা এ ক্ষেত্রে পরিবর্তন করার চেষ্টা করছি এবং তারজন্য আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কমিটি করেছি। পাবলিক কমিটি-এম. এল. এদের নিয়ে এবং বিভিন্ন পাবলিককে নিয়ে এই কমিটি করা হয়েছে। সেখানে যে নামগুলি পাঠানো হবে সেই নামগুলি ওখানে টাঙ্গিয়ে দেওয়া হবে যাতে পরিষ্কার বোঝা যায় অ্যাকর্ডিং টু সিনিয়রিটি সেখানে নাম দেওয়া হয়েছে কিনা এগুলি আমরা করেছি। গত ৩/৩।। বছর ধরে এইভাবে আমরা শ্রমিকদের সাহায্য করার চেষ্টা করেছি এবং আগামী দিনের সেই ভাবে তাদের সাহায্য করার চেষ্টা করব। পরিশেষে আমি শুধু এইটুকু বলতে চাই যে কংগ্রেসের পক্ষ থেকে মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ মহাশয় যে বক্তৃতা দিয়েছেন সেটা বক্তৃতাই নয়। কোনও রেসপন্সিবল মেম্বার এই ধরনের বক্তৃতা দিতে পারেন এটা কল্পনা করতে পারিনি।

[5-45 — 5-55 p.m.]

ছোটবেলায় একটা গল্প শুনেছিলাম। তার মর্ম কথা ছিল, ইগনোরেন্স ইজ দি ব্লেসিং অব গড। তা সুনীতিবাবু সেই ব্লেসিং অব গড পেয়েছেন। সে জন্য তিনি যা বলছেন সেটা সম্পূর্ণ ইগনোরেবল। তিনি কিছু জানেন না। ফলে সেই সম্পর্কে মন্তব্য করার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আজকের দিনে শ্রমিক শ্রেণীর সামনে সমস্যা হচ্ছে ক্রমশ জিনিস পত্রের দাম বাড়ছে এবং বাড়ছে। যে বাজেটে, যে ফিসক্যাল পলিসি, যে মূল্যনীত, যে অর্থনীতি চালু করা হয়েছে অন ডেফিসিট ফিনান্সিং, সেই অর্থনীতি চালু থাকলে জিনিস পত্রের দাম বাড়বে, এটা কেউ রোধ করতে পারবে না এবং তাকে বন্ধ করার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী যে বারবার ঘোষণা করছেন, স্ট্রাইক, ধর্মঘট বে-আইনি ঘোষণা করতে হবে, বিভিন্ন জায়গায় মজুরি ফ্রিজ করতে হবে—যেমন করা হচ্ছে এল. আই. সি.-তে এবং ব্যাঙ্কেও বোধ হয় করা হবে। লোকো রানিং স্টাফের আন্দোলনকে যে ভাবে ভেঙ্গে দেওয়া হয়েছে, যে আক্রমণ করা হচ্ছে, এগুলি হচ্ছে আগামী দিনে ওরা কি করতে চান, স্বৈরতান্ত্রিক শক্তি কি করতে চায় তার প্রমাণ। সেদিকে তারা যাচ্ছেন। গণতান্ত্রিক শক্তির কণ্ঠ রোধ কর, স্বৈরতান্ত্রিক শক্তি প্রতিষ্ঠা কর। আমি এই কথা বলতে চাই যে সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষ কংগ্রেসের এই নীতিকে বিরোধিতা করুন। এই কথা বলে আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার ব্যয় বরাদ্দ সমর্থনের জন্য আপনাদের সামনে পেশ করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The cut motion in the name of Shri Kiranmay Nanda is not moved as he is not present in the House.

The motion that the demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Shri Krishna Pada Ghosh that a sum of Rs. 6,06,97,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287—Labour and Employment", was then put and agreed to.

**Demand No. 46**

**Major Head : 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to to move that a sum of Rs. 61,02,92,000 be granted for expenditure under Demand No. 46. Major Head : "288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)".

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের সুপারিশ ক্রমে আমি ৪৬ সংখ্যার দাবি, মুখ্যখাত ২৮৮—সোশ্যাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার (এক্সক্লুডিং সিভিল সাপ্লাইস, রিলিফ অ্যান্ড রিহ্‌বিলাইটেলন অফ ডিসপ্লেসড পার্সন্স অ্যান্ড ওয়েলফেয়ার অফ শিডিউল্ড কাস্টস, শিডিউল্ড ট্রাইবস অ্যান্ড আদার ব্যাকোয়ার্ড ক্লাসেস) ; এই খাতের অধীন ১৯৮১-৮২ সালের ব্যয় বরাদ্দের জন্য ৬১,০২,৯২,০০০ টাকা মঞ্জুর হোক, এই প্রস্তাব রাখছি।

এই প্রস্তাবের মধ্যে ত্রাণ ও কল্যাণ বিভাগের কল্যাণ শাখার জন্য মোট ১১,৭২,৫৫,০০০ টাকার বরাদ্দ চাওয়া হচ্ছে। এ-সম্পর্কে আমাদের কল্যাণ শাখার ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি একটি বিবৃতি পেশ করেছেন এবং বিতর্কের পরে তার জবাবে তিনি আরও কিছু বলবেন।

Speech of Smt. Nirupama Chatterjee, Minister of State, Social welfare Deptt. was laid on the table.

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ**

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

উন্নয়ন ও পরিকল্পনা মন্ত্রী যে ৪৬ নং অনুদানের ব্যয়বরাদ্দ মঞ্জুরির জন্য উপস্থাপিত করেছেন তার মধ্যে ত্রাণ ও কল্যাণ বিভাগের কল্যাণ শাখার জন্য মোট ১১,৭২,৫৫,০০০ টাকার বরাদ্দ চাওয়া হয়েছে। এর মধ্যে পরিকল্পনা খাতে ৩,৫০,০০,০০০ টাকা (১,৯০,০০,০০০ টাকা শিশুপুষ্টি প্রকল্প বাবদ এবং ১,৬০,০০,০০০ টাকা অন্যান্য প্রকল্প বাবদ) এবং পরিকল্পনা বহির্ভূত খাতে মোট ৮,২২,৫৫,০০০ টাকার ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে। শেষোক্ত খাতে সেন্ট্রাল

সেক্টর (কমিটেড সহ) প্রকল্প বাবদ ১১,৬০,০০০ টাকা ও সেন্ট্রাল স্পনসর্ড (কমিটেড সহ) প্রকল্প বাবদ ৯৮,০০,০০০ টাকা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কল্যাণ শাখার কার্যাবলী সম্বন্ধে বলতে গেলে প্রথমেই বলা প্রয়োজন যে, ১৯৮১ সালকে রাষ্ট্রসংঘ আন্তর্জাতিক প্রতিবন্ধী বর্ষ হিসাবে চিহ্নিত করেছেন। পশ্চিমবঙ্গ সরকারও এই বর্ষটিকে যথাযথভাবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই উদ্দেশ্যে মাননীয় রাজ্যপালের সভাপতিত্বে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে। সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে। প্রতিবন্ধিদের জন্য আমরা নিম্নলিখিত প্রকল্পগুলি চালু করেছি ঃ

(১) অক্ষম ভাতা (ডিসএবিলিটি পেনশন)—এই প্রকল্প অনুযায়ী প্রায় ২,৮০০ অক্ষম ব্যক্তি মাসিক ৩০ টাকা হারে পেনশন পান।

(২) ছাত্রবৃত্তি—এই প্রকল্প অনুযায়ী অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত ছাত্রছাত্রীরা ২৫ টাকা থেকে ৩০ টাকা বৃত্তি পায়। নবম বা তদূর্ধ্ব শ্রেণীতে পাঠরত ছাত্রছাত্রীরা শিক্ষা বিভাগ থেকে এই বৃত্তি পেয়ে থাকেন।

(৩) সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বেসরকারি আবাসের মাধ্যমে মূক-বধির, অন্ধ ও মানসিক বিকারগ্রস্তদের প্রতিষ্ঠান-নির্ভর সাহায্য দেওয়া হয়।

(৪) পঙ্গু ব্যক্তিদের কর্মে উৎসাহদানের উদ্দেশ্যে রাজ্য সরকার রাজ্য স্তরে পুরস্কার প্রদান ক'রে থাকেন। এই প্রকল্প অনুযায়ী পঙ্গু মানসিক জড়বুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের নিয়োগকর্তা ও ঐরূপ কর্মিদের পুরস্কারের ব্যবস্থা আছে।

(৫) অর্থনৈতিক পুনর্বাসন প্রকল্প—এই প্রকল্প অনুযায়ী ৪০০ জন পঙ্গু ব্যক্তি স্বনির্ভর হবার জন্য প্রত্যেককে ১,০০০ টাকা ক'রে সরকারি সাহায্য পান।

(৬) সরকারি দপ্তরের শতকরা ২ ভাগ পদ প্রতিবন্ধীদের দ্বারা পূরণের নির্দেশনামা জারি আছে।

(৭) প্রতিবন্ধীদের উচ্চ শিক্ষার ক্ষেত্রে যোগ্যতানুসারে ডাক্তারি ও ইঞ্জিনিয়ারিং পাঠ্যক্রমে একজন ক'রে প্রতিবন্ধী ছাত্র ভর্তির ব্যবস্থা করা হচ্ছে।

(৮) প্রতিবন্ধীদের চলাচলে সুবিধার জন্য এবং শারীরিক ক্ষমতা বৃদ্ধির জন্য সহায়ক যন্ত্রপাতি দেওয়া হয়।

প্রতিবন্ধীদের সমস্যা সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন ক'রে তোলার জন্য রাজ্যস্তরে ইতিমধ্যেই আলোচনা-সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা স্তরে এবং ব্লক-স্তরেও এই আলোচনা অনুষ্ঠিত হবে। পরবর্তী কার্যক্রমে প্রতিবন্ধীদের বৃত্তিমূলক শিক্ষণের জন্য একটি কর্মশিক্ষণ কেন্দ্র (ওয়ার্কশপ) স্থাপন করা হবে।

শিশুপুষ্টি প্রকল্পে ০-৬ বৎসর বয়স্ক শিশু, আসন্নপ্রসবা ও প্রসূতি মায়েদের পুষ্টিকর খাদ্য বিতরণ করা হয়। বর্তমানে এই প্রকল্পের আওতায় ১৯.২৭ লক্ষ জন উপকৃত হচ্ছেন।

বর্তমানে শিশুদের সর্বাঙ্গীণ উন্নতির জন্য এ রাজ্যে ১০টি সার্বিক শিশু-উন্নয়ন প্রকল্প (আই. সি. ডি. এস.) চালু আছে। এর মধ্যে ৯টি সেন্ট্রাল সেক্টরে এবং একটি স্টেট সেক্টরে। এ ছাড়া চলতি আর্থিক বৎসরে অতিরিক্ত ৯টি (৪টি সেন্ট্রাল সেক্টরে এবং ৫টি স্টেট সেক্টরে) প্রকল্প অনুমোদন করা হয়েছে। এই প্রকল্পের আওতায় ১.৯০ লক্ষ জনকে আনা হয়েছে।

১৯৮১-৮২ সালে অতিরিক্ত ৮টি সার্বিক শিশু-উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হবে। এই প্রকল্পগুলির আওতায় অতিরিক্ত ৮০,০০০ জনকে আনা যাবে।

এ ছাড়া বিগত ভয়ঙ্করী বন্যার পরে যে মাতা ও শিশুপুষ্টি প্রকল্প করা হয়েছিল তা এখনও রাজ্য সরকারের আর্থিক সহায়তায় চলছে। 'কেয়া'র প্রতিষ্ঠানের সহায়তায় ১৫টি ব্লকে গুদাম নির্মাণকার্য চলছে।

পশ্চিমবঙ্গ শিশু আইন, ১৯৫৯, রাজ্যের সর্বত্র চালু করা হয়েছে। এজন্য আরও শিশু আদালত ও অপরাপর আনুষঙ্গিক আবাস প্রয়োজন। লবণ হ্রদে ৫০০ জনের উপযোগী একটি রিমান্ড হোম তৈরি করা হচ্ছে।

দুঃস্থ শিশুদের জন্য দিঘাতে একটি অবকাশ ভবন তৈরি হচ্ছে। এটি তৈরি করতে আনুমানিক ৭ লক্ষ টাকা খরচ হবে। এই বিভাগের আর্থিক আনুকূল্যে পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদ এটি রূপায়িত করবেন।

সাহসিকতার স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের একটি প্রকল্প চালু করা হয়েছে।

প্রতি বৎসর বালোয়াদি কেন্দ্রের সংখ্যা উত্তরোত্তর বেড়ে চলেছে। বর্তমানে এরূপ ৭৪টি কেন্দ্র চালু আছে। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা ও পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদের মাধ্যমে এগুলি চালানো হয়।

আবাস নির্মাণ সময় ও ব্যয় সাপেক্ষ। তাই দুঃস্থ ছেলেমেয়েরা যাতে অভিভাবকদের কাছ থেকেই লেখাপড়া শিখতে পারে ও মানুষ হতে পারে তার জন্য আমরা এ বৎসর একটি প্রকল্প চালু করেছি। এই প্রকল্প অনুযায়ী ৪,০০০টি ছেলে মাসিক ৩০ টাকা হিসাবে বৃত্তি পাচ্ছে।

বহরমপুরে অবস্থিত বোরস্টাল স্কুলের আঙ্গিনায় কয়েকটি উৎপাদন ও প্রশিক্ষণ কেন্দ্র এই বৎসরে চালু করা হয়েছে। সরকারি আবাসস্থিত ছেলেরা এই কেন্দ্রগুলিতে বিভিন্ন বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করছে। এই শিক্ষা তাদের ভবিষ্যতে স্বনির্ভর হতে সাহায্য করবে।

বহরমপুরের ৩টি সরকারি ভবনে আর একটি নূতন পরিকল্পনা চালু করা হয়েছে। এই প্রকল্প অনুযায়ী আবাস থেকে মুক্তির সময় ছেলেদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য প্রত্যেককে ১,০০০ টাকা অনুদান দেওয়া হয়।

রাষ্ট্রসংঘ ১৯৭৫-৮৫-কে আন্তর্জাতিক নারী দশক হিসাবে চিহ্নিত করেছেন। ভারতবর্ষ রাষ্ট্রসঙ্ঘের অন্যতম সদস্য হিসাবে এই দশক যথাযথভাবে পালনে উদ্যোগী হয়েছেন। পশ্চিমবঙ্গ সরকারও এ জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন।

বিধবা ভাতা প্রকল্পে প্রাপকের সংখ্যা ৪,০০০ হতে বৃদ্ধি ক'রে এ বৎসর ৬,০০০ করা হয়েছে। এদের প্রত্যেকে মাসিক ৩০ টাকা হারে ভাতা পান। বর্তমান বৎসরে এ বাবদ বরাদ্দ ছিল ১২ লক্ষ টাকা। আগামী বছরে রাখা হয়েছে ২২ লক্ষ টাকা।

১৯৮০-৮১ সালে অতিরিক্ত ৩১টি সূচি ও সীবন শিল্প প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। এই নিয়ে এরূপ কেন্দ্রের মোট সংখ্যা দাঁড়াল ৭৬। এ বছর এ বাবদ ১৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছিল। আগামী বছর থাকছে ২৮ লক্ষ টাকা।

দুঃস্থ মহিলাদের জন্য নদীয়া জেলার কৃষ্ণনগরে একটি আবাস স্থাপন করার সিদ্ধান্ত হয়েছে। এ বাবদ এ পর্যন্ত আমরা মোট ৭ লক্ষ টাকা মঞ্জুর করেছি। আবাস ভবনটি তৈরি করতে ব্যয় হবে আনুমানিক ১৬.৮৯ লক্ষ টাকা।

বর্তমানে সরকারি সহায়তায় বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৩টি নারী কর্মী হোস্টেল চালু আছে। আসানসোল শহরের জন্য এরূপ আর একটি হোস্টেল স্থাপন অনুমোদন করা হয়েছে। এটি আসানসোল মিউনিসিপ্যালিটি দ্বারা পরিচালিত হবে। অল বেঙ্গল উইমেন্স ইউনিয়ন দ্বারা পরিচালিত বর্তমান হোস্টেলটির সরকারি সহায়তায় বিস্তৃতির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কলকাতার সল্ট লেক এলাকায় এরূপ আর একটি হোস্টেল স্থাপিত হবে যেটি পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদের মাধ্যমে পরিচালিত হবে। এজন্য এক খন্ড জমিও যোগাড় করা হয়েছে।

বৃদ্ধ মহিলাদের জন্য ১২,১৮,৭০৩ টাকা ব্যয়ে সাউথ গড়িয়াতে একটি আবাস স্থাপন অনুমোদন করা হয়েছে। এ বৎসর এ বাবদ ২.৫০ লক্ষ টাকার বরাদ্দ অনুমোদন করা হয়েছে। আগামী বছরের জন্যও সমপরিমাণ অর্থের সংস্থান রাখা হয়েছে।

সীমান্ত এলাকার দুঃস্থ মহিলা ও শিশুদের কল্যাণকল্পে ২৩টি নূতন বর্ডার এরিয়া প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পগুলি পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদ মারফৎ পরিচালিত হয়। ১৯৮১-৮২ সালে আরও ১০টি এরূপ প্রকল্প চালু করা যাবে বলে আশা করা যাচ্ছে। বর্তমান বৎসরে এ বাবদ ২ লক্ষ টাকার সংস্থান ছিল। আগামী বৎসরের জন্য ৩.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

এ রাজ্যে বিভিন্ন সমস্যার মধ্যে ভিক্ষুক-সমস্যাও তীব্র। ভিক্ষাবৃত্তি নিরোধের জন্য বেঙ্গল ভ্যাগ্রান্সি অ্যাক্ট, ১৯৪৩, অনুযায়ী ৯টি ভিক্ষুকাবাস স্থাপন করা হয়েছে। এই আবাসগুলিতে ২,৩০০ জনকে রাখার সংস্থান আছে। এই আবাসগুলির মধ্যে ৫টি আবাসে ভিক্ষুকরা হাতের কাজ শিখে শিল্পোৎপাদনে সাহায্য করছেন। এ ছাড়া কলকাতা ও সন্নিহিত অঞ্চলে ৫টি ইউনিট চালু আছে। এখানে বস্তিবাসী ছেলেমেয়েরা বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করে।

সুন্দরবন হতে আগত কলকাতার ফুটপাথবাসীদের জন্য রাজ্য সরকারের সহায়তায় লুথেরান ওয়ার্ল্ড সার্ভিস সুন্দরবন এলাকায় পুনর্বাসনের একটি প্রকল্প গ্রহণ করেছেন। এই প্রকল্প অনুযায়ী কলকাতার ফুটপাথবাসীরা তাদের নিজেদের এলাকায় পুনর্বাসিত হবেন।

বর্তমান সমাজব্যবস্থায় সমাজ-কল্যাণমূলক কাজে স্বেচ্ছাসেবী সংস্থাগুলির ভূমিকা মোটেই উপেক্ষণীয় নয়, কিন্তু আমাদের দেশে বহু স্বেচ্ছাসেবী সংস্থা আর্থিক অনটনের জন্য ঠিকমতো সমাজ-কল্যানমূলক কাজে অগ্রণী হতে সক্ষম হন না। সমাজ-কল্যাণমূলক কাজের ক্ষেত্রে যাতে আর্থিক অসচ্ছলতা প্রতিবন্ধকতার সৃষ্টি করতে না পারে তার জন্য আমরা বিশেষভাবে নির্বাচিত কতকগুলি স্বেচ্ছাসেবী সংস্থাকে আর্থিক অনুদান দিয়ে থাকি। বিভিন্ন বৃত্তিমূলক কাজে শিক্ষাদান করে দুঃস্থ ছেলেমেয়েদের অর্থনৈতিক পুনর্বাসন সাহায্য করা পিতৃ-মাতৃ-হীন দুঃস্থ ছেলেমেয়েদের আশ্রয়দান ক'রে তাদের ভরণপোষণ ও সাধারণ এবং বৃত্তিমূলক শিক্ষাদানের ব্যবস্থা করা সাময়িক বিপদগামী মেয়েদের সুস্থ সমাজজীবনে ফিরিয়ে আনা এবং অবহেলিত ও বঞ্চিতদের সামাজিক নিরাপত্তা দান করাকেই এই সমস্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ব্রত ব'লে গ্রহণ করেছে। এ বছর এ বাবদ বাজেটে ২০.২০ লক্ষ টাকার সংস্থান ছিল। আগামী বছরে ২২.৭৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের হাতে ক্ষমতা সীমিত। এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে সমস্ত সমস্যার সমাধান এত অল্প সময়ে সম্ভব নয়। তবে আমি বিশ্বাস করি মেহনতি মানুষের সহায়তায় জনগণের সজাগ দৃষ্টিকে সম্বল ক'রে আমরা আমাদের লক্ষ্যে এগিয়ে যাব দৃঢ় পদক্ষেপে। আমি আরও বিশ্বাস রাখি পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির নির্বাচিত জনপ্রতিনিধিদের সহায়তায় প্রতিবন্ধী, অবহেলিত শিশু ও দুঃস্থ মহিলাদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচি রূপায়িত করতে সমর্থ হব।

**শ্রী নবকুমার রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার মহোদয়, মাননীয়া শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি মন্ত্রী মহোদয়া যে বক্তব্য আমাদের সামনে রেখেছেন তার কিছু সমালোচনা না করে আমি পারছি না। ভেবেছিলাম অবলা নারী, মহিলা মন্ত্রীর বাজেটকে সমর্থন করে ছেড়ে দেব। কিন্তু তিনি যে বক্তব্য রেখেছেন তাতে তাকে আমি সমর্থন করতে পারছি না। তিনি বিধবা ভাতা নিয়ে কিছু বক্তব্য এখানে রেখেছেন, কিছু টাকা বিধবাদের মধ্যে বিতরণ করেছেন এবং আরও বেশি টাকা চেয়েছেন। আমি তাকে পরিষ্কার করে জানিয়ে দিতে চাই যে, আমরা বিগত দিনে দেখেছি অসহায় নিরুপায় বিধবাদের ভাতার টাকা নিয়ে রাজনীতি হয়েছে। এখানে বলা হয়েছিল প্রত্যেক ব্লকে এক-জন করে বিধবাকে ভাতা দেওয়া হবে। প্রতি ব্লকে হাজার হাজার বিধবা আছে, তার মধ্যে থেকে এক জনকে ভাতা দেওয়া হচ্ছে। আমরা দেখেছি এক একটি গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে ২০/৩০/৪০ জন নিরুপায় অসহায় বিধবার দরখাস্ত গিয়েছে। সেখানে সিলেকশন কিভাবে হয়েছে? যারা বিধবা ভাতা পাচ্ছেন তারা নিরুপায় অসহায় ঠিকই, কিন্তু যারা দরখাস্ত করেছিলেন তারা সকলেই নিরুপায় এবং অসহায়। আমরা ভেবেছিলাম এ বিষয়ে একটা কমিটি হবে সেই কমিটি সিলেকশন করবে এবং সেই কমিটির মধ্যে সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের লোকরা থাকবেন, তারা বিবেচনা করে সব দিক দেখে প্রকৃত অসহায় এবং নিরুপায় বিধবাকে এই ভাতা দেওয়ার জন্য সিলেক্ট করবেন। প্রথমে কার পাওয়া উচিত, সেটা তারা ঠিক করে দেবেন। কিন্তু কার্যক্ষেত্রে তা হল না। সর্বত্র আমরা দেখছি সি. পি. এম. দলের প্রভাবশালী কর্মিদের সদস্যদের মনোনীত বিধবা ভদ্র মহিলারাই কেবল বিধবা ভাতা পেয়েছেন। আমার এখানে প্রশ্ন হচ্ছে দেশের বাকি বিধবারা কি অসহায়,

নিরুপায় নয়? মাননীয় মন্ত্রী মহোদয়া হয়ত তার জবাবি ভাষণে বলবেন যে, টাকা কম তাই সবাইকে দেওয়া যাচ্ছে না, ব্লক প্রতি বা গ্রাম পঞ্চায়েত প্রতি একজনকে দেওয়া হচ্ছে, বেশি দেবার সঙ্গতি আমাদের নেই। কিন্তু আমি বলতে চাই একজনকে দিয়ে অন্যান্য সত্যিকারের নিরুপায় অসহায় বিধবাদের বঞ্চিত করার অধিকার আপনাদের নেই। সবাইকে বঞ্চিত করে একজনকে ভাতা দেবার অধিকার আপনাদের নেই। তা ছাড়া সি. পি. এম. বা বামফ্রন্টের প্রভাবশালী কর্মিদের, সদস্যদের আত্মীয়া বিধবারাই শুধু আজকে এই ভাতা পাচ্ছে। এসব বিষয়ে মাননীয়া মন্ত্রী মহোদয়া নিশ্চয়ই অবগত আছেন।

শিশু কল্যাণ সম্পর্কে বাজেটে বেশ ভাল টাকা রাখা হয়েছে। যে সমস্ত শিশুসদন বা শিশু প্রতিষ্ঠানগুলি রয়েছে সেগুলিতে কি ধরনের কাজ হচ্ছে, তার একটা উদাহরণ আমি দিচ্ছি, আমাদের রায়গঞ্জে একটি শিশু সদন হয়েছে, সেখানে অদ্ভুত সব কান্ড-কারখানা চলছে। সেখানে প্রকৃত গরিব শিশুরা স্থান পায়নি। সেখানে সি. পি. এম.-এর প্রভাবশালী সমস্ত লোকেদের রেকমেন্ডেশন অনুযায়ী শিশুদের ভর্তি করা হচ্ছে। যে সমস্ত অসহায় শিশুরা রাস্তায় পড়ে থাকে, যাদের মা-বাবা নেই বা যে সমস্ত শিশুরা ছোট ছোট দোকানে কাজ করে, বাড়ি ঘর নেই, তারা সেখানে স্থান পায়নি। মাননীয়া মন্ত্রী মহাশয়া জানেন যে, যে সমস্ত শিশুরা শিশু সদনে আছে তাদের জন্য যে পরিমাণ টাকা ব্যয় করার কথা, তাও ব্যয় করা হচ্ছে না। শিশু সদন পরিচালনার জন্য যে কমিটি করা হয়েছে, তাতে কেবল মাত্র সি. পি. এম. দলের প্রভাবশালী ব্যক্তিরাই রয়েছেন। মহিলা মন্ত্রীর নিশ্চয়ই শিশুদের প্রতি দরদ আছে, তিনি নিশ্চয়ই অনুভব করেন যে, ক্লাস সিক্স, সেভেন, এইট, নাইন বা টেনের ছেলেদের যদি দিনের বেলা ১০০ গ্রাম চালের ভাত দেওয়া হয় এবং রাতে দু খানা রুটি খেতে দেওয়া হয় তাহলে তা খেয়ে তারা বেঁচে থাকতে পারে না। এই পরিমাণ আহার খেয়ে একটি নাইন বা টেনের ছেলের পক্ষে স্কুলে গিয়ে লেখা-পড়া করা সম্ভব নয়। ১০০ গ্রাম চালের ভাত খেয়ে স্কুল করা যেমন সম্ভব নয়, তেমন আবার রাতে দু'খানা মাত্র রুটি তাদের পক্ষে রাত কাটানো সম্ভব নয়। উনি হয়ত এটা স্বীকার করে নিয়ে বলবেন যে, আমাদের সীমিত ক্ষমতার মধ্যে এর চেয়ে বেশি দেওয়া সম্ভব নয়। তাহলে আমি বলব যে, যে-পরিমাণ ফান্ড আপনাদের পারমিট করছে সেই পরিমাণ ছেলে ভর্তি করুন এবং তাদের উপযুক্ত পরিমাণ খাদ্য দিন।

[5-55 — 6-05 p.m.]

যাদের আপনারা ভর্তি করছেন তারা যাতে বলিষ্ঠভাবে সুন্দর স্বাস্থ্য নিয়ে লেখাপড়া করতে পারে তার ব্যবস্থা করুন, খেয়ে-পরে বেঁচে থাকতে পারে তার ব্যবস্থা করুন। যেসব ছেলেদের ভর্তি করেন তাদেরকে পেট ভরে খেতে দিতে পারে না। রাত্রিবেলা দুটো রুটি খেয়ে তাদের জীবন ধারণ করতে হয়। এই খাদ্য দিলে তাদের কোনওদিন মঙ্গল হবে না, তারা কোনওদিন মানুষ হতে পারবে না। মাননীয়া মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি, রায়গঞ্জের যে শিশুসদন আছে সেই শিশু সদনের একটি ট্রাইবাল ছেলে খিদের জ্বালায় মানুষের বাড়িতে চুরি করে ভাত খেয়েছে। তাই আমি অনুরোধ করব, আপনি শিশু সদনে যত শিশুই ভর্তি করুন কিন্তু খাওয়ার স্টান্ডার্ডটা বাড়ান। আমি অবশ্য বলছি না তাদের জন্য ভাল মাছ দিন। তারা

যেন পেট ভরে ভাত খেতে পায় এবং রত্রিবেলা সাফিসিয়েন্ট রুটি খেয়ে যেন নিদ্রা যেতে পারে। মাননীয়া মন্ত্রী মহাশয়া মহিলাদের জন্য অনেক কিছু কথা বলেছেন। একজন মহিলা মন্ত্রী হয়ে মহিলাদের প্রতি দরদ থাকা স্বাভাবিক কিন্তু মহিলাদের সম্বন্ধে ওনার আগের বাজেট বক্তৃতায় দেখেছি উনি বললেন অসহায়া মহিলাদের জন্য হোস্টেল করা হবে আর যারা কর্মরত মহিলা মানে যারা চাকুরি করেন অথচ থাকার সংস্থানের অভাব তাদের জন্য অ্যাকোমডেশনের ব্যবস্থা করবেন। কিন্তু আজ পর্যন্ত তিনি কি তা করেছেন? শুধু বাজেট বক্তৃতায় লিখেছেন কিছু করতে চাচ্ছেন এবং কিছু করবেন। গতবারের বাজেট বক্তৃতায় দেখেছি কলকাতা শহরে এবং আসানসোলে কর্মরত মহিলাদের জন্য হোস্টেল নির্মাণ করা হবে বলে তিনি বলেছেন। কিন্তু আমার প্রশ্ন তাদের জন্য কি হোস্টেল নির্মাণ হয়ে গেছে? মহিলা কর্মীরা কি থাকছেন? মাননীয়া মন্ত্রী মহাশয়ার কাছে আমার অনুরোধ, আপনি যেটা করতে চান কনস্ট্রাকটিভভাবে বক্তব্য রেখে কিছু করুন। আপনি যে বক্তব্য রাখবেন তা যেন ইমপ্লিমেন্টেশন হয়। আপনি যা করতে পারবেন সেই বক্তব্য রাখুন। তা যদি না করতে পারেন তাহলে পশ্চিমবাংলায় মহিলাদের কাছে তথা পশ্চিমবাংলার মানুষের কাছে হাস্যম্পদ হবেন। বামফ্রন্ট সরকার অনেক কিছু করতে চাচ্ছেন, যারা অসহায়া, যারা নিরুপায় তাদের জন্য অনেক কিছু বক্তব্য রেখেছেন, তাদের জন্য পেনশন দিচ্ছেন কিন্তু শিশু সদনের ব্যাপারে আমি সবিনয়ে অনুরোধ করব খাদ্য তালিকা নিয়ে যেন একটু চিন্তা-ভাবনা করেন যাতে ঐসব শিশুরা একটু ভাল খেতে পায় এবং আরও দশটি ছেলের মতোন যেন সমাজে বাস করতে পারে। যাইহোক, আমি ভেবেছিলাম আপনার বাজেটকে সমর্থন জানাব কিন্তু সহানুভুতি থাকা সত্ত্বেও এইসব কারণের জন্য সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত। তাই এই বাজেটের বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমাজ কল্যাণ দপ্তরের মাননীয়া মন্ত্রী এখানে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রী নবকুমার রায় মহাশয় হঠাৎ বললেন অবলা মন্ত্রী। আমার কথা হচ্ছে উনি তো বলবেনই কারণ উনি জানেন দেশে একমাত্র শক্তিশালী নারী বোধ হয় শ্রীমতী ইন্দিরা গান্ধী। ভারতবর্ষের রাজনীতিতে এবং ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে এই অবলা নারীদের ভূমিকার কথা উনি ভুলে যাচ্ছেন। যাই হোক, আমি এখানে বিশেষ করে বলতে চাই, আমাদের দেশে তথা ভারতবর্ষে শতকরা ৭০ জন মানুষ দারিদ্রের শেষ সীমায় বাস করে।

এই ধনতান্ত্রিক শ্রেণী বিভক্ত সমাজে এখানে যারা শোষিত সেখানে আপনারা সমাজ কল্যাণ দপ্তর যে অর্থ বরাদ্দ করেছেন সেই অর্থ দিয়ে আপনার ইচ্ছা থাকলেও সামগ্রিকভাবে কল্যাণ আপনি করতে পারবেন না, এটা আমরা জানি। এটা ঠিক যেহেতু সমাজ এবং রাষ্ট্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আমরা আনতে পারিনি সেহেতু সীমিত ক্ষমতার মধ্যে বাজেট রেখেছেন তার মধ্যে আপনাকে অনুরোধ করব—আপনি জানেন যে এটা আন্তর্জাতিক নারী দিবস, সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি বলব আজকে আমাদের দেশে লক্ষ লক্ষ যুবক এবং নারী বেকার, সেখানে আপনি এই সমস্ত নারীদের, এই সমস্ত বেকার ভদ্রমহিলাদের

জীবিকার ক্ষেত্রে একটু সহানুভুতির সঙ্গে বিবেচনা করে দেখবেন। তাদের চাকুরির ক্ষেত্রে সমাজ কল্যাণ দপ্তর থেকে কোনও ব্যবস্থা করতে পারেন কিনা? বিশেষ করে অনুরোধ করব যে এটা প্রতিবন্ধী বৎসর, প্রতিবন্ধী বৎসর হিসাবে আমি প্রতি বন্ধকতার সম্পর্কে পশ্চিমবঙ্গে সরকার অনুমোদিত একটি মাত্র অন্ধ বিদ্যালয়, যেটা কুচবিহারে আছে। মুক, বধির বিদ্যালয় সরকারের নিজস্ব নেই, কাজেই আপনাকে অনুরোধ করব এই সম্পর্কে আপনি একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করুন। সরকারি নিয়ন্ত্রণাধীনে বা তার পরিচালনাধীনে আরও অন্ধ বিদ্যালয় করুন। মুক, বধিরদের সম্পর্কে সহানুভুতিশীল হন, বিশেষ করে আমি জানি তামিলনাড়ুতে প্রতিবন্ধীদের যে স্কুল আছে সেখানে ওয়ার্কশপ তৈরি হয়েছে তাদের বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার সম্পর্কে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে আপনি যদি কাজে এগিয়ে যান তাহলে আমি মনে করব আমাদের দেশে পুঁজিবাদী, ধনতান্ত্রিক রাষ্ট্র কাঠামোর মধ্যে যেটুকু দরকার সেটুকু কাজও করতে পারছেন না,—সেদিন আমি মেনশনের সময়ে বলেছিলাম যে অদ্ভুত ব্যবস্থা। এই ৩৩ বছর অদ্ভুত পরিস্থিতির মধ্যে দিয়ে ব্যবস্থা চলেছে। সেটুকু দেখার সুযোগ হত না যদি না আজকে আইনসভায় আসতাম—এইসব মুক, বধির যারা আছে আজকে ৩৩ বছর ধরে তাদের উচ্চ শিক্ষার কোনও ব্যবস্থা নেই, এই পরিস্থিতির মধ্যে দিয়ে এই সমস্ত সমাজ চলছে, তাদের মধ্যে আমরা নূতন কি করতে পারি—আমি আগেই বলেছি যে আমরা বৈপ্লবিক পরিবর্তন আনতে পারিনি সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা জিনিসের জন্য আমি আপনাকে অভিনন্দন জানাব শিশুদের প্রতি দৃষ্টি দেওয়ার জন্য, ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় যেখানে শতকরা ৭০ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করে সেখানে সেই দরিদ্রদের ঘরে যে সন্তান জন্মগ্রহণ করে তাদের বাঁচাবার কোনও রাস্তা নেই। সমাজের পরিবেশে তাদের অপরাধী করা হয়। আপনি সেই শিশু সমাজকে পুনর্বাসন দিয়ে তাদের মানুষ করবার জন্য একটু নজর রাখবেন। ৫০০ জন শিশু থাকতে পারে আপনি এই রকম ব্যবস্থা নিয়েছেন সেজন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি, আরও অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে আপনি ভিক্ষুকদের সম্পর্কে একটা পরিকল্পনা গ্রহণ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পথে ঘাটে আমাদের স্বাধীন ভারতবর্ষে যে শিশু জন্মগ্রহণ করে প্রস্ফুটিত গোলাপের মতো শিশু, যারা একদিন ভারতবর্ষের উত্তরাধিকারী হবে, ভারতবর্ষের নেতৃত্ব গ্রহণ করবে সেই সমস্ত শিশু—যাদের পিতা, মাতার কোনও খবর নেই পৃথিবীতে বঞ্চিত হয়ে পড়ে আছে, ভিক্ষা করতে বাধ্য হচ্ছে, এই হচ্ছে আমাদের ভারতবর্ষের চেহারা। যে দেশে ৬৮ কোটি মানুষ স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রের শিশুদের এই চেহারা। এই চেহারা পরিবর্তন করার জন্য আপনি পরিকল্পনা গ্রহণ করেছেন, ভিক্ষুকদের বাঁচাবার জন্য ৯টি আবাস স্থাপন করেছেন এবং এখানে বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন এই জন্য আপনাকে অভিনন্দন জানাই। আরেকটি বিশেষ ব্যাপারে আপনি সল্ট লেকে রিম্যান্ড হোম যেখানে বৃদ্ধা ভিক্ষুক মহিলারা থাকতে পারে—আমরা মহিলা সদস্যা, বহু মহিলা এইজন্য আমাদের কাছে আসে, আপনার কাছেও আসে আমরা দেখছি যে তাদের জন্য আপনি একটা পরিকল্পনা গ্রহণ করেছেন, বৃদ্ধাদের ভবিষ্যতে থাকার ব্যবস্থার পরিকল্পনা আপনি আপনার সমাজ কল্যাণ দপ্তরে গ্রহণ করেছেন এবং সেজন্য গড়িয়াতে আবাস তৈরি করতে চেয়েছেন।

[6-05 — 6-15 p.m.]

আমি পশ্চিমবাংলার মহিলাদের তরফ থেকে বলছি যে সব বৃদ্ধা, বিধবাদের থাকবার জায়গা নেই তাদের আপনি বসবাসের ব্যবস্থা করেছেন। এবং গড়িয়াতে একটা আবাসন কেন্দ্র তৈরি করতে যাচ্ছে দুঃস্থ মহিলাদের থাকবার জন্য। এই জন্য আপনাকে ধন্যবাদ জানাই। এবং কৃষ্ণনগরে দুঃস্থ মহিলাদের থাকবার জন্য যে পরিকল্পনার কাজে হাত দিয়েছেন তারজন্য আপনাকে অভিনন্দন জানাই। মাননীয় সদস্য নবকুমার রায় ঠাট্টা করে বললেন আপনারা বৃদ্ধা, বিধবাদের ভাতা দিচ্ছেন। আজ আমি শুধু এইটুকুই বলতে চাই আজ সমস্ত ভারতবর্ষের চেহারা কি যেখানে আমাদের বক্তব্য রাখবার কোনও সুযোগ নেই। আমরা জানি নারীদের কি যন্ত্রণা এখন বিদ্যাসাগরের যুগ চলে গেছে। উনবিংশ শতকেও ভারতবর্ষের চেহারা কি? সেই চেহারার মধ্যে আমরা দেখতে পাচ্ছি নারীরা কিভাবে নির্যাতিত হচ্ছে, অবহেলিত হচ্ছে। এই যে শোষণহীন সমাজ ব্যবস্থায় নারীর মুক্তি হতে পারে না। পুরুষ শাসিত সমাজব্যবস্থাতে নারী আজ নির্যাতিত, অবহেলিত। এই নারী জাতির জন্য যদি কোনও বৈপ্লবিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারতেন তাহলে আপনি অভিনন্দিত হতেন। কিন্তু আমরা জানি এই সীমিত ক্ষমতার মধ্যে সেটা করা সম্ভব নয়। আপনি বৃদ্ধা, বিধবাদের জন্য ৩০ টাকা ভাতা দিয়ে তাদের স্বীকৃতি দিয়েছেন তারজন্য আপনাকে অভিনন্দন জানাই। কিন্তু দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য এই টাকা একটু বাড়িয়ে ৪০ টাকা করলে জনসাধারণ আপনার কাছে কৃতজ্ঞ থাকবে। আমি সামগ্রিকভাবে সমস্ত অবস্থার কথা ভেবে আপনার কাছে অনুরোধ করছি তামিলনাড়ুতে যেমন প্রতিবন্ধীদের জন্য একটা ওয়ার্কশপ, স্কুল তৈরি করা হয়েছে সেইরকম আমাদের এখানে একটা পরিকল্পনা করার দিকে আপনি একটু দৃষ্টি দেন তাহলে ভাল হয়। এই বলে আপনার বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ১১ কোটি, ৭২ লক্ষ ৫৫ হাজার টাকার যে বাজেট বরাদ্দ রেখেছেন সে সম্বন্ধে আমি ২/১টি কথা বলতে চাই। এই বাজেট বরাদ্দের মধ্যে শিশু কল্যাণ, মাতৃকল্যাণ খাতে যে ব্যয়বরাদ্দ করেছেন সেটা অত্যন্ত কম করেছেন। আমাদের সমাজতান্ত্রিক ও গণতান্ত্রিক ধাঁচে এই বরাদ্দ নিকৃষ্ট অবহেলিত ক্ষেত্রে খুবই কম। আমার বক্তব্য হচ্ছে যেখানে গত বছর শিশু বৎসর উৎযাপিত হয়ে গেল সেখানে আমরা দেখতে পাচ্ছি শিশু প্রকল্প খাতে অত্যন্ত কম বরাদ্দ করা হয়েছে। এ পর্যন্ত মাত্র ১০টি শিশু উন্নয়ন প্রকল্প চালু হয়েছে। আর ৮টি চালু হবে তাতে ৮০ হাজার শিশু ধরা হবে।

১৯৪২ সালে যখন বন্যা, দুর্ভিক্ষ হয়েছিল সেই সময় যে সব শিশুসদনগুলি হয়েছিল সেগুলির অবস্থা কি তা নিশ্চয় আপনি দেখবেন। অনেক শিশু সদনের ঘর নেই, লেখাপড়ার কোনও ব্যবস্থা নেই। আমাদের মহিষাদলে এই রকমভাবে ১০০টি ছেলে ঝাঁপির মধ্যে আছে। আমাদের মালদহের সাহাপুরে চাইল্ড ওয়েলফেয়ারের ঘর আছে, কিন্তু যেখানে ১০ হাজার দেওয়া হত সেখানে সেটা এখন কমে গেছে। এখনকার দিনে ১ টাকা করে একটা ছেলের খাওয়ার ব্যবস্থা করলে তা কিছুতেই হতে পারে না এর ফলে ঐ সমস্ত ছেলেরা আমাদের

কাছে অবহেলার পাত্র হয়ে যাচ্ছে। কিন্তু এদের অবহেলা করা ঠিক নয়। এই সমস্ত ছেলেদের মধ্যে থেকেই প্রফেসর, ইঞ্জিনিয়ার, ডক্টরেট হয়েছে। অতএব এ সমস্ত ছেলেদের যদি ভাল করতে হয় তাহলে খাদ্য, পোষাক এবং শিক্ষায় অবহেলা করা উচিত নয়। শ্রীমতী গোপী ভিক্ষুকদের কথা বলেছেন বলে আমি বলছি আপনি এদের জন্য সাউথ গড়িয়ায় যে ব্যবস্থা করেছেন সেটা ভাল, কিন্তু গ্রাম্য মেয়েরা যারা বৃদ্ধা তারা এখানে আসবে কি করে সেটা আপনাকে চিন্তা করতে হবে। সেজন্য একটা জায়গায় এত বেশি সংখ্যক না করে একে যদি বিকেন্দ্রীকরণ করেন তাহলে ভালো হয়। অর্থাৎ ৩টি জেলা, নিয়ে যদি এটা করতেন তাহলে ভাল হত এবং তাতে বৃদ্ধাদের মঙ্গল হবে। পঙ্গু এবং প্রতিবন্ধীদের জন্য যেটা করেছেন সেটা ভাল হয়েছে এদের দরখাস্ত নিয়ে আমি নিজে ডাইরেক্টারের কাছে গেছি কিন্তু সেখান থেকে তারা কোনও সাহায্য পাচ্ছে না। একজন এম. এল. এ. যদি এভাবে উপেক্ষিত হয় তাহলে তারা অবহেলিত হবে। এই দিকে আপনি নিশ্চয় দৃষ্টি দেবেন। যে সব স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান আছে তাদের মাধ্যমে অনেক কল্যাণমূলক কাজ হয়। ১৫।২০ বছর ধরে যে সমস্ত প্রতিষ্ঠান কাজ করে আসছে কেন জানি না তাদের সেই অনুদান থেকে বঞ্চিত করা হচ্ছে এবং কেটে দেওয়া হচ্ছে। ইন্সপেক্টার যারা আছেন তারা এই সব জায়গায় যান বেলা ১২টার সময়ে, কিন্তু গ্রামে এই সমস্ত প্রতিষ্ঠান ঐসময়ে খোলা থাকে না। সেখানে সদস্যরা তাদের অপেক্ষা করতে বলেন যাতে ওদের নিয়ে আসা যায়, কিন্তু তারা তা না করে চলে আসেন এবং বলেন যে এই প্রতিষ্ঠানে কাজ হয় না। এইভাবে অনেক প্রতিষ্ঠানের মজুরি কেটে দেওয়া হয়েছে। আমাদের ওখানে এইরকম একটা প্রতিষ্ঠান আছে যেখানে ২ বছর থেকে ৬ বছর পর্যন্ত ছেলে রাখা হয় সেখানেও পর্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছে। এর নাম হচ্ছে বাগদা গোপাল সিঁথি মাতৃসদন।

[6-15 — 6-25 p.m.]

আশা করি, এদিকে মন্ত্রী মহোদয়ের দৃষ্টি অনুধাবিত হবে। এই সঙ্গে তার কাছে অনুরোধ জানাই, তিনি যেগুলি করতে চাইছেন সেগুলি যাতে সুষ্ঠুভাবে রূপায়িত হতে পারে তার দিকে দৃষ্টি দেন। শুধুমাত্র অফিসে যে সমস্ত অফিসার বসে আছেন, তাদের উপর নির্ভরশীল না হন। কারণ তিনি নিজে যদি এগুলির উপর বিশেষ দৃষ্টি দেন, তাহলে অনেক ভালভাবে কাজ করা সম্ভব হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমার মনে হচ্ছে এই বিতর্কের জন্য এবং মাননীয়া মন্ত্রীর জবাবের জন্য আরও কিছু সময়ের প্রয়োজন। সেইজন্য আমি সভার কাছে রুল ২৯০ অনুসারে প্রস্তাব রাখছি এই বিতর্কের উপর আরও ১০ মিনিট সময় বাড়ানো হোক। আশা করি, এই প্রস্তাবে কারও আপত্তি নেই।

(এই সময়ে ব্যয়-বরাদ্দের দাবির উপর আরও ১০ মিঃ সময় বাড়ানো হল)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয়া শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি। কারণ তাঁর ছোট দপ্তরে সীমিত

আর্থিক সামর্থের মধ্যে থেকেও তিনি তার বরাদ্দ পেশ করেছেন ও শিশুদের দিকে দৃষ্টি দিয়েছেন, তিনি অনেক উল্লেখযোগ্য কাজ করেছেন, সে ব্যাপারে কোনও সন্দেহ নেই। এ ব্যাপারে আমি একটি বিশেষ দিকে তার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, কৃষ্ণনগরে দুঃস্থ মহিলাদের জন্য একটি প্রতিষ্ঠান আছে, সেখানে খুব বেশি সংখ্যক মহিলার সংকুলান হয় না। পশ্চিমবাংলায় বিশেষ করে কিশোরী ও তরুণীদের চুরি করে অন্যত্র চালান দেওয়া হচ্ছে। এরকম একটি ঘটনা আমরা হাওড়া জেলাতে ঘটতে দেখেছি, মুর্শিদাবাদ জেলাতেও একই ঘটনা ঘটে চলেছে—মেয়েদের ধরে নিয়ে তাদের বিক্রি করা হয়, এবং এ ব্যাপারে একটি সংস্থা কাজ করে চলেছে। ঐ সমস্ত মেয়েরা ৮।১০ বছর পরে আমাদের সমাজে ফিরে আসে, কিন্তু সমাজের বুকে তাদের স্থান হয় না, পরে তারা পরিত্যক্তা জীবন-যাপন করতে বাধ্য হয়। কিছুকাল আগে শিপ্রা চ্যাটার্জি নামে একটি মেয়েকে ধরে নিয়ে গিয়ে উত্তরপ্রদেশে বিক্রি করা হয়, পরে তার সন্ধান পাওয়া যায়। হয়ত শিপ্রাকে তার বাবা গ্রহণ করবেন, কিন্তু যাদের সমাজ গ্রহণ করে না, তাদের যাতে অন্য কোনও জীবনযাপন না করতে হয়, সেজন্য ঐ কৃষ্ণনগরের প্রতিষ্ঠানটির আরও সম্প্রসারণ প্রয়োজন। আশা করি, মন্ত্রী মহোদয়া সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা যাতে গ্রহণ করা যায়, তার ব্যবস্থা নেবেন। বিরোধীপক্ষ সম্পর্কে আমি একটি কথা বলতে চাই, এখানে তিনজন আছেন, তাদের মধ্যে নবকুমার রায় হলেন ইটগ্রস্ত, ওর মাথায় ইট পোরা আছে, কীটগ্রস্ত হলেন সুনীতি চট্টরাজ মহাশয়, কীটের মতো তাঁর আচরণ, আর একজন হলেন ভূতগ্রস্ত, শ্রীমতী রেণুলীনা সুব্বা, তাঁর মাথায় ভূত চেপেছে, তাই তিনি এখানে ওখানে ভূতের মতো আচরণ করে বেড়াচ্ছেন।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই ব্যয়-বরাদ্দকে যেসব মাননীয় সদস্যরা সমর্থন জানিয়ে যে বিষয়ের উত্থাপন করেছেন, সে সম্পর্কে বলতে চাই যে, ১৯৮১ সালকে বিশ্ব-প্রতিবন্ধী বৎসর হিসাবে পালন করা হবে বলে ঘোষণা করা হয়েছে। এই ঘোষণার পর থেকে আমরা এই বৎসরকে বিশ্ব-প্রতিবন্ধী বৎসর রূপে পালন করার জন্য কর্মসূচি গ্রহণ করেছি। এবং পশ্চিমবাংলায় মাননীয় রাজ্যপালকে সভাপতি করে একটি কমিটি গঠন করেছি, এই বৎসরের ১লা জানুয়ারি থেকে আমাদের এই কর্মসূচি শুরু হয়েছে। কলকাতার বুকে ৩।৪।৫ এই তিনদিন ধরে মনুমেন্ট ময়দানে এই উৎসব পালন করেছি। শুধু কলকাতার বুকে নয়, প্রত্যেক জেলাতে এই উৎসব পালনের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। পুঁজিবাদি দৃষ্টিভঙ্গিতে বলা হয়—প্রতিবন্ধীদের করুনা কর, আমরা বামফ্রন্ট সরকার এই সমস্ত প্রতিবন্ধীরা যাতে সমাজের বুকে প্রতিষ্ঠা পায় তার চেষ্টা করছি। এইজন্য আমাদের এই সমস্ত প্রতিবন্ধীরা যাতে প্রতিষ্ঠা পেতে পারে তারজন্য সবকিছু করতেই হবে।

আমরা কতকগুলি গঠনমূলক পরিকল্পনা নিয়েছি। আমরা প্রতিটি জেলাতে এই প্রতিবন্ধীদের জন্য ভোকেশনাল ট্রেনিং সেন্টার করব। প্রতিবন্ধীরাও যে কাজ করতে পারে সেই চিন্তা বা ধারণা আমাদের প্রতিবন্ধীদের মা, বাবাদের কাছে পৌঁছে দিতে হবে। আমাদের দেশ ৩০/৩৪ বৎসর স্বাধীন হয়েছে, সংবিধানে লেখা হয়েছে নারী, পুরুষের সমান অধিকার। কিন্তু অত্যন্ত লজ্জার কথা আজও শতকরা ৮২ ভাগ মা নিরক্ষর হয়ে আছে। সেই নিরক্ষর মা যাতে

বুঝতে পারে তার অন্ধ ছেলে লেখাপড়া শিখতে পারে, বোবা ছেলে লেখাপড়া শিখতে পারে, কাজ করতে পারে সেইজন্য আমরা চলচ্চিত্র তৈরি করেছি। যেমন আগে গ্রামের মানুষকে কলেরা, বসন্ত কি করে প্রতিরোধ করা যায় সেটা বোঝানোর জন্য চলচ্চিত্র তৈরি করা হত তেমনি আজকে জড়বুদ্ধি, খোঁড়া, বোবাদের ব্যাপারটা বোঝানোর জন্য আমরা চলচ্চিত্র বার করছি এবং তা করে এদের প্রতি যাতে বিশেষ করে লোকে দৃষ্টি দেয় সেই চেষ্টা করছি। এর সঙ্গে সঙ্গে আমরা মায়েদের শিক্ষিত করার চেষ্টা করছি—জড়বুদ্ধি কেন হয় সন্তান সেটা বোঝাবার চেষ্টা করছি। গর্ভ অবস্থায় মাকে তার শরীরের প্রতি কিভাবে দৃষ্টি রাখতে হবে সে বিষয়ে চেতনা সৃষ্টি করার চেষ্টা করছি। আমরা প্রতিবন্ধীদের কেন্দ্র করে এইসব পরিকল্পনা নিয়েছি। আমরা একটা বোর্ড গঠন করেছি এবং বোর্ডে আমরা বিশেষজ্ঞদের নিয়েছি, তারা আমাদের অনেক উপদেশ দিচ্ছেন। প্রতি জেলাতে আমরা যে প্রতিবন্ধীদের জন্য ভোকেশনাল ট্রেনিং সেন্টার খুলব সেটা আমি আগেই বলেছি, তাদের এর সঙ্গে সঙ্গে বৃত্তি দেবারও ব্যবস্থা করেছি। এছাড়া আগামীদিনে আমরা ওয়ার্কশপ করবার চেষ্টা করছি। কেরালাতে নাকি প্রতিবন্ধীদের জন্য কর্পোরেশন করেছে, আমরা সেটা দেখার চেষ্টা করছি, আমরা তাদের কাছ থেকে তথ্য চেয়ে পাঠিয়েছি, পশ্চিমবাংলায় এরকম কিছু একটা করতে পারি কিনা সেটা আমরা দেখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রতিটি মাননীয় সদস্য মহাশয়ের কাছে আপনার মাধ্যমে এই অনুরোধ রাখছি যে প্রতিবন্ধীদের জন্য যে কর্মসূচি নেওয়া হয়েছে সেই কর্মসূচিকে সফল করার জন্য আপনারা সকলে সহযোগিতা করুন। স্যার, আপনি জানেন, আন্তর্জাতিক নারীবর্ষ শেষ হয়ে গিয়েছে, নারী দশক চলেছে, ১৯৮৫ সাল পর্যন্ত এই নারী দশক চলবে। পৃথিবীর সমস্ত দেশে মূল্যায়ণ হচ্ছে যে তাদের দেশে মেয়েদের কি অগ্রগতি হয়েছে। আমাদের দেশে কিভাবে মূল্যায়ন হয়েছে সেটা আপনারা জানান। এখানে একজন সদস্য বলেন, মহিলারা অবলা জাতি। পুঁজিবাদি এবং সামন্ততান্ত্রিক দৃষ্টিভঙ্গি হচ্ছে মেয়েরা সমাজের উৎপাদিকাযন্ত্র, তারা অবলা, তারা জন্মেছে রান্না করবার জন্য এবং ছেলে মানুষ করবার জন্য। এই দৃষ্টিকোণ থেকেই মেয়েদের অবলা বলা হচ্ছে। আমি এর প্রতিবাদ করছি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও দেখিয়ে দিয়েছে যে মেয়েদের স্থান করে দিতে হয়, তাই গ্রামাঞ্চলে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছে সেখানে আমরা বলেছি পুরুষরাই শুধু পঞ্চায়েতের সদস্য হবেন না, সেখানে মেয়েদেরও সংস্থান করে দিতে হবে। মেয়েদের যারা অবলা বলছেন তারা আজ গ্রামাঞ্চলে গিয়ে দেখে আসুন মেয়েরা কাজ করে প্রমাণ করে দিয়েছে যে তারা কোনও অংশেই অবলা নয়, তারাও দেশ গড়ার কাজে স্থান করে নিয়েছে। স্যার, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস যদি খোলেন তাহলে দেখবেন মেয়েরা সেই আন্দোলনে সাহায্য করেছিল বলেই আমরা ব্রিটিশকে এ দেশ থেকে তাড়াতে পেরেছি। পৃথিবীর অন্যান্য দেশেও যেখানে মুক্তির আন্দোলন হয়েছে সেখানেও দেখা গিয়েছে মা তার সন্তানকে পিঠে নিয়ে লড়াই করেছে, আন্দোলন করেছে। পশ্চিমবাংলায় যখন আধা-ফ্যাসিস্ট সন্ত্রাস সৃষ্টি হয়েছিল, অত্যাচার নেমে এসেছিল, সি. আর. পি. দিয়ে, গুণ্ডা দিয়ে আমাদের ছেলেদের ধরে নিয়ে গিয়ে মারা হয়েছিল তখনও মেয়েরা তার প্রতিবাদ করে দেখিয়ে দিয়েছে তারা কোনও অংশেই কম নয়।

**Mr. Deputy Speaker :** With the permission of the House, under

rule 290 I extend the time by five minutes.

Now Sm. Chatterjee.

[6-25 — 6-35 p.m.]

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** এজন্য আমি বলব মেয়েদের প্রতি করুণা করা উচিত নয়। আপনাদের অনুরোধ করব করুণা করবেন না। মায়েরা সমাজকে তৈরি করে, মায়ের গর্ভে জাতির নেতা তৈরি হয়, মায়ের গর্ভে ইঞ্জিনিয়ার, ডাক্তার তৈরি হয়। সেজন্য মাকে কেন অবলা জাতি বলছেন? মায়ের প্রতি এই কৃপা দেখান উচিত নয়। আমাদের দুর্ভাগ্য আমরা যে দেশে জন্মেছি সেই দেশে আমাদের মেয়েদের এখনও অনেক লড়াই করতে হবে। আজকে বিধানসভার সদস্য রেণুলীনা সুব্বা বিধানসভার আইন লংঘন করেছেন, তাকে কাগজে ফোর ফ্রন্টে এনে দেখানো হচ্ছে, তার প্রতি করুণা করা হচ্ছে, তার প্রতি সহানুভূতি দেখানো হচ্ছে। কিন্তু ৩০ বছর ধরে কত মা-বোনেদের ইজ্জত নষ্ট করা হয়েছে, কত মা-বোনকে অবহেলিত হতে হয়েছে, কত মা-বোন দেহ বিক্রি করেছে, এরজন্য তো একটা কথাও এই বুর্জোয়া সংবাদপত্রে বেরোয় না। এই বুর্জোয়া সংবাদপত্রে দেখতে পাইনি তাদের সেই করুণ কাহিনী। সেজন্য আমি অনুরোধ করব নারী জাতির প্রতি যেন করুণা না করেন। আমরা করুণা চাই না, আমরা চাই আমাদের অধিকার। ৩৩ বছর দেশ স্বাধীন হয়েছে, বলুন তো সংবিধানে লেখা সত্ত্বেও পণ প্রথার মতো জঘন্য প্রথা আছে কেন? যে পণ প্রথা সমাজ জীবনকে নষ্ট করে দিচ্ছে, মেয়েদের ইজ্জত নষ্ট করে দিচ্ছে যারজন্য মেয়েদের আত্মহত্যা করতে হচ্ছে সেই পণ প্রথার বিরুদ্ধে তো কেউ রুখে দাঁড়াচ্ছেন না? কেন মেয়েরা সমান অধিকার পায় না, কেন অর্থনৈতিক অধিকার পায় না? তারজন্য আইন সভায় কেন কথা উঠছে না? এই বিষয়ে আপনাদের সোচ্চার হতে অনুরোধ করব এবং কেন্দ্রের কাছে দাবি করার জন্য আমি আপনাদের সহযোগিতা করব। অপরদিকে শিশুদের সম্পর্কে পরিকল্পনার কথা বলেছেন, শিশুদের হোমের কথা বলেছেন। হোমগুলি অবহেলিত ছিল, সেই হোমগুলিতে আমরা কমিটি করেছি এবং তার সঙ্গে সঙ্গে তাদের যে খাবারের টাকা দেওয়া হত সেই টাকা বাড়িয়েছি। শিশুদের হোমগুলি অত্যন্ত অরক্ষিত অবস্থায় ছিল, তাদের প্রতি অনেক অন্যায় অবিচার হত, তাদের খাবার জায়গা নেই, শোবার জায়গা নেই, প্রত্যেকটি জায়গায় আমরা এই সমস্ত ঘুরে ঘুরে দেখেছি। সেজন্য সেখানে আমরা কমিটি করেছি, তাদের খাবারের টাকা বাড়িয়েছি, শিশুরা হোমে যাতে মানুষ হতে পারে তারজন্য শুধু তাদের লেখাপড়া নয় তাদের হাতের কাজ শেখানোর জন্য আমরা বলেছি। একজন মাননীয় সদস্য বললেন যে স্বেচ্ছাসেবী সংস্থার কিছু কিছু অনুদানের টাকা কেটে দেওয়া হয়েছে। আমি একথা বলব যে স্বেচ্ছাসেবী সংস্থাকে আমরা টাকা দিতে প্রস্তুত আছি, আমাদের কোনও পক্ষপাতিত্ব নেই, আমাদের কোনও পার্টিবাজি নেই, কিন্তু আমি একটা কথা বলব যেসব স্বেচ্ছাসেবী সংস্থা দুর্নীতি করবে তাদের আমি টাকা দেব না। জনগণ আমাকে নির্বাচিত করে পাঠিয়েছে, আমি জনগণের টাকা তছনছ করতে দেব না। সেজন্য আমার পরিষ্কার কথা যেখানে দুর্নীতি দেখব সেখানে টাকা দেওয়া বন্ধ করব, যারা কাজ করতে চাইবে তাদের আমি সাহায্য করব। এই দৃষ্টিকোণ থেকে আমরা হোমগুলি পরিচালনা করছি। আর একটা কথা বলব আন্তর্জাতিক শিশুবর্ষকে কেন্দ্র করে ৩০টা ব্লকে

আমরা ইউনিসেফের সাহায্যে ৫০টা বাড়ি করেছি, গো-ডাউন করেছি এবং তারা বলছে আমরা চালাতে পারব না, সেজন্য আমরা সরকারের পক্ষ থেকে ৩০টা ব্লককে গ্রহণ করেছি। আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আই সি ডি এস স্কিম করেছি, কেন্দ্রের কাছে আমরা এটা জানিয়েছি এবং পঞ্চায়েতের মাধ্যমে আমরা ফিডিং ব্যবস্থা করেছি। শিশুদের জন্য আরো নতুন নতুন প্রকল্পের কথা আমরা ভাবনা-চিন্তা করছি। আজকে বিধবা ভাতা সম্পর্কে মাননীয় সদস্যরা যেকথা বললেন দিল্লীতে এই নিয়ে কথা হয়েছে। তারা বলেছেন বিধবা মেয়েদের দেওয়া হবে কেন, তাঁরা যুবতী, তারা কাজ করতে পারবেন, কেন তাদের ভাতা দেওয়া হচ্ছে, এটা বন্ধ করা হোক। আমরা তো তাই চাই, আমাদের কাজ দেওয়া হোক।

আমাদের কাজ দেওয়া হোক—আমরা কাজ চাইছ, আমরা দান চাইছি না। আমাদের শক্ত হাত আছে আমরা কাজ করতে চাই? সেইজন্য এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা বিধবা ভাতা চালু করেছি। আপনারা কমিটির কথা বলছেন, এখানে কোনও কমিটির কথা নেই। এখানে পক্ষপাতিত্ব নেই। মাননীয় সদস্যরা বলেছেন আমরা নাকি পার্টিবাজি করছি —আমরা বিধবা ভাতা নাকি পার্টির লোকেদের দিচ্ছি। মাননীয় সদস্যদের জানা দরকার এর জন্য একটা ফর্ম আছে—নিয়ম আছে সেই নিয়ম এবং আওতার মধ্যে আমরা দিচ্ছি। আমরা এখানে পার্টিবাজি করি না। আমাদের টাকা খুবই অল্প সেটা আপনারা জানেন। মাননীয় সদস্যরা—এম. এল. এ.-রা অনেকে বলেছেন এত যে বিধবা আছে এ আমাদের ধারণা ছিল না। গ্রামে গ্রামে এত বিধবা তাদেরই টাকা দিতে হচ্ছে। আগেই আমি বলেছি সীমাবদ্ধ ক্ষমতা, তার মধ্যে দাঁড়িয়েই এই বিধবাদের আমাদের ভাতা দিতে হচ্ছে। সর্বদলীয় কমিটির কথা যা বলেছেন তা পঞ্চায়েত আছে অর্থাৎ পঞ্চায়েত এবং আমাদের যে নিয়ম আছে তাতেই হবে। আমি বলতে চাই যে অনেক মহিলা ও পুরুষ আছেন যারা হয়ত কেউ অফিসারও ছিলেন—অফিসে কাজ করতেন তারা বৃদ্ধ হয়েছেন দেখবার তাদের কেউ নেই—কারুর হয়ত বউ মারা গেছেন তারা দাবি করছেন যে আমাদের জন্য হোম করা হোক। আমি আবার বলছি আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে ওয়ার্কিং গার্লস্ হোস্টেল আসানসোলে কাজ শুরু করেছি এবং আরো ওই ধরনের হোম আমরা করব। আমরা জেলা পরিষদ এবং স্বেচ্ছাসেবীদের বলেছি তোমরা যদি হোম কর তো আমরা হোমের ব্যবস্থা করে দেব। আপনারা জানেন যে আমাদের দিল্লির কাছ থেকে এসব আনতে হয়—তাদের কাছে সব পাঠাতে হয়, তারপর আমরা তা কার্যকর করতে পারি। আমরা এই ধরনের সব জিনিস করার চেষ্টা করছি। আমরা দুঃস্থ, অসহায় ইত্যাদি মেয়েদের কাজ শেখাচ্ছি এবং প্রতি বৎসর এইভাবে তাদের সংখ্যা বাড়ছে ও তাদের আমরা স্টাইপেন স্যাংশন করছি। এই টাকা অতি কম হলেও আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমি আমার দপ্তরে যে সমস্ত কাজ শিশুদের কল্যাণকর কাজ, প্রতিবন্ধীদের কল্যাণকর কাজ, অসহায় বিধবাদের কল্যাণের জন্য চেষ্টা করছি। আমি আশা করব মাননীয় সদস্যরা এই বিভাগ সম্পর্কে যথেষ্ট গুরুত্ব দেবেন, আলোচনা করবেন এবং একে এগিয়ে নিয়ে যাবেন। তাহলে আমরা যে পরিকল্পনা এবং কর্মসূচি নিয়েছি তা আমরা সঠিক রূপ দিতে পারব। এই কথা বলে যে ব্যয়-বরাদ্দ এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is no cut motion in this Demand.

So I put the main Demand to vote.

The motion of Dr. Ashok Mitra that a sum of Rs. 61,02,92,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)", was then put and agreed to.

## Demand No. 33

## Major Head : 277—Education (Youth Welfare)

**Shri Kanti Chandra Biswas :** Sir, on the recommendations of the Governor, I beg to move that sum of Rs. 4,16,49,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "277—Education (Youth Welfare)".

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুব কল্যাণ বিভাগের মন্ত্রী যে চার কোটি ষোল লক্ষ উনপঞ্চাশ হাজার (৪,১৬,৪৯,০০০) টাকা যে ব্যয়-বরাদ্দ আমাদের সামনে রেখেছেন সে সম্পর্কে বলতে গিয়ে আমাদের মহান নেতা নেতাজী সুভাষচন্দ্র বোস ১৯২৯ সালে ২১শে ডিসেম্বর মেদিনীপুর যুব সম্মিলনীতে যেকথা বলেছিলেন তার উদ্ধৃতি দিয়ে আমি আরম্ভ করছি। যুব আন্দোলনে তিনি বলেছিলেন যুব আন্দোলনের উদ্দেশ্যে নতুনের সন্ধান আনা, নতুন সমাজ, নতুন রাষ্ট্র, নতুন অর্থনীতির পত্তন করা, মানুষের মধ্যে উচ্চতর আদর্শ উদ্বুদ্ধ করা, মানুষকে উচ্চতর সোপানে নিয়ে যাওয়া।

[6-35 — 6-45 p.m.]

আবার তিনি বলেছিলেন, "তাই যুগে যুগে তরুণের প্রাণ বার্ধক্যের বিরুদ্ধে, অণুকরণেচ্ছার বিরুদ্ধে, ভীরুতার বিরুদ্ধে, ক্লৈব্যের বিরুদ্ধে, অজ্ঞতার বিরুদ্ধে এবং সর্বপ্রকার বন্ধনের বিরুদ্ধে সংগ্রাম করিয়া আসিতেছি"। কিন্তু আমরা সেই তরুণদের সম্পর্কে যে কর্মপন্থা নিয়েছি, যুবকল্যাণের জন্য যে কর্মপন্থা নিয়েছি তাতে আমার বক্তব্য হচ্ছে, আমাদের মহান নেতা যুবমনে যে উত্থান জাগিয়েছিলেন, স্বাধীনতা আন্দোলনে যে প্রভাব এনেছিলেন যে বীরত্বের কথা বলেছিলেন আজকে তা থেকে আমরা পিছিয়ে গেছি। আপনারা শুধু খেলার মাধ্যমে ছেলেদের ভোগ-লালসা চরিতার্থ করতে চান। তারা ক্রীড়ার মাধ্যমে শুধু নাচতে থাকবে, তাদের কোনও জ্ঞান হবেনা, তারা লড়াই করবে না এই চিন্তা থেকে আপনারা বিরত হন। বাঙালি যুব সন্তান, বাংলার যুবক আজকে সকলকে সাহায্য করুক একথা স্বামী বিবেকানন্দ, নেতাজী সুভাষচন্দ্র এবং অন্যান্য নেতারা বলেছেন এবং তারাও সকলকে সাহায্য করেছেন। আমি মনে করি তাদের সেই চিন্তাধারা নিয়ে সেই প্রস্তাব নিয়ে আমাদের এই কাজ করা উচিত। কিন্তু বাস্তবে দেখছি সেটা হচ্ছে না। মন্ত্রী মহাশয় বলেছেন কলকাতার মৌলালিতে রাজ্য যুব কেন্দ্র করছেন এবং ভারত সরকারের সংস্থা বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা

কর্তৃক মূল্যায়নের ভিত্তিতে কিছু সংখ্যক বিজ্ঞান ক্লাবকে এই বিভাগ থেকে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। অর্থাৎ দেখা যাচ্ছে কলকাতায় আপনারা বিভিন্ন রকম শিক্ষা সম্পর্কিত ব্যবস্থা করেছেন। কিন্তু গ্রামের দিকে তো কিছু করছেন না। গ্রামের জন্য শুধু ব্লকের মাধ্যমে একবার ক্রীড়ার ব্যবস্থা করেছেন—অর্থাৎ দৌড়ঝাঁপ করবে এইটুকু মাত্র। আর ছাত্রদের জন্য স্কুলে স্কুলে সমবায় করে সামান্য কিছু বই দেবার ব্যবস্থা করেছেন। আপনারা প্রগতিশীল চিন্তায় বিশ্বাসী, কিন্তু যুব মনে নতুন প্রেরণা জাগাবার ব্যবস্থা কিছু ছিল না। আজকে দেখি যুবকরা মেয়েদের মতো বড় বড় চুল রাখছে এবং তাদের পোষাক পরিচ্ছদে তাদের যুবক বলে মনেই হয় না। তারা যেন বাইরের চিন্তাধারা, বাইরের পোষাক-পরিচ্ছদ নিয়ে চলেছে। আপনারা যদি শিক্ষার মাধ্যমে প্রতি ব্লকে স্থায়ীভাবে সমীক্ষা করে প্রচেষ্টা করতেন তাহলে ভাল হত এবং সেই আবেদন আমি রাখছি। এই সমস্ত যুবকেন্দ্রের মাধ্যমে তাদের কিছু টাকা পাইয়ে দেবার লালসা জাগাবেন এটা ঠিক কাজ নয়। আমি জানি অনেক যুব সংস্থা রয়েছে যারা ভাল কাজ করতে চায়, কিন্তু আপনারা সেই সমস্ত যুব সংস্থাকে অন্তর্ভুক্ত করছেন না। যে যুব সংস্থা আপনাদের স্বপক্ষে প্রচার করছে, আপনাদের পতাকা নিয়ে ঘুরবে আপনারা শুধু তাদের সাহায্য করেন। আমি মনে করি এটা ঠিক জিনিস নয়। আপনারা এই পথ বন্ধ করে সমস্ত যুবকের মধ্যে যাতে প্রীতি এবং শুভেচ্ছা জাগরিত হয় সেই ব্যবস্থা করুন।

আজকে যে যুবক আছে, কালকে সে মন্ত্রীর আসনে বসতে পারে, আজকে যে যুবক আছে কাল সে রাষ্ট্রপতি হতে পারে, আজকে যে যুবক আছে কাল সে বিশ্ব জয় করতে পারে, বড় বিজ্ঞানী হতে পারে, নোবেল পুরস্কার পেতে পারে, বড় ঐতিহাসিক হতে পারে, বড় ইঞ্জিনিয়ার হতে পারে, সেই দৃষ্টিকোণ থেকে সেই দৃষ্টিভঙ্গি নিয়ে চিন্তা করুন, তাহলে ভাল হয়। আমার বলার শেষে আমি আবার নেতাজীর আর একটা কথা বলি ''ভারত জ্ঞানে, বিজ্ঞানে, কর্মে, শিক্ষায়-দীক্ষায়, শৌর্য্যে, বীর্য্যে জগতবরেণ্য যাতে হয়''—একথা তিনি মেদিনীপুরের যুব সম্মেলনে বলেছিলেন, ভুলে যাবেন না নেতাজীর সেই কথা, ভুলে যাবেন না আমাদের বিবেকানন্দ, ক্ষুদিরামের একথা, তারা বাংলাদেশকে কিছু দিয়ে গেছেন, শুধু তাই নয়, তাদের চরিত্রের মাধ্যমে কি শিখিয়ে দিয়ে গেছেন। আজকে শ্রী অরবিন্দের নামে একটা শিক্ষাকেন্দ্র করবেন বলেছেন। সেটাও দেখা যাচ্ছে হবে কলকাতাতেই, ঋষি অরবিন্দের নামে যে শিক্ষাকেন্দ্র পরিচালনা করবেন সেটা শুধু কলকাতাতেই সীমাবদ্ধ রাখলে চলবে না, অরবিন্দ কেন্দ্র যাতে সমস্ত বালকদের মধ্যে অরবিন্দের প্রভাব বিস্তার করতে পারে, সেই ব্যবস্থা করতে হবে এবং সেটা করতে হলে জেলায় জেলায় সেটা করতে হবে এবং জেলায় জেলায় করতে পারলে তবে সেটা আরও ভাল হবে বলে আমি মনে করি। আপনি বলেছেন যুবকেন্দ্র সব জায়গায় হয়েছে, যুব কেন্দ্রের মাধ্যমে যে সব জায়গায় কাজ হচ্ছে সেটা ঠিক নয়। অনেক জায়গায় যুবকেন্দ্রই হয়নি, কোনও কোনও জায়গায় হয়েছে? যেখানে পিচের রাস্তা আছে, গাড়ি চলে, সেখানেই যুব কেন্দ্র প্রথমে হয়েছে, যেখানে গাড়ি চলে না, গ্রামের মধ্যে রাস্তাঘাট নেই সেই সমস্ত কেন্দ্রে যুবকেন্দ্র হয়নি। আমাদের নন্দী গ্রামে ৩টি ব্লক, সেখানে একটিও হয়নি। আর একটা যেখানে হয়েছে সেখানে একজন মহিলাকে পাঠিয়েছেন, যেখানে একজন অফিসার যেতে পারে না, সেখানে একজন মহিলাকে পাঠিয়েছেন, বাধ্য হয়ে তাকে

যেতে হচ্ছে। তার দ্বারা যুব কেন্দ্র পরিচালিত হতে পারে না। আর আপনাকে আমি নিজে গিয়ে বলেছি যুব কল্যাণের কাজ যদি ভালভাবে চালাতে হয় তো যুব কল্যাণ জাগরণ আনতে হবে, সেখানে নিশ্চয়ই কর্মঠ যুবককে পাঠাতে হবে, যে যুবক তার মনোবল দিয়ে, আদর্শ দিয়ে যুব কল্যাণের কাজ করতে পারবে। এই কথা বলে আমি নিশ্চয়ই যুব কল্যাণে যে বরাদ্দ করেছেন, তার সমর্থন করছি, সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নবকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যুবকল্যাণ মন্ত্রী একজন হেড মাস্টার, তার ভাষণে যত অলংকারিতা আছে, কার্য্যকারিতা নাই। ওনার সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয় আছে, লোক তিনি খুব ভাল, কিন্তু বিপদ হল, পার্টি সি. পি. এম., এখানেই হল আসল ব্যাপার। মাননীয় স্পিকার মহোদয়, আপনি জানেন বেশ কিছুদিন হল যুব উৎসব আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন কেন্দ্রে আরম্ভ হয়েছে। যুব উৎসব নিয়ে আমরা ভেবেছিলাম যুবকদের মধ্যে ঐক্য আসবে। মাননীয় মন্ত্রী মহাশয় সি. পি. এম পার্টির হলেও, তিনি পশ্চিমবাংলার যুবকল্যাণ মন্ত্রী, সর্বশ্রেণীর যুবকেরা তাতে সুযোগ পাবে, সর্বশ্রেণীর যুবকেই তাদের মতাদর্শ বলতে পারবে, বলবার সুযোগ পাবে। কিন্তু আমরা কি লক্ষ্য করছি? সেই যুব উৎসব চেতনা একটি পার্টি উৎসবে দাঁড়িয়েছে। সেই পাটি উৎসবে আমরা দেখেছি ফরওয়ার্ডব্লক, আর এস পি-দের স্থান একেবারে হয়নি। যথাযথই এটা বিধানসভার প্রভাবশালী পার্টি সি পি এম পার্টির উৎসব। মাননীয় স্পিকার মহোদয়, আপনি জানেন যুব উৎসব সম্বন্ধে যে বাজেট প্রতিটি ব্লকে দেওয়া হয়েছিল তার কতটা যুব কল্যাণে ইউজড হয়েছে, কতটা যুবকল্যাণে ব্যয় হয়েছে, সেটা নিশ্চয়ই আলোচনা করতে হবে।

[6-45 — 6-55 p.m.]

আমরা দেখেছি এই যুব উৎসবের মধ্যে নাটক, বিচিত্রানুষ্ঠান, আবৃত্তি ও বিভিন্ন জিনিস হয় এবং তাতে আমরা লক্ষ্য করেছি এই যুব কল্যাণ দপ্তর আগে কোনও দিন ছিল না। বিগত সরকার সিদ্ধার্থবাবুর নেতৃত্বে যে সরকার ছিল, তদানিন্তন আমাদের যুব নেতা সুব্রত মুখার্জি এই যুবকল্যাণ দপ্তর প্রথম আবিষ্কার করেছিলেন। এবং তাতে তিনি একটা নীতি নির্ধারণ করেছিলেন যে-সমস্ত যুবক যাতে তাদের মানবিক প্রতিভার প্রকাশ করার সুযোগ পায় তার সুযোগ করে দেওয়া হোক। কিন্তু এবারে আমরা দেখছি যে বিভিন্ন যুবকল্যাণ উৎসব হয়েছে তাতে বেছে বেছে বামফ্রন্ট সমর্থক কিংবা সি. পি. এম. সমর্থন করা প্রতিষ্ঠানগুলি সুযোগ পেয়েছে। সেখানে জাতীয়তা বোধের বা জাতীয় চরিত্রের উন্নতি সম্পর্কে কোনও আলোচনা হয়নি। সেখানে যুব বিপ্লব বলে একটা ভ্রান্ত বিপ্লবকে পরিচালিত করার ব্যবস্থা করা হয়েছে। এবং তাদেরকেই সুযোগ দেওয়া হয়েছে যারা এই ভ্রান্ত বিপ্লবকে সমর্থন করেন। এই ব্যাপারে আমার ব্লকের মধ্যে একটা অসন্তোষ সৃষ্টি হয়েছে। এই যুবকল্যাণ দপ্তর যত যুব উৎসব করুক না কেন সেখানে যত প্রতিষ্ঠান রয়েছে যারা নাটক থিয়েটার ইত্যাদি করে তাদের সবাইকেই ইনভাইট করা উচিত ছিল। তাদের নাটক পরিচালনার সুযোগ দিন। এটা হতে পারে যে বিপ্লবী দল সেখানে থাকতে পারে, বিপ্লবী নাটক পরিচালিত হতে পারে। জাতীয়তাবোধ নাটক সামাজিক নাটক পরিচালিত হতে পারে। কিন্তু সেই সুযোগ আমরা পাইনি—পশ্চিমবাংলার যুব সমাজ সেই সুযোগ পায়নি। শুধু সেখানে ভ্রান্ত বিপ্লবের ইঙ্গিত

দিয়ে যাওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে বলি যে আমি দু-দিন যাওয়া সত্ত্বেও ওনার সাথে আমার দেখা হয়নি। আমি ওনাকে দেখিয়ে দিতে পারতাম যে কিভাবে টাকার অপচয় হচ্ছে। সেখানে যেসব যুবক সেই প্রতিষ্ঠানে যোগদান করেছিলেন তাদের একটা অংশকে শিখিয়ে দেওয়া হয়েছে যে বিপ্লব করতে হবে—ইনক্লাব জিন্দাবাদ ধ্বনি দিতে হবে এবং এর জন্য এতো টাকা খরচ করা হয়েছে। যেসব ক্লাব সি. পি. এম. দ্বারা পরিচালিত তাদের কেবল সুযোগ দেওয়া হয়েছে। খেলাধুলাটাও যুব কল্যাণ দপ্তরে পড়ে। এই খেলাধূলা সম্পর্কে পশ্চিমবাংলায় একটা নৈরাশ্য দেখা দিয়েছে। আগে আমাদের পশ্চিমবাংলায় ফুটবল খেলা হাডুডু খেলা স্পোর্টস ইত্যাদির একটা উদ্দেশ্য ছিল। কিন্তু আজকে সেটা আস্তে আস্তে কমে যাচ্ছে। আমি বিশেষভাবে বলব যে খেলাধূলার থেকে আমরা কেন পিছিয়ে যাচ্ছি। একটা হতে পারে যে আমাদের অর্থনৈতিক সমস্যা রয়েছে। যেসব ছাত্র কলেজে পড়ছে বিশ্ববিদ্যালয়ে পড়ছে তাদের হয়তো নানারকম চিন্তায় মনোনিবেশ করতে হচ্ছে—এখানে হয়তো কিছু সমস্যা রয়েছে। কিন্তু পক্ষান্তরে এই সরকারের কাছ থেকে যে কিছু সুযোগ বিভিন্ন প্রতিষ্ঠান ক্লাব পেয়ে থাকে তা থেকে অনেককেই বঞ্চিত করা হচ্ছে। আমাদের অনেক অভাব রয়েছে, যার জন্য খেলাধূলার মান অনেক নিচে নেমে গিয়েছে। আজকে খেলাধূলা কিছু আমাদের অর্থনৈতিক পর্যায়ে চলে গেছে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় এই খেলাধূলার জন্য যুব কল্যাণ দপ্তর থেকে যে টাকা দিয়ে থাকেন সেই সম্বন্ধে একটা চিত্র আমি তুলে ধরছি। সেখানে পার্টিবাজি হচ্ছে। এই যুব কল্যাণ দপ্তর পরিচালনা করার জন্য আমাদের ওখানে একটা কমিটি আছে যে কমিটি নানা রকমভাবে বিচার বিবেচনা করে দেখবেন কোনও কোনও ক্লাবকে টাকা দেওয়া হবে এবং তার চেয়ারম্যান হচ্ছেন সি. পি. এমের লোক। প্রতিটি ক্লাবকে টাকা দেওয়া হবে না। যারা ইনক্লাব জিন্দাবাদ করবে কিংবা বামফ্রন্ট সমর্থক হবেন তাদেরকে টাকা দেওয়া হবে। আমরা প্রতিবাদ করেছিলাম আমার এরিয়া আমার কন্সটিটিউয়েন্সিতে তিনটি ব্লক আছে। আমাকে এই ব্যাপারে কমিটি থেকে চিঠি দেওয়া হয়। আমি কিন্তু সেই চিঠি পাই অনেক দেরিতে, মিটিং হয়ে গেছে তার সাত দিন পরে। সেইজন্য কোনও অ্যাটেন করার সুযোগ আমি পাইনি। সেই জন্য আমি প্রতিবাদ করেছিলাম। কিন্তু আজ পর্যন্ত তার কোনও ফল পাইনি। তারা বলেছেন যে যে কমিটি রয়েছে সেই কমিটির কথা অনুসারে টাকা দেওয়া হবে এবং সেই অনুযায়ী টাকা দেওয়া হয়। আমরা এও দেখেছি যে সেই টাকার অপচয় হয়েছে। আমার বিভিন্ন ব্লক ঘুরে দেখেছি অভিজ্ঞতা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে বলছি তিনি বিভিন্ন ব্লক ঘুরে দেখে আসুন তার মনোবল রয়েছে স্বাস্থ্যও রয়েছে।

এবং সেই টাকা অনুযায়ী কাজ হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে বলছি আপনি যদি বিভিন্ন ব্লকে ঘুরে ঘুরে দেখেন আপনি যে কাজ করতে চান তা হচ্ছে না, এই অভিজ্ঞতা আমার রয়েছে। আপনি ঘুরতে পারেন, আপনার মনোবল রয়েছে, আপনার সততা রয়েছে, আপনি একটু ঘুরে দেখুন যেসব টাকা ক্লাবগুলোকে দেওয়া হয়েছে তারা কোনওদিন ফুটবল কিংবা ব্যাটমিন্টনের নেট কিংবা ভলিবল ইত্যাদি কিনেছে কিনা এবং সেই টাকাটা কিরকমভাবে ইউজ করেছে। তারা টাকাটাকে নিয়ে তছনছ করেছে, আপনি একটু অনুসন্ধান করলেই তা দেখতে পাবেন। আপনি যদি তা না করেন, আপনার যে দপ্তর আছে তাকে দিয়েও যদি অনুসন্ধান না করান তাহলে তাতে কিছু জানা যাবে। যে টাকা আপনি সৎকাজে ব্যবহার

করতে চাইছেন—আমাদের যুব লীডার সুব্রত মুখার্জি যে দপ্তরের প্রতিষ্ঠা করেছিলেন তার যদি কিছু মূল্যায়ন করতে চান তাহলে আপনাকে বিশেষভাবে এনকোয়ারি করে দেখতে হবে। যে টাকাটা ক্লাবগুলোকে দেওয়া হয়েছে তার কতটা ইউটিলাইজেশন হয়েছে এবং কতটুকু সেই টাকা যুবকদের কাজে লাগছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই মন্ত্রী মহাশয় আমাদের সামনে বলেছেন যে যুবকদের একটা ভ্রমণের জন্য তিনি মাঝে মাঝে টাকা দিয়ে থাকেন। পশ্চিমবাংলার অনেক যুবক, কেউ হয়ত দিল্লি যাবে কেউ হয়ত সাইকেলে কাশ্মীর যাবে কেউ হয়ত পায়ে হেঁটে যায়, এটা একটা ভাল জিনিস, একটা উৎসাহ ছেলেদের মধ্যে জাগে। এই ব্যাপারে পশ্চিমবাংলার যুবকদের সুনাম রয়েছে। কিন্তু বর্তমান সরকার আসার পর তার একটা ব্যতিক্রম দেখা গেছে। অনেক যুবক একলাই যুবককল্যাণ দপ্তরের কাছে বলে যে আমি সাইকেলে ইন্ডিয়া ট্যুর করতে চাই। কিন্তু তাকে সার্টিফিকেট দিতে হবে তার আঞ্চলিক কমিটির প্রেসিডেন্টকে। এটা একটা ইতিহাস। যদি কেউ সাইকেলে বা হেঁটে ইন্ডিয়া ট্যুর করতে চায় তাহলে তাকে তো ডেকে ফিজিক্যালি তার ফিটনেস দেখতে পারেন যে এই ছেলেটা সত্যিকারের যাবে কিনা বা তার মূল্যায়ন করতে পারেন, অনুসন্ধান করতে পারেন কিংবা বি. ডি. ও.-কে দিয়ে একটা এনকোয়ারি করাতে পারেন। কিন্তু আঞ্চলিক কমিটির প্রেসিডেন্টের সার্টিফিকেট ছাড়া কোনও কাজ হবে না—এমনও দেখা গেছে, যাদের টাকা দেওয়া হয়েছে তারা কোনওদিন বাইরে যায়নি, সেই টাকা দিয়ে তারা রেডিও কিনেছে ঘড়ি কিনেছে সাইকেল কিনেছে। আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ধন্যবাদ জানাচ্ছি, যে দুজন মাননীয় সদস্য এই বিতর্কে অংশগ্রহণ করেছেন, তাদের ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্য বঙ্কিম মাইতি মহাশয় বিতর্কে অংশ গ্রহণ করে যে সমস্ত কথা বলেছেন—আমি অত্যন্ত দুঃখিত, আমার মনে হচ্ছে, আমার লিখিত বাজেট বিবৃতি উনি পড়েননি। যদি পড়তেন তাহলে এই ধরনের আলোচনা উনি করতেন না। গঠনমূলক আলোচনা হয়ত উনি করতে পারতেন। কেন না বাজেট বিবৃতির প্রথম অনুচ্ছেদে আমি বলেছি যে আমাদের সমাজ ব্যবস্থাটা কি, এই সমাজ ব্যবস্থার মধ্যে থেকে আমরা যুবকদের কল্যাণের জন্য কতটুকু ব্যবস্থা করতে পারি, কতটুকু করতে পারি না, আমাদের সীমাবদ্ধতা কোথায়? সমাজ পরিবর্তনের আগে যুব কল্যাণের যে জয়যাত্রা তা কোথায় আটকে যাবে আমি সে সম্বন্ধে প্রথম অনুচ্ছেদে বলেছি। যদি উনি তা পড়তেন তাহলে যে সমস্ত কথার উনি অবতারণা করেছেন তা তিনি করতেন না। যে বিষয়গুলি উনি বলেছেন—দু-একটি বিষয়ের উল্লেখ করেছেন যে আমি গ্রামের দিকে তাকাই না। এটা উনি না জেনে বলেছেন, সেজন্য আমি দুঃখিত। যুবকল্যাণ বিভাগের যা অর্থ বরাদ্দ করা হয় তার শতকরা ৯০ ভাগ অর্থ গ্রামের জন্য, পঞ্চায়েত সমিতির এলাকার মধ্যে, পৌর এলাকার বাইরে ব্যয় করা হয়। উনি আর একটা কথা বলেছেন নন্দীগ্রাম সহ তিনটি ব্লকে যুবকল্যাণ দপ্তর নেই। আমি দুঃখিত, মাননীয় সদস্য আপনি কোনও খবর জানেন না, পশ্চিমবংলায় এমন কোনও পঞ্চায়েত সমিতির এলাকা নেই যেখনে যুবকল্যাণ দপ্তর নেই, যুব কল্যাণ দপ্তরের কাজ হয় না। অজ্ঞতা বশত মাননীয় সদস্য

এই কথা বলেছেন, আমি দুঃখিত। তবে উনি এ বাজেটকে সমর্থন করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় সদস্য নবকুমার রায় কতকগুলি কথা বলেছেন। উনি কেন বললেন আমি বুঝতে পারলাম না। তদানিন্তন মন্ত্রী সুব্রত মুখার্জি মহাশয়ের নাম উল্লেখ করেছেন, তিনি যুব কল্যাণ দপ্তর সৃষ্টি করেছিলেন, তা আমি স্বীকার করি। ১৯৭২ সালে যুব কল্যাণ দপ্তরের সৃষ্টি হয়, কিন্তু মাননীয় সদস্য সম্ভবত জানেন আপনিও সেই সময়ে ছিলেন ঐ দলের অন্তর্ভুক্ত হয়ে, যে, কি উদ্দেশ্যে যুবকল্যাণ দপ্তর সৃষ্টি হয়েছিল।

[6-55 — 7-05 p.m.]

পশ্চিমবাংলার ৩৩৫টি ব্লকের মধ্যে মাত্র ৪০টি ব্লকে এই যুবকল্যাণ দপ্তরের কাজ কর্ম সীমাবদ্ধ রেখেছিলেন, এই কথা আপনাদের জানা উচিত। আপনারা সেই সময় যে টাকা বরাদ্দ করেছিলেন, তারপর আমাদের হাতে যখন পশ্চিমবাংলার মানুষের সেবা কল্যাণ দপ্তরের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার থেকে এই ৪ বছরে আমরা ৬ গুন টাকা বৃদ্ধি করেছি। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে সেই কথা প্রতিফলিত হয়েছে। যুবকল্যাণ দপ্তরের ভূমিকা আমরা যথাযথভাবে পালন করতে সক্ষম হয়েছি। যতই ঘাটতি বাজেট হোক না কেন জিনিসপত্রের দাম ৬ গুন বৃদ্ধি হয়নি। আমাদের অর্থমন্ত্রী বলেছেন জিনিস পত্রের দাম ২।। গুন বাড়তে পারে, কিন্তু ৬ গুন বাড়েনি। মাননীয় নববাবু বললেন বিভিন্ন জায়গায় কাজ কর্ম সম্পর্কে তার আপত্তি আছে। আপনার সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয় আছে। কিন্তু এই ৪৫ মাসের মধ্যে বিরোধী দলের সদস্যদের পক্ষ থেকে একটিও অভিযোগ আমি পাইনি যুব কল্যাণ দপ্তরের কাজকর্ম সম্পর্কে। তিনি কেবল বক্তৃতা করার জন্য বক্তৃতা করলেন। সমালোচনার জন্যই সমালোচনা করলেন। আপনার সঙ্গে বহুদিন এক সঙ্গে কেটেছে। ইন্দিরা কংগ্রেসে যোগদান করবার আগে এক সঙ্গে কেটেছে। তখন সমালোচনা করবার কিছু ছিল না। কিন্তু ইন্দিরা কংগ্রেসে যোগদান করার পর সমালোচনা করছেন। এতদিন আপনারা অসুবিধার কথা বলেননি, ঐ দলে গিয়ে সমালোচনা শুরু করলেন। আপনি খেলাধূলার কথা বললেন। মাননীয় সদস্য জেনে রাখুন—ইন্দিরা কংগ্রেসের মহামান্য সদস্যগণ জেনে রাখুন ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত খেলা ধূলার জন্য আপনাদের কোনও পরিকল্পনা ছিল না। একটি পয়সাও খেলাধূলার জন্য ব্যবস্থা করেননি। যা কিছু ব্যবস্থা আমাদের আমলে আমরাই করেছি। কোনও কমিটি মারফৎ যুব কল্যাণ দপ্তরের টাকা বিলি হয়নি। পঞ্চায়েত সমিতির সুপারিশ অনুসারে যুব কল্যাণ দপ্তরের টাকা ব্যয় করা হয়। তার জন্য আলাদা কমিটি করা হয়নি। যদি গান্ধীজীর পঞ্চায়েত রাজ্যের প্রতি আপনাদের শ্রদ্ধা থাকে তাহলে এই ব্যবস্থা মেনে নেবেন। এই সমাজ ব্যবস্থার মধ্যে থেকে যুবকদের জন্য আমরা ভবিষ্যত তৈরি করতে পারব না জানি, কিন্তু যুব সমাজকে তৈরি করবার জন্য যুব কল্যাণ দপ্তর কাজ করে যাবে। সংক্ষেপে এই কথা বলে, জোরের সাথে এই প্রতিশ্রুতি দিয়ে আমার এই বাজেটকে সমর্থন করবার জন্য আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kanti Chandra Biswas that a sum of Rs. 4,16,49,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "277—Education (Youth Welfare)", was then put and agreed

to.

**DEMAND No. 1**

**Major Head : 211—State Legislatures**

**Shri Bhabani Mukherjee** : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 95,91,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "211—State legislatures"

The motion was then put and agreed to.

**DEMAND No. 6**

**Major Head : 220—Collection of Taxes on Income and Expenditure**

**Shri Bhabani Mukherjee** : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 45,56,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "220—Collection of Taxes on Income and Expenditure"

The motion was then put and agreed to.

**DEMAND No. 9**

**Major Head : 235—Collection of Other Taxes on Property and Capital Transactions**

**Dr. Ashok Mitra** : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,12,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "235—Collection of Other Taxes on Property and Capital Transactions"

The motion was then put and agreed to.

**DEMAND No. 10**

**Major Head : 239—State Excise**

**Dr. Ashok Mitra** : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,97,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "239—State Excise"

The motion was then put and agreed to.

## DEMAND No. 11

### Major Head : 240—Sales Tax

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,50,20,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240—Sales Tax"

The motion was then put and agreed to.

## DEMAND No. 13

### Major Head : 245—Other Taxes and Duties on Commodities and Services

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,16,26,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "245—Other Taxes and Duties on Commodities and Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 14

### Major Head : 247—Other Fiscal Services

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,23,00,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "247—Other Fiscal Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 16

### Major Head : 249—Interest Payments

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,02,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "249—Interest Payments"

The motion was then put and agreed to.

## DEMAND No. 20

### Major Head : 254—Treasury and Accounts Administration

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,94,29,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "254—Treasury and Accounts Administration"

The motion was then put and agreed to.

**DEMAND No. 22**

**Major Head : 256—Jails**

**Shri Debabrata Bandyopadhyay :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,36,03,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "256—Jails"

The motion was then put and agreed to.

**DEMAND No. 28**

**Major Head : 266—Pensions and Other Retirement Benefits**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,49,76,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "266—Pensions and Other Retirement benefits"

The motion was then put and agreed to.

**DEMAND No. 30**

**Major Head : 268—Miscellaneous General Services**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,01,70,000 be granted for expenditure under Demand No. 30, Major Head : "268—Miscellaneous General Services"

The motion was then put and agreed to.

**DEMAND No. 32**

**Major Head : 277—Education (Sports)**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,95,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "277—Education (Sports)"

The motion was then put and agreed to.

**DEMAND No. 40**

**Major Heads : 284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development**

**Shri Prasanta Kumar Sur :** On the recommendation of the Gov-

ernor, I beg to move that a sum of Rs. 72,57,92,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development"

The motion was then put and a Division taken with the following results :

**AEYS**

Abdur Razzak Molla, Shri

Bagdi, Shri Lakhan

Bandyopadhyay, Shri Balai

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Gopal

Basu Ray, Shri Sunil

Bhattacharyya, Shri Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jnanendranath

Biswas, Shri Kanti Chandra

Biswas, Shri Kumud Ranjan

Bora, Shri Badan

Bose, Shri Ashoke Kumar

Bose, Shri Biren

Chatterjee, Shrimati Nirupama

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Subhendu Kumar

Das, Shri Jagadish Chandra

Ghosh, Shri Krishna Pada

Ghosh, Shri Malin

Goswami, Shri Subhas

Guha, Shri Nalini Kanta

Gupta, Shri Jyotsna Kumar

Haldar, Shri Krishnadhan

Hashim Abdul Halim, Shri

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Kalimuddin, Shams, Shri

Mahata, Shri Satya Ranjan

Maity, Shri Gunadhar

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Pannalal

Majhi, Shri Rai Charan

Majumder, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malik, Shri Purna Chandra

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Suvendu

Ming, Shri Patras

Mir Abdus Sayeed, Shri

Mir Fakir Mohammad, Shri

Mitra, Dr. Ashok

Mitra, Shri Ranjit

Mohanta, Shri Madhabendu

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sahabuddin

Mondal, Shri Shashanka Sekhar
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Mahadeb
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Maha Bachha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Nezamuddin Md., Shri
Panda, Shri Mohini Mohan
Ray, Shri Achintya Krishna
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Chowdhury, Shri Nirode
Rudra, Shri Samar Kumar
Sarkar, Shri Ahindra
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir,

Sing, Shri Buddhadeb

Sinha, Dr. Hamamohan

Sinha, Shri Khagendra Nath

Sur, Shri Prasanta Kumar

Tah, Shri Dwarka Nath

Tudu, Shri Bikram

**NOES**

Bapuli, Shri Satya Ranjan

Das Mahapatra, Shri Balai Lal

Digpati, Shri Panchanan

Jana, Shri Haripada (Bhagabanpur)

Kazi Hafizur Rahaman, Shri

Mitra, Shri Birendra Kumar

Maity, Shri Bankim Behari

Maji, Dr. Binode Behari

Md. Sohorab, Shri

Pandey, Shri Rabi Shankar

Roy, Shri Naba Kumar

Roy, Shri Krishnadas

Sen, Shri Bholanath

Sinha, Shri Atish Chandra

Sinha, Shri Prabodh Chandra

**Absts :**

Bauri, Shri Bijoy

Halder, Shri Renupada

Sarkar, Shri Debaprasad

Soren, Shri Suchand

The Ayes being 81 and Noes 15, the motion was carried.

## DEMAND No. 48

**Major Heads : 295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services and 695—Loans for Other Social Community Services**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,08,44,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services and 695—Loans for Other Social Community Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 49

**Major Head : 296—Secretariat—Economic Services**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,48,60,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "296—Secretariat—Economic Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 51

**Major Head : 304—Other General Economic Services**

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,76,70,000 be granted for expenditure under Demand No. 51, Major Head : "304—Other General Economic Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 57

**Major Heads : 512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries**

**Shri Bhakti Bhusan Mandal :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,24,49,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries"

The motion was then put and agreed to.

## DEMAND No. 72

### Major Head : 339—Tourism

**Dr. Ashok Mitra** : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 97,08,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "339—Tourism"

The motion was then put and agreed to.

## DEMAND No. 73

### Major Heads : 544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for Other Transport and Communication Services

**Dr. Ashok Mitra** : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,10,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for Other Transport and Communication Services"

The motion was then put and agreed to.

## DEMAND No. 75

### Major Head : 500—Investments in General Financial and Trading Institutions

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,24,00,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "500—Investments in General Financial and Trading Institutions"

The motion was then put and agreed to.

## DEMAND No. 84

### Major Heads : 766—Loans to Governor Servants, etc. and 767—Miscellaneous Loans

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,10,60,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "766—Loans to Governor Ser-

vants, etc. and 767—Miscellaneous Loans"

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was adjourned at 7.29 p.m. ti l 1 p.m. on Thursday, the 26th March, 1981, at the Assembly House Calcutta.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

Vol: 74 No-III (Seventy Fourth Session) (February to April, 1981)

(The 13th, 14th, 16th, 17th, 18th, 19th, 21st, 23rd, 24th & 25th March, 1981)

**Bill**

The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 PP-725-734

The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, PP-721-722

The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 PP-481-483

(i) The Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981

(ii) The Barakar Electric Supply instalations Acquisition Bill, 1981 PP-355-367

The Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 PP-146-167

**Consideration of the fifth Report of the Committee of Privileges (1980-81)** PP-533-534

**Demand for Grants**

Voting on Demand for Grants—Demand Nos. 36, 37, 38 PP-26-106

Voting on Demand for Grants—Demand No. 46 PP1147-1161

Voting on Demand for Grants—Demand Nos. 1, 6, 9, 10, 11, 13, 14, 16, 20, 22, 28, 30, 32, 40, 48, 49, 51, 57, 72, 73, 75 & 84 PP-1167-1176

Voting on Demand for Grants—Demand No. 33 PP-1161-1166

Voting on Demand for Grants—Demand No. 42 P-1111

Voting on Demand for Grants—Demand Nos. 59 & 60 PP-1010-1072

Voting on Demand for Grants—Demand No. 67 PP-894-958

Voting on Demand for Grants—Demand Nos. 55 & 56 PP-803-834

Voting on Demand for Grants—Demand Nos. 54 & 43 PP-737-803

Voting on Demand for Grants—Demand Nos. 44 & 47 PP-691-721

Voting on Demand for Grants—Demand No. 63 PP-662-690

Voting on Demand for Grants—Demand No. 58 PP-646-662

Voting on Demand for Grants—Demand No. 27 PP-582-586

Voting on Demand for Grants—Demand No. 21 PP-520-582

Voting on Demand for Grants—Demand Nos. 4 & 8 PP-450-481

Voting on Demand for Grants—Demand No. 26 & 74 PP-398-450

Voting on Demand for Grants—Demand No. 7 PP-284-355

Voting on Demand for Grants—Demand No. 45 PP-206-234

Voting on Demand for Grants—Demand No. 12, 68, 69 & 71 PP-167-206

Voting on Demand for Grants—Demand No. 50 PP-106-140

**Discussion on the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981**

by—Shri Bholanath Sen PP-729-730

by—Shri Birendra Kumar Moitra PP-727-728

by—Shri Nirmal Kumar Bose PP-730-732

by—Shri Rajani Kanta Doloi PP-726-727

by—Shri Sambhu Charan Ghosh PP-728-729, PP-732-734

**Discussion on the Bengal Money-lenders (Amendment) Bill, 1981**

by—Shri Anil Mukherjee PP-566-569

by—Shri Ashok Kumar Bose PP-541-553

by—Shri Benoy Banerjee PP-527-530

by—Shri Bholanath Sen PP-534-541

by—Shri Deba Prasad Sarkar PP-530-533

by—Shri Hashim Abdul Halim P-482

**Discussion on the (i) Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Bill, 1981 and (ii) the Barakar Electric Supply Instalations Acquisition Bill, 1981**

by—Shri Amalendra Roy PP-359-362

by—Shri Jyoti Basu PP-356-358, PP-365-366

by—Shri Rajani Kanta Doloi PP-359, P-356

by—Shri Sandip Das PP-362-365

**Discussion on the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981**

by—Shri Janmejoy Ojha PP-151-153

by—Nirmal Kumar Bose PP-153-155

by—Shri Rajani Kanta Doloi PP-147-151

by—Shri Sambhu Charan Ghosh PP-155-157, PP-162-163

by—Dr. Zainal Abedin PP-161-162

**Discussion on the Motion under Rule-348 Regarding termination of Suspension of Smt. Renu Leena Subba MLA**

by—Shri Abdul Karim Chowdhury P-618

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-617-618

by—Shri Amalendra Ray PP-618-619

by—Shri Bholanath Sen PP-622-623

by—Shri Bimalanda Mukherjee P-620

by—Shri Dawa Narbu La PP-606-609

by—Shri Deba Prasad Sarkar PP-616-617

by—Shri Haripada Bharati PP-615-616

by—Shri Hasim Abdul Halim PP-620-622

by—Shri Nirmal Kumar Bose PP-614-615

by—Shri Prodyot Kumar Mohanti PP-612-614

by—Shri Rabi Sankar Pandey P-620

by—Shri Satya Ranjan Bapuli PP-611-612

by—Dr. Zainal Abedin PP-609-611

**Discussion and voting on Demand for Grants—Demand Nos.59 & 60**

by—Shri Birendra Kumar Moitra PP-1049-1055

by—Shri Debabrata Bandyopadhyay PP-1011-1019, PP-1067-1071

by—Shri Habibur Rahman PP-1028-1035

by—Shri Haripada Bharati PP-1036-1041

by—Hazi Sazzad Hossain PP-1044-1049

by—Shri Janmejoy Ojha PP-1019-1025

by—Shri Khagendra Nath Singha PP-1055-1058

by—Shri Mahadeb Mukherjee PP-1025-1028

by—Shri Manindra Nath Jana PP-1061-1063

by—Shri Nathaniel Murmu PP-1041-1044

by—Shri Satya Ranjan Mahato PP-1035-1036

by—Shri Santosh Kumar Rana PP-1058-1061

by—Shri Trilochan Mal P-1063

by—Dr. Zainal Abedin PP-1063-1067

**Discussion and Voting on Demand for Grants—Demand No.67**

by—Shri Amalendra Roy PP-930-934

by—Shri Bholanath Sen PP-915-923

by—Shri Deba Prasad Sarkar PP-927-930

by—Shri Dilip Kumar Majumdar PP-937-944

by—Shri Jyoti Basu PP-894-900, PP-947-958

by—Shri Prabir Sengupta PP-909-914

by—Shri Sandip Das PP-901-909, P-957

by—Shri Saral Deb PP-923-927

by—Shri Swadesh Ranjan Majhi PP-944-947

by—Dr. Zainal Abedin PP-934-937

**Discussion and voting on Demand for Grants—Demand No. 46**

by—Shri Aparajeta Goppi PP-1153-1155

by—Dr. Ashok Mitra P-1147

by—Shri Bankim Behari Maity PP-1155-1156

by—Shri Jayanta Kumar Biswas PP-1156-1157

by—Shri Nabakumar Roy PP-1151-1153

by—Shri Nirupama Chatterjee PP-1147-1151, PP-1157-1160

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 33**

by—Shri Bankim Behari Maity PP-1161-1163

by—Shri Kanti Chandra Biswas PP-1165-1166

by—Shri Naba Kumar Roy PP-1163-1165

**Discussion and Voting on the Demand for Grants—Demand No. 42**

by—Shri Anil Mukherjee PP-1132-1134

by—Shri Bimalananda Mukherjee PP-1138-1139

by—Shri Birendra Kumar Moitra PP-1141-1142

by—Shri Jyotsna Kumar Gupta PP-1134-1136

by—Shri Kamal Sarkar PP-1128-1132

by—Krishna Pada Ghosh PP-1111-1120, PP-1142-1146

by—Shri Rabi Sankar Pandey PP-1120-1123

by—Shri Renupada Haldar PP-1136-1137

by—Shri Suniti Chattaraj PP-1124-1128

by—Dr. Zainal Abedin PP-1139-1140

**Discussion and the Voting of Demands for Grants—Demand Nos. 55 & 56**

by—Shri Amritendu Mukherjee PP-804-828, PP-834-837

by—Shri Nanigopal Malakar PP-830-831

by—Shri Nanuram Ray PP-828-830

by—Shri Sk. Imajuddin PP-832-834

**Discussion on Voting on Demand for Grants—Deemand No. 21**

by—Shri Amritendu Mukherjee P-561 PP-573-582, PP-563-565, PP-520-526

by—Shri Anil Mukherjee P-558, PP-566-569

by—Shri Aparajita Goppi P-563

by—Shri Ashoke Kumar Bose PP-550-553, PP-541-547

by—Shri Amalendra Roy PP-557-558

by—Shri Benoy Banerjee PP-527-530

by—Shri Bholanath Sen PP-534-541

by—Shri Deba Prasad Sarkar PP-530-533, PP-556-557

by—Shri Haripada Bharati PP-553-554

by—Shri Hasim Abdul Halim P-561, P-556

by—Shri Amritendu Mukherjee PP-573-582, PP-563-565, PP-520-526

by—Shri Kashikanta Moitra PP-558-560

by—Shri Nikhil Das PP-569-573

by—Shri Prabodh Chandra Sinha PP-554-555

by—Dr. Zainal Abedin PP-561-562

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 54 & 43**

by—Shri Barindranath Koley PP-787-788

by—Shri Bijoy Bouri PP-781-784

by—Shri Bimalananda Mukherjee PP-784-787

by—Shri Chhobhan Gazi PP-792-793

by—Shri Hemen Majumdar PP-775-778

by—Shri Janmejoy Ojha PP-788-790

by—Shri Jayanta Kumar Biswas PP-790-792

by—Shri Samsuddin Ahmed PP-767-771

by—Shri Sandip Das PP-761-767

by—Shri Saral Deb PP-771-775

by—Shri Sudhin Kumar PP-738-761, PP-793-803

by—Shri Tarak Bandhu Ray PP-778-780

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 44 & 47**

by—Shri Gopal Bhattacharjee PP-709-714

by—Shri Haripada Bharati PP-700-704

by—Shri Nehar Kumar Bose PP-704-707

by—Shri Radhika Ranjan Banerjee PP-691-700, PP-714-718

by—Shri Subhas Goswami PP-707-709

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 63**

by—Shri Chittabrata Majumdar PP-663-674, PP-685-690

by—Shri Dhirendra Nath Sen PP-674-677

by—Shri Kripasindhu Saha PP-678-681

by—Shri Manindra Nath Barma PP-682-685

by—Shri Monoranjan Ray PP-677-678

by—Shri Tarak Bandhu Ray PP-681-682

**Discussion and Voting on Demands for Grants—Demand No. 58**

by—Dr. Ashok Mitra PP-646-655, PP-661-662

by—Shri Ganesh Chandra Mondal PP-659-661

by—Shri Nirmal Kumar Basu PP-655-659

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 27**

by—Shri Jayanta Biswas P-585

by—Shri Malin Ghosh P-585

by—Shri Ram Chatterjee PP-582-585, PP-585-586

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 4 & 8**

by—Shri Abdul Quiyom Mollah PP-473-477

by—Shri Anil Mukherjee PP-469-472

by—Shri Balai Lal Das Mahapatra PP-459-464

by—Shri Hasim Abdul Halim PP-450-459, PP-477-481

by—Shri Hazari Biswas PP-464-467

by—Shri Naba Kumar Roy PP-467-469

by—Shri Subhas Goswami PP-472-473

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 26 & 74**

by—Smt. Aprajeta Goppi PP-430-432

by—Shri Bijoy Bauri PP-433-434

by—Shri Dhirendra Nath Sarkar PP-426-430

by—Shri Matish Ray PP-435-439

by—Shri Md. Nizamuddin PP-414-421

by—Shri Patit Paban Pathak PP-439-441

by—Shri Prasanta Kumar Sur PP-398-414, PP-441-449

by—Shri Sandip Das PP-422-426

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 7**

by—Shri Achinta Krishna Ray PP-345-347

by—Shri Balai Bandyapadhyay PP-337-339

by—Shri Benoy Krishna Chowdhury PP-284-303, PP-349-355

by—Shri Bishnukanta Sashtri PP-333-336

by—Shri Biswanath Mukherjee PP-329-333

by—Shri Deba Prasad Sarkar PP-323-325

by—Shri Jayanta Kumar Biswas PP-325-329

by—Shri Krishnadas Ray PP-343-345

by—Shri Md. Sohrab PP-316-320

by—Shri Ram Narayan Goswami PP-311-316

by—Shri Sasabindu Bera PP-304-311

by—Shri Santosh Kumar Das PP-321-323

by—Shri Santosh Kumar Rana PP-347-349

by—Dr. Zainal Abedin PP-340-343

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 45**

by—Shri Daman Kuiry PP-226-227

by—Shri Gobinda Bouri PP-229-231

by—Shri Monohar Tirkey PP-228-229

by—Shri Nanuram Ray PP-216-219

by—Dr. Sambhunath Mandi PP-206-215, PP-232-234

by—Shri Shibnath Das PP-222-225

by—Shri Sunirmal Paik PP-231-232.

by—Shri Sumanta Kumar Hira PP-219-222

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 12, 68, 69 & 71**

by—Shri Bishnukanta Shastri PP-194-196

by—Shri Deba Prasad Sarkar PP-190-192

by—Shri Jagadish Chandra Das PP-198-201

by—Shri Md. Amin PP-167-177, PP-202-205

by—Shri Nalini Kanta Guha PP-188-190

by—Shri Pralay Talukdar PP-185-188

by—Shri Sandip Das PP-178-183

by—Shri Santiram Mahato PP-197-198

by—Shri Sibendra Narayan Chowdhury PP-201-202

by—Shri Sk. Imajuddin PP-183-185

by—Shri Tarak Bandhu Ray PP-192-194

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 36, 37 & 38**

by—Dr. Ambarish Mukherjee PP-86-90

by—Dr. Binod Behari Majhi PP-90-92

by—Shri Deba Ranjan Sen PP-82-84

by—Dr. Haramohan Sinha PP-68-74

by—Shri Haripada Bharati PP-78-82

by—Shri Kironmoy Nanda PP-95-97

by—Dr. Motahar Hossain PP-61-68

by—Shri Nani Bhattacharya PP-26-57, PP-97-106

by—Shri Nikhil Das PP-74-78

by—Shri Ras Behari Pal PP-57-60

by—Shri Renupada Halder PP-84-86

by—Shri Swadesh Ranjan Majhi PP-93-95 .

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 50**

by—Shri Balailal Das Mahapatra PP-120-123

by—Shri Bhakti Bhusan Mandal PP-107-120, PP-136-140

by—Shri Manoranjan Roy PP-134-135

by—Shri Nirmal Kumar Bose PP-129-134

by—Shri Pannalal Majhi PP-123-127

by—Shri S.K. Imajuddin PP-127-129

by—Shri Sushil Kujur PP-135-136

**Formation of Assembly Committee** PP-645-646

**Mention Cases** PP-1102-1104, PP-1107-1111

PP-1001-1010

PP-888-894

PP-639-645

PP-516-520

PP-390-398

PP-14-20, PP-21-26

**OBITUARY REFERENCE**

of—Shri Sishuram Mondal PP-959-960

**Point of order on Suspension of a Member** PP-602-606

**Point of Information** PP-60-61

**PRESENTATION OF REPORT**

**First Report of the Committee on Rules (1980-81)** PP-632-639

Eighty first Report of Business Advisory Committee PP-1000-1001

Eightieth Report of the Business Advisory Committeee PP-734-737

79th Report of the Business Advisory Committee PP-142-146

**Question**

Abolition of Inter Statee Permit System

by—Shri Dhirendra Nath Sarkar & Shri Rajani Kanta Doloi P-989

Additional Employment Schemes

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-9-11

Additional resources mobilisation

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-852-853

Agricultural tax on tea Companies

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi P-262

Appointments in Group 'B' and 'C' Posts Under CMDA

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-263

Appointment in Group "B" and "C" posts under Commerce and Industries Department

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi P-867

Appointments in Groups 'B' & 'C' Posts under Cottage and Small-Scale Industries Department

by—Shri Naba Kumar Ray & Shri Rajani Kanta Doloi P-267

Appointment in Groups "B" and "C" posts under Fire Services Dircetorate

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi P-868

Appointments in Group 'B' & 'C' post; under information and Cultural

Affairs Department

by—Shri Naba Kumar Ray & Shri Rajani Kanta Doloi PP-267-268

Availability of Ground Water resources of West Bengal

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-378-38(

Collection of Land Revenue

by—Shri Naba Kumar Ray PP-504-505

Collection of Octroi

by—Shri Rajani Kanta Doloi PP-844-845

Decline in realization of royalty on Coal

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-1084-1085

Development of Administration

by—Shri Rajani Kanta Doloi P-239

Employment Exchanges in Subdivisions

by—Shri Rajani Kanta Doloi PP-268-269

Employment on daily rate basis

by—Shri Krishnadas Ray and Shri Rajani Kanta Doloi PP-594-595

Equalisation of delivery price of raw materials, etc.

by—Shri Motahar Hossain and Shri Rajani Kanta Doloi PP-1094-109

Establishing Co-operative Benks in every block

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-861-862

Financial assistance by National Financial Institutions

by—Shri Rajani Kanta Doloi PP-235-236

Financial assistance for Sanskrit Pandits in Midnapore district

by—Shri Dhirendra Nath Sarkar and Shri Rajani Kanta Doloi PP-857-858

Financial assistance to industrial concerns

by—Shri A.K.M. Hassan Uzzaman P-861

Funds from RBI to the State Government

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-382-384

Garden Reach Water Supply Scheme

by—Shri Sachin Sen & Shri Birendra Narayan Roy PP-982-983

Generating Wider Interest in nature exploration among the Youth

by—Shri Rajani Kanta Doloi PP-238-239

Growth of population in West Bengal

by—Shri Rajani Kanta Doloi PP-239-241

Incentries of Jute Industry

by—Shri A. K. M. Hassan Uzzaman PP-486-487

Increase in daily earnings of the C.S.T.C

by—Shri Naba Kuamr Ray and Rajani Kanta Doloi PP-960-962

Industrial disturbances

by—Shri Rajani Kanta Doloi P-870

Institutional Finance for bargadars and assignment of vested lands

by—Shri A. K. M. Hassan Uzzaman PP-246-248

Institutional Finance to the recorded sharecroppers and allottees of vested lands by Panchayats

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-255-257

International tender bids for the Haldia Petro-chemical Complex

by—Shri Sk. Imajuddin and Shri Rajani Kanta Doloi PP-265-266

Land for Coal-based project at Dankuni

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-1097

Letter of Intent for Haldia Petro-chemical Complex

by—Shri Rajani Kanta Doloi P-238

Letter of Intent for Leather Board Factory

by—Shri Sumanta Kumar Hira PP-485-486

Manning of Machanised fishing boats

by—Shri Rajani Kanta Doloi P-587

Measures for Control of Malaria, Leprosy, T.B., filaria and encephalitis

by—Shri A. K. M. Hassan Uzzaman PP-242-246

Minimum qualification for the Post of College lecturers

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-257

Monthly salary of part-time staff ,teachers of Kajlagarh M.S.B.C.M. High School

by—Shri Haripada Jana (Bhagabanpur) P-839

National Rural Employment Programme

by—Shri Rajani Kanta Doloi PP-236-238

Number of Officials Working in Chief Minister's Secretariat

by—Shri Sk. Imajuddin and Shri Rajani Kanta Doloi P-278

Officers in the Employment Exchanges

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi P-869

Pay Scale of West Bengal village and Khadi Industries Board Employees

by—Shri Haripada Jana (Bhagabanpur) PP-506-507

Persons appointed in different public undertakings

by—Shri Habibur Rahman, Shri Rajani Kanta Doloi and Shri Naba Kumar Ray PP-263-265

Piped water supply scheme in Midnapore town

by—Shri Haripada Jana (Bhagabanpur) P-598

Recruitment of Munsiffs

by—Shri Krishnadas Roy and Shri Rajani Kanta Doloi PP-981-982

Relieving of peasents Debts

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-840-842

Report of the Law Commission

by—Shri Rajani Kanta Doloi PP-372-373

Report of the three-man committee on funds and personnel in Panchayat bodies

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-984-985

Revenue receipts from Oriental Gas Company

by—Shri Dhirendra Nath Sarkar and Shri Rajani Kanta Doloi PP-1096-1097

Ritz Continental Hotal

by—Shri Atish Chandra Sinha PP-1081-1083

Sales-tax exemption for goods purchases for Sikkim

by—Shri A.K.M. Hassan Uzzaman P-859

Salt Factory in Contai

by—Shri Ras Behari Pal PP-508-510

Sanction of loan to the cobblers of Bhagabanpur blocks

by—Shri Haripada Jana PP-248-250

Science and Technology Development Centres

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-2-4

Second Hooghly Bridge

by—Shri Amalandra Roy PP-371-372

Selection for Nursing Training

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-868-869

Selection of doctors by P.S.C

by—Shri A. K. M. Hassan Uzzaman PP-587-588

Shifting of Government Offices from Calcutta Municipal Town Hall

by—Shri A. K. M. Hassan Uzzaman P-375

Shipping Development Fund Committee

by—Shri Rajani Kanta Doloi PP-860-861

Shortage of Staff in J.L.R.O. Offices

by—Shri Sasanka Sekhar Mondal PP-494-495

Sickness in the handloom sector

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-258-259

Special Development Programme

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-865-867

Staff position in the directorate of National Employment service

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-869-870

Steps taken to expand the crude edible oil refining capacity in the state

by—Dr. Motahar Hossain and Shri Rajani Kanta Doloi PP-385-386

Tax exemptions to some films

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-259-262

Total Strength of Home Guards and N.V.F.

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi P-266

Transfer of cinema to the Concurrent List

by—Shri Rajani Kanta Doloi PP-1083-1084

Transfer of Forest Bungalows to Tourism Department

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-1074-1075

Unauthorised sale of truck and bus chassis

by—Shri Rajani Kanta Doloi PP-976-977

Value of Wood and Timber in Darjeeling and Kalimpong Forests

by—Shri Krishna Das Roy and Shri Rajani Kanta Doloi PP-1080-1(

Webel Telecommunication Industries Ltd.

by—Shri Rajani Kanta Doloi and Shri Habibur Rahman PP-511-51:

Wholeseale dealer for Bhagabanpur P.S. and Khejury P.S. region

by—Shri Haripada Jana (Bhagabanpur) PP-373-374

আগরপাড়া নেতাজি সেবায়তনে সরকারি অনুদান

—শ্রী সন্দীপ দাস P-597

আসানসোল খনি অঞ্চলে জল সরবরাহ প্রকল্প

—শ্রী সুনীল বসুরায় PP-600-602

আসানসোল-দুর্গাপুর অঞ্চলে পর্যটন ব্যবস্থার সম্প্রসারণ

—শ্রী সুনীল বসুরায় P-1080

আলুর বাজার দর

—শ্রী সন্তোষকুমার দাস PP-384-385

আলোর ফুলকির দ্বিতীয় সংস্কার

—শ্রী বঙ্কিম বিহারী মাইতি PP-492-493

আহমেদপুর ও বেলডাঙ্গা চিনিকলে উৎপাদন

—শ্রী জন্মেজয় ওঝা P-251

ইংরেজির মাধ্যমে পি এস সি পরীক্ষা গ্রহণ

—শ্রী নানুরাম রায় P-254

ইংলিশ মিডিয়াম স্কুল

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-252

উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্প

—শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া PP-979-980

উত্তরবঙ্গে মানসিক চিকিৎসালয় স্থাপনের প্রস্তাব

—শ্রী মনোহর তিরকি P-596

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের জন্য নতুন বাস ক্রয়

—শ্রী মনোহর তিরকি P-969

১৯৭৫-৭৬ ও ১৯৭৯-৮০ সালে আহম্মদপুর চিনিকলে লোকসানের পরিমাণ

—ডাঃ মোতাহার হোসেন PP-273-274

১৯৭৫-৭৬ ও ১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন কর্পোরেশনের সভাপতি

—ডাঃ মোতাহার হোসেন P-274

১৯৮০ সালে ক্ষুদ্রায়তন শিল্প স্থাপন

—শ্রী প্রবোধ চন্দ্র সিনহা PP-500-501

কলকাতার খাল

—শ্রী নানুরাম রায় P-255

কলকাতা বিশ্ববিদ্যালয় আর্থিক সঙ্কট

—শ্রী সন্তোষকুমার দাস PP-847-848

কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাৎসরিক ব্যয়

—শ্রী সন্দীপ দাস P-385

কলকাতায় পরিবহন ব্যবস্থার উন্নতিকল্পে সরকারি প্রকল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-375-377

কলকাতায় সরকারি বিদ্যালয়

—শ্রী অনিল মুখার্জি PP-875

কল্যাণীতে সিমেন্ট কারখানা

—শ্রী নীহারকুমার বসু PP-491-492

কল্যাণী স্পিনিং মিল

—শ্রী সরল দেব P-274

কাকদ্বীপ-ডায়মন্ড হারবার রায়দীঘি প্রভৃতি সরকার নির্ধারিত বাস ভাড়ার হার

—শ্রী কৃষ্ণধন হালদার PP-969-970

কর্মরত অবস্থায় আত্মীয়দের চাকুরি

—শ্রী কৃষ্ণধন হালদার PP-879-880

কেন্দ্র কর্তৃক পশ্চিমবঙ্গে ভেষজ শিল্প স্থাপন

—শ্রী নীহারকুমার বসু P-1089

কালীপুর হইতে উদয়রাজপুর পর্যন্ত রাস্তা

—শ্রী নানুরাম রায় PP-253-254

কাঁথির কাঁদুয়া স্লুইস নির্মাণ

—শ্রী সত্যব্রত মাইতি P-493

কোচবিহার এ বি এন শীল কলেজ

—শ্রী বিমলকান্তি বসু P-279

কোচবিহার জেলায় শিক্ষা বিভাগ পরিচালিত অনাথ আশ্রম

—শ্রী বিমলকান্তি বসু PP-853-854

কোচবিহারের নথীভূক্ত বর্গাদার

—শ্রী বিমলকান্তি বসু P-492

কোচবিহার জেলায় ফিশারি এক্সটেনশন অফিসারের শূন্যপদ

—শ্রী বিমলকান্তি বসু P-590

কোচবিহার পলিটেকনিক কলেজ

—শ্রী বিমলকান্তি বসু P-279

কোলে বিস্কুট কারখানার লক-আউট

—শ্রী গুণধর চৌধুরি PP-497-499

গঙ্গায় চরায় নতুন বসতি স্থাপনরোধ

—শ্রী সরল দেব P-1090

গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের হিসাব নিকাশ পরীক্ষা

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-380-382

গ্রাম পঞ্চায়েতগুলিতে চৌকিদার ও দফাদারের শূন্য পদ

—শ্রী মনোরঞ্জন রায় PP-967-969

গ্রাম পঞ্চায়েতগুলিকে হোমিওপ্যাথিক দাবত্য চিকিৎসালয় প্রতিষ্ঠার আবেদন

—শ্রী জয়কেশ মুখার্জি PP-987-989

গ্রাম বৈদ্যুতিকরণ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-269-270

গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-862

গ্রেট ইস্টার্ন হোটেলের হোটেল অ্যাকাউন্ট

—শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি P-1079

ঘটকপুকুর ও শিয়ালদহের মধ্যে চলাচলের জন্য নির্দিষ্ট সরকারি বাসের সংখ্যা

—শ্রী সুমন্তকুমার হীরা P-370

ঘাটাল মাস্টার প্ল্যান

—শ্রী নানুরাম রায় P-512

২৪ পরগনা জেলার নবপল্লী, নপাড়া ও মধ্যমগ্রামকে বিধিবদ্ধ রেশন এলাকার আওতাভু করা

—শ্রী সরল দেব PP-978-979

চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কোবাল্ট মেশিন

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-594

চিংড়ি উৎপাদন

—শ্রী জন্মেজয় ওঝা PP-593-594

চুঁচুড়ার গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্রটিকে কৃষি শিক্ষার কেন্দ্রে পরিণত করার পরিকল্পনা

—শ্রী ব্রজগোপাল নিয়োগী P-985

জনসংখ্যা অনুপাতে ডাক্তারের সংখ্যা

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-588-589

জমির পাট্টা দেওয়ার ব্যাপারে দুর্নীতি

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া P-1095

জমির ক্ষতিপূরণের অর্থ প্রদানের পদ্ধতি

—শ্রী সন্তোষকুমার দাস P-1090

জলপাইগুড়ির জয়ন্তীতে ডলোমাইট প্রোজেক্ট

—শ্রী মনোহর তিরকি P-507

জয়দেবের জন্মস্থানে পর্যটনকেন্দ্র স্থাপন

—শ্রী সুনীল মজুমদার PP-1073-1074

জেল কোড সংশোধন

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-992-993

জেলাশাসক ও বি ডি ও-দের জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসার হিসাবে কাজ করতে অসম্মতির অভিযোগ

—শ্রী অমলেন্দ্র রায় P-983

ঝাড়গ্রাম ৬নং কংসাবতী ডিভিসনে গাড়ি ভাড়া

—শ্রী শেখ সিরাজ আলি এবং শ্রী রামচন্দ্র শতপথি PP-505-506

ডায়মন্ডহারবার ও নুরপুর অঞ্চলে মৎস্য ধরার ব্যবস্থা

—শ্রী কৃষ্ণধন হালদার PP-877-878

ডায়মন্ডহারবার মহকুমায় মৎস্যজীবীদের সংখ্যা

—শ্রী কৃষ্ণধন হালদার PP-876-877

ডায়মন্ডহারবার মহকুমায় অনাথ আশ্রম

—শ্রী কৃষ্ণধন হালদার PP-595-596

তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য হস্টেল নির্মাণ

—শ্রী গোপাল মন্ডল P-588

তফসিলি ও আদিবাসীদের জন্য শিল্প শিক্ষণ কেন্দ্র

—শ্রী কৃষ্ণধন হালদার PP-878-879

তরাই বনাঞ্চলে বে-আইনি বৃক্ষচ্ছেদন

—শ্রী জন্মেজয় ওঝা P-1073

দন্ডকারণ্য উন্নয়ন

—শ্রী অমলেন্দ্র রায় P-880

দন্ডকারণ্যের উদ্বাস্তুদের চাষযোগ্য জমি

—শ্রী সন্তোষকুমার দাস P-589

দক্ষিণ ২৪ পরগনা অঞ্চলে নাট্যমঞ্চ স্থাপন

—শ্রী কৃষ্ণধন হালদার PP-1090-1091

দক্ষিণ ২৪ পরগনায় শিল্প প্রসার

—শ্রী কৃষ্ণধন হালদার PP-493-494

দাসপুর ১নং ব্লকে সেকেন্ডারি উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ

—শ্রী মনোরঞ্জন রায় P-595

দাসপুর (মেদিনীপুর)-এর দুইটি খালের সংস্কার

—শ্রী মনোরঞ্জন রায় P-508

দি সোসাইটি ফর চাইল্ড হেলথ অ্যান্ড কমিউনিটি ওয়েলফেয়ারে কর্মচ্যুত কর্মী

—শ্রী কিরণময় নন্দ PP-597-598

দ্বিতীয় হুগলি সেতু

—শ্রী জন্মেজয় ওঝা P-371

২-এম ইন্ডাস্ট্রিজ লিমিটেড বেলিয়াতোড় (বাঁকুড়া)

—শ্রী সুভাষ গোস্বামী PP-507-508

দেউল ভিড়া গ্রামে (বাঁকুড়া) প্রাচীন মন্দিরের ধ্বংসাবশেষ খনন

—ডাঃ বিনোদবিহারী মাঝি P-502

ন্যস্ত জমি বন্টন

—শ্রী গোপাল মন্ডল PP-487-488

নিম্নবুনিয়াদি বিদ্যালয়

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-250

নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের সার্ভিস বুক

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-849

নিম্ন-আয়ের লোকদের জন্য ট্যুরিস্ট লজ নির্মাণ

—শ্রী কিরণময় নন্দ PP-1075-1077

নতুন কলেজ স্থাপন

—শ্রী অনিল মুখার্জি PP-849-850

পঞ্চায়েত রুলস

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-252-253

পরিবার পরিকল্পনা বাবদ ব্যয়

—শ্রী মনোহর তিরকি P-241

পল্লী এলাকায় প্রেক্ষাগৃহ স্থাপন

—শ্রী সুভাষ গোস্বামী P-1094

পঞ্চায়েত কর্মীদের সরকারি কর্মচারিরূপে গণ্য করা

—শ্রী মনোরঞ্জন রায় PP-985-986

পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন

—শ্রী অনিল মুখার্জি PP-873-875

পশ্চিমবঙ্গে আখের উৎপাদন

—শ্রী সুনীলকুমার মজুমদার PP-386-388

পশ্চিমবঙ্গে মহিলা বন্দিদের জন্য পৃথক জেল স্থাপন

—শ্রী নীহারকুমার বসু PP-374-375

পশ্চিমবঙ্গ হ্যান্ডলুম ও পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ এর টাকা তছরূপ

—শ্রী গুণধর চৌধুরি PP-1086-1088

পশ্চিমবঙ্গে চিনি কলের সংখ্যা

—শ্রী নানুরাম রায় PP-254-255

পশ্চিমবঙ্গে রেশন কার্ডে শ্রেণী

—শ্রী বিমলকান্তি বসু PP-377-378

পাট্টা দেওয়া জমির হস্তান্তর

—শ্রী সত্যপদ ভট্টাচার্য P-1094

পুরুলিয়া জেলার কাশীপুর ব্লকে নতুন ব্লক উন্নয়ন অফিস

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-992

পুরুলিয়া জেলায় বিভিন্ন স্কুলে শিশু খাদ্য বিতরণ

—শ্রী গোবিন্দ বাউরি P-857

পুরুলিয়া জেলায় বন্দোয়ান ও মানবাজার ব্লকে প্রাথমিক পশুচিকিৎসা কেন্দ্র

—শ্রী সুধাংশুশেখর মাঝি PP-843-844

পুরুলিয়া জেলায় সোশ্যাল এডুকেশন এক্সটেনশন অফিসারদের শূন্য পদ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-871-872

পুরুলিয়া জেলায় জগন্নাথ কিশোর কলেজের ছাত্রাবাস নির্মাণ

—শ্রী শান্তিরাম মাহাতো P-843

পুরুলিয়া জেলায় গ্রাম বৈদ্যুতিকরণ

—শ্রী শান্তিরাম মাহাত PP-274-275

পুরুলিয়া জেলায় বেকরাদের চাকরি

—শ্রী শান্তিরাম মাহাত P-275

পুরুলিয়ার সদর হাসপাতালের শয্যাসংখ্যা

—শ্রী শান্তিরাম মাহাতো P-592

পূর্ব পাকিস্তান হইতে অবগত উদ্বাস্তু নাগরিকদের সম্পত্তির ক্ষতিপূরণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-591

প্রমোদ কর মুক্ত চলচ্চিত্র

—ডাঃ মোতাহার হোসেন PP-279-280

প্রাক বুনিয়াদি বিদ্যালয় স্থাপন

—শ্রী নানুরাম রায় P-864

প্রাকৃতিক দুর্যোগে আলুর ক্ষতি

—শ্রী কৃপাসিন্ধু সাহা PP-369-370

প্রাথমিক বিদ্যালয়ে রুটি বিতরণ

—শ্রী সন্তোষকুমার দাস PP-872-873

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স সরবরাহ

—শ্রী ব্রজগোপাল নিয়োগী P-600

প্রাথমিক ও উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণ পরিকল্পনা

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-598-599

পৌর এলাকায় প্রাথমিক বিদ্যালয়

—শ্রী মনোহর তিরকি P-241

ফোর্ট গ্লাসটারে হাসপাতাল নির্মাণ

—শ্রী রাজকুমার মন্ডল PP-590-591

ফোর্ট গ্লাস্টার গ্রাম পঞ্চায়েতের রাস্তায় পিচ ফেলার ব্যবস্থা

—শ্রী রাজকুমার মন্ডল PP-991-992

বক্রেশ্বর উষ্ণ প্রসবনে স্নানের জন্য ধার্য মূল্য

—শ্রী ধীরেন সেন PP-1078-1079

বর্তমান পরীক্ষা পদ্ধতি সংস্কার

—শ্রী অনিল মুখার্জি P-276

বর্ধমান জেলায় শ্যামসুন্দর কলেজে কমার্স বিভাগ

—শ্রী রামনারায়ণ গোস্বামী PP-854-855

বর্ধমান শহরে জেলা হাসপাতাল স্থাপন পরিকল্পনা

—শ্রী রামনারায়ণ গোস্বামী ও শ্রী নিখিলানন্দ শর P-600

বারাসাত এন্ট্রিট্যাক্স চেকপোস্ট হইতে বাৎসরিক আয়

—শ্রী সরল দেব PP-855-856

বাতিল গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সংখ্যা

—শ্রী কিরণময় নন্দ PP-963-965

বাংলাদেশী নাগরিকদের পশ্চিমবঙ্গে প্রবেশ

—শ্রী জন্মেজয় ওঝা PP-7-9

বাঁকুড়া জেলার 'কুর্মী' সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-591-592

বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা

—শ্রী কৃষ্ণধন হালদার P-877

বিভিন্ন জেলায় যুব উৎসব

—শ্রী অনিল মুখার্জি PP-276-278

বিলি করা খাস জমির জন্য দেয় খাজনা ও সেলামির হার

—শ্রী বিমলকান্তি বসু P-1092

বিভিন্ন জেলায় অগ্রাধিকার ভিত্তিতে রাস্তা

—শ্রী সুনীল মজুমদার P-252

বিদ্যাসাগর জন্মজয়ন্তীতে পুরস্কার

—শ্রী সন্তোষকুমার দাস PP-250-251

বীরভূম জেলার মুরারইতে চিলিং প্ল্যান্ট

—ডাঃ মোতাহার হোসেন PP-848-849

বীরভূম জেলায় বয়স্ক শিক্ষা প্রকল্পে পরিদর্শক নিয়োগ

—শ্রী ধীরেন সেন P-852

বীরভূম জেলায় সুপার মার্কেট

—শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-870-871

বীরভূম জেলায় কলহপুর এইচ এম কে জুনিয়র হাই মাদ্রাস

—ডাঃ মোতাহার হোসেন PP-839-840

বৃত্তি কর

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-856

বেকার যুবকদের স্বনির্ভর হইতে সাহায্য

—শ্রী জন্মেজয় ওঝা PP-4-6

বেতন মুকুবের ফলে বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তির সমস্যা

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-856-857

বেসরকারি শিল্প প্রতিষ্ঠানে কর্মবিনিয়োগ কেন্দ্র মারফত লোক নিয়োগ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-863-864

বেসরকারি কলেজে শনিবার অফ ডে

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় P-235

ভাটপাড়া স্টেট হাসপাতাল

—শ্রী নীহারকুমার বসু PP-589-590

ভৈরব নদীর ভাঙ্গন

—শ্রীমতী ছায়া ঘোষ PP-489-490

ময়নাগুড়ি থানায় 'ভুরুঙ্গের বাড়ি' উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী তারকবন্ধু রায় PP-599-600

মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য সার্ভিস কমিশন

—শ্রী কৃষ্ণধন হালদার P-860

ম্যাচিং গ্রান্ট

—শ্রী সরল দেব P-377

ম্যাসাঞ্জোর যুব আবাসে বিদ্যুৎ সংযোগ

—শ্রী অমলেন্দ্র রায় P-278

মিনি বাসের জন্য নতুন রুট পারমিট

—শ্রী হরিপদ জনা (ভগবানপুর) PP-962-963

মিউনিসিপ্যালিটি টাউন কমিটি ও নোটিফায়েড এরিয়া অথরিটিকে আর্থিক সাহায্যদান

—শ্রী অনিল মুখার্জি P-276

মুর্শিদাবাদ জেলার আহিরণ গ্রাম পঞ্চায়েতে প্রধানের বিরুদ্ধে অভিযোগ

—শ্রী মহম্মদ সোহরাব PP-990-991

মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন স্থানে বাস স্ট্যান্ড নির্মাণ

—শ্রীমতী ছায়া ঘোষ PP-965-967

মেদিনীপুরের ইটাবেড়িয়া খালের সংস্কার

—শ্রী জন্মেজয় ওঝা PP-496-497

মেদিনীপুরের ডুলুং নদীতে বাঁধ নির্মাণ

—শ্রী রামচন্দ্র শতপথি PP-501-502

রাজনগর উপস্বাস্থ্যকেন্দ্রে গৃহনির্মাণ

—শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি PP-596-597

রাজ্য লটারির প্রশাসনিক কাঠামো

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-862-863

রামনগর সুগার মিল প্রভৃতি সংস্থার দখলিকৃত জমি

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-499-500

রামপুরহাট শহরের রাজ্য সড়কের পার্শ্বস্থ বিদ্যুৎবাহী খুঁটির বিপজ্জনক অবস্থা

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-880-881

রায়না (বর্ধমান) স্থিত দামোদরের জমিদারি বাঁধ সংস্কার

—শ্রী রামনারায়ণ গোস্বামী PP-1095-1096

রূপনায়ারণ নদের বাঁধ মেরামত

—শ্রী স্বদেশরঞ্জন মাঝি PP-510-511

লেটার্স অফ ইনটেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-1086

শালবনী ফোডার ফার্মের হেড অফিস

—শ্রী সুন্দর হাজরা P-851

শিল্প প্রকল্পে কেন্দ্রে ছাড়পত্র

—শ্রী কমল সরকার PP-272-273

শিক্ষা দপ্তরে বরাদ্দকৃত ব্যয়

—শ্রী অনিল মুখার্জি PP-842-843

শ্রীরামপুর হইতে এসপ্লানেড পর্যন্ত স্টেটবাস চালুর পরিকল্পনা

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-984

সমবায় রাইস মিল

—শ্রী জন্মেজয় ওঝা PP-270-271

সমাজশিক্ষা আধিকারিকের শূন্যপদ

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি P-272

সরকারী অফিসের কাজে বাংলা ভাষা

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-495-496

সরকারী ও বেসরকারি কলেজসমূহে অধ্যক্ষের শূন্য পদ

—শ্রী রজনীকান্ত দলুই P-860

সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস

—শ্রী সরল দেব P-591

সরকারি উদ্যোগে চলচ্চিত্র নির্মাণ

—শ্রী মনোহর তিরকি P-242

সরকারের ন্যস্ত অ-কৃষি জমি

—শ্রী গোপাল মন্ডল PP-1088-1089

সল্ট লেকে ইলেকট্রনিক্স কারখানা স্থাপন

—শ্রী সরল দেব PP-271-272

সংগঠিত প্রাথমিক বিদ্যালয়

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-845-847

সাঁইথিয়ার অগ্নিদগ্ধ হিন্দুস্থান কোকোনাট অয়েল মিল

—শ্রী ধীরেন সেন PP-977-978

সাঁওতালডি বিদ্যুৎ প্রকল্পে কর্মচারিদের বেতন বাবদ ও ওভারটাইম বাবদ ব্যয়

—শ্রী সরল দেব P-271

স্নাতক শ্রেণীতে বিনা বেতনে পড়ার প্রস্তাব

—শ্রী অনিল মুখার্জি PP-875-876

সারেঙ্গা গোড়া বাঁধের (সাঁকরাইল হাওড়া) স্লুইস গেট

—শ্রী হারান হাজরা PP-1093-1094

সিমেন্ট কারখানা

—শ্রী সত্যরঞ্জন মাহাতো P-503

সেটেলমেন্ট কর্মচারিদের সিলেকশন গ্রেড

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-1077

হলদিয়ায় নতুন শিল্প স্থাপন

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি PP-1092-1093

হলদিয়ায় হাইস্কুল স্থাপন

—শ্রী শিবনাথ দাস PP-851-852

হাওড়া জেলায় প্রাইমারি স্কুল

—শ্রী নিতাইচরণ আদক PP-858-859

হাওড়া শহরে শরৎ সদন নির্মাণ

—শ্রী সন্তোষকুমার দাস PP-488-489

হুগলি জেলায় শিক্ষিত ও অশিক্ষিত রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা

—শ্রী মলিন ঘোষ PP-275-276

হুগলি জেলার গোঘাট ব্লকে রিভার পাম্প ও ডিপ টিউবওয়েল

—শ্রী নানুরাম রায় PP-986-987

হোমগার্ডের জন্য খরচ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-864-865

ক্ষুদ্র উদ্যোগে রাসায়নিক শিল্প স্থাপনে সরকারি সাহায্যের নীতি

—শ্রী সন্দীপ দাস PP-1091-1092

ক্ষুদ্রায়তন শিল্প ইউনিটের রেজিস্ট্রিকরণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-490-491

**Ruling from Chair**

PP-1104-1107

PP-628-629

P-20

**Statement on Calling Attention**

Regarding Police firing at Malbazar, Dist, Jalpaiguri on 22nd March, 1981

by—Shri Jyoti Basu PP-1099-1101

Regarding exporting Coal by Rail in Maldah and other places in West Bengal

by—Shri Sudhin Kumar PP-998-1000

Regarding the present Traffic Problems of Calcutta

by—Shri Mohammed Amin PP-884-886

Regarding Statement on Oriental Metal Industries Ltd.

by—Shri Krishnapada Ghosh PP-630-632

Regarding allegation of Police attack on the Peaceful demonstration o the State Govt. Employees federation on 13.3.81

by—Shri Rajani Kanta Doloi PP-513-516

Regarding death of Asish Some in lock-up of Chitpur Police Station

by—Shri Jyoti Basu PP-281-284

Regarding the Police firing at Malbazar in the district of Jalpaiguri

by—Shri Samsuddin Ahmed P-884

**Statement under Rule 346**

Regarding Seizure of looted guns in West Dinajpur

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006